

REGISTERED NO 35 1875

এডুকেশন গেজেট

Rare Book

NATIONAL LIBRARY
CALCUTTA

সাপ্তাহিক বার্ত্তাবহ

নূতন সম্পাদ ২৫শ খণ্ড। ১ম সংখ্যা। } ২রা বৈশাখ শুক্রবার ১৩০০ সাল। ইং ১৪ই এপ্রিল ১৮৯৩ খৃঃঅব্দ। } শাঙ্গম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা।

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম) ৫ ষাণ্মাসিক ৩
ত্রৈমাসিক ২ প্রত্যেক সংখ্যার ৵৹

বিজ্ঞাপনের প্রত্যেক লাইন।

১ম ও ২য় বার প্রকাশে ৵৹ ৩য় বার /১০ ৪র্থ বা ততোধিক বার ৵৹। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৵।

কর্ম্মখালির বিজ্ঞাপন একবার জন্য বিনামূল্যে প্রকাশিত হয়।

তিন মাসের অধিক বিজ্ঞাপন প্রকাশ করিলে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম প্রদত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

যাঁহারা এডুকেশন গেজেটের বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য নগদ টাকায় দিবেন, তাঁহারা তাঁহাদের নিকটবর্ত্তী এজেণ্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণিঅর্ডার কূপনে স্পষ্ট করিয়া নাম, টাকা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

এডুকেশন গেজেটে বিজ্ঞাপন প্রকাশের সুবিধার জন্য ১৪৮নং 'বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটরিতে একটী এজেন্সি খোলা হইয়াছে। তথায় বিজ্ঞাপন ও তৎপ্রকাশের মূল্য জমা দেওয়া যায়।

গেজেটের কোন সংখ্যা পাইতে পক্ষাধিক বিলম্ব হইলে তাহার নামধামচিহ্ন পিয়নের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়, কলিকাতা সংস্কৃতযন্ত্রের পুস্তকালয়, ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।
চণ্ডীচরণ মজুমদার—বেঙ্গল সেক্রেটারিয়েট বুক ডিপার্টমেণ্ট।
৪৪ পরগণা — মতিলাল মেত্র—আলিপুর।
আলিপুর — দুর্গাচরণ মুখোপাধ্যায়—উকিল।
বারাকপুর শ্রীযুক্ত বাবু ভুবনমোহন নিয়োগী।
ভবানীপুর — রাজকৃষ্ণ রায় চৌধুরী।
যদুনাথ চৌধুরী—চুনাডাঙ্গা।
হাবড়া — হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম — ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী — শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
ঢাকা — ইন্দুকুমার চট্টোপাধ্যায়।
বালিয়া — চারুচন্দ্র চট্টোপাধ্যায়।
রসিকলাল দাস—রাধনা।
বংশবেড় — কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
অম্বিকাচরণ মুখোপাধ্যায়—নিউড়ী
নীলমণি ভট্টাচার্য্য—নিউড়ী।
বাঁকুড়া — রামেশ্বর সেন—বিষ্ণুপুর।
অজয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর — উমাচরণ দে।
দীননাথ ধর—গবর্ণমেণ্ট পীড়ার।
জলপাইগুড়ি — নীলমণি পাল।
কাকিপুর — নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর।
কৃষ্ণধন প্রসাদ।
বারাণসী — সোমনাথ ভাণ্ডারী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর — আশুতোষ মিত্র।
দ্বারকানাথ বাগচি—নিমকামারি।
রাজসাহী — কালীনাথ চৌধুরী—লোকনিরা।
পাবনা — মহেন্দ্রনাথ দত্ত।
রজনীকান্ত ভট্টাচার্য্য।
রামচন্দ্র চক্রবর্ত্তী।
ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, হুগলী।
উমাচরণ পাত্রে, সিরাজগঞ্জ।
ঢাকা — সতীশচন্দ্র ঘোষ।
২৪ পরগণা — পরমেশ্বর মুখোপাধ্যায়—মুরকা।
পাবনা — রাধাকৃষ্ণ সাহেল।
খুলনা — হরিহর দাস।
জীবনকৃষ্ণ বসু—মাগুরাঁরা।
দিনাজপুর — রাজকুমার চক্রবর্ত্তী, কুমারী।
ভুবনেশ্বর গুপ্ত।
দুর্গাদাস সুর—রাধাগঞ্জ।
শশিভূষণ রায়।
কোচবিহার — ভুবনমোহন দত্ত।
ফরিদপুর — কালীকিশোর ঘোষ—মাদারিপুর।
মজঃফরপুর — কেদারনাথ গঙ্গোপাধ্যায়—উকিল
দ্বারভাঙ্গা — গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক।
সুপারিণ্টেণ্ডেণ্টস অফিস, সমস্তীপুর

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিবিধ বিজ্ঞাপন।

ইউক্লিডের জ্যামিতির

প্রথম অধ্যায়।

শ্রীযশোদানন্দন সরকার প্রণীত।

ইহাতে প্রথম অধ্যায়তো আছেই, বেশীর ভাগ ৪০০ প্রচলিত অনুশীলনীর প্রমাণ, পরিমিতি ও ক্ষেত্রব্যবহার ইত্যাদির যুক্ত আছে। সর্ব্বশুদ্ধ মূল্য ৷৵০ স্থলে আপাততঃ ৷০ আট আনা।

কলিকাতা বারাণসী ঘোষের ষ্ট্রীট, ১৪৮নং সংস্কৃত ডিপজিটরীতে পাওয়া যায়।

৩৭৯নং

গবর্ণমেণ্টের অনুমোদিত।

বাঙ্গালা ছাত্রবৃত্তি ও মাইনর স্কুলসমূহের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পাঠ্য।

"বিজ্ঞানসোপান"।

শ্রীযুক্ত উমেশচন্দ্র ঘোষ, এম এ, বি এল প্রণীত।

মূল্য ৷৵০ দশ আনা মাত্র।

ছাত্রবৃত্তি ও মাইনর পরীক্ষার নির্দ্দিষ্ট বিষয়গুলি এরূপ বিশদরূপে ও ধারাবাহিক ভাবে অন্য কোন গ্রন্থে বর্ণিত নাই। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৩৮৫নং

এল, ডি, মিত্র এবং কোং।

লব্ধপ্রতিষ্ঠ ও কলিকাতা ও অন্যান্য স্থানের দক্ষ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৫৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক কর্পিনি অ্যাম্পার ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২।০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৬৲ ও ৭৲, শিশুচিকিৎসা ২।০, বামাচিকিৎসা ২৲ জ্বর চিকিৎসা ৸০ ও ১৸০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৸০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমরা কলিকাতার মহামেলার এই শ্রেণীতে ভারতের মধ্যে সর্ব্বোচ্চ এবং এথানকার ও অন্যান্য স্থানের সম্ভ্রান্ত চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি। ৭ম

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্ত লালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীস্থ সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১।০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

REDUCTION IN PRICE OF CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta. Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free, at 4 oz, Re3—4: 8 oz. Rs 6—8: 16 oz, Rs 12—12. Cash with order.

No. 331

বুধোদয় যন্ত্র।

হুগলি বুধোদয় যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষর ও তাহার সরঞ্জাম প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানাপ্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় যাবতীয় ফরম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, হ্যাণ্ডবিল, জমিদারীর জমাওয়াশীল ফরম, ডাক্তারি লেবিল ও বিল নানাপ্রকার ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পন্ন হইয়া থাকে। বিশেষ বন্দোবস্ত করিলে, সাপ্তাহিক পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংলিস অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও স্মল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া দস্তুরী দ্বারা পুস্তক প্রস্তুত করিয়া রীতিমত বান্ধবন্দী করিয়া রেলে বা জাহাজে তাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি, গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন, ছাপার রেট ও অন্যান্য বিবরণ জানিতে ইচ্ছা করিলে আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পারিবেন।

শ্রীকালীনাথ ভট্টাচার্য্য।

কার্য্যাধ্যক্ষ।

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১২ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।

ডাকমাশুল /০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকালীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৵০

পদ্য ব্যাকরণ মূল্য /১০

প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য /১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা।

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায়) পাওয়া যায়।

শ্রীগিরিশচন্দ্র বন্দ্যোপাধ্যায়।

অম্বিকাচরণ ঘোষাল

ফটোগ্রাফার ও পেইণ্টার

মুঁটেবাজার হুগলি

অয়েল পেইণ্টিং এচেহারা তুলিতে এবং ফটোগ্রাফ হইতে মফস্বলের সর্ব্বত্র যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণ পত্র লিখিলে জানিতে পারিবেন। নেটীবক্যাবেনেটর ও নানা রূপ দেশীয় ড্রিউ, মাপ কাঃ ভিঃ মূল্য প্রত্যেকে ।০, ডজন ২৲। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিজ, হুগলী কলেজ এমামবাড়ার কাশ্চর্য্য দৃশ্য ও হংসেশ্বরীর মন্দির প্রত্যেক ১৲ টাকা মাত্র—ফটগ্রাফগুলি একবার দেখিলে বাধিত হইব।

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মতামত নহে।

আচার প্রবন্ধ।

নৈমিত্তিকাচার প্রকরণ।

পঞ্চম অধ্যায়।

সংস্কার কর্ম্ম—যৌবন সংস্কার।

(১৬)

কিন্তু পতিপত্নীভাব সম্বন্ধ করিয়া দিয়াই আর্য্যশাস্ত্র নিশ্চিন্ত হইলেন না। ঐ ভাব হইতে পরস্পরের প্রতি যে সকল অবশ্যকর্ত্তব্য বিষয় উপস্থিত হয় স্থূলতঃ তাহার নির্দ্দেশে প্রবৃত্ত হইলেন।

(১) হে সপ্তপদ গমনা কন্যে! তুমি আমার সহচারিণী হইলে। আমি তোমার সখা প্রাপ্ত হইলাম। আমাদিগের সুদৃঢ় সংস্থাপিত এই সখ্য যেন বিচ্ছেদকারিণীদিগের দ্বারা বিচ্ছিন্ন না হয়, প্রত্যুত হিতৈষিণীদিগের সদুপদেশ দ্বারা যেন ক্রমশঃ পরিবর্দ্ধিত হয়।

(২) হে ভ্রাতৃবর্গ! তোমরা সকলে এই অগ্নি সমীপে আইস এবং এই বধূকে কল্যাণকারিণীরূপে দর্শন করিয়া আশীর্ব্বচন দ্বারা সৌভাগ্যবতী করিয়া গমন কর।

এক্ষণে বিবাহের সামাজিক কার্য্যটী সম্যক্ প্রকারে নির্ব্বাহিত হইয়া গেল। কিন্তু পতির কর্ত্তব্য-স্ত্রীর সহিত একীভূত হইয়া তাহার সুশিক্ষা সাধন এবং সমস্ত দোষের অপনয়ন করেন। সেই কার্য্যের সূচনায় পতি বলিতেছেন—

(১) বিশ্বেদেবা নামক দেবগণ এবং জলদেবতা আমাদের উভয়ের হৃদয় পবিত্র করুন, বায়ুদেবতা আমাদের উভয়ের হৃদয় পবিত্র করুন, বিধাতা আমাদের উভয়ের হৃদয় পবিত্র করুন—গুণদেবদানশীলা ভদ্রমহিলাগণ আমাদের উভয়ের হৃদয়ের ঐক্য সম্পাদন করুন।

(২) হে কন্যে! অর্য্যমা, ভগ, সবিতা প্রভৃতি পুরন্ধ্রিগণ এই সূর্য্যদেবতা সাক্ষীরূপে থাকিয়া তোমাকে আমার সমর্পণ করিয়াছেন। তুমি গৃহকার্য্য সম্পাদন করিবে। আমি যাবৎ জীবিতকাল তোমার পালন এবং সুখার্থী থাকিয়া তোমার হস্ত গ্রহণ করিব।

(৩) হে কন্যে! তুমি অশুভদৃষ্টি এবং পতিঘাতিনী না হইয়া পশ্বাদির পালন করিবে। তুমি সহৃদয়া, তেজস্বিনী, বীরপুত্রপ্রসূতি এবং পঞ্চযজ্ঞানুকূলা এবং সুখকরী হইবে। আমাদিগের সম্যক্ কল্যাণকরী এবং দ্বিপদ ও চতুষ্পদ সকলের শুভকরী হইবে। * * *

(৬) হে কন্যে! তুমি শ্বশুরে, শ্বশ্রূতে, ননান্দাতে ও দেবরে সম্রাজ্ঞী [অর্থাৎ সম্যক্ প্রকারে রঞ্জনকারিণী] হও।

(৭) হে কন্যে! তোমার হৃদয় আমার কর্ম্মে অবধারণ কর। তোমার চিত্ত আমার চিত্তের অনুরূপ কর। তুমি একমনা হইয়া আমার বাক্যের সেবা কর। বৃহস্পতি (বৃহন্মনোদেব) তোমাকে আমার প্রসন্নতা সাধনার্থ নিযুক্ত করুন।

(৮, ৯, ১০, ১১, ১২, ১৩) হে কন্যে! তোমার শরীরস্থ রোমসন্ধির মূর্দ্ধপ্রদেশে, এবং পক্ষ্মে এবং নাভিরন্ধ্রে, কেশে, দর্শনে, রোদনে, স্বভাবে, ভাষণে, হসনে, দন্তমধ্যে, দন্তে, হস্তদ্বয়ে, পদদ্বয়ে, উরুদ্বয়ে, জননেন্দ্রিয়ে, জঙ্ঘাদ্বয়ে, অন্যান্য প্রদেশে, এবং সমস্ত শরীরে যে কোন দোষ থাকে তাহা আমি পূর্ণাহুতি এবং আজ্যাহুতি দ্বারা উপশমিত করিলাম। [অর্থাৎ স্ত্রীর সকল দোষ সংশোধন করার স্বামীর অধিকার। স্ত্রীর যে কোন বিষয়ে ত্রুটি থাকিবে তাহা স্বামীর ক্রিয়ার দোষেই থাকিয়া যায়। এই তথ্যের ভাব স্থাপিত হইল।]

(১৪) যে প্রকারে দ্যুলোক, ভূলোক এবং দৃশ্যমান চরাচরাত্মক সমস্ত জগৎ এবং পর্ব্বত, ইহারা ধ্রুব (স্থির), সেইরূপ এই স্ত্রীও পতিকুলে স্থির হইবেন——

(১৫) অন্নরূপ পাশ ও মণিতুল্য প্রাণসূত্রের দ্বারা এবং সত্যরূপ গ্রন্থিদ্বারা হে বধূ! তোমার মন এবং হৃদয়কে আমি বন্ধন করিতেছি।

(১৬) হে বধূ! তোমার হৃদয় আমার হৃদয় হউক, এবং আমার হৃদয় তোমার হৃদয় হউক।

তাহার পর রথারোহণ পূর্ব্বক দম্পতী শ্বশুরে গমন করিবেন। এবং যাইবার পূর্ব্বে এই কয়েকটী প্রার্থনা করিবেন।

(১) পথিমধ্যে দস্যুগণ যেন তাঁহাদের গমন জানিতে না পারে। (২) বরবধূযুক্ত গৃহে গো, অশ্ব, এবং পুত্র প্রসূত হউক এবং সহস্র দক্ষিণক যজ্ঞ যে দেবতার প্রসাদে সম্পাদন হয়, সেই আদিত্যদেব প্রসন্ন হউন। (৩) হে বধূ! এই গৃহে তোমার ধৈর্য্য হউক, আত্মীয়দিগের সহিত মিলন হউক, এই গৃহে রতি হউক, এবং বিশেষতঃ আমাতে ধৃতি, মিলন, এবং রতি হউক।

পতিকে পত্নীর সহিত এবং পত্নীকে পতীর সহিত সর্ব্বতোভাবে মিলাইবার, দুইটীকে একটী করিয়া তুলিবার জন্য, আর্য্যশাস্ত্র যেমন চেষ্টা পাইয়াছেন এমন আর কোন দেশের কোন শাস্ত্রই করিতে পারেন নাই। "তস্তোবিরাড় জায়ত" এই বেদোক্তির ব্যাখ্যা পূর্ব্বক মনু বলিয়াছেন—

দ্বিধাকৃত্বাত্মনোদেহমর্দ্ধেন পুরুষোঽভবৎ।

অর্দ্ধেন নারীতস্যাং স বিরাজমসৃজৎপ্রভুঃ।

প্রভু [ব্রহ্মা] আপনার শরীরকে দ্বিখণ্ডিত করিয়া অর্দ্ধে পুরুষ এবং অর্দ্ধে স্ত্রীসৃষ্টি দ্বারা বিরাটের নির্ম্মাণ করিয়াছেন।

অতএব বিবাহ সংস্কারের দ্বারা পূর্ব্বে বিভাজিত দুইটীর পুনর্ব্বার একীকরণ হয়। যজুর্ব্বেদীয় পাণিগ্রহণের একটী মন্ত্র এই—

"আমি লক্ষ্মীহীন, তুমি লক্ষ্মী, তোমা বিনা আমি শূন্য। তুমি আমার লক্ষ্মী। আমি সামবেদ তুমি ঋকবেদ, আমি আকাশ তুমি পৃথিবী। অর্থাৎ আমরা দুইয়ে মিলিয়াই পূর্ণ।

এই গভীরতম ভাবের ছায়া হিন্দুদিগের শাস্ত্রেও পড়িয়াছে এবং সেই শাস্ত্র হইতে মুসলমান এবং খৃষ্টানও কিয়ৎপরিমাণে প্রাপ্ত হইয়াছে। উহারা সকলেই বলে যে, আদিম পুরুষের শরীর হইতে স্ত্রী-শরীরের উৎপত্তি। অতএব বৈবাহিক সম্বন্ধবন্ধনে যে স্ত্রী পুরুষের পুনরেকীকরণ হয়, এই ভাবের আভাস উহাদিগের বৈবাহিক অনুষ্ঠানেও প্রাপ্ত হওয়া যায়। কিন্তু উহাদের একীকরণ ব্যাপার পরস্পরের উচ্ছিষ্ট ভোজনরূপ অনুষ্ঠানে এবং চুক্তিমূলক স্বীকার বাক্যে, সুতরাং সাংস্কারমূলক নয় বলিলেই হয়। এই জন্য উহা তেমন দৃঢ় এবং চিরস্থায়ীও হয় না। আর্য্যদিগের বৈবাহিক একীকরণ প্রকৃত একীকরণ। ইহার দ্বারা যে সংযোগ হয় তাহা আর কখনই ছাড়িবার নয়, ইহজন্মেও নয়, পরজন্মেও নয়। পৃথিবীর আর কোন দেশে বৈবাহিক বন্ধন এমন দৃঢ়, দুরপনেয়

এবং পবিত্রও হয় না। এইজন্যই এ দেশে শাস্ত্র, পণ্ডিত, এবং কবিগণ একবাক্যে বলেন—

সন্তুষ্টো ভার্য্যয়া ভর্ত্তা ভর্ত্রা ভার্য্যা তথৈবচ।
যস্মিন্নেব কুলে নিত্যং কল্যাণং তত্র বৈ ধ্রুবম্॥
(মনু)।

দক্ষা প্রজাবতীনাঞ্চী শিরস্যাক্ চ বশম্বদা।
ত্রৈলোক্যমীড়িঃসংযুক্তা সা স্ত্রী স্ত্রীরূপধারিণী।
(কাশীখণ্ড)।

সেই জন্যই ভারতবর্ষের কবিশ্রেষ্ঠের আদর্শ-নারী সীতার সম্বন্ধে আদর্শ পুরুষ শ্রীরামচন্দ্রের উক্তি এই—

কার্য্যেষু মন্ত্রী করণেষু দাসী
ধর্ম্মেষু পত্নী ক্ষমায়া ধরিত্রী
স্নেহেষু মাতা শয়নেষু রম্ভা
রূপে সখী লক্ষ্মণ! সা প্রিয়া মে॥

এডুকেশন গেজেট।

২রা বৈশাখ ১৩০০। ইং ১৪ই এপ্রিল ১৮৯৩।

গত বর্ষ।

দেখিতে দেখিতে আর একটি বৎসর কাটিয়া গেল। পূর্ব্ব পূর্ব্ব বারের ন্যায় এবারেও অতীত বৎসরের প্রধান প্রধান ঘটনাগুলির উল্লেখপূর্ব্বক পাঠকগণের সমক্ষে এই প্রবন্ধটির অবতারণা করা যাইতেছে—

সমাজ বা রাজনীতি বিষয়ক কোন বিশেষ বিপ্লব অথবা কোনরূপ প্রবল যুদ্ধ বিগ্রহ গত বৎসর কুত্রাপি সংঘটিত হয় নাই। ইংলণ্ডে কন্‌সারভেটিব দলের মন্ত্রিত্ব ঘুচিয়া লিবারেল দলের মন্ত্রিত্ব পুনঃ প্রতিষ্ঠিত হইয়াছে। লিবারেল দলপতি প্রধান মন্ত্রী গ্ল্যাড্‌ষ্টোন সাহেব আয়র্লণ্ডের আত্মশাসন বিষয়ক আইন সম্বন্ধে পার্লিয়ামেণ্ট মহাসভায় পুনর্ব্বার আন্দোলন উপস্থিত করিয়াছেন। মন্ত্রিসভার পরিবর্ত্তনই ইংলণ্ডের উক্ত বৎসরের সর্ব্বপ্রধান রাজনৈতিক ঘটনা। এতদুপলক্ষে দাদাভাই নৌরোজী কমন্স সভার সভ্য নির্ব্বাচিত হইয়াছেন। ইতিপূর্ব্বে পার্লিয়ামেণ্ট মহাসভায় আর কখন কোন ভারতবাসী সদস্যস্বরূপে আসন প্রাপ্ত হন নাই।

ইউরোপের রাজগণ যুদ্ধ বিগ্রহের উপযোগী অস্ত্র শস্ত্র সংগৃহীত রাখিয়া শত্রুর সম্মুখীন হইবার জন্য সর্ব্বক্ষণই আপনাদিগকে প্রস্তুত রাখিয়াছিলেন। সৌভাগ্যের বিষয় কোনরূপ গোলযোগ উপস্থিত হয় নাই। না হইবার পক্ষে প্রধান কারণ—ত্রৈদেশিক সন্ধিবন্ধন। জর্ম্মণী, ইটালী ও অষ্ট্রিয়া—এই তিন রাজ্যের মধ্যে পরস্পর সদ্ভাব ছিল এবং গ্রেটব্রিটেনও ইহাঁদিগের পৃষ্ঠপোষকতা করিয়া আসিয়াছিলেন। দারুণ দুর্ভিক্ষ এবং মড়কে রুসের বিস্তর প্রজা মারা পড়িয়াছিল। এবং রাজ্যের ভিন্ন ভিন্ন প্রদেশের কৃষকসম্প্রদায় রাজবিদ্রোহী হইয়া উঠিয়াছিল। এদিকে রুষ ও আফগানের ব্যবহারে ভারতের ব্রিটিস গবর্ণমেণ্টকে চিন্তাকুলিত হইতে হইয়াছিল। গবর্ণমেণ্ট সীমান্ত প্রদেশে সৈন্য প্রস্তুত রাখিয়াছিলেন। একটা যে বিষম গোলযোগ ঘটিবে এ আশঙ্কা অনেকেই করিয়াছিলেন, কিন্তু ব্রিটিস গবর্ণমেণ্টের সহিত আমীরের উপস্থিত ব্যবহারে সে অমূলক আশঙ্কা অনেকটা দূর হইয়াছে। লুসাই প্রদেশে আবার একটু সামান্য গোলযোগ উপস্থিত হইয়াছিল। চিত্রলের বৃদ্ধ রাজার মৃত্যুতে সের আফজাল আসিয়া সিংহাসন অধিকার করেন; এই উপলক্ষে রাজ্যমধ্যে বিদ্রোহ উপস্থিত হয় এবং সের আফজাল প্রাণভয়ে পলায়ন করেন। সিকিমের রাজা রাজ্য পরিত্যাগ করিয়া তিব্বতে পলাইবার উদ্যম করেন। নেপালীরা পথিমধ্যে তাঁহাকে ধরিয়া ইংরেজদিগের হস্তে সমর্পণ করে। রাজাকে এক্ষণে দার্জিলিঙ্গে রাখা হইয়াছে, কিন্তু সিকিমের ভবিষ্যৎ শাসনপ্রণালী সম্বন্ধে কোনরূপ চূড়ান্ত বন্দোবস্ত এ যাবৎ কিছুই করা হয় নাই। ব্রহ্মরাজ্যের সীমান্ত প্রদেশবাসী জাতিগণ মধ্যে মধ্যে বিদ্রোহী হইয়াছিল এবং বৎসরের শেষভাগে কাচীনদিগের সহিত ইংরাজের যুদ্ধ বাধিয়াছিল।

ভারতের ব্যবস্থাপক সভাসংক্রান্ত নূতন আইন পাস হইয়াছে। এই আইনে ভারতের ব্যবস্থাপক সভাসমূহে অতিরিক্ত সদস্য নিয়োগের নূতন প্রণালী প্রবর্ত্তিত করা হইয়াছে এবং সদস্যগণ সভাস্থলে ভিন্ন ভিন্ন বিষয়ের প্রশ্ন করিতে পারিবেন এরূপ ব্যবস্থাও করা হইয়াছে। বড় লাট বাহাদুরের ব্যবস্থাপক সভায় বাটো য়ারা আইন, কুলি আইন পাস হইয়া গিয়াছে এবং ভূমি গ্রহণ বিষয়ক আইন ও দাগী বদমায়েসদিগকে পুলিসের নজরবন্দী রাখা বিষয়ক আইনের পাণ্ডুলিপি অদ্যাপিও আলোচিত হইতেছে।

বাঙ্গাল গবর্ণমেণ্ট ষ্ট্যাটুটরী সিভিল সর্ভিসের অন্তর্গত কয়েকটি পদ প্রাদেশিক সিভিল সর্ভিসের অন্তর্ভুক্ত করিয়া দিয়াছেন। বাঙ্গালার ব্যবস্থা-

পক্ষ সভায় গ্রাম্য চৌকীদারগণকে খাস পুলিসের অন্তর্ভুক্ত করিয়া চৌকীদারী বিল পাস করা হইয়াছে। দমকলের আইনও পাস হইয়াছে। মিউনিসিপ্যাল বিলের আলোচনা হইয়া আছে, অদ্যাপিও পাস হয় নাই। উত্তর পশ্চিম প্রদেশের গ্রাম্য মুন্সেফ আইন অর্থাৎ মান্দ্রাজের অনুকরণে গ্রাম্য আদালতগুলির সংগঠন, গ্রাম্য স্বাস্থ্যবিধির আইন অর্থাৎ মফঃস্বলের জেলাসমূহে স্বাস্থ্যোন্নতি বিধান এবং বাসাবাড়ীর আইন অর্থাৎ বাসাবাড়ীগুলির শৃঙ্খলা এবং উপযুক্তরূপ তত্ত্বাবধারণের ব্যবস্থা প্রাদেশিক ব্যবস্থাপক সভায় সম্যক্ আলোচিত হইয়া পাস হইয়া গিয়াছে। মান্দ্রাজের স্মল কজকোর্ট বিল আইনে পরিণত হইয়াছে।

বিগত ২০ শে অক্টোবর বাঙ্গালার ছোটলাট বাহাদুর বাঙ্গালার জুরিপ্রথাপ্রবর্ত্তিত জেলাসমূহে নরহত্যাদি অপরাধে জুরির বিচার রহিত করিয়া দিয়াছিলেন। এই ব্যাপার লইয়া মহা আন্দোলন উপস্থিত হয় এবং পরিশেষে ষ্টেটসেক্রেটরীর অনুমোদনক্রমে গবর্ণমেণ্ট গোলযোগ মিটাইবার জন্য একটি কমিসন বসাইয়া দেন। কমিসনের ব্যবস্থায় উল্লিখিত অপরাধসমূহে জুরির বিচার উঠাইয়া দেওয়া যুক্তিসঙ্গত বলিয়া বোধ না হওয়ায় ছোটলাট বাহাদুর জুরিঘটিত উক্ত আদেশের প্রত্যাহার করিয়াছেন।

ভারতের প্রধান সেনাপতি লর্ড রবার্টস কার্য্য হইতে অবসর গ্রহণ করায় তাঁহার স্থানে হোয়াইট্ সাহেব প্রধান সেনাপতি নিযুক্ত হইয়াছেন। পঞ্জাব প্রদেশে স্যর জেম্‌স্ লায়ালের স্থানে স্যর দেনিস ফিটজপ্যাট্রিক এবং উত্তর পশ্চিম প্রদেশে স্যর অক্‌ল্যাণ্ড কলভিনের স্থানে স্যর চর্লস ক্রসথোয়েট লেপ্টন্যাণ্ট গবর্ণর নিযুক্ত হইয়াছেন। এতদ্ব্যতীত ফ্রায়ার সাহেব ব্রহ্মদেশের এবং জেম্‌স্ ব্রাউন ব্রিটিস বেলুচিস্থানের—চিফকমিসনরের পদে নিযুক্ত হইয়াছেন। হাইকোর্টের সুযোগ্য জজ মান্যবর শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় একাদিক্রমে তিন বৎসর কাল যাবৎ কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ভাইসচ্যান্সেলার থাকিয়া কর্ম্ম পরিত্যাগ করিলে পর উক্ত আদালতের অন্যতম জজ মান্যবর পিগট সাহেব তাঁহার স্থলাভিষিক্ত হইয়াছেন। বাঙ্গালার অনুকরণে বোম্বাই বিশ্ববিদ্যালয়ও বোম্বাই হাইকোর্টের দেশীয় জজ মান্যবর তেলাঙকে ভাইস চ্যান্সেলারের পদে মনোনীত করিয়াছেন। বাঙ্গালায় উচ্চ শিক্ষার সরকারী স্কুলগুলির ব্যয় ভার গবর্ণমেণ্ট নিজে বহন না করিয়া দেশীয়গণের উপরে চাপাইবার অভিপ্রায় প্রকাশ করিয়াছেন; বলিয়াছেন, দেশীয়গণ উল্লিখিত স্কুলসমূহের ব্যয় ও সুবন্দোবস্তের ভার যদি আপনাদিগের হস্তে লইতে চান তবেই ভাল, নচেৎ বৎসরে দুইটি করিয়া স্কুল উঠাইয়া দেওয়া পরামর্শসিদ্ধ হইবে। উত্তর-বেহার প্রদেশের খাকজরিপ ষ্টেটসেক্রেটরীর অনুমোদিত হইয়াছে। বাঙ্গালায় জল নিকাশ ও জল সরবরাহের সুবন্দোবস্ত বিষয়ে ব্যবস্থা করিবার জন্য ছোট লাট বাহাদুর প্রকাশ্য সভায় মিউনিসিপ্যালিটির প্রধান প্রধান লোকদিগকে আহ্বান করিয়া তাঁহাদের মতামত গ্রহণ করিয়াছিলেন। একমাত্র রাজা প্যারীমোহন ভিন্ন আর সকলেই ছোটলাট বাহাদুরের অভিপ্রায়ের অল্পাধিক সমর্থন করিয়াছিলেন। বিষয়টি এখনও গবর্ণমেণ্টের বিবেচ্য আছে। উত্তর পশ্চিম প্রদেশে ২৫ লক্ষ টাকা ব্যয়ে পুলিস সংস্কারের ব্যবস্থা হইয়াছে।

গত বৎসর ভারতের অধিকাংশ স্থানেই বিশেষতঃ দাক্ষিণাত্য, রাজপুতানা, বাঙ্গালা, ব্রহ্মদেশ, এবং মান্দ্রাজের কোন কোন অংশে অন্নকষ্ট দেখা দিয়াছিল। গবর্ণমেণ্ট দুর্ভিক্ষপুস্তক খুলিয়া এবং দুর্ভিক্ষনিবারণবিধির সংস্করণ করিয়া প্রতিকারের উপায়বিধান করিয়াছিলেন। আপাততঃ অনেকটা নিবৃত্তি হইয়াছে বটে কিন্তু এখনও অনেক স্থানে লোকে উহাতে কষ্ট পাইতেছে। এতদ্ব্যতীত বাটার হার বৃদ্ধি পাওয়ায় অনেক বিষয়ে অনেক ক্ষতি হইতেছে। এই সকল কারণে গবর্ণমেণ্টের রাজস্বের অবস্থা সন্তোষজনক হইতে পায় নাই। অর্থসচিব স্যর ডেভিড বার্ব্বার বজেটে টাকার উদ্বৃত্তি দেখাইয়াছিলেন, কিন্তু রূপার দর ক্রমশঃ পড়িয়া যাওয়ায় উদ্বৃত্তির পরিবর্ত্তে এক্ষণে তাহার ঠিক বিপরীত দাঁড়াইয়াছে। বাটার বিভ্রাট মিটাইবার জন্য অনেকে উদ্যোগী হইয়াছেন। বিগত ২২শে নবেম্বর এই জন্য ব্রসেল্‌স নগরে একটী মৌদ্রিক সমিতির অধিবেশন হইয়াছিল। সমিতি স্থলে ভিন্ন ভিন্ন রাজ্যের প্রতিনিধি আসিয়া আপনাদিগের অভি-

মত ব্যক্ত করিয়াছিলেন, কিন্তু রাণিজ্য-প্রধান ইংলণ্ডের একদেশদর্শিতা হেতু উক্ত অধিবেশনে কোন ফল ফলে নাই। ইহার পর লর্ড হার্সেলের এক কমিটী বসিয়াছে। কমিটীর কার্য্য শেষ হইয়াছে কিন্তু অদ্যাপিও রিপোর্ট বাহির না হওয়ায় ভারত-গবর্ণমেণ্ট এ সম্বন্ধে কোন কিছু করিয়া উঠিতে পারিতেছেন না। বণিক-সভার সভাপতি ম্যাকে সাহেব ভারতের টাকশালে রৌপ্য মুদ্রণে বাধা দিয়া বিভ্রাট মিটাইবার চেষ্টায় আছেন। ফলতঃ বাটার গোলযোগ মিটান পক্ষে শীঘ্রই কোন কিছু উপায় অবলম্বিত না হইলে যে বড়ই অনর্থ সংঘটিত হইবে ইহা অনেকেই মনে করেন। এই কাল মধ্যেই বহু-দিনের প্রতিষ্ঠিত অনেকগুলি সম্ভ্রান্ত কারবার দেউলিয়া হইয়াছে।

উত্তর পশ্চিম প্রদেশীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক হরিদ্বারের মেলা ভাঙ্গিয়া দেওয়া উপলক্ষে যাত্রিগণের প্রতি অবৈধ অত্যাচার উৎপীড়নাদি করা হইয়াছিল বলিয়া উক্ত হইয়াছিল। কলিকাতার ব্রিটিস ইণ্ডিয়ান এসোসিয়েসনের সমধিক চেষ্টা ও উদ্যোগিতায় গবর্ণমেণ্ট উক্ত বিষয়ের অনুসন্ধানে প্রবৃত্ত হইয়াছিলেন। উহাতে ফল কিছুই হয় নাই বরং অত্যাচারাদির অভিযোগ মিথ্যা বলিয়া গবর্ণমেণ্ট সমিতিকেই অনুযোগ করিয়াছিলেন। কিন্তু পরবর্ত্তী গবর্ণমেণ্ট হরিদ্বারে একটি কমিসন বসাইয়া তীর্থস্থানটির স্বাস্থ্যোন্নতি সাধন বিষয়ে বিশেষ যত্নবান হইয়াছেন। আপাততঃ হর-কি-প্যারী ও ভীমগোদা নামক দুইটী জলাশয়ের রীতিমত সংস্কার করিয়া দিয়াছেন এবং অপরাপর যাহা কিছু কর্ত্তব্য তাহাও ক্রমশঃ সাধন করিয়া দিবেন বলিয়াছেন।

দেশীয়দিগের প্রযত্নে টিটাগড়ে একটি কাচের কারখানা খোলা হইয়াছে; শ্রীরামপুরের নিকটবর্ত্তী মাহেশে বেঙ্গল উইভিং কোম্পানীর নূতন কুঠি নির্ম্মাণ হইতেছে। এতদ্ব্যতীত একটি দেশালাইয়ের কারখানা খুলিবার ব্যবস্থা হইয়াছে এবং মগরা হইতে তারকেশ্বর পর্য্যন্ত বাঙ্গালার প্রাদেশিক রেলপথের কার্য্য আরম্ভ হইয়াছে।

দেশীয় স্ত্রীলোকদিগের চিকিৎসা যাহাতে স্ত্রী চিকিৎসক দ্বারা হইতে পারে তাহার ব্যবস্থা করিবার জন্য বড় লাট বাহাদুরের পত্নী লেডি ল্যান্সডাউনের কর্ত্রীত্বে যে সমিতি সংগঠিত হইয়াছে তাহার সম্বৎসরের কার্য্য একপ্রকার ভালই চলিয়াছে। মহারাজ যতীন্দ্রমোহন ঠাকুর লক্ষ টাকা ব্যয় করিয়া স্বীয় মাতার স্মরণার্থ একটি বিধবা ফণ্ড করিয়া দিয়াছেন। হিন্দু মতে সমুদ্রযাত্রা লইয়া সম্প্রদায় বিশেষের মধ্যে মহা আন্দোলন চলিয়াছে এবং আলাহাবাদে জাতীয় মহাসমিতির অষ্টম অধিবেশন হইয়া গিয়াছে।

বিগত বৎসর কার্ডিনাল ম্যানিং, লর্ড টেনিসন, এম্ রেনান, সার হেনরি হ্যারিসন প্রভৃতি অনেক সুপ্রসিদ্ধ ইউরোপীয়ের মৃত্যু হইয়াছে। ভারতেও পণ্ডিত প্রাণনাথ সরস্বতী, রায় জগদানন্দ মুখোপাধ্যায়, ডাক্তার কে ডি ঘোষ প্রভৃতি কয়েকজন খ্যাতনামা ব্যক্তি মৃত্যুগ্রাসে পতিত হইয়াছেন।

এবার এ প্রদেশে শীত অধিক দিন স্থায়ী হইয়াছিল। ম্যালেরিয়ার প্রাদুর্ভাবও বড় বেশী হইতে পায় নাই। গরিব দুঃখীদিগের সুবিধার জন্য পোষ্ট আফিসসমূহে গবর্ণমেণ্ট সুলভ মূল্যে কুইনাইন বিক্রয়ের ব্যবস্থা করিয়া দিয়াছেন।

হরিদ্বারে স্যার চর্লস ক্রসথোয়েটের বক্তৃতা।

হরিদ্বারতীর্থে হর-কি-প্যারী ও ভীমগোদা নামক জলাশয় দুইটীর যেরূপ ভাবে সংস্কার করিয়া দিবার কথা হইয়াছিল তাহা করা হইয়াছে। বিগত ৭ই এপ্রেল উত্তরপশ্চিম প্রদেশের ছোট লাট বাহাদুর স্যর চর্লস ক্রস্-থোয়েট হরিদ্বারে যাইয়া স্বহস্তে উহা খুলিয়া দিয়াছেন। এতদুপলক্ষে তথায় বিস্তর লোকের সমাগম হইয়াছিল। ছোট লাট বাহাদুর হরিদ্বারের ব্রাহ্মণগণকে সম্বোধন করিয়া একটি বক্তৃতা করিয়াছিলেন। বক্তৃতার সারভাগ নিম্নে উদ্ধৃত করা গেল—

ছোট লাট বাহাদুর বলিয়াছেন—"সাধারণের মঙ্গলের জন্যই গবর্ণমেণ্ট হরিদ্বারের মেলা ভাঙ্গিয়া দিয়াছিলেন। অজ্ঞ লোকে বলিতেছে গবর্ণমেণ্ট হিন্দুর ধর্ম্মে হস্তক্ষেপ করিয়াছেন। ব্রিটিস গবর্ণমেণ্ট কাহারও ধর্ম্মে হস্তক্ষেপ করেন না। মেলা ভাঙ্গিয়া দেওয়ায় তোমাদের টাকা রোজগারে ব্যাঘাত পড়িয়াছে, তাই তোমরা গবর্ণমেণ্টের নিন্দায় উৎসাহ দিয়াছ। হরিদ্বার সহস্র সহস্র বৎসর ধরিয়া হিন্দুর তীর্থস্থান হইয়া আছে। এই কাল মধ্যে কত কত

হিন্দু রাজা, কত কত মুসলমান বাদসাহ রাজত্ব করিয়া গিয়াছে। বল দেখি হরিদ্বারের জন্য কে কি করিয়াছে। যাত্রীদিগের সুবিধার জন্য কেহ কিছু করিয়াছে কি? মেলা ভাঙ্গিয়া দেওয়া হইয়াছিল বলিয়া এইত লাহোর, বাঙ্গালার কত কত লোক গবর্ণমেণ্টের বিরুদ্ধে সুর তুলিয়াছিল। পীড়ার জন্যই যে মেলা ভাঙ্গিয়া দেওয়া হইয়াছিল তাহা ত তাহারা বেশ জানিত; কই, কয়জন তাহাদের মধ্যে উহার প্রতিকারকল্পে গবর্ণমেণ্টকে অর্থ সাহায্য করিতে অগ্রসর হইয়াছে। তোমরা এখানে বসিয়া কেবল যাত্রীদিগেরই অর্থধ্বংশ করিতেছ, অথচ তাহাদেরই স্বাস্থ্যরক্ষার জন্য একটি পয়সা কখন ব্যয় কর না। আমি বলি শুন, তোমাদের মেলায় কোনরূপ হস্তক্ষেপ করিবার ইচ্ছা গবর্ণমেণ্টের নাই। তাহার প্রমাণ, গবর্ণমেণ্ট যাত্রীদিগের গমনাগমনের সুবিধার জন্য এই স্থান পর্য্যন্ত রেলপথ প্রস্তুত করিয়া দিয়াছেন। হর-কি-প্যারী ও ভীমগোদা জলাশয়ের উন্নতি বিধান করিয়াছেন এবং যাত্রীদিগের স্বাস্থ্যরক্ষার জন্য অন্যান্য আরও অনেক উপায় বিধান করিবেন; কিন্তু এততেও যদি পুনরায় উপদ্রব ঘটে, গবর্ণমেণ্ট আবার মেলা ভাঙ্গিয়া দিবেন, তা তোমাদের টাকা রোজগার হউক আর নাই হউক। অতএব আমি তোমাদিগকে এই পরামর্শ দিতেছি, তোমরা তীর্থস্থানটি পরিষ্কার পরিচ্ছন্ন রাখিবার সম্বন্ধে গবর্ণমেণ্ট কর্ম্মচারিগণের সহায়তা কর। পরিষ্কার পরিচ্ছন্ন রাখিবার পক্ষে যে সকল নিয়মাবলী প্রস্তুত হইবে তোমাদিগকে সেই সমস্ত মানিয়া চলিতে হইবে। যাত্রীদিগের জন্য তোমরা যে সমস্ত আড্ডা করিয়া রাখিয়াছ, যাহাতে সে গুলিতে অতিরিক্ত যাত্রী না হইতে পায় এবং ঐ গুলি রীতিমত পরিষ্কার পরিচ্ছন্ন থাকে তাহা করিতে হইবে। এই সমস্ত ব্যাপারে যে ব্যয় পড়িবে তাহা সঙ্কুলান জন্য যে ট্যাক্স ধার্য্য হইবে সেই ট্যাক্স তোমাদিগকে ন্যায্যমত দিতে হইবে। আমার পরামর্শ এই, তোমরা নিজ হইতে এই কার্য্যে অর্থ ব্যয় কর এবং যাহারা গবর্ণমেণ্টের বিরুদ্ধে রব তুলিয়াছিল, তাহাদিগকে বল যেন তাহারাও তাহাদের স্বদেশবাসীর মঙ্গলের জন্য ইহাতে প্রবৃত্ত হয়। দেখ, রাঙ্গুরার রাণী এবং কলিকাতার শেঠ সূরয মল ঝন্‌ঝনওয়ালা আপনা হইতেই এই কার্য্যের জন্য ২ হাজার টাকা দান করিয়াছেন। তাঁহাদিগকে ইহার জন্য কোনও কথা বলিতে হয় নাই।”

ছোট লাট বাহাদুর স্যর চর্লস ক্রসথোয়েটের উক্তিগুলি তীব্র হইলেও হিন্দুর পরম পবিত্র তীর্থ হরিদ্বারের স্বাস্থ্যোন্নতি-সাধনরূপ সৎকার্য্যে হস্তক্ষেপ করিয়া তিনি যে হিন্দু সাধারণের যথেষ্ট সাধুবাদের পাত্রে হইয়াছেন সে পক্ষে আর সন্দেহ নাই।

কলিকাতার দরিদ্র পীড়িতদিগের সুবিধা।

কলিকাতার দরিদ্রগণ পীড়িত হইলে বিনাব্যয়ে যাহাতে সুবিধামত চিকিৎসিত হইতে পারে বাঙ্গাল গবর্ণমেণ্ট বহুদিন হইতে তাহার উপায় চিন্তা করিয়া আসিতেছেন। কলিকাতা সহরে আপাততঃ ঐ উদ্দেশ্যে অনেকগুলি চিকিৎসালয় প্রতিষ্ঠিত থাকিলেও উহা যথেষ্ট নহে—বিগত জুলাই মাসে ভারত গবর্ণমেণ্টই এ কথা বলিয়াছেন।

কলিকাতার চিকিৎসালয় ও হাঁসপাতালগুলির সংখ্যা আর কি পরিমাণে বাড়াইলে উল্লিখিত উদ্দেশ্য সাধিত হইতে পারে তাহা বুঝিবার নিমিত্ত ছোটলাট বাহাদুর একটি কমিটি সংগঠনের আদেশ দিয়াছেন। সিভিল হাঁসপাতালের ইনস্পেক্টর জেনারেল পিলচার সাহেব উক্ত কমিটীর সভাপতি হইবেন; ল্যাম্বার্ট ও ক্রম্বি সাহেব—ইহাঁরা কমিটির সদস্য হইবেন। সহরের দরিদ্র রোগীদিগের মধ্যে যাহারা বাড়ী হইতে আসা যাওয়া করিয়া আপনাদিগের চিকিৎসা করাইবে এবং যাহারা হাঁসপাতালে থাকিয়া চিকিৎসিত হইবে—তাহাদের সকলের যাহাতে সুবিধা হইতে পারে সেরূপ বন্দোবস্ত করিতে হইলে বর্ত্তমান চিকিৎসালয় ও হাঁসপাতালগুলির সংখ্যা কি পরিমাণে বাড়াইবার প্রয়োজন হইবে কমিটি নক্সা আঁকিয়া তাহা দেখাইয়া দিবেন।

এতদ্ভিন্ন, হাঁসপাতালে যে সমস্ত রোগী থাকিবে তাহাদিগের জন্য আনুমানিক কতগুলি বিছানার আবশ্যক হইবে কমিটী তাহা নিরূপণ করিয়া বলিবেন। টাকা কড়ি বিষয়ে আপাততঃ কমিটিকে কোন কিছু চিন্তা করিতে হইবে না। কমিটীর রিপোর্ট পাইলে সহরে চিকিৎসালয় ও হাঁসপাতালের সংখ্যা আর বাড়াইবার

প্রয়োজন হইবে কি না, হইলে কি পরিমাণে বাড়াইতে হইবে ছোটলাট বাহাদুর তাহার বিবেচনা করিবেন।

পল্‌তা হইতে কলিকাতায় জল লইয়া যাইবার জন্য ট্রাঙ্ক রোডে বরাবর যে নল বসান হইয়াছে তদ্দ্বারা পার্শ্ববর্ত্তী গ্রামসমূহের জল নিকাশের পক্ষে বিশেষ প্রতিবন্ধক ঘটিয়াছে। এই কারণ বশতঃ ঐ সমস্ত গ্রামে ম্যালেরিয়ারও প্রাদুর্ভাব বাড়িয়াছে। মিউনিসিপ্যালিটী পয়ঃপ্রণালীগুলি গভীর করিয়া দিয়া ইহার প্রতিকারের চেষ্টা পাইয়াছিলেন কিন্তু ঘন ঘন পলি পড়িয়া খাত বুজিয়া যাওয়ায় উহাতে ফল হয় নাই। এরূপ অবস্থায় বিষয়টীর সত্যাসত্য নিরূপণ করিয়া মিউনিসিপ্যালিটীর অবলম্বিত উপায় ভিন্ন আর কোনরূপ প্রতিকারের উপায় অবলম্বন করিতে গবর্ণমেণ্ট প্রস্তুত কি না বিগত ১লা এপ্রেল ছোট লাট বাহাদুরের ব্যবস্থাপক সভায় অনারেবল বাবু গণেশচন্দ্র চন্দ্র ডাক্তার মহেন্দ্রলাল সরকার কৃত এই প্রশ্নের অবতারণা করিয়াছিলেন।

প্রত্যুত্তরে অনারেবল রিজলে সাহেব বলিয়াছিলেন—"গবর্ণমেণ্ট এ বিষয়ে অনুসন্ধান করিবেন এবং অনুসন্ধানে উল্লিখিত ব্যাপারটী প্রকৃত বলিয়া বোধ হইলে স্থানীয় কর্ত্তৃপক্ষীয়গণকে ইহার প্রতিবিধান করিবার জন্য আদেশ করিবেন।"

সাপ্তাহিক সংবাদ।

[কলিকাতা] ডাক্তার মহেন্দ্রলাল সরকার ও মিঃ এ এইচ ওয়ালিস ছোটলাট বাহাদুরের ব্যবস্থাপক সভার সদস্যের পদ পরিত্যাগ করিয়াছেন।

কলিকাতা মিউনিসিপ্যালিটী ট্রামওয়ে কোম্পানীকে অবিলম্বে পুরাতন রেলগুলি বদলাইয়া ফেলিতে বলেন। কোম্পানী নিজের সুবিধামত কালবিলম্ব করিয়া উহা করিতে চাহেন। মিউনিসিপ্যালিটী ইহাতে অসম্মত হন। এই কারণ বশতঃ গত বুধবার হইতে কোম্পানী ট্রামওয়ে বন্ধ করিয়া দিবেন এবং গাড়ী ঘোড়া সমস্ত বোম্বাই ট্রামওয়ে কোম্পানীকে বিক্রয় করিয়া ফেলিবেন এরূপ জনরব উঠিয়াছিল। এক্ষণে জানা যাইতেছে কোম্পানী হঠাৎ কিছু করিতেছেন না।

বঙ্গীয় ব্যবস্থাপক সভায় এক জন করিয়া সদস্য নির্ব্বাচন করিবার জন্য বাঙ্গালা গবর্ণমেণ্টের প্রধান সেক্রেটরী কলিকাতা মিউনিসিপ্যালিটীর সভাপতি ও কলিকাতা বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রারের নিকট পত্র লিখিয়াছেন। পত্রপ্রাপ্তির দিন হইতে দুই মাসের মধ্যে নির্ব্বাচন কার্য্য সম্পন্ন করিয়া ফলাফল প্রধান সেক্রেটরীকে জানাইতে হইবে। নির্ব্বাচিত সদস্যের গুণাগুণ সম্বন্ধে কোনরূপ বাঁধাবাঁধি নিয়ম থাকিবে না। মিউনিসিপ্যালিটী ও বিশ্ববিদ্যালয় যাঁহাকে ইচ্ছা সদস্য মনোনীত করিয়া দিতে পারিবেন।

বড়লাট বাহাদুরের ব্যবস্থাপক সভার অধিবেশন অতঃপর কলিকাতায় আর না হইয়া সিমলায় হইতে থাকিবে।

পুলিস কমিসনরের আদেশমত কলিকাতার হোটেলগুলি রাত্রি ১টা পর্য্যন্ত খোলা না থাকিয়া রাত্রি ১২ টা পর্য্যন্ত খোলা থাকিবে।

[বর্দ্ধমান] তারকেশ্বরের গদি লইয়া শ্যামগিরি ও সতীশগিরিতে মোকদ্দমা বাধিয়াছিল। জজ নরিস সাহেব মোকদ্দমার বিচার করিয়াছিলেন। শ্যামগিরির হার হইয়াছে।

[সাধারণ] বিহার প্রদেশে আদালত সংক্রান্ত কাগজ পত্রে কায়েথীর স্থানে, রোমান অক্ষর চালাইবার কথা উঠিয়াছিল। ছোটলাটবাহাদুর আদেশ করিয়াছেন যে, রেজিষ্টরী ইংরেজীতে লিখিতে হইবে। যাহারা ইংরেজী না জানে, তাহাদিগকে রোমান অক্ষরে লিখিতে হইবে; আর যাহারা রোমান অক্ষর না জানে, তাহাদিগকে স্বতন্ত্র কাগজে হিন্দীতে লিখিয়া রেজিষ্টরীতে আঁটিয়া দিতে হইবে। ইংরেজী আদৌ জানে না, এমন লোককে ভবিষ্যতে আদালতের কেরাণীগিরিতে নিযুক্ত করা হইবে না। শমন, ইস্তাহার প্রভৃতি দেবনাগর অক্ষরে লিখিতে হইবে। যিনি যে ভাষায় ইচ্ছা করেন, তিনি স্বয়ং সেই ভাষায় আরজি দাখিল করিতে পারিবেন। তবে মোক্তারের দ্বারায় যদি আরজি দাখিল করা হয়, তাহা হইলে, তাহা নাগরী অথবা পারস্য অক্ষরে লেখা থাকিবে। (বঙ্গবাসী)

সিক্‌ মানমন্দিরে যে বৃহৎ দূরবীক্ষণ যন্ত্রটি আছে তাহার সাহায্যে আজ কয়েকমাস হইল মার্কিন দেশীয় অধ্যাপক বার্ণার্ড সাহেব বৃহস্পতি গ্রহের আর একটি উপগ্রহ আবিষ্কার করিয়াছেন। এইটি লইয়া বৃহস্পতিগ্রহের পাঁচটি উপগ্রহ হইল।

গত ২২শে চৈত্র হইতে ২৮শে চৈত্র পর্য্যন্ত কলিকাতার পাটের বাজারের সাপ্তাহিক বিবরণ। সিরাজগঞ্জ ও উত্তর বঙ্গ প্রভৃতি—

ঐ	শরেস	পাট	৫৷৵০	হইতে ৫৷৫
ঐ	মাঝারী	ঐ	৫৵০	,, ৫৷০
ঐ	নিরেস	ঐ	৪৸৵০	,, ৫৵০
নারায়ণগঞ্জ, ময়মনসিংহাদি	ঐ	৫৵০	,,	৫৷৵০
দেশী [সর্ব্বপ্রকার]	ঐ	৪৸৵০	,,	৫৵০
ভিজা, দাগি, বম্বাই আদি	ঐ	৩৸৵০	,,	৪৷০
দেওড়া [সর্ব্বপ্রকার]	ঐ	৩৷৵	,,	৪৸০

গত পূর্ব্ব সোমবার হইতে গত রবিবার পর্য্যন্ত এক সপ্তাহের আমদানী ৩৯০০০ বস্তা

ঐ	রপ্তানী	২৫০০০ ,,
ঐ	মজুত	২৩০০০০ ,,
গত সপ্তাহের মজুত		২৮৬০০০ ,,

মন্তব্য—বাজার গত সপ্তাহ অপেক্ষা ৵০ আনা ৵১০ আনা চড়া। শ্রীযতীন্দ্রমোহন বন্দ্যোপাধ্যায়। ৫৭ নং বাবুরাম ঘোষের লেন আহীরীটোলা কলিকাতা।

রংপুরের মহারাজা গোবিন্দলাল রায় কটন ইনষ্টিটিউসনে এক হাজার টাকা দান করিয়াছেন।

পৃথিবীতে সমুদয়ে ৪ হাজার ৯৬৫ খানি দৈনিক সংবাদপত্র আছে; তন্মধ্যে কেবল এক আমেরিকার ইউনাইটেড রাজ্যেই ১ হাজার ৭৫৯ খানি প্রচলিত। এতদ্ব্যতীত উক্ত প্রদেশে ১৩ হাজার ৪০৪ খানি সাপ্তাহিক এবং ৬০৫ খানি সাময়িক সম্বাদ পত্র প্রচলিত আছে। মাসিক পত্র ও ম্যাগেজিন প্রভৃতির সংখ্যা ২৩ হাজার। এই সমস্ত সম্বাদ পত্র প্রচারের কার্য্যে ২ লক্ষ লোক নিযুক্ত আছে

কানাডায় ৯৪ খানি দৈনিক, ৫০৬ খানি সাপ্তাহিক এবং ১৩২ খানি মাসিক পত্র প্রচলিত। মেক্সিকো, মধ্য ও দক্ষিণ আমেরিকা লইয়া লাটিন আমেরিকায় প্রচলিত সম্বাদ পত্রের সংখ্যা ৪ হাজার ৫ শত। এই সংখ্যার মধ্যে প্রায় ২ শত সংখ্যক সম্বাদ পত্র স্পানীয় ও পোর্ত্তুগীজ ভিন্ন অপরাপর ভাষায় পরিচালিত হইয়া থাকে। গ্রেট ব্রিটন হইতে ২ হাজার ২৭২ খানি সম্বাদ পত্র বাহির হইয়া থাকে। ইহার মধ্যে এক মাত্র লণ্ডন হইতেই ৪২৫ খানি বাহির হয়। দৈনিক সম্বাদ পত্র ২০০ খানি, মাসিক ম্যাগেজিন প্রভৃতি গ্রেট ব্রিটেন হইতে ১ হাজার ৯ শত খানি প্রকাশিত হয়। লণ্ডন, নিউইউর্ক, ফিলাডেলফিয়া এবং বোষ্টন এই কয়টি স্থান হইতে মোট যত গুলি দৈনিক পত্র প্রকাশিত হয়, একমাত্র প্যারিস হইতে তদপেক্ষা ১২ খানি বেশী হইয়া থাকে। 'পেটিট জরনাল বলিয়া প্যারিস হইতে যে দৈনিক পত্র খানি বাহির হয় তাহার তুল্য কাটতি পৃথিবীর মধ্যে আর কোন সম্বাদ পত্রের নাই। উহা প্রত্যহ ১০ লক্ষেরও অধিক ছাপা হইয়া থাকে। দৈনিক সম্বাদ পত্রের সংখ্যা প্যারিসে বেশী; ইহার নীচেই জর্ম্মণী। জর্ম্মণী হইতে ৯৭৩ খানি দৈনিক পত্র প্রকাশিত হইয়া থাকে। এতদ্ব্যতীত সাপ্তাহিক ও অপরাপর পত্রের সংখ্যা ২ হাজার ৬৩০। 'পোষ্ট কিটুক' নামে যে সম্বাদ পত্র খানি জর্ম্মণীর ফ্রাঙ্ক ফোর্ট হইয়া বাহির হয় ইউরোপের সম্বাদ পত্র মধ্যে উহাই সর্ব্বাপেক্ষা প্রাচীন। ১৬১৬ খৃঃ অব্দ হইতে উহা প্রকাশিত হইয়া আসিতেছে। পৃথিবীর প্রাচীনতম সম্বাদপত্র পিকিন গেজেট। ৯১১ খৃঃ অব্দ হইতে উহা নিয়মিতরূপে চলিয়া আসিতেছে। চীনের লোক সংখ্যা ৪০ কোটি হইলেও এই পিকিন গেজেট ছাড়া আর ২৩ খানি মাত্র সংবাদপত্র তথায় প্রচলিত আছে, তন্মধ্যে ১০ খানি দৈনিক। জাপান হইতে ৯২ খানি দৈনিক এবং ৬৭৫ খানি সাময়িক পত্র প্রকাশিত হইয়া থাকে। আইসলণ্ড দ্বীপের লোকসংখ্যা মাত্র ৭০ হাজার হইলেও চীনে যতগুলি সম্বাদ পত্র প্রচলিত আছে, উহাতেও ততগুলি আছে।

ভারতের সম্বাদপত্রসমূহ ভিন্ন ভিন্ন অনেক ভাষায় পরিচালিত হইয়া থাকে। পারসো ৬ খানি সম্বাদপত্র আছে; ইহার মধ্যে এক খানি বাদে আর সকল গুলিই দেশীয় ভাষায় পরিচালিত। ঐ খানি বিদেশীয় ভাষায় লিখিত হইয়া থাকে। সিংহল দ্বীপে সর্ব্বাপেক্ষা কম সংখ্যায় নিয়মিতরূপ সম্বাদ পত্র বাহির হইয়া থাকে। সারনাক গেজেট নামে একখানি ইংরেজী ভাষায় পরিচালিত পত্রিকা আছে; উহা ১৮০৭ সাল হইতে প্রকাশিত হইয়া আসিতেছে।

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—মেদিনীপুরের সব ডেঃ কঃ বাবু নলিনলাল মুখো হুগলি জাহানাবাদে বদলী হইলেন। আঃ মাঃ ও কঃ ফিসার সাহেব অপর আদেশ যাবৎ ১ম শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃ হইয়া খুলনার সদরে স্থাপিত হইলেন। ফর্লোপ্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু ক্ষেত্রমোহন মুখোপাধ্যায় ২৪ পরগণার সদরে স্থাপিত হইলেন। কলিকাতার ১ম সব ডেঃ কঃ ও ইনকম টেক্স আসেসর বাবু উপেন্দ্রচন্দ্র মজুমদার ৩ মাসের ছুটী পাইলেন। ভাগলপুরের আবকারী কার্য্যে নিযুক্ত প্রোটেম ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু নরীনচন্দ্র কর আর ৫৫ দিনের ছুটী পাইলেন। ছুটীপ্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু প্রভাতচন্দ্র চাটা ঢাকা জেলার সদরে স্থাপিত হইলেন। ঢাকার ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু উমেশচন্দ্র সেন সাহাবাদের সদরে বদলী হইলেন। খুলনার প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ ফিসার সাহেব উক্ত জেলায় মাঃ ও কঃ হইলেন। বাঙ্গাল গবর্ণমেণ্টের অণ্ডার সেক্রেটরী ষ্টীটফিল্ড সাহেব ৬ মাসের জন্য বিশেষ ছুটী পাইলেন। ২৪ পরগণার প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ লেভিঞ্জ সাহেব বাঙ্গাল গবর্ণমেণ্টের বিচার রাজনৈতিক ও নিয়োগ বিভাগের অণ্ডার সেক্রেটরী হইলেন। বাঁকুড়ার ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু রামনাথ চট্টোপাধ্যায় ৩ মাসের ছুটী পাইলেন। ভাগলপুরের প্রতিনিধি ডিঃ ও সেঃ জজ বাডকক সাহেব ৭ মাসের ফর্লো পাইলেন। রেজিষ্ট্রেশনের ইনস্পেক্টর জেনারেল হলমউড সাহেব ভাগলপুরের ডিঃ ও সেঃ জজ হইলেন। ২৪ পরগণার ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী আবদুল জব্বর খাঁ বাহাদুর কলিকাতার প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট হইলেন। কটকের ডিঃ ও সেঃ জজ মিঃ বিহারীলাল গুপ্ত এবং নোয়াখালির ডিঃ ও সেঃ জজ গুন্থ সাহেব অপর আদেশ যাবৎ ১ম শ্রেণীর ডিঃ ও সেঃ জজ হইলেন। বাঙ্গালার আবকারী কমিসনর মিঃ কৃষ্ণগোবিন্দ গুপ্ত অপর আদেশ যাবৎ ১ম শ্রেণীর, নোয়াখালির প্রতিনিধি মাঃ ও কঃ মিঃ নন্দকৃষ্ণ বসু ২য় শ্রেণীর এবং চট্টগ্রামের প্রতিনিধি বন্দোবস্তের কর্ম্মচারী এলেন সাহেব ৩য় শ্রেণীর মাঃ ও কঃ হইলেন।

বিচার—কলিকাতা ছোট আদালতের প্রোটেম অতিরিক্ত জজ মিঃ আবুল হোসেন ব্যারিষ্টার ১৫ দিনের ছুটী পাইলেন। সব জজ বাবু জয়গোপাল সিংহ পুর্ণিয়ার সব জজ হইয়া আপাততঃ ২৪ পরগণার অতিরিক্ত সব জজের কার্য্য করিবেন। বাবু গগনবিহারী চৌধুরী বি এল কটক বালেশ্বরের মুঃ হইলেন। দিনাজপুরের মুঃ বাবু অশ্বিনী কুমার গুহ ১ মাস ১৫ দিনের, সাহাবাদ আরার মুঃ বাবু শ্রীগোপাল চট্টোপাধ্যায় আর ১০ দিনের, ছোটনাগপুর শিরিষির মুঃ বাবু মহেন্দ্রনাথ ঘোষ ১ মাসের, হুগলী জাহানাবাদের মুঃ বাবু পূর্ণচন্দ্র সরকার ২৩ দিনের, ত্রিপুরা চাঁদপুরের মুঃ বাবু আশুতোষ বন্দ্যো ৪৫ দিনের, বর্দ্ধমান কাটোয়ার মুঃ বাবু রামযাদব তলাপাত্র আর ১ দিনের, সাহাবাদ আরার মুঃ বাবু কালীধন মুখো ১৫ দিনের এবং কটক বালেশ্বরের মুঃ বাবু বিধুভূষণ চক্রবর্ত্তী ১ মাসের ছুটী পাইলেন।

শিক্ষা—হুগলীর অস্থায়ী ডেঃ ইনঃ বাবু শ্রীপতি বন্দোপাধ্যায় উক্ত স্থানে পাকা হইলেন। বীরভূমের অস্থায়ী ডেঃ ইনঃ বাবু হীরালাল পাল বিএ উক্ত স্থানে পাকা হইলেন। রংপুর জেলা স্কুলের প্রধান শিক্ষক বাবু নারায়ণচন্দ্র মুখো বিএ বীরভূম জেলাস্কুলের ২য় শিক্ষক হইলেন। ভাগলপুর জেলাস্কুলের ৩য় শিক্ষক বাবু ত্রিপুরাচরণ বন্দ্যো বিএ রংপুর জেলাস্কুলের প্রধান শিক্ষক হইলেন। ভাগলপুর জেলাস্কুলের অস্থায়ী ৩য় শিক্ষক বাবু প্রমথনাথ মুখো উক্তপদে পাকা হইলেন। পুরুলিয়া জেলাস্কুলের ২য় শিক্ষক বাবু প্রসন্নকুমার ঘোষ রংপুর জেলাস্কুলের ২য় শিক্ষক হইলেন। খুলনা জেলাস্কুলের ছুটীপ্রাপ্ত ২য় শিক্ষক বাবু যোগেশচন্দ্র দাস বিএ পুরুলিয়া জেলাস্কুলের ২য় শিক্ষক হইলেন। ছাপরা জেলাস্কুলের ২য় শিক্ষক বাবু বিষ্ণুচরণ ভট্টাচার্য্য বিএ খুলনা জেলাস্কুলের ২য় শিক্ষক হইলেন। মজঃফরপুর জেলাস্কুলের প্রতিনিধি ২য় শিক্ষক বাবু বসন্তকুমার দাস ছাপরা জেলাস্কুলের ২য় শিক্ষক হইলেন। ছাপরা জেলাস্কুলের ৩য় শিক্ষক বাবু রাজকুমার

লাল উক্ত স্কুলের ২য় শিক্ষক হইলেন। ছাপরা জেলাস্কুলের ৪র্থ শিক্ষক বাবু করালীচরণ সরকার উক্ত স্কুলের ৩য় শিক্ষক হইলেন। প্রেসিডেন্সী সার্কেলের স্কুল ইনস্পেক্টরের হেড ক্লার্ক বাবু মহেন্দ্রলাল ঘোষ আর ৩ মাসের ছুটী পাইলেন।

উদ্ভট কবিতা।

[৩৭৪]

গৃহ্ণাতি সাধুরপরস্য গুণং নদোষং
দোষান্বিতো গুণিগুণং পরিহায় দোষং
বালস্তনাৎ পিবতি দুগ্ধমসৃগ্বিহায়
ত্যক্ত্বা পয়োরুধিরমেব ন কিং জলৌকা॥

নিম্নলিখিত ছাত্রগণ এই বৎসর কলিকাতা মেডিকেল কলেজ হইতে রিলিমিনারী এল, এম, এস, পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন ;— অনুকূলচন্দ্র বাগচি ; জ্ঞানেন্দ্রনাথ বাগচি ; নরেন্দ্র-বসু ; সত্যশরণ চক্রবর্ত্তী, কিশোরীমোহন দাস ; চন্দ্রকুমার দত্ত ; হরিধন দত্ত ; যোগেশচন্দ্র দত্ত ; শরচ্চন্দ্র দত্ত ; শ্যামাচরণ দে ; খগেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় ; কেশব লাল গুপ্ত ; নগেন্দ্রনাথ লাহা ; নগেন্দ্রনাথ মিত্র ; জ্ঞানেন্দ্রনাথ মিত্র ; পশুপতি মিত্র ; প্রমথনাথ মুখোপাধ্যায় ; সীতানাথ মুখো ; জ্যোতিশ্চন্দ্র মুস্তৌফী ; ননিলাল প্রামাণিক ; বসন্তকুমার রায় ; ললিতমোহন রায় ; বঙ্কুবিহারী সামন্ত ; রমেশচন্দ্র সরকার ; অনঙ্গমোহন সেন ; কালীমোহন সেন ; শরচ্চন্দ্র সেন ; সত্যচরণ সেন গুপ্ত ; সুদামচন্দ্র শীল ; হীরালাল সিংহ ; অইডা-ষ্ট্রোষ্টেস্‌বেরি শরচ্চন্দ্র সুর।

প্রথম এল এম এস পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন— রাসবিহারী বক্সী ; শ্যামলাল বরাট ; সুরেন্দ্রনাথ ভট্টাচার্য্য ; সুশীলচন্দ্র ভট্টাচার্য্য ; শরচ্চন্দ্র বিশ্বাস ; গৌরাঙ্গপ্রসাদ চট্টোপাধ্যায় ; গোপালচন্দ্র চট্টোপাধ্যায় ; কৈলাসচন্দ্র দাস ; নারায়ণচন্দ্র দত্ত ; জয়গোপাল দে ; শ্যামাচরণ দে ; মহিমলাল দেব ; সত্যেন্দ্রনাথ ঘোষ ; চণ্ডীচরণ ঘোষাল ; বিপিনবিহারী গুপ্ত ; কেদারনাথ মজুমদার ; সতীশচন্দ্র মিত্র ; সত্যশরণ মিত্র ; যামিনীকান্ত মুখোপাধ্যায় ; জ্যোতিশ্চন্দ্র পাল ; রতনচন্দ্র পাল ; অধরচন্দ্র রায় ; নেপালচন্দ্র রায় ; বঙ্কিমচন্দ্র সান্যাল ; সারদাকান্ত সরকার ; সত্যেন্দ্রনাথ সেন ; সুরেন্দ্রনাথ সিংহ।

দ্বিতীয় এল, এম, এস, পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন—দেবেন্দ্রচন্দ্র আইচ ; অঘোরচন্দ্র ভাদুড়ি ; বৃন্দাবনচন্দ্র চৌধুরী ; বিশ্বেশ্বর দাস গুপ্ত ; গৌরচাঁদ দত্ত ; নৃত্যগোপাল দে ; সুরেন্দ্রনাথ গোস্বামী ; সাগরলাল পালিত ; বনমালী রায় ; বরদাকান্ত রায়।

নিম্ন লিখিতব্যক্তিগণ এই বৎসর প্লীডারসিপ ও মোক্তারী পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন—

সদানন্দ গোস্বামী রোল নং ২, কাশিরাম চৌধুরী ৬, রামধন মুখোপাধ্যায় ১২, চন্দ্রকান্ত রায় ১৩, অশ্বিনীকুমার দাস ১৫, জগদ্বন্ধু চক্রবর্ত্তী ১৭, গোপালচন্দ্র বসু ১৮, মথুরানাথ বসু ১৯, রামচরণ চট্টোপাধ্যায় ২৫, নিবারণচন্দ্র ঘোষ ২৭, মহম্মদ রসিরুদ্দীন ৩২, মজহর উদ্দীন চৌধুরী ৩৪, নবগোপাল মুখোপাধ্যায় ৩৮, সারদাপ্রসাদ চট্টরাজ ৪০, শিতিকণ্ঠ রায় ৪২, রামপ্রসন্ন মোহন্ত ৪৫, প্রভাসচন্দ্র চট্টোপাধ্যায় ৪৮, আশুতোষ হাজরা ৪৯, গোপালচন্দ্র ভট্টাচার্য্য ৫১, হৃষীকেশ বন্দ্যোপাধ্যায় ৫৪, অম্বুজাক্ষ চট্টোপাধ্যায় ৫৮, রাধারমণ বন্দ্যোপাধ্যায় ৬০, মিহির চন্দ্র সিংহ ৬২, মহম্মদ রেজা হোসেন ৬৩, দরবারিলাল সিংহ ৬৫, রাজারাম ৬৬, গোপাললাল ৭০, সফিগদ্দিন আহম্মদ ৭২, ইমতেয়াজুল হক ৭৩, জগন্নাথ প্রসাদ ৭৬, কাজি আবদুল মাজিদ ৭৮, মহম্মদ ইসাক ৭৯, রামপ্রসাদ ৮১, আটিক উদ্দীন ৮২, আটিউল্লা খাঁ ৮৩, তমিজুদ্দীন আহমদ ৮৪, বৈদ্যনাথ সহায় ৮৫, আবদুল হক ৮৮, আসরফ হোসেন ৯০, সেখ বদরুল হক ৯১, যোগেন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায় ৯৪, উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় ১০২, ভূপেন্দ্রনারায়ণ দাস ১০৫, উমেশচন্দ্র ভট্টাচার্য্য ১০৬, বিপিনবিহারী ঘোষ ১০৭, কামিনীমোহন দে ১১৪, প্রাণহরি রক্ষিত ১২০, প্রসন্নকুমার চৌধুরী ১২৫, প্রতাপচন্দ্র ধর ১৩০, রমেশচন্দ্র চন্দ ১৪০, নবীনচন্দ্র চৌধুরী ১৪২, শ্রীমন্তরাম সেন ১৪৩, চন্দ্রকান্ত গুপ্ত ১৪৫, নাগেশ্বর প্রসাদ ১৪৮, ধনুকধারী লাল ১৫২, মহাবীর প্রসাদ ১৫৩, রঘুবর দয়াল ১৫৯, হরেশ্বর রায় ১৬২, রামগোবিন্দ বক্সী ১৬৩, কেদারনাথ ঠাকুর ১৬৪, উদয়নারায়ণ দাস ১৬৬, সদানন্দ চন্দ ১৭৭, গৌরীচরণ দাস ১৭৪, উমাকান্ত গুহ ১৭৬, হরচন্দ্র নন্দী ১৭৮, সতীশচন্দ্র চৌধুরী ১৮০, রাসবিহারী মৈত্র, ১৯৭, অশ্বিনীকুমার মুখোপাধ্যায় ১৯৯, পূর্ণচন্দ্র চন্দ ২০১, ফজলদীন ২০৩, বসন্তকুমার গাঙ্গুলী ২০৭, সারদাচরণ মাসচটক ২১০, প্রতাপচন্দ্র কর্ম্মকার ২১৪, যজ্ঞেশ্বর রায় ২১৭, যোগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় ২২১, ভুবনেশ্বর ধর ২২২, বিনোদবিহারী বন্দ্যোপাধ্যায় ২২৩, বিপিনচন্দ্র দে ২২৪, পূর্ণচন্দ্র কুণ্ডু ২২৫, জয়চন্দ্র কুণ্ডু ২৩৭, হরলাল চক্রবর্ত্তী ২৩৮, হারমর্দ্দার ২৪৪, রামহরি কর্ম্মকার ২৪৫, তারিণী চরণ কর ২৪৭, দ্বারকানাথ সরকার ২৪৯, বঙ্কবিহারী রায় ২৫৩, প্রভাতচন্দ্র চক্রবর্ত্তী ২৫৪, কৃষ্ণনারায়ণ রায় ২৫৬, জমালুদ্দীন আহম্মদ ২৫৭ কৈলাসচন্দ্র ভট্টাচার্য্য ২৬৩, রামকানাই কর্ম্মকার ২৬৬, ভগবতীচরণ ভট্টাচার্য্য ২৬৮, মহেশচন্দ্র দাস ২৬৯, আবদুল কাদের মিঞা ২৭১, প্রিয়নাথ মৈত্র ২৭২, বিমলাচরণ ঘটক ২৭৫, হরনাথ মুখোপাধ্যায় ২৭৬, প্রসন্নকুমার দাস ভৌমিক ২৮৫ (এ), ভগবৎ সহায় ২৯০, মহাদেব লাল ২৯৪, অক্ষয়কুমার চক্রবর্ত্তী ৩০৩, রাখালদাস বন্দ্যোপাধ্যায় ৩০৪, মাখনলাল আচার্য্য ৩০৫, বিহারীলাল চক্রবর্ত্তী ৩০৯, প্রাণহরি চট্টোপাধ্যায় ৩১১, হরিশ্চন্দ্র নন্দী ৩১৯, রাধাচরণ মুখোপাধ্যায় ৩২০, আশুতোষ ঘোষ ৩২১, প্রসন্নচন্দ্র চট্টোপাধ্যায় ৩২৮, বেণীলাল দত্ত ৩২৯, আসানুল্লা সেখ ৩৩০, মোনেম মুনসী ৩৩৪, অবনীমোহন রায় ৩৩৭, প্রমথনাথ দত্ত ৩৩৮, বৃন্দাবনচন্দ্র মিশ্র ৩৪১, লালবিহারী বসু ৩৪৬, মদনমোহন চন্দ ৩৪৯, উমেশচন্দ্র দাঁ ৩৫৭, বরদাপ্রসাদ গোস্বামী ৩৬২, প্রবোধনাথ দাস ৩৬৩, প্রসন্নকুমার ডুবে ৩৭১, শীতলনাথ ঘোষ ৩৭৩, পূর্ণচন্দ্র চট্টোপাধ্যায় ৩৭৪, হরপ্রসন্ন বন্দ্যোপাধ্যায় ৩৭৭, মুনীন্দ্রনাথ চক্রবর্ত্তী ৩৭৮, আশুতোষ বসু ৩৮২, বিপ্রদাস মুখোপাধ্যায় ৩৮৪, কামিনীমোহন রায় ৩৯৪, রজনীকান্ত দাস ৩৯৯, রামচন্দ্র অধিকারী ৪০০, রমণীমোহন মজুমদার ৪০১, কৃষ্ণকুমার চক্রবর্ত্তী ৪০৫, কালীনারায়ণ সেন ৪০৬, গোবিন্দকিশোর বর্দ্ধন রায় ৪০৯, অধরচন্দ্র পাল ৪১৪, কমলকৃষ্ণ চক্রবর্ত্তী ৪১৫, শশিকুমার বিশ্বাস ৪১৭, প্রসন্নকুমার ঘোষ ৪১৯, কৈলাসচন্দ্র সেন ৪২০, মহেন্দ্রচন্দ্র গঙ্গোপাধ্যায় ৪২৪, গিরিশচন্দ্র চক্রবর্ত্তী ৪৩১, কামিনীকুমার দে ৪৩৫, আজিমুদ্দিন ৪৩৯, উজির

আলি ৪৪০, বক্তলার রহমান ৪৪২, হরচন্দ্র দত্ত ৪৪৬, উমাচরণ মুস্তফী ৪৫১, বিপিনবিহারী দত্ত ৪৫৬, গিরিশচন্দ্র গুহ ৪৬২, তারাপ্রসাদ চট্টোপাধ্যায় ৪৬৬, কামিনীকান্ত রায় ৪৬৭, রজনীকান্ত বিশ্বাস ৪৬৮, বঙ্কবিহারী বিশ্বাস ৪৬৯, লোহারাম গাঙ্গুলী ৪৭০, কালিদাস বন্দ্যোপাধ্যায় ৪৭৩, অনাথবন্ধু বন্দ্যোপাধ্যায় ৪৭৪, অভয়চরণ দাস ৪৭৮, বসন্তকুমার দত্ত ৪৭৯, শীতলপ্রসাদ ৪৮৪, মহম্মদ হায়ত ৪৮৫, আমিরুল হক ৪৮৭, জগদেব সিংহ ৪৮৯, আরিদ হোসেন ৪৯২, জঙ্গ বাহাদুর লাল ৪৯৩, আবদুল ওয়াহিদ ৪৯৮, আবরার হোসেন ৪৯৯, আলি হোসেন ৫০১, উদিতনারায়ণ সিংহ ৫০২, সৈয়দ ওয়াজিদ হোসেন ৫০৪, সিও গোপাল লাল ৫০৬, মহাবীর প্রসাদ সিংহ ৫০৯, দিও নারায়ণ ৫১০, সেখ রাজব আলি ৫১৩, আবদুর রহমন ৫১৫, মহম্মদ সৈয়দ ৫১৬, শিব সহায় লাল ৫১৮, মনোরঞ্জন চক্রবর্ত্তী ৫২০, মথুরানাথ বিশ্বাস ৫২২, হরকৃষ্ণ চক্রবর্ত্তী ৫২৫, উমেশচন্দ্র রায় ৫৩১, শশিভূষণ ভৌমিক ৫৩৩, হরচন্দ্র পাল ৫৩৫ ব্রজলাল সরকার ৫৩৬, হানিফুদ্দিন জিলাদার ৫৪০, লাটুবিহারী চট্টোপাধ্যায় ৫৫৮, বদি উদ্দীন প্রামাণিক ৫৬১, কালীকান্ত সরকার ৫৬২, ধারীশচন্দ্র সরকার ৫৬৬, সুরেন্দ্র নাথ বাগচী ৫৭১, চিন্তাহরণ সান্যাল ৫৭২, অবিনাশচন্দ্র বাগচী ৫৭৬, যোগেন্দ্রকুমার দত্ত ৫৮৩, মনিরুদ্দীন ৫৮৫, রাসবিহারী ঘোষ ৫৯১, প্রসন্নকুমার ভৌমিক ৫৯২, শশিমোহন কর্ম্মকার ৫৯৪, আবদুল রজক ৫৯৬, আবদুল গফুর ৫৯৮, আবদুল হামিদ ৫৯৯, গোপালপ্রসাদ বিহনেরীশ ৬০২, সারিয়াতুল্লা আহমেদ ৬০৮, শশিভূষণ বাগচী ৬০৯, বসি মামুদ সর্কা ৬১৪, বিপিনবিহারী সরকার ৬১৫, মথুরাপ্রসাদ ৭৬২, লীলাধর প্রসাদ ৬২৪, হরিহর প্রসাদ ৫২৮, বঙ্কবিহারী লাল ৬৩৬, রামচন্দ্র প্রসাদ ৬৩৭, বলদেব প্রসাদ ৬৩৮, বলভদ্র পাণ্ডে ৬৪১, বিন্দুবাসিনী লাল ৬৪২, হরিচরণ সিংহ ৬৪৪, শিবনারায়ণ লাল ৬৫৫, অভয়চরণ শর্ম্মা ৬৫৬, মহিমচন্দ্র চৌধুরী ৬৫৭, বিপিনচন্দ্র বোস ৬৫৮, রামকিশোর শর্ম্মা ৬৬০, নবকিশোর দেব ৬৬৩, মহম্মদ হাফেজ ৬৭১, মহম্মদ কামেল ৬৭৩, অধরচন্দ্র দে ৬৭৬, ললিতকুমার চক্রবর্ত্তী ৬৭৯, মদনমোহন বসু ৬৮২, কুঞ্জচন্দ্র ধর ৬৮৪, আবদুল গণি (মহম্মদ আলি চৌধুরীর পুত্র) ৬৮৭, আপসার উদ্দীন (আব্বাস আলি ভুইয়ার পুত্র) ৬৯৮, হরকিশোর চক্রবর্ত্তী ৬৯৯, রামকুমার দত্ত ৭০৫, কৈলাসচন্দ্র দাস ৭০৬, গোকুলচাঁদ দাস ৭০৭, কৃষ্ণবিহারী লাল ৭০৮, কৃষ্ণিণীকান্ত গুহ ৭১৬, গিরিবরগোপাল ৭১৭, হরপ্রসাদ সিংহ ৭২১, সেখ মহম্মদ গিয়াজুদ্দীন ৭২৩, জগদিও নারায়ণ ৭২৬, সেখ আমনার আলি ৭৩০, শরচ্চন্দ্র সেন ৭৩৫, অযোধিয়া প্রসাদ ৭৩৬, সেখ মনিরুদ্দীন ৭৩৭, রামপ্রকাশ লাল ৭৪২, মকরধ্বজ প্রসাদ ৭৪৭, শীতলপ্রসাদ ৭৫০, অক্ষয়কুমার ঘোষ ৭৫৬, ভারতচন্দ্র বসু ৭৭৭, অক্ষয়কুমার মুখোপাধ্যায় ৭৬০, পূর্ণচন্দ্র পাল ৭৬১, অখিলচন্দ্র নন্দী ৭৬২, নীরদবিহারী বসু ৭৬৩, বিনোদবিহারী বসু ৭৬৬, দুর্গাদাস গণ ৭৬৯, ফনিভূষণ ভট্টাচার্য্য ৭৭৫, পূর্ণচন্দ্র চট্টোপাধ্যায় ৭৭৬, দীনদয়াল বসু ৭৭৮, মজহর উল্লা ৭৮৫, পূর্ণচন্দ্র দাস ৭৯০, নারায়ণচন্দ্র ঘোষ ৭৯১, লুৎফর রহমন ৭৯৭, দেবেন্দ্রনাথ বিশ্বাস ৭৯৮, জগগোপাল দাস ৮০৩, মহম্মদ গাজী ৮০৫, যোগেন্দ্রনাথ বসু ৮০৭, হরকুমার সেন ৮১০, মহম্মদ রাজা করিম ৮১২ এবং মহম্মদ হায়ত ৮১৩।

রঙ্গপুর জেলার ১৮৯২-৯৩ সালের নিম্ন প্রাইমারী পরীক্ষায় নিম্নলিখিত ছাত্রগণ অনুগ্রহে ২য় শ্রেণীতে উত্তীর্ণ হইয়াছেন।

মাহীগঞ্জ সার্কেল।

ছাত্রের নাম।	স্কুলের নাম।	
নজিম উদ্দিন	মর্ণিয়া উ, প্রা,	
মছির উদ্দিন	তাজহাট নি, প্রা,	
জহর উদ্দিন মহম্মদ	২য় সিন্দুরনিয়া	ঐ
আবার উদ্দিন নসা	২য়	ঐ

বদরগঞ্জ সার্কেল।

কছিম উদ্দিন	বরাইবাড়ীকুঠী উঃ প্রাঃ	
নবীনচন্দ্র দাস	জানপুর	ঐ
ইমান উদ্দিন	খাপরিখাল	ঐ
হেমায়ত উল্লা	হরিদেবপুর নি, প্রা,	
সনাতন দাস	কোবারু	ঐ
জহর উদ্দিন	মান্দ্রাইল	ঐ
ধর্ম্মনারায়ণ চক্রবর্ত্তী	পাতলার ডোবা	ঐ
তারাপ্রসাদ দাস		ঐ

মিঠাপুকুর সার্কেল।

নছর উদ্দিন সরকার	মহাদীপুর নি, প্রা,

কুড়িগ্রাম সার্কেল।

হবিব উল্লা	পশ্চিম রায়কানা উ, প্রা,

উলিপুর সার্কেল।

মহেন উদ্দিন সেখ	বাগুয়া উ, প্রা,
জমির উদ্দিন সরকার	প্রাইভেট

গাইবান্ধা সার্কেল।

কালিচরণ বৈরাগী	শঙ্খপুর উঃ প্রাঃ
মহিমচন্দ্র বৈরাগী	ওমানীগঞ্জ নি, প্রা,
রহিমবক্স আকন্দ	হলদিয়া ঐ
উদিতচন্দ্র সিংহ	খানসিংহপুর ঐ
কিছু মহম্মদ সরকার	গোপালপুর মাদ্রাসা

ডিমলা সার্কেল।

ফরেজ উদ্দিন	ভোগডাব্বী উঃ প্রা,
রজনীকান্ত দাস	বোতলগঞ্জ নি, প্রা,
গোরাচাঁদ দাস	পাওতারা টেপা ঐ

নিম্নলিখিত ছাত্রগণ নিম্ন-প্রাইমারী বৃত্তি পাইয়াছে।

মাহীগঞ্জ সার্কেল।

নিরাশুচন্দ্র দাস	ময়নাডুবী নি, প্রা,
শ্রীমতা জ্ঞানদাসুন্দরী নিয়োগী	কাকিনাবালিকা
হাফেজ উদ্দিন নসা	২য় সিন্দুরনা

বদরগঞ্জ সার্কেল।

শ্রীমতী শশাঙ্কপ্রভাদেবী	রঙ্গপুর বালিকা
মফিজ উদ্দিন প্রামাণিক	২য় রাধানগর

মিঠাপুকুর সার্কেল।

হাফেজ উদ্দিন মিঞা	হরিপুর
রিয়াজ উল্লা	মহাদীপুর
বসায়ত উল্লা সরকার	শিবপুর

কুড়িগ্রাম সার্কেল।

কৃষ্ণহরি দাস	বেলগাছী
রজনীকান্ত চক্রবর্ত্তী	কাটালবাড়ী
কালীকান্ত দাস	ডোগডাঙ্গা
আমীর উদ্দিন	চণ্ডীকুবা

উলিপুর সার্কেল।

নইম উদ্দিন আকন্দ	ময়ারহাট
কিতাব উদ্দিন মহম্মদ	গোকুন্দা
আজামত উল্লা মিঞা	বড়বাড়ী ষ্টেশন পাঠশালা
গঙ্গাপ্রসাদ দাস	মুন্সীর বাজী

সরদী মণ্ডল বাক্তরিয়া
জয়গোবিন্দ দাস বড়নিয়া

গাইবাধা সার্কেল।

দোলগোবিন্দ দাস রায়দাসপাড়া
কিয়ামত উল্লা সরকার দৌলতপুর
রাজেন্দ্র বেপারী উজান বরাইল

নীলফামারী সার্কেল।

মজব উদ্দিন সরকার বেলতলী
করিম উল্লা গাড়াগ্রাম

ডিমলা সার্কেল।

শ্রীমতী হমিরণ নেছা জবানীগ্রাম
নীল মাহমুদ ২য় বালাপাড়া

শ্রীআদিনাথ মিত্র
স্কুলসমূহের ডেপুটী ইন্সপেক্টর
রঙ্গপুর।

বিশেষ দ্রষ্টব্য।

বিগত ৭ই এপ্রেলের এডুকেশন গেজেটের ৯ম পৃষ্ঠায় সাতক্ষীরায় যে তিন জন পণ্ডিত ও এক জন জমিদারীর ম্যানেজারের পদ খালি আছে বলিয়া বিজ্ঞাপন দেওয়া হইয়াছিল তাহা মিথ্যা। জমিদার বাবু গিরিজানাথ রায় চৌধুরী মহাশয় বিজ্ঞাপনটির প্রতিবাদ করিয়া আমাদিগকে পত্র লিখিয়াছেন।

ছাত্রখালি।

বরিশাল কলসকাটী এণ্ট্রেন্স স্কুলের প্রথম ও ২য় শ্রেণীর জন্য কয়েকটি ছাত্রের প্রয়োজন। বেতন খোরাকী প্রভৃতি কিছুই লাগিবে না। ১৫ই এপ্রেল মধ্যে স্কুলের হেড মাষ্টার মহাশয়ের নিকট আবেদন করুন।

কর্ম্মখালি।

দিনাজপুর টাউনের উপরে থাকিয়া একটী বালককে প্রাইভেট পড়াইতে হইবে এবং রক্ষক স্বরূপ থাকিতে হইবে। মাসিক বেতন ১৫৲ টাকা। বাসা ভাড়া এবং খোরাকী লাগিবে না। বয়স উল্লেখ করতঃ—হরিপুর ইষ্টেটের ম্যানেজার শ্রীঅটল-বিহারী মল্লিকের নিকট আবেদন করুন, জীবনপুর পোষ্ট জেলা দিনাজপুর।

---

২৪ পরগণা বসিরহাট পোষ্ট, বাজিৎপুর স্কুলের জন্য একজন এণ্ট্রেন্স পাস মাষ্টার ও একজন ছাত্রবৃত্তি পাস পণ্ডিতের প্রয়োজন। মাসিক বেতন যথাক্রমে ৮৲ ও ৫৲ টাকা। বাসাখরচাদি লাগিবে না। সম্পাদক শ্রীকালিদাস গঙ্গোপাধ্যায়ের নিকট আবেদন করিবেন।

মহাজনী লেখাপড়া জানা জনৈক মোহররের আবশ্যক। মাসিক বেতন ১৫৲ টাকা। আহার সরকার হইতে পাইবেন। নগদ জামিন ৩ শত টাকা। শ্রীকৃষ্ণলাল ভট্টাচার্য্য, গোলোকচন্দ্র ভট্টাচার্য্যের বাটী, জয়রামপুর পোঃ, জেলা নদীয়া।

জেলা বাকুড়া, সোমসার (ভাষা পত্রসাহের) ম ইং স্কুলের জন্য একজন নর্ম্যাল ত্রৈবার্ষিক হেড পণ্ডিত আবশ্যক। মনোনীত হইলে বেতন ধার্য্য করা যাইবে। চৌধুরী মহম্মদ আজি জল হকের নিকট আবেদন করুন।

জেলা যশোহর পোষ্ট নোনা থাসিয়াল ম, বা, স্কুলে কিছুদিনের জন্য ১৮৲ টাকা বেতনে জনৈক নর্ম্যাল ত্রৈবার্ষিক করিন্থ হেড পণ্ডিতের প্রয়োজন। সম্পাদক শ্রীগোবিন্দচন্দ্র বিশ্বাসের নিকট আবেদন করুন।

জেলা মুরসিদাবাদ পোষ্ট জলঙ্গী, জলঙ্গী ম, বা, স্কুলের জন্য গণিত ও সাহিত্যে ব্যুৎপন্ন জনৈক নর্ম্যাল ত্রৈবার্ষিক পণ্ডিতের আবশ্যক, বেতন মাসিক ১৫৲ টাকা। জাতি ও বয়স উল্লেখ করিয়া সম্পাদক শ্রীবন্ধুবিহারী বিশ্বাসের নিকট আবেদন করুন।

Wanted a graduate strong in Mathematics for the Patriotic Institution. Calcutta. Salary Rs 30 per mensem. Apply to Babu Nagendra Nath Bhaduri, Proprietor, Patriotic Institution, 147 Manicktola Street, Calcutta.

Wanted an F A Brahmin or Kyasta Head Master for the Kholabaty M E School Dt. Ronpur Gaibandha Po. on salary Rs 18 per month, rising to Rs 20 Boarding and lodging free. Apply to Kshira Dhara Das Chowdhury.

পূর্ব্ব-বঙ্গ চক্রের "সার্কেল" স্কুলসমূহের ১৮৯২-৯৩ সনের পাঠ্য।

মধ্য-বাঙ্গালার প্রথম শ্রেণী।

শ্রীযুক্ত ডিরেক্টর সাহেব মহোদয়ের প্রকাশিত ১৮৯৩-৯৪ সনের মধ্যবৃত্তি পরীক্ষার পাঠ্য।

দ্বিতীয় শ্রেণী।

শ্রীযুক্ত ডিরেক্টর সাহেব মহোদয় ১৮৯৪ ৯৫ সনের জন্য মধ্যবৃত্তি পরীক্ষার পাঠ্য নির্দ্দেশ করিবেন তাহার অর্দ্ধাংশ।

তৃতীয় শ্রেণী।

এই আফিসের প্রকাশিত ১৮৯২-৯৩ সনের উচ্চ প্রাইমারী বৃত্তি পরীক্ষার পাঠ্য।

চতুর্থ শ্রেণী।

বাঙ্গালা গদ্য—সাহিত্যপাঠ, মনোমোহন রায় কৃত; অথবা ছাত্র শিক্ষা শশিভূষণ সেন কৃত।

বাঙ্গালা পদ্য—কবিতা কৌমুদী প্রথম ভাগ, রাজকৃষ্ণ রায় কৃত; অথবা পদ্যসার আনন্দচন্দ্র মিত্র কৃত।

ব্যাকরণ—প্রসন্নচন্দ্র বিদ্যারত্ন কৃত "শিশু প্রবেশ ব্যাকরণ," অথবা সূর্য্যকুমার রায় কৃত "সরল ব্যাকরণ," অথবা মতিলাল চক্রবর্ত্তীকৃত "বালক বোধ ব্যাকরণ," অথবা "ব্যাকরণ মঞ্জরী" কালীকুমার দাস কৃত। ইহাদের মধ্যে যে কোন পুস্তকের প্রথমার্দ্ধ।

রচনা—তৃতীয় শ্রেণীর অনুরূপ।

হস্তাক্ষর এবং বর্ণবিন্যাস—আদর্শলিপি ও শ্রুতলিপির বিশেষরূপ অভ্যাস।

পাটীগণিত—তৃতীয় শ্রেণীর নির্দ্দিষ্ট বিষয়ের কতক অংশ এবং নিম্ন শ্রেণীতে পঠিত সমুদায় বিষয়ের পুনরালোচনা। সাংহতিক নিয়মে দরকষা ও মাসমাহিয়ানা ইত্যাদি। ব্রজেন্দ্রকুমার গুহ কৃত পাটীগণিত, অথবা প্রসন্নকুমার বটব্যাল কৃত শিশু পাটীগণিত হইতে।

ভূগোল—শশিভূষণ চট্টোপাধ্যায় প্রণীত ভূগোল পরিচয় অবলম্বন করিয়া মানচিত্র দেখাইয়া সাধারণ সংজ্ঞা ও চারিখণ্ডের স্থূল স্থূল বিষয়গুলি শিক্ষা দিতে হইবে।

মানসিক গণনা—মানসিক গণনা, দীননাথ সেন কৃত। মুখে মুখে সামান্য সংখ্যার যোগ, বিয়োগ, গুণন ও ভাগ এবং তৎসম্বন্ধীয় বিবিধ প্রশ্ন।

পঞ্চম শ্রেণী।

প্রথম শাখা।

বাঙ্গলা গদ্য—বোধোদয় ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কৃত।

বাঙ্গলা পদ্য—"কবিতা কলাপ" প্রথম ভাগ, অক্রূরচন্দ্র সেন কৃত। অথবা "কোমল কবিতা" কালীপ্রসন্ন ঘোষ কৃত। অথবা "পদ্যমালা প্রথম ভাগ," মনোমোহন বসু কৃত।

রচনা—সাধারণ বিষয়ের পত্রাদি পাঠ ও সহজ সহজ বিষয়ে পত্র লিখিবার অভ্যাস।

ব্যাকরণ—চতুর্থ শ্রেণীর জন্য নির্ব্বাচিত কোন পুস্তক হইতে সহজ সহজ সাধারণ বিষয় শিক্ষা দিতে হইবে।

শ্রুতলিপি ও আদর্শলিপি—উভয় বিষয়ের বিশেষ অভ্যাস।

শুভঙ্করী—শুভঙ্করের নিয়ম অনুসারে দরকষা মাসমাহিয়ানা ও সুদকষা। বিদ্যা কালী ও কাণি বা পাখিকালী—হরকুমার বসু কৃত "পাঠশালা গণিত" হইতে। পাটীগণিত—সংখ্যা লিখন, অমিশ্র চারি নিয়ম, সর্ব্বদা ব্যবহার্য্য আর্য্যা (টেবল) লঘুকরণ, ও মিশ্র চারি নিয়ম। বর্গমূল।

মানসিক গণনা—"মানসিক গণনা" দীননাথ সেন কৃত। দ্বিতীয় শাখার পঠিত বিষয়ের পুনরালোচনা এবং মুখে মুখে সামান্য সংখ্যার গুণন ও তৎসম্বন্ধীয় বিবিধ প্রশ্ন।

পরিমিতি—ত্রিভুজ, চতুর্ভুজ ও বৃত্তক্ষেত্রের ফল স্থির করিবার নিয়ম শিক্ষা।

জমিদারী ও মহাজনী—জমিদারী সংক্রান্ত সর্ব্বদা ব্যবহৃত শব্দের অর্থ, এবং পাট্টা, কবুলিয়ত রসিদ, তমঃসুক ও চুক্তি পত্রের পাঠ।

স্বাস্থ্যবিজ্ঞান—"স্বাস্থ্যরক্ষা প্রবেশিকা," রাধিকাপ্রসন্ন মুখোপাধ্যায় কৃত।

পঞ্চম শ্রেণী।

২য় শাখা।

বাঙ্গলা গদ্য—হিতোপদেশ, ঈশানচন্দ্র ঘোষ কৃত, অথবা শিক্ষাসোপান অক্রূরচন্দ্র সেন কৃত, অথবা শিশুশিক্ষা তৃতীয় ভাগ মদনমোহন তর্কালঙ্কার কৃত।

শ্রুতলিপি—পাঠ্যপুস্তকের পঠিত অংশ হইতে শ্রুতলিপির অভ্যাস।

আদর্শলিপি—উৎকৃষ্ট ছন্দের লেখা দেখিয়া কাগজে আদর্শলিপির অভ্যাস।

শুভঙ্করী—শুভঙ্করের নিয়ম অনুসারে দরকষা, মাসমাহিয়ানা ও সুদকষা (সহজ সহজ প্রশ্ন)।

মানসিক গণনা—সংখ্যা পরিচয়, প্রাথমিক অভ্যাস, যোগ ও বিয়োগের নিয়ম।

পাটীগণিত—সংখ্যা লিখন ও পঠন-কোটী পর্য্যন্ত। অমিশ্র চারি নিয়ম। (সহজ সহজ প্রশ্ন।)

ষষ্ঠ শ্রেণী।

১ শাখা।

বাঙ্গলা গদ্য—শিশুশিক্ষা দ্বিতীয় ভাগ, মদন মোহন তর্কালঙ্কার কৃত; অথবা বর্ণপরিচয় দ্বিতীয় ভাগ, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর কৃত; অথবা বালা-শিক্ষা রামসুন্দর বসাক কৃত।

আদর্শলিপি—পাঠ্য পুস্তকের পঠিত অংশ দেখিয়া আদর্শলিপির অভ্যাস।

পাটীগণিত—সংখ্যা লিখন ও পঠন ১০০ শত পর্য্যন্ত।

ষষ্ঠ শ্রেণী।

২ শাখা।

বর্ণজ্ঞান—বর্ণপরিচয় প্রথম ভাগ, ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর প্রণীত; অথবা শিশুশিক্ষা প্রথম ভাগ মদনমোহন তর্কালঙ্কার প্রণীত।

হস্তলিপি—দেশীয় নিয়মানুসারে তালপত্র ইত্যাদির উপর লিখন।

পূর্ব্ব-বঙ্গ সার্কেলের উচ্চ-প্রাইমারী পরীক্ষার পাঠ্য।

১৮৯২-৯৩।

বাঙ্গলা গদ্য—আর্য্যপাঠ, বীরেশ্বর পাঁড়ে কৃত অথবা নীতিসন্দর্ভ, চন্দ্রোদয় বিদ্যাবিনোদ কৃত। (১)

বাঙ্গলা পদ্য—পদ্যলহরী, তারাপ্রসন্ন রায় কর্ত্তৃক প্রকাশিত।

বাঙ্গলা ব্যাকরণ—সন্ধি, শব্দবিধান, ধাতুবিধান, পদ, পদরূপ, লিঙ্গ, কারক সাধন পদ-নির্ব্বাচন (পার্জ্জিং)।

রচনা—সহজ সহজ বিষয়ে রচনা দেশীয় প্রচলিত পাঠ সহলিত পত্র লিখিবার অভ্যাস। প্রসন্নচন্দ্র বিদ্যারত্ন কৃত "পত্র লিখিবার পাঠ" হইতে।

পাটীগণিত—সামান্য ও দশমিক ভগ্নাংশ, ভগ্নাংশ সম্বন্ধীয় বিবিধ প্রশ্নের সমাধান, ত্রৈরাশিক ও বর্গমূল। এবং নিম্ন শ্রেণীতে পঠিত সাঙ্কেতিক নিয়মে দরকষা, মাসমাহিয়ানা ইত্যাদি। ব্রজেন্দ্রকুমার গুহ অথবা প্রমথকুমার সর্ব্বাধিকারী অথবা দ্বারকা নাথ গাঙ্গুলী কৃত পাটীগণিত হইতে।

শুভঙ্করী—দরকষা, মাসমাহিয়ানা, সুদকষা ও কালী জমী, তারিণীচরণ বসু চৌধুরী কৃত শুভঙ্করী আর্য্যা অথবা পঞ্চানন ঘোষ কৃত শুভঙ্করী হইতে।

বঙ্গদেশের ইতিহাস—বাঙ্গলার ইতিহাস রাজকৃষ্ণ মুখোপাধ্যায় কৃত।

বঙ্গদেশের বিবরণ—বঙ্গদেশ ও আসামের সংক্ষিপ্ত বিবরণ, গিরিশচন্দ্র সেন কর্ত্তৃক প্রকাশিত। এই পুস্তকের অন্তর্গত প্রথমভাগ সমগ্র, ও দ্বিতীয় ভাগের অন্তর্গত ঢাকা ও চট্টগ্রাম বিভাগের বিবরণ, এবং মানচিত্র অঙ্কন।

ক্ষেত্রতত্ত্ব—ইউক্লিডের ২য় প্রতিজ্ঞা পর্য্যন্ত—সহজ সহজ অতিরিক্ত সহ।

পরিমিতি—রেখা ও সমতল ক্ষেত্র সম্বন্ধীয়। রামসুন্দর বসাক কৃত "পরিমিতি প্রবেশ" অথবা নৃসিংহ মুখোপাধ্যায় কৃত "সহজ পরিমিতি" হইতে।

স্বাস্থ্য বিজ্ঞান—"স্বাস্থ্য শিক্ষা" ভারতচন্দ্র বন্দ্যোপাধ্যায় কৃত এবং স্বাস্থ্যের উপায় গবর্ণমেণ্ট প্রকাশিত।

বিজ্ঞান—(ক) "পদার্থবিদ্যা প্রবেশ," রজনীকান্ত গুপ্ত কৃত; অথবা "সরল বিজ্ঞান" শরচ্চন্দ্র মুখোপাধ্যায় কৃত। (১)

অথবা (খ) "কৃষি-সোপান," গিরিশচন্দ্র বসু কৃত, অথবা "কৃষি-শিক্ষা," কালীবর বটিক কৃত।

শ্রীযুক্ত মনাথ সেন,
পূর্ব্ববঙ্গসার্কেলের স্কুলসমূহের
অফিসিয়েটিং ইন্‌স্পেক্টর।

(১) এই দুই পুস্তক হইতে দুই রাশ্ত প্রশ্ন দেওয়া যাইবে। যে বিদ্যালয়ে যে পুস্তক পঠিত হইবে, সেই বিদ্যালয়ের ছাত্রগণ সেই পুস্তকের প্রশ্নের উত্তর প্রদান করিবে।

বিজ্ঞাপন।

বিশেষ দ্রষ্টব্য।

বাচস্পত্য অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২৩৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
বুধোদয় প্রেস।
হুগলী।

নূতন পুস্তক।

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত

পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষক গণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৷৷০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।৵০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীক্ষমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।৵০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ৵০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৪৪ নং

মেহরোগের মহৌষধ।

স্বর্ণের মাদুলী করিয়া ধারণ করিলে স্ত্রী পুরুষের নূতন পুরাতন মেহ আরোগ্য হয়। মূল্য ৷৷৵০। ছাপানী কাশীর ঔষধ মূল্য ১৷৷৵০। এক দিবস সেবন করিতে হয়। বাধকবেদনার ঔষধ মূল্য ২৲।

ভি, পি, পার্শেলে ঔষধ পাঠান যায়।

শ্রীমতী বিধুমণি দাসী।
চুঁচুড়া, প্রতাপপুর।

৩৯৩নং

দায়ভাগ।

শ্রীযুক্ত ব্রজমোহন তর্কালঙ্কার সঙ্কলিত। মূল্য ।৵০ ডাঃ মাঃ ১০ আনা। ইহাতে স্ত্রীধন পত্র সহ পুরুষ ধনের উত্তরাধিকার ক্রমে, স্ত্রীধনের উত্তরাধিকার ক্রমে ও অন্যান্য বিষয় বিশদরূপে লিখিত হইয়াছে। পুস্তকখানি উকীল ও মোক্তারদিগের বিশেষ প্রয়োজনীয়। কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃতযন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
৩৯৫নং ম্যানেজার।

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸০ বার আনা, ডাঃ মাঃ ⁄০ এক আনা। এখানি ১৮৯৪ অব্দের মাইনর পরীক্ষায় ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহাতে বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গদ্য হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ⁄০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
সংস্কৃত প্রেসডিপজিটরি।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

পাটীগণিত।

নূতন সংস্করণ।

শ্রীপ্রসন্নকুমার সর্ব্বাধিকারী প্রণীত।

সুপ্রসিদ্ধ গণিতশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম, এ, মহাশয়ের দ্বারা সমাক্‌রূপে সংশোধিত পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত। ইহাতে সুকৌশল সম্পন্ন প্রশ্নাবলী সন্নিবেশিত এবং উহাদের ভূরি পরিমাণে সমাধান করা হইয়াছে। ৫৭৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। উত্তম কাপড়ে বাঁধা, মূল্য ১৷৵০। বলা বাহুল্য ইহা চিরকাল সর্ব্বাদৃত, অধুনা আরও অধিক পরিমাণে স্কুলাদিতে পাঠ্যরূপে নিয়োজিত হইতেছে এবং বঙ্গবাসী প্রভৃতি সংবাদ পত্র ভূয়সী প্রশংসা করিতেছেন। নিম্নলিখিত এবং অন্যান্য স্থানে পাওয়া যায়।

বি, ব্যানার্জ্জি এণ্ড কোং।
২৫নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, ৫৬নং কলেজ ষ্ট্রীট, ৫১নং পুরাতন চীনেবাজার, কলিকাতা। ৫৫নং পটুয়াটুলি ঢাকা।

৩৮৮নং

শ্রীমদ্ভগবদ্ গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ⁄০।

ঐ বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ।⁄০ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা মূল্য ।⁄০ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা উৎকৃষ্টরূপ বাঁধা মূল্য ৷৷০ আট আনা, ডাঃ মাঃ ⁄১০।

কবির (জীবন্মুক্ত মহাত্মা কবির সাহেবের ৫৫৩টী দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা-সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ ⁄১০।

কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০।১ নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

গিরিশ লাইব্রেরী।

এখানে ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল, এ; বি, এ ক্লাসের সর্ব্বপ্রকার পাঠ্যপুস্তক ও অর্থ পুস্তকাদি এবং নাটক, নভেল প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়। ভিঃ পিঃ ডাকেও পুস্তক পাঠাই। ২১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৮৪নং

সাহিত্য ডিপজিটারী।

২২নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল এ, বি এ, এম এ, ডাক্তারী, মোক্তারী, বি এল প্রভৃতির সর্ব্ববিধ পাঠ্য ও অর্থ পুস্তক, সুলভ মূল্যে আমাদের দোকানে পাওয়া যায়। সর্ব্বপ্রকার ইংরাজী বাঙ্গালা নাটক, নভেল প্রভৃতি সর্ব্বদা আমাদের নিকট মজুত থাকে। মফস্বলে ভ্যালুপেবেলেও পাঠাইয়া থাকি।

পাইকারী খরিদারদিগকে যথেষ্ট কমিসন দিয়া থাকি। পত্র লিখিলে সবিশেষ জানিতে পারিবেন।

শ্রীযতীশচন্দ্র সমাজপতি।

৩৮৭নং

মহাকাব্য আর্য্যনারী গাঁথা।

১৭টী হিন্দু বীরনারীর চরিত্র বিষয়ক।

মূল্য সডাক ১৲ ভি পিতে অতিরিক্ত ৵০।

রাজপুতানা জয়পুর মহারাজার কলেজ শ্রীযুক্ত মেঘনাথ ভট্টাচার্য্যের নিকট প্রাপ্তব্য।

১৮৮৬ সালের জুলাই মাসের কলিকাতা রিভিউএ চন্দ্রনাথ বাবুর লিখিত সমালোচনার কিয়দংশ দেখ—

"It is more winning than the verse of Hem Chandra or Nabin Chandra, because it is composed in the plain and homely metre of Kirtibas and Kashi Das. We have indeed enjoyed the pleasure of reading a book written in the style and spirit of a genuine Bengali and for this we have to heartily thank Babu Megh Nath Bhattacharyya. * * * We heartily recommend it to our readers for perusal, as the highest and most precious of all kinds of poetry—the poetry of life and the poetry of action."

৩৯৯নং

প্রসিদ্ধ ধাত্রী-শিক্ষাদি গ্রন্থের প্রণেতা ডাক্তার শ্রীযদুনাথ মুখোপাধ্যায় প্রণীত।

১। বাঙালির মেয়ের নীতি-শিক্ষা।

(পুত্রীর প্রতি পিতার উপদেশ) দাম ১৲ টাকা। ডাকমাশুল ৵০ আনা।

"বাঙ্গালীর মেয়ের নীতি শিক্ষা" যেরূপ প্রয়োজনীয়, ইহা তাহাই হইয়াছে। বলিতে কি, এ খানিকে বাঙ্গালীর মেয়ের জন্য বাঙ্গলা বেদ বলাও যাইতে পারে।"

শ্রীসত্যব্রত সামশ্রমী।

(বেদের অনুবাদক ও সমালোচক।)

"আমরা এই পুস্তক খানি বঙ্গরমণী মাত্রকেই মনোযোগ সহকারে পাঠ করিতে পরামর্শ প্রদান করিতেছি।"

সহচর। ৬ই অগ্রহায়ণ ১২৯৭।

যদি রমণীদিগকে পুস্তক পড়ানই হয়, তবে এই রকম বই পড়ানই উচিত।"

সমালোচক ১ম সংখ্যা, বৈশাখ ১২৯৬।

"বাঙ্গালির মেয়ের নীতি-শিক্ষা" আমাদের অমূল্য রত্ন। প্রণতা—শ্রীমানকুমারী দাসী। ("প্রিয় প্রসঙ্গ" প্রভৃতি গ্রন্থের রচয়িত্রী) সাগরদাঁড়ী।

২। সরল ভৈষজ্য-প্রকাশ। (সহজ মেটিরিয়া মেডিকা) দ্বিতীয় ভাগ—গৃহস্থ আর পাড়াগাঁয়ের ডাক্তারদের জন্যে। দাম ১৲ টাকা, ডাকমাশুল ৵১০।

৩। পল্লিগ্রাম। দাম ।০, ডাকমাশুল ৵১০।

পল্লিগ্রাম পড়িয়া বঙ্গবাসী কি বলিয়াছেন দেখুন:—

"মুখোপাধ্যায় মহাশয় হৃদয়বান্ পুরুষ। দেশের জন্য তাঁহার প্রাণ পুড়ে, দেশের লোকের দ্বারা দেশের সর্ব্বনাশ হইতেছে, ইহা দেখিয়া, তিনি স্থির থাকিতে পারেন না; তাই তিনি এই "পল্লিগ্রাম" লিখিয়াছেন। 'পল্লিগ্রামে' স্বদেশ-হিতৈষীর অনেক প্রাণের কথা আছে; মনের আক্ষেপ আছে; ইংরেজী শিক্ষিত বিকৃতমস্তিষ্ক বাবুর ব্যবহারের উল্লেখ করিয়া, মর্ম্মান্তিক কথা আছে। বাঙ্গালায় যিনি পড়িতে জানেন এবং পড়িয়া দেশের অবস্থা ভাবিতে পারেন, আমরা আশা করি, তিনিই 'পল্লিগ্রাম' পড়িবেন এবং পড়িয়া অধম আমাদের জন্মভূমি বঙ্গদেশের জন্য দুই ফোটা চক্ষের জল ফেলিবেন!"

পল্লিগ্রামের স্বাস্থ্যোন্নতির জন্য, বোধ করি, যদু বাবুর ন্যায় এদেশের আর কোন লোক এত মস্তিষ্ক চালনা করেন নাই। যদু বাবু এক জন বঙ্গের প্রকৃত হৃদয়বান ব্যক্তি। তাঁহার শরীর পালন, তাঁহার ধাত্রী শিক্ষা এ দেশের পল্লিতে পল্লিতে যুগান্তর উপস্থিত করিয়াছে; এই পল্লি-গ্রামের আরও যুগান্তর উপস্থিত করিবে। ইহাতে অনেক কাজের কথা প্রকৃত হৃদয়ের ভাষাতে লিপি-বদ্ধ হইয়াছে। নব্যভারত ১০ম খণ্ড, ১১শ সংখ্যা, ফাল্গুন, ১২৯৯।

বঙ্গবাসী, ১২ই অগ্রহায়ণ ১২৯৯।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

ম্যানেজার, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়।

১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

৩৯২ নং

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু কর্ত্তৃক সংকলিত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য ৵০ আনা

ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "

ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব ।০ "

সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তালি-কায় পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।

১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট—কলিকাতা।

রিপণ-ডিপজিটারী।

৫২ নং দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য ও নাটক নভেল অতি সুবিধায় সরবরাহ করা হয়। কমি-শনের হার উচ্চ। ভি, পিঃ, ডাকে পুস্তক পাঠাই। প্রেরণ ব্যয় ৵০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়।

শ্রীশশিভূষণ সাহা

ম্যানেজার।

৩৮০ নং

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৬ বৎসর উহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-যশের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে উহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে নিরাময়ে পার পাইয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার দোষেই রোগাক্রান্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সম-ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনা ব্যয়ে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৷৷০ টাকা, প্যাকিং ।০ আনা

২ শিশি একত্রে লইলে খরচা ৷৶০ আনা স্বতন্ত্র হয়।

শ্রীকালীদাস সরকার।

গবর্ণমেণ্ট পেন্সনার—লক্ষ্ণৌ।

৩৭৩নং

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বলবীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রি-জাগরণ, অতিরিক্ত পান-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা হাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত!

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-ক্ষোলা-কাসিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দীর্ঘকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকায় সে জ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে, ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্পদিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধে অতি সামান্য রোগও আরাম হয়। বিধাতার বিচিত্রবিধানবুঝাভার।

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন। প্লীহা জ্বর-বরফে ডুবিয়া ডুবিয়া রোগীর অস্থিচর্ম্মসার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয়স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগীকে এই এক ৩নং বড় বোতল বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

	বটিকার সংখ্যা,	মূল্য,	ডাঃমাঃ,	প্যাকিং
১নং কৌটা	১৮	৷৷৶০	।০	৶০
২নং কৌটা	৩৬	১৶০	।০	৶০
৩নং কৌটা	৫৪	১৷৷৶০	।০	৶০

ভ্যালুপেবলে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।

১২ নং মৃজাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা।

৩৭৪নং

পাঁড়ে ব্রাদার্স।

পুস্তক ও দেশী বস্ত্র বিক্রেতা।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্ কলিকাতা।

এখানে ইংরাজি বাঙ্গালা সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য সর্ব্ব প্রকার পুস্তক, তৎসমস্তের নানা প্রকার কি, নোট, অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি সর্ব্ব প্রকার পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে। বিলাতি পুস্তক বিলাত হইতে আনা হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা ১৸০ মূল্য ধোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও বাবহারীর জন্য চলিবে ও ২৷৷০, ৩ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ নয়নসুখ, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকটও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য ।৵০ বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ ৵০
৩২ খানি উৎকৃষ্ট চিত্রসহ

নীতি কথামালা	।০	মানবতত্ত্ব	৸১০
আর্য্যচরিত	।০	ধর্ম্মবিজ্ঞান	১৲
আর্য্যশিক্ষা	৷৷৵০	অদ্ভুত স্বপ্ন বা	
বাঙ্গলা ব্যাকরণ	৷৷৵০	স্ত্রী পুরুষের দ্বন্দ্ব	৷৷০
শিশু বিজ্ঞান	৵০	বিজ্ঞানসার	১৲
বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ	৵০	বীণাবতী (অপুস্তব)	৷৷০

৫৪৫ নং শ্রীমনোমোহন পাঁড়ে

এই পত্র হুগলি মুদ্রাযন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

এডুকেশন গেজেট

সাপ্তাহিক

নূতন সংখ্যা ২৫শ খণ্ড ২য় সংখ্যা।

৯ই বৈশাখ শুক্রবার ১৩০০ সাল। ইং ২১শে এপ্রিল ১৮৯৩ খৃঃঅব্দ।

বার্ত্তাবহ।

অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা।

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম)	৫	ষাণ্মাসিক	৩
ত্রৈমাসিক	২	প্রত্যেক সংখ্যার	।৹

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৵৹ ৩য় বার /১৹ চতুর্থ বা ততোধিক বার /৹১ জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৵৹।

কর্ম্মখালির বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে প্রকাশিত হয়।

তিন মাসের অধিক বিজ্ঞাপন প্রকাশ করিলে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

যাঁহারা এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য নগদ টাকায় দিবেন, তাঁহারা তাঁহাদের নিকটবর্ত্তী এজেণ্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণিঅর্ডার কূপনে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

এডুকেশন গেজেটে বিজ্ঞাপন প্রকাশের সুবিধার জন্য ১৫নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটরিতে একটী এজেন্সি খোলা হইয়াছে। তথায় বিজ্ঞাপন ও তৎপ্রত্যাশের মূল্য জমা দেওয়া যায়।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যূন বিলম্ব হইলে তাহার পরিবর্ত্তে গ্রাহকের রসিদ লইয়া আমার নিকট পাঠাইবেন।

শ্রীকালীনাথ ভট্টাচার্য্য—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

শ্রীযুক্ত বাবু অম্বিনাশচন্দ্র মুখোপাধ্যায়, কলিকাতা সংস্কৃতযন্ত্রের পুস্তকালয় ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।
চণ্ডীচরণ মজুমদার—বেঙ্গল সেক্রেটারিয়েট বুক ডিপোজিটরি।
২৪ পরগণা মতিলাল মৈত্র—আলিপুর।
আলিপুর ভূপালচন্দ্র গঙ্গোপাধ্যায়—উকিল।
বারাকপুর শ্রীযুক্ত বাবু ভুবনমোহন নিয়োগী।
ভবানীপুর রাজকৃষ্ণ রায় চৌধুরী।
যদুনাথ চৌধুরী—চুন্নাডাঙ্গা।
হাবড়া হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর ইন্দুকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান চারুচন্দ্র চট্টোপাধ্যায়।
রসিকলাল দাস—রায়না।
যশোহর কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
অম্বিকাচরণ মুখোপাধ্যায়—সিঙ্গটী
নীলমণি ভট্টাচার্য্য—সিঙ্গটী।
বাঁকুড়া রামেশ্বর সেন—বিষ্ণুপুর।
অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর উমাচরণ দে।
লীননাথ ধর—গবর্ণমেণ্ট প্লীডার।
জলপাইগুড়ি নীলমণি পাল।
বাঁকিপুর নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর।
ভগবান প্রসাদ।
বারাণসী সোমনাথ ভাদুড়ী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর আদিনাথ মিত্র।
দ্বারকানাথ বাগচি—নিলফামারি।
রাজসাহী কালীনাথ চৌধুরী—বোয়ালিয়া।
পাবনা মহেন্দ্রনাথ দত্ত।
রজনীকান্ত ভট্টাচার্য্য।
রামচন্দ্র চক্রবর্ত্তী।
ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, হুলাই।
উমাচরণ পাঁড়ে, সিরাজগঞ্জ।
ঢাকা সতীশচন্দ্র ঘোষ।
সাঁওতাল পরগণা ব্রজেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।
পাবড় রাধারুষ্ণ সাহেল।
খুলনা হরিহর দাস।
জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।
দিনাজপুর রাজকুমার চক্রবর্ত্তী' ফুলবাড়ি।
ভুবনেশ্বর গুপ্ত।
দুর্গাদাস সুর—রায়গঞ্জ।
শশিভূষণ রায়।
কোচবিহার ভুবনমোহন বসু।
ফরিদপুর কালীকিশোর ঘোষ—মাদারিপুর।
মজঃফরপুর কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল
ছারভাঙ্গা গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক।
সুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সমস্তীপুর

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিবিধ বিজ্ঞাপন।

ইউক্লিডের জ্যামিতির

প্রথম অধ্যায়।

শ্রীযশোদানন্দন সরকার প্রণীত।

ইহাতে প্রথম অধ্যায়ভুক্ত আছেই, তদ্ভিন্ন ভাগ ৪০০ প্রচলিত অনুশীলনীর প্রমাণ, পরিমিতি ও ক্ষেত্রব্যবহার ইত্যাদির সূত্র আছে। সর্ব্বশুদ্ধ মূল্য ।৵০ স্থলে আপাততঃ ।৹ আট আনা।

কলিকাতা বারাণসী ঘোষের ষ্ট্রীট, ১৪৮নং সংস্কৃত ডিপজিটরীতে পাওয়া যায়।

৩৭৯নং

গবর্ণমেণ্টের অনুমোদিত।

বাঙ্গালা ছাত্রবৃত্তি ও মাইনর স্কুলসমূহের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পাঠ্য।

"বিজ্ঞানসোপান"।

শ্রীযুক্ত উমেশচন্দ্র ঘোষ, এম এ, বি এল প্রণীত।

মূল্য ।৵০ দশ আনা মাত্র।

ছাত্রবৃত্তি ও মাইনর পরীক্ষার নির্দ্দিষ্ট বিষয়গুলি এরূপ বিশদরূপে ও ধারাবাহিক ভাবে অন্য কোন গ্রন্থে বর্ণিত নাই। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৩৮৪নং

এল, ডি, মিত্র এবং কোং।

বহুপ্রতিষ্ঠ ও কলিকাতা ও অন্যান্য স্থানের দক্ষ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৫৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক কুইনিন ক্যাম্ফার ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৷০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৬৲ ও ৭৷৷০ শিশু চিকিৎসা ২৷৷০, ঘামাচিকিৎসা ২৲ জ্বর চিকিৎসা ৮০ ও ১৸০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৸০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমার কলিকাতার মহামেলার এই শ্রেণীতে ভারতের মধ্যে সর্ব্বোচ্চ এবং এখানকার ও অন্যান্য স্থানের সম্ভ্রান্ত চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি। ৭ম

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্ত লালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীতে সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১৷০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

REDUCTION IN PRICE OF CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta, Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free, at 4 oz, Rs3—4 : 8 oz, Rs 6—8 : 16 oz, Rs 12—12. Cash with order.

No. 331

বুধোদয় যন্ত্র।

হুগলি বুধোদয় যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষর ও তাহার সরঞ্জাম প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানাপ্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় যাবতীয় ফরম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, হ্যাণ্ডবিল, জমিদারীর জমাওয়াশীল ফরম, ডাক্তারি লেবিল ও বিল নানাপ্রকার ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পন্ন হইয়া থাকে। বিশেষ বন্দোবস্ত করিলে, সাপ্তাহিক পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংলিস অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও স্মল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া পত্রদ্বারা পুস্তক প্রস্তুত করিয়া রীতিমত বাক্সবন্দী করিয়া রেলে বা জাহাজে যাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি, গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন, ছাপার রেট ও অন্যান্য বিবরণ জানিতে ইচ্ছা করিলে আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পারিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
কার্য্যাধ্যক্ষ।

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১৯ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।

ডাকমাশুল /০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৵০

পদ্য ব্যাকরণ মূল্য /১০

প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য /১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায়) পাওয়া যায়।

শ্রীতিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

অম্বিকাচরণ ঘোষাল

ফটোগ্রাফার ও পেইণ্টার

ঘুঁটেবাজার হুগলি

অয়েল পেইণ্টিংএ চেহারা তুলিতে এবং ফটোগ্রাফ লইতে মফস্বলের সর্ব্বত্র যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণ পত্র লিখিলে জানিতে পারিবেন। নেটীবক্যারেক্টর ও নানা রূপ দেশীয় ভিউ, মাপ কাঃ ভিঃ মূল্য প্রত্যেকে ।০, ওজন ২৲। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিজ, হুগলী কলেজ এমামবাড়ার আশ্চর্য্য দৃশ্য ও হংসেশ্বরীর মন্দির প্রত্যেক ১৲ টাকা মাত্র—ফটগ্রাফগুলি একবার দেখিলে বাধিত হইব।

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মতামত নহে।

আচার প্রবন্ধ।

নৈমিত্তিকাচার প্রকরণ।

প্রথম অধ্যায়।

শ্রাদ্ধকৃত্য।

(১৭)

সংস্কার কর্ম্মের বিবরণকালে দৃষ্ট হইয়াছে যে, এক প্রকার শ্রাদ্ধকৃত্য (নান্দীমুখ) সংস্কারকার্য্যের অঙ্গীভূত। কিন্তু সুবহু স্থলে শ্রাদ্ধ স্বয়ংই মুখ্যকর্ম্ম, উহা অন্য কোন অনুষ্ঠানের অঙ্গমাত্র নয়। পার্ব্বণ-শ্রাদ্ধ, একোদ্দিষ্ট শ্রাদ্ধ, ইষ্টি শ্রাদ্ধ, অষ্টকা শ্রাদ্ধ প্রভৃতি শ্রাদ্ধকৃত্য সকল এই রূপ। এই সকল শ্রাদ্ধেও বৈদিক মন্ত্রাদির ভূয়ঃপ্রয়োগ থাকে। ফলতঃ পূর্ব্বপুরুষদিগের পূজাময় সমস্ত শ্রাদ্ধকৃত্য-গুলিই অতি প্রাচীনতম অনুষ্ঠান বলিয়া অবধারিত।

কিন্তু শ্রাদ্ধগুলি সংস্কারকার্য্যের অঙ্গীভূত হউক বা স্বতন্ত্র মুখ্যকৃত্য হউক এবং বৈদিক মন্ত্রাদির দ্বারা অনুষ্ঠিত এবং বেদপ্রতিপাদিত যজ্ঞাদির মধ্যে প্রাচীনতম বলিয়া গণ্য হউক, উহাদিগের আপাতদৃষ্ট সাধারণ ভাব এবং সংস্কার কর্ম্মের সাধারণ ভাব পরস্পর অতি পৃথকভূত বলিয়াই বোধ হয়। সংস্কারকার্য্যে জগদ্ব্রহ্মাণ্ডের প্রতি সমষ্টিভাবে দৃষ্টি হইয়া মুখ্যতঃ উহার একত্ব প্রতীতি অভ্যস্ত হয়। শ্রাদ্ধকৃত্যে জগদ্ব্রহ্মাণ্ডের প্রতি ব্যষ্টিভাবে দর্শন হইয়া মুখ্যতঃ উহাতে বিভিন্ন শক্তির সমাবেশ প্রতীত হয়। সংস্কার প্রবর্ত্তিত উপাসনায় শুদ্ধাদ্বৈতবোধের প্রতীতি জন্মে। শ্রাদ্ধকৃত্যে জগদ্বিহিত শক্তি সমস্ত বিভিন্ন দেবতার আকারে প্রতীয়মান হইয়া অদ্বৈতের উপাদানভূত পৃথক্‌ত্বের সন্ধান করিয়া দেয়।

ফলতঃ শ্রাদ্ধ কার্য্য বিভিন্ন ব্যক্তির বিভিন্ন পূর্ব্বপুরুষদিগের পূজারূপ অনুষ্ঠান। সুতরাং ইহাতে ভেদবুদ্ধির স্থল অতীব প্রশস্ত। এই জন্য শ্রাদ্ধকৃত্যে সমষ্টীভূত বিশ্বের অর্থাৎ ব্রহ্মের প্রতি সাক্ষাৎ লক্ষ্য ওদীভূত, এবং ব্যষ্টীভূত বিশ্বের অর্থাৎ বিশ্বেদেবা নামক গণের প্রতি লক্ষ্য অধিক পরিস্ফুট। বিশ্বেদেবাদিগের নামগুলি শুনিলেই বুঝা যায় যে, উহারা জগতে নিহিত বাহ্যাভ্যন্তরিক দ্রব্য-শক্তি এবং ক্রিয়া-শক্তি প্রভৃতিরই অধিষ্ঠাতৃ-রূপে পরিকল্পিত। শ্রাদ্ধসম্বন্ধে ইহাঁদের সামান্য অধিকার থাকিলেও ইহাঁরা দশভাগে বিভক্ত হইয়া পঞ্চযুগ্মকরূপে অবস্থিত, যথা——

বসুসত্যৌ, ক্রতুদক্ষৌ, কালকামৌ, ধুরিলোচনৌ,
পুরুরবার্দ্রবৌশ্চ, বিশ্বেদেবাঃ প্রকীর্ত্তিতাঃ॥

ধন এবং সত্য, যজ্ঞ এবং দক্ষতা, সময় এবং ইচ্ছা, ভারগ্রাহিতা এবং পরিণাম-দৃষ্টি, এবং স্থল-জাত ও জলজাত দ্রব্য নিচয়, ইহাঁরাই বিশ্বেদেবা নামে পরিকীর্ত্তিত হয়েন।

এই পঞ্চযুগ্মকের অধিষ্ঠানভূত পঞ্চ প্রকার বিশেষ বিশেষ শ্রাদ্ধকৃত্যও নির্দ্দিষ্ট আছে, যথা——

ইষ্টিশ্রাদ্ধে ক্রতুদক্ষৌ, সত্যৌনান্দীমুখে বসু,
নৈমিত্তিকে কামকালৌ, কামেচ ধুরি লোচনৌ,
পুরুরবার্দ্রবৌশ্চ পার্ব্বণে সমুদাহৃতৌ।

ইষ্টি শ্রাদ্ধে ক্রতু এবং দক্ষের, নান্দীমুখ শ্রাদ্ধে বসু এবং সত্যের, নৈমিত্তিক শ্রাদ্ধে কাম এবং কালের, কামাশ্রাদ্ধে ধুরি এবং লোচনের, পার্ব্বণ শ্রাদ্ধে পুরুরবা এবং আর্দ্রবসের বিশেষ অধিকার উক্ত হইয়াছে।

বিশ্বেদেবাগণের আবাহন মন্ত্রেও উহাদিগের শক্তিস্বরূপতা স্পষ্টাভিধানে প্রকাশিত হইয়াছে। যথা——

আগচ্ছন্তু মহাভাগাঃ বিশ্বেদেবা মহাবলাঃ।
যে যত্রবিহিতা শ্রাদ্ধে সাবধানা ভবন্তু তে॥

হে মহাভাগ! হে মহাবল! বিশ্বেদেবাগণ আপনারা আগমন করুন এবং শ্রাদ্ধের যে স্থলে যিনি বিহিত হইয়াছেন তিনি তথায় অবহিত হইয়া অবস্থিত হউন।

বিশ্বেদেবাগণ শ্রাদ্ধাধিষ্ঠাতৃ শক্তি সমূহ। ইহাঁরা শ্রাদ্ধ কৃত্যে স্থলতঃ করণরূপেই আহূত এবং পূজিত হয়েন। কিন্তু ইহাঁরা শ্রাদ্ধ কৃত্যে সর্ব্ব প্রধানরূপে পূজার্হ নহেন। শ্রাদ্ধের প্রধানতম উদ্দেশ্য পিতৃগণ। ইহাঁরা বসু, রুদ্র এবং আদিত্যরূপে পূজনীয়। ইহাঁদিগের ধ্যান যথা——

প্রসন্নবদনা সৌম্যা বরদা শক্তিপাণয়ঃ।
পদ্মাসনস্থা দ্বিভুজা বসবোষ্টৌ প্রকীর্ত্তিতা॥

প্রসন্ন বদন, সৌম্যমূর্ত্তি, বরদাতৃভাব, শক্তি হস্ত, পদ্মাসনাসীন, দ্বিভুজ—অষ্টবসু।

করেত্রিশুলিনোরায় দক্ষিণে চাক্ষমালিনঃ।
একাদশ প্রকর্ত্তব্যা রুদ্রাস্ত্র্যক্ষেষু মৌলয়ঃ॥

বামকরে ত্রিশূল, দক্ষিণকরে অক্ষমালা, ত্রিনয়ন, চন্দ্রচূড়—একাদশ রুদ্র।

পদ্মাসনস্থাদ্বিভুজা পদ্ম গর্ভাঙ্গকান্তয়ঃ।
করাদি স্কন্ধ পর্য্যন্তং নালপঙ্কজধারিণঃ।
উল্লাধ্যা দ্বাদশাদিত্যা স্তেজোমণ্ডলমধ্যগাঃ॥

পদ্মাসনস্থ, দ্বিভুজ, পদ্মগর্ভকান্তি, স্কন্ধ পর্য্যন্ত উন্নত পদ্মনালধারী, সূর্য্যমণ্ডল মধ্যবর্ত্তী, ইন্দ্র প্রভৃতি—দ্বাদশ আদিত্য।

এই একত্রিংশৎ শ্রাদ্ধদেবতারা সপত্নীক। পত্নীগণ ইহাঁদের অন্তর্নিবিষ্টরূপেই ধ্যেয়। আর মানব দেহধারী পূর্ব্বপুরুষেরাও ঊর্দ্ধগতি প্রাপ্ত হইয়া ইহাঁদিগেরই অন্যতমরূপে পরিণত হইয়া থাকেন। পিতা বসুরূপে, পিতামহ রুদ্ররূপে, এবং প্রপিতামহাদি আদিত্যরূপে চিন্তনীয়।

পিতৃগণের স্থান চন্দ্রমণ্ডলের ঊর্দ্ধভাগে। এই জন্য আমাদের এক মাসে পিতৃলোকের এক দিন। আমাদের অমাবস্যার পিতৃ লোকের মধ্যাহ্ন এবং সেই জন্য অমাবস্যা তিথিই পিতৃ-গণকে ভোজন প্রদান করিবার অর্থাৎ শ্রাদ্ধের মুখ্যকাল বলিয়া নির্দ্দিষ্ট।

শ্রাদ্ধে করণাধিষ্ঠাতৃ বিশ্বেদেবাগণ এবং মুখ্য পূজাপাত্র পিতৃগণ ভিন্ন আরও কয়েকটী দেবতার পূজা আছে; যথা—(১) বাস্তুপুরুষ অর্থাৎ যে বাটীতে শ্রাদ্ধ হয় সেই বাটীর অধিষ্ঠাতৃদেব (২) যজ্ঞেশ্বর অর্থাৎ যজ্ঞমাত্রের অধিষ্ঠাতৃ নারায়ণদেব (৩) ভূস্বামি-পিতৃগণ অর্থাৎ যে ভূমিতে শ্রাদ্ধ হয় সেই ভূমির স্বামীর পিতৃপুরুষরূপ দেব (৪) সগঙ্গ দেশে (অর্থাৎ গঙ্গাগর্ভজাত দেশে) গঙ্গাদেবীর—ইহাঁদিগের প্রত্যেকের পূজা করিয়া এক একটী ভোজ্য দান করিতে হয়।

এই অনুষ্ঠানগুলির পরে শ্রাদ্ধ করিবার অনুজ্ঞা গ্রহণপূর্ব্বক প্রকৃতশ্রাদ্ধ কার্য্যের আরম্ভ। ঐ কার্য্যের মুখ্য উদ্দেশ্য মৃত পূর্ব্বপুরুষদিগকে ভোজন দান। মৃত ব্যক্তিকে ভোজন দান প্রতিনিধি গ্রহণদ্বারাই হইতে পারে। অতএব শ্রাদ্ধে পূর্ব্বপুরুষের প্রতিনিধি গ্রহণ করাই সর্ব্ব প্রধান অনুষ্ঠান।

———

মান্যবর শ্রীযুক্ত এডুকেশন গেজেট সম্পাদক মহাশয় সমীপেষু—

সসম্মান নিবেদন,

একান্ত কর্ত্তব্যবোধে আপনার নিকট নিম্ন লিখিত বিষয়টি বিবৃত করিতেছি। স্কুলাদি সাধারণ-জনহিতকর কার্য্যে ও সংবাদপত্র, সাময়িকপত্র পরিচালনে এবং গ্রন্থ প্রণয়নে যাঁহারা লিপ্ত, ব্যবসায়ের হিসাবে তাঁহাদিগকে এতদিন লাইসেন্স টেক্স দিতে হইত না। কিন্তু অতঃপর সকল কই দিতে হইবে বলিয়া আশঙ্কা হইতেছে। এতদিন দোকানদার, উকীল, ডাক্তার, প্রেসাধ্যক্ষ প্রভৃতি কেই লাইসেন্স টেক্স দিতে হইত, এখন সম্পাদক, গ্রন্থকার, স্কুলের প্রোপ্রাইটরদিগকেও দিতে হইবে বলিয়া ধার্য্য হইয়াছে।

এ দেশে সাহিত্যের যেরূপ হীন অবস্থা এবং সাহিত্য ব্যবসায়ীদিগকে দারিদ্র্য ও বিবিধ প্রতিকূল অবস্থার সঙ্গে যেরূপ সংগ্রাম করিতে হয়, শিক্ষিত ব্যক্তিমাত্রেই তাহা অবগত আছেন। সংবাদপত্র বা সাময়িকপত্র প্রচার করিয়া বহুলোকেই ক্ষতিগ্রস্ত হইয়াছেন। কেহ কেহ বা পুনঃ পুনঃ ক্ষতি স্বীকার করিয়াও কেবল সদিচ্ছা ও সুরুচি দ্বারা পরিচালিত হইয়া, সদ্ভাব প্রচার ও স্বদেশের হিতসাধনের জন্যই সংবাদপত্র বা সাময়িকপত্র সম্পাদন ও প্রচার করিতেছেন। এরূপ অবস্থায়, ঐ কার্য্যকে যদি তণ্ডুল বিক্রেতা বা বস্ত্র-বিক্রেতার কার্য্যের ন্যায় ব্যবসায় গণ্য করিয়া, তজ্জন্য কোনরূপ টেক্স লইবার ব্যবস্থা করা হয়, তাহা হইলে দেশীয় সাহিত্যের যথেষ্ট ক্ষতি হইবে, এবং দরিদ্র সাহিত্য-ব্যবসায়ীদিগের উপরে বড়ই অবিচার করা হইবে। যে ঘটনা উপলক্ষে এই কথাগুলি বলা হইল, তাহার সবিস্তার বিবরণ নিম্নে প্রদত্ত হইল।

প্রায় তিন মাস পূর্ব্বে কলিকাতা মিউনিসিপ্যালিটী হইতে আমার উপরে এইরূপ মর্ম্মে এক নোটিশ জারি হয় যে, "নব্যভারত" নামক মাসিক পত্র প্রচার করিবার জন্য আমাকে তিন দিবস মধ্যে ব্যবসায়ের লাইসেন্স লইতে হইবে। দশ বৎসর যাবৎ নব্যভারতের প্রচার হইয়াছে। এত কাল পরে এইরূপ এক নোটিশ পাইয়া আমি কিঞ্চিৎ আশ্চর্য্যান্বিত হইলাম, এবং অনুসন্ধানে জানিলাম যে নোটিশের লিখিত টাকা জমা দিয়া কমিশনারদিগের নিকট আপীল করিলে, ঐরূপ লাইসেন্স টেক্স দেওয়া সঙ্গত কি না, তাহার বিচার হইতে পারে; যে ইহাও জানিলাম যে, এইরূপ পত্রিকাদির লাইসেন্স হইতে পারে কি না, ইহা জানার জন্যই বাবু শরৎচন্দ্র ভট্টাচার্য্য এইরূপ নোটিশ দিয়াছেন। তদনুসারে টাকা জমা দিয়া আপীল করা হইয়াছিল। গত ২৯এ মার্চ্চ তারিখে মিউনিসিপ্যাল কমিশনরদিগের এক সবকমিটিতে ঐ আপীলের বিচার হয়। মিউনিসিপ্যালিটীর ভাইসচেয়ারম্যান শ্রীযুক্ত বাবু গোপাল লাল মিত্র, শ্রীযুক্ত ডাক্তার ভুবনমোহন সরকার, শ্রীযুক্ত বাবু রাধাচরণ পাল, পশুপতিনাথ বসু, অখিলচন্দ্র মুখোপাধ্যায়, লালবিহারী বসাক ও চণ্ডীচরণ সিংহ, শ্রীযুক্ত মৌলবী বদরুদ্দিন হাইদার, এবং শ্রীযুক্ত ডাক্তার সেথ বেচু প্রভৃতি ব্যক্তিগণ কমিটীতে উপস্থিত ছিলেন। অধিকাংশের মতে কমিটী এইরূপ স্থির করিয়াছেন যে, নব্যভারত প্রচারের জন্য নোটিশানুযায়ী ব্যবসায়ের লাইসেন্স টেক্স দিতে হইবে। শ্রীযুক্ত ডাক্তার ভুবনমোহন সরকার এই সিদ্ধান্তের বিরুদ্ধে অনেক তর্ক করিয়াছিলেন, এবং বাবু রাধাচরণ পালও আপত্তি তুলিয়াছিলেন। ভুবন বাবু দরিদ্র সাহিত্য-সেবকদিগের জন্য যথেষ্ট প্রতিবাদ করিয়া ধন্যবাদার্হ হইয়াছেন। সাহিত্য-সেবকদিগের কোন উপযুক্ত প্রতিনিধি না থাকার দরুণ এ সম্বন্ধে তুমুল আন্দোলন হয় নাই। বিচার শেষ হইলে নিরপেক্ষ ও সহৃদয় কমিশনর শ্রীযুক্ত মৌলবী বদরুদ্দিন হাইদার এইরূপ অভিমত ব্যক্ত করিলেন যে, "এই বিষয়ের নিষ্পত্তি এই সব-কমিটীর নিকটে না হইয়া পুলিশ কোর্টে হইলে আইনের তর্ক হইয়া সমুচিত মীমাংসা হইতে পারিত।" এতদ্বারা স্পষ্ট বুঝা যাইতেছে যে, কমিশনরদিগের মধ্যেও এরূপ অনেক ব্যক্তি রহিয়াছেন, যাঁহারা এইরূপ টেক্স লওয়া পরিষ্কার রূপে আইন সঙ্গত মনে করেন না।

মিউনিসিপ্যালিটী এই বলিয়া টেক্স দাবি করিয়াছিলেন যে, নব্যভারতের ন্যায় মাসিক বা সাপ্তাহিক পত্র এবং কোনরূপ পুস্তক বিক্রয় করা একরূপ ব্যবসায় কেননা উহার বিনিময়ে মূল্য গ্রহণ করা হয়।

আমরা আপত্তি করিয়াছিলাম যে, ব্যবসায়ের জন্য অর্থাৎ অর্থলাভ করিবার জন্য নব্যভারত প্রচার করা হয় নাই। যথাসম্ভব বাঙ্গালা সাহিত্যের উন্নতিসাধন করাই উহার উদ্দেশ্য। উহার চাঁদা বা মূল্যস্বরূপ যে অর্থ পাওয়া যায়, তাহা উহার উন্নতি এবং তদনুরূপ অপর সৎকার্য্য করিবার ব্যয় নির্ব্বাহার্থই লওয়া হইয়া থাকে। সুতরাং আমাদিগের কার্য্য কোনরূপ ব্যবসায় নহে।

মিউনিসিপ্যালিটী আমাদিগের বিরুদ্ধে সিদ্ধান্ত করিয়াছেন। নব্যভারতের জন্য আমাকে যে কয়টী টাকা দিতে হইয়াছে, তজ্জন্য আমি বিশেষ দুঃখিত নই। কিন্তু এরূপ কার্য্য সামাজ অর্থকরী ব্যবসায় বলিয়া গণ্য হইল, ইহাই দুঃখের বিষয়। আমার বিশ্বাস, মিউনিসিপ্যালিটীর এই সিদ্ধান্ত দ্বারা দরিদ্র বঙ্গসাহিত্যের বিলক্ষণ ক্ষতি হইবে। আপীলের বিচারকালে ভাইস্-চেয়ারম্যান মহাশয় এরূপ অভিমত ব্যক্ত করিয়াছেন যে, বেতন লইয়া যে সকল বেসরকারি স্কুল চালান হইতেছে, তাহার উপরেও এইরূপ টেক্স ধার্য্য করা উচিত। এতদ্দ্বারা বেশ বুঝিতে পারা যায় যে, নব্যভারত উপলক্ষে যে অনিষ্টের সূত্রপাত হইয়াছে, তাহা পত্রিকা প্রচাররূপ সীমা অতিক্রম করিয়াও অনেকদূর যাইতে পারে, কি যাইবে। এই আশঙ্কায় এবং বঙ্গসাহিত্যের হিতাকাঙ্ক্ষায় আমি সম্পাদক মহাশয়দিগকে এ বিষয়ে আন্দোলনে প্রবৃত্ত হইতে সবিনয় অনুরোধ করিতেছি। আমি আশা করি, সমুচিত আন্দোলন উপস্থিত হইলে মিউনিসিপ্যালিটির এই নির্দ্ধারণপত্র হইয়া আমাদিগের আশঙ্কার নিবৃত্তি হইতে পারে।

একান্ত অনুগত,
শ্রীদেবীপ্রসন্ন রায় চৌধুরী নব্যভারত-সম্পাদক।

পিঞ্জরাবদ্ধ পাখী।

গহন কাননে সদানন্দ মনে,
ফিরিতাম আমি শাখায় শাখায়।
ঝর ঝর ঝর, সমীর প্রখর
বহিত আনন্দে বঞ্চিতু তথায়।
চমকিত চাঁদ, পাতি জাল ফাঁদ,
কাড়িয়া লইত ভাবুকের প্রাণ,
হৃদি উজলিত পুলকে নাচিত,
শূন্য পথে উঠি করিতাম গান।
সে গান শুনিয়া মোহিত হইয়া
আনিল ধরিয়া পিঞ্জরে পুরিল।
তাই বারে বার করিরে ধিক্কার,
কমন্বর মোর বিপদ্ আনিল।

এডুকেশন গেজেট।

৯ই বৈশাখ ১৩০০। ইং ২১শে এপ্রিল ১৮৯৩।

বজেটে বড়লাট।

বজেটের আলোচনায় বাটার গোলযোগ ও সামরিক ব্যয়সংক্ষেপ প্রসঙ্গে বড়লাট বাহাদুর অনেকগুলি কথা বলিয়াছেন। বাটার হার বৃদ্ধি হওয়ায় যে অসুবিধাটুকু এক্ষণে দাঁড়াইয়াছে তাহার কোনরূপ প্রতিকার করিতে হইলে গবর্ণমেণ্টের বর্ত্তমান আয়ে কুলাইবে না, অর্থসচিব ইহা বুঝাইয়া দিয়াছেন। বড়লাট বাহাদুর অর্থসচিবেরই কথার পোষকতা করিয়া বলিয়াছেন, "ব্যয়বিষয়ে গবর্ণমেণ্টকে আরও একটু বিবেচনা করিয়া কার্য্য করিতে হইবে। যে কার্য্যগুলিতে ভারতের আর্থিক উন্নতি নির্ভর করিতেছে সেইগুলির জন্যও গবর্ণমেণ্টকে এক্ষণে বুঝিয়া সুঝিয়া একটা বাঁধাবাঁধি নিয়মে অর্থ ব্যয় করিতে হইবে।

যত কিছু গোলযোগ সমস্তই এক বাটার জন্য, নতুবা অন্যান্য বিষয়ে রাজ্যের আর্থিক অবস্থা কিছু মন্দ নহে। রাজ্যের যে কিছু সামান্য ঋণ আছে তাহার কোনটিই অসঙ্গত কারণে করা হয় নাই। অন্যান্য রাজ্যে টাকা ধার করিয়া যে ঋণ পরিশোধ করিত আমরা সাধারণ রাজস্ব হইতে সেই সমস্ত ঋণ পরিশোধ করিয়াছি।

আমরা দেশে কোন যুদ্ধ বাধাইয়া দিই নাই, রাজ্যের অর্থ অসঙ্গতরূপে ব্যয় করি নাই, অথচ আমাদিগকে এইরূপ আর্থিক গোলযোগে পড়িতে হইয়াছে, এবং ভবিষ্যৎ ভাবিয়া আরও আশঙ্কিত হইতে হইয়াছে। এই সকলের একমাত্র হেতু বাটার হার বৃদ্ধি। বাটার হার যে আর বাড়িবে না এ কথা বলা যায় না, কিন্তু যে পরিমাণে উহা বাড়িবে বিভ্রাটও সেই পরিমাণে বাড়িয়া যাইবে।

এই বিভ্রাট ঘুচাইবার পক্ষে গবর্ণমেণ্টকে যে কিরূপ প্রতিকারের ব্যবস্থা করিতে বাধ্য হইতে হইবে তাহা এখন প্রকাশ করায় কোন ফল নাই। বিলাতের কর্ত্তৃপক্ষীয়গণ এ সম্বন্ধে কিরূপ মীমাংসা করেন গবর্ণমেণ্টকে অগ্রে তাহা দেখিতে হইবে। বিলাতের ব্যবস্থায় প্রতিকার না হইলে গবর্ণমেণ্টকে কোন না কোন একটা প্রতিকারের উপায় করিতেই হইবে এবং সেরূপ স্থলে প্রজালোকে অসন্তুষ্ট হইলেও গবর্ণমেণ্টকে বাধ্য হইয়া শীঘ্রই যে একটা নূতন ট্যাক্স বসাইতে হইবে সে পক্ষে আর সন্দেহ নাই। উক্ত ট্যাক্স দ্বারা যে কত টাকা আদায় করিতে হইবে তাহা এখন বুঝা যাইতেছে না, সুতরাং সে বিষয় লইয়া এক্ষণে বাদানুবাদ করিলে তাহাতে উপকার না হইয়া অপকারেরই সম্ভাবনা ঘটিবে।

এই কয়েক বৎসরে সেনাবিভাগের ব্যয় বাড়িয়াছে সত্য, কিন্তু এই ব্যয় বৃদ্ধি যে সেনাবিভাগীয় কর্ত্তৃপক্ষীয়দিগের অমিতব্যয়িতাদোষে ঘটিয়াছে তাহা নহে। বাটার বিভ্রাট সকল দিকেই ভুগিতে হইতেছে। ১৮৮৭-৮৮ সাল হইতে আরম্ভ করিয়া এই এই কয় বৎসরে কেবল বাটার গোলযোগ হেতু সেনা বিভাগের ব্যয় বৎসরে অন্যূন ৩৬ লক্ষ টাকা করিয়া বৃদ্ধি পাইয়াছে।

সৈন্যদিগের সুখসাচ্ছন্দ্যের দিকে কর্ত্তৃপক্ষীয়দিগের একটু দৃষ্টি পড়ায় ব্যয় কিছু বাড়িয়াছে। আমার বিবেচনায় এই ব্যয় অনর্থক নহে। অন্যান্য ব্যবসায়ের প্রতিযোগিতায় উপযুক্ত লোক সৈন্যদলের মধ্যে বড় একটা আসিতে চায় না। এরূপস্থলে সেনাগণের বেতন, বাসগৃহ ও অন্নবস্ত্রের উপযুক্তরূপ ব্যবস্থা না করিলে দেশীয়ই কি আর ইউরোপীয়ই কি, সৈন্যদলের মধ্যে ভাল লোক পাওয়া দুর্ঘট হইয়া উঠিবে।

উৎকৃষ্টতর নূতন অস্ত্র শস্ত্রাদির আবিষ্কার হইলেই সেনাদলের মধ্যে উহার প্রচলন করা হয়। ইহাতেও ব্যয় অনেকটা বাড়িয়াছে। সৈন্যগণের উৎসাহেই যে কেবল এইরূপ হইয়া থাকে তাহা নহে; ঐরূপ অস্ত্র শস্ত্রাদি সেনাদল মধ্যে প্রচলিত না করিলে অনেক সিবিলিয়ানও তজ্জন্য আপত্তি করিয়া থাকেন।

এই সমস্ত ব্যতীত রাজ্যের পশ্চিম সীমান্তে রুষের আগমন হওয়ায় এবং উত্তর ব্রহ্ম প্রভৃতি স্থান ব্রিটিস রাজ্যের অন্তর্ভুক্ত করায় সেনা বিভাগের ব্যয় বেশী হইয়াছে।

১৮৯৩-৯৪ সালের বজেটে সেনা বিভাগের ব্যয় পূর্ব্ববৎসরের অপেক্ষা বেশী করিয়া ধরা হইয়াছে। ঐ সালের নির্দ্ধারিত আনুমানিক ব্যয়

১৫ কোটি ৭০ লক্ষ টাকার মধ্যে ১২ কোটি টাকা সৈন্যদিগের আহার বেতন ও পেন্সন দিতেই খরচ হইয়া যাইবে। এরূপ অবস্থায় সেনাবিভাগের ব্যয়সংক্ষেপ করিতে হইলে সৈন্যের সংখ্যা কমাইতে হইবে অথবা সৈন্যদিগের বেতন কমাইয়া দিতে হইবে অথবা সরঞ্জাম যাহাতে অপেক্ষাকৃত কম পরিমাণে সঞ্চিত রাখা হয় তাহার ব্যবস্থা করিতে হইবে। সৈন্যদিগের বেতন কমান দূরের কথা, এখন শীঘ্র উহা বাড়াইতে না হইলেই সৌভাগ্য বলিয়া মনে করা উচিত। সরঞ্জাম কমাইবার ব্যবস্থায় অনেকেই অসন্তুষ্ট হইবেন। ফল কথা, ভারত যদি সেনা বিভাগের উপস্থিত ব্যয়ভার বহন করিতে অসমর্থ হয় তবে তখন এই বিবেচনা করিয়া দেখিতে হইবে যে, দেশ রক্ষার জন্য যে পরিমাণ সৈন্যের প্রয়োজন প্রকৃত প্রস্তাবে তদপেক্ষা অধিকসংখ্যক সৈন্য সেনাবিভাগে নিযুক্ত আছে কি না।" এ কথার উত্তর আমাকে দিতে হইলে আমি বলিব, 'না'।

অতএব সেনা বিভাগে অধিক ব্যয়সংক্ষেপ সম্ভব কি না সে বিষয়ে আমার যথেষ্ট সন্দেহ আছে; তবে ব্যয় আর যাহাতে না বাড়ে তাহার চেষ্টা বিধিমতে করিতে হইবে। রাজ্য রক্ষা সম্বন্ধে এক্ষণে যে বিশেষ বন্দোবস্ত করিতে হইয়াছে, দুই বৎসর পরে আর তাহা থাকিবে না সুতরাং তখন হইতে বৎসর বৎসর সেনাবিভাগে ৫০ লক্ষ টাকা বাঁচিয়া যাইবে। তখন অন্যান্য দিকেও যাহাতে ব্যয় সংক্ষেপ করিতে পারা যায় তাহার চেষ্টা করা যাইবে, কিন্তু চেষ্টায় কোনরূপ ফল না হইলেও হইতে পারে, একারণ তৎপক্ষে আপাততঃ কোনরূপ আশা দেওয়া যাইতে পারে না।

ভারতের কারাগার।

ভারতের কারাগার সম্বন্ধীয় নিয়মাবলীর সংশোধন জন্য ১৮৭৭ সালে একটি জেল কমিটী সংগঠিত হয়। কমিটীর সদস্যগণ এই প্রস্তাব করেন যে, যে সমস্ত কয়েদী বিনা পরিশ্রমে কারাবাস দণ্ড প্রাপ্ত হইবে, তাহাদিগকে অপরাপর কয়েদীদিগের ন্যায় জেলের পোষাক পরিতে হইবে না, তাহারা আপনার আপনার কাপড় চোপড় পরিতে পারিবে, না থাকিলে জেলের সুপরিণ্টেণ্ডেণ্ট নিজের বিবেচনামত তাহাদিগকে জেলের কাপড় চোপড় প্রদান করিবেন। তাহাদের মাথার চুল কামাইয়া দেওয়া হইবে না, তাহারা ইচ্ছা করিলে পুস্তক পড়িতে পারিবে এবং জেলের নিয়মের বিরোধী নয় এমন সকল সুবিধাও তাহাদিগকে দেওয়া হইবে। ইচ্ছা করিলে তাহারা আপনাদিগের পসন্দ মত কাজ করিতে পারিবে এবং সেই কাজের অনুরূপ আহার তাহাদিগকে দেওয়া যাইবে কিন্তু পারিশ্রমিক পাইবে না। তিন মাস অন্তর এক দিন অথবা সুপরিণ্টেণ্ডেণ্ট ইচ্ছা করিলে আরও ঘন ঘন তাহাদিগকে বন্ধু বান্ধবের সহিত দেখা করিতে দেওয়া হইবে। তাহারা আপনাদিগের খাদ্য নিজে নিজে খরিদ করিতে পাইবে না। কাজ করিলে কয়েদীদিগের মধ্যে যেরূপ নম্বর দেওয়ার রীতি আছে তাহাদিগকেও সেইরূপ নম্বর দেওয়া হইবে এবং শৃঙ্খলা, পরিষ্কার পরিচ্ছন্নতা এবং স্বাস্থ্যবিষয়ক জেলের সমস্ত সাধারণ নিয়মগুলি তাহাদিগকে মানিয়া চলিতে হইবে।

জেল কমিটীর উল্লিখিতরূপ প্রস্তাব সম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্ট সমূহের পরামর্শ গ্রহণ করা হইয়াছিল।

স্থানীয় গবর্ণমেণ্টসমূহ জেল কমিটীর প্রস্তাবিত বিষয়গুলি সঙ্গত বলিয়া সাধারণতঃ গ্রাহ্য করিয়াছেন। বড় লাট বাহাদুরেরও ইচ্ছা—কমিটীর প্রস্তাবিত নিয়মগুলি অবস্থাবিশেষে যেখানে যতদূর সম্ভব কার্য্যে পরিণত করা হয়। তিনি এতৎসম্বন্ধে অধিক আর কিছু বলিতে চাহেন না। কেবল এক বক্তব্য তাঁহার এই—বিনা পরিশ্রমে কারাবাস দণ্ডপ্রাপ্ত ব্যক্তিগণকে সশ্রম কারাদণ্ড প্রাপ্তদিগের হইতে স্বতন্ত্র রাখা আবশ্যক। যে সকল প্রাদেশিক জেলে এখনও এই নিয়মটি প্রচলিত হয় নাই সেই সেই স্থানে উহা অবিলম্বেই প্রচলিত হয় এবং নূতন জেল নির্ম্মাণ সময়ে যেন এই বিষয়টি বিশেষ স্মরণ থাকে।

অনেক স্থলে হাকিমেরা আসামীকে কঠিন পরিশ্রমের সহিত কারাবাস দণ্ড দিবার পরিবর্ত্তে বিনা পরিশ্রমে কারাদণ্ড বিধান করেন। যে স্থলে তাঁহারা আসামীকে পরিশ্রমে অপারগ বলিয়া বুঝেন প্রায় সেই স্থলেই তাঁহারা এরূপ করিয়া থাকেন। ভারত গবর্ণমেণ্টের বিবেচনায় উহা ঠিক নহে। আদালত আসামীর যেরূপ অপরাধ বুঝিবেন তদনুযায়ী দণ্ডবিধান

কলিকাতার গঙ্গায় হাঙ্গরের ভয় হইয়াছে। দুই তিন জনকে হাঙ্গরে ধরিয়াছিল। সে দিন একটা মজুরকে হাঙ্গরে ধরিয়াছিল। লোকটা অনেক কষ্টে রক্ষা পাইয়াছে। (দৈনিক)

আগামী কল্য কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সেনেট সভায় একটী অধিবেশন হইবে। ইউক্লিডের জ্যামিতির ৪র্থ অধ্যায় এক্ষণে প্রবেশিকা পরীক্ষার পাঠ্য নির্দ্দিষ্ট আছে। ইচ্ছা করিলে ছাত্রগণ যাহাতে ৪ অধ্যায় ইউক্লিডের পরিবর্ত্তে দুই অধ্যায় ইউক্লিড এবং সামান্যরূপ সর্ভেইং ও বুক্‌কিপিং শিখিয়া পরীক্ষা দিতে পারে সভাস্থলে তদ্বিষয়ক ব্যবস্থা সম্বন্ধে বিবেচনা করা যাইবে। অন্যান্য বিষয়ের মধ্যে নিম্নলিখিত কয়েকটী বিষয়েরও বিবেচনা সভাস্থলে হইবে;—(১) বর্ত্তমান বৎসরের ১লা মে হইতে দুই বৎসরের জন্য এক জন রেজিষ্ট্রার নিয়োগ; এবং (২) 'বোর্ড অফ্ একাউণ্টসের' সদস্য নিয়োগ।

[বর্দ্ধমান] বাবু সিওরকুল বঙ্গদেশ কলিকাতার যাত্রীদিগের থাকিবার সুবিধার জন্য হাওড়ায় একটি ধর্ম্মশালা নির্ম্মাণ করাইয়াছেন। উহাতে ৬০০ শত যাত্রী থাকিতে পারিবে। স্ত্রীলোকদিগের জন্য বিশেষ বন্দোবস্ত করা হইয়াছে। এতদ্ব্যতীত তিনি কলিকাতা কটনষ্ট্রীটে ৮০ হাজারেরও অধিক টাকা ব্যয়ে একটি দেব-মন্দির প্রতিষ্ঠিত করিয়াছেন। উক্ত মন্দিরে মফঃস্বলের অসহায় ছাত্রদিগের থাকিবারও সুবিধা করিয়া দেওয়া আছে।

হাওড়ার জলকল স্থাপনের জন্য মিউনিসিপ্যালিটী গবর্ণমেণ্টের নিকট হইতে টাকা ধার লা করিয়া সাধারণের নিকট হইতে শতকরা বার্ষিক ৪৲ টাকা হার সুদে টাকা ধার করিবেন শুনা যাইতেছে।

[রাজসাহী] এখানে বসন্ত মেলা শেষ হইয়াছে। অদ্যতা হরিভক্তি প্রদায়িনী সভার ৭ম বার্ষিক উৎসব মহাসমারোহে সম্পন্ন হইয়াছে। উক্ত সভায় পার্শ্বডাঙ্গার শ্রীযুক্ত প্রসন্ননাথ সাহা চৌধুরী, শীতলাইয়ের ভূম্যধিকারিণী, শ্রীমতী নবীনকিশোরী চৌধুরাণী এবং ধারীকুশার ভূম্যধিকারিণী প্রত্যেকে ৫৲ টাকা করিয়া দান করিয়াছেন।

[ঢাকা] আমাদের নরিশালের সম্বাদদাতা লিখিয়াছেন—বাবু অশ্বিনীকুমার দত্ত এখানে একটী মেডিকেল স্কুল স্থাপন করিয়া গবর্ণমেণ্টে কয়েকটি প্রার্থনা করিয়াছিলেন। গবর্ণমেণ্ট প্রার্থনা মঞ্জুর করেন নাই। আমরা অশ্বিনী বাবুকে অনুরোধ করি, তিনি মেডিকেল স্কুলের পরিবর্ত্তে একটী আয়ুর্ব্বেদ বিদ্যালয় স্থাপন করুন। তাহাতে দেশের প্রভূত মঙ্গল সাধিত হইবে। দেশের লুপ্তপ্রায় শাস্ত্র এবং ব্যবসায়ের উদ্ধার করা সুশিক্ষিত লোকদিগের একটী প্রধান কর্ত্তব্য।

—এবার এখানে স্বাস্থ্যের অবস্থা মন্দ নহে। এই ক্ষুদ্র বরিশাল নগরে নানা প্রকারের বিদ্যালয় স্থাপিত হইতেছে। দুইটী কলেজ, তিনটী এণ্ট্রেন্স স্কুল, একটী বঙ্গ বিদ্যালয় পূর্ব্ব হইতেই চলিতেছে। অধুনা নিম্নলিখিত কয়েকটী স্কুল খুলিয়াছে—(১) টেকনিকেল স্কুল (২) মেডিকেল স্কুল (৩) হোমিওপ্যাথিক স্কুল (৪) সার্কে স্কুল (৫) সংস্কৃত টোল (৬) মাদ্রাসা ও (৭) নৈশ বিদ্যালয়। শেষোক্ত স্থানে কেবল ইংরেজী সাহিত্য শিক্ষা দেওয়া হয়।

—এবার হইতে সমুদয় বঙ্গদেশে মধ্য ইংরেজী মধ্য বাঙ্গালা ও উচ্চপ্রাইমারী পরীক্ষা সর্ব্বত্র একই রকম প্রশ্ন দিবার ব্যবস্থা হইয়াছে। ইনস্পেক্টরগণ প্রশ্ন প্রস্তুত করিয়া ডিরেক্টর আফিসে পাঠাইবেন, তথায় প্রশ্ন মুদ্রিত হইবে। উত্তর পরীক্ষকগণ পূর্ব্বের ন্যায় ইনস্পেক্টর কর্ত্তৃক নির্ব্বাচিত হইবেন। কেবল জেলা ও মহকুমায় পরীক্ষাস্থান নির্দ্দিষ্ট হইবে। বর্ত্তমান সনের ১০ই অক্টোবর পরীক্ষার তারিখ ধার্য্য হইয়াছে।

—মধ্য শ্রেণীর বিদ্যালয় এবং পাঠশালা গুলির উন্নতির উপায় বিধানার্থ আগামী জুন মাসে ঢাকা নগরীতে পূর্ব্ববঙ্গ চক্রের ডেপুটী ইনস্পেক্টরগণ সমবেত হইবেন। ঢাকার স্কুল ইনস্পেক্টর মহোদয়ের কর্ত্তৃত্বাধীনে এই কনফারেন্সের কার্য্য হইবে।

[ব্রহ্মদেশ] কাচীনে গোলযোগ বাড়িয়া উঠিয়াছে। কাচীনদিগের পক্ষে ক্রমেই লোকবৃদ্ধি করা হইতেছে। ব্রিটিসপক্ষও সৈন্য সংখ্যা বৃদ্ধি করিতেছেন।

[উঃ পঃ] অবৈতনিক ম্যাজিষ্ট্রেটের ন্যায় অবৈতনিক মুন্সেফ নিয়োগের ও যাহাতে ব্যবস্থা হয় উত্তর পশ্চিম প্রদেশীয় গবর্ণমেণ্ট এইরূপ অভিপ্রায় প্রকাশ করিয়াছেন।

[পঞ্জাব] পাতিয়ালার যুবক মহারাজ স্বীয় ঘোড়াশালার সুপরিণ্টেণ্ডেণ্ট সাহেবের মেয়েকে বিবাহ করিয়াছেন। মহারাজ নিজে শিখ, বিবাহও শিখ মতে হইয়াছিল। দৈনিক বলিতেছেন মেয়ে নয় ভগী।

[মি, দে] বড় লাট বাহাদুর দেরাদুনে আসিয়াছেন। মৃগয়া করা মুখ্য উদ্দেশ্য। রাজ্যের প্রজাগণ বড়লাট বাহাদুরের নিকট আপনাদিগের অনেক কষ্ট জানাইয়া ছিলেন। বড় লাট বাহাদুর তাঁহাদের অভিযোগের বিষয়গুলির একে একে খণ্ডন করিয়া দেন।

[কাশ্মীর] সবল সিংহ কাশ্মীর মহারাজের সম্বন্ধে শ্যালক। জম্মুতে ইঁহার নিবাস। চতুরতা ও বুদ্ধিবলে ইনি মহারাজের খুবই প্রিয়পাত্র হইয়া উঠিয়াছিলেন। সবল সিংহকে গোপনে কে হত্যা করিয়াছে। প্রথমে পুত্র ও দুই জন অনুচর হত্যাকারী বলিয়া অভিযুক্ত হয়। পুত্র খালাস পায়, দুইঅনুচরদ্বয়ের চিরকারাবাস দণ্ড হয়। সম্প্রতি আর ৩ জন অভিযুক্ত হইয়াছে। ইহাদের মধ্যে কেহ কেহ অপরাধ স্বীকার করিয়াছে; বলিয়াছে ১০ হাজার টাকার লোভে সবল সিংহকে হত্যা করিয়াছিলাম। হুণ্ডী করিয়া ঐ টাকা আসিয়াছিল। হুণ্ডীওয়ালাদের এজাহার হইয়াছে। রাজার ভ্রাতা সেনাপতি রাম সিংহকেও টান পাড়ান হইয়াছে।

[বেহার] বেতিয়ার মহারাজার মৃত্যু হইয়াছে। রাজা এক্ষণে মহারাজের বড় রাণীর হাতে থাকিবে, আর সিবন সাহেব রাজ্য চালাইবেন, এইরূপ ব্যবস্থা হইয়াছে।

[সাধারণ] একটি ছেলে আর একটি ছেলেকে ছুরীদ্বারা আঘাত করে। আঘাতটি কিন্তু গুরুতর হয়। বিচার বারাকপুরে হইয়াছিল। ম্যাজিষ্ট্রেট অপরাধী বালকটিকে ৪ বৎসরের জন্য চরিত্র সংশোধনাগারে পাঠাইবার আদেশ দেন; আলিপুর আপীলে জজ উক্ত দণ্ড কমাইয়া কেবলমাত্র ত্রিশ ঘা বেত মারার ব্যবস্থা করিয়াছেন।

জমিদারী পঞ্চায়ত সভার উদ্যোগে কলিকাতা মেট্রপলিটন কলেজে যে জমিদারী শিক্ষার ব্যবস্থা করা হইয়াছে তাহার উন্নতিকল্পে দরভাঙ্গার মহারাজ দুইটী পারিতোষিক দিতে প্রতিশ্রুত হইয়াছেন, একটি ১৫০ টাকার, একটি ১০০ টাকার। পরীক্ষার ফল অনুসারে এই পারিতোষিক বিতরণ করা হইবে।

১৮৯১ সালের লোক গণনায় বাঙ্গালার হিন্দুর সংখ্যা ৪ কোটী ৭৮ লক্ষ ২১ হাজার ৪৬৮ জন স্থির হইয়াছে। ১০ বৎসর পূর্ব্বে হিন্দুর সংখ্যা ৪ কোটি ৫৪ লক্ষ ৫২ হাজার ৮২৬ জন স্থির হইয়াছিল।

গত ২৯শে চৈত্র হইতে ৬ঠা বৈশাখ পর্য্যন্ত কলিকাতার পাটের বাজারের সাপ্তাহিক বিবরণ।

সিরাজগঞ্জ ও উত্তর বঙ্গ প্রভৃতি—			
ঐ	শরেস পাট	৫৷৵০ হইতে ৫৷৫	
ঐ	মাঝারী ঐ	৫৵০ " ৫/০	
ঐ	নিরেস ঐ	৪৸৵০ " ৫/০	
নারায়ণগঞ্জ, ময়মনসিংহাদি	ঐ	৫৵০ " ৫৷০	
দেশী [সর্ব্বপ্রকার]	ঐ	৪৷০ " ৫৵০	
ভিজা, দাগি, বস্তাই আদি	ঐ	৩৸৵০ " ৪৷/০	
দেওড়া [সর্ব্বপ্রকার]	ঐ	৩৷০ ,, ৪৸০	

গত পূর্ব্ব সোমবার হইতে গত রবিবার পর্য্যন্ত এক সপ্তাহের আমদানী ৪০০০০ বস্তা

ঐ	রপ্তানী	৭৮০০০ ,,
ঐ	মজুত	১৯২০০০ ,,
গত সপ্তাহের মজুত		২৩০০০০ ,,

মন্তব্য—বাজার সমভাব। শ্রীযুক্ত ইন্দ্রমোহন বন্দ্যোপাধ্যায়। ৫৭ নং বাবুরাম ঘোষের লেন আহীরীটোলা কলিকাতা।

কুষ্ঠ কমিসন বিলাত হইতে যে রিপোর্ট দিয়াছেন, তাহের খবরে তাহার আভাস পাওয়া গিয়াছে। কমিসন বলিয়াছেন—যেখানে ওলাউঠার বেশী প্রাদুর্ভাব কুষ্ঠের প্রাদুর্ভাবও সেই খানে অধিক। গরিব দুঃখীদিগের আহার ব্যবহারের দোষই কুষ্ঠোৎপত্তির হেতু, জল বায়ুর দোষ নহে। বিলাতী টীকায় কুষ্ঠের বিস্তার হয় না। কুষ্ঠ সংক্রামক অথবা বংশগত ব্যাধি নহে। কুষ্ঠ ভারতে কমিতেছে, বাড়িতেছে না। কুষ্ঠাশ্রম ভারতের চারি দিকেই প্রতিষ্ঠিত করা উচিত কিন্তু কোনরূপ আইন কানুনে কুষ্ঠীদিগকে আশ্রমে আনিতে বাধা করা উচিত নহে। আর্সেনিক ও চালমুগরার তৈল কুষ্ঠের ঔষধ।

বেহারের কোন একটি পল্লীস্থ জনৈক মুসলমানের নামে বেনারস হইতে ডাক পার্শেলে কিছু মিষ্টান্ন আইসে। উহার সহিত একখানি পত্র ছিল। পত্র খানি তাহারই কোন আত্মীয়ের লিখিত। মিষ্টান্নের সহিত বিষ মিশ্রিত ছিল। মুসলমানের একটি পুত্র উক্ত মিষ্টান্ন খাইয়া মারা পড়িয়াছে। আর দুই জন খাইয়াছিল, অনেক কষ্টে বাঁচিয়াছে। পুলিস তদন্ত চলিতেছে।

বি এল পরীক্ষায় যত নম্বর রাখিলে পাস হওয়া যায়, ওকালতী পরীক্ষায় পাস হইতে হইলে তদপেক্ষা বেশী নম্বর রাখিতে হয়। যাহাতে উভয় পরীক্ষাতেই সমান নম্বর রাখিবার ব্যবস্থা হয় তজ্জন্য আবেদন করা হইয়াছে। আবেদনে ইহাও বলা হইয়াছে যে, যাহারা উক্ত হারে নম্বর রাখিতে না পারিবে, তাহাদিগকে বরং জজের আদালতে অধিকার না দিয়া মুনসেফী আদালতে অধিকার দিলেই চলিবে।

ভারতের বর্ত্তমান প্রধান সৈন্যাধ্যক্ষ সার জর্জ ইয়ার্ট হোয়াইট সাহেব বড় লাট বাহাদুরের ব্যবস্থাপক সভার অতিরিক্ত সদস্য নিযুক্ত হইয়াছেন।

নূতন আইনে ব্যবস্থাপক সভার সদস্য নির্ব্বাচনবিষয়ে মুসলমানদিগের স্বার্থরক্ষার্থ কি উপায় করা আবশ্যক তদ্বিষয়ে বিবেচনা করিবার জন্য ব্যারিষ্টার আবদুর রহমানের বাটীতে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সেনেট সভার এবং কলিকাতা মিউনিসিপালিটির মুসলমান সদস্যগণ একত্রিত হইয়া একটি সভা করিয়াছিলেন। নির্ব্বাচন ব্যাপারে মুসলমানের স্বার্থ যাহাতে বজায় থাকে তদ্বিষয়ে মুসলমানগণ একযোগে কার্য্য করিবেন; এবং মুসলমানেরা যাঁহাদিগকে ভোট দিবেন, মুসলমানের স্বার্থ রক্ষা করিবেন বলিয়া তাঁহাদিগকে প্রতিশ্রুত হইতে হইবে—সভাস্থলে উত্থাপিত এই দুই প্রস্তাবের অনুমোদন সকলেই করিয়াছেন।

বিলাতে লণ্ডন সহরে লোকে বৎসর ৪ কোটি ৫০ লক্ষ গ্যালন বীয়র, ৮০ লক্ষ গ্যালন পোর্ট শেরি প্রভৃতি এবং ৪৫ লক্ষ গ্যালন ব্রাণ্ডী হুইস্কী প্রভৃতি কড়া মদ্য পান করিয়া থাকেন। গ্লোব নামক পত্র হিসাব করিয়া দেখাইয়াছেন, লণ্ডনে প্রত্যহ প্রত্যেক ব্যক্তি গড়ে এক গেলাস বীয়র, এক গেলাস পোর্ট বা শেরি আর এক চোক মাত্র ব্রাণ্ডি বা হুইস্কী খাইতে পায়। গ্লোব পত্র ইহার জন্য আফসোস করিয়াছেন। তাঁহার মতে উল্লিখিত পরিমাণ প্রত্যেক ব্যক্তির পক্ষে যথেষ্ট নহে। (ইংলিশম্যান)

ইটালীর পার্ব্বত্য প্রদেশে এক প্রকার শিলা পাওয়া যায়। তথায় উহার পূজা হইয়া থাকে। ঐ শিলাকে ইটালীবাসীরা শালগ্রাম বলে। উহা নাকি আমাদিগের দেশের শালগ্রাম শিলার ন্যায়।

আমেরিকার ছাপাখানায় ৩০ হাজার এবং বিলাতের ছাপাখানায় ২ শত স্ত্রীলোক কম্পোজিটর নিযুক্ত হইয়াছে। কলিকাতার সরকারী ছাপাখানায়ও অনেক আসিয়া জুটিয়াছে।

[বৈদেশিক] সম্প্রতি বিলাতের কমন্স সভায় অণ্ডার সেক্রেটরী লর্ড রসেল বলিয়াছেন, " ষ্টেট সেক্রেটরী লর্ড ক্রিয়ার বিবেচনায় ভারতীয় সিবিল সর্ভিসে দেশীয়গণের প্রবেশের যথেষ্ট সুবিধা আছে; অতএব উক্ত পরীক্ষা বিলাত ও ভারত উভয় স্থানেই এককালীন গৃহীত হয় ইহা অভিপ্রেত নহে।

আমেরিকার জনৈক মনিকার মানুষের অবিকল মোমের মূর্ত্তি গড়িয়া এক ছড়া মালা তৈয়ার করিয়াছেন। মালা ছড়াটী চিকাগোর প্রদর্শনীতে পাঠান হইয়াছে।

আমেরিকা হইতে প্রায় আড়াই কোটী টাকার সোণা ইউরোপের দিকে চালান করা হইয়াছে।

বেলজিয়মে যাহাতে অবাধ নির্ব্বাচন প্রথা প্রবর্ত্তিত হয় তথাকার মুটে মজুর প্রভৃতির এই ইচ্ছা। তাহা না হওয়ায় উহারা সকলে ক্ষেপিয়া দাঙ্গা হাঙ্গামা আরম্ভ করিয়াছে। সোসিয়ালিষ্ট সম্প্রদায় এই অবসরে লোকদিগকে উত্তেজিত করিতেছে।

হোমরুল বিল লইয়া কমন্স সভায় বিতর্ক চলিতেছে। প্রথম বারও যে যে আপত্তি করা হইয়াছিল এবারে কেবল তাহারই পুনরুক্তি হইতেছে মাত্র। লর্ড হাটিংটন হোমরুল বিলের বিপক্ষতা করিতেছেন; বলিয়াছেন, আয়র্লণ্ডে স্বতন্ত্র পার্লিয়ামেণ্ট হইলে, অলষ্টরের লোকেরা সেই পার্লিয়ামেণ্টের কার্য্যে বাধা দিবার জন্য যদি যুদ্ধাদি করে তাহাতে কোন দোষ হইবে না। স্বতন্ত্র পার্লিয়ামেণ্ট আয়র্লণ্ডে হইলেই ব্রিটিস পার্লিয়ামেণ্টে আইরিস সভ্যের সংখ্যা কমিয়া যাইবে, তখন আইরিস পার্লিয়ামেণ্টও উঠাইয়া দেওয়া যাইতে পারিবে। গোসেন বলিতেছেন হোমরুল বিলপাস হইলে আইরিষ পার্লিয়ামেণ্টের হাতে যে আর্থিক ভার পড়িবে, আয়র্লণ্ড তাহা বহন করিতে পারিবে না।

কেন সাহেবের প্রশ্নের উত্তরে অণ্ডার সেক্রেটরী রসেল সাহেব বলিয়াছেন, "নূতন আইনে ভারতের অর্থসচিবের পদে ষ্টেটসেক্রেটরী বিলাত হইতে নিজে লোক পাঠাইতে পারিবেন না। সার ডেভিড বার্ব্বারের পদত্যাগের সময় বড় লাট বাহাদুরই তাঁহার পদে লোক বাছিয়া লইবেন।

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—সাঁওতাল পরগণার ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু চন্দ্রনারায়ণ গুপ্ত ১ মাসের ছুটি পাইলেন। গয়া আরাঙ্গাবাদের প্রোটেম সব ডেঃ কঃ বাবু যোগেন্দ্রচন্দ্র ভঞ্জ উক্ত জেলার জাহানাবাদ মহকুমায় বদলী হইলেন। ডেঃ কঃ বাবু গিওনন্দন লালাল রায় দরভাঙ্গা জেলার কঃর কার্য্যভার পাইলেন। পূর্ণিয়ার আঃমাঃ ও কঃ বেল সাহেব মজঃফরপুর জেলার সদরে বদলী হইলেন। মজঃফরপুরের ছুটীপ্রাপ্ত প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী সৈয়দ আলি হাসান পূর্ণিয়া জেলার সদরে বদলী হইলেন। আঃ মাঃ ও কঃ মিঃ গুডিভ চক্রবর্ত্তী আর ৬ মাসের ছুটী পাইলেন। হুগলীর জঃ মাঃ ও ডেঃ কঃ কুমার গিরীন্দ্রনারায়ণ দেব ১ মাসের ছুটী পাইলেন। হাওড়ার মাঃ ও ডেঃ কঃ গ্রিয়ার্সন সাহেব ও মজঃফরপুরের মাঃ ও কঃ হেয়ার সাহেব অপর আদেশ যাবৎ ১ম শ্রেণীর এবং ময়মনসিংহের প্রতিনিধি মাঃ ও কঃ আর লি সাহেব ২য় শ্রেণীর মাঃ ও কঃ হইলেন। জলপাইগুড়ির ডেঃ কমিঃ বইলু সাহেব অপর আদেশ যাবৎ ১ম শ্রেণীর এবং সিংহভূমের ডেঃ কমিঃ রেনি সাহেব ২য় শ্রেণীর ডেঃ কমিঃ হইলেন। প্রতিনিধি ডেঃ কঃ বাবু শ্রীরামচন্দ্র বসু বালেশ্বর জেলার কঃর কার্য্যভার পাইলেন। মেদিনীপুরের প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু রমাপতি চট্টোপাধ্যায় বাঙ্গাল গবর্ণমেণ্টের আয় ব্যয় বিভাগের অধীনে আবকারী কার্য্যের ভার পাইলেন। নিম্নলিখিত কর্ম্মচারিগণ ভিন্ন ভিন্ন জেলার সদরে স্থাপিত হইলেন—জঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ আম্বকাচরণ সেন কটকে; ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু যামিনীমোহন দাস বাথরগঞ্জে, প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু হরিশ্চন্দ্র রায় খুলনায়, প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু চন্দ্রনাথ ঘোষ মেদিনীপুরে, প্রোটেম সব ডেঃ কঃ বাবু অক্ষয়কুমার সেন ২৪ পরগণায়, প্রোটেম সব ডেঃ কঃ বাবু উপেন্দ্রচন্দ্র মুখো সাঁওতাল পরগণায়, প্রোটেম সব ডেঃ কঃ বাবু যতীন্দ্রমোহন সিংহ বালেশ্বরে, প্রোটেম সব ডেঃ কঃ বাবু নিশিকান্ত চট্টো রাজসাহীতে, প্রোটেম সব ডেঃ কঃ বাবু অমৃতলাল গুপ্ত কটকে। ঢাকার প্রতিনিধি ডিঃ ও সেঃ জজ বেট সাহেব ৬ সপ্তাহের, খুলনার ডেঃ মাঃ ডেঃ কঃ বাবু পূর্ণচন্দ্র বসাক আর ২৭ দিনের, পূর্ণিয়ার ডেঃ মাঃ ও ডেঃ কঃ ডেভিডসন সাহেব ৩ মাসের, এবং চট্টগ্রাম কক্সবাজারের ডেঃ মাঃ ও ডেঃ কঃ মানসন সাহেব ২ মাস ১৫ দিনের ছুটী পাইলেন। ভগলপুরের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু রাধামাধব বসু মজঃফরপুর জেলার সদরে বদলী হইলেন। চট্টগ্রামের আঃ মাঃ ও কঃ ডেলিভিঙ্গনি সাহেব কক্সবাজার মহকুমার কার্য্যভার পাইলেন।

আবেদনকারিগণের প্রার্থনা (১) শিক্ষাগারটির বন্দোবস্ত ও কর্ত্তৃত্বের ভার কয়েক জন ব্যক্তির উপরে ন্যস্ত হয়; তন্মধ্যে এক জন থাকিবেন গবর্ণমেণ্টের উচ্চকর্ম্মচারী, কয়েকজন দেশীয় সম্ভ্রান্ত ব্যক্তি এবং কয়েকজন কলিকাতা নিবাসী আয়ুর্ব্বেদাধ্যাপক; (২) চতুষ্পাঠীর ছাত্রগণের যেমন বৎসর বৎসর পরীক্ষা সরকার হইতে গ্রহণ করা হইয়া থাকে দেশীয় কবিরাজগণের নিকট যে সকল ছাত্র আয়ুর্ব্বেদ অধ্যয়ন করিবে তাহাদিগের ও সেইরূপ পরীক্ষা গ্রহণ করা হয় এবং চতুষ্পাঠীর পরীক্ষায় প্রশংসার সহিত উত্তীর্ণ ছাত্রগণকে যেরূপ বৃত্তি দানের ব্যবস্থা আছে, এ স্থলেও সেই রূপ বৃত্তি দানের ব্যবস্থা হয়; তবে চতুষ্পাঠীর পরীক্ষায় অধ্যাপকগণও পুরস্কৃত হইয়া থাকেন, আয়ুর্ব্বেদের পরীক্ষায় অধ্যাপককে পুরস্কার দিবার আবশ্যক নাই। (৩) প্রস্তাবিত শিক্ষাগারের ব্যয় যত দিন না উহারই আয় হইতে সরবরাহ হইতে পারে ততদিন গবর্ণমেণ্ট অর্থসাহায্য করিবেন এবং উহার জন্য যে সমস্ত টাকা উঠিবে গবর্ণমেণ্ট তাহা হাতে করিয়া লইবেন। (৪) ছাত্রগণকে প্রথম বৎসর ক্যাম্বেল মেডিকেল স্কুলে বিনা ব্যয়ে শারীরতত্ত্ব শিক্ষা করিবার অনুমতি দেওয়া হয়। (৫) ছোটলাট বাহাদুর স্বয়ং ইহার পৃষ্ঠপোষক হন এবং যাঁহাদের হস্তে কর্ত্তৃত্বভার থাকিতে পারিবে এরূপ ব্যক্তিগণকে মনোনীত করিয়া লইয়া জনৈক উচ্চ সরকারী কর্ম্মচারীকে অধ্যক্ষ স্বরূপে মনোনীত করেন।"

আয়ুর্ব্বেদোক্ত চিকিৎসাপ্রণালীর উত্তরোত্তর উন্নতি হওয়া দূরে থাকুক, ক্রমশঃ ইহার অবনতিই ঘটিতেছে। পাশ্চাত্যশিক্ষামন্ত্রে মুগ্ধ দেশীয়গণ পাশ্চাত্য চিকিৎসাপ্রণালীর একান্ত অনুরাগী হইয়া দেশীয়ের সম্যক্ উপযোগী সর্ব্বাঙ্গপূর্ণ আয়ুর্ব্বেদোক্ত চিকিৎসাপ্রণালীর উপর বিরাগ প্রদর্শন করিতেছেন। সাধারণের উপযুক্ত উৎসাহের অভাবে অল্পবিত্ত দেশীয় চিকিৎসকগণ চিকিৎসা নিপুণ হইয়াও অনেক সময়ে অর্থাভাবে রীতিমত ঔষধাদি প্রস্তুত করিয়া উঠিতে পারেন না; সুতরাং অনেক স্থলে ঔষধের

দোষে তাঁহাদের চিকিৎসার উপযুক্ত ফল ফলে না বলিয়াও দেশীয় চিকিৎসা প্রণালীতে লোকের আস্থা কমিয়া যায়, কিন্তু আজ কাল দেশীয় চিকিৎসা প্রণালীর উপর ইংরাজী শিক্ষিত সম্প্রদায়ের ভক্তি শ্রদ্ধা যেন একটু বাড়িয়া আসিতেছে বলিয়া বোধ হইতেছে। এরূপ অবস্থায় আয়ুর্ব্বেদীয় চিকিৎসার উন্নতিসিধানকল্পে আবেদনকারীদিগের উল্লিখিতরূপ চেষ্টা সময়োচিতই হইয়াছে। দেশীয় মহাশয়গণ এই সময়ে এতৎসম্বন্ধে যথাসাধ্য পৃষ্ঠপোষকতা করেন ইহাই প্রার্থনীয়।

জমিদারী পঞ্চায়ত সভা।

জমিদারী পঞ্চায়ত সভার তৃতীয় সাম্বৎসরিক রিপোর্ট প্রকাশিত হইয়াছে। এই এক বৎসর কালে ১৬ জন নূতন সভ্য পঞ্চায়ত সভায় যোগদান করিয়াছেন, কিন্তু বৎসরকালের মধ্যে পাবনার রাজা কিশোরীলাল রায় বাহাদুর, সাতক্ষীরার বাবু মন্মথনাথ রায় চৌধুরী, নড়াইলের বাবু উপেন্দ্রচন্দ্র রায়, বাবু হেমন্তকুমার ঘোষ ও পণ্ডিত প্রাণনাথ সরস্বতী—এই কয়জন সুযোগ্য সভ্যের মৃত্যু হওয়ায় এবং এক জন সভ্য সভার সংস্রব পরিত্যাগ করায় পঞ্চায়তের সদস্যসংখ্যা প্রকৃতপ্রস্তাবে ১০ জন মাত্র বৃদ্ধি পাইয়াছে।

গত বৎসরে কমিটির আলোচ্য বিষয়গুলির মধ্যে বেহারের থাকজরিপ ও মেট্রপলিটন ইনষ্টিটিউসনে জমিদারী শিক্ষার ব্যবস্থা, এই দুইটিই সর্ব্ব প্রধান। বেহারের থাক জরিপের প্রতিবাদ করিয়া ব্রিটিস ইণ্ডিয়ান এসোসিয়েসন, ভগলপুর, বেহার, ত্রিহুতের জমিদার সভা এবং জমিদারী পঞ্চায়ত ও অপরাপর সভা একযোগে ভারতগবর্ণমেণ্টের নিকট আবেদন করেন। আবেদনে কোনই ফল ফলে নাই। ইণ্ডিয়ান প্রপার্টি এসোসিয়েসন এ বিষয় ষ্টেটসেক্রেটরী ও বিলাতের কমন্স সভাকে জানাইবার মানস করিয়া পঞ্চায়ত সভাকে এ বিষয়ে যোগদান করিতে অনুরোধ করিয়াছেন। জমিদারী বিষয়ে শিক্ষা দেওয়ার জন্য মেট্রপলিটন ইনষ্টিটিউসনে একটি বিশেষ শ্রেণী খোলা হইয়াছে। আপাততঃ উক্ত শ্রেণীতে আইন ও জমিদারী শিক্ষা দেওয়া হইতেছে। রাজা সৌরীন্দ্রমোহন ঠাকুর ও রাজা শশিশেখরেশ্বর রায় বাহাদুর উৎসাহ দিবার অভিপ্রায়ে পঞ্চায়তের হাত দিয়া ছাত্রদিগের মধ্যে সোণার মেডেল দিবার ব্যবস্থা করিয়া দিয়াছেন।

কৃষির উন্নতিসাধন বিষয়েও পঞ্চায়তের কোনরূপ যত্নের ত্রুটি হয় নাই। ভাল আলু যাহারা প্রস্তুত করিতে পারিবে এবং আলুর চাষ বাড়াইতে পারিবে রাণাঘাটের বাবু সুরেন্দ্রনাথ পাল চৌধুরী তাহাদের মধ্যে প্রথম দুই জনকে দুইটি রূপার মেডেল দিবার ব্যবস্থা করিয়াছেন। গবর্ণমেণ্টের কাশিম বাজারের রেশম বিভাগের সুদক্ষ কর্ম্মচারী বাবু নৃত্যগোপাল মুখোপাধ্যায় এবং কাশীপুরের কৃষি উদ্যানের বাবু হেমচন্দ্র মিত্রের সহায়তায় পঞ্চায়ত সভা রেশমী শিল্পের এবং তুঁত চাষের উন্নতি সাধন করিয়াছেন। এতদ্ভিন্ন নূতন জমিদারী শ্রেণীতে ছাত্রগণকে যাহাতে কৃষিবিষয়ে শিক্ষা দেওয়া হয় তাহারও সঙ্কল্প হইতেছে।

সম্ভ্রান্ত লোকের বালকদিগের শিক্ষার্থ একটি স্বতন্ত্র কলেজ যাহাতে প্রতিষ্ঠিত হইতে পারে পঞ্চায়ত সভা সে চেষ্টাও করিতেছেন। আজমীর মেয়ো রাজকুমার কলেজের অধ্যক্ষ উইলিয়ম লক্ সাহেব এ বিষয়ে পঞ্চায়তকে যথাসাধ্য সাহায্য করিতে স্বীকৃত হইয়াছেন।

পঞ্চায়ত সভার সালিস বিভাগের কার্য্য উক্ত বৎসর সন্তোষজনক হইয়াছে। যে সমস্ত বিবাদ আদালতে উপস্থিত হইলে উভয় পক্ষের অনেক অর্থব্যয় হইত এরূপ অনেকগুলি বিবাদ সভা মধ্যস্থ হইয়া মিটাইয়া দিয়াছেন। উক্ত বৎসর বাঙ্গালায় সাধারণতঃ সর্ব্ব স্থানেই অন্নকষ্ট উপস্থিত হওয়ায় জমিদারগণকে প্রজালোকের সাহায্যার্থ অনেক অর্থ ব্যয় করিতে হইয়াছিল, সুতরাং পঞ্চায়ত সভার আয়ে কিছু ব্যাঘাত পড়িয়াছিল। ৩০।৪০ হাজার টাকা ব্যয়ে সভার জন্য যে নূতন বাড়ী নির্ম্মাণ হইবার কথা হইয়াছিল তাহা আপাততঃ স্থগিত থাকিল। সর্ব্বশুদ্ধ উক্ত বৎসর সভার আয় ৩৯৬০৲ টাকা ও ব্যয় ৩৮৬১৲ টাকা হইয়াছে। ইহার পূর্ব্ব বৎসরে আয় ৩৫০৫৲ টাকা ও ব্যয় ৩৪৯৯৲ টাকা হইয়াছিল।

নিম্নলিখিত মহোদয়গণ ১৮৯২-৯৩ সালের কার্য্যকরী কমিটীর কর্ম্মচারী ও সদস্য নিযুক্ত হইয়াছেন—

দরভাঙ্গার মহারাজ—প্রেসিডেণ্ট।

ডিরেক্টর।

দরভাঙ্গার মহারাজ—জমিদার শ্রেণীর এবং জমিদারী কার্য্যের উন্নতি সাধন বিভাগ।

স্যর রমেশচন্দ্র মিত্র নাইট—সালিশ বিভাগ।

রাজা স্যর সৌরীন্দ্রমোহন ঠাকুর কে সি আই ই—জমিদার ও অন্যান্য সম্প্রদায় মধ্যে সদ্ভাববর্দ্ধন বিভাগ।

বাবু সুরেন্দ্রনাথ পাল চৌধুরী—কৃষির উন্নতি সাধন বিভাগ।

বাবু ভূদেব মুখোপাধ্যায় সি আই ই—শিক্ষা বিভাগ।

রাজা গোবিন্দলাল রায় বাহাদুর ও বাবু পশুপতি নাথ বসু—ট্রষ্টি।

এম এম ঘোষ এস্কোয়ার বারিষ্টার ও বাবু যোগেন্দ্রনাথ বসু এম এ বি এল—আইন বিষয়ক পরামর্শ দাতা।

বাবু অন্নদাপ্রসন্ন মুখোপাধ্যায় (গোবর ডাঙ্গা) ও বাবু শিবপ্রসন্ন ভট্টাচার্য্য বি এল—অডিটর।

বাবু দ্বিজেন্দ্রনাথ ঠাকুর—সেক্রেটরী।

বাবু প্রসন্নকুমার রায় চৌধুরী—জয়েণ্ট সেক্রেটরী।

বাবু অন্নদাচন্দ্র দাস—আসিষ্টাণ্ট সেক্রেটরী।

এতদ্ভিন্ন আর ৩২ জন কার্য্যকরী কমিটীর সদস্য মনোনীত হইয়াছেন।

বিশ্ববিদ্যালয়ে সংস্কৃত শিক্ষা।

বিশ্ববিদ্যালয় হইতে সংস্কৃত পাঠ্য একেবারে উঠিয়া যায় সহযোগী অমৃত বাজার পত্রিকার এই ইচ্ছা। সম্প্রতি একটী প্রবন্ধে তিনি সেই ইচ্ছা ব্যক্ত করিয়াছেন। সহযোগী বলিয়াছেন, "শিক্ষার সম্পূর্ণতা সাধন জন্য জগতের কোন জাতির মধ্যে শিক্ষার্থিগণকে বাধ্য হইয়া দুইটী বিজাতীয় ভাষার শিক্ষায় প্রবৃত্ত হইতে হয় না।" সহযোগীর এই কথার প্রতিবাদ করিয়া ইণ্ডিয়ান নেশন পত্রিকা যে কয়েকটী কথা লিখিয়াছেন—পাঠকগণের অবগতির জন্য তাহারই মর্ম্ম নিম্নে বিবৃত করা যাইতেছে—

"সহযোগী যাহা বলিয়াছেন প্রকৃত ব্যাপার কিন্তু তাহার ঠিক বিপরীত। পৃথিবীর সকল জাতিই বিশেষতঃ প্রতীচ্য জগতের প্রত্যেক সভ্য জাতির মধ্যেই শিক্ষার্থিগণ শিক্ষার সম্পূর্ণতা সাধন জন্য দুইটি বিজাতীয় ভাষার (গ্রীক ও লাটিন) শিক্ষা করিয়া থাকেন। সংস্কৃতের সহিত বাঙ্গালার যেরূপ সম্বন্ধ, লাটিন অথবা গ্রীকের সহিত ইংরেজী, ফরাসী অথবা জর্ম্মণ ভাষার সেরূপ সম্বন্ধ নহে; পবিত্র ভাষাবোধে সংস্কৃতের উপর ভারতবাসীর যেরূপ একটা আন্তরিক ভক্তি ও শ্রদ্ধা আছে, লাটিন অথবা গ্রীকের উপর ইংরেজ, ফরাসী অথবা জর্ম্মণের সেরূপ ভক্তি শ্রদ্ধা নাই। এরূপস্থলে ইংরেজ, ফরাসী অথবা জর্ম্মণকে লাটিন এবং গ্রীক ভাষা আয়ত্ত করিতে যে পরিমাণ ক্লেশ করিতে হয় ভারতবাসীকে সংস্কৃত ভাষা আয়ত্ত করিতে সে পরিমাণ ক্লেশানুভব করিতে হইবে না। ফলতঃ ইংরাজী না পড়িলে আমাদের চলে না; আর সেই ইংরেজী পড়িতে হয় বলিয়াই সংস্কৃত পড়া উচিত, যেহেতু ইংরেজী পড়িয়া সচরাচর যে দোষগুলি ঘটিয়া থাকে সংস্কৃতের দ্বারা সেই দোষগুলির সংশোধন হইতে পারে। কেবল মাত্র ইংরেজীর অধ্যয়নে হিন্দুর মন ইংরেজী ভাবাপন্ন হইয়া পড়ে, কিন্তু সে স্থলে সংস্কৃতের অধ্যয়ন থাকিলে সেই ভাব ঘুচিয়া জাতীয়ভাব হৃদয়ে পুনঃ প্রতিষ্ঠিত হইতে পারে। প্রথম প্রথম যাঁহারা ইংরাজী শিখিয়াছিলেন তাঁহাদের মধ্যে সাহেবী ভাব অনেকটা দাঁড়াইয়াছিল, কিন্তু আজ কাল যে ইহার কতকটা ব্যতিক্রম দেখা যাইতেছে ইহা সংস্কৃত শিক্ষা বিস্তারের ফল ব্যতীত আর কিছুই নহে। বাঙ্গালা ভাষার উন্নতিকল্পে সংস্কৃত শিক্ষার বিশেষ প্রয়োজনীয়তা দৃষ্ট হয়। বস্তুতঃ আজ কালের বাঙ্গালা পড়িয়া বাঙ্গালা ভাষা রীতিমত শিক্ষা ও তাহার উন্নতিসাধন সম্ভবপর নহে। বাঙ্গালা ভাষার যতটা উন্নতি যাঁহাদ্বারা হইয়াছে এবং হইতেছে, তন্মধ্যে সংস্কৃতে অনভিজ্ঞ কেহই নহেন; ইংরেজী ও সংস্কৃত সকলেই অধ্যয়ন করিয়াছেন।

সামান্যরূপ সংস্কৃতের অধ্যয়নেও কতকটা নৈতিক ঔৎকর্ষ লাভ ঘটিয়া থাকে; কিন্তু শুধু ইংরেজী একটু শিখিয়াই অনেকে একেবারে প্রতিমাদ্বেষী হইয়া উঠে এবং অখাদ্য ভক্ষণেও সমধিক আগ্রহ দেখাইয়া থাকে।

সংস্কৃত শিক্ষা বাঙ্গালীর পক্ষে যে বিশেষ দুরূহ তাহা নহে। ফলকথা, রীতিমত করিয়া শিখাইতে পারিলে বাঙ্গালীর ছেলেদের পক্ষে উহা শিখিয়া উঠা তত কঠিন হয় না। বাঙ্গালার সহিত নিকট সম্বন্ধ বলিয়া শব্দার্থ শিক্ষার জন্য বিশেষ ক্লেশানুভব করিতে হয় না এবং কোন বাঙ্গালা অথবা ইংরাজী ব্যাকরণ হইতে ব্যাকরণ শিখাইবার প্রয়াস না পাইয়া যদি মূল সংস্কৃত ব্যাকরণ রীতিমত পড়াইতে পারা যায় তবে ব্যাকরণও ততটা নীরস বোধ হয় না অথচ অল্পকাল মধ্যেই আয়ত্ত হইয়া পড়ে।"

বিশ্ববিদ্যালয় হইতে সংস্কৃত একেবারে উঠিয়া যায় ভূয়োদর্শীদিগের এরূপ অভিপ্রেত নহে। সংস্কৃতের

আলোচনাই হিন্দুর প্রকৃত উন্নতির একটী নিদান স্বরূপ বলিয়া যাঁহাদের বিশ্বাস আছে, সংস্কৃতের চর্চ্চায় হিন্দুর পাশবভাব কমিয়া দিব্যভাবের বৃদ্ধি হয় বলিয়া যাঁহারা মনে করেন, বিধি-প্রতিপালনকারী হিন্দুর দৈনন্দিন জীবন সংস্কৃতের সহিত নিত্যসম্বদ্ধ বলিয়া যাঁহারা জানেন, বিশ্ববিদ্যালয়ে ইংরাজী অধ্যয়নকারী শিক্ষার্থীদিগের মধ্যে সংস্কৃতের চর্চ্চা একেবারে উঠাইয়া দেওয়া তাঁহারা সমীচীন বলিয়া মনে করিতে পারেননা; তবে হইতে পারে যে, স্বার্থান্ধ সম্প্রদায় বিশেষের কেহ কেহ স্বার্থসাধনের বশবর্ত্তী হইয়াই ঐরূপ সংস্কৃত শিক্ষার প্রতিকূলতাচরণ করিয়া থাকেন।

ব্যবস্থাপক সভার সদস্য নির্ব্বাচন সংক্রান্ত নূতন নিয়মানুসারে দরভাঙ্গার মহারাজ পাটনা বিভাগ হইতে জেলা বোর্ডের তরফে বাঙ্গাল গবর্ণমেণ্টের ব্যবস্থাপক সভার সদস্য নির্ব্বাচিত হইলেন। ৭টি ভোটের মধ্যে দুইটি কেবল মহারাজের প্রতিকূলে হইয়াছিল। রাজসাহী বিভাগের মিউনিসিপ্যালিটী ব্যারিষ্টার মিঃ এ চৌধুরীকে এবং প্রেসিডেন্সী বিভাগের মিউনিসিপ্যালিটি মিঃ লালমোহন ঘোষকে উক্ত সভার সদস্য পদে মনোনীত করিয়াছেন। চট্টগ্রাম হইতে হাইকোর্টের উকিল মৌলবী সেরাজ উল্ ইস্লাম নির্ব্বাচিত হইয়াছেন।

আমরা দক্ষিণেশ্বর রিডিং ক্লবের চতুর্দ্দশ বার্ষিকী বিবরণী প্রাপ্ত হইয়াছি। এই এক বৎসর কাল মধ্যে ক্লবের যে সকল দিকেই উন্নতি হইয়াছে উক্ত বিবরণী দৃষ্টে তাহা বেশ বুঝা যায়। আমরা সর্ব্বান্তঃকরণে এই রিডিং ক্লবের উত্তরোত্তর উন্নতি কামনা করি।

প্রাপ্তি-স্বীকার ও সমালোচনা।

The Third Annual Report of the Zemindari Panchayet. 1299.

The Indian Magazine and Review April, 1893.

The Fourteenth Annual Report of the Dakhineswar Reading Club and Library, 1893.

Annual Report on the Lunatic Asylums of Bengal for the year 1892; —আমরা ইহার সারাংশ পত্রিকানিবদ্ধ করিয়াছি।

বেদব্যাস চৈত্র ১২৯৯।

সজ্জনতোষণী জ্যৈষ্ঠ ১৩০০।

সাহিত্য ও বিজ্ঞান এপ্রিল ১৮৯৩।

বিদ্যোদয় জ্যৈষ্ঠ ১৩০০।

বেহারবন্ধু এপ্রিল ১৮৯৩।

ভারতী বৈশাখ ১৩০০।

পূর্ণিমা—হুগলী হইতে প্রকাশিত এবং কয়েক জন কৃতবিদ্য লেখক কর্ত্তৃক পরিচালিত মাসিক পত্র। ১ম ভাগ, ১ম সংখ্যা বৈশাখ ১৩০০—পত্রিকাখানি যথানিয়মে পরিচালিত হইতে থাকিলে অনতিকালমধ্যেই যে উহা একখানি উচ্চদরের মাসিক পত্রিকা মধ্যে গণ্য হইবে এরূপ আশা করিতে পারা যায়। প্রাপ্ত সংখ্যায় 'সূচনা' ও ক্ষুদ্রপ্রবন্ধ 'ইসারা'টি পাঠ করিয়া আমরা পরিতুষ্ট হইয়াছি। 'সন ১২৯৯ শেষ' লেখকের রসিকতা প্রশংসনীয়।

ব্যায়াম সোপান—মেদিনীপুর কলেজের ব্যায়াম শিক্ষক শ্রীরামচরণ সেন প্রণীত—পুস্তক খানির ছাপা সুন্দর এবং ভাষাও বালকদিগের সুবোধ্য। ইহাতে ডন কুস্তি মুগুর ভাঁজা প্রভৃতি দেশীয় ব্যায়ামের প্রতি বিশেষ লক্ষ্য রাখা হইয়াছে এবং বাঁয়ে ঘোরা, উপর দিকে পা করিয়া চলা প্রভৃতি ব্যায়ামকে সঙ্গতরূপে অস্বাভাবিক বলা হইয়াছে। ইহাতে ফুটবল খেলার উল্লেখ নাই—এটি আহ্লাদের বিষয়। ইহাতে কয়েক খানি সুন্দর ছবি দেওয়া হইয়াছে। মূল্য চারি আনা মাত্র।

The Chaitanya Library Journal, Edited by Rev. Alex. Tomory M A—Vol I. No I. April 1893—ডিমাই ৮ পেজি আকারে ৪৮ পৃষ্ঠার মাসিক পত্র। চৈতন্য লাইব্রেরি সংক্রান্ত বক্তৃতাসমূহ সম্পূর্ণ অথবা আংশিকভাবে ইহাতে প্রকাশিত হইবে। এতদ্ব্যতীত সাধারণের প্রীতিকর বৈজ্ঞানিক বিষয় এবং অপরাপর বিষয়ও লেখা হইবে। আমরা প্রথম সংখ্যা পাঠে পরিতৃপ্ত হইয়াছি। ইহাতে অনেক জ্ঞাতব্য বিষয় আছে। বাৎসরিক মূল্য বৎসরে ডাকমাসুল সমেত ১৵০ মাত্র।

সুচিন্তা—মাসিক পত্র, দ্বিতীয় ভাগ ১ম সংখ্যা বৈশাখ ১৩০০ সাল।

দাসী—বৈশাখ ১৩০০।

তত্ত্ববোধিনী পত্রিকা—জ্যৈষ্ঠ ব্রাহ্ম সাম্বৎ ৬৪।

সারকথা—প্রথম ভাগ—শ্রীআশুতোষ মুখোপাধ্যায় প্রণীত। মূল্য ।০ আনা মাত্র। গ্রন্থকার আমাদের অপরিচিত নহেন। ইহার প্রণীত 'নিত্যতত্ত্ব গীতাবলী' প্রকৃত কবিত্বের পরিচায়ক। 'সারকথা' গ্রন্থখানি আমরা আদ্যন্ত পাঠ করিয়াছি। আধ্যাত্মিকাদি যে সমস্ত ভাব সময়ে সময়ে ভাবুকের হৃদয়ে স্বতঃই উৎপন্ন হইয়া থাকে সেই সমস্ত ভাবের সারাংশ মাত্র অবলম্বন করিয়া সরল কথায় প্রচলিত ছন্দোবদ্ধ প্রবাদবাক্যের অনুরূপ আকারে গ্রন্থকার 'সারকথা' লিখিয়াছেন। এরূপ ভাবের পুস্তক একপ্রকার এই নূতন। স্থানাভাব না হইলে আমরা উহার কয়েকটি স্থান উদ্ধৃত করিতাম। 'সারকথা' প্রকৃতই যে সারকথা হইয়াছে সে পক্ষে আর সন্দেহ নাই।

সাপ্তাহিক সংবাদ।

[কলিকাতা] ইংলণ্ড প্রভৃতি সভ্যদেশে অন্ধ, বধির ও মূকদিগের জন্য বিদ্যালয় স্থানে স্থানে প্রতিষ্ঠিত হইয়াছে এবং তদ্দ্বারা সুফল দর্শিতেছে। ভারতবর্ষের মধ্যে বোম্বাই প্রদেশে খৃষ্টান মিসনরিগণ এ কার্য্যের সূচনা করিয়াছেন। বঙ্গদেশে এপর্য্যন্ত এরূপ কোনও অনুষ্ঠান না দেখিয়া বর্ত্তমান মাসের প্রথম হইতে সিটি কলেজে বধির ও মূকদিগের জন্য একটি শ্রেণী খোলা হইয়াছে। একটি উপযুক্ত শিক্ষকের হস্তে শিক্ষাদানের ভার সমর্পিত হইয়াছে। ২টী ছাত্র এই শ্রেণীভুক্ত হইয়া অল্পদিন মধ্যে যথেষ্ট উন্নতি প্রদর্শন করিয়াছে।

সাধারণ শিক্ষা ভিন্ন ছাত্রদিগকে কথা কহা, ড্রইং প্রভৃতি শিক্ষা দেওয়া হইতেছে। ছাত্রের বেতন ৫৲ পাঁচ টাকা নির্দ্দিষ্ট হইয়াছে। অবস্থানুসারে অল্পরূপ ব্যবস্থা হইতে পারে। গ্রীষ্মাবকাশে এই শ্রেণী খোলা আছে। ১০টা হইতে ৪টা পর্য্যন্ত কার্য্য চলিয়া থাকে। প্রত্যুৎসংক্রান্ত বিশেষ বিবরণ শিক্ষক শ্রীযুক্ত বাবু দীনাথ সিংহের নিকট অনুসন্ধান করিলে জানিতে পারা যাইবে।

[বর্দ্ধমান] শ্রীঅবিনাশ বন্দ্যোপাধ্যায়, সুগন্ধা ভুল—"৭ দিয়া কোনও রাশি ভাগ করা যায় কি না তাহা দেখিবার উপায় এ পর্য্যন্ত কোন অঙ্ক পুস্তকে বিবৃত হয় নাই। মনে করুন ৭৩৫ এই সংখ্যা ৭ দিয়া ভাগ করিতে হইবে। একক স্থানের রাশির দ্বিগুণ, সংখ্যার অবশিষ্ট রাশি হইতে বিয়োগ করিয়া নূতন যে সংখ্যা হইবে তাহার আবার একক স্থানের রাশির দ্বিগুণ, সংখ্যার অবশিষ্ট রাশি হইতে বিয়োগ করিলে পরে যে অবশিষ্ট থাকিবে তাহা যদি ৭এর ভাজ্য হয় তবে সেই প্রাথমিক সংখ্যা ৭ দ্বারা বিভাজ্য হইবে। অথবা একক স্থানের রাশির দ্বিগুণ, সংখ্যার অবশিষ্ট রাশিগুলি হইতে বিয়োগ করিলে যদি (শূন্য) ০ অবশিষ্ট থাকে তাহা হইলেও উক্ত সংখ্যা ৭ দ্বারা বিভাজ্য। এই নিয়মানুসারে ৭৩৫ এই সংখ্যার একক স্থানের রাশি ৫ কে দ্বিগুণ করিয়া অর্থাৎ ১০, সংখ্যার অবশিষ্ট রাশি ৭০ হইতে বিয়োগ করিলে ৬৩ থাকে। আবার এই নূতন সংখ্যার ৬৩র একক স্থানের রাশি ওকে দ্বিগুণ করিয়া তাহা সংখ্যার অবশিষ্ট রাশি ৬ হইতে বিয়োগ করিলে ০ থাকে সুতরাং প্রাথমিক সংখ্যা ৭৩৫,৭ এই রাশি দ্বারা বিভাজ্য। আর একটী দৃষ্টান্ত স্বরূপ ১২৬ লওয়া হউক। ইহার একক স্থানের রাশি ওকে দ্বিগুণ করিয়া তাহা সংখ্যার অবশিষ্ট রাশি ১২ হইতে বিয়োগ করিলে (শূন্য) ০ থাকে সুতরাং ১২৬ সাতের দ্বারা বিভাজ্য।"

[ঢাকা]—আগামী মাসের দ্বিতীয় সপ্তাহে ঢাকায় শিক্ষা বিভাগের ইনস্পেক্টর আসিষ্টাণ্ট ইনস্পেক্টর, ডেপুটী ইনস্পেক্টর প্রভৃতির একটি কনফারেন্স বসিবে। পূর্ব্ববঙ্গের বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার ফল এবারে অতিশয় সন্তোষজনক হইয়াছে।

[চট্টগ্রাম] নূতন নিয়মানুসারে চট্টগ্রাম বিভাগ হইতে মৌলবী সেরাজুল ইসলাম খাঁ বাহাদুর বাঙ্গালাগবর্ণমেণ্টের ব্যবস্থাপক সভার সদস্য নির্ব্বাচিত হইয়াছেন।

[উড়িষ্যা] কিয়ঞ্জরের রিন্দ্রাট আওও মিটে নাই। এখনও তথায় ছোট খাট যুদ্ধবিগ্রহাদি রূপ গোলযোগ ঘটিতেছে বলিয়া শুনা যাইতেছে।

[বেরার] পেতিয়ার মহারাজার কিছু দিন হইল মৃত্যু হইয়াছে। সম্প্রতি ছোটলাট বাহাদুর এই ব্যবস্থা করিয়াছেন যে মৃত মহারাজের ছোট মহারাণী মাসহারা পাইবেন; বড় মহারাণী একটী দত্তক পুত্র গ্রহণ করিতে পারিবেন। দত্তক পুত্রের নাবালগ অবস্থায় গিবন সাহেবই ম্যানেজার নিযুক্ত হইবেন।

[মান্দ্রাজ] মান্দ্রাজের সেনাপতি সার কেমুস্ বর্ম্মরকে বাবে মারিয়াছে। ব্রহ্মের সেনাপতি ষ্টুয়ার্ট আপাততঃ তাঁহার পদে কার্য্য করিবেন।

মান্দ্রাজ ও বোম্বাই—এই উভয় সেনাদলে যাহাতে স্বতন্ত্র প্রধান সেনাপতি রাখা না হয় তদ্বিষয়ে একটি আইন হইবার উদ্যোগ হইতেছে।

বিগত বি এ, পরীক্ষায় এবার অনেক ছাত্র অনুত্তীর্ণ হইয়াছে। অনুত্তীর্ণদিগের মধ্যে অনেকে একত্র মিলিয়া পরীক্ষার প্রশ্ন নির্ব্বাচনাদি বিষয়ে দোষ দেখাইয়া যাহাতে পুনরায় আর একটি পরীক্ষা গৃহীত হয় তজ্জন্য ভাইস চান্সেলার ও সিণ্ডিকেটের মেম্বরদিগের নিকট একখানি আবেদন পাঠাইয়াছে।

[সাধারণ] কবিরাজদিগের মধ্যে মৃত সঞ্জীবনী নামে একটি ঔষধ আছে। উক্ত ঔষধের কতকটা মাদকতা শক্তি আছে। জনৈক কবিরাজের নিকট উক্ত ঔষধ পাইয়া বর্দ্ধমানের ডেপুটী ম্যাজিষ্ট্রেট তাঁহার পরিমাণ করিয়াছেন। পাইওনিয়র বলিতেছেন হিন্দুদিগের মধ্যে যখন মাদকতা-শক্তি সম্পন্ন ঔষধ প্রচলিত আছে, তখন ইংরেজেরা এদেশে আসিবার পূর্ব্বেও হিন্দুদিগের মধ্যে মদ্যপান প্রচলিত ছিল।

কলিকাতার ইণ্ডিয়ান এসোসিয়েসন লণ্ডনের 'ডেলি নিউস' নামক পত্রিকায় তারযোগে নিম্নলিখিত সংবাদটি পাঠাইয়াছেন—"বাঙ্গালায় জুরি বিভ্রাট ঘুচিয়াছে, আসামে অদ্যাপি ঘুচে নাই। আসামে জুরিপ্রথা ৫০ বৎসর হইল প্রবর্ত্তিত হইয়াছে। এবং তত্রত্য জুরির কার্য্যপ্রণালী সম্বন্ধে সরকারী কর্ম্মচারিগণ বিশেষ প্রশংসা করিয়াছেন।" আসামের জুরিবিভ্রাট ঘুচিয়াছে বলিয়া সম্প্রতি সংবাদ আসিয়াছে।

ইনকম ট্যাক্স রিটর্ণের যে নূতন 'ফারম' বাহির হইয়াছে তন্মধ্যে কতিপয় আপত্তিকর জিজ্ঞাস্য বিষয় আছে। চেম্বর অফ কমর্স এবং ব্যবসায় সমিতি উক্তরূপ 'ফারমে'র ব্যবহার বিষয়ে আপত্তি করিয়াছেন।

ভূমি ও কৃষির উন্নতিবিধানার্থ বাঙ্গালা গবর্ণমেণ্ট ১ লক্ষ টাকা মঞ্জুর করিয়াছেন। বিভাগীয় কমিশনরগণ স্ব স্ব বিভাগে অবস্থা বুঝিয়া অল্প সুদে কৃষকদিগকে টাকা ধার দিবেন। এতদর্থে দেড় লক্ষ টাকা ব্যয়িত হইবে। অবশিষ্ট ৫০ হাজার রাজস্ব বোর্ডের হাতে থাকিবে। বোর্ড, কমিশনর, ডিষ্ট্রিক্ট প্রভৃতি আকস্মিক উপপ্লব ঘুচাইবার জন্য উক্ত টাকা ব্যয় করিবেন। জেলার ম্যাজিষ্ট্রেটের নিকট হইতে উপযুক্ত জামিন দিয়া টাকা ধার লইতে হইবে।

বিলাতের রথ্‌স্ চাইল্ডস পরিবারের মধ্যে বহু দিনের প্রচলিত একটি পদ্ধতি আছে এই যে, উক্ত পরিবারের মধ্যে কোন কন্যার জন্ম হইলে তাহাকে ৫০০ গিনি মূল্যের ৬টি মুক্তা পরাইয়া দেওয়া হয়। এইরূপে কন্যার ২১ বৎসর বয়ঃক্রম পর্য্যন্ত প্রতি বৎসর তাহার জন্ম দিন উপলক্ষে ঐরূপ ৬টি করিয়া মুক্তা দেওয়া হয়।

অষ্ট্রীয়ার সম্রাট প্রতি বৎসর নিয়মিত উৎসব করিয়া বৃদ্ধের পাদধৌত করিয়া থাকেন। একজন পাদরী প্রথমে একটি সোণার গাড়ু করিয়া ১২ জন বৃদ্ধের পায়ে জল ঢালিয়া দেন; পরে সম্রাট এক খানি সুমনোহর গামছা দ্বারা তাঁহাদিগের পা মুছাইয়া দিয়া প্রত্যেককে একটি করিয়া রজত নির্ম্মিত পাত্র, একটি মদ্যের কলস, একটি ধূপদান, একখানি রেকাব, একখানি রুমাল, একখানি চামচ, একখানি ছুরি ও একটি কাঁটা উপহার স্বরূপ দিয়া থাকেন। বিগত এপ্রিল মাসে এই বৎসরের উৎসব সম্পন্ন হইয়া গিয়াছে।

ত্রিবাঙ্কুড়ে একটি ৯ বৎসরের বালক একটি আম্র লইয়া ঝগড়া করিয়া অপেক্ষাকৃত অধিক বয়স্ক আর একটি বালককে ছুরির আঘাত করে। ঐ আঘাতে সেই বালকের মৃত্যু হয়। ত্রিবাঙ্কুড় পারাভুরের দায়রার জজ উক্ত বালককে যাবজ্জীবন ত্রিবাঙ্কুড়ের জেলে কারাবাসের দণ্ড বিধান করিয়াছেন।

এক শত টাকা বা ততোধিক বেতনের খাস-মহলের তহশীলদারী বা ম্যানেজারী পদে অতঃপর ডেপুটী বা সব ডেপুটীগণকে নিযুক্ত করা হইবে। বাঙ্গালার ঐরূপ ১৭টি পদে এই নূতন ব্যবস্থা বাহাল হইবে।

প্রত্যহ চারি আনা পরিমাণ কালমেঘের রস সেবন করিলে ম্যালেরিয়া প্রভৃতি আক্রমণ করিতে পারে না। কালমেঘে বালকদিগের অতিসার পেটে

বেদনা, মন্দাগ্নি, দুর্ব্বলতা প্রভৃতি নষ্ট করে। কালমেঘের গুণ দেশীয় প্রাচীনাদিগের অজ্ঞাত নহে। (হিতবাদী)

দমকলের আইনটা যাহাতে বড় লাট বাহাদুরের অনুমোদিত না হয় তজ্জন্য মিউনিসিপালিটীর সদস্যগণ বড় লাট বাহাদুরের নিকট একটি টেলিগ্রাম পাঠাইয়াছিলেন। বড় লাট বাহাদুর মিউনিসিপ্যালিটীর সদস্যগণকে ছোট লাট বাহাদুরের হাত দিয়া রীতিমত দরখাস্ত পাঠাইতে আদেশ করিয়াছেন।

আগামী ২৪শে সে বুধবার রাত্রি ৯টা ৪৫ মিনিটের সময় সিমলা গবর্ণমেণ্ট হাউসে বড় লাট বাহাদুর লেডি কারবেন।

নূতন মহাদ্বীপ অতঃপর আর আমেরিকা নামে অভিহিত না হইয়া উহার আবিষ্কর্ত্তা কলম্বসের স্মরণার্থ 'কলম্বিয়া' নামে যাহাতে অভিহিত হয় এরূপ প্রস্তাব চিকাগোর প্রদর্শনী স্থলে উপস্থিত করা হইবে।

বিশ্বর শিকড়ের গন্ধ সর্পের অমন্ত্র। একজন দেশীয় চিকিৎসক ইহা পরীক্ষা করিয়া দেখিয়াছেন। (হিতবাদী)

ময়মনসিংহের রাজা শ্রীসূর্য্যকান্ত আচার্য্য চৌধুরীর প্রতি ময়মনসিংহের তদানীন্তন ম্যাজিষ্ট্রেট ফিলিপ্স সাহেবের আচরণ সম্বন্ধে লর্ড ষ্টানলি বিলাতের লর্ড সভায় কথার উত্থাপন করিয়াছিলেন। এতদ্ব্যতীত এক জন কর্ম্মচারীর উপর বিচার ও কার্য্যকরী উভয় ক্ষমতা দেওয়া থাকিলে যে বিস্তর অসুবিধা ঘটিয়া থাকে এ কথারও উত্থাপন করিয়াছিলেন। প্রত্যুত্তরে ষ্টেট সেক্রেটরী লর্ড কিম্বার্লি বলিয়াছেন, "ছোট লাট বাহাদুর সার চার্লস ইলিয়ট ফিলিপ্স সাহেবকে যে তিরস্কার করিয়াছেন তাহা ন্যায়সঙ্গতই হইয়াছে; আর ছোট লাট বাহাদুরের যখন এইরূপ সমস্ত বিষয় নিষ্পত্তি করিয়া দিবার ক্ষমতা আছে তখন গবর্ণর জেনারেল বাহাদুরকে এ বিষয় জানাইবার বড় একটা প্রয়োজন ছিল না। বিচার ও কার্য্যকরী ক্ষমতা স্বতন্ত্র করিয়া ফেলিলে এক্ষণে যতগুলি কর্ম্মচারী দ্বারা কার্য্য চলিতেছে তখন প্রকৃতপক্ষে তাহার দ্বিগুণ সংখ্যক কর্ম্মচারীর প্রয়োজন হইবে।"

কাপূরতলার মহারাজা লণ্ডনে আসিয়া পৌঁছিয়াছেন বলিয়া তারের সংবাদ আসিয়াছে।

মহারাণীর জন্ম দিনে অর্থাৎ ২৪শে মে তারিখে আগ্রাতে উত্তর পশ্চিম প্রদেশের ছোট লাট বাহাদুর সার চার্লস ক্রসথোয়েট নৈনিতালে 'নেভি' করিবেন।

সংক্রামক রোগ বিষয়ক আইন সম্বন্ধে ভারতীয় কর্ত্তৃপক্ষীয়গণের কার্য্যপ্রণালী কিরূপ চলিতেছে তাহার অনুসন্ধান লইবার জন্য বিলাতের ইণ্ডিয়া আফিসে যে কমিটী সংগঠিত হইয়াছে ষ্টেট সেক্রেটরী লর্ড কিম্বার্লি পূর্ব্বে স্বয়ং নাকি তাহার বিরোধী ছিলেন, এইরূপ একটা জনরব লণ্ডনে প্রচার হইয়াছে।

নয় বৎসরের অনধিক বয়স্ক বিধবার সংখ্যা সমগ্র ভারতে ৭৯ হাজার। ১৫ বৎসরের অধিক বয়ঃক্রম নহে এরূপ বালিকার সংখ্যা ৩ কোটি ৮০ লক্ষ। এই সংখ্যার মধ্যে ৩ লক্ষ ৮০ হাজার টি বালিকা লেখা পড়া শিখিতেছে।

বিলাতে প্রতি লোকের গড়ে ৪০০ টাকা আয়; ভারতে প্রতি লোকের আয় গড়ে ২০ টাকা মাত্র। ভারতে ৯০ কোটির উপর রাজস্ব আদায় হয়। বিলাতে রাজস্ব আদায় হয় ৯০ কোটির কম। বিলাতে এবার আয় অপেক্ষা ১ কোটী ৫৮ লক্ষ টাকা অধিক ব্যয় হইবে। এই ব্যয় সঙ্কুলান জন্য অর্থসচিব সার উইলিয়ম হারকোর্ট বিলাতে ইনকম ট্যাক্সের হার ১ পেনি বাড়াইতে চাহিয়াছেন। ইহাদ্বারা ১ কোটি ৭৫ লক্ষ টাকা আয় বৃদ্ধি হইবে। ভারতে বার্ষিক ৫০০৲ টাকা আয় হইলেই ইনকম ট্যাক্স দিতে হয়; বিলাতে বার্ষিক ১২০০ টাকার কম আয় হইলে উক্ত ট্যাক্স দিতে হয় না। বিলাতে ইনকম ট্যাক্স ১৩ কোটি টাকা আদায় হয়, ভারতে ১ কোটির কিঞ্চিৎ অধিক আদায় হইয়া থাকে। (সহচর)

পূর্ব্ব আফ্রিকায় একটী হ্রদ আবিষ্কৃত হইয়াছে। উহার জল রৌদ্রে শুকাইয়া লইলেই উহা হইতে প্রচুর লবণ পাওয়া যায়। তীরে মৃত্তিকা নাই, কেবল লবণের স্তূপ। এই স্থানটী ফরাসীর অধিকারভুক্ত। এই লবণ বিদেশে রপ্তানী করিবার নিমিত্ত একটি কোম্পানী সংগঠিত হইয়াছে। (সহচর)

আজ কাল ছেলের দলের মধ্যে বার্ডসাই চুরুটের প্রচলনটা কিছু বেশী হইয়াছে। আমেরিকার কোন রসায়ন শাস্ত্রজ্ঞ পণ্ডিত দেখাইয়াছেন যে উক্ত চুরুটে আর্শেনিক ও অহিফেন থাকে। আমেরিকার ওয়াশিংটন গবর্ণমেণ্ট ও কুইবেক গবর্ণমেণ্ট এই আইন করিয়াছেন যে অতঃপর কেহ বার্ডসাই বিক্রয় করিলে তাহাকে আইনানুসারে দণ্ডনীয় হইতে হইবে।

ছোটলাট বাহাদুর ব্যবস্থা করিয়াছেন, শিবপুর ইঞ্জিনিয়ারীং কলেজে পড়িয়া যাঁহারা আসিষ্টাণ্ট ইঞ্জিনিয়ার হইবেন তাঁহারা ইচ্ছা করিলে ২ বৎসর খনির কাজ শিখিতে পারিবেন। বর্ত্তমান নিয়মানুসারে ইহাঁরা ইঞ্জিনিয়ারিং কাজে এক বৎসর শিক্ষানবিশী করেন এবং মাসিক ১০০ টাকা করিয়া ভাতা পান। খনি বিদ্যা যাঁহারা শিখিবেন তাঁহাদিগকে দুই বৎসর কাল শিক্ষানবিশী করিতে হইবে। ঐ দুই বৎসর কাল তাঁহারা মাসে ৫০ টাকা করিয়া পাইবেন।

বাঙ্গালার ছোট লাট বাহাদুর ২৭শে মে দার্জ্জিলিং ছাড়িয়া ২৮শে মে কলিকাতায় আসিয়া পৌঁছিবেন। ৩০শে মে মধ্য প্রদেশের চিফ্ কমিসনর ম্যাকডোনেল সাহেবের হস্তে কার্য্যভার দিয়া ঐ দিন রাত্রিতেই বোম্বাই যাইবেন এবং বোম্বাই হইতে ৬ মাসের জন্য বিলাত যাত্রা করিবেন।

কেম্ব্রিজের বিশ্ববিদ্যালয় ভওনগরের মহারাজকে এল এল ডি উপাধি প্রদান করিয়াছেন।

কাশ্মীরের ডাক্তার এ মিত্র লণ্ডন ইম্পিরিয়াল ইনষ্টিটিউটের ফেলো মনোনীত হইয়াছেন।

[বৈদেশিক] পামীরে রুষ, চীন ও আফগান অধিকারের সীমা স্থির করিয়া দিবার জন্য একটী কমিসন শীঘ্রই বসিবে।

জর্ম্মন সম্রাট সৈন্যসংখ্যার বৃদ্ধি করিবার জন্য যে আইন করিতে চাহিয়াছিলেন, জর্ম্মন পার্লিয়ামেণ্ট তাহা অগ্রাহ্য করিয়াছেন।

বিলাতের শ্রমজীবীদিগের আবদার ক্রমেই বৃদ্ধি পাওয়ায় রাজপুরুষদিগকে বড়ই বিব্রত হইতে হইয়াছে। উহারা পুরা মজুরী লইয়া ৮ ঘণ্টার অধিক খাটিতে চাহে না।

বিলাতে গো বীজে টাকা না দিলে যাহাতে পুনঃ পুনঃ দত্ত না হইতে পারে তজ্জন্য মিঃ আসকুইথ সাহেব বিলাতের কমন্স সভায় একখানি বিল উপস্থিত করিয়াছেন। বিল সভাস্থলে প্রথমবার পঠিত হইয়াছে।

আয়র্লণ্ডের ভূতপূর্ব্ব বড়লাট লর্ড এবার্ডিন প্রধান রাজমন্ত্রী গ্লাডষ্টোন কর্ত্তৃক কানাডার গবর্ণরের পদে নিযুক্ত হইয়াছেন।

বিগত ১০ই মে লণ্ডনের ইম্পিরিয়াল ইনষ্টিটিউট মহাসমারোহে খোলা হইয়াছে। মহারাণী

স্বয়ং ছয় ঘোড়ায় গাড়ী করিয়া উপস্থিত হইয়াছিলেন। প্রিন্স অফ্ ওয়েলস্ 'ইনষ্টিটিউটের' প্রবেশ-দ্বারে মহারাণীকে সম্বর্দ্ধনা করিয়া তাঁহার হস্তে চাবি প্রদান করিলে মহারাণী স্বহস্তে উহা খুলিয়া দিয়াছিলেন। আফ্রিকার সোণা ও রূপা, অষ্ট্রেলিয়ার হীরক, ব্রহ্মদেশের পদ্মরাগ মণি এবং সিংহলের মুক্তা—এই কয়টি রত্নে চাবিটী নির্ম্মিত হইয়াছিল।

হোমরুল বিল কমন্স সভায় দুইবার পঠিত হইয়া এক্ষণে কমিটীর হাতে পড়িয়াছে। কমিটীতেও এই বিষয় লইয়া বাদানুবাদ চলিয়াছে। ইম্পিরিয়াল পার্লিয়ামেণ্টের প্রাধান্য যাহাতে বজায় থাকে এরূপ ভাবে বিলখানি সংশোধন করা সম্বন্ধে একটী প্রস্তাব উত্থাপিত হয়; এতদ্ভিন্ন আরও কয়েকটি সংশোধনের প্রস্তাব হইয়াছিল; সকলগুলিই অগ্রাহ্য হইয়াছে। বিলের প্রথম ধারাটি কমিটীতে পাস হইয়াছে। গ্ল্যাডষ্টোন ৪২টী ভোটের আধিক্যে জয়লাভ করিয়াছেন।

ফরাসী সেনার সহিত শ্যামের আবার বিবাদ বাধিয়াছে। ফরাসীরা শ্যামের অধিকার মধ্যে আপনাদিগের অধিকার বিস্তার করাতেই এই গোলযোগ উপস্থিত হইয়াছে।

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—যশোহরের প্রতিনিধি মাঃ ও কঃ ফিডিয়ন সাহেব ৬ মাসের ফর্লো পাইলেন। কটকের ছুটীপ্রাপ্ত জঃ মাঃ ও ডেঃ কঃ হামিল্টন সাহেব যশোহরের মাঃ ও কঃ হইলেন। কটকের প্রোবেশন সব ডেঃ কঃ বাবু অমৃতলাল গুপ্ত ১ মাসের ছুটী পাইলেন। চট্টগ্রাম রাঙ্গামাটির ডেঃ মাঃ ও ডেঃ কঃ এবং খাস তহশীলদার বাবু দুর্গানন্দ দাস ১ মাস ৫ দিনের ছুটী পাইলেন। মেদিনীপুরের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু সুরেন্দ্রনাথ ঘোষ দিনাজপুর জেলার সদরে বদলী হইলেন। সব ডেঃ কঃ মৌলবী ফজলুর রহমন প্রেসিডেন্সী বিভাগে স্থাপিত হইলেন। খুলনার ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী আবদুল খালিক ৭ দিনের ছুটী পাইলেন। রংপুরের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু মহেন্দ্রচন্দ্র মজুমদার ৩ মাসের ছুটী পাইলেন। দিনাজপুরের আঃ মাঃ ও কঃ হেরণ সাহেব দার্জ্জিলিং জেলার সদরে বদলী হইলেন। দার্জ্জিলিঙ্গের ডেঃ মাঃ ও ডেঃ কঃ ম্যাকগ্যাভিন সাহেব সাঁওতাল পরগণা রাজমহলে বদলী হইলেন। সাঁওতাল পরগণা রাজমহলের প্রোবেশন ডেঃ মাঃ ও ডেঃ কঃ সুইণ্টন সাহেব চট্টগ্রাম কক্সবাজারে বদলী হইলেন। চট্টগ্রাম-কক্সবাজারের ডেঃ মাঃ ও ডেঃ কঃ মানসন সাহেব গোহারডাঙ্গা জেলার সদরে বদলী হইলেন। সব ডেঃ কঃ বাবু বলরাম মৈত্র অস্থায়ীরূপে সাঁওতাল পরগণা জেলায় স্থাপিত হইলেন। মজঃফরপুরের প্রোবেশন সব ডেঃ কঃ বাবু মাখনলাল চট্টো ১ মাসের ছুটী পাইলেন। প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ কার্জ্জিণ সাহেব সাহাবাদ জেলায় কার কার্য্যভার পাইলেন। মেদিনীপুরের প্রতিনিধি মাঃ ও কঃ এলেন সাহেব ১ম শ্রেণীর মাঃ ও কঃ হইলেন। মজঃফরপুরের বন্দোবস্তের কর্ম্মচারী লিয়ন সাহেব অপর আদেশ যাবৎ ২য় শ্রেণীর মাঃ ও কঃ হইলেন। উড়িষ্যার বন্দোবস্তের কর্ম্মচারী মেডি সাহেব অপর আদেশ যাবৎ ২য় শ্রেণীর মাঃ ও কঃ হইলেন। পুরীর প্রতিনিধি মাঃ ও কঃ ওয়াল্স সাহেব অপর আদেশ যাবৎ ২য় শ্রেণীর মাঃ ও কঃ হইলেন। ময়মনসিংহের প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ ম্যাকলেলেন সাহেব রংপুর জেলার সদরে বদলী হইলেন। চট্টগ্রাম কক্স বাজারের অস্থায়ীভার প্রাপ্ত আঃ মাঃ ও কঃ লিলিভিঞ্জনি সাহেব উক্ত জেলার সদরে বদলী হইলেন। ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু বিপিনবিহারী মুখো অস্থায়ীরূপে পাটনা জেলার সদরে স্থাপিত হইলেন। ফরিদপুর মাদারিপুরের ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী ফজলুল করিম উক্ত মহকুমার কার ক্ষমতা প্রাপ্ত হইলেন।

বিচার—মৌলবী সৈয়দ মহম্মদ য়ুসুফ আলি বি এল সাব্ রেজিষ্টরীর মুঃ হইলেন। যশোহর ঝিনিদহের প্রতিনিধি মুঃ বাবু শ্যামাচরণ বন্দ্যো ৪র্থ শ্রেণীর মুন্সেফ হইলেন। মেদিনীপুরের মুঃ বাবু পুলিনবিহারী বসুর কার্য্য এক্ষণে আসামের চিফ কমিসনরের বিবেচনাধীনে হইল। যশোহর ঝিনিদহের ছুটীপ্রাপ্ত মুঃ বাবু ব্রজবিহারী সোম মেদিনীপুর সদরের মুঃ হইলেন। বাবু দীননাথ দে বি এল ব্রজ বাবুর অনুপস্থিতিকাল যাবৎ মেদিনীপুর সদরের মুঃ হইলেন। মেদিনীপুরের ছুটীপ্রাপ্ত মুঃ বাবু ব্রজবিহারী সোম বাবু বরদাপ্রসন্ন সোমের অনুপস্থিতিতে ঢাকার সব জজের কার্য্য করিবেন। রাজসাহীর সব জজ বাবু নবীনচন্দ্র গাঙ্গুলী ১ মাসের ছুটী পাইলেন—বাবু কৃষ্ণনাথ রায় অস্থায়ীরূপে সারণের অতিরিক্ত সব জজ হইলেন। বাবু গৌরীপ্রসাদ মিশ্র বি এল ত্রিহুত হাজিপুরের মুঃ হইলেন। বাবু বরদাপ্রসাদ রায় বি এল ঢাকা সদরের মুঃ হইলেন। সারণ মতিহারীর মুঃ বাবু ব্রজেন্দ্রলাল দে ২ মাসের, ময়মনসিংহ জামালপুরের মুঃ বাবু ভুবনমোহন গাঙ্গুলী আর ১৯ দিনের, ছোট নাগপুর রাঁচির মুঃ বাবু গোপালচন্দ্র বন্দ্যো আর ৬ মাসের, ফরিদপুর মাদারিপুরের অতিরিক্ত মুঃ বাবু রজনীনাথ মিত্র আর ১ মাসের, চট্টগ্রাম আনোয়ারার মুঃ বাবু মহেন্দ্রনাথ দত্ত ২৮ দিনের, ত্রিহুত হাজিপুরের মুঃ বাবু মহেন্দ্রনাথ মিত্র ৩ মাসের, কটক বালেশ্বরের মুঃ বাবু বিধুভূষণ চক্রবর্ত্তী আর ২ সপ্তাহের, ঢাকার মুঃ বাবু লালগোপাল সেন ৩৩দিনের, ছোটনাগপুর বড় বাজারের মুঃ বাবু মন্মথনাথ চট্টো ৩০ দিনের, ঢাকার মুঃ বাবু যোগেন্দ্রনাথ ঘোষ ৭ দিনের এবং ত্রিপুরা ব্রাহ্মণ বেড়িয়ার মুঃ বাবু রাজেন্দ্রলাল ঘোষ ১ মাস ৫ দিনের ছুটী পাইলেন।

শিক্ষা—সংস্কৃত কলেজের অধ্যাপক বাবু শিবচন্দ্র গুঁই অস্থায়ীরূপে রাজসাহী বিভাগের সহকারী ইন্সঃ নিযুক্ত হইলেন।

উদ্ভট কবিতা।

[৩৭৮]

ভ্রাতঃ কোকিল ভীতভীত ইব কিংপান্থাবৃতোবর্ত্তসে,
নীচৈঃ পশ্য সখে পরাসুনকরা ব্যাধাঃ প্রধাবন্ত্যমী,
কাতীতিস্তব বৎকুহূরিতি পরাবিদ্যা মধুসান্দিনী,
কিংক্রূরে গুণগৌরবং সদয়তা কা বাঽসতাংমানসে।

বিশেষ দ্রষ্টব্য।

বাচস্পত্য অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২৩৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকালীনাথ ভট্টাচার্য্য।
বুধোদয় প্রেস।
হুগলী।

বিজ্ঞাপন।

শিক্ষা সংক্রান্ত।

আগামী মধ্য ইংরাজী, মধ্য বাঙ্গলা ও উচ্চ প্রাথমিক ছাত্রবৃত্তি পরীক্ষা ইতিপূর্ব্বে ১৮৯৪ সালের ১০ই অক্টোবর আরম্ভ হইবে স্থির হইয়াছিল। কিন্তু এক্ষণে উক্ত তারিখের পরিবর্ত্তে ১৮৯৩ সালের ৩রা অক্টোবর বাঙ্গালা ১৮ই আশ্বিন মঙ্গলবার পরীক্ষা আরম্ভ হইবে ধার্য্য হইয়াছে।

Hooghly, 10th. May 1893. } (Sd) Beni Madhav De. Offg Inspector of Schools, Burdwan Division.

মহানন্দ ফ্রিচর্চ্চ মিসন স্কুল হইতে এণ্ট্রান্স পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রদিগের মধ্যে যিনি সর্ব্বপ্রথম হইবেন, তাঁহাকে মাসিক ১৫ টাকা হিসাবে ছই বৎসর কাল বৃত্তি দেওয়া যাইবে; কিন্তু কলিকাতা ফ্রিচর্চ্চ মিসন কলেজে তাঁহাকে এফ এ পড়িতে হইবে।

শ্রীবিপিনবিহারী দত্ত।
হেড মাষ্টার।

কর্ম্মখালি।

Wanted an English knowing experienced Hd. Paudit capable to teach the College classes if needed. Pay according to qualifications from Rs 30 to Rs 40. Apply to the Principal, City college, Calcutta.

Wanted an Alopathic passed Compounder under 3 years' agreement, to be placed in charge of a Dispensary, its stock &c. He must have the knowledge of keeping Dispensary accounts. He will have to be present always in the Dispensary. He will have under him one Assistant to help him in the Homœopathic branch of the Dispensary and two servants. Free family accommodation will shortly be provided. Apply to Babu Nalini K. Chowdhuri, General Manager Lahiri & Co, 101 College Street, Calcutta stating the amount he wants as salary.

Wanted an F. A fourth teacher on Rs 20 a month for the Kaliguaj H. E. School. Apply to the Secy.

Wanted an F. A. Hd. Master on Rs 25 a month for the Olpur M. E. School, Dt. Furreedpur. Apply to Babu Biraj Mohan Rai Chowdhuri, Secretary. Zemindar Barisal.

Wanted a private tutor on Rs 10 a month besides food and lodging. Apply to Babu Govinda Ch. Rai, Mohespur, Dt. Jessore.

Wanted an F. A. Hd. Master on Rs 25 to Rs 30 besides free lodging for the Muffial M. E. School. Apply to Babu Promotho Nath Lahiri, Hony. Secy. 34 Dixon's Lane, Calcutta.

Wanted an Entrance passed 2nd. Master for 5 months for the Nagarpur M. E. School on Rs 20 a month. Apply to the Secy. Nagarpur P. O. Tangail, Mymensing.

Wanted an F. A. Brahmin or Kyastha experienced teacher strong in English for the Baharan M. E. School on Rs 15 a month, besides food and lodging. Apply to the Secy. Babu Krishna Porsanno Das, Banwaribad P. O. Via Katoa.

Wanted an F. A. 4th teacher under 2 years agreement for the Jajpur H. E. School Cuttuck on Rs 20 a month. Apply to the Secy. Babu Nritya Gopal Sirkar.

Wanted an experienced Hd. Master for the Churaman M.V. School on Rs 30 a month, besides free lodging. Apply to Babu Krishna Ch. Rai Chowdhuri, Khulna P. O. Dt. Maldah.

Wanted a graduate 2nd Mastea strong in English for the Madaripur H E School on Rs 40 a month. Apply to the Secy. Babu Ram Brahma Singha.

Wanted a 3rd Master for the Deoghar H E school Baidyanath on Rs 25 a month. He must stick to the post at least for one year. Apply to the Secy. Babu Sarat Ch. Chatterje.

Wanted an additional F. A. Master for the Sirajgunj Bonwarilal H. E. School on Rs 25 a month Apply to the President of the School. Mr. N. D. Beatson Bell Esqr. C. S.

Wanted an Entrance passed Brahmin teacher on Rs 10 a month, besides food and lodging. Apply to Babu Debendra Nath Chatterjee, Hatisala Hridaipur P. O. Dt. Nuddia.

কলিকাতা রাজা গোবিন্দলাল রায় বাহাদুরের সিটি ইনষ্টিটিউসনের জন্য সংস্কৃত কলেজের এণ্ট্রান্স পরীক্ষায় উত্তীর্ণ জনৈক অভিজ্ঞ দ্বিতীয় পণ্ডিতের প্রয়োজন। সেক্রেটরী বাবু মথুরানাথ দাসের নিকট আবেদন করুন, ৫৩ নং পঞ্চানন্দ তলা লেন, কলিকাতা।

চুনিয়া পোটল ম, ইং স্কুলের জন্য মাসিক ১৬ টাকা বেতনে জনৈক নর্ম্মাল ত্রৈবার্ষিক ব্রাহ্মণ হেড পণ্ডিতের প্রয়োজন। হেড মাষ্টার শ্রীরাসবিহারী চট্টোপাধ্যায়ের নিকট আবেদন করুন। পোঃ গুণের বাড়ী, জেলা ময়মনসিংহ।

এণ্ট্রান্স ক্লাস পড়াইতে পারেন এরূপ সংস্কৃত পণ্ডিতের প্রয়োজন। ইংরাজী জানা চাই। মাসিক বেতন ১৮ টাকা। ইলছোবা মণ্ডলাই স্কুলের সেক্রেটরী বাবু দুর্গাচরণ সরকারের নিকট আবেদন করুন।

জমিদার সেরেস্তার কাজ কর্ম্ম ভালরূপ জানেন এবং নিকাসী কাগজ লিখিতে পারেন এরূপ এক জন মোহরীর ২ মাসের জন্য আবশ্যক বেতন মাসিক ১০। পারদর্শিতা দেখাইলে কর্ম্ম স্থায়ী হইবার সম্ভাবনা। শ্রীপ্রাণহরি চক্রবর্ত্তীর নিকট আবেদন করুন, মেহেরপুর, জেলা নদীয়া।

বার্ষিক ৫০০৲ টাকা বৃত্তি।

ভারতধর্ম্ম মহামণ্ডলীর মুখ্যতম উদ্দেশ্যের অনুসরণ করিয়া ৺বিশ্বনাথ চতুষ্পাঠীতে বার্ষিক পঞ্চাশৎ টাকা পরিমাণে এক একটী করিয়া দশটী বৃত্তি স্থাপিত হইয়াছে। যে যে চতুষ্পাঠীতে ব্যাকরণাদি করিয়া কোন দর্শন শাস্ত্র বিশেষতঃ বেদান্ত শাস্ত্র পর্য্যন্ত অধ্যাপিত হয়, সেই সেই চতুষ্পাঠীতে এই বৃত্তিগুলি দেওয়া যাইবে। অধ্যাপক ইচ্ছা করিলে ঐ বৃত্তি ত্রৈমাসিক বা ষাণ্মাসিক বা বার্ষিকরূপে গ্রহণ করিতে পারিবেন। ছাত্রদিগের বিদ্যাবত্তা ও সচ্চরিত্রতা সম্পাদন ভিন্ন অধ্যাপক মহাশয়দিগকে অপর কোন নিয়মের অধীন হইতে হইবে না। যে সমস্ত অধ্যাপক বৃত্তি লইতে ইচ্ছা করিবেন, তাঁহারা অথবা তাঁহাদিগের হিতার্থীরা অধ্যাপকের নাম ধাম ছাত্রসংখ্যা ও প্রত্যেক ছাত্রের অধীতব্য বিষয় লিখিয়া আমাকে সংবাদ দিবেন।

চুঁচুড়া বিশ্বনাথ চতুষ্পাঠীর,
অধ্যাপক শ্রীহরিনাথ স্মৃতিভূষণ।

আর্য্যমিশন ইনষ্টিটিউশন।

৮০।১ নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট, কলিকাতা।

এই বিদ্যালয়ে একটী স্বতন্ত্র সংস্কৃত বিভাগ আছে। ঐ বিভাগে উপযুক্ত পণ্ডিতের দ্বারা বিনা বেতনে দর্শন, কাব্য সাহিত্য, ব্যাকরণ শ্রীমদ্ভাগবত শ্রীমদ্ভগবদ্গীতা শিক্ষা দেওয়া হইয়া থাকে। পাঠার্থি-ছাত্রের আবশ্যক।

শ্রীকানাই লাল সেঠ।
৩৯৮ নং সেক্রেটরী।

জ্যামিতি ১ম অধ্যায়।

শ্রীযুক্ত বাবু ব্রহ্মমোহন মল্লিক প্রণীত। ২৬শ সংস্করণ প্রকাশিত হইয়াছে। কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
৩৯৭নং ম্যানেজার।

মহাকাব্য আর্য্যনারী গাথা।

১৭টী হিন্দু বীরনারীর চরিত্র বিষয়ক।

(কলিকাতা রিভিউ পত্রিকায় বিশেষ প্রশংসিত)

রাজপুতানা জয়পুর মহারাজার কলেজ শ্রীযুক্ত মেঘনাথ ভট্টাচার্য্যের নিকট প্রাপ্তব্য। মূল্য ৷৵০।

৩৯৪নং

পাটীগণিত।

নূতন সংস্করণ।

শ্রীপ্রসন্নকুমার সর্ব্বাধিকারী প্রণীত।

সুপ্রসিদ্ধ গণিতশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম, এ, মহাশয়ের দ্বারা সমাক্‌রূপে সংশোধিত পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত। ইহাতে সুকৌশল সম্পন্ন প্রশ্নাবলী সন্নিবেশিত এবং উহাদের ভূরি পরিমাণে সমাধান করা হইয়াছে। ৫৭৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। উত্তম কাপড়ে বাঁধা, মূল্য ১৷৵০। বলা বাহুল্য ইহা চিরকাল সর্ব্বাদৃত, অধুনা আরও অধিক পরিমাণে স্কুলাদিতে পাঠ্যরূপে নিয়োজিত হইতেছে এবং বঙ্গবাসী প্রভৃতি সংবাদ পত্র ভূয়সী প্রশংসা করিতেছেন। নিম্নলিখিত এবং অন্যান্য স্থানে পাওয়া যায়।

বি, ব্যানার্জ্জি এণ্ড কোং।
২৫নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, ৫৬নং কলেজ ষ্ট্রীট, ৫১নং পুরাতন চীনেবাজার, কলিকাতা। ৫৫নং পটুয়াটুলি ঢাকা।

৩৮৮নং

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸০ বার আনা, ডাঃ মাঃ ⁄০ এক আনা। এখানি ১৮৯৪ অব্দের মাইনর পরীক্ষায় ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহাতে বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গল্প হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ⁄০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
সংস্কৃত প্রেসডিপজিটরি।
১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি. এ, প্রণীত

পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্নপ্রাইমারী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষক গণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৷৷০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।৵০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীজমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।৵০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ⁄০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৪৪ নং

দায়ভাগ।

শ্রীযুক্ত ব্রজমোহন তর্কালঙ্কার সঙ্কলিত। মূল্য ।৵০ ডাঃ মাঃ ⁄০ মাত্র। ইহাতে সূচীপত্র সহ পুরুষ ধনের উত্তরাধিকার ক্রমে, স্ত্রীধনের উত্তরাধিকার ক্রমে ও অন্যান্য বিষয় বিশদরূপে লিখিত হইয়াছে। পুস্তকখানি উকীল ও মোক্তারদিগের বিশেষ প্রয়োজনীয়। কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত-যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
৩৯৫নং ম্যানেজার।

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৬ বৎসর উহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-যশের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার লেপনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সম-ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনা ব্যয়ে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৷৷০ টাকা, প্যাকিং ।০ আনা

২ শিশি একত্রে লইলে খরচা ৷৷৵০ আনা স্থলে হয়।

শ্রীকালীদাস সরকার।

গবর্ণমেণ্ট পেন্সনার—লক্ষ্ণৌ।

৩৭৩নং

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বল-বীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রি-জাগরণ, অতিরিক্ত পান-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা-হাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত!

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-ফোলা-কাসিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দৌকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকায় সে জ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে, ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্প-দিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধ অতি সামান্য রাগও আরাম হয়। বিধাতার বিচিত্রবিধান বুঝাভার!

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন। প্লীহা জ্বর-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগী-কে এই এক ৩নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

বটিকার সংখ্যা,	মূল্য,	ডাঃমাঃ,	প্যাকিং
১নং কৌটা	১৮	৷৷৵০	।০	৵০
২নং কৌটা	৩৬	১৵০	।০	৵০
৩নং কৌটা	৫৪	১৷৷৵০	।০	৵০

ভ্যালুপেবলে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।

১২ নং মৃজাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা

৩৭৪নং

পাঁড়ে ব্রাদার্স।

পুস্তক ও দেশী বস্ত্র বিক্রেতা।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্ কলিকাতা।

এখানে ইংরাজি বাঙ্গালা সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য সর্ব্ব প্রকার পুস্তক, তৎসমস্তের নানা প্রকার কি, নোট, অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি সর্ব্ব প্রকার পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে। বিলাতি পুস্তক বিলাত হইতে আনা হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা ১৸০ মূল্য ধোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও ব্যবহারীর জন্য চলিবে ও ২৷৷০, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ নয়নসুখ, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকটও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য ।৵০	বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ ⁄০
৩২ খানি উৎকৃষ্ট চিত্রসহ	
নীতি কথামালা ।০	মানবতত্ত্ব ১৷৷০
আর্য্যচরিত ।০	ধর্ম্মবিজ্ঞান ১৲
আর্য্যশিক্ষা ৷৷৵০	অদ্ভুত স্বপ্ন বা
বাঙ্গলা ব্যাকরণ ।৵০	স্ত্রী পুরুষের দ্বন্দ্ব ৷৷০
শিশু বিজ্ঞান ⁄০	বিজ্ঞানসার ১৲
বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ ⁄০	লীলাবতী (অঙ্কপুস্তক) ৷৷০

৩৪৫ নং

শ্রীমনোমোহন পাঁড়ে

গিরিশ লাইব্রেরী।

এখানে ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল, এ; বি, এ ক্লাসের সর্ব্বপ্রকার পাঠ্যপুস্তক ও অর্থ পুস্তকাদি এবং নাটক, নভেল প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়। ভিঃ পিঃ ডাকেও পুস্তক পাঠাই। ২১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৮৪নং

সাহিত্য ডিপজিটারী।

২২০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল এ, বি এ, এম এ, ডাক্তারী, মোক্তারী, বি এল প্রভৃতির সর্ব্ববিধ পাঠ্য ও অর্থ পুস্তক, সুলভ মূল্যে আমাদের দোকানে পাওয়া যায়। সর্ব্বপ্রকার ইংরাজী বাঙ্গালা নাটক, নভেল প্রভৃতি সর্ব্বদা আমাদের নিকট মজুত থাকে। মফস্বলে ভ্যালুপেবলেও পাঠাইয়া থাকি।

পাইকারী খরিদারদিগকে যথেষ্ট কমিসন দিয়া থাকি। পত্র লিখিলে সবিশেষ জানিতে পারিবেন।

শ্রীযতীশচন্দ্র সমাজপতি।

৩৮৭নং

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু কর্ত্তৃক সংকলিত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য ।০ আনা
ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "
ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব ।০ "

সেণ্ট্রাল টেক্সটবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তালিকায় পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট—কলিকাতা।

প্রসিদ্ধ ধাত্রী-শিক্ষাদি গ্রন্থের প্রণেতা ডাক্তার শ্রীযদুনাথ মুখোপাধ্যায় প্রণীত।

১। বাঙ্গালির মেয়ের নীতি-শিক্ষা। (পুত্রীর প্রতি পিতার উপদেশ) দাম ১৲ টাকা। ডাক্তমাশুল ।০ আনা।

"বাঙ্গালীর মেয়ের নীতি শিক্ষা" যেরূপ প্রয়োজনীয়, ইহা তাহাই হইয়াছে। বলিতে কি, এ খানিকে বাঙ্গালীর মেয়ের জন্য বাঙ্গলা বেদ বলাও যাইতে পারে।"

শ্রীসত্যব্রত সামশ্রমী।
(বেদের অনুবাদক ও সমালোচক।)

"আমরা এই পুস্তক খানি বঙ্গরমণী মাত্রকেই সাদরে সহকারে পাঠ করিতে পরামর্শ প্রদান করিতেছি।"

সহচর। ৬ই অগ্রহায়ণ ১২৯৭।

যদি রমণীদিগকে পুস্তক পড়ানই হয়, তবে এই রকম বই পড়ানই উচিত।"

সমালোচক ১ম সংখ্যা, বৈশাখ ১২৯৬।

"বাঙ্গালির মেয়ের নীতি-শিক্ষা" আমাদের অমূল্য রত্ন। প্রণেতা—শ্রীমানকুমারী দাসী। ("প্রিয় প্রসঙ্গ" প্রভৃতি গ্রন্থের রচয়িত্রী) সাগরদাঁড়ী।

২। সরল ভৈষজ্য-প্রকাশ। (সহজ মেটিরিয়া মেডিকা) দ্বিতীয় ভাগ—গৃহস্থ আর পাড়াগাঁয়ের ডাক্তারদের জন্যে। দাম ১৲ টাকা, ডাকমাশুল /১০।

৩। পল্লিগ্রাম। দাম।০, ডাকমাশুল ।০।

পল্লিগ্রাম পড়িয়া বঙ্গবাসী কি বলিয়াছেন দেখুনঃ—

"মুখোপাধ্যায় মহাশয় হৃদয়বান্ পুরুষ। দেশের জন্য তাঁহার প্রাণ পুড়ে, দেশের লোকের দ্বারা দেশের সর্ব্বনাশ হইতেছে, ইহা দেখিয়া, তিনি স্থির থাকিতে পারেন না; তাই তিনি এই "পল্লিগ্রাম" লিখিয়াছেন। 'পল্লিগ্রামে' স্বদেশহিতৈষীর অনেক প্রাণের কথা আছে; মনের আক্ষেপ আছে; ইংরেজী শিক্ষিত বিকৃতমস্তিষ্ক বাবুর ব্যবহারের উল্লেখ করিয়া, মর্ম্মান্তিক কথা আছে। বাঙ্গালার যিনি পড়িতে জানেন এবং পড়িয়া দেশের অবস্থা ভাবিতে পারেন, আমরা আশা করি, তিনিই 'পল্লিগ্রাম' পড়িবেন এবং পড়িয়া অধম আমাদের জন্মভূমি বঙ্গদেশের জন্য দুই ফোটা চক্ষের জল ফেলিবেন।"

পল্লিগ্রামের স্বাস্থ্যোন্নতির জন্য, বোধ করি, যদু বাবুর ন্যায় দেশের আর কোন লোক এত মস্তিষ্ক চালনা করেন নাই। যদু বাবু এক জন বঙ্গের প্রকৃত হৃদয়বান ব্যক্তি। তাঁহার শরীর পল্লিগ্রামের আরও যুগান্তর উপস্থিত করিয়াছে; এই পল্লিগ্রামের আরও যুগান্তর উপস্থিত করিবে। ইহাতে অনেক কাজের কথা প্রকৃত হৃদয়ের ভাষাতে লিপিবদ্ধ হইয়াছে। নব্যভারত ১০ম খণ্ড, ১১শ সংখ্যা, ফাল্গুন, ১২৯৯।

বঙ্গবাসী, ১২ই অগ্রহায়ণ ১২৯৯।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

৩৯২ নং

রিপণ-ডিপজিটারী।

৫২ নং দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য ও নাটক নভেল অতি সুবিধায় সরবরাহ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পিঃ ডাকে পুস্তক পাঠাই। পেরণ বাবদ ১০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়।

শ্রীশশিভূষণ সাহা
ম্যানেজার।

৩৮০ নং

শ্রীমদ্ভগবদ্ গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ /০।

ঐ বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ।/০ পাঁচ আনা ডাঃ মাঃ /০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা মূল্য ।/০ পাঁচ আনা ডাঃ মাঃ /০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা উৎকৃষ্টরূপ বাঁধা মূল্য ॥০ আট আনা, ডাঃ মাঃ /১০।

কবির (স্বনামখ্যাত মহাত্মা কবির সাহেবের ৫৫৩টী দোহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা-সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ /১০।

কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০। ১ম মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

এই পত্র হুগলি মুদোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

REGISTERED NO 35 1875

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

নূতন সম্বৎসর। ২৫শ খণ্ড। ৭ম সংখ্যা। } ১৩ই জ্যৈষ্ঠ বৈশাখ শুক্রবার ১৩০০ সাল। ইং ২৬শে মে ১৮৯৩ খৃঃঅব্দ। { অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম)	৫৲	ষাণ্মাসিক	৩
ত্রৈমাসিক	২	প্রত্যেক সংখ্যার	।৵

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৵০ ৩য় বার /১০ চতুর্থ বা ততোধিক বার /১। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৵০।

কর্ম্মখালির বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে প্রকাশিত হয়।

তিন মাসের অধিক বিজ্ঞাপন প্রকাশ করিলে অতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

যাঁহারা এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য নগদ টাকায় দিবেন, তাঁহারা তাঁহাদের নিকটবর্ত্তী এজেন্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণিঅর্ডার কুপনে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

এডুকেশন গেজেটে বিজ্ঞাপন প্রকাশের সুবিধার জন্য ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটরিতে একটী এজেন্সি খোলা হইয়াছে। তথায় বিজ্ঞাপন ও তৎপ্রকাশের মূল্য জমা লওয়া যায়।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যূন বিলম্ব হইলে তাহার নামগানিতে পিয়নের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকালীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

	শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়, কলিকাতা সংস্কৃতযন্ত্রের পুস্তকালয় ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।
	চণ্ডীচরণ মজুমদার—বেঙ্গল সেক্রেটারিয়েট জুডিসিয়াল ডিপার্টমেণ্ট।
২৪ পরগণা	মতিলাল মৈত্র—আলিপুর।
আলিপুর	ভূপালচন্দ্র গঙ্গোপাধ্যায়—উকিল।
বারাকপুর	শ্রীযুক্ত বাবু ভুবনমোহন নিয়োগী।
ভবানীপুর	রাজকৃষ্ণ রায় চৌধুরী।
	যদুনাথ চৌধুরী—চুয়াডাঙ্গা।
হাবড়া	হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম	ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী	শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর	ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান	চারুচন্দ্র চট্টোপাধ্যায়।
	রসিকলাল দাস—রায়না।
যশোহর	কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
	অধিকাচরণ মুখোপাধ্যায়—সিউড়ী
	নীলমণি ভট্টাচার্য্য—সিউড়ী।
বাঁকুড়া	রামেশ্বর সেন—বিষ্ণুপুর।
	অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর	উমাচরণ দে।
	দীননাথ ধর—গবর্ণমেণ্ট প্লীডার।
জলপাইগুড়ি	নীলমণি পাল।
বাঁকিপুর	নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর।
	ভগবান প্রসাদ।
বারাণসী	সোমনাথ ভাদুড়ী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর	আদিনাথ মিত্র।
	দ্বারকানাথ বাগচি—মিলকাবারি।
রাজসাহী	কালীনাথ চৌধুরী—বোয়ালিয়া।
পাবনা	মহেন্দ্রনাথ দত্ত।
	রজনীকান্ত ভট্টাচার্য্য।
	রামচন্দ্র চক্রবর্ত্তী।
	ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, ভলই।
	উমাচরণ পাঁড়ে, সিরাজগঞ্জ।
ঢাকা	সতীশচন্দ্র ঘোষ।
মাণ্ডতাল পরগণা	ব্রজেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।
পাকুড়	রাধাকৃষ্ণ সারগেল।
খুলনা	হরিহর দাস।
	জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।
দিনাজপুর	রাজকুমার চক্রবর্ত্তী খুলবাড়ি।
	ভুবনেশ্বর গুপ্ত।
	দুর্গাদাস সুর—রায়গঞ্জ।
	শশিভূষণ রায়।
কোচবিহার	ভুবনমোহন দত্ত।
ফরিদপুর	কালীকিশোর ঘোষ—মালিরিপুর।
মজঃফরপুর	কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল
ধারভাঙ্গা	গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক।
	সুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সম্বলপুর

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিবিধ বিজ্ঞাপন।

রিপণ-ডিপজিটারী।

৫২ নং দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য ও নাটক নভেল অতি সুবিধায় সরবরাহ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পিঃ ডাকে পুস্তক পাঠাই। প্রেরণ ব্যয় ৵১০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়।

শ্রীশশিভূষণ সাহা
ম্যানেজার।

৩৮০ নং

গবর্ণমেণ্টের অনুমোদিত।

বাঙ্গালা ছাত্রবৃত্তি ও মাইনর স্কুলসমূহের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পাঠ্য।

"বিজ্ঞানসোপান"।

শ্রীযুক্ত উমেশচন্দ্র ঘোষ, এম এ, বি এল প্রণীত।

মূল্য ॥৵০ দশ আনা মাত্র।

ছাত্রবৃত্তি ও মাইনর পরীক্ষার নির্দ্দিষ্ট বিষয়গুলি এরূপ বিশদরূপে ও বারাবাহিক ভাবে অন্য কোন গ্রন্থে বর্ণিত নাই। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৩৮৫নং

এল, ভি, মিত্র এবং কোং।

সর্ব্বপ্রতিষ্ঠ ও কলিকাতা ও অন্যান্য স্থানের দক্ষ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৫৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক কুবিনি ক্যাম্ফার ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৸০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৬৲ ও ৭৲, শিশুচিকিৎসা ২৷৷০, বামাচিকিৎসা ২৲ জ্বর চিকিৎসা ৸০ ও ১৸০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৸০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমার কলিকাতার মহামেলার এই শ্রেণীতে ভারতের মধ্যে সর্ব্বোচ্চ এবং এথানকার ও অন্যান্য স্থানের সম্ভ্রান্ত চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি।

৭ম

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্তলালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীতে সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১৷০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

REDUCTION IN PRICE OF CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta, Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free, at 4 oz, Rs3—4 : 8 oz, Rs 6—8 : 16 oz, Rs 12—12. Cash with order.

No. 331

বুধোদয় যন্ত্র।

হুগলি বুধোদয় যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষর ও তাহার সরঞ্জাম প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানাপ্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় যাবতীয় ফারম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, ষ্ট্যাম্পবিল, জমিদারীর জমাওয়াশীল ফরম, ডাক্তারি লেবিল ও বিল নানাপ্রকার ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পন্ন হইয়া থাকে। বিশেষ বন্দোবস্ত করিলে, সাপ্তাহিক পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংলিস অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও স্মল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া রপ্তানী দ্বারা পুস্তক প্রস্তুত করিয়া রীতিমত বাক্সবন্দী করিয়া রেলে বা জাহাজে যাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি, গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন, ছাপার রেট ও অন্যান্য বিবরণ জানিতে ইচ্ছা করিলে আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পারিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

কার্য্যাধ্যক্ষ।

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১৯ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ৷৷০ আনা।

ডাকমাশুল ৴০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৵০

পদ্য ব্যাকরণ মূল্য ৴১০

প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য ৴১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান।

১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা।

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায়) পাওয়া যায়।

শ্রীতিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

অম্বিকাচরণ ঘোষাল

ফটোগ্রাফার ও পেইণ্টার

ঘুঁটেবাজার হুগলি

অয়েল পেইণ্টিংএ চেহারা তুলিতে এবং ফটোগ্রাফ লইতে মফস্বলের সর্ব্বত্র যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণ পত্র লিখিলে জানিতে পারিবেন। নেটীবক্যারেক্টর ও নানা রূপ দেশীয় ভিউ, মাপ কাঃ ভিঃ মূল্য প্রত্যেকে ।০, ডজন ২৲। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিজ, হুগলী কলেজ এমামবাড়ার আশ্চর্য্য দৃশ্য ও হংসেশ্বরীর মন্দির প্রত্যেক ১৲ টাকা মাত্র—ফটোগ্রাফগুলি একবার দেখিলে বাধিত হইব।

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মতামত নহে।

দুগ্ধ।

(৪)

"গুঁড়ে" লাগিলে সন্তানকে অপর দুগ্ধবতী স্ত্রীর দুগ্ধ দিবে। তাহা হইলে, তাহার উদরাময় রোগ ভাল হইবে। ঐরূপ দুগ্ধের অভাব ঘটিলে শিশুদের গো দুগ্ধ দেওয়া কর্ত্তব্য। কোন কোন চিকিৎসক, বালকের পক্ষে মহিষের দুগ্ধ এবং বালিকার পক্ষে মেষ বা ছাগলের দুগ্ধের ব্যবস্থা করিয়া থাকেন। এ ব্যবস্থাও মন্দ নহে। আসাম অঞ্চলে, কোন কোন স্থানে শিশুদের উষ্ট্রদুগ্ধ পান করিতে দেওয়া হয়; আবার পশ্চিমাঞ্চলের কোন কোন স্থানে শিশুদের হস্তিদুগ্ধ পান করিতে দেওয়ার কথাও শুনা যায়। শিশুদের পক্ষে এই উভয়বিধ দুগ্ধই অহিতকারী, ইহা যেন সকলেরই জানা থাকে।

অনেক বিজ্ঞ ডাক্তার বলিয়া থাকেন যে, হস্তী ও উষ্ট্রের দুগ্ধ দ্বারা শিশুদের পশুভাবের প্রবলতা জন্মে এবং ভক্তি, স্নেহ প্রভৃতি যে গুণগুলি মানুষের উপকারী, তাহার হ্রাস হইয়া থাকে। গাভীর দুগ্ধ মানুষের স্বাস্থ্যকর। গাভীর দুগ্ধে এমন গুণ আছে, যাহা উষ্ট্র বা হস্তী কিম্বা অপর কোন পশুর দুগ্ধে নাই। ফলতঃ গো-দুগ্ধের এতাদৃশী উপকারিতা না থাকিলে আর্য্যেরা ইহার বিষ্ঠাকেও পবিত্র বলিয়া বলিতেন না। গোময় দ্বারা প্রাতে "ছড়া" দিলে, বাটীর পূতিগন্ধ নষ্ট হইয়া বায়ু বিশুদ্ধ হয়।

পরমেশ্বরের কি অত্যাশ্চর্য্য নিয়ম! সন্তান প্রসবের পর হইতেই প্রসূতির ঋতু বন্ধ হয়। ঋতু হইলে, দুগ্ধ বিকৃত হইয়া তাহা শিশুদের অস্বাস্থ্যকর হইয়া উঠে। এই স্বাভাবিক নিয়মের মধ্যে যাঁহারা কদাচার করেন, তাঁহাদের শিশুরা জীবনের মধ্যে কখনও স্বাস্থ্য লাভ করে না; একটা না একটা রোগ লাগিয়া থাকেই থাকে।

সুপক্ক কদলী, পক্ক ডুমুর, ঘৃতকুমারীর আভ্যন্তরিক শস্য, মধু মিশ্রিত মনেক্কা, বেদানার রস, উষ্ণ গব্যঘৃত, আতপ তণ্ডুলের ভাত, পদ্মকাষ্ঠ এবং কোমল নারিকেলের শস্য প্রভৃতি কতিপয় দ্রব্য নিয়মিত রূপে প্রসূতিরা ভক্ষণ করিলে, স্তনদুগ্ধের পরিমাণ বৃদ্ধি পায়। ফলতঃ ঐ সকল দ্রব্য হইতে উৎপন্ন দুগ্ধ সুস্বাদু, স্বাস্থ্যপ্রদ ও শিশুদের শুভকর হইয়া থাকে। প্রসূতি পীড়িতা হইলে, তাঁহার দুগ্ধ সন্তানকে দেওয়া নিষিদ্ধ।

বৈজ্ঞানিকেরা বলেন, যেমন কেশ, নখ, রোম প্রভৃতি দেহচর্ম্মের নামান্তর বা রূপান্তরিত অবস্থা সেইরূপ দুগ্ধও শোণিতের রূপান্তরিত অবস্থা। আহার দ্বারা রক্ত হয়, রক্তের দ্বারা দুগ্ধের সৃষ্টি।

আমরা এপর্য্যন্ত ক্রমাগত এই "দুগ্ধ" প্রবন্ধে দেখাইয়া আসিয়াছি যে, আহারের সারত্ব ও অসারত্ব উভয়ই যাইয়া রক্তে মিলিত হয় এবং তদ্দ্বারাই দুগ্ধের সারত্ব অথবা অসারত্ব প্রাপ্তি ঘটে। অতএব এখানে বলা যাইতে পারে যে, যে সকল প্রসূতিরা সসার বা সত্ত্বগুণবিশিষ্ট আহার্য্য ভক্ষণে অমনোযোগী হইবেন, তাঁহাদের দুগ্ধ কখন ভাল হইবে না, এবং দুগ্ধ ভাল না হইলেও সুসন্তান পাওয়া যাইবে না। (ক্রমশঃ)

সহজ শিল্প।

(কার্ব্বণ পেপার।)

কার্ব্বণ পেপার বাজারে কিনিতে পাওয়া যায়; ডাকঘরে ও বড় বড় আপিসে এই কাগজ ব্যবহৃত হইয়া থাকে। কার্ব্বণ পেপার দ্বারা লেখার নকল রাখা যায়।

উহা প্রস্তুত করিবার প্রণালী অতি সহজ। কেরসিন ল্যাম্পে চিমনী না দিলে, বড়ই ভূষা উত্থিত হয়। ঐ ল্যাম্পে কোন পাত্র ধরিলে তাহার তলদেশে ভূষা সঞ্চিত হয়। এই ভূষাকে বৈজ্ঞানিকেরা বায়ু দগ্ধ কয়লা বলেন; ঐ কয়লার ল্যাটিন নাম কার্ব্বো।

কার্ব্বো দ্বারা যে কাগজ প্রস্তুত হয়, তাহাকেই "কার্ব্বণ পেপার" বলা হয়। কেরসিন তৈলের ভূষা বা যে কোন ভূষাই হউক, তাহাতে অল্প তৈল (যে কোন তৈল হউক) দিয়া তেল কালী প্রস্তুত করিয়া, কাগজের পৃষ্ঠে মাখাইয়া শুষ্ক করিয়া লইতে হয়। ইহাই কার্ব্বণ পেপার।

বাজারে এই কালীর কাগজে দুই পৃষ্ঠায় তেল কালী মাখান হয়, তাহাতে কিন্তু অসুবিধা আছে। কোন কাগজের নিম্নে রাখিয়া নকল করিতে হইলে, নিম্নস্থ কাগজে দাগ লাগিয়া, কাগজ নষ্ট হয়। আমরা ঘরে এক পৃষ্ঠায় মাখাইয়া ইহা প্রস্তুত করি, এবং রীতিমত শুষ্ক করিয়া পরে ব্যবহার করি।

এই কাগজের দ্বারা উৎকৃষ্ট ছবি আঁকা যায়; যাঁহারা ছবি আঁকিতে ইচ্ছা করেন, তাঁহারা এই কাগজের সাহায্যে উৎকৃষ্ট ছবি আঁকিতে পারিবেন। প্রথমতঃ অল্প কারুকার্য্য বিশিষ্ট ছবির নিম্নে এই কাগজ দিয়া পরে এই কাগজের নিম্নে একখানি সাদা কাগজ দিতে হয়। এখন উপরের ছবি খানি কোন কলমের অগ্রভাগ দিয়া, ক্রমে ক্রমে দাগা বুলাইবার মত দাগ দিয়া যাউন। তাহা হইলে দেখিবেন ঐ চিত্রের প্রতিরূপ সেই সাদা কাগজে উঠিয়াছে।

ছবি আঁকিতে হইলে, অগ্রে কসি টানা শিখিতে হয়। কসির গুণে কাল মেঘ এবং সাদা মেঘ ইত্যাদি কেমন অঙ্কিত হয়, তাহা অনেকে ইংরাজী পুস্তকস্থ চিত্রে দেখিয়াছেন বোধ হয়। যিনি ভাল কসি টানিতে পারেন, তিনিই ভাল ছবি আঁকিতে পারিবেন, তাহাতে সন্দেহ নাই।

বহু শিল্প কার্য্য বিশিষ্ট ছবি কার্ব্বণ কাগজের সাহায্যে আঁকিতে হইলে, অগ্রে মোটা মোটা বড় বড় দাগ গুলি বুলাইতে হয়; তাহার পর কার্ব্বণ পেপার ছাড়িয়া, যে ছবি খানির নকল করা হইতেছে, তাহার প্রতি স্থির চিত্তে দৃষ্টি পূর্ব্বক, পূর্ব্বোক্ত মোটা মোটা অঙ্কিত কাগজের ভিতর অপরাপর বিষয়গুলি অঙ্কিত করিয়া দিতে হয়।

এক খানি ছবি প্রথমতঃ কার্ব্বণ পেপার সাহায্যে আঁকিয়া, সেই ছবি খানি ২।৪ বার উল্টা পাল্টা করিয়া আঁকিলেই, কতকটা অভ্যাস হয়; ঐ অভ্যাসের গুণে তখন নিজেই সে ছবিকে আঁকা যায়। ছবি আঁকা মন্দ আমোদ নহে। আমরা এই পত্রের মাননীয় সম্পাদক মহাশয়কে কার্ব্বণ পেপার সাহায্যে আমাদের স্বহস্তে অঙ্কিত দুই খানি ক্ষুদ্র চিত্র উপহার দিলাম।

শ্রীরাজকৃষ্ণ পাল।

বাসন্তী পূর্ণিমা।

(জীবন সঙ্গিনী শ্রীমতী মণিমালা দে সহ প্রদোষে ছাদে বসিয়া।)

গোধূলিমাসী নিশা আজি, পূর্ণ শশধর
ঢালিছে রজতরশ্মি অবনী উপর।
বহিছে মলয়ানিল চিত্তবিমোহকর,
ফুটিছে পরশে তার কুসুমনিকর।
হরিয়া সৌরভ রাশি সান্ধ্য-সমীরণ
বিতরিছে চারিদিকে, ফুল বালাগণ
হাসিছে মধুর হাসি নীরবে কাননে,
আকাশে শশাঙ্ক হাসে কি ভাবে কে জানে।
মম অঙ্কে হাসে শিশু ফুল্ল ওষ্ঠাধর,
নেহারি হৃদয়ে বহে আনন্দ সাগর।
হাসে বিশ্ব পূর্ণিমায় হেরি নিশাপতি,
আবৃত বসনে শুধু কমলিনী সতী।
শান্তি সুধা ঢালে প্রাণে ধীরে সুধাকর,
নব প্রাণ পায় যেন বিশ্ব চরাচর।
কোলে ছেলে খেলাভুলে রঙ্গে হেরে চাঁদ,
হাঁসে খেলে আত্মমনে নাহিক বিষাদ।
এক মনে আছি চেয়ে পূর্ণচন্দ্র পানে,
তবু নহে স্থির প্রাণ, শঙ্কা উঠে মনে
এখনি যাইবে চলি' পূর্ণিমা রজনী,
প্রতিপদে এক কলা গ্রাসিবে অমনি।
কলা কলা হ্রাস হ'য়ে, অমাতিথি দিনে
লুপ্ত হবে কলানিধি, অনন্ত গগনে
বিরাজিবে অন্ধকার, কোটি কোটি তারা
না পারিবে উজলিতে অসিময়ী ধরা।
পূর্ণিমার পূর্ণচন্দ্র হরে মন প্রাণ,
শোভেনা নলিনী তোর এ সময়ে মান।
ত্যজ বৃথা মান কর শশী সম্ভাষণ,
ভগিনীর পতি অতি আদরের ধন।
লজ্জা বটে কুলস্ত্রীর প্রধান ভূষণ,
শশীরে সোদর জ্ঞানে কর আবাহন।
ভানু সোহাগিনী তুমি ভৃঙ্গ বিলাসিনী,
বিধুর বিকাশে কেন ঢাক মুখ খানি?
সবে মিলি হেরি চাঁদে জুড়াই জীবন,
শঙ্কা পাছে নাহি ঘটে পুন দরশন।
আনন্দে অবশ অঙ্গ কি কব কাহিনী,
মোহি'ছে অবলাপ্রাণ এ মধুযামিনী।

শ্রীমতী জ্যোৎস্নাময়ী ঘোষ।
মণিপাড়া——কোন্নগর।

এডুকেশন গেজেট।

১৩ই জ্যৈষ্ঠ ১৩০০। ইং ২৬শে মে ১৮৯৩।

স্যর এ পি ম্যাকডোনেল।

আমাদের বর্ত্তমান ছোট লাট বাহাদুর স্যর চার্লস ইলিয়ট আগামী কল্য দার্জিলিং হইতে যাত্রা করিয়া তৎপরদিবস রবিবার কলিকাতায় আসিয়া পৌঁছিবেন। ৩০শে মে রাত্রিযোগে বোম্বাই যাত্রা করিয়া পরে তথা হইতে ৬ মাস কালের জন্য বিলাত যাইবেন। তাঁহার অনুপস্থিতি কালে মধ্য প্রদেশসমূহের চিফ কমিসনর স্যর এ পি ম্যাক্‌ডোনেল সাহেবের হস্তে বাঙ্গালার শাসনভার অর্পিত থাকিবে।

ম্যাকডোনেল সাহেবের বাঙ্গালায় এই আগমন নূতন নহে। বাঙ্গাল সিভিল সর্ভিসের আসিষ্টাণ্ট মাজিষ্ট্রেট হইতে আরম্ভ করিয়া জেলার ম্যাজিষ্ট্রেট ও পরে বাঙ্গালার ভূতপূর্ব্ব লেপ্টনেণ্ট গবর্ণর বাহাদুর স্যর্‌ এস্‌লে ঈডেনের শাসন-সময়ে বাঙ্গাল গবর্ণমেণ্টের সেক্রেটরী নিযুক্ত থাকিয়া বহুদিন বাঙ্গালায় কাটাইয়া গিয়াছেন। কার্য্যগুণে বাঙ্গালীর নিকট তিনি বিশেষ পরিচিত।

অনেক দিন বাঙ্গালায় থাকিয়া এবং অনেকানেক বিষয়ে বাঙ্গালীর সংস্রবে আসিয়া বাঙ্গালা দেশকে ইনি স্বদেশ-কল্প প্রিয়ভূমির স্বরূপ জ্ঞান করেন এবং বাঙ্গালীদিগকেও অন্তরে যথেষ্ট ভাল বাসিয়া থাকেন। মধ্য প্রদেশের চিফ কমিসনরের পদে অধিষ্ঠিত থাকিয়াও বাঙ্গালীর প্রতি তাঁহার সেই ভালবাসার ন্যূনতা পরিলক্ষিত হয় নাই। অনেক বাঙ্গালীকে তিনি মধ্য প্রদেশ সমূহে আপনার অধীনে কর্ম্মে নিযুক্ত করিয়া বাঙ্গালা দেশ ও বাঙ্গালীর প্রতি তাঁহার সেই আন্তরিক ভালবাসা ও শ্রদ্ধার পরিচয় দিয়াছেন।

ম্যাকডোনেল সাহেব এ প্রদেশের শাসনকর্ত্তা নিযুক্ত হন এ ইচ্ছা অনেক দিন পূর্ব্ব হইতে অনেক বাঙ্গালীরই ছিল এবং কর্ম্মসূত্রে এ প্রদেশে প্রত্যাবর্ত্তনের ইচ্ছা তাঁহারও যে ছিল না তাহা নহে। মধ্যপ্রদেশে যাইবার সময়ে কোন বাঙ্গালী কর্ম্মচারী তাঁহাকে বলিয়াছিলেন, "সাহেব, আপনি আমাদিগকে ছাড়িয়া মধ্যপ্রদেশে চলিলেন; আমরা প্রার্থনা করি আপনি অনতিকাল মধ্যেই বাঙ্গালার শাসনকর্ত্তারূপে বাঙ্গালায় প্রত্যাবৃত্ত হন।" প্রত্যুত্তরে ম্যাকডোনেল সাহেব বলিয়াছিলেন, "আমি এইরূপই আশা করি।"

ম্যাকডোনেল সাহেব বাঙ্গালায় অনেক দিন অবস্থান করিয়া কাজ কর্ম্মে যথেষ্ট সুখ্যাতি অর্জ্জন করিয়াছিলেন। মধ্যপ্রদেশে যাইয়া সেখানেও স্বীয় গুণে সকলের প্রশংসার পাত্র হইতে পারিয়াছেন। বাঙ্গালায় তাঁহার এই আগমন উপলক্ষে নাগপুর মিউনিসিপ্যালিটি ও জেলা কৌন্সিলের সদস্যগণ মিলিয়া তাঁহার শাসন ব্যাপারের সমধিক প্রশংসা পূর্ব্বক সেদিন তাঁহাকে বিদায়সূচক যে অভিনন্দন পত্র প্রদান করিয়াছিলেন, তাহার

প্রত্যুত্তরে তিনি যে কয়েকটী কথা বলিয়াছিলেন সেইগুলির সম্যক্ আলোচনা করিলেই তাঁহার শাসনাধীনে বাঙ্গালার অবস্থা যে অনেক পরিমাণে ভাল হইবে তাহা স্পষ্টই বুঝিতে পারা যায়। তিনি বলিয়াছেন, "কোন শাসনকর্ত্তা নিজের গুণে যদি প্রজা লোকের সুখস্বাচ্ছন্দ্যবর্দ্ধন করিতে পারেন, প্রজা লোকে যদি তাঁহার শাসনাধীনে শান্তি ও সুখ লাভ করে তবে তাহা অপেক্ষা শাসনকর্ত্তার পক্ষে বিশিষ্ট পুরস্কার আর কি হইতে পারে। আমার শাসনাধীনে মধ্যপ্রদেশ সমূহের অধিবাসিগণ যদি প্রকৃতই সুখস্বাচ্ছন্দ্য ভোগ করিয়া থাকে তবে ইহা আমার পক্ষে বড় কম আনন্দের বিষয় নহে।"

"এ দেশীয় লোককে রাজ্যের উচ্চতর কার্য্যে নিযুক্ত করিতে পারিলে আমার বড়ই সুখ হয়। আমার ধারণা, উচ্চপদগুলির জন্য উপযুক্ত দেশীয় লোক যতই পাওয়া যাইবে ততই ইংলণ্ড ও ভারত উভয়ের পক্ষেই মঙ্গল সাধিত হইবে।"

১৮৯২-৯৩ সালের রবিশস্যের উৎপত্তি বিষয়ক পূর্ব্বাভাস।

বেহার ও উত্তর বাঙ্গালায় অক্টোবর মাসে বারিবর্ষণ যথেষ্ট পরিমাণে না হইলেও ভূমিকর্ষণ ও বীজবপন কার্য্যের পক্ষে বিশেষ কোন অসুবিধা ঘটে নাই। নবেম্বর মাসের প্রথম প্রথম দিন কয়েক দক্ষিণ পশ্চিম ও পূর্ব্ব বাঙ্গালায় এবং উড়িষ্যা ও ছোটনাগপুরে যথেষ্ট বারিবর্ষণ হইয়াছিল। অত্যল্পবৃষ্টি কেবলমাত্র উত্তর বাঙ্গালা ও দক্ষিণ বেহারে হইয়াছিল। উত্তর বেহারে বৃষ্টি মাসের মধ্যে মোটেই হয় নাই।

ডিসেম্বর মাসে দার্জিলিং ও জলপাইগুড়ি জেলা ব্যতীত বৃষ্টি আর কুত্রাপি হয় নাই। বর্ত্তমান বর্ষের জানুয়ারি, ফেব্রুয়ারি ও মার্চ্চ মাসে সাধারণতঃ প্রায় সর্ব্বত্রই প্রয়োজনাতিরিক্ত বৃষ্টিপাত হইয়াছিল। ফেব্রুয়ারির শেষে এবং মার্চের প্রথমে যে অতিরিক্ত বারিবর্ষণ হয় তাহাতে ফসলের পক্ষে অনেকটা অনিষ্ট হইয়াছে।

১৮৯১-৯২ সাল অপেক্ষা উক্ত বৎসর অপেক্ষাকৃত অধিক পরিমাণ ভূমিতে ফসল বোনা হইয়াছিল। একমাত্র সারণ ভিন্ন আর কোন জেলা হইতে ষোল আনা রকম শস্য জন্মিবে বলিয়া সংবাদ পাওয়া যায় নাই। ৪৫টী জেলার মধ্যে ৩০টি জেলায় ১২ আনা রকম বা তাহার কিছু অধিক এবং ১৪টি জেলায় ৮ আনা হইতে ১২ আনা রকমের মধ্যে শস্যোৎপত্তি হইবে বলিয়া অনুমান করা হইয়াছে। ৮ আনার কম শস্য কেবলমাত্র চট্টগ্রাম পার্ব্বত্য জেলাসমূহে জন্মিবে এরূপ আভাস পাওয়া গিয়াছে। গড়পড়তা হিসাবে প্রদেশ মধ্যে উক্ত বৎসর ১৪ আনা রকমের কম রবিশস্যের উৎপত্তি হইবে না, হয়ত, ১৬ আনা রকমও হইতে পারিবে এরূপ আশা করিতে পারা যায়। গত বৎসর মোটের উপর মাত্র ৯ আনা রকম ফসলের উৎপত্তি হইয়াছিল।

ইক্ষু সাধারণতঃ ভালরূপ জন্মিবে বলিয়াই বোধ হইতেছে। অত্যধিক বৃষ্টিতে ঢেঁড়ী ও তামাকের কিছু অনিষ্ট করিয়াছে, কিন্তু তাহা হইলেও মোটের উপর ঢেঁড়ি ও তামাক ১২ আনা রকমের কম জন্মিবে না। তুঁত গাছ ১৩ আনা রকম জন্মিবে এরূপ অনুমান করা হইয়াছে।

জেল বিবরণী।

১৮৯২ সালের জেল বিবরণী বিষয়ে ছোটলাট বাহাদুরের মন্তব্য প্রকাশিত হইয়াছে। আমরা নিম্নে তাহার মর্ম্ম বিবৃত করিতেছি।

জেলের সংখ্যা উক্ত বৎসর একটিও বৃদ্ধি পায় নাই, কিন্তু পূর্ব্ববর্ত্তী নয় বৎসরের সহিত তুলনায় কয়েদীর সংখ্যা বৃদ্ধি পাইয়াছিল। ছোটলাট বাহাদুরের বিবেচনায় অন্নকষ্টই ইহার কারণ, যেহেতু অন্নকষ্টের হ্রাস বৃদ্ধি অনুসারে সর্ব্বত্র চৌর্য্যাদি অপরাধেরও হ্রাস বৃদ্ধি হইয়াছিল।

(১) যে সমস্ত পীড়িত কয়েদী জেলে থাকিলে সম্ভবতঃ মরিয়া যাইবে, কিন্তু খালাস পাইলে হয়ত বাঁচিতে পারে; (২) যাহাদের মৃত্যু এক প্রকার নিশ্চিত, খালাস পাইয়া বাড়ী যাইতে পারিলে আরোগ্য না হউক কতকটা স্বচ্ছন্দে মরিতে পারিবে, জেলের নূতন আইনে এইরূপ সমস্ত কয়েদীকে খালাস দেওয়ার ব্যবস্থা করা হইয়াছে। তদনুসারে উক্ত বৎসর প্রথমোক্ত প্রকারের কয়েদী ২৬ জন এবং শেষোক্ত প্রকারের

১১২ জনকে খালাস দেওয়া হইয়াছিল। আপীলে খালাস পাইয়াছে এরূপ কয়েদীর সংখ্যা পূর্ব্ববর্ত্তী দুই বৎসরের তুলনায় উক্ত বৎসর কম হইয়াছিল। ছোট লাট বাহাদুর ইহাতে সন্তোষ প্রকাশ করিয়াছেন।

একেবারে জেলে দেওয়া হইয়াছে এরূপ অপরাধীদিগের মধ্যে হিন্দুর সংখ্যা উক্ত বৎসর শতকরা প্রায় ৫৯॥ জন, মুসলমানের সংখ্যা প্রায় ৩৫৸ এবং খৃষ্টানের সংখ্যা কিঞ্চিদধিক ১৸ জন। ১৬ বৎসরের অনধিক বয়স্ক অপরাধীদিগের মধ্যে পূর্ব্ব বৎসরের তুলনায় এবারে কিছু অধিক সংখ্যককে জেলে দেওয়া হইয়াছিল। আলিপুর ও হাজারিবাগের চরিত্রসংশোধিনী কারাবিদ্যালয়ের কার্য্য ভালরূপ চলিয়া আসিয়াছে। উক্ত দুইটী বিদ্যালয় একত্র সম্মিলিত করিবার প্রস্তাব হইয়াছিল কিন্তু বর্ত্তমান ব্যবস্থার অন্যথাচরণ করা যুক্তিসিদ্ধ নয় বলিয়া ছোটলাট বাহাদুরের বোধ হওয়ায় প্রস্তাব পরিত্যক্ত হইয়াছে।

কঠিন পরিশ্রমের সহিত কারাদণ্ডপ্রাপ্ত অপরাধীদিগের মধ্যে অপরাধ বিবেচনায় কেহ কেহ নির্জ্জন কারাবাসেরও দণ্ডপ্রাপ্ত হয় ছোটলাট বাহাদুরের এই ইচ্ছা। পূর্ব্ববৎসর ৫৬ জন অপরাধী ঐরূপ দণ্ড পাইয়াছিল; উক্ত বৎসর ১৪৯ জনের উপর ঐরূপ দণ্ডের বিধান করা হইয়াছে। কয়েদীর সংখ্যা বৃদ্ধি পাইলেও বিচারাধীন অপরাধীর সংখ্যা এবং বিচারকার্য্যে বিলম্ব কম হওয়ায় ছোটলাট বাহাদুর সন্তোষ প্রকাশ করিয়াছেন।

দেওয়ানী অপরাধে কারাদণ্ড প্রাপ্ত কয়েদীর সংখ্যা পূর্ব্ববৎসরাপেক্ষা কমিয়াছে। চারি জন লুসাই সর্দ্দার রাজ্যসংক্রান্ত অপরাধে আলিপুর সেণ্ট্রাল জেলে বন্দী হয়; তন্মধ্যে এক জন আর এক জনকে জেলের মধ্যেই হত্যা করিয়া ফেলে। হত্যাকারীর বিচার সেসন আদালতে হয়; কিন্তু পাগল প্রমাণিত হওয়ায় এক্ষণে তাহাকে জেলেই রাখা হইয়াছে। অপর দুই জনকে সম্বৎসর কাল হাজারিবাগের জেলে রাখা হইয়াছিল।

জেলরক্ষকদিগের কার্য্য সাধারণতঃ সন্তোষজনক হইয়াছিল। জেলরক্ষকগণ কুচ কাওয়াজে ততটা অভ্যস্ত নয় দেখিয়া খাস পুলিসের সহিত একত্রে যাহাতে তাহাদিগকে উহা শিক্ষা দেওয়া হয় এরূপ অভিপ্রায় ছোট লাট বাহাদুর প্রকাশ করিয়াছেন।

এবার ৩৪ জন কয়েদী জেল হইতে পলাইয়াছে। পূর্ব্ব বৎসর ২১ জন এবং তৎপূর্ব্ব বৎসর ১৩ জন মাত্র পলাইয়াছিল। এরূপ পলাতকের সংখ্যা বৃদ্ধি হওয়া সম্বন্ধে ডাক্তার কমিন্স বলিয়াছেন, "কয়েদীর সংখ্যা বৃদ্ধি এবং সেই সঙ্গে উপযুক্ত সংখ্যক রক্ষকের অভাবই উহার কারণ। স্থান সংকুলান হয় না বলিয়া অধিক দিনের জন্য কারাদণ্ডপ্রাপ্ত অপরাধিগণকে জেলার জেল ও অধীন জেলসমূহে রাখা হয়, অথচ ঐ সমস্ত জেল হইতে পলাইবার সুযোগ অপেক্ষাকৃত বেশী।" ছোটলাট বাহাদুর কমিন্স সাহেবের প্রদর্শিত কারণগুলি যুক্তিসঙ্গত বলিয়া বিবেচনা করিয়াছেন এবং ভবিষ্যতে কয়েদী আর পলাইতে না পারে তদ্বিষয়ে যাহাতে উপযুক্ত উপায় অবলম্বিত হয় এরূপ অভিপ্রায় প্রকাশ করিয়াছেন।

জেলের তত্ত্বাবধারণাদি কার্য্যে এবং কয়েদীদিগের আহারাদি প্রভৃতি সর্ব্ববিষয়ে উক্ত বৎসর জেলসমূহে ১২ লক্ষ ৮২ হাজার ৫২৬ টাকা ব্যয় হইয়াছে। গড়ে প্রত্যেক কয়েদীর জন্য ৭৪৷৵১০ টাকা খরচ হইয়াছে। পূর্ত্ত কার্য্যাদিতে ব্যয় হইয়াছে ১ লক্ষ ৫৬ হাজার ৫৪৩ টাকা।

প্রধান প্রধান পূর্ত্তকার্য্যের মধ্যে পালামোতে একটি নূতন জেল এবং আলিপুর (জলপাইগুড়ি), ঠাকুর গাঁ ফেনি ও মুন্সীগঞ্জে ৪টি নূতন অধীন জেল নির্ম্মিত হইয়াছে। এতদ্ব্যতীত বক্সারে সেণ্ট্রাল জেলের একস্থানে ছাদ বদলান হইয়াছে।

যে সমস্ত দুর্ব্বল ব্যারামী কয়েদী কর্ম্ম করিতে একেবারেই অশক্ত বলিয়া এযাবৎ বিবেচিত হইত তাহাদিগকে বাগানের কাজ এবং অপরাপর অল্প পরিশ্রমের কাজ করিতে দেওয়া হইয়াছিল। দুর্ব্বল কয়েদীগণের স্বাস্থ্যরক্ষার জন্য তাহাদিগকে অল্প অল্প করিয়া যে খাটান উচিত, গত বৎসর জেলবিবরণী সম্বন্ধীয় মন্তব্য প্রকাশস্থলে ছোটলাট বাহাদুর একথা বলিয়াছিলেন। সম্প্রতি তাঁহার অভিপ্রায় কার্য্যে পরিণত হইয়াছে দেখিয়া তিনি বিশেষ প্রীতি লাভ করিয়াছেন।

কয়েদীদিগের শ্রমলব্ধ শিল্পে এ বৎসর কেবল প্রেসিডেন্সী ও ভগলপুর জেল হইতেই পূর্ব্ব বৎসরাপেক্ষা কিছু বেশী টাকা লাভ হইয়াছে। আলিপুর ও বক্সার সেণ্ট্রাল জেল হইতে লাভ পূর্ব্ব বৎসরাপেক্ষা এবারে কমিয়াছে। ঢাকা জেল হইতে পূর্ব্ব বৎসর যাহা হইয়াছিল এবারেও প্রায় তাহাই হইয়াছে। রাজসাহী জেলে লোকসান হইয়াছে। অপরাপর জেলসমূহ হইতে মোটের উপর এবৎসর অপেক্ষাকৃত কিছু অধিক লাভ হইয়াছে।

পানীয় জল সুপরিষ্কৃত করিবার রীতিমত ব্যবস্থা যাহাতে সকল জেলেই হয় তজ্জন্য চেষ্টা হইতেছে। ছোট লাট বাহাদুর বলিয়াছেন, রাঁধিবার জন্যই হউক আর পান করিবার জন্যই হউক জল যেন রীতিমত ফুটাইয়া সিদ্ধ করিয়া লওয়া হয়।

কয়েদীদিগের থাকিবার স্থান সংকুলান করিবার জন্য ১ লক্ষ টাকা মঞ্জুর হইয়াছে। ঐ টাকায় ভগলপুর, বরিশাল, যশোহর, মালদহ ও কমিল্লার জেল সমূহের ঘর বাড়ান হইবে। সম্প্রতি ছোটলাট বাহাদুরের যে আদেশ বাহির হইয়াছে তদনুসারে অপরাপর জেলসমূহে যে সকল কয়েদীর স্থান না হইবে তাহাদিগকে সেণ্ট্রাল জেলসমূহে রাখা যাইবে; সুতরাং সেণ্ট্রাল জেল সমূহেও স্থান বাড়াইবার আবশ্যক হইবে।

জেলের কয়েদীর সংখ্যা বৃদ্ধি হওয়ায় এবং বৎসরটি সাধারণতঃ অস্বাস্থ্যকর থাকায় কয়েদীদিগের মধ্যে ব্যারাম পূর্ব্ব বৎসরাপেক্ষা কিছু বাড়িয়াছিল, সুতরাং মৃত্যু সংখ্যাও অপেক্ষাকৃত কিছু বেশী হইয়াছিল। পূর্ব্ব বৎসর প্রতি হাজারে ৩১·৪ জনের হিসাবে মরিয়াছিল। উক্ত বৎসর মৃত্যুর হার প্রতি হাজারে ৪৩.১ জন। ইনস্পেক্টর জেনারেল অন্নকষ্ট ও সময়ের অস্বাস্থ্যকরতাকেই মৃত্যু সংখ্যার আধিক্যের কারণ স্বরূপে নির্দ্দেশ করিয়াছেন।

প্রাপ্তি-স্বীকার ও সমালোচনা।

আমরা কৃতজ্ঞতাসহকারে নিম্নলিখিত পুস্তকগুলির প্রাপ্তি-স্বীকার করিতেছি—

বর্ণপাঠ ১ম ভাগ—শ্রীকালীপ্রসন্ন ঘোষ প্রণীত—৪৮ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য দেড় আনা। বালকদিগের শিক্ষা সৌকর্য্যার্থ গ্রন্থকার কতকটা নূতন প্রণালী অবলম্বন করিয়া এই পুস্তকখানি রচনা করিয়াছেন। পুস্তক খানি অত্যুৎকৃষ্ট হইয়াছে। কাগজ ও ছাপা অতি সুন্দর।

কবিতাসুন্দরী—শ্রীচণ্ডীপ্রসাদ ঘোষ প্রণীত—৩৮ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য চারি আনা। পুস্তকখানির অনেক স্থল পড়িয়া আমরা প্রীতিলাভ করিয়াছি।

উপদেশ মালা—অর্থাৎ সুকুমারমতি বালক বালিকাগণের পাঠোপযোগী উপদেশপূর্ণ কবিতাগ্রন্থ—শ্রীশ্রীশগোবিন্দ সেন প্রণীত। ৬৭ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য দুই আনা। গ্রন্থকার পুস্তকখানিকে বালক বালিকাদিগের পাঠোপযোগী করিতে চেষ্টা পাইয়াছেন। সাহিত্য জগতে নূতন ব্রতী হইলেও তাঁহার চেষ্টা অনেকাংশে সফল হইয়াছে। চিন্তা, বুদ্ধিদোষ, কুবাসনা, পিতা মাতা প্রভৃতি অনেকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র কবিতাপাঠ করিয়া আমরা বড়ই প্রীত হইয়াছি।

স্ত্রী স্বাধীনতা ও স্ত্রীশিক্ষা—কলিকাতা আর্য্য মিসন ইনষ্টিটিউসন হইতে প্রকাশিত। মূল্য দুই পয়সা মাত্র। গ্রন্থকার স্ত্রী স্বাধীনতার পক্ষপাতী কিন্তু আজ কালের ইংরাজী শিক্ষিত নব্য সম্প্রদায় স্ত্রীস্বাধীনতা বলিতে যাহা বুঝিয়া থাকেন গ্রন্থকারের বিচারে তাহা স্বাধীনতা নহে—স্বেচ্ছাচারিতা। স্ত্রী স্বাধীনতা বলিতে গ্রন্থকার যাহা বুঝেন তাহা উল্লিখিত পুস্তক হইতে উদ্ধৃত নিম্নলিখিত কয়েক পংক্তিপাঠ করিলেই জানা যাইবে। গ্রন্থকার লিখিয়াছেন, "তাঁহারা (স্ত্রীগণ) যখন নিজপতির সহিত সাধনের দ্বারা আত্মানন্দ বা ব্রহ্মানন্দ লাভ করিবেন তখন আপনা আপনিই স্বাধীন হইবেন, কাহাকেও বলিতে হইবে না। তখন স্বচ্ছন্দ মনে জগতে যথা তথা বিচরণ করিতে পারিবেন। তখন আর কাহারও দ্বারা কাহারও অনিষ্টের আশঙ্কা থাকিবে না। তখন প্রস্তর তাঁহাকে দেখিয়া ভয়ে কম্পিত হইবে, কারণ তখন তিনি কঠিন প্রস্তর অপেক্ষাও কঠিনতর এবং পুষ্প তাঁহাকে দেখিয়া অভিমান শূন্য হইবে কারণ পুষ্প জানে যে পুষ্পের মত আর কিছুই কোমল নাই, কিন্তু তিনি সুকোমল পুষ্প অপেক্ষাও কোমলতর। তিনি কামাতুর পশু ভাবাপন্ন জীবের কাছে মহাশক্তি উগ্রচণ্ডা, আবার দেব ভাবাপন্ন জীবের কাছে মা অন্নপূর্ণা বা নারায়ণের লক্ষ্মী। এমত অবস্থায় তিনি সদা আপনাতে আপনি থাকিয়া স্বতঃই স্বাধীন ভাবাপন্ন। সুতরাং স্বাধীনতা আবার দিবে কে? স্বাধীনতা সাধনার দ্বারা নিজে লাভ করিতে হয়, তাহা দিতে হয় না। এইরূপ স্ত্রী স্বাধীনতা যাহাতে আমাদের দেশে প্রচলিত হয় তাহারই যত্ন প্রাণপণে করা উচিত এবং তদনুরূপ শিক্ষা বা উপদেশ নিতান্ত আবশ্যক।" "পশুভাব ঘুচিয়া দেব ভাবের আবির্ভাব না হইলে যথার্থ স্বাধীনতা লাভ হইবে না। পশুভাবাপন্ন জীবকে স্বাধীনতা দিলে অনিষ্ট ব্যতীত ইষ্টের আশা কখনই করা যাইতে পারে না।" পুস্তক খানি পড়িয়া দেখা উচিত। ভাষা প্রাঞ্জল হইয়াছে।

সংক্ষিপ্ত ভারতের ইতিহাস তত্ত্ব—শ্রীহরিদাস বন্দ্যোপাধ্যায় ও শ্রীদুর্গাদাস রায় প্রণীত। ৮২ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য চারি আনা। পুস্তকখানির যত টুকু আমরা পড়িয়াছি তাহাতে গ্রন্থকারের পুস্তক লেখার উদ্দেশ্য অনেকটা সফল হইয়াছে বলিয়াই আমাদের বোধ হইয়াছে।

সংস্কৃত চন্দ্রিকা (সংস্কৃত মাসিক পত্রিকা) শ্রীজয়চন্দ্র সিদ্ধান্ত ভূষণ কর্ত্তৃক সম্পাদিত। শকাঃ ১৮১৫ বৈশাখ ১ম খণ্ড ১ম সংখ্যা। পণ্ডিতবর শ্রীযুক্ত হৃষীকেশ শাস্ত্রী মহাশয় কর্ত্তৃক পরিচালিত বিদ্যোদয় নামক একখানি সংস্কৃত মাসিক পত্রিকা ভিন্ন আর কোন সংস্কৃত পত্রিকা এযাবৎ এপ্রদেশে

প্রচলিত ছিল না। সংস্কৃত চন্দ্রিকা সুতরাং এতৎসম্বন্ধে দ্বিতীয় স্থান অধিকার করিল। মহামহোপাধ্যায় শ্রীযুক্ত রাখালদাস ন্যায়রত্ন, শশধর তর্ক চূড়ামণি, কালীবর বেদান্ত বাগীশ, শিবরাম সার্ব্বভৌম, রাজেন্দ্র শাস্ত্রী এম এ প্রভৃতি মহোদয়গণ এই পত্রিকায় লিখিবেন বলিয়া বিজ্ঞাপনে বলা হইয়াছে। সংস্কৃত শিক্ষার্থীদিগের সংস্কৃত শিক্ষা যাহাতে অনায়াসসাধ্য হয় এবং দার্শনিক বিষয়াদিতে প্রবেশাধিকার জন্মে ইহাই উক্ত পত্রিকা প্রচারের উদ্দেশ্য। প্রাপ্তসংখ্যা পাঠে আমরা যথেষ্ট সন্তোষলাভ করিয়াছি। 'সাংখ্য-দর্শন সূত্রার্থ' প্রবন্ধটি যেরূপ ভাবে লেখা হইয়াছে ঐরূপ ভাবে দার্শনিক প্রবন্ধগুলি লিখিত হইতে থাকিলে দর্শন শাস্ত্র অধ্যয়নেচ্ছু সাধারণ সংস্কৃতজ্ঞ পাঠকের বিশেষ উপকার দর্শিতে পারিবে। পত্রিকাখানি সংস্কৃতানুরাগি জনগণ কর্ত্তৃক সমাদৃত হইতে দেখিলে আমরা বিশেষ আনন্দিত হইব। বার্ষিক মূল্য ডাকমাসুল সমেত ছাত্রের ১৲ টাকা, অপরের ১॥০ টাকা। দেবনাগর ও বঙ্গাক্ষর উভয় অক্ষরেই ছাপা হইবে।

লিপি কৌশল (অত্যাশ্চর্য্য)—২৪নং গোলক দত্তের লেন হইতে শ্রীশরচ্চন্দ্র পাল কর্ত্তৃক প্রকাশিত। মূল্য দুই পয়সা।

কল্প—১ম ভাগ ২য় সংখ্যা জ্যৈষ্ঠ ১৩০০।

বেদব্যাস—বৈশাখ ১৩০০ ৮ম ভাগ ১ম সংখ্যা।

উগ্রক্ষত্রিয় প্রতিনিধি—দ্বিতীয় খণ্ড ৯ম সংখ্যা বৈশাখ ১৩০০।

ধর্ম্মপ্রচারক—বৈশাখ, শঃ ১৮১৫।

সাপ্তাহিক সংবাদ।

[স্থানীয়] চুঁচুড়া ব্রহ্মময়ী ডেষজালয়ে গত ১লা জানুয়ারী হইতে ৩১শে মার্চ পর্য্যন্ত তিন মাসে হোমিওপেথিক ডাক্তার শ্রীযুক্ত বাবু নৃত্যগোপাল লাহিড়ী দ্বারা নিম্নলিখিত সংখ্যক রোগী চিকিৎসিত ও আরোগ্য হইয়াছে।

রোগ	চিকিৎসিত	আরোগ্য	সংবাদ দেয় নাই
জ্বর	১৭৩	১৫৬	১৭
উদরাময়	৮৬	৮২	১
ওলাউঠা	২	১	১
ইনফ্লুয়েঞ্জা	২০	১৯	১
উপদংশ	২	১	১
কাশ	৪	৪	০
বিবিধ	১৫৩	১২৯	২৪
	৪৪০	৩৯২	৪৫

[কলিকাতা] ডফটন কলেজের ভূতপূর্ব্ব অধ্যক্ষ ম্যাকডোনাল্ড সাহেব কলিকাতা মিউনিসিপ্যালিটীর সেক্রেটরী নির্ব্বাচিত হইয়াছেন। এই নির্ব্বাচন উপলক্ষে সেদিন মিউনিসিপ্যালিটীর একটী বিশেষ সভাধিবেশন হইয়াছিল। ই আই রেলওয়ের ভূতপূর্ব্ব চিফ অডিটর মেকেঞ্জি সাহেব, বর্দ্ধমান মিউনিসিপ্যালিটীর ভূতপূর্ব্ব সেক্রেটরী বার্ক্লে সাহেব, বাঙ্গালাগবর্ণমেণ্টের ভূতপূর্ব্ব আসিষ্টাণ্ট সেক্রেটরী রায় রাজেন্দ্রনাথ মিত্র বাহাদুর, হাইকোর্টের রিসিভরের অধীনস্থ এষ্টেট সমূহের ম্যানেজার সভি সাহেব, ইণ্ডিয়ান ডেলিনিউসের ভূতপূর্ব্ব স্বত্বাধিকারী ও সম্পাদক উইলসন সাহেব, গাডিনার সাহেব, ম্যাকডোনাল্ড সাহেব ও বাবু রমণীমোহন চাট্টোপাধ্যায়—ভিন্ন ভিন্ন কমিসনরগণ এই কয় ব্যক্তির নাম উত্থাপন করিয়াছিলেন। ম্যাকেঞ্জি সাহেবের ৫টী ভোট হইয়াছিল, গাডিনার সাহেবের ২টী, বার্ক্লে সাহেবের ৫টী, রায় রাজেন্দ্রনাথ মিত্রের ৭টী, উইলসন সাহেবের ১১টী, সভি সাহেবের ৭টী, ম্যাকডোনাল্ড সাহেবের ১৬টী এবং বাবু রমণীমোহনের ১৬টী। রমণী বাবু ও ম্যাকডোনাল্ড সাহেবের ভোট সমান হওয়ায় সর্ব্বাপেক্ষা কম ভোটপ্রাপ্ত গাডিনার সাহেবকে বাদ দিয়া পুনরায় ভোট সংগ্রহ করা হয়, তাহাতে ম্যাকডোনাল্ড সাহেবের হয় ৩৭টি ভোট, রমণী বাবুর ২১টী, উইলসন সাহেবের ৭টি, ম্যাকেঞ্জির ১টী, বার্ক্লের ১টি এবং রায় রাজেন্দ্রনাথের ১টি। সেক্রেটরীর পদের বেতন ৬০০ টাকা ধার্য্য হইয়াছে।

অমৃতবাজার পত্রিকা শুনিয়াছেন যে, ছোটলাট বাহাদুর বিলাত যাইবার পূর্ব্বে নব নির্ব্বাচিত সদস্যগণ লইয়া আগামী কল্য সভা করিবেন।

ব্রিটিস ইণ্ডিয়ান এসোসিয়েসন হইতে এক জন সদস্য যাহাতে বাঙ্গালাগবর্ণমেণ্টের ব্যবস্থাপক সভার জন্য মনোনীত হইতে পারেন তজ্জন্য ব্রিটিস ইণ্ডিয়ান এসোসিয়েসন বাঙ্গালাগবর্ণমেণ্টের নিকট প্রার্থনা করিয়াছিলেন। প্রার্থনা অগ্রাহ্য হইয়াছে। সভা ভারতগবর্ণমেণ্টের নিকট এজন্য আবেদন করিবেন।

[প্রেসিডেন্সী] বিগত ১লা জ্যৈষ্ঠ সাবিত্রী চতুর্দ্দশীর দিন কালীঘট্ট শিবভক্তি প্রদায়িনী সভার চতুর্দ্দশ সাম্বৎসরিক অধিবেশন হইয়া গিয়াছে। এতদুপলক্ষে ব্রাহ্মণ পণ্ডিত বিদায়, ভিক্ষুক ভোজন, শাস্ত্রব্যাখ্যা ও বৈষ্ণবকীর্ত্তনাদি হইয়াছিল।

[বর্দ্ধমান] হাওড়ার প্রধান প্রধান রাস্তাগুলিতে বৈদ্যুতিক আলোক দেওয়া হইবে, তত্রত্য মিউনিসিপ্যাল কমিসনরগণ সভা করিয়া এই ব্যবস্থা করিয়াছেন।

[সাধারণ] সেনাপতি কমাইনার আইন লর্ড হাউসে পাস হইয়া গিয়াছে। মান্দ্রাজ ও বোম্বাই সেনাদল মধ্যে আর স্বতন্ত্র সেনাপতি রাখা হইবে না। ভারতের প্রধান সেনাপতিই উভয় সেনাদলের অধিনায়ক হইবেন। উহার উপর বোম্বাই ও মান্দ্রাজের গবর্ণরের আর কর্ত্তৃত্ব থাকিবে না; তৎপরিবর্ত্তে বড়লাট বাহাদুরই কর্ত্তৃত্ব করিবেন।

তুরুস্কের সুলতানের ৩০০টি স্ত্রী, পারস্যের সাহার ৪০০, শ্যামরাজের ৬০০ এবং আসান্টির রাজার ৩ হাজার। (ইণ্ডিয়ান ইউনিয়ন)

গুড়ুক তামাক ও শুষ্ক নিমের ছাল সমপরিমাণে হুঁকায় সাজিয়া চরস যেরূপ দম দিয়া টানিতে হয় সেইরূপ করিয়া টানিলে নাকি বৃশ্চিকদংশনের জ্বালার আশু নিবারণ হয়।

ষ্টেটসেক্রেটরী সিভিল ইঞ্জিনিয়ারদিগের পেন্সন টাকায় ১ শিলিং ৯ পেন্স বরাদ্দ করিয়া দিয়াছেন।

রাজমহেন্দ্রী হইতে বিজিনাগ্রাম পর্য্যন্ত ১৭০ মাইল রেলপথ আগামী ১লা জুলাই হইতে খোলা হইবে।

মহামহোপাধ্যায় চন্দ্রকান্ত তর্কালঙ্কার ও শ্রীযুক্ত কৃষ্ণকমল ভট্টাচার্য্য আগামী বৎসরের জন্য সংস্কৃত এম এ পরীক্ষার প্রশ্ন নির্ব্বাচন করিবেন স্থির হইয়াছে। শ্রীযুক্ত নৃসিংহচন্দ্র মুখোপাধ্যায় ও শ্রীযুক্ত হরপ্রসাদ শাস্ত্রী এফ এ ও বি এ পরীক্ষার প্রশ্ন নির্ব্বাচন করিবেন।

অদ্য হইতে ১৭ই জ্যৈষ্ঠ মঙ্গলবার পর্য্যন্ত গোপালনগর হরিভক্তি সংরক্ষণী সভার সপ্তম সাম্বৎসরিক মহাধিবেশনোপলক্ষে শাস্ত্রাদি পাঠ ও হরিগুণ-কীর্ত্তন হইবে। অদ্য প্রাতে শ্রীশ্রী৺ রাধাকৃষ্ণ জীউ, তুলসী দেবী, বেদব্যাসও সংহিতার ষোড়শোপচারে পূজা ও হোম, শ্রীমদ্ভাগবত পাঠ ও ব্যাখ্যা, অপরাহ্নে নগর-সংকীর্ত্তন, রাত্রে কথকতা, পাণ্ডবগীতা পাঠ ও হরিসংকীর্ত্তন, ১৪ই জ্যৈষ্ঠ শনিবার। প্রাতে শ্রীশ্রী৺ রাধাকৃষ্ণ

জীউ ও তুলসী দেবীর পূজা, অন্যান্য রামায়ণ পাঠ ও ব্যাখ্যা, অপরাহ্নে কথকতা, রাত্রে পাণ্ডবগীতা পাঠ ও হরিসংকীর্ত্তন, ১৫ই জ্যৈষ্ঠ রবিবার, প্রাতে শ্রীশ্রী৺ রাধাকৃষ্ণ জীউ ও তুলসী দেবীর পূজা, শ্রীমদ্ভগবদ্গীতা পাঠ ও ব্যাখ্যা, পরে অধ্যাপক বিদায় ও ব্রাহ্মণ ভোজন, অপরাহ্নে সভার কার্য্য বিবরণী পাঠ ও সুপ্রসিদ্ধ বক্তা শ্রীযুক্ত কালীপ্রসন্ন বিদ্যারত্ন মহাশয় কর্ত্তৃক হিন্দুধর্ম্ম সম্বন্ধে বক্তৃতা, রাত্রে কথকতা পাণ্ডবগীতা পাঠ ও হরিসংকীর্ত্তন, ১৬ই জ্যৈষ্ঠ সোমবার শ্রীশ্রী৺ রাধাকৃষ্ণ জীউ ও তুলসী দেবীর পূজা পূর্ব্বক অষ্ট প্রহরী (অর্থাৎ প্রাতে ৬টা হইতে পরদিন ৬টা পর্য্যন্ত) হরিসংকীর্ত্তন, ১৭ই জ্যৈষ্ঠ মঙ্গলবার, প্রাতে শ্রীশ্রী৺ রাধাকৃষ্ণজীউ ও তুলসী দেবীর পূজা, নগরসংকীর্ত্তন, আরতি ও ভোগ, অপরাহ্নে ব্রাহ্মণ বৈষ্ণব ও কাঙ্গালি ভোজন এবং পরে হরিধ্বনি পূর্ব্বক সভাভঙ্গ হইবে।

ময়মনসিংহের জমিদার বাবু যোগেন্দ্রকিশোর রায় চৌধুরী ময়মনসিংহে একটি শিল্প বিদ্যালয় খুলিবার জন্য গবর্ণমেণ্টের হস্তে ১০ হাজার টাকা দিয়াছিলেন। উহার কার্য্য এক্ষণে আরম্ভ হইবে তাহার উদ্যোগ হইতেছে।

ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেট পামার সাহেব নারায়ণগঞ্জ স্কুলবাড়ীর নিকট দিয়া যাইতেছিলেন। স্কুলের কয়েকটি ছাত্র তাঁহাকে দেখিয়া 'গুড মর্ণিং' বলিয়াছিল। সাহেব ছেলেগুলিকে তাড়া করেন এবং মনোমোহন দে নামক ১১।১২ বৎসরের একটি বালককে ধরিয়া প্রহার করেন। বালকটি নারায়ণগঞ্জের ডেপুটী ম্যাজিষ্ট্রেটের নিকট নালিশ করে। ডেপুটী বাবু মোকদ্দমা গ্রহণ করেন নাই, বলিয়াছিলেন, পামার সাহেবকে 'গুড মর্ণিং করায় বালকদিগের কোন অধিকার ছিল না। মনোমোহন সেসন জজের আদালতে আপীল করিয়াছিল; জজ আপীল গ্রাহ্য করেন নাই পরে সে হাইকোর্টে আপীল করে। হাইকোর্ট হইতে ডেপুটী ম্যাজিষ্ট্রেটের কৈফিয়ৎ তলব হয়। উত্তরে ডেপুটী বলিয়াছেন যে, বালকেরা সাহেবকে 'গুডমর্ণিং' করিবার সময় হাসিয়া অশিষ্টতা প্রকাশ করিয়াছিল। হাইকোর্ট ম্যাজিষ্ট্রেটের কৈফিয়তে সন্তুষ্ট না হইয়া মোকদ্দমার বিচার করিতে আদেশ করিয়াছেন, এবং উক্ত ডেপুটীর নিকট বিচার না হইয়া যাহাতে জেলার ম্যাজিষ্ট্রেটের নিকট বিচার হয় তাহারও ব্যবস্থা করিয়া দিয়াছেন।

অমৃত বাজার পত্রিকার লণ্ডনের সংবাদদাতা সরকারী পয়ঃপ্রণালী দ্বারা অনেক স্থলে লোকের স্বাস্থ্যভঙ্গ হয় এই বিষয়ের প্রসঙ্গক্রমে নিম্নলিখিত নূতন ঐতিহাসিক বিবরণীটি উদ্ধৃত করিয়াছেন।

প্রদেশের নাম,	লোকসংখ্যা,	জন্মমৃত্যু,	শতকরা
বাঙ্গালা	৬৮৫৯৭১০৩	১১৫৯৭২৩	১৭.৪১
উঃ পঃ প্রদেশ ও অযোধ্যা	৪২১০৭৮৬৯	১২৪৪৩২৬	২৮.২১
পঞ্জাব	১৮৮৪২২৬৪	৬৯২৫১১	৩৬.৭৫
নিম্নব্রহ্ম	৩৬৫৩৬২৭	৩২৩৩২	৮.৮২
মধ্যপ্রদেশসমূহ	৮৮১৭১৮৫	১৯১৮৮৮	২১.৭৬
আসাম	৪৫২৬৯৫৯	৭৪৭৭৯	১৬.৫২
মান্দ্রাজ	২৭৯০৭৮৪০	২৬২৮৫৫	৯.২
বোম্বাই	১৬৪৫৪৪১৪	৩৪৪৮৯৭	২০.৯৬
বেরার	২৬২০৫৭৩	৪৭৮৯৪	১৮.২
মহীশূর	৪০৯২৬৪৮	৫৫১০২	১১.২১

[বৈদেশিক] ভারতের ভূতপূর্ব্ব প্রধান সেনাপতি লর্ড রবার্টস লর্ড সভায় আসন গ্রহণ করিতে উদ্যুক্ত হইয়াছিলেন। বসিতে যান এমন সময়ে দেখিলেন যে, যে আদেশ পত্রানুসারে তিনি লর্ড পদবাচ্য হইয়াছেন সেই আদেশপত্র খানি আসিবার কালীন ভারতে ভুলিয়াফেলিয়া আসিয়াছেন।

শ্যাম রাজ্যের পূর্ব্ব প্রদেশে যে যুদ্ধ হইয়াছিল এখন জানা যাইতেছে যে, শ্যাম ও ফরাসীর মধ্যে হয় নাই, লেয়সের লোকদিগের সহিত ফরাসীর যুদ্ধ হইয়াছিল। ফরাসী হারিয়া যায়। সম্প্রতি আবার জিতিয়াছে।

হোমরুল বিলে ইম্পিরিয়েল পার্লিয়ামেণ্টের প্রাধান্য উক্ত থাকে সার হেনরি জেমস সাহেব এরূপ প্রস্তাবের উত্থাপন করিয়াছিলেন। গ্লাডষ্টোন সাহেব প্রস্তাব গ্রাহ্য করিয়াছেন।

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ।—ডেঃ কঃ মিঃ ম্যাকারিথ সাহেব হুগলী জেলায় কঃর কার্য্যভার পাইলেন। নোয়াখালির সব ডেঃ কঃ ও খাস তহশীলদার বাবু হরিশ্চন্দ্র মিত্র ১ মাসের ছুটী পাইলেন। প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু চন্দ্রনাথ ঘোষ ২ মাস ১৫ দিনের ছুটী পাইলেন। প্রতিনিধি সব ডেঃ কঃ মৌলবী সৈয়দ আমেদ আলি খাঁ মুন্সের জেলার সদরে স্থাপিত হইলেন। হুগলীর জঃ মাঃ ও ডেঃ কঃ কুমার গিরীন্দ্রনারায়ণ দেব আর ২ দিনের ছুটী পাইলেন। প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ ম্যাডক্স সাহেব বালেশ্বর জেলার সদরে স্থাপিত হইলেন। মানভূম গোবিন্দপুরের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু মহেন্দ্রনাথ মুখোপাধ্যায় বর্দ্ধমান কালনায় বদলি হইলেন। বর্দ্ধমান কালনার ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু নগেন্দ্রনাথ পাল চৌধুরী মুরসিদাবাদ জেলার সদরে বদলী হইলেন। মেদিনীপুরের প্রতিনিধি মাঃ ও কঃ এলেন সাহেব ৬ মাসের ছুটী পাইলেন। জঃ মাঃ ও ডেঃ কঃ শিরীব সাহেব অপর আদেশ যাবৎ মেদিনীপুরের মাঃ ও কঃ হইলেন। সব ডেঃ কঃ মৌলবী ফজলুর রহমন খুলনা জেলার সদরে স্থাপিত হইলেন। খুলনার ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু রাজেন্দ্রচন্দ্র ঘোষ আর ১৫ দিনের ছুটী পাইলেন।

বিচার—ঢাকার সব জজ বাবু বরদাপ্রসন্ন সোম ২ মাস ১২ দিনের ছুটী পাইলেন। হাজারিবাগ গিরিধির ডেঃ মাঃ ও ডেঃ কঃ ম্যাটে সাহেব ছোট লাট বাহাদুরের অধীনে জষ্টিস অফ দি পিস হইলেন। ত্রিপুরার সব জজ বাবু গিরিশচন্দ্র চট্টো ১৫ দিনের ছুটী পাইলেন। ময়মনসিংহের সব জজ বাবু রামগোপাল চাকী ৫০ দিনের ছুটী পাইলেন। বাঁকুড়া খাটরার মুঃ বাবু চক্রধর প্রসাদ ময়মনসিংহের সব জজ হইলেন। ব্যারিষ্টার মিঃ মাণিকলাল দত্ত বাঁকুড়া খাটরায় মুঃ হইলেন। ত্রিপুরার সব জজ বাবু জগবন্ধু গাঙ্গুলী আর ২ মাসের ছুটী পাইলেন। চট্টগ্রাম সীতাকুণ্ডের মুঃ বাবু লালবিহারী ভাদুড়ী উক্ত জেলায় হাথজারির মুঃ হইলেন। চট্টগ্রাম হাথজারির মুঃ বাবু গোপালচন্দ্র চট্টো উক্ত জেলায় সীতাকুণ্ডের মুঃ হইলেন। বাবু অমৃতলাল পালিত বি এল বাখরগঞ্জ ছোলার মুঃ হইলেন। সারণের প্রতিনিধি অতিরিক্ত সবজজ বাবু কৃষ্ণনাথ রায় ১৫ দিনের ছুটী পাইলেন। বাবু হরিদাস বসু বি এল নোয়াখালি হাতিয়ার মুঃ হইলেন। বাঁকুড়ার মুঃ বাবু তারাপ্রসন্ন সেন ১ মাসের, ত্রিপুরা কমিশ্নার মুঃ বাবু হেমচন্দ্র মুখো ১৫ দিনের, পুর্ণিয়া আরারিয়ার মুঃ বাবু রাজনারায়ণ চক্রবর্ত্তী ২১ দিনের, ছোট নাগপুর গিরিধির মুঃ বাবু মহেন্দ্রনাথ ঘোষ আর ৩ মাসের এবং নোয়াখালি হাতিয়ার মুঃ বাবু রাসলাল দত্ত ১ মাস ৯ দিনের ছুটী পাইলেন।

উদ্ভট কবিতা।

[৩৭৯]

অনিলসাগমো নাস্তি স্থিরদো নৈব দৃশ্যতে।
বারিমধ্যে স্থিতংপদ্মং কম্পতে কেন হেতুনা॥

পাবকোচ্ছিষ্টবর্ণানাং শর্ব্বরীকৃত বন্ধনাৎ।
সূর্য্যমুদ্দিচ্ছতাং কান্তে কম্পতে তেন হেতুনা॥

কাষ্ঠস্য ভেদনে শক্তিস্তথা বংশগলস্য চ।
অত্যন্ত কোমলং পদ্মং নভিন্নং কেন হেতুনা॥

পদ্মেন বন্ধনং প্রীত্যা ভ্রমরঃ প্রেমরক্ষকঃ।
তস্মান্নভিদ্যতে কান্তে। ভবত্যা সদৃশং ন হি॥

বিজ্ঞাপন।

শিক্ষা সংক্রান্ত।

আগামী মধ্য ইংরাজী, মধ্য বাঙ্গলা ও উচ্চ প্রাথমিক ছাত্রবৃত্তি পরীক্ষা ইতিপূর্ব্বে ১৮৯৩ সালের ১০ই অক্টোবর আরম্ভ হইবে স্থির হইয়াছিল। কিন্তু এক্ষণে উক্ত তারিখের পরিবর্ত্তে ১৮৯৩ সালের ৩রা অক্টোবর বাঙ্গালা ১৮ই আশ্বিন মঙ্গলবার পরীক্ষা আরম্ভ হইবে ধার্য্য হইয়াছে।

Hooghly, 10th. May 1893. } (Sd) Beni Madhav De. Offg Inspector of Schools, Burdwan Division.

নিম্নপ্রাথমিক পরীক্ষার ফল।

পাবনা সবডিভিসন।

প্রথম বিভাগ।

ছাত্রের নাম।	স্কুলের নাম।
মৃণালিনী গুপ্তা	গোপালপুর বালিকা বিঃ মঃ বা
জগৎবন্ধু দাস	মহেন্দ্রপুর নিঃ প্রাঃ
কোরমান সেখ	রামচন্দ্রপুর ঐ
কালু মিয়া	শিবরামপুর ঐ
কৃষ্ণলাল সাহা	ঐ
রুক্মিণীকান্ত আচার্য্য	মালিগাছা ঐ
এছমাইল দেওয়ান	জয়নগর ঐ
আলিমুদ্দীন মণ্ডল	সাহাপুর ঐ
তমিজুদ্দীন কর্ম্মকার	ঐ
এরফান খাঁ	মাজপাড়া ঐ
মহম্মদালি চৌধুরী	ঐ
প্যারীচরণ হালদার	ঐ
হেমন্তকুমার সরকার	আতাইকুলা ঐ
হেমচন্দ্র দাস	ঐ
হির ফকির	ডুতিপাড়া ঐ
মনলার উদ্দীন খাঁ	ভাংগুরা নিঃ প্রাঃ
মোবারক সেখ	জয়রাবাড়ী ঐ
রফাতুল্লা সরকার	চৌবাড়িয়া ঐ
তুষ্টীচরণ প্রামাণিক	শরিয়তিটা উঃ প্রাঃ
ভূপতিচরণ বন্দ্যোপাধ্যায়	মাসুমদিয়া ঐ
মুকুন্দনাথ সরকার	ঐ চাকলা ঐ
আছামদী প্রামাণিক	চাকলা ঐ
রামলাল কুণ্ডু	পারগোপালপুর ঐ
পূর্ণচন্দ্র সরকার	শোনাতোলা ঐ
গৌরলাল কুণ্ডু	ঐ
শরচ্চন্দ্র দত্ত	শরিসা ঐ
যদুনাথ পাল	ঐ
যদুনাথ শিকদার	বড়গ্রাম নিঃ প্রাঃ
কৃষ্ণলাল সাহা	পুটীগারা ঐ
ফাজির প্রামাণিক	চড়পাড়া ঐ
লেচু প্রামাণিক	বোয়া ঐ
জলধর সাহা	রাজাপুর ঐ
অম্বিকাচরণ দাস	ঐ
রায়জুদ্দীন সেখ	ঐ
ঈশানচন্দ্র দাস বৈরাগী	ধুলাউড়ী ঐ
বনমালী শিল	ঐ
পরেশ আলি খোন্দকার	নয়াগ্রাম ঐ
আহম্মদ জান খোন্দকার	হরিরামপুর ঐ
আফসরালী মিয়া	দরিকয়া ঐ

সিরাজগঞ্জ সব ডিবিসন।

প্রথম বিভাগ।

শ্রীমন্তনাথ সাহা	নলছিয়া ঐ
এনাতুল্লা সরকার	ঐ
যাদবচন্দ্র দত্ত	বেঙ্গনাই ঐ
নবকুমার বৈষ্ণব দাস	নলকা ঐ
প্রাণনাথ মিস্ত্রিরী	ব্রহ্মগাছা ঐ
ছামেস উল্লা প্রামাণিক	গ্রামপাঙ্গাসী ঐ
উজির উদ্দিন ভুঁয়া	ঐ
উমেশচন্দ্র সরকার	কোদলা উঃ প্রাঃ
নৃত্যগোপাল অধিকারী	ঐ
নন্দলাল সরকার	ঐ
কেদার বক্স মণ্ডল	ফুলকোচা নিঃ প্রাঃ
গোপালচন্দ্র সাহা	তেঁতুলিয়া ঐ
কালীকিঙ্কর দাস	ঐ
লালবিহারী তৈপাল	বড়কান্দি ঐ
জ্ঞানদাচরণ গোপ	শিয়ালকোল উঃ প্রাঃ
বৃন্দাবনচন্দ্র অধিকারী	ঐ
দুর্গানাথ দে	গাঁরাদহ ঐ
সতীশচন্দ্র ভৌমিক	গাঁরাদহ উঃ প্রাঃ
প্রসন্ননাথ পোদ্দার	ঐ
ইমামালী সরকার	বগুলী ঐ
জেনাতালী সরকার	ঐ
আছরাফ সরকার	ঐ
কোরমান খাঁ	ইছামতী ঐ
জব্বরালী খাঁ	ঐ
কমলকৃষ্ণ সিংহ	হরিপুর ঐ
রুক্মিণীকান্ত মজুমদার	ঐ
হৃদয়নাথ দাস	ঐ
বনওয়ারীলাল পোদ্দার	ঐ
রজনীকান্ত দে	ঐ
নবীনচন্দ্র সাহা	বনবাড়ীয়া ঐ
তালেবর আকন্দ	বানিয়াপটী ঐ
মাধবচন্দ্র সাহা	বিয়ারা নিঃ প্রাঃ
আশানন্দ শিল	ঐ
সয়েদালী মির	ঐ
জব্বরালী সরকার	ঐ
গোপালচন্দ্র দে	ঐ
করিমবক্স সেখ	বানিয়াপটি ম, ই,
রাধারমণ পোদ্দার	ঐ
অচ্যুতানন্দ সাহা	ঐ
ভবেন্দ্রমোহন সাহা	ঐ
পূর্ণচন্দ্র সাহা	ঐ
অম্বিকাচরণ সাহা	ঐ
হিরালাল সাহা	ঐ
হেমচন্দ্র পাল	ঐ
যোগেন্দ্রলাল সাহা	ঐ
যতীন্দ্রনাথ শর্ম্মা	ঐ
কৈলাসচন্দ্র ঘোষ	গয়লা উঃ প্রাঃ
যোগেশচন্দ্র নিয়োগী	ঐ
ফোকনচন্দ্র ভুঁয়া	দক্ষিণ বেলকুচী নিঃ,প্রাঃ
অমরচন্দ্র সাহা	ঐ
সোলেমান মিয়া	ঐ
আহাম্মদালী ভুঁয়া	রাণীগ্রাম ঐ
নোতিবুদ্দিন সরকার	বুরুজি ঐ
পূর্ণচন্দ্র পাল	সোনামুখী ঐ
বনওয়ারীলাল ভৌমিক	ঐ
উমেশচন্দ্র সাহা	ঐ
নাছিমুদ্দিন সরকার	ঐ
এনাহিবক্স সরকার	বাহুকা ঐ
সাদেকালী মুন্সী	ভাটপিরি ঐ
রাজনারায়ণ ঘোষ	মাইখাল ঐ

সুধন্যাচন্দ্র সাহা	মাইঝাল নিঃ প্রাঃ
রাঘবচন্দ্র চন্দ	মোকিমপুর ঐ
বিশ্বেশ্বর রায়	মেঘুল্লা ঐ
সবর উদ্দিন মোল্লা	দেলুয়া উঃ প্রাঃ
সুরেন্দ্রনাথ প্রামাণিক	ঐ
ক্ষিরোদলাল চক্রবর্ত্তী	বাইগণ ঐ
ভারতচন্দ্র চক্রবর্ত্তী	ঐ
ললিতচন্দ্র শিল	ঐ
রজনীকান্ত শিল	ঐ
হরিদয়াল প্রামাণিক	ঐ
তামিজ উদ্দিন মণ্ডল	আদাচাকি নিঃ প্রাঃ
ব্রজবন্ধু দো	বড়ধুল উঃ প্রাঃ
মল্লিক মহম্মদ মণ্ডল	পোড়াবাড়ী ঐ
কেফাতুল্যা সরকার	ঐ
ক্ষিরোদলাল ভদ্র	গোলাইখালী নিঃ প্রাঃ
আকবর সরকার	চালাবাকুলা ঐ
হবিবর রহমন সরকার	শম্ভুসিয়া ঐ
রিয়াজুদ্দিন সরকার	ঐ
রুদ্রনাথ দত্ত	গাবেরপাড়া ঐ
আলিমুদ্দিন সেখ	ঐ
শ্রীনাথ ভৌমিক	ঐ
বিনোদলাল দত্ত	ঐ
রামেন্দ্রচন্দ্র ঘোষাল	হুমরসন্তপুর উঃ প্রাঃ
বেণীমাধব হোর	ভাটদিঘলিয়া ঐ
ত্রৈলোক্যনাথ কুণ্ডু	বয়রা ঐ
রাধারমণ ভৌমিক	ঐ
দুর্গানাথ সরকার	ঐ
গোপালচন্দ্র দে	চৌহালী ঐ
জালাল উদ্দিন আহাম্মদ	ঐ
এবারতুল্যা বেপারী	ঐ
প্রসন্নকুমার দে	ঐ
উমেশচন্দ্র দত্ত	ঐ
শরচ্চন্দ্র দাস	ঐ
দীনেশচন্দ্র চাকি	ঐ
ভগবতচন্দ্র মজুমদার	ঐ
তরিপুদ্দিন সরকার	মৌপুর ঐ
দুর্গানাথ সরকার	সুকলাই ঐ
রোহিণীলাল সরকার	ঐ
জেনাতালী প্রামাণিক	মাদারপাড়া ঐ
আহাম্মদালী সরকার	নলগোদা নিঃ প্রাঃ
এছিমুদ্দীন সরকার	ঐ
সতীশচন্দ্র সরকার	রোমাইল গ্রাম ঐ
কুড়ান সরকার	হেমন্তদাড়ী ঐ

দেবেন্দ্রনাথ তালুকদার	দুর্গানগর নিঃ প্রাঃ
প্রসন্নকুমার তালুকদার	ঐ
কেদারনাথ সরকার	ঐ
মফিজুদ্দিন সরকার	বাগুয়া ঐ
কোবাদালী মিয়া	মেতুয়ানী ঐ
প্রহ্লাদচন্দ্র প্রামাণিক	ঐ
আগরালী সরকার	মাটকোড়া ঐ
আব্বাজুদ্দিন তালুকদার	ভট্টমাজারিয়া ঐ
ভুবনালী সরকার	চরঘাতিনা ঐ
আরফাতুল্যা মণ্ডল	ঐ
গৌরচন্দ্র কুণ্ডু	খাদুলী ঐ
কৃপানাথ তালুকদার	ঐ
উদ্ধবচন্দ্র দাস	উল্লাপাড়া মঃ বাঃ
জ্ঞানেন্দ্রনাথ মজুমদার	বেলতৈল উঃ প্রাঃ
যতীন্দ্রনাথ অধিকারী	ঐ
অছিমুদ্দীন সরকার	থাসচর নওকৈড় ঐ
কলিমুদ্দীন সরকার	ঐ
মফিজুদ্দীন সরকার	ঐ
আবেদালী সরকার	ধুকুরিয়া বেড়া ঐ
মগেরুদ্দীন সরকার	ঐ
ভবানীকান্ত সরকার	দৌলতপুর ঐ
কোমরুদ্দীন খোন্দকার	কালিরাকৈড় নিঃ প্রাঃ
সবেরুদ্দীন আকন্দ	ঐ
তারকচন্দ্র সাহা	ক্ষেত্রতোলা ঐ
মাসীরুদ্দিন সরকার	লক্ষ্মীপুর ঐ
নসিরউদ্দীন মিয়া	দরগাপাড়া ঐ
আজেদবক্স দালাল	এনাইতপুর ঐ
মহাজনালী সরকার	ঐ

পাবনা সব ডিবিসন।

দ্বিতীয় বিভাগ।

বেলাতালী কর্ম্মকার	খোর্দ্দচাঁদপুর উঃ প্রাঃ
নিজামুদ্দিন খোন্দকার	দেবোত্তর ঐ
গয়ানাথ পাল	প্রতাপপুর নিঃ প্রাঃ
কেদারনাথ ঘোষ	মহেন্দ্রপুর ঐ
মফিজুদ্দীন বেপারী	দাপুনিয়া ঐ
যোগেন্দ্রনাথ সাহা	ঐ
যদুনাথ বৈরাগী	ঐ
আলেক প্রামাণিক	জয়নগর ঐ
ইব্রাহিম প্রামাণিক	সাহাপুর ঐ
বিপিনবিহারী দাস	আতাইকুলা ঐ
চন্দ্রকান্ত কর্ম্মকার	ঐ
রহমন বিশ্বাস	ঐ

বিনোদীলাল গুঁই	ভাংগুরা নিঃ প্রাঃ
শরচ্চন্দ্র আচার্য্য	মুলগ্রাম ঐ
বৈদ্যনাথ ভৌমিক	ঐ
বসরত খাঁ	পাইকেল ঐ
জাবেরুদ্দীন প্রামাণিক	চৌবাড়িয়া ঐ
বিপিনবিহারী ঘোষ	বরখাপুর উঃ প্রাঃ
যতীন্দ্রনাথ সাহা	মাসুনদিয়া ঐ
রাধানাথ শিল	চাকলা ঐ
দেবেন্দ্রনাথ কর্ম্মকার	গারগোপালপুর ঐ
করিমবক্স সরকার	শোনাতলা ঐ
বাদু উদ্দীন সরদার	সাতবিলা ঐ
শ্যামাচরণ দাস	ঐ
হরেকৃষ্ণ বৈরাগী	বনগ্রাম নিঃ প্রাঃ
ধেনু উদ্দিন সরদার	আকরা ঐ
দেবনাথ রায়	জগন্নাথপুর ঐ
শ্যামগতি সরকার	রাজাপুর ঐ
জাহারুদ্দীন প্রামাণিক	ঐ
তমিজ উদ্দীন খাঁ	ফুলবাড়ী ঐ
জেনাতুল্যা খাঁ	মালিকা ঐ
আবদুল মোল্লা	হরিরামপুর ঐ
সতীশচন্দ্র বাগছি	গোবিন্দপুর ঐ
শরচ্চন্দ্র দাস	কন্দর্পপুর ঐ
মথুরানাথ সরকার	বারুরিয়া উঃ প্রাঃ
গজেন্দ্রলাল গুহ	বাগ নিঃ প্রাঃ
কালীকমল মৌলিক	তালিমনগর ঐ
ঢোলু প্রামাণিক	জগন্নাথপুর ঐ
রোহিদবক্স তালুকদার	বেজনাই নিঃ প্রাঃ
জগদীশচন্দ্র চক্রবর্ত্তী	ব্রহ্মগাছা ঐ
কোকনচন্দ্র ঋষি	ঐ ঐ
ফয়জুদ্দিন প্রামাণিক	রাইহাটী ঐ
এছাবালী সরকার	ওয়াসিন ঐ
কার্ত্তিকচন্দ্র সাহা	কোদলা উঃ প্রাঃ
ত্রৈলোক্যনাথ সরকার	তাড়াগ ঐ
গিরিজাবন্ধু কর	ঐ ঐ
ট্যাঙ্কধা প্রামাণিক	শিবনাথপুর নিঃ প্রাঃ
আলি বক্স সরকার	ঐ ঐ
ত্রৈলোক্যনাথ সান্যাল	বাটীকামারী ঐ
বেণীমাধব কর্ম্মকার	বাগবাটী ঐ
গৌরগোবিন্দ চক্রবর্ত্তী	তেঁতুলিয়া ঐ
মামুদ আলী প্রামাণিক	দক্ষিণ ধুকুরিয়া ঐ
আবদুল গোফুর সরকার	উত্তর-ধাননথারা ঐ
আবদুলালী সরকার	ঐ ঐ

প্রহ্লাদচন্দ্র পাল	বড় কাঁন্দী নিঃ প্রাঃ
গঙ্গাধর দাস	পাকুরিয়া ঐ
জনার্দ্দনচন্দ্র অধিকারী	শিয়ালকোল উঃ প্রাঃ
মুকুন্দনাথ কর্ম্মকার	ঐ ঐ
কেদার নাথ অধিকারী	ঐ ঐ
নগরবাসী গোপ	হরিপুর ঐ
যোগেন্দ্রনাথ সাহা	বনবাড়ীয়া ঐ
আদার বক্স তালুকদার	বানিয়াপটী ঐ
কাদের বক্স সরকার	বানিয়াপটী ঐ
মেহের উদ্দীন সেখ	বানিয়াপটী মধ্য ইঃ
তারিণীকান্ত সাহা	ঐ ঐ
কৃষ্ণচৈতন্য প্রামাণিক	ঐ ঐ
সারদাকিঙ্কর রায়	ঐ ঐ
কুরমাল চুলী	ঐ ঐ
মাধু চুলী	ঐ ঐ
তারিণীকান্ত দাস	গয়লা মঃ বাঃ
সুধীরচন্দ্র ভট্টাচার্য্য	গয়লা উঃ প্রাঃ
যদুনাথ শীল	ঐ
পূর্ণচন্দ্র গোপ	ঐ
দ্বিজেন্দ্রনাথ ভৌমিক	ঐ
মমিনচাঁদ সরকার	বেলটিয়া নিঃ প্রাঃ
রশুলী সরকার	চিনাডুলী ঐ
আপ্তাপউদ্দিন খোন্দকার	ঐ ঐ
জোহিরুদ্দিন সরকার	ঐ ঐ
সেকাতুল্লা সরকার	কুলজোড় ঐ
হরীন্দ্রনাথ প্রামাণিক	বেলকুচী ঐ
মধুসূদন কুণ্ডু	ঐ ঐ
ঠাকুরদাস সাহা	দক্ষিণ বেলকুচি ঐ
মাখনলাল সাহা	ঐ ঐ
যোগেন্দ্রনাথ সাহা	ঐ ঐ
জাহারাণী সেখ	দিয়ার পঞ্চিল ঐ
হাফেজুদ্দিন সেখ	ঐ ঐ
মোজিমালী খাঁ	ঘোগাছী ঐ
মোহির সেখ	ঐ ঐ
আবেদালী সরকার	নাতিয়ারপাড়া ঐ
দারগালী তরফদার	সিমুলদিয়ার ঐ
আসগরালী সেখ	শিমুলিয়া ঐ
ইব্রাহিম সরকার	গঙ্গারিয়া ঐ
সারদালী সরকার	বাহুকা ঐ
দশরথচন্দ্র কৈবর্ত্ত	ঐ ঐ
ইব্রাহিম সরকার	বালিফারী ঐ
জেফাতুল্লা সরকার	মাউহকোলা ঐ

আহাম্মদ সরকার	মাইয়াল নিঃ প্রাঃ
আহাম্মদ সরকার দ্বিতীয়	ঐ ঐ
এলাহি উদ্দিন আকন্দ	সুবর্ণসারা ঐ
শরচ্চন্দ্র দত্ত	মোকিমপুর ঐ
সতীশচন্দ্র চক্রবর্ত্তী	অম্বরিয়া ঐ
জ্ঞানেন্দ্রনাথ চক্রবর্ত্তী	দেলুয়া উ প্রাঃ
বিনোদবিহারী শিল	বাইগণ নিঃ প্রাঃ
ধরণীধর সাহা	ভাম তৈল উঃ প্রাঃ
মাথনলাল সাহা	ঐ ঐ
সুরেশচন্দ্র দে	রাজাপুর ঐ
ময়েন উদ্দিন সরকার	ঐ ঐ
দিগাম্বর আচার্য্য	রাজপুর মধ্য বা
অমরচন্দ্র সাহা	ঐ
দাশরথী সাহা	ঐ
যদুনাথ গোপ	ঐ
আবদুল কাদের ভুঁরা	আরাচাকি নিঃ প্রাঃ
রামলাল পাল	ঐ
অম্বরচন্দ্র দে	ঝাউল উঃ প্রাঃ
কেদারনাথ ভৌমিক	ঐ
রামানন্দ ভৌমিক	ঐ
এলাহি বকস সরকার	বড় ধুল উঃ প্রাঃ
মিয়া উল্লা সরকার	মাজগ্রাম নিঃ প্রা
নাসিরুদ্দিন সরকার	ঐ ঐ
ফজরুদ্দিন মুনসী	মধুপুর ঐ
আবদুল রহমন সরকার	ঐ ঐ
বাদিরুদ্দিন সরকার	ঐ ঐ
দরগালী মণ্ডল	ঐ ঐ
আকেকল মহম্মদ মোল্লা	বানতৈল ঐ
তোপছির উদ্দিন মিয়া	গোলাইথালী ঐ
রজনীকান্ত বিশ্বাস	বেতৈল ঐ
আছিরুদ্দিন সরকার	চালাধাকলা ঐ
বিহারীলাল ঘোষ	বিল্ডিরা ঐ
বাছরুদ্দিন মণ্ডল	বিষ্ণুপুর ঐ
জহিমুদ্দিন মোল্লা	শম্ভুদিয়া ঐ
বেণীমাধব শিল	গালা ঐ
অশ্বিনীকুমার বসু	ঐ ঐ
আবদুল খালিপ মিয়া	গাবের পাড়া ঐ
সোনা উল্লা বেপারী	দেওয়ানতলা ঐ
দেবেন্দ্রনাথ রাজবংশী	চালুহারা ঐ
কৃষ্ণলাল কর্ম্মকার	ঐ ঐ
কছিরউদ্দিম খাঁ	কুলহারা ঐ
মসিন উদ্দিন সরকার	বাঐকোলা ঐ
খোদাবকস সরকার	ঐ ঐ

আশানুদ্দিন মোল্লা	খাস কউলিয়া নিঃ প্রাঃ
জালাল উদ্দিন সেখ	ঐ ঐ
নৈমুদ্দিন প্রামাণিক	আটাপাড়া ঐ
শ্রীলাল সাহা	সদিয়া চাঁদপুর উঃ প্রা
গোপাল উদ্দিন প্রামাণিক	সদিয়া চাঁদপুর ঐ
উমেশচন্দ্র অধিকারী	ঐ ঐ
গোপালচন্দ্র সুনেশ্বর	ঐ ঐ
মাখনলাল সরকার	ভাট দীঘলিয়া ঐ
রজনীকান্ত আচার	উল্লাপাড়া ঐ
জব্বরালী দেওয়ান	ঐ ঐ
রোহিণীকুমার পাল	ঐ ঐ
খুদিরাম রায়	সোনাতনী ঐ
লোকনাথ দে	ঐ ঐ
কেতু মণ্ডল	হাটবয়রা ঐ
আবদস সোবান বেপারী	চৌহালী ঐ
কালীকুমার দাস	ঐ ঐ
বাজিল উদ্দিন খোন্দকার	কর শালিখা নিঃ প্রা
উমেশচন্দ্র দেব	গারাদহ উঃ প্রা
কুমুদনাথ ভট্টাচার্য্য	ঐ ঐ
আজিমুদ্দিন সরকার	মৌপুর ঐ
গোলাপালী সরকার	ঐ ঐ
আছেদালী সরকার	ঐ ঐ
প্রাণবন্ধু ধর	কানসোনা ঐ
সিরাজালী খোন্দকার	ঐ ঐ
জগবন্ধু পোদ্দার	বর্দ্ধনগাছা ঐ
যোগেন্দ্রনাথ সরকার	কয়রা ঐ
অনাথবন্ধু পাল	শুকলাই ঐ
সুরেশচন্দ্র চক্রবর্ত্তী	ঐ ঐ
উপেন্দ্রনাথ ভট্টাচার্য্য	ঐ ঐ
তারিণীচরণ সূত্রধর	দুর্গাদহ নিঃ প্রা
কাদেরালী যোয়াদ্দার	ঐ ঐ
এছমাইল উদ্দিন সরকার	ঐ ঐ
গোনিরুদ্দিন সরকার	নলগোদা ঐ
হেমচন্দ্র সূত্রধর	নাবিনা ঐ
মোইজুদ্দিন খাঁ	রোমাইলগ্রাম ঐ
রামলাল সরকার	হেমন্তবাড়ী ঐ
বাসাতুল্লা সরকার	বাঘুয়া ঐ
মেহের উদ্দীন সরকার	ঐ ঐ
নিজাম উদ্দীন প্রামাণিক	মেতুয়ানী ঐ
তাজ উদ্দীন খোন্দকার	ঐ ঐ
যাদবচন্দ্র প্রামাণিক	ঐ ঐ
আকেকল আলি সরকার	মাটিফেরা ঐ
করিম উদ্দীন প্রামাণিক	রামকান্তপুর ঐ

সবেদালী সরকার	চরহতিনা	নিঃ প্রাঃ
সাধু উদ্দীন প্রামাণিক	ঐ	
প্রাণচন্দ্র সরকার	ঐ	
শের আলী সরকার	পেচারপাড়া	ঐ
তমিজুদ্দীন সেখ	ঐ	ঐ
আশামদালী প্রামাণিক	বড়চর	ঐ
কলিমুদ্দীন প্রামাণিক	ঐ	ঐ
এনাতুল্লা প্রামাণিক	ঐ	ঐ
অমরচন্দ্র মালি	ঐ	ঐ
পূর্ণচন্দ্র তালুকদার	খাড়লী	ঐ
আবদুল ছোবান তালুকদার	বোয়ালিয়া	ঐ
মিয়াজান তালুকদার	ঐ	ঐ
গণেশচন্দ্র সাহা	উল্লাপাড়া মধ্য বা	
হৃদয়বন্ধু সাহা	ঐ	
নরেন্দ্রকুমার দাস	ঐ	
হরলাল সরকার	ঐ	
হেমচন্দ্র কুণ্ডু	ঐ	
তমিজুদ্দীন মণ্ডল	পঞ্চক্রোশি উঃ প্রা	
জলাল আবদুল সরকার	ঐ	
খোদাবকস মণ্ডল	ঐ	
আসতুল্লা সরকার	বেলতৈল	ঐ
হরমোহন চাকী	পটীয়া	ঐ
সোফাতুল্লা সরকার	ঐ	ঐ
ফাণ্ প্রামাণিক	খাসচর নওকৈড়	ঐ
বসিরুদ্দীন সরকার	ঐ	ঐ
কেফাতুল্লা সরকার	পারকোলা	ঐ
রোহিমুদ্দীন আহাম্মদ	সাতবাড়ীয়া	ঐ
এনদালালী খোন্দকার	সাতবাড়ীয়া	ঐ
যদুকমল সেন	দৌলতপুর	ঐ
আরিপ উদ্দীন সরদার	কালিরাকৈড়	ঐ
কেদারনাথ গোপ	উল্টাদোব	ঐ
রহিমুদ্দীন সরদার	ঐ	ঐ
রফাতুল্লা মোল্লা	মরাকাদাই	ঐ
ইয়াকুব আলী মোল্লা	সুকাশী	ঐ
ছুড়ান প্রামাণিক	ক্ষেত্রতলা	ঐ
সাদেকালী খাঁ	ঐ	ঐ
রহমৎ উল্লা সরদার	ঐ	ঐ
বাবু বালী সরকার	চরকৈকুরী	ঐ
আবেদ আলি মিয়া	লক্ষীপুর	ঐ
নছিমুদ্দিন সরকার	ঐ	ঐ
মেঘনাথ সাহা	দরগাপাড়া	ঐ
সোনাউল্লা প্রামাণিক	ব্রজবালা	ঐ

দ্রষ্টব্য।

হুগলির উকিল শ্রীযুক্ত বাবু দীননাথ ধরের ভ্রাতষ্পুত্র চুঁচুড়ার বাহিরের নিকট গঙ্গার ধারের পথে একটী ওয়াটারবারি ওয়াচ কুড়িয়া পাইয়াছে। ওয়াচটী দীননাথ বাবুর নিকট আছে, অনুসন্ধান লইলে মালিক ঘড়ি পাইতে পারিবেন।

কর্ম্মখালি।

Wanted an M. A. Hd. Master under 3 years' agreement for the Boinchi B. L. Institution on Rs 75 a month. He must be strong in English & of good conduct. Apply within a fortnight to Babu Sita Nath Bauerjee, Manager, Kamala Kamini Devi's Estate, Boinchi.

Wanted a B. A. strong in Mathematics as 2nd Master for the Krisnaghur A. V. School on Rs 30 a month. Apply to Babu Navakrishna Ganguli, Hd. Master.

Wanted an Entrance passed private tutor. Salary according to qualifications. Apply to Babu Anundo Prosad Hazra, 52 | 1 Sakhareetolah Lane, Calcutta.

Wanted an F. A. 5th Master under 3 years' agreement for the Chittagong Municipal H. E. School on Rs 25 a month. Apply to Babu Abinash Ch. Banerjee, Hd. Master.

Wanted a Brahmin 2nd Master on Rs 10 a month for tha Uthali M. E. School (4 miles from Goalando) Dt. Dacca. One who has read up to the Entrance Class may apply to the Secy. Babu Dina Bandhu Goswami.

জেলা বরিশাল কলসকাটী উ ইং স্কুলের জন্য মাসিক ২৫৲ টাকা বেতনে ১ বৎসরের এগ্রিমেণ্টে সংস্কৃত কলেজের উপাধি পরীক্ষায় উত্তীর্ণ অথবা এণ্ট্রেন্স ক্লাসে সংস্কৃত পড়াইতে সক্ষম এল এ, ফেল হেড পণ্ডিতের আবশ্যক। উক্ত স্কুলের হেড মাষ্টারের নিকট আবেদন করুন।

জেলা মেদিনীপুর পাঁশকুড়া মঃ ইং স্কুলের জন্য মাসিক ১৬৲ টাকা বেতনে নর্ম্মাল ত্রৈবার্ষিক জনৈক গণিত শিক্ষকের প্রয়োজন। স্কুলের হেড মাষ্টারের নিকট আবেদন করুন।

মাসিক ৫৲ টাকা বেতনে এক জন বাঙ্গালা শিক্ষকের প্রয়োজন। বাসা খরচ দেওয়া যাইবে। ডাক্তার শ্রীকাশীশ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের নিকট আবেদন করুন, বসিরহাট, ২৪ পরগণা।

পাইকড় বোর্ড মডেল মঃ বাং স্কুলের জন্য মাসিক ১২৲ টাকা বেতনে জনৈক নর্ম্মাল ত্রৈবার্ষিক ২য় পণ্ডিতের প্রয়োজন। পাইকড় লুপ লাইনের মুরারই ষ্টেশন হইতে ৭।৮ মাইল অন্তর। বীরভূম ডিষ্ট্রিক্ট বোর্ডের ভাইস চেয়ার ম্যান মহাশয়ের নিকট দরখাস্ত করিতে হইবে।

জেলা খুলনা, পোষ্ট কুলতলা, সিদ্ধিপাশা ইউনিয়ন মঃ ইং স্কুলের জন্য এক জন হেড মাষ্টার ও এক জন হেড পণ্ডিতের আবশ্যক। মাসিক বেতন যথাক্রমে ১৫৲ ও ১২৲ টাকা। ৩ মাস পরে হেড মাষ্টারের ৫৲ টাকা ও হেড পণ্ডিতের ৩৲ টাকা বেতন বৃদ্ধির সম্ভাবনা। এফ এ উত্তীর্ণ অথবা এণ্ট্রান্স পাশ কিন্তু শিক্ষাকার্য্যে অভিজ্ঞ ব্যক্তি হেড মাষ্টার পদের প্রার্থী হইবেন। নর্ম্মাল ত্রৈবার্ষিক অথবা সংস্কৃত ও বাঙ্গালায় ব্যুৎপন্ন ব্যক্তি হেড পণ্ডিতের পদের প্রার্থী হইবেন। জাতিতে ব্রাহ্মণ অথবা কায়স্থ হইলে ভাল হয়। সম্পাদক শ্রীকৌশিকীচরণ বসুর নিকট আবেদন করুন।

বিশেষ দ্রষ্টব্য।

বাচস্পত্য অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২৩৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
বুধোদয় প্রেস।
হুগলী।

বার্ষিক ৫০০৲ টাকা বৃত্তি।

ভারতধর্ম্ম মহামণ্ডলীর মুখ্যতম উদ্দেশ্যের অনুসরণ করিয়া ৺বিশ্বনাথ চতুষ্পাঠীতে বার্ষিক পঞ্চাশৎ টাকা পরিমাণে এক একটী করিয়া দশটী বৃত্তি স্থাপিত হইয়াছে। যে যে চতুষ্পাঠীতে ব্যাকরণাদি করিয়া কোন দর্শন শাস্ত্র বিশেষতঃ বেদান্ত শাস্ত্র পর্য্যন্ত অধ্যাপিত হয়, সেই সেই চতুষ্পাঠীতে এই বৃত্তিগুলি দেওয়া যাইবে। অধ্যাপক ইচ্ছা করিলে ঐ বৃত্তি ত্রৈমাসিক বা ষাণ্মাসিক বা বার্ষিকরূপে গ্রহণ করিতে পারিবেন। ছাত্রদিগের বিদ্যাবত্তা ও সচ্চরিত্রতা সম্পাদন ভিন্ন অধ্যাপক মহাশয়দিগকে অপর কোন নিয়মের অধীন হইতে হইবে না। যে সমস্ত অধ্যাপক বৃত্তি লইতে ইচ্ছা করিবেন, তাঁহারা অথবা তাঁহাদিগের হিতার্থীরা অধ্যাপকের নাম ধাম ছাত্রসংখ্যা ও প্রত্যেক ছাত্রের অধীতব্য বিষয় লিখিয়া আমাকে সংবাদ দিবেন।

চুঁচুড়া বিশ্বনাথ চতুষ্পাঠীর
অধ্যাপক শ্রীহরিনাথ স্মৃতিভূষণ।

মহাকাব্য আর্য্যনারী গাথা।

১৭টী হিন্দু বীরনারীর চরিত্র বিষয়ক।

(কলিকাতা রিভিউ পত্রিকায় বিশেষ প্রশংসিত)

রাজপুতানা জয়পুর মহারাজার কলেজ শ্রীযুক্ত মেঘনাথ ভট্টাচার্য্যের নিকট প্রাপ্তব্য। মূল্য ॥৵০।

৩৯৪নং

শ্রীমদ্ভগবদ্ গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ⁄০।

ঐ বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ।⁄০ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা মূল্য ⁄০ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা উৎকৃষ্টরূপ বাঁধা মূল্য ॥০ আট আনা, ডাঃ মাঃ ⁄১০।

কবির (জীবন্মুক্ত মহাত্মা কবির সাহেবের ৫৫৩টী দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা-সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ ⁄১০।

কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০।১ন মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

পাটীগণিত।

নূতন সংস্করণ।

শ্রীপ্রসন্নকুমার সর্ব্বাধিকারী প্রণীত।

সুপ্রসিদ্ধ গণিতশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম, এ, মহাশয়ের দ্বারা সম্যক্‌রূপে সংশোধিত পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত। ইহাতে সুকৌশল সম্পন্ন প্রশ্নাবলী সন্নিবেশিত এবং উহাদের ভূরি পরিমাণে সমাধান করা হইয়াছে। ৫৭৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। উত্তম কাপড়ে বাঁধা, মূল্য ১৷৵০। বলা বাহুল্য ইহা চিরকাল সর্ব্বাদৃত, অধুনা আরও অধিক পরিমাণে স্কুলাদিতে পাঠ্যরূপে নিয়োজিত হইতেছে এবং বঙ্গবাসী প্রভৃতি সংবাদ পত্র ভূয়সী প্রশংসা করিতেছেন। নিম্নলিখিত এবং অন্যান্য স্থানে পাওয়া যায়।

বি, ব্যানার্জ্জি এণ্ড কোং।

৯৫নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, ৫৬নং কলেজ ষ্ট্রীট, ৫১নং পুরাতন চীনেবাজার, কলিকাতা। ৫৫নং পটুয়াটুলি ঢাকা।

৩৮৮নং

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸০ বার আনা, ডাঃ মাঃ ⁄০ এক আনা। এখানি ১৮৯৪ অব্দের মাইনর পরীক্ষায় ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহাতে বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গল্প হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ⁄০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
সংস্কৃত প্রেসডিপজিটরি।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত

পাটীগণিত

মূল্য ⁄৸ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষকগণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৷৷০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।৵০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কাগীজমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।৵০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ⁄০ আনা। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৪৪ নং

আর্য্যমিশন ইনষ্টিটিউশন।

৮০।১ নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট, কলিকাতা।

এই বিদ্যালয়ে একটী স্বতন্ত্র সংস্কৃত বিভাগ আছে। ঐ বিভাগে উপযুক্ত পণ্ডিতের দ্বারা বিনা বেতনে দর্শন, কাব্য সাহিত্য, ব্যাকরণ শ্রীমদ্ভাগবত শ্রীমদ্ভগবদ্গীতা শিক্ষা দেওয়া হইয়া থাকে। পাঠার্থি-ছাত্রের আবশ্যক।

শ্রীকানাই লাল শেঠ।
৩৯৮ নং সেক্রেটরী।

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৬ বৎসর উহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-যশের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার লেপনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সম-ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনা ব্যয়ে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৷৷০ টাকা, প্যাকিং ।০ আনা

২ শিশি একত্রে লইলে খরচা ৷৷৵০ আনা সুলভ হয়।

শ্রীকালীদাস সরকার।
গবর্ণমেণ্ট পেন্সনার—লক্ষ্ণৌ।

৩৭৩নং

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বলবীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রি-জাগরণ, অতিরিক্ত পান-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা-হাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত!

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-ফোলা-কাসিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দৌকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকায় সে জ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে, ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্পদিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধে অতি সামান্য রোগও আরাম হয়। বিধাতার বিচিত্রবিধান বুঝাভার!

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন। প্লীহা-জ্বর-দগ্ধতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগী-কে এই এক ৩নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

বটিকার সংখ্যা, মূল্য, ডাঃমাঃ, প্যাকিং
১নং কৌটা ১৮ ৷৷০ ।০ ৵১
২নং কৌটা ৩৬ ১৲০ ।০ ৵০
৩নং কৌটা ৫৪ ১৷৷৵০ ।০ ৵০

ভ্যালুপেবলে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।
১২ নং বৃজাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা

৩৭৪নং

পাঁড়ে ব্রাদার্স।

পুস্তক ও দেশী বস্ত্র বিক্রেতা।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্ কলিকাতা।

এখানে ইংরাজি বাঙ্গালা সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য সর্ব্ব প্রকার পুস্তক, তৎসমস্তের নানা প্রকার কি, নোট, অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি সর্ব্ব প্রকার পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে। বিলাতি পুস্তক বিলাত হইতে আনা হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা ১৸০ মূল্য ধোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও ব্যবহারীর জন্য চলিবে ও ২৷৷০, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ নয়নসুখক, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকটও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য ।৵০ বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ ৵০
৩২ খানি উৎকৃষ্ট চিত্রসহ

নীতি কথামালা	।০	মানবতত্ত্ব	১৷০
আর্য্যচরিত	।০	ধর্ম্মবিজ্ঞান	১৲
আর্য্যশিক্ষা	৷৷৵০	অদ্ভুত স্বপ্ন বা	
বাঙ্গলা ব্যাকরণ	।৵০	স্ত্রী পুরুষের দ্বন্দ্ব	৷৷০
শিশু বিজ্ঞান	৶০	বিজ্ঞানসার	১৲
বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ	৵০	লীলাবতী (অঙ্কপুস্তক)	৷৷০

৩৪৫ নং শ্রীমনোমোহন পাঁড়ে

গিরিশ লাইব্রেরী।

এখানে ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল, এ; বি, এ ক্লাসের সর্ব্বপ্রকার পাঠ্যপুস্তক ও অর্থ পুস্তকাদি এবং নাটক, নভেল প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়। ভিঃ পিঃ ডাকেও পুস্তক পাঠাই। ২১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৮৪নং

সাহিত্য ডিপজিটারী।

২২০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল এ, বি এ, এম এ, ডাক্তারী, মোক্তারী, বি এল প্রভৃতির সর্ব্ববিধ পাঠ্য ও অর্থ পুস্তক, সুলভ মূল্যে আমাদের দোকানে পাওয়া যায়। সর্ব্বপ্রকার ইংরাজী বাঙ্গালা নাটক, নভেল প্রভৃতি সর্ব্বদা আমাদের নিকট মজুত থাকে। মফস্বলে ভ্যালুপেবেলেও পাঠাইয়া থাকি।

পাইকারী খরিদারদিগকে যথেষ্ট কমিসন দিয়া থাকি। পত্র লিখিলে সবিশেষ জানিতে পারিবেন।

শ্রীযতীশচন্দ্র সমাজপতি।

৩৮৭নং

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু কর্ত্তৃক সংকলিত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য ⁄০ আনা
ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "
ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব।০ "

সেণ্ট্রাল টেক্সটবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তালিকায় পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট—কলিকাতা।

প্রসিদ্ধ-নারী-শিক্ষাদি গ্রন্থের প্রণেতা ডাক্তার শ্রীযদুনাথ মুখোপাধ্যায় প্রণীত।

১। বাঙ্গালির মেয়ের নীতি-শিক্ষা। (পুত্রীর প্রতি পিতার উপদেশ) দাম ১৲ টাকা। ডাকমাশুল ⁄০ আনা।

"বাঙ্গালীর মেয়ের নীতি শিক্ষা" যেরূপ প্রয়োজনীয়, ইহা তাহাই হইয়াছে। বলিতে কি, এ খানিকে বাঙ্গালীর মেয়ের জন্য বাঙ্গলা বেদ বলাও যাইতে পারে।"

শ্রীসত্যব্রত সামশ্রমী।
(বেদের অনুবাদক ও সমালোচক।)

"আমরা এই পুস্তক খানি বঙ্গরমণী মাত্রকেই মনোযোগ সহকারে পাঠ করিতে পরামর্শ প্রদান করিতেছি।"

সহচর। ৬ই অগ্রহায়ণ ১২৯৭।

যদি রমণীদিগকে পুস্তক পড়ানই হয়, তবে এই রকম বই পড়ানই উচিত।"

সমালোচক ১ম সংখ্যা, বৈশাখ ১২৯৬।

"বাঙ্গালির মেয়ের নীতি-শিক্ষা" আমাদের অমূল্য রত্ন। প্রণতা—শ্রীমানকুমারী দাসী। ("প্রিয় প্রসঙ্গ" প্রভৃতি গ্রন্থের রচয়িত্রী) সাগরদাঁড়ী।

২। সরল ভৈষজ্য-প্রকাশ। (সহজ মেটিরিয়া মেডিকা) দ্বিতীয় ভাগ—গৃহস্থ আর পাড়াগাঁয়ের ডাক্তারদের জন্যে। দাম ১৲ টাকা, ডাকমাশুল /১০।

৩। পল্লিগ্রাম। দাম।০, ডাকমাশুল ⁄১০।

পল্লিগ্রাম পড়িয়া বঙ্গবাসী কি বলিয়াছেন দেখুন:—

"মুখোপাধ্যায় মহাশয় হৃদয়বান্ পুরুষ। দেশের জন্য তাঁহার প্রাণ পুড়ে, দেশের লোকের দ্বারা দেশের সর্ব্বনাশ হইতেছে, ইহা দেখিয়া, তিনি স্থির থাকিতে পারেন না; তাই তিনি এই "পল্লিগ্রাম" লিখিয়াছেন। 'পল্লিগ্রামে' স্বদেশ-হিতৈষীর অনেক প্রাণের কথা আছে; মনের আক্ষেপ আছে; ইংরেজী শিক্ষিত বিকৃতমস্তিষ্ক বাবুর-ব্যবহারের উল্লেখ করিয়া, মর্ম্মান্তিক কথা আছে। বাঙ্গালায় যিনি পড়িতে জানেন এবং পড়িয়া দেশের অবস্থা ভাবিতে পারেন, আমরা আশা করি, তিনিই 'পল্লিগ্রাম' পড়িবেন এবং পড়িয়া অধম আমাদের জন্মভূমি বঙ্গদেশের জন্য দুই ফোটা চক্ষের জল ফেলিবেন।"

পল্লিগ্রামের স্বাস্থ্যোন্নতির জন্য, বোধ করি, যদু বাবুর ন্যায় এদেশের আর কোন লোক এত মস্তিষ্ক চালনা করেন নাই। যদু বাবু এক জন বঙ্গের প্রকৃত হৃদয়বান ব্যক্তি; তাঁহার শরীর পালন, তাঁহার ধাত্রী শিক্ষা এ দেশের পল্লিতে পল্লিতে যুগান্তর উপস্থিত করিয়াছে; এই পল্লি-গ্রামের আরও যুগান্তর উপস্থিত করিবে। ইহাতে অনেক কাজের কথা প্রকৃত হৃদয়ের ন্যায়তে লিপি-বদ্ধ হইয়াছে। নব্যভারত ১০ম খণ্ড, ১১শ সংখ্যা, ফাল্গুন, ১২৯৯।

বঙ্গবাসী, ১২ই অগ্রহায়ণ ১২৯৯।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

৩৯২ নং

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু আশুতোষ চৌধুরী জঙ্গীপুর ১৩০০ আশ্বিন শেষ ৩৲
" গোপালচন্দ্র পাল বাঁকাভবানীপুর ১৲
" ধনঞ্জয় চট্টোপাধ্যায় ঝনঝরপুর ১৩০০ আষাঢ় শেষ ২৲
" লক্ষ্মীনারায়ণ কুণ্ডু গুপ্তিপাড়া ১৲
" নৃত্যগোপাল মিত্র বৌবাজার বারাকপুর ১৲
" ব্রজনাথ মিত্র বেতড়া ১৩০০ শ্রাবণ শেষ ২৲
" যুগোলকিশোর প্রামাণিক সুন্দরগড় ৩৲
" গঙ্গাধর বর্ম্মা জিয়াগঞ্জ ১৮৯৩ সেপ্টেম্বর শেষ ২৷৷০
" তারাপদ গোস্বামী কলিকাতা ২৲
" নীলকমল কর ঢাকা ১৮৯৩ অক্টোবর শেষ ৩৲
" চন্দ্রকুমার মজুমদার জঙ্গীপুর ১৩০০ জ্যৈষ্ঠ শেষ ২৲
" মহেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় কড়ুয়াডাঙ্গা ১৩০০ শ্রাবণ শেষ ২৲
" পূর্ণচন্দ্র ঘোষ গোমালী ১৩০০ জ্যৈষ্ঠ শেষ ৩৲
" কালিদাস দাস কির্ণাহার ১৮৯৩ আগষ্ট শেষ ৫৲
" নৃত্যগোপাল গোস্বামী বারুইপুর ১৩০০ শ্রাবণ শেষ ২৲
" গোপালচন্দ্র ঘোষ কলিকাতা ১৩০১ বৈশাখ শেষ ৫৲
" অমরেন্দ্র সোম ১৩০০ চৈত্র শেষ ৸০
হেড মাষ্টার আঁটিপুর স্কুল ১৮৯৪ মে শেষ ১৷৷০

এই পত্র হুগলি বুধোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

REGISTERED NO 55 1879

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

নূতন সম্বৎ। ২৫শ খণ্ড। ৮ম সংখ্যা। | ২০শে জ্যৈষ্ঠ শুক্রবার ১৩০০ সাল। ইং ২রা জুন ১৮৯৩ খৃঃঅব্দ। | অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম) ৫, ষাণ্মাসিক ৩
ত্রৈমাসিক ২ প্রত্যেক সংখ্যার ।৹

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৵০ ৩য় বার /১০ চতুর্থ বা ততোধিক বার /০। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৵০।
কর্ম্মখালির বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে প্রকাশিত হয়।

তিন মাসের অধিক বিজ্ঞাপন প্রকাশ করিলে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

যাঁহারা এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য নগদ টাকায় দিবেন, তাঁহারা তাঁহাদের নিকটবর্ত্তী এজেণ্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণিঅর্ডার কুপনে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

এডুকেশন গেজেটে বিজ্ঞাপন প্রকাশের সুবিধার জন্য ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে একটা এজেন্সি খোলা হইয়াছে। তথায় বিজ্ঞাপন ও তৎপ্রকাশের মূল্য জমা লওয়া যায়।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যূন বিলম্ব হইলে তাহার খামখানিতে টিকিটের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকালীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়, কলিকাতা সংস্কৃতযন্ত্রের পুস্তকালয়,১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।
চণ্ডীচরণ মজুমদার—পেন্সল সেক্রেটারিয়েট বুডিনিয়ালি ডিপার্টমেণ্ট।
হরপ্রসাদ মৈত্র—জাঙ্গিপুর।
ভূপালচন্দ্র মুখোপাধ্যায়—উকিল।

বারাকপুর শ্রীযুক্ত বাবু ভুবনমোহন নিয়োগী।
ভবানীপুর রাজকৃষ্ণ রায় চৌধুরী।
যদুনাথ চৌধুরী—চুয়াডাঙ্গা।
হাবড়া হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান চারুচন্দ্র চট্টোপাধ্যায়।
রসিকলাল দাস—রায়না।
যশোহর কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
অম্বিকাচরণ মুখোপাধ্যায়—সিউড়ী
নীলমণি ভট্টাচার্য্য—সিউড়ী।
বাঁকুড়া রামেশ্বর সেন—বিষ্ণুপুর।
অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর উমাচরণ দে।
দীননাথ ধর—গবর্ণমেণ্ট ষ্টীমার।
জলপাইগুড়ি নীলমণি পাল।
বাঁকিপুর নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর।
ভগবান প্রসাদ।
বারাণসী সোমনাথ ভাদুড়ী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর আদিনাথ মিত্র।
দ্বারকানাথ বাগচি—নিলফামারি।
রাজসাহী কালীনাথ চৌধুরী—বোয়ালিয়া।
পাবনা মহেন্দ্রনাথ দত্ত।
রজনীকান্ত ভট্টাচার্য্য।
রামচন্দ্র চক্রবর্ত্তী।
ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, ভুলাই।
উমাচরণ পাঁড়ে, সিরাজগঞ্জ।
ঢাকা সতীশচন্দ্র ঘোষ।
সাঁওতাল পরগণা যজ্ঞেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।
পাবনা রাধারুষ্ণ সারখেল।
খুলনা হরিহর দাস।
জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।
দিনাজপুর রাজকুমার চক্রবর্ত্তী, ভুলবাড়ি।
ভুবনেশ্বর গুপ্ত।
দুর্গাদাস রায়—রায়গঞ্জ।
শশিভূষণ রায়।
কোচবিহার ভুবনমোহন দত্ত।
ফরিদপুর কালীকিশোর ঘোষ—মাদারিপুর।
মজঃফরপুর কেদারনাথ বন্দোপাধ্যায়—উকিল
দ্বারভাঙ্গা গৌরীপুরের মজুমদার—ট্রাফিক।
ইণ্ডিয়ান টুইস্টেডর অফিস, সমস্তীপুর

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিবিধ বিজ্ঞাপন।

রিপণ-ডিপজিটারী।

৫২ নং দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য ও নাটক নভেল অতি সুবিধার মূল্যবান্ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পি, ডাকে পুস্তক পাঠাই। প্রেরণ ব্যয় ৵০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়।

শ্রীশশিভূষণ সাহা
৩৮০ নং ম্যানেজার।

গবর্ণমেণ্টের অনুমোদিত।

বাঙ্গালা ছাত্রবৃত্তি ও মাইনর স্কুলসমূহের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পাঠ্য।

"বিজ্ঞানসোপান"।

শ্রীযুক্ত উমেশচন্দ্র ঘোষ, এম এ, বি এল প্রণীত।

মূল্য ৷৵০ দশ আনা মাত্র।

ছাত্রবৃত্তি ও মাইনর পরীক্ষার নির্দ্দিষ্ট বিষয়গুলি এরূপ বিশদভাবে ও ধারাবাহিক ভাবে অন্য কোন গ্রন্থে বর্ণিত নাই। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৩৮৫নং

এল, ভি, মিত্র এবং কোং।

বহুপ্রতিষ্ঠ ও কলিকাতা ও অন্যান্য স্থানের
দক্ষ-চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৫৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক রুবিনি ক্যাম্ফর ১১, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২॥০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৬৲ ও ৭৲, শিশুচিকিৎসা ২॥০, বামাচিকিৎসা ২৲ জ্বর চিকিৎসা ৸০ ও ১৸০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৸০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমার কলিকাতার মহামেলার এই শ্রেণীতে ভারতের মধ্যে সর্ব্বোচ্চ এবং এখানকার ও অন্যান্য স্থানের সম্ভ্রান্ত চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি। ৭ন

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্তলালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীতে সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১।০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

REDUCTION IN PRICE OF CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta, Obtainable from the Superintendent Botanic Garden Calcutta Post-free, at 4 oz, Rs3—4 : 8 oz, Rs 6—8 : 16 oz, Rs 12—12. Cash with order.

No. 331

বুধোদয় যন্ত্র।

হুগলি বুধোদয় যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষর ও তাহার সরঞ্জাম প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানাপ্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় ব্যবহার্য্য ফারম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, ষ্ট্যাণ্ডবিল, জমিদারীর জমাওয়াশীল ফরম, ডাক্তারি লেবিল ও বিল নানাপ্রকার ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পন্ন হইয়া থাকে। বিশেষ বন্দোবস্ত করিলে, সাপ্তাহিক পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংলিস অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও স্মল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া দপ্তরী দ্বারা পুস্তক প্রস্তুত করিয়া রীতিমত বাক্সবন্দী করিয়া রেলে বা জাহাজে যাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি, গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন, ছাপার রেট ও অন্যান্য বিবরণ জানিতে ইচ্ছা করিলে আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পরিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
কার্য্যাধ্যক্ষ।

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১৯ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।
ডাকমাশুল ⁄০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস ডিপজিটরিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৵০

পদ্য ব্যাকরণ মূল্য ⁄১০
প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য ⁄১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায়) পাওয়া যায়।

শ্রীতিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

অম্বিকাচরণ ঘোষাল

ফটোগ্রাফার ও পেইণ্টার

ঘুঁটেবাজার হুগলি

অয়েল পেইণ্টিংএ চেহারা তুলিতে এবং ফটোগ্রাফ লইতে মফস্বলের সর্ব্বত্র যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণ পত্র লিখিলে জানিতে পারিবেন। লেটারক্যারেক্টর ও নানা রূপ দেশীয় ভিউ, মাপ কাঃ ভিঃ মূল্য প্রত্যেকে ।০, ডজন ২৲। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিজ, হুগলী কলেজ এমামবাড়ার আশ্চর্য্য দৃশ্য ও হংসেশ্বরীর মন্দির প্রত্যেক ১৲ টাকা মাত্র—ফটগ্রাফগুলি একবার দেখিলে বাধিত হইব।

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মতামত নহে।

কুইনাইন।

ছোট লাট বাহাদুর সার চার্লস ইলিয়টের অনুগ্রহে আজ কাল অল্প মূল্যে প্রায় যথায় তথায় কুইনাইন বিক্রয় হইতেছে; কিন্তু তাই বলিয়া সচরাচর জ্বর হইলেই অমনি এক পয়সার কুইনাইন কিনিয়া খাইলাম, আর জ্বর ভাল হইল, ইহা যেন কেহ না করেন। ঐরূপ করিয়া কুইনাইন ব্যবহার করিলে কুইনাইনের "ধাত" হইয়া যাইবে, এবং কুইনাইনের দ্বারা যে যে অপকার হয়, তাহাই হইতে থাকিবে।

কুইনাইন ব্যবহার করিতে না জানিলে, অনেক সময়ে অনেক কষ্টভোগ করিতে হয়। বিজ্ঞ ডাক্তার কিম্বা বিজ্ঞ কবিরাজ মহাশয়দের বিনা অনুমতিতে কখনই কুইনাইন ব্যবহার করিবে না। আমরা জানি, অনেক চিকিৎসক অথবা কুইনাইন প্রয়োগ করিয়া শীঘ্র রোগ আরোগ্য করেন বটে, কিন্তু রোগীকে শেষে চিররোগী করিয়া তুলেন। কলিকাতার অনেকানেক ডাক্তারদের চিকিৎসায় রোগীর কুইনাইন আটকান জ্বর প্রায় হয় না; হইলেও এখানে পর পর উচ্চ ডাক্তার পাওয়া যায় বলিয়া অনেকটা সুবিধা আছে। কিন্তু যে সকল পল্লিগ্রামে উক্তরূপ সুবিধা নাই, তথায় লোকদিগের ইহা বিশেষ বিবেচনাপূর্ব্বক ব্যবহার করা উচিত।

ইতিপূর্ব্বের গবর্ণমেণ্ট বাহাদুরেরা কুইনাইনের বিবিধ অপকারিতা দেখিয়া সেই অপকারিতা দূর করিবার জন্য অনেক বিজ্ঞ ডাক্তার নিযুক্ত করিয়া, "দারু হরিদ্রা" "কালমেঘ" প্রভৃতি অনেকানেক এ দেশীয় গাছ গাছড়া পরীক্ষা করাইয়াছিলেন; কিন্তু কিছুতেই সম্যক্ কৃতকার্য্য হইতে পারেন নাই। ফলকথা, কুইনাইন ব্যতীত জ্বরের মহৌষধ অদ্যাবধি সৃষ্ট হয় নাই, ইহা বিজ্ঞ ডাক্তার মাত্রেই অবগত আছেন; পরন্তু কুইনাইনের ব্যবহার অনেক ডাক্তার জানেন না।

যাহা হউক, শেষে যখন গবর্ণমেণ্ট বুঝিলেন যে, কুইনাইনের ন্যায় জ্বর রোগের দ্বিতীয় ঔষধ আর নাই, তখন উহার আবাদের চেষ্টা করিতে লাগিলেন। এক্ষণে দার্জ্জিলিঙ্গের নিকটস্থ গবর্ণমেণ্টের কুঠি হইতে উৎকৃষ্ট কুইনাইন প্রস্তুত হইতেছে। সাধারণ প্রজায় ইহার আবাদ করিতে থাকিলে ক্রমে কুইনাইন দেশী দ্রব্যের মধ্যে পরিগণিত হইবে। কালে যে হইবেও তাহাই ইহা অনেকটা স্থিরসিদ্ধান্ত। উহার চাস হইতে থাকিলে বিদেশ হইতে কুইনাইন আনাইতে হইবে না; অতএব দেশের টাকা দেশেই থাকিয়া যাইবে।

গবর্ণমেণ্ট বাহাদুর আপনার কুঠির কুইনাইন কাটাইবার জন্য যেরূপ ব্যবস্থা করিয়াছেন ২রা পৌষের এডুকেশন গেজেটে উক্ত পত্রিকার বিজ্ঞ ও মাননীয় সম্পাদক মহাশয় সকলকে তাহার সংবাদ দিয়াছেন। পরন্তু অন্যায় রূপে কুইনাইনের ব্যবহার হইতে থাকিলে দেশের অমঙ্গল উপস্থিত হইবে। আমরা প্রায়ই দেখিতে পাই গ্রামের অনেক রোগী কুইনাইন ব্যবহারে দেহকে চিররোগাধিমন্দির করিয়া কলিকাতায় ভাল হইতে আইসেন। পল্লীগ্রামের অনেক ডাক্তারের চিকিৎসাবিষয়ে অভিজ্ঞতা কম। উক্তরূপ ডাক্তারের হস্তে চিকিৎসার ভার পড়িলে, আর এ দিকে কুইনাইনের সুবিধা হইলে, মতি কাঞ্চনের যোগ উপস্থিত হইয়া পরিণামফল যে নিতান্তই শোচনীয় হইয়া দাঁড়াইবে তাহাতে আর বিচিত্রতা কি?

রাজা নিজের লাভ ও প্রজার সুবিধা এই উভয়ের দিকে লক্ষ্য রাখিয়াই কুইনাইনের বহুল প্রচারে যত্ন করিতেছেন, কিন্তু প্রজারা রাজদত্ত সুবিধার অপব্যবহার না করিলেই দেশের মঙ্গল, সুতরাং আমাদেরও আনন্দ। অপরিমিত কুইনাইন সেবন করিলে প্লীহা হয়; আবার পরিমিত সেবনে প্লীহা দূর হয়। যে জল, বায়ু, অগ্নি, আমাদের জীবন, সেই জল, বায়ু, অগ্নিই স্থলবিশেষে আবার আমাদের প্রাণ-নাশক হয়। সাঁতার না জানিয়া সাঁতার খেলিতে গেলেই ডুবিয়া মরিতে হয়।

সহজ শিল্প।

(জলপাই তৈল)

জলপাই তৈল বাজারে ক্রয় করিতে পাওয়া যায়। উহার অপর নাম "ওলিভ অয়েল"। বিশুদ্ধ ওলিভ অয়েল শিশিতে পুরিয়া শিশি শীতল স্থানে কিম্বা বরফের উপর রাখিলে, তাহা নারিকেল তৈলবৎ জমিয়া যায়। কোন শিশিতে কিম্বা বোতলে ওলিভ অয়েল রাখিয়া, বোতলটী কিছুক্ষণ নাড়িলে, তাহাতে যে ফেণা হয়, সেই ফেণা যদি শীঘ্র মিলাইয়া যায় তবেই বুঝিবে যে উহা বিশুদ্ধ ওলিভ ওয়েল। ফেণা দীর্ঘকাল স্থায়ী হইলে উহা অবিশুদ্ধ বলিয়া বুঝিতে হইবে।

ওলিভ অয়েল বা জলপাই তৈলকে রিফাইন করিয়া লইলেই সুইট অয়েল হয়। সুইট অয়েল নানাবিধ শিল্পকার্য্যে ব্যবহৃত হইয়া থাকে। সাহেবেরা উক্ত তৈল খাদ্যের সহিত ব্যবহার করেন। বিশুদ্ধ জলপাই তৈল ক্রয় করিয়া আনিয়া বুটিন কাগজ দিয়া ছাঁকিয়া লইলে সুইট অয়েল প্রস্তুত হয়।

সুইট অয়েল কোন শিশিতে পুরিয়া তাহার ভিতর কিছু সীস ধাতু নিক্ষেপ করিয়া দুই এক দিন স্থিরভাবে শিশিতে রাখিয়া দিলে, সুইট অয়েলস্থ ময়লা আসিয়া সীসের উপর অবস্থিতি করে। তখন শিশির উপর নির্ম্মল তৈল থাকে। ঐ নির্ম্মল তৈলকে কৌশল করিয়া ঢালিয়া লইতে হয়।

উহা বর্ণহীন—জলবৎ; শীতে গাঢ় হয় না, এই তৈল দ্বারা ঘড়ি 'অয়েল' করা হয়।

রেড়ির তৈল।

রেড়ির তৈলকে রিফাইন করিয়া লইলেই কেষ্টর অয়েল হয়। বাজারে কেষ্টর অয়েল ক্রয় করিতে পাওয়া যায়। কিন্তু বাজারে তৈলের বিশুদ্ধতা সম্বন্ধে অনেক ডাক্তার সন্দেহ করেন। ঘরে কেষ্টর অয়েল তৈয়ারী করিয়া ব্যবহার করা কর্ত্তব্য।

রেড়ি ফলের বীচিগুলি সিদ্ধ করিয়া অল্প ছাঁচিয়া লইয়া পরিষ্কার কাপড়ের উপর রাখিয়া সেই কাপড়খানি পাক দিলে তৈল বহির্গত হয়। ঐ তৈল বুটিন কাগজ দিয়া ছাঁকিয়া লইলেই বিশুদ্ধ কেষ্টর অয়েল পাওয়া যায়।

লেবুর তৈল।

লেবুর খোসা হইতে এক প্রকার ঈষৎ পীতবর্ণ অতি সুগন্ধযুক্ত তৈল পাওয়া যায়। ইহাকে "লিমন অয়েল" কহে। ইহা আস্বাদনে ঈষৎ তিক্ত, কিন্তু ইহার বায়ুনাশক ও উত্তেজক গুণ আছে। পেট কাঁপিলে এই তৈল দুই এক ফোঁটা জলে ফেলিয়া খাইলে উক্ত রোগ আরোগ্য হয়; শরীরের বেদনাস্থানে মালিস করিলে

সেবনা নিবারণ হয়। অন্য ঔষধ সুপক্ক করিবার জন্য ইহার ব্যবহার হইয়া থাকে। ইহা বাজারে কিনিতে পাওয়া যায়।

লেবুর খোসা চাপ দিয়া এই তৈল বাহির করা যায়; কিন্তু তাহা প্রশস্ত উপায় নহে। রিটর্টে করিয়া লেবুর খোসাগুলি উত্তমরূপে সিদ্ধ করিয়া তাপ দ্বারা চুয়াইয়া ইহাকে প্রস্তুত করিতে হয়। অধিক করিতে হইলে "বকযন্ত্র" (বৃহৎ রিটর্ট) চাই।

এই তৈল কিছু দিন গৃহে থাকিলে, দুর্গন্ধ হইয়া নষ্ট হইয়া যায়। অতএব ইহার সহিত—এলকোহল মিশ্রিত করিয়া রাখিতে হয়, তাহা হইলে বহুদিন ভাল থাকে, নষ্ট হয় না।

শ্রীরাধাকৃষ্ণ পাল।

"মনে করি যাই যাই।"

বসন্ত জোছনা অসীম আকাশে
পরাণ উধাও তায়,
নিরখি নয়নে দুটি আঁখি কোণে
অশ্রু খসিতে চায়।
লতার বিতানে কুসুম শয়নে
কোকিল গাহিছে গান,
মাতায়ে প্রকৃতি সে গানে তাহার
কাঁদায় অভাগা প্রাণ।
কাননে কুসুম হেলিয়া সোহাগে
আপনি গাঁথিছে হার,
নিঠুর অনিল টুটিছে সে মালা
ভাঙ্গা গাঁথা খেলা তার।
নীলিম আকাশে ফুটিছে তারকা
আপনে দেখাতে চায়,
সেরূপ নিরখি জোছনা হাসিরে
কাঁদায়ে লুকায় তায়।
ফুল আভরণে সাজিছে প্রকৃতি
অমনি খুলিছে সাজ,
কি জানি হৃদয়ে লুকান বাসনা
পরের বুঝা কি কাজ।
খুলি আভরণ খসিছে নিশ্বাস
মলয় ছুটিছে যায়,
নিরখি প্রকৃতি উধাও পরাণ
উড়িয়া পলাতে চায়।
অলস পরাণে মোর স্মৃতির ছায়ার তার
অলসে আপনি পড়ে খুলে;
একে একে সেই সব পূরবের কথা যত
পরাণ কাঁদায়ে তায় তোলে।
নিশির তটিনী কূলে অস্ফুট সে আধ ভাষা
দিবানিশি নয়নের জল;
দূরে বিহগের গান হৃদয়ে মরম তান
কাঁদ কাঁদ ভাব অবিরল।
নিশীথে নিরখি শশী সঙ্গনি চিন্তার সহ
কত কথা জোছনার সাথে;
জীবনে মরণ নাই পরাণ উল্লাস শুধু
ছুটিয়াছে গগনের পথে।
অনুরাগে চুমিবারে কখন জোছনা পানে
চাহিয়াছি পাগলের প্রায়;
ঘুমন্ত বিভোর ভাবে শুনেছি নিঝুম গান,
স্মৃতি সব নহি স্মরে তায়।
সেউতি মাধবী চাঁপা সাধের কুসুমকলি,
গাঁথিয়াছি কিবা ফুল হার;
না হেরি সে জনে তবে কেঁদেছি চাঁদিয়া চুমে
বহিয়াছি সুবাসের ভার।
এখন সে সব খেলা, নাহি সাধ খেলিবারে,
হেরিবারে বালাসখাগণে;
মনের বাসনা যত অতৃপ্ত ফুরায়ে গেছে
নাহি কাজ সে সুধা সিঞ্চনে।
দেখিতে বাসনা নাই সে সাধের স্বপ্নরাশি
আঁখি মুদে আছি শূন্যে চাই;
পিয়াসা গিয়াছে চলি জীবন ফুরায়ে এল
শুধু সাধ আছে যাই যাই।

শ্রীনৃ, গো, ভট্টাচার্য্য।
ভাটপাড়া।

এডুকেশন গেজেট।

২০শে জ্যৈষ্ঠ ১৩০০। ইং ২রা জুন ১৮৯৩।

পুলিসের উচ্চপদ সংক্রান্ত নূতন নিয়ম।

বাঙ্গাল গবর্ণমেণ্টের অধীনস্থ পুলিস বিভাগে এক্ষণে ৫০ জন ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট, ৩৬ জন আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট এবং ১৫ জন শিক্ষানবীস আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট আছেন। ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টদিগের মধ্যে ৭ জন ১ম শ্রেণীর, ৭ জন ২য়, ১৩ জন ৩য়, ১১ জন ৪র্থ এবং ১২ জন ৫ম শ্রেণীর কর্ম্মচারী। ১ম শ্রেণীর বেতন মাসিক ১ হাজার টাকা, ২য় শ্রেণীর ৮০০, ৩য় শ্রেণীর ৭০০, ৪র্থ শ্রেণীর ৬০০, এবং ৫ম শ্রেণীর ৫০০ টাকা। আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট ৩৬ জনের মধ্যে ১ম শ্রেণীর ১৬ জন, ২য় শ্রেণীর ১৫ জন, এবং ৩য় শ্রেণীর ৫ জন। ১ম শ্রেণীর আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টের বেতন ৪০০ টাকা, ২য় শ্রেণীর ৩০০, এবং ৩য় শ্রেণীর ২৫০ টাকা। শিক্ষানবীস ১৫ জনের প্রত্যেকের বেতন মাসিক ২৫০ টাকা। সর্ব্বশুদ্ধ ১০১ জন কর্ম্মচারীর বেতন বাবৎ গবর্ণমেণ্টের মাসিক ব্যয় ৫০ হাজার ২০০ টাকা।

১৮৯২ সালের ২৫ শে জানুয়ারি তারিখে বাঙ্গাল গবর্ণমেণ্ট বাঙ্গালা ও আসাম প্রদেশের পুলিস বিভাগের উল্লিখিত উচ্চতর পদগুলিসম্বন্ধে কয়েকটি পরিবর্ত্তনের প্রস্তাব করিয়া ভারতগবর্ণমেণ্টকে একখানি পত্র লেখেন। ভারতগবর্ণমেণ্ট ষ্টেট সেক্রেটরীর সহিত একযোগে উক্ত পত্রের বিষয় সম্বন্ধে সম্যক্ আলোচনা করিয়া মূলতঃ উহা গ্রাহ্য করিয়াছেন।

ছোট লাট বাহাদুরের উদ্দেশ্য (১) বাঙ্গালার প্রত্যেক জেলার জন্য এক জন করিয়া ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট নিযুক্ত হন এবং আসিষ্টাণ্ট সুপরিণ্টে-

গুণ্ট দ্বারা পাঁচটি জেলার তত্ত্বাবধারণ করিবার যে নিয়ম এক্ষণে প্রচলিত আছে তাহা পরিত্যক্ত হয়; (২) আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টগণের উপর কেবল প্রধান প্রধান মহকুমাগুলির তত্ত্বাবধারণের ভার থাকে এবং ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টগণ ছুটী লইলে সেই সকল পদে কার্য্য করিবার জন্য তাঁহাদিগের মধ্য হইতেই লোক নিযুক্ত করা হয়।

ছোট লাট বাহাদুরের অভিপ্রায়ানুযায়ী এক্ষণে ব্যবস্থা হইল এই যে, মাসিক ১ হাজার টাকা বেতনে ১ম শ্রেণীর ডিষ্ট্রিক্ট সুপঃ ৫ জন নিযুক্ত হইবেন; ৯ শত টাকা বেতনে ২য় শ্রেণীর ৬ জন, ৮ শত টাকা বেতনে ৩য় শ্রেণীর ৭ জন, ৭ শত টাকা বেতনে ৪র্থ শ্রেণীর ১২ জন, ৬ শত টাকা বেতনে ৫ম শ্রেণীর ১২ জন এবং ৫ শত টাকা বেতনে ৬ষ্ঠ শ্রেণীর ১৩ জন। এই ৫৫ জনকে মাসিক বেতন দিতে ব্যয় হইবে ৩৮ হাজার ১ শত টাকা। আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট ২৯ জনের মধ্যে ১ম শ্রেণীর হইবেন ১৪ জন, মাসিক বেতন প্রত্যেকের ৪ শত টাকা এবং মাসিক ৩ শত টাকা বেতন হিসাবে ২য় শ্রেণীর অবশিষ্ট ১৫ জন। এতদ্ব্যতীত শিক্ষানবীস ৮ জন; ইহাঁরা প্রত্যেকে মাসিক ২৫০ টাকার হিসাবে পাইবেন। অতএব সর্ব্বশুদ্ধ ৯২ জন উল্লিখিত কর্ম্মচারীকে বেতন দিতে গবর্ণমেণ্টের মোট ব্যয় হইবে ৫০ হাজার ২ শত টাকা।

উল্লিখিত ব্যবস্থানুসারে ডিষ্ট্রীক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের সংখ্যা বৃদ্ধি পাইয়া ৫০ স্থানে ৫৫ হইল এবং আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টের সংখ্যা কমিয়া ৩৬ স্থানে ২৯ হইল। এতদ্ব্যতীত শিক্ষানবীস আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট ছিলেন ১৫ জন, এখন হইলেন ৮ জন। ডিষ্ট্রীক্ট সুপরিণ্টেণ্ডেণ্টদিগের মধ্যে ৫টি শ্রেণী বিভাগ ছিল, নূতন ব্যবস্থানুসারে হইল ৩টি। আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্টদিগের মধ্যে ৩টি শ্রেণীবিভাগ ছিল এখন ২টি হইল। ব্যয়ের পরিমাণ পূর্ব্বে যাহা ছিল, এখনও তাহাই রহিল।

পূর্ব্বোক্ত ৫৫ জন ডিষ্ট্রীক্ট সুপরিণ্টেণ্ডেণ্টের মধ্যে৪৫ জনের উপর বাঙ্গালার ৪৫টি জেলার ভার থাকিবে, ১ জন লুসাই পুলিসের অধিনায়ক হইবেন, পুলিসের ইনস্পেক্টর জেনারেলের পার্শনাল আসিষ্টাণ্টের কার্য্যে এক জনকে নিযুক্ত করা হইবে, দুই জন রেলওয়ে পুলিসের আসিষ্টাণ্ট ইনস্পেক্টর জেনারেল হইবেন এবং অবশিষ্ট ৬ জন আসাম পুলিসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইয়া কার্য্য করিবেন। আসিষ্টাণ্ট সুপরিণ্টেণ্ডেণ্ট ২০ জনের মধ্যে ৫ জন আসামে নিযুক্ত থাকিবেন, ৮ জনের উপর লুসাই পার্ব্বত্য প্রদেশ ও বড় বড় মহকুমাগুলির ভার থাকিবে, একজন কলিকাতা পুলিসের ডেপুটী কমিসনরের পদে কার্য্য করিবেন, এক জনের উপর বিশেষ কার্য্যের ভার থাকিবে এবং অবশিষ্ট ১৪ জন ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট বা ডেপুটি ইনস্পেক্টর জেনারেলগণ ছুটী প্রভৃতি লইলে তাঁহাদিগের স্থানে কাজ করিবার জন্য নিযুক্ত হইবেন।

ভারত গবর্ণমেণ্ট ষ্টেট সেক্রেটরীর সহিত একযোগে উক্তরূপ ব্যবস্থা করিয়া ছোট লাট বাহাদুরকে জানাইয়াছেন এবং পাছে কোনরূপ গোলযোগ উপস্থিত হয় এই আশঙ্কায় নূতন ব্যবস্থা একেবারে প্রবর্ত্তিত না করিয়া ক্রমে ক্রমে চালাইবার পরামর্শ দিয়াছেন। ছোট লাট বাহাদুর উপস্থিত-ক্ষেত্রে যেরূপ সুবিধা বুঝিয়াছেন তদনুসারে আপাততঃ উক্ত ব্যবস্থার যৎকিঞ্চিন্মাত্র পরিবর্ত্তন করিয়া কার্য্য চালাইবার আদেশ করিয়াছেন। তাঁহার আদেশানুযায়ী ৫ জনের পরিবর্ত্তে এক্ষণে ৮ জন ১ম শ্রেণীর, ৬ জনের স্থলে ২ জন ২য়, শ্রেণীর এবং ১৩ জনের পরিবর্ত্তে ১৪ জন ৬ষ্ঠ শ্রেণীর ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্ট হইবেন। এতদ্ব্যতীত শিক্ষানবীস ৮ জনের স্থলে এক্ষণে ৯ জন হইবেন।

ছোট লাট বাহাদুরের ব্যবস্থায় শিক্ষানবীসের সংখ্যা এক জন মাত্র বৃদ্ধি পাইল এবং সেই সঙ্গে মোটের উপর ১৫০ টাকা ব্যয় বাড়িল। আপাততঃ এক্ষণে এইরূপ ব্যবস্থানুসারেই কার্য্য চলিতে থাকিবে, সুবিধা বুঝিলেই ছোট লাট বাহাদুর প্রকৃত ব্যবস্থা কার্য্যে পরিণত করিবেন।

বিশ্ববিদ্যালয় বিষয়ক।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সেনেট সভা সরকারী বে-সরকারী সকল প্রকার স্কুল ও কলেজ উক্ত বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত করিয়া লওয়া সম্বন্ধে সম্প্রতি নিম্নলিখিত সংশোধিত নিয়মাবলির প্রচার করিয়াছেন। নিয়মগুলি সকৌন্সিল গবর্ণর জেনারেল বাহাদুরের অনুমোদিত হইয়াছে।

কোন সরকারী কলেজ বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত করিতে হইলে শিক্ষাবিভাগের ডিরেক্টর মহোদয়কে অথবা শিক্ষাবিভাগীয় প্রাদেশিক সর্ব্বপ্রধান কর্ম্মচারীকে রেজিষ্ট্রারের হাতদিয়া সিণ্ডিকেটে দরখাস্ত পাঠাইতে হইবে। সিণ্ডিকেটের অনুমোদিত হইলে সকৌন্সিল গবর্ণর জেনারেল বাহাদুরের অভিমতি লইয়া সিণ্ডিকেট উক্ত কলেজকে বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত করিতে পারিবেন। বে-সরকারী কলেজ হইলে কলেজের প্রধান কর্ত্তৃপক্ষীয় ব্যক্তিই রেজিষ্ট্রারের হাত দিয়া সিণ্ডিকেটে দরখাস্ত পাঠাইবেন।

উল্লিখিত দরখাস্তে সেনেট সভার দুই জন সদস্যের স্বাক্ষর দেখাইতে হইবে। কলেজ দূরবর্ত্তী হইলে আবশ্যক বোধে প্রাদেশিক গবর্ণমেণ্টের সেক্রেটরীর স্বাক্ষরেরও আবশ্যক হইতে পারে।

কলেজের অধ্যক্ষ ও শিক্ষকগণের নাম, আর্টস, আইন, চিকিৎসা অথবা ইঞ্জিনিয়ারিং কোন্ বিষয়ের কত দূর পর্য্যন্ত পড়ান হইবে, ছাত্রদিগকে কি হারে বেতন দিতে হইবে, কি উপায়ে আনুমানিক কত টাকা আয় হইতে পারে, ব্যয়ের পরিমাণ কিরূপ নির্দ্ধারিত হইয়াছে—এই সকল বিষয় স্পষ্ট করিয়া উক্ত দরখাস্তে লিখিতে হইবে।

উল্লিখিত বিষয়গুলি ব্যতীত আর কিছু জানা আবশ্যক বোধ করিলে সিণ্ডিকেট তাহা জানিয়া লইতে পারিবেন এবং যেরূপ নিয়মে কলেজ চালাইবার কথা হইয়াছে সেইরূপ নিয়মে পাঁচ বৎসর কাল যে উহা চলিতে পারিবে তদ্বিষয়ে কলেজের অধ্যক্ষগণের নিকট হইতে সন্তোষজনক গ্যারাণ্টি লইতে পারিবেন।

যে কলেজটির জন্য দরখাস্ত করা হইয়াছে তাহার নিকটে বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত অপর যদি কোন কলেজ থাকে তবে সিণ্ডিকেট অনুসন্ধান করিয়া জানিবেন যে, দরখাস্ত মঞ্জুর করিলে পূর্ব্বপ্রতিষ্ঠিত বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত কলেজটির পক্ষে সম্ভবতঃ কোনরূপ অনিষ্ট হইতে পারিবে কি না।

(৬) কোন কলেজ বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত করা হইলে প্রথমতঃ পাঁচ বৎসরের জন্য করা হইবে। পাঁচ বৎসর অতীত হইবার ছয় মাস পূর্ব্বে আবার দরখাস্ত করিতে হইবে এবং পূর্ব্ব দরখাস্তে যে যে বিষয় লিখিতে হইয়াছে এ দরখাস্তেও সেই সেই বিষয় লিখিতে হইবে।

বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত প্রত্যেক কলেজের অধ্যক্ষকে প্রতি বৎসর জুলাই মাসে সিণ্ডিকেটের নিকট একটি করিয়া রিপোর্ট পাঠাইতে হইবে। সিণ্ডিকেট সকৌন্সিল গবর্ণর জেনেরেলের সম্মতিক্রমে যে কোন সময়ে কোন কলেজকে বিশ্ববিদ্যালয়ের বহির্ভুক্ত করিয়া দিতে পারিবেন।

কলেজের ন্যায় কোন স্কুল বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত করিতে হইলেও রেজিষ্ট্রারের হাত দিয়া সিণ্ডিকেটে দরখাস্ত পাঠাইতে হইবে। সরকারী স্কুল হইলে স্কুলের ইনস্পেক্টর অথবা বিভাগীয় প্রধান শিক্ষা কর্ম্মচারী উক্ত দরখাস্ত পাঠাইবেন, বে-সরকারী স্থলে স্কুলের প্রধান কর্ত্তৃপক্ষীয়কে দরখাস্ত করিতে হইবে। দরখাস্তে পূর্ব্বোল্লিখিতমত স্কুলের সদস্য ও শিক্ষকগণের নাম, কোথা হইতে কত আয় হয়, ব্যয় কত, ছাত্রদিগকে কত বেতন দিতে হয়—এ সকল লিখিত হইবে; এতদ্ব্যতীত কোন শিক্ষককে যে এককালীন ৫০ জনের অধিক ছাত্র পড়াইতে দেওয়া হইবে না, দরখাস্তে একথাটিও স্পষ্ট করিয়া লিখিয়া দিতে হইবে। স্কুলটি স্বাস্থ্যকর স্থানে অবস্থিত কি না, স্কুলের ঘরগুলি স্কুলঘর হইবার উপযুক্ত কি না, প্রভৃতি অপরাপর বিষয় সিণ্ডিকেট জানিতে ইচ্ছা করিলে জানিতে পারিবেন এবং নির্দ্ধারিত নিয়মে ৫ বৎসর কাল যে স্কুল চলিতে পারিবে সে বিষয়ে স্কুলের কর্ত্তৃপক্ষীয়দিগের নিকট হইতে সন্তোষজনক গ্যারাণ্টি লইতে পারিবেন।

স্কুলটি যে প্রবেশিকা পড়াইবার উপযুক্ত এবং পরীক্ষার পূর্ব্ববর্ত্তী জুলাই মাসের প্রথম দিন অথবা তৎপূর্ব্ব হইতে যে প্রতিষ্ঠিত হইয়াছে এতদ্বিষয়ে কোন গবর্ণমেণ্ট স্কুল ইনস্পেক্টরের নিকট প্রমাণ না পাইলে সিণ্ডিকেট উহা বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত করিতে অস্বীকার করিতে পারিবেন।

কোন কারণবশতঃ স্কুলটিতে প্রকৃত শিক্ষার পক্ষে কোনরূপ দোষ জন্মিতেছে দেখিলে অথবা বৎসর বৎসর স্কুলের ফল মন্দ হইতেছে বুঝিলে সিণ্ডিকেট উহাকে উল্লিখিতরূপ বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত করা বিষয়ে অস্বীকার করিতে পারিবেন।

কলেজের (৬) দফার লিখিত নিয়মগুলি স্কুলের পক্ষেও খাটিবে।

যে সমস্ত স্কুল কলেজ এক্ষণে বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত হইয়া আছে সেই সকলেও উল্লিখিত নিয়মগুলি প্রযুক্ত হইবে।

১৮৯২ ৯৩ সালের বাঙ্গালার তৈলোৎপাদক বীজের উৎপত্তি বিষয়ক চূড়ান্ত রিপোর্ট।

গত বৎসর সেপ্টেম্বর ও অক্টোবর মাসে বাঙ্গালার সর্ব্বত্রই বারিবর্ষণ নিতান্ত কম হইয়াছিল, কিন্তু অক্টোবরের শেষে এবং নবেম্বরের প্রারম্ভে বৃষ্টি কিছু বেশী পরিমাণে হওয়ায় পূর্ব্ববর্ত্তী দুই তিন মাসের অল্পবর্ষণজনিত ক্ষতির কতকটা পূরণ হইয়াছিল। নবেম্বরের প্রথম সপ্তাহের পর এবং জানুয়ারির প্রারম্ভ কাল পর্য্যন্ত বাঙ্গালায় আর বৃষ্টি হয় নাই। জানুয়ারির দ্বিতীয় সপ্তাহ হইতে আরম্ভ করিয়া কিছু দিন কাল নিম্নপ্রদেশ সমূহে এবং উত্তর ভারতে নিয়তই বৃষ্টি হইয়াছিল। জানুয়ারি মাসের ৪ঠা হইতে ৯ই পর্য্যন্ত বেহার, ছোটনাগপুর, উত্তর বাঙ্গালা এবং দক্ষিণ পশ্চিম বাঙ্গালার পশ্চিমাঞ্চলের জেলাসমূহে মাঝারি রকম বৃষ্টিপাত হয়। ঐ মাসেরই ১৭ই হইতে ২৬ শে পর্য্যন্ত বৃষ্টি পুনরায় বাঙ্গালার সর্ব্বত্রই হইয়াছিল। ফেব্রুয়ারির প্রথম সপ্তাহ হইতে ঐ মাসের ২৬ শে পর্য্যন্ত মাঝে মাঝে দুই এক দিন বাদে বৃষ্টি খুবই বেশী পরিমাণে হইতে থাকে। ইহাতে উল্লিখিত ফসলের পক্ষে অনেকটা অনিষ্ট ঘটে এবং মার্চ মাসে অনবরত প্রায় এক পক্ষ কাল বৃষ্টিপাত হওয়ায় সেই অনিষ্টের আরও বৃদ্ধি হয়। একমাত্র বীরভূম ব্যতীত বর্দ্ধমান বিভাগের আর সকল জেলাতেই, প্রেসিডেন্সী বিভাগের জেলাসমূহে এবং ফরিদপুর, দক্ষিণ বেহার, ভগলপুর ও মালদহে প্রথমতঃ ফসল যেরূপ হইবে বলিয়া অনুমান করা হইয়াছিল, উল্লিখিতরূপ অত্যধিক বৃষ্টি নিবন্ধন তদপেক্ষা এক আনা হইতে চারি আনা রকম কম হইয়াছে। বীরভূম, বাখরগঞ্জ, নোয়াখালি, ত্রিপুরা, দরভাঙ্গা, চম্পারণ, পূর্ণিয়া, কটক এবং হাজারিবাগ জেলায় ফসল পূর্ব্বের অনুমান অপেক্ষা কিছু বেশী হইয়াছে। অন্যান্য জেলাসমূহে পূর্ব্বে যেরূপ অনুমান করা হইয়াছিল, প্রায় ঠিক সেইরূপই হইয়াছে।

বৃষ্টির অভাব ও অতিবৃষ্টি প্রভৃতি দ্বারা ফসলের পক্ষে অনেকটা ক্ষতি হইলেও মোটের উপর ১২ আনা রকম ফসল পাওয়া গিয়াছে। কিঞ্চিদধিক ১৩ কোটি বিঘা ভূমিতে সর্ব্বপ্রকার তৈলোৎপাদক ফসলের চাষ হইয়াছিল। গড় পড়তা হিসাবে বিঘা প্রতি কিঞ্চিদধিক ১৸০ মণ ফসল উৎপন্ন হইয়াছে।

ডেপুটী ও সবডেপুটী কলেক্টরী পরীক্ষার ফল।

গত বৎসর অর্থাৎ ১৮৯২ সালের উল্লিখিত পরীক্ষায় ডেপুটী ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কলেক্টরের পদের প্রতিনিধিত্বে কার্য্য করিবার জন্য পরীক্ষোত্তীর্ণ পাঁচ জনকে মনোনীত করা হয়। কুড়ি জন শিক্ষানবীশ ডেপুটী ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কলেক্টর মনোনীত হন এবং শিক্ষানবীস সব ডেপুটী কলেক্টর স্বরূপে দশ জনকে গ্রহণ করা হয়। উক্ত কুড়ি জন শিক্ষানবীশ ডেপুটী কলেক্টর যথাসময়ে প্রতিনিধি ডেপুটী ম্যাজিষ্ট্রেট ও ডেপুটি কলেক্টর নিযুক্ত হইয়াছেন এবং শিক্ষানবীশ সবডেপুটী কলেক্টর দশ জনের মধ্যে কেহ কেহ ৪র্থ শ্রেণীর সবপ্রোটেম কেহ কেহ বা প্রতিনিধি সবডেপুটী কলেক্টর নিযুক্ত হইয়াছেন। এই সমস্ত কর্ম্মচারিগণের কার্য্য সন্তোষ জনক হইয়াছে বলিয়া তাঁহাদের উপরিতন কর্ম্মচারীদিগের প্রদত্ত রিপোর্টে প্রকাশিত হইয়াছে। ছোট লাট বাহাদুর ইহাতে আহ্লাদিত হইয়াছেন।

বিগত নবেম্বর মাসে এই মর্ম্মে এক সরকারী বিজ্ঞাপন বাহির হয় যে, ১৮৯৩ সালের মার্চ মাসে উক্ত পরীক্ষা গ্রহণ করিয়া পরীক্ষোত্তীর্ণদিগের মধ্য হইতে ৭ জনকে মাসিক ৫০ টাকা বেতনে শিক্ষানবীশ ডেপুটী কলেক্টর এবং ৭ জনকে মাসিক ৩০ টাকা বেতনে শিক্ষানবীশ সবডেপুটী কলেক্টর নিযুক্ত করা হইবে। পরীক্ষায় প্রথমাবধি চতুর্থস্থান পর্য্যন্ত যাঁহারা অধিকার করিতে পারিবেন, উল্লিখিত ৭ জন শিক্ষানবীশ ডেপুটী কলেক্টরের ৪ জন তাঁহাদেরই মধ্য হইতে নির্ব্বাচিত হইবেন। অবশিষ্ট ৩ জনকে ছোটলাট বাহাদুর মনোনীত করিবেন, কিন্তু পরীক্ষার নির্দ্দিষ্ট পূর্ণ সংখ্যার মধ্যে একতৃতীয়াংশ সংখ্যা তাঁহাদিগকে পাইতে হইবে। ঐরূপ একতৃতীয়াংশ সংখ্যা প্রাপ্ত আর ৭ জনকে বাছিয়া লইয়া

ছোটলাট বাহাদুর তাঁহাদিগকে শিক্ষানবীশ সবডেপুটী কলেক্টরের পদে নিযুক্ত করিবেন।

উল্লিখিত বিজ্ঞাপন অনুসারে মার্চ মাসে উক্ত পরীক্ষা গৃহীত হয়। ১৫৪ জন পরীক্ষা দিতে অনুমতি প্রাপ্ত হন; তন্মধ্যে পরীক্ষা দেন ১৪৭ জন। এই ১৪৭ জন পরীক্ষিতের মধ্যে অন্যূন ১৩৪ জন এক তৃতীয়াংশ সংখ্যা রাখিতে পারিয়াছেন।

কর্ম্মচারিগণমধ্যে কেহ কেহ এককালীন অবসর গ্রহণ করায় এবং কেহ কেহ বা বন্দোবস্ত কার্য্য প্রভৃতি বিশেষ বিশেষ কার্য্যে নিয়োজিত হওয়ায়, সম্ভবতঃ যতগুলি পদ বৎসরের মধ্যে খালি হইবে বলিয়া ছোটলাট বাহাদুর মনে করিয়াছিলেন প্রকৃত পক্ষে কিন্তু তদপেক্ষা বেশী হইবার সম্ভাবনা হইয়াছে। ছোটলাট বাহাদুর তজ্জন্য আদেশ করিয়াছেন যে, শিক্ষানবীশ ডেপুটীকলেক্টর ৭ জনের পরিবর্ত্তে ১০ জন এবং শিক্ষানবীশ সবডেপুটী কলেক্টর ৭ জন না হইয়া ১৪ জন গ্রহণ করা হইবে। অধিকন্তু স্বভাব চরিত্র, গুণাগুণ, কার্য্যকুশলতা এবং প্রতিযোগী ও বিভাগীয় পরীক্ষার ফলাফল বিবেচনায় বৎসরের মধ্যে দশ জন শিক্ষানবীশ সবডেপুটি কলেক্টরকে ডেপুটী কলেক্টরের প্রতিনিধিত্বে কার্য্য করিতে দেওয়া হইবে।

উল্লিখিত নিয়মানুসারে নিম্নলিখিত সবডেপুটীগণ প্রতিনিধি ডেপুটী কলেক্টরের পদে উন্নীত হইলেন—

বাবু যতীন্দ্রমোহন সিংহ বি এ
" ললিতচন্দ্র দাসগুপ্ত বি এ
বাবু মাখনলাল চট্টোপাধ্যায় এম এ
" অক্ষয়কুমার সেন বি এ
মিঃ রোলাণ্ড নগেন্দ্রলাল চন্দ্র এম এ

নিম্নলিখিতগণ পরীক্ষায় প্রথমাবধি চতুর্থস্থান অধিকার করায় শিক্ষানবীশ ডেপুটী কলেক্টর নিযুক্ত হইলেন—

	পূর্ণসংখ্যা
বাবু দেবেন্দ্রকুমার মিত্র এম এ	৫১৮
" নগেন্দ্রনাথ দত্ত এম এ	৫১৬
" বিপিনবিহারী বন্দ্যোপাধ্যায় এম এ	৫০৮
জ্যোতিশ্চন্দ্র সেন বি এ	৫০২

নিম্নলিখিতগণকে ছোটলাট বাহাদুর শিক্ষানবীশ ডেপুটী কলেক্টরের পদে মনোনীত করিয়াছেন—

বাবু যোগেশ্বর বিশ্বাস বি এল
" ব্রিজবংশী সহায় এম এ বি এল
মৌলবী মহম্মদ য়ুসাফ আলি বি এ
বাবু মতিলাল রায় বি এ (নং ১)
মিঃ এল জে ক্লার্ক বি এ
" আর বি বৈনব্রিজ

নিম্নলিখিত ১৪ জনকে ছোটলাট বাহাদুর শিক্ষানবীশ সবডেপুটী কলেক্টর মনোনীত করিয়াছেন—

বাবু হেমকুমার মল্লিক বি এ
" হিমাংশুনাথ চক্রবর্ত্তী এম এ
" চিন্তাহরণ চট্টোপাধ্যায় বি এ
" চারুচন্দ্র কুঁয়ার বি এল
" পরমেশপ্রসন্ন রায় বি এ
" হরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় এম এ
" হরেকৃষ্ণ মহান্তি বি এ
" মন্মথনাথ সরকার এম এ বি এল
" ভূপেন্দ্রনাথ গুপ্ত বি এ
" রায়কৃষ্ণ রায়চৌধুরী বি এ
" রামবল্লভ মিশ্র এম এ
মৌলবী সৈয়েদ আবদুল সালেক বি এ
" মহম্মদ হাবিবর রহমন বি এ
" সৈয়েদ আলি মজহর বি এ

শিক্ষানবীশ ডেপুটী কলেক্টরগণ আপাততঃ ৫০ টাকা করিয়া বেতন পাইবেন; পরে কার্য্যদক্ষতা প্রকাশ পাইলে যেমন যেমন পদ খালি হইবে অমনি তাঁহাদিগকে প্রতিনিধি ডেপুটী কলেক্টর নিযুক্ত করা যাইবে, আর ঐরূপ নিযুক্ত যত দিন না হইতে পারিবেন ততদিন সাধারণতঃ তাঁহারা ম্যাজিষ্টরী ক্ষমতা পাইতে পারিবেন না। শিক্ষানবীশ সবডেপুটীগণ এক্ষণে ৩০ টাকা করিয়া পাইবেন, এবং সন্তোষজনক কার্য্য করিতে পারিলে পরে পদ খালি হইলেই তাঁহাদিগকে ৪র্থ শ্রেণীর সব ডেপুটী কলেক্টরের পদে নিযুক্ত করা যাইবে।

উল্লিখিত মনোনীত ব্যক্তিগণ আপাততঃ যে যে জেলার যে যে স্থানে নিযুক্ত হইলেন বিগত ৩১ শে মে বুধবারের কলিকাতা গেজেটে তাহা প্রকাশিত হইয়াছে।

সাপ্তাহিক শস্যসম্বাদ।

সরকারী রিপোর্ট দৃষ্টে জানা যায় যে বিগত ২০ শে মে নাগাইৎ এক সপ্তাহে কেবল মাত্র উত্তর ও পূর্ব্ব বাঙ্গালার স্থানে স্থানে এক আধটু বৃষ্টি হইয়াছিল, নতুবা প্রদেশের মধ্যে আর কোথাও হয় নাই। কৃষিকার্য্যের অবস্থা সাধারণতঃ ক্রমেই ভাল হইতেছে এবং ভূমিকর্ষণ ও বীজবপনাদি কার্য্য এক প্রকার ভালই চলিতেছে। ক্ষেতের ফসলের কোনরূপ অনিষ্ট ঘটে নাই। সচরাচর ব্যবহার্য্য চাউলের মূল্যের কোনরূপ বিশেষ পরিবর্ত্তন হয় নাই।

—মান্দ্রাজ প্রদেশে কেবল মাত্র কর্ণাটের কোন কোন অংশ ব্যতীত

আর সর্ব্বত্রই ভালরূপ বৃষ্টি হইয়াছে। কৃষি কার্য্যের উত্তরোত্তর উন্নতি দেখা যাইতেছে। ক্ষেতের ফসলের অবস্থা সাধারণতঃ মন্দ নহে; কিন্তু মদুরা ও তিনেবলির কোন কোন অংশে আরও বৃষ্টি হইলে ভাল হয়। কর্ণাট ও মধ্যভাগের জেলাসমূহে শস্যের দর সমানই আছে, অন্যত্র একটু নরম হইয়াছে।

২৪ শে মে যে সপ্তাহের শেষ হইয়াছে ঐ সপ্তাহে বোম্বাইয়ের বারটি জেলার স্থানে স্থানে বৃষ্টি হইয়া গিয়াছে। আগামী ফসলের জন্য জমির পাট চলিতেছে। তিনটি জেলার স্থানে স্থানে বীজবপন কার্য্যও আরম্ভ হইয়াছে। শস্যের দর সমানই আছে। উত্তর পশ্চিম ও অযোধ্যা প্রদেশে বাসন্তি ফসল সমুদয় সংগৃহীত হইয়াছে। গ্রীষ্মের ফসলেরও উন্নতি হইয়াছে। সরকারী পয়ঃপ্রণালী হইতে ঐ সকলে জল যোগান হইতেছে। শারদ ফসলের জন্যও উদ্যোগ আয়োজন আরম্ভ হইয়াছে। শস্যের দর সাধারণতঃ সমানই আছে। মীরাট প্রদেশে পঙ্গপাল দেখা দিয়াছিল, কিন্তু শস্যের কোনরূপ অনিষ্ট করিয়াছে বলিয়া সংবাদ পাওয়া যায় নাই। পঞ্জাবে অধিকাংশ জেলাতেই অল্প পরিমাণে বৃষ্টি হইয়াছিল। কৃষকেরা বাসন্তি ফসল সংগ্রহ করিতে আরম্ভ করিয়াছে। শারদ শস্যের জন্য জমির পাট ও বীজবপনাদি আরম্ভ হইয়াছে। হিসার জেলায় পঙ্গপাল পড়িয়া তুলা ও নীলের অনেকটা অনিষ্ট করিয়াছে। শস্যের দর একটি জেলায় এখনও চড়িতেছে, সাতটিতে পড়িতেছে এবং অবশিষ্ট জেলাগুলিতে সমানই আছে।

—মধ্যপ্রদেশসমূহে শারদ ফসলের জন্য জমির পাট চলিতেছে। শস্যের দর সর্ব্বত্র সমান আছে। মহীশূর ও কুর্গের প্রায় সর্ব্বত্রই বৃষ্টি হইয়াছে। কৃষিকার্য্যের অবস্থা সন্তোষজনক। মহীশূরের একটি জেলায় শস্যের দর নরম হইয়াছে। কুর্গের সর্ব্বত্রই দর সমান আছে। হয়দ্রাবাদে সপ্তাহকাল মধ্যে বৃষ্টি একেবারেই হয় নাই। শস্যের দর কতকটা নরম হইয়াছে। বেরারে মাঝামাঝি রকম বৃষ্টি হইয়াছে। শস্যের দর প্রায় সমান আছে। মধ্য ভারতের দুইটি রাজ্যে বৃষ্টি হইয়াছে। ভূপাল ও ভূপাবার প্রদেশে শারদ শস্যের জন্য জমির পাট চলিতেছে। ভূপালে শস্যের দর কিছু কমিয়াছে, গোয়ালিয়ারে দর কখন উঠিতেছে, কখন পড়িতেছে, অন্যত্র দর সমানই আছে।

—রাজপুতানার দুইটি রাজ্যে বৃষ্টি ভালরূপ হইয়াছে; আর তিনটি রাজ্যে ও আজমীরে মাঝারি রকম বৃষ্টি হইয়াছে। কৃষিকার্য্যের অবস্থা সন্তোষজনক। তিনটি রাজ্যে শস্যের দর চড়িতেছে, অন্যত্র সমান আছে।

আসাম ও নেপালে গরম পড়িয়াছে। নেপালে শস্যের অবস্থা ভাল। আসামে গ্রৈষ্মিক ধান্যের বপনকার্য্য চলিতেছে কিন্তু বৃষ্টি কিছু বেশী হওয়া আবশ্যক হইয়াছে।

সাপ্তাহিক সংবাদ।

[স্থানীয়] গত ১১ই জ্যৈষ্ঠ বুধবার হইতে সূচনা হইয়া বৃহস্পতি, শুক্র ও শনিবার এখানে জল ও ঝড় খুবই হইয়া গিয়াছে। বৃহস্পতিবার রাত্রিতে এবং শুক্রবার দিবা রাত্রি ঝড়ের প্রকোপটা কিছু বেশী ছিল। শনিবার অপরাহ্ণ হইতে ঝড়ের ভাব প্রায় একেবারেই কমিয়া যায়। ঐ দিন কিন্তু জল অপেক্ষাকৃত অধিক হইয়াছিল। ঝড়ে ঘর বাড়ী খুব কমই পড়িয়াছে। কুটি কাঁকুড় ও পটল বোঝাই দুই খানি নৌকা ডুবিয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। তিন দিন গঙ্গায় খেয়া বন্ধ ছিল।

[কলিকাতা] নিম্নলিখিত ছাত্রগণ কলিকাতা মেডিকেল কলেজ হইতে এম বি, ও এল, এম, এস, পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেনঃ—

প্রিলিমিনারি সায়েন্টিফিক্ এম, বি, পরীক্ষা, দ্বিতীয় বিভাগ—সুরেন্দ্রনাথ বসু, সত্যশরণ চক্রবর্ত্তী, হরিধন দত্ত, যোগেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়, খগেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায়, কৃষ্ণকুমার ঘোষ, পশুপতি মিত্র, প্রথমনাথ মুখোপাধ্যায়, সীতানাথ মুখোপাধ্যায়, ললিতমোহন রায়, কালীমোহন সেন, হীরালাল সিংহ, সুরেন্দ্রনাথ সিংহ।

প্রথম এম, বি, পরীক্ষা, দ্বিতীয় বিভাগ—শ্যামলাল বরাট, গোপালচন্দ্র চট্টোপাধ্যায়, শরচ্চন্দ্র দত্ত, জগগোপাল দে, চণ্ডীচরণ ঘোষাল, সত্যশরণ মিত্র, রতনচন্দ্র পাল, অধরচন্দ্র রায়, সত্যেন্দ্রনাথ সেন।

দ্বিতীয় এম বি, পরীক্ষা, প্রথম বিভাগ—সুরেশচন্দ্র ভট্টাচার্য্য।

ঐ পরীক্ষা, দ্বিতীয় বিভাগ—যজ্ঞেশ্বর মুখোপাধ্যায়।

প্রিলিমিনারী সায়েন্টিফিক্ এল, এম, এস, পরীক্ষা—হরিলাল বসু, রাজেন্দ্রলাল চক্রবর্ত্তী, নগেন্দ্রনাথ দাস, শ্যামাচরণ দে, জে জহুরী, তারক নাথ মিত্র, পূর্ণেন্দ্রমোহন মুখোপাধ্যায়, অপূর্ব্বচন্দ্র সান্যাল, শরচ্চন্দ্র সেন, রজনীনাথ সোম।

গত রবিবার কলিকাতা পিঁজরাপোল সমাজের সপ্তম সাম্বৎসরিক অধিবেশন হইয়া গিয়াছে। ১৮৮৫ সালের ১৮ই অক্টোবর হইতে ১৮৯৩ সালের ২৪শে মার্চ্চের মধ্যে সর্ব্বশুদ্ধ পিঁজরাপোল সমাজের ৫ লক্ষ ৬২ হাজার ১৩১ টাকা আয় এবং ৫ লক্ষ ৬১ হাজার ৫৭৭ টাকা ব্যয় হইয়াছে।

গত শনিবার কলিকাতায় ব্রিটিশ ইণ্ডিয়ান সভার সাম্বৎসরিক অধিবেশন হইয়াছিল, কিন্তু ঝড় বৃষ্টির জন্য অনেক সদস্য উপস্থিত হইতে না পারায় সে দিন সভার কার্য্য বন্ধ রাখা হয়।

আগামী কল্য পুনরায় সভার অধিবেশন হইবার কথা আছে।

কিঞ্চিদধিক এক বৎসর হইল স্যার হেনরি হ্যারিসনের মৃত্যু হইয়াছে। সম্প্রতি তাঁহার স্মরণার্থ সাধারণের চাঁদায় নির্ম্মিত প্রস্তরময়ী অর্দ্ধ-মূর্ত্তির আবরণ উন্মোচন করা হইয়াছে। এতদুপলক্ষে টাউন হলে একটি উৎসব হয়। বাঙ্গাল গবর্ণমেণ্টের চিফ সেক্রেটরী কটন সাহেব মৃতের গুণগান পূর্ব্বক একটি বক্তৃতা করিয়া স্বহস্তে মূর্ত্তির আবরণ উন্মুক্ত করিয়া দিয়াছেন।

[বর্দ্ধমান বিভাগ] তারকেশ্বরের মোহন্তের উইলের মোকদ্দমার দিন আগামী ২৩শে জুন ধার্য্য হইয়াছে। হুগলীর জজ মিঃ ওয়াইট সাহেবের নিকট বিচার হইবে।

[মধ্যপ্রদেশ] গত শনিবার মধ্য-প্রদেশ সমূহের চিফ কমিশনর সার এ, পি, ম্যাকডোনেল সাহেব জে উড্‌বার্ণ সাহেবকে কাজ কর্ম্ম বুঝাইয়া দিয়াছেন। জে উডবার্ণই এক্ষণে মধ্য-প্রদেশ-সমূহের চিফ কমিশনর হইলেন।

[উঃ পঃ প্রদেশ] লাইন নামে জনৈক রেলওয়ের গার্ড রাজপুতানা—মালোয়া রেলের গাড়ীতে একটি দেশীয় স্ত্রীলোকের বলপূর্ব্বক সতীত্ব নাশ করিয়াছে বলিয়া অভিযুক্ত হয়। নিম্ন-আদালত গার্ডকে দোষী সাব্যস্ত করিয়া মোকদ্দমা আলাহাবাদের হাইকোর্টে সোপরদ্দ করেন। হাইকোর্টের জজ বেয়ার সাহেব ৭ জন ইংরেজ ও ২ জন দেশীয় জুরি লইয়া মোকদ্দমার বিচার করেন। জজের বিচারে আসামী বেকসুর খালাস পাইয়াছে।

[হায়দ্রাবাদ] দৈনিক বলিতেছেন, মহীশূরের হিন্দু দেওয়ান হায়দ্রাবাদের নিজামের মন্ত্রী হইবেন।

[মান্দ্রাজ] মান্দ্রাজে স্ত্রীলোক ও বালকদিগের থাকিবার উপযুক্ত একটী হাঁসপাতাল নির্ম্মাণকল্পে গবর্ণমেণ্ট ৮০ হাজার টাকা মঞ্জুর করিয়াছেন।

[সাধারণ] গত বৎসর অর্থাৎ ১৮৯২ সালের ৩০শে সেপ্টেম্বর নাগাইৎ ৯ মাসে ভারতের রেলপথ সমূহে দুর্ঘটনা প্রভৃতি কারণে সর্ব্বশুদ্ধ ৪৬৮ জন হত ও ৭৩০ জন আহত হইয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। রেলগাড়ীর সংঘর্ষণাদি হেতু ৮ জন যাত্রী ও ১১ জন রেলওয়ে কর্ম্মচারীর হত এবং ৪১ জন যাত্রী ও ৩৬ জন রেলকর্ম্মচারী আহত হইয়াছে। নিজের অসাবধানতা প্রভৃতি অপরাপর আকস্মিক কারণে ৪৩ জন যাত্রী ও ১৪১ জন রেলকর্ম্মচারী হত এবং ১১২ জন যাত্রী ও ৪৫৪ জন রেলকর্ম্মচারী আহত হইয়াছে। এতদ্ভিন্ন রেল পার হওয়া, রেলপথে আত্মহত্যা প্রভৃতি অন্যান্য কারণে যাত্রী ও রেলকর্ম্মচারী ভিন্ন অপরাপর লোক ২৫৭ জন হত ও ৮৭ জন আহত হইয়াছে।

কানপুরে কয়েকজন সাহেব মিলিয়া একটি চিনির কারখানা খুলিবেন। উক্ত কারখানা হইতে যে চিনি প্রস্তুত হইবে তাহা হাড়ের কয়লা দ্বারা বিশোধিত করা হইবে না, সুতরাং উহার ব্যবহারে কোন জাতীয় লোকেরই আপত্তি থাকিবার কথা নাই। মূলধন ৬ লক্ষ টাকা। জমি খরিদ এবং কারখানা বাড়ী প্রভৃতির নির্ম্মাণে ৯০ হাজার টাকা ব্যয় অনুমান করা হইয়াছে, কল প্রভৃতি খরিদ করিতেও আনুমানিক ২ লক্ষ ৬০ হাজার টাকা ব্যয় হইবে এবং অবশিষ্ট ২॥ লক্ষ টাকা ব্যবসায় খাটিবে। ৬ লক্ষ টাকা ৬ হাজার অংশে বিভক্ত হইবে। এক একটী অংশের মূল্য ১০০ টাকা। ২ লক্ষ টাকা কর্ত্তৃপক্ষীয়গণও তাঁহাদের বন্ধু বান্ধবদিগের মধ্য হইতেই উঠিয়াছে। ৪ হাজার অংশ এখনও বিক্রয় হইতে বাকী আছে। সাধারণে উহা ক্রয় করিতে পারিবেন। কলিকাতা ১২ মিসন রো, মেঃ বেগ ডান্‌লোপ এণ্ড কোম্পানীর নিকট পত্র লিখিলে বিশেষ বিবরণ জানিতে পারা যাইবে।

আসামের চিফ কমিসনর আসামের মানবতত্ত্ব সংগ্রহের জন্য বাঙ্গালার এসিয়াটিক সোসাইটিতে বার্ষিক ১ হাজার টাকা দান করিয়াছেন।

বিশেষ আপত্তি কোথাও হইতে উত্থাপিত না হওয়ায় ছোট লাট বাহাদুর আদেশ করিয়াছেন যে, অতঃপর কলিকাতা ভিন্ন হাওড়া, বালী, সাউথ সুবর্ব্বণ, মাণিকতলা, কাশীপুর চিৎপুর, বরানগর, উত্তর ও দক্ষিণ দমদমার মিউনিসিপালিটী সমূহে ভাড়াটিয়া ঘোড়ার গাড়ী বিষয়ক আইন প্রচলিত হইবে। এতদ্ভিন্ন সকৌন্সিল গবর্ণর জেনারেলের পূর্ব্বসম্মতিক্রমে কলিকাতা মিউনিসিপ্যালিটীর বহির্ভূত স্থান সমূহে অর্থাৎ ফোর্ট-উইলিয়ম, এসপ্লানেড, ক্লাইভরোর দক্ষিণ পার্শ্বের উত্তর ধারে হেষ্টিংসের যে অংশটুকু অবস্থিত সেই অংশ, দমদমা কাণ্টনমেণ্ট এবং ২৪ পরগণার অন্তর্ভুক্ত দমদমা কাণ্টনমেণ্ট ও কলিকাতা সহর এই দুইয়ের মধ্যে কলিকাতা-যশোহর রাস্তার যে অংশটুকু পড়িয়াছে সেই অংশে উক্ত আইন বাহাল হইবে।

আগামী বৎসর ১২ই ফেব্রুয়ারি সোমবার হইতে এণ্ট্রান্স এবং ২৬শে ফেব্রুয়ারি সোমবার হইতে এফ এ, ও বি এ, পরীক্ষা আরম্ভ হইবে।

১৭১০ সালে ইটালীতে পাইনাকোর্ট নামক বাদ্যযন্ত্র প্রথম আবিষ্কৃত হয়। (সুলভ দৈনিক)

১৮৯২ সালে ৬৫ কোটি লোক জাহাজে যাতায়াত করিয়াছিল; তন্মধ্যে ২৪০ জনের মৃত্যু ঘটে, রেলপথে যাতায়াত করিয়াছিল ৫৩ কোটী, ইহার মধ্যে মরিয়াছিল ২৯৩ জন। (অ বা)

কাশ্মীরের মহারাজ কলিকাতার কবিরাজ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র কবিরত্নকে সুশ্রুতের ভাষান্তর কার্য্যের ব্যয় নির্ব্বাহার্থ এককালীন ৭০০ টাকা দান করিয়াছেন।

গত সপ্তাহে নিম্ন-বাঙ্গালার অধিকাংশ স্থানেই জল ও ঝড় হইয়া গিয়াছে। বাড়ী ঘর বৃক্ষাদি অনেক পড়িয়া গিয়াছে। মানুষ গরু মারা গিয়াছে অথবা যাত্রীর নৌকা ডুবিয়াছে বলিয়া অদ্যাপি কোথাও হইতে সংবাদ আইসে নাই। ঝড়ের সূচনা দেখিয়া মাঝিরা পূর্ব্ব হইতেই সাবধান হইয়াছিল। উড়িষ্যার উপকূলই ঝড়ের কেন্দ্রস্থান বলিয়া বলা হইয়াছে। ঐ স্থান হইতেই ঝড় আরম্ভ হইয়া ঘণ্টায় ৭০ মাইলের বেগে চতুর্দ্দিকে পরিব্যাপ্ত হইয়া পড়ে। ঝড় উড়িষ্যাতেই কিছু বেশী হইয়াছিল। বাতাবর্ত্ত সাগর-দ্বীপ ও ডায়মণ্ডহারবারের মধ্যেই আবদ্ধ ছিল। শুক্রবার ডায়মণ্ডহারবার অঞ্চলে খুবই ঝড় হয়। পুরী হইতে তারযোগে যে সংবাদ আসিয়াছে তাহাতে প্রকাশ, ২৬শে মে তারিখে উক্ত জেলাস্থ নদীগুলির জল বাড়িয়া উঠে। ঘর বাড়ী অনেক পড়িয়াছে, কিন্তু লোক-জন মারা যায় নাই। বালেশ্বর হইতে ৫৪ ঘণ্টাকাল ডাক আসা স্থগিত ছিল, কোন দিকেরই মেল যাতায়াত করিতে পারে নাই। বালেশ্বরে বন্যা আসিয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। মেদিনীপুরেও ঝড় বেশী হইয়াছিল। তমলুক অঞ্চলের অনেক বাড়ী ঘর পড়িয়া গিয়াছে। কলিকাতার গঙ্গায় ঝড়ের কয়দিন খেয়া চলে নাই। সোমবার হইতেই জাহাজ যাওয়া আসা

বন্ধ হইয়াছিল। দৈনিক বলিতেছেন, "বাতাবর্ত্ত সাগর হইতে কলিকাতার দিকে আসিয়া মেদিনীপুর হইয়া বর্দ্ধমানে গিয়াছিল। বর্দ্ধমান হইতে যশোহরে পা দিয়া সিরাজগঞ্জ হইয়া ঢাকার দিকে গিয়াছিল। দক্ষিণ হইতে আসিবার সময় বাতাবর্ত্ত ডায়মণ্ড হারবার অঞ্চলে বিক্রমটা কিছু অধিক দেখাইয়াছিল। সে অঞ্চলের ঘরবাড়ী সবই ফেলিয়া দিয়াছে। গঙ্গার জলটা প্রায় ২০ ফুট উচ্চ হইয়াছিল।

২৭শে মে নাগাইৎ এক সপ্তাহে নিম্নলিখিত জেলাগুলির সদরে যে পরিমাণ বারিবর্ষণ হইয়াছিল, সরকারী গেজেট দৃষ্টে তাহা উদ্ধৃত করিয়া দেওয়া যাইতেছে—বর্দ্ধমান ১১·৮১ ইঞ্চি, বাঁকুড়া ৫·৬৪, বীরভূম ৩·৮৭, মেদিনীপুর ৬·৯৭, হুগলী ৫·৩২, হাওড়া ৭·৫৯, ২৪ পরগণা ৯·৬৮, নদীয়া ৬·৬৫, খুলনা ৮·৯৭, যশোহর ৭·৩৩, মুরশিদাবাদ ৪·৮২, চট্টগ্রাম ৫·২, নোয়াখালি ৮·৬৭, ত্রিপুরা ৭·০৯, চট্টগ্রাম পার্ব্বত্য প্রদেশ ১·২৯, ঢাকা ৪·৭৪, ফরিদপুর ৯·৪, বাখরগঞ্জ ১২·৩৯, ময়মনসিংহ ২·৮৮, দিনাজপুর ·৪৪, রাজসাহী ৪·০৫, রঙ্গপুর ·২৯, বোগরা ·০১, পাবনা ৫·১, দার্জ্জিলিং ·৭৪, জলপাইগুড়ি ·০৩, মুঙ্গের ০, ভাগলপুর ·৫২, পূর্ণিয়া ·০১, মালদহ ২·৭১, সাঁওতাল পরগণা ৩·৩৪, পাটনা ০, গয়া ০, সাহাবাদ ০, দারভাঙ্গা ০, মজঃফরপুর ০, সারণ ·২১, চম্পারণ ·৪৬, কটক (সংবাদ পাওয়া যায় নাই), পুরী ১৫·২৭, বালেশ্বর ১৫·৬, হাজারিবাগ ·৭৩, লোহারডাগা ১·৬৬, পালামো ·১৩, সিংহভূম ৪·২৮, মানভূম ৫·৮৫ ইঞ্চ।

[বৈদেশিক]—ভারতের ভূতপূর্ব্ব প্রধান সেনাপতি লর্ড রবার্টসকে যথাবিধি সম্বর্দ্ধনা করিয়া লণ্ডনের বণিক সভা সে দিন একটি ভোজ দিয়াছেন। ভোজে কপূরতলার মহারাজ উপস্থিত ছিলেন। লর্ড রবার্টস বক্তৃতাস্থলে বলিয়াছিলেন, "ভারতে ব্রিটিস আধিপত্য বরাবরই অক্ষুণ্ণ থাকিবে। ভারতবাসীকে এইটি বুঝাইবার জন্য সেনা ও পোতবল বৃদ্ধি এবং সীমান্তরক্ষার সুব্যবস্থাদি করা কর্ত্তব্য। এতদ্ভিন্ন অপক্ষপাতী এবং সহানুভূতি সূচক রাজনীতি প্রয়োগে ভারতবাসীকে সন্তুষ্ট রাখিতে হইবে।

লর্ড সালিসবরির বিশ্বাস, অনষ্টরের অধিবাসিগণ প্রতিকূল হইলে গ্ল্যাডষ্টোনের হোমরুল বিল পাস হওয়া কঠিন হইয়া উঠিবে। এই বিশ্বাসে তিনি তাহাদিগকে বিলের প্রতিকূলতায় উত্তেজিত করিতেছেন।

ইটালীর নূতন মন্ত্রিসভা সংগঠিত হইয়াছে।

বেলজিয়মে মৌদ্রিক সমিতির পুনরধিবেশন হইলে ব্রিটিস প্রতিনিধি যে আর তথায় পাঠান হইবে না, প্রধান মন্ত্রী গ্ল্যাডষ্টোন সাহেব কমন্স-সভায় সেদিন এ কথা স্পষ্ট করিয়া বলিয়াছেন। গ্ল্যাডষ্টোন দুই ধাতুর ব্যবস্থার নিতান্ত বিরোধী।

প্রধানমন্ত্রী গ্ল্যাডষ্টোন সাহেবের হোমরুল বিল লইয়া মহা হুলস্থুল পড়িয়া গিয়াছে। সেফিল্ডের বন্দুকের কারখানার টাউনসেণ্ড নামে জনৈক সাহেব গ্ল্যাডষ্টোন সাহেবের আবাস গৃহের নিকট মধ্য রাত্রিতে 'রিভলবার' আওয়াজ করায় অভিযুক্ত হইয়াছে। এতদ্ভিন্ন টাউনসেণ্ড গ্ল্যাডষ্টোন সাহেব সাহেবকে নিম্নলিখিত মর্ম্মে এক খানি পত্রও লিখিয়াছিলেন। এই পত্র লেখার জন্যও তাহার নামে স্বতন্ত্র একটি অভিযোগ উপস্থিত করা হইয়াছে। পত্রের মর্ম্ম এই—"গ্ল্যাডষ্টোন ঐ হতভাগা বিল খানাকে দূর করিয়া ফেলিয়া দাও। আমি পূর্ব্বে আর কখন তোমাকে দেখি নাই। তোমার চেহারা দেখিয়া আমি তোমাকে সম্মান দেখাইতে বাধ্য হইয়াছিলাম। আমি সকাল হইতে তোমার জন্য অপেক্ষা করিতে ছিলাম। শনিবার দিন খবর শুনিয়াই আমি স্ত্রী পুত্র গৃহ পরিত্যাগ করিয়া আসিয়াছি। তোমার অন্তর্দ্ধান হইলেই বিল খানারও অন্তর্দ্ধান হইবে। আমি রবিবার ব্রাইটনে থাকিয়া তোমার প্রতীক্ষা করিতে ছিলাম। যদি আমার মনের ভাবান্তর উপস্থিত না হইত তাহা হইলে কাল আমাদের উভয়কেই ইহজগৎ পরিত্যাগ করিতে হইত। কেহ আমাকে ধরিবার পূর্ব্বে আমি ছয়টি গুলি চালাইতে পারিতাম। আমি এ যাত্রা তোমাকে আর প্রাণে মারিলাম না। তুমি একজন সুদক্ষ লোক বলিয়া আমার দৃঢ় বিশ্বাস আছে। আমার বিশ্বাস, তুমি মনে করিলেই বিল খানি পাস হইয়া যাইবে। সালিসবারি, বেলফোর, চেম্বারলেন এবং লর্ড হাউসের মেম্বরেরা আপত্তি করিয়া কিছুই করিতে পারিবে না। তোমার অথবা আমাদের দুই জনের জীবন দিয়া সহস্র সহস্র রাজভক্ত অলষ্টরবাসীর যখন জীবন রক্ষা হইতে পারে তখন তোমার বিল কখনই পাস হইতে দেওয়া নয়।" টাউনসেণ্ডের বিচার আরম্ভ হইয়াছে, এখনও শেষ হয় নাই।

বিগত ৬ঠা মে জওনগরের মহারাজা জাঁক জমকীয় পোষাক পরিয়া পার্লিয়ামেণ্ট মহাসভায় উপস্থিত হইয়াছিলেন। কমন্স সভায় অতিশয় সম্ভ্রান্ত আগন্তুকদিগের জন্য যে বসিবার স্থান আছে, মহারাজা সেই খানে কিয়ৎক্ষণ বসিয়া সভাস্থলের বাদানুবাদ শুনিয়াছিলেন।

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—নিম্নলিখিত কর্ম্মচারিগণ ডেঃ মাঃ ও ডেঃ কঃ হইয়া অপর আদেশ যাবৎ বিশেষ বিশেষ কার্য্যে নিযুক্ত হইলেন—মৌলবী নাজিমুদ্দিন আহমেদ ছোটনাগপুর বিভাগ ও মধ্য প্রদেশসমূহের কোন কোন দেশীয় রাজ্যের সীমা নির্দ্ধারণ বিষয়ক বিবাদের নিষ্পত্তি কার্য্যে, বাবু রমেশচন্দ্র দাস চট্টগ্রামের বন্দোবস্ত কার্য্যে, বাবু গঙ্গাগোবিন্দ গুপ্ত বি এল সাহাবাদে বাটোয়ারা কার্য্যে, বাবু বেণীমাধব চট্টো ত্রিপুরার কাশিমবাজার এষ্টেটভুক্ত সরাইল পরগণার সবম্যানেজারের কার্য্যে এবং বাবু তারানাথ বসু গয়ার বাটোয়ারা কার্য্যে। নিম্নলিখিত সব ডেঃ কঃ গণ ডেঃ মাঃ ও ডেঃ কঃ হইয়া ভিন্ন ভিন্ন জেলার সদরে স্থাপিত হইলেন—বাবু যতীন্দ্রমোহন সিংহ বি এ, বালেশ্বরে, বাবু ললিতচন্দ্র দাসগুপ্ত বি এ, সিংহভূমে, বাবু মাখনলাল চট্টোপাধ্যায় এম এ, মজঃফরপুরে, বাবু অক্ষয়কুমার সেন বি এ, ২৪ পরগণায়, মিঃ রোলাণ্ড নগেন্দ্রলাল চন্দ্র এম এ, মজঃফরপুরে। নিম্নলিখিত ব্যক্তিগণ শিক্ষানবীশ ডেঃ কঃ হইয়া ভিন্ন ভিন্ন জেলার সদরে স্থাপিত হইলেন—বাবু দেবেন্দ্রকুমার মিত্র এম এ, মেদিনীপুরে, বাবু নগেন্দ্রনাথ দত্ত এম এ, বাখরগঞ্জে, বাবু বিপিনবিহারী বন্দ্যো এম এ, মুরশিদাবাদে, বাবু জ্যোতিশ্চন্দ্র সেন বি এ, ফরিদপুরে, বাবু যোগেশ্বর বিশ্বাস বি এল, ২৪ পরগণায়, ব্রিজবংশী সহায় এম এ বি এল, পাটনায়, মৌলবী মহম্মদ যুসুফ আলি বি এ, গয়ায়, মতিলাল রায় বি এ, ১নং হুগলীতে, মিঃ এল জে ক্লার্ক বি এ, ঢাকায়, এবং মিঃ আর বি বৈনব্রিজ ২৪ পরগণায়। নিম্নলিখিত ব্যক্তিগণ শিক্ষানবীশ সব ডেঃ কঃ নিযুক্ত হইয়া ভিন্ন ভিন্ন জেলার সদরে স্থাপিত হইলেন—বাবু হেমকুমার মল্লিক বি এ, হাওড়ায়, বাবু হিমাংশুনাথ চক্রবর্ত্তী এম এ, বর্দ্ধমানে, বাবু চিন্তাহরণ চট্টোপাধ্যায় বিএ, খুলনায়, বাবু চারুচন্দ্র কুমার বি এল, বাঁকুড়ায় বাবু পরমেশপ্রসন্ন রায় বিএ, বাখরগঞ্জে, বাবু হরেন্দ্রনাথ বন্দ্যোপা-

ধ্যায় এস এ, চট্টগ্রামে, বাবু হরকৃষ্ণ মহান্তি বি এ, কটকে, বাবু মন্মথনাথ সরকার এম এ বি এল, নদীয়ায়, বাবু ভূপেন্দ্রনাথ গুপ্ত বি এ, যশোহরে বাবু রায়কৃষ্ণ বাড়ুজ্যে বি এ, সারণে, বাবু রাম বল্লভ মিশ্র এম এ হাজারিবাগে, মৌলবী সৈয়দ আবদুল সালেক বি এ, রাজসাহীতে, মৌলবী মহম্মদ হবিবর রহমন বি এ, দরভাঙ্গায় এবং মৌলবী সৈয়দ আলি মজহর বি এ, ভগলপুরে। সাঁওতাল পরগণা দেওঘরের সব ডেঃ কঃ বাবু অক্ষয়কুমার চৌধুরীর কার্য্য বাঙ্গাল গবর্ণমেণ্টের রাজস্ব বিভাগের অধীনে থাকিল। ঢাকার প্রোবেঃ ডেঃ কঃ মিঃ এল জে ক্লার্ক বিএ ডেঃ মাঃ ও ডেঃ কঃ হইয়া অপর আদেশ যাবৎ উক্ত জেলার সদরে স্থাপিত হইলেন। আঃ মাঃ ও কঃ মিঃ সি এইচ বম্পাস অপর আদেশ যাবৎ ১ম শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃ হইলেন। বম্পাস সাহেবের কার্য্য অস্থায়ীরূপে বাঙ্গাল গবর্ণমেণ্টের বিচার বিভাগের অধীনে থাকিল। কভেনাণ্টেড ডেঃ কঃ মিঃ জে এইচ কর সাহেব মজঃফরপুর জেলার কঃর কার্য্যভার পাইলেন। সাহাবাদের প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ কার্গিল সাহেব গয়া আরাঙ্গাবাদে বদলী হইলেন। গয়া আরাঙ্গাবাদের ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী জাকির হোসেন সাহাবাদ জেলার সদরে বদলী হইলেন। ফলোপ্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু সারদাপ্রসাদ সরকার ময়মনসিংহ জেলার সদরে স্থাপিত হইলেন। পুরী খুর্দ্দার আঃ মাঃ ও কঃ ম্যাকফারসন সাহেব অপর আদেশ যাবৎ ১ম শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃ হইলেন। চট্টগ্রাম কক্সবাজারের অস্থায়ী ভার প্রাপ্ত আঃ মাঃ ও কঃ ডেলিভিগনী সাহেব মেদিনীপুর জেলার সদরে বদলী হইলেন। র‍্যাম্পিনী সাহেব হাইকোর্টের জজিয়তি পদে পাকা হওয়ায় তাঁহার স্থানে ব্যাডকক সাহেব ১ম শ্রেণীর ডিঃ সেঃ জজের পদে পাকা হইলেন। ব্যাডকক সাহেবের স্থানে মিঃ পিটার্সন সাহেব ২য় শ্রেণীর ডিঃ ও সেঃ জজ নিযুক্ত হইলেন।

নিম্নলিখিত ব্যক্তিগণ ১ম শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃর পদে পাকা হইলেন—মিঃ ই এইচ সি ওয়াল্‌স, মিঃ এফ ডবলিউ ডিউক ওমিঃ এইচ আর এইচ কোল্‌। নিম্নলিখিত ব্যক্তিগণ প্রোমোটেম ১ম শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃর পদে উন্নীত হইলেন—মিঃ এইচ আর এইচ কোল্‌, মিঃ জে এইচ বার্ণার্ড, মিঃ এ ই হারওয়ার্ড, মিঃ এফ এস হ্যামিল্টন, মিঃ সি জি এইচ এলেন ও কুমার গিরীন্দ্রনারায়ণ দেব। নিম্নলিখিত ব্যক্তিগণ ২য় শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃর পদে পাকা হইলেন—মিঃ লোকেন্দ্রনাথ পালিত, মিঃ সৈয়দ আকবল হুদা, মিঃ উমেশচন্দ্র বটব্যাল ও মিঃ ই গিকি, নিম্নলিখিত ব্যক্তিগণ প্রোমোটেম ২য় শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃর পদে নিযুক্ত হইলেন—মিঃ কেদার নাথ রায়, মিঃ বরদাচরণ মিত্র, মিঃ এফ ম্যাকবেলেন, মিঃ সি জে ষ্টিভেন্সন মুর ও মিঃ ডবলিউ এইচ এইচ ভিন্সেণ্ট। ভগলপুরের আবকারী কার্য্যের প্রোটেম ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু নবীনচন্দ্র কর আর ১ মাসের ছুটী পাইলেন। ছুটীপ্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী আবদুস সালাম মুঙ্গের জেলার সদরে স্থাপিত হইলেন। বর্দ্ধমান রাণীগঞ্জের প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ মাাকস ওয়েল সাহেব চট্টগ্রাম জেলার সদরে বদলী হইলেন। দরভাঙ্গার প্রতিনিধি কঃ মাঃ ও ডেঃ কঃ ওয়েবষ্টর সাহেব বর্দ্ধমান রাণীগঞ্জে বদলী হইলেন। ফরিদপুর গোয়ালন্দের প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ বসন্তকুমার মল্লিক দরভাঙ্গা জেলার সদরে বদলী হইলেন। ২৪ পরগণার ছুটীপ্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু রজনীনাথ চট্টো ফরিদপুর গোয়ালন্দে বদলী হইলেন। গয়া নওয়াদার জঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ সৈয়দ মুবুল হুদা ২৪ পরগণার সদরে বদলী হইলেন। ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী সৈয়দ মাজিবর রহমন গয়া নওয়াদায় বদলী হইলেন।

বিচার—বাবু উপেন্দ্রনাথ মুখো বি এল হুগলী জাহানাবাদের মুঃ হইলেন। বাবু নগেন্দ্রনাথ চট্টো বি এল বাকুড়া খাটরার মুঃ হইলেন। বাথরগঞ্জ জোলার মুঃ বাবু হরিনাথ রায় ১৮ দিনের, ত্রিপুরা ব্রাহ্মণ বাড়িয়ার মুঃ বাবু রাজেন্দ্রলাল ঘোষ আর ১২ দিনের, এবং হুগলী জাহানাবাদের মুঃ বাবু পূর্ণচন্দ্র সরকার ২ মাসের ছুটী পাইলেন।

উদ্ভট কবিতা।

[৩৮০]

হেমন্তশিশিরবসন্তগ্রীষ্মবর্ষাশরদ্বহু
ঋতুতপনবনাস্তোহর্ম্ম্যগোপীরপানৈঃ
সুখমনুভব রাজন্ শত্রবো যান্তু নাশং
দিবসকমললক্ষ্মাশর্ব্বরীরেণুপঙ্কাঃ॥

বিজ্ঞাপন।

শিক্ষা সংক্রান্ত।

আগামী মধ্য ইংরাজী, মধ্য বাঙ্গলা ও উক্ত প্রাথমিক ছাত্রবৃত্তি পরীক্ষা ইতিপূর্ব্বে ১৮৯৩ সালের ১০ই অক্টোবর আরম্ভ হইবে স্থির হইয়াছিল। কিন্তু এক্ষণে উক্ত তারিখের পরিবর্ত্তে ১৮৯৩ সালের ৩রা অক্টোবর বাঙ্গালা ১৮ই আশ্বিন মঙ্গলবার পরীক্ষা আরম্ভ হইবে ধার্য্য হইয়াছে।

Hooghly, 10th. May 1893. } (Sd) Beni Madhav De. Offg Inspector of Schools, Burdwan Division.

নিম্নলিখিত ছাত্রগণ এই বৎসরের এফ এ পরীক্ষায় বৃত্তি পাইয়াছেন।

প্রথম শ্রেণীর বৃত্তি।

আশুতোষ চট্টোপাধ্যায়	হুগলী কঃ
কৃষ্ণচন্দ্র ভট্টাচার্য্য	প্রেসিডেন্সী ঐ
যোগীন্দ্রনাথ পাল	হুগলী ঐ
আশুতোষ বন্দ্যোপাধ্যায়	ঐ
বিজয়গোপাল মুখোপাধ্যায়	প্রেসিডেন্সী ঐ
রমেন্দ্রনাথ ঘোষ	জেনেরেল এসেমবিলি
সতীশচন্দ্র রায়	প্রেসিডেন্সী কঃ
অম্বিকাচরণ দত্ত	বরিশাল ব্রজ ইনষ্টি
কিরণচন্দ্র মিত্র নং ১	প্রেসিডেন্সী কঃ
কুঞ্জবিহারী বল্লভ	জেনেরেল এসেমবিলি

দ্বিতীয় শ্রেণীর বৃত্তি।

(সহর কলিকাতা)

অবিনাশচন্দ্র গুহ	প্রেসিডেন্সী কঃ
রসিকমোহন ভট্টাচার্য্য	ঐ
হেমচন্দ্র চট্টোপাধ্যায়	ঐ
রামদুলাল দেব	ঐ
অনুকূলচন্দ্র ভট্টাচার্য্য	মেট্ ইনষ্টি
হরিনাথ ভট্টাচার্য্য	রিপণ কঃ
জয়কৃষ্ণ গুপ্ত	সিটি ঐ
পূর্ণচন্দ্র কুণ্ডু	প্রেসিডেন্সী ঐ
এস কার্ক প্যাট্রিক	ঐ
হারাণচন্দ্র চাকলাদার	জেনেরেল এসেমবিলি

প্রেসিডেন্সি বিভাগ (কলিকাতা ভিন্ন)

হেমচন্দ্র সরকার	বহরমপুর কঃ
নলিনীকান্ত অধিকারী	ঐ
কেদারেশ্বর বন্দ্যোপাধ্যায়	কৃষ্ণনগর ঐ
তারাপদ বসু	ঐ

বর্দ্ধমান বিভাগ।

বিনয়কৃষ্ণ মদক	হুগলী কঃ
ভোলানাথ গাঙ্গুলী	ঐ
শরৎশশী সরকার	বর্দ্ধমান রাজ ঐ
রামাচরণ ভট্টাচার্য্য	হুগলী ঐ
রাখালদাস দত্ত	বর্দ্ধমান রাজ ঐ
দেবেন্দ্রনাথ সিংহ	হুগলী ঐ
নীলমণি সাধুখাঁ	ঐ
ক্ষেত্রমোহন ঘোষ	ঐ

রাজসাহী বিভাগ।

বরদাশঙ্কর ভট্টাচার্য্য	রাজসাহী কঃ
তারকেশ্বর চক্রবর্ত্তী	ঐ

ঢাকা ও চট্টগ্রাম বিভাগ।

করুণাকুমার দত্ত গুপ্ত	ঢাকা কঃ
প্রসন্নচন্দ্র ভট্টাচার্য্য	ঐ
গুণদাচরণ সেন	বরিশাল ব্রঞ্চ ইনষ্টি
শরচ্চন্দ্র বসাক	ঢাকা কঃ
আবু নসর মহম্মদ আলি	ঐ
নিবারণচন্দ্র গাঙ্গুলী	বরিশাল ব্রঞ্চ ইনঃ
শশাঙ্ককুমার বসু	ঢাকা কঃ

পাটনা ও ভগলপুর বিভাগ।

শশধর বন্দ্যোপাধ্যায়	ভগলপুর টি এন জুবিলি
অম্বিকাচরণ বন্দ্যোপাধ্যায়	পাটনা কঃ
অবোধবিহারী চৌবে	ঐ
রঘু প্রসাদ	ঐ
অযোধ্যা নিত্যানন্দ সিংহ	ঐ
যদুনন্দন সহায়	ঐ
সুবোধচন্দ্র রায়	ঐ

উড়িষ্যা বিভাগ।

গোপশ্যাম মহান্তি	কটক রাভেন্স কঃ
মহম্মদ আকবর	ঐ

স্ত্রীলোকদিগের জন্য বিশেষ বৃত্তি

প্রথম শ্রেণীর বৃত্তি।

মিস এষ্টিল ওয়াইট	নর্ম্মাল নিয়ার বালিকা।

দ্বিতীয় শ্রেণীর বৃত্তি।

এলিস ক্যাম্পবেল	লরেটো হাউস

দ্রষ্টব্য।

হুগলির উকিল শ্রীযুক্ত বাবু দীননাথ ধরের ব্রাতস্পুর চুঁচুড়ার বাহিরের নিকট গঙ্গার ধারের পথে একটী ওয়াটারবারি ওয়াচ কুড়িয়া পাইয়াছে। ওয়াচটী দীননাথ বাবুর নিকট আছে, অনুসন্ধান লইলে মালিক ঘড়ি পাইতে পারিবেন।

ছাত্রখালি।

জেলা খুলনা, পোষ্ট মোরেলগঞ্জ, দৈবজ্ঞহাটী মঃ ইং স্কুলের ১ম ও ২য় শ্রেণীর জন্য কয়েক জন কায়স্থ অথবা বারুই বালকের আবশ্যক। খোরাকী ও বেতন লাগিবে না। সেক্রেটরী শ্রীতারাশঙ্কর বিশ্বাসের নিকট আবেদন করুন।

কর্ম্মখালি।

Wanted a Hd. Master on Rs 40 a month for the Boraul H. E. School, 24 Pergannas. Apply to Babu Prosunno Koomar Mukherjee, Clerk, Bengal Accountant General's Office, Calcutta.

Wanted an experienced F. A. Head Master for the Afzalpur M, E. School on Rs 24 a month. The place is some 12 miles north of the Raniganj Station E. I. R. Apply soon to Babu Chandra Sekhar Tewari, Pleader, Purulia Manbhoom.

জেলা রংপুর পোষ্ট পীরগঞ্জ, রসুলপুর ছাত্রবৃত্তি স্কুলের জন্য মাসিক ১২৲ টাকা বেতনে মাইনার পাস অথচ এণ্ট্রান্স পরীক্ষা দিয়াছেন, এরূপ এক জন মুসলমান শিক্ষকের প্রয়োজন। বাসা ও খোরাকী দেওয়া যাইবে। স্কুলের সম্পাদক শ্রীযুক্ত মুন্সী মাহতাব খাঁর নিকট দরখাস্ত করুন।

জেলা খুলনা, পোষ্ট মোরেলগঞ্জ, দৈবজ্ঞহাটী মঃ ইং স্কুলের জন্য এণ্ট্রান্স পরীক্ষায় উত্তীর্ণ জনৈক অভিজ্ঞ কায়স্থ অথবা বারুই হেড মাষ্টারের আবশ্যক। মাসিক বেতন আপাততঃ ২২৲ টাকা। এতদ্ব্যতীত খোরাক দেওয়া যাইবে। সেক্রেটরী শ্রীতারাশঙ্কর বিশ্বাসের নিকট আবেদন করুন।

জেলা রংপুর মিঠাপুকুর সার্কেলের অন্তর্গত নালকর উঃ প্রাঃ স্কুলের জন্য মধ্য বাঙ্গালা ছাত্রবৃত্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষকতা কার্য্যে পারদর্শী প্রধান শিক্ষকের আবশ্যক। বেতন মাসিক ১০৲ টাকা। আবেদনকারী জাতিতে মুসলমান হইলে এবং পারসী জানা থাকিলে বাসা খরচাদি লাগিবে না। স্কুলের সম্পাদক শ্রীকছিমউদ্দীন সরদারের নিকট সত্বর আবেদন করুন।

পোষ্ট খালনা (হাওড়া) খালনা গবর্ণমেণ্ট সাহায্যকৃত বিদ্যালয়ের জন্য এক জন এণ্ট্রান্স পাস শিক্ষকের আবশ্যক। মাসিক বেতন ১০৲ টাকা। প্রাইভেট পড়াইলে বাসা খরচ লাগিবে না। জাতি বয়স ইত্যাদির উল্লেখ পূর্ব্বক সহঃ সম্পাদক শ্রীরামপদ রায়ের নিকট আবেদন করুন।

তেজারতি ও মহাজনী কার্য্যের জন্য এক জন গোমস্তা ও এক জন মহরারের আবশ্যক। যোগ্যতা অনুসারে বেতন। বাসস্থান ও খোরাকী দেওয়া যাইবে। বেতন ভিন্ন পার্ব্বনী পৃথক পাওয়ার নিয়ম আছে। বয়স ও জাতির উল্লেখ করিয়া শ্রীতারাপ্রসন্ন বিশ্বাসের নিকট আবেদন করুন; মুরসুর পোষ্ট জেলা মুর্শিদাবাদ, ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ে।

সমীরণ মাসিক পত্রিকা কার্য্যালয়ে ৬ ছয় জন পরিশ্রমী সচ্চরিত্র সরকার প্রয়োজন। উপযোগিতা সহকারে বেতন নির্দ্ধারিত হইবে। কমিসনেরও বন্দোবস্ত আছে। বিশেষ জামিনের আবশ্যক। কর্ম্মপ্রার্থিগণ সত্বর আসিয়া কলিকাতা আহিরীটোলা ৫নং নিমু গোস্বামীর লেনে শ্রীবিজয় নাথ মুখোপাধ্যায় কার্য্যাধ্যক্ষের সহিত সাক্ষাৎ করিবেন।

বিশেষ দ্রষ্টব্য।

বাচস্পত্য অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২৩৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকালীনাথ ভট্টাচার্য্য।
বুধোদয় প্রেস।
হুগলী।

বিজ্ঞাপন।

প্রসিদ্ধ ধাত্রী-শিক্ষাদি গ্রন্থের প্রণেতা ডাক্তার শ্রীযদুনাথ মুখোপাধ্যায় প্রণীত।

১। বাঙালির মেয়ের নীতি-শিক্ষা। (পুত্রীর প্রতি পিতার উপদেশ) দাম ১৲ টাকা। ডাকমাশুল ⁄০ আনা।

"বাঙ্গালীর মেয়ের নীতি শিক্ষা" যেরূপ প্রয়োজনীয়, ইহা তাহাই হইয়াছে। বলিতে কি, এ খানিকে বাঙ্গালীর মেয়ের জন্য বাঙ্গলা বেদ বলাও যাইতে পারে।"

শ্রীসত্যব্রত সামশ্রমী।

(বেদের অনুবাদক ও সমালোচক।)

"আমরা এই পুস্তক খানি বঙ্গরমণী মাত্রকেই মনোযোগ সহকারে পাঠ করিতে পরামর্শ প্রদান করিতেছি।"

সহচর। ৬ই অগ্রহায়ণ ১২৯৭।

যদি রমণীদিগকে পুস্তক পড়ানই হয়, তবে এই রকম বই পড়ানই উচিত।"

সমালোচক ১ম সংখ্যা, বৈশাখ ১২৯৬।

"বাঙ্গালির মেয়ের নীতি-শিক্ষা" আমাদের অমূল্য রত্ন। প্রণেতা—শ্রীমানকুমারী দাসী। ("প্রিয়প্রসঙ্গ" প্রভৃতি গ্রন্থের রচয়িত্রী) সাগরদাঁড়ী।

২। সরল ভৈষজ্য-প্রকাশ। (সহজ মেটিরিয়া মেডিকা) দ্বিতীয় ভাগ—গৃহস্থ আর পাড়াগাঁয়ের ডাক্তারদের জন্যে। দাম ১৲ টাকা, ডাকমাশুল ⁄১০।

৩। পল্লিগ্রাম। দাম ।০, ডাকমাশুল ⁄১০।

পল্লিগ্রাম পড়িয়া বঙ্গবাসী কি বলিয়াছেন দেখুন:—

"মুখোপাধ্যায় মহাশয় হৃদয়বান্ পুরুষ। দেশের জন্য তাঁহার প্রাণ পুড়ে, দেশের লোকের দ্বারা দেশের সর্ব্বনাশ হইতেছে, ইহা দেখিয়া, তিনি স্থির থাকিতে পারেন না; তাই তিনি এই "পল্লিগ্রাম" লিখিয়াছেন। 'পল্লিগ্রামে' স্বদেশ-হিতৈষীর অনেক প্রাণের কথা আছে; মনের আক্ষেপ আছে; ইংরেজী শিক্ষিত বিকৃতমস্তিষ্ক বাবুর ব্যবহারের উল্লেখ করিয়া, মর্ম্মান্তিক কথা আছে। বাঙ্গালায় যিনি পড়িতে জানেন এবং পড়িয়া দেশের অবস্থা ভাবিতে পারেন, আমরা আশা করি, তিনিই 'পল্লিগ্রাম' পড়িবেন এবং পড়িয়া অন্তত আমাদের জন্মভূমি বঙ্গদেশের জন্য দুই ফোঁটা চক্ষের জল ফেলিবেন!"

পল্লিগ্রামের স্বাস্থ্যোন্নতির জন্য, বোধ করি, যদু বাবুর ন্যায় এদেশের আর কোন লোক এত মস্তিষ্ক চালনা করেন নাই। যদু বাবু এক জন বঙ্গের প্রকৃত হৃদয়বান ব্যক্তি। তাঁহার শরীর পালন, তাঁহার ধাত্রী শিক্ষা এ দেশের পল্লিতে পল্লিতে যুগান্তর উপস্থিত করিয়াছে; এই পল্লি-গ্রামের আরও যুগান্তর উপস্থিত করিবে। ইহাতে অনেক কাজের কথা প্রকৃত হৃদয়ের ভাষাতে লিপি-বদ্ধ হইয়াছে। নব্যভারত ১০ম খণ্ড, ১১শ সংখ্যা, ফাল্গুন, ১২৯৯।

বঙ্গবাসী, ১২ই অগ্রহায়ণ ১২৯৯।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

ম্যানেজার, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়।

১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

৩৯২ নং

সংক্ষিপ্ত পদার্থদর্শনের প্রশ্নোত্তর।

পণ্ডিত প্রবর শ্রীযুক্ত প্রসন্নকুমার চক্রবর্ত্তী প্রণীত। মূল্য ⁄০ পাঁচ আনা মাত্র। যত গুলি সং পদার্থদর্শনের প্রঃ উঃ এ পর্য্যন্ত প্রকাশিত হইয়াছে এখানা তাহাদের অপেক্ষা কোন অংশে নিকৃষ্ট নহে বরং অনেকাংশে উৎকৃষ্ট। যে স্কুলে এক খানিমাত্র এই প্রঃ উঃ প্রবেশ লাভ করিয়াছে সে স্কুলের সমস্ত ছাত্রই ইহা ক্রয় করিতেছে। এককালে এক প্যাকেটে ৫ খানি এই প্রঃ উত্তর লইলে স্কুলের শিক্ষকদিগকে শতকরা ১৫৲ টাকার হিসাবে কমিসন দিয়া থাকি; অধিকন্তু আনি নিজ হইতে ডাক মাশুল দিই। কাগজ, ছাপা ও বাঁধাই সমস্তই উৎকৃষ্ট। ভিঃ পিঃ ডাকে পাঠাইয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র দত্ত।

ভারত পুস্তকালয়, পটলডাঙ্গা, বৌবাজার পোষ্ট কলিকাতা।

৩৯৯নং

ইউক্লিডের জ্যামিতি প্রথম অধ্যায়।

(সংশোধিত এবং পরিবর্দ্ধিত।)

শ্রীযুক্ত বাবু ব্রহ্মমোহন মল্লিক প্রণীত। ২৬শ সংস্করণ প্রকাশিত হইয়াছে। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৯৭ নং ম্যানেজার।

গিরিশ লাইব্রেরী।

এখানে ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল, এ; বি, এ ক্লাসের সর্ব্বপ্রকার পাঠ্যপুস্তক ও অর্থ পুস্তকাদি এবং নাটক, নভেল প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়। ভিঃ পিঃ ডাকেও পুস্তক পাঠাই। ২১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা। শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৮৪নং

সাহিত্য ডিপজিটারী।

২২০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল এ, বি এ, এম এ, ডাক্তারী, মোক্তারী, বি এল প্রভৃতির সর্ব্ববিধ পাঠ্য ও অর্থ পুস্তক, সুলভ মূল্যে আমাদের দোকানে পাওয়া যায়। সর্ব্বপ্রকার ইংরাজী বাঙ্গালা নাটক, নভেল প্রভৃতি সর্ব্বদা আমাদের নিকট মজুত থাকে। মফস্বলে ভালুপেবেলেও পাঠাইয়া থাকি।

পাইকারী খরিদারদিগকে যথেষ্ট কমিসন দিয়া থাকি। পত্র লিখিলে সবিশেষ জানিতে পারিবেন।

শ্রীযতীশচন্দ্র সমাজপতি।

৩৮৭নং

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু কর্ত্তৃক সংকলিত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য ⁄০ আনা
ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "
ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব ।০ "

সেণ্ট্রাল টেক্সটবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তালিকায় পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।

১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট—কলিকাতা।

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৬ বৎসর উহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-যশের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার লেপনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সম-ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনা ব্যয়ে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৷৷০ টাকা, প্যাকিং ।০ আনা

২ শিশি একত্রে লইলে খরচা ৷৵০ আনা স্বতন্ত্র হয়।

শ্রীকালীদাস সরকার।

গবর্ণমেণ্ট পেন্সনার—লক্ষ্ণৌ।

৩৭৩নং

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বল-বীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রি-জাগরণ, অতিরিক্ত পান-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা-হাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত!

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-ফোলা-কাসিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দ্বৈতাগীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকায় সে জ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে, ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্প-দিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধে অতি সামান্য রাগও আরাম হয়। বিধাতার বিচিত্রবিধান বুঝাভার!

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন। প্লীহা-জ্বর-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগী-কে এই এক ৩নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

বটিকার সংখ্যা,	মূল্য,	ডাঃমাঃ,	প্যাকিং
১নং কৌটা	১৮	৷৷৵০	।০	৵০
২নং কৌটা	৩৬	১৵০	।০	৵০
৩নং কৌটা	৫৪	১৷৷৵০	।০	৶০

ভ্যালুপেবলে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।

১২ নং মুক্তাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা

৩৭৪নং

পাঁড়ে ব্রাদার্স।

পুস্তক ও দেশী বস্ত্র বিক্রেতা।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্ কলিকাতা।

এখানে ইংরাজি বাঙ্গালা সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য সর্ব্ব প্রকার পুস্তক, তৎসমস্তের নানা প্রকার কি, নোট, অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি সর্ব্ব প্রকার পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে। বিলাতি পুস্তক বিলাত হইতে আনা হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা ১৸০ মূল্য যোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও ব্যবহারীর জন্য চলিবে ও ২৷৷০, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ নয়নসুখ, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকটও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য ।৵০	বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ ৵০
৩২ খানি উৎকৃষ্ট চিত্রসহ	
নীতি কথামালা ।০	মানবতত্ত্ব ১৷০
আর্য্যচরিত ।০	ধর্ম্মবিজ্ঞান ১৲
আর্য্যশিক্ষা ৷৷৵০	অদ্ভুত স্বপ্ন বা
বাঙ্গলা ব্যাকরণ ।৵০	স্ত্রী পুরুষের দ্বন্দ্ব ৷৷০
শিশু বিজ্ঞান ৶০	বিজ্ঞানসার ১৲
বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ ৵০	লীলাবতী (অঙ্কপুস্তক) ৷৷০

৩৭৫ নং শ্রীমনোমোহন পাঁড়ে

বার্ষিক ৫০০৲ টাকা বৃত্তি।

ভারতবর্ষ মহামণ্ডলীর মুখ্যতম উদ্দেশ্যের অনুসরণ করিয়া ৺বিশ্বনাথ চতুষ্পাঠীতে বার্ষিক পঞ্চাশৎ টাকা পরিমাণে এক একটী করিয়া দশটী বৃত্তি স্থাপিত হইয়াছে। যে যে চতুষ্পাঠীতে ব্যাকরণাদি করিয়া কোন দর্শন শাস্ত্র বিশেষতঃ বেদান্ত শাস্ত্র পর্য্যন্ত অধ্যাপিত হয়, সেই সেই চতুষ্পাঠীতে এই বৃত্তিগুলি দেওয়া যাইবে। অধ্যাপক ইচ্ছা করিলে ঐ বৃত্তি ত্রৈমাসিক বা ষাণ্মাসিক বা বার্ষিকরূপে গ্রহণ করিতে পারিবেন। ছাত্রদিগের বিদ্যাবত্তা ও সচ্চরিত্রতা সম্পাদন ভিন্ন অধ্যাপক মহাশয়দিগকে অপর কোন নিয়মের অধীন হইতে হইবে না। যে সমস্ত অধ্যাপক বৃত্তি লইতে ইচ্ছা করিবেন, তাঁহারা অথবা তাঁহাদিগের ছিত্তার্থীরা অধ্যাপকের নাম ধাম ছাত্রসংখ্যা ও প্রত্যেক ছাত্রের অধীতব্য বিষয় লিখিয়া আমাকে সংবাদ দিবেন।

চূঁচুড়া বিশ্বনাথ চতুষ্পাঠীর
অধ্যাপক শ্রীহরিনাথ স্মৃতিভূষণ।

মহাকাব্য আর্য্যনারী গাথা।

১৭টী হিন্দু বীরনারীর চরিত্র বিষয়ক।

(কলিকাতা বিভিন্ন পত্রিকায় বিশেষ প্রশংসিত)

রাজপুতানা জয়পুর মহারাজার কলেজ শ্রীযুক্ত মেঘনাথ ভট্টাচার্য্যের নিকট প্রাপ্তব্য। মূল্য ।৵০।

৩৯৪নং

শ্রীমদ্ভগবদ্ গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ⁄০।

ঐ বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ।⁄০ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা মূল্য ⁄০ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা উৎকৃষ্টরূপ বাঁধা মূল্য ৷০ আট আনা, ডাঃ মাঃ ⁄১০।

কবির (জীবন্মুক্ত মহাত্মা কবির সাহেবের ৫৪৭টী দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ ⁄১০।

কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০।১ নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

পাটীগণিত।

নূতন সংস্করণ।

শ্রীপ্রসন্নকুমার সর্ব্বাধিকারী প্রণীত।

সুপ্রসিদ্ধ গণিতশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম, এ, মহাশয়ের দ্বারা সম্যক্‌রূপে সংশোধিত পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত। ইহাতে সুকৌশল সম্পন্ন প্রশ্নাবলী সন্নিবেশিত এবং উহাদের ভূরি পরিমাণে সমাধান করা হইয়াছে। ৫৭৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। উত্তম কাপড়ে বাঁধা, মূল্য ১৷৵০। বলা বাহুল্য ইহা চিরকাল সর্ব্বাদৃত, অধুনা আরও অধিক পরিমাণে স্কুলাদিতে পাঠ্যরূপে নির্দ্ধোজিত হইতেছে এবং বঙ্গবাসী প্রভৃতি সংবাদ পত্র ভূয়সী প্রশংসা করিতেছেন। নিম্নলিখিত এবং অন্যান্য স্থানে পাওয়া যায়।

বি, ব্যানার্জ্জি এণ্ড কোং।
২৫নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, ৫৬নং কলেজ ষ্ট্রীট, ৫১নং পরাতন চীনেবাজার, কলিকাতা। ৫৫নং পটুয়াটুলি ঢাকা।

৩৮৮নং

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸০ বার আনা, ডাঃ মাঃ ⁄০ এক আনা। এখানি ১৮৯৪ অব্দের মাইনর পরীক্ষায় ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহাতে বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গদ্য হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ⁄০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
সংস্কৃত প্রেসডিপজিটরি।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় সকল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষক গণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৷৷০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।⁄০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীজমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।⁄০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ⁄০ আনা। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৪৪ নং

আর্য্যমিশন ইনষ্টিটিউশন।

৮০।১ নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট, কলিকাতা।

এই বিদ্যালয়ে একটী স্বতন্ত্র সংস্কৃত বিভাগ আছে। ঐ বিভাগে উপযুক্ত পণ্ডিতের দ্বারা বিনা বেতনে দর্শন, কাব্য সাহিত্য, ব্যাকরণ শ্রীমদ্ভাগবত শ্রীমদ্ভগবদ্গীতা শিক্ষা দেওয়া হইয়া থাকে। পাঠার্থি-ছাত্রের আবশ্যক।

শ্রীকানাই লাল সেঠ।
৩৯৮ নং সেক্রেটরী।

এই পত্র হুগলি বুধোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

REGISTERED No 33 1879

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

নূতন সম্বৎ। ১৫শ খণ্ড। ১ম সংখ্যা। } ২৭শে জ্যৈষ্ঠ শুক্রবার ১৩০০ সাল। ইং ৯ই জুন ১৮৯৩ খৃঃঅব্দ। } অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা।

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম) ৫৲ ষাণ্মাসিক ৩
ত্রৈমাসিক ২ প্রত্যেক সংখ্যার ।৵

বিজ্ঞাপনের প্রতিবার পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৶০ ৩য় বার /১০ চতুর্থ বা ততোধিক বার /০। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৵।

কপিখানির বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে প্রকাশিত হয়।

তিন মাসের অধিক বিজ্ঞাপন প্রকাশ করিলে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

যাঁহারা এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য নগদ টাকায় দিবেন, তাহারা তাঁহাদের নিকটবর্ত্তী এজেণ্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে কলিকাতা পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণিঅর্ডার কুপনে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

এডুকেশন গেজেটে বিজ্ঞাপন প্রকাশের সুবিধার জন্য ২৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে একটী এজেন্সি খোলা হইয়াছে। তথায় বিজ্ঞাপন ও তৎসংক্রান্ত মূল্য জমা দেওয়া যায়।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যূন বিলম্ব হইলে তাহার খামখানিতে পিয়নের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকালীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়, কলিকাতা সংস্কৃতযন্ত্রের পুস্তকালয়, ২৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।
চণ্ডীচরণ মজুমদার—বেঙ্গল সেক্রেটারিয়েট বুক ডিপোর্টমেণ্ট।
২৪ পরগণা — মতিলাল মৈত্র—বালিপুর।
আলিপুর — কৃপাসচন্দ্র গঙ্গোপাধ্যায়—উকিল।
বারাকপুর শ্রীযুক্ত বাবু ভুবনমোহন নিয়োগী।
ভবানীপুর — রাজকৃষ্ণ রায় চৌধুরী।
যদুনাথ চৌধুরী—চুয়াডাঙ্গা।
হাবড়া — হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম — ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী — শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর — ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান — চারুচন্দ্র চট্টোপাধ্যায়।
রসিকলাল দাস—রায়না।
যশোহর — কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
অম্বিকাচরণ মুখোপাধ্যায়—সিউড়ী
নীলমণি ভট্টাচার্য্য—সিউড়ী।
বাঁকুড়া — রামেশ্বর সেন—বিষ্ণুপুর।
অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর — ঈশানচন্দ্র দে।
দীননাথ ধর—গবর্ণমেণ্ট ষ্টীমার।
জলপাইগুড়ি — নীলমণি পাল।
বাকিপুর — নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর।
ভগবান প্রসাদ।
বারাণসী — সোমনাথ আঢ্যবড়ী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর — আশুতোষ মিত্র।
দ্বারকানাথ বাগচি—নিলফামারি।
রাজসাহী — কালীনাথ চৌধুরী—বোয়ালিয়া।
পাবনা — মহেন্দ্রনাথ দত্ত।
রজনীকান্ত ভট্টাচার্য্য।
রামচন্দ্র চক্রবর্ত্তী।
ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, তুলাই।
উমাচরণ পাড়ে, সিরাজগঞ্জ।
ঢাকা — সতীশচন্দ্র ঘোষ।
সাঁওতাল পরগণা — মজেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।
পাবনা — রাধাকৃষ্ণ সারগেল।
খুলনা — হরিহর দাস।
জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।
দিনাজপুর — রাজকুমার চক্রবর্ত্তী, পুলবাড়ি।
ভুবনেশ্বর গুপ্ত।
দুর্গাদাস সুর—রায়গঞ্জ।
শশিভূষণ রায়।
কোচবিহার — ভুবনমোহন দত্ত।
ফরিদপুর — কালীকিশোর ঘোষ—মাদারিপুর।
মজঃফরপুর — কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল
দ্বারভাঙ্গা — গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক।
ডুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সমস্তীপুর

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিবিধ বিজ্ঞাপন।

রিপণ-ডিপজিটারী।

৫২ নং দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য ও নাটক নভেল অতি সুবিধায় সরবরাহ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পিঃ, ডাকে পুস্তক পাঠাই। প্রেরণ ব্যয় ১০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়।

শ্রীশশিভূষণ সাহা
৩৮০ নং ম্যানেজার।

গবর্ণমেণ্টের অনুমোদিত।

বাঙ্গালা ছাত্রবৃত্তি ও মাইনর স্কুলসমূহের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পাঠ্য।

"বিজ্ঞানসোপান"।

শ্রীযুক্ত উমেশচন্দ্র ঘোষ, এম এ, বি এল প্রণীত।

মূল্য ॥৵০ দশ আনা মাত্র।

ছাত্রবৃত্তি ও মাইনর পরীক্ষার নির্দ্দিষ্ট বিষয়গুলি এরূপ বিশদরূপে ও ধারাবাহিক ভাবে অন্য কোন গ্রন্থে বর্ণিত নাই। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৩৮৫নং

এল, ডি, মিত্র এবং কোং।

লব্ধপ্রতিষ্ঠ ও কলিকাতা ও অন্যান্য স্থানের দক্ষ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৫৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক কুবিনি ক্যাম্ফার ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৷৷০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৬৲ ও ৭৲, শিশুচিকিৎসা ২৷৷০, বামাচিকিৎসা ২৲ জ্বর চিকিৎসা ৸০ ও ১৸০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৸০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমার কলিকাতার মহামেলার এই শ্রেণীতে ভারতের মধ্যে সর্ব্বোচ্চ এবং এখানকার ও অন্যান্য স্থানের সম্ভ্রান্ত চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি।

৬ন

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্তলালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীতে সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১৷৷০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

REDUCTION IN PRICE OF CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta, Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free, at 4 oz, Rs3—4: 8 oz, Rs 6—8: 16 oz, Rs 12—12. Cash with order.

No. 331

বুধোদয় যন্ত্র।

ছগলি বুধোদয় যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষর ও তাহার সরঞ্জাম প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানাপ্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় যাবতীয় ফারম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, ষ্ট্যাণ্ডবিল, জমিদারীর জমাওয়াশীল ফরম, ডাক্তারি লেবিল ও বিল নানাপ্রকার ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পন্ন হইয়া থাকে। বিশেষ বন্দোবস্ত করিলে, সাপ্তাহিক পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংলিস অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও স্মল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া দপ্তরী দ্বারা পুস্তক প্রস্তুত করিয়া রীতিমত বান্ধবন্দী করিয়া রেলে বা জাহাজে যাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি, গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন, ছাপার রেট ও অন্যান্য বিবরণ জানিতে ইচ্ছা করিলে আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পরিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

কার্য্যাধ্যক্ষ।

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১৯ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।

ডাকমাশুল /০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস, ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৵০

পদ্য ব্যাকরণ মূল্য /১০

প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য /১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা।

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায়) পাওয়া যায়।

শ্রীতিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

অম্বিকাচরণ ঘোষাল

ফটোগ্রাফার ও পেইণ্টার

ঘুঁটেবাজার হুগলি

অয়েল পেইণ্টিংএ চেহারা তুলিতে এবং ফটোগ্রাফ লইতে মফস্বলের সর্ব্বত্র যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণ পত্র লিখিলে জানিতে পারিবেন। নেটীবক্যারেক্টর ও নানা রূপ দেশীয় ভিউ, মাপ কাঃ ভিঃ মূল্য প্রত্যেকে ।০, ডজন ২৲। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিজ, হুগলী কলেজ এমামবাড়ার আশ্চর্য্য দৃশ্য ও হংসেশ্বরীর মন্দির প্রত্যেক ১৲ টাকা মাত্র—ফটগ্রাফগুলি এক্সবার দেখিলে বাধিত হইব।

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মতামত নহে।

পাথুরে চসমা।

এই চসমা বিদেশ হইতে এদেশে আনীত হয়। আমাদের দেশের অতি অল্পসংখ্যক লোকই ইহা প্রস্তুত করিতে জানে। খান কয়েক কাচ, একখানা কাচ কাটা হীরা এবং এক খানা ছুরি সান দিবার পাথর হইলেই এই শিল্প চলিতে পারে। যাঁহারা আলোক বিজ্ঞান জানেন, তাঁহাদের পক্ষে ইহা প্রস্তুত করা নূতন বিষয় নহে। যে কোন কাচই হউক তদ্দ্বারা পাথুরে চশমা প্রস্তুত হইতে পারে, কিন্তু কিঞ্চিৎ স্থূল (যদ্দ্বারা দর্পণাদি প্রস্তুত হয়) কাচ হইলেই চশমা ভাল হয়। কাচ রঙ্গিল হইলেও তদ্দ্বারা উক্তরূপ চশমা প্রস্তুত হইতে পারে।

প্রথমতঃ কাচ খানির উভয় পৃষ্ঠ ছুরি সান দিবার পাথরে ঘসিয়া লইতে হয়। সান দিলে কাচ ঘোলা হইয়া অস্বচ্ছ হইয়া পড়ে। অতঃপর উহাকে পুনরায় স্বচ্ছ করিয়া লইতে পারিলেই উহা হইতে পাথুরে চশমা প্রস্তুত হয়। তীক্ষ্ণ সান দিলে, কাচ ঘোলা হইয়া যায়, পরন্তু অল্প সান দিলে, উহা পুনরায় স্বচ্ছ হয়। এই দুই প্রকার সান দিবার স্বতন্ত্র স্বতন্ত্র যন্ত্র আছে। পাথরে সান দিয়া এবং পাথরের দ্বারা পালিস করা হয় বলিয়া 'পাথুরে চশমা' নাম হইয়াছে।

আমরা ঘরে একখানি এই চশমা প্রস্তুত করিয়াছি। কিন্তু তাহা বুড়া চক্ষের হইয়াছে। অবশ্য ইহার পালিস কম হইয়াছে এবং কাচ খানিও তত শুদ্ধ নহে। আমরা এক খণ্ড রঙ্গিল কাচ (লাল রঙ্গের) লইয়া প্রথমে উকা দিয়া ঘসিয়াছিলাম। উকা দিয়া ঘসিতে আমাদের দুই দিন রীতিমত পরিশ্রম হইয়াছিল। উক্ত প্রকারে ঘসাতে রঙ্গিল কাচ ঘোলা হইয়া, প্রায় সাদা হইয়া গেল। কেবল অতি অল্প রঙ্গের ছোপ তখনও কাচের গাত্রে ছিল। তাহার পর আমরা ঐ কাচ খানিতে পালিস করিতে আরম্ভ করি। পালিসের মুখে সেই রঙ্গের ছোপ একেবারে উঠিয়া গিয়া কাচ সাদা হইয়া পড়িল। আমরা নানাবিধ দ্রব্য দ্বারা কাচ খানি পালিস করিয়াছিলাম, তাহাতে অমসৃণ কাচ মসৃণ হইয়াছে। ছেলেদের লিখিবার শ্লেটের উপর অমসৃণ কাচ রাখিয়া জল দিয়া ঘসিলে কাচ মসৃণ হয়। অথচ শ্লেটে কোন দাগ বা শ্লেট একেবারে নষ্ট হয় না। ঘসিতে না জানার দোষে যদি দুই একটা দাগ পড়ে, তাহা হইলে, শ্লেট খানিতে কয়লা ঘসিলেই সেই দাগ উঠিয়া যাইবে। আমরা পরীক্ষার জন্য শ্লেটে ঘসিয়াছি, থোলের উপর ঘসিয়াছি, কিন্তু সকল অপেক্ষা শ্লেটে এবং ক্ষুর সান দিবার পাথরে ঘসিয়া অধিক ফল পাইয়াছি।

যাহা হউক, এই ঘসা কাণ্ড অর্থাৎ অস্বচ্ছ কাচকে স্বচ্ছ করিতে আমাদিগের ৪ দিন লাগিয়াছে। প্রত্যহ অর্দ্ধ ঘণ্টা করিয়া কার্য্য করিয়াছি মাত্র। সম্পূর্ণ পালিসের কার্য্য এখনও হয় নাই, কিন্তু ইহারই মধ্যে আমাদের কোন আত্মীয় (প্রবীণ ব্যক্তি) তাঁহার চক্ষে ধরিয়া গেল। অতএব আমরা আর পরিশ্রম করিলাম না। কাচখণ্ড হীরা দিয়া গোলাকৃতি করিয়া কাটিয়া ফ্রেমে লাগাইয়া দিয়াছি। যাঁহাকে দেওয়া হইয়াছে, তিনি অনুমান করিয়া বলিয়াছেন, ইহার মূল্য আট টাকা।

যে পাথুরে চশমার কাচ পুরু তাহাকে রৌদ্রে ধরিয়া, তাহার নিম্নে কাগজ, সোলা, পাট, রেশম অথবা টিকা ধরিলে, তাহাতে আগুণ হয়। মহাত্মা আর্কিমিডিস্ এই পাথরের গুণে শত্রুর হস্ত হইতে আপন দেশ রক্ষার জন্য, শত্রুদের জাহাজ রৌদ্রের তেজে দগ্ধ করিয়া দিয়াছিলেন। ইহার অপর নাম আতসী পাথর।

আতসী পাথর কাচ বিশেষ দ্বারা প্রস্তুত হয় বলিয়া উহা নানাবিধ। অর্থাৎ স্বতন্ত্র স্বতন্ত্র কাচ দিয়া স্বতন্ত্র স্বতন্ত্র প্রকারের আতসী পাথর হয়। এই আতসী পাথরের ইংরাজী নাম 'লেন্স'। দূরবীক্ষণের লেন্সের সহিত অণুবীক্ষণের লেন্সের পার্থক্য আছে, আবার অণুবীক্ষণের লেন্স হইতে ফটোর ক্যামেরার লেন্স সম্পূর্ণ বিভিন্ন। পাহারাওয়ালাদের হস্তে যে লণ্ঠন দেখিতে পাওয়া যায় উহাতেও এক খানি লেন্স বা আতসী পাথর আছে। ঐ লণ্ঠন কলিকাতায় কিনিতে পাওয়া যায়। যে গুলির খুব কম দাম সেগুলির মূল্য ১০।১২ পয়সা। উহার সম্মুখে যে স্থলে গোলাকার কাচ খানি আছে উহাই আতসী পাথর। উহার দ্বারা আলো অতিশয় তেজোময় হয়, এবং উহাকে রৌদ্রে ধরিয়া উহার নিম্নে কাগজ ইত্যাদি ধরিলে, তাহা দগ্ধ হইয়া যায়। এই আলোক বিন্দু মনুষ্যের গাত্রে লাগিলে, গাত্র দগ্ধ হয়, ইহা পরীক্ষিত।

শ্রীরাজকৃষ্ণ পাল।

সখীর প্রতি সখী।

(শ্রীমতী মণিমালা দে'র প্রতি)

সই!—
পার কি কহিতে, কেন ফুটে ফুল!
সুমধুর সমীর পরশে?
কেন আসে অলি, ফুলবালা পাশে
পিতে মধু?—মনের হরষে॥
কেন বসুন্ধরা, সাজে ফুল সাজে,!
ঋতুপতি বসন্ত আইলে?
কেন সে সময়, গীত গাহে পিক্
কাঁদাইতে বিরহিণী কুলে?
কেন সরোবরে, হাসে মৃণালিনী
প্রভাতের আতপ নিরখি?
যামিনী বিগতে, ঊষা আগমনে
মনোহরা গাত গাহে পাখী?
কেন পয়োধরে, হেরিয়া শিখিনী,
মহানন্দে নাচে—কে কা রবে?
মক্ মক্ কেন, করে মণ্ডূকেরা
বর্ষার বারি পড়য়ে যবে?
কেন কুমুদিনী, ফুল অনুরাগে
হেরিয়া ইন্দু গগন গায়?
কেন বল নদী, অবিরাম গতি
সাগরে সুখে মিলিতে ধায়?
প্রচণ্ড পবনে, কেন তরঙ্গিণী,
শোভা ধরে তরঙ্গ-মালায়?
বিধুর বিকাশে, ধরা হাস্যময়ী
বল কেন হয় জোছনায়?
পাপড়ের রূপে, হ'য়ে আত্মহারা,
ত্যজে প্রাণ,—পতঙ্গ উল্লাসে।
"সূর্য্যমুখী" কেন, মুখ খানি তুলে
হেরে রবি,—মনের হরষে?
কেন! প্রাণ সখি,—পার কি বলিতে
চাতকিনী মেঘ-বারি চায়?
কেন চিত্ত মম, প্রাণেশের পানে,
ব্যাকুলভাবে সতত ধায়!!

শ্রীমতী জ্যোৎস্নাময়ী ঘোষ
মণিপাড়া,—কোন্নগর।

এডুকেশন গেজেট।

২৭শে জ্যৈষ্ঠ ১৩০০। ইং ৯ই জুন ১৮৯৩।

মহারাণীর জন্মদিন উপলক্ষে উপাধি বিতরণ।

বিগত ২৪শে মে বুধবার আমাদিগের প্রাতঃস্মরণীয়া মহারাণী শ্রীমতী ভারতেশ্বরীর জন্মদিন উপলক্ষে ব্রিটিস সাম্রাজ্যের সর্ব্বত্রই আনন্দোৎসব হইয়া গিয়াছে। বিশ্বনিয়ন্তা জগদীশ্বরের ইচ্ছায় তাঁহার বয়ঃক্রম এক্ষণে চতুঃসপ্ততি বৎসর পূর্ণ হইল। মহারাণী পুরুষায়ুষজীবিনী হইয়া জীবনের অবশিষ্ট কাল স্বজনবর্গসহ স্বচ্ছন্দমনে এই সুবিশাল সাম্রাজ্যের সুশাসন করিতে থাকুন এবং তাঁহার রাজভক্ত প্রজাবৃন্দ সেই সুশাসনে সন্তুষ্ট থাকিয়া তাঁহার জন্মদিন উপলক্ষে বৎসর বৎসর এইরূপ উৎসব করিয়া আনন্দানুভব করুন জগদীশ্বরের নিকট আমরা একান্তমনে অহরহঃ এই প্রার্থনা করিতেছি।

মহারাণীর জন্মদিনোৎসব উপলক্ষে প্রতি বৎসরই উপাধি বিতরণ হইয়া থাকে; তদনুসারে এবারেও অনেককে উপাধি দান করা হইয়াছে। ভারতের উপাধিপ্রাপ্ত ব্যক্তিগণের নাম নিম্নে প্রকটিত হইল—

কে, জি, সি, এস, আই—ভারতের ভূতপূর্ব্ব প্রধান সেনাপতি লর্ড রবার্টস।

সি এস, আই—বোম্বাই কৌন্সিলের মেম্বর লাড উড্ সাহেব, ভারতগবর্ণমেণ্টের হোম ডিপার্টমেণ্টের সেক্রেটরী লায়াল সাহেব, মান্দ্রাজ কৌন্সিলের মেম্বর ফ্রেডরিক ক্রগটুন সাহেব, ভারতের অর্ডনান্সের ডিরেক্টর জেনারেল ওয়াকার সাহেব, ভারতগবর্ণমেণ্টের সেনাবিভাগের একাউণ্টেণ্ট জেনারেল ফ্রিচার্ড সাহেব এবং দেশীয় রাজ্যের ইম্পিরিয়াল সর্ব্বিস সেনাদলের প্রধান তত্ত্বাবধায়ক কর্ম্মচারী হাউয়ার্ড মেলিস সাহেব।

কে সি আই ই—লেপ্টনাণ্ট জেনারেল টমাস এডওয়ার্ড গর্ডন সি বি, সি এস আই, লেপ্টনেণ্ট জেনারেল এডওয়ার্ড চার্লস স্পারসট উইলিয়মস সি আই ই, কালাতের সর্দ্দার আসাদ খাঁ সি আই ই এবং কলিকাতা পুলিসের কমিসনর জন ল্যাম্বার্ট সি আই ই।

সি আই ই—ভারতের সর্ভেয়ার জেনারেল থুইলিয়ার সাহেব, বাঙ্গালার সিভিল হাসপাতাল সমূহের ভূতপূর্ব্ব ইনস্পেক্টর জেনারেল মিঃ হ্যামিণ্টন হিলসন এম ডি, কাপ্তেন আলেকজাণ্ডর ক্যাম্বেল ডি সি ও, আজমীর মসুদার রাও সাহেব ঠাকুর বাহাদুর সিং, কাটিয়াবাড় জুনাগাধ রাজ্যের উজির সেখ বাহাউদ্দীন, ভারতের সিভিল পশু-চিকিৎসালয় বিভাগের ইনস্পেক্টর জেনারেল হালেন সাহেব, কলিকাতা মেডিকেল কলেজের প্রাণিতত্ত্ববিদ্যা অধ্যাপক কনিংহাম সাহেব, সিলচর সুপ্রা সৈন্যদলের অধিনায়ক আলেকজাণ্ডর মিলনি সাহেব, চীন পার্ব্বত্য অঞ্চলের রাজনৈতিক কর্ম্মচারী বারট্রাম কেরি সাহেব ও মান্দ্রাজের রেজিষ্ট্রেশন বিভাগের ইনস্পেক্টর জেনারেল দেওয়ান বাহাদুর শ্রীনিবাস রাঘব বি এ।

সি আই—মহীশূরের মহারাণী।

দেওয়ান বাহাদুর—উত্তর আর্কাডুর জেলার ডেপুটী কলেক্টর করদিবাভি বেঙ্কতারা মনাঘা লক্ষ্মণ রাও ও কর্ণুল জেলাস্থ কম্বামের ডেপুটী কলেক্টর শ্রীরাম বেঙ্কত্রমদাস নৈডু গারু।

সামসুলউলাম—বোম্বাই বিশ্ববিদ্যালয়ের ফেলো জীরনজী জেমসেটজি মোদী ও স্বাস্থ্যকমিসনর আফিসের প্রধান কর্ত্তৃপক্ষ মৌলবী আতাউর রহমান।

মহামহোপাধ্যায়—উড়িষ্যা থোন্দপাড়া করদ রাজ্যের পণ্ডিত চন্দ্রশেখর সিংহ হরিচন্দন মহাপাত্র সামন্ত।

কুমার—বর্দ্ধমান সিয়ারসোলের বাবু দক্ষিণেশ্বর মালিয়া ও ২৪ পরগণা কাশীপুরের বাবু দোলতচন্দ্র রাও।

টিকায়েৎ—হাজারিবাগ পরগনের জমিদার বাবু তোড়ল নারায়ণ সিংহ।

খাঁ বাহাদুর—খান্দেশ জেলার ভূতপূর্ব্ব পুলিস ইনস্পেক্টর খাঁ সাহেব সৈয়িদ জাফর, বোম্বাই প্রেসিডেন্সীতে সিকারপুর জেলার অন্তর্গত মসদার্গা নামক তালুকের জমিদার বাবেরো ফকির মহম্মদ উমার, অম্বালা জেলার ভূতপূর্ব্ব পুলিস ইনস্পেক্টর হুসেনি খাঁ, পঞ্জাব পূর্ত্ত বিভাগের পয়ঃপ্রণালী শাখার ডেপুটী কলেক্টর সৈয়িদ ফতে আলি সাহ, পঞ্জাব কোহাট জেলাস্থ সাহপুরের মালিকজান খাঁ, পঞ্জাব মুলতানের মুকুদম বোহা বাব বক্স, দিল্লীর অতিরিক্ত আসিষ্টাণ্ট কমিসনর সৈয়িদ মহম্মদ গজানফর খাঁ, বোম্বাই কমিসরিয়েট ষ্টোর কিপর জেনারেলের আফিসের প্রধান সহকারী কর্ম্মচারী খাঁ সাহেব জেমসেটজি রুস্তমজী, অধস্তন চিকিৎসা বিভাগের হাসপাতালের প্রধান সহকারী হয়দার সাহা, লক্ষ্ণৌয়ের মিউনিসিপাল কমিসনর মুন্সী আখর আলি, বেনারস জেলাবোর্ডের সদস্য মীর্জা রহমৎ উল্লা বেগ, অযোধ্যার পেন্সনপ্রাপ্ত ডেপুটী কলেক্টর এনায়েৎ উল্লা খাঁ, মধ্যভারতের অন্তর্গত ভূপাল সিহোর বাজারের সুপরিণ্টেণ্ডেণ্ট সৈয়িদ আহমদ হোসেন এবং থোরাগন এজেন্সীর দেশীয় 'আটাচি' মুন্সী মৌলা বক্স।

রাও বাহাদুর—তাঞ্জোরের ডেপুটী কলেক্টর নিগাপটম কৃষ্ণস্বামী ঐয়র, কর্ণুল মার্কাপুরের তহশীলদার কম্বম রস্তম সিংহ, বেলারির তহশীলদার মদিরেড্ডি বেঙ্কট চেলাপটী নৈডু, বেলারি জেলাস্থ আলুরের তহশীলদার ওবাণি পত্র সুব্রহ্ম মুদেলিয়র, কাদাপা বায়লপাদের প্রতিনিধি তহশীলদার শঙ্কলপুর পম্পাপতি শাস্ত্রী, কাদাপা রায়চটীর তহশীলদার মছরাস্তকম্ নদাছুর চেরিয়র, বোম্বাই মিউনিসিপ্যালিটির রাজস্বাদির কর্ম্মচারী বিপ্রসাদ তপিপ্রসাদ, বোম্বাই পূর্ত্তবিভাগের সহকারী ইঞ্জিনিয়ার হিমৎলাল দীবাজিরাম, রাজপুতানা কিষণগড়ের ষ্টেটকৌন্সিলের মেম্বর বাবু শ্যামসুন্দর লাল এবং হয়দ্রাবাদের ভারার্পিত জেলাসমূহের অতিরিক্ত সহকারী কমিসনর বামন নারায়ণ বাগত।

রাও বাহাদুর—ভূতপূর্ব্ব ডেপুটী ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কলেক্টর বাবু ঈশ্বরচন্দ্র মিত্র, কলিকাতার বাবু শিওরত্ন বগলা, হাওড়ার বাবু চিন্তামণি দে, ডেপুটী ম্যাজিষ্ট্রেট বাবু মেদিনী প্রসাদ, চট্টগ্রাম জেলার কোর্ট অফ ওয়ার্ড ষ্টেটের ম্যানেজার বাবু কৈলাসচন্দ্র দাস, দার্জ্জিলিং স্কুলসমূহের সব ইনস্পেক্টর লামা ওগায়েন গায়ৎস পঞ্জাবের ভূতপূর্ব্ব অতিরিক্ত সহকারী কমিসনর

লালা পোকলু মাল, বাঙ্গালা কমিসারিয়েট বিভাগের ভূতপূর্ব্ব ১ম শ্রেণীর একাউণ্টেণ্ট বাবু যোগেন্দ্রনাথ মিত্র, কানপুরের ব্যাঙ্কার ও ট্রেজারার লালা শিবপ্রসাদ, অযোধ্যার সরকারী উকিল বাবু শ্রীরাম, বেনারসের আসিষ্টাণ্ট সার্জ্জন গঙ্গা সিং, নাগপুর মিউনিসিপ্যাল কমিটির সভাপতি নারায়ণ স্বামী নৈডু, ব্রহ্মের সৈনিক পুলিসের সুবাদার মেজর ঝণ্ডু সিং, ব্রহ্মের অবৈতনিক সহকারী ইঞ্জিনিয়ার রামদাস ভট্টাচার্য্য রায় সাহেব।

খাঁ সাহেব—কাটিবার পুলিসের জমাদার কলন্দর খাঁ।

রাও সাহেব—মধ্য প্রদেশস্থ ভাণ্ডারা জেলার ডিষ্ট্রীক্ট কৌন্সিলের সেক্রেটরী রংরাও হরি।

রায় সাহেব—বিকানীর রাজ্যের রাজস্ব বিভাগের প্রধান কর্ত্তৃপক্ষ মুন্সী সোহান লাল এবং উদয়পুর হাই স্কুলের হেড মাষ্টার মুন্সী হাজারি লাল।

রায়—আলাহাবাদ পুলিসের কোর্ট ইনস্পেক্টর বিন্ধ প্রসাদ।

এতদ্ভিন্ন ২ জন ব্রহ্মবাসীকে ব্রহ্মদেশীয় সম্মানসূচক উপাধি দেওয়া হইয়াছে।

১৮৯২-৯৩ সালের বাঙ্গালার খাদ্য শস্যের উৎপত্ত্যাদি বিষয়ক বিবরণ।

বাঙ্গালার ৮৫টি জেলার মধ্যে ২৭টি জেলায় ভাদুই ফসল ১৮৯১ সাল অপেক্ষা ১৮৯২ সালে অধিক উৎপন্ন হইয়াছে; সাতটি জেলায় উভয় বৎসরেই সমান হইয়াছিল, কেবল বর্দ্ধমান ও উড়িষ্যা বিভাগ, ২৪ পরগণা, চট্টগ্রাম পার্ব্বত্য অঞ্চল ও সিংহভূম—এই কয়টি প্রদেশে ফসল অপেক্ষাকৃত কিছু কম হইয়াছে। অত্যধিক বৃষ্টিপাত ও বন্যা হেতু পূর্ব্বভাগের জেলাসমূহে ফসল যেরূপ জন্মিবে বলিয়া আশা হইয়াছিল বস্তুতঃ তাহা হইতে পায় নাই, কিন্তু উত্তর বাঙ্গালা, বেহার, ছোটনাগপুর ও চট্টগ্রাম—সাধারণতঃ এই কয়টি স্থানে ফসল ভালই হইয়াছিল। সর্ব্বশুদ্ধ কিঞ্চিদধিক ৪ কোটি ৭৮ লক্ষ ১১ হাজার বিঘা ভূমিতে ভাদুই ফসলের চাষ হয়, গড়পড়তা হিসাবের ১৬ আনা রকম ফসল উৎপন্ন হইয়াছে; ১৮৯১ সালে ১২ আনা রকম হইয়াছিল।

১৮৯২ সালে সমগ্র বাঙ্গালায় ৯ কোটি ২০ লক্ষ ২৭ হাজার বিঘা ভূমিতে আমন ধানের চাষ দেওয়া হয়। ইহার পূর্ব্ব বৎসরে অপেক্ষাকৃত কম পরিমাণ ভূমিতে উক্ত ধান্যের চাষ দেওয়া হইয়াছিল। ৩৪টি জেলায় ফসল ১৮৯১ সাল অপেক্ষা বেশী উৎপন্ন হইয়াছে। পাঁচটিতে সমানই হইয়াছে। কেবল বাঁকুড়া, মেদিনীপুর হুগলী, মানভূম ও সিংহভূম এই কয়েকটি স্থানে কম হইয়াছে। কৃষি বিভাগের রিপোর্টে আমন ধানের পূর্ব্বাভাস দিবার সময়ে গড়পড়তা হিসাবে ১৬ আনা রকম ফসল জন্মিবে বলিয়া বলা হইয়াছিল, কিন্তু অক্টোবরে বৃষ্টিপাত নিতান্ত কম হওয়ায় মধ্য বাঙ্গালা, বেহার ও ছোটনাগপুর—এই কয় প্রদেশের অন্তর্গত জেলাসমূহে ফসল ভালরূপ উৎপন্ন হইতে পায় নাই; সুতরাং মোটের উপর সমগ্র বাঙ্গালায় ১৬ আনা রকম ফসল না হইয়া ১৪ আনা রকম হইবে বলিয়া চূড়ান্ত রিপোর্টে প্রকাশিত হইয়াছিল। ১৮৯১ সালে উক্ত ফসল ১০ আনা রকম জন্মিবে বলিয়া অনুমান করা হয়।

বেহার ও উত্তর বাঙ্গালায় অক্টোবর মাসে বৃষ্টি নিতান্ত কম হইলেও বৎসরের প্রথম ভাগটা মোটের উপর রবি শস্যের পক্ষে অনুকূল হইয়াছিল। ফেব্রুয়ারির শেষে ও মার্চের প্রথমে অত্যধিক বৃষ্টি হওয়ায় উক্ত ফসলের পক্ষে অনেকটা অনিষ্ট হয়। ১৮৯১-৯২ সাল অপেক্ষা উক্ত বৎসর অধিকপরিমাণ ভূমিতে রবি শস্যের চাষ দেওয়া হইয়াছে। ৪৫টি জেলার মধ্যে ৩০টি জেলায় গড় হিসাবে ফসল ১২ আনা রকম বা তাহারও অধিক জন্মিবে বলিয়া অনুমান করা হইয়াছিল। এক মাত্র চট্টগ্রাম পার্ব্বত্য অঞ্চলেই অর্দ্ধেকেরও কম ফসল উৎপন্ন হইয়াছে। মোটের উপর রবি ফসল উক্ত বৎসর ১৪ আনা রকমের কম জন্মিবে না, বরং ১৬ আনা রকম জন্মিলেও জন্মিতে পারে কৃষি বিভাগ হইতে এরূপ অনুমান করা হইয়াছিল। উক্ত বিভাগের অনুমান মত ১৮৯১-৯২ সালে রবিশস্য ৯ আনা রকম জন্মিয়াছিল।

মোটের উপর নিম্নপ্রদেশ সমূহে উক্ত বৎসর খাদ্য শস্য প্রয়োজন মত উৎপন্ন হইয়াছিল; কেবল বীরভূম ব্যতীত বর্দ্ধমান বিভাগের অপরাপর জেলাসমূহে, মানভূম, সিংহভূম, খুলনার সাতক্ষীরা মহকুমা, পুরী ও চট্টগ্রাম পার্ব্বত্য অঞ্চলে সময় মত বৃষ্টির অভাবে আমন ধানের পক্ষে ক্ষতি যথেষ্ট হওয়ায় ঐ সকল স্থানে খাদ্য শস্য প্রয়োজন মত উৎপন্ন হইতে পায় নাই।

১৮৯১-৯২ সালে শস্যোৎপত্তি কম হওয়ায় যথেষ্ট পরিমাণ খাদ্য মজুত থাকিতে পায় নাই। শস্যের দর এখনও চড়া রহিয়াছে কেবল রঙ্গপুর, পাটনা, সাহাবাদ, দরভাঙ্গা, সারণ,

চম্পারণ, মুঙ্গের, ভগলপুর ও পালামৌ —এই কয়টি জেলায় শস্যের দর ১৮৯১ সালে এই সময়ে যেরূপ ছিল সেইরূপই রহিয়াছে।

১৮৯৩ সালের ১৫ই এপ্রেল আগাইৎ ১ পক্ষ কাল মধ্যে ৩৭টি জেলায় সচরাচর ব্যবহার্য্য চাউলের দর ১৮৯১ সালের ঐ সময়ের দর অপেক্ষা চড়িয়াছিল, কিন্তু বর্দ্ধমান বিভাগ এবং ঢাকা ও ছোট নাগপুর বিভাগের কোন কোন অংশ ব্যতীত অন্যত্র ১৮৯২ সালের ঐ সময়ের দরের তুলনায় কম ছিল। ১৮৯৩ সালের ১৫ই মে নাগাইৎ এক পক্ষ কাল মধ্যে ১৮৯২ সালের ঐ সময়ের অপেক্ষা ২৪টি জেলায় চাউলের দর কম এবং ১৮টি জেলার দর বেশী ছিল। চাউলের দর সম্বন্ধে শেষ যে সম্বাদ পাওয়া গিয়াছে তদনুসারে হুগলী, দার্জিলিং, ত্রিপুরা, সিংহভুম প্রভৃতি স্থানে টাকায় ১০ সের হইতে আরম্ভ করিয়া পাটনা, চম্পারণ, পুরী ও বালেশ্বরে টাকায় ১৫। ১৬ সের হিসাবে বিক্রয় হইতেছে। বেহার ও ছোটনাগপুরে মকাইয়ের দর ১৭ সের হইতে আরম্ভ করিয়া টাকায় ২৩। ২৪ সের দরে বিক্রয় হইতেছে।

১৮৯১-৯২ সালে গম বেশী পরিমাণে উৎপন্ন না হওয়ায় এবং বৎসর কালের মধ্যে দর চড়িয়া যাওয়ায় উহার আমদানী রপ্তানীও অনেক কমিয়া গিয়াছে। ১৮৮৭ সাল হইতে আরম্ভ করিয়া ১৮৯১ সাল পর্য্যন্ত ৫ বৎসরে গড়ে প্রতিবৎসর ২৭ লক্ষ ৬ হাজার ২৯৪ মণ হিসাবে গম বাঙ্গালার ভিন্ন-ভিন্ন স্থান হইতে কলিকাতায় আমদানী হইয়াছিল।

স্কুল সব ইনস্পেক্টর নিয়োগ।

স্কুলসমূহের সব ইনস্পেক্টর নিয়োগ সম্বন্ধীয় নূতন নিয়ম প্রচারিত হইয়াছে। সেই নিয়মানুসারে অতঃপর যাঁহারা উক্ত পদের প্রার্থী হইবেন তাঁহাদিগকে বি এ পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে অথবা এফ এ পরীক্ষায় উত্তীর্ণ হইয়া অন্যূন তিন বৎসরকাল কোন উচ্চশ্রেণীর ইংরাজী স্কুলের অধস্তন শিক্ষকের পদে অথবা কোন মধ্য শ্রেণীর ইংরাজী স্কুলের প্রধান শিক্ষকের পদে কার্য্য করিতে হইবে এবং ঐ কার্য্য যে সন্তোষজনক হইয়াছে সে বিষয়ে স্কুল ইনস্পেক্টরের প্রদত্ত নিদর্শন পত্র দেখাইতে হইবে।

প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইয়া যাঁহারা অন্যূন ছয় বৎসর কাল কোন উচ্চশ্রেণীর ইংরাজী স্কুলের অধস্তন শিক্ষকের পদে অথবা মধ্য শ্রেণীর ইংরাজী স্কুলের প্রধান শিক্ষকের পদে কার্য্য করিয়াছেন, তাঁহাদের কার্য্য যে এ যাবৎ সন্তোষজনক হইয়াছে, স্কুল ইনস্পেক্টরের স্বাক্ষরিত এরূপ নিদর্শন দেখাইতে পারিলে তাঁহারা ছোটনাগপুর এবং উড়িষ্যা বিভাগের স্কুলসমূহের সব ইনস্পেক্টরী পদের প্রার্থী হইতে পারিবেন।

এই সকল ব্যতীত সব ইনস্পেক্টরী পদের প্রার্থিগণকে তাঁহাদিগের সচ্চরিত্রতার নিদর্শনস্বরূপ দুই জন সম্ভ্রান্ত ব্যক্তির স্বাক্ষরিত প্রশংসাপত্র দেখাইতে হইবে। উক্ত প্রশংসা পত্রে পদপ্রার্থীর যে জেলায় বাসস্থান সেই জেলার ম্যাজিষ্ট্রেটের স্বাক্ষর থাকা চাই। বাসস্থান যদি কলিকাতায় হয় তবে পুলিস কমিসনর অথবা প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেটের স্বাক্ষর থাকিলেই চলিবে।

প্রার্থিগণকে পরীক্ষা করিবার যে দিন নির্দ্ধারিত হইবে সেই দিনে তাঁহার বয়ঃক্রম যে ৩০ বৎসরের অধিক হয় নাই তাহার নিদর্শন দেখাইতে হইবে। জন্মপত্রিকা অথবা তদভাবে অন্য কোনরূপ যথেষ্ট প্রমাণ প্রদর্শনাদি দ্বারা উক্ত নিদর্শনের পোষকতা করিতে হইবে।

প্রার্থীর শরীরে যে কোনরূপ রোগ নাই এবং তাঁহার যে স্বাস্থ্য ভাল এতৎ সম্বন্ধে জেলার সিভিল সার্জ্জনের স্বাক্ষরিত নিদর্শন পত্র দেখাইতে হইবে। যাঁহারা মনোনীত হইবেন, পদে পাকা হইবার পূর্ব্বে তাঁহাদিগকে অন্যূন ৩ মাস কাল শিক্ষানবিসী করিতে হইবে। ইনস্পেক্টর ইচ্ছা করিলে শিক্ষানবিসী করিবার কাল ৩ মাসের স্থানে ৬ মাসও করিয়া দিতে পারিবেন।

সাপ্তাহিক শস্যসম্বাদ।

বিগত ২৭ শে মে যে সপ্তাহ শেষ হইয়াছে ঐ সপ্তাহে বাঙ্গালায় অত্যধিক জল ও ঝড় হইয়া গিয়াছে। বেহার ও উত্তর বাঙ্গালার কোন কোন অংশ ব্যতীত আর সর্ব্বত্রই কৃষিকার্য্য বন্ধ রাখিতে হইয়াছে এবং সম্প্রতি যে ধান ও পাট বোনা হইয়াছিল অনেক স্থলে তাহারও অনিষ্ট

ঘটিয়াছে। বেহার প্রদেশে ইক্ষু প্রভৃতি ফসলের উন্নতি হইতেছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। আউস ধানের চাষ এক প্রকার ভাল চলিতেছে। বাসন্তি ধান্য সংগ্রহ এক প্রকার শেষ হইয়াছে। শস্যের দর সমানই আছে।

বিগত ৩১ শে মে কলিকাতা, সেরাজগঞ্জ ও ঢাকার হাটে মাঝারি চাউল ৩৸০ হিসাবে মণ বিক্রয় হইয়া গিয়াছে। পূর্ব্ববৎসর ঠিক ঐ সময়ে উক্ত প্রকার চাউল যথাক্রমে ৩৷৷ ৪ পাই, ৩।০ ও ৩৵০ মণ দরে বিক্রয় হইয়াছিল। ঐ তারিখে চট্টগ্রাম, পাটনা, বালেশ্বর, পুরী ও কটক—এই কয় স্থানের হাটসমূহে চাউল যথাক্রমে ৩/০, ২৷৷/১৫, ২৸০, ২৷৷৵ এবং ২৸৵০ দরে মণ বিক্রয়হইয়াছিল। পূর্ব্ববৎসর ঠিক ঐ সময়ে উল্লিখিত স্থানসমূহে যথাক্রমে ৩৷৵১০, ৩৵০, ৩৲ ৩/৫, ও ৩৸০ হিসাবে মণ বিক্রয় হইয়াছিল।

উক্ত সপ্তাহে মান্দ্রাজের পশ্চিম উপকূলে এবং উত্তরাঞ্চলের দুইটি জেলায় অত্যধিক বৃষ্টি হইয়াছিল। মোটামুটি জল আর সকল জেলাগুলিতেই হইয়াছে, কেবল মধ্য ও দক্ষিণাঞ্চলের জেলাসমূহে বৃষ্টি কোথাও হইয়াছে কোথাও বা হয় নাই। কৃষিকার্য্যের উন্নতি হইতেছে। শস্যের দর সাধারণতঃ সমান আছে।

৩১ শে মে নাগাইৎ এক সপ্তাহে বোম্বাই প্রেসিডেন্সীর প্রায় সর্ব্বত্রই বৃষ্টি হইয়া গিয়াছে। কৃষির অবস্থা মোটের উপর ভাল। দুইটি জেলার কোন কোন স্থান ব্যতীত শস্যের দর আর সর্ব্বত্রই সমান। উত্তর পশ্চিম ও অযোধ্যা প্রদেশের মধ্যে লক্ষ্ণৌ ও ঝান্সিতে যথেষ্ট বারিবর্ষণ হইয়া গিয়াছে। শস্যের দর সাধারণতঃ সর্ব্বত্রই সমান। বান্দা, আগ্রা, ঝান্সি ও মীরাট জেলায় পঙ্গপাল দেখা দিয়াছিল কিন্তু শস্যের কোনরূপ অনিষ্ট হয় নাই এইরূপ সংবাদ পাওয়া গিয়াছে। দুইটি জেলা ব্যতীত পঞ্জাবের আর সর্ব্বত্রই বৃষ্টি হইয়াছে। কৃষির অবস্থা সাধারণতঃ মন্দ নহে। উত্তর পশ্চিম প্রদেশের ন্যায় পঞ্জাবেও দিল্লী এবং সাহাপুর জেলায় পঙ্গপাল দেখা দিয়াছিল, কিন্তু ফসলের কোনরূপ অনিষ্ট করে নাই। চারিটি জেলায় শস্যের দর সমান আছে; অন্যান্য জেলাগুলিতে দর পড়িতে আরম্ভ করিয়াছে।

মধ্যপ্রদেশ সমূহের ৩টি জেলায় অধিক পরিমাণে বৃষ্টি হইয়াছে; অন্যত্র সামান্যরূপ হইয়াছে। শারদ ফসলের জন্য জমির পাট চলিতেছে। সাগর, ছিন্দার, ভাণ্ডারা ও বালাঘাটে পঙ্গপাল দেখা দিয়াছিল কিন্তু ফসলের কোনরূপ অনিষ্ট করে নাই। শস্যের দর দুইটি জেলায় কমিতে আরম্ভ হইয়াছে, একটি জেলায় চড়িতেছে, অন্যত্র সমান আছে। রাজপুতানার ভরতপুরে বৃষ্টিপাত ভালরূপ হইয়াছে, অন্যান্য আর কয়েকটি অংশে সামান্য রূপ হইয়াছে। একমাত্র ঢোলপুর ছাড়া আর সর্ব্বত্রই শস্যের অবস্থা আশাপ্রদ। দুইটি রাজ্যে শস্যের দর পড়িতেছে, চারিটিতে উঠিতেছে এবং আর সর্ব্বত্র সমান আছে। মধ্যভারতের সর্ব্বত্রই বৃষ্টিপাত হইয়াছে। শারদ শস্য বুনিবার জন্য জমির পাট আরম্ভ হইয়াছে। অপরাপর ফসলের অবস্থা সন্তোষজনক। শস্যের দর দুইটি জেলায় কিছু নরম হইয়াছে, একটি জেলায় কখন উঠিতেছে, কখন পড়িতেছে, অন্যত্র সমানই আছে।

১৮৬১ ও ১৮৯২ সালের ভারতে ব্যবস্থাপক সভার সদস্য নির্ব্বাচন বিষয়ক আইনের অনুমোদিত ব্যবস্থানুসারে বাঙ্গালার ছোট লাট বাহাদুর গবর্ণর জেনারেল বাহাদুরের সম্মতিক্রমে নিম্নলিখিত মহোদয়গণকে বাঙ্গাল গবর্ণমেণ্টের ব্যবস্থাপক সভার সদস্য মনোনীত করিলেন—রেভেনিউ বোর্ডের মেম্বর লায়াল সাহেব, বাঙ্গাল গবর্ণমেণ্টের আয় ব্যয় ও মিউনিসিপ্যাল বিভাগের প্রতিনিধি সেক্রেটরী বোডিলন সাহেব, কলিকাতার প্রতিনিধি প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট মৌলবী আবদুল জব্বর খাঁ বাহাদুর, বাবু সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, ব্যারিষ্টার মিঃ লালমোহন ঘোষ, দরভাঙ্গার মহারাজ, মৌলবী সিরাজ উল ইসলাম খাঁ বাহাদুর, মিঃ প্যাট্রিক প্লেফেয়ার, মিঃ উমেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় এবং ব্যারিষ্টার মিঃ জন ওম্যাক।

কৃষি-তত্ত্ব।

মৃত্তিকা।

(১)

মৃত্তিকার জাতি সম্বন্ধে নানাপ্রকার মতভেদ দৃষ্ট হয়। কেহ ইহাকে বালি, বোধ, পঙ্ক, পলল, চিক্কণ ও দোয়াস, এই ছয় ভাগে বিভক্ত করিয়াছেন; কেহ প্রকৃত, অপ্রকৃত, মল, এবং সঙ্কর এই চারি ভাগে এবং কেহ কেহ এটেল ও বালুকা, এই দুই ভাগে বিভক্ত করিয়াছেন।

বাস্তবিক, মৃত্তিকা তিন প্রকার,—বালুকা, এটেল ও শঙ্কর। মৃত্তিকাকে যিনি যত প্রকারেই বিভক্ত করুন না কেন, বালুকা ও এটেল ব্যতীত সমস্তই সঙ্কর। কেহ কেহ এটেল মৃত্তিকাকে "মল মৃত্তিকা" ও বলিয়া থাকেন; কারণ ভূমির অভ্যন্তরে এক প্রকার স্বাভাবিক উত্তাপ আছে, সেই উত্তাপদ্বারা মৃত্তিকার দাহ্য অংশ নষ্ট হইয়া যাহা অবশিষ্ট থাকে, তাহাকেই মল বা এটেল মৃত্তিকা আখ্যা দেওয়া অন্যায় নহে।

যে স্থানের মৃত্তিকা পরীক্ষা করা হইবে, সেই স্থানের কিয়দংশ মৃত্তিকা উত্তমরূপে শুষ্ক করিবে। তৎপর এই শুষ্ক মৃত্তিকাখণ্ড ওজন করিয়া উত্তমরূপে দগ্ধ করণান্তর পুনরায় ওজন করিবে। এখন ঐ মৃত্তিকা একটী পাত্রপূর্ণ জলে গুলিয়া ধীরে ধীরে উপরের জল ফেলিয়া দিলেই নিম্নে বালি পড়িয়া থাকিবে। ঐ বালি উত্তমরূপে শুষ্ক করণান্তর ওজন করিলেই সহজে জানা যাইবে, ঐ মৃত্তিকা খণ্ডে বালির ভাগ কত? দগ্ধ করিয়া ওজন করায় যাহা পূর্ব্ব ওজন হইতে ন্যূন হইয়াছে, তাহাই পরিত্যাগ এবং জলের সহিত যাহা পতিত হইয়াছে, তাহাই এটেল বা মল মৃত্তিকা। এইরূপে পরীক্ষা করিয়া ইচ্ছামত বালি বা এটেল মৃত্তিকা, ক্ষেত্রে মিশ্রিত করা যাইতে পারে। মৃত্তিকা দগ্ধ করিবার সময় দুর্গন্ধ বাহির হইলে ঐ ভূমিতে প্রাণীসার অধিকপরিমাণে ছিল, তাহা না হইলে উদ্ভিজ্জ সার অধিক ছিল বুঝিতে হইবে। বৎস দেখিয়া গাভী দুগ্ধবতী কি না, জানিতে পারা যেমন নিতান্ত সহজ, তদ্রূপ ক্ষেত্রস্থ তৃণাদি দেখিয়াও ক্ষেত্র উর্ব্বরা কি না বুঝা যাইতে পারে। তৃণ, কাল আভাযুক্ত সবুজ রং এবং বর্দ্ধনশীল হইলে ক্ষেত্র উর্ব্বরা হইবে। ক্ষেত্র হইতে এক খণ্ড মৃত্তিকা গ্রহণান্তর কোন কঠিন পদার্থে নিক্ষেপ করিলে যদি সহজে চূর্ণ হইয়া যায়, তবে ক্ষেত্র উর্ব্বরা হইবে।

সকল মৃত্তিকায় সকল প্রকার উদ্ভিদ সমান জন্মে না। উদ্ভিদের প্রকৃতি অনুযায়ে কোন কোন ক্ষেত্রে বালির ভাগ অধিক, কোন ক্ষেত্রে এটেল মৃত্তিকার ভাগ অধিক, আবার কোন ক্ষেত্রে উভয় মৃত্তিকার ভাগ সমান থাকা আবশ্যক। যে সকল উদ্ভিজ্জে বা ফলে জলের ভাগ অধিক, সেই সকলে ক্ষেত্রে বালির ভাগ অধিক, যেমন শসা, তরমুজ ইত্যাদি; যাহাদের মূল বহুদূর পর্য্যন্ত বিস্তৃত হয়, তাহাদিগের ক্ষেত্রে এটেলের ভাগ অধিক, যেমন আম, জাম ইত্যাদি; এবং যাহার মূল কোমল, তাহার ক্ষেত্রে উভয়বিধ মৃত্তিকা সমপরিমাণে থাকা আবশ্যক, যেমন আলু, মূলা ইত্যাদি। শুদ্ধ এটেল ও বালি মিশ্রিত ক্ষেত্রে উদ্ভিদ জন্মে না; সোরাজান, হাড়জান ও ক্ষারজান, এই তিন পদার্থ অল্পাধিক পরিমাণে থাকা নিতান্তই আবশ্যক।

বালি বা এটেল অথবা উভয় মৃত্তিকাসহ গলিত উদ্ভিদ ও পশু পক্ষীর অস্থি, মাংস ইত্যাদি মিশ্রিত হইলে তাহাকে সঙ্কর জাতীয় মৃত্তিকা কহে। সঙ্কর জাতীয় মৃত্তিকাতে উদ্ভিদের দেহ নির্ম্মাণক, সোরাজান, ক্ষারজান, হাড়জান, চূর্ণজান, গন্ধক ও লৌহ ইত্যাদি অবস্থান্তর গ্রহণ করিয়া বিদ্যমান থাকে। সাধারণতঃ এই মৃত্তিকাকেই "দোয়াস" মৃত্তিকা বলা হয়। এইরূপ মৃত্তিকা প্রায় সকল কৃষির পক্ষেই উত্তম; কারণ দোয়াস মৃত্তিকাতে হাড়জান প্রভৃতি থাকা বশতঃ অধিক সচ্ছিদ্র হওয়ায় বৈশিক আকর্ষণে ভূমিগর্ভ হইতে রস আকর্ষণ করিয়া মৃত্তিকা সরস রাখে; কিন্তু শুদ্ধ এটেল কি বালিপূর্ণ ক্ষেত্রে তাহা হয় না। ইহাদের মধ্যে প্রথমটী জল আবদ্ধ করিয়া রাখে এবং দ্বিতীয়টী নিতান্ত শুষ্ক ও নীরস।

বহুকালের পতিত ভূমি কর্ষণ করিয়া বীজ বপন করিলে সার প্রদত্ত আবাদি ভূমি অপেক্ষা অধিক পরিমাণে ফসল ফলিয়া থাকে। উদ্ভিদের পুষ্টিকারক সোরাজানাদি বহু সকল মৃত্তিকাভ্যন্তরে অযুক্ত অবস্থায় থাকাই ইহার একমাত্র কারণ। কিন্তু প্রথম বৎসর অপেক্ষা দ্বিতীয় বৎসরেই ফসল অধিক ফলিতে দেখা যায়। বহুকাল পর্য্যন্ত ক্ষেত্র অকর্ষিত অবস্থায় থাকায় ভূমধ্যস্থ তাপাংশ নির্গমন এবং বায়ু দ্বারা মৃত্তিকা নিষ্পেষিত হইতে পারে না। বায়ুর মধ্যে উদ্ভিদের পরিপোষণোপযোগী অম্লজান, উদজান, সোরাজান, এমোনিয়া ও জল ইত্যাদি যে সকল পদার্থ থাকে, তাহাদ্বারা মৃত্তিকা পরিশুদ্ধ না হইলে উত্তম ফসলের আশা বৃথা। এই জন্য কৃষকগণ অনাবাদি ভূমিতে কৃষি করিতে হইলে পূর্ব্ব বৎসর ২।১ খানা চাস দিয়া রাখে এবং পর বৎসর উচিত মত কর্ষণ করিয়া বীজ বপন করে। (ঢাকা গেজেট)

পত্রপ্রেরকের প্রতি।

জনৈক গ্রাহক ও প্রবন্ধ লেখক (পাঁচপোতা)—আপনার পত্রখানি আমরা মুস্তৌফি মহাশয়দিগের নিকট পাঠাইয়া দিয়াছি।

প্রাপ্তিস্বীকার ও সমালোচনা।

আমরা কৃতজ্ঞতা সহকারে নিম্নলিখিত পুস্তকগুলির প্রাপ্তিস্বীকার করিতেছি——

পূর্ণিমা—জ্যৈষ্ঠ ১৩০০।

সাহিত্য ও বিজ্ঞান—মে ১৮৯৩।

সুকথা—চৈত্র ১২৯৯।

বামাবোধিনী—জ্যৈষ্ঠ ১৩০০।

বেঙ্গল স্যাম্পল—মে ১৮৯৩।

ভারতী—জ্যৈষ্ঠ ১৩০০।

লিপিকৌশল (অত্যাশ্চর্য্য) ২৪ নং গোলক দত্তের লেন হইতে শ্রীশরচ্চন্দ্র পাল কর্ত্তৃক প্রকাশিত। মূল্য দুই পয়সা মাত্র। বই খানি পড়িয়া দেখিলে বেশ আমোদ পাওয়া যায়। ইহাতে অনেক গুলি চিত্তরোচক অনায়াসসাধ্য কল কৌশলের কথা আছে।

ভারতের ইতিহাস তত্ত্ব (সংক্ষিপ্ত)—শ্রীহরিদাস বন্দ্যোপাধ্যায় ও শ্রীদুর্গাদাস রায় প্রণীত—মূল্য ।০ আনা মাত্র। মাইনার ও ছাত্রবৃত্তি পরীক্ষার্থিগণের ব্যবহারের জন্য গ্রন্থকার সাঙ্কেপে ভারতেতিহাসের স্থূল স্থূল বিষয়গুলি লিপিবদ্ধ করিয়াছেন। ভাষাটী বেশ হইয়াছে—অনেক স্থলে একবার মাত্র কোন একটি বিষয় আবৃত্তি করিলেই উহা মুখস্থ হইয়া যায়।

সরল সংস্কৃত (প্রথম ভাগ) ঢাকা জগন্নাথ কলেজের ভূতপূর্ব্ব সহকারী সংস্কৃত অধ্যাপক শ্রীপ্রিয়নাথ বসু প্রণীত। মূল্য ।৵০ আনা। সংস্কৃত প্রথম পাঠার্থীদিগের জন্য সংস্কৃত ভাষায় পাঠ্য পুস্তক অধিক নাই। প্রিয়নাথ বাবুর বিরচিত এই পুস্তক খানি সংস্কৃত প্রথম পাঠার্থীদিগের পাঠ্য স্বরূপে নির্দ্দিষ্ট হইবার উপযুক্ত। ইহাতে কতকটা নূতন প্রণালীর অবলম্বন দ্বারা সংস্কৃত পাঠার্থীদিগের সংস্কৃত শিক্ষার পক্ষে অনেক সুবিধা করিয়া দেওয়া হইয়াছে।

মেঘদূত (সম্পূর্ণ)—মল্লিনাথ টীকা, বঙ্গানুবাদ, পাঠান্তর বিবেক সমার্থ শ্লোক, ব্যাখ্যাস্তর ও প্রসঙ্গোক্ত স্থান বিবরণ সহ আর্য্য সাহিত্য সমিতির সভাপতি ও বিদ্যোদয় নামক সংস্কৃত মাসিক পত্রের

সম্পাদক ভট্টপল্লী নিবাসী শ্রীযুক্ত হৃষীকেশ শাস্ত্রী কর্ত্তৃক সম্পাদিত ও প্রকাশিত। আমরা পুস্তকখানির আদ্যোপান্ত দেখিয়া বড়ই সন্তোষ লাভ করিয়াছি। বঙ্গানুবাদটি অতি সরল ও সুমিষ্ট হইয়াছে অথচ মূল হইতে কোথাও বিচ্যুত হয় নাই। পুস্তকখানির আকার রয়েল আট পেজি। নাগরী অক্ষর বড় বড়, কাগজ ও ছাপা উৎকৃষ্ট। মূল্য ৸০ আনা।

সাপ্তাহিক সংবাদ।

[কলিকাতা] বাঙ্গালার বর্ত্তমান প্রতিনিধি ছোট লাট বাহাদুর সার এ পি মাকডোনেল গত কল্য দার্জিলিং যাত্রা করিয়াছেন।

দরভাঙ্গার মহারাজ এবার ব্রিটিস ইণ্ডিয়ান সভার সভাপতি নিযুক্ত হইয়াছেন। সার মহারাজ নরেন্দ্রকৃষ্ণ ও রাজা প্যারীমোহন মুখোপাধ্যায় সহকারী সভাপতি হইয়াছেন।

মিঃ এ পেডলার সাহেব ছুটী লওয়ায় ভারত গবর্ণমেণ্টের মিটিয়রলজিকেল রিপোর্টারের দ্বিতীয় সহকারী মিঃ সি লিটল্ সাহেব বাঙ্গাল গবর্ণমেণ্টের মিটিয়রলজিকেল রিপোর্টার নিযুক্ত হইলেন। প্রেসিডেন্সী কলেজের অধ্যাপক গিলিল্যাণ্ড সাহেব লিটল সাহেবের স্থলাভিষিক্ত হইলেন।

আগামী ১০ই জুলাই হাইকোর্টের দায়রার অধিবেশন হইবে।

[প্রেসিডেন্সী] রাজীবপুরের রায় রামসুন্দর ঘোষের মৃত্যু হইয়াছে। বয়স ৭০ বৎসর হইয়াছিল। হুগলী কলেজে অধ্যয়ন করিয়া যে সকল মহোদয়গণ ভিন্ন ভিন্ন কার্য্যে সাধারণের নিকট যশোভাজন হইয়া গিয়াছেন, রামসুন্দর বাবু তাঁহাদেরই মধ্যে একজন। ১৮৩৭ সালে মেডিকেল কলেজের ডিপ্লোমা পাইয়া রামসুন্দর বাবু সরকারী কার্য্যে নিযুক্ত হন এবং কার্য্যে যশোলাভ করিয়া যথাকালে উহা হইতে অবসর গ্রহণ করেন। বাঙ্গাল গবর্ণমেণ্ট ও তাঁহার গুণের প্রশংসাস্বরূপ তাঁহাকে বিশেষ পেন্সন দিবার ব্যবস্থা করিয়াছিলেন।

[বর্দ্ধমান] কালনা থানার এলাকাধীন দীর্ঘপাড়া নিবাসী বাবু রাজগোপাল রায় সাধারণের জলকষ্ট নিবারণের জন্য জেলাবোর্ডকে ৫ হাজার টাকা দিবার প্রস্তাব করিয়াছেন। রাজগোপাল বাবু এক জন পেন্সনপ্রাপ্ত ডেপুটী ম্যাজিষ্ট্রেট। বর্ত্তমান বর্ষে বর্দ্ধমান জেলার মধ্যে পুষ্করিণী ও কূপ খনন জন্য জেলাবোর্ড ১৬ হাজার টাকা মঞ্জুর করিয়াছেন। যে যে গ্রামে জলকষ্ট আছে, সেই সেই গ্রামের পুষ্করিণীর পঙ্কোদ্ধার, নূতন পুষ্করিণী বা কূপ খনন আবশ্যক হইলে জেলাবোর্ড বিবেচনা মতে এই টাকা দিবেন। আগামী ৩১শে জুলাইয়ের মধ্যে প্রত্যেক স্থানীয় বোর্ড আফিসে ঐ টাকা পাইবার জন্য দরখাস্ত করিতে হইবে। যাঁহারা এই টাকা লইয়া নূতন পুষ্করিণী বা কূপ খনন করিবেন, তাঁহারা অর্দ্ধেক টাকা নিজ হইতে দিলে পুষ্করিণীর কোন স্বত্ব জেলাবোর্ড রাখিবেন না; তবে নিম্নলিখিত কয়েকটি বিষয়ের সর্ত্ত বজায় রাখিবার জন্য চুক্তি পত্র লিখিয়া দিতে হইবে —পুষ্করিণীতে কেহ স্নান বা বস্ত্রাদি ধৌত করিতে পাইবে না। পুষ্করিণীর নিকট কেহ কোন বৃক্ষাদি রোপণ করিতে পাইবে না এবং পুষ্করিণীতে কোন শ্মশান বা ভাগাড়ের জল বা কোন পূতি গন্ধময় নর্দ্দামার জল আসিতে পাইবে না। (বর্দ্ধমান সঞ্জীবনী)

সে দিনকার ঝড়ে মেদিনিপুর জেলার অধীন দোরো পরগণায় বড়ই দুর্দ্দশা হইয়া গিয়াছে। জনৈক পত্রপ্রেরক লিখিয়াছেন, "অনেক লোকের ঘর বাড়ী একেবারে ভূমিসাৎ হইয়াছে। অত্যন্ত দরিদ্রগণ নিরাশ্রয় হইয়া নিতান্ত কষ্ট পাইতেছে। চক্ষ তাড়ুয়ান নামক খালে অদ্য এক মাস হইতে কপাট না থাকায় নদীস্ফীত হইয়া লোনা জল উহাতে প্রবেশ করিয়াছে। ভাবি চাষের পক্ষে বড় একটা সুবিধা বলিয়া বোধ হইতেছে না। ঝড় দিয়া ভাগে হওয়ায় মানুষ গরু যেগী নষ্ট হইতে পায় নাই। কোথাও আশ্রয় অভাবে দুই একটি নষ্ট হইয়াছে মাত্র। দোরো পরগণা পূর্ব্ব দক্ষিণে হলদী নদী ও পশ্চিম ভাগে একটি শাখানদী দ্বারা দ্বীপাকারে অবস্থিত। ঐ সকল নদী স্ফীত হইয়া পূর্ণাবস্থ হইলে আর এ দেশের রক্ষা ছিল না। নদীর বাঁধ ১৫ ফুট উচ্চ কিন্তু নদী স্ফীত হইয়া তাহার কেবল ২।৩ ফুট মাত্র মধ্য হইতে বাকী ছিল। ঐ দিনে একাদশী তিথি থাকায় ৮।৯ টার সময় ভাঁটা ছিল, তাহা না হইলে দেশ জলে প্লাবিত হইত। দোরো পরগণার সন্দিয়ার খাল গর্ভে কতকগুলি নৌকা ডুবিয়া যায়। লোক মারা পড়ে নাই, কিন্তু টাকা কড়ি ও বোঝাই ধান্য অনেক নষ্ট হইয়াছে।

[আসাম] সিলেট জেলাতেও যথেষ্ট জল ঝড় হইয়াছে বলিয়া তারে সংবাদ আসিয়াছে। অনেক পুল ভাঙ্গিয়া পড়িয়াছে। একটি চা-বাগানে ৯ ঘণ্টায় ১৫ ইঞ্চি বৃষ্টিপাত হইয়া চা'য়ের পক্ষে অনেকটা অনিষ্ট হইয়াছে।

[উঃ পঃ প্রদেশ] রেল-ষ্টেশনে নামিয়া যাহারা ৺কাশীধামে প্রবেশ করিবে তাহাদিগের প্রত্যেককেই চারি আনা করিয়া ট্যাক্স দিতে হইবে কাশীর মিউনিসিপ্যালিটীর কর্ত্তৃপক্ষীয়গণ নাকি এইরূপ ব্যবস্থা করিতেছেন।

[ব্রহ্মদেশ] নিম্ন ব্রহ্মে আফিমের ব্যবহার সম্বন্ধে ভারত গবর্ণমেণ্ট নূতনরূপ ব্যবস্থা করিয়াছেন। নাম রেজেষ্টরী না করিয়া নিম্ন ব্রহ্মে কোন ব্যক্তি আফিম ব্যবহার করিতে পারিবে না। পঁচিশ বা তদূর্দ্ধ বয়স্ক ব্যক্তির নিয়মমত আফিম খাওয়া অভ্যাস থাকিলে নাম রেজেষ্টরীর জন্য দরখাস্ত করিতে পারিবেন। আফিম খাইতে অভ্যস্ত ব্যক্তি ২৫ বৎসরের ন্যূন বয়স্ক হইলে তাঁহার নাম রেজেষ্টরী করা হইবে না। এই নূতন নিয়মে নিম্নব্রহ্মে আফিম হইতে উৎপন্ন রাজস্ব বৎসরে ১৫ লক্ষ টাকা কমিয়া যাইবে।

[বোম্বাই] বোম্বাই মিউনিসিপাল বিলের সংশোধন বিষয়ক প্রস্তাব এখনও ভারত-গবর্ণমেণ্টের বিবেচনাধীন রহিয়াছে।

[সাধারণ] ব্রুসেলস নগরে একটি ঘড়ি আছে; উহার দম দেওয়ার কার্য্য বায়ু দ্বারা আপনিই হইয়া থাকে, সুতরাং দম দিবার আবশ্যক হইলে কোন মনুষ্যের প্রয়োজন হয় না।

মানুষের আয়ু গড়ে ৪৮ বৎসর। বিগত ২৫ বৎসর কালের মধ্যে আয়ুর পরিমাণ শতকরা ৫ বৎসর বৃদ্ধি পাইয়াছে অর্থাৎ আয়ু গড়ে ৪০ বৎসরের স্থানে বৃদ্ধি পাইয়া ৪২ বৎসর হইয়াছে।

ফরাসী স্ত্রীলোকেরা ইচ্ছা করিলে উকিল, ডাক্তার প্রভৃতি সবই হইতে পারে কিন্তু দলিলের সাক্ষী হইতে পারে না। শিল্প বাণিজ্য প্রভৃতি বিষয়েও উহাদিগের অধিকার আছে কিন্তু বিবাহের পর নিজের উপার্জ্জন নিজে ভোগ করিবার অথবা স্বামীর অনুমতি না হইলে

কোন সম্পত্তি ক্রয় বা বিক্রয় করিবার অধিকার নাই।

বিগত চড়কের সময় ২টা লোক বাণ ফুড়িয়াছিল বলিয়া আলিপুরের পুলিস আদালত হইতে উভয়েরই যথাক্রমে ২০ ও ১২ টাকা অর্থদণ্ড হইয়াছে।

ভারতগবর্ণমেণ্ট স্বতন্ত্র গেজেট বাহির করিয়া নিম্নলিখিত বিষয়টি সাধারণের গোচর করিয়াছেন, "বাঙ্গালার বর্ত্তমান ছোটলাট বাহাদুর সার চার্লস ইলিয়ট ছয় মাসের ছুটী লওয়ায় তাঁহার অনুপস্থিত কাল যাবৎ তাঁহার স্থানে মধ্যপ্রদেশ সমূহের চিফ কমিসনর সার এ পি ম্যাকডোনেলকে নিযুক্ত করা হইয়াছে। ম্যাকডোনেল সাহেব বাহাদুর বিগত ৩০শে মে অপরাহ্নে কার্য্যভার গ্রহণ করিয়াছেন।

ভারতীয় সিভিল সর্ভিসে এবারে ৫৬ জনকে নিযুক্তকরিবার কথা হইয়াছে।

সুয়েজ খাল যখন কাটা হয় নাই তখন বিলাত যাইতে হইলে ১১ হাজার ৩৭৯ মাইল পথ অতিক্রম করিতে হইত। খাল হওয়ায় এক্ষণে ৭ হাজার ৬২৮ মাইল পথ অতিক্রম হয়। ৮৮ মাইল কাটিয়া এই খালের পথ বাহির করা হইয়াছে।

গত শুক্রবার প্রাতে সার চার্লস ইলিয়ট বাহাদুর সপুত্র বোম্বাই পৌঁছিয়া ঐ দিনই অপরাহ্নে ষ্টীমারে ইউরোপাভিমুখে যাত্রা করিয়াছেন।

গবর্ণমেণ্ট হাঁসপাতালে পীড়িত নাবিকদিগকে পাঠাইতে হইলে তাহাদিগের প্রত্যেকের জন্য পূর্ব্বে দিন এক টাকা করিয়া দিবার নিয়ম ছিল। সম্প্রতি নৌকাবিভাগ হইতে এক টাকার স্থলে দুই টাকার ব্যবস্থা করিয়া দেওয়া হইয়াছে। বিগত জানুয়ারী মাস হইতে এই নিয়ম বাহাল হইল।

ইংলণ্ডে বৎসরে ১০ লক্ষের মধ্যে ১৯টা বিবাহবিচ্ছেদ হইয়া থাকে; ইটালিতেও প্রায় ঐরূপ, কানাডার ২৪, অষ্ট্রেলেসীয় উপনিবেশসমূহে ৫৬, জর্ম্মনীতে ১৩৯, ফ্রান্সে ১৩৩, সুইজরলণ্ডে ৩২২, এবং ইউনাইটেড প্রদেশে অন্যূন ৪৪৪। (লিবারেল)

জানকীনাথ বন্দোপাধ্যায় নামে জনৈক ব্রাহ্মণ সন্তান সিদ্ধেশ্বর হালদারের কন্যার পাণিগ্রহণ করে। বিবাহের প্রায় ১ বৎসর পরে জানকীনাথ জানিল কন্যাটি ব্রাহ্মণ কন্যা নহে, সিদ্ধেশ্বর হালদারের রক্ষিতা একটা শূদ্রার গর্ভজাত কন্যা। ব্যাপার জানিয়া জানকীনাথ স্ত্রী পরিত্যাগ করিল, বিবাহ কার্য্য প্রায় এক বৎসর হইয়া গেলেও ছয় মাস মাত্র স্ত্রীর সহিত তাহার সহবাস হইয়াছিল। স্ত্রীর নাম গোলাপমণি। গোলাপমণি কলিকাতার প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেটের নিকট খোরপোষের দাবীতে বাপের দ্বারা জানকীনাথের নামে নালিশ করায়। প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট মৌলবী সৈয়দ আমীর হোসেন মোকদ্দমায় ডিক্রী দেন এবং গোলাপমণিকে মাসিক ৮৲ টাকা করিয়া খোরপোষস্বরূপ দিবার জন্য জানকীনাথের উপর আদেশ হয়। ম্যাজিষ্ট্রেট রায়ে বলিয়াছেন, জানকীনাথের সহিত গোলাপমণির যখন হিন্দু শাস্ত্রোক্ত বিধি অনুসারে বিবাহ কার্য্য নিষ্পন্ন হইয়া গিয়াছে এবং উভয়ে স্ত্রী পুরুষের ন্যায় যখন কিছুকাল অবস্থিতি করিয়াছে তখন জানকীনাথ গোলাপমণিকে খোরপোষ দিতে বাধ্য। প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেটের এই রায়ের বিরুদ্ধে হাইকোর্টে আপীল করা হইয়াছিল। আপেলাণ্টের উকিল অন্যান্য কারণ প্রদর্শন সত্ত্বেও এই প্রতিপন্ন করিতে চাহিয়াছিলেন যে, উল্লিখিত স্থলে আদৌ বিবাহই অসিদ্ধ হইয়াছে সুতরাং জানকীনাথ গোলাপ মণিকে খোরপোষ দিতে একেবারেই বাধ্য নহে। হাইকোর্টের জজ পিনেল্প ও টি বেলিয়নের বিচারে প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেটের রায়ই বাহাল হইয়াছে। জানকীনাথকে সুতরাং এক্ষণে গোলাপমণির খোরপোষ বাবৎ মাসিক ৮৲ টাকা করিয়া দিতে হইবে।

ভারতীয় সিভিল সর্ভিস পরীক্ষাবিষয়ক প্রস্তাব সম্বন্ধেগবর্ণমেণ্ট এক্ষণে কিরূপ করিবেন এতৎসম্বন্ধে কমন্স সভায় সে দিন কয়েকটি প্রশ্ন উত্থাপিত হইয়াছিল। প্রত্যুত্তরে প্রধান মন্ত্রী গ্লাডষ্টোন বলিয়াছেন "বিষয়টি বড়ই গুরু; বিবেচনা করিয়া বুঝিবার জন্য কিছু সময়ের প্রয়োজন হইবে।"

ব্যারিষ্টার মিঃ এ চৌধুরী রাজসাহী অঞ্চল হইতে বাঙ্গাল গবর্ণমেণ্টের ব্যবস্থাপক সভার সদস্য নির্ব্বাচিত হইয়াছেন। মিঃ এ চৌধুরী সাধারণতঃ রাজসাহী বিভাগের অধিবাসী নহেন বলিয়া রাজা শশিশেখরেশ্বর আপত্তি উত্থাপিত করায় বাঙ্গালাগবর্ণমেণ্ট মিঃ এ চৌধুরীকে রাজসাহী বিভাগের কমিসনরের নিকট উপস্থিত হইয়া তিনি যে সাধারণতঃ উক্ত বিভাগেরই এক জন অধিবাসী ইহা প্রমাণ করিবার জন্য নোটিশ দিয়াছেন।

নূতন ছোটলাট বাহাদুর সার এ পি ম্যাকডোনেল সাহেব গতকল্য দার্জ্জিলিং যাত্রা করিয়াছেন। দার্জ্জিলিং হইতে তিনি প্রত্যাবৃত্ত হইলে জুলাই মাসের মাঝামাঝি বঙ্গীয় ব্যবস্থাপক সভার অধিবেশন হইবে।

১৮৯৩৯৪ সালের ভারতের সেনা বিভাগীয় ব্যয়ের আনুমানিক বিবরণ প্রকাশিত হইয়াছে। ১৮৯২-৯৩ সালের জন্য যে ব্যয়ের অনুমান করা হইয়াছিল তদপেক্ষা উক্ত বৎসরে ব্যয়ের পরিমাণ বৃদ্ধি করা হইয়াছে। সেনাসংক্রান্ত আইন উপাসনা গৃহ, শিক্ষা এবং ইউরোপীয় সৈনিকদিগের পেন্সন ব্যতীত ব্যয় পূর্ব্ব বৎসরাপেক্ষা এ বৎসর কম করিয়া ধরিয়া মোটের উপর ১ লক্ষ ৪২ হাজার ১১০ টাকা ধরা হইয়াছে। এতদ্ভিন্ন সৈনাদিগের কাপড় চোপড় চিকিৎসা প্রভৃতি বিষয়ে ব্যয় বাড়িয়াছে। ব্যয় বৃদ্ধি ও ব্যয়ের হ্রাস এই উভয়ের জমাখরচ করিলেই বুঝিতে পারা যায় যে উক্ত বৎসর মোটের উপর ৭০ লক্ষ ১৭ হাজার ৭৭০ টাকা ব্যয় বেশী পড়িবে বলিয়া অনুমান করা হইয়াছে। ভারতের জন্য বিলাতে যে টাকাটা খরচ হয় তাহার পরিমাণ দিন দিন বাড়িয়া উঠিতেছে। এবারকার অনুমানে উক্ত ব্যয়ের পরিমাণ ২২ লক্ষ ৫৩ হাজার ৪০০ টাকা ধরা হইয়াছে।

(বৈদেশিক) আমীর কাবুল হইতে অনেক ইউরোপীয় কর্ম্মচারী তাড়াইয়া দিয়াছেন বলিয়া শুনা যাইতেছে।

প্রধান মন্ত্রী গ্লাডষ্টোন সাহেবকে গুলি করিব বলিয়া টাউনসেণ্ড নামক যে ব্যক্তি সে দিন ভয় দেখাইয়াছিল, জুরিদিগের বিচারে সে পাগল বলিয়া প্রমাণিত হইয়াছে। তজ্জন্য তাহাকে এক্ষণে পাগলা গারদে রাখা হইবে।

কর্ণ্বতলার মহারাজ গ্লাডষ্টোন ও রোজবেরি সাহেবের সহিত সাক্ষাৎ করিয়াছিলেন। মহারাণীর জন্ম দিনের উৎসব উপলক্ষে যে ভোজ হইয়াছিল তাহাতে মহারাজ বাহাদুর লর্ড কিম্বার্লির সহিত একত্রে আহারাদি করিয়াছিলেন।

প্রিন্স অফ ওয়েলসের পুত্র ডিউক অফ ইয়র্কের সহিত টেকরাজকুমারী ভিক্টোরিয়া মেয় বিবাহ কার্য্য আগামী ৬ই জুলাই সেণ্ট জেম্‌স্ প্রাসাদে সম্পন্ন হইবে বলিয়া সরকার হইতে ঘোষণা করিয়া দেওয়া হইয়াছে।

লর্ড হার্সেলের কমিটীর রিপোর্টে কমটীর মেম্বরেরা সকলেই স্বাক্ষর করিয়াছেন। ফলে কি দাঁড়াইয়াছে এখনও তাহা প্রকাশিত হয় নাই। রিপোর্ট খুব বড় হইয়াছে সেই জন্য উহার সংক্ষেপ করিয়া তারযোগে ফলাফল ভারত গবর্ণমেণ্টকে জানান হইবে এইরূপ স্থির হইয়া গিয়াছে, কিন্তু আবার শুনা যাইতেছে, তারে সংবাদ আসিবে না, রিপোর্ট মেলযোগে আসিবে।

শ্যাম ও ফরাসীর মধ্যে যে বিবাদ বাধিয়াছে, ইংরেজপক্ষ তাহাতে কোনরূপ হস্তক্ষেপ করিবেন না, লর্ড রোজবেরী শ্যামকে এ কথা জানাইয়াছেন।

বিলাতের ন্যায় ভারতেও যাহাতে সিভিল সর্ভিস পরীক্ষা গৃহীত হয় এবং পরীক্ষা একই সময়ে হয়, কমন্স হাউসের অন্যতম সভ্য পল সাহেব কমন্স সভায় এতৎ সম্বন্ধে প্রস্তাব উত্থাপন করেন। সম্প্রতি কমন্স সভায় পল সাহেবের প্রস্তাব গ্রাহ্য হইয়াছে। ১৬০টী ভোটের মধ্যে পল সাহেবের পক্ষে ৮৪টী ভোট হইয়াছিল। অণ্ডার সেক্রেটরী মিঃ রসেল পল সাহেবের প্রস্তাবের বিরোধী ছিলেন।

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—হুগলীর প্রতিনিধি ডিঃ ও সেঃ জজ ওয়াইট সাহেব অপর আদেশ যাবৎ ১ম শ্রেণীর ডিঃ ও সেঃ জজ হইলেন। ফলৌপ্রাপ্ত মাঃ ও কঃ ফিভিয়ান সাহেব যশোহরের মাঃ ও কঃ হইলেন। রঙ্গপুরের প্রতিনিধি মাঃ ও কঃ হ্যারিস সাহেব, ঢাকার প্রতিনিধি মাঃ ও কঃ জেঙ্কিন্স সাহেব, গয়ার প্রতিনিধি মাঃ ও কঃ ম্যাকফারলন সাহেব, ত্রিপুরার প্রতিনিধি মাঃ ও কঃ গ্রিয়ার সাহেব স্ব স্ব পদে পাকা হইলেন। ২৪ পরগণা ও হুগলীর অতিরিক্ত প্রতিনিধি ডিঃ ও সেঃ জজ উইলকিন্স সাহেব উক্ত পদে পাকা হইলেন। বর্দ্ধমানের ফলৌ প্রাপ্ত ডিঃ ও সেঃ জজ ব্যাডকক সাহেব ভগলপুরের ডিঃ ও সেঃ জজ হইলেন। বর্দ্ধমানের প্রতিনিধি ডিঃ ও সেঃ জজ পিটার্সন সাহেব, ঢাকার ছুটীপ্রাপ্ত প্রতিনিধি ডিঃ ও সেঃ জজ ব্রেট সাহেব এবং বাখরগঞ্জের প্রতিনিধি ডিঃ ও সেঃ জজ ষ্টেলি সাহেব স্ব স্ব পদে পাকা হইলেন। ছুটী প্রাপ্ত আঃ মাঃ ও কঃ মিঃ গুডিভ চক্রবর্ত্তীর কার্য্য অস্থায়ীরূপে ভারতগবর্ণমেণ্টের আয় ও বাণিজ্য বিভাগের অধীনে থাকিল। চম্পারণের মাঃ ও কঃ ক্লাইদ সাহেব অপর আদেশ যাবৎ ১ম শ্রেণীর মাঃ ও কঃ হইলেন। হুগলীর প্রতিনিধি মাঃ ও কঃ ডিউক সাহেব অপর আদেশ যাবৎ ২য় শ্রেণীর মাঃ ও কঃ হইলেন। বালেশ্বর ভদ্রকের সব ডে কঃ বাবু কার্ত্তিকচন্দ্র রায় চৌধুরী ৩ মাসের ছুটী পাইলেন। বালেশ্বরের প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু যতীন্দ্রমোহন সিংহ উক্ত জেলার ভদ্রক মহকুমায় বদলী হইলেন। ফলৌপ্রাপ্ত সব ডেঃ কঃ বাবু বরদাদাস বসু সাঁওতালপরগণার দেওঘর মহকুমায় স্থাপিত হইলেন। ভগলপুরের আঃ মাঃ ও কঃ হিউস সাহেব অস্থায়ীরূপে গয়া জেলার সদরে বদলী হইলেন। বেনারসের অহিফেন এজেণ্ট রিভেট কার্ণাক সাহেব ১ মাসের ছুটী পাইলেন। রংপুর নীলফামারির ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু অক্ষয়কুমার চট্টোপাধ্যায় ৩ মাসের ছুটী পাইলেন। ছুটীপ্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু অক্ষয়কুমার বসু রংপুর নীলফামারিতে বদলী হইলেন। ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু পূর্ণচন্দ্র বসাক আর ৩ মাসের ছুটী পাইলেন। ছুটীপ্রাপ্ত জঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ সূর্য্যকুমার অগস্ত্য বর্দ্ধমান জেলার সদরে স্থাপিত হইলেন। ঢাকার ডিঃ ও সেঃ জজ ব্রেট সাহেব ১ মাস ২০ দিন ছুটী পাইলেন। শিক্ষানবীশ সব ডেঃ কঃ বাবু হরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় সাহাবাদে স্থাপিত হইলেন।

শিক্ষা—রাজসাহী কলেজের প্রতিনিধি প্রিন্সিপাল লিঙ্কিংষ্টোন সাহেব বাঙ্গাল শিক্ষা সংক্রান্ত সর্ভিসের ৪র্থ শ্রেণীতে পাকা হইলেন। উড়িষ্যা বিভাগের অস্থায়ী স্কুল ইনস্পেক্টর বাবু রাধানাথ রায় ১ম শ্রেণীতে পাকা হইলেন। প্রেসিডেন্সী কলেজের সংস্কৃত অধ্যাপক বাবু নীলমণি মুখোপাধ্যায় ২য় শ্রেণীতে পাকা হইলেন। উত্তরপাড়া কলেজের প্রিন্সিপাল বাবু শ্যামাচরণ গাঙ্গুলী অপর আদেশ যাবৎ ২য় শ্রেণীতে কার্য্য করিবেন। ছাপরা জেলাস্কুলের হেডমাষ্টার বাবু ক্ষীরোদচন্দ্র রায় চৌধুরী ৩য় শ্রেণীতে পাকা হইলেন। মেদিনীপুরের ডেপুটী ইনস্পেক্টর বাবু উমাপ্রসাদ দে প্রোটেম ৩য় শ্রেণীতে নিযুক্ত হইলেন। কৃষ্ণনগর কলেজের লেক্চারার মিঃ দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায় ৪র্থ শ্রেণীতে উন্নীত হইলেন। কমিল্লা জেলা স্কুলের হেডমাষ্টার বাবু কৈলাসচন্দ্র ভট্টাচার্য্য প্রোটেম ৪র্থ শ্রেণীতে নিযুক্ত হইলেন। প্রেসিডেন্সী বিভাগের স্কুলসমূহের সহকারী ইনস্পেক্টর বাবু চন্দ্রমোহন মজুমদার ২ মাস ৭ দিনের ছুটী পাইলেন। ২৪ পরগণার স্কুলসমূহের ডেপুটী ইনস্পেক্টর বাবু মতিলাল মৈত্র প্রেসিডেন্সী বিভাগের সহকারী ইনস্পেক্টর নিযুক্ত হইলেন।

বিচার—আমতা ও উলুবেড়িয়ার অতিরিক্ত মুঃ বাবু চন্দ্রভূষণ বন্দ্যোপাধ্যায় ফরিদপুর জেলার ফরিদপুর ও মাদারিপুরের মুন্সেফ হইলেন। ফরিদপুর ও মাদারিপুরের ছুটীপ্রাপ্ত অতিরিক্ত মুঃ বাবু রজনীনাথ মিত্র হুগলী জেলায় উলুবেড়িয়া ও শ্রীরামপুরের অতিরিক্ত মুঃ নিযুক্ত হইলেন। বাবু কালীকুমার সরকার বি এল ২৪ পরগণা ডায়মণ্ড হারবারের মুঃ হইলেন। বাবু জয়প্রসাদ পাণ্ডে বি এল পুর্ণিয়া সদরের মুঃ হইলেন। কলিকাতা পুলিসের প্রতিনিধি ডেঃ কমিঃ প্যাজেট সাহেব ছোটনাগপুর বাহাদুরের শাসনাধীনে জষ্টিস অফ দি পিস হইলেন। ছোটনাগপুর বড়রাজারের ছুটীপ্রাপ্ত মুঃ বাবু মন্মথনাথ চট্টোপাধ্যায় নদীয়া কৃষ্ণনগরের মুঃ হইলেন। নদীয়া কৃষ্ণনগরের মুঃ বাবু সারদাপ্রসাদ চট্টোপাধ্যায় নোয়াখালি লক্ষ্মীপুরের মুঃ হইলেন। নোয়াখালি লক্ষ্মীপুরের মুঃ বাবু বিপ্রদাস চট্টোপাধ্যায় ছোটনাগপুর বড় বাজারের মুঃ হইলেন। বাবু সুকুমার ভট্টাচার্য্য এম এ বি এল মেদিনীপুর ঘাটালের মুঃ হইলেন। ত্রিপুরার সবজজ বাবু গিরিশচন্দ্র চট্টোপাধ্যায় আর ৩ মাসের ছুটী পাইলেন। বাবু ভগবতীচরণ কুণ্ডু বি এল ত্রিপুরা কুমিল্লার মুঃ হইলেন। বাখরগঞ্জের সবজজ বাবু দ্বারকানাথ মিত্র আর ৪ দিনের ছুটী পাইলেন। কলিকাতায় পোর্ট অফিসর কাপ্তেন বি পি ক্রিগ কলিকাতায় প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট হইলেন। বীরভূম বোলপুরের অতিরিক্ত মুঃ বাবু বিরজাচরণ মিত্র আর ৭ দিনের, পুর্ণিয়ার মুঃ সৈয়দ আবদুল আজিজ ৩০ দিনের, মেদিনীপুর গড়বেতার মুঃ বাবু অপূর্ব্বকৃষ্ণ সেন ২ মাসের, নদীয়া কুষ্টীয়ার মুঃ বাবু অন্নদাচরণ সেন ১১ দিনের এবং ২৪ পরগণা ডায়মণ্ড হার্ব্বারের মুঃ বাবু প্রসন্নকুমার সেন আর ৩ সপ্তাহের ছুটী পাইলেন।

উদ্ভট কবিতা।

[৩৮১]

শাখিনি শাখিনি কুসুমং
কুসুমে কুসুমে মধুব্রতকুলানি
বিরলং সন্মধুকুসুমং
বিরলো মধুতস্ববিন্মধুপঃ।

[৩৮২]

পিকস্য মুকীকুরু ধূমযোনে
ভেকস্য সৈকৈর্মুখরীকুরুষ
কিন্তু ত্বমিন্দোরপিধায় বিম্বং
খদ্যোতমুদ্যোতয়সীতাসঙ্গং।

[৩৮৩]

হরিনখর বিযুক্তারক্তরক্তাংশুজানাং
পরিণত বদরাণাং বিভ্রমালোপগৃহ্য
ঊষসি পরসি দৌতা প্রত্যভিজ্ঞায়মুক্তা
ইতি কিরতি কিরাতী হন্তকান্তারমধ্যে।

নিম্নলিখিত ছাত্র ও ছাত্রীগণ ভিন্ন ভিন্ন মেডিকেল স্কুল সমূহ হইতে ১৮৯৩ সালের ডিপ্লোমা পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

পারদর্শিতানুসারে।

১	তারাপ্রসন্ন সরস্বতী	ক্যাম্বেল মেডিকেল স্কুল
২	কাদম্বিনী মুখোপাধ্যায়	ঐ
৩	শ্রীমতী সুশীলা দেবী	ঐ
৪	শ্রীমতী বনতোষিণী চন্দ্র	ঐ
৫	গোকুলবিহারী মৈত্র	ঐ
৬	জেল্লা রহমন মিয়া	ঐ
৭	পূর্ণচন্দ্র সাহা	ঐ
৮	শ্রীমন্তচন্দ্র শীল	ঐ
৯	কাশীশ্বর রায়	ঐ
১০	সৈয়দ মুক্তাসেদ হোসেন	ঐ
১১	ত্রিপুরেশচন্দ্র ব্রহ্ম	ঐ
১২	অমরেশচন্দ্র রায়	ঐ
১৩	অটলবিহারী সরকার	ঐ
১৪	উমেশচন্দ্র সরকার	ঐ
১৫	ফকির দাস বন্দ্যোপাধ্যায়	ঐ
১৬	হৃষীকেশ দাস	ঐ
১৭	হৃষীকেশ মজুমদার	ঐ
১৮	যদুনাথ চক্রবর্ত্তী	ঐ
১৯	উপেন্দ্রনাথ চৌধুরী	ঐ
২০	নারদচন্দ্র বসু	ঐ
২১	শ্রীমতী লক্ষ্মীমণি দেবী	ঐ

পারদর্শিতানুসারে।

১	শরচ্চন্দ্র ভট্টাচার্য্য	ঢাকা মেডিকেল স্কুল
২	শরচ্চন্দ্র চক্রবর্ত্তী	ঐ
৩	সুরেন্দ্রকুমার দত্ত	ঐ
৪	কাশীশ্বর চক্রবর্ত্তী	ঐ
৫	জগদ্বন্ধু রায়	ঐ
৬	রাসবিহারী ঘোষ	ঐ
৭	চন্দ্রকান্ত চক্রবর্ত্তী	ঐ
৮	উমেশচন্দ্র গুপ্ত	ঐ
৯	সীতানাথ বন্দ্যোপাধ্যায়	ঐ
১০	গগনচন্দ্র কর্ম্মকার	ঐ
১১	বঙ্কুবিহারী সাহা	ঐ
১২	মধুসূদন চৌধুরী	ঐ
১৩	রাজেন্দ্রকুমার বসু	ঐ
১৪	রাজকুমার দাস	ঐ
১৫	তারিণীচরণ বিশ্বাস	ঐ
১৬	অশ্বিনীকুমার কর	ঐ
১৭	বিনোদবিহারী চক্রবর্ত্তী	ঐ
১৮	রামচন্দ্র গোপ	ঐ
১৯	চন্দ্রনাথ পাল	ঐ
২০	অমৃতলাল গুহ	ঐ
২১	ললিতমোহন চক্রবর্ত্তী	ঐ
২২	মহিমচন্দ্র দত্ত	ঐ
২৩	শশিচন্দ্র চৌধুরী	ঐ
২৪	শরচ্চন্দ্র বসাক	ঐ
২৫	বৈকুণ্ঠচন্দ্র চক্রবর্ত্তী	ঐ
২৬	তারিণীকান্ত দাস	ঐ
২৭	রামদুর্লভ চক্রবর্ত্তী	ঐ
২৮	বিজয়নাথ ভাদুড়ী	ঐ

পারদর্শিতানুসারে।

১	ভুবনানন্দ নায়েক	কটাক মেডিকেল স্কুল
২	দেবেন্দ্রনাথ অধিকারী	ঐ
৩	গোপালচন্দ্র পাল	ঐ
৪	কার্ত্তিকচন্দ্র কর মহাপাত্র	ঐ
৫	উমাপ্রসাদ মহান্তি	ঐ
৬	প্যারীলাল দত্ত	ঐ
৭	মহেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়	ঐ
৮	সৈয়িদ একমরাম রসুল	ঐ
৯	ভুবনমোহন মিশ্র	ঐ
১০	মহেন্দ্রনাথ দাস	ঐ
১১	লিঙ্গরাজ ধোরা	ঐ
১২	গোপালচন্দ্র দে	ঐ
১৩	শ্রীমতী রাজো	ঐ
১৪	আশুতোষ বসু	ঐ
১৫	কুদ্রুদ্দীন খাঁ	ঐ
১৬	সেখ কাদের বক্স	ঐ
১৭	উমাচরণ পাণিগ্রাহী	ঐ

পারদর্শিতানুসারে।

১	সেখ আব্বিজা হোসেন পাটনা টেম্পল মেঃ স্কুল	
২	বিপিনবিহারী বসু	ঐ
৩	বিহারীলাল মজুমদার	ঐ
৪	কার্ত্তিকচন্দ্র ঘোষ	ঐ
৫	মাসুক আলি খাঁ	ঐ
৬	ভূদেবচন্দ্র ঘোষাল	ঐ
৭	রজনীকান্ত বাগচি	ঐ
৮	হাফিজ মহম্মদ ইনরায়েল হক	ঐ
৯	আবদুল হাকিম	ঐ
১০	ললিতমোহন মুখোপাধ্যায়	ঐ
১১	মহম্মদ মুসুরু	ঐ
১২	গোলাম পল্লাটন	ঐ
১৩	আবদর রহমন	ঐ
১৪	আশুতোষ চক্রবর্ত্তী	ঐ
১৫	সৈয়দ আলি মহম্মদ	ঐ
১৬	ওয়ালি আহমেদ	ঐ
১৭	সৈয়দ মজহর আলি	ঐ
১৮	ঈশানচন্দ্র দাস	ঐ

উল্লিখিত স্কুলে নাগপুরের ছাত্র। ১ লক্ষণ বাপুজী, ২ রামগদি, ৩ বলবন্ত লক্ষ্মণ, ৪ ভগবল ডিম মিসির, ৫ চন্দ্রভান।

বিজ্ঞাপন।

শিক্ষা সংক্রান্ত।

আগামী মধ্য ইংরাজী, মধ্য বাঙ্গলা ও উচ্চ প্রাথমিক ছাত্রবৃত্তি পরীক্ষা ইতিপূর্ব্বে ১৮৯৩ সালের ১০ই অক্টোবর আরম্ভ হইবে স্থির হইয়াছিল। কিন্তু এক্ষণে উক্ত তারিখের পরিবর্ত্তে ১৮৯৩ সালের ৩রা অক্টোবর বাঙ্গালা ১৮ই আশ্বিন মঙ্গলবার পরীক্ষা আরম্ভ হইবে ধার্য্য হইয়াছে।

Hooghly, 10th. May 1893. } (Sd) Beni Madhav De. Offg Inspector of Schools, Burdwan Division.

দ্রষ্টব্য।

হুগলির উকিল শ্রীযুক্ত বাবু দীননাথ ধরের ভাতশুয়া চুঁচুড়ার বাহিরের নিকট গঙ্গার ধারের পথে একটী ওয়াটারবারি ওয়াচ কুড়িয়া পাইয়াছে। ওয়াচটী দীননাথ বাবুর নিকট আছে, অনুসন্ধান লইলে মালিক ঘড়ি পাইতে পারিবেন।

কর্ম্মখালি।

Wanted a Head Clerk for the Settlement Branch of the office of the Director of the Department of Land Records and Agriculture. Pay Rs 120 a month. Apply with certificates to W. C. Macpherson Esqr. C. S. Offg. Director of Land Records, Writers' Buildings, Calcutta.

Wanted an M. A. with some experience in teaching for the Patriotic Institution, Calcutta. Salary Rs 50 a month. Apply soon with copies of testimonials to Babu Upendra Mohan Chowdhuri, Asst. Suptd. No. 18 Guru Prosad Chowdhuri's Lane, Calcutta.

Wanted an experienced F. A. Head Master for the Afzalpur M. E. School on Rs 24 a month. The place is some 12 miles north of the Ranigunj Station E. I. R. Apply soon to Babu Chandra Sekhar Tewari, Pleader, Purulia Manbhoom.

Wanted a private tutor on salary Rs 20. Labour—3 hours in the evening. None need apply who has not passed the B. A. Examination. Lodging free. The applicant must be strong in Mathematics. Apply to Baboo Naresh Chandra Chandra Babuganj, Hugli. The application must reach within this month.

Wanted an A Course B A. additional Hd. Master for the Madhubani H. E. School on Rs 30 a month. The selected candidate must have to stick to the post for at least one year. Apply before 20th June to the Head Master, Babu Hari Charan Chatterjee, Madhubani, Via Sakri, T. S. Ry.

Wanted a Head Master for the Siddhipasa Union M. E. School, P. O. Fultollah, Dt. Khulna. Salary Rs 20 a month. Siddhipasa is one of the Steamer-Stations of the Nowpara Magura line and only two miles from the nearest Railway Station. Apply soon stating age and caste to the Secy. Babu Saroda Charan Basu B A.

Wanted a Hd. Master on Rs 40 a month for the Boraul H E. School, 24 Pergannas. Apply to Babu Prosunno Koomar Mukherjee, Clerk, Bengal Accountant General's Office, Calcutta.

Wanted an experienced Hd. Master for the Bhitarbund M. E. School Dt. Rungpur, on Rs 25 a month. Free quarters allowed. Apply sharp to Babu T. N. Maitra, Secy.

জেলা ফরিদপুর, পোষ্ট মোচনা, মনীক্ষীর মঃ ইং স্কুলের জন্য মাসিক ১২৲ টাকা বেতনে নর্ম্মাল ত্রৈবার্ষিক পরীক্ষোত্তীর্ণ হেড পণ্ডিতের প্রয়োজন। বেতন ব্যতীত খোরাক স্বতন্ত্র দেওয়া যাইবে। সম্পাদক শ্রীদেবীচরণ সরকারের নিকট আবেদন করুন।

জেলা যশোহর পোঃ মাগুরা হাজরাপুর সাহায্য প্রাপ্ত মঃ বা স্কুলের জন্য নর্ম্মাল ত্রৈবার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ হেড পণ্ডিতের আবশ্যক। মাসিক বেতন ১৫৲ টাকা। যশোহর মাগুরার স্কুল ইনস্পেক্টর শ্রীযুক্ত মধুসূদন সরকারের নিকট শীঘ্র আবেদন করুন।

জেলা পাবনা বাগবাটী পোষ্ট, বাগবাটী মঃ ইং স্কুলের জন্য নর্ম্মাল ত্রৈবার্ষিক জনৈক পণ্ডিতের প্রয়োজন। মাসিক বেতন ১৫৲ টাকা; বাসা খরচ বাদে ১০৲ টাকা। বাগবাটী সিরাজগঞ্জের অতি সন্নিকটে অবস্থিত। সেক্রেটারী শ্রীযুক্ত গোবিন্দলাল রায়ের নিকট সত্বর আবেদন করুন।

জেলা রঙ্গপুর নীলফামারী সার্কেলের পাঠশালার জন্য মধ্য ইং অথবা মধ্য বাং পরীক্ষায় উত্তীর্ণ ৩ জন বিশুদ্ধ চরিত্র ব্রাহ্মণ শিক্ষক আবশ্যক। মাসিক আয় প্রত্যেকের আট টাকার ন্যূন নহে। আহারীয় পাইতে পারিবেন। নীলফামারী সার্কেলের সব ইনস্পেক্টর বাবু ডি, এন বাগচির নিকট আবেদন করুন।

রামপুর বোয়ালিয়ার এক মাইল দূরবর্ত্তী সোঁপুরা নিবাসী জমিদার শ্রীযুক্ত বাবু উদয়নারায়ণ ভাদুড়ী মহাশয়ের পুত্রদিগকে পড়াইবার জন্য মাসিক ২০৲ টাকা বেতনে বি এ পাস অথবা বি এ ফেল এক জন মাষ্টার এবং মাসিক ১০৲ দশ টাকা বেতনে নর্ম্মাল ত্রৈবার্ষিক পরীক্ষোত্তীর্ণ জনৈক পণ্ডিতের প্রয়োজন। উভয়েই বাসা খরচ স্বতন্ত্র পাইবেন। জাতিতে উভয়েই ব্রাহ্মণ হওয়া আবশ্যক। শ্রীযুক্ত বাবু রামচরণ বন্দ্যোপাধ্যায়ের নিকট ২০শে জুন মধ্যে আবেদন করুন। গ্রাম সোঁপুরা, পোষ্ট কাজলা, জেলা রাজসাহী।

হোগলডাঙ্গা মঃ ইং স্কুলের জন্য মাসিক ১৫ টাকা বেতনে হেড মাষ্টারের প্রয়োজন। বাসস্থান ও খোরাকির ব্যয় কিছুই লাগিবে না। সম্পাদক শ্রীমতিলাল সোমের নিকট আবেদন করুন। ফকিরহাট পোষ্ট, জেলা খুলনা।

বিশেষ দ্রষ্টব্য।

বাচস্পত্য অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২০৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
বুধোদয় প্রেস।
হুগলী।

বিজ্ঞাপন।

প্রসিদ্ধ ধাত্রী-শিক্ষাদি গ্রন্থের প্রণেতা ডাক্তার

শ্রীযদুনাথ মুখোপাধ্যায় প্রণীত।

১। বাঙ্গালির মেয়ের নীতি-শিক্ষা।

(পুত্রীর প্রতি পিতার উপদেশ) দাম ১৲ টাকা।

ডাকমাশুল ⁄০ আনা।

"বাঙ্গালীর মেয়ের নীতি শিক্ষা" যেরূপ প্রয়োজনীয়, ইহা তাহাই হইয়াছে। বলিতে কি, এ খানিকে বাঙ্গালীর মেয়ের জন্য বাঙ্গলা বেদ বলাও যাইতে পারে।"

শ্রীভারত সামশ্রমী।

(বেদের অনুবাদক ও সমালোচক।)

"আমরা এই পুস্তক খানি বঙ্গরমণী মাত্রকেই মনোযোগ সহকারে পাঠ করিতে পরামর্শ প্রদান করিতেছি।"

সহচর। ৬ই অগ্রহায়ণ ১২৯৭।

যদি রমণীদিগকে পুস্তক পড়ানই হয়, তবে এই রকম বই পড়ানই উচিত।"

সমালোচক ১ম সংখ্যা, বৈশাখ ১২৯৬।

"বাঙ্গালির মেয়ের নীতি-শিক্ষা" আমাদের অমূল্য রত্ন। প্রণেতা—শ্রীমানকুমারী দাসী। ("প্রিয়প্রসঙ্গ" প্রভৃতি গ্রন্থের রচয়িত্রী) সাগরদাঁড়ী।

২। সরল ভৈষজ্য-প্রকাশ। (সহজ মেটিরিয়া মেডিকা) দ্বিতীয় ভাগ—গৃহস্থ আর পাড়াগাঁয়ের ডাক্তারদের জন্যে। দাম ১৲ টাকা, ডাকমাশুল ⁄১০।

৩। পল্লিগ্রাম। দাম ।০, ডাকমাশুল ⁄১০।

পল্লিগ্রাম পড়িয়া বঙ্গবাসী কি বলিয়াছেন দেখুন:—

"মুখোপাধ্যায় মহাশয় হৃদয়বান্ পুরুষ। দেশের জন্য তাঁহার প্রাণ পুড়ে, দেশের লোকের দ্বারা দেশের সর্ব্বনাশ হইতেছে, ইহা দেখিয়া, তিনি স্থির থাকিতে পারেন না; তাই তিনি এই "পল্লিগ্রাম" লিখিয়াছেন। 'পল্লিগ্রামে' স্বদেশ-হিতৈষীর অনেক প্রাণের কথা আছে; মনের আক্ষেপ আছে; ইংরেজী শিক্ষিত বিকৃতমস্তিষ্ক বাবুর ব্যবহারের উল্লেখ করিয়া, মর্ম্মান্তিক কথা আছে। বাঙ্গালায় যিনি পড়িতে জানেন এবং পড়িয়া দেশের অবস্থা ভাবিতে পারেন, আমরা আশা করি, তিনিই 'পল্লিগ্রাম' পড়িবেন এবং পড়িয়া অধম আমাদের জন্মভূমি বঙ্গদেশের জন্য দুই ফোটা চক্ষের জল ফেলিবেন!"

পল্লিগ্রামের স্বাস্থ্যোন্নতির জন্য, বোধ করি, শম্ভু বাবুর ন্যায় দেশের আর কোন লোক এত মস্তিষ্ক চালনা করেন নাই। যদু বাবু এক জন বঙ্গের প্রকৃত হৃদয়বান ব্যক্তি। তাঁহার শরীর পালন, তাঁহার ধাত্রী-শিক্ষা এ দেশের পল্লিতে পল্লিতে যুগান্তর উপস্থিত করিয়াছে; এই পল্লি-গ্রামের আরও যুগান্তর উপস্থিত করিবে। ইহাতে অনেক কাজের কথা প্রকৃত হৃদয়ের ভাষাতে লিপি-বদ্ধ হইয়াছে। নব্যভারত ১০ম খণ্ড, ১১শ সংখ্যা, ফল্গুন, ১২৯৯।

বঙ্গবাসী, ১২ই অগ্রহায়ণ ১২৯৯।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

ম্যানেজার, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়।

১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

৩৯২ নং

সংক্ষিপ্ত পদার্থদর্শনের প্রশ্নোত্তর।

পণ্ডিত প্রবর শ্রীযুক্ত প্রসন্নকুমার চক্রবর্ত্তী প্রণীত। মূল্য ⁄০ পাঁচ আনা মাত্র। যত গুলি সং পদার্থদর্শনের প্রঃ উঃ এ পর্য্যন্ত প্রকাশিত হইয়াছে এখানা তাহাদের অপেক্ষা কোন অংশে নিকৃষ্ট নহে বরং অনেকাংশে উৎকৃষ্ট। যে স্কুলে এক খানিমাত্র এই প্রঃ উঃ প্রবেশ লাভ করিয়াছে সে স্কুলের সমস্ত ছাত্রই ইহা ক্রয় করিতেছে। এককালে এক প্যাকেটে ৫ খানি এই প্রঃ উত্তর লইলে স্কুলের শিক্ষকদিগকে শতকরা ১৫৲ টাকার হিসাবে কমিসন দিয়া থাকি; অধিকন্তু আমি নিজ হইতে ডাক মাশুল দিই। কাগজ, ছাপা ও বাঁধাই সমস্তই উৎকৃষ্ট। ভিঃ পিঃ ডাকে পাঠাইয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র দত্ত।

ভারত পুস্তকালয়, পটলডাঙ্গা, বৌবাজার পোষ্ট কলিকাতা।

৩৯৯নং

ইউক্লিডের জ্যামিতি প্রথম অধ্যায়।

(সংশোধিত এবং পরিবর্দ্ধিত।)

শ্রীযুক্ত বাবু ব্রহ্মমোহন মল্লিক প্রণীত। ২৩শ সংস্করণ প্রকাশিত হইয়াছে। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৯৭ নং ম্যানেজার।

গিরিশ লাইব্রেরী।

এখানে ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল, এ; বি, এ ক্লাসের সর্ব্বপ্রকার পাঠ্যপুস্তক ও অর্থ পুস্তকাদি এবং নাটক, নভেল প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়। ভিঃ পিঃ ডাকেও পুস্তক পাঠাই। ২১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৮৪নং

সাহিত্য ডিপজিটারী।

২২০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রেন্স, এল এ, বি এ, এম এ, ডাক্তারী, মোক্তারী, বি এল প্রভৃতির সর্ব্ববিধ পাঠ্য ও অর্থ পুস্তক, সুলভ মূল্যে আমাদের দোকানে পাওয়া যায়। সর্ব্বপ্রকার ইংরাজী বাঙ্গালা নাটক, নভেল প্রভৃতি সর্ব্বদা আমাদের নিকট মজুত থাকে। মফস্বলে ভ্যালুপেবেলেও পাঠাইয়া থাকি।

পাইকারী খরিদারদিগকে যথেষ্ট কমিসন দিয়া থাকি। পত্র লিখিলে সবিশেষ জানিতে পারিবেন।

শ্রীযতীশচন্দ্র সমাজপতি।

৩৮৭নং

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু কর্ত্তৃক সংকলিত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য ⁄০ আনা

ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "

ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব।০ "

সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তালিকায় পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালার পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।

১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট—কলিকাতা।

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৬ বৎসর উহা বিনামূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-যশের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার লেপনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সম-ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনা ব্যয়ে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৷৷০ টাকা, প্যাকিং ।০ আনা

২ শিশি একত্রে লইলে খরচা ৷৷৵০ আনা সুলভ হয়।

শ্রীকালীদাস সরকার।
গবর্ণমেণ্ট পেন্সনার—লক্ষ্ণৌ।

৩৭৩নং

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বলবীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রি-জাগরণ, অতিরিক্ত পান-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা-হাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত!

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-ফোলা-কাসিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দ্বৈকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকায় সে জ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে, ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্পদিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধে অতি সামান্য রোগও আরাম হয়। বিধাতার বিচিত্রবিধান বুঝা ভার!

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন। প্লীহা জ্বর-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগীকে এই এক ৩নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

বটিকার সংখ্যা,	মূল্য,	ডাকমাঃ,	প্যাকিং
১নং কৌটা	১৮	৷৷৵০	।০	৵০
২নং কৌটা	৩৬	১৵০	।০	৵০
৩নং কৌটা	৫৪	১৷৷৵০	।০	৶০

ভ্যালুপেবলে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।
১২ নং মুজাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা।

৩৭৪নং

পাঁড়ে ব্রাদার্স।

পুস্তক ও দেশী বস্ত্র বিক্রেতা।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্ কলিকাতা।

এখানে ইংরাজি বাঙ্গালা সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য সর্ব্ব প্রকার পুস্তক, তৎসমস্তের নানা প্রকার কি, নোট, অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি সর্ব্ব প্রকার পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে। বিলাতি পুস্তক বিলাত হইতে আনা হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা ১৸০ মূল্য জোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও ব্যবহারীর জন্য চলিবে ও ২৷৷০, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ নয়নসুক, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকটও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য ।৵০ বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ ৵০
৩২ খানি উৎকৃষ্ট চিত্রসহ

নীতি কথামালা	।০	মানবতত্ত্ব	১৷০
আর্য্যচরিত	।০	ধর্ম্মবিজ্ঞান	১৲
আর্য্যশিক্ষা	৷৷৵০	অদ্ভুত স্বপ্ন বা স্ত্রী পুরুষের দ্বন্দ্ব	৷৷০
বাঙ্গলা ব্যাকরণ	।৵০	বিজ্ঞানসার	১৲
শিশু বিজ্ঞান	৶০	লীলাবতী (অঙ্কপুস্তক)	৷৷০
বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ	৵০		

৩৭৫ নং শ্রীমনোমোহন পাঁড়ে

বার্ষিক ৫০০৲ টাকা বৃত্তি।

ভারতবর্ষীয় মহামণ্ডলীর মুখ্যতম উদ্দেশ্যের অনুসরণ করিয়া ৺বিশ্বনাথ চতুষ্পাঠীতে বার্ষিক পঞ্চাশৎ টাকা পরিমাণে এক একটী করিয়া দশটী বৃত্তি স্থাপিত হইয়াছে। সে যে চতুষ্পাঠীতে ব্যাকরণাদি করিয়া কোন দর্শন শাস্ত্র বিশেষতঃ বেদান্ত শাস্ত্র পর্য্যন্ত অধ্যাপিত হয়, সেই সেই চতুষ্পাঠীতে এই বৃত্তিগুলি দেওয়া যাইবে। অধ্যাপক ইচ্ছা করিলে ঐ বৃত্তি ত্রৈমাসিক বা ষাণ্মাসিক বা বার্ষিকরূপে গ্রহণ করিতে পারিবেন। ছাত্রদিগের বিদ্যাবত্তা ও সচ্চরিত্রতা সম্পাদন নিমিত্ত অধ্যাপক মহাশয়দিগকে অপর কোন নিয়মের অধীন হইতে হইবেনা। যে সমস্ত অধ্যাপক বৃত্তি লইতে ইচ্ছা করিবেন, তাঁহারা অগ্রিম তাঁহাদিগের ছিকাথীরা অধ্যাপকের নাম ধাম ছাত্রসংখ্যা ও প্রত্যেক ছাত্রের অধীতব্য বিষয় লিখিয়া আমাকে সংবাদ দিবেন।

চুঁচুড়া বিশ্বনাথ চতুষ্পাঠীর
অধ্যাপক শ্রীহরিনাথ স্মৃতিভূষণ।

মহাকাব্য আর্য্যনারী গাথা।

১৭টী হিন্দু বীরনারীর চরিত্র বিষয়ক।

(কলিকাতা রিভিউ পত্রিকার বিশেষ প্রশংসিত)

রাজপুতানা জয়পুর মহারাজার কলেজ শ্রীযুক্ত মেঘনাথ ভট্টাচার্য্যের নিকট প্রাপ্তব্য। মূল্য ৷৷৵০। ৩৯৪নং

শ্রীমদ্ভগবদ্ গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ⁄০।

ঐ বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ।৵০ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা উৎকৃষ্টরূপ বাঁধা মূল্য ৷০ আট আনা, ডাঃ মাঃ ⁄১০।

কবির (জগদ্গুরু মহাত্মা কবির সাহেবের ২৫৩টী দোহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ ⁄১০।

কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০।১ নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

পাটীগণিত।

নূতন সংস্করণ।

শ্রীপ্রসন্নকুমার সর্ব্বাধিকারী প্রণীত।

সুপ্রসিদ্ধ গণিতশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম, এ, মহাশয়ের দ্বারা সমাক্রূপে সংশোধিত পরিবর্দ্ধিত ও পরিবর্ত্তিত। ইহাতে সুকৌশল সম্পন্ন প্রশ্নাবলী সন্নিবেশিত এবং উহাদের ভূরি পরিমাণে সমাধান করা হইয়াছে। ৫৭৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। উত্তম কাপড়ে বাঁধা, মূল্য ১৷৵০। বলা বাহুল্য ইহা চিরকাল সর্ব্বাদৃত, অধুনা আরও অধিক পরিমাণে স্কুলাদিতে পাঠ্যরূপে নির্দ্দোষিত হইতেছে এবং বঙ্গবাসী প্রভৃতি সংবাদ পত্র ভূয়সী প্রশংসা করিতেছেন। নিম্নলিখিত এবং অন্যান্য স্থানে পাওয়া যায়।

বি, ব্যানার্জ্জি এণ্ড কোং।

৯৫নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, ৫৬নং কলেজ ষ্ট্রীট, ৫১নং পুরাতন চীনেবাজার, কলিকাতা। ৫৫নং পটুয়াটুলি ঢাকা।

৩৮৮নং

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸০ বার আনা, ডাঃ মাঃ ⁄০ এক আনা। এখানি ১৮৯৭ অব্দের মাইনর পরীক্ষায় ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহাতে বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গল্প হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ⁄১০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
সংস্কৃত প্রেসডিপজিটরি।
১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত

পাটীগণিত

মূল্য ২৲ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষকগণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৷৷০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।৵০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীজমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।৵০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ⁄০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৮৪ নং

আর্য্যমিশন ইনষ্টিটিউশন।

৮০।১ নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট, কলিকাতা।

এই বিদ্যালয়ে একটী স্বতন্ত্র সংস্কৃত বিভাগ আছে। ঐ বিভাগে উপযুক্ত পণ্ডিতের দ্বারা বিনা বেতনে দর্শন, কাব্য সাহিত্য, ব্যাকরণ শ্রীমদ্ভাগবত শ্রীমদ্ভগবদ্গীতা শিক্ষা দেওয়া হইয়া থাকে। পাঠার্থি ছাত্রের আবশ্যক।

শ্রীকানাই লাল সেঠ।
৩৯৮ নং সেক্রেটরী।

এই পত্র হুগলি বুধোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

REGISTERED No [illegible]

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

নূতন সম্বৎ। ২৫শ খণ্ড। ১০ম সংখ্যা। | ৩রা আষাঢ় শুক্রবার ১৩০০ সাল। ইং ১৬ই জুন ১৮৯৩ খৃঃঅব্দ। | অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা।

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম)	৫	ষাণ্মাসিক	৩
ত্রৈমাসিক	২	প্রত্যেক সংখ্যার	।৹

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৵৹ ৩য় বার /১০ চতুর্থ বা ততোধিক বার /৹। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৵৹। কর্ম্মখালির বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে প্রকাশিত হয়।

তিন মাসের অধিক বিজ্ঞাপন প্রকাশ করিলে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

যাঁহারা এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য নগদ টাকায় দিবেন, তাঁহারা তাঁহাদের নিকটবর্ত্তী এজেণ্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণিঅর্ডার কূপনে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

এডুকেশন গেজেটে বিজ্ঞাপন প্রকাশের সুবিধার জন্য ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে একটী এজেন্সি খোলা হইয়াছে। তথায় বিজ্ঞাপন ও তৎপ্রকাশের মূল্য জমা লওয়া যায়।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যায় বিলম্ব হইলে তাহার খামখানিতে পিয়নের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়, কলিকাতা	সংস্কৃতযন্ত্রের পুস্তকালয় ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।
	চণ্ডীচরণ মজুমদার—বেঙ্গল সেক্রেটারিয়েট জুডিসিয়াল ডিপার্টমেণ্ট।
২৪ পরগণা	মতিলাল মৈত্র—আলিপুর।
আলিপুর	ভূপালচন্দ্র গঙ্গোপাধ্যায়—উকিল।
বারাকপুর	শ্রীযুক্ত বাবু ভুবনমোহন নিয়োগী।
ভবানীপুর	রাজকৃষ্ণ রায় চৌধুরী।
	যদুনাথ চৌধুরী—চুয়াডাঙ্গা।
হাবড়া	হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম	ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী	শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর	ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান	চারুচন্দ্র চট্টোপাধ্যায়।
	রসিকলাল দাস—রায়না।
যশোহর	কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
	অম্বিকাচরণ মুখোপাধ্যায়—সিউড়ী
	নীলমণি ভট্টাচার্য্য—সিউড়ী।
বাঁকুড়া	রামেশ্বর সেন—বিষ্ণুপুর।
	অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর	উমাচরণ দে।
	দীননাথ ধর—গবর্ণমেণ্ট প্লীডার।
জলপাইগুড়ি	নীলমণি পাল।
বাঁকিপুর	নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর।
	ভগবান প্রসাদ।
বারাণসী	সোমনাথ ভাদুড়ী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর	আশিনাথ মিত্র।
	দ্বারকানাথ বাগচি—নিলফামারি।
রাজসাহী	কালীনাথ চৌধুরী—বোয়ালিয়া।
পাবনা	মহেন্দ্রনাথ দত্ত।
	রজনীকান্ত ভট্টাচার্য্য।
	রামচন্দ্র চক্রবর্ত্তী।
	ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, ভুলাই।
	উমাচরণ পাঁড়ে, সিরাজগঞ্জ।
ঢাকা	সতীশচন্দ্র ঘোষ।
সাঁওতাল পরগণা	ব্রজেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।
পাকুড়	রাধাকৃষ্ণ সারখেল।
খুলনা	হরিহর দাস।
	জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।
দিনাজপুর	রাজকুমার চক্রবর্ত্তী ফুলবাড়ি।
	ভুবনেশ্বর গুপ্ত।
	দুর্গাদাস সুর—রায়গঞ্জ।
	শশিভূষণ রায়।
কোচবিহার	ভুবনমোহন দত্ত।
ফরিদপুর	কালীকিশোর ঘোষ—মাদারিপুর।
মজঃফরপুর	কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল
বারভাঙ্গা	গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক।
	সুপারিণ্টেণ্ডেণ্টের আফিস, সমস্তীপুর

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিবিধ বিজ্ঞাপন।

রিপণ-ডিপজিটারী।

৫২ নং দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য ও নাটক নভেল অতি সুবিধায় সরবরাহ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পিঃ, ডাকে পুস্তক পাঠাই। প্রেরণ ব্যয় ২০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়।

শ্রীশশিভূষণ সাহা।
৩৮০ নং মাইনজার।

গবর্ণমেণ্টের অনুমোদিত।

বাঙ্গালা ছাত্রবৃত্তি ও মাইনর স্কুলসমূহের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পাঠ্য।

"বিজ্ঞানসোপান"

শ্রীযুক্ত উমেশচন্দ্র ঘোষ, এম এ, বি এল প্রণীত।

মূল্য ॥৵০ দশ আনা মাত্র।

ছাত্রবৃত্তি ও মাইনর পরীক্ষার নির্দ্দিষ্ট বিষয়গুলি এরূপ বিশদরূপে ও ধারাবাহিক ভাবে অন্য কোন গ্রন্থে বর্ণিত নাই। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৩৮৫নং

এল, ভি, মিত্র এবং কোং।

লব্ধপ্রতিষ্ঠ ও কলিকাতা ও অন্যান্য স্থানের দক্ষ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৫৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক কবিনি ক্যাম্ফার ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৷৷০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৬৲ ও ৭৲, শিশুচিকিৎসা ২৷৷০, বামাচিকিৎসা ২৲ জ্বর চিকিৎসা ৸০ ও ১৷৷০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৸০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমার কলিকাতার মহামেলার এই শ্রেণীতে ভারতের মধ্যে সর্ব্বোচ্চ এবং এখানকার ও অন্যান্য স্থানের সম্ভ্রান্ত চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি। ৭ম

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্তলালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীতে সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১৷৷০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

REDUCTION IN PRICE OF CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta, Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free, at 4 oz, Rs3—4 : 8 oz, Rs 6—8 : 16 oz, Rs 12—12. Cash with order.

No. 331

বুধোদয় যন্ত্র।

হুগলি বুধোদয় যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষর ও তাহার সরঞ্জাম প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানাপ্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় যাবতীয় ফারম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, ষ্ট্যাণ্ডবিল, জমিদারীর জমাওয়াশীল ফরম, ডাক্তারি লেবিল ও বিল নানাপ্রকার ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পন্ন হইয়া থাকে। বিশেষ বন্দোবস্ত করিলে, সাপ্তাহিক পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংলিস অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও স্মল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া দপ্তরী দ্বারা পুস্তক প্রস্তুত করিয়া রীতিমত বান্ধবন্দী করিয়া রেলে বা জাহাজে যাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি, গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন, ছাপার রেট ও অন্যান্য বিবরণ জানিতে ইচ্ছা করিলে আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পরিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
কার্য্যাধ্যক্ষ।

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১৯ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।

ডাকমাশুল /০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৵০

পদ্য ব্যাকরণ মূল্য /১০

প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য /১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায়) পাওয়া যায়।

শ্রীতিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

অম্বিকাচরণ ঘোষাল

ফটোগ্রাফার ও পেইণ্টার

ঘুঁটেবাজার হুগলি

অয়েল পেইণ্টিংএ চেহারা তুলিতে এবং ফটোগ্রাফ লইতে মফস্বলের সর্ব্বত্র যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণ পত্র লিখিলে জানিতে পারিবেন। নেটিবক্যারেক্টর ও নানা রূপ দেশীয় ভিউ, মাপ ফাঃ ভিঃ মূল্য প্রত্যেকে ।০, ডজন ২৲। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিজ, হুগলী কলেজ এমামবাড়ার আশ্চর্য্য দৃশ্য ও হংসেশ্বরীর মন্দির প্রত্যেক ১৲ টাকা মাত্র—ফটগ্রাফগুলি একবার দেখিলে বাধিত হইব।

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মতামত নহে।

হাইড্রোজেন।

হাইড্রোজেন ধাতুও নহে, উপধাতুও নহে, অথচ ইহা ধাতুর কার্য্য করে। ইহার বাঙ্গালা নাম জলজান। এই বাষ্প অন্যান্য আর সমস্ত পদার্থ অপেক্ষা লঘু। ইহা সর্ব্বদাই যৌগিকভাবে অবস্থিতি করে; কিন্তু এ সম্বন্ধে অনেক মতামত আছে। কেহ কেহ বলেন, আগ্নেয় গিরি হইতে বিশুদ্ধ হাইড্রোজেন পাওয়া যায়, অর্থাৎ তথায় হাইড্রোজেন যৌগিক ভাবে থাকে না। আবার কেহ কেহ বলেন, সূর্য্যালোক হইতে এখানে বিশুদ্ধ হাইড্রোজেন আসিয়া থাকে। যাহাই হউক, পোটাসিয়ম, সোডিয়ম, লৌহ প্রভৃতি হইতে বিশুদ্ধ হাইড্রোজেন প্রস্তুত হইতে পারে।

সোডিয়ম ও পোটাসিয়ম হইতে উক্ত বাষ্প প্রস্তুত করায় বিপদের আশঙ্কা আছে। লৌহ হইতে হাইড্রোজেন প্রস্তুত করায় ব্যয় কম পড়ে না। অতএব যাহাতে ব্যয় কম পড়ে এবং বিপদেরও সম্ভাবনা কম হয় এরূপ প্রক্রিয়ার কতকটা এস্থানে বলা যাইতেছে—

একটি বোতলে কিছু দস্তা রাখিয়া, তাহাতে জল মিশ্রিত করিয়া পরে তাহাতে কিছু সলফিউরিক এসিড ঢালিয়া দিলে উক্ত বোতলের মধ্য হইতে বাষ্প উঠিতে আরম্ভ হয়। ঐ বাষ্পই হাইড্রোজেন বাষ্প। উহার সংগ্রহ করিতে হইলে উক্ত বোতলের মুখে একটি ছিপি বন্ধ করিয়া বোতলের ভিতর হইতে বাষ্প বহির্গত হইতে পারে এরূপ ভাবে ছিপিটির মধ্যস্থলে একটি ছিদ্র করিয়া বোতলটি একটি জলপূর্ণ পাত্রের মধ্যে রাখিতে হয়, যেহেতু হাইড্রোজেন বাষ্প বায়ুস্থ অম্লজানে মিশিলে ভয়ানক শব্দ করিয়া জল হইয়া যায়। অতঃপর আর একটি খালি বোতল জলপূর্ণ করিয়া পূর্ব্বকথিত জলনিমজ্জিত বোতলটির ছিপিমধ্যস্থ ছিদ্রের উপর উহাকে কৌশল করিয়া বসাইয়া দিলে পূর্ব্বোক্ত বোতলের বাষ্প ক্রমে এই দ্বিতীয় বোতলে সংগৃহীত হইবে এবং বোতল বাষ্পপূর্ণ হইবার সময় বোতলস্থ জল ক্রমশঃ নীচে নামিয়া পড়িবে।

উল্লিখিত উপায়ে হাইড্রোজেন সংগ্রহ ব্যয়সুলভ হইলেও উহা নিরাপদ নহে। নিম্নলিখিত উপায়টি অপেক্ষাকৃত অনেক নিরাপদ।

ডাক্তার খানায় দুই মুখ বিশিষ্ট এক প্রকার বোতল দেখিতে পাওয়া যায়। উহা দেখিতে অনেকটা গাড়ুর মত। উহাকে ইংরাজীতে উল্‌ফ্ বোতল বলে। গাড়ুর যে মুখ দিয়া জল পোরা হয়, উল্‌ফ্ বোতলের সেই মুখে একটি ছিপি এবং ছিপির সহিত সংলগ্ন একটি কাচনল বোতলের ভিতর অংশে থাকে। এই কাচনল দিবার কারণ, যখন উক্ত বোতলে দস্তা ও জল মিশ্রিত সলফিউরিক এসিড দেওয়া হয়, তখন যে হাইড্রোজেন গ্যাস হয়, সেই গ্যাস বোতলস্থ শূন্য স্থানের মিশ্রিত অক্সিজেনের সহিত মিলিত হইলে শব্দ হইয়া জল হইয়া যাইবে। উক্ত কাচনলটি থাকিলে আর ওরূপ হইবে না। বোতলটির অপর মুখে একটি রবারের নল লাগান থাকে। রবারের নলের অন্য প্রান্ত একটি কাচ নলে সংযোজিত; ঐ কাচ নলের মুখটি একটি জলপাত্রে রক্ষিত। উক্ত জল পাত্রের ভিতর আর একটি যন্ত্র আছে। উহার নাম 'নিউম্যাটিক ট্রফ'। এই যন্ত্রটি বোতল রাখিবার এক প্রকার বৈঠক ব্যতীত আর কিছুই নহে। যে বোতলে হাইড্রোজেন সংগ্রহ করিতে হইবে তাহা জলপূর্ণ করিয়া হস্ত তালু দ্বারা উপুড় করিয়া লইয়া ঐ নিউম্যাটিক ট্রফে বসাইয়া দিয়া পূর্ব্বোক্ত কাচনল বোতলের মুখে জল মধ্যে সংযুক্ত করিয়া দিতে হইবে। তাহা হইলেই হাইড্রোজেন সংগৃহীত হইবে। এই প্রক্রিয়ায় যন্ত্র সাজাইয়া দিয়া দূরে গিয়া দাঁড়াইলেই চলিতে পারে, সুতরাং ইহাতে বিপদের আশঙ্কা খুবই কম।

প্রথমতঃ, উল্‌ফ্ বোতলে যখন দস্তা ও সলফিউরিক এসিড একত্রিত হইবে, তখন যে হাইড্রোজেন গ্যাস উত্থিত হইবে তাহা ধরিবার জন্য তৎক্ষণাৎ কাচনলকে নিউম্যাটিক ট্রফে সংযুক্ত করা উচিত নহে। অন্ততঃ তিন মিনিট কাল অপেক্ষা করিয়া পরে গ্যাস সংগ্রহ করা কর্ত্তব্য; দ্বিতীয়তঃ উল্‌ফ্ বোতলের ছিপির সহিত যে কাচ নলটি আছে, তাহা যেন উক্ত বোতলস্থ দ্রবের সহিত সংযুক্ত থাকে; তৃতীয়তঃ বোতলের কোথাও যেন কোনরূপ ছিদ্র না থাকে এবং অবশেষে যে বোতলে হাইড্রোজেন সংগ্রহ করা হইবে তাহাকে যেন অগ্রে বায়ুশূন্য করা হয়। বায়ুশূন্য করা দুই প্রকারে হইতে পারে। যে পাত্রের বায়ু শূন্য করিতে হইবে তাহাকে তপ্ত করা উচিত, কিন্তু ঐ উপায়ে বায়ুশূন্য করিয়া পাত্রকে বায়ুশূন্য অবস্থায় রাখা সহজ নহে; এই কারণ পাত্রমধ্যে জল পুরিয়া উহাকে বায়ুশূন্য করাই প্রশস্ত; তবে, জল মধ্যে যাহাদিগকে পাওয়া যায় না তাহাদের জন্য পারদ পাত্রে ঐ নীতি অবলম্বন করিতে হয়।

সাধারণতঃ বাজারে যে দস্তা পাওয়া যায়, তাহাদ্বারা যদিও প্রচুর পরিমাণে হাইড্রোজেন গ্যাস হয় বটে, কিন্তু উহার তেজ বড় বেশী। বাজারে দস্তা দিয়া হাইড্রোজেন সংগ্রহ করিতে গেলে বোতল ফাটিয়া চটিয়া যায়, এই নিমিত্ত হাইড্রোজেন গ্যাসের জন্য 'গ্রানুলেটেড' জিঙ্কের প্রয়োজন হয়। সাধারণ দস্তাকে উত্তাপ দ্বারা গালাইয়া তাহাকে জলে ফেলিয়া দিলেই গ্রানুলেটেড জিঙ্ক প্রস্তুত হয়। দস্তা তপ্ত হইয়া গলিয়া জলে পড়িলে তাহার পরমাণু সকল ছড়াইয়া পড়ে এবং এই কারণে অধিক স্থান অবরোধ করে। যদ্যপি অল্পস্থানের মধ্যে অধিক পরমাণু নিহিত দস্তাকে পূর্ব্বোক্ত বোতলের মধ্যে রাখিয়া তাহাতে সলফিউরিক এসিড দেওয়া যায়, তাহা হইলে তাহার তেজে বোতল ফাটিয়া গিয়া বিপদ ঘটিবার সম্ভাবনা থাকে। এই কারণ বশতঃ দস্তাকে 'গ্রানুলেটেড' করিয়া বোতলে দিতে হয়। 'গ্রানুলেটেড' জিঙ্ক দেখিতে ছোট ছোট মটরের ন্যায় গোলাকার।

উল্‌ফ্ বোতলে 'গ্রানুলেটেড' জিঙ্ক দিয়া পরে তাহাতে কিছু জল দেওয়া কর্ত্তব্য। পরন্তু এ সময়ে জল না দিয়া সলফিউরিক এসিডে জল মিশ্রিত করিয়া দিলেও চলে।

দস্তা ও সলফিউরিক এসিড একত্র করিলেই বাষ্প হইতে থাকে। উক্ত বাষ্প রাসায়নিক সংযোগে উত্থিত হয়। দস্তার পরিবর্ত্তে লৌহ, টিন, সোডিয়ম, পোটাসিয়ম এবং স্পেলটার-পাত দ্বারা একার্য্য হইয়া থাকে। স্পেলটার-পাত টিন ওয়ালার দোকানে পাওয়া যায়। দুই প্রকার টিন বাজারে কিনিতে পাওয়া যায়, এক প্রকার টিন দেখিতে উজ্জ্বল, আর এক প্রকার অপেক্ষাকৃত মলিন। উক্ত মলিন টিনকেই 'স্পেলটার' বলে।

নিম্নলিখিত প্রণালীতে হাইড্রোজেন অপরাপর বস্তুর সহিত মিশ্রিত থাকে—

২ ভাগ (অর্থাৎ দুই পরমাণু) হাইড্রোজেন এবং ১ ভাগ (এক পরমাণু) অক্সিজেন মিশ্রিত হইয়া একটি যৌগিক বস্তু (জল) হয়; এইরূপ ১ ভাগ নাইট্রোজেন এবং ৩ ভাগ হাইড্রোজেন একত্রিত হইয়া আর একটি যৌগিক বস্তু (এমোনিয়া) হয়। এতদ্ভিন্ন ৪ ভাগ হাইড্রোজেন ১ ভাগ কার্ব্বণের সহিত এবং ১ ভাগ হাইড্রোজেন ১ ভাগ ক্লোরিনের সহিত মিশ্রিত হইয়া অবস্থিতি করে ইত্যাদি ইত্যাদি।

হাইড্রোজেন বাষ্প অতি লঘু বলিয়া ইহাদ্বারা বেলুন বায়ু আকাশমার্গে উত্থিত হয়। ইহা দাহ্য বস্তু।

শ্রীগোকুলকৃষ্ণ পাল।

ঊষায় শিশু।

নিশা-অবশেষে ঊষা-আগমনে
কুলায় না ছাড়ি ডাকে পাখিগণে,
অর্দ্ধবিকসিত সরসিজভাণে
নৃতন মলয় মানসে তুষিছে।

ঘুমের সময় গিয়াছে কাটিয়া,
জগতের জীব উঠেছে জাগিয়া,
পিউ পিউ রবে ডাকিছে পাপিয়া,
তবু কেন শিশু শয়নে রয়েছে?

উদয় অচলে আরক্তবরণ
দেখিতে দেখিতে উদিবে তপন,
ঊষার সুষমা করিয়া হরণ
এখনি হইবে দিবা প্রকাশিত।

অতএব কর শয্যা পরিহার
প্রাতঃকৃত্য সারি হ'য়ে পুতাচার
গুরুজন পদে করি নমস্কার
অধ্যয়ন-তপে হওরে নিরত।

শ্রীঅমরনাথ বন্দ্যোপাধ্যায়।
উত্তরপাড়া কলেজ।

শ্মশানে।

কে তুমি অনলে, নিতান্ত সরলে,
পশিয়া অনলে, তনু বিনাশিলে।
অতি সুকুমার, তোমার আকার
পেয়ে কি বিকার আগুণে দহিলে।
ক্লেশের ত নয় কোমলতাময়
ক্ষীণ সমুদয় অতি মৃদুছিলে।
ব্যথা লেশ হলে মরমবিগলে,
খাই হলাহলে, কাঁদিতে দেখিলে।
এহেন দেহেরে হুতাশন ঘেরে
সে জ্বলন ঘোরে কঠোর জীবন।
গেলনা আমার এদেহের ভার
কত দিন আর করিব বহন।
যত দিন জীব তোমারে ভাবিব
মরমে পুড়িব স্মরিও বয়ান;
তোর বিনিময়ে শোকশিখা ল'য়ে
হৃদয়ে ধরিব যত দিন প্রাণ।

এডুকেশন গেজেট।

৩রা আষাঢ় ১৩০০। ইং ১০ই জুন ১৮৯৩।

আলবার্ট হলে সভা।

কোন সরকারী অথবা বেসরকারী স্কুল ও কলেজ কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত করিয়া লওয়া সম্বন্ধে সম্প্রতি উক্ত বিশ্ববিদ্যালয়ের সেনেট সভা গবর্ণর জেনারেল বাহাদুরের সম্মতিক্রমে যে সংশোধিত নিয়মাবলীর প্রচার করিয়াছেন তাহার বিরুদ্ধে প্রতিবাদ করিবার জন্য বিগত ৯ই জুন শুক্রবার কলিকাতাস্থ আলবার্ট হলে একটি সভার অধিবেশন হইয়াছিল। কলিকাতার গবর্ণমেণ্ট সাহায্যকৃত ও স্বাধীন প্রধান প্রধান স্কুল কলেজের অধ্যক্ষগণ সভাস্থলে উপস্থিত হইয়াছিলেন। ফ্রিচর্চ্চ ও ডফ্ কলেজের অধ্যক্ষ রেভঃ জে হেষ্টর, বিসপ কলেজের রেভঃ এইচ হোয়াইট হেড, ভবানীপুর লণ্ডন মিসনের রেভঃ জে এন্ ফর্কুহার, মেট্রপলিটন ইনষ্টিটিউসনের শ্রীযুক্ত নগেন্দ্রনাথ ঘোষ, বাবু সারদারঞ্জন রায় ও বাবু ব্রজনাথ দে, সিটি কলেজের বাবু উমেশচন্দ্র দত্ত, রিপণ কলেজের শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, পণ্ডিত শ্রীযুক্ত কৃষ্ণকমল ভট্টাচার্য্য, বাবু এ সি ঘোষ ও বাবু এইচ এন ভট্টাচার্য্য, আলবার্ট কলেজের বাবু কৃষ্ণবিহারী সেন, বঙ্গবাসী কলেজের বাবু গিরিশচন্দ্র বসু, নিউ ইণ্ডিয়ান স্কুলের বাবু গঙ্গাধর বন্দ্যোপাধ্যায় ও বাবু তারিণীদাস বন্দ্যোপাধ্যায়, ওরিয়েণ্টল সেমিনারির বাবু বিধুভূষণ বন্দ্যোপাধ্যায়, সাউথ সুবর্ব্বন স্কুলের বাবু রাধাগোবিন্দ মল্লিক, আর্য্য মিসন স্কুলের বাবু রামদয়াল মজুমদার এবং কেশব একাডেমির বাবু প্রসন্নকুমার সেন—ইহাঁরা সকলেই সভাস্থলে উপস্থিত ছিলেন। লণ্ডন মিসনরি ইনষ্টিটিউসনের অধ্যক্ষ রেভঃ আষ্টন সাহেব সহরে ছিলেন না, সভার উদ্দেশ্যে সহানুভূতি প্রকাশ করিয়া তারযোগে সংবাদ পাঠাইয়াছিলেন। বাবু কৃষ্ণবিহারী সেন সভাপতির আসন পরিগ্রহণ করেন। সভাস্থ সকলেই একবাক্যে নিম্নলিখিত বিষয়গুলি স্থির করিয়াছেন—

(ক) কলিকাতা বিশ্ববিদ্যালয় একটি পরীক্ষক সম্প্রদায় মাত্র; সুতরাং স্কুল ও কলেজ সমূহের আভ্যন্তরিক শাসন ব্যাপারে ন্যায়তঃ উহার কোন অধিকার নাই।

(খ) প্রচারিত নিয়মগুলি দ্বারা নূতন প্রতিষ্ঠিত স্কুল ও কলেজ সমূহের অবস্থা নিরাপদ হইবে না, সুতরাং

নিয়মগুলি ঐ সমস্ত স্কুল কলেজের উন্নতির পথের অন্তরায়স্বরূপ হইয়া দাঁড়াইবে।

(গ) এই সমস্ত নিয়ম কার্য্যে পরিণত করিতে হইলে স্বতন্ত্র ব্যবস্থা করিয়া স্কুল কলেজের আভ্যন্তরিক ব্যাপার সমূহের তত্ত্বানুসন্ধান করিতে হইবে এবং তাহাতে কেলেঙ্কারি বাড়িতে থাকিবে।

(ঘ) যে কারণে সিণ্ডিকেট কোন স্কুল অথবা কলেজকে বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভূত অথবা বহির্ভূত করিবেন সেই সেই কারণগুলি উল্লিখিত নিয়মাবলীর মধ্যে সুস্পষ্ট রূপে নির্দ্দিষ্ট করিয়া দেওয়া হয় নাই।

(ঙ) যে সমস্ত স্কুল অথবা কলেজ এক্ষণে বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভূত হইয়া আছে, প্রচারিত নিয়মাবলী দ্বারা সেই সকলের সর্ত্তের ব্যাঘাত ঘটিবে; যেহেতু পূর্ব্ব নিয়মানুসারে কোন গুরুতর দোষ দেখা গেলেই কেবল ঐ সকল স্কুল কলেজের 'এফিলিয়েসন' খারিজ করিয়া দেওয়া যাইতে পারিত, নতুবা ঐ 'এফিলিয়েসন' এক প্রকার স্থায়ীই ছিল; কিন্তু নূতন বিধানানুসারে উহাকে অস্থায়ী করিবার ব্যবস্থা হইয়াছে।

(চ) প্রত্যেক শ্রেণীতে বালকের সংখ্যা আঁটিয়া দিবার যে কড়াকড় ব্যবস্থা করা হইয়াছে, তাহাতে কার্য্যতঃ অনেক অসুবিধা ঘটিতে থাকিবে। স্কুলের এক পক্ষে আয় কমিয়া অন্য পক্ষে ব্যয় বৃদ্ধি পাওয়ায় গবর্ণমেণ্টের সাহায্যকৃত অথবা স্বাধীন স্কুল কলেজসমূহের স্বার্থের পক্ষে বিশেষ অনিষ্ট ঘটিবে।

(ছ) রেভঃ হোয়াইট হেড ও জে পি আষ্টন সাহেব, বাবু কৃষ্ণবিহারী সেন, শ্রীযুক্ত নগেন্দ্রনাথ ঘোষ এবং শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয়দিগকে লইয়া একটি সব কমিটি সংগঠিত হইবে। উক্ত সবকমিটী আবেদন পত্রের খসড়া প্রস্তুত করিবেন এবং সভার উল্লিখিত প্রস্তাবগুলি কার্য্যে পরিণত করিতে হইলে আর যাহা যাহা করা আবশ্যক বোধ হইবে তাহাও করিবেন।

সভা যে যে কারণ দর্শাইয়া সিণ্ডিকেটের প্রবর্ত্তিত নিয়মের প্রতিবাদ করিয়াছেন উহার সকলগুলিই আমাদিগের অনুমোদিত। প্রকৃত প্রস্তাবে, কলিকাতা বিশ্ববিদ্যালয় একটি পরীক্ষক সম্প্রদায় বৈ ত নয়; কিন্তু তথাপি সিণ্ডিকেট এরূপ কতকগুলি নিয়ম প্রচার করিয়াছেন, যে গুলি প্রকৃতপক্ষে আদৌ সিণ্ডিকেটের ন্যায় পরীক্ষক সম্প্রদায়ের অধিকারের বিষয়ীভূত নহে। ছাত্রদিগকে কি হারে বেতন দিতে হইবে, কি উপায়ে আনুমানিক কত টাকা আয় হইতে পারে, ব্যয়ের পরিমাণই বা কিরূপ নির্দ্ধারিত হইয়াছে—ইত্যাদি বিষয় জানিবার, এবং স্কুল কলেজের অধ্যক্ষগণের নিকট হইতে গ্যারাণ্টি লইবার অথবা পাঁচ বৎসর অন্তর 'এফিলিয়েসন' কাঁচা করিয়া দেওয়া প্রভৃতির সম্বন্ধে সিণ্ডিকেটের কোন অধিকার নাই। ওরূপ কিছু করিবার প্রয়োজন হইলে ডিরেক্টর তাহা করিলেও করিতে পারেন; সিণ্ডিকেটের সম্বন্ধে উহা অনধিকার চর্চ্চা ব্যতীত আর কিছুই নহে। কোন স্কুল অথবা কলেজের ছেলেকে পরীক্ষা দিতে দেওয়া অথবা না দেওয়া ইহাই ত 'এফিলিয়েসন' অথবা 'ডিস্-এফিলিয়েসন' কথাদ্বয়ের সর্ব্বশুদ্ধ মোটামুটি অর্থ; কিন্তু সচ্চরিত্রতাবোধক নিদর্শনপত্র দেখাইতে পারিলে যখন প্রাইভেটে পড়িয়াও পরীক্ষা দিতে পারা যায়, তখন স্কুল কলেজের 'এফিলিয়েসন' লইয়া অতশত করিবার প্রয়োজন কি? ৫০ জনের অধিক ছাত্র একজন শিক্ষকে পড়াইতে পারিবেন না—সিণ্ডিকেট এইরূপ ব্যবস্থা করিয়াছেন; কিন্তু এ ব্যবস্থা কার্য্যে পরিণত হইলে অনেকানেক স্কুল কলেজের যে মাথা ভাঙ্গিয়া যাইবে সিণ্ডিকেট বোধ হয় এ বিষয়টা ততদূর ওয়াকেফ্ নহেন। নিম্নশ্রেণীগুলিতে ছেলের সংখ্যা অপেক্ষাকৃত বেশী, সুতরাং আয়ও বেশী হয়; উপরের শ্রেণাগুলিতে ছেলের সংখ্যা অপেক্ষাকৃত কম, সুতরাং আয়ের পরিমাণও অনেক স্থলে অপেক্ষাকৃত কম। নিম্ন শ্রেণীর জন্য নিযুক্ত শিক্ষকদিগের বেতন অল্প, উপরিতন শিক্ষকদিগের বেতন অপেক্ষাকৃত অধিক। নিম্নশ্রেণীর আয় হইতেই উপরের শ্রেণীগুলির ব্যয় নির্ব্বাহ হইয়া থাকে। প্রস্তাবিত ব্যবস্থা ইহার বিশেষ অন্তরায় হইয়া দাঁড়াইবে। সিণ্ডিকেটের উদ্দেশ্য এক শ্রেণীতে ৫০ জনের অনধিক ছাত্র থাকিলে পড়া শুনা ভাল হইবে; কিন্তু এক দিকে সুবিধা দেখিতে গেলে অন্য দিকে যে কতদূর অসুবিধা আসিয়া উপস্থিত

হইবে সিণ্ডিকেটের তাহা তলাইয়া বুঝা উচিত। ৫০ জনের অধিক ছাত্র এক শ্রেণীতে থাকিলে যে ছেলেদের পড়া শুনায় গোলযোগ ঘটিবে এই মনে করিয়া সিণ্ডিকেট যদি উক্তরূপ ব্যবস্থা করিয়া থাকেন তবে সেটি সিণ্ডিকেটের ভুল। শিক্ষক সকলে সমান নহেন। শিক্ষক শ্রমশীল ও সুদক্ষ হইলে একেলা বৃহৎ বৃহৎ তিনটি শ্রেণী পড়াইয়াও ছাত্রদিগকে সন্তুষ্ট করিতে পারেন বলিয়া আমাদের জানা আছে। ৪ জন শিক্ষক ৪ শত ছাত্রবিশিষ্ট স্কুলে পড়াইয়াও উপর্য্যুপরি স্কুলের ভাল ফল উৎপাদন করিয়াছেন ইহাও দেখা গিয়াছে। ফলকথা, এরূপ বাঁধাবাঁধি নিয়মে শিক্ষকদিগের শ্রমশীলতা ও অধ্যবসায় নষ্ট হইয়া যায় মাত্র এবং তজ্জনিত উষ্ণতার অপগম হওয়ায় তাঁহারা ঠাণ্ডা হইয়া পড়েন এবং শেষ ফল, অনুষ্ণ ঘৃতে পিষ্টক ছাড়িয়া সহস্রবার উলট্ পালট্ করিলেও পিষ্টকের যেরূপ দশা হয়, সেইরূপ এই টেবিলে পাতোলা ঠাণ্ডা শিক্ষকের হাতে শিক্ষার ভার ন্যস্ত থাকিলে শিক্ষার ফলাফল ও তদ্রূপ হইয়া থাকে।

কোন সরকারী অথবা বেসরকারী কলেজ বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভূত করিবার প্রার্থনা জানাইতে হইলে যাঁহার হাত দিয়া যেরূপ ভাবে দরখাস্ত করিবার কথা সিণ্ডিকেট বলিয়াছেন আমাদের তাহাতে কোন আপত্তি নাই, তবে দরখাস্তের লিখিতব্য কোন কোন বিষয় সম্বন্ধে আমাদের যে আপত্তি আছে তাহা ইতিপূর্ব্বেই বলিয়াছি। এতদ্ব্যতীত সিণ্ডিকেটের প্রচারিত অপরাপর নিয়মাবলীর মধ্যে আর দুই একটি নিয়ম সম্বন্ধেও আমাদের কোনরূপ আপত্তি নাই। কোন স্কুল অথবা কলেজ বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত করিবার পূর্ব্বে, ঐরূপ অন্তর্ভুত করায় সন্নিকটবর্ত্তী কোন স্কুল অথবা কলেজের কোনরূপ অনিষ্টের সম্ভাবনা আছে কি না সিণ্ডিকেট তাহা অনুসন্ধান করিয়া দেখিবেন—এরূপ একটি নিয়মও সিণ্ডিকেট প্রচারিত করিয়াছেন। এই নিয়মটি আমাদের অনুমোদিত।

রিফরমেটরি স্কুল।

ফৌজদারী অপরাধে অপরাধী অল্প বয়স্ক বালকদিগের জন্য স্বতন্ত্র কারাগারের বন্দোবস্ত আছে। অপরাধী বালকদিগের চরিত্র যাহাতে সংশোধিত হয়, যাহাতে তাহারা কোনরূপ ব্যবসায় শিক্ষা করিয়া ভবিষ্যতে সেই ব্যবসায় অবলম্বনে নির্দ্দোষভাবে জীবন কাটাইতে পারে, এই উদ্দেশ্যে উহাদিগের জন্য ঐরূপ স্বতন্ত্র কারাগৃহের ব্যবস্থা হইয়াছে। ঐ কারাগৃহকে 'রিফরমেটরি স্কুল' বলে। আপাততঃ আলিপুর ও হাজারিবাগ, এই দুই স্থানে দুইটি রিফরমেটরি আছে। গত বৎসর ঐ দুইটি স্কুলকে একত্র সম্মিলিত করিবার প্রস্তাব হয়, কিন্তু ছোটলাট বাহাদুরের বিবেচনায় বর্ত্তমান ব্যবস্থার অন্যথাচরণ করা যুক্তিসিদ্ধ বলিয়া বোধ না হওয়ায় প্রস্তাব পরিত্যক্ত হইয়াছে।

'রিফরমেটরি' হইতে খালাস পাইয়া কোন্ ছেলে কিরূপ আচরণ করিতেছে তাহার খবর রাখা হয়। খালাস প্রাপ্তদিগের মধ্যে কাহার কাহার চরিত্র মন্দ বলিয়া শুনিতে পাওয়া যায়, কেহ কেহ বা পুনরায় দুষ্কর্ম্ম করিয়া কারাবদ্ধ হয়, আবার কেহ কেহ 'রিফরমেটরিতে থাকিয়া যে ব্যবসায় শিখিয়াছে সেই ব্যবসায় অথবা অপর কোন ব্যবসায় অবলম্বন করিয়া নির্দ্দোষভাবে কালাতিপাত করে। অপর ব্যবসায় অবলম্বন করিবার হেতু ছোটলাট বাহাদুর এই বুঝিয়াছেন যে, বাঙ্গালার নানা জাতিবিভেদে ব্যবসায়ও অনেক প্রকার হইয়াছে। কিন্তু রিফরমেটরীতে কয়েকটিমাত্র ভিন্ন নানারূপ বিভিন্ন ব্যবসায় শিক্ষা দিবার সুবিধা হয় না; কাজেই খালাস প্রাপ্তদিগের মধ্যে অনেকে রিফরমেটরীতে শিক্ষিত ব্যবসায় পরিত্যাগ করিয়া আপন জাতি ও সমাজের অনুরূপ ব্যবসায়ের অবলম্বন করিয়া থাকে। যাহাতে খালাসপ্রাপ্তদিগের মধ্যে অনেকেই আপন আপন জাতি ও সমাজের অনুরূপ ব্যবসায় অবলম্বন করিতে পারে তজ্জন্য রিফরমেটরীতে যতদূর সম্ভব বিভিন্ন প্রকারের অনেকানেক ব্যবসায় শিক্ষা দিবার ব্যবস্থা করিয়া দেওয়া হয়, ছোটলাট বাহাদুরের এইরূপ ইচ্ছা।

১৮৯১ সালের শেষে আলিপুর রিফরমেটরীতে বালকদিগকে 'জিমন্যাষ্টিক' শিখাইবার বন্দোবস্ত করা হইয়াছে। একজন উপযুক্ত শিক্ষক প্রত্যহ এক ঘণ্টা করিয়া ছেলেদের জিমন্যাষ্টিক শিখাইয়া থাকেন। ছেলেরা রবিবারে অথবা অবসর পাইলেই জিমন্যাষ্টিক অভ্যাস করে। হাজারিবাগেও ঐরূপ জিমন্যাষ্টিকের ব্যবস্থা

করিয়া দেওয়া হইয়াছে এবং গবর্ণমেণ্টের আদেশানুসারে সম্প্রতি তথায়ও জিমন্যাষ্টিক শিখাইবার জন্য মাসিক ১০ টাকা বেতনে এক জন শিক্ষক রাখা হইয়াছে। হাজারিবাগ রিফরমেটরীতে ছেলেদের লেখাপড়া শিখাইবারও ব্যবস্থা আছে। রাত্রিতে স্কুল হয় এবং সেই স্কুলে রিফরমেটরীর অনেক ছেলেই লেখা পড়া শিখিয়া থাকে।

আলিপুর রিফরমেটরীতে ১৮৯১ সালে কয়েদী বালকদিগের দৈনিক গড় সংখ্যা ১৪২ ছিল, ১৮৯২ সালে ১৬৮ হইয়াছিল। শেষোক্ত বৎসরে বালকদিগের মধ্যে কেহ কোন গুরুতর অপরাধ করে নাই; এতদ্ব্যতীত শাসন ব্যাপারও সুপ্রণালীসঙ্গত হইয়া আসিয়াছে। কেহই পলায় নাই, মৃত্যু এক জনেরও হয় নাই। বৎসরের প্রারম্ভে পানিবসন্তের কিছু প্রাদুর্ভাব হইয়াছিল বলিয়া জন কয়েককে কেবল হাঁসপাতালে যাইতে হইয়াছিল। ১৮৯২ সালে উক্ত রিফরমেটরীতে প্রত্যেক বালকের জন্য বাৎসরিক ১১১/১০ ব্যয় হইয়াছিল; তন্মধ্যে খাইখরচ বাবৎ প্রত্যেকের প্রতি ৩৪৷৷/২ দুই পাই হিসাবে পড়িয়াছিল। ১৮৯১ সালের তুলনায় এই ব্যয় কিছু বেশী; তাহার কারণ—খাদ্যদ্রব্যের মহার্ঘতা। এখন হইতে সস্তার বাজারে খাদ্য ক্রয় করিয়া যাহাতে সঞ্চয় করিয়া রাখা হয় তাহার বন্দোবস্ত করা হইয়াছে এবং ইহার জন্য একটি গুদাম ঘর নির্ম্মাণ করিবার পক্ষে সম্প্রতি গবর্ণমেণ্ট অনুমোদন করিয়াছেন। আলিপুরের রিফরমেটরী সংক্রান্ত শিল্পবিভাগ হইতে গবর্ণমেণ্টের উক্ত বৎসর ১২ হাজার ২৫৯ টাকা লাভ হইয়াছে। ১৮৯১ সালে ১০ হাজার ২৩৫ টাকা লাভ হইয়াছিল।

হাজারিবাগের রিফরমেটরীতে ১৮৯২ সালে কয়েদী বালকের দৈনিক গড় সংখ্যা ৩০১; তৎপূর্ব্ব বৎসরের সংখ্যা ২৯৬। বৎসরকালের মধ্যে ছেলেরা কেহ কোনরূপ বিশেষ অপরাধ করে নাই, শাসননীতির মধ্যেও কোনরূপ বিশৃঙ্খলা উপস্থিত হয় নাই। ৩টি বালকের মৃত্যু হয়, তন্মধ্যে রক্ষকের অনবধানতা দোষে একজনের অপমৃত্যু ঘটিয়াছিল। বালকদিগের প্রত্যেকের জন্য বার্ষিক ৭৭৷৵৭ পাই ব্যয় হইয়াছে, তন্মধ্যে খাইখরচ বাবৎ ২৯/৯ পাই। পূর্ব্ব বৎসর অপেক্ষা ঐ বৎসরে খাইখরচ বাবৎ ব্যয় কিছু বেশী হইয়াছে। চাউলের দর চড়িয়া যাওয়াই এই ব্যয় বৃদ্ধির কারণ। পূর্ব্ব বৎসর এই রিফরমেটরী স্কুল সম্বন্ধে মন্তব্য প্রকাশস্থলে ছোটলাট বাহাদুর সস্তার বাজারে খাদ্য ক্রয় করিয়া মজুত করিয়া রাখিবার কথা বলিয়াছিলেন। তদনুসারে যথাকালে ১ হাজার মণ গম খরিদ করিয়া রাখা হইয়াছে। এই খরিদ ব্যাপারে প্রতি মণে ।/০ আনার হিসাবে খরচ বাঁচিয়া গিয়াছে। ছোটলাট বাহাদুর ইহাতে বিশেষ সন্তোষ প্রকাশ করিয়াছেন। বৎসর কালের মধ্যে রিফরমেটরি সংশ্লিষ্ট একটী রান্নাবাড়ী ও একটী কারখানা বাড়ী নির্ম্মিত হইয়াছে। শিল্পবিভাগ হইতে গবর্ণমেণ্টের ৩ হাজার ৪৩৭ টাকা লাভ হইয়াছে। বিগত সেপ্টেম্বর মাস হইতে উক্ত রিফরমেটরীতে কুইনাইনের মোড়ক প্রস্তুত হইতেছে। এই কার্য্যটি ছেলেদের পক্ষে বড়ই উপযোগী হইয়াছে। যাহাতে ক্রমশঃ ইহার প্রসর বৃদ্ধি হয় তজ্জন্য চেষ্টা হইবে।

ছোটলাট বাহাদুর এই সমস্ত রিফরমেটরী স্কুলের কার্য্য কলাপ স্বচক্ষে পরিদর্শন করিয়া বিশেষ সন্তোষলাভ করিয়াছেন।

বাঙ্গালার জল বায়ু এবং শস্যাদি বিষয়ক সাপ্তাহিক বিবরণ।

বিগত ১০ই জুন নাগাইৎ এক সপ্তাহে খাস বাঙ্গালার অন্তর্গত ৫টি বিভাগের জল বায়ু ও শস্যাদি বিষয়ক বিবরণ সরকারী রিপোর্ট দৃষ্টে নিম্নে বিবৃত করা যাইতেছে—

বর্দ্ধমান বিভাগ—এই বিভাগের অন্তর্গত বর্দ্ধমান জেলায় কৃষিকার্য্য বেশ চলিতেছে। গবাদি পশুর খাদ্য তৃণ ও জলের অভাব নাই। সাধারণের ব্যবহার্য্য চাউলের দর বর্দ্ধমানে ও কালনায় টাকায় ১০ হইতে ১৩ সের, এবং কাটোয়া ও রাণীগঞ্জে ১৩ সের। বাঁকুড়া জেলায়ও কৃষিকার্য্য এক প্রকার ভালই চলিতেছে। সদরে চাউলের দর টাকায় ১১ সের এবং বিষ্ণুপুরে ১১৷৷০ সের। বীরভূম জেলায় ধান বোনা হইতেছে। ইক্ষু রোপণ কার্য্য শেষ হইয়া গিয়াছে। গরু বাছুরের তৃণ জলের অভাব নাই। শস্যের দর কমে নাই। পূর্ব্বের ন্যায় এখনও টাকায় ১২ হইতে ১৪৷৷০ সেরের হিসাবে চাউল বিক্রয় হইতেছে। মেদিনীপুর জেলায় সম্প্রতি

যে অত্যধিক বৃষ্টি হইয়া ভূমি-কর্ষণ ও বীজবপন কার্য্যে কতকটা বাধা পড়িয়াছিল; এক্ষণে আর সে বাধা নাই। চাউলের দর সদরে টাকায় ১১ সের, কাঁথিতে ১৩ সের, তমলুকে ১০ ও ঘাটালে ১০ হইতে ১১ সের। হুগলী জেলায় আউস ধান, ইক্ষু ও পাটের অবস্থা ভাল। সেদিনকার অতিবৃষ্টিতে শ্রীরামপুর মহকুমার রবিশস্যের পক্ষে কিছু অনিষ্ট হইয়াছে। গবাদি পশুর খাদ্য তৃণের দর জাহানাবাদে কিছু চড়িতেছে। একমাত্র পাণ্ডুয়া ভিন্ন জলাভাব আর কোথাও নাই। চাউল সদরে ১০ হইতে ১১ সের, শ্রীরামপুরে ১০ হইতে ১১॥ সের এবং জাহানাবাদে ১০॥ হইতে ১২॥ সের দরে বিক্রয় হইতেছে। সেদিনকার ঝড়ে হাওড়া জেলার আউস ধান ও পাটের পক্ষে কিছু অনিষ্ট হইয়াছে। চাউল টাকায় ১০ | ১১ সেরের দরে বিক্রয় হইতেছে।

প্রেসিডেন্সী বিভাগ—২৪ পরগণায় যে সকল জমি জলে বুড়িয়া গিয়াছিল এখন সে সকলে জল শুকাইয়া আসিয়াছে। আউস ও আমন ধান এবং পাট বপন কার্য্য চলিতেছে। তৃণ ও জল অভাবে গবাদি পশুকে কোনরূপ কষ্ট পাইতে হইতেছে না। নদীয়া জেলার ফসলের অবস্থা ভাল। আমন ধান বোনা আরম্ভ হইয়াছে। সেদিনকার বৃষ্টিতে মোটের উপর উপকারই হইয়াছে। কোন কোন নিম্নভূমি জলে বুড়িয়া যাওয়ায় কিছু কিছু ধান নষ্ট হইয়াছে মাত্র। শস্যের দর এখন সমানই আছে। খুলনা জেলার বাগেরহাটে বোরো ধানের সংগ্রহ প্রায় শেষ হইয়া আসিয়াছে। তিল বেশ জন্মিতেছে। আউস ও আমন ধান বোনা চলিতেছে। গবাদি পশুর তৃণ জলের অভাব কোথাও নাই, তবে মাগুরা থানার এলাকাধীন কোন কোন পল্লীতে গরুর ব্যারাম হইতে আরম্ভ হইয়াছে। চাউলের দর টাকায় ১০॥ হইতে ১৩ সের। যশোহরে আউস ও আমন ধান বোনা হইতেছে। শস্যের অবস্থা পূর্ব্বে ভাল ছিল না, কিন্তু এখন একটু উন্নত হইয়াছে দেখা যাইতেছে। কৃষকেরা তিল ফসল সংগ্রহ করিতেছে। গরু বাছুরদিগের খাদ্যতৃণের কোথাও অভাব হয় নাই কেবল বনগ্রাম মহকুমার স্থানে স্থানে জলের কিছু অভাব হইয়াছে। শস্যের দর একটু চড়িয়াছে। মুরসিদাবাদ জেলায় পাট ও আমন ধান বোনা হইতেছে। তিল ও বোরো ধান কৃষকেরা সংগ্রহ করিতে আরম্ভ করিয়াছে। তুঁত ইক্ষু ও নীলের অবস্থা ভাল। চাউল টাকায় ১১॥০ সের।

চট্টগ্রাম বিভাগ—চট্টগ্রাম জেলায় ফসলের অবস্থা ভাল। শস্যের দর সমানই আছে। নোয়াখালি জেলায় আউস ও আমন ধান বোনা হইতেছে। নিম্ন ভূমিগুলিতে জল সঞ্চিত থাকায় ঐ সকলের ধানের পক্ষে ক্ষতি হইতেছে। চাউলের দর টাকায় ১০॥ হইতে ১১॥০ সের। ত্রিপুরা জেলায় ফসলের অবস্থা সন্তোষজনক। চাউল ও পাটের অবস্থার উন্নতি হইতেছে। চট্টগ্রাম পার্ব্বত্য অঞ্চলে শীতের ধান্যের জন্য এখন হইতে নিম্নভূমিসমূহের কর্ষণাদি আরম্ভ হইয়াছে। চাউল এ জেলায় টাকায় ৮ সের।

ঢাকা বিভাগ—ঢাকা ও ফরিদপুর জেলার ফসলের অবস্থা মন্দ নহে। ঢাকায় চাউল টাকায় ১০ | ১২ সের এবং ফরিদপুরে টাকায় ১১ সের। ফরিদপুর জেলার অন্তর্গত ৩টি থানার এলাকায় এখনও গরু বাছুরের ব্যারাম হইতেছে। বাখরগঞ্জে ফসলের অবস্থা ভাল। সেদিনকার ঝড় বৃষ্টিতে শস্যের পক্ষে কিছু অনিষ্ট হইয়াছে। চাউল টাকায় ৯ সের হইতে ১২ সেরের দরে বিক্রয় হইতেছে। ময়মনসিংহের আউস ধান ও পাটের অবস্থা ভাল। গবাদি পশুর তৃণ জলের অভাব নাই। চাউলের দর টাকায় ১১ হইতে ১৩ সের।

রাজসাহী বিভাগ—দিনাজপুর জেলায় ভাদুই ফসল, ইক্ষু ও পাটের উন্নতি দেখা যাইতেছে। হৈমন্তিক ধান্যের জন্য কৃষকেরা জমি চষিতে আরম্ভ করিয়াছে। শস্যের দর কমে বাড়ে নাই। রাজসাহী জেলায় দিন কয়েক ধরিয়া বৃষ্টি না হওয়ায় কৃষিকার্য্যের পক্ষে অনেকটা ভাল হইয়াছে। শস্যের দর টাকায় ১১ সের হইতে ১৪ সের। রংপুর জেলায় আউস ধান ও পাট বেশ জন্মিতেছে। চাউলের দর সমান। বোগরা জেলায় আউস ধান ও পাটের অবস্থা ভাল। আমন ধানের জন্য জমির পাট চলিতেছে। চাউল টাকায় ১২ সের। পাবনা জেলার উচ্চভূমিগুলিতে শস্যের অবস্থা সন্তোষজনক। চাউলের দর পাবনায় টাকায় ১১॥০ সের এবং সিরাজগঞ্জে ৮৮০

হইতে ৫।০ দরে চাউলের মণ বিক্রয় হইতেছে।

দার্জ্জিলিঙ্গের পার্ব্বত্য অঞ্চলে ভুট্টা, ভাদুই ধান, মরুয়া—এই কয়টি ফসলের উন্নতি দেখা যাইতেছে। শ্যামা, কাঙ্গনি ও আলুর ফুল ধরিয়াছে। তরাই প্রদেশে ভাদুই ফসল বুনন শেষ হইয়া গিয়াছে। ক্ষেত্রে যে ফসল এক্ষণে আছে তাহার অবস্থা ভাল। মোটা চাউল পার্ব্বত্য অঞ্চলে টাকায় ১০ সের এবং তরাই প্রদেশে টাকায় ১১ সের দরে বিক্রয় হইতেছে। জলপাইগুড়িতে ভাদুই ফসল ও পাটের অবস্থা ভাল। বৃষ্টি হইয়া শস্যের অবস্থার উন্নতি সাধন করিয়াছে। চাউল টাকায় ১১॥ সের দরে বিক্রয় হইতেছে।

সাপ্তাহিক সংবাদ।

[কলিকাতা] হাইকোর্টের উকিল সম্প্রদায় গবর্ণমেণ্টের নিকট একখানি দরখাস্ত করিয়াছেন। তাঁহাদের প্রার্থনা—(১) তাঁহাদিগের মধ্য হইতে বড়লাটের ব্যবস্থাপক সভার জন্য একজন অতিরিক্ত সদস্য মনোনীত করা হয়; (২) তাঁহারা যাঁহাকে নির্ব্বাচন করিয়া দিবেন এমন এক জন ব্যক্তি বাঙ্গাল গবর্ণমেণ্টের ব্যবস্থাপক সভার সদস্য হইতে পারেন। উকিল সম্প্রদায়ের এই রূপ প্রার্থনা যে সঙ্গত প্রত্যুত্তরে গবর্ণমেণ্ট এ কথা স্বীকার করিয়াছেন; অধিকন্তু বলিয়াছেন "বর্ত্তমান ব্যবস্থামতে নির্ব্বাচিত সদস্যদিগের মধ্যে কেহ না কেহ উকিল আছেনই; সুতরাং ইহাদ্বারাই উকিল সম্প্রদায়ের অভীষ্ট সিদ্ধ হইতে পারে; তবে যদি ইহার কোনরূপ ব্যতিক্রম দেখা যায় তাহা হইলে ভবিষ্যতে যখন আইনের সংস্করণ আরম্ভ হইবে সেই সময়ে স্বতন্ত্ররূপ ব্যবস্থা করা যাইবে।

হাইকোর্টের প্রধান বিচারপতি সার কোমার পিথারোম শীঘ্রই ছয় মাসের ছুটী লইয়া বিলাত যাইবেন শুনা যাইতেছে। সিনিয়র জজ প্রিন্সেপ সাহেবও নাকি ঐ সঙ্গে বিলাত গমন করিবেন। উহাঁদিগের অনুপস্থিতি কালে জজ নরিস প্রধান বিচার পতি হইয়া কার্য্য করিবেন।

কলিকাতার যুবকদিগের উচ্চশিক্ষাবিধায়িনী যে সমিতি সংস্থাপিত হইয়াছে, উহার সাহায্যের জন্য বাঙ্গাল গবর্ণমেণ্ট নাকি একটি গ্রাণ্ট ইন-এড মঞ্জুর করিয়াছেন।

দেশীয় জমিদারদিগের পক্ষ হইতে ব্যবস্থাপক সভার সদস্য মনোনীত করিয়া লইবার পূর্ব্বে বাঙ্গালগবর্ণমেণ্ট যেন ব্রিটিস ইণ্ডিয়ান সভার পরামর্শ ও সহায়তা গ্রহণ করেন এই প্রার্থনা জানাইয়া উক্ত সভা বড়লাট ও ছোটলাট বাহাদুরের নিকট আবেদন পত্র প্রেরণ করিয়াছেন।

কিছু দিন পূর্ব্বে সি টমসন নামক জনৈক সাহেব ট্রাম গাড়ী হইতে পড়িয়া আঘাত পাওয়ায় খেসারতস্বরূপ ট্রামওয়ে কোম্পানীর নামে ২০ হাজার টাকার দাবীতে অভিযোগ উপস্থিত করেন। হাইকোর্টের জজ নরিস সাহেবের এজলাসে মোকদ্দমার বিচার হইয়া ডিসমিস হইয়াছে। টমসন সাহেব আপীল করিয়াছিলেন। চিফ জষ্টিস, জজ প্রিন্সেপ ও জজ পিগট আপীল গ্রাহ্য করিয়াছেন।

[প্রেসিডেন্সী] গবর্ণর জেনারেল বাহাদুরের ধোপার মাসিক বেতন ২৫৲ টাকা। বলরাম বেনিয়া উক্ত ধোপার নামে এই বলিয়া নালিশ করে যে, উভয়ে একত্রে বাজারে জিনিস খরিদ করিবার সময় ধোপা আমার পকেট কাটিয়া ২টা টাকা বাহির করিয়া লইয়াছে। মোকদ্দমা মিথ্যা বলিয়া প্রমাণিত হওয়ায় ধোপা মিথ্যা নালিশ করার জন্য বলরামকে অভিযুক্ত করে। বারাকপুরের ম্যাজিষ্ট্রেট বলরামের কঠিন পরিশ্রমের সহিত এক বৎসরের কারাদণ্ড বিধান করেন। বলরাম হাইকোর্টে মোকদ্দমা উপস্থিত করে। হাইকোর্টের জজেরা মোকদ্দমা ডিসমিস করিয়া দিয়াছেন।

[বর্দ্ধমান] হুগলী জেলার অন্তর্গত সিঙ্গুর নিবাসী প্রসিদ্ধ স্মার্ত্ত ৺ ঠাকুরদাস ন্যায়রত্নের মৃত্যু হইয়াছে। বয়স ৮১ বৎসর হইয়াছিল। বাতব্যাধি রোগই ইঁহার মৃত্যুর কারণ। ন্যায়রত্ন মহাশয়ের এক্ষণে একটি পুত্র বর্ত্তমান। পুত্রটী অদ্যাপিও উপার্জ্জনক্ষম হয় নাই; ন্যায়রত্ন মহাশয়ও মৃত্যুকালে নাকি কিছুই রাখিয়া যাইতে পারেন নাই। জীবদ্দশায় তিনি যে কিছু অর্থ উপার্জ্জন করিয়াছিলেন, ছাত্রদিগকে অন্নাদি দানেই তাহা সমস্ত ব্যয়িত হইয়া গিয়াছে।

(ঢাকা) ময়মনসিংহে 'রাজরাজেশ্বরী' জলের কল শীঘ্রই খোলা হইবে। বড়লাট বাহাদুর নিজে উপস্থিত থাকিয়া উহা খুলিয়া দিবেন। এতদুপলক্ষে রাজা সূর্য্যকান্ত বাহাদুর স্বকীয় নূতন প্রাসাদে দেশীয় প্রধান প্রধান ব্যক্তিবর্গ এবং ইউরোপীয় সম্ভ্রান্ত স্ত্রী ও পুরুষদিগকে আহ্বান করিয়া উৎসবাদি করিবেন এরূপ ইচ্ছা করিয়াছেন। (অমৃতবাজার)

ঢাকার স্বাস্থ্য মোটের উপর মন্দ নহে। বৃষ্টির অবসানে কয়েক দিন যাবৎ গ্রীষ্মের অনুভব হইতেছে। ধান চাউলের দর একইরূপ। সহরের কোন কোন স্থানে ওলাউঠার ও প্রাদুর্ভাব আছে। বিগত ১৩ই ও ১৪ই জ্যৈষ্ঠ এতদঞ্চলে অহোরাত্র মুষলধারে বারি বর্ষণ ও প্রবল বাতাস হইয়া গিয়াছে। ঐ সময় জল অত্যন্ত বৃদ্ধি পাওয়ায় নিম্ন ভূমির তিল, পাট ও মরিচ প্রভৃতি প্রায় বিনষ্ট হইয়া গিয়াছে। এ অঞ্চলে এবার তিল আদৌ জন্মিবে কি না সন্দেহ। আম্র এবার অর্দ্ধ আনা পরিমাণও জন্মে নাই। পূর্ব্ববঙ্গ অঞ্চলে ধানা টাকায় ১৮।১৯ সের এবং চাউল টাকায় ১১।১২ সের দরে বিক্রীত হইতেছে। সাধারণতঃ লোকের স্বাস্থ্য ভাল।

(সারস্বত পত্র)

(দার্জ্জিলিং) বর্দ্ধমান প্রতিনিধি ছোটলাট বাহাদুর সার এ পি ম্যাকডোনেল দার্জ্জিলিং মেলে শুক্রবার দার্জ্জিলিং যাইয়া পৌঁছিয়াছিলেন। তাঁহাকে অভ্যর্থনা করিবার জন্য বহুসংখ্যক লোকের সমাগম হইয়াছিল।

[মান্দ্রাজ] নিম্নলিখিত ব্যক্তিগণ আগামী বৎসরের মান্দ্রাজ বিশ্ববিদ্যালয়ের বি এল পরীক্ষার পরীক্ষক নিযুক্ত হইয়াছেন—মিঃ সুব্রমনিয়াম, মিঃ আর বি মিচেল, এম ও পার্থসারথি ঐয়ঙ্গর, সি জি কুপ্পুসামি ঐয়র, রাও বাহাদুর সি রামবুলিঙ্গা মুদলিয়ার এবং টি কে অঙ্গারসন।

ব্যবস্থাপক সভার প্রতিনিধি নির্ব্বাচন জন্য

মান্দ্রাজের মিউনিসিপ্যাল কৌন্সিলের সম্প্রতি অধিবেশন হইয়াছিল। ২৭ জন কমিসনর উপস্থিত ছিলেন। মিঃ রাজিয়া নৈদু ১৪টি ভোট পাইয়াছিলেন, রাও বাহাদুর আনন্দ চার্লু ১০টি এবং দেওয়ান বাহাদুর রঘুনাথ রাও ২টি।

[ব্রহ্মদেশ] উত্তর ব্রহ্মে বন্য হিংস্রপশু ঘাতকের পুরস্কার সম্বন্ধে নূতন নিয়ম প্রচারিত হইয়াছে। অতঃপর বাঘ মারিতে পারিলে ৪০ টাকা এবং ভালুক মারিতে পারিলে ৫ টাকা দেওয়ার ব্যবস্থা হইয়াছে। যে সকল শিকারী এইরূপ পশু শিকার করিবে, যাহাতে তাহাদিগকে উৎসাহ দেওয়া হয় এবং তাহাদের কার্য্যে সহায়তা করা হয় তজ্জন্য জেলার কর্ম্মচারিগণের প্রতি আদেশ হইয়াছে। নর ভক্ষক বড় বাঘ মারিতে পারিলে বিশেষ পুরস্কার দেওয়া যাইবে।

[পঞ্জাব] জনৈক মুসলমানের দুই স্ত্রী। মুসলমান খৃষ্টধর্ম্ম পরিগ্রহণ করিল। দ্বিতীয়া স্ত্রীও স্বামীর অনুসরণ করিয়া উক্ত ধর্ম্মের আশ্রয় গ্রহণ করিল। কিছু দিন পরে প্রথমা স্ত্রীও ঐরূপ করিল এবং উভয় স্ত্রীই স্বামীর সহিত কালাতিপাত করিতে লাগিল। স্বামীর এক্ষণে মৃত্যু হইয়াছে। লাহোর জেলায় তাহার কিছু স্থাবর সম্পত্তি আছে। সে উইল করিয়া উক্ত সম্পত্তির একতৃতীয়াংশ প্রথমা স্ত্রীর নামে এবং অবশিষ্ট দ্বিতীয়া স্ত্রীর নামে নির্দ্দিষ্ট করিয়া গিয়াছে। প্রথমা স্ত্রী বিষয়ের সমান অংশ পাইবার দাবীতে লাহোরের ডিষ্ট্রীক্ট জজের নিকটে অভিযোগ উপস্থিত করিয়াছে।

পঞ্জাব বিশ্ববিদ্যালয়ের সেনেট সভায় একটি অধিবেশনে উক্ত বিশ্ববিদ্যালয়ের সংস্কৃত বি এ কোর্সের মধ্যে ঋক বেদের কিয়দংশ যাহাতে পাঠ্য থাকে সভাপতি রাটিগান সাহেব এইরূপ ব্যবস্থা করিয়াছেন।

[আসাম]—কুচবেহারের মহারাজ স্বরাজ্যে প্রাণদণ্ডের ব্যবস্থা উঠাইয়া দিতে আদেশ করিয়াছেন বলিয়া শুনা যাইতেছে।

আসামের রাজস্ব বৃদ্ধি ব্যাপারের প্রতিকার জন্য আসামবাসীরা চিফ কমিসনরের নিকট আবেদন করিয়াছিল। আবেদনে ফল হয় নাই। সম্প্রতি গৌহাটীতে এতদুপলক্ষে একটি সভা হইয়া গিয়াছে। সভাস্থলে কামরূপের সকল শ্রেণীর লোকই উপস্থিত হইয়াছিল। সর্ব্বসম্মতি ক্রমে ভারত গবর্ণমেণ্টের নিকট আবেদন করাই স্থির হইয়া গিয়াছে।

[বোম্বাই] মান্দ্রাজের সেনাপতি সার চর্ণ কর্ম্মার সে দিন শিকারে যাইয়া ব্যাঘ্রকর্ত্তৃক বিনষ্ট হইয়াছিলেন। সম্প্রতি বোম্বাই সেনাপতি সার রজন হডসন সাহেব পুনানগরে ঘোড়ায় চড়িয়া বেড়াইতে বেড়াইতে পড়িয়া গিয়াছেন। সেই পড়াতেই তাঁহার অপমৃত্যু ঘটিয়াছে। সেনাপতির বয়ঃক্রম ৬০ বৎসর হইয়াছিল।

বোম্বাইয়ের দুই সহস্র লোকে সভা করিয়া গোহত্যা নিবারণের জন্য গবর্ণমেণ্টের নিকট আবেদন করিয়াছেন। (চারুবার্ত্তা)

[সাধারণ] দলিল রেজেষ্টরী সম্বন্ধে গবর্ণমেণ্ট নিম্নলিখিত রূপ খরচার হার নির্দ্দিষ্ট করিয়া দিয়াছেন—

৫০ টাকার অনধিক মূল্যের দলিলের ফি				॥০
৫০ টাকার অধিক কিন্তু ১০০ টাকার অনধিক				৸০
১০০	,,	২৫০	,,	১৲
২৫০	,,	৫০০	,,	১॥০
৫০০	,,	১০০০	,,	২৲

অতঃপর প্রতি হাজারে বা তদ্ন্যূন মূল্যের দলিলে ১৲ টাকা করিয়া দিতে হইবে। আগামী জুলাই মাস হইতে এই নিয়মানুসারে কার্য্য চলিবে।

ঠগি বিভাগের সাহেব অনারেবল ডাক্তার লেথব্রিজ ২ মাস ২৯ দিনের এবং বাঙ্গালার সিভিল হাঁসপাতালসমূহের ইনস্পেক্টর জেনারেল সার্জ্জন কর্ণেল শিলচার ৩ মাসের ছুটি পাইয়াছেন। লেথব্রিজ সাহেবের অনুপস্থিতি কালে ম্যাকক্র্যাকেন সাহেব ঠগি বিভাগের কার্য্য করিবেন।

আগামী শীত ঋতুতে নিউকাসেলের ডিউক সম্ভবতঃ ভারতে আসিবেন।

সাহাপুর বোয়ালিয়ার স্কুলঘর মেরামতের জন্য শ্রীমতী মহারাণী স্বর্ণময়ী এককালীন ১০ টাকা দান করিয়াছেন।

জুরি কমিসনে বসিয়া সার রমেশচন্দ্র মিত্র ও মহারাজ যতীন্দ্রমোহন ঠাকুর স্ব স্ব মন্তব্য প্রকাশস্থলে বলিয়াছেন, "যে যে অপরাধের বিচার এক্ষণে বাঙ্গালায় জুরিদ্বারা হইয়া থাকে তদ্ভিন্ন আরও কোন কোন মোকদ্দমার বিচার জুরিদ্বারা হইবার ব্যবস্থা করা উচিত এবং যে সকল জেলায় এক্ষণে উক্ত প্রথা প্রচলিত আছে, তদ্ভিন্ন উপযুক্ত বিবেচনায় অপরাপর জেলাসমূহেও উহার প্রচলন আবশ্যক"। বিলাতের কমন্স সভায় অনারেবল সভ্য পল সাহেব পার্লিয়ামেণ্টে এ কথা তুলিয়াছিলেন। অণ্ডার সেক্রেটরী রসেল সাহেব উত্তরে বলিয়াছেন, "বড়লাট শীঘ্রই এ বিষয়ের স্বতন্ত্র ডেস্‌প্যাচ পাঠাইবেন। বড়লাটের ডেসপ্যাচ পাঠান হইলে পরে কর্ত্তব্য স্থির করা যাইবে।"

এরূপ জনরব যে বুদ্ধগয়ার মন্দির শীঘ্রই বর্ত্তমান স্বত্বাধিকারীর নিকট হইতে মহাবোধি সমাজ ও পৃথিবীস্থ বৌদ্ধ সাধারণের ব্যবহারার্থ কিনিয়া লওয়া হইবে। ক্রেতা কর্ণেল অলকট ও মিঃ ধর্ম্মপাল।

উত্তর-পশ্চিমের প্রধান কারাধ্যক্ষ সাহেব একটি ফণ্ড খুলিয়াছেন। যাহারা জেল হইতে খালাস পাইবে এই ফণ্ড হইতে তাহাদিগকে কিছু কিছু টাকা দেওয়া যাইবে। জেলখালাসীরা ঐ টাকা লইয়া সৎপথে থাকিয়া অর্থোপার্জ্জন করে উল্লিখিত ফণ্ড খুলিবার ইহাই উদ্দেশ্য। মহম্মদ পুরার রাজা আমীর হোসেন উক্ত ফণ্ডে ৫ শত টাকা দান করিয়াছেন।

দেরাদুন ফরেষ্ট স্কুলের শেষ পরীক্ষার ফল বাহির হইয়াছে। মান্দ্রাজ প্রেসিডেন্সীর ছাত্রদিগের পরীক্ষার ফলই সর্ব্বাপেক্ষা ভাল হইয়াছে। উচ্চ পরীক্ষায় ৩৪ জন উত্তীর্ণ হইয়াছেন, তন্মধ্যে মান্দ্রাজের ছাত্র ১৭ জন। নিম্ন পরীক্ষায় ৪ জন উত্তীর্ণ হইয়াছেন; তন্মধ্যে মান্দ্রাজের কেহই নহেন।

বসন্ত রোগের নিবারণ জন্য যেমন টীকা দেওয়ার ব্যবস্থা প্রচলিত হইয়াছে, সেইরূপ ওলাউঠার বীজে টীকা দেওয়ায় ওলাউঠা রোগের কত দূর শমতা হইতে পারে ডাক্তার হাফকিন তাহার পরীক্ষা করিতেছেন। ভারতের যে সকল জেলায় এবং যে সকল সহরে উক্ত রোগের প্রাদুর্ভাব বেশী হয় সেই সকল জেলা ও সহরগুলি এক্ষণে পরীক্ষা করিয়া দেখিবেন। যে সকল হাঁসপাতালে ওলাউঠার রোগীর চিকিৎসা হইয়া থাকে সেই সমস্ত হাঁসপাতাল পরিদর্শন করি-

সেন। ওলাউঠা ঐ সকল স্থানে কি কি কারণে এবং কিরূপ অবস্থায় সংক্রামক হইয়া উঠে সে বিষয়ের তথ্যানুসন্ধান করিবেন। উল্লিখিত ব্যাপারের সাধন বিষয়ে ডাক্তার হাফকিনকে যাহাতে সাহায্য করা হয়, এই মর্ম্মে ষ্টেট সেক্রেটরী ভারত গবর্ণমেণ্টের নিকট একখানি পত্র পাঠাইয়া দেন। ভারত গবর্ণমেণ্ট আবার বাঙ্গাল গবর্ণমেণ্টকে ঐ পত্রের এক নকল পাঠাইয়া দিয়াছেন। ভারত গবর্ণমেণ্ট বলিয়াছেন যে, ডাক্তার হাফকিন যদি ওলাউঠা বীজে টীকা দেওয়ার পরীক্ষা করিয়া দেখিতে ইচ্ছা করেন তবে তাহাও করিতে পারিবেন, তবে যে ব্যক্তিকে ঐরূপ টীকা দেওয়া হইবে প্রথমে তাহাকে ও তাহার বন্ধুবর্গকে ইহার উপকারিতা বেশ করিয়া বুঝাইয়া দিতে হইবে; পরে যদি সে ব্যক্তির এবং তাহার বন্ধুবর্গের ইহাতে মত হয় তবেই তাহাকে টীকা দেওয়া যাইতে পারিবে।

বর্ত্তমান প্রতিনিধি ছোট লাট বাহাদুর স্যার এ পি ম্যাকডোনেল দিনাপুর রেলওয়ে ষ্টেশনে গাড়ী হইতে নামিয়া তাঁহাকে দেখিবার জন্য তথায় সমবেত কয়েক জন কর্ম্মচারীর সহিত কথাবার্ত্তা কহিতে ছিলেন, এমন সময়ে জনতার মধ্যে এক জন প্রাচীনকে দেখিয়া তাঁহার নিকটে গেলেন এবং অতি মিষ্টভাবে তাঁহার কুশলাদি অনেক সংবাদ তাঁহাকে জিজ্ঞাসা করিলেন। ম্যাকডোনেল বাহাদুর যখন ছাপরার ম্যাজিষ্ট্রেট ছিলেন, তখন ঐ প্রাচীন ব্যক্তি তাঁহার পেস্কারের কার্য্য করিতেন।

ছোট লাট বাহাদুর আদেশ করিয়াছেন যে, যে সকল ব্যক্তি ১৮৯০ সালের ভারতীয় রেলওয়ের ৯ আইনের অথবা উহারই অন্তর্গত কোন ধারা অনুসারে অপরাধ করিবে তাহাদিগের বিচার অতঃপর নিম্নলিখিত মত নিয়মানুসারে হইতে থাকিবে—(১) বিষ্যালদহ অথবা দম্‌দম জংশন ষ্টেশন অথবা ঐ দুই ষ্টেশনের মধ্যবর্ত্তী কোন স্থানে উল্লিখিত অপরাধ করিলে অপরাধীর বিচার সিয়ালদহে হইবে; (২) দমদম জংশন ষ্টেশন হইতে বি বি রেলওয়ের হাবড়া ষ্টেশনের পূর্ব্বদিকের 'ডিষ্টাণ্ট সিগনাল' খুঁটি পর্য্যন্ত স্থানের মধ্যে অথবা দমদম ক্যাণ্টনমেণ্ট বিরাটী, চণ্ডীপুর, বারাসত, রামনগাছী, দত্তপুকুর, দোগাছিয়া, গুমা এবং হাবড়া ষ্টেশনে হইলে বিচার বারাসতে হইবে; এবং (৩) আরমানি ঘাট হইতে চিৎপুর পর্য্যন্ত কলিকাতা পোর্টট্রষ্ট রেলপথের যে কোন স্থানে হইলে সিয়ালদহে বিচার হইবে।

মহারাণী স্বর্ণময়ী কলিকাতা পিঁজরাপোল সমাজে ১ হাজার টাকা দান করিয়াছেন।

এই বৎসর লাহোরে জাতীয় মহাসমিতির অধিবেশন হইবে। অমৃত বাজার পত্রিকা তাঁহার লণ্ডনস্থ সংবাদদাতার পত্রে জানিয়াছেন যে দাদাভাই নৌরোজী এই বারের অধিবেশনে সভাপতির কার্য্য করিবেন।

[বৈদেশিক] তারে সংবাদ আসিয়াছে আমেরিকার কোন রঙ্গালয়স্থ একটী সরকারী আফিস ঘর হঠাৎ পড়িয়া যাওয়ায় ২৫ জন লোক হত ও ৬০ আহত হইয়াছে।

আগামী জুলাই মাসে ঈজিপ্টের খেদিভ তুরুস্কে আসিয়া সুলতানের সহিত দেখা শুনা করিবেন।

প্রধান মন্ত্রী গ্ল্যাডষ্টোন সাহেব সম্প্রতি কমন্স সভার একটি প্রশ্নের প্রত্যুত্তরে বলিয়াছেন, "ভারতে সিভিল সর্ভিস পরীক্ষা গ্রহণ বিষয়ক প্রস্তাব ভারতগবর্ণমেণ্টে পাঠান হইবে। ভারতগবর্ণমেণ্ট উহার বিষয় সবিশেষ বিবেচনাপূর্ব্বক কিরূপে এবং কি কি নিয়মে উহা প্রচলিত হইতে পারিবে তাহা স্থির করিয়া হোমগবর্ণমেণ্টের গোচর করিবেন।"

হার্শেল কমিটির রিপোর্ট পড়িয়া ভারত গবর্ণমেণ্ট তৎসম্বন্ধে স্বীয় মতামত যাহাতে তারযোগে ব্যক্ত করেন তজ্জন্য ভারতগবর্ণমেণ্টকে অনুরোধ করা হইয়াছে। কমন্স সভার অন্যতম সভ্য স্যার হারকোর্ট সাহেব উক্ত সভাস্থলে উত্থাপিত একটী প্রশ্নের প্রত্যুত্তরে একথা বলিয়াছেন।

রুসিয়ার জার বড় ফুলকাটা চাঁদোয়া ভালবাসেন, এইকারণ তাঁহার সকল ঘরেই ঐরূপ চাঁদোয়া টাঙ্গান আছে।

কাপুরতলার রাজা ইউরোপে যাইয়া কিছু দিন হইল পোপের সহিত সাক্ষাৎ করিয়াছিলেন। পোপ নানাপ্রসঙ্গে রাজার সহিত কথাবার্ত্তা কহিয়া পরিশেষে রাজার হস্তধারণ করিয়া বলিলেন, "দরকার হইলে আপনি খৃষ্টানদিগকে রক্ষা করিবেন —এইটি আপনাকে অঙ্গীকার করিতে হইবে।" রাজা অঙ্গীকার করিলে তদনন্তর পোপ রাজাকে বলিলেন, "ঈশ্বর আপনাকে রক্ষা করুন।"

মিসরের অন্তর্গত কেরোনগরের প্রস্তরখনিতে কাজ করে এরূপ ৬ শত কয়েদী পলাইবার চেষ্টা পাওয়ায় তাহাদিগের রক্ষক তাহাদিগের প্রতি গুলি নিক্ষেপ করে। ৩৯ জন কয়েদী হত হইয়াছে। ১১ জন পলাইয়া বাঁচিয়াছে। এই উপলক্ষে মিসরে খুব গোলযোগ উপস্থিত হইয়াছিল।

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—মিঃ ডবলিউ ল্যাম্বি সি এস বেনারসের আফিসের এজেণ্ট নিযুক্ত হইলেন। ময়মনসিংহের সব ডেঃ কঃ বাবু পূর্ণচন্দ্র নাগ ১ মাসের ছুটী পাইলেন। বাখরগঞ্জ পটুয়াখালির ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু প্রসন্নকুমার কারফর্ম্মা ২ মাসের ছুটী পাইলেন। বাখরগঞ্জের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু যামিনীমোহন দাস উক্ত জেলার পটুয়াখালি মহকুমার ভার পাইলেন। ২৪ পরগণা ডায়মণ্ড হার্ব্বারের ডেঃ মাঃ ও ডেঃ কঃ কঃ বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায় ২ মাস ১৫ দিনের ছুটী পাইলেন। খুলনার ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু রাধাকান্ত বন্দ্যোপাধ্যায় ২৪ পরগণা ডায়মণ্ড হারবারে বদলী হইলেন। শিক্ষানবীস সব ডেঃ কঃ বাবু ভূপেন্দ্রনাথ গুপ্ত মজঃফরপুর জেলার সদরে স্থাপিত হইলেন। সাঁওতাল পরগণার প্রোটেম সব ডেঃ কঃ বাবু উপেন্দ্রচন্দ্র মুখোপাধ্যায় প্রেসিডেন্সী বিভাগে বদলী হইলেন। ডেঃ কঃ মিঃ জে টি জার্ব্বো মুঙ্গের জেলায় কঃর কার্য্য ভার পাইলেন। ২৪ পরগণা বারাসতের সব ডেঃ কঃ বাবু নগেন্দ্রলাল মিত্র মুরসিদাবাদ জেলার সদরে বদলী হইলেন। সব ডেঃ কঃ বাবু বনমালী প্রামানিক ৩য় শ্রেণীতে ও সব ডেঃ কঃ বাবু বতীন্দ্রনাথ গুপ্ত ৪র্থ শ্রেণীতে পাকা হইলেন। প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু মাখনলাল চট্টোপাধ্যায় আর ২ মাসের ছুটী পাইলেন। সারণের শিক্ষানবীশ সব ডেঃ কঃ বাবু রায় কৃষ্ণ বাহাদুর মজঃফরপুর জেলার সদরে বদলী হইলেন। পাটনার ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী দিলাবার হোসেন আহমেদ ১ম শ্রেণীতে পাকা হইলেন। ২৪ পরগণার ডেঃ মাঃ ও ডেঃ কঃ রায় উমাকান্ত দাস বাহাদুর প্রোটেম ১ম শ্রেণীতে উন্নীত হইলেন। পোতারডাঙ্গার ছুটীপ্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ ম্যানসন সাহেব এবং ফলোপ্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ ক্লেগার সাহেব ২য় শ্রেণীতে পাকা হইলেন। বর্দ্ধমানের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু

অতুলচন্দ্র চট্টোপাধ্যায়ও ফলোপ্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ মার্টিন সাহেব প্রোটেম ২য় শ্রেণীতে উন্নীত হইলেন। সারণের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু লছমীনারায়ণ সিংহ এবং কৃষি বিভাগের ডিরেক্টরের পার্শ্বঃ আসিষ্টাণ্টের কার্য্যে নিযুক্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু মহেন্দ্রনাথ গুপ্ত ৩য় শ্রেণীতে পাকা হইলেন। মুরসিদাবাদের ডেঃ মাঃ ও ডেঃ কঃ উইলিয়মসন সাহেব প্রোটেম ৩য় শ্রেণীতে উন্নীত হইলেন। পাটনার কমিঃর পার্শ্বঃ আসিষ্টাণ্ট এবং ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী বজলুল করিম এবং ফরিদপুরের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু জগবন্ধু খাঁ ৪র্থ শ্রেণীতে পাকা হইলেন। হাওড়ার ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু হরিশচন্দ্র বন্দ্যো, নীলঘিরীর ম্যানেজারী কার্য্যে নিযুক্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ রিকেট্‌স্ সাহেব, এবং খুলনা বাগেরহাটের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু কুমুদনাথ মুখোপাধ্যায় প্রোটেম ৪র্থ শ্রেণীতে উন্নীত হইলেন। যশোহরের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু ক্ষেত্রমোহন মিত্র, সারণের ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী মামুদ উল নবী, ভগলপুর মাধিপুরার ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু চণ্ডীদাস ঘোষ এবং সারণ গোপালগঞ্জের ডেঃ মাঃ ও ডেঃ কঃ টমসন সাহেব ৫ম শ্রেণীতে পাকা হইলেন। মেদিনীপুরের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু সুরেশচন্দ্র দাস, জলপাইগুড়ির ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু যোগেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, সাঁওতাল পরগণার ডেঃ মাঃ ও ডেঃ কঃ ষ্টার্ক সাহেব নোয়াখালির ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু কালীপ্রসন্ন চৌধুরী এবং মালদহের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু শিতিকণ্ঠ ঘোষ প্রোটেম ৫ম শ্রেণীতে উন্নীত হইলেন। হুগলী শ্রীরামপুরের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু শ্যামকুমুদ মুখোপাধ্যায়, ২৪ পরগণার আবকারী কার্য্যের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু গঙ্গাধর ঘোষ, পাটনার আবকারী কার্য্যের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু প্রকাশচন্দ্র রায় এবং সাহাবাদের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু উমেশচন্দ্র সেন ৬ষ্ঠ শ্রেণীতে পাকা হইলেন। নিম্নলিখিত ডেঃ মাঃ ও ডেঃ কঃ গণ প্রোটেম ৬ষ্ঠ শ্রেণীতে উন্নীত হইলেন—দিনাজপুরের মিঃ বিজেনলাল রায়, যশোহর নড়াইলের বাবু অমৃতলাল মুখোপাধ্যায়, বর্দ্ধমানের মিঃ অতুল কৃষ্ণ রায়, বর্দ্ধমান রাজ খাসমহলের বন্দোবস্ত কার্য্যে নিযুক্ত বাবু সুকুমার হালদার এবং ময়মনসিংহ কিশোরগঞ্জের বাবু শ্রীনাথ চট্টোপাধ্যায়। নিম্নলিখিত প্রোটেম ডেঃ মাঃ ও ডেঃ কঃগণ ৭ম শ্রেণীতে পাকা হইলেন—দালেশ্বরের বাবু বঙ্কবিহারী সিংহ, দার্জিলিঙ্গের মিঃ দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায়, মুরসিদাবাদ কাঁদির বাবু প্রাণকুমার ঘোষ, রংপুরের বাবু আশুতোষ ভট্টাচার্য্য, ভগলপুরের আবকারী কার্য্যে নিযুক্ত বাবু নবীনচন্দ্র কর এবং ময়মনসিংহের আবকারী কার্য্যে নিযুক্ত বাবু রজনীপ্রসাদ নিয়োগী। নিম্নলিখিত প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃগণ প্রোটেম ৭ম শ্রেণীতে নিযুক্ত হইলেন—হুগলী ও হাবড়ার আবকারী কার্য্যে নিযুক্ত বাবু সুরেশচন্দ্র বল, দিনাজপুরের বাবু সতীশচন্দ্র সেন, বালেশ্বরের বাবু শ্রীরামচন্দ্র বসু, নদীয়ার পুনর্ম্মূল্যাস্থিরীকরণ কার্য্যের বাবু জগচ্চন্দ্র রায় এবং খুলনার বাবু হরিশচন্দ্র রায়।

বিচার—মানভূমের অতিরিক্ত সব জজ বাবু জগদ্দুর্ল্লভ মজুমদার আর ৬ মাসের ছুটী পাইলেন। সাহাবাদের অতিরিক্ত সব জজ বাবু অবিনাশচন্দ্র মিত্র ২৪ দিনের ছুটী পাইলেন। সাহাবাদ আরার মুঃ বাবু শ্রীগোপাল চট্টোপাধ্যায় উক্ত জেলায় সব জজ হইলেন। বাবু অঘোরনাথ শীল বি এল সাহাবাদ আরার মুঃ হইলেন। চট্টগ্রাম হাথাজারি ও ফটীকচারির মুঃ বাবু হৃদয়নাথ মজুমদার উক্ত জেলায় কক্সবাজারের মুঃ হইলেন। চট্টগ্রাম কক্সবাজারের মুঃ বাবু উপেন্দ্রচন্দ্র চট্টোপাধ্যায় উক্ত জেলার হাথাজারি ও ফটিকচারির অতিরিক্ত মুঃ নিযুক্ত হইয়া হাথাজারিতে স্থাপিত হইলেন। বাবু সিদ্ধেশ্বর চক্রবর্ত্তী এম এ বি এল সাহাবাদ বক্সারের মুঃ হইলেন। মৌলবী আবদুর রহিম মজঃফরপুর সমস্তিপুরের অতিরিক্ত মুঃ হইলেন। বিগত ৭ই জুন তারিখের কলিকাতা গেজেটে বাবু সুকুমার ভট্টাচার্য্য মোদনীপুর ঘাটালের মুঃ হইয়াছেন বলিয়া লেখা হইয়াছিল; উক্ত 'ঘাটালের' স্থানে 'গড়বেতা' পড়িতে হইবে। ছোটনাগপুর বড়যাজারের মুঃ বাবু মন্মথনাথ চট্টোপাধ্যায় আর ৭ দিনের, ত্রিপুরা নবীনগরের মুঃ বাবু শ্যামকান্ত নাগ আর ১০ দিনের, এবং ত্রিহুত সমস্তিপুরের অতিরিক্ত মুঃ মিঃ ইব্রাহিম আহমেদ দেড় মাসের ছুটি পাইলেন।

শিক্ষা—মুঙ্গেরের ডেঃ ইনঃ বাবু রামধানী পাণ্ডে ১ বৎসরের ছুটী পাইলেন। ভগলপুর জেলা স্কুলের ২য় শিক্ষক বাবু ভগবতী সহায় এম এ বি এল মুঙ্গেরের ডেঃ ইনঃ হইলেন। যশোহর জেলা স্কুলের ২য় শিক্ষক বাবু রাজকুমার দাস এম এ রাঁচি জেলাস্কুলের ২য় শিক্ষক হইলেন। রাঁচি জেলাস্কুলের ২য় শিক্ষক বাবু কেদারনাথ সেন এম এ যশোহর জেলাস্কুলের ২য় শিক্ষক হইলেন। মেদিনীপুর জেলাবোর্ডের অধীনস্থ স্কুল সব ইনস্পেক্টর বাবু নীলমণি মুখোপাধ্যায় বিনা বেতনে ১ মাসের ছুটী পাইলেন।

উদ্ভট কবিতা।

[৩৮৪]

বৈয়াকরণকিরাতাদপশব্দমৃগাঃ ক্ব যান্তি তে হন্ত্রস্তাঃ।
নটভটগণকচিকিৎসকমুখকন্দরা যদি ন স্যুঃ॥

[৩৮৫]

যদ্দন্তাবলিকৃত্রিমাহজনি শিবো যদ্দন্তবাসচ্ছবি
র্ব্রহ্মাহজায়ত যৎসুখং হরিরভূদ্দশাপালবেশোহপরঃ।
যল্লীলাহজনি গোপিকা জগদভূদ্ যচ্ছক্তিরব্যাহতা
সোহয়ং সম্প্রতি হস্তালংদশমুখং রক্ষাকৃতঃ পার্ব্বতি।

নিম্নলিখিত ছাত্রগণ এই বৎসরে প্রথম ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

দ্বিতীয় বিভাগ।

পারদর্শিতানুসারে।

বসন্তকুমার সেন	সিভিল ইঞ্জিনিয়ারিং কলেজ
শ্রীশচন্দ্র চক্রবর্ত্তী	ঐ
হরিমাধব ভাদুড়ী	ঐ
মনোমোহন বসু	ঐ
মনোমোহন দাস	ঐ
রসময় প্রামাণিক	ঐ
যতীন্দ্রনাথ পালিত	ঐ
ফণীলাল মল্লিক	ঐ
কালীনারায়ণ সেন	ঐ
নগেন্দ্রনাথ দত্ত	ঐ
সুরেন্দ্রনাথ মিত্র	ঐ
নীলমণি দে	ঐ
দেবেন্দ্রনাথ চট্টোপাধ্যায়	ঐ
যাদবচন্দ্র তলাপাত্র	ঐ
বনোদবিহারী বিশ্বাস	ঐ

কর্ম্মখালি।

Wanted a Clerk on Rs 15 per mensem (Govt. Service for the Office of the Deputy Inspector of Schools Midnapur. None need apply who has not passed the Entrance Examination. Preference will be given to one who writes a neat hand and has already had some experience of a clerkship. Applications with testimonials will be received by the undersigned up to the 22nd. instt.

Midnapur. The 8th June. 1893 } Umaprosad De. Dy. Inspector of Schools Midnapur.

Wanted a B. A. Second Master for the Ilsoba Mondly School on Rs 30 a month. Apply to the Secretary of the School.

Wanted an Entrance passed Hindu private tutor on Rs 8 a month, rising to Rs 10. Food and lodging free. The selected candidate will be allowed to teach other boys at leisure and thereby make separate income. He will have to produce a certificate of some respectable gentleman showing that he possesses a very good moral character. Apply to Babu Joges Chandra Maitra, Manager, Madhyam Taraf, Pangsa Estate, Pangsa P. O. Dt. Furreedpur.

Wanted an F. A. passed Hd. Master for the Nagarpara Arya School (a newly established M. E. School) on Rs 15 a month, rising to Rs 25 in course of time. Food and lodging free. Apply with copies of testimonials to the Secy, Babu Lalit Mohun Sircar, P. O. Jalangi, Dt. Murshidabad.

Wanted a 5th Master, an experienced man, who has read up to the F. A. standard, for the Goalando High School. Salary Rs 15 to Rs 20 according to qualification. Apply sharp with copies of testimonials to Babu Shyama Charan Bhuttacharjya M. A. Head Master.

Wanted an F. A. plucked Kyastha teacher on Rs 15 a month for the Kheshra School, P. O. Raruli Katipara, Dt. Khulna. Food and lodging free. Apply to Babu Akshya Kumar Mitra, Hd. Pandit.

Wanted an experienced 3rd Master for the Parsadanga Gobindanath M. E. School. P. O. Parsadanga, Dt. Pabna. Salary Rs 10 a month. Baard and lodging free. Apply at once to the Head Master Babu Srish Chandra Bhaduri.

Wanted a few Agents for the "Chinsurah Bartabaha" a Bengali weekly, to be started hence from the 2nd week of Asar next. Rs 4 per cent Commission will be allowed to those who will gather subscribers. Apply sharp to Babu Dinanath Mukherjee. Manager, Chinsurah Bartabaha, Madhabitolla, Chinsurah.

Wanted an F. A. passed Head Master for the Saknara M. E. School, Dt. Burdwan. One who has served as Head Master of some M. E. school for at least 5 years may also apply to the Secy. Babu Bhudev Chatterjee, Pleader.

Wanted a graduate strong in English and experienced in teaching as Head Master of the Barpeta Private High School, Assam, on Rs 50 a month rising to Rs 70 possibly in 3 months. Apply with testimonials to the Secy. Babu Radha Kanto Das within the 30th instant.

Wanted an Entrance passed Brahmin teache on Rs 9 a month besides free board and lodging. The selected candidate may also earn another Rs 3 if he condescend to teach 3 or 4 boys private. Apply to Babu Rajani Kanto Banerjee Elambazar Hatbhala Dispensary, Elambazar P. O. Bolpur Station.

Wanted an F. A. Head Master for the Habibpur M. E. School, P.O. Gopalnagar, Dt. Bankura, on Rs 20 a month. Apply within 20th June to the Secy. Babu Suchand Thakur.

Wanted a plucked or passed F.A. Hd. Master for the Maliberia M.E. School on Rs 16 a month. Preference will be given to him who passed M. E. Scholarship Examination and Entrance Examination creditably. Apply sharp to Babu Kedar Nath Ray Secretary Maliberia M. E. School. Shamkur P. O. Nuddea Dt.

জেলা যশোহর পোঃ লোহাগড়া লক্ষ্মীপাসা মধ্য ইংরাজি বিদ্যালয়ের জন্য মাসিক ১৮৲ টাকা বেতনে এক জন প্রধান পণ্ডিতের আবশ্যক। যাহারা নর্ম্মাল স্কুলের ত্রৈবার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ হইয়া শিক্ষকতা কার্য্যে পারদর্শিতা লাভ করিয়াছেন তাঁহাদের আবেদনই আদরণীয় হইবে। কর্ম্মপ্রার্থিগণ স্ব স্ব প্রশংসা পত্রের অনুলিপি সহ আগামী ২৫ শে জুনের মধ্যে সম্পাদক শ্রীভুবনমোহন বন্দ্যোপাধ্যায়ের নিকট দরখাস্ত করিবেন।

জেলা নদীয়া, পোঃ দেবগ্রাম, ঘোরাইক্ষেত্র ম, ই স্কুলের জন্য মাসিক ১২৲ টাকা বেতনে জনৈক নর্ম্মাল ত্রৈবার্ষিক পরীক্ষোত্তীর্ণ হেড পণ্ডিতের প্রয়োজন। বেতন বৃদ্ধির সম্ভাবনা আছে। যিনি ইংরাজী ফার্ষ্ট বুক ও সেকণ্ড বুক পড়াইতে পারেন, তাঁহার আবেদনই অধিকতর আদরণীয় হইবে। শ্রীযুক্ত নিবারণচন্দ্র ভট্টাচার্য্যের নিকট আবেদন করুন।

জেলা পাবনা বাগবাটী ম, ই স্কুলের জন্য মাসিক ১৫৲ টাকা বেতনে জনেক ব্রাহ্মণ অথবা কায়স্থ নর্ম্মাল ত্রৈবার্ষিক পরীক্ষোত্তীর্ণ হেড পণ্ডিতের প্রয়োজন। বাসা খরচ বাবদে ১২৲ টাকা পাইবেন। বাগবাটী সেরাজগঞ্জ হইতে ৩ ক্রোশ দূরে অবস্থিত। ২৫শে জুনের মধ্যে সম্পাদক শ্রীগোবিন্দ লাল রায়ের নিকট আবেদন করিবেন।

মিঠাপুকুর সার্কেলের অন্তর্গত হরিপুর (প্রকাশ্য শটীবাড়ী) উচ্চ প্রাইমেরী স্কুলের জন্য এক জন প্রধান শিক্ষকের আবশ্যক। মাসিক বেতন আপাততঃ ৮৲ টাকা। কার্য্যদক্ষতা দেখিয়া বেতন বৃদ্ধি করা যাইবে। বাসা ও আহারীয় পাইবেন। যিনি মাইনর কি ছাত্রবৃত্তি পরীক্ষা পাশ করিয়া কিছু দিন শিক্ষকতা কার্য্য করিয়াছেন তাঁহারই আবেদন গ্রহণীয়। পোঃ মিঠা পুকুর, শটীবাড়ী; সম্পাদক শ্রীজয়দেব দাসের নিকট আবেদন করুন।

বিশেষ দ্রষ্টব্য।

বাচস্পত্য অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২৩৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
বুধোদয় প্রেস।
হুগলী।

সংক্ষিপ্ত পদার্থদর্শনের প্রশ্নোত্তর।

পণ্ডিত প্রবর শ্রীযুক্ত প্রসন্নকুমার চক্রবর্ত্তী প্রণীত। মূল্য ।৵০ পাঁচ আনা মাত্র। যত গুলি সং পদার্থদর্শনের প্রঃ উঃ এ পর্য্যন্ত প্রকাশিত হইয়াছে এখানা তাহাদের অপেক্ষা কোন অংশে নিকৃষ্ট নহে বরং অনেকাংশে উৎকৃষ্ট। যে স্কুলে এক খানিমাত্র এই প্রঃ উঃ প্রবেশ লাভ করিয়াছে সে স্কুলের সমস্ত ছাত্রই ইহা ক্রয় করিতেছে। একত্রে এক প্যাকেটে ৫ খানি এই প্রঃ উত্তর লইলে স্কুলের শিক্ষকদিগকে শতকরা ১৫৲ টাকার হিসাবে কমিসন দিয়া থাকি; অধিকন্তু আমি নিজ হইতে ডাক মাশুল দিই। কাগজ, ছাপা ও বাঁধাই সমস্তই উৎকৃষ্ট। ভিঃ পিঃ ডাকে পাঠাইয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র দত্ত।
ভারত পুস্তকালয়, পটলডাঙ্গা, বৌবাজার পোষ্ট
কলিকাতা।

৩৯৯নং

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত
পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে নব্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষক গণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২॥০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।৵০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীজমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।৵০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ৵০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৪৪ নং

ইউক্লিডের জ্যামিতি প্রথম অধ্যায়।

(সংশোধিত এবং পরিবর্দ্ধিত।)

শ্রীযুক্ত বাবু ব্রহ্মমোহন মল্লিক প্রণীত। ২৬শ সংস্করণ প্রকাশিত হইয়াছে। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
৩৯৭ নং ম্যানেজার।

গিরিশ লাইব্রেরী।

এখানে ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল, এ; বি, এ, ক্লাসের সর্ব্বপ্রকার পাঠ্যপুস্তক ও অর্থ পুস্তকাদি এবং নাটক, নভেল প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়। ভিঃ পিঃ ডাকেও পুস্তক পাঠাই। ২১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।
শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৮৪নং

সাহিত্য ডিপজিটারী।

২২০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল এ, বি এ, এম এ, ডাক্তারী, মোক্তারী, বি এল প্রভৃতির সর্ব্ববিধ পাঠ্য ও অর্থ পুস্তক, সুলভ মূল্যে আমাদের দোকানে পাওয়া যায়। সর্ব্বপ্রকার ইংরাজী বাঙ্গালা নাটক, নভেল প্রভৃতি সর্ব্বদা আমাদের নিকট মজুত থাকে। মফস্বলে ভ্যালুপেবেলেও পাঠাইয়া থাকি।

পাইকারী খরিদারদিগকে যথেষ্ট কমিসন দিয়া থাকি। পত্র লিখিলে সবিশেষ জানিতে পারিবেন।

শ্রীযতীশচন্দ্র সমাজপতি।

৩৮৭নং

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু কর্ত্তৃক সংকলিত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য ।৵০ আনা
ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "
ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব ।০ "

সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তালিকায় পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট—কলিকাতা।

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৬ বৎসর উহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-যশের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার লেপনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সম-ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনা ব্যয়ে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৷৷০ টাকা, প্যাকিং ।০ আনা

২ শিশি একত্রে লইলে খরচা ৷৷৵০ আনা সুলভ হয়।

শ্রীকালীদাস সরকার।

গবর্ণমেণ্ট পেন্সনার—লক্ষ্ণৌ।

৩৭৩নং

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বলবীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রি-জাগরণ, অতিরিক্ত পান-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা-হাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত।

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-ফোলা-কাসিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দৌকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকার সে জ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে, ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্পদিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধে অতি সামান্য রোগও আরাম হয়। বিধাতার বিচিত্রবিধান বুঝাভার!

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন। প্লীহা জ্বর-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগীকে এই এক ৩নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

	বটিকার সংখ্যা,	মূল্য,	ডাঃমাঃ,	প্যাকিং
১নং কৌটা	১৮	৷৷৵০	।০	৵০
২নং কৌটা	৩৬	১৵০	।০	৵০
৩নং কৌটা	৫৪	১৷৷৵০	।০	৵০

ভ্যালুপেবলে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।

১২ নং মুজাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা

৩৭৪নং

পাঁড়ে ব্রাদার্স।

পুস্তক ও দেশী বস্ত্র বিক্রেতা।

২৫নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট কলিকাতা।

এখানে ইংরাজি বাঙ্গালা সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য সর্ব্ব প্রকার পুস্তক, তৎসমস্তের নানা প্রকার কি, নোট, অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি সর্ব্ব প্রকার পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে। বিলাতি পুস্তক বিলাত হইতে আনা হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা ১৸০ মূল্য যোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও ব্যবহারীর জন্য চলিবে ও ২৷৷০, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ নয়নসুখ, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকটও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য	।৵০	বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ	৵০
৩২ খানি উৎকৃষ্ট চিত্রসহ			
নীতি কথামালা	।০	মানবতত্ত্ব	১৷০
আর্য্যচরিত	।০	ধর্ম্মবিজ্ঞান	১৲
আর্য্যশিক্ষা	৷৷৵০	অদ্ভুত স্বপ্ন বা স্ত্রী পুরুষের দ্বন্দ্ব	৷৷০
বাঙ্গলা ব্যাকরণ	৷৷৵০	বিজ্ঞানসার	১৲
শিশু বিজ্ঞান	৵০	লীলাবতী (অঙ্কপুস্তক)	৷৷০
বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ	৵০		

৩৪৫ নং

শ্রীমনোমোহন পাঁড়ে

বার্ষিক ৫০০৲ টাকা বৃত্তি।

ভারতধর্ম্মমহামণ্ডলীর মুখ্যতম উদ্দেশ্যের অনুসরণ করিয়া ৺বিশ্বনাথ চতুষ্পাঠীতে বার্ষিক পঞ্চাশৎ টাকা পরিমাণে এক একটী করিয়া দশটী বৃত্তি স্থাপিত হইয়াছে। যে যে চতুষ্পাঠীতে ব্যাকরণাদি করিয়া কোন দর্শন শাস্ত্র বিশেষতঃ বেদান্ত শাস্ত্র পর্য্যন্ত অধ্যাপিত হয়, সেই সেই চতুষ্পাঠীতে এই বৃত্তিগুলি দেওয়া যাইবে। অধ্যাপক ইচ্ছা করিলে ঐ বৃত্তি ত্রৈমাসিক বা ষাণ্মাসিক বা বার্ষিকরূপে গ্রহণ করিতে পারিবেন। ছাত্রদিগের বিদ্যাবত্তা ও সচ্চরিত্রতা সম্পাদন ভিন্ন অধ্যাপক মহাশয়দিগকে অপর কোন নিয়মের অধীন হইতে হইবে না। যে সমস্ত অধ্যাপক বৃত্তি লইতে ইচ্ছা করিবেন, তাঁহারা অথবা তাঁহাদিগের হিতার্থীরা অধ্যাপকের নাম ধাম ছাত্রসংখ্যা ও প্রত্যেক ছাত্রের অধীতব্য বিষয় লিখিয়া আমাকে সংবাদ দিবেন।

চুঁচুড়া বিশ্বনাথ চতুষ্পাঠীর
অধ্যাপক শ্রীহরিনাথ স্মৃতিভূষণ।

মহাকাব্য আর্য্যনারী গাথা।

১৭টী হিন্দু বীরনারীর চরিত্র বিষয়ক।

(কলিকাতা রিভিউ পত্রিকার বিশেষ প্রশংসিত)

রাজপুতানা জয়পুর মহারাজার কলেজ শ্রীযুক্ত মেঘনাথ ভট্টাচার্য্যের নিকট প্রাপ্তব্য। মূল্য ৷৶০।
৩৯৪নং

শ্রীমদ্ভগবদ্ গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ⁄০।

ঐ বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ।⁄০ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা মূল্য ।⁄০ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা উৎকৃষ্টরূপ বাঁধা মূল্য ৷০ আট আনা, ডাঃ মাঃ ⁄১০।

কবির (জীবন্মুক্ত মহাত্মা কবির সাহেবের ৫৫৭টী দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ ⁄১০।

কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০। ১ন মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

পাটীগণিত।

নূতন সংস্করণ।

শ্রীপ্রসন্নকুমার সর্ব্বাধিকারী প্রণীত।

সুপ্রসিদ্ধ গণিতশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম, এ, মহাশয়ের দ্বারা সম্যক্‌রূপে সংশোধিত পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত। ইহাতে সুকৌশল সম্পন্ন প্রশ্নাবলী সন্নিবেশিত এবং উহাদের ভূরি পরিমাণে সমাধান করা হইয়াছে। ৫২৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। উত্তম কাপড়ে বাঁধা, মূল্য ১৷০। বলা বাহুল্য ইহা চিরকাল সর্ব্বাদৃত, অধুনা আরও অধিক পরিমাণে স্কুলাদিতে পাঠ্যরূপে নিয়োজিত হইতেছে এবং বঙ্গবাসী প্রভৃতি সংবাদ পত্র ভূয়সী প্রশংসা করিতেছেন। নিম্নলিখিত এবং অন্যান্য স্থানে পাওয়া যায়।

বি, ব্যানার্জ্জি এণ্ড কোং।

১৫নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, ৫৬নং কলেজ ষ্ট্রীট, ৫১নং পুরাতন চীনেবাজার, কলিকাতা। ৫৫নং পটুয়াটুলি ঢাকা।

৩৮৮নং

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸০ বার আনা, ডাঃ মাঃ ⁄০ এক আনা। এখানি ১৮৯৪ অব্দের মাইনর পরীক্ষায় ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহাতে বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গদ্য হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ⁄০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
সংস্কৃত প্রেসডিপজিটরি।
১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

আর্য্যমিশন ইনষ্টিটিউশন।

৩৮।১ নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট, কলিকাতা।

এই বিদ্যালয়ে একটী স্বতন্ত্র সংস্কৃত বিভাগ আছে। ঐ বিভাগে উপযুক্ত পণ্ডিতের দ্বারা বিনা বেতনে দর্শন, কাব্য সাহিত্য, ব্যাকরণ শ্রীমদ্ভাগবত শ্রীমদ্ভগবদ্গীতা শিক্ষা দেওয়া হইয়া থাকে। পাঠার্থি-ছাত্রের আবশ্যক।

শ্রীকানাই লাল শেঠ।
৩২৮ নং সেক্রেটরী।

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু যজ্ঞেশ্বর মুখোপাধ্যায় বলাগড় ২৲
" হেমেন্দ্রনাথ গুহ ১৮৯৩ আগষ্ট শেষ ২৲
" প্রসন্নকুমার পাল বাগুহালী ১৩০০ শ্রাবণ শেষ ২৲
" বৈদ্যনাথ রায় কালীগ্রাম ১৮৯৩ এপ্রিল শেষ ৩৲
" শ্রীশচন্দ্র চক্রবর্ত্তী শ্যামসিদ্ধি ১৮৯৩ আগষ্ট শেষ ২৲
" তিনকড়ি দে কল্যানপুর ১৲
" অক্ষয়কুমার পাল গিরিডি ১৩০০ শ্রাবণ শেষ ২৲
" কামিনীকুমার দত্ত ঢাকা ১৮৯৩ আগষ্ট শেষ ২৲
" সীতানাথ রায় পটুয়াখালী ১৲
" গোপেন্দ্রচন্দ্র রায় সুপুর রায়পুর ১৩০০ অগ্রহায়ণ শেষ ৩৲
" জ্ঞানদাকান্ত দাসগুপ্ত কালীরা ১৩০০ অগ্রহায়ণ শেষ ৩৲
" হরিপ্রসন্ন মুখোপাধ্যায় রতুয়া ১৩০০ ভাদ্র শেষ ২৲
" দ্বিজেন্দ্রনাথ নিয়োগী মুন্সের ১৩০০ অগ্রহায়ণ শেষ ২৲
" ভূপতিনাথ বন্দ্যোপাধ্যায় চালকী ১৩০০ ভাদ্র শেষ ২৲
" লক্ষ্মীকান্ত দাস হামহাদী ১৲
" মহাদেব ভট্টাচার্য্য ফকিরহাট ১৲
" কালীপ্রসন্ন পাল মাজিলা ⁄১৲
" তারাপ্রসাদ চক্রবর্ত্তী দারিয়াবাদ মডেল ১৮৯৩ জুন শেষ ৩৲

☞ এই পত্র হুগলি বুধোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

REGISTERED NO 35 1875

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

নূতন সম্বৎ। ২৫শ খণ্ড। ১১শ সংখ্যা। | ১০ই আষাঢ় শুক্রবার ১৩০০ সাল। ইং ২৩শে জুন ১৮৯৩ খৃঃঅব্দ। | অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা।

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম)	৫	ষাণ্মাসিক	৩
ত্রৈমাসিক	২	প্রত্যেক সংখ্যার	।৹

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৶৹ ৩য় বার /১০ চতুর্থ বা ততোধিক বার /৯। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৶৹।

কর্ম্মখালির বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে প্রকাশিত হয়।

তিন মাসের অধিক বিজ্ঞাপন প্রকাশ করিলে, স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

যাঁহারা এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য নগদ টাকায় দিবেন, তাঁহারা তাঁহাদের নিকটবর্ত্তী এজেণ্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণিঅর্ডার কুপনে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

এডুকেশন গেজেটে বিজ্ঞাপন প্রকাশের সুবিধার জন্য ২৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে একটী এজেন্সি খোলা হইয়াছে। তথায় বিজ্ঞাপন ও তৎপ্রকাশের মূল্য জমা দওয়া যায়।

গেজেটের কোন সংখ্যা পাইতে অথবা বিলম্ব হইলে তাহার থামখানি ফিরমের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়, কলিকাতা সংস্কৃতযন্ত্রের পুস্তকালয় ২৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।
চণ্ডীচরণ মজুমদার—হেডস সেক্রেটারিয়েট ডুডিনিয়াল ডিপার্টমেণ্ট।
২৬ পরগণা জালিপুর — মতিলাল মৈত্র—আলিপুর।
ভূপালচন্দ্র গঙ্গোপাধ্যায়—উকিল।
বারাকপুর শ্রীযুক্ত বাবু ভুবনমোহন নিয়োগী।
ভবানীপুর — রাজকৃষ্ণ রায় চৌধুরী।
যদুনাথ চৌধুরী—চুয়াডাঙ্গা।
হাবড়া — হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম — ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী — শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর — ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান — চারুচন্দ্র চট্টোপাধ্যায়।
রসিকলাল দাস—রায়না।
যশোহর — কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
অম্বিকাচরণ মুখোপাধ্যায়—সিউড়ী।
নীলমণি ভট্টাচার্য্য—সিউড়ী।
বাঁকুড়া — রামেশ্বর সেন—বিষ্ণুপুর।
অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর — উমাচরণ দে।
দীননাথ ধর—গবর্ণমেণ্ট প্লীডার।
জলপাইগুড়ি — নীলমণি পাল।
বাঁকিপুর — নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর।
ভগবান প্রসাদ।
বারাণসী — সোমনাথ ভাদুড়ী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর — আদিনাথ মিত্র।
দ্বারকানাথ বাগচি—নিলফামারি।
রাজসাহী — কালীনাথ চৌধুরী—বোয়ালিয়া।
পাবনা — মহেন্দ্রনাথ দত্ত।
রজনীকান্ত ভট্টাচার্য্য।
রামচন্দ্র চক্রবর্ত্তী।
ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, দুলাই।
উমাচরণ পাঁড়ে, সিরাজগঞ্জ।
সতীশচন্দ্র ঘোষ।
ঢাকা — রজেশ্বর মুখোপাধ্যায়—তুমকা।
সাঁওতাল পরগণা — রাধাকৃষ্ণ সারখেল।
পাবুড় — হরিহর দাস।
খুলনা — জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।
দিনাজপুর — রাজকুমার চক্রবর্ত্তী দুলবাড়ি।
ভুবনেশ্বর গুপ্ত।
দুর্গাদাস ঘোষ—বালিগঞ্জ।
শশিভূষণ রায়।
ভুবনমোহন দত্ত।
কোচবিহার — কালীকিশোর ঘোষ—মাদারিপুর।
ফরিদপুর — কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল
মজঃফরপুর — গোরপ্রসাদ মজুমদার—ট্রাফিক।
দারভাঙ্গা — সুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সমস্তীপুর

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিবিধ বিজ্ঞাপন।

রিপণ-ডিপজিটারী।

৫২ নং দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য ও নাটক নভেল অতি সুবিধায় সরবরাহ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পিঃ ডাকে পুস্তক পাঠাই। প্রেরণ ব্যয় ৵০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়।

শ্রীশশিভূষণ সাহা
ম্যানেজার।

৩৮০ নং

গবর্ণমেণ্টের অনুমোদিত।

বাঙ্গালা ছাত্রবৃত্তি ও মাইনর স্কুলসমূহের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পাঠ্য।

"বিজ্ঞানসোপান"।

শ্রীযুক্ত উমেশচন্দ্র ঘোষ, এম এ, বি এল প্রণীত।

মূল্য ৷৵০ দশ আনা মাত্র।

ছাত্রবৃত্তি ও মাইনর পরীক্ষার নির্দ্দিষ্ট বিষয়গুলি এরূপ বিশদরূপে ও ধারাবাহিক ভাবে অন্য কোন গ্রন্থে বর্ণিত নাই। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৩৮৪নং

এল, ডি, মিত্র এবং কোং।

বহুপ্রতিষ্ঠ ও কলিকাতা ও অন্যান্য স্থানের দক্ষ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৬৲ ৫৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক রুবিনি ক্যাম্ফার ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৷৷০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৬৲ ও ৭৲, শিশুচিকিৎসা ২৷৷০, বামাচিকিৎসা ২৲ জ্বর চিকিৎসা ৸০ ও ১৸০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৸০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমার কলিকাতার মহামেলার এই শ্রেণীতে ভারতের মধ্যে সর্ব্বোচ্চ এবং এখানকার ও অন্যান্য স্থানের সম্ভ্রান্ত চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি।

৭ন

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্তলালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীতে সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১৷৷০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

REDUCTION IN PRICE OF CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta, Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free, at 4 oz, Rs3—4: 8 oz, Rs 6—8: 16 oz, Rs 12—12. Cash with order.

No. 331

বুধোদয় যন্ত্র।

হুগলি বুধোদয় যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষর ও তাহার সরঞ্জাম প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানাপ্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় যাবতীয় ফারম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, হ্যাণ্ডবিল, জমিদারীর জমাওয়াশীল ফরম, ডাক্তারি বেবিল ও বিল নানাপ্রকার ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পন্ন হইয়া থাকে। বিশেষ বন্দোবস্ত করিলে, সাপ্তাহিক পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংলিস অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও স্মল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া দপ্তরী দ্বারা পুস্তক প্রস্তুত করিয়া রেলে বা জাহাজে যাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি, গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন, ছাপার রেট ও অন্যান্য বিবরণ জানিতে ইচ্ছা করিলে আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পারিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

কার্য্যাধ্যক্ষ।

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১৮ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ৷৷০ আনা।

ডাকমাশুল ৴০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৵০

পদ্য ব্যাকরণ মূল্য ৴১০

প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য ৴১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায়) পাওয়া যায়।

শ্রীতিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

অম্বিকাচরণ ঘোষাল

ফটোগ্রাফার ও পেইণ্টার

ঘুঁটেবাজার হুগলি

আয়েল পেইণ্টিংএ চেহারা তুলিতে এবং ফটোগ্রাফ লইতে মফস্বলের সর্ব্বত্র যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণ পত্র লিখিলে জানিতে পারিবেন। নেটীবক্যারেক্টর ও নানারূপ দেশীয় ডিউ, মাপ কাঃ ভিঃ মূল্য প্রত্যেকে ।০, ডজন ২৲। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিজ, হুগলী কলেজ এসামবাড়ার আশ্চর্য্য দৃশ্য ও হংসেশ্বরীর মন্দির প্রত্যেক ১৲ টাকা মাত্র—ফটগ্রাফগুলি একবার দেখিলে বাধিত হইব।

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মতামত নহে।

মান্যবর শ্রীযুক্ত এডুকেশন গেজেট সম্পাদক
মহাশয় সমীপেষু—

সম্পাদক মহাশয়!

আমি এদেশে বিধবা বিবাহের বিস্তৃত প্রচলন দেখিয়া আশ্চর্য্য হই। ব্রাহ্মণ, ক্ষত্রিয়, খেত্রি, বেনিয়া ও কায়স্থ ব্যতীত আর সমস্ত জাতির মধ্যে বিধবাবিবাহ অসঙ্কুচিত ভাবে প্রচলিত। এখানে সংস্কৃত কলেজে এবং রাজসভায় নানা দেশীয় সংস্কৃতবেত্তা পণ্ডিত আছেন; সুতরাং এক স্থানে বসিয়া, পঞ্জাব, মথুরা, কাশী, মিথিলা, মহারাষ্ট্র, কর্ণাট, গুজরাট, উৎকল—সকল স্থানের একজন না একজন পণ্ডিত আমরা দেখিতে পাই। তাঁহাদের সঙ্গে বিধবাবিবাহ বিষয়ক কথোপকথনে ইহাই জানিতে পারা যায় যে, বাঙ্গালা দেশ ব্যতীত, সর্ব্বজাতিব্যাপক বৈধব্য আর কোথাও নাই। উচ্চজাতির মধ্যেও বৈধব্য আচরণের কঠোরতা বাঙ্গালা অপেক্ষা ভারতীয় অন্যান্য স্থানে অল্প; অর্থাৎ নির্জ্জল একাদশী, বেশ ভূষা ত্যাগ, ইচ্ছায়ত্ত মাত্র। করিলে প্রশংসা, না করিলে নিন্দা নাই।

নবশাখ ও তন্নিম্ন জাতির মধ্যে বিধবা বিবাহ অব্যাহত ভাবে সর্ব্বত্রই প্রচলিত আছে। স্থান বিশেষে ইহা ভিন্ন ভিন্ন নামে অভিহিত হয় যথা, জয়পুরে নাতা, মথুরায় ধরিজা, উড়িষ্যায় দৈতা, ইত্যাদি। এদেশে নবশাখ ও তন্নিম্ন জাতির মধ্যে ডাইভোর্স প্রচলিত আছে এবং তাহাও অব্যাহত ভাবে প্রচলিত। এই ডাইভোর্সকেও নাতা কহে। নবশাখ ও তন্নিম্ন জাতির মধ্যে জ্যেষ্ঠ ভ্রাতার মৃত্যুর পর কনিষ্ঠ ভ্রাতা ইচ্ছা করিলে জ্যেষ্ঠ ভ্রাতৃবধূর সহিত নাতা করিতে পারে, ইহাও অনিন্দ্য ভাবে প্রচলিত। আমি যখন এই সকল কথা প্রথম শুনি তখন বিশ্বাস করি নাই, অথবা বিশ্বাস করিলেও ইহাদের প্রচলন অনেকটা সঙ্কুচিত বলিয়া মনে করিতাম। পরে ক্রমশঃ স্পষ্ট জানিতে পারিলাম যে, এই সকল প্রথা পুরা দম চলিতেছে। ডাইভোর্স নাতার মকর্দ্দমা আদালতেও উঠে এবং যেমন ইংরাজ সমাজে ঐরূপ মোকদ্দমা স্থলে নানা রকম সপুষ কথার অবতারণা হয় এখানেও তাহা হয়; কিন্তু সচরাচর আদালত পর্য্যন্ত মকর্দ্দমা যায় না, জাতীয় পঞ্চে নিষ্পত্তি করিয়া লয়। স্ত্রী যদি 'ঝগেড়ার' টাকা ফিরাইয়া দেয় ও কয়েকটী স্বজাতীয় প্রধান ব্যক্তিকে খাওয়ায় তাহা হইলেই সে নিজ স্বামী পরিত্যাগ করিয়া সম্মানের সহিত দ্বিতীয় স্বামীতে পরিণীতা হইবে। তাহার গর্ভোৎপন্ন পুত্রাদিকে প্রথম স্বামী ছাড়ে না, সে রাখিয়া দেয়। পুত্রকন্যাবতী বিধবার সম্বন্ধেও নিয়ম ঐরূপ। তবে প্রথম শ্বশুর কুলে কন্যাকে রক্ষা করিবার কেহ না থাকিলে দ্বিতীয় স্বামীর গৃহে পুত্র কন্যা সহিতই যাইতে হয়। এটা একটু হাসির কথা। এরূপ অনুষ্ঠানের উপর লোকে বিদ্রূপ করে। লোকে বলে "ফল পাকড় সুদ্ধ হাজির"। সকল প্রকারের নাতাতেই ভিন্ন ভিন্ন জাতিতে ভিন্ন ভিন্ন প্রকার 'ঝগেড়ার' টাকা নির্ণীত আছে; সময়ান্তরে বিধবা বিবাহের বিস্তারিত বর্ণনা স্থলে উহা পাঠকগণকে বিদিত করিবার ইচ্ছা রহিল।

কোন কোন মূর্খ বলেন, বঙ্গদেশে সার্ব্বজাতিক বৈধব্যের কর্ত্তা রঘুনন্দন। ব্রাহ্মণ নিন্দকগণ সকল প্রথাতেই ব্রাহ্মণের ব্যবস্থার দোষ দেখিতে পান। কিন্তু বলা বাহুল্য, অনেক ক্লেশকর প্রথায় ব্রাহ্মণ যেরূপ প্রপীড়িত অন্যান্য জাতি সেরূপ নহে। ব্রাহ্মণেরা যদি কেবল আত্মসুখ চাহিতেন তাহা হইলে কঠোর বিধান সকল দ্বারা আপনাদিগকে জাতিনিয়মের অন্তর্ভুক্ত করিতে যত্নবান্ হইতেন না। আমার বিবেচনায় অধিকাংশ প্রথাই দেশবাসীদের প্রকৃতির অনুরূপ হইয়া পড়ে, পশ্চাৎ শাস্ত্রশাসন বা দেশাচারশাসনের সৃষ্টি হয়। ভারতবর্ষে অন্যান্য দেশ হইতে বাঙ্গালীদের মধ্যে স্ত্রী চরিত্রের পবিত্রতা অধিক হওয়ার কারণ, আর কিছুই নহে, তদ্দেশ বাসিনীদের অতি অল্প বয়সেই নিকৃষ্ট প্রবৃত্তি সকলের ক্ষয়সাধন হইয়া যায়। উত্তর পশ্চিমেও উচ্চজাতীয় স্ত্রীলোকদের মধ্যে চরিত্রের পবিত্রতা তজ্জাতীয়াদিগের প্রকৃতির ফলে, শাস্ত্রের কঠোর শাসনে নহে। শুনা যায় আরাজীব দুই জন হিন্দু সমাজপতিকে বিধবা বিবাহ প্রচলনের জন্য অনুরোধ করেন। তাঁহারাও নিশ্চয় চালাইব বলিয়া অঙ্গীকার করেন, কিন্তু পরে নানা উপায় করিয়াও যখন নিষ্ফল হন তখন দুদিক্ নষ্ট হইল দেখিয়া আত্মহত্যা করেন। স্ত্রীলোকেরা অদ্যাবধি সেই দুই হিন্দু সমাজপতির নামে তীব্র ঘৃণাব্যঞ্জক গীত রচনা করিয়া গায়।

শ্রীমেঘনাথ ভট্টাচার্য্য বি, এ।
জয়পুর মহারাজ কলেজের অধ্যাপক।

[জয়পুরের নাতা প্রভৃতির ন্যায় বাঙ্গালা দেশেও অন্ত্যজ জাতীয় অনেক হিন্দুদিগের মধ্যে 'নিকা' বলিয়া একটা জিনিস আছে। ঐ সকল জাতির স্ত্রীলোকেরা স্বামীর বিয়োগে ইচ্ছা করিলে নিকা করিতে পারে, এবং তাহাতে তাহাদিগকে সমাজে তেমন নিন্দিত হইতে হয় না। বৌদ্ধ মুসলমান প্রভৃতির বিতাড়নে সমগ্র আর্য্যাবর্ত্তকে এক সময়ে বিপর্য্যস্ত হইতে হইয়াছিল। সেই বিপর্য্যাস হেতু দেশ প্রচলিত শাস্ত্রাচারেরও অনেকাংশে ব্যতিক্রম ঘটিয়াছিল। বাঙ্গালার স্মার্ত্তপ্রধান রঘুনন্দন সেই সমস্ত বিনষ্ট আচারের পুনরুদ্ধার সাধন করায় বাঙ্গালার আচার এক্ষণে অন্যান্য সমস্ত স্থানের আচার অপেক্ষা সমধিক পবিত্র। এখানকার অন্যান্য জাতীয় বিধবা স্ত্রীগণও ব্রাহ্মণাদি উচ্চ বর্ণের বিধবাদিগের আচার ব্যবহারের অনেকটা অনুকরণ করিয়া চলে এবং সেই হেতুবশতঃ সমাজ বিগর্হিত ততটা না হইলেও অনেকানেক অন্ত্যজ জাতীয় হিন্দুদিগের মধ্যে নিকাপ্রথার প্রচলন কমিয়া আসিতেছে। বাঙ্গালার ন্যায় ঐ সকল স্থানের বিনষ্ট আচার গুলিও যদি কোনরূপে পুনরুদ্ধৃত হইতে পারিত, তাহা হইলে তথায়ও পূতাচার প্রবর্ত্তিত হওয়ায় নাতা, ধরিজা, সগাই ও দৈতা প্রভৃতির প্রচলন এদেশের নিকার ন্যায় সম্ভবতঃ অনেক কম হইয়া যাইত এবং নবশাখ প্রভৃতি কোন কোন জাতির মধ্যে বিধবা বিবাহের প্রচলন থাকা দূরে থাকুক তাহাদিগের বিধবাগণ অনেক বিষয়ে ব্রাহ্মণাদি উচ্চবর্ণের বিধবাগণের আচার ব্যবহারের অনুসরণ করিয়া চলিত। পত্রপ্রেরক কোন ইংরেজ দার্শনিকের মতের অনুসারী হইয়া বলিয়াছেন "আমার বিবেচনায় অধিকাংশ প্রথা দেশবাসীদের প্রকৃতির অনুরূপ হইয়া পড়ে, পশ্চাৎ শাস্ত্রশাসন বা দেশাচার শাসনের সৃষ্টি হয়। উত্তর পশ্চিমেও উচ্চজাতীয় স্ত্রীলোকদিগের চরিত্রের পবিত্রতা তজ্জাতীয়াদিগের প্রকৃতির ফলে; শাস্ত্রের কঠোর শাসনে নহে।" পত্র প্রেরকের কিন্তু বুঝিয়া দেখা উচিত যে, দেশীয় শাস্ত্র হইতেই দেশবাসীর প্রকৃতি অনেকটা সংগঠিত হইয়া থাকে। দেশবাসীদের প্রকৃতি

সংগঠনের পক্ষে দেশীয় শাস্ত্র একটি প্রধান উপাদান। আবার দেশীয় শাস্ত্র যে অনেকটা দেশবাসীদিগের প্রকৃতির অনুসারী একথাও সত্য। অতএব দেশীয় শাস্ত্র ও দেশবাসীর প্রকৃতি—বীজাঙ্কুরবৎ এ দুইয়ের পৌর্ব্বাপর্য্য নিরূপণ হয় না। শরীরের ছাল যদি শরীরের মাংসকে যেরূপ ভাবে আবৃত করিয়া রাখিয়াছে তাহাতে বোধ হয় যেন আগে মাংস, পরে ছাল হইয়াছে। বস্তুতঃ কিন্তু তাহা নহে, ত্বকের সৃষ্টি মাংসের সঙ্গে সঙ্গেই হইয়াছে। ফলের আঁটি, শস্য ও ত্বক্—এ তিনের উৎপত্তির অগ্রপশ্চাৎ ভেদ নাই; তিনেরই উৎপত্তি এক সঙ্গে হইয়া থাকে। সূক্ষ্ম ভাবিয়া দেখিলে দেশীয় শাস্ত্র ও দেশবাসীর প্রকৃতি—এতদুভয়ের পরস্পর সম্বন্ধও ঠিক এইরূপ। পৃথক্ ভাবে অর্থাৎ আগে মনুষ্যের প্রকৃতি সংগঠন এবং পশ্চাৎ তদ্দেশীয় শাস্ত্রের সৃষ্টি—এরূপ ভাবিতে গেলে ভুল হয়।

তবে এক কথা এই, একদেশে অন্য দেশীয় শাস্ত্রের প্রচলন করিতে হইলে তদ্দেশবাসীর প্রকৃতির অনুরূপ করিয়া যে উক্ত শাস্ত্রকে সংগঠিত করিয়া লওয়ার আবশ্যক হইবে—একথা অনেকেই স্বীকার করিবেন। এ, স,]।

কিরণ বালা।

(১)

না ডুবিতে তারা মালা
না উঠিতে বিশ্ব-আলা
কে তুমি কিরণ-বালা চৌদিকে বেড়াও;
সুবিমল রূপ রাশি
চারিদিক পরকাশি
সুষুপ্ত জগতে শশি আঁধার ঘুচাও?

(২)

প্রতি উষা বাতায়নে
বসে থাকি শূন্য মনে
চাহিলে জগত পানে অমনি লুকাও:
বুঝি কোন সুরকায়া
পরশ ধরণী ছায়া
অলক্ষিতে অনন্তের ক্রোড়েতে মিশাও।

(৩)

সংসার দাসত্বে পড়ি'
আশার পুষ্পকে চড়ি'
কত স্থানে বাঁধিলাম হৃদয়ের বালা;
অদৃষ্টচক্রের ফেরে
ফিরি দেশ দেশান্তরে
কোথা না মিটিল চির আলোক-পিপাসা।

(৪)

আঁধারে মগন ধরা
আঁধারেই চলা ফেরা
অর্দ্ধেক জীবন গত আঁধার সংগ্রামে;
একটু আলোক তরে
ছুটা ছুটি হা হা ক'রে
স্খলিত জড়িত-পদ সতত বিভ্রমে।

(৫)

আলি ও জীবন শেষে
অনন্তের তীরে বসে
ভাবিতেছে কোথা ভেসে যায় জীর্ণ ভেলা—
তোমার কিরণ পেয়ে
হৃদয় নাচিল ধেয়ে
ভুলিলাম জীবনের মরতের খেলা।

(৬)

স্তিমিত উদাম আশা
অনুরাগ ভাসা ভাসা
নব মুঞ্জরিত পুনঃ বসন্ত উচ্ছ্বাসে
আবার পাগল প্রাণ
গায় হরষের গান
আবার বেজেছে তন্ত্রী অপূর্ব্ব উল্লাসে

(৭)

চাহি না দেখিতে তোমা
মানবী কি দেবী সমা
পার্থিব বাসনা আর নাহিক এ হৃদে।
যে ক'দিন আছে বাকি
মগন হইয়া থাকি
পবিত্র আলোকমাঝে পবিত্র আমোদ।

শ্রীলটাধর দাস
সাঁথিয়া স্কুল
(পাবনা)

এডুকেশন গেজেট।

১০ই আষাঢ় ১৩০০। ইং ২৩শে জুন ১৮৯৩।

রাজপৌত্রের বিবাহ।

আগামী জুলাই মাসের প্রথমেই আমাদিগের যুবরাজ শ্রীযুক্ত প্রিন্স অফ ওয়েলসের দ্বিতীয় পুত্র শ্রীমান্ ডিউক অফ ইয়র্কের সহিত টেক্ রাজতনয়া শ্রীমতী ভিক্টোরিয়া মে'র শুভ পরিণয় কার্য্য সম্পাদিত হইবে। এতদুপলক্ষে মহান্ আনন্দপ্রকাশ পূর্ব্বক মহারাণী ভারতেশ্বরী এবং ভাবি-দম্পতী—প্রত্যেককে পৃথক্‌ভাবে রাজভক্তি-সূচক এক একখানি অভিনন্দন পত্র প্রদানের উদ্দেশ্যে বিগত শনিবার কলিকাতার টাউনহলে কলিকাতা-বাসী সাধারণ-জনগণের একটি সভার অধিবেশন হইয়াছিল। দরভাঙ্গার মহারাজ, মহারাজ বাহাদুর স্যর যতীন্দ্রমোহন ঠাকুর, মহারাজ বাহাদুর স্যর নরেন্দ্রকৃষ্ণ, মহারাজ দুর্গাচরণ লাহা, হাইকোর্টের মান্যবর জজ শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায় ও শ্রীযুক্ত চন্দ্রমাধব ঘোষ, কুমার দেবেন্দ্র মল্লিক, রায় শ্রীযুক্ত রাজকুমার সর্ব্বাধিকারী, বাবু শিববক্ষ বগলা, প্রিন্স জিহান কাদীর, মিঃ এইচ এম রস্তমজী, মিঃ আর ডি মেটা প্রভৃতি দেশীয় অনেকেই এবং হাইকোর্টের প্রধান বিচারপতি স্যর কোমার পিথামস প্রমুখ উচ্চপদস্থ অনেকগুলি ইউরোপীয় সভাস্থলে উপস্থিত ছিলেন। মহারাজ বাহাদুর স্যর যতীন্দ্রমোহন ঠাকুরের প্রস্তাবক্রমে দরভাঙ্গার মহারাজ সভাপতির আসন

পরিগ্রহণ করিয়া সংক্ষেপে অতি সুললিত কয়েকটি কথা বলিয়াছিলেন। অন্যান্য কথা মধ্যে মহারাজ বলিয়াছিলেন, "সম্ভ্রান্ত জমিদার শ্রেণীর প্রতিনিধি স্বরূপে আমি বলিতেছি যে, সমগ্র ভারতে রাজভক্তি বিষয়ে আমরা কাহারও অপেক্ষা ন্যূন নহি। বিভিন্ন প্রদেশের অধিবাসী হইলেও ইংরেজ ও আমরা একই রাজার প্রজা, সুতরাং উপস্থিত মাঙ্গলিক ব্যাপারে পরস্পর যেরূপ সদ্ভাবপ্রণোদিত হইয়া আমরা কার্য্য করিতেছি, সেইরূপ সদ্ভাব আমাদের উভয়ের মধ্যে যেন ক্রমশঃই অধিকতর বর্দ্ধিত ও দৃঢ়ীভূত হইতে থাকে।"

সভাপতির বক্তব্য শেষ হইলে মহারাজ বাহাদুর স্যর নরেন্দ্রকৃষ্ণ, মহারাজ দুর্গাচরণ লাহা ও অযোধ্যার নবাব পরিবারের প্রিন্স জিহান কাদীর মীর্জ্জা যথাক্রমে তিনটি প্রস্তাবের উত্থাপন করেন এবং প্রস্তাবগুলি সর্ব্বসম্মতিক্রমে সভাস্থলে বিধিবদ্ধ হইয়া যায়। ১ম প্রস্তাব—এই শুভবিবাহ উপলক্ষে কলিকাতাবাসীদিগের মহোল্লাস সূচক তিন খানি অভিনন্দন পত্র যথাক্রমে মহারাণী ভারতেশ্বরী, যুবরাজ পুত্র ডিউক অফ ইয়র্ক এবং টেক রাজতনয়া শ্রীমতী ডিক্টোরিয়া মে'কে দেওয়া হইবে। সভাপতি মহাশয় কলিকাতাবাসীদিগের হইয়া ঐ পত্রগুলিতে স্বীয় নাম স্বাক্ষর করিবেন; ২য়, যে পাত্রগুলির মধ্যে পুরিয়া অভিনন্দন পত্র পাঠাইতে হইবে সেই পাত্রগুলি এবং বিবাহ উপলক্ষে দেয় উপযুক্ত যৌতুকদ্রব্য ক্রয় করিতে যে ব্যয় পড়িবে সেই ব্যয় চাঁদা করিয়া তুলিবার জন্য একটি সাধারণ কমিটী সংগঠিত হইবে; ৩য়, অমুক অমুক ইউরোপীয় ও দেশীয় একত্রে ৪০০ সংখ্যক ব্যক্তিকে লইয়া উক্ত কমিটী সংগঠিত হইবে। মহারাণী ভারতেশ্বরী ও ভাবি দম্পতীর দীর্ঘজীবন এবং স্বাচ্ছন্দ্য কামনা করিয়া সংক্ষেপে মনোরঞ্জনকর অনেক কথা সভাস্থলে অনেকেই বলিয়াছিলেন। হাইকোর্টের মান্যবর প্রধান বিচারপতি স্যর কোমার পিথারাম স্বীয় বক্তব্যস্থলে বলিয়াছেন, "আমি এ যাবৎ এদেশীয়দিগের মধ্যে থাকিয়া বুঝিতে পারিতেছি, এই বিবাহ উপলক্ষে ভারতবাসীর প্রদত্ত অভিনন্দনপত্রসমূহে যেরূপ আন্তরিক অনুরাগ ও মহোল্লাস সূচিত হইবে, তদপেক্ষা গাঢ়তর অনুরাগ ও উল্লাস ভারতেশ্বরীর অধিকৃত অপর কোন রাজ্যের প্রজাবৃন্দের প্রদত্ত অভিনন্দন পত্রাদিতে প্রকাশ পাইবে না।"

১৮৯২-৯৩ সালের বাঙ্গালার জলবায়ুনির্ণয় রক কার্য্যবিবরণী।

জল, বায়ু, উত্তাপ প্রভৃতির অবস্থা নির্ণয় করিবার জন্য ভিন্ন ভিন্ন স্থানে গবর্ণমেণ্ট উপযুক্তরূপ যন্ত্রাদি রক্ষার ব্যবস্থা করিয়া একজন এবং স্থলবিশেষে ততোধিক ব্যক্তির উপর ঐ সকলের তত্ত্বাবধানের ভার দিয়া রাখিয়াছেন। অন্যান্য বিভাগের ন্যায় বাঙ্গাল গবর্ণমেণ্টের এতৎসংক্রান্ত একটি স্বতন্ত্র বিভাগ আছে। উল্লিখিত তত্ত্বাবধায়কগণকে নির্দ্দেশমত উক্ত বিভাগের রিপোর্টারের নিকট জল বায়ু প্রভৃতি বিষয়ক সংবাদ পাঠাইতে হয়। বাঙ্গালা প্রদেশে আপাততঃ ৯৭টি উক্তরূপ যন্ত্রাগার আছে, আসামে ৪টি, ব্রহ্মে ৬টি, মান্দ্রাজে ৯টি এবং সিংহলে ২টি। এই সকল যন্ত্রাগারের মধ্যে প্রথম শ্রেণীর একটি মাত্র কেবল আলিপুরে আছে। উহার রিপোর্ট বাঙ্গাল গবর্ণমেণ্টের উক্ত বিভাগীয় রিপোর্টারের নিকট পাঠান হইলেও উহা কিন্তু ভারতগবর্ণমেণ্টের জলবায়ু রিপোর্টারেরই অব্যবহিত শাসনাধীনে অবস্থিত। এতদ্ব্যতীত বাঙ্গালায় ১১টি, আসামে ৩টি, ও ব্রহ্মে একটি—২য় শ্রেণীর এবং বাঙ্গালায় ৩১টি, ব্রহ্মে ১টি এবং মান্দ্রাজে ৬টি ৩য় শ্রেণীর উল্লিখিতরূপ যন্ত্রাগার আছে। তত্ত্বাবধায়কগণকে পারিশ্রমিক দিতে হয় না এরূপ যন্ত্রাগার বাঙ্গালায় ৪টি, আসামে ১টি ও মান্দ্রাজে ১টি; এবং উল্লিখিত বিভাগের অব্যবহিত শাসনাধীনে নহে অথচ ঐ বিভাগেই রিপোর্ট দিতে হয় এরূপ যন্ত্রাগার ব্রহ্মে ৪টি, সিংহলে ২টি এবং মান্দ্রাজে ২টি। *

* বাঙ্গালায় বহরমপুর, বর্দ্ধমান, চট্টগ্রাম, কটক, ঢাকা, দমদমা, দার্জিলিং, ফলস পয়েণ্ট, হাজারিবাগ, পাটনা ও সাগর দ্বীপ; আসামে ধুবড়ী, শিবসাগর, সিলচর; ব্রহ্মে আকায়াব—এই সকল স্থানের যন্ত্রাগারগুলি ২য় শ্রেণীর। বাঙ্গালায় আরা, বালেশ্বর, বাঁকুড়া, বরিশাল, ভগলপুর, বোগরা, বক্সার, চাইবাসা, ছাপরা, কুমিল্লা, দেহেরি, দিনাজপুর, ফরিদপুর, গয়া, জলপাইগুড়ি, যশোহর, কৃষ্ণনগর, মালদহ, মেদিনীপুর, মতিহারী, মজাফরপুর, ময়মনসিংহ, নয়াহুমকা, নোয়াখালি, পুরী, পূর্ণিয়া, রামপুরবোয়ালিয়া, রাঁচি, রাণীগঞ্জ, রঙ্গপুর ও সেরাজগঞ্জ; ব্রহ্মে টাঙ্গয়; মান্দ্রাজে কোকনদা, কাদোলোর, গোপালপুর, মান্দ্রাজ (পোর্ট আফিস) নেল্লোর, ও পাম্বন—এইগুলি ৩য় শ্রেণীর। বাঙ্গালায় দিয়াগিরি, নাটং, লাংলে, ও সটস্ দ্বীপ; আসামে টুরা; মান্দ্রাজে ভিজিগাপত্তন (বাঙ্গাল

২য় ও ৩য় শ্রেণীর যন্ত্রাগারগুলির তত্ত্বাবধানকার্য্যে ১৮৯২-৯৩ সালে ৯৭ জন লোক নিযুক্ত ছিলেন। ইহার মধ্যে ৮ জনকে পারিশ্রমিক দিতে হয় নাই। অবশিষ্ট ৮৯ জনকে পারিশ্রমিক দেওয়ায় মাসিক ৭৮৬৲ টাকার হিসাবে ব্যয় হইয়াছে। প্রত্যহ একবার করিয়া জল বায়ু প্রভৃতির অবস্থার রিপোর্ট করিলে ১০ টাকার হিসাবে পারিশ্রমিক দেওয়া হয়, ৩ বার করিয়া করিলে ১৮ টাকা। এতদ্ভিন্ন ঝড়ের পূর্ব্বাভাস নির্ণয়াদি কোন কোন কার্য্যের জন্য ৫ টাকা, ৪ টাকা, ৩ টাকা অথবা ২ টাকা পারিশ্রমিক দিবারও ব্যবস্থা আছে।

একজন ব্যক্তির উপর অনেকস্থলে একাধিক কার্য্যের ভার থাকায় পারিশ্রমিকের হার কার্য্য বিশেষে অল্প হইলেও মোটের উপর এক এক জনের ১০ দশ টাকার অন্যূন প্রাপ্তি হয় নাই।

১৮৯২-৯৩ সালে বরিশাল, চাঁইবাসা, দেহেরি, ফরিদপুর, নোয়াখালি, পুর্ণিয়া, রাণীগঞ্জ, শিবসাগর—এই কয়টি স্থান ব্যতীত আর আর সমস্ত স্থানের যন্ত্রাগারগুলির কার্য্য মোটের উপর খুবই ভাল হইয়াছে।

গবর্ণমেণ্ট সাক্ষ্যান্ত বিভাগের অধীন নহে, কিন্তু গাশত্বনের মিঃ জে ভি ভখারোর অধীন)—এই সকল স্থানের যন্ত্রাগারগুলির তত্ত্বাবধারকগণকে পারিশ্রমিক দিতে হয় না। ব্রহ্মে বেসীন, ডায়মণ্ড দ্বীপ, মৌলমেন ও রেঙ্গুন; সিংহলে গালি ও ত্রিনকমলী; মান্দ্রাজের মস্‌লিপট্‌ম ও নিগাপট্‌ম—এই সকল স্থানের যন্ত্রাগারগুলি বাঙ্গাল গবর্ণমেণ্টসাক্ষ্যান্ত বিভাগের অধীনস্থিত শাসনাধীনে না হইলেও উক্ত বিভাগেই ঐ সকলের রিপোর্ট পাঠান হইয়া থাকে।

প্রাপ্তিস্বীকার ও সমালোচনা।

আমরা কৃতজ্ঞতাসহকারে নিম্নলিখিত পুস্তক কয়েকখানির প্রাপ্তিস্বীকার করিতেছি:—

পদ্যকল্পলতিকা—শ্রীকালীপ্রসন্ন দাস প্রণীত, ১ম ভাগ মূল্য ৵০ আনা। আমরা পুস্তকখানির অনেক স্থল পড়িয়া সন্তোষ লাভ করিয়াছি।

কল্প (মাসিক পত্র) ১ম ভাগ, ৩য় সংখ্যা, ১লা আষাঢ় ১৩০০ সাল।

অনুসন্ধান—৩১শে বৈশাখ ১৩০০ সাল।

সজ্জনতোষণী—আষাঢ় ১৩০০ সাল।

নিদোষিদর্শঃ—আষাঢ় ১৩০০ সাল।

উগ্রক্ষত্রিয় প্রতিনিধি—৩১শে জ্যৈষ্ঠ ১৩০০।

সাপ্তাহিক সংবাদ।

[পেসিডেন্সী] তিন জন কাবুলী নাকি বারাকপুরের নিকটবর্ত্তী ইছাপুরের এক ব্যক্তির নিকট হইতে পাওনা টাকা আদায় করিবার জন্য তাহাকে এতদূর মারপিট করিয়াছে যে সে মরিয়া গিয়াছে। কাবুলীদিগকে বারাসতে চালান দেওয়া হইয়াছে।

[মহীশূর] মহীশূরের মহারাজ স্বীয় মাতৃশ্রাদ্ধ উপলক্ষে ২৪টি ব্রাহ্মণকে বাড়ী ঘর ও তাহার আসবাব এবং জমিজারাত দিয়া সুপ্রতিষ্ঠিত করিবেন সঙ্কল্প করিয়াছিলেন। তাঁহার সাধু সঙ্কল্প এক্ষণে কার্য্যে পরিণত হইয়াছে। মহারাজ প্রত্যেক বাড়ীতে ১০০ টাকা মূল্যের তৈজস পাত্র, ১০০ মণ চাউল এবং তদুপযুক্ত অন্যান্য খাদ্য সামগ্রী ও মসলা প্রভৃতি এবং ১ হাজার টাকা মূল্যের ভূমি সম্পত্তি দান করিয়াছেন। ভূ-সম্পত্তি যিনি না লইবেন তাঁহাকে নগদ ১৫০০ টাকা দিবেন। (দৈনিক)

[মান্দ্রাজ] 'রিফরমেটরী' হইতে খালাস হইয়া আসিয়া যাহারা সচ্চরিত্র থাকিবে তাহাদিগকে গবর্ণমেণ্ট অফিস সমূহে হরকরার কার্য্যের ভার সামান্য কার্য্যে নিযুক্ত করা হয়, শিক্ষাবিভাগের ডিরেক্টর যাহাতর এরূপ অভিপ্রায় প্রকাশ করিয়াছেন। মান্দ্রাজ গবর্ণমেণ্ট উক্ত অভিপ্রায়ে অনুমোদন করিয়াছেন, কিন্তু বলিয়াছেন যে উহাদিগকে স্কুল ব্যতিরিক্ত কোনকার্য্যে নিযুক্ত করা হইবে না, যেহেতু স্কুলে অন্যান্য বালকগণের সহিত সর্ব্বদাই তাহার সংস্রব থাকিবে; আর সেরূপ থাকাও যুক্তিসিদ্ধ নহে।

[সাধারণ] হুগলী কলেজের ভূতপূর্ব্ব সুযোগ্য অধ্যাপক ঈশানচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের মৃত্যু হইয়াছে। বয়ঃক্রম প্রায় ৮০ বৎসর হইয়াছিল।

[বৈদেশিক] লর্ড বর্ণার্টস 'লর্ড' উপাধি সূচক সনন্দ খানি ভারতে ফেলিয়া গিয়াছিলেন বলিয়া এতদিন লর্ড সভায় বসিতে পান নাই। সম্প্রতি সেই সনন্দ তাঁহার হস্তগত হওয়ায় তিনি এক্ষণে লর্ড সভায় আসন পাইয়াছেন।

জর্ম্মণ পার্লিয়ামেণ্টের নূতন নির্ব্বাচন আরম্ভ হইয়াছে। সোসিয়ালিষ্ট সম্প্রদায়ের আপাততঃ জয় হইতেছে দেখিয়া জর্ম্মণ সম্রাট বড় উদ্বিগ্ন হইয়াছেন।

পানামা খালের ব্যাপার লইয়া বৃদ্ধ লেসেপ প্রভৃতিকে জেলে যাইতে হইয়াছিল। আপীল আদালতের বিচারে এক্ষণে লেসেপ ছাড়া আর সকলেই খালাস পাইয়াছেন।

বৃষ্টির অভাবে ইংলণ্ড, ফ্রান্স প্রভৃতি স্থানে শস্যোৎপত্তির পক্ষে বড়ই অনিষ্ট হইয়াছে।

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—বাখরগঞ্জের গবর্ণমেণ্ট এষ্টেটের ভার প্রাপ্ত সব ডেঃ কঃ বাবু রামপ্রসন্ন রায় দেড় মাসের, ২৪ পরগণা বগীরহাটের সব ডেঃ কঃ বাবু বনমালী প্রামাণিক ১ মাসের, ময়মনসিংহের প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু রমণীমোহন দাস ১৭ দিনের, মুঙ্গেরের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু ধনেশচন্দ্র রায় ৩ মাসের এবং দিনাজপুর ঠাকুরগাঁর ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু বরদাকান্ত গাঙ্গুলী ৩ মাসের ছুটী পাইলেন। ছুটিপ্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু পূর্ণচন্দ্র গুপ্ত দিনাজপুর জেলার ঠাকুরগাঁ মহকুমার ভার পাইলেন। ময়মনসিংহ নেত্রকোণার ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু জগচ্চন্দ্র বসু রংপুর জেলার সদরে বদলী হইলেন। ছুটীপ্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু অন্নদাপ্রসাদ বসু ময়মনসিংহ জেলার নেত্রকোণা মহকুমার ভার পাইলেন। জঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ আর এইচ আণ্ডার্সন অস্থায়ীরূপে ময়মনসিংহের অতিরিক্ত ডিঃ ও সেঃ জজ নিযুক্ত হইয়া অপর আদেশ যাবৎ মুরশিদাবাদের ডিঃ ও সেঃ জজের কার্য্য

করিবেন। জঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ এইচ কোল্ড অস্থায়ীরূপে ময়মনসিংহের ডিঃ ও সেঃ জজ হইলেন। হুগলী জাহানাবাদের সব ডেঃ কঃ বাবু নলীলাল মুখো ৩ মাসের ছুটী পাইলেন। ১ম শ্রেণীর মাঃ ও কঃ মিঃ আর এম ওয়াগার বীরভূমের মাঃ ও কঃ নিযুক্ত হইলেন। ৩য় শ্রেণীর মাঃ ও কঃ গ্রিয়ার সাহেব দার্জ্জিলিঙ্গের ডেঃ কমিঃর প্রতিনিধিত্বে কার্য্য করিবেন। ২য় শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃ গিকি সাহেব ত্রিপুরার প্রতিনিধি মাঃ ও কঃ হইলেন। ২য় শ্রেণীর প্রোটেম জঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ এইচ ভিনসেন্ট ১ম শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃ হইয়া বীরভূম জেলার সদরে স্থাপিত হইলেন। বালেশ্বরের মাঃ ও কঃ কর্ণিস সাহেব ৩ মাসের ছুটী পাইলেন। বালেশ্বরের প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ ম্যাডক্স সাহেব উক্ত জেলার মাঃ ও কঃ হইলেন। গয়া জাহানাবাদের ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী আবুল খয়ের মহম্মদ আবদুস শুভান ১ মাসের ছুটী পাইলেন। গয়ার ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী মহম্মদ হাবিবুল্লা উক্ত জেলায় জাহানাবাদ মহকুমার ভার পাইলেন। চম্পারণের বন্দোবস্ত কার্য্যে নিযুক্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু রাজকিশোর নারায়ণ সিংহ ৩ মাসের ছুটী পাইলেন। প্রেসিডেন্সী বিভাগের প্রোটেম সব ডেঃ কঃ বাবু উপেন্দ্রচন্দ্র মুখোপাধ্যায় খুলনা জেলার সাতক্ষীরা মহকুমার স্থাপিত হইলেন। খুলনা সাতক্ষীরার প্রোটেম সব ডেঃ কঃ বাবু কৃষ্ণলাল দে উক্ত জেলার সদরে বদলী হইলেন। চট্টগ্রামের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু নিত্যানন্দ ভড়ের কার্য্য এক্ষণে বাঙ্গাল গবর্ণমেণ্টের পূর্ত্তবিভাগের অধীনে থাকিল। দরভাঙ্গা সমস্তিপুরের প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ ফিসিমুর সাহেব এবং দরভাঙ্গা মধুবানীর আঃ মাঃ ও কঃ বইড সাহেব কালেক্টরের কার্য্যভার পাইলেন। মজঃফরপুরের প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী সৈয়দ আবদুল মালেক ৩ মাসের ছুটী পাইলেন।

বিচার—বাবু বিনোদবিহারী মিত্র বি এল নোয়াখালি লক্ষ্মীপুরের মুঃ হইলেন। রাজসাহীর সব জজ বাবু নবীনচন্দ্র গাঙ্গুলী আর ১ মাসের ছুটী পাইলেন। ময়মনসিংহ নেত্রকোণার মুঃ বাবু অশ্বিনীকুমার বসু ১৫ দিনের, সাহাবাদ বক্সারের মুঃ বাবু পূর্ণচন্দ্র দে ৪ সপ্তাহের, ২৪ পরগণা ডায়মণ্ডহার্ব্বারের মুঃ বাবু দেবেন্দ্রচন্দ্র মুখো ১ মাসের, নোয়াখালি লক্ষ্মীপুরের মুঃ বাবু সারদাপ্রসাদ চট্টোপাধ্যায় ৩ মাসের, রংপুরের মুঃ বাবু শ্রীশচন্দ্র মুখোপাধ্যায় আর এক সপ্তাহের, ঢাকা মুন্সীগঞ্জের মুঃ বাবু চণ্ডীচরণ সেন ১৪ দিনের, পূর্ণিয়া আরারিয়ার মুঃ বাবু রাজনারায়ণ চক্রবর্ত্তী আর ১২ দিনের এবং বাঁকুড়ার মুঃ বাবু তারাচরণ সেন আর ১৫ দিনের ছুটী পাইলেন।

শিক্ষা—রাজসাহী কলেজের অস্থায়ী লেকচারার বাবু নীলকান্ত মজুমদার এম এ প্রেসিডেন্সী কলেজে বদলী হইলেন। বাবু গোপালচন্দ্র গাঙ্গুলী এম এ অস্থায়ীরূপে রাজসাহী কলেজের লেকচারার নিযুক্ত হইলেন। বাবু বিনয়েন্দ্র নাথ সেন এম এ অস্থায়ীরূপে প্রেসিডেন্সী কলেজের লেকচারার নিযুক্ত হইলেন। ময়মনসিংহের বিভাগীয় সব ইনঃ বাবু শ্রীনাথ গুহ বাথরগঞ্জের বিভাগীয় সব ইনঃ হইলেন। মানভূমের সব ইনঃ বাবু শীতলচন্দ্র চট্টোপাধ্যায় পালামৌর সব ইনঃ হইলেন। সাঁওতাল পরগণার ডেঃ ইনঃ বাবু হরিদাস বন্দ্যোপাধ্যায় এম এ ২ মাসের ছুটী পাইলেন। হুমকার সব ইনঃ বাবু যোগেশ্বর মুখোপাধ্যায় সাঁওতাল পরগণার ডেঃ ইনঃ হইলেন। হুমকার ইনস্পেকটিং পণ্ডিত বাবু প্রমথনাথ মিত্র নিজ কার্য্য সওয়ায় হুমকার সব ইনঃর কার্য্য করিবেন।

উদ্ভট কবিতা।

[৩৮৬]

দেব্যাঃ কেশচয়ো নিরীক্ষ্য পতিতান্ দেবান্
মুনীন্ পাদয়োঃ
সর্ব্বারাধ্যতয়া তদেব পরমোৎকর্ষং বিদিত্বাঽপতৎ
যে কালীচরণং গতাশ্চ শরণং নো বন্ধনসোদ্ভবঃ
ইত্যাবেদয়িতুং ববন্ধ ন চ তং সা মুক্তকেশীপতৌ।

নিম্নলিখিত ছাত্রগণ এই বৎসরের প্রবেশিকা পরীক্ষায় বৃত্তি পাইয়াছেন।

প্রথম শ্রেণীর বৃত্তি।

প্রমথনাথ চট্টোপাধ্যায়	আলবার্ট কলিঃ স্কুল
আঃসাদাজ্জামন	ঢাকা মাদ্রাসা
চারুচন্দ্র দে	মেট্রু ইনঃ
দীনেশচন্দ্র চট্টোপাধ্যায়	ফরিদপুর জেলা স্কুল
রাইমোহন কর্ম্মকার	ঢাকা কলিঃ স্কুল
যোগীন্দ্রনাথ রায়	ফরিদপুর জেলা স্কুল
শরচ্চন্দ্র দত্ত	কৃষ্ণনগর এ ভি স্কুল
নৃত্যগোপাল সাহা	বেলডাঙ্গা এইচ ই স্কুল
কঃ মিনীকুমার ভট্টাচার্য্য	সিটি কলিঃ স্কুল ময়মনসিংহ শাখা
তাফাজ্জেল হোসেন	ফরিদপুর জেলা স্কুল

বর্দ্ধমান বিভাগ।

দ্বিতীয় শ্রেণীর বৃত্তি।

চন্দ্রকান্ত চট্টোপাধ্যায়	চাতরা এইচ ই স্কুল
কেশবচন্দ্র গোস্বামী	শ্রীরামপুর ইউনি ইনঃ
রাজেন্দ্রচন্দ্র ঘোষ	মেদিনীপুর কলিঃ স্কুল
হরিপদ বন্দ্যোপাধ্যায়	ভাইহাট এইচ ই স্কুল
হরিপদ মুখোপাধ্যায়	বর্দ্ধমান রাজ কলিঃ স্কুল
রামকিঙ্কর চট্টোপাধ্যায়	বাঁকুড়া জেলা স্কুল

তৃতীয় শ্রেণীর বৃত্তি।

হরিসাধন মুখোপাধ্যায়	কালনা মহারাজার স্কুল
মণীন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়	রিপণ কলিঃ স্কুল হাবড়া শাখা
বিজনবিহারী বন্দ্যোপাধ্যায়	কোন্নগর H E স্কুল
যোগীন্দ্রচন্দ্র সুর	তেলিনীপাড়া ভদ্রেশ্বর স্কুল
চারুশশী চট্টোপাধ্যায়	বীরভূম জেলাস্কুল
পঞ্চানন মল্লিক	হুগলী কলিঃ স্কুল
শরচ্চন্দ্র বন্দ্যোপাধ্যায়	ভয়তা এইচ ই স্কুল
প্রিয়নাথ চক্রবর্ত্তী	বালী রিভর্স টমসন স্কুল
প্রভাকর রায়	জাড়া এইচ ই স্কুল
সেখ এনায়তুল্লা	বাঁকুড়া জেলা স্কুল
গোপালচন্দ্র বন্দ্যোপাধ্যায়	মেদিনীপুর কলিঃ স্কুল
সুরেশচন্দ্র চক্রবর্ত্তী	সোণামুখী জুবিলী স্কুল

সহর কলিকাতা।

দ্বিতীয় শ্রেণীর বৃত্তি।

নরেন্দ্রনাথ পাল	হেয়ার স্কুল
অবনীচন্দ্র চট্টো	হিন্দু স্কুল
কালীচরণ নন্দী	ঐ
বিনয়কৃষ্ণ চট্টোপাধ্যায়	আর্য্য ইনঃ
নরেন্দ্রনাথ মিত্র	ভবানীপুর এল এম এস
রাজেন্দ্রনাথ সেন	আলবার্ট কলিঃ স্কুল

তৃতীয় শ্রেণীর বৃত্তি।

রাখালরাজ বসু	সিটি কলিঃ শোভা ব্রাঞ্চ
প্রফুলকুমার মুখো	বঙ্গবাসী কলিঃ
রতীন্দ্রমোহন চট্টো	ঐ
জে ক্যামেল	সেণ্ট জেভিয়ার

মতীন্দ্রনাথ রায়	সিটি কলিঃ স্কুল
অরবিন্দপ্রকাশ ঘোষ	হিন্দু স্কুল
হরিদাস দত্ত	ওরিয়েণ্টল সেমিনারি
শ্রীকান্ত কর্ম্মকার	রিপণ কলিঃ থিদিরপুর ব্রাঞ্চ
সতীশচন্দ্র বসু	ভবানীপুর সাউথ সুবর্ব্বন
হেমচন্দ্র বসু	মেট্ ইনঃ
বটবিহারী শেঠ	হিন্দু স্কুল

প্রেসিডেন্সী বিভাগ (কলিকাতা ব্যতীত)

দ্বিতীয় শ্রেণীর বৃত্তি।

দেবেন্দ্রনাথ মিত্র	হরিনাভি এ এস স্কুল
বসন্তকুমার ভট্টাচার্য্য	ঐ
কুসিলাল কাবাসী	ধানকুড়িয়া এইচ ই স্কুল
বনোয়ারিলাল মিত্র	নড়াইল ভিক্টঃ কঃ
গোপালচন্দ্র বিশ্বাস	খুলনা জেলা স্কুল
সুরেন্দ্রনাথ তরফদার	মাজদিয়া রেলবাজার এইচ ই স্কুল

তৃতীয় শ্রেণীর বৃত্তি।

রাধাবল্লভ সরকার	বারাসত গবর্ণ স্কুল
বিজয়কৃষ্ণ চট্টোপাধ্যায়	ঐ
দেবেন্দ্রনাথ বাগচি	নবদ্বীপ হিন্দু স্কুল
যোগীন্দ্রচন্দ্র চক্রবর্ত্তী	সেনহাটী হাই স্কুল
বসন্তকুমার মিত্র	মাগুরা এইচ ই স্কুল
অন্নদাচরণ ভট্টাচার্য্য	নড়াইল ভিক্টঃ কঃ
সতীশচন্দ্র পাল	নবদ্বীপ হিন্দু স্কুল
হরিপদ কুণ্ডু	বারাকপুর গবর্ণ স্কুল
যুগলকিশোর গোস্বামী	মেহেরপুর এইচ ই স্কুল
হাসরঞ্জন সেন	সেনহাটী এইচ ই স্কুল
যোগেশচন্দ্র ভট্টাচার্য্য	কান্দী স্কুল
সতীশচন্দ্র রায়	মুর্শিদাবাদ নবাব হাই

রাজসাহী বিভাগ।

দ্বিতীয় শ্রেণীর বৃত্তি।

এফ এইচ রিকস	দার্জ্জিলিং সেণ্টপল
সুরেশচন্দ্র ঘটক	পাবনা জেলা স্কুল
শশধর কুণ্ডু	বোগরা ঐ
মাজাবুদ্দিন আহমেদ	দিনাজপুর ঐ
ব্রজেন্দ্রকুমার চট্টোপাধ্যায়	নীলফামারি এইচ ই
পূর্ণেন্দু চক্রবর্ত্তী	রংপুর জেলা স্কুল

(উক্ত স্কুলের বিশেষ বৃত্তি)।

তৃতীয় শ্রেণীর বৃত্তি।

যোগেশচন্দ্র সেন	পাবনা জেলা স্কুল
জগদানন্দ রায়	ঐ
উপেন্দ্রনাথ ভুইয়া	রাজসাহী কলিঃ স্কুল
অম্বিকাদাস ঘোষ	ঐ
প্রতাপচন্দ্র বন্দ্যোপাধ্যায়	দিনাজপুর জেলা স্কুল
শশিভূষণ বসু	উলিপুর মহারাণী স্বর্ণময়ী স্কুল
জে পি কনর	দার্জ্জিলিং সেণ্টপল
মমতাজবার রহমন তরফদার	বোগরা জেলাস্কুল
তারিণীমোহন দাস	জলপাইগুড়ি ঐ
আবদুর রহিম	রংপুর জেলাস্কুল

(উক্ত স্কুলের বিশেষ বৃত্তি)।

ঢাকা।

দ্বিতীয় শ্রেণীর বৃত্তি।

দেবেন্দ্রকুমার বন্দ্যোপাধ্যায়	সিটি কলিঃ ময়মনসিংহ শাখা
অবিনাশচন্দ্র ঘোষ	বরিশাল ব্রজ ইনঃ
আবদুল মাজিদ	ময়মনসিংহ জেলা
অশ্বিনীকুমার সেন	বরিশাল ব্রজ ইনঃ
অতুলচন্দ্র সেন	ঢাকা কলিঃ স্কুল
কেদারনাথ দে	কিশোরগঞ্জ এইচ ই

তৃতীয় শ্রেণীর বৃত্তি।

যতীন্দ্রকুমার দাস গুপ্ত	বরিশাল জেলাস্কুল
রাইচরণ চক্রবর্ত্তী	বরিশাল ব্রজ ইনঃ
বিহারীলাল ঘোষাল	ঐ
সন্তোষ চট্টোপাধ্যায়	রাজবাড়ী রাজা সূর্য্যকুমার ইন
নবগোপাল চাকী	ময়মনসিংহ জেলা
জ্ঞানেন্দ্রনাথ চক্রবর্ত্তী	ঢাকা কলিঃ স্কুল
সুরেন্দ্রনাথ মিত্র	ঐ
অক্ষয়কুমার দত্ত	ঢাকা পোগোস
রামচন্দ্র দাস	কিশোরগঞ্জ হাই স্কুল
গিরিশচন্দ্র দাস	সিটি কলিঃ ময়মনসিংহ শাখা
আবুল হাসান আবদুল কিয়াম	ঢাকা মাদ্রাসা
জ্যোতিশ্চন্দ্র নিয়োগী	ফরিদপুর জেলাস্কুল

চট্টগ্রাম বিভাগ।

দ্বিতীয় শ্রেণীর বৃত্তি।

হরিমোহন দাস গুপ্ত	কমিল্লা ভিক্ট স্কুল
অনঙ্গচন্দ্র ভট্টাচার্য্য	ব্রাহ্মণ বাড়িয়া অন্নদা

তৃতীয় শ্রেণীর বৃত্তি।

রোহিণীকুমার দাস	কমিল্লা ভিক্ট স্কুল
হরিলাল চৌধুরী	নোয়াখালি রাজকুমার জুবিলী
যোগীন্দ্রনাথ সেন	চট্টগ্রাম কলিঃ স্কুল
কৈলাসচন্দ্র চক্রবর্ত্তী	কমিল্লা জেলাস্কুল
প্রসন্নচন্দ্র মিত্র	নোয়াখালি ঐ
সুরেন্দ্রনাথ সেন	চট্টগ্রাম কলিঃ স্কুল

পাটনা বিভাগ।

দ্বিতীয় শ্রেণীর বৃত্তি।

অনিসুজামন খাঁ	পাটনা কলিঃস্কুল
বিজয়কৃষ্ণ মল্লিক	ছাপরা জেলাস্কুল
জিতেন্দ্রনাথ সেনগুপ্ত	বাঁকিপুর টি কে একাঃ
যুগলকিশোর মুখো	সারণ একাঃ
নরেন্দ্রনাথ ঘোষ	বাঁকিপুর টি কে একাঃ
রামলাল	ছাপরা জেলাস্কুল

তৃতীয় শ্রেণীর বৃত্তি।

পটিরাম চট্টোপাধ্যায়	দরভাঙ্গা নর্ম্মাল স্কুল
রাইমোহন চক্রবর্ত্তী	বাঁকীপুর টি কে একা
গোবর্দ্ধন দাস	শয়া সাহেবগঞ্জ হাই
রামদেব নারায়ণ	ছাপরা জেলাস্কুল
কৃষ্ণ সহায়	গয়া ঐ
সৈয়দ ওয়াজির হয়দার	পাটনা কলিঃ স্কুল
আখুল হাসান	সারণ একাডেমী
সুরথকুমার বসু	পাটনা কলিঃ স্কুল
কিশোরীমোহন ভট্টাচার্য্য	আরা কায়স্থ একাঃ
মহাদেব প্রসাদ	আরা টাউন স্কুল
সুরেন্দ্রনাথ সিংহ	মজঃফরপুর জেলাস্কুল
বিষ্ণুপদ সরকার	মতিহারী ঐ

ভগলপুর বিভাগ।

দ্বিতীয় শ্রেণীর বৃত্তি।

প্রমথনাথ দত্ত	ভগলপুর টি এন জুবিলী
বাণীকণ্ঠ নিয়োগী	মুঙ্গের কে পি ইনঃ
চন্দ্রনারায়ণ	ভগলপুর জেলাস্কুল

তৃতীয় শ্রেণীর বৃত্তি।

শশিভূষণ সেন গুপ্ত	দুমকা জেলাস্কুল
নিবারণচন্দ্র ভট্টাচার্য্য	ভগলপুর টি এন জুবিলি
সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়	ঐ
মহম্মদ আবিদ	ভগলপুর জেলাস্কুল
গঙ্গারমণ বন্দ্যোপাধ্যায়	পূর্ণিয়া ঐ
নন্দকিশোর সেন	দেওঘর হাইস্কুল
হরিদাস মজুমদার	জামালপুর ঐ
নরেন্দ্রনাথ নিয়োগী	মালদহ জেলাস্কুল
শ্যামাচরণ ব্রহ্মচারী	জামালপুর হাইস্কুল

ছোটনাগপুর বিভাগ।

দ্বিতীয় বিভাগ।

দেবেন্দ্রনাথ ভট্টাচার্য্য	পুরুলিয়া জেলাস্কুল
যুগলকিশোর ত্রিপাঠী	রাঁচি ঐ

তৃতীয় শ্রেণীর বৃত্তি।

উপেন্দ্রনাথ ঘোষ	রাঁচি জেলাস্কুল
কালাচাঁদ মজুমদার	পুরুলিয়া ঐ
প্রীশচন্দ্র সেন	হাজারিবাগ ঐ
জ্ঞানেন্দ্রনাথ ঘড়াল	পালামৌ গবর্ণ স্কুল
শচীন্দ্রনাথ ঘোষ	চাঁইবাসা জেলাস্কুল

উড়িষ্যা বিভাগ।

দ্বিতীয় বিভাগ।

তারকনাথ সরকার	পুরী জেলাস্কুল
ভগীরথ রাণা	বালেশ্বর ঐ
নরসিংহচরণ মহান্তি	ব্রাভেন্সঃ কলিস্কুল
হরিনাথ বসু	ঐ

তৃতীয় শ্রেণীর বৃত্তি।

রাধাকৃষ্ণ দাস	বালেশ্বর জেলাস্কুল
চন্দ্রশেখর নন্দ	ব্রাভেন্স কলিঃ স্কুল
জেনুল হক্	কেন্দ্রাপাড়া স্কুল
অদ্বৈতচরণ মহান্তি	পুরী জেলাস্কুল
আসরাফ আলি খাঁ	বালেশ্বর ঐ
বংশীধর নায়ক	পুরী ঐ

স্ত্রীলোকদিগের জন্য বিশেষ বৃত্তি।

প্রথম শ্রেণীর বৃত্তি।

সরলা সেন	বেথুন কলিঃস্কুল

দ্বিতীয় শ্রেণীর বৃত্তি।

এসসি রোজ কোলথার্ষ্ট মিস ওব্রায়েনের দৈনিকস্কুল

তৃতীয় শ্রেণীর বৃত্তি।

ওয়েল আরটুড গ্যাসপার শরেটো হাউস

১৮৯৩ সালের পণ্ডিতি পরীক্ষার ফল।

প্রথম বিভাগ।

উচ্চ পরীক্ষা।

শ্রীনন্দন মণ্ডল	কলিকাতা

মধ্য পরীক্ষা।

দ্বারকানাথ আচার্য্য	হুগলী
খুদিরাম প্রামাণিক	কলিকাতা
প্রাণবন্ধু সরকার	হুগলী
সতীশচন্দ্র নায়ক	ঐ
বসন্তকুমার ভৌমিক	ঢাকা
উমেশচন্দ্র দে	ঐ
হরসুন্দর ভট্টাচার্য্য	ঐ
নিবারণচন্দ্র দাস	কলিকাতা

শশিভূষণ রায়	হুগলী
কালীকুমার সেন	চট্টগ্রাম
নিবারণচন্দ্র ভট্টাচার্য্য	ঢাকা
কিশোরীমোহন বসু	ঐ
বিশ্বম্বরশঙ্কর দত্ত	রংপুর
ক্ষেত্রনাথ চট্টোপাধ্যায়	হুগলী
কুলদাপ্রসাদ সেন	ঐ
পূর্ণচন্দ্র দে	ঢাকা
সারদাপ্রসাদ চক্রবর্ত্তী	হুগলী
পঞ্চানন মণ্ডল	কলিকাতা
যুধিষ্ঠির মণ্ডল	ঐ
রমাপতি আচার্য্য	হুগলী
শিবরাম মুখোপাধ্যায়	ঐ

নিম্ন পরীক্ষা।

মহম্মদ সলিমুদ্দিন	ঢাকা
শ্যামাচরণ সরকার	চট্টগ্রাম
হরিচরণ মুখোপাধ্যায়	কলিকাতা
হরলাল দত্ত	ঢাকা
মজহর হোসেন	রংপুর
ব্রজবল্লভ মুখোপাধ্যায়	হুগলী
ব্রজনাথ দেব	ঢাকা
জ্ঞানদাচরণ ঘোষ	কলিকাতা
শ্রীরাম গোস্বামী	হুগলী
ঈশ্বরচন্দ্র শর্ম্মা	ঢাকা
অন্নদাচরণ দে	ঐ
উপেন্দ্রচন্দ্র নাথ	চট্টগ্রাম
অনাথবন্ধু চক্রবর্ত্তী	ঢাকা
নিত্যগোপাল ভট্টাচার্য্য	হুগলী
শিবচরণ দে	ঢাকা
জগদীশচন্দ্র ভট্টাচার্য্য	হুগলী
শশধর চক্রবর্ত্তী	ঐ
যোগেশচন্দ্র মজুমদার	প্রাইভেট
চন্দ্রমণি দে	চট্টগ্রাম
নৃপেন্দ্রচন্দ্র ভট্টাচার্য্য	হুগলী
রামতনু দাস	রংপুর
রজনীকান্ত সোম	ঐ
নবকান্ত দাস	ঐ
অন্নদাচরণ দাস	ঢাকা
হরিনাথ পাঁড়ে	হুগলী
শ্রীরাম দে	ঐ
গিরিশচন্দ্র দে	চট্টগ্রাম
তারেশচন্দ্র মুখোপাধ্যায়	হুগলী

নবকুমার মাইতি	হুগলী
সতীশচন্দ্র আচার্য্য	ঢাকা
শশিভূষণ চক্রবর্ত্তী	কলিকাতা
গৌরচন্দ্র গোপ	ঢাকা
রজনীকান্ত বিশ্বাস	চট্টগ্রাম
রাজকৃষ্ণ মাজি	কলিকাতা
অতুলচন্দ্র মুখোপাধ্যায়	হুগলী
অক্ষয়কুমার দাস	ঢাকা
রাজকুমার চক্রবর্ত্তী	ঐ
নন্দলাল বণিক	রংপুর
যোগেন্দ্রনাথ হালদার	প্রাইভেট
রাধিকাপ্রসাদ চট্টোপাধ্যায়	ঐ
মনোমোহন বিশ্বাস	চট্টগ্রাম
মহম্মদ সোনাউল্লা	ঢাকা
নিশিচন্দ্র চক্রবর্ত্তী	চট্টগ্রাম
হরিনাথ পাল	হুগলী
তারাপ্রসন্ন পাঠক	চট্টগ্রাম
নিত্যগোপাল মিশ্র	হুগলী
পবন মণ্ডল	কৃষ্ণনগর
হরিবল্লভ বসাক	ঢাকা
ষষ্ঠীচরণ সরকার	ঐ
রজনীকান্ত ভট্টাচার্য্য	চট্টগ্রাম
কালীনাথ ঠাকুর	ঢাকা
বিষ্ণুদাস মণ্ডল	হুগলী
সতীশচন্দ্র গাঙ্গুলী	ঐ
রজনীকান্ত রায় (১ম)	ঐ
লক্ষ্মীচন্দ্র চন্দ	চট্টগ্রাম
নবকুমার দাস	রংপুর
নিশিকান্ত বন্দ্যোপাধ্যায়	ঢাকা
সূর্য্যনারায়ণ সরকার	রংপুর
কামিনীকুমার গুহ	চট্টগ্রাম
রামকুমার পাল	ঢাকা
যোগেন্দ্রনাথ রায়	কলিকাতা
শ্যামাচরণ চক্রবর্ত্তী	চট্টগ্রাম
রজনীকান্ত চৌধুরী	ঐ
উপেন্দ্রনাথ দাস	হুগলী
কৃপানাথ অধিকারী	রংপুর
হরিহর নায়ক	হুগলী
অটলবিহারী মণ্ডল	ঐ
মহেশচন্দ্র দে	চট্টগ্রাম
বায়জুদ্দীন আহমেদ	রংপুর

দ্বিতীয় বিভাগ।

উচ্চ পরীক্ষা।

বঙ্গেশ্বর মুখোপাধ্যায়	হুগলী
কেদারনাথ বিশ্বাস	ঢাকা
নয়নচন্দ্র মুখোপাধ্যায়	হুগলী

মধ্য পরীক্ষা।

বটেশ্বর সূত্রধর	রংপুর
দেবেন্দ্রচন্দ্র বিশ্বাস	ঢাকা
কৃষ্ণচন্দ্র সরকার	রংপুর
হরীচরণ দে	ঢাকা
হরবিহারী কর	ঐ
কেদারনাথ দাস	কলিকাতা
সতীনচন্দ্র মজুমদার	ঢাকা
গুরুপদ পুরকাইৎ	কলিকাতা
কালীপ্রসন্ন দাস	ঐ
রামনারায়ণ মুখোপাধ্যায়	হুগলী
নন্দকুমার চক্রবর্ত্তী	চট্টগ্রাম
দীনবন্ধু দত্ত	ঢাকা
নিত্যানন্দ পূজারী	হুগলী
নবীনচন্দ্র বুহ	ঢাকা
আশুতোষ ঘোষ	রংপুর
উমেশচন্দ্র মণ্ডল	কলিকাতা
দ্বিজপদ রায়	হুগলী
মহেশচন্দ্র চক্রবর্ত্তী	ঐ
আশুতোষ চট্টোপাধ্যায়	ঐ
রজনীকান্ত পাল	ঐ
সীতানাথ চক্রবর্ত্তী	চট্টগ্রাম
কৃষ্ণসুন্দর ভট্টাচার্য্য	ঐ
পঞ্চানন পাল	হুগলী
প্রমথনাথ বন্দ্যোপাধ্যায়	কলিকাতা
নন্দকুমার মজুমদার	চট্টগ্রাম
নিবারণচন্দ্র দাস	ঢাকা
বগলাচরণ চক্রবর্ত্তী	হুগলী
অক্ষয়কুমার নাথ	কলিকাতা
যজ্ঞেশ্বর মণ্ডল	রংপুর
যোগেন্দ্রকুমার দে	ঢাকা
অক্ষয়কুমার গুপ্ত	চট্টগ্রাম
পূর্ণচন্দ্র দাস	ঐ

নিম্ন পরীক্ষা।

শ্যামচন্দ্র দত্ত	হুগলী
শ্রীশচন্দ্র রায়	ঐ
সদানন্দ মণ্ডল	কৃষ্ণনগর
রাখালচন্দ্র বন্দ্যোপাধ্যায়	কলিকাতা
গোবিন্দচন্দ্র চৌধুরী	চট্টগ্রাম
উমেশচন্দ্র চট্টোপাধ্যায়	হুগলী
পূর্ণচন্দ্র নায়ক	ঐ
প্রসন্নকুমার পাল	চট্টগ্রাম
হরিপদ হালদার	কলিকাতা
যগনচন্দ্র দে	চট্টগ্রাম
ব্রজনাথ পাল	কলিকাতা
ত্রৈলোক্যনাথ হালদার	রংপুর
গৌরমোহন নাই	কলিকাতা
কান্তরাম রায়	ঐ
জয়নারায়ণ দে	ঢাকা
গোবিন্দদাস চৌধুরী	হুগলী
নিবারণচন্দ্র সরকার	ঐ
প্রসন্নকুমার নিয়োগী	ঢাকা
রামকমল দত্ত	চট্টগ্রাম
ঈশানচন্দ্র দত্ত	ঢাকা
আশুতোষ বন্দ্যোপাধ্যায়	ঐ
ঋষিভূষণ ভট্টাচার্য্য	হুগলী
ভুবনচন্দ্র কোঁয়ার	ঐ
শশিভূষণ মুখোপাধ্যায়	কলিকাতা
রজনীকান্ত মজুমদার	রংপুর
গঙ্গাচরণ বিশ্বাস	ঢাকা
রমানাথ বেরা	হুগলী
ভজহরি পাল	কলিকাতা
হরিপ্রসন্ন চৌধুরী	চট্টগ্রাম
উমাচরণ দত্ত	ঐ
অনঙ্গমোহন গুহ	ঐ
এনাতুল্লা সরকার	রংপুর
মুচিরাম নাথ	কলিকাতা
আশুতোষ মল্লিক	কৃষ্ণনগর
আবদুল মতলেব খাঁ	ঢাকা
চিন্তাহরণ কর	ঐ
গোপালচন্দ্র চক্রবর্ত্তী	ঐ
কালীকুমার দে	চট্টগ্রাম
জানকীনাথ মুখোপাধ্যায়	কলিকাতা
রমেশচন্দ্র দে	চট্টগ্রাম
যোগেশচন্দ্র মজুমদার	হুগলী
রাধাসুন্দর মুখোপাধ্যায়	ঐ
রাজেন্দ্রলাল দে	কৃষ্ণনগর
হৃষীকেশ চট্টোপাধ্যায়	হুগলী
যোগেন্দ্রমোহন দাস	কৃষ্ণনগর
উমেশচন্দ্র ভদ্র	ঢাকা
বসিরুদ্দীন প্রামাণিক	রংপুর
দুর্গামোহন ঘোষ	ঢাকা
বিষ্ণুচন্দ্র মণ্ডল	হুগলী
অম্বিকাচরণ পাণ্ডা	ঐ
শশিভূষণ বন্দ্যোপাধ্যায়	ঐ
আশুতোষ বন্দ্যোপাধ্যায়	ঐ
দীনবন্ধু নন্দী	চট্টগ্রাম
ভুবনচন্দ্র রায়	হুগলী
যোগেন্দ্রকুমার রায়	ঢাকা।
রমণবিহারী ঘোষাল	হুগলী
অম্বরচন্দ্র মুখোপাধ্যায়	ঐ
কৈলাসচন্দ্র নাহা	ঢাকা
সতীন্দ্রনাথ চৌধুরী	কলিকাতা
কৌটীশ্বর ভট্টাচার্য্য	রংপুর
উমেশচন্দ্র শিকদার	কলিকাতা
রেবতীনাথ চক্রবর্ত্তী	ঢাকা
সাতকড়ি সরকার	হুগলী
নগেন্দ্রনাথ ঘোষ	ঐ
রামলাল দাস	রংপুর
রাজেন্দ্রচন্দ্র দে	ঢাকা
কৈলাসচন্দ্র হাওলদার	চট্টগ্রাম
দেবেন্দ্রমোহন ভৌমিক	ঢাকা
সমিরুদ্দীন প্রধান	রংপুর
উমেশচন্দ্র মোহন্ত	ঢাকা
গঙ্গাসিন্ধু সাপুই	কলিকাতা
নৃসিংহচন্দ্র মুখোপাধ্যায়	হুগলী
সূর্য্যকান্ত বিশ্বাস	কৃষ্ণনগর
অমূল্যচন্দ্র মুখোপাধ্যায়	হুগলী
গোপালচন্দ্র উপাধ্যায়	ঐ
ভূপতিনাথ চট্টোপাধ্যায়	ঐ
প্রতাপচন্দ্র মিশ্র	ঢাকা

তৃতীয় বিভাগ।

উচ্চ পরীক্ষা;

ইন্দুভূষণ দে	কলিকাতা
যতীন্দ্রনাথ ভট্টাচার্য্য	হুগলী

মধ্য পরীক্ষা।

মৃগেন্দ্রনাথ চক্রবর্ত্তী	হুগলী
অন্নদাচরণ চক্রবর্ত্তী	কলিকাতা
হেমন্তকুমার গাঙ্গুলী	ঢাকা
রাধাচরণ দাস	ঐ

সুধাকৃষ্ণ বসু	হুগলী
রমণীকান্ত সাহা	রং পু র
প্রভাপদ চক্রবর্ত্তী	হুগলী
বিহারীলাল বন্দ্যোপাধ্যায়	প্রাইভেট
হৃষীকেশ চক্রবর্ত্তী	হুগলী
বঙ্কহরি মুখোপাধ্যায়	ঐ
শৈলাল রায়	ঐ
কালীবর বসু	কলিকাতা
কীর্ত্তিবাস গিরি	হুগলী
শীতলকৃষ্ণ মুখোপাধ্যায়	ঐ
যামিনীমোহন ভৌমিক	ঢাকা
বামনদাস বন্দোপাধ্যায়	কলিকাতা
সারদাচরণ দাস	ঢাকা
যশোদাকুমার ভুয়া	চট্টগ্রাম
নিশিকান্ত বন্দ্যোপাধ্যায়	ঢাকা
যুগলকিশোর দত্ত	হুগলী
বিপিনচন্দ্র দত্ত	ঢাকা
জগদীশচন্দ্র চট্টোপাধ্যায়	হুগলী
রাজকুমার দাস	ঢাকা
মীর ওসমান আলি	হুগলী
পঞ্চানন চক্রবর্ত্তী	কলিকাতা
সেখ মহম্মদ ধানবক্স	হুগলী
দেবেন্দ্রনাথ বিশ্বাস	ঢাকা
নিশিকান্ত চক্রবর্ত্তী	ঐ
জয়গোবিন্দ নাথ	ঐ
ভরউদ্দীন খাঁ	রংপুর
কুশলনাথ কুণ্ডু	ঐ
রাখালচন্দ্র বিশ্বাস	কৃষ্ণনগর
শরচ্চন্দ্র চট্টোপাধ্যায়	কলিকাতা
শম্ভুনাথ লাহিড়ী	রংপুর
রাজনাথ সরকার	ঢাকা
দুর্গাপ্রসাদ দাস	ঐ
ক্ষীরোদচন্দ্র চট্টোপাধ্যায়	রংপুর
গোপীনাথ দত্ত	কলিকাতা
গৌরপদ সামন্ত	রংপুর
রামনাথ মৌলিক	কলিকাতা
বসন্তকুমার মালো	ঢাকা
উদয়চন্দ্র ভৌমিক	চট্টগ্রাম
কেশবচন্দ্র খাঁ	কলিকাতা
মথুরানাথ বিশ্বাস	ঐ
শশিভূষণ ভট্টাচার্য্য	হুগলী

নিম্ন পরীক্ষা।

কেশবচন্দ্র ঘোষ	হুগলী
জগদীশচন্দ্র গোস্বামী	ঢাকা
করুণাময় রায়	হুগলী
দেবেন্দ্রনাথ বসু	ঐ
অনন্তকুমার দাস	ঢাকা
বেণীমাধব দাস	কলিকাতা
নগেন্দ্রনাথ দে	কৃষ্ণনগর
রঘুনাথ নন্দী	হুগলী
শিশুকুমার সরকার	ঢাকা
সূর্য্যনারায়ণ মণ্ডল	হুগলী
কেশবলাল বসু	কলিকাতা
বিহারীলাল অধিকারী	হুগলী
সুরেন্দ্রলাল মজুমদার	ঐ
গিরিশচন্দ্র কুণ্ডু	ঐ
নলিনীনাথ গুহ	ঢাকা
নগরবাসী দে	চট্টগ্রাম
সতীশচন্দ্র সরকার	রংপুর
সুরেশচন্দ্র হাজরা	হুগলী
মধুসূদন ভট্টাচার্য্য	রংপুর
যোগেন্দ্রনাথ বসু	ঢাকা
মতিলাল মল্লিক	কৃষ্ণনগর
পার্ব্বতীচরণ সেন	চট্টগ্রাম
বিহারীলাল মণ্ডল	কৃষ্ণনগর
নরেন্দ্রনাথ দাসগুপ্ত	ঢাকা
হরচন্দ্র নাথ	চট্টগ্রাম
বিজয়মোহন দত্ত	কলিকাতা
বিহারীলাল কুণ্ডু	ঐ
পীতাম্বর ত্রিপাঠী	হুগলী
জগন্নাথ চক্রবর্ত্তী	ঢাকা
বৈকুণ্ঠনাথ আচার্য্য	ঐ
জয়নুদ্দীন প্রামাণিক	রংপুর
নন্দীশ্বর দাস	ঐ
বিপিনবিহারী বিদ্যা	হুগলী
মোহনলাল চট্টোপাধ্যায়	কলিকাতা
অটলবিহারী বন্দোপাধ্যায়	ঐ
নিমাইচরণ প্রধান	হুগলী
আশুতোষ রায়	ঐ
বিরাজকৃষ্ণ চক্রবর্ত্তী	কলিকাতা
লালমোহন প্রধান	প্রাইভেট

যোগেন্দ্রনাথ সামন্ত	হুগলী
অযোধ্যারাম গুহ	রংপুর
প্রাণবন্ধু ধর	ঐ
যদুনাথ বিশ্বাস	কলিকাতা
শ্যামাচরণ চক্রবর্ত্তী	ঢাকা
কালীপ্রসন্ন চক্রবর্ত্তী	চট্টগ্রাম
ওমারালী মিয়া	রংপুর
ওসিদুদ্দীন খাঁ	ঐ
বিশ্বনাথ খাঁড়া	হুগলী
তকিমহম্মদ মণ্ডল	রংপুর
ক্ষেত্রনাথ প্রামাণিক	কলিকাতা
চন্দ্রনাথ ভদ্র	ঐ
ঈশাক মল্লিক	কৃষ্ণনগর
রজনীকান্ত দে	ঢাকা
সতীশচন্দ্র গাঙ্গুলী	হুগলী
প্রসন্নকুমার মণ্ডল	ঢাকা
গোপেশ্বর ভট্টাচার্য্য	হুগলী
রসিকচন্দ্র চক্রবর্ত্তী	রংপুর
সীতানাথ সরকার	কৃষ্ণনগর
অনন্তচন্দ্র বন্দোপাধ্যায়	ঢাকা
নারায়ণচন্দ্র মল্লিক	হুগলী
পদ্মলোচন রায়	ঐ
এমদাদ উল্লা	চট্টগ্রাম
বিহারীলাল চক্রবর্ত্তী	ঢাকা
মনোমোহন মণ্ডল	রংপুর
পুলিনবিহারী দে	কলিকাতা
অহরুদ্দীন আহমেদ	প্রাইভেট
ভবতারণ মুখোপাধ্যায়	হুগলী
জ্যোতির্ম্ময় সামন্ত	ঐ
হৃষীকেশ মিশ্র	কলিকাতা
যোগেশচন্দ্র দত্ত	ঢাকা
রাজেন্দ্রনাথ চন্দ্র	হুগলী
গিরিশচন্দ্র ভট্ট	চট্টগ্রাম
রাখালচন্দ্র চক্রবর্ত্তী	কলিকাতা
ললিতচন্দ্র বোষ	হুগলী
দীনবন্ধু দত্ত	কলিকাতা
বরদাকান্ত সর্দ্দার	প্রাইভেট
মহেন্দ্রনাথ চাকী	রংপুর
অন্নদাচরণ বন্দ্যোপাধ্যায়	প্রাইভেট

(কেবল ভুইংয়ে পরীক্ষিত) উত্তীর্ণ

১৮৯৩ সালের পাটনা ট্রেণিং স্কুলের পরীক্ষার ফল।

প্রথম বিভাগ।

মধ্য পরীক্ষা।

মহেন্দ্র প্রসাদ	প্রাইভেট
মহেন্দ্র রায়	ঐ
গণপৎ সিংহ	ঐ
সুরথ প্রসাদ	পাটনা
মহম্মদ ইব্রাহিম	ঐ

নিম্ন পরীক্ষা।

জানকধরি মহতো	পাটনা
ব্রিজলাল	ঐ
কিষণ রাম	ঐ
নিরসু লাল	ঐ
মহেন্দ্র প্রসাদ	প্রাইভেট
পরশুরাম সুকুল	ঐ
মানরূপ মহতো	পাটনা
কৈলু গোপ	প্রাইভেট

দ্বিতীয় বিভাগ।

উচ্চ পরীক্ষা।

সত্যনারায়ণ রাম	পাটনা
দ্বারকা সিংহ	ঐ

মধ্য পরীক্ষা।

রঙ্গ বাহাদুর লাল	প্রাইভেট
বলদেব সিং	পাটনা
শ্যামলাল	ঐ
গণেশপ্রসাদ	প্রাইভেট
ঋত্রিনারায়ণ উপাধ্যায়	পাটনা
রামপতি তেওয়ারি	প্রাইভেট
শ্যামনারায়ণ সিং	ঐ
রুদ্রপ্রসাদ	ঐ
সহদেব সিংহ	পাটনা
তিনকড়ি সিংহ	প্রাইভেট

নিম্ন পরীক্ষা।

বেণীমাধব সিং	প্রাইভেট
সুখী সিংহ	পাটনা
বেহারী লাল	ঐ
রামদেনী রায়	ঐ
মাধোরাম	প্রাইভেট
বোধন পাণ্ডে	পাটনা
অনন্ত লাল	প্রাইভেট
দেবদত্ত তেওয়ারি	ঐ

তৃতীয় বিভাগ।

উচ্চ পরীক্ষা।

দেবনারায়ণ পাণ্ডে	পাটনা
দেবরাজ পাণ্ডে	ঐ
শিবচরণ পাণ্ডে	ঐ
শীতল মিশির	ঐ
বলদেব সিংহ	ঐ
হরিহর প্রসাদ	ঐ
মহাপ্রসাদ গোস্বামী	ঐ
শিবপ্রসাদ	ঐ
রামলোচন পাণ্ডে	ঐ
সহদেব পাণ্ডে	ঐ
জয়গোবিন্দ ওঝা	ঐ
রামসিংহাসন পাণ্ডে	ঐ
গয়াপ্রসাদ চৌবে	প্রাইভেট
বিষ্ণুদেব সিংহ	পাটনা
রামভগবান প্রসাদ	ঐ
সুখেশ্বর প্রসাদ	ঐ
রামগুলাম রাম	প্রাইভেট
বালীরাম সিংহ	পাটনা
যদুনন্দন সিংহ	ঐ
মহাদেব রাম	ঐ
নন্দকিশোর লাল	ঐ
রাগুগীতান প্রসাদ	ঐ

নিম্ন পরীক্ষা।

ব্রহ্মদেব সিংহ	পাটনা
কালীচরণ সিংহ	প্রাইভেট
বলেশ্বর প্রসাদ	পাটনা
ভাগবৎ সহায়	ঐ
জগদীশ ওঝা	ঐ
জানকধারী পাণ্ডে	ঐ
নানহক রাম	ঐ
থোবারি লাল	প্রাইভেট
আলি জান	পাটনা
সুরেন্দ্র প্রসাদ	প্রাইভেট
চণ্ডী সিংহ	ঐ
দ্বারকানাথ মিশ্র	ঐ
জগৎনারায়ণ চৌধুরী	ঐ
পরু সিংহ	পাটনা
অযোধ্যা প্রসাদ	প্রাইভেট
মেঘধারণ সিংহ	পাটনা
গোবর্দ্ধন রায়	প্রাইভেট
নানক প্রসাদ	ঐ
তুলকৃষ্ণ চৌধুরী	ঐ
বনারসী লাল	ঐ

হোমিওপ্যাথিক মেডিকেল স্কুলের ১৮৯৩ সনের পরীক্ষার ফল।

লাইসিনসিয়েট।

সত্যচরণ ঘোষ	হোমিওপ্যাথিক মেডিকেল স্কুল
আশুতোষ চক্রবর্ত্তী	ঐ
চণ্ডীচরণ সাহা	ঐ
শশীমোহন ঘোষ	ঐ
ভবতারণ মল্লিক	ঐ
কালীকুমার সাহা	ঐ
সুরেন্দ্রনাথ বসু	ঐ
বিপিনবিহারী হালদার	ঐ
ভারতচন্দ্র বন্দ্যোপাধ্যায়	ঐ
শরচ্চন্দ্র চট্টোপাধ্যায়	ঐ
নটবর মুখোপাধ্যায়	ঐ
তুলসীদাস রায়	ঐ
নায়েব আলী খাঁ	ঐ

সিনিয়ার পাশ।

সতীশচন্দ্র রায়	হোমিওপ্যাথিক মেডিকেল স্কুল
সিদ্ধেশ্বর মিত্র	ঐ
যোগেন্দ্রনাথ চক্রবর্ত্তী	ঐ
নীলরতন সরকার	ঐ
রজনীনাথ ঘোষ	ঐ
গোপালচন্দ্র অধিকারী	ঐ
কিরণচন্দ্র মুখোপাধ্যায়	ঐ
গৌরহরি পরামাণিক	ঐ
নলিনীপ্রকাশ রায়	ঐ
সতীশচন্দ্র মিত্র	ঐ
রসিকলাল বিশ্বাস	ঐ
বিনয়ভূষণ বসু	ঐ
রোহিণীনাথ চক্রবর্ত্তী	ঐ
জয়নাথ মিত্র	ঐ
কালীগোপাল মৈত্র	ঐ
দুর্গাদাস মৈত্র	ঐ
আরদল বাবী মুকুতী	ঐ
বঙ্কবিহারী ঘোষ	ঐ

এম এম বসু, এম, ডি।
কার্য্যাধ্যক্ষ।

শিক্ষা সংক্রান্ত।

Kumar Promoda Nath Roy Bahadoor of the Dighapatia Roy Estate and another gentleman have separately been pleased to offer two silver medals to two boys who will stand first in English and Mathematics respectively from the Dighapatia School at the ensuing Entrance examination A local scholarship of Rs 10 tenable for two years, known as Promoda Nath Scholarship is given every year to the boy who tops the list of successful Entrance candidates from this School.

গ্রীষ্মাবকাশের পর কলিকাতা নর্ম্মাল স্কুল বিগত ১৯শে জুন সোমবারে খোলা হইয়াছে। ১ম, ২য় ও ৩য় বার্ষিক শ্রেণীর কয়েকটী করিয়া বৃত্তি খালি আছে। বৃত্তি প্রার্থিগণকে অবিলম্বে আমার নিকট আবেদন করিতে হইবে। যাহারা ১ম বা ২য় বিভাগে ছাত্রবৃত্তি পরীক্ষায় উত্তীর্ণ, ও যাহাদের বয়স ১৫ বৎসরের অন্যূন, তাহারা ৯ম বার্ষিক শ্রেণীর বৃত্তি পাইতে পারিবে। যাহারা নর্ম্মাল স্কুলের ১ম বার্ষিক শ্রেণীর বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ, তাহারা ২য় বার্ষিক শ্রেণীর বৃত্তি পাইতে পারিবে; এবং যাহারা ২য় বার্ষিক শ্রেণীর বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ, তাহারা ৩য় বার্ষিক শ্রেণীর বৃত্তি পাইতে পারিবে।

কলিকাতা নর্ম্মাল স্কুল, ১৯শে জুন, ১৮৯৩। } শ্রীবরদা প্রসাদ ঘোষ, প্রধান শিক্ষক।

বর্ত্তমান বর্ষ হইতে এখানে একটি নির্ব্বাচন পরীক্ষা সমিতি (Board of test Examinations) স্থাপিত হইয়াছে। এই সমিতি হইতে মধ্য ইংরাজী, মধ্য বাঙ্গালা ও উচ্চ প্রাইমারী পরীক্ষার্থীদিগের নির্ব্বাচন পরীক্ষা গৃহীত হইবে। শিক্ষক মাত্রেই এই সমিতির উপকারিতা উপলব্ধি করিতে পারেন। অতএব ঢাকা, প্রেসিডেন্সী ও রাজসাহী বিভাগীয় মধ্য ইংরাজী, মধ্য বাঙ্গালা ও উচ্চ প্রাইমারী স্কুলের শিক্ষকদিগকে সহানুভূতি প্রার্থনা করিয়া সাদরে আহ্বান করিতেছি। আগামী ৩১শে জুলাই হইতে সমিতির অন্তর্গত স্কুল সমূহের নির্ব্বাচন পরীক্ষা গৃহীত হইবে। যোগদানসূচক পত্র প্রাপ্ত হইলেই সমিতির নিয়মাবলী পাঠাইয়া দেওয়া যাইবে। যোগদানসূচক পত্র আগামী ৩০শে জুনের মধ্যে সমিতির সম্পাদকের হস্তগত হওয়া আবশ্যক।

শ্রীশচন্দ্র ভাদুড়ী।
সুপারিণ্টেণ্ডেণ্ট নির্ব্বাচন পরীক্ষা সমিতি।
পার্শ্বডাঙ্গা, পাবনা।

ছাত্রখালি।

জেলা বাঁকুড়া রোল উ. ইং স্কুলের ১ম শ্রেণীর জন্য ৩। ৪টী ছাত্রের আবশ্যক। ছাত্রদিগকে বেতন দিতে হইবে না। অবস্থা মন্দ হইলে আহার ও বাসস্থান দেওয়া যাইবে। সেক্রেটরী সি এম তাজ্জিবের নিকটে আবেদন করুন।

কর্ম্মখালি।

Wanted an Entrance passed Brahmin teacher of good moral character for the Manimuni English School. Salary Rs 15 besides food. Apply to D. N. Bagchi, Sub Inspector of Schools, Nilphamari Circle, Dt. Rungpur.

Wanted an F. A. passed or plucked experienced Hd. Master for the Khajura M. E. School on Rs 25 per month, besides free board and lodging. Apply to the Secy. of the School, P.O. Khajura, Via Madhanagar N.B.S.Ry Dt. Rajshahi.

Wanted a graduate strong in Mathematics to officiate the third master of English Department, Chittagong Madrasa for 8 months on Rs 30 (thirty) a month. Applications should reach Moulavi Zulfiquar Ali, Suptd. Madrasa Chittagong not later than 30th Instant.

Wanted a few partners with Rs 500 each to cultivate some valuable economic products of Bengal. Good arcable lands secured on a most advantageous terms. More than 25 per cent profit expected on the outlay. For particulars apply to R. D. Mittra Krishnaghar (Nuddia).

Wanted a 2nd Master for the Arrakumed Tripura Sundari M. Eng. School on Rs 15 a month, P. O. Bhadra in Mymansingh. Apply sharp to the Secy. of the school.

Wanted an experienced Kyastha 2nd teacher, strong in Mathematics for the Bara Jaguli H. E. School, near Kanchrapara Ry. Station, on salary Rs 30 a month. The selected candidate will have to stick to the post at least for one year. Apply to the Hd. Master of the School.

Wanted 3 Surveyors. Terms Rs 20 to Rs 30 with an annual increment of Rs 2. The posts are pensionable. Apply with a half anna Postage stamp for particulars to Babu Tarini Kissore Tarafder C/o State Pleader, Kuchbihar.

Wanted an Entrance passed Head Master for a M. E. School on Rs 25 a month with free quarters. Apply before 20th July to Babu Tarini Kissore Tarafder, C/o State Pleader, Kuchbihar.

Wanted an English knowing passed compounder for the Jamalpur Oriental Pharmacy on Rs 15 a month with free quarters. Apply to the Manager, Oriental Pharmacy, Jamalpur, Dt. Mungbyr.

জেলা বর্দ্ধমান, পোঃ খণ্ডঘোষ, গোদনা বাণিয়াণী মঃ ইং স্কুলের জন্য মাইনর পরীক্ষোত্তীর্ণ এক জন দ্বিতীয় পণ্ডিতের প্রয়োজন। পারদর্শিতানুসারে বেতন। সম্পাদক শ্রীযুক্ত জোমাব চৌধুরী আফজাল রবিব জমিদার মহাশয়ের নিকট আবেদন করুন।

বগুড়া টাউনের মধ্যস্থ "বগুড়া পোগুর্স ইনিষ্টিটিউশন" নামক মাইনর স্কুলের জন্য একজন হেড পণ্ডিতের প্রয়োজন। মাসিক বেতন ১০৲ টাকা। নর্ম্মাল ট্রেণ্ড দ্বিতীয় উত্তীর্ণ আবেদনকারীর আবেদন অধিকতর আদরণীয় হইবে। পরে বেতন বৃদ্ধি হওয়ার সম্ভাবনা আছে। আবেদনকারিগণ সত্বর পোগুর্স ইনিষ্টিটিউশনের হেড মাষ্টারের নিকট আবেদন করুন।

ধুনড়ী মধ্য শ্রেণী বালিকা বিদ্যালয়ে সেলাই ও নিম্ন-শ্রেণীতে শিক্ষা দিবার জন্য এক জন শিক্ষয়িত্রীর আবশ্যক। মাসিক বেতন ২০৲ টাকা। এতদ্ভিন্ন বিদ্যালয় সংলগ্ন এক জনের বাসোপযোগী ফ্রি কোয়ার্টর দেওয়া যাইবে। কর্ম্মাকাঙ্ক্ষিণীগণ স্ব স্ব প্রশংসাপত্র সহ শ্রীদুর্গাকান্ত রায় বি এল সম্পাদকের নিকট আবেদন করুন।

জেলা রংপুর বদরগঞ্জ ম, বাং স্কুলের জন্য মাসিক ২০৲ টাকা বেতনে জনৈক নর্ম্মাল ত্রৈবার্ষিক পরীক্ষোত্তীর্ণ হেড পণ্ডিতের প্রয়োজন। আপাততঃ থাকিবার স্থান দেওয়া যাইবে। প্রশংসা পত্রের অনুলিপি সহ সম্পাদক শ্রীহরমোহন সেহানবীসের নিকট আবেদন করুন।

মাসিক ৫৲ টাকা বেতনে জনৈক ইংরাজী ও বাঙ্গালা জানা শিক্ষকের আবশ্যক। কার্য্যে উন্নতি দেখাইলে বেতন শীঘ্রই ২৲ টাকা বৃদ্ধি হইবে। বাসা খরচ লাগিবে না। স্থানটী খুলনার ষ্টেশন হইতে সাত মাইল দূরে। জেলা খুলনা, পোঃ পিলজঙ্গ শ্রীহেমন্তকুমার ঘোষের নিকটে জুন মাসের মধ্যে আবেদন করুন।

বাঁকুড়া জিলার গঙ্গাজলঘাটী থানার জন্য একজন ইন্সপেক্টিং পণ্ডিতের প্রয়োজন। মাসিক বেতন ১২৲ টাকা এবং পাথেয় ৫৲ টাকা, মোট ১৭৲ টাকা। যাঁহারা নর্ম্মাল স্কুলের ত্রৈবার্ষিক পরীক্ষায় অথবা প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন তাঁহাদের আবেদন সমধিক আদরণীয়। আগামী ১০ই জুলাই মধ্যে বাঁকুড়া লোকেল বোর্ডের ভাইস চেয়ারম্যান শ্রীবনমালী দত্তের নিকট আবেদন করিতে হইবে।

যৌথ কারবারে বিলাতি দেশলাইয়ের কারখানা হইবার প্রস্তাব হইয়াছে। দশ জন ডাইরেক্টর বা তত্ত্বাবধায়কের আবশ্যক। তত্ত্বাবধায়কের মধ্যে কেহ জমিদার, কেহ ব্যবসাদার, কেহ সম্ভ্রান্ত ও ধনাঢ্য হওয়া চাই। ১১ই জুলাইয়ের পূর্ব্বে আমার নিকট পত্র লিখুন।

শ্রীভূতনাথ বসু।

সাং নাওদা, পোষ্ট শশাটি, জেলা হাওড়া।

বিশেষ দ্রষ্টব্য।

বাচস্পত্য অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২০৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকালীনাথ ভট্টাচার্য্য।
বুধোদয় প্রেস।
হুগলী।

আর্য্যমিশন ইনষ্টিটিউশন।

৮০।১ নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট, কলিকাতা।

এই বিদ্যালয়ে একটী স্বতন্ত্র সংস্কৃত বিভাগ আছে। ঐ বিভাগে উপযুক্ত পণ্ডিতের দ্বারা বিনা বেতনে দর্শন, কাব্য সাহিত্য, ব্যাকরণ শ্রীমদ্ভাগবত শ্রীমদ্ভগবদ্গীতা শিক্ষা দেওয়া হইয়া থাকে। পাঠার্থি-ছাত্রের আবশ্যক।

শ্রীকানাই লাল সেঠ।
৩৯৮ নং সেক্রেটরী।

পাটীগণিত।

নূতন সংস্করণ।

শ্রীপ্রসন্নকুমার সর্ব্বাধিকারী প্রণীত।

সুপ্রসিদ্ধ গণিতশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম, এ, মহাশয়ের দ্বারা সমাকরূপে সংশোধিত পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত। ইহাতে সুকৌশল সম্পন্ন প্রশ্নাবলী সন্নিবেশিত এবং উহাদের ভূরি পরিমাণে সমাধান করা হইয়াছে। ৫৭৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। উত্তম কাপড়ে বাঁধা, মূল্য ১৷৵০। বলা বাহুল্য ইহা চিরকাল সর্ব্বাদৃত, অধুনা আরও অধিক পরিমাণে স্কুলাদিতে পাঠ্যরূপে নিয়োজিত হইতেছে এবং বঙ্গবাসী প্রভৃতি সংবাদ পত্র ভূয়সী প্রশংসা করিতেছেন। নিম্নলিখিত এবং অন্যান্য স্থানে পাওয়া যায়।

বি, ব্যানার্জ্জি এণ্ড কোং।
২৫নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, ৫৬নং কলেজ ষ্ট্রীট, ৫১নং পুরাতন চীনেবাজার, কলিকাতা। ৫৫নং পটুয়াটুলি ঢাকা।

৩৮৮নং

বার্ষিক ৫০০৲ টাকা বৃত্তি।

ভারতধর্ম্মমহামণ্ডলীর মুখ্যতম উদ্দেশ্যের অনুসরণ করিয়া ৺বিশ্বনাথ চতুষ্পাঠীতে বার্ষিক পঞ্চাশৎ টাকা পরিমাণে এক একটী করিয়া দশটী বৃত্তি স্থাপিত হইয়াছে। যে যে চতুষ্পাঠীতে ব্যাকরণাদি করিয়া কোন দর্শন শাস্ত্র বিশেষতঃ বেদান্ত শাস্ত্র পর্য্যন্ত অধ্যাপিত হয়, সেই সেই চতুষ্পাঠীতে এই বৃত্তিগুলি দেওয়া যাইবে। অধ্যাপক ইচ্ছা করিলে ঐ বৃত্তি ত্রৈমাসিক বা ষাণ্মাসিক বা বার্ষিকরূপে গ্রহণ করিতে পারিবেন। ছাত্রদিগের বিদ্যাবত্তা ও সচ্চরিত্রতা সম্পাদন ভিন্ন অধ্যাপক মহাশয়দিগকে অপর কোন নিয়মের অধীন হইতে হইবে না। যে সমস্ত অধ্যাপক বৃত্তি লইতে ইচ্ছা করিবেন, তাঁহারা অথবা তাঁহাদিগের হিতার্থীরা অধ্যাপকের নাম ধাম ছাত্রসংখ্যা ও প্রত্যেক ছাত্রের অধীতব্য বিষয় লিখিয়া আমাকে সংবাদ দিবেন।

চুঁচুড়া বিশ্বনাথ চতুষ্পাঠীর
অধ্যাপক শ্রীহরিনাথ স্মৃতিভূষণ।

শ্রীমদ্ভগবদ্গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত মূল্য ।৹ চারি আনা, ডাঃ মাঃ ⁄০।

ঐ বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ।⁄০ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা মূল্য ⁄০ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা উৎকৃষ্টরূপ বাঁধা মূল্য ৷৹ আট আনা, ডাঃ মাঃ ⁄১০।

কবির (জীবন্মুক্ত মহাত্মা কবির সাহেবের ৫৫৩টী দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা-সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ ⁄১০।

কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০। ১ন মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

সংক্ষিপ্ত পদার্থদর্শনের প্রশ্নোত্তর।

পণ্ডিত প্রবর শ্রীযুক্ত প্রসন্নকুমার চক্রবর্ত্তী প্রণীত। মূল্য ।৵০ পাঁচ আনা মাত্র। যত গুলি সং পদার্থদর্শনের প্রঃ উঃ এ পর্য্যন্ত প্রকাশিত হইয়াছে এখানা তাহাদের অপেক্ষা কোন অংশে নিকৃষ্ট নহে বরং অনেকাংশে উৎকৃষ্ট। যে স্কুলে এক খানিমাত্র এই প্রঃ উঃ প্রবেশ লাভ করিয়াছে সে স্কুলের সমস্ত ছাত্রই ইহা ক্রয় করিতেছে। এককালে এক প্যাকেটে ৫ খানি এই প্রঃ উত্তর লইলে স্কুলের শিক্ষকদিগকে শতকরা ১৫৲ টাকার হিসাবে কমিসন দিয়া থাকি; অধিকন্তু আমি নিজ হইতে ডাক মাশুল দিই। কাগজ, ছাপা ও বাঁধাই সমস্তই উৎকৃষ্ট। ভিঃ পিঃ ডাকে পাঠাইয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র দত্ত।
ভারত পুস্তকালয়, পটলডাঙ্গা, বৌবাজার পোষ্ট
কলিকাতা।

৩৯৯নং

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸০ বার আনা, ডাঃ মাঃ /০ এক আনা। এখানি ১৮৯৪ অব্দের মাইনর পরীক্ষায় ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহাতে বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের মূলস্থ গদ্য হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ৵০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার বাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
সংস্কৃত প্রেসডিপজিটরি।
১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত
পাটীগণিত
মূল্য ১৲ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষকগণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৷৷০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত
মূল্য ।৵০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীজমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।৵০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ৵০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৪৪ নং

ইউক্লিডের জ্যামিতি প্রথম অধ্যায়।
(সংশোধিত এবং পরিবর্দ্ধিত।)

শ্রীযুক্ত বাবু ব্রহ্মমোহন মল্লিক প্রণীত। ২৬শ সংস্করণ প্রকাশিত হইয়াছে। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
৩৯৭ নং ম্যানেজার।

গিরিশ লাইব্রেরী।

এখানে ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল, এ; বি, এ ক্লাসের সর্ব্বপ্রকার পাঠ্যপুস্তক ও অর্থ পুস্তকাদি এবং নাটক, নভেল প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়। ভিঃ পিঃ ডাকেও পুস্তক পাঠাই। ২১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।
শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৮৪নং

সাহিত্য ডিপজিটারী।
২২০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রেন্স, এল এ, বি এ, এম এ, ডাক্তারী, মোক্তারী, বি এল প্রভৃতির সর্ব্ববিধ পাঠ্য ও অর্থ পুস্তক, সুলভ মূল্যে আমাদের দোকানে পাওয়া যায়। সর্ব্বপ্রকার ইংরাজী বাঙ্গালা নাটক, নভেল প্রভৃতি সর্ব্বদা আমাদের নিকট মজুত থাকে। মফস্বলে ভালুপেবেলেও পাঠাইয়া থাকি।

পাইকারী খরিদারদিগকে যথেষ্ট কমিসন দিয়া থাকি। পত্র লিখিলে সবিশেষ জানিতে পারিবেন।

শ্রীযতীশচন্দ্র সমাজপতি।

৩৮৭নং

গণিত প্রকাশ।
শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু কর্ত্তৃক সংকলিত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য /০ আনা
ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "
ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব ।০ "

সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তালিকায় পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট—কলিকাতা।

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৬ বৎসর উহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-যশের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার লেপনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সম-ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনা ব্যয়ে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৲ টাকা, প্যাকিং ।০ আনা

২ শিশি একত্রে লইলে খরচা ।৵০ আনা স্বতন্ত্র হয়।

শ্রীকালীদাস সরকার।

গবর্ণমেণ্ট পেন্সনার—লক্ষ্ণৌ।

৩১৩নং

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বলবীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রি-জাগরণ, অতিরিক্ত পান-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা-হাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত!

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-ফোলা-কাসিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দ্বৈকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকায় সে জ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে, ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্পদিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধে অতি সামান্য রোগও আরাম হয়। বিধাতার বিচিত্রবিধান বুঝাভার!

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন। প্লীহা জ্বর-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগীকে এই এক ৩নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

বটিকার সংখ্যা,	মূল্য,	ডাঃমাঃ,	প্যাকিং
১নং কৌটা	১৮	৷৷৵০	।০	৵০
২নং কৌটা	৩৬	১৵০	।০	৵০
৩নং কৌটা	৫৪	১৷৷৵০	।০	৵০

ভ্যালুপেবলে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।

১২ নং মৃজাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা

৩৭৪নং

পাঁড়ে ব্রাদার্স।

পুস্তক ও দেশী বস্ত্র বিক্রেতা।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্ কলিকাতা।

এখানে ইংরাজি বাঙ্গালা সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য সর্ব্ব প্রকার পুস্তক, তৎসমস্তের নানা প্রকার কি, নোট, অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি সর্ব্ব প্রকার পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে। বিলাতি পুস্তক বিলাত হইতে আনা হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা ১৸০ মূল্য যোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও বাবহারীর জন্য চলিবে ও ২৷৷০, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ নয়নসুখ, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকটও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য ।৵০ বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ ৵০
৩২ খানি উৎকৃষ্ট চিত্রসহ

নীতি কথামালা	।০	মানবতত্ত্ব	১৷৷০
আর্য্যচরিত	।০	ধর্ম্মবিজ্ঞান	১৲
আর্য্যশিক্ষা	৷৷৵০	অদ্ভুত স্বপ্ন না	
বাঙ্গলা ব্যাকরণ	।৵০	স্ত্রী পুরুষের দ্বন্দ্ব	৷৷০
শিশু বিজ্ঞান	৵০	বিজ্ঞানসার	১৲
বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ	৵০	লীলাবতী (অঙ্কপুস্তক)	৷৷০

৩৭৫ নং শ্রীমনোমোহন পাঁড়ে

এই পত্র হুগলি বুধোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

REGISTERED NO 35 1875

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

নূতন সম্পর্ক। ২৫শ খণ্ড। ১২শ সংখ্যা। | ১৭ই আষাঢ় শুক্রবার ১৩০০ সাল। ইং ৩০শে জুন ১৮৯৩ খৃঃঅব্দ। | অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৩৲ টাকা।

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম)	৩	ষাণ্মাসিক	১৷৷০
ত্রৈমাসিক	১	প্রত্যেক সংখ্যার	৵০

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৵০ ৩য় বার /১০ চতুর্থ বা ততোধিক বার /০। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৵০।

কর্ম্মখালির বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে প্রকাশিত হয়।

তিন মাসের অধিক বিজ্ঞাপন প্রকাশ করিলে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

যাঁহারা এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য নগদ টাকায় দিবেন, তাঁহারা তাঁহাদের নিকটবর্ত্তী এজেণ্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণিঅর্ডার কুপনে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

এডুকেশন গেজেটে বিজ্ঞাপন প্রকাশের সুবিধার জন্য ২৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে একটী এজেন্সি খোলা হইয়াছে। তথায় বিজ্ঞাপন ও তৎপ্রকাশের মূল্য জমা লওয়া যায়।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যূন বিলম্ব হইলে অনুগ্রহ পূর্ব্বক তাহার রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকালীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

	শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়, কলিকাতা সংস্কৃতযন্ত্রের পুস্তকালয় ২৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।
	চণ্ডীচরণ মজুমদার—জেঙ্কল সেক্রেটারিয়েট জুডিসিয়াল ডিপার্টমেণ্ট।
২৪ পরগণা	অতিলাল মৈত্র—আলিপুর।
আলিপুর	ভূপালচন্দ্র গঙ্গোপাধ্যায়—উকিল।
বারাকপুর	শ্রীযুক্ত বাবু ভুবনমোহন নিয়োগী।
ভবানীপুর	রাজকৃষ্ণ রায় চৌধুরী।
	যদুনাথ চৌধরী—চুয়াডাঙ্গা।
হাবড়া	হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম	ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী	শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর	ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান	চারুচন্দ্র চট্টোপাধ্যায়।
	রসিকলাল দাস—রায়না।
যশোহর	কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
	অম্বিকাচরণ মুখোপাধ্যায়—সিউড়ী
	নীলমণি ভট্টাচার্য্য—সিউড়ী।
বাঁকুড়া	রামেশ্বর সেন—বিষ্ণুপুর।
	অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর	উমাচরণ দে।
	দীননাথ ধর—গবর্ণমেণ্ট প্লীডার।
জলপাইগুড়ি	নীলমণি পাল।
বাঁকিপুর	নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর।
	ভগবান প্রসাদ।
বারাণসী	সোমনাথ ভাদুড়ী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর	আদিনাথ মিত্র।
	দ্বারকানাথ বাগচি—নিলফামারি।
রাজসাহী	কালীনাথ চৌধুরী—বোয়ালিয়া।
পাবনা	মহেন্দ্রনাথ দত্ত।
	রজনীকান্ত ভট্টাচার্য্য।
	রামচন্দ্র চক্রবর্ত্তী।
	ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, দুলাই।
	উমাচরণ পাঁড়ে, সিরাজগঞ্জ।
ঢাকা	সতীশচন্দ্র ঘোষ।
সাঁওতাল পরগণা	যজ্ঞেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।
পাবুড়	রাধাকৃষ্ণ সারথেল।
খুলনা	হরিহর দাস।
	জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।
দিনাজপুর	রাজকুমার চক্রবর্ত্তী ফুলবাড়ি।
	ভুবনেশ্বর গুপ্ত।
	দুর্গাদাস সুর—রায়গঞ্জ।
	শশিভূষণ রায়।
কোচবিহার	ভুবনমোহন দত্ত।
ফরিদপুর	কালীকিশোর ঘোষ—মাদারিপুর।
মজঃফরপুর	কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল
দ্বারভাঙ্গা	গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক।
	হুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সমস্তীপুর

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিবিধ বিজ্ঞাপন।

রিপণ-ডিপজিটারী।

৫২ নং দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য ও নাটক নভেল অতি সুবিধায় সরবরাহ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পিঃ ডাকে পুস্তক পাঠাই। প্রেরণ ব্যয় ১০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়।

শ্রীশশিভূষণ সাহা
ম্যানেজার।

৩৮০ নং

গবর্ণমেণ্টের অনুমোদিত।

বাঙ্গালা ছাত্রবৃত্তি ও মাইনর স্কুলসমূহের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পাঠ্য।

"বিজ্ঞানসোপান"।

শ্রীযুক্ত উমেশচন্দ্র ঘোষ, এম এ, বি এল প্রণীত।

মূল্য ॥৵০ দশ আনা মাত্র।

ছাত্রবৃত্তি ও মাইনর পরীক্ষার নির্দ্দিষ্ট বিষয়গুলি এরূপ বিশদরূপে ও ধারাবাহিক ভাবে অন্য কোন গ্রন্থে বর্ণিত নাই। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৩৮৫নং

এল, ডি, মিত্র এবং কোং।

বহুপ্রতিষ্ঠ ও কলিকাতা ও অন্যান্য স্থানের দক্ষ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৫৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক রুবিনি ক্যাম্ফার ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৷৷০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৬৲ ও ৭৲, শিশুচিকিৎসা ২৷৷০, বামাচিকিৎসা ২৲ জ্বর চিকিৎসা ৸০ ও ১৸০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৸০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমার কলিকাতার মহামেলার এই শ্রেণীতে ভারতের মধ্যে সর্ব্বোচ্চ এবং এখানকার ও অন্যান্য স্থানের সম্ভ্রান্ত চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি। ১৯

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্ত লালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীতে সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১৷০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

REDUCTION IN PRICE OF CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta, Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free, at 4 oz, Rs3—4: 8 oz, Rs 6—8: 16 oz, Rs 12—12. Cash with order.

No. 331

বুধোদয় যন্ত্র।

হুগলি বুধোদয় যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষর ও তাহার সরঞ্জাম প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানাপ্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় যাবতীয় ফারম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, ষ্ট্যাম্পবিল, জমিদারীর জমাওয়াশীল ফরম, ডাক্তারি লেবিল ও বিল নানাপ্রকার ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পন্ন হইয়া থাকে। বিশেষ বন্দোবস্ত করিলে, সাপ্তাহিক পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংলিস অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও ঐল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া দপ্তরী দ্বারা পুস্তক প্রস্তুত করিয়া রীতিমত বান্ধবন্দী করিয়া রেলে বা জাহাজে যাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি, গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন, ছাপার রেট ও অন্যান্য বিবরণ জানিতে ইচ্ছা করিলে আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পরিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
কার্য্যাধ্যক্ষ।

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১৯ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।

ডাকমাশুল ৵০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস, ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৵০

পদ্য ব্যাকরণ মূল্য ৵১০

প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য ৵১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায়) পাওয়া যায়।

শ্রীতিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

অম্বিকাচরণ ঘোষাল

ফটোগ্রাফার ও পেইণ্টার

ঘুঁটেবাজার হুগলি

অয়েল পেইণ্টিংএ চেহারা তুলিতে এবং ফটোগ্রাফ লইতে মফস্বলের সর্ব্বত্র যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণ পত্র লিখিলে জানিতে পারিবেন। নেটীবক্যারেক্টর ও নানা রূপ দেশীয় ভিউ, মাপ কাঃ ডিঃ মূল্য প্রত্যেকে ।০, ডজন ২৲। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিজ, হুগলী কলেজ এমামবাড়ার আশ্চর্য্য দৃশ্য ও হংসেশ্বরীর মন্দির প্রত্যেক ১৲ টাকা মাত্র—ফটগ্রাফগুলি একবার দেখিলে বাধিত হইব।

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মতামত নহে।

মান্যবর শ্রীযুক্ত এডুকেশন গেজেট সম্পাদক
মহাশয় সমীপেষু—

শ্রীযুক্ত রমেশচন্দ্র দত্তজ মহাশয় "প্রাচীন ভারত" নাম দিয়া এক খানি ইংরাজী ইতিহাস গ্রন্থ লিখিয়া বিলাতে ছাপাইয়াছেন। মান্দ্রাজের পাচিয়াপা কলেজাধ্যক্ষ জন আদম সাহেবের কর্ত্তৃত্বাধীনে যে ভারতেতিহাস পাঁচ খণ্ডে প্রকাশিত হইবার কল্পনা আছে রমেশ বাবুর পুস্তক তাহারই প্রথম খণ্ড। দ্বিতীয় খণ্ডে মান্দ্রাজী সিভিলিয়ান রিজ সাহেব মুসলমান অধিকারের বিবরণ লিখিয়াছেন। ঐ খণ্ড এখন যন্ত্রস্থ। তৃতীয় খণ্ডে বোম্বাই হাইকোর্টের জজ মান্তবর ত্রিম্বক তেলং মহারাষ্ট্রীয়দিগের, চতুর্থ খণ্ডে এই ইতিহাসমালার সম্পাদক আদম সাহেব দ্রাবিড়ীয়দিগের এবং পঞ্চম খণ্ডে একাডেমি সম্পাদক কটন সাহেব ইংরাজাধিকারের বিবরণ লিখিবেন।

প্রথম খণ্ড খানি ১২ পেজি ১৯৬ পৃষ্ঠা। ইহাতে ২০০০ পূঃ খৃঃ হইতে ৮০০ পর খৃঃ অব্দ পর্য্যন্ত প্রাচীন ভারতের বিবরণ লিপিবদ্ধ হইয়াছে।

রমেশ বাবুর মতে ২ হাজার পূঃ খৃঃ হইতে ১৪০০ পূঃ খৃঃ পর্য্যন্ত বৈদিক কাল। ঐ সময়ে আর্য্যেরা পঞ্জাবাধিকার ও তথাকার আদিমদিগের সমূলোৎসাদন করিয়াছিলেন। মার্কিনেরা যেরূপে আদিম ইণ্ডিয়ানদিগকে নষ্ট করিল রমেশ বাবুর মতে আর্য্যেরা অবিকল সেইরূপ ব্যবহার করিয়াছিলেন!!

ইহার পরে ৪০০ বৎসর পর্য্যন্ত আর্য্যদিগের গঙ্গাতীরে রাজ্যস্থাপন অথবা মহাকাব্যের কাল। রমেশ বাবু বলেন যে, ভারত মৎস্য, পাণ্ডব, কুরু, পঞ্চাল, কাশী, বিদেহ, কোশল প্রভৃতি সকলই বিভিন্ন জাতির নাম। তাঁহার মতে ব্রাহ্মণেরা এই সময়ে বেদের ব্রাহ্মণ ভাগ রচনা দ্বারা সমস্ত বৈদিকধর্ম্ম বিকৃত করিবার উদ্যোগ করিলে ক্ষত্রিয় রাজারা (বর্ত্তমান কায়স্থদিগের ক'ল্পত পূর্ব্বপুরুষেরা?) পুরোহিতদিগের বিদ্যার আড়ম্বরে বিরক্ত হইয়া উপনিষদ প্রণয়নের উপায় করিয়াছিলেন!!!

রমেশ বাবু বলেন, ইহার পর দর্শন প্রণয়নের কাল প্রায় ৭০০ বৎসর। তৎপরে বৌদ্ধ প্রাবল্য ৪০০ পর খৃঃ অব্দ পর্য্যন্ত। শেষে ৪০০ হইতে ৮০০ পূঃ খৃঃ অব্দ পর্য্যন্ত পৌরাণিক কাল।

পুস্তকখানির মধ্যে ব্রাহ্মণের জ্ঞানলালসা, বিদ্যাচর্চ্চা, আদর্শ গৃহস্থের ভাব, নিলোভতা প্রভৃতি বিষয়ে একটি কথাও নাই। ব্রাহ্মণের শিক্ষকতা সম্বন্ধেও কোন কথা নাই। অস্পৃশিক্ষাও যে তাঁহারাই দিতেন সে কথাও নাই। বিজন্ত ব্রাহ্মণ আজও সম্মানিত, কিজন্ত অসংখ্য অনার্য্য ব্রাহ্মণকর্ত্তৃক হিন্দুধর্ম্মে দীক্ষিত তাহার কোন উল্লেখ করেন নাই। জাতি ভেদের নিন্দা যথেষ্ট করিয়াছেন, কিন্তু কেন উহা বৌদ্ধপ্রাধান্যের পরেও পুনর্জীবিত হইল, কি সনাতন সত্য উহাতে নিহিত আছে তাহা বুঝিবার চেষ্টা নাই। পুস্তকের নানা স্থানে ইউরোপীয় ঘটনাবলীর সহিত ভারতবর্ষীয় ঘটনার তুলনা। প্রথমে মনে হইল বুঝি পুস্তক খানি ইংরাজ ছাত্রদিগের জন্য লিখিত হইয়াছে। কিন্তু আসলে তাহা নয়। আমাদের ইংরাজী শিক্ষিতেরা যখন দেশীয় কাহাকেও কিছু বলেন তখনও মানস চক্ষে ইংরাজকে রাখিয়াই কথা কহিতে থাকেন; যেন মধ্যে মধ্যে সেই হৃদয়াধিষ্ঠিত মূর্ত্তিকে বলিতে থাকেন দেখ এই ব্রাহ্মণকে গালি দিলাম; এই দেখ ক্ষত্রিয়ের শৌর্য্য বীর্য্যের প্রতিই আমার পূর্ণভক্তি, সুতরাং শান্তিপূর্ণ পুরোহিতকে ভাল মনে করিলে তোমার চক্ষে যে হৃদয়দৌর্ব্বল্য বুঝায় তাহা আমাতে নাই; এই দেখ জাতিভেদ, বাল্যবিবাহ, সতীদাহ, বিধবার ব্রহ্মচর্য্য সমস্তেরই নিন্দা করিয়াছি!

রমেশ বাবুর পুস্তকখানি ইংরাজী গ্রন্থের সংগ্রহ এবং উহাতে ইংরাজী কথার পুনরুক্তি মাত্রই আছে। তিনি নূতন করিয়া গালি দেন নাই; কিন্তু ইংরাজেরা যে সকল কথা বলিলে গায়ে লাগে না, দেশীয় নামধারীর মুখে সেই কথাতেই কষ্ট হয়। মনে হয় বিদ্যা আছে, অধ্যবসায় আছে, সত্য নির্ণয়ের চেষ্টা করিলেন না কেন? অপর জাতীয় অপর ধর্ম্মাবলম্বী পণ্ডিতেরা তাহাদের সাহজিক কুসংস্কারে বদ্ধ। ইহাঁর সে সকল কুসংস্কার কেন হইল?

কোন জাতির ইতিহাস লিখিতে হইলে সেই জাতির প্রতি এবং সেই জাতির মধ্যে সর্ব্বাপেক্ষা উচ্চ উদ্দেশ্য সম্পন্ন লোকদিগের প্রতি সম্পূর্ণ সমানুভূতির আবশ্যক। ধর্ম্মোন্মত্ত মহারথিপূর্ণ ইণ্ডিপেণ্ডেণ্ট সম্প্রদায়ের প্রতি যে ঐতিহাসিকের সমানুভূতি নাই তিনি ইংলণ্ডের অভ্যুদয় ও ইতিহাস বুঝিতেই পারিবেন না। তেমনি যিনি ব্রাহ্মণের প্রতি সমানুভূতি হীন তিনি ভারতবর্ষের ইতিহাস বুঝিতেই পারেন না। কৌশলে স্থায়ী কাজ হয় না। যেখানে স্থায়ী কাজ সেখানেই মাহাত্ম্য আছে, এই মোটা জ্ঞানটি সকলেরই থাকা আবশ্যক। উহা না থাকিলে কেহ ঐতিহাসিক হইতে পারে না। ব্রাহ্মণের অসাধারণ কীর্ত্তির ও গুণের প্রতি যাঁহার সমানুভূতি নাই তাঁহার ভারতসম্বন্ধে প্রকৃত ঐতিহাসিক দৃষ্টি অসম্ভব। ক্ষত্রিয় রাজাদিগের অস্ত্র আজ কোথায়? আজ হিন্দুকে কথঞ্চিৎ আত্মসম্মান কে দিতেছে? "ইহকালকে তুচ্ছ করিয়া" পরকালে দৃষ্টি রাখিয়া চলিতে ব্রাহ্মণশিক্ষিত শূদ্র আজও অনায়াসে পারে। ২।৩ পুরুষ ধরিয়া ইংরাজ-শিক্ষিত হইলে কি পারিবে বোধ হইতেছে? আজও অনার্য্যদল ক্রমশঃ শুদ্ধাচারী হইয়া হিন্দুসমাজের ক্রোড়ে আসিতেছে। হিন্দু সমাজের নিম্ন শ্রেণীর লোকে অধিকতররূপে ব্রাহ্মণাচার গ্রহণ দ্বারা উন্নত হইতেছে। এই কার্য্য আজও কি ক্ষত্রিয়ের অঙ্কে হইতেছে বলা যাইবে, না পূর্ব্বেও যেরূপ মুনি ঋষি সন্ন্যাসী ব্রাহ্মণ দ্বারা কার্য্য হইয়াছিল আজও সেই রূপ সন্ন্যাসী গোস্বামী উদাসীন ও গৃহস্থ ব্রাহ্মণকেই এই কার্য্যে ব্রতী বলিতে হইবে?

রমেশ বাবু রামায়ণ মহাভারতকে বাইবলের ন্যায় প্রশংসা করিয়াছেন। স্থানে স্থানে অনেক ভাল কথাও বলিয়াছেন। কিন্তু সমস্ত পুস্তক খানি পড়িয়া মনে হইল যে, যদি পঞ্জাব, মগধ, বাঙ্গালা, উড়িষ্যা, আসাম, মহারাষ্ট্র, কর্ণাট এইরূপ এক একটি মাত্র প্রদেশ লইয়া অথবা বর্দ্ধমান, মেদিনীপুর, ময়মনসিংহ, পুনা, তাঞ্জোর প্রভৃতি এক একটি মাত্র জেলা লইয়া তাহার সর্ব্ব স্থানে গিয়া তাহাতে জাতিবিভাগ, ভাষার গঠন, প্রাচীন কীর্ত্তির ধ্বংশাবশেষ, প্রাচীন কিম্বদন্তী, প্রসিদ্ধ বংশ প্রভৃতির সর্ব্বপ্রকার অনুসন্ধান করিয়া পূর্ব বৃহদাকারে ঐতিহাসিক তথ্যসংগ্রহের গ্রন্থ প্রণীত হইত তাহা হইলে এই ইতিহাস মালার লেখকেরা ইয়ুরোপীয় পণ্ডিত মণ্ডলীর নিকট সমাদৃত এবং এদেশীয় লোকের নিকটেও ধন্যবাদের

যোগ্য হইতেন। যাঁহারা এদেশে বাস করিতেছেন, তথ্য সংগ্রহের সুবিধা পাইতেছেন, পাণ্ডিত্য, অর্থ এবং অবকাশ অধিকার করিয়াছেন তাঁহারা যদি তথ্যসংগ্রহ সম্বন্ধে শ্রমবিমুখ হইয়া ইউরোপীয় পণ্ডিতদিগের গ্রন্থ হইতে সামান্য সংকলন দ্বারা স্কুলপাঠ্য পুস্তক লিখিতে বসেন তাহা হইলে দুঃখিতাপের অবধি থাকে না। স্কুল পাঠ্যপুস্তকের তেমন অভাব ছিল না, হন্টারের ইতিহাসেই এখন অনেককাল বেশ চলিত। বিবরণ সংগ্রহ ভাল হউক মন্দ হউক অনেকেই করিতে পারে। উহাতেই পরিশ্রম অধিক। বিবরণসংগ্রহ হইয়া গেলে প্রকৃত ঐতিহাসিক দৃষ্টি ও সহানুভূতিসম্পন্ন মহাত্মাদ্বারা প্রকৃত ইতিহাস লিখিত হইতে পারে। ঐরূপ মানসিক উদারতা ও লঘু গুরু জ্ঞান অনেকটা নৈসর্গিক ক্ষমতার উপর নির্ভর করে। সকল মনুষ্যের তাহা থাকে না। সেই জন্য মনে হয় যে, ভারতের ইউরোপীয় ধরণের ইতিহাস লিখিবার জন্য এখন ইংরাজী শিক্ষিতেরা সকলে এক শত বৎসর ধরিয়া তথ্য সংগ্রহ করুন। তাহার পর কোন উদারহৃদয় ভারতপ্রেমী পণ্ডিত ধারাবাহিক রূপে ভারতের ইতিহাস লিখিয়া দিবেন। যদি এ দেশে তেমন লোক না জন্মেন তথাপিও জর্ম্মণিতে ১০০ বৎসর সংস্কৃত ভাষাও উপনিষদের চর্চ্চা থাকিলে কোন জর্ম্মণই সেরূপ ইতিহাস লিখিতে পারিবে। আর্য্য ও অনার্য্য ভাষা ও জাতিগুলির গঠন, ঘটক ও ভাটের পুঁথি, গান ও কিম্বদন্তী, বেদ, স্মৃতি, তন্ত্র, পুরাণ, বৌদ্ধ গ্রন্থ, হিন্দুস্থানের চলিত ভাষার সমস্ত গ্রন্থ ও মুদ্রা, তাম্রশাসন, দলিল প্রভৃতি নানা প্রকারের তথ্য এবং হস্ত্যাতত্ত্ব ইত্যাদি মন্থন করিয়া প্রাচীন ভারতের ওরূপ ইতিহাস লিখিত হওয়া চাই। সেরূপ ইতিহাস লিখিত হইলে পুরাণই তাহার অস্থিকল্প হইবে। কল্প অতি খারাপ, পুরাণগুলিতে ঐতিহাসিক বিবরণ কিছুই নাই, বেদের ব্রাহ্মণ ভাগ ব্রাহ্মণদিগের শয়তানি মাত্র, এইরূপ মেজাজে ইতিহাস লেখা হয় না। সকলের ভিতরেই সত্য আছে এবং দেখিবার উপযুক্ত চক্ষু থাকিলে সকলেই সত্য দেখিতে পাওয়া যায়। আরিয়ান, মিগস্থিনিস, হোয়েন সাং, ফাহিয়ান ও জিনকুয়হা প্রভৃতির গ্রন্থই ভারত ইতিহাসের অস্থিকল্প, উহাদের গ্রন্থে যাহা নাই তাহা ভিলনা মনে করিলে ভারতের প্রকৃত ইতিহাস লিখিত কিরূপে হইতে পারিবে? এবং প্রটেষ্টাণ্ট বীরত্বাভিমানী আধুনিক ইংরাজের মনের মত ধর্ম্ম ও পুরোহিত বিদ্বেষ এবং শাস্ত্রব্যবসায়ীর প্রতি যথার্থ ভক্তি মজ্জাগত হইলে পৃথিবীর আধা সর্ব্বাপেক্ষা ধর্ম্মশীল, শান্তিপ্রবণ ও দীর্ঘজীবী সমাজের প্রকৃত ইতিহাস লেখা কিরূপে যাইবে?

শ্রী:—

এডুকেশন গেজেট।

১৭ই আষাঢ় ১৩০০। ইং ৩০শে জুন ১৮৯৩।

বড় লাটের ব্যবস্থাপক সভা।

সর্কৌন্সিল গবর্ণর জেনারেল বাহাদুর স্বীয় ব্যবস্থাপক সভায় অতিরিক্ত সদস্যের মনোনয়নবিষয়ে ষ্টেটসেক্রেটরীর অনুমোদনক্রমে নিম্নলিখিত নিয়মগুলির প্রচার করিয়াছেন।

আইন কানুন প্রভৃতির সংগঠন বিষয়ে গবর্ণর জেনারেল বাহাদুরকে সাহায্য করিবার জন্য ব্যবস্থাপক সভায় যে কয়জন অতিরিক্ত সদস্য নিযুক্ত হইবেন তন্মধ্যে সরকারী সদস্যের সংখ্যা ছয় জনের অধিক হইবে না।

মান্দ্রাজ ও বোম্বাই গবর্ণমেণ্টের ব্যবস্থাপক সভার বেসরকারী অতিরিক্ত সদস্যগণ, বাঙ্গালা ও উত্তর পশ্চিম প্রদেশীয় গবর্ণমেণ্টের ব্যবস্থাপক সভার বেসরকারী সদস্যসমূহ এবং কলিকাতার বণিক সমিতি—এই পাঁচটি বিভিন্ন সম্প্রদায়ের অনুরোধে যথাক্রমে পাঁচ জন বেসরকারী সদস্য গবর্ণর জেনারেল বাহাদুর মনোনীত করিয়া লইবেন।

প্রজাসমূহের উপযুক্ত প্রতিনিধি হইয়া যাঁহারা কার্য্য করিতে পারিবেন এবং যাঁহাদিগের দ্বারা ব্যবস্থাপক সভার কাজকর্ম্মও ভালরূপ চলিতে পারিবে, তাঁহাদিগের মধ্য হইতে মনোমত লোক বাছিয়া লইয়া বড় লাট বাহাদুর অবশিষ্ট বেসরকারী সদস্যের পদগুলির পূরণ করিবেন।

কোন সদস্যের পদ খালি হইলে যদি তাহাতে স্থানীয় ব্যবস্থাপক সভার বেসরকারী অতিরিক্ত সভ্য অথবা কেবল বেসরকারী সভ্যগণকর্ত্তৃক নির্ব্বাচিত ব্যক্তিকে নিযুক্ত করিতে হয় তবে অধিকাংশ সভ্য একযোগে যাঁহাকে নির্ব্বাচন করিয়া দিবেন তিনিই নিযুক্ত হইতে পারিবেন। কলিকাতার বণিক সমিতি কর্ত্তৃক নির্ব্বাচিত হইবার হইলে, উক্ত সমিতির কাজকর্ম্মস্থলে প্রস্তাবাদি যেরূপ নিয়মে বিধিবদ্ধ হইয়া থাকে, এই নির্ব্বাচন কার্য্যও সেইরূপ নিয়মে সম্পন্ন করিতে হইবে।

স্থানীয় ব্যবস্থাপক সভায় বেসরকারী অতিরিক্ত সভ্য অথবা কেবল বেসরকারী সভ্যগণ যে ব্যক্তিকে সদস্যপদে নিযুক্ত করিবার জন্য অনুরোধ করিবেন, সে ব্যক্তি যে স্থানীয়-ব্যবস্থাপক সভার সদস্য হইবেন সেই স্থানীয়-গবর্ণমেণ্টের এলাকাধীন কোন না কোন স্থানের অধিবাসী তাঁহাকে হইতে হইবে।

গবর্ণর জেনারেল বাহাদুর উক্তরূপ সদস্য নির্ব্বাচনের জন্য স্থানীয় কৌন্সিলের বেসরকারী অতিরিক্ত সভ্য প্রভৃতিকে অনুরোধ করিয়া পাঠাইলে পর দুই মাসের মধ্যে যদি তাঁহারা কার্য্য সম্পন্ন করিয়া উঠিতে না পারেন, তবে গবর্ণর জেনারেল

আপন ইচ্ছামত ঐরূপ উপযুক্ত লোক নিজে মনোনীত করিয়া লইবেন।

উল্লিখিত অতিরিক্ত সভ্যগণ প্রভৃতি কর্ত্তৃক নির্ব্বাচিত ব্যক্তি যদি গবর্ণর জেনারেল বাহাদুরের মনোমত না হয় তবে পুনর্ব্বার উপযুক্ত লোক নির্ব্বাচনের জন্য তিনি ঐ সকল সভ্যগণকে পুনরায় অনুরোধ করিবেন।

ব্যবস্থাপক সভাসংক্রান্ত এই সমস্ত নিয়ম কার্য্যে পরিণত হইলেই উল্লিখিতরূপে পাঁচ জন বেসরকারী সদস্য নিযুক্ত করা হইবে। যদি এককালীন পাঁচ জনের পদখালি না থাকে তবে আপাততঃ যে কয়টি পদ খালি থাকিবে সেই কয়টি পদেই সদস্য নিয়োগ করা হইবে এবং যে সম্প্রদায় কর্ত্তৃক উক্ত সদস্যগণ নির্ব্বাচিত হইবেন বড় লাট বাহাদুরই তাহা নির্দ্ধারিত করিয়া দিবেন। এইরূপে যতদিন না পাঁচটি পদেরই পূরণ হইবে, ততদিন এই ভাবেই নির্ব্বাচনকার্য্য চলিতে থাকিবে।

মৌদ্রিক ব্যবস্থা।

হর্শেল কমিটীর মুদ্রাবিষয়ক রিপোর্টের আলোচনা করিয়া সকৌন্সিল গবর্ণর জেনারেল মুদ্রা আইন সম্বন্ধে সম্প্রতি নিম্নলিখিতরূপ ব্যবস্থা করিয়া দিয়াছেন। সকৌন্সিল গবর্ণর জেনারেলের ব্যবস্থা বিলাতের ষ্টেট সেক্রেটরী ও তাঁহার সহসচিবদিগের অনুমোদিত হইয়াছে।

অতঃপর যতদিন না গবর্ণমেণ্টের অপর কোন আদেশ বাহির হইতেছে তত দিন পর্য্যন্ত কলিকাতা ও বোম্বাইয়ের টাকশালে কাহারও নিকট হইতে রূপা লইয়া রৌপ্যমুদ্রা প্রস্তুত করিয়া দেওয়া হইবে না। রৌপ্যমুদ্রা প্রস্তুত করাইতে হইলে রূপার বদলে এখন হইতে স্বর্ণমুদ্রা অথবা সোণা টাকশালে দিতে হইবে এবং তাহার পরিবর্ত্তে ৭·৫৩৩৪৪ গ্রেণ অর্থাৎ কিঞ্চিদধিক চারি রতি পরিমাণ খাটি সোণায় রূপার এক টাকা—এই হিসাবে রূপার টাকা পাওয়া যাইবে। পঞ্চাশ তোলার কম সোণা টাকশালে দেওয়া যাইতে পারিবে না। প্রদত্ত স্বর্ণমুদ্রা বা সোণা গালান প্রভৃতি দ্বারা টাকশালের উপযোগী করিয়া পরে তাহার উপর প্রতি হাজার ভরিতে সিকি ভরির হিসাবে সেলামী কাটিয়া লওয়া হইবে এবং তদনন্তর উল্লিখিত হার ধরিয়া যত রূপার টাকা প্রাপ্য হয় তত দেওয়া যাইবে। রৌপ্যমুদ্রা প্রস্তুত করাইবার জন্য টাকশালে স্বর্ণমুদ্রা অথবা সোণা দিলে পর টাকশালের কর্ত্তার নিকট হইতে একখানি রসিদ পাওয়া যাইবে। উক্ত সোণার বদলে কত রূপার টাকা পাওয়া যাইবে, রসিদে তাহার উল্লেখ থাকিবে। কণ্ট্রোলার জেনারেল মেয়াদের এক একটা সময় নির্ণয় করিয়া দিবেন। মেয়াদ উত্তীর্ণ হইয়া গেলে উক্ত রসিদ খানি কলিকাতা অথবা বোম্বাইয়ের সরকারী ট্রেজরীতে দেখাইলেই নিরূপিত রৌপ্যমুদ্রা পাওয়া যাইবে।

১৮৬৮ সালের মুদ্রা সম্বন্ধীয় আইনানুসারে ভারতে ইংলণ্ড অথবা অষ্ট্রেলিয়ার সভারিণের মূল্য ১০।০ এবং অর্দ্ধ সভারিণের মূল্য ৫৶০ নির্দ্দিষ্ট হয়। উক্ত আইন রদ করিয়া তৎপরিবর্ত্তে গবর্ণমেণ্ট এক্ষণে এই আইন করিলেন যে অতঃপর গবর্ণমেণ্টের প্রাপ্য পরিশোধ স্থলে ইংলণ্ড অথবা অষ্ট্রেলিয়ার রাজকীয় যে কোন টাকশালে প্রস্তুত বর্ত্তমান ওজনের সভরিণ এবং অর্দ্ধ সভরিণ ব্রিটিস ভারত ও উহার অধীনস্থ প্রদেশসমূহের সমস্ত সরকারী ট্রেজরীতেই গ্রহণ করা যাইবে। সভরিণের দর ১৫ টাকা এবং অর্দ্ধ সভরিণের দর ৭৷৷০ টাকা নির্দ্দিষ্ট হইল।

কলিকাতার পেপার করেন্সীর প্রধান কমিসনর এবং বোম্বাইয়ের পেপার করেন্সীর কমিসনর ৭·৫৩৩৪৪ গ্রেণ সোণায় এক টাকা—এই হিসাবে স্বর্ণমুদ্রা অথবা সোণা লইয়া কণ্ট্রোলার জেনারেলের অভিপ্রায় মত সরকারী নোট বদল করিতে পারিবেন। সরকারী নোটের সহিত বদল করিবার স্থলেও উল্লিখিতরূপ সভারিণ অথবা অর্দ্ধ সভরিণের মূল্য যথাক্রমে ১৫ টাকা ও ৭৷৷০ টাকাই নির্দ্দিষ্ট থাকিবে।

উড়িষ্যায় সংস্কৃত শিক্ষার বিস্তার।

উড়িষ্যার সংস্কৃত শিক্ষায় উৎসাহদানসম্বন্ধে সম্প্রতি বাঙ্গাল গবর্ণমেণ্টের যে মন্তব্য প্রকাশিত হইয়াছে তাহার মর্ম্ম নিম্নে বিবৃত হইল—

সংস্কৃত শিক্ষার উন্নতিকল্পে দেশীয় চতুষ্পাঠীসমূহে অর্থসাহায্যরূপ উৎসাহ দানের সূত্রপাত ১৮৭৮ সালে বাঙ্গালার তদানীন্তন লেপ্টনাণ্ট গবর্ণর স্যর এসলে ঈডেনই প্রথম করিয়া যান। তদবধিই উহা একপ্রকার চলিয়া আসিতেছে। সম্প্রতি বাঙ্গাল গবর্ণমেণ্টের আদেশমতে কলিকাতা সংস্কৃত কলেজের অধ্যক্ষ মহামহো-

পাধ্যায় পণ্ডিত শ্রীযুক্ত মহেশচন্দ্র ন্যায়রত্ন সি আই ই উড়িষ্যা প্রদেশের টোলসমূহ পরিদর্শনার্থ গমন করিয়াছিলেন। উড়িষ্যায় সংস্কৃত শিক্ষার উন্নতিবিধানবিষয়ে দেশীয় প্রধান প্রধান ব্যক্তিবর্গকে প্রবৃত্ত করিতে সমর্থ হইবেন বুঝিয়া গবর্ণমেণ্ট ন্যায়রত্ন মহাশয়কেই উক্ত কার্য্যে ব্রতী করিয়াছিলেন। গবর্ণমেণ্টের উদ্দেশ্য সফল হইয়াছে। ন্যায়রত্ন মহাশয় কৃতকার্য্য হইয়া ফিরিয়াছেন বলিয়া ছোট লাট বাহাদুর শিক্ষাবিভাগের ডিরেক্টরের সহিত একযোগে ন্যায়রত্ন মহাশয়কে সাধুবাদ প্রদান করিয়াছেন এবং সংস্কৃত শিক্ষার উন্নতিকল্পে ন্যায়রত্ন মহাশয়ের চেষ্টায় উড়িষ্যাতে যে সমস্ত সমিতি সংস্থাপিত হইয়াছে সেই সকল সমিতিতে বৃত্তি দানের সঙ্কল্প করিয়াছেন।

পুরীতে যে সমিতিটি প্রতিষ্ঠিত হইয়াছে তাহার নাম হইয়াছে 'জগন্নাথ সংস্কৃত সমিতি'। ইহার সদস্যসংখ্যা ৫৭ জন। মোহন্ত রঘুনন্দন রমণীয় দাস সমিতির তত্ত্বাবধানে সংস্কৃত পরীক্ষা গ্রহণের ব্যয় বার্ষিক আনুমানিক ২০০ টাকা হিসাবে প্রথম তিন বৎসরকাল সরবরাহ করিবেন। কটকে 'উড়িষ্যা সংস্কৃত সমিতি' নামে একটি সমিতি স্থাপিত হইয়াছে। সদস্য সংখ্যা ৬৪ জন। সমিতির উদ্দেশ্যসিদ্ধি বিষয়ে বার্ষিক ৭০০ টাকা চাঁদা উঠিবার সম্ভাবনা হইয়াছে। 'বালেশ্বর সংস্কৃত সমিতির' সদস্যসংখ্যা ৬১। রাজা বৈকুণ্ঠনাথ দে বাহাদুর উহার সভাপতি হইয়া চাঁদাস্বরূপ বার্ষিক ১৫০ টাকা দিতে প্রতিশ্রুত হইয়াছেন।

ন্যায়রত্ন মহাশয় কটক জেলার কণিকা করদ মহলও পরিদর্শন করিয়াছিলেন। তথাকার রাজা নাবালক এবং মহল কোর্ট ওফ ওয়ার্ডের অধীন। উক্ত মহলের উৎপন্ন রাজস্ব হইতে বার্ষিক ১ হাজার টাকা সংস্কৃত শিক্ষার উন্নতির জন্য ব্যয়িত হওয়া উচিত, মহলের ম্যানেজার এরূপ অভিপ্রায় প্রকাশ করিয়াছেন। বাঙ্গাল গবর্ণমেণ্টের রাজস্ব বিভাগ এসম্বন্ধে কর্ত্তব্যাকর্ত্তব্য স্থির করিবেন। ময়ূরভঞ্জের রাজা ন্যায়রত্ন মহাশয়ের প্রস্তাবমত নিজ ব্যয়ে দুইটি টোল করিতে স্বীকৃত হইয়াছেন—একটি ময়ূরভঞ্জে, অপরটি বালেশ্বরে। ময়ূরভঞ্জের টোলটিতে বাৎসরিক ৬ হাজার ৪৪০ এবং বালেশ্বরের টোলটিতে বাৎসরিক ২ হাজার ৫৬০ টাকা ব্যয় হইবে স্থির হইয়াছে।

উড়িষ্যায় সংস্কৃতের বহুল প্রচার বিষয়ে তত্রত্য সম্ভ্রান্ত ধনিগণ সকলেই উদ্যোগী হন, ছোট লাট বাহাদুর এরূপ অভিপ্রায় প্রকাশ করিয়াছেন।

ইউরোপীয় সমাচার।

আমাদের যুবরাজ প্রিন্স অফ ওয়েল্‌সের জ্যেষ্ঠ পুত্র প্রিন্স আলবার্ট ভিক্টরের সহিত রাজকুমারী "মে"র বিবাহ স্থির হইবার পর গত বৎসরে প্রিন্স ভিক্টরের শোচনীয় মৃত্যু ঘটনার বিবরণ পাঠকবর্গের স্মরণ আছে। আগামী ৬ই জুলাই যুবরাজের দ্বিতীয় পুত্র ডিউক অফ ইয়র্কের সহিত সেই রাজকুমারী "মে"র বিবাহ কার্য্য সম্পন্ন হইবে স্থির হইয়াছে। এই বিবাহোৎসব উপলক্ষে লণ্ডন এবং অন্যান্য সহরাদি হইতে যৌতুক দিবার জন্য চাঁদা উঠিতেছে। রাজকুমারীর বয়স কয়েক দিন হইল ২৬ বৎসর পার হইয়াছে। বিবাহের পর দম্পতীর বাসের জন্য সান্ড্রিংহাম নামক স্থানে ইয়র্ককুটীর নাম দিয়া একটি বাড়ী সাজান হইয়াছে।

আগষ্ট মাসের প্রথমেই জর্ম্মণ সম্রাট্ একবার ইংলণ্ডে যাইবেন। ইউরোপীয় রাজা-রাজড়াদিগের বিদেশ পরিভ্রমণ আজ কাল এত বাড়িয়াছে যে তদুপলক্ষে এখন আর সন্ধি বিগ্রহের কোন জনরব উঠে না।

সাতাশি বৎসর গত হইল জিনার যুদ্ধে ফ্রান্স সম্রাট্ প্রথম নেপোলিয়ন প্রুসিয়া ও জর্ম্মণিকে পদানত করিয়াছিলেন। ঐ যুদ্ধ শুক্রবারে হয়। প্রিন্স বিষমার্ক সেইজন্য সাম্রাজ্য সম্বন্ধীয় কোন গুরুতর কার্য্য শুক্রবারে করিতেন না। স্বজাতির অপমান স্মরণ পথে প্রতিনিয়ত রাখিবার জন্যই যেন চিরকাল একটি বার-ব্রত পালন করিয়া আসিয়াছিলেন। মহাত্মার ব্রতপালনও সফল হইয়াছে। জিনার যুদ্ধের পর জর্ম্মণি ও প্রুসিয়ার দশা ইউরোপের মধ্যে সর্ব্বাপেক্ষা হীন হইয়া পড়ে, কিন্তু আজ সমস্ত পৃথিবীর রাজনীতিজ্ঞেরা জর্ম্মণির দিকে সদা সভয় দৃষ্টি রাখিয়া তবে কোন কাজ করিতে পারেন।

ফরাসি সাধারণতন্ত্রের সভাপতি সাহেব সম্প্রতি প্রকাশ্য ভাবে বলিয়াছেন যে, ফ্রান্সের সহিত রুসিয়ার সদ্ভাব সংস্থাপন কোন বিশেষ কার্য্যে পরিণত হইবার সম্ভাবনা নাই। আজ

কাল বলকান রাজ্যগুলি সম্বন্ধে অষ্ট্রিয়া যেরূপ উদাসীনভাব দেখাইতেছে তাহাতে রুসিয়ার সন্তোষ বোধ হওয়ায় ইউরোপে যুদ্ধ বাধিবার সম্ভাবনা নাই। রুসিয়া পুনর্ব্বার এসিয়া খণ্ডে উহার রাজ্যবিস্তার কার্য্যেই ব্যাপৃত হইবে। সৈন্য-সজ্জা পূর্ণ হওয়ায় ফ্রান্সেরও জর্ম্মণভীতি আর নাই। ফ্রান্স এক্ষণে টুনিস প্রভৃতির দিকে বিশেষ মনোযোগ দিতে পারিবে। ফরাসিরা ইতিমধ্যে ডেহমি অধিকার করিয়া লইয়াছে এবং শ্যাম রাজ্যের সহিত সীমানার তর্ক তুলিয়া কতক জমি দখল করিয়াছে। ফরাসি ইঞ্জিনিয়ারেরা বলিয়াছিলেন যে, মিকং নদীর পূর্ব্বতীর দিয়া বরাবর উত্তরমুখে অতি সহজে ইউনান ও দক্ষিণ চীন পর্য্যন্ত রেলপথ প্রস্তুত হইতে পারে। এই কথার পর হইতেই দক্ষিণ চীনের সহিত বাণিজ্যলোলুপ হইয়া ফরাসিরা বলিতে আরম্ভ করিয়াছে যে, শ্যামরাজ্য এখনকার মত পূর্ব্বে বিস্তৃত ছিল না। মিকং নদীর পূর্ব্বদিকের অধিকার সম্বন্ধে শ্যামের দাওয়া আধুনিক ও অকিঞ্চিৎকর। দুইশত বর্ষ পূর্ব্বে আনাম সাম্রাজ্য মিকং নদীর পূর্ব্বতীর পর্য্যন্ত বিস্তৃত ছিল এবং ফরাসিরা এক্ষণে আনামের সেই প্রাচীন স্বত্বে স্বত্ববান।

ফরাসিদিগের এই দাওয়ার ঐতিহাসিক সত্যতা সম্বন্ধে সন্দেহ থাকিতে পারে কিন্তু এরূপ স্বত্বের দাওয়া একান্ত উপহাসাস্পদ নহে। মিকং নদীর পশ্চিমদিকস্থিত প্রাচীন সাম্য রাজ্য যে হিন্দুস্থান হইতে ঔপনিবেশিকদিগের দ্বারা বহু প্রাচীন কালে স্থাপিত হইয়াছিল তাহার প্রচুর প্রমাণ আছে। কান্দাহার বা গান্ধার, হিরাট বা হিংলাজ, বাল্‌খ বা বাহ্‌লীক, জাভা বা জবদ্বীপ, এ সকলই প্রাচীন হিন্দুদিগের অধিকৃত স্থান। বাল্‌খ রুসিয়ার আজ্ঞাবহ, বোখরার শাসনে এবং জব প্রভৃতি দ্বীপগুলি ওলন্দাজের অধীনে যে ভারতসাম্রাজ্য হইতে বিচ্ছিন্ন রহিয়াছে তাহা যদিও সহস্রাধিক বর্ষ অতীত হইয়াছে তথাপি আমাদের বেশ মনঃপূত হইতেছে কি? ঐগুলি ভারত সাম্রাজ্যান্তর্গত অথবা ভারত সাম্রাজ্যেরই আশ্রিত বা অনুগত রাজ্য রূপে আমাদের সহিত ঘনিষ্ঠ সম্বন্ধে থাকিলেই কি উপযুক্ত হইত না? ভারতগবর্ণমেণ্ট আজ প্রাচীন হিন্দুর সমস্ত সাম্রাজ্যের উত্তরাধিকারী। প্রাচীন হিন্দুর অধিকারভুক্ত শ্যাম এবং আফগানিস্থান যেমন আজ ভারতগবর্ণমেণ্টের অনুগত ও আশ্রিত ভাবাপন্ন হইয়া চলিতেছে তাহাই ভাল মনে হয়। ঐ দুই দেশ অপর কোন ইউরোপীয় জাতি কর্ত্তৃক অধিকৃত দেখিতে আমরা কেহই ইচ্ছা করি না। ফলতঃ প্রাচীন ইতিহাস হইতেই জাতীয় আকাঙ্ক্ষা এবং সাম্রাজ্য সম্বন্ধীয় দাওয়া চিরজাগরূক থাকে।

বহু শতাব্দী পূর্ব্বে বুলগেরিয়া যখন স্বাধীন ছিল তখন টারনোভাতে ইহার প্রাচীন রাজধানী ছিল। সম্প্রতি বুলগেরিয়ার অধিপতি প্রিন্স ফর্ডিনাণ্ড প্রাচীন টারনোভার ভগ্ন স্তূপের উপর মহা সমারোহের সহিত নূতন রাজ প্রাসাদের ভিত্তি স্থাপন করিয়াছেন।

আমেরিকার চিকাগো প্রদর্শনীই এক্ষণকার প্রধান বৈদেশিক ঘটনা। এই প্রদর্শনীতে মার্কিনদিগের ঐশ্বর্য্য, বাণিজ্যবুদ্ধি, উদ্যোগ ও ক্ষিপ্রকারিতা দেদীপ্যমান। কলম্বস যেরূপ জাহাজে আমেরিকায় আসিয়াছিলেন ঠিক সেইরূপ তিন খানি জাহাজ প্রস্তুত হইয়াছে। কলম্বসের বংশীয় একজন সম্ভ্রান্ত স্পেনীয় ভূম্যধিকারীকে নিমন্ত্রণ করিয়া লইয়া যাওয়া হইতেছে। সর্ব্ব প্রথম যে কলের গাড়ি খানি প্রস্তুত হইয়াছিল, ইংলণ্ড হইতে "রমেট" নামক সেই এঞ্জিন খানি লইয়া যাওয়া হইয়াছে। এই রূপ বহুল প্রকারের ঐতিহাসিক ঘটনা সংসৃষ্ট দ্রব্যাদি সংগৃহীত হইয়াছে। সর্ব্বজাতীয় লোকের আচার ব্যবহার পরিচ্ছদ প্রদর্শন জন্য সকল দেশের জন কতক করিয়া লোককে মাহিয়ানা দিয়া লইয়া যাওয়া হইয়াছে। এ পর্য্যন্ত প্রদর্শনীর মোট খরচ ৩॥০ কোটি টাকা হইয়াছে। পৃথিবীর মধ্যে বড় মুক্তা, হীরক, কয়লার চাপ ইত্যাদি দ্রব্যজাত ও সর্ব্ব দেশের খনিজ ও উদ্ভিদ্ শিল্প দ্রব্যাদি সংগ্রহের জন্য সকল দেশীয় গবর্ণমেণ্টের সাহায্য লওয়া হইয়াছে।

সকল দেশের গবর্ণমেণ্টের প্রেরিত যুদ্ধজাহাজ একত্রিত করা হইয়াছে। ফলতঃ, পৃথিবীর সর্ব্ব স্থান হইতে সর্ব্ব প্রকারের দ্রব্য একত্রিত করিবার জন্য এরূপ চেষ্টা আর কোন প্রদর্শনীতে হয় নাই। ফরাসি শাসন তদ্বোৎসব প্রদর্শনীতে রুসিয়া ও জর্ম্মনি একেবারেই যোগ দেয় নাই। মার্কিনের প্রদর্শনীতে সকলেই যোগ দিয়াছে।

প্রাপ্তিস্বীকার ও সমালোচনা।

আমরা কৃতজ্ঞতা সহকারে নিম্নলিখিত পুস্তকগুলির প্রাপ্তিস্বীকার করিতেছি——

Charak Sanhita, translated into English, Published by Kabiraj Avinas Chandra Kabiratna—Part 5.

The Light of the East (A Hindu Magazine devoted to Aryan Philosophy, religion and occultism) Edited by S. C. Mukhopadhya M. A. Vol. I—Nos. 9, and 10 May 1893.—উপর্য্যুপরি দুই খণ্ড মাত্র পাঠ করিয়াই আমরা পত্রিকাখানির সারবত্তা বুঝিতে পারিয়াছি। ইহার লিখিত বিষয়গুলির প্রায় সমগ্রই হিন্দুদর্শনাদি শাস্ত্রবিষয়ক। লেখার পারিপাট্য এবং ভাবব্যক্তিকৌশল প্রশংসনীয়। দেশীয় কর্ত্তৃক ইংরাজী ভাষায় পরিচালিত এই উৎকৃষ্ট মাসিক পত্রিকাখানির আমরা উত্তরোত্তর উন্নতি ও দীর্ঘজীবন কামনা করি।

The Mahabharat, translated into English Prose by Pratap Chandra Roy C. I. E. Part LXXX 1893.

Bhaskaracharyya—by Priyanath Basu, late Asst. Prof. Dacca Jagannath College.

জন্মভূমি—জ্যৈষ্ঠ ১৩০০।

ফুলসম ও আস্‌মানী তারা—শ্রীপ্রিয়নাথ মুখোপাধ্যায় প্রণীত। প্রসিদ্ধ ডিটেক্‌টিভ প্রিয়নাথ বাবু এযাবৎ যে সকল বিস্ময়কর রহস্যপূর্ণ খুনজখম প্রভৃতি ব্যাপারের উদ্ভেদ করিয়াছেন, সেইগুলিই মাসে মাসে একটি করিয়া 'দারোগার দপ্তর' নামে অভিহিত পুস্তকাকারে প্রকাশিত হইতেছে।

আমরা এযাবৎ মাত্র উল্লিখিত দুই খানি পুস্তক পাইয়াছি। ঐ দুই খানি পুস্তকে যে ঘটনা বিবৃত হইয়াছে তাহা প্রকৃতই বিস্ময়কর এবং নিতান্ত কৌতূহলোদ্দীপক। আমরা পুস্তক দুই খানি পড়িয়া প্রীতিলাভ করিয়াছি।

চিকিৎসা সম্মিলনী (চিকিৎসাবিষয়ক মাসিক পত্রিকা) শ্রীঅবিনাশচন্দ্র কবিরত্ন কর্ত্তৃক সম্পাদিত। ৯ম বৎসর, ৯ম খণ্ড ২য় সংখ্যা।

কল্প—১লা আষাঢ় ১৩০০।

বেদব্যাস—১৮১৫ শক জ্যৈষ্ঠ, ৮ম বর্ষ।

সুকল্প—বৈশাখ ১৩০০।

ধর্ম্মবন্ধু—বৈশাখ ১৩০০, ১১শ ভাগ।

সংস্কৃত চন্দ্রিকা—১ম খণ্ড ২য় সংখ্যা।

দাসী—জ্যৈষ্ঠ ১৩০০।

Administration Report on the Jails of Bengal for the year 1892—ইহার সারাংশ আমরা পত্রিকায় প্রকাশ করিয়াছি।

হিন্দু হিতৈষী ও সাহিত্য কল্পদ্রুম—মাসিকপত্র ১ম বর্ষ, ১ম ও ২য় সংখ্যা ১৩০০ সাল, ২নং হরিমোহন বসুর লেন, "হিন্দুহিতৈষী" কার্য্যালয় হইতে শ্রীউপেন্দ্রনাথ মুখোপাধ্যায় কর্ত্তৃক প্রকাশিত। পত্রিকার উদ্দেশ্য ও উহার লিখিত প্রবন্ধগুলি পাঠ করিয়া উহা হিন্দুর প্রকৃতই অতি আদরের সামগ্রী হইবে বলিয়া আমাদের বোধ হইয়াছে।

চুঁচুড়া বার্ত্তাবহ—সাপ্তাহিক সংবাদ পত্র। প্রতি সপ্তাহে চুঁচুড়া হইতে প্রকাশিত হইবে। আমরা ইহার ১ম সংখ্যা পাইয়াছি। স্থানীয় অভাব মোচনের চেষ্টাই এই পত্রিকা সম্পাদনের উদ্দেশ্য। উপযুক্ত ব্যক্তিগণের হস্তে পত্রিকা খানির তত্ত্বাবধানের ভার পড়িয়াছে; সুতরাং উক্ত উদ্দেশ্য অনেকাংশে সফল হইতে পারিবে বলিয়াই আমাদের বিশ্বাস।

হিতবাদী—হিতবাদীর রকম বদলাইয়াছে। তত্ত্বাবধারকগণ সকল বিষয়েই পত্রিকা খানির উন্নতি সাধন করিতে সঙ্কল্প করিয়াছেন শুনিয়া আমরা সুখী হইলাম। এবারকার হিতবাদীর সেট্‌টব দেখিয়া আমরা প্রীত হইয়াছি।

সাপ্তাহিক সংবাদ।

[কলিকাতা] কলিকাতার অনেক হিন্দু এক একটি ৺ কালীমূর্ত্তি প্রতিষ্ঠিত রাখিয়া ঐ মূর্ত্তির নিকট ছাগ বলি দিয়া উহার মাংস বিক্রয় করিয়া থাকে। কলিকাতার মিউনিসিপ্যাল সভায় এই প্রস্তাব উঠিয়াছে যে, অতঃপর কেবল দুইটি নির্দ্দিষ্ট স্থানে ছাগ বলি দিতে হইবে এবং উক্তিখিত কালীস্থান গুলি উঠাইয়া দিয়া তৎপরিবর্ত্তে দোকান করিয়া তথায় উহার মাংস বিক্রয় করিতে হইবে। মিউনিসিপ্যালিটীর কমিসনর বাবু প্রিয়নাথ মল্লিক এই প্রস্তাবে আপত্তি করিয়াছিলেন। বিষয়টি এখনও বিবেচ্য আছে।

কলিকাতার অনাথাশ্রম এক্ষণে নারিকেল ডাঙ্গা হইতে রাধাবাজার ২৩।১ গিরিশ বিদ্যারত্নের লেনে স্থানান্তরিত হইয়াছে।

আগামী কল্য হইতে বাঙ্গবিজ্ঞান পড়াইবার জন্য রিপণ কলেজে এম এ ক্লাস খোলা হইবে। বাবু রামেন্দ্রসুন্দর ত্রিবেদী উহার অধ্যাপক নিযুক্ত হইবেন।

মেট্‌পলিটান ইনষ্টিটিউসনের ভার রিপণ কলেজের স্বত্বাধিকারী বাবু সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের হস্তগত হইয়াছে বলিয়া শুনা যাইতেছে।

কলিকাতার বাবু মণিলাল মল্লিক গবর্ণমেণ্টের হাতে ২৫ হাজার টাকার কোম্পানীর কাগজ দান করিয়াছেন। এই টাকার সুদ হইতে কলিকাতা ও তন্নিকটবর্ত্তী স্থানের নিরুপায় অনাথ হিন্দু বালকগণের ভরণপোষণ ও শিক্ষা দান হইবে। এই অনাথাশ্রমটি মণিলাল বাবু তাঁহার মাতার নামে প্রতিষ্ঠিত করিতেছেন। আশ্রমটির নাম হইবে "শ্রীমতী ব্রহ্মময়ী হিন্দু অনাথ ভাণ্ডার।"

লণ্ডন বিশ্ববিদ্যালয়ের মধ্য আর্টস ও বিজ্ঞ পরীক্ষা কলিকাতাতেও গৃহীত হইতে পারিবে—এ নিয়ম পূর্ব্বেই বিধিবদ্ধ হইয়া গিয়াছে। সম্প্রতি পরীক্ষার পাঠ্য প্রভৃতি বিশেষ বিবরণ গত ২৮শে জুন বুধবারের কলিকাতা গেজেটে প্রকাশিত হইয়াছে।

বাবু সুরেশচন্দ্র ভট্টাচার্য্য কলিকাতা মেডিকেল কলেজ হইতে এম ডি পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন। মৌলবী সাহাবুদ্দীন খাঁ ও বাবু হরিপদ বন্দ্যোপাধ্যায় ঠাকুর আইন পরীক্ষায় উত্তীর্ণ হইয়া যথাক্রমে সোণা ও রূপার মেডেল পাইয়াছেন।

১৮৯৫ সালের বি এল পরীক্ষা ও আইনের অনার পরীক্ষার পাঠ্য নির্দ্দিষ্ট হইয়াছে। বিগত ২৮ শে জুনের কলিকাতা গেজেটে উহা প্রকাশিত হইয়াছে।

[প্রেসিডেন্সী] মুর্শিদাবাদের নবাববাটীর প্রাচীনা বেগমের মৃত্যু হইয়াছে। নিজের অনেক সম্পত্তি সত্ত্বায় ইনি গবর্ণমেণ্ট হইতে লক্ষ টাকা পেন্সন পাইতেন। ইনি ৩ শত লোককে মাসহারা এবং ৪ শত দীন দুঃখী প্রভৃতিকে দুই বেলা আহার দিতেন। ইহাঁর মৃত্যুতে অনেককে নিরুপায় হইতে হইয়াছে।

[ঢাকা] রাজা সূর্য্যকান্ত আচার্য্য ফিলিপ্স সাহেবের নামে ময়মনসিংহের প্রথম সব জজ আদালতে নালিশ করিয়াছেন। ফিলিপ্স সাহেব রাজার প্রতি যেরূপ আচরণ করিয়াছিলেন তাহাতে তাঁহার অনেকটা সম্মান নষ্ট, অনেক হয়রৎ ও অনেক অর্থ ব্যয় হইয়াছে—এইরূপ আর্জ্জি করিয়া

ফিলিপ্পা সাহেবের নিকট খেসারৎ স্বরূপ ৬০ হাজার টাকার দাবী করা হইয়াছে।

[কাশ্মীর] জাম্মুর নাগরিক পুলিসের প্রত্যেক কর্ম্মচারীর এক মাসের করিয়া বেতন বন্ধ করা হইয়াছে। জনৈক অপরাধী পুলিসের হাত হইতে পলাইয়া গিয়াছে বলিয়া এইরূপ ব্যবস্থা করা হইয়াছে। অপরাধীকে পুনরায় ধরিয়া দিতে পারিলে তবে উক্ত বেতন দেওয়া হইবে।

[দাক্ষিণাত্য] ডাক্তার আর জি ভাণ্ডারকর ত্রিশবৎসরকাল ডেকান কলেজের সাস্কৃতাধ্যাপক থাকিয়া এক্ষণে অবসর গ্রহণ করিতেছেন। ভাণ্ডারকর একজন ভাল সংস্কৃতজ্ঞ পণ্ডিত বলিয়া সমগ্র ভারতে পরিচিত।

[উঃ পঃ] অযোধ্যায় ৮ জন তালুকদার মিলিয়া একটি লৌহের কারখানা খুলিয়াছেন।

আলাহাবাদ হাইকোর্টের উকীল বাবু পার্ব্বতীচরণ চট্টোপাধ্যায় জেলার উকিলদিগের নিকট এই মর্ম্মে পত্র লেখেন যে তাঁহারা যদি তাঁহাকে মোকদ্দমা যোগাড় করিয়া দিতে পারেন তবে প্রাপ্ত অর্থের অংশ তিনি তাঁহাদিগকে দিতে প্রস্তুত আছেন। এই ব্যাপারে পার্ব্বতী বাবু আদালতে অভিযুক্ত হন। আলাহাবাদ হাইকোর্টের ফুল বেঞ্চে পার্ব্বতী বাবুর মোকদ্দমার বিচার হইয়া গিয়াছে। বিচারে পার্ব্বতী বাবুর অপরাধ সাব্যস্ত হওয়ায় তিনি আর ওকালতী করিতে পাইবেন না, জজেরা এরূপ আদেশ করিয়াছেন। পার্ব্বতী বাবুর সার্টিফিকেট কাড়িয়া লওয়া হইয়াছে।

কাশীর মিউনিসিপালিটী এই আদেশ করিয়াছেন যে কাশীতে যে সকল বাড়ীর বার্ষিক ভাড়া ১২৲ টাকার বেশী হইতে পারে না সেই সকল বাড়ী মিউনিসিপাল ট্যাক্স হইতে রেহাই পাইবে।

[ব্রহ্মদেশ] আগামী বকরিদ উপলক্ষে রেঙ্গুনে হিন্দু ও মুসলমানে দাঙ্গার সূত্র লইয়া পুলিসের সহিত মুসলমানদিগের এক প্রকার যুদ্ধ হইয়াছিল বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। পুলিসের ওয়ালেস সাহেবকেও নাকি আহত হইতে হইয়াছে। শুনা যায় দাঙ্গার সময় চীফ কমিসনর প্রভৃতিও উপস্থিত ছিলেন। দাঙ্গাকারীদের কয়েক জনকে গ্রেপ্তার করা হইয়াছে। মুসলমানেরা নাকি হিন্দু মন্দিরের নিকটে গোহত্যা করিতে চাহিয়াছিল। ডেপুটী কমিসনর অনুমতি দেন নাই।

[পঞ্জাব] পঞ্জাবের এক জন সিপাহীকে দেনার জন্য জেলে দেওয়া হইয়াছিল। গবর্ণমেণ্টের আদেশে চীফ কোর্ট ঘোষণা করিতেছেন, কোন সৈনিককেই কোন দেওয়ানী আদালত জেলে দিতে পারিবেন না। (দৈনিক)

বিগত ২০ শে জুন মঙ্গলবার প্রাতে অম্বালায় একাদিক্রমে ৩ ঘণ্টাকাল বৃষ্টি হওয়ায় নদী ফাঁপিয়া উঠিয়া চতুর্দ্দিকে ৭ মাইল পরিমিত ভূমি জলে ডুবিয়া গিয়াছিল।

[মাদ্রাজ] মৃত রাজা সার টি মাধব রাওয়ের প্রতিমূর্ত্তি সে দিন মহাসমারোহে উন্মোচিত হইয়াছে। মূর্ত্তিটি ত্রিবেন্দ্রামের সদর রাস্তার ধারে রাখা হইয়াছে।

মাদ্রাজের সিভিলিয়ানগণ বিলাতের কমন্স সভায় একখানি আবেদন পাঠাইবার উদ্যোগ করিতেছেন। আবেদনকারিগণের কথা এই "ইর্শেলকমিটীর রিপোর্ট প্রকাশিত হইবামাত্রই যে কোনরূপ কিছু হইবে তাহা হইবে না। পাকাপাকি একটা ব্যবস্থা হইতে অন্ততঃ কয়েক মাসও কাটিয়া যাইবে। আমাদিগের তাহা হইলে কষ্টের আর অবধি থাকিবে না। এখনই আমাদিগের যে কষ্ট হইতেছে তাহার অনুসন্ধান লইয়া প্রতীকারের উপায় উদ্ভাবনের জন্য একটি সিলেক্ট কমিটী সংগঠিত হউক।"

[কাবুল] হাজারা বিদ্রোহীদিগের মাথা কাটিয়া লইয়া আমীরের নিকট পাঠাইবার আদেশ ছিল। আমীর নাকি এখন আদেশ করিয়াছেন যে, মাথার পরিবর্ত্তে নাক কাণ কাটিয়া পাঠাইয়া দিলেই চলিবে।

আমীর নাকি আফগানিস্থানে চিনির সরকারী এক চেটিয়া রহিত করিয়া দিয়াছেন এবং উট বোঝাই হইয়া কাবুলে যে চিনির আমদানী হইবে তাহার শুল্ক ১৮ টাকার স্থলে ২৫ টাকার হিসাবে ধার্য্য করিয়া দিয়াছেন।

[বোম্বাই] বিগত ২১ শে জুন বোম্বাই হইতে নিম্নলিখিত মর্ম্মে তারে সংবাদ আসিয়াছে —"এখানে বৃষ্টি হইতেছে, নাবাল জমি সমস্ত জলে ডুবিয়া গিয়াছে। গাছপালা অনেক পড়িয়াছে এবং ক্ষতিও বিস্তর হইয়াছে।"

পুনায় বন্যা আসিয়াছে। মাথামুল্লা নদীর জল প্রায় ১০ ফুট উচ্চ হইয়া চতুঃপার্শ্বস্থ গ্রামগুলি অনেকদূর পর্য্যন্ত জলাকীর্ণ করিয়াছে। গাছ পালা বাড়ী ঘর অনেক পড়িয়াছে। দুইটি মানুষ ও কয়েকটা গরুর মৃতদেহ ভাসিয়া যাইতেছে, দেখিতে পাওয়া গিয়াছে। বন্যার জল এক্ষণে কমিতেছে। উল্লিখিত নদীর জল ৪ ফুট নামিয়া পড়িয়াছে বলিয়া ২০ শে জুনের পর সংবাদ পাওয়া গিয়াছে। বোম্বাই আসিতে সমুদ্রে ঝড় হইয়া কয়েক খানি ছোট জাহাজের অনিষ্ট হইয়াছে। ২০ শে জুন তারিখে এই সংবাদ আসিয়াছে; তখনও তথায় বৃষ্টি হইতেছে। গাছপালা পড়িয়া গিয়াছে; টেলি ফোনের তার ছিঁড়িয়া গিয়াছে, এবং অনেক দেয়াল পড়িয়া গিয়াছে। ময়দান জলে বুড়িয়া গিয়াছে।

চিঠির খামে টিকিট লাগাইয়া সেই টিকিটে কালীর দাগ দেওয়া যাইতে পারে কি না এই বিষয় লইয়া বোম্বাই কৌন্সিলে বিতর্ক উঠিয়াছিল। সদস্যদিগের মধ্যে কেহ কেহ বলিয়াছিলেন, টিকিট আড়া আড়ি একটা কালীর দাগ দিলে তাহাতে কোন দোষ হয় না; বরং না দিলে টিকিট খানা কেহ খুলিয়া লইতে পারে। আবার কেহ কেহ ডাক বিভাগের সহিত এক মত হইয়া বলিয়াছিলেন, টিকিটের গায়ে কোনরূপ দাগ দেওয়া উচিত নয়। বিতর্কে প্রথমোক্ত দলেরই জয়লাভ হইয়াছে।

[সিমলা] বড় লাট বাহাদুরের ব্যবস্থাপক সভায় সভ্যসংখ্যা বৃদ্ধি বিষয়ে বন্দোবস্ত ঠিক হইয়া গিয়াছে। বেসরকারী সদস্য ১০ জন নিযুক্ত হইবেন, তন্মধ্যে স্থানীয় ব্যবস্থাপক সভা এবং বণিক সমিতির অনুরোধমত ৫ জন এবং বড় লাট বাহাদুরের ইচ্ছামত ৫ জনকে মনোনীত করিয়া লওয়া হইবে।

[সাধারণ] সেকেন্দ্রাবাদ, আগ্রা এবং লক্ষ্ণৌ ক্যাণ্টনমেণ্টে জলের কলের জন্য যথাক্রমে ১ লক্ষ ২ লক্ষ এবং আড়াই লক্ষ টাকা মঞ্জুর হইয়াছে। এতদ্ভিন্ন রাউলপিণ্ডী, মরি, বারাকপুর এবং দিল্লী এই কয়েকটি স্থানেও উক্ত কার্য্য চালাইবার জন্য কিছু কিছু টাকা মঞ্জুর করা হইয়াছে। বৎসর কালের মধ্যে এই সমস্ত কার্য্য শেষ হইবে।

বড়লাট বাহাদুর শীঘ্রই কলিকাতায় আসিবেন এবং ময়মনসিংহে জলের কল খুলিয়া দিবেন বলিয়া যে একটা গুজব উঠিয়াছে, পাইওনিয়র বলিতেছেন উহা মিথ্যা।

বড়লাট বাহাদুরের মৌদ্রিক নিয়ম প্রচারিত হইবার পূর্ব্বেই যে সমস্ত রূপা টাকশালে দিবার জন্য জাহাজ বোঝাই হইয়াছে, প্রধান মন্ত্রী গ্লাডষ্টোন সাহেব বলিয়াছেন, ভারতগবর্ণমেণ্ট উপযুক্ত বোধ করিলে ঐ সমস্ত রূপা টাকশালে গ্রহণ করিতে পারিবেন।

ভারতের উপকূল ভাগ রক্ষার্থ বড় বন্দুকে ব্যবহারের জন্য কিরকির বারুদখানায় এক প্রকার বিশেষ বারুদ প্রস্তুত হইয়াছে।

বড়লাট বাহাদুরের ব্যবস্থাপক সভার অধিবেশন যতদিন না কলিকাতায় হইতেছে, ততদিন নিম্নলিখিত কয়েকটী বিষয় উক্ত সভায় আলোচিত হইবে না—ভূমি গ্রহণের আইন, খনিদিগের জাহাজী আইন, প্রেসিডেন্সী স্মলকজ কোর্ট আইন ও দেওয়ানি কার্য্যবিধি আইন।

পাইওনিয়র বলিতেছেন, "বিলাত ও ভারত উভয় স্থানেই এক কালীন সিভিল সর্ভিস পরীক্ষার ব্যবস্থা কার্য্যে পরিণত হইলে বাঙ্গালী ও কতকটা পার্শীদেরই বিশেষ সুবিধা হইবে কিন্তু মুসলমানদিগের বিশেষ ক্ষতি হইবে, যেহেতু মুসলমান ছাত্রেরা প্রতিযোগি-পরীক্ষায় কৃতকার্য্য হইতে পারিবে না। ইহাতে রাজনৈতিক গোল যোগ ঘটিতে পারে। বাঙ্গালীরা প্রথমে বাঙ্গালায় এবং ক্রমে ভারতের সর্ব্বত্রই পদাধিষ্ঠিত হইতে থাকিবে এবং ইহাতে মুসলমানদিগের নিরাশা খুবই বাড়িয়া যাইবে।"

অমৃত বাজার পত্রিকার জনৈক পত্র প্রেরক বলিয়াছেন, "এ বৎসর প্রবেশিকা পরীক্ষায় দুই জন মুসলমান ছাত্র প্রথম শ্রেণীর বৃত্তি পাইয়াছেন; তন্মধ্যে এক জন দ্বিতীয় স্থান অধিকার করিয়াছেন। পাইওনিয়র পত্রিকা বলিয়াছেন, ভারতে সিভিল সর্ভিস পরীক্ষা গৃহীত হইবার ব্যবস্থা হইলে মুসলমানদিগের স্বার্থের ব্যাঘাত হইবে। কথাটি যে অমূলক তাহা উল্লিখিত ব্যাপারেই প্রতিপন্ন হইতেছে। অতএব মুসলমানগণ উক্ত ব্যবস্থায় প্রতিবন্ধকতাচরণ না করিয়া যাহাতে উহা বাহাল হয় তজ্জন্য হিন্দুদিগের সহিত সম্মিলিত হইয়া আন্দোলন করেন ইহাই একান্ত বাঞ্ছনীয়।"

পাইওনিয়র বলিতেছেন লর্ড ল্যান্সডাউনের পর সম্ভবতঃ লর্ড হার্শেলই ভারতের গবর্ণর জেনারেল নিযুক্ত হইবেন। লর্ড স্পেন্সারেরই হইবার সম্ভাবনা হইয়াছিল কিন্তু স্পেন্সর বিলাত পরিত্যাগ করিয়া আসিতে নারাজ।

বিলাতের একজন সেনাপতি এডুইন জন্‌সন ও মেকিনন মেকেঞ্জিদিগের বড় সাহেব সার উইলিয়ম মেকিননের মৃত্যু হইয়াছে। সেনাপতি এডুইন শিখযুদ্ধের সময় ফিরোজসাহা ও সোব্রাওঁয়ের যুদ্ধস্থলে উপস্থিত ছিলেন এবং চিলিয়ানওয়ালা ও গুজরাটের যুদ্ধে স্বয়ং লিপ্ত ছিলেন। ইঁহার প্রায় ৫২ বৎসর চাকরী হইয়াছিল।

হিন্দুপেট্রিয়ট বলেন, যে সমস্ত উন্নত জেলা গুলিতে আপাততঃ জুরিপ্রথা প্রচলিত নাই, সেই সকল জেলায় জুরিপ্রথার প্রচলন বিষয়ে বাঙ্গাল গবর্ণমেণ্ট তত্তৎস্থানের জেলাও দায়রার জজদিগের মতামত চাহিয়া পাঠাইয়াছেন।

পঞ্জাবের আয়বায় কমিসনর মিঃ উইলিয়ম ম্যাকওয়ার্থ ইয়ং এম এ সি এস আই বড় ব্যবস্থাপক সভার অতিরিক্ত সদস্য নিযুক্ত হইলেন।

[বৈদেশিক] ইণ্ডিয়া আফিসের জুডিসিয়াল সেক্রেটরী ষ্যাকফারসন সাহেব সেপ্টেম্বর মাস হইতে অবসর গ্রহণ করিবেন এরূপ শুনা যাইতেছে।

ভূমধ্য সাগরে ত্রিপলীর নিকটে দুই খানি রণপোতে সংঘর্ষণ হওয়ায় 'ভিক্টোরিয়া' নামক পোত খানি ডুবিয়া গিয়াছে। সেনাপতি এড্‌মিরাল টুিয়োন এবং সেনা ও নাবিকে সর্ব্বশুদ্ধ ৪ শত ২২ জন লোক ডুবিয়া মরিয়াছে।

ইংলণ্ডের উত্তরাঞ্চলের বস্ত্র ব্যবসায়িগণ ষ্টেট-সেক্রেটরী লর্ড কিম্বার্লির সহিত সাক্ষাৎ করিয়া ভারতে রেলপথ বিস্তার, বিশেষতঃ করাচি পর্য্যন্ত একটি সোজাসুজি রেলপথ যাহাতে নির্ম্মিত হয় তজ্জন্য তাঁহার নিকটে আবেদন করেন। প্রত্যুত্তরে লর্ড কিম্বার্লি উল্লিখিত প্রস্তাবে সহানুভূতি প্রকাশ করিয়া বলিয়াছেন, "গবর্ণমেণ্ট এ বৎসর ভারতে রেলপথ নির্ম্মাণে ৪ কোটী টাকা ব্যয় করিবেন। ইহার অধিক ব্যয় করিবেন না। ইচ্ছা করিলে রেলপথ আরও বাড়াইবার পক্ষে আপনারা নিজে কোনরূপ উপায় উদ্ভাবন করিতে পারেন।"

পার্লিয়ামেণ্টের মেম্বরদিগের মধ্যে ভারতের শুভার্থিদল যাহাতে বৃদ্ধি পায় তজ্জন্য সম্প্রতি স্যার ডব্লিউ ওয়েডারবরণ ভারতের জাতীয় সমিতির পক্ষ হইয়া একটি সভার আহ্বান করিয়াছিলেন। সভাস্থলে গণ্ডগ্রামের ঠাকুর, মিঃ দাদাভাই নৌরোজী এবং কমন্স সভার অপরাপর সদস্য —সমুদয়ে অন্যূন ৩ শত জন উপস্থিত ছিলেন।

আনার্কিষ্টদল ষড়যন্ত্র করিয়া স্পেনের মাদ্রিদ নগরের ভূতপূর্ব্ব প্রিমিয়ারের অনিষ্টসাধন জন্য তাঁহার বাগানে 'বম' রাখিয়া দিবার কালীন 'বমের' আঘাতে হইয়া আনার্কিষ্টদিগের একজন হত ও একজন আহত হইয়াছে।

ফরাসী কর্ম্মচারী ও তাঁহার শরীর রক্ষক দলের হত্যা ব্যাপারে শ্যামদেশীয় গবর্ণমেণ্ট দুঃখ প্রকাশ করিয়াছেন এবং হতব্যক্তিদিগের স্ত্রী পুত্র প্রভৃতির ভরণ পোষণ করিতে স্বীকৃত হইয়াছেন।

কমন্স সভায় সেদিন গ্লাডষ্টোন সাহেব হোম-রুলবিলের আয় ব্যয় বিষয়ক ধারাগুলি সংশোধিত আকারে প্রকাশ করিয়াছেন। উহাতে এই স্থির হইয়াছে যে, আয়র্লণ্ডে এক্ষণে যে ট্যাক্সগুলি বর্ত্তমান আছে তাহা ৬ বৎসর ধরিয়া বাহাল থাকিবে। এই ৬ বৎসরের মধ্যে আইরিস সভা স্বদেশের জন্য নূতন ট্যাক্স বসাইতে পারিবেন; কিন্তু সমগ্র রাজস্বের এক তৃতীয়াংশ এবং যুদ্ধাদির জন্য যদি কোন বিশেষ ট্যাক্স বসান হয় তবে তাহাও বিলাতের রাজকোষে দাখিল করিতে হইবে। উক্ত ৬ বৎসরের অন্তে আয়র্লণ্ড কেবল পরমিট আবকারী ও পোষ্ট আফিস ব্যতীত অন্যান্য আর সকল বিষয় হইতে উৎপন্ন স্বীয় রাজস্ব সম্বন্ধে বন্দোবস্ত ও আদায় পত্রাদি করিতে পারিবেন।

উত্তরপাড়া হিতকরী সভার অনুষ্ঠিত ছাত্রী বৃত্তি পরীক্ষায় নিম্নলিখিত ছাত্রীগণ উত্তীর্ণ হইয়াছেন।

১৮৯২ | ৯৩।

তৃতীয় পরীক্ষা।

মাসিক বৃত্তি ৩৲ টাকা।

বালিকাগণের নাম।	বিদ্যালয়ের নাম ও জেলা।
অনিলবালা দেবী	উত্তরপাড়া, হুগলি

দ্বিতীয় পরীক্ষা।

মাসিক বৃত্তি ২৲ টাকা।

সুকুমারী দাসী	শ্রীরামপুর, হুগলি
নলীবালা দেবী	কৃষ্ণনগর ঐ

অন্নদাকালী দাসী	আকনা ঐ
সুশীলা দাসী	শিংরা, হাবড়া
নগকুমারী দাসী	ঐ
সরোজিনী দেবী	কালনা নেবপাড়া, বর্দ্ধমান
চারুশীলা দেবী	নাম সলদা, বাঁকুড়া
সরোজিনী মুখোপাধ্যায়	গাঁতী ঐ
বিরাজমোহিনী দেবী	সাহাপুর, বীরভূম
পরিতোষিণী দেবী	কীর্ণাহার ঐ
মলিনীবালা দাসী	গোপালনগর, মেদিনীপুর
শরৎবালা মিত্র	ধুসরদহ ঐ
নলিনীবালা ঘোষ	চাঁদপুর ঐ

প্রথম পরীক্ষা।

মাসিক বৃত্তি ২৲ টাকা।

সুশীলা দেবী	উত্তরপাড়া, হুগলী
নারায়ণদাসী দেবী	ঐ ঐ
ভুবনমোহিনী দেবী	শ্রীরামপুর ঐ
রাজরাজেশ্বরী দাসী	কামারপাড়া ঐ
শান্ত দাসী	আকনা ঐ
সুশীলা দেবী (১)	জনাই ঐ
দীনতারিণী দেবী	পোল বা ঐ
চারুশীলা দাসী	বেলুন ঐ
কায়াতন মেসা	ভিতাসিন ঐ
অক্ষয়কুমারী দাসী	বৈদ্যবাটী ঐ
সুশীলা দাসী	আকনা ঐ
সতী দাসী	মাগুলা ঐ
হরিমতি দেবী	কৃষ্ণপুর ঐ
অগেন্দ্রবালা দাসী	আড়িয়াদহ, ২৪ পরগণা
সরযূবালা দেবী	ঐ
হরিদাসী আচার্য্য	বাগনান, হাবড়া
সুহাসিনী দেবী	বালী মেকলে ঐ
রামলক্ষ্মী দেবী	ঐ ঐ
শশীমুখী দাসী	রসপুর ঐ
অতরময়ী দাসী	ঐ ঐ
সুশীলা দেব	হাবড়া ঐ
হীরণ্ময়ী দাসী	খুজারসা ঐ
সুরবালা দেবী	খলিসা ঐ
সুবাসিনী রায়	খালনা ঐ
সুশীলাবালা দাসী	সালিখা ঐ
পঙ্কজিনী দেবী	ঐ ঐ
অতুলমনী দাসী	রামকৃষ্ণপুর ঐ

সর্ব্বেশ্বরী দেবী	ইবাল, বর্দ্ধমান
হেমপ্রভা গুপ্ত	বর্দ্ধমানমিসন ঐ
নীলনলিনী ঘোষ	নস্করদীঘি ঐ
যুগলবালা দাসী	পীড় ঐ
সুনীতি দেবী	কালনা নেবপাড়া ঐ
হেমনলিনী দাসী	লক্ষণপাড়া ঐ
গিরিবালা দেবী	বর্দ্ধমান রাজ ঐ
শরৎসরোজিনী দাসী	রাণীগঞ্জমিসন ঐ
রাণী দাসী	ঐ ঐ
শরৎবালা দাসী	জগন্নাথপুর, বাঁকুড়া
রসন্তবালা গঙ্গোপাধ্যায়	ছিলামপুর ঐ
কুমুদকামিনী দেবী	ইন্দান নন্দীপাড়া ঐ
নগেন্দ্রবালা দেবী	খালসী হাটতলা ঐ
বিন্দুবালা দেবী	চাকড় ঐ
সবু মিদ্দা	তেঁতুলমুড়ী ঐ
রজনী বাগ্দী	জানকীনগর ঐ
রাধারাণী মুখোপাধ্যায়	গাঁতী ঐ
চারুশীলা দেবী	রামপুর ঐ
সরোজিনী দেবী	চাঁনচ ঐ
কুসুমকামিনী দাসী	কাদাকুলী ঐ
রাসেশ্বরী দাসী	ছরিপুর, বীরভূম।
নগেন্দ্রবালা দাসী	বাগডোলা ঐ
রাজবালা দাসী	বড়া ঐ
অন্নদাসুন্দরী দেবী	খররাসোল ঐ
হেমাঙ্গিবরণী দাসী	দেউচা ঐ
সত্যপ্রভা দাসী	রামপুর হাট ঐ
রজনীবালা দাসী	গণপুর ঐ
বিন্দুবাসিনী দাসী	আমড়োলা ঐ
নীরদাসুন্দরী দাসী	কামারদহ, মেদিনীপুর
দ্রৌপদী দাসী	সোহড়া ঐ
চমৎকারী রায়	ভোডদহ ঐ
বসন্তকুমারী পাত্র	হাতীশালা গোপালনগর ঐ
শশাসনা দাসী	কাগগেছা ঐ
আনন্দাসুন্দরী দাসী	রাজনগর ঐ
নারায়ণকুমারী দেবী	গোবিন্দপুর ঐ
রঙ্গনময়ী দাসী	নিচনে ঐ
মনীবালা দাসী	মানপুর ঐ

নিম্নলিখিত ছাত্রীগণ পরীক্ষায় উত্তীর্ণা হইয়াছেন অথচ বৃত্তি প্রাপ্ত হন নাই।

তৃতীয় পরীক্ষা।

হেমাঙ্গিনী চৌধুরী	বর্দ্ধমানমিসন, বর্দ্ধমান
নির্ম্মলা দেবী	কালনা লক্ষণপাড়া ঐ

শিবানী দাসী	মানপুর, মেদিনীপুর
বিধুমুখী ঘোষ	বলিহারপুর ঐ

দ্বিতীয় পরীক্ষা।

সরোজিনী দাসী	কৃষ্ণনগর, হুগলী
গিরিবালা দাসী	ঝিংড়া, হাওড়া
অঘোরবালা দাসী	রসপুর ঐ
মৃণালিনী দেবী	কালনা লক্ষণপাড়া, বর্দ্ধমান
শ্রীমতী দাসী	সলদাঘোরপাড়া, বাঁকুড়া
নলীবালা গোস্বামী	সিহড় মজুমদারপাড়া ঐ
বিন্দুবাসিনী দাসী	চাবড়া ঐ
বিজয়া দেবী	সিউড়ী টমসন, বীরভূম
বিমলাসুন্দরী দাসী	সিউড়ী মিসন ঐ
শৈলেশ্বরী প্রধান	ভেভোগ, মেদিনীপুর
চারুশীলা দাসী (১)	নিচনে ঐ

প্রথম পরীক্ষা।

ইন্দির দেবী	উত্তরপাড়া, হুগলী
সত্যবালা দেবী	শ্রীরামপুর ঐ
মেধাবিনী দাসী	ঐ ঐ
তড়িৎপ্রভা	ঐ ঐ
সুরবালা দাসী	আকনা ঐ
কিরণশশী দাসী	ঐ ঐ
সুশীলা দাসী (২)	জনাই ঐ
সন্তোষকুমারী দাসী	ভিতাসিন ঐ
রাজবালা দাসী	ঐ ঐ
রজিকো মেসা	ঐ ঐ
মৃণালিনী সেমী	কৃষ্ণপুর ঐ
হেমলতা দেবী	ঐ ঐ
মুক্তেশ্বরী শীল	কামারপাড়া ঐ
মৃণালিনী দেবী (১)	আড়িয়াদহ, ২৪ পরগণা
মৃণালিনী দেবী (২)	ঐ ঐ
সুশীলা দাসী	ঐ ঐ
হেমন্তকুমারী দেবী	বালী মেকলে, হাবড়া
প্রফুল্ল দেবী	ঐ ঐ
রাজলক্ষ্মী দেবী	শিংরা ঐ
জ্যোদিনী দাসী	ঐ ঐ
ধীরাজবালা দাসী	রসপুর ঐ
কালীবালা দাসী	বাকসাড়া ঐ
কাত্যায়নী দেবী	খুজারসা ঐ
অরুণময়ী দাসী	খালনা ঐ
মানকুমারী দেবী	সালিখা, হাবড়া
সরলীবালা দাসী	ঐ

আমোদিনী দাসী	বর্দ্ধমানমিসন, বর্দ্ধমান
নীলনলিনী দেবী	ঐ
চুনীবিবি সেখ	নস্কর দীঘি, বর্দ্ধমান
সুশীলা দাসী	রাণীগঞ্জমিসন, ঐ
রজনীবালা দাসী	জগন্নাথপুর, বাঁকুড়া
শরৎকুমারী দেবী	বালসীহাটতলা, ঐ
শশীমুখী দাসী	চাকুড়া, ঐ
কিরণবালা দেবী	ঐ ঐ
গিন্নিবালা দাসী	ক্ষীরপাই, ঐ
যোগীন্দ্রকুমারী দাসী	ঝালবাগার, ঐ
রুক্মিনি দাসী	বনসাগরমেজে, ঐ
ক্ষেত্রিদাসী সিংহ	রামপুর ঐ
বিরাজিনী দাসী	সিউড়ীমিসন, বীরভূম
হেমাঙ্গবরণী দাসী	বড়া, ঐ
কাদম্বিনী দাসী	দেউচা, ঐ
মগেন্দ্রবালা দাসী	রামপুরহাট, ঐ
অক্ষয়কুমারী দেবী	আমদোল, ঐ
হেমনলিনি সেন	কন্টাই, মেদিনীপুর
সুধীরকুমারী দেবী	মেদিনীপুরহিন্দু, ঐ
কেনামনি দাসী	কামারদহ, ঐ
সৌদামিনী দাসী	সাওড়া, ঐ
প্রমদা জানা	হাতীশালগোপালনগর, ঐ
ক্ষান্তমনি দেবী	কাকুগাচা, ঐ
দময়ন্তী দাসী	রাজনগর, ঐ
সরোজিনী দাসী	গোবিন্দপুর, ঐ
চারুমতি মাইতি	ঘাটাল, ঐ
সুশীলাবালা দাসী	তমলুক, ঐ
ননীবালা দাসী	ঐ ঐ
লক্ষ্মী দাসী	মানপুর, ঐ
শরৎবালা পান	চাঁদপুর, ঐ
চারুশীলা দাসী (ছোট)	নিচনে ঐ
উত্তমী দাসী	মুরাদপুর, ঐ
বামা দাসী	ঐ ঐ

শ্রীবিজয়কৃষ্ণ মুখোপাধ্যায়
সভাপতি।

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—চট্টগ্রাম পার্ব্বত্য প্রদেশের সব ডেঃ কঃ বাবু কমলনারায়ণ চক্রবর্ত্তী ২ মাসের ছুটী পাইলেন। ২৪ পরগণা বারাসতের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু মহেশচন্দ্র সেন ২ মাসের ছুটী পাইলেন। ২৪ পরগণার ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু বিজয়কৃষ্ণ বসু অস্থায়ীরূপে উক্ত জেলার বারাসত মহকুমার ভার পাইলেন। মালদহের প্রতিনিধি মাঃ ও কঃ মিঃ উমেশচন্দ্র বটব্যাল প্রাদেশিক সর্ভিসের সদস্য নিযুক্ত হইয়া অপর আদেশ যাবৎ মালদহের ৩য় শ্রেণীর মাঃ ও কঃ র প্রতিনিধিত্বে কার্য্য করিতে নিযুক্ত হইলেন। হুগলী শ্রীরামপুরের প্রোটেম সব ডেঃ কঃ বাবু কালীদাস মুখোপাধ্যায় ১ মাস ১৭ দিনের ছুটী পাইলেন। ডেঃ কঃ বাবু চন্দ্রনারায়ণ গুপ্ত সাঁওতাল পরগণার কঃর কার্য্যভার পাইলেন। খুলনার ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী আবদুল মালিক ১৭ দিনের ছুটী পাইলেন বলিয়া যে আদেশ হইয়াছিল তাহা রহিত হইল। কটকের মাঃ ও কঃ ষ্টিভেন্সন সাহেব ৩ মাসের ছুটী পাইলেন। পুরীর প্রতিনিধি মাঃ ও কঃ ওয়ালস্ সাহেব কটকের মাঃ ও কঃ হইলেন। কটকের জঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ অম্বিকাচরণ সেন পুরীর মাঃ ও কঃ হইলেন। প্রোটেম সব ডেঃ কঃ মৌলবী গোলাম ঘুষ পাটনা বিভাগে স্থাপিত হইলেন। পালামৌর প্রতিনিধি ডেঃ কঃ ডেুক ব্রকম্যান সাহেব ৩ মাসের ছুটী পাইলেন।

বিচার—বাবু রাজেন্দ্রলাল লাহিড়ী বি এ দিনাজপুর ঠাকুরগাঁর মুঃ হইলেন। মেদিনীপুর দাঁতনের মুঃ বাবু যোগেন্দ্রলাল চৌধুরী ১ম শ্রেণীর মুঃ হইলেন। ময়মনসিংহ ঈশ্বরগঞ্জের মুঃ বাবু কেদারেশ্বর মৈত্র ২য় শ্রেণীর মুঃ হইলেন। মুরসিদাবাদ লালবাগের মুঃ বাবু বিজয়গোপাল বসু ৩য় শ্রেণীর মুঃ হইলেন। বাবু কুঞ্জবিহারী গুপ্ত বি এল ময়মনসিংহ নেত্রকোণার ৪র্থ শ্রেণীর মুঃ নিযুক্ত হইলেন। ময়মনসিংহ নেত্রকোণার মুঃ বাবু অশ্বিনীকুমার বসু ২৪ পরগণা ডায়মণ্ড হার্ব্বারের মুঃ হইলেন। রাজসাহী মালদহের মুঃ বাবু ফণিভূষণ মুখোপাধ্যায় ময়মনসিংহ ঈশ্বরগঞ্জের মুঃ হইলেন। ময়মনসিংহ ঈশ্বরগঞ্জের মুঃ বাবু কেদারেশ্বর মৈত্র রাজসাহী মালদহের মুঃ হইলেন। চট্টগ্রাম আনবারার ছুটী প্রাপ্ত মুঃ বাবু মহেন্দ্রনাথ দত্ত উক্ত জেলার সাব-কালিয়ার মুঃ হইলেন। চট্টগ্রাম পটিয়া ও আনবারার (এক্ষণে পটিয়ার) অতিরিক্ত মুঃ বাবু বঙ্কিমচন্দ্র মিত্র উক্ত জেলায় পটিয়ার মুঃ হইলেন। বিগত ১৪ই জুনের কলিকাতা গেজেটে মানভূমের অতিরিক্ত সবজজ বাবু জগদ্ধুর্লভ মজুমদার আর ৬ মাস ছুটী পাইলেন বলিয়া যে আদেশ হইয়াছিল সেস্থলে মানভূমের পরিবর্ত্তে 'সারণ' পড়িতে হইবে। দিনাজপুর ঠাকুরগাঁর মুঃ বাবু বিপিন বিহারী ঘোষ ৩২ দিনের, রংপুরের প্রতিনিধি মুঃ বাবু উমেশচন্দ্র চক্রবর্ত্তী ৫ সপ্তাহের, চট্টগ্রাম ফটিকছড়ির মুঃ বাবু যুগলকিশোর দে আর ৬ মাসের এবং যশোহর নড়াইলের মুঃ বাবু সুরেশচন্দ্র ঘোষ আর ৩ দিনের ছুটী পাইলেন।

শিক্ষা—কটক রাভেন্সা কলিঃস্কুলের প্রধান শিক্ষক বাবু মধুসূদন রাও বালেশ্বরের ডেঃ ইনঃ হইলেন। বালেশ্বরের ডেঃ ইনঃ বাবু রাজেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বিএ রাভেন্সা কলিঃ স্কুলের প্রধান শিক্ষক হইলেন। বীরভূম জেলাবোর্ডের অধীনস্থ সব ইনঃ বাবু নীলমনি ভট্টাচার্য্য ১ মাসের ছুটী পাইলেন।

উদ্ভট কবিতা।

[৩৬৭]

বিকসিতকমলাসা ফুল্লপঞ্চাসামধ্যা
স্থিরবিরহবিষণ্ণা বাষ্পনিষ্কা মৃগীব
করপদমগরাষ্ট্রগ্রামেদিনীমুল্লিখন্তি
হরফণিফণিরাজং বামসং ধিক্করোতি।

শিক্ষা সংক্রান্ত।

গ্রীষ্মাবকাশের পর কলিকাতা নর্ম্মাল স্কুল বিগত ১৯শে জুন সোমবারে খোলা হইয়াছে। ১ম, ২য় ও ৩য় বার্ষিক শ্রেণীর কয়েকটী করিয়া বৃত্তি খালি আছে। বৃত্তি প্রার্থিগণকে অবিলম্বে আমার নিকট আবেদন করিতে হইবে। যাহারা ১ম বা ২য় বিভাগে ছাত্রবৃত্তি পরীক্ষায় উত্তীর্ণ, ও যাহাদের বয়স ১৫ বৎসরের অন্যূন, তাহারা ১ম বার্ষিক শ্রেণীর বৃত্তি পাইতে পারিবে। যাহারা নর্ম্মাল স্কুলের ১ম বার্ষিক শ্রেণীর বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ, তাহারা ২য় বার্ষিক শ্রেণীর বৃত্তি পাইতে পারিবে; এবং যাহারা ২য় বার্ষিক শ্রেণীর বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ, তাহারা ৩য় বার্ষিক শ্রেণীর বৃত্তি পাইতে পারিবে।

কলিকাতা নর্ম্মাল স্কুল, ১৪ই জুন, ১৮৯৩। } শ্রীবরদাপ্রসাদ ঘোষ, প্রধান শিক্ষক।

কর্ম্মখালি।

Wanted an office clerk for Zamindar Gopal Das Roy Chowdry of Estate Bhitarbunda Middle Branch (Bhitarbanda P. O Dt Rungpur) aged about 30 or 32. The applicant must be a Brahmin and possess good office knowledge. He must have good knowlege and conversational powers in English. Salary Rs 20 per month with prospect of increase. Lodging free. The applicant must be strong in English. Security Rs 1000 or 1500 wanted. Apply to the Zaminder directly.

Wanted an experienced teacher for the Burdwan Albert Victor Institute, salary Rs 35 per mensem. None need apply who has not passed the B. A. examination with honors in Mathematics. Applications to be received up to 5th July next by the Secy. Babu Manmatha Nath Mitra.

Wanted an English knowing Pundit with experience in the Department on salary of Rs 20 per mensem for the Memari Vidyasagar Memo. Institution. Apply on or before the 5th proximo to Babu B. Mukherjee Hd. Master.

Wanted for 6 months an experienced B. A. as Second Master for the Jangipur H. E. School, Jangipur P. O, Dt. Moorshidabad on a salary of Rs 40 per mensem. There is every probability of the post being permanent. Apply to the Secy. Babu Manomohan Sinha,

---

Wanted a Second Master strong in English and Mathematics, for the Ramendra H. E. School at Begamganj Dt. Noakhali, on a salary of Rs 40 forty a month. The selected candidate shall have to stick to the post at least for one year. Prefcrence will be given to a B. Course Graduate experienced in teaching. Apply sharp to the Secy.

Wanted an eperienced B. A. Head Master who knows Sanscrit and a Head Pundit who knows English for a Higher Class Eng. School in the suburb of Calcutta. Apply with testimonials to Babu Chandra Coomar Chatterjea.

No 5 Fairlie Place, Calcutta.

Wanted a Hd. Master for the Patuakhali. Jubilee H. E. School, Dt. Backergnnj, on a salary of Rs 55 per mensem. Preference will be given to one who passed the B. A. examination of the Calcutta University with honors in English and who has some experience in teaching. None need apply who will not stick to the post at least for two years. Applications will be received by the Secretary up to 7th July 1893.

Wanted a clerk for the Dy. Inspector of Schools, Birbhum, on Rs 15 per month (Government Service). None need apply who has not passed the University Entrance examination. Preference will be given to one who writes a fast and neat hand and who has had some knowledge of office work. Applications with copies of testimonials and specimens of hand-writing will be received up to the 10th July 1893, by Hara Lal Pal, Dy. Inspector of Schools Birbhum.

খড়দহের নিকট সুখচর পোঃ সুখচরের হিতৈষিনী বঙ্গবিদ্যালয়ের জন্য একজন হেড পণ্ডিতের আবশ্যক। বেতন আপাততঃ ১২৲ টাকা, যিনি জ্যামিতি ও শুভঙ্করীতে পারদর্শিতা লাভ করিয়াছেন তিনি স্বখ্যাতিপত্রের সহিত সম্পাদক শ্রীশরচ্চন্দ্র সেনের নিকট দরখাস্ত করুন।

জেলা যশোহর, পোঃ ইচাখালা, হাজরাপুর এম ভি স্কুলের জন্য মাসিক ১৫৲ টাকা বেতনে জনৈক নর্ম্মাল ট্রৈবার্ষিক উত্তীর্ণ অভিজ্ঞ হেড পণ্ডিতের আবশ্যক। প্রশংসাপত্রের অনুলিপিসহ স্কুলের সেক্রেটরীর নিকট সত্বর আবেদন করুন।

জেলা ঢাকা, পোঃ বারদী, বারদী ম ইং স্কুলের ২য় পণ্ডিতের পদ ৫ মাসের জন্য খালি হইয়াছে। কাজটি স্থায়ী হইবার খুব সম্ভাবনা। মাসিক বেতন ১২৲ টাকা। বিনাব্যয়ে বাসস্থান পাইবেন। পদপ্রার্থীর অন্ততঃ নর্ম্মাল ট্রৈবার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ হওয়া চাই। স্কুলের সম্পাদকের নিকট আবেদন করুন।

জেলা বগুড়া, পোঃ শুলট, এলেম্বী মডেল স্কুলের জন্য মাসিক ১০৲ টাকা বেতনে ম, ইং স্কুলের ২য় ও ৩য় শ্রেণীর ইংরাজী ও বাঙ্গালাপাঠ্য পড়াইতে সমর্থ জনৈক কায়স্থ অথবা ব্রাহ্মণ শিক্ষকের প্রয়োজন। বাসস্থান দেওয়া যাইবে। হেড পণ্ডিত শ্রীপূর্ণচন্দ্র চন্দের নিকট আবেদন করুন।

জেলা রাজসাহী সিংড়াপোঃ অন্তর্গত আকুড়িয়া গ্রাম নিবাসী জমিদার শ্রীযুক্ত বাবু কাশীপ্রসন্ন ঠাকুরের ২টী পুত্রকে পড়াইবার জন্য এণ্ট্রান্স পরীক্ষোত্তীর্ণ একটি লোক আবশ্যক। খোরাক বাদে মাসিক বেতন ১০৲ টাকা। ইহা ব্যতীত মধ্যে মধ্যে আরও ২।১ টাকা অতিরিক্ত আয় আছে। জাতিতে ব্রাহ্মণ হইলে ভাল হয়। সত্বর শ্রীযুক্ত মন্মথনাথ বন্দ্যোপাধ্যায়ের নিকট আবেদন করুন।

কয়েক জন প্রবাসী বাঙ্গালী বাবুর অল্প বয়স্ক বালকদিগের (সংখ্যায় ৬) বাঙ্গালা শিক্ষার জন্য এক জন কন্‌ফর্‌মিষ্ট ও সচ্চরিত্র বাঙ্গালী শিক্ষকের প্রয়োজন। শিক্ষকের ভাল বাঙ্গালা ও কিঞ্চিৎ ইংরাজী জানা নিতান্ত আবশ্যক। রেলে আসিবার খরচ দেওয়া যাইবে। মাসিক বেতন ২০ কুড়ি টাকা। বাসার ভাড়া, কৃত্যের বেতন ও খোরাক খরচ আমরা দিব। স্থান বায়ু ভাল। বাঙ্গালা ভাষায় স্বহস্তে লিখিয়া আবরণ মধ্যে (পোষ্ট কার্ডে নয়) আবেদনপত্র সত্বর আমার নামে পাঠাইবেন। এদেশের পোষ্টাপীসে বাঙ্গালা জানে না, এজন্য পত্রের শিরোনামা ইংরাজীতে দিবেন। ডাক্তার লালগোপাল রায়।

WAH Villa. Hasan abdal P.O, N.W. Ry.

উত্তর বরাহনগর বঙ্গ বিদ্যালয়ের জন্য মাসিক আপাততঃ ১০৲ টাকা বেতনে জনৈক ব্রাহ্মণ নর্ম্মাল ত্রৈবার্ষিক উত্তীর্ণ অভিজ্ঞ দ্বিতীয় শিক্ষকের আবশ্যক। আবেদনকারী, কোন ভদ্র লোকের বাটীতে যদি গৃহশিক্ষকতা করিতে পারেন তাহা হইলে আহার ও থাকিবার স্থান পাইতে পারিবেন; কিন্তু গৃহশিক্ষকতা করিতে হইলে অন্ততঃ ইংরাজীতে (Longmans' Reader III) পর্য্যন্ত পড়াইতে হইবে। কর্ম্মার্থিগণ স্ব স্ব প্রশংসাপত্রের অনুলিপি সহ এই জুলাইয়ের মধ্যে জেলা ২৪ পরগণা দক্ষিণ বারাশত পোঃ বহুরু উ, ইং স্কুলের হেডমাষ্টার বাবু হরিপদ বন্দ্যোপাধ্যায়ের নিকট আবেদন করুন।

বিশেষ দ্রষ্টব্য।

বাচস্পত্য অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২৩৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
বুধোদয় প্রেস।
হুগলী।

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু কর্ত্তৃক সংকলিত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য ৵০ আনা
ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "
ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব ।০ "

সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তালিকায় পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট—কলিকাতা।

গিরিশ লাইব্রেরী।

এখানে ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল, এ; বি, এ ক্লাসের সর্ব্বপ্রকার পাঠ্যপুস্তক ও অর্থ পুস্তকাদি এবং নাটক, নভেল প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়। ভিঃ পিঃ ডাকেও পুস্তক পাঠাই। ২১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৮৪নং

আর্য্যমিশন ইনষ্টিটিউশন।

৮০।১ নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট, কলিকাতা।

এই বিদ্যালয়ে একটী স্বতন্ত্র সংস্কৃত বিভাগ আছে। ঐ বিভাগে উপযুক্ত পণ্ডিতের দ্বারা বিনা বেতনে দর্শন, কাব্য সাহিত্য, ব্যাকরণ শ্রীমদ্ভাগবত শ্রীমদ্ভগবদ্গীতা শিক্ষা দেওয়া হইয়া থাকে। পাঠার্থি-ছাত্রের আবশ্যক।

শ্রীকানাই লাল সেঠ।
৩৯৮ নং সেক্রেটরী।

পাটীগণিত।

নূতন সংস্করণ।

শ্রীপ্রসন্নকুমার সর্ব্বাধিকারী প্রণীত।

সুপ্রসিদ্ধ গণিতশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম, এ, মহাশয়ের দ্বারা সম্যক্‌রূপে সংশোধিত পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত। ইহাতে সুকৌশল সম্পন্ন প্রশ্নাবলী সন্নিবেশিত এবং উহাদের ভূরি পরিমাণে সমাধান করা হইয়াছে। ৫৭৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। উত্তম কাপড়ে বাঁধা, মূল্য ১৷৵০। বলা বাহুল্য ইহা চিরকাল সর্ব্বাদৃত, অধুনা আরও অধিক পরিমাণে স্কুলাদিতে পাঠ্যরূপে নিয়োজিত হইতেছে এবং বঙ্গবাসী প্রভৃতি সংবাদ পত্র ভূয়সী প্রশংসা করিতেছেন। নিম্নলিখিত এবং অন্যান্য স্থানে পাওয়া যায়।

বি, ব্যানার্জ্জি এণ্ড কোং।
২৫নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, ৫৬নং কলেজ ষ্ট্রীট, ৫১নং পুরাতন চীনেবাজার, কলিকাতা। ৫৫নং পটুয়াটুলি ঢাকা।

৩৮৮নং

বার্ষিক ৫০০৲ টাকা বৃত্তি।

ভারতধর্ম্মমহামণ্ডলীর মুখ্যতম উদ্দেশ্যের অনুসরণ করিয়া ৺বিশ্বনাথ চতুষ্পাঠীতে বার্ষিক পঞ্চাশৎ টাকা পরিমাণে এক একটী করিয়া দশটী বৃত্তি স্থাপিত হইয়াছে। যে যে চতুষ্পাঠীতে ব্যাকরণাদি করিয়া কোন দর্শন শাস্ত্র বিশেষতঃ বেদান্ত শাস্ত্র পর্য্যন্ত অধ্যাপিত হয়, সেই সেই চতুষ্পাঠীতে এই বৃত্তিগুলি দেওয়া যাইবে। অধ্যাপক ইচ্ছা করিলে ঐ বৃত্তি ত্রৈমাসিক বা ষাণ্মাসিক বা বার্ষিকরূপে গ্রহণ করিতে পারিবেন। ছাত্রদিগের বিদ্যাবত্তা ও সচ্চরিত্রতা সম্পাদন ভিন্ন অধ্যাপক মহাশয়দিগকে অপর কোন নিয়মের অধীন হইতে হইবে না। যে সমস্ত অধ্যাপক বৃত্তি লইতে ইচ্ছা করিবেন, তাঁহারা অথবা তাঁহাদিগের হিতার্থীরা অধ্যাপকের নাম ধাম ছাত্রসংখ্যা ও প্রত্যেক ছাত্রের অধীতব্য বিষয় লিখিয়া আমাকে সংবাদ দিবেন।

চুঁচুড়া বিশ্বনাথ চতুষ্পাঠীর
অধ্যাপক শ্রীহরিনাথ স্মৃতিভূষণ।

শ্রীমদ্ভগবদ্গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ⁄০।

ঐ বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ।⁄০ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা মূল্য ⁄০ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা উৎকৃষ্টরূপ বাঁধা মূল্য ॥০ আট আনা, ডাঃ মাঃ ⁄১০।

কবির (জীবন্মুক্ত মহাত্মা কবির সাহেবের ৫৫৭টী দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা-সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ ⁄১০।

কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০।১ নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৬ বৎসর উহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-যশের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার লেপনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সম-ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনা ব্যয়ে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৷৷০ টাকা, প্যাকিং ।০ আনা

২ শিশি একত্রে লইলে খরচা ৷৷৵০ আনা সুলভ হয়।

শ্রীকালীদাস সরকার।

গবর্ণমেণ্ট পেন্সনার—লক্ষ্ণৌ।

৩১৩নং

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বল বীর্য্য বৃদ্ধিকর, সুখাম্বুধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রি-জাগরণ, অতিরিক্ত পান-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা ছাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত!

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-ফোলা-কাসিযুক্ত জ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দ্বৈকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকায় সে জ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে, ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্পদিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধে অতি সামান্য রোগও আরাম হয়। বিধাতার বিচিত্রবিধান বুঝাভার!

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন। প্লীহা জ্বর-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগী-কে এই এক ৩নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

বটিকার সংখ্যা, মূল্য, ডাঃমাঃ, প্যাকিং

১নং কৌটা	১৮	৷৷৵০	।৹	৵০
২নং কৌটা	৩৬	১৵০	।০	৵০
৩নং কৌটা	৫৪	১৷৷৵০	।০	৶০

ভ্যালুপেবলে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।

১২ নং মুক্তাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা।

৩৭৪নং

পাঁড়ে ব্রাদার্স।

পুস্তক ও দেশী বস্ত্র বিক্রেতা।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্, কলিকাতা।

এখানে ইংরাজি বাঙ্গালা সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য সর্ব্ব প্রকার পুস্তক, তৎসমস্তের নানা প্রকার কি, নোট, অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি সর্ব্ব প্রকার পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে। বিলাতি পুস্তক বিলাত হইতে আনা হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা ১৸০ মূল্য যোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও ব্যবহারীর জন্য চলিবে ও ২৷৷০, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ নয়নসুখ, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকটও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য ।৵০ বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ /০
৩২ খানি উৎকৃষ্ট
চিত্রসহ

নীতি কথামালা	।০	মানবতত্ত্ব	১৷৷০
আর্য্যচরিত	।০	ধর্ম্মবিজ্ঞান	১৲
আর্য্যশিক্ষা	৷৷৵০	অদ্ভুত স্বপ্ন বা	
বাঙ্গলা ব্যাকরণ	।৵০	স্ত্রী পুরুষের দ্বন্দ্ব	৷৷০
শিশু বিজ্ঞান	৵০	বিজ্ঞানসার	১৲
বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ	/০	লীলাবতী (অঙ্কপুস্তক)	৷৷০

৩৪৫ নং শ্রীমনোমোহন পাঁড়ে

সংক্ষিপ্ত পদার্থদর্শনের প্রশ্নোত্তর।

পণ্ডিত প্রবর শ্রীযুক্ত প্রসন্নকুমার চক্রবর্ত্তী প্রণীত। মূল্য ।/০ পাঁচ আনা মাত্র। যত গুলি সং পদার্থদর্শনের প্রঃ উঃ এ পর্য্যন্ত প্রকাশিত হইয়াছে এখানা তাহাদের অপেক্ষা কোন অংশে নিকৃষ্ট নহে বরং অনেকাংশে উৎকৃষ্ট। যে স্কুলে এক খানিমাত্র এই প্রঃ উঃ প্রবেশ লাভ করিয়াছে সে স্কুলের সমস্ত ছাত্রেই ইহা ক্রয় করিতেছে। একবারে এক প্যাকেটে ৫ খানি এই প্রঃ উত্তর লইলে স্কুলের শিক্ষকদিগকে শতকরা ১৫৲ টাকার হিসাবে কমিসন দিয়া থাকি; অধিকন্তু আমি মিজ হইতে ডাক মাশুল দিই। কাগজ, ছাপা ও বাঁধাই সমস্তই উৎকৃষ্ট। ভিঃ পিঃ ডাকে পাঠাইয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র দত্ত।

ভারত পুস্তকালয়, পটলডাঙ্গা, বৌবাজার পোষ্ট কলিকাতা।

৩৯৯নং

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸০ বার আনা, ডাঃ মাঃ /০ এক আনা। এখানি ১৮৯৪ অব্দের মাইনর পরীক্ষায় ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহাতে বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গল্প হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ৵০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

সংস্কৃত প্রেসডিপজিটরি।

১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত পাটীগণিত

মূল্য ২৲ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষকগণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৷৷০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।৵০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীভূমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।৵০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ৵০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৪৪ নং

ইউক্লিডের জ্যামিতি প্রথম অধ্যায়।

(সংশোধিত এবং পরিবর্দ্ধিত।)

শ্রীযুক্ত বাবু ব্রহ্মমোহন মল্লিক প্রণীত। ২৮শ সংস্করণ প্রকাশিত হইয়াছে। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৯৭ নং ম্যানেজার।

সাহিত্য ডিপজিটারী।

২২০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রেন্স, এল এ, বি এ, এম এ, ডাক্তারী, মোক্তারী, বি এল প্রভৃতির সর্ব্ববিধ পাঠ্য ও অর্থ পুস্তক, সুলভ মূল্যে আমাদের দোকানে পাওয়া যায়। সর্ব্বপ্রকার ইংরাজী বাঙ্গালা নাটক, নভেল প্রভৃতি সর্ব্বদা আমাদের নিকট মজুত থাকে। মফস্বলে ভ্যালুপেবলেও পাঠাইয়া থাকি।

পাইকারী খরিদারদিগকে যথেষ্ট কমিসন দিয়া থাকি। পত্র লিখিলে সবিশেষ জানিতে পারিবেন।

শ্রীযতীশচন্দ্র সমাজপতি।

৩৮৭নং

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু যোগীন্দ্রচন্দ্র ঘোষ আলম বাজার ১৩০১ জ্যৈষ্ঠ শেষ ৸০

" শশিভূষণ পালিত খাটভোগ ১৩০০ ভাদ্র শেষ ২৲

" যদুনাথ মৈত্র রিয়লইতপুর ১৮৯৩ ডিসেম্বর শেষ ৫৲

" বনমালী ভট্টাচার্য্য সিঙ্গাকাটী ২৲

" নারায়ণচন্দ্র ভট্টাচার্য্য ধুপচাচিয়া ১৮৯৪ জুন শেষ ৸০

" সুরেন্দ্রনাথ মুখোপাধ্যায় মালিপোতা ১৮৯৩ সেপ্টেম্বর শেষ ২৲

" অবিনাশচন্দ্র মুখোপাধ্যায় সমুদ্রগড় ১৮৯৩ সেপ্টেম্বর শেষ ২৲

" পরেশনাথ চক্রবর্ত্তী কাঞ্চনপুর ১৮৯৩ সেপ্টেম্বর শেষ ২৲

" অম্বিকাচরণ মুখোপাধ্যায় চৌকিডাঙ্গা ১৮৯৩ সেপ্টেম্বর শেষ ২৲

" রায় কিশোর প্রামাণিক বাঙ্গিংপুর ২৲

হেড মাষ্টার দেবগ্রামস্কুল ১৮৯৩ সেপ্টেম্বর শেষ ২৲

এই পত্র হুগলি বুধোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

REGISTERED No [illegible]

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

নূতন সম্পাদ। ২৫শ খণ্ড। ১৩শ সংখ্যা। | ২৪শে আষাঢ় শুক্রবার ১৩০০ সাল। ইং ৭ই জুলাই ১৮৯৩ খৃঃঅব্দ। | অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা।

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম) ৫৲ ষাণ্মাসিক ৩
ত্রৈমাসিক ২ প্রত্যেক সংখ্যার ।৹

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৵৹ ৩য় বার /১০ চতুর্থ বা ততোধিক বার /৹। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৵৹।
কর্ম্মখালির বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে প্রকাশিত হয়।

তিন মাসের অধিক বিজ্ঞাপন প্রকাশ করিলে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

যাঁহারা এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য নগদ টাকায় দিবেন, তাঁহারা তাঁহাদের নিকটবর্ত্তী এজেণ্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণিঅর্ডার কুপনে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

এডুকেশন গেজেটে বিজ্ঞাপন প্রকাশের সুবিধার জন্য ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে একটী এজেন্সি খোলা হইয়াছে। তথায় বিজ্ঞাপন ও তৎপ্রকাশের মূল্য জমা লওয়া যায়।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যায় বিলম্ব হইলে তাহার থানাতে পিয়নের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়, কলিকাতা সংস্কৃতযন্ত্রের পুস্তকালয়,১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।
চণ্ডীচরণ মজুমদার—বেঙ্গল সেক্রেটারিয়েট জুডিসিয়াল ডিপার্টমেণ্ট।
২৪ পরগণা আলিপুর — মতিলাল মৈত্র—আলিপুর।
ভূপালচন্দ্র গঙ্গোপাধ্যায়—উকিল।
বারাকপুর শ্রীযুক্ত বাবু ভুবনমোহন নিয়োগী।
ভবানীপুর রাজকৃষ্ণ রায় চৌধুরী।
যদুনাথ চৌধুরী—চুয়াডাঙ্গা।
হাবড়া হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান চারুচন্দ্র চট্টোপাধ্যায়।
রসিকলাল দাস—রায়না।
যশোহর কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
অম্বিকাচরণ মুখোপাধ্যায়—সিউড়ী
নীলমণি ভট্টাচার্য্য—সিউড়ী।
বাঁকুড়া রামেশ্বর সেন—বিষ্ণুপুর।
অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর উমাচরণ সে।
দীননাথ ধর—গবর্ণমেণ্ট প্লীডার।
জলপাইগুড়ি নীলমণি পাল।
বাঁকিপুর নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর।
ভগবান প্রসাদ।
বারাণসী সোমনাথ ভাদুড়ী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর আদিনাথ মিত্র।
দ্বারকানাথ বাগচি—নিলফামারি।
রাজসাহী কালীনাথ চৌধুরী—বোয়ালিয়া।
পাবনা মহেন্দ্রনাথ দত্ত।
রজনীকান্ত ভট্টাচার্য্য।
রামচন্দ্র চক্রবর্ত্তী।
ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, চুলাই।
উমাচরণ পাঁড়ে, সিরাজগঞ্জ।
ঢাকা সতীশচন্দ্র ঘোষ।
সাঁওতাল পরগণা যজ্ঞেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।
পাকুড় রাধাকৃষ্ণ সারথেল।
খুলনা হরিহর দাস।
জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।
দিনাজপুর রাজকুমার চক্রবর্ত্তী ফুলবাড়ি।
ভুবনেশ্বর গুপ্ত।
দুর্গাদাস সুর—রায়গঞ্জ।
শশিভূষণ রায়।
কোচবিহার ভুবনমোহন দত্ত।
ফরিদপুর কালীকিশোর ঘোষ—মাদারিপুর।
মজঃফরপুর কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল
দ্বারভাঙ্গা গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক।
সুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সমস্তীপুর

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিবিধ বিজ্ঞাপন।

রিপণ-ডিপজিটারী।

৫২ নং দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য ও নাটক নভেল অতি সুবিধায় সরবরাহ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পিঃ, ডাকে পুস্তক পাঠাই। প্রেরণ ব্যয় ৵০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়।

শ্রীশশিভূষণ সাহা
৩৮০ নং ম্যানেজার।

গবর্ণমেণ্টের অনুমোদিত।

বাঙ্গালা ছাত্রবৃত্তি ও মাইনর স্কুলসমূহের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পাঠ্য।

"বিজ্ঞানসোপান"।

শ্রীযুক্ত উমেশচন্দ্র ঘোষ, এম এ, বি এল প্রণীত।

মূল্য ॥৵০ দশ আনা মাত্র।

ছাত্রবৃত্তি ও মাইনর পরীক্ষার নির্দ্দিষ্ট বিষয়গুলি এরূপ বিশদরূপে ও ধারাবাহিক ভাবে অন্য কোন গ্রন্থে বর্ণিত নাই। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৩৮৫নং

এল, ডি, মিত্র এবং কোং।

সর্ব্বপ্রতিষ্ঠ ও কলিকাতা ও অন্যান্য স্থানের
দক্ষ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৫৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক রুবিনি ক্যাম্ফার ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৸০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৬৲ ও ৭৲, শিশুচিকিৎসা ২৷৷০, বামাচিকিৎসা ২৲ জ্বর চিকিৎসা ৸০ ও ১৸০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৸০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমার কলিকাতার মহামেলার এই শ্রেণীতে ভারতের মধ্যে সর্ব্বোচ্চ এবং এখানকার ও অন্যান্য স্থানের সম্ভ্রান্ত চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি।

১৯

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্ত লালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীস্থে সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১।০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

REDUCTION IN PRICE OF CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta, Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free, at 4 oz, Rs3--4 : 8 oz, Rs 6—8 : 16 oz, Rs 12—12. Cash with order.

No. 331

বুধোদয় যন্ত্র।

ছাপনি বুধোদয় যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষর ও তাহার সরঞ্জাম প্রভৃত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানাপ্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় বাবতীয়ফারম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, ষ্ট্যাণ্ডবিল, জমিদারীর জমাওয়াশীল ফরম, ডাক্তারি লেবিল ও বিল নানাপ্রকার ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পন্ন হইয়া থাকে। বিশেষ বন্দোবস্ত করিলে, সাপ্তাহিক পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংলিস অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৫৲ চারি টাকা ও স্মল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া দপ্তরী দ্বারা পুস্তক প্রস্তুত করিয়া ষ্টীমসহ বান্ধবন্দী করিয়া রেলে বা জাহাজে যাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি, গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন, ছাপার রেট ও অন্যান্য বিবরণ জানিতে ইচ্ছা করিলে আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পারিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
কার্য্যাধ্যক্ষ।

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১৯ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।

ডাকমাশুল ৵০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৵০

পদ্য ব্যাকরণ মূল্য ৵১০

প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য ৵১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায়) পাওয়া যায়।

শ্রীতিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

অম্বিকাচরণ ঘোষাল

ফটোগ্রাফার ও পেইণ্টার

ঘুঁটেবাজার হুগলি

অয়েল পেইণ্টিংএ চেহারা তুলিতে এবং ফটোগ্রাফ লইতে মফস্বলের সর্ব্বত্র যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণ পত্র লিখিলে জানিতে পারিবেন। নেটীবক্যারেক্টর ও নানা রূপ দেশীয় ভিউ, মাপ কাঃ ভিঃ মূল্য প্রত্যেকে ।০, ডজন ২৲। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিজ, হুগলী কলেজ এমামবাড়ার আশ্চর্য্য দৃশ্য ও হংসেশ্বরীর মন্দির প্রত্যেক ১৲ টাকা মাত্র—ফটগ্রাফগুলি একবার দেখিলে বাধিত হইব।

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মতামত নহে।

দুগ্ধ।

(৫)

দুগ্ধ তরল, ক্ষারগুণ বিশিষ্ট। বায়ুস্থ অম্লজান ঐ ক্ষারের সহিত রাসায়নিক মিলনে মিলিত হইয়া উহা হইতে নানা প্রকার অম্লের সৃষ্টি করে। এই জন্য দুগ্ধ কিছুক্ষণ ধরিয়া বায়ুতে রাখিয়া দিলে, "টক" বা নষ্ট হইয়া যায়। নষ্ট দ্রব্যের যে গুণ হওয়া উচিত দুগ্ধের তাহাই হয়। নষ্ট দুগ্ধ পানে, অজীর্ণ প্রভৃতি রোগ জন্মে। দোহনের তিন ঘণ্টা পরে পান করিলে, দুগ্ধ সহজে জীর্ণ হয়।

অম্লজানের রূপান্তর 'ওজোন' ঊর্দ্ধাকাশে অবস্থিতি করে। ঝড় বৃষ্টির দিন বিদ্যুৎ চলাচল অধিক হয় বলিয়া, ঐ ওজোন বায়ুর কতক অংশ পৃথিবীতে নামিয়া আইসে। এই বায়ু দুগ্ধ লাগিবামাত্র দুগ্ধ অম্লীকৃত হয়। এই জন্য বর্ষাকালে বা ঝড় বৃষ্টির দিনে শীঘ্র দুগ্ধ "টকিয়া" যায়।

দুগ্ধ জ্বাল দিলে, উহার মধ্যস্থ বায়ু বহির্গত হইয়া যায় এবং অণ্ডলালসংযুক্ত ও ফলের ভাগ কমে বলিয়া, এই দুগ্ধ কিছুক্ষণ পরেই নষ্ট হয়। দুগ্ধ নষ্ট হইলে, অম্লধর্ম্ম পায়। এই অম্লধর্ম্ম বিশিষ্ট দুগ্ধকে আর অধিকক্ষণ রাখিয়া দিলে, উহা হইতে এক প্রকার নীচ শ্রেণীর উদ্ভিদ্ জন্মে। উহাকে সাহেবেরা 'ফঙ্গস' কহে। ইহা দেখিতে নীলাভ। এই নীলাভ দুগ্ধ পান করিলে পাকস্থালীর নানা প্রকার পীড়া জন্মে।

অপরিচিত স্থানে বা দেশে সংক্রামক পীড়ার প্রাদুর্ভাব হইলে, দুগ্ধ বিলক্ষণ রূপে সিদ্ধ করিয়া পান করা উচিত। আজ কাল বাজারে বিশুদ্ধ দুগ্ধ পাওয়া যায় না। গোয়ালারা দুগ্ধে জল দেয় বলিয়া উহা পানে অনেক স্থলে লোকের স্বাস্থ্য নষ্ট হয়; কিন্তু ঐ দুগ্ধ রীতিমত জ্বাল দিলে অর্থাৎ /১ সের দুগ্ধকে জ্বাল দিয়া /৷৷০ সেরে পরিণত করিলে, উহাতে স্বাস্থ্য নষ্ট হইবার সম্ভাবনা কম হয়; কিন্তু এরূপ করাতে গৃহস্থের যে অনেক ক্ষতি ও অসুবিধা হয় তাহাতে সন্দেহ নাই।

দুগ্ধ সংরক্ষিত করিতে হইলে প্রথমে একটী শিশি বা বোতলে দুগ্ধ পুরিয়া লও। পরে এক হাঁড়ি জল গরম করিতে থাক। জল ফুটিয়া উঠিলে, ঐ দুগ্ধপূর্ণ শিশিটী জলের ভিতর বসাইয়া দাও। শিশি উষ্ণ হইয়া যখন দুগ্ধ ফুটিতে থাকিবে, তখন উহাকে তুলিয়া কর্ক এবং গালা দিয়া শিশির মুখ রীতিমত বন্ধ করিয়া আঁটিয়া লও। শিশিটীও আবৃত অবস্থায় রাখা উচিত। এই রূপ ভাবে দুগ্ধকে বায়ু রোধক পাত্রে রাখিলে উহা বহু দিন পর্য্যন্ত ভাল অবস্থায় থাকে। শীঘ্র নষ্ট হয় না। দুগ্ধ গরম করিয়া, তাহাতে একটুকু কার্ব্বনেট অব সোডা এবং কিছু চিনি মিশ্রিত করিয়া, বোতলে পুরিয়া রাখিলে ১১ | ১২ দিন পর্য্যন্ত সদা অবস্থায় থাকে।

নিতান্ত অভাব স্থলেই উল্লিখিত প্রক্রিয়ায় সংরক্ষিত দুগ্ধ পান করিবে বা করাইবে, নচেৎ উহা স্পর্শ করা উচিত নহে। বিলাতী মুইসমিত এই সংরক্ষিত দুগ্ধ। ঐ দুগ্ধ কি নিয়মে প্রস্তুত হয়, তাহা পরে বলিব, ইচ্ছা রহিল। ফলকথা, আমাদের দেশে যেমন দুগ্ধ মারিয়া ক্ষীর করা হয়, উহাও সেই ক্ষীর বিশেষ বই আর কিছু নয়।

শ্রীরাজকৃষ্ণ পাল।

জয়পুরের আদিম অধিবাসী মীনাদিগের বৃত্তান্ত।

অধুনাতন যে সকল স্থান জয়পুর বলিয়া খ্যাত, সহস্র বৎসর পূর্ব্বে সেই সমস্ত স্থান মীনা নামক জাতির অধিকৃত ছিল। তাহাদের মধ্যে কেহ ছত্রপতি রাজা ছিল না। ক্ষুদ্র ক্ষুদ্র কতকগুলি স্বতন্ত্র রাজা ছিল মাত্র। তাহারা কদাচিৎ সম্পূর্ণ স্বাধীন থাকিত, কখনও বা কেহ কেহ দিল্লীর তুয়ার বংশীয় রাজাদিগকে কর প্রদান করিত। ক্রমে কুশানহ রাজপুতগণ এই সমস্ত মীনা-রাজ্য আত্মসাৎ করিতে লাগিল। ৯৬৩ খৃঃ অঃ হইতে ১৫৫০ খৃঃ অঃ পর্য্যন্ত সময়ের মধ্যে একটি একটি করিয়া সমস্ত মীনা রাজপুতকুল লোপ পাইয়া গেল। সুতরাং বলিতে হইবে যে, মীনাগণের স্বাধীনতা লোপ করিতে প্রায় ৯০০ বৎসর লাগিয়াছিল। এতদ্দ্বারা বুঝা যায় যে, মীনাগণ কম পরাক্রান্ত ছিল না। রাজস্থানের ইতিবৃত্তে ৯৬৩ খৃঃ অঃ ধুলে রাওয়ের সময় হইতে ১৫৫০ খৃঃ অঃ বাহারমলের সময় পর্য্যন্ত যতগুলি কুশাবহ রাজপুত ধুন্ধরের সিংহাসনে আরূঢ় হন, তাঁহাদিগের প্রত্যেককেই একটি না একটি মীনা-রাজ্যের সহিত যুদ্ধ করিতে হইয়াছিল। সুতরাং জয়পুর রাজগণ ধুন্ধর প্রদেশে আপনাদিগের রাজ্য সহস্র বৎসর ব্যাপী মনে করিলেও মীনাগণ আপনাদিগের পরাধীন অবস্থা কেবল সার্দ্ধ তিন শত বৎসর মনে করে। তাহারা বলে যে আমাদিগের স্বাধীনতা কেবল চতুর্দ্দশ পুরুষমাত্র গিয়াছে। তাহাদের এই ধারণা নিতান্ত অযৌক্তিও নহে, কারণ মীনাদের শেষ রাজবংশ নাইন নগরে অতিশয় প্রতাপান্বিতরূপে রাজত্ব করিত।

বাজার কোট ছাপ্পান্ন দরওয়াজা
মইন মরদ নাইন কো রাজা
বুড়রাজ নাইন কো, জব ভুয়মেঁ
ভুট্টা মাজো।

অর্থাৎ নাইননগরে প্রতাপান্বিত রাজা মইনের অধীনে বাহান্নটী কেল্লা ও ছাপ্পান্নটী তোরণ দ্বার ছিল; অর্থাৎ ছাপ্পান্নটী নগর ছিল। কিন্তু নাইন নগর বিধ্বস্ত হইলে তিনি এত দীন হইয়াছিলেন যে আহারাভাবে তাঁহাকে ভূমিরও ভাগ লইতে হইয়াছিল। মীনাগণ অত্যন্ত বন্য ভীলকুল অপেক্ষা যে উন্নত তাহা তাহাদিগের বর্ণের ঔজ্জ্বল্য ও উন্নত নাসিকা দৃষ্টে অনুমিত হয়। মীনাগণের ভাট কবিরা, গিহ্লোট, চৌহান, তুয়ার, যদু, পুতিহর, কুশাবহ, শোলাঙ্কি, শঙ্কুলা প্রভৃতি দ্বাদশটী রাজপুতকুল হইতে সমুৎপন্ন বলিয়া ইহাদিগকে আখ্যাত করেন; কিন্তু ধুন্ধরের এক জন মীনার মুখে শুনা যায় যে, এক দিন মহাদেব ক্ষুধার্ত্ত হইয়া পার্ব্বতীকে কহিলেন "তুমি রন্ধন কর"। কিন্তু ছলনা করিবার উদ্দেশ্যে সমস্ত তেজ হরণ করিয়া শরীর মধ্যে লুক্কায়িত রাখিয়া কৈলাসে তপস্যা করিতে গেলেন। পার্ব্বতী অগ্নি উৎপাদন করিতে অনেক চেষ্টা করিলেন, কিন্তু কিছুতেই কৃতকার্য্য হইতে পারিলেন না। তখন নিরুপায় হইয়া করতল দ্বারা আপন গাত্র মর্দ্দন করিতে লাগিলেন এবং গাত্রমল হইতে এক বীরপুরুষ উৎপন্ন হইল। পার্ব্বতীর আর গাত্রমল কি হইতে পারে—তিনি গাত্রে হস্তপরিচালনা করিয়া ঐ বীরপুরুষ উৎপন্ন করিলেন ইহা বলা সঙ্গত। বীরপুরুষ করযোড়ে জিজ্ঞাসা করিলেন—"আমায় কি করিতে হইবে।" পার্ব্বতী কহিলেন "কোথাও হইতে অগ্নি লইয়া

আইস।" পরে সে ত্রিভুবন পর্য্যটন করিয়াও কোথাও অগ্নি পাইল না। অবশেষে মহাদেবের নিকটই গমন করিল এবং তাঁহার অজ্ঞাতসারে তাঁহার পশ্চাৎ ভাগ হইতে তাঁহারই নিশ্বাসে ভূণ দগ্ধ করিয়া পার্ব্বতীর নিকট লইয়া আসিল। পার্ব্বতী তাহাতে রন্ধনাদি করিতে লাগিলেন। পরে মহাদেব বাড়ী আসিয়া রন্ধন দৃষ্টে আশ্চর্য্য হইয়া পার্ব্বতীকে জিজ্ঞাসা করিলেন, "কি প্রকারে আগুন হইল?" পার্ব্বতী সেই বীর ভৃত্যের কথা কহিলেন। তখন মহাদেব তাহাকে দেখিতে চাহিলেন। পার্ব্বতী তাহাকে স্মরণ করিবামাত্রই সে আসিল, কিন্তু মহাদেবের সম্মুখে দাঁড়াইতে সাহসী হইল না—পশ্চাৎ ভাগে দাঁড়াইয়া রহিল। মহাদেব পশ্চাৎ ফিরিয়া তাহাকে দেখিয়া অত্যন্ত সন্তুষ্ট হইলেন। কিন্তু তাহার পশ্চাতে দণ্ডায়মান হওয়া মহাদেবের ভাল লাগিল না। তিনি এই বলিয়া বর দিলেন যে, এ ব্যক্তি জাতিতে খুব চালাইবে, কিন্তু পা চলিবে না। বাস্তবিকই মীনারা যে প্রকার অসমসাহসিকতার সহিত চুরি করিতে পারে শুনিলে বিস্মিত হইতে হয়; কিন্তু ইহাদিগের পলাইবার ক্ষমতা নাই। যদি কোন মনুষ্যকে ইহারা দেখিতে পায় ত তৎক্ষণাৎ মাল পরিত্যাগ করিয়া চলিয়া যায়।

ধুন্ধুর রাজ্যস্থ মীনাগণের বর্ত্তমান ব্যবসায় ৪।৫ প্রকার—কৃষি, রাজ-বেতনভোগী হইয়া শান্তিরক্ষণ অর্থাৎ পুলিস-প্রহরী এবং সৈন্যের কাজ করা, তৃতীয়তঃ চুরি, চতুর্থতঃ গৃহনির্ম্মাণাদি শিল্পকার্য্য। মীনাগণের এক সম্প্রদায় চুরি ভিন্ন আর অন্য কোন কাজ করে না। তাহারা যাহাতে কৃষিকার্য্যে অনুরক্ত হয় সেজন্য রাজ হইতে বিশিষ্ট চেষ্টা হইয়া থাকে। বাস্তবিক যখন একটী প্রবলজাতি কোন দেশ জয় করিয়া তদ্দেশবাসিগণের সমস্তই কাড়িয়া লয় তখন তাহাদিগের দাসত্ব বা চুরি ও ডাকাইতি অবলম্বন ভিন্ন আর অন্য কোন উপায় থাকে না। সম্প্রতি এই বৃটিশ জাতির অধীন অষ্ট্রেলিয়া, টাস্মেনিয়া, জামেকা ও বর্ম্মায় যাহা হইতেছে তাহা দেখিয়া লও। পরাজিত জাতিগণ দস্যু, বর্ব্বর, অসভ্য, ডাকাইত ইত্যাদি নামে অভিহিত হইয়া আসিতেছে; কিন্তু এই পৃথিবীর ভূমিতে জন্মের পূর্ব্বে কেহ ঈশ্বরের নিকট হইতে স্বত্ব পাট্টা করিয়া লইয়া আসে না। চিরকালই বলবান দুর্ব্বলকে তাড়াইয়া অথবা জব্দ করিয়া আপনার স্বত্ব স্থাপন করিয়া আসিতেছে। দুর্ব্বলেরা হয় সমস্ত হীনতা স্বীকার করিয়া বশীভূত হইয়া যায়, না হয় বন ও পর্ব্বতে পলাইয়া লুণ্ঠনাদির দ্বারা আপনাদিগের জীবিকা নির্ব্বাহ করে। কখন কখনও বিজেতৃগণের মধ্য হইতে কোনও অসন্তুষ্ট বা উদ্যমশীল সম্প্রদায় ঐ অসভ্যদিগের নেতৃত্ব গ্রহণ করিয়া নূতন রাজ্য স্থাপন করিয়াছে এবং তাহাদিগকে উন্নত ও পরাক্রান্ত করিয়া তুলিয়াছে ইহাও দেখিতে পাওয়া যায়। যদি দাক্ষিণাত্যের রামনী রাজগণের মধ্যে সর্ব্বদা অন্তর্বিবাদ না থাকিত তাহা হইলে মহারাষ্ট্রজাতির ভাবী উন্নতি অসম্ভাবিত হইত, ইতিহাসের প্রতিপত্রে এরূপ উদাহরণ বর্ত্তমান; কিন্তু আমরা এখন ইহার আলোচনা করিতে প্রবৃত্ত নহি। এই রাজপুতানাতেই অনেক রাজপুত মীনাগণের লুণ্ঠন দক্ষতার সাহায্য গ্রহণ করিয়া ধনবান ও ক্ষমতাবান হইয়াছে তাহার ভূরি ভূরি উদাহরণ পাওয়া যায়। আবার জয়পুরে মীনা ও রাজপুতে যে সম্বন্ধ গোয়ালিয়রে রাজপুতে ও মহারাষ্ট্রীয়ে সেই সম্বন্ধ। প্রাচীন রাজপুতগণ তথায় অনেক সময়ে শোণিত প্রবাহ সৃষ্টি করিয়া আপনাদিগের আক্রোশ প্রকাশ করিয়া থাকে। শিবালয় পর্ব্বতের বিখ্যাত মোহন ও কালু নামক দস্যু তদ্দেশীয় পরাজিত পার্ব্বত্যগণের অধিনেতা ভিন্ন আর কেহই নহে। যাহা হউক, বিবিধ কারণে ধুন্ধরে মীনাগণের অবস্থা পূর্ব্বাপেক্ষা এখন অনেক উন্নত হইয়াছে। সমস্ত দুর্গ, ধনাগার, নগরের শান্তিরক্ষণ এই সমস্তই মীনাদিগের হস্তে সমর্পিত। এতদ্ব্যতীত প্রাচীন রাজবংশীয় অনেক মীনা অদ্যাপিও ক্ষমতাপন্ন আছে। ২।৪ থানা করিয়া গ্রাম কোন কোন মীনার অধীনে আজও আছে। সুতরাং ইহারা ভূঞিয়া (ভূমিয়াঁ) শ্রেণীর অন্তর্গত।

নগরে যদি কাহারও কিছু চুরি হয় যে সম্বন্ধে মীনা চৌকিদারগণ জিম্মেওয়ার অর্থাৎ তুমি যদি কোতোয়ালীতে খবর দাও যে গত রাত্রে আমার ৫০০৲ টাকার জিনিষ খোয়া গিয়াছে, তাহা হইলে স্থানীয় চৌকিদারদের উপর ইহার দাবী হইবে। রাজ, চৌকি- দারদিগের বেতন হইতে ঐ ৫০০৲ টাকা তোমাকে দেওয়াইয়া দিবে; অথবা তুমি চৌকিদারদিগের সহিত আপোষে রাজিনামা করিতে পার। কিন্তু চুরিটি যে প্রকৃতই হইয়াছে তাহার প্রমাণ হওয়া আবশ্যক, নতুবা ও সকল কিছুই হইবে না। অনেকে চুরি প্রমাণ করাইতে পারে না, সুতরাং চৌকিদারেরাও বাঁচিয়া যায়। তবে পদস্থ ভদ্র-গৃহস্থের হাকাই প্রমাণ, সুতরাং পদস্থ ভদ্রব্যক্তিই মনে করিলে চোদের উপর বাটপাড়ি করিতে পারে, অন্যে পারে না। প্রায় প্রতিনিয়তই এইরূপ চুরি চলিতেছে, অথচ সমস্ত চোরই যে মীনাজাতীয় তাহা নহে। ব্রাহ্মণ, বেনিয়া, রাজপুত, মুসলমান প্রভৃতি নানা জাতীয় চোর আছে এবং স্বজাতীয় কিম্বা বিজাতীয় অনেক চোরের নিকট মীনা চৌকিদারদিগকে প্রহরী কার্য্যের সময় প্রহারও প্রাপ্ত হইতে হয়, তথাপি মীনা চৌকিদারেরাই যেন চোর দায়ে ধরা পড়িয়াছে। ইহা একটী গভীর মীনা-রহস্য। মীনা চৌকিদারগণ পূর্ব্বে যাহার প্রতি সন্দেহ করিত তাহাকেই ধরিতে পারিত এবং উত্তমরূপে প্রহার দিয়া সদোষ নির্দ্দোষ বাছিয়া লইতে পারিত। কয়েক বৎসর হইতে রাজের হুকুম হইয়াছে যে, বিনা মাল কাহাকেও চোর বলিয়া ধরিতে পারিবে না, এবং চোর বলিয়া ধরিতে পারিলেও পীড়ন করিতে পারিবে না। এই উদার ইংরাজনীতি প্রবর্ত্তিত হইলেও মীনা চৌকিদারগণের জিম্মাওয়ারী যায় নাই। গৃহস্থ যদি ২৫৲ টাকা চুরির জায়গায় ১০০০৲ টাকা চুরি গিয়াছে বলে, তথাপি চৌকিদারগণ সেই হাজার টাকা দিতেই বাধ্য; কারণ কে প্রমাণ করিতে পারিবে যে, গৃহস্থের কেবল ২৫৲ টাকার জিনিষ চুরি গিয়াছে। এক জন পরিব্রাজক বড় মজা করিয়াছিল। তাহার একটী রুদ্রাক্ষের মালা হারাইয়া যায়। সে তাহার দাম লিখাইয়াছে তিন ক্রোড় টাকা। অবশ্য একথা উপহসিতই হইবে। চৌকিদারগণ কি প্রকারে গৃহস্থগণকে চুরির টাকা যোগাইয়া আসিতেছে এবং চোরাদপি চোর অনেক গৃহস্থের চুক্তির দাবী যোগাইয়া আসিতেছে তাহা কিছুই বুঝিতে পারা যায় না। সুতরাং পূর্ব্বোক্ত মীনারহস্য শুধু গভীর নহে, বৈচিত্রপূর্ণও বটে; তাহা পাঠক অনায়াসেই অনুধাবন করিতে পারিতেছেন। কিন্তু একথা মিথ্যা নহে যে অতিরিক্ত দাবিকারক গৃহস্থগণের বাটীতে পরে আর বড় একটা চুরি হয় না। (ক্রমশঃ।)

এডুকেশন গেজেট।

২৪শে আষাঢ় ১৩০০। ইং ৭ই জুলাই ১৮৯৩।

জুরিপ্রথা বিষয়ক।

বাঙ্গালার যে সমস্ত জেলায় এক্ষণে জুরির বিচার প্রচলিত নাই, সেই সমস্ত জেলায় জুরির বিচার প্রচলন দ্বারা উহার প্রসর বৃদ্ধি করা কর্ত্তব্য কি না তদ্বিষয়ে এবং ইতিপূর্ব্বে জুরি কমিসনের দেশীয় সদস্যগণ কর্ত্তৃক নির্দ্দিষ্ট জুরিসংক্রান্ত অন্যান্য আরও কয়েকটি বিষয়ে বাঙ্গাল গবর্ণমেণ্ট তত্তজেলার দায়রার জজদিগের মতামত চাহিয়া পাঠাইয়াছেন।

জুরি কমিসনের সদস্যগণ ফৌজদারী কার্য্যবিধি আইনের ৩০৭ ধারার (অর্থাৎ যে ধারানুসারে জজ ও জুরিতে মতের বিভিন্নতা ঘটিলে জজ মোকদ্দমা হাইকোর্টে সোপরদ্দ করিতে পারেন) কোন কোন স্থল পরিবর্ত্তনের প্রস্তাব করিয়াছেন। জুরিরা কোন মোকদ্দমা সম্বন্ধে আপনাদের মতামত প্রকাশ করিয়া সেইরূপ মতামত প্রকাশের কারণ উল্লেখ করিতে যাহাতে বাধ্য হন, কমিসনের সদস্যগণ ফৌজদারী কার্য্যবিধি আইনের ৩০৩ ধারাটির এরূপ কোন কিছু পরিবর্ত্তনের সাপক্ষে মত প্রদান করেন নাই। যে সমস্ত মোকদ্দমার বিচার বিশেষ জুরি দ্বারা হওয়া উচিত, সেই সমস্ত মোকদ্দমার বিচারের জন্য স্বতন্ত্র বিশেষ জুরি সম্প্রদায় সংগঠিত হয়, কমিসনের ইহা অভিপ্রেত নহে। কমিসনের বিবেচনায় সাধারণ জুরি-সম্প্রদায়ের মধ্য হইতেই প্রয়োজনমত বিশেষ জুরি বাছিয়া লইলেই চলিতে পারিবে। যে সমস্ত মোকদ্দমার রায় প্রকাশ বিষয়ে জুরিগণ একমত হইতে পারেন নাই অথচ জজের সহিতও জুরির অনৈক্য ঘটিতেছে কিন্তু জজ বাহাদুর মোকদ্দমা হাইকোর্টে সোপরদ্দ করা আবশ্যক বলিয়া বুঝিতেছেন না, সেরূপ স্থলে মোকদ্দমার আপীল চলিতে পারিবে, এরূপ ব্যবস্থা কমিসনের অনুমোদিত নহে; কমিসনের বিবেচনায় উল্লিখিত ৩০৭ ধারার তৎকর্ত্তৃক যেরূপ পরিবর্ত্তনের প্রস্তাব করা হইয়াছে, তাহাই কার্য্যে পরিণত হইলে বিচার বিভ্রাট না ঘটিবার পক্ষে উপযুক্ত উপায় হইয়া দাঁড়াইবে।

উল্লিখিত বিষয়গুলির সবিশেষ আলোচনা করিয়া ঐগুলি সম্বন্ধে দায়রার জজগণ আপন আপন মন্তব্য প্রকাশ করিবেন এবং সেই সঙ্গে নিম্নলিখিত আর কয়েকটি বিষয় সম্বন্ধেও তাঁহাদিগের প্রত্যেককে স্ব স্ব মতামত প্রকাশের জন্য অনুরোধ করা হইয়াছে—

(১) ফৌজদারী কার্য্যবিধি আইনের ৩২০ ধারা অনুসারে অবৈতনিক ম্যাজিষ্ট্রেটগণ জুরি অথবা আসেসর হইয়া কার্য্য করিতে বাধ্য নহেন। অবৈতনিক ম্যাজিষ্ট্রেট ব্যতীত আর যে সকল ব্যক্তি উক্তরূপ কার্য্য হইতে এক্ষণে মুক্ত আছেন তাঁহাদিগের মধ্যে কোন কোন শ্রেণীর সরকারী কর্ম্মচারিগণকে অথবা সরকারী কর্ম্মচারী নহেন এরূপ কোন কোন ব্যক্তিকে জুরির তালিকার অন্তর্নিবিষ্ট করা সঙ্গত কি না; (২) জুরিদিগের বিশ্রামাদি করিবার স্থানের ব্যবস্থা, তাঁহাদিগকে পারিশ্রমিক প্রদান এবং মোকদ্দমার নিষ্পত্তি না হওয়া পর্য্যন্ত তাঁহাদিগকে একত্র আবদ্ধ রাখিবার ব্যবস্থা কতদূর যুক্তি সঙ্গত; (৩) যে সকল অপরাধের বিচার এক্ষণে জুরির দ্বারা হইয়া থাকে তদ্ব্যতীত আরও কোন কোন অপরাধের বিচার জুরি দ্বারা হওয়া উচিত কি না এবং বাঙ্গালার যে সকল জেলায় এক্ষণে জুরির বিচার প্রচলিত নাই, সেই সকল জেলায় জুরির বিচার প্রচলিত করা যাইতে পারে কি না; এবং (৪) জুরির বিচারের এইরূপ প্রসর বৃদ্ধি সেসন জজদিগের সঙ্গত বলিয়া বোধ হইলে তাঁহারা প্রত্যেকে স্ব স্ব জেলার জন্য কত জন করিয়া উপযুক্ত ব্যক্তিকে জুরির তালিকার অন্তর্নিবিষ্ট করা আবশ্যক বলিয়া বিবেচনা করেন।

১৮৯২ সালের কলিকাতা ও উপনগর সমূহের পুলিসের কার্য্যবিবরণী।

পূর্ব্ববর্ত্তী দুই বৎসরের তুলনায় উক্ত বৎসর কলিকাতা ও উপনগর সমূহে ফৌজদারী মোকদ্দমার সংখ্যা কিছু কমিয়াছিল। সহরের পুলিস চালানী যতগুলি মোকদ্দমার বিচার হইয়াছিল, তন্মধ্যে শতকরা প্রায় ৯২টি স্থলে এবং সহরতলীর পুলিস চালানী মোকদ্দমা সমূহের বিচারে শতকরা প্রায় ৯৫টিতে আসামী দণ্ড পাইয়াছে। পূর্ব্ববর্ত্তী অন্যান্য অনেক বৎসরাপেক্ষা এবৎসর সঙ্গিন অপ-

কাণ্ডের সংখ্যা অনেক কমিয়াছে এবং সঙ্গিন অপরাধে অপরাধী ব্যক্তিগণকে ধৃত এবং দণ্ডিত করা সম্বন্ধেও বিশেষ কড়াকড়ি করা হইয়াছে। পূর্ব্ববৎসর এতৎসম্বন্ধীয় মন্তব্য প্রকাশস্থলে ছোট লাট বাহাদুর কলিকাতা ও উপনগরস্থ পুলিসের কার্য্যপ্রণালীর অনুকূলে কথা বলিয়াছিলেন। এ বৎসরের কার্য্যেও ছোট লাট বাহাদুর যথেষ্ট হর্ষ প্রকাশ করিয়াছেন।

মিথ্যা মোকদ্দমার সংখ্যা পূর্ব্ববৎসরাপেক্ষা এ বৎসরে সহর ও সহরতলী—উভয় স্থানেই কমিয়াছে এবং পূর্ব্ববৎসর অপেক্ষা অধিকাংশস্থলে মিথ্যা মোকদ্দমাকারীর নিকট হইতে ক্ষতিপূরণের টাকা লইয়া অভিযুক্ত ব্যক্তিকে দেওয়া হইয়াছে। ছোট লাট বাহাদুর ইহাতে সন্তোষপ্রকাশ করিয়া বলিয়াছেন যে, এইরূপ ক্ষতি পূরণ দেওয়াইবার সম্বন্ধে ম্যাজিষ্ট্রেটগণকে যে ক্ষমতা দেওয়া হইয়াছে, ম্যাজিষ্ট্রেটগণ সবিশেষ বিবেচনাপূর্ব্বক যদি সেই ক্ষমতার পরিচালনা করেন তাহা হইলে মিথ্যা মোকদ্দমার সংখ্যা অনেক কমিয়া যায়।

সহরে পূর্ব্ববৎসরে যত টাকা মূল্যের সম্পত্তি অপহৃত হইয়াছিল এ বৎসরে তদপেক্ষা কম টাকা মূল্যের সম্পত্তি অপহৃত হইয়াছে, এবং অপহৃত সম্পত্তির পুনরুদ্ধার পূর্ব্ববর্ত্তী দুই বৎসরাপেক্ষা এ বৎসরে বেশী হইয়াছে। ১৮৯০ সালে শতকরা প্রায় ৫৮ টাকা এবং ১৮৯১ সালে শতকরা কিঞ্চিদধিক ৫৮ টাকা মূল্যের সম্পত্তির পুনরুদ্ধার হইয়াছিল, কিন্তু এবৎসরে শতকরা কিঞ্চিদধিক ৭২ টাকা মূল্যের অপহৃত সম্পত্তি পুনরুদ্ধৃত হইয়াছে।

উক্ত বৎসর সহরে ৬টি এবং সহরতলীতে ৪টি খুনি মোকদ্দমার বিচার হইয়া গিয়াছে। সহরের ৬টি মোকদ্দমার মধ্যে ৪টিতে আসামীদিগের ফাঁসী হইয়াছে, ১টিতে আসামী খালাস পাইয়াছে এবং অবশিষ্টটিতে আসামী পাগল প্রমাণিত হওয়ায় তাহাকে পাগলা গারদে রাখা হইয়াছে। সহরতলীতে ৪টি খুনি মোকদ্দমা উপস্থিত হয়; তন্মধ্যে দুইটিতে খুনী আসামীদিগের কোনই অনুসন্ধান পাওয়া যায় নাই, ১টিতে আসামীর ফাঁসী হইয়া গিয়াছে এবং অবশিষ্টটি স্থলে আসামী পাগল প্রমাণিত হওয়ায় তাহাকে এখনও জেলে রাখা হইয়াছে। পুলিস চালানী নয় এরূপ মোকদ্দমার সংখ্যা সহরে পূর্ব্ববৎসরাপেক্ষা এবৎসরে কমিয়াছে কিন্তু মিউনিসিপ্যাল আইনের মোকদ্দমা বৃদ্ধি পাওয়ায় সহরতলীতে উহার সংখ্যা কিছু বাড়িয়াছে।

১৮৮৬ সাল হইতে আরম্ভ করিয়া পাঁচ বৎসরে সহর ও সহরতলীতে গড়ে ৯০ জন লোক আত্মহত্যা করিয়াছে। ১৮৯১ সালে ৬৬ জন ঐরূপ আত্মহত্যা করিয়াছিল। এ বৎসর অর্থাৎ ১৮৯২ সালে ৮৭ জন আত্মহত্যা করিয়াছে। আত্মহত্যাকারীদিগের মধ্যে শতকরা ৮৭ জন হিন্দু। গাড়ী ঘোড়া চাপা পড়িয়াও ৩০৮ জন লোকের মৃত্যু হইয়াছে; পূর্ব্ব বৎসর এই কারণে ২৭৬ জনের মৃত্যু ঘটিয়াছিল।

কলিকাতা ও উপনগর সমূহের পুলিসে ১৮৯১ সালের ন্যায় উক্ত বৎসরও সর্ব্বশুদ্ধ ২ হাজার ৮৭৩ জন লোক নিযুক্ত ছিল। ইহার মধ্যে অধস্তন পুলিসে বাঙ্গালীর সংখ্যা ১৬৮ এবং উত্তর-পশ্চিম প্রদেশীয়ের সংখ্যা ১ হাজার ৯৩৬ জন। দেশীয় কর্ম্মচারীদিগের মধ্যে বাঙ্গালীর সংখ্যাই বেশী। পুলিসের ব্যয় উক্ত বৎসরে ৬ লক্ষ ৩০ হাজার ৭৬৭ টাকা হইয়াছিল; তৎপূর্ব্ব বৎসরে হইয়াছিল ৬ লক্ষ ২২ হাজার ২৫৪ টাকা।

অবৈতনিক ম্যাজিষ্ট্রেটদিগের কার্য্য বড়ই ভাল হইয়াছে বলিয়া বর্ত্তমান ছোট লাট বাহাদুর স্যর এণ্টনি ম্যাকডনেল তাঁহাদিগকে সাধুবাদ প্রদান করিয়াছেন।

বর্ণমালা।

বর্ত্তমান মাসের 'জন্মভূমি' নামক মাসিক পত্রিকায় 'বর্ণমালা' বিষয়ে একটি প্রবন্ধ লিখিত হইয়াছে। প্রবন্ধটির প্রায় সমগ্র স্থলই আমাদিগের অনুমোদিত হওয়ায় উহাকে উপলক্ষ করিয়া বর্ণমালা সম্বন্ধে স্থূল স্থূল কয়েকটি কথা আমাদিগের পাঠকবর্গের অবগতির জন্য নিম্নে বিবৃত করা যাইতেছে—

বাঙ্গালা ব্যাকরণ ও বর্ণপরিচয় পুস্তকসমূহে শিক্ষার্থি শিশুগণকে বর্ণশিক্ষা দিবার জন্য আজকাল নানারূপ প্রণালী অবলম্বিত হইতেছে। যাঁহার যেরূপ অভিরুচি হইতেছে তিনি সেইরূপই করিতেছেন।

এ যাবৎ উল্লিখিতরূপ যতগুলি পুস্তক সঙ্কলিত হইয়াছে প্রায় সকলগুলিতেই ঋ ও ৯ কার বর্ণমালা মধ্য

হইতে পরিত্যক্ত হইয়াছে, অং ও অঃ এই দুই বর্ণ অনুস্বার ও বিসর্গরূপে ব্যঞ্জনবর্ণে সম্বদ্ধ করা হইয়াছে। এতদ্ভিন্ন ড়, ঢ়, য়, ও ৎ এবং কেহ কেহ কেও স্বতন্ত্র ব্যঞ্জনস্বরূপে গণ্য করিয়াছেন এবং সংযুক্তবর্ণ বলিয়া ক্ষ কেও বর্ণমালা হইতে পৃথক করিয়া দিয়াছেন। বাঙ্গালা বর্ণমালা বিন্যাস করিবার সময় উল্লিখিতরূপ বাঙ্গালাগ্রন্থকর্ত্তৃগণ সকলেই যে বর্ণমালার মূলতত্ত্ববিষয়ে অনুধাবন করিয়া ওরূপ করিয়াছেন তাহা নহে। বর্ণমালা রহস্যের উদ্ভেদ করিবার উপযুক্ত অভিজ্ঞতা তাঁহাদের মধ্যে অনেকেরই নাই। ফলকথা, একজন যে পথ অবলম্বন করিয়া গিয়াছেন, দেখাদেখি আর পাঁচ জনেও সেই পথের অনুসরণ করিয়াছেন মাত্র। বর্ণমালার মূলতত্ত্ব বিষয়ে বোধ ও ভক্তি থাকিলে উহার ঐরূপ যথেচ্ছব্যবহার কেহ করিতেন না, বা কাহার করিতে প্রবৃত্তি হইত না।

অকারাদি ক্ষকারান্ত—সমুদয়ে পঞ্চাশৎ বর্ণ সংস্কৃত বর্ণমালার অন্তর্গত, কিন্তু তন্ত্রশাস্ত্রোক্ত মাতৃকান্যাসে হ ও ক্ষ এই উভয়বর্ণের মধ্যে ল আর একটি স্বতন্ত্র বর্ণ দেখিতে পাওয়া যায়। বস্তুতঃ, কোন কোন দেশের ভাষায় উক্ত 'ল'য়ের ভিন্ন উচ্চারণ ও ভিন্ন আকৃতি আছে এবং উহা তন্ত্রশাস্ত্রেরও সঙ্কেতবোধক বটে, কিন্তু আর কোন সংস্কৃত গ্রন্থের মধ্যে উহার কোনরূপ অস্তিত্বের পরিচয় পাওয়া যায় না।

বাঙ্গালা ভাষায় ৠ ও ৯ কারের প্রচলন বিষয়ে জন্মভূমির প্রবন্ধ লেখক অন্যান্য কথা মধ্যে বলিয়াছেন—"বঙ্গ ভাষায় ব্যবহার নাই দেখিয়া ৠ এবং ৯ কে এখনকার বর্ণপরিচয়াদির মধ্যে স্থান দেওয়া হয় নাই। আমাদের বোধ হয় উক্ত বর্ণদ্বয়কে বর্ণমালার মধ্যে না লইলে বর্ণমালার সম্পূর্ণতা হয় না। আজ কাল বাঙ্গালা ভাষাতেও নানা কথার আলোচনা হইয়া থাকে; তাহাতেও তন্ত্রাদির প্রসঙ্গে কখন কখন ৠ এবং ৯ কারেরও ব্যবহার হইয়া থাকে। আমার বিবেচনায় বর্ণমালার শিক্ষাপ্রদ-গ্রন্থপ্রণেতা এবং (সরকারী নব্য) গুরু মহাশয়দিগেরও এই পন্থা অবলম্বন করা উচিত। ৠ ৯ বর্ণদ্বয়কে উঠাইয়া না দিয়া ঐ দুই বর্ণের স্বরূপ প্রদর্শন করাই তাঁহাদিগের কর্ত্তব্য।" প্রবন্ধলেখকের এই কথাগুলি আমাদিগেরও অনুমোদিত। হিন্দুর যে কোন বিষয়ই বল সকলই শাস্ত্রমূলক, সুতরাং সকলের মধ্যেই দুইটি ভাব পরস্পর অনুস্যূত থাকে—একটি লৌকিক, অপরটি পারমার্থিক। বর্ণমালার যথেচ্ছ ব্যবহারে উহার সেই পারমার্থিক ভাবটুকু বিনষ্ট হয়। পারমার্থিক ভাব ঘুচাইয়া কেবল মাত্র লৌকিক ভাবে কোন বিষয় নিবদ্ধ রাখা হিন্দুর জাতীয় প্রকৃতির একান্ত বিরোধী; সুতরাং সুপবিত্র মাতৃকাবর্ণের উল্লিখিত যথেচ্ছ ব্যবহাররূপ সংস্কার সাধনের প্রয়াস আমাদিগের নিকট অতি হেয় বলিয়াই বোধ হয়। যাহা জাতীয় প্রকৃতির বিরোধী তাহা কখনই স্থায়ী হইতে পারে না। বর্ণমালা লইয়া যিনি যেরূপই যথেচ্ছ ব্যবহার করুন না, কিছুই স্থায়ী হইবে না; যেটি জাতীয় প্রকৃতির অনুকূল, ঘুরিয়া ফিরিয়া শেষে আবার সেইটিই আসিয়া দাঁড়াইবে। এই সকল কারণে আমাদিগের বিবেচনায় বর্ণমালা সম্বন্ধে কোথাও কোনরূপ ব্যতিক্রম না ঘটাইয়া অবিকৃতভাবে বাঙ্গালা ব্যাকরণ ও বর্ণপরিচয় গ্রন্থসমূহমধ্যে উহার প্রবর্ত্তন করাই সৎপরামর্শসিদ্ধ।

জপমালার মেরু যেরূপ, বর্ণমালার ক্ষ সেইরূপ। মেরু না থাকিলে যেমন জপ মালাই সিদ্ধ নয়, বর্ণমালা হইতে ক্ষ বাদ দিলে বর্ণমালাও সেইরূপ অসিদ্ধ, অসম্পূর্ণ থাকিয়া যায়।

কুর্য্যাদ্বর্ণময়ীং মালাং সর্ব্বতন্ত্র প্রকাশিনীং
চরমার্ণং মেরুরূপং লঙ্ঘনং নৈব কারয়েৎ
তন্ত্রসার।

অনুলোমবিলোমেন ক্লিপ্ত্বা বর্ণমালয়া।
আদি লান্ত আদি আন্ত জপেন পরমেশ্বরী।
ক্ষকারং মেরুরূপঞ্চ লঙ্ঘয়েন্ন কদাচন।
মুণ্ডমালাতন্ত্র।

অকারাদি ক্ষকারান্ত ৫১টি বর্ণ তন্ত্রশাস্ত্রোক্ত। নন্দন ভট্টাচার্য্য বিরচিত বর্ণাভিধান গ্রন্থে এই ৫১টি বর্ণেরই স্বরূপ ব্যাখ্যাত হইয়াছে। তন্ত্রে ৫১টি বর্ণের প্রয়োজনীয়তা থাকিলেও অপরাপর সংস্কৃত গ্রন্থ মধ্যে পঞ্চাশৎ বর্ণই প্রচলিত। এই পঞ্চাশৎ বর্ণ লইয়াই সংস্কৃত বর্ণমালা। অনেকানেক সংস্কৃত পুস্তকাদি যখন বাঙ্গালা বর্ণমালাতেই লিখিত আছে এবং লিখিত হইয়া থাকে তখন কেবল বাঙ্গালা ভাষা শিক্ষার জন্যই বাঙ্গালা বর্ণমালার প্রয়োজনীয়তা, ইহা না বুঝিয়া বাঙ্গালা বর্ণমালার মধ্যেই সংস্কৃত বর্ণমালার স্বরূপ যথাযথ শিক্ষা দেওয়াই বিধেয়।

বস্তুতঃ, আজ কালের বাঙ্গালা ভাষার মধ্যে সংস্কৃত শব্দের যেরূপ

বহুল প্রচলন হইতেছে তাহাতে বাঙ্গালা বর্ণমালা শিক্ষাস্থলে সংস্কৃত বর্ণমালার স্বরূপ শিক্ষা দেওয়াই উচিত। বাঙ্গালা ভাষা মধ্যে সংস্কৃত শব্দের বহুল প্রচলন বলিয়াই জন্মভূমির প্রবন্ধ লেখকের ন্যায় আমাদেরও বিবেচনায় সংস্কৃত হইতে অবিকল গৃহীত শব্দগুলি অবিকৃতভাবে রক্ষা করিতে পারিলেই বাঙ্গালা ভাষা ও বাঙ্গালা বর্ণমালার বিশুদ্ধতা রক্ষিত হইবে। বাঙ্গালা ভাষায় অনেকানেক শব্দ সংস্কৃত হইতে গৃহীত বলিয়াই ঐ সকলের বর্ণবিন্যাসে যথেচ্ছ বর্ণ ব্যবহার করা যাইতে পারে না। যে কথার যেরূপ বানান তাহা অবিকৃত রাখাই আবশ্যক, আর সেই অবিকৃত রাখাই বাঙ্গালা ভাষার বিশুদ্ধতা।

যাহার কোন অর্থ নাই এরূপ বিষয় অতি শিশুদিগকে শিখান সর্ব্বথা অনুচিত—ইউরোপীয় শিক্ষাদান প্রণালীর এই অভিনব সূত্রটি প্রকৃতপ্রস্তাবে যে নিতান্তই অকিঞ্চিৎকর ও হেয় সে পক্ষে আর সন্দেহ নাই।

১২৯৩ সালের বাঙ্গালার পাটের উৎপত্তি বিষয়ক প্রথম আভাস।

বর্ত্তমান বর্ষে জানুয়ারি মাস হইতেই প্রচুর পরিমাণে বৃষ্টি হইতে আরম্ভ হইয়াছে। প্রথম প্রথম বৃষ্টিতে পাটের পক্ষে উপকার দর্শিয়াছিল, কিন্তু মে মাসের বৃষ্টিতে অনেকটা অপকার হইয়াছে। অনেকগুলি জেলায় এই বৃষ্টির কারণেই সমগ্র-ভূমিতে পাট বোনা হইতে পায় নাই। অধিকন্তু কোন কোন নিম্ন ভূমিতে বীজ পচিয়া যাওয়ায় আদৌ অঙ্কুরই হয় নাই। জুন মাসের প্রথমার্দ্ধেও প্রচুর পরিমাণে বৃষ্টিপাত হইয়াছিল।

যে জেলাগুলিতে পাট রীতিমত জন্মিয়া থাকে তন্মধ্যে একমাত্র কেবল ঢাকা ভিন্ন আর সর্ব্বত্র মোট কিঞ্চিদধিক ৫৮ লক্ষ ৬৩ হাজার বিঘা ভূমিতে পাটের চাষ হইয়াছে। পূর্ব্ববৎসরে প্রায় ৫৮ লক্ষ ৯৫ হাজার বিঘাভূমিতে উহার চাষ হইয়াছিল। গত বৎসর পাটের দর চড়িয়াছিল বলিয়াই এ বৎসর ২৪ পরগণা, খুলনা, দিনাজপুর, রংপুর, পাবনা, ত্রিপুরা, ও পূর্ণিয়া জেলায় অপেক্ষাকৃত অধিক পরিমাণ ভূমিতে পাটের আবাদ করা হইয়াছে। কটক, বালেশ্বর, মেদিনীপুর, নদীয়া, যশোহর, রাজসাহী ও ফরিদপুর—এই কয়টি জেলায় পাট অপরাপর জেলা অপেক্ষা একে ত কম পরিমাণেই জন্মিয়া থাকে, তাহাতে আবার এ বৎসরে বীজবপন কালীন অতিরিক্ত বৃষ্টি হইতে থাকায় যতটা জমিতে অন্যান্য বৎসর পাটের চাষ হইয়া থাকে তদপেক্ষা অনেক কম জমিতে এবারে উহার চাষ হইয়াছে। ময়মনসিংহ ও যশোহর জেলায় ধান ও তিলের চাষ কিছু বেশী হওয়ায় পাটের চাষ অন্যান্য বৎসরাপেক্ষা এবারে কিছু কম হইয়াছে।

মে মাসের অত্যধিক বারিবর্ষণে পাটের চাষের পক্ষে ব্যাঘাত ঘটিলেও জুন মাসের ১৫ই নাগাইৎ মোটের উপর পাটের উৎপত্তি সুবিধাজনক বলিয়াই সংবাদ পাওয়া গিয়াছে। সমগ্র বাঙ্গালার জেলাগুলিতে যে পরিমাণ পাট জন্মিয়া থাকে তাহার শতাংশের সাতাশী অংশ, ময়মনসিংহ দিনাজপুর, ত্রিপুরা, পাবনা, রাজসাহী, রংপুর, ফরিদপুর, বোগরা, জলপাইগুড়ি ও পূর্ণিয়া—কেবল এই দশটি জেলাতেই উৎপন্ন হইয়া থাকে। একমাত্র ফরিদপুর ভিন্ন অপর ৯টি জেলায় পাট গড় উৎপদ্যমান অংশের ১৪ হইতে ১৭ আনা রকম হইবে বলিয়া অনুমান করা হইয়াছে। এপ্রেল ও মে মাসের বৃষ্টি বাদলে ফরিদপুরে পাটের অনেক অনিষ্ট হইয়াছে।

আর দুই মাস না কাটিয়া গেলে পাটের উৎপত্তি বিষয়ে ঠিক করিয়া কিছু বলা যাইতেছে না; তবে ইহা বুঝা যায় যে, গত বৎসর পাট যেরূপ জন্মিয়াছিল এ বৎসরে যদি তাহা অপেক্ষা ভাল নাও হয়, তবে অন্ততঃ সমানও হইতে পারিবে।

আদমসুমারির বিজ্ঞাপনী।

(প্রাপ্ত)

(১)

সুবা বাঙ্গালায় ১৮৭২, ১৮৮১ ও ১৮৯১—এই তিন বৎসরে তিনবার জনসংখ্যা স্থির করা হয়। আদমসুমারির ফল কোন দেশেই একেবারে নির্ভুল হয় না। এখানেও আদমসুমারি নির্ভুল নহে। ভুলের কারণ অনেক। প্রথমতঃ গণনার সময় কোন কোন স্থানই হয়ত বাদ পড়িয়া যায়। তাহাতে অনেক লোকের গণনা হয় না; দ্বিতীয়তঃ, অনেকে ঠিক কথা লেখাইতে চায় না। হয়ত কাগজই হারাইয়া গেল। ইহার উপর আবার বিশেষ তাগাদা হেতু খতিয়ান প্রস্তুত করার সময়ে অল্পবেতন ভোগী ঠিকা কর্ম্মচারীদিগের গোঁজা মিলান আছে। যাঁহারা কখন বড় বড় জরিপের কার্য্য দেখিয়াছেন, তাঁহারা জানেন যে, মোট জমির শেষ মিল কিরূপে

হইয়া থাকে। যখন কোটি কোটি লোকের হিসাব ৫০।৬০ রকম তালিকায় ওরূপ তাড়াতাড়িতেও চারি দিক দিয়া ঠিক দেওয়ায় সমষ্টি মিলিয়া যায় তখন অবশ্যই কিছু কৌশল থাকে। কিন্তু যে রকমে যতই ভুল হউক আদমসুমারির হিসাব হইতে সকল বিষয়েরই মোটামুটি ঠিকানা পাওয়া যায়। সকলেরই বিশ্বাস, এ দেশের আদমসুমারির ফলে ক্রমশঃই বাদ সাদ, ভুল এবং গোঁজামিল কমিতেছে। তবে প্রতি বারেই একই নিয়মে এবং একই প্রকার উপদেশানুসারে গণনা করিলে যেমন তুলনার সুবিধা হইত তাহা হইতেছে না। কর্ত্তৃপক্ষীয়েরা বিলাতের অবলম্বিত নূতন নূতন ধরণ অনুসারে অথবা অন্য কোন বিবেচনায় ১৮৮১ অব্দের অপেক্ষা ১৮৯১ অব্দের আদমসুমারীতে নূতন ধরণের উপদেশ দিয়াছিলেন। তাহার ফলে ব্যবসায় ও ধর্ম্ম সম্বন্ধে পূর্ব্ব পূর্ব্ব আদমসুমারির সহিত সাধারণতঃ তুলনা করিবার অসুবিধা বোধ হইতে পারে এবং কাহার কাহার সে জন্য এবারের আদমসুমারি সম্বন্ধে ভ্রমও হইতেছে। কিন্তু বিশেষ মনঃপূর্ব্বক বিজ্ঞাপনীগুলি দেখিলে ভ্রমের অনেকটা নিরাকরণ হইতে পারে।

ব্রহ্ম বাদ দিয়া বাঙ্গালা, বিহার, উড়িষ্যার জনসংখ্যা "লক্ষের" অঙ্কে নিম্নে প্রদর্শিত হইতেছে।

	হিন্দু	মুসলমান	খৃষ্টান	অন্যান্য	মোট
১৮৭২	৩৯৯	২০৪	·৯২	২৬	৬২৯
১৮৮১	৪৩২	২১৪	১·২৭	২০	৬৬৭
১৮৯১	৪৫২	২৩৪	১·৯০	২৬	৬১৩

এই "অন্যান্যের" মধ্যে ২২ লক্ষ ৯৪ হাজার অর্থাৎ প্রায় ২৩ লক্ষ লোককে এবারে জন্তু উপাসক (Animistic) বলা হইয়াছে। অন্য বারেও অহিন্দু আদিমদিগকে "অন্যান্যের" ভিতরই দেখান হইয়াছিল। উহাদের লইয়া আদমসুমারিতে অনেক গোল হয়। আদিমেরা হিন্দুত্ব প্রাপ্ত হইবার পথে এরূপ ভাবে অবস্থিত যে অনেককেই হিন্দু অথবা অহিন্দু তর্কদ্বারা যাহা ইচ্ছা বলা যায়। যাহাতে হিন্দুর ছায়া কতকটা পড়িয়াছে তাহাকে হিন্দু বলাই উচিত; কিন্তু সকল গণনাকারীর সমান বুদ্ধি নাই এবং সকল বারের উপদেশও একরূপ নহে। এই জন্যই অন্য জাতীয়ের পর পর বারে বৃদ্ধি দেখিতে পাওয়া যায়, কিন্তু আদিমপ্রধান "অন্যান্যের" মধ্যে কমি বেশীর নিয়ম দেখিতে পাওয়া যায় না। "পয়গম্বর কে মান কি না?" "খৃষ্টকে মান কি না" এই দুই প্রশ্নে মুসলমান ও খৃষ্টান যেমন একেবারে পৃথকভূত হইয়া পড়ে, আদিমধর্ম্মী ও হিন্দু মধ্যে সেরূপ এক কথায় পার্থক্য স্থির হয় না। তজ্জন্য যেরূপ গোলমাল হয় উদাহরণ দ্বারা তাহা সুস্পষ্ট করা যাইতেছে;—

১৮৮১ অব্দের গণনায় সিংভূমে হিন্দুর সংখ্যা ৪৪৭৮১০ ছিল, ১৮৯১ অব্দে ২৩০৯৯৯ দেখা যাইতেছে।

১৮৮১ অব্দে আদিম প্রভৃতি "অন্যান্যের" মধ্যে ৬৪৮ মাত্র দেখান হইয়াছিল। এবারে আদিম বা জন্তু উপাসকই ৩০৬২১০ জন। জৈন, শিখ প্রভৃতি তাহার অন্তর্গত নহে। গণনার ধরণের উপরে এক জেলাতেই এমনি ২।৩ লক্ষের পরিবর্ত্তন হয়। ফলতঃ ছোটনাগপুর বিভাগের মোট লোকসংখ্যা ১৮৮১ অব্দে ৪২ লক্ষ হইতে ১৮৯১ অব্দে ৪৬ লক্ষ হইতেছে; কিন্তু হিন্দুর সংখ্যা ৩১ লক্ষ ৮৭ হাজার হইতে ৩১ লক্ষ ৫ হাজার মাত্র দাঁড়াইল। হিন্দুরা ধর্ম্ম পরিবর্ত্তন করিয়া জন্তু উপাসক আদিমাবস্থ হয় নাই; অন্য সকল ডিভিজানে বৃদ্ধি পাইলেও ছোটনাগপুরে হিসাবের ফেরফারেই কমিয়া গিয়াছে।

খাস বাঙ্গালার ভিতরেও গণনা সম্বন্ধে ঐরূপ ব্যাপার দেখা যায়;—

	১৮৮১ অব্দে মোট অন্যান্য	১৮৯১ অব্দে জন্তু উপাসক
মালদহ	১১৩৪	২১০৩৪
বগুড়া	৪	২০০০
মুরশিদাবাদ	৪৭৭	৯৩০৪
বীরভূম	১৪৪৪৯	৩৪২৮৯
দিনাজপুর	১৪৩৫	১০৬৯৪

পক্ষান্তরে পূর্ণিয়াতে ২ জন মাত্র জন্তু উপাসক এবারে দেখান হইয়াছে। ১৮৮১ অব্দে তথায় ৬৭৯ জন কোল দেখান হইয়াছিল। নদীয়াতে ১৮৮১ অব্দে একজন মাত্র আদিম দেখান হইয়াছিল। এবারে একজনও নাই; কিন্তু সমীপস্থ যশোহরে পূর্ব্ববারে কিছুই ছিল না, এবারে ১০৮ জন জন্তু উপাসক দেখা যাইতেছে। ধাঙ্গড়, মেথর, কুলি, কুঠির, কুর্ম্মি, কোইরি প্রভৃতি বুনো মজুর প্রভৃতির বিষয়ে বিভিন্ন সময়ে বিভিন্ন স্থানে বিভিন্ন লোকের এমনিই মতভেদ।

এবারের আদমসুমারি হইতে জানা যায়, যদিও সুবাবাঙ্গালায় মোট হিন্দুর সংখ্যা মুসলমানের প্রায় দ্বিগুণ তথাপি বিগত দশ বৎসরে উভয়েরই বৃদ্ধির পরিমাণ ২০ লক্ষ অর্থাৎ হিন্দুর বার্ষিক শতকরা বার্ষিক ½ হিসাবে ও মুসলমানের শতকরা বার্ষিক ১ হিসাবে বৃদ্ধি হইয়াছে। ঢাকা বিভাগে মুসলমানের বৃদ্ধি ৫৫ লক্ষ হইতে ৬৪ লক্ষ হইয়াছে, অর্থাৎ প্রায় শতকরা বার্ষিক ১½ জন বাড়িয়াছে; তন্মধ্যে আবার বাকরগঞ্জ ও ময়মনসিংহে যেখানে মুসলমানের সংখ্যা হিন্দুর দ্বিগুণ সেখানে বৃদ্ধির সংখ্যাও সর্ব্বাপেক্ষা অধিক। বাকরগঞ্জে মুসলমানের বার্ষিক বৃদ্ধি হাজারকরা ১৮জন। ঐ জেলায় অজন্মা প্রায়ই হয় না এবং ও অঞ্চলে প্রজাও স্বচ্ছল অবস্থাপন্ন। কিন্তু সেখানেও হিন্দুর প্রজাবৃদ্ধি মুসলমানের তুল্য নহে, হাজারকরা বার্ষিক ৯ জন মাত্র। নিবিড়প্রজ ম্যালেরিয়াপ্রধান বর্দ্ধমান ডিবিজানে হিন্দুর সংখ্যা ৬২ লক্ষ ৮ হাজার হইতে ৬৩ লক্ষ ২৯ হাজার হইয়াছে। মুসলমানের সংখ্যা ঐ দশ বৎসরে ৯ লক্ষ ৫৭ হাজার হইতে ৯ লক্ষ ৯৯ হাজার হইয়াছে, অর্থাৎ বৃদ্ধির পরিমাণ বার্ষিক হাজার করা—যথাক্রমে ৩ এবং ৪ জন মাত্র।

পূর্ব্ব অঞ্চলে হিন্দুর অপেক্ষা মুসলমানের সংখ্যা অধিক। ম্যালেরিয়া ও অজন্মার প্রতাপ কম বলিয়া সেই দিকেই প্রজাবৃদ্ধি অধিক হইয়াছে। পশ্চিমাঞ্চলে অর্দ্ধ হিন্দুদিগের সংখ্যা অধিক। সে দিকে তাহাদের অনেকে হিন্দু তালিকার বাহিরে গিয়াছে। কিন্তু কি হিন্দুপ্রধান বর্দ্ধমান ডিবিজান, কি মুসলমান প্রধান ঢাকা ডিবিজান, উভয় স্থলেই মুসলমানবৃদ্ধির হার হিন্দুবৃদ্ধির অপেক্ষা অধিক দেখা যায়। ইহার কারণ কি? লক্ষ লক্ষ হিন্দু মুসলমান ধর্ম্ম গ্রহণ করিতেছে মনে করিবার কারণ নাই। হিন্দুর ছেলে হিন্দু হইতেছে, মুসলমানের ছেলে মুসলমান হইতেছে। কদাচিৎ দু একজন হিন্দু ভ্রষ্টাচার নিবন্ধন জাতিচ্যুত হয় মাত্র। তবে কি মনে করিতে হইবে যে বঙ্গ প্রদেশে সাধারণ প্রজার এমন অবস্থা আসিয়াছে যাহাতে মুসলমান ধর্ম্মের গুণে জোট বাঁধিতে পারায় উহারা হিন্দু প্রজা অপেক্ষা স্বচ্ছল অবস্থাপন্ন থাকিতে এবং তজ্জন্য অপেক্ষাকৃত অধিক হারে বর্দ্ধিত হইতে পারে? জমিদারীর গোমস্তাদিগের মুখে কখন কখন শুনা যায় বটে "এখনকার মুসলমান প্রজা দলবদ্ধ। জমি জরিপ করিতে দেয় না"। এই উপলক্ষে প্রথম আদম সুমারি সম্বন্ধ

একটি গল্পও মনে পড়িল। সেবারে নাকি সেন্সাস আফিসের কোন বাবু কাহার নিকট বলিয়াছিলেন, "শ্রিডিউল বহি পরিপূরণ করিবার সময় মুসলমানের ঘরে অঙ্কপাতকরায় অনেক সুবিধা। হিন্দুর ঘরে অঙ্কপাত করিতে হইলে তৎক্ষণাৎ আবার জাতির ঘরে অঙ্কপাত করিতে হয়। নানান্ নট্ খটি। তার চেয়ে না হয় দু জন মুসলমান বাড়িয়া গেল।" ১৮৯১ অব্দের গণিয়ানে অবশ্য সেরূপ হয় নাই; কিন্তু এবারে জাতির মধ্যে শ্রেণী থাক পভৃতি বাড়িয়া হিন্দুর বুত্তান্তে "নট খটি" বুকি পাইয়াছিল; সে কমে নাই। খাস বাঙ্গালায় ১৮৮১ অব্দে ১ কোটি ৭২ লক্ষ হিন্দু এবং ১ কোটি ৭৮ লক্ষ মুসলমান ছিল। ১৮৯১ অব্দে ১ কোটি ৮০ লক্ষ হিন্দু এবং ১ কোটি ৯৫ লক্ষ মুসলমান পাওয়া গিয়াছে।

বাঙ্গালার করদ রাজ্যগুলিতে ১৫২২ জন খৃষ্টান। সুবাবাঙ্গালার ইংরাজাধিকারে খৃষ্টানের সংখ্যা নিম্নে দেখান যাইতেছে।

	১৮৭২	১৮৮১	১৮৯১।
মোট খৃষ্টান	৯১৩৩১	১২৭৪১২	১৯০৮১১
ছোটনাগপুর ডিভিজানে	১৫৭৯৮	৪০৩১৩	৮৯৬৫৪
তন্মধ্যে লোহার ডাগায়	১২৭৮১	৩৬২৮১	৮২৩৬৯
কলিকাতা	২১৩৫৬	৩০৪৭৮	২৮৯৯৭
২৪ পরগণা	১৩৭৬৭	১৯২৮	১২৯৮২
ঢাকা	৭৮৪৪	৮৭৯৯	১০২৭৭
নদীয়া	৫৯৭৭	৬৪৪০	৭২৯৭
সাঁওতাল পরগণা	৩৯২	৩০৫৭	৫৯৪৩
পাটনা	২৭০৫	২৫৮৮	২৮৩৩
বাকরগঞ্জ	৪৮৫২	৩৭১৭	৪৬৫৯
ফরিদপুর	৫৬৩	২৭৪১	৩৫৩৯
ছাপরেণ	২৩০৭	১৯৩৬	২১০০
চট্টগ্রাম	১০৮৪	১০৫৫	১১৯১
হাবড়া	২৫৮৩	২০৪১	২০৭২
হুগলী		৬৫৫	৬৩৩

উপরের লিখিত তালিকা হইতে দৃষ্ট হইবে যে ২০ বৎসরে খৃষ্টানের সংখ্যা প্রায় এক লক্ষ বর্দ্ধিত হইয়াছে; তন্মধ্যে বার আনা অংশ ছোটনাগপুরের এলাকার। আবার তন্মধ্যে আবার একমাত্র লোহারডাগাতেই ৭০ হাজার বৃদ্ধি। সাঁওতাল পরগণায় বৃদ্ধি ৫৯ হাজার। পাটনা ও চট্টগ্রামে যে সামান্য বৃদ্ধি তাহা খৃষ্টান প্রজার বংশ বৃদ্ধি অনুসারেই হইতে পারে। হাবড়া হুগলীতেও তদ্রূপ। ফরিদপুরে অনেক পরিমাণে এবং ঢাকাও নদীয়াতে কিছু কিছু কৃতখৃষ্টান-হওয়া উপলব্ধি হয়।

বিবাহিতদিগের তালিকা হইতে দেখা যায় যে খাস বাঙ্গালার খৃষ্টানদিগের মধ্যে ৯ এবং অন্যূন বর্ষ বয়সের ৩২টি বালক এবং ৮৭টি বালিকা ১৮৮১ অব্দে বিবাহিতাবস্থায় পাওয়া গিয়াছিল। ১৮৯১ অব্দে ৫ হইতে ৯ বৎসর পর্য্যন্ত বয়সের মধ্যে ৩৭টি বালক এবং ১২১টি বালিকা বিবাহিতাবস্থায় পাওয়া যায়। কিন্তু এতদ্ভিন্ন ৫ বৎসরের ন্যূন বয়সের ৭৭টি বালক এবং ১০টি বালিকা পাওয়া যাইতেছে। খাস বাঙ্গালায়—ভাগলপুর বা ছোট নাগপুর বিভাগে যেখানে কোল সাঁওতালের নূতন খৃষ্টধর্ম্মপরিগ্রহ, তথাকার ৬৬টি বালক বালিকার কথা উল্লেখ করা যায় নাই। খাস বাঙ্গালারখৃষ্টীয়ানদিগের মধ্যে এরূপ বালাবিবাহের বৃদ্ধি কেন হইল কে বলিবে? ৫ বৎসরের ন্যূন বয়সে বিবাহিত বালকের সংখ্যা ঐরূপ বয়সের বিবাহিতা বালিকাদিগের মোট সংখ্যার ৭॥ গুণ হওয়াতেই বা কিরূপ সামাজিক অবস্থা বুঝায় তাহা প্রগাঢ় সমাজ তত্ত্ববিদ, দেশীয় বিদেশীয় পণ্ডিতাগ্রগীগণই বুঝিয়া দেখিবেন।

সাপ্তাহিক সংবাদ।

[স্থানীয়] হুগলী জজ আদালতের উকিল শ্রীযুক্ত বাবু শশিভূষণ বন্দ্যোপাধ্যায় মহাশয় 'হুগলী বিদ্যাসাগর মেমোরিয়েল ফণ্ডে' ৫০ টাকা দান করিয়াছেন।

চুঁচুড়ার শ্রীযুক্ত ভূপতিনাথ দাস গ্রেসক্লাইষ্ট বৃত্তি লইয়া প্রায় দুইবৎসর হইল বিলাত গিয়াছেন। সম্প্রতি তিনি তথায় বি এস্ সি প্রথম পরীক্ষায় দ্বিতীয় স্থান অধিকার করিয়া পারিতোষিক স্বরূপ রূপার একটি মেডেল পাইয়াছেন।

আগামী কল্য অপরাহ্ণ ৪॥০ টার সময় হুগলী ভিক্টোরিয়া হলে একটি সভার অধিবেশন হইবে। ভারতে সিভিল সর্ভিস পরীক্ষাগ্রহণ বিষয়ক পল সাহেবের প্রস্তাবের আলোচনাই উক্ত সভাধিবেশনের উদ্দেশ্য। বাবু সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় সভাস্থলে আগমনকরিতা করিবেন।

[কলিকাতা] বিগত ১লা জানুয়ারী হইতে ২৬শে জুন সোমবার বেলা ১০টা পর্য্যন্ত কলিকাতায় ৪৮·২ ইঞ্চি জল হইয়াছে। গত বৎসর ঐ কাল মধ্যে সহরে ১২·৪ ইঞ্চিরও কম জল হইয়াছিল।

আগামী ১৫ই জুলাই কলিকাতার ইউনিয়ন ক্লাবে দাবা খেলার লড়াই হইবে। দুইটা সোনার এবং দুইটা রূপার মেডেল পুরস্কার দেওয়া হইবে। বিজয়ীরাই মেডেল পাইবেন। খেলায় সর্ব্বসাধারণের প্রবেশাধিকার আছে। (দৈনিক)

আগামী ১৪ই আগষ্ট সোমবার হইতে এটর্নি পরীক্ষা আরম্ভ হইবে।

কলিকাতার বিখ্যাত হোমিওপ্যাথিক ডাক্তার শ্রীযুক্ত বাবু প্রতাপচন্দ্র মজুমদার এল এম এস এক্ষণে চিকাগো হোমিওপ্যাথিক মেডিকেল কলেজের অধ্যাপক নিযুক্ত হইয়া তত্রত্য বিশ্ববিদ্যালয়ের এম ডি উপাধি পাইয়াছেন। এতদ্ভিন্ন চিকাগো মহাসেলায় যে হোমিওপ্যাথিক কংগ্রেস বসিয়াছে তিনি তাহার ক্লিনিক্যাল বিভাগের আইস প্রেসিডেণ্ট নিযুক্ত হইয়াছেন।

কলিকাতার সেরিফ মিঃ আর ডি মেটা বাঙ্গালবণিক সমিতির সেক্রেটরীকে এক খানি পত্র লিখিয়াছেন। ভিক্টোরিয়া নামক জাহাজ অপর এক খানি জাহাজের সংঘর্ষে ভূমধ্যসাগরে ডুবিয়া যাওয়ায় বহু লোকের মৃত্যু হইয়াছে। যে কয়জনের প্রাণ বাঁচিয়াছে তাহাদিগের এবং মৃত ব্যক্তিগণের স্ত্রী পুত্র পরিবারবর্গের সম্বন্ধে কোনরূপ একটা উপায় যাহাতে স্থির হয় তজ্জন্য তাঁহার বিবেচনায় সকল সম্প্রদায়ের মধ্য হইতে এক এক জন প্রতিনিধি লইয়া একটা সভার আহ্বান করা যুক্তিসিদ্ধ বলিয়াই বোধ হইয়াছে; এবং সেই জন্যই উল্লিখিত মর্ম্মে তিনি সেক্রেটরীকে পত্রখানি লিখিয়াছেন।

[বর্দ্ধমান] সতীশ গিরি হুগলীর জজের নিকট উইল প্রোবেটের প্রার্থনা করিয়াছেন। এদিকে শ্যামগিরি সতীশগিরির উইলখানি জাল বলিয়া উহার বিরুদ্ধে হাইকোর্টে নালিস করিয়াছেন এবং একই বিষয় লইয়া নোকদ্দমা ভিন্ন ভিন্ন আদালতে না হইয়া যাহাতে কেবল হাইকোর্টেই বিচার হয় এরূপ প্রার্থনা জানাইয়াছেন। হাইকোর্ট উক্ত প্রার্থনা মঞ্জুর করিয়া রুল জারি করিয়াছেন।

[রাজসাহী] ম্যাজিষ্ট্রেট মিঃ এ চৌধুরী রাজসাহী বিভাগের অধিবাসী নহেন, সুতরাং রাজসাহী বিভাগ হইতে তিনি যে বাঙ্গাল গবর্ণমেণ্টের ব্যবস্থাপক সভার সভ্য নির্ব্বাচিত হইয়াছেন তাহা আইন সঙ্গত হয় নাই বলিয়া রাজা শশিশেখরেশ্বর রায় আপত্তি তুলিয়াছিলেন। রাজসাহীর কমিসনর নোলান সাহেবের নিকট সেদিন ইহার বিচার আরম্ভ হইয়াছিল। বিচারে আইনের খট্‌কা লাগিয়াছে। মিঃ চৌধুরী স্থায়ীরূপে সচরাচর বসবাস করেন না। সচরাচর কেহ কোন বিভাগের এলাকায় বসবাস না করিলে তিনি সেই বিভাগের জন্য নির্ব্বাচিত হইতে পারেন না, নোলান সাহেবের এইরূপ ধারণা। বিষয়টি ছোট লাট বাহাদুরকে রিপোর্ট করা হইয়াছে।

[ঢাকা] নারায়ণগঞ্জে পামর নামে যে সাহেবটী ইতিপূর্ব্বে সেলাম করার জন্য একটি ছাত্রকে বেত্র মারিয়াছিলেন, বিচারে তাঁহার ৫ টাকা অর্থদণ্ড হইয়াছে। মন্মথকুমার ম্যাজিষ্ট্রেট প্রথমে এই লোকক্ষমা অগ্রাহ্য করিয়াছিলেন; জেলার জজও ম্যাজিষ্ট্রেটের রায় বাহাল রাখিয়াছিলেন।

[আসাম] শ্রীহট্টের চাকর মরে সাহেব কয়েকজন গজামী কুলিকে আটকাইয়া চা বাগানের জেলে পুরিয়া রাখিয়াছিলেন এই অপরাধে ডেপুটী কমিসনর তাঁহার ৫০০ টাকা অর্থদণ্ড ও বিনাশ্রমে একমাস কারাদণ্ড বিধান করিয়াছিলেন এবং জরিমানা না দিতে পারিলে আরও এক মাস কারাদণ্ড হইবে এরূপ আদেশ দিয়াছিলেন। হাইকোর্টে মরে সাহেব আপীল করিয়াছিলেন। জজ প্রিন্সেপ ও টি ভেলিয়ন ডেপুটী কমিসনরেরই রায় বাহাল রাখিয়াছেন, কেবল বলিয়াছেন যে জরিমানা না দিতে পারিলে ১ মাসের পরিবর্ত্তে মরে সাহেবকে আর ১ সপ্তাহ কারাগারে থাকিতে হইবে।

জোড়হাট মঙ্কুমান্থ অধিবাসিগণ সম্প্রতি বড় লাট বাহাদুরের নিকট এক খানি আবেদন পত্র প্রেরণ করিয়াছেন। ভূমির রাজস্ব অধিকাংশস্থলে দ্বিগুন হারে বর্দ্ধিত করায় প্রজালোকে যে অনিষ্টের আশঙ্কা করিতেছে উল্লিখিত আবেদন পত্রে তাহারই বিষয় উল্লেখ করিয়া প্রতিকারের প্রার্থনা করা হইয়াছে। স্থানীয় গবর্ণমেণ্ট প্রস্তাবিত রাজস্বের হার কমাইতে অস্বীকৃত হইয়াছেন। প্রজালোকের প্রার্থনা এই যে রাজস্ব যদি একান্তই বাড়াইতে হয় তবে শতকরা ১৫ টাকা অথবা বড় জোর ২৫ টাকার ঊর্দ্ধ বাড়ান না হয়।

[কুচবেহার] মৃত ডাক্তার কে ডি ঘোষের জ্যেষ্ঠ পুত্র মিঃ বিনয়ভূষণ ঘোষ কুচবেহার মহারাজের জ্যেষ্ঠ পুত্রের শিক্ষক নিযুক্ত হইয়াছেন। যুবরাজ এক্ষণে আজমীর কলেজে অধ্যয়ন করিতেছেন।

[ব্রহ্মদেশ] সম্প্রতি চিফ কমিসনর এবং প্রধান প্রধান হিন্দু ও মুসলমানগণ মিলিয়া পেগুর হিন্দু মুসলমানের বিবাদ মিটাইয়া দিয়াছেন। পাইও নিয়রে প্রকাশ, মুসলমানগণ হিন্দু মন্দিরের সন্নিকটে গোহত্যা করিবে না স্বীকার করিয়াছে এবং মন্দিরের সন্নিকটস্থ স্থান ব্যতীত সহরের অপর স্থানে গোহত্যা করিতে হিন্দুরাও তাহাতে কোন আপত্তি করিবে না স্বীকার পাইয়াছে। যে সকল পল্লীতে গোলযোগ বাধিয়াছিল, সেই সেই পল্লীতে ৬ মাসের জন্য মিলিটরী পুলিস বসান হইল। ব্যয় ২৮ হাজার টাকা ধার্য্য হইয়াছে। পল্লীবাসীকেই নাকি এই টাকা দিতে হইবে।

[উঃ পঃ প্রদেশ] উত্তর পশ্চিম প্রদেশে ডেপুটী কলেক্টর নিয়োগাদির ভার এ যাবৎ রেভেনিউ বোর্ডের উপর ছিল। আগামী ১লা আগষ্ট হইতে উক্ত ভার বোর্ডের হাত হইতে স্থানীয় গবর্ণমেণ্টের হস্তে যাইবে।

আজমগড়ে বকুরিদ উপলক্ষে গোহত্যা লইয়া হিন্দু মুসলমানে ভয়ানক দাঙ্গা হইয়া গিয়াছে। দাঙ্গায় কয়েকজনের প্রাণনাশ হইয়াছে বলিয়া শুনা যাইতেছে। দাঙ্গাকারী বলিয়া অনেককেই গ্রেপ্তার করা হইয়াছে।

[সাধারণ] আমেরিকার ইউনাইটেড ষ্টেটের অধিবাসী ভ্যাণ্ডার বিল্‌টের বার্ষিক আয় ৩ কোটী ২০ লক্ষ টাকা, গ্রে গুল্ডের বার্ষিক আয় ২ কোটি ৪০ লক্ষ, একটরের আয় ২ কোটি ইংলণ্ডের রথস্‌চাইল্ডের আয় ১ কোটি ৬০ লক্ষ ওয়েষ্টমিনিষ্টারের ডিউকের আয় ১ কোটি ২০ লক্ষ, কুইন্স বারির ডিউকের আয় ৮০ লক্ষ, বেডফোর্ডের ডিউকের আয় ৬০ লক্ষ এবং বারডেটের বারনেসের আয় ৬০ লক্ষ টাকা, উল্লিখিত ৩ ব্যক্তি ব্যতীত ইউনাইটেড রাজ্যের আর ২৪ জনের প্রত্যেকের আয় বার্ষিক ৬০ লক্ষ টাকারও অধিক এবং উক্ত রাজ্যেরই আর এক সহস্র লোকের প্রত্যেকের আয় বার্ষিক ২০ লক্ষ টাকারও অধিক হইবে। ইংলণ্ডে পূর্ব্বোক্ত ব্যক্তিগণ ভিন্ন আর ৩০ জন ব্যক্তি আছেন, তাঁহাদের প্রত্যেকের বার্ষিক আয় ২০ লক্ষ টাকার অধিক। (হিন্দুরঞ্জিকা)

রাজপৌত্র প্রিন্সজর্জ্জের বিবাহ উপলক্ষে যৌতুকাদিপ্রদানের জন্য দরভাঙ্গার মহারাজা ২ হাজার এবং মহারাণী ৫ শত টাকা, মহারাণী স্বর্ণময়ী ১ হাজার, মুরশিদাবাদের নবাব বাহাদুর ৫ শত, ম্যাকিনন ম্যাকেঞ্জি কোম্পানী ২৫০ টাকা চাঁদা দিয়াছেন। (হিন্দুপেট্রিয়ট)

ক্ষেপা শেয়াল বা কুকুরে কামড়াইলে লোককে প্রায়ই মৃত্যুমুখে পতিত হইতে দেখা যায়। আমাদের কোন বন্ধুর নিকট আমরা একটি ঔষধ পাইয়াছি। ঐ ঔষধ দ্বারা তিনি ৪।৫ জন লোকের প্রাণরক্ষা করিয়াছেন। কাল আঁকড়ের শিকড়ের ছাল একতোলা, একুশগণ্ডা গোলমরিচ দিয়া বাটিয়া সেবন করাইতে হইবে। রোগীর শরীরে যদি বিষ থাকে, তাহা হইলে রোগী ঔষধ সেবনের পর বমি করিবে। যদি বমি না হয়, তাহা হইলে আর ঔষধ সেবন করাইতে হইবে না। বমি হইলে দ্বিতীয় দিবসে আবার ঔষধ সেবন করাইতে হইবে। কিন্তু দ্বিতীয় দিবসে কাল আঁকড়ের শিকড়ের ছাল দশগণ্ডা মরিচদিয়া বাটিয়া সেবন করাইতে হইবে। সেদিনও যদি বমি হয়, তাহা হইলে তৃতীয় দিবসে দ্বিতীয় দিবসের ন্যায় ঔষধ দিতেহইবে। শাক, অম্বল ও গুড় খাওয়া নিষেধ, কিন্তু চিনি বা মিছিরির পানা পাতি লেবুর রস দিয়া সেবন করান যাইতে পারে। ঔষধে গরম বোধ হইলে ঐরূপ সরবৎ দেওয়া আবশ্যক। (বর্দ্ধমান সঞ্জীবনী)

ভারতে সিবিল সর্ব্বিস পরীক্ষা সম্বন্ধে পল সাহেবের প্রস্তাবের সমর্থন করিয়া বিগত ৩রা জুলাই বাঁকুড়া, বারাণসী, বরিশাল, বোয়ালিয়া প্রভৃতি স্থানে সভা হইয়া গিয়াছে। প্রত্যেক সভা হইতেই পার্লিয়ামেণ্ট মহাসভায় 'মেমোরিয়ল' পাঠান হইয়াছে।

বর্ত্তমান জুলাইয়ের শেষভাগে ছোটলাট বাহাদুর বাঁকীপুরে যাইয়া তথায় একটি দরবার করিবেন। দরবারে স্যর উইলিয়ম হড়সনকে কে সি আই ই উপাধি দেওয়া হইবে। এতদ্ব্যতীত রায় জয়প্রকাশলাল বাহাদুর এবং গোনবর্ষার মহারাজ সি আই ই উপাধি পাইবেন। মুঙ্গেরের

বাবু ধীরাজ করণ ও বাবু মেদিনী প্রসাদকে রায় বাহাদুর উপাধি প্রদত্ত হইবে।

বাঙ্গাল গবর্ণমেণ্টের তত্ত্বাবধানের অধীন কোন সরকারী হাঁসপাতাল অথবা ডিস্পেন্সরীর ভার প্রাপ্ত কোন চিকিৎসক, কম্পাউণ্ডার, ড্রেসার অথবা অপর কোন কর্ম্মচারী নিজের কোন ডাক্তারখানা অথবা ঔষধালয় রাখিতে পারিবেন না; তবে কোন স্থানে যদি ভালরূপ কোন বেসরকারী ডাক্তারখানা বা ঔষধালয় না থাকে তাহা হইলে সিভিলসার্জ্জন এবং ম্যানেজিং কমিটীর অনুমতি লইয়া উল্লিখিতরূপ কোন চিকিৎসক কর্ম্মচারী প্রভৃতি নিজের ডাক্তারখানা অথবা ঔষধালয় রাখিতে পারিবেন।

বাটাবিভ্রাটে আমাদের গবর্ণমেণ্টের অনেক টাকা খরচ হইতেছিল। সেই ব্যয় সঙ্কুলানের জন্য একটি নূতন কর বসিবে বলিয়া জনরব উঠিয়াছিল। এক্ষণে নূতন ব্যবস্থা হওয়ায় গবর্ণমেণ্টের যে আয় হইবে তাহাতেই গবর্ণমেণ্টের ব্যয় সঙ্কুলান হইতে পারিবে, সুতরাং নূতন কর নাকি এখন বসিবেনা। (সুলভ দৈনিক)

চীনরাজ্যে প্রতি বর্গ মাইলে ২৯৩ এবং ভারতের প্রতি বর্গ মাইলে ২২৯ জন লোকের বাস।

ভারতের টেলিগ্রাফের দিন দিন বিস্তৃতি হইতেছে। ১লা এপ্রেল হইতে আজ পর্য্যন্ত ৩৬ টি নূতন আফিস খোলা হইয়াছে।

পাইওনিয়রে প্রকাশ, স্যার চর্লস ইলিয়ট আগামী ৫ই নবেম্বর নেপল্‌স্ হইতে ভারতাভিমুখে যাত্রা করিবেন।

প্রতিপক্ষগণের প্রতিকূলাচরণ সত্ত্বেও সিভিল সর্ভিস পরীক্ষা যাহাতে ভারতে হইতে পায় তাহার চেষ্টার জন্য জলপাইগুড়ি, মুর্শিদাবাদ, পাবনা, বোম্বাই, রামপুরহাট প্রভৃতি অঞ্চলে সভা হইয়া গিয়াছে। কলিকাতায় এতদুপলক্ষে অদ্যাপিও কোন সভার অধিবেশন হয় নাই।

গবর্ণমেণ্টের নূতন মৌদ্রিক ব্যবস্থায় চা'র দর প্রতি পাউণ্ডে দুই পয়সা কমিয়া গিয়াছে।

মধ্যপ্রদেশসমূহের প্রতিনিধি চিফ্‌কমিসনর উডবরণ সাহেব এবং বাঙ্গালার বণিকসমিতির সভাপতি মেকে সাহেব বড় ব্যবস্থাপক সভার অতিরিক্ত সদস্যের পদ পরিত্যাগ করিয়াছেন। নূতন নিয়মানুসারে বণিকসমিতি ব্যবস্থাপক সভায় আপন মনোমত সভ্য নির্ব্বাচন করিয়া দিবার ক্ষমতা পাইয়াছেন। ম্যাকে সাহেব সদস্য থাকিতে বণিক সমিতি সেই ক্ষমতার পরিচালন করিতে পাইবেন না মনে করিয়াই ম্যাকে সাহেব সদস্যের পদ পরিত্যাগ করিয়াছেন।

[বৈদেশিক] ডিউক অফ ইয়র্কের বিবাহ উপলক্ষে রুষ যুবরাজ এবং ডেনমার্কের রাজা ও রাণী লণ্ডনে উপস্থিত হইয়াছেন।

লর্ড সভায় লর্ড ক্রসের প্রশ্নের প্রত্যুত্তরে লর্ড কিম্বার্লি বলিয়াছেন, ভারতে সিভিল সর্ভিস পরীক্ষা গ্রহণ বিষয়ক পল সাহেবের প্রস্তাব ইণ্ডিয়া কৌন্সিলের অধিকাংশ সদস্যেরই অনুমোদিত হয় নাই।

আমেরিকার উটা, নেভেডা এবং মণ্টানার অনেকগুলি রৌপ্য খনি বন্ধ হইবার উপক্রম হইয়াছে।

হোমরুল বিলের বিপক্ষ দলকে প্রতিবাদে নিরস্ত করিয়া আগামী ২৭শে জুলাইয়ের মধ্যে উক্ত বিল পাশ করিয়া দিবেন গ্ল্যাডষ্টোন সাহেব এরূপ বলিয়াছেন।

ভারতগবর্ণমেণ্টের মৌদ্রিক ব্যবস্থায় বিলাতের টাইম্‌স্ পত্র কতকটা অনুমোদন করিয়াছেন। বিলাতের ষ্ট্যাণ্ডার্ড ও ডেলি নিউস্ পত্রিকা সুস্পষ্ট বলিতেছেন যে, এই ব্যবস্থা ভারতীয় ব্যবসায়ের পক্ষে বিশেষ অনিষ্টজনক হইবে এবং দেশীয়দিগের মধ্যে যাঁহারা রূপার অলঙ্কারাদি সংস্থান করিয়াছেন তাঁহাদের ও যথেষ্ট ক্ষতি হইবে 'ফাইনান্সেল নিউস' নামক পত্রিকা এ যাবৎ কোন মতামত প্রকাশ করেন নাই।

শ্যামদেশে ব্রিটিসদিগের কয়েকখানা রণপোত গিয়াছে। শ্যাম রাজ্যের ব্রিটিস প্রজাগণের স্বার্থে কোনরূপ ব্যাঘাত যাহাতে না হয় সে বিষয়ে দৃষ্টি রাখাই উহার উদ্দেশ্য বলিয়া উক্ত হইয়াছে।

ভারতের বজেট জুলাই মাসের ১৫ দিনের পূর্ব্বে যাহাতে আলোচনার্থ উপস্থিত করা হয় এবং অন্যূন দুই দিন কাল যাহাতে উহার আলোচনা করিতে দেওয়া হয় তজ্জন্য বিলাতের স্যর উইলিয়ম ওয়েডরবরণ প্রমুখ অনেকেই প্রধান মন্ত্রী গ্ল্যাডষ্টোন সাহেবকে পত্র দ্বারা জানাইয়াছিলেন। প্রত্যুত্তরে গ্ল্যাডষ্টোন সাহেব বলিয়াছেন, "আপনাদের প্রার্থনা খুবই সঙ্গত। অন্য একটা বিষয়ে ক্ষতি স্বীকার করিয়াও উল্লিখিত বিষয়ের জন্য যে উপযুক্ত সময় দেওয়া উচিত তাহা আমিও স্বীকার করি; কিন্তু আইরিস গবর্ণমেণ্ট বিল সম্বন্ধে যে আন্দোলন চলিতেছে তাহাতে প্রার্থিত সময় সম্বন্ধে নিশ্চয় করিয়া আপাততঃ কোন কথা বলিতে পারিতেছি না।"

ভারতের টাকাই সিংহলে চলে। ভারতের মৌদ্রিক ব্যবস্থায় সিংহলেরও অসুবিধা হইবে। পার্লিয়ামেণ্ট মহাসভায়ও এ কথা উঠিয়াছিল। উপনিবেশ বিভাগের অণ্ডার সেক্রেটরী বলিয়াছেন, "ভারতে মুদ্রা সম্বন্ধে যেরূপ ব্যবস্থা করা হইল তাহাতে সিংহলের মৌদ্রিক অবস্থা কিরূপ দাঁড়ায়, কিছু দিন না যাইলে বুঝা যাইতেছে না।"

নূতন মন্ত্রিসভাসংগঠনের পর অদ্যাপি পার্লিয়ামেণ্টের উদ্বোধন হইয়াছে। পলটন আইনের কথা সভায় আলোচিত হইতেছে।

গতকলা যুবরাজপুত্র প্রিন্স জর্জ্জের বিবাহ রাজকুমারী ভিক্টোরিয়া মের সহিত মহাসমারোহে সম্পন্ন হইয়া গিয়াছে। ইউরোপের যত রাজা রাজপ্রতিনিধি বিবাহস্থলে সকলেই নিমন্ত্রিত হইয়াছিলেন। ভারত হইতে উপহার অভিনন্দনাদি অনেক গিয়াছে, এখনও যাইবে। এই বিবাহ উপলক্ষে ভারতের আফিসাদি বন্ধ রাখা যাইবে কিনা, ভারত গবর্ণমেণ্ট ষ্টেট সেক্রেটরীর নিকট তাহা জানিয়া পাঠান। প্রত্যুত্তরে ষ্টেট সেক্রেটরী বলিয়াছেন, "যখন লণ্ডনের আফিসাদি বন্ধ হইবে না, তখন ভারতেও বন্ধ রাখিবার আবশ্যকতা নাই।"

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু প্রমথনাথ দত্ত চট্টগ্রাম জেলার সদরে স্থাপিত হইলেন। দারভাঙ্গার আবকারী কার্য্যের প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু রায়ব্রহ্ম দত্ত পূর্ণিয়ায় বদলী হইলেন। পূর্ণিয়ার আবকারী কার্য্যের প্রোটেম ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু ভবতারণ চট্টোপাধ্যায় গয়ায় বদলী হইলেন। গয়ার আবকারী কার্য্যের প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু ডুমরিলাল দরভাঙ্গায় বদলী হইলেন। প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ রোলাণ্ড নগেন্দ্রলাল চন্দ্র দরভাঙ্গা জেলার সদরে স্থাপিত হইলেন। বর্দ্ধমানের ডেঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ অতুলকৃষ্ণ রায় যশোহর বনগাঁয় বদলী হইলেন। যশোহর বনগাঁয়ের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু মন্মথকুমার বসু

বর্দ্ধমান জেলার সদরে বদলী হইলেন। কটক আঙ্গুলের সব ডেঃ কঃ ও তহশীলদার বাবু নারায়ণ চন্দ্র নায়ক অপর আদেশ যাবৎ ডেঃ মাঃ ও ডেঃ কঃ হইয়া আঙ্গুলের তহশীলদার নিযুক্ত হইলেন। খণ্ডমালের সব ডেঃ কঃ ও তহশীলদার মিঃ জে, সি, লয়ড্ অপর আদেশ যাবৎ ডেঃ মাঃ ও ডেঃ কঃ হইয়া খণ্ডমালের তহশীলদার নিযুক্ত হইলেন। দার্জ্জিলিঙ্গের আঃ মাঃ ও কঃ হেমণ সাহেব অপর আদেশ যাবৎ ১ম শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃ হইলেন। নিম্নলিখিত আঃ মাঃ ও কঃ গণ অপর আদেশ যাবৎ ২য় শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃ হইলেন—উড়িষ্যার বন্দোবস্ত কার্য্যে নিযুক্ত মিঃ সি এ র‍্যাডিস্, মজঃফরপুর সীতামুড়ির এপ্পারটন সাহেব, দরভাঙ্গা মধুবাণীর বইড্ সাহেব, সাওতাল পরগণার রো সাহেব, গয়ার কনষ্টাম সাহেব, পাটনার কেরি সাহেব, এবং মজঃফরপুরের বেল সাহেব। নিম্নলিখিত আঃ মাঃ ও কঃ গণ ডেপুটীকালেক্টরের ক্ষমতা পাইলেন—বর্দ্ধমানের মিঃ সতীশচন্দ্র মুখোপাধ্যায়, কটকের টমসন সাহেব এবং গয়ার হিউস্ সাহেব। প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ ম্যাক্স্ওয়েল সাহেব যশোহর ঝিনিদহে স্থাপিত হইলেন। যশোহর ঝিনিদহের আঃ মাঃ ও কঃ কনষ্টাম সাহেব গয়া জেলার সদরে বদলী হইলেন। রাজসাহীর জঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ লোকেন্দ্রনাথ পালিত ২মাস ২১ দিনের ছুটী পাইলেন। ময়মনসিংহ টাঙ্গাইলের সব ডেঃ কঃ মৌলবী সুফাতালি আহমেদ ৩ মাসের ছুটী পাইলেন। দিনাজপুরের সব ডেঃ কঃ বাবু হীরালাল সেনের কার্য্য বাঙ্গালগবর্ণমেণ্টের আয়ব্যয় বিভাগের অধীন থাকিল। হুগলীর প্রোটেম সব ডেঃ কঃ বাবু জগবন্ধু ঘোষ দিনাজপুর জেলার সদরে বদলী হইলেন। জলপাইগুড়ি আলিপুরের ছুটীপ্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ ম্যাকেঞ্জি সাহেব গয়া জেলার সদরে স্থাপিত হইলেন। খুলনার ডেঃ কঃ বাবু রাজেন্দ্রচন্দ্র ঘোষ উক্ত জেলায় কঃর কার্য্যভার পাইলেন। চম্পারণের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু শশিভূষণ বসু উক্ত জেলার কঃর ক্ষমতা পাইলেন। জলপাইগুড়ির ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু শ্যামাপদ চৌধুরী ১ মাসের ছুটী পাইলেন। মিঃ এফ ই পার্গিটর সি এস আগামী ৩০শে সেপ্টেম্বর পর্য্যন্ত কলো পাইলেন। ডেঃ মাঃ ও ডেঃ কঃ মাকেঞ্জি সাহেব ৯ মাসের জন্য পীড়িতের বিদায় পাইলেন। ময়মনসিংহের সব ডেঃ কঃ বাবু পূর্ণচন্দ্র নাগের ছুটি ১৮৯৩ সালের ২৩শ জুন পর্য্যন্ত মঞ্জুর হইল। প্রতিনিধি জঃ মাঃ ডেঃ কঃ বম্পাস সাহেব ৩ মাসের ছুটী পাইলেন।

বিচার—বাবু নবকুমার দাস বি এল ত্রিপুরা কসবার মুঃ হইলেন। বাবু অমৃতলাল পালিত বি এল মেদিনীপুর তমলুকের মুঃ হইলেন। সাহাবাদের ছুটীপ্রাপ্ত সব জজ বাবু অবিনাশচন্দ্র মিত্র অস্থায়ীরূপে বাখরগঞ্জের অতিরিক্ত সব জজ নিযুক্ত হইলেন। ত্রিপুরা কসবার মুঃ বাবু ভগবতীচরণ মিত্র ৩ সপ্তাহের, পূর্ণিয়া আররিয়ার মুঃ বাবু রাজনারায়ণ চক্রবর্ত্তী আর ১১ দিনের এবং বাখরগঞ্জ মোলার মুঃ বাবু হরিনাথ রায় আর ৩ দিনের ছুটী পাইলেন।

শিক্ষা—কৃষ্ণনগর কলেজের অস্থায়ী লেক্চারার বাবু ব্রজলাল মুখোপাধ্যায় বি এ উক্ত পদে পাকা হইলেন। মুঙ্গেরের প্রতিনিধি ডেপুটী ইনস্পেক্টর বাবু ভগবতী সহায় এম এ, বি এল, দরভাঙ্গার ডেপুটী ইনস্পেক্টর হইলেন। দরভাঙ্গার ডেপুটী ইনস্পেক্টর বাবু সাচ্চিদানন্দলাল বি এ ভগলপুর জেলাস্কুলের ২য় শিক্ষক হইলেন। দরভাঙ্গার বিভাগীয় সব ইনঃ বাবু মুকুন্দলাল নিজকার্য্য সওয়ায় দরভাঙ্গার ডেঃ ইনঃ হইলেন। ঢাকা কলিঃ স্কুলের ৫ম শিক্ষক বাবু মহেন্দ্রনাথ দত্ত উক্ত স্কুলের ৪র্থ শিক্ষক হইলেন। আরা জেলাস্কুলের ৩য় শিক্ষক বাবু হরমোহন গাঙ্গুলী ঢাকা কলিঃ স্কুলের ৫ম শিক্ষক হইলেন। আরা জেলাস্কুলের অতিরিক্ত শিক্ষক বাবু মোহিনীমোহন দত্ত এম এ বি এল উক্ত স্কুলের ৩য় শিক্ষক হইলেন।

উদ্ভট কবিতা।

[৩৮৮]

প্রাপ্তুমুবাঃ পশুকুলে কিল ভেদভীতা
আচ্ছাদ্য কাষ্টপটলৈঃ স্বগলন্তমূঢ়াঃ।
দেবীং নিরীক্ষ্য শিরসা ন নমেযুরাদ্যা
মুৎসর্গিণং দ্বিজকুলং হরিতং ত্যজেযুঃ।

শিক্ষা সংক্রান্ত।

গ্রীষ্মাবকাশের পর কলিকাতা নর্ম্মাল স্কুল বিগত ১৯শে জুন সোমবারে খোলা হইয়াছে। ১ম, ২য় ও ৩য় বার্ষিক শ্রেণীর কয়েকটী করিয়া বৃত্তি খালি আছে। বৃত্তি প্রার্থিগণকে অবিলম্বে আমার নিকট আবেদন করিতে হইবে। যাহারা ১ম বা ২য় বিভাগে ছাত্রবৃত্তি পরীক্ষায় উত্তীর্ণ, ও যাহাদের বয়স ১৫ বৎসরের অন্যূন, তাহারা ১ম বার্ষিক শ্রেণীর বৃত্তি পাইতে পারিবে। যাহারা নর্ম্মাল স্কুলের ১ম বার্ষিক শ্রেণীর বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ, তাহারা ২য় বার্ষিক শ্রেণীর বৃত্তি পাইতে পারিবে; এবং যাহারা ২য় বার্ষিক শ্রেণীর বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ, তাহারা ৩য় বার্ষিক শ্রেণীর বৃত্তি পাইতে পারিবে।

কলিকাতা নর্ম্মাল স্কুল, ১৪ই জুন, ১৮৯৩। } শ্রীবরদাপ্রসাদ ঘোষ, প্রধান শিক্ষক।

ছাত্রখালি।

বগুড়া জিলার অন্তর্গত চাঁদাইকোণা মধ্য বঙ্গ বিদ্যালয়ের জন্য অত্র বর্ষে মধ্য বাঙ্গালা ও উচ্চ প্রাথমিক পরীক্ষা প্রদান করিতে পারে এমন ৫টী মুসলমান ছাত্রের আবশ্যক। ইহাদের বাসাখরচ ও স্কুলের বেতন লাগিবে না। যাহারা আগামী বর্ষে মধ্য ছাত্রবৃত্তি প্রদান করিতে পারিবে, তাহারা আবেদন করিতে পারে। আবেদনকারীরা স্ব স্ব পারদর্শিতার সার্টিফিকেট সহ হেড পণ্ডিত শ্রীরাসমোহন নাথের নিকট সত্বর আবেদন করুন।

কর্ম্মখালি।

Wanted a graduate strong in Mathematics for two months for the Rol Ch. Md. Tayyib Institution on salary of Rs 50 (fifty) per mensem with free quarters. One with honors and having some experience in teaching will have preference. The place is within 12 miles from the Burdwan Ry. Station. Apply sharp with copies of testimonials to Jay Gopal Banerjee, B. A. Hd. Master.

Rol P. O. Via Burdwan.

Wanted a graduate of B Course strong in Mathematics to act as Mathematical teacher in Raja Surja Kumar Institution, Rajbari, Goalando, on a salary of Rs 35 with prospect of increment. Applications with testimonials to be sent on or before the 14th instant to Satis Chandra Ray M. A. Superintendent.

Wanted a competent compounder for Bhadrack Charitable Dispensary. Salary Rs 10 per mensem. Free quarters. Apply to the Chairman. Local Board, Bhudrack.

জেলা ময়মনসিংহ, পোঃ মাগরপুর ভায়া টাঙ্গাইল, ডাঙ্গা উচ্চ প্রাইমেরী স্কুলের জন্য মাসিক দশ টাকা বেতনে এক জন ব্রাহ্মণ পণ্ডিতের প্রয়োজন। বাসাখরচ মাসিক চারি টাকায় কুলান হইবে। মধ্য ছাত্রবৃত্তি পরীক্ষায় উত্তীর্ণ হইয়া যাঁহারা নর্ম্মাল প্রথম বার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন তাঁহাদের আবেদন গ্রাহ্য। সম্পাদক শ্রীচন্দ্রমোহন চৌধুরীর নিকট আবেদন করুন।

নওয়াগাঁ কৃষ্ণধন উচ্চশ্রেণী বিদ্যালয়ের জন্য মাসিক ২৫৲ বেতনে আগামী ডিসেম্বর পর্য্যন্ত এক জন প্রধান পণ্ডিতের প্রয়োজন। যাঁহারা কলিকাতা সংস্কৃত কলেজে এল এ পর্য্যন্ত পড়িয়া কিছু কাল কোন উচ্চশ্রেণী স্কুলে শিক্ষকতা করিয়াছেন, তাঁহাদের আবেদন সমধিক আদরণীয় হইবে। প্রশংসাপত্রের অনুলিপিসহ হেড মাষ্টার শ্রীযজ্ঞেশ্বর মিত্রের নিকট অতি সত্বর আবেদন করিতে হইবে।

বিশেষ দ্রষ্টব্য।

বাচস্পত্য অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২৩৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
বুধোদয় প্রেস।
হুগলী।

গিরিশ লাইব্রেরী।

এখানে ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল, এ; বি, এ ক্লাসের সর্ব্বপ্রকার পাঠ্যপুস্তক ও অর্থ পুস্তকাদি এবং মাসিক, নভেল প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়। ভি পিঃ ডাকেও পুস্তক পাঠাই। ২১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৮৪নং

আর্য্যমিশন ইনষ্টিটিউশন।

৮০।১ নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট, কলিকাতা।

এই বিদ্যালয়ে একটী স্বতন্ত্র সংস্কৃত বিভাগ আছে। ঐ বিভাগে উপযুক্ত পণ্ডিতের দ্বারা বিনা বেতনে দর্শন, কাব্য সাহিত্য, ব্যাকরণ শ্রীমদ্ভাগবত শ্রীমদ্ভগবদ্গীতা শিক্ষা দেওয়া হইয়া থাকে। পাঠার্থি-ছাত্রের আবশ্যক।

শ্রীকানাই লাল শেঠ।
সেক্রেটরী।

৩২৮ নং

পাটীগণিত।

নূতন সংস্করণ।

শ্রীপ্রসন্নকুমার সর্ব্বাধিকারী প্রণীত।

সুপ্রসিদ্ধ গণিতশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম, এ, মহাশয়ের দ্বারা সমাক্‌রূপে সংশোধিত পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত। ইহাতে সুকৌশল সম্পন্ন প্রশ্নাবলী সন্নিবেশিত এবং উহাদের ভূরি পরিমাণে সমাধান করা হইয়াছে। ৫৭৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। উত্তম কাপড়ে বাঁধা, মূল্য ১৷৵০। বলা বাহুল্য ইহা চিরকাল সর্ব্বাদৃত, অধুনা আরও অধিক পরিমাণে স্কুলাদিতে পাঠ্যরূপে নিয়োজিত হইতেছে এবং বঙ্গবাসী প্রভৃতি সংবাদ পত্র ভূয়সী প্রশংসা করিতেছেন। নিম্নলিখিত এবং অন্যান্য স্থানে পাওয়া যায়।

বি, ব্যানার্জি এণ্ড কোং।

১৫নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, ৫৬নং কলেজ ষ্ট্রীট, ৫১নং পুরাতন চীনেবাজার, কলিকাতা। ৫৫নং পটুয়াটুলি ঢাকা।

৩৮৮নং

বার্ষিক ৫০০৲ টাকা বৃত্তি।

ভারতধর্ম্মমহামণ্ডলীর মুখ্যতম উদ্দেশ্যের অনুসরণ করিয়া ৺বিশ্বনাথ চতুষ্পাঠীতে বার্ষিক পঞ্চাশৎ টাকা পরিমাণে এক একটী করিয়া দশটী বৃত্তি স্থাপিত হইয়াছে। যে যে চতুষ্পাঠীতে ব্যাকরণাদি করিয়া কোন দর্শন শাস্ত্র বিশেষতঃ বেদান্ত শাস্ত্র পর্য্যন্ত অধ্যাপিত হয়, সেই সেই চতুষ্পাঠীতে এই বৃত্তিগুলি দেওয়া যাইবে। অধ্যাপক ইচ্ছা করিলে ঐ বৃত্তি ত্রৈমাসিক বা ষাণ্মাসিক বা বার্ষিকরূপে গ্রহণ করিতে পারিবেন। ছাত্রদিগের বিদ্যাবত্তা ও সচ্চরিত্রতা সম্পাদন ভিন্ন অধ্যাপক মহাশয়দিগকে অপর কোন নিয়মের অধীন হইতে হইবে না। যে সমস্ত অধ্যাপক বৃত্তি লইতে ইচ্ছা করিবেন, তাঁহারা অথবা তাঁহাদিগের হিতাকাঙ্ক্ষী অধ্যাপকের নাম ধাম ছাত্রসংখ্যা ও প্রত্যেক ছাত্রের অধীতব্য বিষয় লিখিয়া আমাকে সংবাদ দিবেন।

চুঁচুড়া বিশ্বনাথ চতুষ্পাঠীর
অধ্যাপক শ্রীহরিনাথ স্মৃতিভূষণ।

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু কর্ত্তৃক সংকলিত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য ৵০ আনা
ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "
ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব ।০ "

সেণ্ট্রাল টেক্সটবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তালিকায় পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট—কলিকাতা।

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৬ বৎসর উহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-যশের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার লেপনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সম-ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনা ব্যয়ে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৲ টাকা, প্যাকিং ।০ আনা

২ শিশি একত্রে লইলে খরচা ৷৵০ আনা স্বতন্ত হয়।

শ্রীকালীদাস সরকার।
গবর্ণমেণ্ট পেন্সনার—লক্ষ্ণৌ।

৩১৩নং

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বলবীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রি-জাগরণ, অতিরিক্ত পান-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা-হাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত!

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-ফোলা-কাসিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দৌকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকায় সে জ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে, ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্প-দিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধে অতি সামান্য রোগও আরাম হয়। বিধাতার বিচিত্রবিধান বুঝাভার!

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন। প্লীহা জ্বর-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগীকে এই এক ৩নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

বটিকার সংখ্যা, মূল্য, ডাঃমাঃ, প্যাকিং

১নং কৌটা	১৮	৷৵০	।০	৵০
২নং কৌটা	৩৬	১৲০	।০	৵০
৩নং কৌটা	৫৪	১৷৵০	।০	৵০

ভ্যালুপেবলে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

ঘি, বসু এণ্ড কোম্পানী।

১২ নং মৃজাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা

৩৭৪নং

পাঁড়ে ব্রাদার্স।

পুস্তক ও দেশী বস্ত্র বিক্রেতা।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।

এখানে ইংরাজি বাঙ্গালা সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য সর্ব্ব প্রকার পুস্তক, তৎসমস্তের নানা প্রকার কি, নোট, অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি সর্ব্ব প্রকার পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে। বিলাতি পুস্তক বিলাত হইতে আনা হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা ১৸০ মূল্য যোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও ব্যবহারীর জন্য চলিবে ও ২৷৷০, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী শংক্ষ নয়নসুখ, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকটও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য ।৵০ বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ ৵০ ৩২ খানি উৎকৃষ্ট চিত্রসহ

নীতি কথামালা	।০	মানবতত্ত্ব	১৷০
আর্য্যচরিত	।০	ধর্ম্মবিজ্ঞান	১৲
আর্য্যশিক্ষা	৷৵০	অদ্ভুত স্বপ্ন বা	
বাঙ্গলা ব্যাকরণ	।৵০	স্ত্রী পুরুষের দ্বন্দ্ব	৷৷০
শিশু বিজ্ঞান	৵০	বিজ্ঞানসার	১৲
বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ	৵০	লীলাবতী (অঙ্কপুস্তক)	৷৷০

৩৫৫ নং

শ্রীমনোমোহন পাঁড়ে

সংক্ষিপ্ত পদার্থদর্শনের প্রশ্নোত্তর।

পণ্ডিত প্রবর শ্রীযুক্ত প্রসন্নকুমার চক্রবর্ত্তী প্রণীত। মূল্য ।৵০ পাঁচ আনা মাত্র। যত গুলি সং পদার্থদর্শনের প্রঃ উঃ এ পর্য্যন্ত প্রকাশিত হইয়াছে এখানা তাহাদের অপেক্ষা কোন অংশে নিকৃষ্ট নহে বরং অনেকাংশে উৎকৃষ্ট। যে স্কুলে এক খানিমাত্র এই প্রঃ উঃ প্রবেশ লাভ করিয়াছে সে স্কুলের সমস্ত ছাত্রই ইহা ক্রয় করিতেছে। এককালে এক প্যাকেটে ৫ খানি এই প্রঃ উত্তর লইলে স্কুলের শিক্ষকদিগকে শতকরা ১৫৲ টাকার হিসাবে কমিসন দিয়া থাকি; অধিকন্তু আমি নিজ হইতে ডাক মাশুল দিই। কাগজ, ছাপা ও বাঁধাই সমস্তই উৎকৃষ্ট। ভিঃ পিঃ ডাকে পাঠাইয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র দত্ত।

ভারত পুস্তকালয়, পটলডাঙ্গা, বৌবাজার পোষ্ট

কলিকাতা।

৩৯৯নং

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸০ বার আনা, ডাঃ মাঃ /০ এক আনা। এখানি ১৮৯৪ অব্দের মাইনর পরীক্ষায় ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহাতে বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গদ্য হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ৵০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

সংস্কৃত প্রেসডিপজিটরি।

১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত

পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় সহজ প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষক গণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৷৷০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।৵০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীজমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।৵০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ৵০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৪৪ নং

ইউক্লিডের জ্যামিতি প্রথম অধ্যায়।

(সংশোধিত এবং পরিবর্দ্ধিত।)

শ্রীযুক্ত বাবু ব্রহ্মমোহন মল্লিক প্রণীত। ২৬শ সংস্করণ প্রকাশিত হইয়াছে। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৯৭ নং ম্যানেজার।

সাহিত্য ডিপজিটারী।

২২০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রেন্স, এল এ, বি এ, এম এ, ডাক্তারী, মোক্তারী, বি এল প্রভৃতির সর্ব্ববিধ পাঠ্য ও অর্থ পুস্তক, ন্যূনতম মূল্যে আমাদের দোকানে পাওয়া যায়। সর্ব্বপ্রকার ইংরাজী বাঙ্গালা নাটক, নভেল প্রভৃতি সর্ব্বদা আমাদের নিকট মজুত থাকে। মফস্বলে ভালুপেথেলেও পাঠাইয়া থাকি।

পাইকারী খরিদারদিগকে যথেষ্ট কমিসন দিয়া থাকি। পত্র লিখিলে সবিশেষ জানিতে পারিবেন।

শ্রীযতীশচন্দ্র সমাজপতি।

৩৮৭নং

শ্রীমদ্ভগবদ্গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ /০।

ঐ বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ।৵০ পাঁচ আনা ডাঃ মাঃ /০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা মূল্য /০ পাঁচ আনা ডাঃ মাঃ /০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা উৎকৃষ্টরূপ বাঁধা মূল্য ৷৷০ আট আনা, ডাঃ মাঃ /১০।

কবির (জীবন্মুক্ত মহাত্মা কবির সাহেবের ৫৫৩টী দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা-সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ /১০।

কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০। ১ন মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

ম্যানেজার।

☞ এই পত্র হুগলি বুধোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

REGISTERED NO 35 1875

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

নূতন সম্বৎ। ২৫শ খণ্ড। ১৪শ সংখ্যা। | ৩১শে আষাঢ় শুক্রবার ১৩০০ সাল। ইং ১৪ই জুলাই ১৮৯৩ খৃঃঅব্দ। | অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা।

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম)	৫	ষাণ্মাসিক	৩
ত্রৈমাসিক	২	প্রত্যেক সংখ্যার	।৵

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৵০ ৩য় বার /১০ চতুর্থ বা ততোধিক বার /০। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৵০।

কর্ম্মখালির বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে প্রকাশিত হয়।

তিন মাসের অধিক বিজ্ঞাপন প্রকাশ করিলে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

যাঁহারা এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য নগদ টাকায় দিবেন, তাঁহারা তাঁহাদের নিকটবর্ত্তী এজেণ্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণিঅর্ডার কুপনে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

এডুকেশন গেজেটে বিজ্ঞাপন প্রকাশের সুবিধার জন্য ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে একটী এজেন্সি খোলা হইয়াছে। তথায় বিজ্ঞাপন ও তৎপ্রকাশের মূল্য জানা লওয়া যায়।

পেজেটের কোন সংখ্যা পাইতে অন্যায় বিলম্ব হইলে তাহার পরবর্ত্তিতে পিয়নের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়, কলিকাতা সংস্কৃতযন্ত্রের পুস্তকালয় ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।
চণ্ডীচরণ মজুমদার—বেঙ্গল সেক্রেটারিয়েট জুডিসিয়াল ডিপার্টমেণ্ট।
২৪ পরগণা আলিপুর — মতিলাল মৈত্র—আলিপুর।
ভূপালচন্দ্র গঙ্গোপাধ্যায়—উকিল।
বারাকপুর শ্রীযুক্ত বাবু ভুবনমোহন নিয়োগী।
ভবানীপুর রাজকৃষ্ণ রায় চৌধুরী।
যদুনাথ চৌধুরী—চুয়াডাঙ্গা।
হাবড়া হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান চারুচন্দ্র চট্টোপাধ্যায়।
রসিকলাল দাস—রাবনা।
যশোহর কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
অম্বিকাচরণ মুখোপাধ্যায়—সিউড়ী
নীলমণি ভট্টাচার্য্য—সিউড়ী।
বাঁকুড়া রামেশ্বর সেন—বিষ্ণুপুর।
অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর উমাচরণ দে।
দীননাথ ধর—গবর্ণমেণ্ট ষ্টীমার।
জলপাইগুড়ি নীলমণি পাল।
বাঁকিপুর নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর।
ভগবান প্রসাদ।
বারাণসী সোমনাথ ভাদুড়ী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর আদিনাথ মিত্র।
দ্বারকানাথ বাগচি—নিলফামারি।
রাজসাহী কালীনাথ চৌধুরী—বোয়ালিয়া।
পাবনা মহেন্দ্রনাথ দত্ত।
রজনীকান্ত ভট্টাচার্য্য।
রামচন্দ্র চক্রবর্ত্তী।
ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, হুলাই।
উমাচরণ পাঁড়ে, সিরাজগঞ্জ।
ঢাকা সতীশচন্দ্র ঘোষ।
সাঁওতাল পরগণা যজ্ঞেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।
পাকুড় রাধাকৃষ্ণ সারঙ্গেল।
খুলনা হরিহর দাস।
জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।
দিনাজপুর রাজকুমার চক্রবর্ত্তী কুলবাড়ি।
ভুবনেশ্বর গুপ্ত।
দুর্গাদাস সুর—রায়গঞ্জ।
শশিভূষণ রায়।
কোচবিহার ভুবনমোহন দত্ত।
করিদপুর কালীকিশোর ঘোষ—মাদারিপুর।
মজঃফরপুর কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল
ছাপরা গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক।
সুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সমস্তীপুর

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিবিধ বিজ্ঞাপন।

রিপণ-ডিপজিটারী।

৫২ নং দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য ও নাটক নভেল অতি সুবিধায় সরবরাহ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পিঃ ডাকে পুস্তক পাঠাই। প্রেরণ ব্যয় ২০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়।

শ্রীশশিভূষণ সাহা
৩৮০ নং ম্যানেজার।

গবর্ণমেণ্টের অনুমোদিত।

বাঙ্গালা ছাত্রবৃত্তি ও মাইনর স্কুলসমূহের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পাঠ্য।

"বিজ্ঞানসোপান"।

শ্রীযুক্ত উমেশচন্দ্র ঘোষ, এম এ, বি এল প্রণীত।

মূল্য ॥৵০ দশ আনা মাত্র।

ছাত্রবৃত্তি ও মাইনর পরীক্ষার নির্দ্দিষ্ট বিষয়গুলি এরূপ বিশদরূপে ও ধারাবাহিক ভাবে অন্য কোন গ্রন্থে বর্ণিত নাই। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৩৮৫নং

এল, ডি, মিত্র এবং কোং।

শক্তপ্রতিষ্ঠ ও কলিকাতা ও অন্যান্য স্থানের দক্ষ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৫৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক কুবিনি ক্যাম্ফার ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৷৷০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৯৲ ও ৭৲, শিশুচিকিৎসা ২৷৷০, বামাচিকিৎসা ২৲ জ্বর চিকিৎসা ৸০ ও ১৸০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৸০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমার কলিকাতার মহামেলার এই শ্রেণীতে ভারতের মধ্যে সর্ব্বোচ্চ এবং এখানকার ও অন্যান্য স্থানের সম্ভ্রান্ত চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি। ৭ন

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্ত লালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীতে সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১৷৷০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

REDUCTION IN PRICE OF CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta, Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free, at 4 oz, Rs3—4: 8 oz, Rs 6—8: 16 oz, Rs 12—12. Cash with order.

No. 331

বুধোদয় যন্ত্র।

হুগলি বুধোদয় যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষর ও তাহার সরঞ্জাম প্রচুর পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানা প্রকার পুস্তক, মিউনিসিপালিটির আবশ্যকীয় যাবতীয় ফরম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, হ্যাণ্ডবিল, জমিদারীর জমাওয়াশীল ফরম, ডাক্তারি লেবিল ও বিল নানা প্রকার ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পন্ন হইয়া থাকে। বিশেষ বন্দোবস্ত করিলে, সাপ্তাহিক পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংলিস্ অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও স্মল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া দপ্তরী দ্বারা পুস্তক প্রস্তুত করিয়া রীতিমত বাক্সবন্দী করিয়া রেলে বা জাহাজে যাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি, গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন, ছাপার রেট ও অন্যান্য বিবরণ জানিতে ইচ্ছা করিলে আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পারিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

কার্য্যাধ্যক্ষ।

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১৯ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।

ডাকমাশুল ⁄০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৵০

পদ্য ব্যাকরণ মূল্য ⁄১০

প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য ⁄১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায়) পাওয়া যায়।

শ্রীতিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

অম্বিকাচরণ ঘোষাল

ফটোগ্রাফার ও পেইণ্টার

ঘুঁটেবাজার হুগলি

অয়েল পেইণ্টিংএ চেহারা তুলিতে এবং ফটোগ্রাফ লইতে মফস্বলের সর্ব্বত্র যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণ পত্র লিখিলে জানিতে পারিবেন। নেটীবক্যারেক্টর ও নানা রূপ দেশীয় ভিউ, মাপ কাঃ ভিঃ মূল্য প্রত্যেকে ।০, ডজন ২৲। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিজ, হুগলী কলেজ এমামবাড়ার আশ্চর্য্য দৃশ্য ও হংসেশ্বরীর মন্দির প্রত্যেক ১৲ টাকা মাত্র—ফটোগ্রাফগুলি একবার দেখিলে বাধিত হইব।

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মতামত নহে।

জয়পুরের আদিম অধিবাসী মীনা-দিগের বৃত্তান্ত।

(২)

মীনারা আজ কাল অনেকে লেখা পড়া শিখিতেছে এবং শিল্প বিদ্যাতেও অনেকে নিপুণ হইয়াছে। এখানকার রাজমন্ত্রী মহাশয়ের রাজ-প্রাসাদ তুল্য যে বাটী নির্ম্মিত হইতেছে তাহার প্রধান মিস্ত্রি এক জন মীনা। তাহার সামঞ্জস্য-(=মোকাবেলা=Symmetry) বোধ এত চমৎকার যে, পর্য্যালোচনা করিলে আশ্চার্য্যান্বিত হইতে হয়। মধ্য বিন্দু হইতে ডাইনাদিকে যত দূরে যে জোড় বা নক্সা আছে ঠিক বাম দিকে তত দূরে সেইরূপ জোড় বা সেইরূপ নক্সা থাকিতেই হইবে। দুই খানি বক্রবেখা ক্রমিক প্রস্তরে একটী খিলান প্রস্তুত করিতে হইবে, একখানি পাওয়া গিয়াছে আর এক খানি পাওয়া যাইতেছে না; যত দিন সেই খানি না পাওয়া যাইবে তত দিন কার্য্য বন্ধ থাকিবে তাহাও স্বীকার তথাপি পার্শ্বমাণে অন্য প্রস্তর কাটিয়া সেরূপ করিবে না। এই সামঞ্জস্য প্রিয়তা জয়পুরে এত প্রবল যে আমি ইহার সদৃশ আর কুত্রাপি দেখি নাই। এমন কি কোন গৃহস্থ সামঞ্জস্য ভঙ্গ করিয়া বাটী প্রস্তুত করিতে চাহে না এবং করিলে অমঙ্গলের আশঙ্কা করে। এই সামঞ্জস্য প্রিয়তা কুটরূপে লক্ষিত হয় কিন্তু এই বিষয় এ প্রবন্ধের আলোচ্য নহে। পূর্ব্বেই বলিয়াছি মীনারা আপনাদিগকে ভিন্ন ভিন্ন রাজপুত জাতীয় বলিয়া পরিচয় দেয়। ভিন্ন ভিন্ন রাজপুত এক মীনা নামে কেন অভিহিত হইল এবং কেমন করিয়া গিরিশপত্নীর গাত্রমলজাত দৈত্যের পূর্ব্ব পুরুষদ্বের সহিত একথার সামঞ্জস্য করা যায় তাহা বলিতে পারি না। তবে এক সম্প্রদায় মীনা যে যদু বংশীয় বলিয়া পরিচিত তাহার আর সন্দেহ নাই। মথুরার নিকট জড়ীগ্রাম তাহাদের উৎপত্তি স্থান, এজন্য তাহাদিগকে জড়িয়াল বলে। তাহারা যদু বংশীয় কেরোলীর রাজার সহিত অদ্যাপি এক হুক্কাতে তামাকু পান করে, কেবল রাজা তাহাদিগের উচ্ছিষ্ট নলটী পরিত্যাগ করেন। বাস্তবিক মীনারা নিতান্ত হেয় জাতি নহে। ইহাদিগের স্বতন্ত্র ব্রাহ্মণ নাই। রাজপুত ও অন্যান্য ভদ্র জাতীয়দিগের যে ব্রাহ্মণ ইহাদিগেরও সেই ব্রাহ্মণ। কিন্তু একটী কথা এই যে নিতান্ত অন্ত্যজ জাতি ভিন্ন অপর সকল জাতিদিগের মধ্যেই সৎব্রাহ্মণদিগের গতিবিধি আছে; এমন কি গোয়ালা কলু প্রভৃতির মধ্যেও ব্রাহ্মণদের যাতায়াত আছে। তাহাতে ইহাঁদের জাতিজাতা হানি বা পাতিত্য ঘটে না কেবল একটু নিন্দনীয় হইতে হয় মাত্র। কিন্তু মীনাগৃহগামী ব্রাহ্মণের সেই নিন্দা টুকুও হয় না, ইহাই আমাদের বক্তব্য। ইহাদের কুলাথাতাগণকে জাদে কহে। এই জাদেগণের নিকট ইহাদের বংশাবলি ও অনেক ঐতিহাসিক কথা লিপিবদ্ধ আছে। পূর্ব্বের ন্যায় মীনারা জাদেগণের সম্মান করিয়া উঠিতে পারে না এই জন্য নানা অনুকল্পের আবশ্যক হইয়াছে অর্থাৎ ২৫৲ টাকা দিলেই হস্তীদান হইল এবং ১২৲ টাকা দিলেই উষ্ট্র দান হইল—এইরূপ বিধান হইয়া গিয়াছে।

নগরবাসী মীনাগণ সভ্য ও কতকটা শিক্ষিত হইলেও উহাদের গ্রাম্য বা আজন্ম সঙ্গিগণ নিতান্ত অসভ্য ও মূর্খ। বোধ হয় তাহাদের মধ্যে এমনও অনেক মীনা আছে যাহারা পূর্ব্বাবধিই চোর। যৎকালে মীনাদের প্রাধান্য ছিল, সম্ভবতঃ তখনও তাহাদের চুরি ব্যবসায় ছিল। তাহারা চুরি করে অথচ জানে না যে চুরির জন্য কঠোর রাজদণ্ড বিহিত আছে। তাহারা যখন দেখে যে সামান্য চুরির জন্য দীর্ঘকাল কারাগারে থাকিতে হয় তখন তাহারা এই বলিয়া আশ্চর্য্য হয় যে চুরির জন্য এত সাজা কেন? আমার ঘরে কিছু নাই, তোমার ঘরে আছে; আমি সুবিধা পাইলেই লইয়া আসিব; এজন্য এত থানা, ফাঁড়ি, কনষ্টেবল, জেলখানা প্রভৃতি কেন! কিছু কাল পূর্ব্বে কখন কখন চুরির জন্য প্রাণদণ্ড বিধানও হইত; সে সময়ে অনেক মীনা দণ্ড না জানিয়া চুরি করিয়া মারা পড়িয়াছে। গ্রাম্য মীনারা এত অশিক্ষিত যে, যখন সহরের মীনারা কোন নিমন্ত্রণের সময়ে তাহাদিগকে ইক্ষুদণ্ড চিবাইতে দেয়, তাহারা তাহার দুই মীনা দুই হস্তে ধরিয়া মধ্য ভাগটাতে দন্ত স্থাপন করে; পরে সহরের মীনারা বলিয়া দিলে যেরূপে ইক্ষুদণ্ড ধরিতে হয় ও চিবাইতে হয় তাহা করে।

আমরা ইতিপূর্ব্বে কহিয়াছি যে জয়পুরের সন্নিহিত গিরিদুর্গ মীনা কর্ত্তৃক রক্ষিত। এই দুর্গে প্রাচীন ধনাগার সকল আছে এবং মানসিংহ প্রভৃতি বিক্রান্ত রাজাদিগের পোষাক, তরবারি, আভরণ ও নানা দেশলুণ্ঠিত সামগ্রী সকল আছে। যে প্রধান মীনা রক্ষকদিগের উপর সর্দ্দার তাহাকে মহারাজ, কাকাজী, বাবাজী প্রভৃতি সম্মানসূচক উপাধিতে অভিহিত করেন। ধনাগার সকল কিরূপ যত্নে রক্ষিত তাহার উদাহরণ স্বরূপ এখানে একটী কিম্বদন্তী প্রচলিত আছে; উহা যে কতদূর সত্য তাহা বলিতে পারি না। কোন সময়ে বিগত মহারাজা রামসিংহ একবার ধনাগার দেখিতে ইচ্ছা করেন এবং তজ্জন্য কাকাজীকে অনুনয় করেন। কাকাজী তাহার উত্তরে কহেন "বেটা, ধনাগার সকল কাহাকেও দেখাইবার জিনিষ নহে, কিন্তু তুমি যখন রাজা তখন তোমায় দেখাইব কিন্তু এমন ভাবে নহে।" এই বলিয়া মহারাজার চক্ষু বাঁধিয়া নানা দিকে ঘূর্ণায়মান যে সকল পথ আছে সেই সকল পথ দিয়া লইয়া গেল এবং ধনাগারে উপস্থিত হইয়া চক্ষুর বন্ধন খুলিয়া দিল। পরে ধনাগার দর্শন হইয়া গেলে আবার ঐরূপ অবস্থায় রাজাকে বাহির করিয়া দিল।

মীনাদিগের বিশ্বাসিত্বের একটী উদাহরণ দিই। ইহা প্রকৃত কথা। আম্বের নামক প্রাচীন সহরে পর্ব্বতের উপর যে রাজপ্রাসাদ আছে তাহার মধ্যস্থ উদ্যানের রক্ষক একজন মীনা ছিল। বিগত মহারাজার সময়ে সেই মীনার পুত্র কোন বস্তু চুরি করায় পিতা তৎক্ষণাৎ তাহার শিরশ্ছেদন করে। পরে ধরা পাকড়া হইলে সে বলে যে, আমার পুত্র যদি অবিশ্বাসের কার্য্য করে তবে বিশ্বাসের কাজে লোকে আর কার প্রতি ভরসা করিবে? কাহারও কাহারও মতে চোর পুত্র ছিল না, জামাতা ছিল। যাহা হউক মর্ম্মটা এক।

ইহাদের চুরিনিপুণতার একটী দৃষ্টান্ত বলি। কথিত আছে এক দিন মীনা কর্ম্মচারিগণের সহিত কথোপকথন উপলক্ষে মহারাজ রামসিংহ কহিয়াছিলেন, "আচ্ছা তোমরা কেমন চোর বুঝিতে পারি যদি আমার সাক্ষাতে কোন দ্রব্য চুরি করিতে পার।" মীনাগণ তাঁহাকে কথোপকথনে ব্যাপৃত রাখিয়া তাঁহার মস্তক হইতে মূল্যবান পাগড়িটী উঠাইয়া লইল। মহারাজ বিস্ম-

মাত্রও জানিতে পারেন নাই। পরে এক জন মীনা সেই পাগড়ীটি মহারাজকে সমর্পণ করিয়া কহিল "মহারাজ দেখুন এইটী কি?" তখন রাজা চমৎকৃত হইয়া তাহাদিগকে পারিতোষিক প্রদান করিলেন।

জয়পুরের পূর্ব্বদিকে তিন ক্রোশ দূরে খো নামক গ্রাম আছে। তথায় চাঁদো সম্প্রদায়ের মীনাদিগকে বাসস্থান করিতে দিতে রাজের নিষেধ আছে। ঐ চাঁদো গোত্রের মীনাগণ তথাকার রাজা ছিল। ৯৬৩ খৃঃ অব্দে ধুলেরাও যেরূপ বিশ্বাস ঘাতকতার সহিত তাহাদের রক্তপাত করিয়া সেই স্থান অধিকার করেন, ইতিহাসে তাহার সবিস্তার বর্ণনা আছে। এখন মীনাগণের একটি দেবী মূর্ত্তি সেই খানে আছে।

যে যে স্থানে একটী একটী মীনাগোত্র রাজত্ব করিত প্রায় সেই সেই স্থানেই একটী একটী দেবী মন্দির ছিল। এখন সেই সকল মন্দিরের অধিকাংশই জয়পুর রাজগণ স্বয়ং সম্মান পূর্ব্বক রক্ষা করিয়াছেন। অম্বামাতার মন্দির হইতে ধুন্ধরের অর্থাৎ বর্ত্তমান জয়পুর রাজ্যের অপর নাম যে অম্বর তাহা অনেকেই জানেন। যখন একটি একটি করিয়া মীনাগোত্র নিপাত করিয়া রাজপুতগণ প্রবল হইতে লাগিল তখন হইতে এখানকার রাজকুলে একটী প্রথা চলিল। একটী মীনার পদের বৃদ্ধাঙ্গুষ্ঠের রক্ত ভিন্ন রাজটীকা হইত না। মীনারা বলে যে, দণ্ড দুই তিনমধ্যেই ঐ মীনা মরিয়া যাইবে। সত্য মিথ্যা ভগবান জানেন। যদিও টীকার পরে রাজাদিগের দ্বাদশ বৎসরের অধিক আর বাঁচিবার জো ছিল না, তথাপি যিনি রাজটীকা লইতেন তিনি বড় প্রতাপান্বিত এবং কীর্ত্তিশালী হইতেন। যাহা হউক ২১ পুরুষ হইতে ঐ নিয়ম বন্ধ হইয়া গিয়াছে। কেহ কেহ তাহার কারণ এই বলেন, যে অধুনাতন রাজারা প্রতাপান্বিত হওয়া অপেক্ষা দীর্ঘজীবী হওয়া ভাল বাসেন। কিন্তু যদি টীকা গ্রহণকালে একটী মীনার প্রাণ গ্রহণই সত্য হয় তাহা হইলে ইংরাজ রাজের-রাজত্ব কালে ঐরূপ নিষ্ঠুর প্রথা চলা আর সম্ভব নহে এই অনুমান কি যুক্তি যুক্ত নহে? অথবা একটী মীনার প্রাণগ্রহণ যদি কথার কথা মাত্র হয় তাহা হইলে ঐরূপ রাজটীকা গ্রহণপ্রথা পরিত্যাগ করা এখনকার রাজাদিগের কি বিশেষ প্রশংসার কথা তাহা বুঝিতে পারি না।

মীনাদিগের এখন দিন কাল নাই। তাহাদের পরে রাজপুত, রাজপুতের পর মুসলমান, ও মুসলমানের পর ইংরাজ আসিয়াছে। কিন্তু ইহাদিগের চরিত্র পর্য্যালোচনা করিলে, ইহাদের মধ্যে এখনও যে কিঞ্চিৎ জাতীয় জীবন আছে তাহা বেশ অনুমান করা যায়। ইহারা সাধারণতঃ বুদ্ধিমান, উদ্যমশীল, মদ্যপ, মাংসাশী, দেবীভক্ত, রাজ কার্য্যে প্রাণোৎসর্গকারী, বিশ্বাসী, ও চোর। ইহাদিগের হৃদয়-বিলসিত চুরি বিদ্যা যখন একেবারে লোপ পাইবে তখন প্রকৃত পক্ষে মীনার জাতীয় জীবন লোপ পাইবে। তবে মীনা নাম মাত্র থাকিবে বটে।

শ্রীযোগেশচন্দ্র ভট্টাচার্য্য বি এ।
জয়পুর মহারাজা কলেজের অধ্যাপক।

মন।

(১)

আশার কুহকে ভ্রান্ত রে অবোধ মন!
বিধ্বংসি-বিভব তোর সদা অনুধ্যান!
পরাহত পরমার্থ লাভে অনুক্ষণ
পরমায়ু পর্য্যাহ যে হ'ল অবসান।

(২)

প্রফুল্ল-কমল-সম লালিত্য আধার
মধুরতাপরিপূর্ণ সুন্দর আননে
হাসিতে, শৈশবে যবে শোক-দুঃখ ভার
বিন্দুমাত্র অনুভব না হইত মনে।

(৩)

মধ্যাহ্ন-তপন তুল্য বিষম যৌবনে
মদ্যপ মাতঙ্গ-বলে ভাঙ্গি ধর্ম্ম বাঁধ
হরষিতে পাপ-পঙ্কে সতত মগনে,
পুরাইতে অনুক্ষণ ক্ষণস্থায়ী সাধ।

(৪)

ভোগ-সুখ অভিলাষে বদ্ধপরিকর,
কাম ক্রোধ আদি করি ছয়রিপু বশে,
জুড়াইতে নিত্যসুখ ভাবি নিরন্তর
হ'লি মাত্র মূঢ় মন! মিছা আশা-আশে?

(৫)

যৌবনের অবসান প্রৌঢ় সমাগম,
প্রাচুর্য্য, ঐশ্বর্য্য চিন্তা দীপ্ত হুতাশন—
মুহূর্ত্তে জন্মায় যাহে বিষম বিভ্রম,
বিদগ্ধ বিমূঢ় মন তাহে অনুক্ষণ!

(৬)

তবু দোষ মোহান্ধতা ঘুচিল না হায়
কুহকিনী আশার কুহক বিমোহনে,
চঞ্চলা চপলা-প্রায় অস্থির হৃদয় এবে
কভু নাহি যায় মন পরম চিন্তনে!

(৭)

ক্ষণস্থ বার্দ্ধিকা আসি সান্ধ্য নৈশতমে,
মুহুর্মুহু বিমর্ষিত শরীর আমার,
সতত রোকদ্যমান বিষম বিভ্রমে,
নৈশোর কাহিনী যত সমুদিত মনে।

(৮)

তবু রে বিমূঢ় মন ভ্রমে অচেতন,
মায়াবিনী আশার মায়ায় বিমোহিত,
ভ্রমেও না ভাবিলি সে পরমার্থ ধন।
প্রাণান্তে পাথেয় যাহা নিত্য হিতকারিত।।

শ্রীঅনাথবন্ধু দাস।
সাঁথিয়া স্কুল, (পাবনা)

এডুকেশন গেজেট।

৩১শে আষাঢ় ১৩০০। ইং ১৪ই জুলাই ১৮৯৩।

যুবরাজ পুত্রের বিবাহ।

যুবরাজপুত্রের বিবাহ নির্ব্বিঘ্নে সম্পন্ন হইয়া গিয়াছে। এতদুপলক্ষে বিগত ৬ই জুলাই লণ্ডননগরে মহা-সমারোহ হইয়াছিল। সেণ্ট জেমস্ উপাসনাগৃহে এই বিবাহ কার্য্য নিষ্পন্ন হয়। উপাসনাগৃহে গমন ও তথা হইতে প্রত্যাগমন কালীন সমুল্লসিত জানপদবর্গ নবদম্পতীকে উদ্দেশ করিয়া যথাবিধি অভিনন্দনাদি করিয়াছিলেন। বিবাহের পর স্বয়ং মহারাণী পৌত্র ও পৌত্রবধূসহ বকিংহাম প্রাসাদ হইতে জয়োল্লাসকারী সমবেতবর্গকে আপ্যায়িত করিয়াছিলেন। অতঃপর বরবধূ 'হনিমুন'এর জন্য নির্দ্দিষ্ট

স্থান সান্ড্রিংহামে গমন করেন। বিবাহের পর যুবরাজ ও যুবরাজ পত্নী, রাজ পরিবারের অপরাপর ব্যক্তিগণ, ডেনমার্কের রাজা ও রাণী, রুষের যুবরাজ প্রভৃতি গিল্‌ডহল নামক স্থানে লর্ড মেয়রের সহিত একত্রে আহারাদি করিয়াছিলেন। ভোজে সাত শত ব্যক্তি আহূত হইয়াছিলেন। রুষ যুবরাজ বক্তৃতাস্থলে বলিয়াছিলেন "ইংলণ্ড, ডেনমার্ক ও রুষ—এই তিন রাজ্য পরস্পর কুটুম্বিতা সূত্রে আবদ্ধ, সুতরাং এই তিন রাজ্যের মধ্যে বরাবরই একতা থাকিয়া যাইবে এরূপ আশা করিতে পারা যায়।" ভারতের রাজভক্ত প্রজাগণমধ্যে অনেকেই রাজভক্তির নিদর্শনস্বরূপ মঙ্গলসূচক যৌতুকাদি পাঠাইয়াছিলেন। মহারাণী ভারতেশ্বরী ইহাতে সবিশেষ হর্ষপ্রকাশ করিয়া রাজভক্ত ভারতীয় প্রজাগণের রাজভক্তি স্মরণপূর্ব্বক তাঁহাদিগকে পুনঃ পুনঃ যথেষ্ট সাধুবাদ প্রদান করিয়াছেন। আমরাও জগদীশ্বরের নিকট সর্ব্বান্তঃকরণে এই নবদম্পতীর সর্ব্বাঙ্গীন কুশল কামনা করিতেছি।

বর্ণমালা বিষয়ক।

গতবারের 'বর্ণমালা' প্রবন্ধের উপসংহার ভাগে আমরা বলিয়া রাখিয়াছি যে, "যাহার কোন অর্থ নাই এরূপ শব্দ শিশুদিগকে বলাইবার চেষ্টা করা সর্ব্বথা অনুচিত—ইউরোপীয় শিক্ষাদান প্রণালীর এই অভিনব সূত্রটি প্রকৃতপ্রস্তাবে যে অতিশিশুদিগের পক্ষে নিতান্তই অকিঞ্চিৎকর ও হেয় সে পক্ষেও কোন সন্দেহ নাই।" কথাটি কিঞ্চিৎ বিশদ করিয়া বলাই বর্ত্তমান প্রবন্ধটির উদ্দেশ্য।

আজ কাল সংস্কৃত, বাঙ্গালা প্রভৃতি দেশীয় যে কোন বিষয়ের শিক্ষা প্রণালী সম্বন্ধে কোনরূপ দোষের উল্লেখ করিলে তাহা এক প্রকার চলিয়া যায়; তাহার উপর বড় একটা কথা হয় না; কিন্তু নব্য ইউরোপীয় শিক্ষা প্রণালীর বিরুদ্ধে কেহ কোন কথা তুলিলে ইংরাজী-শিক্ষিত নব্য দলের তাহা অসহ্য হইয়া উঠে। তাঁহাদের ধারণা, ইউরোপীয় যে কিছু সকলই বিজ্ঞানময়; সুতরাং আমাদের উল্লিখিতরূপ কথাগুলিকে তাঁহারা নিতান্ত আস্পর্দ্ধার কথা বলিয়াই মনে করিতে পারেন।

বস্তুতঃ, অত্যল্পবয়স্ক শিশুদিগের শব্দার্থবোধাধিকার একেবারে জন্মে না বলিলেই হয়; সুতরাং প্রথম শিক্ষারম্ভ সময়ে শব্দার্থবোধের দিকে ততদূর দৃষ্টি না রাখিয়া যাহাতে তাহাদের বাগিন্দ্রিয়ের ক্রিয়াগুলি সম্যক্ স্ফূরিত হইতে পায়, শব্দের উচ্চারণস্থানগুলি সংস্কৃত হইয়া যাহাতে কথার অস্ফুটতা ঘুচিয়া যায়, তদ্বিষয়ে সবিশেষ যত্ন করাই উচিত। অর্থবোধ আপনা হইতে যতটুকু হয় হউক, তজ্জন্য স্বতন্ত্র কোনরূপ উপায় অবলম্বন করার আবশ্যক নাই। করিলেও সেইটি যেন শিশুশিক্ষার মুখ্য উদ্দেশ্যসাধন বলিয়া মনে না করা হয়। বাগিন্দ্রিয়ের পরিচালনাই তাৎকালিক শিক্ষার মুখ্যউদ্দেশ্য, ইহাই শিশুর মুখ্যতম প্রথম শিক্ষা; বুদ্ধিবৃত্তির পরিচালনামূলক অপরাপর শিক্ষা ইহারই পরবর্ত্তী গৌণ শিক্ষামাত্র।

শিশুর শিক্ষাবিষয়ক এই মূলসূত্রটীর অনুসরণ করিয়া দেশীয় প্রাচীন পাঠশালার শিক্ষাপদ্ধতি প্রচলিত হইয়াছিল। তদনুসারে সাবেক গুরুমহাশয়েরা শিশুদিগকে প্রথমে ক খ, পরে ক কা, ক্ক, ক্ষ, তারপর 'সিদ্ধিরস্তু অ আ' শিখাইয়া পরে নাম লেখা শিখাইয়া থাকেন। শিশুদিগের প্রথম শিক্ষা যে সর্ব্বথা পেশীবৃত্তিপরিচালনামূলক (Mechanical) হওয়া উচিত, প্রাচীন পাঠশালা-সমূহের এই শিক্ষাপদ্ধতির বিষয়ে একটু আলোচনা করিয়া দেখিলেই তাহা বুঝিতে পারা যায়। বর্ণের আদিতে যে স্বরবর্ণ, অ আ'র পূর্ব্বে 'সিদ্ধিরস্তু' এই মঙ্গলাচরণ বাক্যের প্রয়োগ দ্বারা তাহা বুঝান হইয়াছে, কিন্তু স্বরের উচ্চারণে বাগিন্দ্রিয়ের পরিচালনা তেমন সমীচীন হয় না বলিয়াই অগ্রে হলবর্ণ শিখাইবার ব্যবস্থা হইয়াছে। ক কা, ক্ক ক্ষ প্রভৃতিও বালকদিগের উচ্চারণ সৌকর্য্যার্থ যথাযথ বিনিবেশিত হইয়াছে। ক্ক ক্ষ পর্য্যায়মধ্যে ঙ্ক, ঞ্চ ঞ্জ ঙ্ঘ, ঙ্ঘ, ঙ্ল, ঙ্ব, ঙ্স্ত্র ট্‌শ প্রভৃতি ভাষামধ্যে একেবারেই অপ্রচলিত সংযুক্ত বর্ণগুলির উল্লেখ থাকায় স্পষ্টই বুঝা যাইতেছে যে, শিশুদিগের উক্তরূপ শিক্ষাদানপ্রণালী কেবল তাহাদের বাগিন্দ্রিয়গুলির সম্যক্ পরিচালনাদ্বারা বাক্যের অস্ফুটতা নিরাকরণের চেষ্টা ব্যতীত আর কিছুই নহে। অপর, এই ক খ প্রভৃতির অভ্যাসের সময় হইতেই শিশুদিগের যাহাতে মনের একাগ্রতা জন্মে প্রাচীন শিক্ষাপদ্ধতিতে তাহারও বিশেষ ব্যবস্থা করা আছে। অত্যল্প-

বয়স্ক শিশুদিগের মন কোন বিষয়ে এককালীন আবদ্ধ রাখা বড়ই কঠিন। ক খ প্রভৃতির কেবল আবৃত্তি দ্বারা শিশুদিগের মনকে নিবিষ্ট করিয়া রাখা যায় না; সেই জন্য পাঠশালার শিক্ষাপদ্ধতিতে লেখার সহিত পড়ার ব্যবস্থা হইয়াছে। লিখিবার সময় মনকে বাধ্য হইয়া অপেক্ষাকৃত অনেকটা সংযত রাখিতে হয়, নতুবা লেখা হয় না। আর অক্ষর পরিচয় হইয়া গেলে শিশুদিগকে নাম লেখাইবার ব্যবস্থা আছে। এই নাম লেখাইবার ব্যবস্থাতেও প্রাচীন শিক্ষাপ্রণালী প্রবর্ত্তকদিগের যে কতদূর বুদ্ধিমত্তা প্রকাশ পাইয়াছে তাহা ভাবিলে চমৎকৃত হইতে হয়। বর্ণশিক্ষার পর সামান্য সামান্য কথা লিখিবার সময় অধিকাংশ কথাস্থলেই শিশুদিগের অর্থবোধ হয় না, কিন্তু একটা না একটা অর্থবোধ না হইলে উক্ত নীরস লেখায় শিশুদিগের মনও বিশেষরূপ আকৃষ্ট হইবার কথা নহে। নাম লিখিবার ব্যবস্থায় কিন্তু এই অভাবের পূরণ হইয়া আছে। যে নামটি শিশু লিখিয়াছে সেই নামটি তাহার পিতার বা খুড়ার অথবা প্রতিবাসীর কাহারও এই জ্ঞান বশতঃ সেই পিতা, খুড়া অথবা প্রতিবাসীকে মনে পড়ায় নামের প্রকৃত তাৎপর্য্যগ্রহ না হইলেও শিশুর মনে একটা অবচ্ছিন্ন (Concrete) ভাব জন্মিয়া যায়, এবং তদ্দ্বারা উদ্দেশ্যও অনেকাংশে সংসাধিত হয়; ঐক্য, বাক্য, মাণিক্য প্রভৃতি লেখায় সে উদ্দেশ্য কোন মতেই সিদ্ধ হইবার নহে। শিশুর শিক্ষারম্ভস্থলে এই প্রাচীন শিক্ষাসূত্রগুলির অনুসরণ করিয়া চলিলে যে অপেক্ষাকৃত অনেক ভাল ফল ফলিয়া থাকে, সে কথা বলা বাহুল্য মাত্র।

কিন্তু আজ কালের ইউরোপীয় শিক্ষাপ্রণালীর নব্য সূত্রটি অবলম্বন করিয়া শিশুদিগের শিক্ষার যে ব্যবস্থা হইতেছে তাহাতে উল্লিখিত প্রাচীন মূলতথ্যগুলির ব্যতিক্রম ঘটিতেছে। উক্ত নব্য সূত্রটির মতে নিরর্থক শব্দ শিশুদিগকে শিখান উচিত নহে। আমরা পূর্ব্বেই বলিয়াছি শব্দার্থবোধের দিকে লক্ষ্য রাখা অত্যল্পবয়স্ক শিশুদিগের শিক্ষার মুখ্যউদ্দেশ্য নহে। বাগিন্দ্রিয়ের পরিচালনাই তাহাদিগের শিক্ষার মুখ্যউদ্দেশ্য, আর সেই বাগিন্দ্রিয়ের পরিচালনা প্রাচীন শিক্ষাপদ্ধতির অনুসারী নিরর্থক এবং একই প্রকারে শব্দায়মান ক্য খ্য গ্য ঘ্য প্রভৃতি শব্দের পৌনঃপুনিক উচ্চারণ দ্বারা যেরূপ সুসাধ্য, আধুনিক নব্য শিক্ষাসূত্রের অনুযায়ী সার্থক ঐক্য বাক্য মাণিক্য প্রভৃতি দ্বারা সেরূপ হয় না। শিশুগণের বাক্যস্ফূর্ত্তি হইবার সময়ে তাহারা মা মা মা মা দা দা দা দা, বা বা বা বা এইরূপ শব্দই উচ্চারণ করিতে শিখে, সুতরাং প্রণিধান করিয়া দেখিলে ক্য খ্য প্রভৃতি শব্দ নিরর্থক হইলেও ঐ সকলের দ্বারা শিশুর বাগিন্দ্রিয়ের যথাক্রম পরিচালনা হওয়াই স্বভাবসিদ্ধ। তবে আমরা যে সার্থক শব্দ ব্যবহারের বিরোধী তাহা নহি; আমাদের কথা এই, শিশুদিগের শিক্ষার উল্লিখিত মুখ্যতম উদ্দেশ্যের কিছুমাত্র ব্যাঘাত না ঘটাইয়া, বালকদিগের অর্থবোধ হইতে পারে এরূপ শব্দের সংযোজনা যদি কেহ করেন তাহাতে আমাদের কোন আপত্তি নাই, কিন্তু মুখ্যতম উদ্দেশ্যের অণুমাত্র ব্যাঘাতক যে কোন প্রণালীর আমরা বিরোধী।

অত্যল্প বয়স্ক শিশুর শব্দার্থবোধাধিকার সম্ভাবিত নহে। সার্থক হউক বা নিরর্থক হউক, যথাক্রম শব্দ বিন্যাসদ্বারা শিশুর বাগিন্দ্রিয়ের স্ফূর্ত্তিসাধনই আবশ্যক। প্রথম শিক্ষাস্থলে আবৃত্তিই বোধাধিকারের মূল, আবৃত্তি থাকিলে বোধ সহজেই জন্মিয়া যায়, আর সেই জন্যই শাস্ত্রকার বলিয়াছেন যে, প্রথম শিক্ষাস্থলে

"আবৃত্তিঃ সর্ব্বশাস্ত্রাণাং বোধাদপি গরীয়সী"

বাঙ্গালার স্বাস্থ্য বিবরণী।

১৮৯২ সালের বাঙ্গালার স্বাস্থ্যবিবরণী বিষয়ে বাঙ্গাল গবর্ণমেণ্টের মন্তব্য নিম্নে বিবৃত করা গেল।

উক্ত বৎসর সমগ্র বাঙ্গালায় প্রতি হাজারে প্রায় ৩২ জনের হিসাবে লোক মরিয়াছে; তন্মধ্যে একমাত্র জ্বর রোগেই হাজার করা প্রায় ২৩ জনের মৃত্যু হইয়াছে। পূর্ব্ববৎসর অর্থাৎ ১৮৯১ সালে এই জ্বররোগে হাজার করা প্রায় ১৯ জন এবং ১৮৮৭ হইতে ১৮৯১ পর্য্যন্ত—এই পাঁচ বৎসরে গড়ে প্রতি হাজারে প্রায় সাড়ে ষোল জনের হিসাবে লোক মারা পড়িয়াছে। মাদারিপুর, দিনাপুর প্রভৃতি এগারটি স্থানে উক্ত বৎসর জ্বর প্রভৃতি নানাকারণে প্রতি হাজারে ২০ জনেরও কম মরিয়াছে বলিয়া রিপোর্টে উক্ত হইয়াছে। ছোট লাট বাহাদুর কিন্তু এইটি বিশ্বাস করেন না। তাঁহার

বিবেচনায় ঐ সকল স্থানের মৃত্যুর রেজেষ্টরী ঠিক করিয়া করা হয় নাই বলিয়াই মৃত্যুসংখ্যা এত কম অর্থাৎ প্রতি হাজারে ২০ জনেরও কম দেখাইতেছে। জন্ম মৃত্যু রেজেষ্টরীর ভার পুলিসের হাতে পড়া অবধি উহার অনেকটা উন্নতি হইয়াছে বটে, কিন্তু তথাপি অনেক স্থলে পুলিসের অনবধানতা প্রভৃতি কারণে ঐরূপ সমস্ত গোলযোগ ঘটিয়া থাকে। উক্ত বৎসরের জন্ম সম্বন্ধে রিপোর্টে যে হিসাব দেওয়া হইয়াছে, তাহাও ঐ কারণে ছোট লাট বাহাদুরের মনঃপূত হয় নাই। ১৮৮১ সালের সেন্সস রিপোর্টে বাঙ্গালায় জন্মের হার প্রতি হাজারে অন্যূন ৪৫ জন বলিয়া নির্দ্দিষ্ট হয়। ইংরাজ ঐতিবৃত্তিক হার্ডি সাহেবও তৎকালে অনেকটা এই গণনারই পোষকতা করেন; সুতরাং এই গণনার উপর আস্থাস্থাপন করিতে পারিলে রিপোর্টে ১৮৯২ সালে বাঙ্গালায় জন্মের হার প্রতি হাজারে কিঞ্চিদধিক ২৮ জন বলিয়া যে নির্দ্দেশ করা হইয়াছে ছোট লাট বাহাদুরের বিবেচনায় তাহা ভ্রমাত্মক বলিয়াই বোধ হয়।

যাহাই হউক, উল্লিখিত ১১টি স্থানে মৃত্যুর হার যেমন হাজার করা ২০ জনেরও কম হইয়াছে, ২১টি জেলায় তেমনি আবার প্রতি হাজারে ৫০ জনেরও অধিক বৃদ্ধি পাইয়াছে। ঐ সকল স্থানে মৃত্যুসংখ্যা কেন এত বৃদ্ধি পাইল, রোগাদি হেতু যদি হইয়া থাকে তবে তাহার নিবারণ জন্য তৎকালে অথবা এ যাবৎ কিরূপ উপায় অবলম্বন করা হইয়াছে, তাহা জানিবার জন্য ছোট লাট বাহাদুর স্বতন্ত্র রিপোর্ট চাহিয়াছেন।

বৎসরকাল মধ্যে যত লোকের মৃত্যু হইয়াছে তাহার প্রায় বার আনা রকম এক মাত্র কেবল জ্বরেই হইয়াছে; এতদ্ব্যতীত ওলাউঠা, বসন্ত প্রভৃতি রোগেও অনেকের মৃত্যু ঘটিয়াছে। সহরগুলির অস্বাস্থ্যকর অবস্থা এবং পল্লীসমূহের পয়ঃপ্রণালী ও পানীয় জলের দোষই যে উহার প্রকৃত কারণ সে পক্ষে আর সন্দেহ নাই। প্রতিনিধি ছোট লাট বাহাদুর বলিয়াছেন "এই সকলের প্রতিকার করিতে হইলে প্রথমতঃ অর্থ, দ্বিতীয়তঃ, উদ্যোগিতার প্রয়োজন। স্বাস্থ্যের উন্নতি বিধান বিষয়ে যে কোন উপায় অবলম্বন করা যাইবে তাহাতেই অর্থ ব্যয় আছে। অর্থব্যয়সাধ্য উপায়গুলি কার্য্যে পরিণত করার পক্ষে প্রজাগণমধ্যে অনেকেই আপত্তি উত্থাপন করিতে পারেন; কিন্তু উত্তম পানীয় জলের বন্দোবস্ত ব্যয়সাধ্য হইলেও সম্ভবতঃ উহা সর্ব্বজন গ্রাহ্য হইবে—এই বিবেচনায় স্বাস্থ্যবিধানবিষয়ক অর্থব্যয়সাধ্য অন্যান্য কার্য্যগুলি আপাততঃ স্থগিত রাখিয়া সর্ব্বপ্রথমে উত্তম পানীয় জল সম্বন্ধে বন্দোবস্ত করাই উচিত।"

পল্লীগ্রামের স্বাস্থ্যবিধান বিষয়ে স্বাস্থ্যকমিসনর ডাক্তার গ্রেগ বলিয়াছেন, "স্বাস্থ্যরক্ষা কাহাকে বলে বাঙ্গালার পল্লীবাসিগণ তাহা জানে না। রাস্তাঘাট পরিষ্কার রাখার দিকে কাহার দৃষ্টি নাই। পানীয় জলের সম্বন্ধেও ঐরূপ। চারি দিকেই জল বদ্ধ থাকায় পাতা লতা প্রভৃতি পচিয়া দুর্গন্ধ বাহির হইতেছে। লোকের আপনার আপনার শরীরটি এবং ঘরটি দুয়ারটি পরিষ্কার রাখিতে পারিলেই হইল, গ্রামের চতুঃপার্শ্বে যে অপরিচ্ছন্নতার একশেষ তাহাতে ভ্রুক্ষেপ নাই। ইহাই যে গ্রামবাসীদিগের অস্বাস্থ্যের হেতু তাহা পুনঃ পুনঃ তাহাদিগকে বলা হইয়াছে, কিন্তু বলায় কোনই ফল ফলে নাই। পানার্থ জলের জন্য যদি একটা পুষ্করিণী কাটিয়া দেওয়া হয়, তো গ্রামের লোকে তাহাতেই স্নান করা, কাপড় কাচা, বাসন মাজা প্রভৃতি দ্বারা জলটা একেবারেই নষ্ট করিয়া ফেলে। স্বাস্থ্যবিষয়ক নিয়মের এইরূপ ব্যভিচার দ্বারাই রোগাদির উৎপত্তি হইয়া থাকে। গ্রামের পঞ্চায়ত অথবা প্রধান প্রধান ব্যক্তিগণকে যদি এরূপ ক্ষমতা দেওয়া যায় যে তাঁহারা উল্লিখিতরূপ স্বাস্থ্যসংক্রান্ত নিয়মের ব্যভিচারী গ্রামবাসিগণকে অভিযুক্ত করিতে পারিবেন, তাহা হইলে কতকটা প্রতিকার হইতে পারে নতুবা শিক্ষা বিস্তারের সহিত পল্লীবাসীদিগের জ্ঞানোদয় যত দিন না হইবে তত দিন জেলা ও স্থানীয় বোর্ড ইহার সম্বন্ধে বিশেষ কিছুই করিয়া উঠিতে পারিবেন না।" স্বাস্থ্যকমিসনরের এই বর্ণনাটি পাঠ করিলে স্পষ্টই বুঝা যায় যে, জেলা ও স্থানীয় বোর্ডকে উপযুক্ত মত সুবিধা প্রদান করিয়া পল্লীগ্রামের স্বাস্থ্যবিধান সঙ্কল্প কার্য্যে পরিণত করিতে আর বিলম্ব করা বিধেয় নহে। ভারতের আর আর প্রদেশে স্বাস্থ্যবিধান বিষ-

য়ক উপায় অবলম্বিত হইয়াছে, কেবল বাঙ্গালায় এযাবৎ এতৎসম্বন্ধে উপযুক্তরূপ উদ্যম কিছুই করা হয় নাই।

বস্তুতঃ, জেলা কমিটী ও স্থানীয় বোর্ড ফণ্ডের টাকায় উল্লিখিতরূপ উদ্দেশ্য সাধনের সূচনা মাত্র হইতে পারে, নতুবা উহা দ্বারাই কি অথবা প্রাদেশিক ফণ্ডের টাকার দ্বারাই কি বিশেষ কোন ফল ফলিতে পারিবে এরূপ আশা করা অন্যায়।

উক্ত কার্য্যের উপযুক্ত টাকাসংগ্রহ কিরূপে হইতে পারিবে তদ্বিষয়ে প্রতিনিধি ছোট লাট বাহাদুর এইক্ষণে সাধারণে কোন কথা প্রকাশ করেন নাই। স্বাস্থ্যোন্নতি বিষয়ে কিরূপ করা উচিত এবং কিরূপেই বা তাহার ব্যয় নির্ব্বাহ হইতে পারে—এ বিষয়ে সর্ব্বাগ্রে সাধারণের মতামত গ্রহণ করা হয় ইহাই তাঁহার অভিপ্রায়।

উক্ত বৎসর বাঙ্গালার স্বাস্থ্যোন্নতি বিষয়ে বাঙ্গালার মিউনিসিপ্যালিটী সমূহ সর্ব্বশুদ্ধ প্রায় ১৫ লক্ষ টাকা ব্যয় করিয়াছেন; এতদ্ভিন্ন রাস্তা নির্ম্মাণ ও মেরামতাদি বাবৎ কিঞ্চিদধিক আরও ৫ লক্ষ টাকা ব্যয় করিয়াছেন। উক্ত ১৫ লক্ষের মধ্যে কেবল জল সরবরাহের জন্য কিছু অধিক দেড় লক্ষ টাকা ব্যয় হইয়াছে। ছোটলাট বাহাদুর স্যর এণ্টনির বিবেচনায় এই ব্যয় কিছু বেশী নহে। তাঁহার বিবেচনায় লোকে যাহাতে উত্তম পানীয় জল পাইতে পারে তদ্বিষয়ে ব্যবস্থা করাই মিউনিসিপ্যাল শাসনের প্রধানতম উদ্দেশ্য।

গাঁজা কমিসন।

আজ কয়েক মাস হইল বিলাতের কমন্স সভার একটি প্রশ্নের প্রত্যুত্তরে ষ্টেট সেক্রেটরী লর্ড কিম্বার্লি বাঙ্গালায় গাঁজার উৎপত্ত্যাদি বিষয়ে সবিশেষ সন্ধান লইবার জন্য ভারত গবর্ণমেণ্টকে একটি কমিসন বসাইতে অনুরোধ করিবেন এরূপ অভিপ্রায় প্রকাশ করিয়াছিলেন। তদনুসারে ভারতগবর্ণমেণ্ট সম্প্রতি ষ্টেট সেক্রেটরী কর্ত্তৃক অনুরুদ্ধ হইয়া তাঁহার অভিপ্রায় ও উপদেশ মত উল্লিখিতরূপ একটি কমিসন বসাইয়াছেন। পঞ্জাবের আয় ব্যয় বিভাগীয় প্রধান কমিসনর ম্যাকওয়ার্থ সাহেব উক্ত কমিসনের সভাপতি এবং আর ৬ জন সদস্য নিযুক্ত হইয়াছেন। সদস্যদিগের তিন জন ইংরাজ ও তিন জন দেশীয়। ইংরেজ সদস্যদিগের মধ্যে এক জন বোম্বাই পাঁচ মহলের কলেক্টর, এক জন মধ্যপ্রদেশস্থ ছত্রিশ গড় বিভাগের কমিসনর এবং আর একজন কলিকাতা মেডিকেল কলেজের রসায়নাধ্যাপক। তাহিরপুরের জমিদার রাজা শশিশেখরেশ্বর রায়, পঞ্জাবের কনবার হরনাথ সিংহ এবং মজঃফরনগরের লালা নেহালচাঁদ—এই তিন জন দেশীয় সদস্য।

সকৌন্সিল গবর্ণর জেনারেল কমিসনের কর্ত্তব্য বিষয়ে মোটামুটি কতকগুলি নিয়ম বলিয়া দিয়াছেন মাত্র। কমিসন ইচ্ছা করিলে কার্য্যসাধনোপযোগী যাহা কিছু সকলই করিতে পারিবেন এবং সবিশেষ তথ্যানুসন্ধানের পর গাঁজা প্রভৃতি সম্বন্ধে কি করা উচিত, কি না উচিত ভারতগবর্ণমেণ্ট ও ষ্টেট সেক্রেটরীকে সে বিষয়ে পরামর্শ দিয়া সাহায্য করিবেন।

কমিসন ভারতের সমগ্র অথবা অধিকাংশ প্রদেশে যাইয়া গাঁজার উৎপত্ত্যাদি বিষয়ে সাক্ষ্যগ্রহণ করেন ইহাই অভিপ্রেত। দেশীয় রাজ্যে ঐ উদ্দেশ্যে যাওয়ার পক্ষে রাজনৈতিক আপত্তি আছে, তবে তথাকার ঐ সংক্রান্ত সংবাদ কোন কিছু পাইলে তাহা রিপোর্টে লিখিয়া রাখিতে হইবে।

ভারতের কোন্‌প্রদেশে কি পরিমাণ গাঁজার চাষ হয়, কি প্রণালীতেই বা উহার চাষ এবং উহা হইতে ভাঙ, চরস প্রভৃতি প্রস্তুত হয়, সে সম্বন্ধে কমিসন যত দূর ঠিক খবর লইতে পারেন লইবেন। গাঁজা, চরস, ভাঙ প্রভৃতি গাঁজা হইতে সচরাচর ব্যবহার্য্য যত রকম নেশার দ্রব্য প্রস্তুত হয় এবং যে শ্রেণীর লোক যে পরিমাণে উহা ব্যবহার করিয়া থাকে, প্রত্যেকের সেবনে কিরূপ ফলাফল হয়, তদ্বিষয়ে বিশেষ বিবরণ কমিসনকে সংগ্রহ করিতে হইবে এবং শেষোক্ত বিষয়টি নির্দ্ধারণের পক্ষে চিকিৎসাশাস্ত্রজ্ঞ সুনিপুণ ব্যক্তিগণের সাক্ষ্যগ্রহণ করিতে হইবে। কত লোক গাঁজা খাইতে একেবারেই অভ্যস্ত হইয়াছে কমিসন তাহা নির্ণয় করিবার চেষ্টা করিবেন এবং গাঁজা খাইলে প্রায়ই লোকে উন্মত্ত হয় বলিয়া সাধারণতঃ যে কথাটা চলিত আছে তৎসম্বন্ধে যে কিছু প্রমাণাদি তাহা বিশেষরূপ পরীক্ষা করিয়া দেখিবেন। গাঁজা এবং গাঁজার বিকার

নির্দ্দোষ অথবা উপকারী কি না কমিসন তাহার নিরুপণ করিবেন।

গাঁজা প্রভৃতির উৎপত্ত্যাদি বিষয়ে লক্ষ্য রাখিবার এবং উহাদিগের উপর শুল্ক ধার্য্য করিবার সম্বন্ধে সরকারী বন্দোবস্ত কোন্ প্রদেশে কিরূপ, কমিসন তাহা সবিশেষ জানিবার চেষ্টা করিবেন।

ফকির, সন্ন্যাসী প্রভৃতির মধ্যে গাঁজার চলন বলিয়া ভারতের কোন কোন স্থানে অধিকাংশ লোকেই উহা পবিত্র বস্তু বলিয়া মনে করে। বাঙ্গালাতেও বিজয়া দশমীর দিন সিদ্ধি খাইবার রীতি আছে। বাঙ্গালা এবং ভারতের অপরাপর অংশে এইরূপ সমস্ত রীতি আরও কত এবং কি পরিমাণে আছে কমিসনরগণ তাহার অনুসন্ধান লইবেন। অনেকানেক স্থানে ভাঙ গরিব লোকদিগের নেশার সামগ্রী। এই সমস্ত বিবেচনায় কমিসনরগণ দেখিবেন যে গাঁজার প্রচলন রহিত করিয়া দিলে অথবা উহার ব্যবহার বিষয়ে কড়াকড়ি নিয়ম করিলে ভারতের কোন কোন অংশে অথবা কোন কোন সম্প্রদায় মধ্যে অসন্তোষের উদ্ভব হইতে পারিবে কি না।

গাঁজার প্রচলন বন্ধ করিলে গাঁজাখোরদিগকে মদ অথবা অন্য কোন নেশার বাধ্য হইতে হইবে ইহা কতদূর সম্ভব কমিসন তাহা বুঝিয়া দেখিবেন। কমিসনের বিবেচনায় যদি এরূপ বোধ হয় যে গাঁজার ব্যবহার উঠাইয়া দেওয়া উচিত নয় অথবা উঠাইয়া দেওয়া যাইতে পারে না, তাহা হইলে উহার সম্বন্ধে প্রচলিত সরকারী বন্দোবস্তের কিরূপ পরিবর্ত্তনাদি করা উচিত কমিসন তাহা বিবেচনা করিবেন, কিন্তু এইটি যেন কমিসনের স্মরণ থাকে যে একেবারে গাঁজার চলন উঠাইয়া দিবার ব্যবস্থা করিলে অথবা উহার ব্যবহার বিষয়ে কড়াকড়ি নিয়ম করিলে আর একটি বিষয়ে লক্ষ্য রাখিতে হইবে অর্থাৎ ঐগুলি কার্য্যে পরিণত হইতেছে কি না তদ্বিষয়ে অনুসন্ধানাদি লইবার ব্যবস্থা করিতে হইবে এবং তাহাতে কেবল ঘুষ লওয়ার সুবিধা প্রভৃতি কেলেঙ্কারি বাড়িবে মাত্র।

আগামী ১লা আগষ্ট কলিকাতায় এই কমিসন বসিবে। স্থানীয় গবর্ণমেণ্টসমূহ কমিসনের উদ্দেশ্যসিদ্ধি বিষয়ে কমিসনকে যথাসাধ্য সাহায্য করেন ইহাই অভিপ্রেত।

আদম সুমারির বিজ্ঞাপনী।

(প্রাপ্ত)

(২)

বিগত আদমসুমারি হইতে জানা যায় যে, ১৮৮১ হইতে ১৮৯১ পর্য্যন্ত ১০ বৎসরে বর্দ্ধমান, নদীয়া, যশোহর, রাজসাহী, রংপুর এবং কুচবিহারের লোকসংখ্যা কমিয়া গিয়াছে। কুচবিহারে প্রায় শতকরা চার জন, যশোহরে শতকরা ২॥ জন, এবং নদীয়া ও রাজসাহীতে শতকরা একজন হিসাবে কমিয়াছে। বর্দ্ধমানে হাজার করা ১ জন কমিয়াছে। ম্যালেরিয়া জ্বর, অজন্মা, ওলাউঠা এবং বন্যাদি দৈবদুর্ব্বিপাক জন্যই এইরূপ হইয়াছে সন্দেহ নাই। বর্দ্ধমান জেলার কাকসা গ্রামে ১১২০টি বাড়ী এবং ৫৬৫৫ জন লোকের স্থলে ৬৯৩ খানি বাড়ী এবং ৩৭৩০ জন লোক মাত্র পাওয়া গিয়াছে। নদীয়া জেলার মেহেরপুর থানায় ১৮৮০ সালে হাজার করা ১৫৭ জন এবং ১৮৮১ সালে হাজার করা ১৯০ জনের মৃত্যু হয়। এক্ষণে মৃত্যু সংখ্যা অনেক কমিয়া গিয়াছে এবং গত বৎসর হইতে একরূপ ভাল আছে বলা যায়। আদম সুমারি হইতে জানা যায় যে চুয়াডাঙ্গা থানায় শতকরা নয় জন, কালুপোলে শতকরা ৭ জন, মেহেরপুরে শতকরা ৩ জন লোক দশ বৎসরে কমিয়াছে, অথচ নিকটবর্ত্তী করিমপুর থানায় শতকরা ৪ জন লোক বাড়িয়াছে। বিজ্ঞাপনীলেখক দেশীয়দিগের আচারের উপরে ম্যালেরিয়ার কারণ অনেকটা আরোপ করেন। কিন্তু নিকটবর্ত্তী দুই থানার মধ্যে আচারের প্রভেদ কোথায়? মরা নদী, অপকৃষ্ট পানীয় জল, জল নিকাসের বন্ধ প্রভৃতিকে ম্যালেরিয়ার কারণ মনে করা যায়; কিন্তু তাহাও সকল সময়ে দেখা যায় না। চুয়াডাঙ্গা থানার এলাকায় ঐ সকল দোষ অপরাপর থানার অপেক্ষা যেন কমই বোধ হয়। এবং সাধারণতঃ চুয়াডাঙ্গাকে অপরাপর থানার অপেক্ষা স্বাস্থ্যকর বলিয়াই লোকের বোধ আছে।

মেদিনীপুর জেলার অন্তর্গত নারায়ণগড় থানাতেও শতকরা ৯ জন লোক কমিয়া গিয়াছে। তৎসম্বন্ধে কর্ত্তৃপক্ষীয়েরা বলিয়াছেন—"এখানে যে কেন এরূপ অধিক মৃত্যু হইতেছে কিছুই বলা যায় না। মাটি সেঁতসেঁতে নয়, খালের প্রসার অতি অল্প অংশেই হইয়াছে, লোকসংখ্যা অধিক নয়, অনেকটা জঙ্গল আছে কিন্তু অন্যান্য স্বাস্থ্যকর থানায় যত আছে তাহার অপেক্ষা অধিক নয়। মাটি অনেক অংশে কাঁকুরে, কিন্তু যেদিকটা অধিক কাঁকুরে, উচ্চ এবং শুষ্ক তথায়ই ম্যালেরিয়ার অধিক প্রাদুর্ভাব।"

ফলতঃ এই ম্যালেরিয়ার ব্যাপারটি ইয়ুরোপীয় পণ্ডিতেরা ভাল করিয়া বুঝিতেই পারেন নাই। তার প্রতিবিধান করিবেন কি? সুতরাং যাহে যাহে যেরূপ কথা উঠে সেইরূপ অকস্মাৎ স্বাস্থ্যসম্বন্ধীয় আইন বা কর বা আমলা ফয়লা দেশময় পরিব্যাপিত হইয়া গেলে এবং এখানে সেখানে দুই দশ জন ফৌজদারী সোপরদ্দ হইলেই দেশের বিশেষ উপকার হইবার আশা করা বৃথা। সুজন্মা এবং অজন্মার সহিতই যেন রোগের অধিকতর সংস্রব দেখিতে পাওয়া যায়। পানীয় জলের সংস্রব তাহার পর। আমাদের দেশীয় লোকেরা বাড়ীর ভিতর যেরূপ শুচি ও পরিষ্কৃত রাখেন বাড়ীর আস পাস ও পিছন সেরূপ রাখিবার চেষ্টা করেন না। এটি আমাদের দোষ কিন্তু সেরূপ করিবার জন্য যে অর্থের প্রয়োজন তাহা না থাকাই তাহার "প্রধান" কারণ। সেই কারণ

হইতে প্রসূত অভ্যাসও যে কাহার কাহার পক্ষে অন্তরায় নহে এরূপ বলা যায় না। সেই অভ্যাসটি সযত্নে ত্যাগ করিয়া এবং বাটীর পিছন পরিষ্কারের জন্য অধিক চেষ্টা এবং পানীয় জলের জন্য পুষ্করিণীর প্রতি শাস্ত্রানুমোদিত যত্ন করিতে পারিলে তবেই স্বাস্থ্য সম্বন্ধীয় কোন আইনের হাত হইতে অব্যাহতি পাওয়া যাইতে পারে। নচেৎ অতি শীঘ্রই ঐ বিষয়ে আইন, জর ও কর্ম্মচারীর সৃষ্টি হওয়া সম্ভব। পাপ থাকিতে দিলেই প্রায়শ্চিত্ত করিতে হইবে।

যশোহরের মধ্যে ঝিনিদা থানায় শতকরা ১২ জন এবং সার্সা থানায় ১১ জন কমিয়াছে। লোহাগড়া ও কালিয়া থানায় শতকরা ১১ জনের উপর বাড়িয়াছে।

নিম্নলিখিত জেলাগুলিতে লোকসংখ্যা সর্ব্বাপেক্ষা অধিক হারে বাড়িয়াছে।

পুরুলিয়া	১২·৯	শতকরা বৃদ্ধি।
চাঁইবাসা	১৯·৮	"
যশোহর	৩০·৯	"
২৪ পরগণা	১২·৫	"
হাবড়া	১৩·৪	"
কুমিল্লা	১৭·৯	"
নোয়াখালি	২৩·	"
চট্টগ্রাম	১৩·৮	"
আগরতলা	৪৩·৪	"
দারজিলিং	৪৩·২	"
সাঁওতাল পরগণা	১১·৮	"

বিজ্ঞাপনীলেখক ওডোনেল সাহেব হিন্দুর জাতিভেদ সম্বন্ধে নেস্‌ফিলড প্রভৃতি সাহেবদলের মতাবলম্বী। তিনি বলেন যে জাতি ভেদ ব্যবসায়-ভেদমূলক।

খ্যাতনামা রিজলি সাহেবের বহু অনুসন্ধানের ফলস্বরূপ তাঁহার আকরভেদ সম্বন্ধীয় মতের খণ্ডন জন্য ওডোনেল সাহেব অনেক চেষ্টা পাইয়াছেন। এরূপ হওয়া কিছুই বিচিত্র নহে। রিজলী সাহেবই যে এত কাল পরে আসল কথার আভাস পাইয়াছেন অনেকেই ইহা স্বীকার করিতে ইচ্ছা করেন না; সুতরাং ঐ অভিনব মতের উপরে আক্রমণে নূতন লেখকদিগের স্বতঃই প্রবৃত্তি হইতে পারে। মস্তক, নাসিকা, মুখের কোণ প্রভৃতির মাপে কতক কতক ব্রাহ্মণ, রাজপুত প্রভৃতি এমন পাওয়া গিয়াছে। যে তাহাদের সহিত নীচ জাতীয়দিগের পরিমাপের মিল অধিক। নীচজাতীয়দিগের মধ্যে সুশ্রীসম্পন্ন লোকও দেখা যায়। এই সামান্য ব্যভিচার জন্য রিজলী সাহেবের মত একান্ত অগ্রাহ্য করা কিরূপে যায় তাহা বুঝিতে পারা কঠিন। একত্রে বাস হইলে সাধারণতঃ মিশ্রণ-বিরোধী লোকের মধ্যেও কতকটা মিশ্রণ অনিবার্য্য। অজ্ঞাতসারে নীচ জাতীয়া কন্যা কখন কখন ব্রাহ্মণাদি উচ্চ বর্ণস্থ লোকে বিবাহ করিয়া ফেলে। কখন কখন উপপত্নী গর্ভজাত বালক ও পিতৃ জাতীয়ের মধ্যে অজ্ঞাতসারে চলিয়া যায়। সম্পত্তিশালী নীচজাতীয় ব্যক্তি স্থান ত্যাগ করিয়া বা অন্য উপায়ে উচ্চজাতীয়ের মধ্যে মিশিয়া যায়। গয়লা ঘোষ কখন কখন কায়স্থ ঘোষ হওয়ার গল্প অলীক নহে। এইরূপ ঘটনা সকল বর্ণের মধ্যেই অল্প অল্প পরিমাণে ঘটিয়াছে। বলা রাজাদিগের মধ্যে কেহ কেহ আদিম কোল বংশীয় হওয়া অসম্ভব নহে। ক্ষত্রিয় উপাধি পাইয়া দরিদ্র ক্ষত্রিয়দিগের সহিত বিবাহাদি করিতে করিতে উহারা ক্রমশঃ অনেকটা ক্ষত্রিয় রক্ত পাইয়াছে এবং ক্ষত্রিয়ের মধ্যেও কিছু আদিম রক্ত প্রবেশ করাইয়া ফেলিয়াছে। এরূপ অবস্থায় কিছু মিশ্রণ হয় নাই বলাও ভুল এবং বিভেদ নাই বলা তদপেক্ষা ভুল। এরূপ অনুমান এক ধরণের, আর অপরের মতখণ্ডন করিবারজন্য একান্ত আগ্রহে সত্যের প্রতি অনাদর অন্য ধরণের। ব্যবসায়ভেদ যে বর্ণভেদের মধ্যে কোন প্রকারে কার্য্যকরী হয় নাই এমনও বলা যায় না। নবশাখদিগের মধ্যেই বোধ হয় আকরভেদ অল্প এবং ব্যবসায়ভেদও অধিক। ঐ নামেই তাহা প্রকাশ করিতেছে। আকরভেদের উপর ব্যবসায়ভেদ পড়ায় আঁটা আঁটি অধিক হইয়াছে সন্দেহ নাই। আমাদের শাস্ত্রকারেরা যাহা যাহা বলিয়াছেন তাহার বিরুদ্ধ মত লইতেই সাধারণতঃ ইয়ুরোপীয় পণ্ডিতদিগের প্রবৃত্তি। ফলতঃ ইয়ুরোপীয় পণ্ডিতের পক্ষে তাঁহাদের অনুকূল মত লইয়া অনুসন্ধান করিতে পারার জন্য সাধারণ অপেক্ষা উদারতর মন থাকা এবং তাঁহাদের সর্ব্বদিক্‌দর্শী কথা বুঝিতে পারার জন্য সাধারণ অপেক্ষা অধিকতর বুদ্ধিশক্তি থাকা একান্ত আবশ্যক। রিজলী সাহেবও হঠাৎকারে অনেক সিদ্ধান্ত করিয়া ফেলিয়াছেন। ইয়ুরোপীয়ের পক্ষে হঠকারিতা দোষ একেবারে ত্যাগ করা অসম্ভব। কিন্তু তিনি যে সকল মোটা কথা ধরিতে পারিয়াছেন তাহা অপরে পারেন নাই এবং অনুসন্ধান করিতে করিতে আসল কথা যে আরও সুস্পষ্ট বুঝিতে পারিবেন তাহার সম্পূর্ণ সম্ভাবনা। চীন, যবন প্রভৃতিকে পতিত ক্ষত্রিয় বলায় যে মনুর কি অপরাধ তাহা আমরা বুঝিতে পারি না। ইয়ুরোপীয়দিগের মধ্যে যাঁহারা এ দেশের জাতিভেদ বুঝিতে চাহেন তাঁহারা উত্তর ও দক্ষিণ আমেরিকার স্থানে স্থানে গিয়া ইয়ুরোপীয় ভিন্ন ভিন্ন জাতীয় দলের, নিগ্রোদিগের, এবং আদিম ইণ্ডিয়ানদিগের মিশ্রণে কিরূপে ভিন্ন ভিন্ন বর্ণসঙ্কর উৎপন্ন হইয়া "প্রধানতঃ" ভিন্ন ভিন্ন ব্যবসায়ে লিপ্ত আছে তাহা জানিবার চেষ্টা করুন। ঐ সম্বন্ধে শতকরা হার দেখুন। তাহার পর মনে করুন যেন বর্ণভেদের সহিত ব্যবসায়ভেদ সামাজিক ব্যবস্থা দ্বারা "মোটামুটি" স্থির রাখা হইতে লাগিল। এরূপ করিলে এ দেশপক্ষেও কতক তথ্য দর্শনক্ষম হইবেন। সকল বর্ণের লোকেরই এদেশে ব্যবসায় ত্যাগ করিবার অধিকার রহিয়াছে কিন্তু ভিন্ন বর্ণে বিবাহ করিবার অধিকার নাই। আজকাল যেরূপ সাধারণ ইংরাজী ও ইংরাজী মেসাজের দেশীয় লেখকদিগের পুস্তক ও পত্রাদিতে মতবাদ প্রচারিত হইতেছে তাহাতে ভ্রমপ্রমাদপূর্ণ মতবাদেরই অধিকতর সমর্থন দেখা যাইতেছে।

প্রাপ্তিস্বীকার ও সমালোচনা।

আমরা কৃতজ্ঞতা সহকারে নিম্নলিখিত পুস্তকগুলির প্রাপ্তিস্বীকার করিতেছি——

গুণনিধি সদাচারঃ—শ্রীবিশ্বেশ্বর ভাগবত শিরোমণি কর্ত্তৃক প্রণীত ও প্রকাশিত। মূল্য এক টাকা। পুস্তকখানি অনেক দিন হইল সমালোচনার্থ প্রেরিত হইলেও আমরা এযাবৎ উহার সমালোচনা করিয়া উঠিতে পারি নাই। পুস্তকখানির আদ্যন্ত পড়িয়া আমরা পরিতৃপ্ত হইয়াছি। গ্রন্থকার ভূমিকায় বলিয়াছেন, "* * * পার্ব্বতীচরণ রায় নামধেয়ো ব্রাহ্মণবরো মামাদিষ্টবান্, গুরুবর! পশুপতির্গণানন্দমং যং সদাচারমুপদিদেশ যত্র প্রাতরারভ্য নিদ্রাসেবনপর্য্যন্তং ব্রাহ্মণকর্ত্তব্যা বিধিরস্তি, যমনাচরন্তোঽধোগচ্ছন্তি ব্রাহ্মণাঃ, যং সমাচরন্তোব্রাহ্মণাঃ সচ্চিদানন্দং প্রাপ্নুবন্তি, যত্র ব্রাহ্মকস্য মাহাত্ম্যসম্ভূতিরস্তি, যত্র গায়ত্র্যা ভর্গঃ প্রতিপাদ্যতে, তমেতদ্বহুলী কুর্ব্বিতি, তেনাদিষ্টো-

৮হং স্বমতিপরিণামাবধি সদাচারনাম্না নানা পুরাণতন্ত্রাং সদাচারং বিবৃণোমি।" গ্রন্থ খানির উদ্দেশ্য যে অতি সাধু তাহা এতদ্বারাই প্রকাশ পাইতেছে। গ্রন্থকার মজ্জদত্ত নামক ব্রাহ্মণ ও তৎপুত্র গুণনিধি—প্রধানতঃ এই উভয়ের প্রসঙ্গ ক্রমে উল্লিখিতরূপ বিষয় গ্রন্থমধ্যে বিবৃত করিবার চেষ্টা পাইয়া উদ্দেশ্যসাধনে অনেকাংশে কৃতকার্য্য হইয়াছেন। পুস্তক খানিতে ব্রাহ্মণ সন্তান মাত্রেরই জ্ঞাতব্য বিষয় অনেক আছে। গ্রন্থকারের সরল সংস্কৃত রচনা কৌশল প্রশংসনীয়।

ধর্ম্মপুস্তক—কলিকাতা বড় বাজার মনোহর দাসের ষ্ট্রীট ৪০।৪১ নং আমরা উক্ত পুস্তকের কিয়দংশ পাইয়াছি। উহাতে আপাততঃ যে কয়টি বিষয় লিখিত হইয়াছে তাহা পাঠে আমরা প্রীত হইয়াছি। সূচনায় যেরূপ দেখা যাইতেছে তাহাতে পুস্তক খানি সম্পূর্ণ হইলে সাধারণের পক্ষে উহা অতি উপাদেয় হইবে বলিয়াই বোধ হয়।

সেহার বন্ধু—জুন ১৮৯৩।

Report on the Calcutta Medical Institutions for the year 1892.—আমরা স্বতন্ত্রভাবে এতৎসম্বন্ধে আলোচনা করিব।

জন্মভূমি—আষাঢ় ১৩০০।

নব্যভারত—জ্যৈষ্ঠ ও আষাঢ় ১৩০০।

বামাবোধিনী পত্রিকা—আষাঢ় ১৩০০।

ধর্ম্মপ্রচারক—জ্যৈষ্ঠ ও আষাঢ় সঃ ১৮১৫।

সাথী—বৈশাখ ও জ্যৈষ্ঠ ১৩০০, ১ম ও ২য় সংখ্যা—সাথীর উভয় সংখ্যা পাঠেই আমরা প্রীত হইয়াছি। ছবিগুলি অতি উৎকৃষ্ট। বিষয়গুলিও আমোদজনক, তবে পাঠশালার গুরু মহাশয়দিগকে লইয়া অতটা রহস্য না করিলেই ভাল হইত।

সাপ্তাহিক সংবাদ।

[কলিকাতা] আমাদের বর্ত্তমান প্রতিনিধি ছোট লাট বাহাদুর সার এণ্টনি ম্যাকডোনেল গতকল্য দার্জ্জিলিং হইতে যাত্রা করিয়া অদ্য কলিকাতায় আসিয়া পৌঁছিবেন।

আগামী বৎসর আগষ্ট মাসে এক বৎসর কালের জন্য আবার ঠাকুর আইন অধ্যাপক নির্ব্বাচিত করা হইবে। নির্ব্বাচিত অধ্যাপককে উক্ত বৎসরের ১লা নবেম্বর হইতে কার্য্যারম্ভ করিয়া বাঙ্গালার ভূমি আইন অথবা ব্রিটিস ভারতে অধিভুক্ত সম্পত্তিও বাটোয়ারা আইন সম্বন্ধে অন্যূন ১২টি লেক্‌চার দিতে হইবে।

প্রেসিডেন্সী কলেজের এফ্ এ ছাত্রদিগের জন্য মহারাজা সিন্ধিয়া ইতিপূর্ব্বে ৫০০ টাকা দান করিয়াছিলেন। ঐ টাকার সুদ হইতে উক্ত ছাত্রদিগের জন্য বৎসর বৎসর একটি করিয়া পুরস্কার প্রদানের ব্যবস্থা করা হইয়াছে। সম্প্রতি মহারাজা আর এক হাজার টাকা দান করিয়াছেন। সংস্কৃত কলেজের যে ছাত্র এফ এ পরীক্ষায় উত্তীর্ণ হইয়া গুণানুসারে উক্ত কলেজের বৃত্তিপ্রাপ্ত বা অপর কোন পুরস্কার প্রাপ্ত ছাত্রের অব্যবহিত নীচে হইবেন, সেইরূপ ছাত্রকে হাজার টাকার অর্দ্ধেকের সুদ হইতে বৎসর বৎসর একটি করিয়া মেডেল দেওয়া হইবে। কলিকাতা মেডিকেল কলেজের যে ছাত্র প্রিলিমিনারী এম বি পরীক্ষায় সর্ব্বোচ্চ সংখ্যা পাইয়াও কোনরূপ পুরস্কার না পাইবেন সেইরূপ ছাত্রকে অবশিষ্ট ৫০০ শত টাকার মধ্যে ৩ শত টাকার সুদ হইতে বৎসর বৎসর একটি করিয়া পুরস্কার দেওয়া হইবে। সিয়ালদহ কাম্বেল মেডিকেল স্কুলের প্রথম শ্রেণীর যে ছাত্র প্রথম হইবেন সেইরূপ ছাত্রকে অবশিষ্ট ২ শত টাকার সুদ হইতে বৎসর বৎসর একটি করিয়া পুরস্কার দেওয়া হইবে।

কলিকাতা টাউনহলে বিগত বুধবারে একটি মহতী সভার অধিবেশন হইয়াছিল। সিভিল সর্ভিস পরীক্ষা সম্বন্ধে পল সাহেবের প্রস্তাবের আলোচনা করাই উক্ত অধিবেশনের উদ্দেশ্য। মহারাজ যতীন্দ্রমোহন ঠাকুর সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন। সভাহইতে পার্লিয়ামেণ্টে একখানি আবেদন পাঠাইবার কথা হইয়াছে।

৺বিদ্যাসাগর মহাশয়ের মেট্রপলিটান ইনষ্টিটিউসনের কলেজ শ্রেণীগুলির তত্ত্বাবধানের ভার রিপণ কলেজের স্বত্বাধিকারী শ্রীযুক্ত বাবু সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের হস্তে বরাবরের জন্য দেওয়া হইয়াছে। 'বেঙ্গলী' বলিতেছেন, বর্ত্তমান বন্দোবস্তটি হইবার অব্যবহিত পূর্ব্বেই উক্ত ইনষ্টিটিউসন হইতে বি এ ও আইন শ্রেণীটি উঠাইয়া দেওয়া স্থির হইয়াছিল। সুরেন্দ্র বাবু ভারগ্রহণ করায় ঐ দুই শ্রেণী আর উঠিল না।

আগামী ১লা আগষ্ট কলিকাতায় গাঁজার কমিসন বসিবে। বাঙ্গাল-গবর্ণমেণ্টের অণ্ডার সেক্রেটরী ম্যাকিণ্টস্ সাহেব উক্ত কমিসনের সেক্রেটরীর কার্য্য করিবেন।

বৃষ্টি একটু বেশী পরিমাণে হইলেই কলিকাতার রাস্তায় জল দাঁড়ায়। সম্প্রতি কয়েক দিন ধরিয়া যে জল হইয়াছিল তাহাতে কলিকাতার রাস্তা সমূহের দুর্দ্দশা দেখিয়া কলিকাতা মিউনিসিপালিটীর কমিশনরগণ প্রতিকারের উপায়বিধানে সঙ্কল্প করিয়াছেন। কিরূপ প্রতিকার করিলে এরূপ আর না হইতে পারে তদ্বিষয়ে মিউনিসিপালিটীর ইঞ্জিনিয়ার উপায় চিন্তা করিতেছেন। ঐ বৃষ্টির সময় বাড়ী ঘরও কলিকাতায় অনেক গুলি পড়িয়া গিয়াছে। কোন্ বাড়ীটি জীর্ণ, কোন্‌টি ভাঙ্গি পড়া সম্ভব তাহা বিশেষরূপ পরীক্ষা করিয়া রিপোর্ট দিবার জন্য মিউনিসিপালিটীর ইঞ্জিনিয়ারকে কমিসনরগণ বলিয়াছেন।

[ঢাকা] ভাগাকুলের রাজা শ্রীনাথ রায় স্বীয় স্বর্গীয়া মাতাঠাকুরাণীর স্মরণার্থ ঢাকা মিটফোর্ড হাঁসপাতাল সংশ্লিষ্ট একটি বড় বাড়ী নির্ম্মিত করাইয়াছেন। ঐ বাড়ীতে চক্ষু রোগের চিকিৎসার ব্যবস্থা হইবে।

[উঃ পঃ প্রদেশ] সম্প্রতি ভারতবর্ষ, ব্রহ্মদেশ প্রভৃতিস্থানের মেথডিষ্ট এপিসকোপাল মিসনের সাহেবেরা মিলিয়া আলাহাবাদে সভা করিয়াছিলেন। মুদ্রার গোলযোগ হেতু তাঁহাদের অর্থের অনাটন হইতেছে বলিয়া শতকরা ২৫৲ টাকা হিসাবে বেতন বাড়াইবার প্রার্থনা জানাইয়া নিউ ইয়র্কের মিসনরি বোর্ডে দরখাস্ত করা হইবে উক্ত সভাস্থলে ইহা স্থির হইয়া গিয়াছে।

[পঞ্জাব] রুড়কি ইঞ্জিনিয়ারিং কলেজের অধস্তন শ্রেণীর ছাত্রগণ ধর্ম্মঘট করিয়া নাকি কলেজ পরিত্যাগ করিয়াছে। ছাত্রগণ জরিপ করিবার সময় শৃঙ্খল প্রভৃতি খালাসীরাই বহন করিত। ঐ সকল কার্য্য খালাসীর পরিবর্ত্তে ছাত্রগণ নিজে নিজেই যাহাতে করে কলেজের অধ্যক্ষ এইরূপ আদেশ করাতেই নাকি উল্লিখিতরূপ ব্যাপার ঘটিয়াছে।

[সিমলা] আগামী অক্টোবর মাসে সিমলায় একটি কৃষি সমিতির অধিবেশন হইবে।

[বোম্বাই] মুদ্রাসম্বন্ধীয় নূতন ব্যবস্থাহেতু সম্প্রতি বোম্বাইয়ের কুঠিয়াল সমিতির অধ্যক্ষ কমিটীর সদস্যগণ মিলিয়া সভা করিয়াছিলেন। আর ৩ মাস কাল সপ্তাহে ৬ দিন করিয়া প্রাতে ৯ টা হইতে অপরাহ্ণ ৬ টা পর্য্যন্ত যাহাতে কল

চলে অপর একটি সভাধিবেশনে তাহা স্থির করিবার কথা হইয়াছে।

[সাধারণ] লণ্ডনের একটি কোম্পানী কাল্‌কা-সিমলা রেলপথের ইঞ্জিনিয়ারিং কার্য্যের ভারগ্রহণ করিয়া এক্ষণে গ্যাপারটি কিছু গুরুতর বুঝিয়া চুক্তি অনুসারে কার্য্য করিতে অস্বীকার পাইতেছেন।

ভারতের সমগ্র রেলপথের দৈর্ঘ্য এক্ষণে ১৮ হাজার ৪২ মাইল। গত বৎসরের আয় সর্ব্বসমেত ২৩ কোটি ২৩ লক্ষ টাকা। তৎপূর্ব্ববৎসরের সহিত তুলনায় এই আয় ৮১ লক্ষ টাকা কম।

কোন খ্যাতনামা ডাক্তর বলেন, কেরসিন তেলে বিষাক্ত রোগীকে স্পিরিট এমোনিয়া এরোম্যাটিক আধঘণ্টা অন্তর ১৫ ফোঁটা করিয়া খাওয়াইলে সে রক্ষা পায়। তিনি নাকি একটি বালককে এই উপায়ে বাঁচাইয়াছেন। (সমাজ ও সাহিত্য)

দেশীয় রাজ্যের টাকশালগুলি বন্ধ হইয়াছে। হায়দ্রাবাদের টাকশালে অপর আদেশ যাবৎ রূপা লওয়া বন্ধ হইয়াছে। বোম্বাইয়ের মাড়োয়ারিরা ১৫৸৵০ মূল্যে সভরিণ খরিদ করিয়াছেন। তাঁহাদের নাকি বিশ্বাস সভরিণ সরকার কর্ত্তৃক নির্দ্দিষ্ট মূল্যে কখনই নামিবে না।

'নাইন্‌টিন্‌থ সেঞ্চুরী' নামক পত্রিকার এক স্থলে মেজর জেনারেল ড্রেসন সাহেব বলিয়াছেন, "যে বায়ুতে অম্লজানের ভাগ কম আছে বলিয়া বুঝা যাইবে তথায় ঘন ঘন নিশ্বাসে ফেলিলে আর কোন অনিষ্ট হইবে না; উপযুক্ত পরিমাণ অম্লজান বিশিষ্ট বায়ুতে স্বাভাবিক শ্বাস প্রশ্বাসে যে পরিমাণ অম্লজান শরীরে প্রবেশ করিবে অপেক্ষাকৃত অল্পপরিমাণ অম্লজান বিশিষ্ট বায়ুতে ঘন ঘন শ্বাস প্রশ্বাস দ্বারা সেই পরিমাণ অম্লজান শরীরে প্রবেশ করিতে পারিবে। মাথা ধরিলে, দন্তের যন্ত্রণা হইলে কিম্বা ঘুম না হইলে পাঠকগণ এই ঘন ঘন শ্বাস প্রশ্বাসের ফলাফল বুঝিয়া লইতে পারিবেন।

ডাক্তার হাফকিন সিমলায় আসিয়া যে সকল লোককে ওলাউঠা বীজে টীকা দিয়াছেন তন্মধ্যে অনেকেরই প্রবল জ্বর এবং সেই সঙ্গে যন্ত্রণা-ভোগ হইতেছে। পাইওনিয়র বলিতেছেন, জ্বর যন্ত্রণাদিতে যাহারা ভুগিতেছে তাহাদিগের ওলাউঠা হইবার সম্ভাবনা খুবই কমিয়া যাইবে।

পাঞ্জাবের দোষ গুণ প্রভৃতি পরীক্ষার জন্য একটি কমিসন বসিতেছে। পঞ্জাবের রেভেনিউ কমিসনর এবং বড় ব্যবস্থাপক সভার সভ্য মাননীয় ইয়ং সাহেব উক্ত কমিসনের সভাপতি নিযুক্ত হইবেন। বোম্বাই পাঁচমহলের কলেক্টর ওমানী, মধ্য প্রদেশের ছত্রিশগড় বিভাগের কমিসনর ফ্রেজার, কলিকাতা মেডিকেল কলেজের রসায়নাধ্যাপক ডাক্তার ওয়ার্ডেন, তাহিরপুরের রাজা শ্রীযুক্ত শশিশেখরেশ্বর রায়, পঞ্জাবের কুমার হরনাথ সিংহ এবং মজঃফরনগরের লালা নিহাল চাঁদ এই কয়জন সভ্য কমিসন থাকিয়া সকল প্রদেশ পরিভ্রমণ পূর্ব্বক উল্লিখিত বিষয়ের অনুসন্ধানাদি করিবেন।

[বৈদেশিক] হাভারাগণ সকলেই আমিরের বশ্যতা স্বীকার করিয়াছে বলিয়া সম্প্রতি নাকি কাবুল হইতে সংবাদ আসিয়াছে।

খিলাতের খাঁকে পদচ্যুত করিয়া তৎপরিবর্ত্তে তাঁহার জ্যেষ্ঠ পুত্রকে সিংহাসনে বসান হইয়াছে। খাঁ এক্ষণে ভারতগবর্ণমেণ্টের তত্ত্বাবধানে থাকিবেন। খিলাত হইতে ইংরাজ সৈন্য ফিরাইয়া আনা হইয়াছে।

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—ডেঃ কঃ বাবু বসন্তকুমার রাহা বাঁকুড়া জেলার কঃর কার্য্যভার পাইলেন। ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু মহেন্দ্রনাথ গুপ্ত ৩ মাসের ছুটী পাইলেন। ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু পূর্ণচন্দ্র রায় আর ৬ মাসের ছুটী পাইলেন। কটকের প্রোটেম সব ডেঃ কঃ বাবু অমৃতলাল গুপ্ত আর ১৸ দিনের ছুটী পাইলেন। মুরসিদাবাদের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু নগেন্দ্রনাথ পাল চৌধুরী উক্ত জেলার কঃর কার্য্যভার পাইলেন। মুঙ্গেরের ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী আবদুস সালাম উক্ত জেলার কঃর কার্য্যভার পাইলেন। মেদিনীপুরের প্রতিনিধি মাঃ ও কঃ শিরীষ সাহেব অপর আদেশ যাবৎ ২য় শ্রেণীর মাঃ ও কঃ হইলেন। কভেনাণ্টেড ডেঃ কঃ মিঃ ম্যাক বেলেন সাহেব রংপুর জেলার কঃর কার্য্যভার পাইলেন। সাহাবাদের প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু নগেন্দ্রনাথ মিত্র উক্ত জেলার রাজস্ব কর্ম্মচারীর ক্ষমতা পাইলেন। নোয়াখালির প্রোটেম ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু সুরেশচন্দ্র সিংহ ১ মাসের ছুটী পাইলেন। ২য় শ্রেণীর প্রোটেম জঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ কেদারনাথ রায় অপর আদেশ যাবৎ ১ম শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃ হইয়া ঢাকা জেলার সদরে স্থাপিত হইলেন। নদীয়া মেহেরপুরের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু মুকুন্দদেব মুখোপাধ্যায় ৩ মাসের ছুটী পাইলেন। আঃ মাঃ ও কঃ ডেলিভিঙ্গনি সাহেব নদীয়া মেহেরপুরে স্থাপিত হইলেন। বর্ত্তমান বৎসরের ২৯ শে মে ডেলিভিঙ্গনী সাহেব মেদিনীপুর জেলার সদরে বদলী হইলেন বলিয়া যে আদেশ হইয়াছিল তাহা এতদ্দ্বারা রহিত হইল। হুগলী শ্রীরামপুরের ডেঃ মাঃ ও ডেঃ কঃ টমসন সাহেব ১ বৎসর ৮ মাস ৫ দিনের ফর্লো পাইলেন। আঃ মাঃ ও কঃ ফিসার সাহেব অস্থায়ীরূপে হুগলী জেলার সদরে স্থাপিত হইলেন। ফিসার সাহেব টমসন সাহেবের অনুপস্থিতিকাল যাবৎ হুগলী শ্রীরামপুরে নিযুক্ত হইলেন। ২য় শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃ লি মিসুরিয়র সাহেব উক্ত পদে পাকা হইলেন। আঃ মাঃ ও কঃ মিঃ আর্থর গুডিভ চক্রবর্ত্তী ২য় শ্রেণীর প্রোটেম জঃ মাঃ ও ডেঃ কঃ হইলেন। দারজিলিঙ্গের প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ হেরণ সাহেব অস্থায়ীরূপে উক্ত জেলায় ডেঃ কমিঃ হইলেন। সাহাবাদের আঃ মাঃ ও কঃ গ্যারেট সাহেব অপর আদেশ যাবৎ ১ শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃ হইলেন। চট্টগ্রামের প্রোটেম ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু শরচ্চন্দ্র সেন গুপ্ত ৩ মাসের ছুটী পাইলেন। বাঙ্গাল গবর্ণমেণ্টের সাধারণ রাজস্ব ও ঐতিবৃত্তিক বিভাগের প্রতিনিধি অণ্ডার সেক্রেটরী মাকিণ্টস সাহেবের কার্য্য অস্থায়ীরূপে ভারত গবর্ণমেণ্টের আয় ব্যয় ও বাণিজ্য বিভাগের অধীনে থাকিল। বিশেষ কার্য্যে নিযুক্ত প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ বম্পাস সাহেব বাঙ্গাল গবর্ণমেণ্টের সাধারণ, রাজস্ব ও ঐতিবৃত্তিক বিভাগের অণ্ডার সেক্রেটরী হইলেন। রংপুরের প্রোটেম ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু প্রমদানাথ মুখোপাধ্যায় ৩ মাসের ছুটী পাইলেন। ভাগলপুরের প্রতিনিধি কমিঃ ওয়েস সাহেব ২ মাস ২৭ দিনের ছুটী পাইলেন। ২৪ পরগণা ডায়মণ্ড হারবারের সব ডেঃ কঃ বাবু রাসবিহারী দত্ত ৩ মাসের ছুটী পাইলেন। প্রতিনিধি ১ম শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ মিঃ অম্বিকাচরণ সেন প্রোটেম উক্ত শ্রেণীতে উন্নীত হইলেন। মিঃ অম্বিকাচরণ সেন আপাততঃ পুরীর মাঃ ও কঃর কার্য্য করিবেন। আঃ মাঃ ও কঃ উইণ্ডসর সাহেব প্রোটেম ২য় শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ

ক: হইলেন। বেনারসের আফিস এজেণ্ট মিঃ রিভেট কার্পাক সি আই ই আর ১৪ দিনের ছুটী পাইলেন। ময়মনসিংহের সব ডেঃ কঃ বাবু রামকানাই বসু উক্ত জেলার নেত্রকোণায় স্থাপিত হইলেন। প্রোটেম সব ডেঃ কঃ মৌলবী গোলাম ঘুস সারণ জেলার সিবান মহকুমায় স্থাপিত হইলেন। সারণ সিবানের প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু ভবানীপ্রসাদ নিয়োগী উক্ত জেলার সদরে বদলী হইলেন।

শিক্ষা—হুগলী সেণ্ট্রাল কলেজের অধ্যাপক এবং অস্থায়ীরূপে বেঙ্গল সার্কেলের প্রতিনিধি স্কুল ইন্সপেক্টার সাহেব বাঙ্গালা শিক্ষা সর্ভিসের ২য় শ্রেণীতে নিযুক্ত হইলেন। হুগলী কলেজের অধ্যাপক মিঃ ফণিভূষণ মুখোপাধ্যায় উক্ত সর্ভিসের ৩য় শ্রেণীতে নিযুক্ত হইলেন। মুরশিদাবাদ জেলাস্কুলের হেড মাষ্টার লি ফিউভার সাহেব রাজসাহী বিভাগের সহকারী স্কুল ইন্সঃ হইয়া অধস্তন শিক্ষা সর্ভিসের ৩য় শ্রেণীতে প্রোটেম নিযুক্ত হইলেন।

বিচার—চট্টগ্রামের ফর্লো প্রাপ্ত সব জজ বাবু পরেশনাথ বন্দ্যোপাধ্যায় অস্থায়ীরূপে ত্রিপুরার অতিরিক্ত সব জজ হইলেন। বাবু গোবিন্দগোপাল গুপ্ত এম এ, বি এল ঢাকা মাণিকগঞ্জের মুঃ হইলেন। মৌলবী আবদুল করিম বি এল ত্রিপুরা কমবার মুঃ হইলেন। বাবু বরদাপ্রসাদ রায় এম এ বি এল রাজসাহী নাটোরের মুঃ হইলেন। সাহাবাদের ছুটী প্রাপ্ত সব জজ বাবু অবিনাশচন্দ্র মিত্র অস্থায়ীরূপে ২৪ পরগণার অতিরিক্ত সব জজ হইলেন। পূর্ণিয়ার সব জজ বাবু জয়গোপাল সিংহ বাখরগঞ্জের অতিরিক্ত সব জজ হইলেন। সারণ মতিহারীর প্রতিঃ মুঃ মৌলবী সৈয়দ মহম্মদ যুসুফ আলি ৪র্থ শ্রেণীতে পাকা হইলেন। পূর্ণিয়া আররিয়ার মুঃ বাবু শ্রীহরি লাহিড়ী চট্টগ্রাম উত্তর রাওজানের মুঃ হইলেন। সাহাবাদ বক্সারের ছুটিপ্রাপ্ত মুঃ বাবু পূর্ণচন্দ্র দে যশোহর বাগের হাটের মুঃ হইলেন। যশোহর বাগের হাটের ছুটী প্রাপ্ত মুঃ বাবু শিতিকণ্ঠ মল্লিক বাখরগঞ্জ বরিশালের মুঃ হইলেন। বাখরগঞ্জ বরিশালের মুঃ বাবু শ্রীনাথ পাল মেদিনীপুর কণ্টাইয়ের মুঃ হইলেন। মেদিনীপুর কণ্টাইয়ের মুঃ বাবু ললিতকুমার বসু সাহাবাদ বক্সারের মুঃ হইলেন। ময়মনসিংহ আটিয়ার মুঃ বাবু বসন্তকুমার বসু ১৫ দিনের, ২৪ পরগণা ডায়মণ্ডহারবারের মুঃ বাবু দেবেন্দ্রচন্দ্র মুখোপাধ্যায় আর ২ মাসের, ঢাকা মাণিকগঞ্জের মুঃ বাবু প্রমথকৃষ্ণ সিংহ ২৪ দিনের, ২৪ পরগণা ডায়মণ্ডহারবারের মুঃ বাবু অশ্বিনীকুমার বসু ২২ দিনের, রাজসাহী নাটোরের মুঃ বাবু রাগেন্দ্র নাথ রায় ২১ দিনের এবং ত্রিপুরা কমবার মুঃ বাবু গোবিন্দচন্দ্র দে ২২ দিনের ছুটী পাইলেন।

উদ্ভট কবিতা।

[৩৮৯]

ধন্যা দেবকুলে গিরীন্দ্রতনয়া গৌরী মহাসুন্দরী
যস্যাদ্বৃত্তপতিঃ বিহায় জটিলং নাহন্যজনং সেবতে
লোলে ত্বঙ্গ বিহার মাং সুখনিনাং গেহেষু ভিক্ষেঃ
সদা।
কঃ প্রাণেশ্বর বক্তি হে বৃধগণাস্তেমে সপত্নীসুতাঃ।

কর্ম্মখালি।

Wanted a teacher passed in Entrance examination for the Kalipur School with salary Rs 8 per month, boarding and lodging free. Apply to Kally Prosad Ghose. Poonjaly P. O. Achipur—24-Perganas.

Wanted a teacher on Rs 16 a month for the Amdabad M. E. School. Dt. Maldah, P. O. Hyatpur. The pay will be increased to Rs 20 from April next. Amdabad is 4 miles off the Manihari Steamer Ghat Ry. Station. Climate good. Apply to the Secy. through the Hd. Pandit of the School.

Wanted for 6 months a B Course B. A. to officiate as 2nd teacher of the Kumarkhali M. N. H. E. School on Rs. 40 a month. The post is likly to be permanent. Apply to the Secy.

Wanted an Entrance passed 2nd. Master for the M. E. School at Syampur P. O. Syampur, Dt. Howrah on Rs 15 a month. Apply to the Secy. Babu Haris Ch. Pakhira.

Wanted a private tutor with salary Rs 15 per month. Lodging free. Labour two hours during evening. None need apply who has not passed the first examination in Arts. The applicant must be strong in Mathematics. Apply to Babu Sushil Ch. De, Babuganj, Hugli.

Wanted a Second Master for the Guptipara M. E. School, Guptipara P. O. Dt. Hugli. Salary Rs 20 per mensem. An experienced teacher strong in Mathematics will have the preference and a Brahmin will have a prior claim. Applications will be received up to 30th. July next by the Secy. Babu Kailash Chandra Ganguli

---

Wanted an experienced teacher to teach a few boys of Babu Lakshmana Ch. Aush Chowdhuri, Zeminder Mangalgunj, on salary Rs 15 per mensem, boarding and lodging free. None need apply who has not passed F. A. examination or has some experience in teaching. Applications with copies of testimonials to be sent to Babu Atal Bihary Datta, Manager, Mangalgunj Estate.

কাল্না মিউনিসিপাল বঙ্গ বিদ্যালয়ের জন্য নর্ম্মাল ত্রৈবার্ষিক পরীক্ষোত্তীর্ণ প্রধান শিক্ষকের আবশ্যক। মাসিক বেতন দক্ষতানুসারে ১৩৲ টাকা হইতে ১৫৲ টাকা। প্রাইভেট টুইশন পাওয়া যাইতে পারে। ঔষধ ও চিকিৎসা খরচ বিনামূল্যে পাওয়া যাইবে। ২৫শে জুলাই মধ্যে স্কুলের সেক্রেটরী উকিল শ্রীবনমালিলাল বিশ্বাসের নিকট আবেদন করুন। পোঃ কাল্না, জেলা বর্দ্ধমান।

জেলা ২৪ পরগণা হাদিপুর মঃ ইং স্কুলের জন্য মাসিক ১৬৲ টাকা বেতনে নর্ম্মাল ত্রৈবার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ হেড পণ্ডিতের প্রয়োজন। বাসা ও আহারাদি সরকার হইতে পাইতে চাহিলে ১২৲ টাকা বেতন লইতে হইবে। স্কুলের সেক্রেটারীর নিকট আবেদন করুন।

জেলা মুরশিদাবাদ, পোঃ নবগ্রাম নবগ্রাম ম, বা, স্কুলের জন্য মাসিক ১৫৲ টাকা বেতনে লখ্যাল ত্রৈবার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ ২৫ বৎসরের ঊর্দ্ধবয়স্ক সচ্চরিত্র অভিজ্ঞ প্রথম শিক্ষকের প্রয়োজন। সম্পাদক শ্রীলালীনারায়ণ রায় চৌধুরীর নিকট আবেদন করুন।

জেলা হাওড়া, পোঃ শলাটি, শ্যামপুর থানার অধীন উমমানপুর উচ্চপ্রাথমিক স্কুলের জন্য মাইনর পরীক্ষোত্তীর্ণ ছেড পণ্ডিতের প্রয়োজন। মাসিক বেতন ৬৲ টাকা। বাসা ও আচারাদি স্বতন্ত্র পাইবেন। সম্পাদক শ্রীপ্রিয়নাথ ঘোষের নিকট সত্বর আবেদন করুন।

জেলা বর্দ্ধমান মহকুমা কালনা গ্রাম অম্বিকা শ্রীবিশ্বেশ্বর প্রেসের জন্য ২ জন কম্পোজিটার, ২ জন প্রেসম্যান ও এক জন প্রুফ-সংশোধক আবশ্যক। এক জন কম্পোজিটার ইংরাজী বাঙ্গালা কম্পোজ ইম্পোজ ও প্রুফের কার্য্য জানিবেন, বেতন ১৩৲ টাকা। আর এক জন কম্পোজিটার ইংরাজী বাঙ্গালা কম্পোজ ইম্পোজ জানিবেন, বেতন ১০৲ টাকা। এক জন প্রেসম্যান মেসিন ও হেণ্ডপ্রেস চালাইতে জানিবে, বেতন ১৬ টাকা, আর এক জন জমাদারের সকল কাজ জানিবে, বেতন ১২৲ টাকা। প্রুফ সংশোধকের ইংরাজী, বাঙ্গালা ও সংস্কৃত জানা এবং প্রুফ সংশোধনের কার্য্যে পারদর্শী হওয়া আবশ্যক, বেতন ১৫৲ টাকা। প্রিণ্টার শ্রীচন্দ্রভূষণ অধিকারীর নিকট আবেদন করুন।

বিশেষ দ্রষ্টব্য।

বাচস্পত্য অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২৩৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
বুধোদয় প্রেস।
হুগলী।

গিরিশ লাইব্রেরী।

এখানে ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল, এ; বি, এ ক্লাসের সর্ব্বপ্রকার পাঠ্যপুস্তক ও অর্থ পুস্তকাদি এবং নাটক, নভেল প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়। ভিঃ পিঃ ডাকেও পুস্তক পাঠাই। ২১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা। শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৮৪নং

আর্য্যমিশন ইনষ্টিটিউশন।

৮০।১ নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট, কলিকাতা।

এই বিদ্যালয়ে একটী স্বতন্ত্র সংস্কৃত বিভাগ আছে। ঐ বিভাগে উপযুক্ত পণ্ডিতের দ্বারা বিনা বেতনে দর্শন, কাব্য সাহিত্য, ব্যাকরণ শ্রীমদ্ভাগবত শ্রীমদ্ভগবদ্গীতা শিক্ষা দেওয়া হইয়া থাকে। পাঠার্থি-ছাত্রের আবশ্যক।

শ্রীকানাই লাল সেঠ।
৩৯৮ নং সেক্রেটরী।

পাটীগণিত।

নূতন সংস্করণ।

শ্রীপ্রসন্নকুমার সর্ব্বাধিকারী প্রণীত।

সুপ্রসিদ্ধ গণিতশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম, এ, মহাশয়ের দ্বারা সম্যক্‌রূপে সংশোধিত পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত। ইহাতে সুকৌশল সম্পন্ন প্রশ্নাবলী সন্নিবেশিত এবং উহাদের ভূরি পরিমাণে সমাধান করা হইয়াছে। ৫৭৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। উত্তম কাপড়ে বাঁধা, মূল্য ১৷৵০। বলা বাহুল্য ইহা চিরকাল সর্ব্বাদৃত, অধুনা আরও অধিক পরিমাণে স্কুলাদিতে পাঠ্যরূপে নিয়োজিত হইতেছে এবং বঙ্গবাসী প্রভৃতি সংবাদ পত্র ভূয়সী প্রশংসা করিতেছেন। নিম্নলিখিত এবং অন্যান্য স্থানে পাওয়া যায়।

বি, ব্যানার্জ্জি এণ্ড কোং।
২৫নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, ৫৬নং কলেজ ষ্ট্রীট, ৫১নং পুরাতন চীনেবাজার, কলিকাতা। ৫৫নং পটুয়াটুলি ঢাকা।

৩৮৮নং

বার্ষিক ৫০০৲ টাকা বৃত্তি।

ভারতধর্ম্ম মহামণ্ডলীর মুখ্যতম উদ্দেশ্যের অনুসরণ করিয়া ৺বিশ্বনাথ চতুষ্পাঠীতে বার্ষিক পঞ্চাশৎ টাকা পরিমাণে এক একটী করিয়া দশটী বৃত্তি স্থাপিত হইয়াছে। যে যে চতুষ্পাঠীতে ব্যাকরণাদি করিয়া কোন দর্শন শাস্ত্র বিশেষতঃ বেদান্ত শাস্ত্র পর্য্যন্ত অধ্যাপিত হয়, সেই সেই চতুষ্পাঠীতে এই বৃত্তি-গুলি দেওয়া যাইবে। অধ্যাপক ইচ্ছা করিলে ঐ বৃত্তি ত্রৈমাসিক বা ষাণ্মাসিক বা বার্ষিকরূপে গ্রহণ করিতে পারিবেন। ছাত্রদিগের বিদ্যাবত্তা ও সচ্চরিত্রতা সম্পাদন ভিন্ন অধ্যাপক মহাশয়দিগকে অপর কোন নিয়মের অধীন হইতে হইবে না। যে সমস্ত অধ্যাপক বৃত্তি লইতে ইচ্ছা করিবেন, তাঁহারা অথবা তাঁহাদিগের হিতার্থীরা অধ্যাপকের নাম ধাম ছাত্রসংখ্যা ও প্রত্যেক ছাত্রের অধীতব্য বিষয় লিখিয়া আমাকে সংবাদ দিবেন।

চুঁচুড়া বিশ্বনাথ চতুষ্পাঠীর
অধ্যাপক শ্রীহরিনাথ স্মৃতিভূষণ।

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু কর্ত্তৃক সংকলিত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য ৵০ আনা
ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "
ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব ।০ "

সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তালিকায় পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট—কলিকাতা।

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৬ বৎসর উহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-যশের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার লেপনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সম-ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনা ব্যয়ে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৷৷০ টাকা, প্যাকিং ।০ আনা।

২ শিশি একত্রে লইলে খরচা ৷৷৵০ আনা স্বতন্ত্র হয়।

শ্রীকালীদাস সরকার।
গবর্ণমেণ্ট পেন্সনার—মংক্কী।

৩৭৩নং

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বল বীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রি-জাগরণ, অতিরিক্ত পান-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা-হাত-পা-কামড়ানি বা আলা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত!

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-ফোলা-কাসিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দৌকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকায় সে জ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে, ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্পদিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধে অতি সামান্য রোগও আরাম হয়। বিধাতার বিচিত্রবিধান বুঝাভার!

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন। প্লীহা জ্বর-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগীকে এই এক ৩নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

বটিকার সংখ্যা,	মূল্য,	ডাঃমাঃ,	প্যাকিং
১নং কৌটা	১৮	৷৷৵০	।০	৵০
২নং কৌটা	৩৬	১৵০	।০	৵০
৩নং কৌটা	৫৪	১৷৷৵০	।০	৵০

ভ্যালুপেবলে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।
১২ নং মুজাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা।

৩৭৪নং

পাঁড়ে ব্রাদার্স।

পুস্তক ও দেশী বস্ত্র বিক্রেতা।
২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্ কলিকাতা।

এখানে ইংরাজি বাঙ্গালা সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য সর্ব্ব প্রকার পুস্তক, তৎসমস্তের নানা প্রকার কি, নোট, অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি সর্ব্ব প্রকার পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে। বিলাতি পুস্তক বিলাত হইতে আনা হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা ১৸০ মূল্য ধোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও ব্যবহারীর জন্য চলিবে ও ২৷৷০, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ নয়নসুখ, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি, তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকটও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য ।৵০ বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ ৵০ ৩২ খানি উৎকৃষ্ট চিত্রসহ

নীতি কথামালা	।০	মানবতত্ত্ব	২।০
আর্য্যচরিত	।০	ধর্ম্মবিজ্ঞান	১৲
আর্য্যশিক্ষা	৷৷৵০	অদ্ভুত স্বপ্ন বা	।০
বাঙ্গলা ব্যাকরণ	।৵০	স্ত্রী পুরুষের দ্বন্দ্ব	৷৷০
শিশু বিজ্ঞান	৶০	বিজ্ঞানসার	১৲
বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ	৵০	লীলাবতী (অঙ্কপুস্তক)	৷৷০

৫৪৬ নং শ্রীমনোমোহন পাঁড়ে

সংক্ষিপ্ত পদার্থদর্শনের প্রশ্নোত্তর।

পণ্ডিত প্রবর শ্রীযুক্ত প্রণয়কুমার চক্রবর্ত্তী প্রণীত। মূল্য ।/০ পাঁচ আনা মাত্র। যত গুলি সং পদার্থদর্শনের প্রঃ উঃ এ পর্য্যন্ত প্রকাশিত হইয়াছে এখানা তাহাদের অপেক্ষা কোন অংশে নিকৃষ্ট নহে বরং অনেকাংশে উৎকৃষ্ট। যে স্কুলে এক খানিমাত্র এই প্রঃ উঃ প্রবেশ লাভ করিয়াছে সে স্কুলের সমস্ত ছাত্রই ইহা ক্রয় করিতেছে। একস্থানে এক প্যাকেটে ৫ খানি এই প্রঃ উত্তর লইলে স্কুলের শিক্ষকদিগকে শতকরা ১৫৲ টাকার হিসাবে কমিসন দিয়া থাকি; অধিকন্তু আমি নিজ খরচে ডাক মাশুল দিই। কাগজ, ছাপা ও বাঁধাই সমস্তই উৎকৃষ্ট। ভিঃ পিঃ ডাকে পাঠাইয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র দত্ত।

ভারত পুস্তকালয়, পটলডাঙ্গা, বৌবাজার পোষ্ট কলিকাতা।

৩৯১নং

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸০ বার আনা, ডাঃ মাঃ ⁄০ এক আনা। এখানি ১৮৯৯ অব্দের মাইনর পরীক্ষার ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহাতে বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গদ্য হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ⁄০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

সংস্কৃত প্রেসডিপজিটরি।

১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত

পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্থিত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষক গণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২॥০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।৵০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীজমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।৵০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ⁄০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৪৪ নং

ইউক্লিডের জ্যামিতি প্রথম অধ্যায়।

(সংশোধিত এবং পরিবর্দ্ধিত।)

শ্রীযুক্ত বাবু ব্রহ্মমোহন মল্লিক প্রণীত। ২৬শ সংস্করণ প্রকাশিত হইয়াছে। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৯৭ নং ম্যানেজার।

সাহিত্য ডিপজিটারী।

২২ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রেন্স, এল এ, বি এ, এম এ, ভাকারী, মোক্তারী, বি এল প্রভৃতির সর্ব্বনিম্ন পাঠ্য ও অর্থ পুস্তক, সুলভ মূল্যে আমাদের দোকানে পাওয়া যায়। সর্ব্বপ্রকার ইংরাজী বাঙ্গালা নাটক, নভেল প্রভৃতি সর্ব্বদা আমাদের নিকট মজুত থাকে। মফস্বলে ভালুপেয়েবলেও পাঠাইয়া থাকি।

পাইকারী খরিদারদিগকে যথেষ্ট কমিসন দিয়া থাকি। পত্র লিখিলে সবিশেষ জানিতে পারিবেন।

শ্রীযতীশচন্দ্র সমাজপতি।

৩৮৭নং

শ্রীমদ্ভগবদ্গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ⁄০।

ঐ বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ⁄০ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা মূল্য ⁄০ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা উৎকৃষ্টরূপ বাঁধা মূল্য ॥০ আট আনা, ডাঃ মাঃ ⁄১০।

কবির (জীবন্মুক্ত মহাত্মা কবির সাহেবের ৫৫৪টী দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা-সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ ⁄১০।

কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০।১ন মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

ম্যানেজার।

প্রতি এই পত্র হুগলি বুধোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

REGISTERED NO 33 1013

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

নূতন সম্পর্ক। ১৫শ খণ্ড। ১৫শ সংখ্যা। } ৬ই শ্রাবণ শুক্রবার ১৩০০ সাল। ইং ২১শে জুলাই ১৮৯৩ খৃঃঅব্দ। { অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম)	৫	ষাণ্মাসিক	৩
ত্রৈমাসিক	২	প্রত্যেক সংখ্যার	।৵

বিজ্ঞাপনের প্রত্যেক পাঙ্‌ক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৵০ ৩য় বার /১০ চতুর্থ বা ততোধিক বার /০। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৵০।

কর্ণ্ডয়ালির বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে প্রকাশিত হয়।

তিন মাসের অধিক বিজ্ঞাপন প্রকাশ করিতে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

যাঁহারা এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য নগদ টাকায় দিবেন, তাঁহারা তাঁহাদের নিকটবর্ত্তী এজেণ্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণিঅর্ডার কুপনে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

এডুকেশন গেজেটে বিজ্ঞাপন প্রকাশের সুবিধার জন্য ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে একটী এজেন্সি খোলা হইয়াছে। তথায় বিজ্ঞাপন ও তৎপ্রকাশের মূল্য জমা লওয়া যায়।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যায় বিলম্ব হইলে তাহার নামধামসহিত পিয়নের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়, কলিকাতা সংস্কৃতযন্ত্রের পুস্তকালয় ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।
চণ্ডীচরণ মজুমদার—বেঙ্গল সেক্রেটারিয়েট জুডিসিয়াল ডিপার্টমেণ্ট।
২৪ পরগণা — মতিলাল মৈত্র—আলিপুর।
আলিপুর — রূপালচন্দ্র গঙ্গোপাধ্যায়—উকিল।
বারাকপুর শ্রীযুক্ত বাবু ভুবনমোহন নিয়োগী।
ভবানীপুর — রাজকৃষ্ণ রায় চৌধুরী।
যদুনাথ চৌধুরী—চুড়াডাঙ্গা।
হাবড়া — হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম — ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী — শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর — ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান — চারুচন্দ্র চট্টোপাধ্যায়।
রসিকলাল দাস—রায়না।
যশোহর — কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
অম্বিকাচরণ মুখোপাধ্যায়—সিউড়ী
নীলমণি ভট্টাচার্য্য—সিউড়ী।
বাঁকুড়া — রামেশ্বর সেন—বিষ্ণুপুর।
অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর — উমাচরণ দে।
দীননাথ ধর—গবর্ণমেণ্ট প্লীডার।
জলপাইগুড়ি — নীলমণি পাল।
বাঁকিপুর — নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর।
ভগবান প্রসাদ।
বারাণসী — সোমনাথ ভাদুড়ী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর — আশিনাথ মিত্র।
দ্বারকানাথ বাগচি—নিলফামারি।
রাজসাহী — কালীনাথ চৌধুরী—বোয়ালিয়া।
পাবনা — মহেন্দ্রনাথ দত্ত।
রজনীকান্ত ভট্টাচার্য্য।
রামচন্দ্র চক্রবর্ত্তী।
ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, দুলাই।
উমাচরণ পাঁড়ে, সিরাজগঞ্জ।
ঢাকা — সতীশচন্দ্র ঘোষ।
সাঁওতাল পরগণা — যজ্ঞেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।
রাধাকৃষ্ণ সারখেল।
পাকুড় — হরিহর দাস।
খুলনা — জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।
দিনাজপুর — রাজকুমার চক্রবর্ত্তী—মুলবাড়ি।
ভুবনেশ্বর গুপ্ত।
দুর্গাদাস সুর—রায়গঞ্জ।
শশিভূষণ রায়।
কোচবিহার — ভুবনমোহন দত্ত।
ফরিদপুর — কালীকিশোর ঘোষ—মাদারিপুর।
মজঃফরপুর — কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল
ছাপরা — গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক।
সুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সমস্তীপুর

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিবিধ বিজ্ঞাপন।

রিপণ-ডিপজিটারী।

৫২ নং দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য ও নাটক নভেল অতি সুবিধায় সরবরাহ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পি, ডাকে পুস্তক পাঠাই। প্রেরণ ব্যয় ১০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়।

শ্রীশশিভূষণ সাহা।
৩৮০ নং ম্যানেজার।

গবর্ণমেণ্টের অনুমোদিত।

বাঙ্গালা ছাত্রবৃত্তি ও মাইনর স্কুলসমূহের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পাঠ্য।

"বিজ্ঞানসোপান"।

শ্রীযুক্ত উমেশচন্দ্র ঘোষ, এম এ, বি এল প্রণীত।

মূল্য ॥৵০ দশ আনা মাত্র।

ছাত্রবৃত্তি ও মাইনর পরীক্ষার নির্দ্দিষ্ট বিষয়গুলি এরূপ বিশদরূপে ও ধারাবাহিক ভাবে অন্য কোন গ্রন্থে বর্ণিত নাই। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৩৮৪নং

এল, কে, মিত্র এবং কোং।

লব্ধপ্রতিষ্ঠ কলিকাতা ও অন্যান্য স্থানের
সকল চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হ্যানিমেনের মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত সারল্য-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৫৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক রুবিনি ক্যাম্ফার ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৸০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৬৲ ও ৭৲, শিশুচিকিৎসা ২।।০, আমাচিকিৎসা ২৲ জ্বর চিকিৎসা ৸০ ও ১৸০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৸০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে পাইবা।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমার কলিকাতার মহামেলায় এই শ্রেণীতে ভারতের মধ্যে সর্ব্বোচ্চ এবং এথানকার ও অন্যান্য স্থানের সম্ভ্রান্ত চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি।

৭ম

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্ত কালীমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীতে সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১।০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

REDUCTION IN PRICE OF CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta. Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free. at 4 oz, Rs 1—4: 8 oz, Rs 6—8: 16 oz, Rs 12—12. Cash with order.

No. 331

বুধোদয় যন্ত্র।

হুগলি বুধোদয় যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষর ও তাহার সরঞ্জাম প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানাপ্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় যাবতীয় ফারম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, ষ্ট্যাম্পবিল, জমিদারীর জমাওয়াশীল ফরম, ডাক্তারি লেবিল ও বিল নানাপ্রকার ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পন্ন হইয়া থাকে। বিশেষ বন্দোবস্ত করিলে, সাপ্তাহিক পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংলিস অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও স্মল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া দপ্তরী দ্বারা পুস্তক প্রস্তুত করিয়া রীতিমত বান্ধবন্দী করিয়া রেলে বা জাহাজে যাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি, গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন, ছাপার রেট ও অন্যান্য বিবরণ জানিতে ইচ্ছা করিলে আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পরিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

কার্য্যাধ্যক্ষ।

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩২৯ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ৷৷০ আনা।

ডাকমাশুল ৴০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস ডিপজিটরিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৵০

পদ্য ব্যাকরণ মূল্য ৴১০

প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য ৴১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায়) পাওয়া যায়।

শ্রীতিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

অম্বিকাচরণ ঘোষাল

ফটোগ্রাফার ও পেইণ্টার

ঘুঁটেবাজার হুগলি

অয়েল পেইণ্টিংএ চেহারা তুলিতে এবং ফটোগ্রাফ লইতে মফস্বলের সর্ব্বত্র যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণ পত্র লিখিলে জানিতে পারিবেন। লেটার-কার্ডেতে ৬ খানা রূপ দেশীয় ভিউ, মাপ ৫॥ ৩½, মূল্য প্রতিখানা ।০, ডজন ২৲। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিঞ্চ, হুগলী কলেজ এমামবাড়ার আশ্চর্য্য দৃশ্য ও হংসেশ্বরীর মন্দির প্রত্যেক ১৲ টাকা মাত্র—ফটোগ্রাফগুলি একবার দেখিলে বাধিত হইব।

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মতামত নহে।

সম্বর হ্রদ।

জয়পুর হইতে কয়েক ষ্টেশন পরে পশ্চিমদিকে ফলেরা ষ্টেশন। সেই ষ্টেশনহইতে একটি শাখা বাহির হইয়াছে; তাহাদ্বারা সম্বর যাওয়া যায়। সম্বর নগর জয়পুর হইতে ২০। ২৫ মাইল পশ্চিমে মাত্র। সম্বর হ্রদের পূর্ব্ব-প্রান্তে সম্বর নগর। নগরটী প্রাচীন। কথিত আছে এটী সম্বরাসুরের রাজধানী ছিল। সম্বর হ্রদটী পূর্ব্বহইতে পশ্চিমে অন্যূন ২৭ মাইল দীর্ঘ এবং উত্তর দক্ষিণে ইহার বিস্তার নানা স্থানে নানা রূপ, কিন্তু কোথাও ৭ মাইল হইতে অধিক হইবে এরূপ অনুমান হয় না, জল অগভীর এবং লবণাক্ত। অনেকস্থানে ক্ষুদ্র ক্ষুদ্র পাহাড় হ্রদের মধ্যে থাকিয়া গিয়াছে। সম্বর নগর হইতে হ্রদের পশ্চিম প্রান্ত পর্য্যন্ত দৈর্ঘ্যানুক্রমিক মধ্য ভাগ দিয়া রেল চালিত হইয়াছে; সুতরাং রেলের দীর্ঘতাই হ্রদের দীর্ঘতা। ক্বচিৎ কোথাও সামান্য দুটী একটী পুলের আবশ্যক হইয়াছে। হ্রদ এত অগভীর যে দুই পার্শ্ব হইতে মাটি কাটিয়া লইয়াই রেলের ভূমিপ্রস্তুত হইয়াছে। সম্বর লবণ এখন গবর্ণমেণ্টের হস্তে। প্রচুর রূপে লবণ প্রস্তুত করণ এবং লবণ বহন কার্য্যের সুবিধার জন্যই এই রেলটী প্রস্তুত হইয়াছে। তবে সেই সঙ্গে হ্রদের পশ্চিমভাগস্থ গ্রাম সকলের অধিবাসিগণের যাতায়াতে কথঞ্চিৎ সুবিধা হইয়াছে। রেলের দুই ধারেই অসংখ্য লবণ স্তূপ ও লবণ কুণ্ড দৃষ্ট হয়। কুণ্ডাসকলে জল বাঁধিয়া রাখা হয় এবং সেইজল শুষ্ক হইলে আপনিই লবণ কুণ্ডায় জমিয়া থাকে। সেই লবণগুলি প্রকাণ্ড প্রকাণ্ড স্তূপাকারে সজ্জিত থাকে এবং সময়মত স্থানান্তরে প্রেরিত হয়। হ্রদের উপকূলভাগেও লবণ স্তূপ ও লবণকুণ্ডা আছে এবং রেলের ও ২। ১ টি শাখা লাইন আছে।

পূর্ব্ব হ্রদটি জয়পুর ও যোধপুরের রাজাদিগের দখলে ছিল; এখন ইংরেজের হওয়ায় লবণ পূর্ব্বহইতে বহুগুণ অধিক উৎপন্ন হইতেছে। তৎসহ মূল্য বৃদ্ধি একত্র হইয়া গবর্ণমেণ্টের আয়কে পূর্ব্বহইতে দুইগুণ করিয়াছে; কিন্তু এক্ষণে আয়ব্যয় সম্বন্ধীয় বৃত্তান্তটীকে তালিকাপুত্ত করিয়া পাঠকগণের সমক্ষে আমি ধরিতে পারিলাম না। সম্বরনগরটী অদ্যাপি জয়পুর ও যোধপুর উভয় রাজ্যের অধীনে আছে। উভয়-রাজা হইতে দুই জন নাজিম এখানে বর্ত্তমান। যখন হ্রদটী রাজাদিগের ছিল তখন নগরবাসীদিগকে লবণ ক্রয় করিতে হইত না। হ্রদের জল লইয়া আসিয়া সেই জল থিতাইয়া লইলেই লবণ প্রাপ্ত হইত। কিন্তু এ কার্য্য এখন সরকারীমানা মানা। পূর্ব্বে পূর্ব্বে লোকে হ্রদে কাষ্ঠখণ্ড ফেলিয়া রাখিত; হ্রদ একটু শুকাইয়া আসিলে সেই কাষ্ঠখণ্ড সকল লবণ বেষ্টিত হইয়া থাকিত। কখন কখন সমস্ত হ্রদ শুকাইয়া গেলে লবণময় তলভাগ হইতে লোক লবণ উঠাইয়া লইয়া আসিত। এ সমস্তই এখন হইবার জো নাই। এখানে বলিয়া রাখি যে, সমস্ত হ্রদ প্রতিবৎসর শুকায় না। কদাচিৎ অনাবৃষ্টির বৎসরেই ঐরূপ ঘটে।

সম্বর নগরের মধ্যে দেবযানীর কুণ্ড আছে। উহা একটি বৃহৎ পুষ্করিণী, পদ্মপত্র ঢাকা। চতুঃপার্শ্বে নানা দেব দেবীর মন্দির আছে। সুতরাং পুষ্পকানন ও শঙ্খ ঘণ্টার রোলে এবং মন্দির সকলের সৌন্দর্য্যে কুণ্ডতীরটী রমণীয়তাকে প্রাপ্ত হইয়াছে। কুণ্ডে আর দর্শনীয় কিছুই নাই, কিন্তু স্মরণীয় অনেক আছে। হিন্দুদিগের মধ্যে পূর্ব্বপুরুষগণের কীর্ত্তির স্মরণ চিহ্ন রক্ষার জন্য যেরূপ চেষ্টা দেখা যায়—এমন বোধ হয় কোন জাতির মধ্যে নাই। যযাতি ও দেবযানী কত কালের কথা, কিন্তু তথাপি আজও তাঁহাদের একটি স্মৃতি চিহ্ন রহিয়াছে। মন্দিরের পুরোহিত ও শিক্ষিত ব্যক্তিগণ যযাতি ও দেবযানী সম্বন্ধীয় মনোহর গান্ধর্ব্বপ্রণয় বৃত্তান্ত পুরুষানুক্রমে স্মরণ করিয়া আসিতেছে। কুণ্ডের বিচিত্র ইতিহাস যতই হৃদয়রঞ্জক হউক না কেন, মূর্খ জনসাধারণ কিন্তু সে বিষয় কিছুই জানে না। তাহারা ঐ কুণ্ডকে দেওদানীর কুণ্ড অর্থাৎ দেবতাদিগের নানীর (মাতামহীর) কুণ্ড কহিয়া থাকে। ইহা অপেক্ষা কিম্ভূত কিমাকারত্বের আর কি পরিচয় হইতে পারে? তাহারা বলে নানীর তীর্থ বলিয়া এই তীর্থ সমস্ত তীর্থের প্রধান।

দেবযানীর কুণ্ডের কিয়দ্দূর দক্ষিণে আর একটী অপকৃষ্ট কুণ্ড আছে, তাহা শর্ম্মিষ্ঠা কুণ্ড নামে বিখ্যাত, কিন্তু সাধারণে 'শর্ম্মিষ্ঠা' উচ্চারণ করিতে পারে না; 'শর্ম্মাঠা' কহে। এই উভয় কুণ্ড হইতে কিঞ্চিৎ পূর্ব্বদিকে 'রাবণটীলা' নামক একটী উচ্চভূমি আছে। শর্ম্মিষ্ঠা ও দেবযানীর মাঝখানে রাবণ কি প্রকারে আসিল তাহা বুঝা যায় না। কেহ আমাকে সন্তোষকর উত্তর দিতে পারে নাই। এক জন বলিয়াছিল যে এখানে রাবণের ছাউনী ছিল। বোধ হয় তবে রাবণ কোন সময়ে দেবতাদের সঙ্গে যুদ্ধ করিবার জন্য এখানে ছাউনী রক্ষা করিয়াছিলেন, কিম্বা দেবযানীর কুণ্ডে স্নান করিতে আসিয়া ঐ স্থানে শিবির সংস্থাপন করিয়া থাকিবেন। সম্বরনগরের মধ্যে আর এমন কিছুই বিশেষ দর্শনীয় নাই, তবে রাবণটীলা এবং তন্নিকটস্থ উচ্চভূমি সকলের উপরে ইংরাজদিগের সম্বর হ্রদ সংক্রান্ত আফিস এবং বাঙ্গলাগুলি বেশ সৌন্দর্য্য বিস্তার করিয়া রাখিয়াছে। সেই সকল স্থান হইতে ষ্টেশন পর্য্যন্ত উভয় পার্শ্বে তরুশ্রেণী শোভিত একটী সুন্দর পথও ইংরাজেরা নির্ম্মাণ করিয়াছেন।

শ্রীমেঘনাথ ভট্টাচার্য্য এ এ,
জয়পুর মহারাজ কলেজের অধ্যাপক।

প্ল্যানচেট্।

আজ কাল গ্রামে গ্রামে এই যন্ত্রের কথা লইয়া আন্দোলন চলিতেছে। অনেকে ইহার আশ্চর্য্য ক্ষমতা বুঝিয়া মুগ্ধ হইতেছেন। অনেকেরই ধারণা জন্মিয়াছে, এই যন্ত্রে প্রেতাত্মার আবির্ভাব হয় এবং সেই প্রেতাত্মাই জিজ্ঞাসিত বিষয়গুলির উত্তর দিয়া থাকে। এতৎসম্বন্ধে নিম্নে কয়েকটি কথা বলা যাইতেছে—

ডাক্তার গেলবেনির স্ত্রী পীড়িত হইয়া শয্যাগত হইয়া আছেন, এমন অবস্থায় গেলবেনি সাহেব তাঁহাকে বেডের ঝোল খাইতে দিবার ব্যবস্থা করেন এবং তজ্জন্য স্বহস্তে বেড কুটিতে থাকেন। নিকটে একটি কাচগোলক ছিল। তখনকার লোকে কাচগোলকে রেশমী রুমাল ঘসিয়া উহাতে বৈদ্যুতিক শক্তির বিকাশ করিত। এখনও কাচগোলক কিনিতে পাওয়া যায়, কিন্তু পূর্ব্ববৎ এক্ষণে আর উহার ব্যবহার নাই। ডাক্তার গেলবেনির কৃত কাটা বেডের উপর ঐ কাচগোলক দৈবাৎ গড়াইয়া আসিয়া পড়ে। তখন উহাতে অল্প তাড়িৎ শক্তি ছিল। কাচ-

গোলকস্পর্শে বেঙের কর্ত্তিত অংশগুলি নড়িয়া উঠিল। এই ঘটনা হইতে বৈজ্ঞানিক ডাক্তার গেলবেনি সাহেব বিশেষ পরীক্ষাদ্বারা স্থির করিলেন যে, প্রাণিদেহ মাত্রেরই স্নায়ুর ভিতর দিয়া তাড়িৎ চলাচল করে।

উল্লিখিত যন্ত্রের ক্রিয়া এই তাড়িৎ শক্তি প্রভাবেই হইয়া থাকে। দুই জন ব্যক্তি মুখা মুখি বসিয়া দুই হস্তদ্বারা যন্ত্রটী স্পর্শ করিয়া থাকিলে উভয়ের শরীরস্থ তাড়িৎ উহার উপর আসিয়া পড়ে এবং তাহাতেই উহা নড়িয়া চড়িয়া বেড়ায়। পরীক্ষাস্বরূপ একখানি পিচ্‌বোর্ড বোর্ডাবিহীন পানের আকারে কাটিয়া লইয়া উহাতে ৩টি ফুটা করিয়া, ৩টি ফুটার মধ্যে কব্জির পাইপ ছোট করিয়া কাটিয়া উহার ৩টি পায়া করিয়া দেও, অথবা কব্জির পাইপ দ্বারা ২টী পায়া করিয়া অপর পায়াটি উড়্‌পেন্সিলের দ্বারা কর, কারণ তাহা হইলে যখন যন্ত্রটি চলিতে থাকিবে তখন সেই সঙ্গে লেখাও হইতে থাকিবে। কব্জির পায়া দুইটি যাহাতে না নড়ে চড়ে তজ্জন্য উহাকে গালাদ্বারা আঁটিয়া দেও এবং মসৃণ জমির উপর যাহাতে পায়া দুটি অনায়াসে এ দিক ওদিক সরিয়া বেড়াইতে পারে, তজ্জন্য উহার নীচে কলিকাফুলের ফলের অভ্যন্তরস্থ দুইটি বীজ গালা দিয়া আঁটিয়া দাও। তৎপরে দুই জন লোক সাম্‌না সাম্‌নি বসিয়া উভয় হস্তের পাঁচ পাঁচ দশ অঙ্গুলীর কেবল মাত্র অগ্রভাগ উহাতে ঠেকাইয়া বসিয়া থাক। এতদ্বারা তাড়িৎ প্রবাহ শীঘ্রই হইবে এবং অনতিকালমধ্যেই যন্ত্র নড়িয়া চড়িয়া বেড়াইবে। কোন প্রেতাত্মা আনিবার অথবা চক্ষু বুজাইয়া থাকিবার কিছু মাত্র প্রয়োজন নাই।

অতঃপর যন্ত্রটি নড়িয়া চড়িয়া বেড়াইলে পেন্সিলের যে হিজিবিজি দাগ পড়িবে লোকে তাহাকেই আপনাদিগের প্রশ্নের উত্তর বলিয়া গ্রহণ করিবে। ফলকথা ঐরূপ লেখা (বিশেষতঃ যদি দুই জন নিরক্ষর লোকে যন্ত্রটি ধরে) হিজিবিজি দাগ ভিন্ন আর কিছুই নহে। হিজিবিজির মধ্যে কসির টান হেতু সকল রকম কথাই সাঁটে বুঝিয়া লওয়া যায়। এইরূপ বুঝিয়া লওয়া কেবল পূর্ব্ব হইতেই প্রশ্নটির উত্তর জানা এবং মনের একাগ্রতাবশতঃ হইয়া থাকে।

প্ল্যানচেট যন্ত্রে যে প্রেতাত্মার আবির্ভাব হয় বলিয়া বলা হয় তাহাকে কোনরূপ ভবিষ্যৎ প্রশ্ন জিজ্ঞাসা করার পক্ষে প্ল্যানচেট বিক্রেতাদিগের নাকি নিষেধ আছে। নিষেধের কারণ আমরা এই বুঝিয়াছি যে, প্ল্যানচেট তো আর ভূতভবিষ্যৎ গণনার কল নয়, কাজেই ভবিষ্যৎ গণনা যদি না মিলে, তাহা হইলেই প্ল্যানচেটের উপর লোকের একেবারেই অভক্তি হইয়া যাইবে। বিগত এণ্ট্রান্স, এলে প্রভৃতি পরীক্ষার ফল আমরা প্ল্যানচেট দ্বারা অনেকের গণনা করিয়াছি। প্ল্যানচেট যাহাদের পাস হওয়া সম্বন্ধে বলিয়াছিল, "না", প্রকৃত পক্ষে তাহাদের হইয়াছে কিন্তু "হাঁ"; আবার প্ল্যানচেটের "হাঁ" কার্য্যতঃ "না" হইয়াছে। কোন কোনটা বা মিলিয়াও গিয়াছে।

যাহাই হউক, প্ল্যানচেট যিনি উদ্ভাবন করিয়াছেন তিনি যে একজন প্রকৃত বৈজ্ঞানিক তাহাতে আর অণুমাত্র সন্দেহ নাই।

তাড়িতের পরিচালকতা এবং অপরিচালকতা বিবেচনার সকল বস্তুতেই প্ল্যানচেটের কার্য্য সম্পন্ন হইতে পারে না।

শ্রীরাজকৃষ্ণ পাল।

কুটিমে বল্লরী।

১

একাকিনী অসহায়া উঠেছে সুন্দর
সুকুমার দেহটুকু নব লতিকার,
কচিপদ শুভ্র আভা ভাবুকের মনোলোভা
সুগোল শ্যামল উরু, নিতম্বকোটির-
ভারে যোগ দেয় কচি তনু, বাহু, শির।

২

শিশু বটে, ক্ষুদ্রভাবে প্রকাশে সুন্দর
কি হবে গঠনশোভা বয়সে তাহার,
অলঙ্কার গায় দোলে, লোকে কচিপাতা বলে,
কাঞ্চি কচি কটি বেড়ে কণ্ঠে হাসে হার,
গুণ্ঠনে ঢাকেনি চারু সিঁথির বাহার।

৩

কচি ঠোঁটে মিষ্টি হাসি হ'য়ে নতশির
সংগোপনে রাখে পাত্র অমৃত রাশির,
কভু অবনত রহে, কভু মাথা তু'লে চাহে,
কেমন মধুর ভাব কোমল শরীর;
স্বচ্ছ ত্বক্ হ'তে জ্যোতি হতেছে বাহির।

৪

শঙ্কিতা সে যোগাসনে ব'সে নিরন্তর,
গৃহদ্বেড়ে নাহি যায় কানন ভিতর,
ননীর পুতলী বালা, জানে না সংসারজ্বালা,
কিশোর না হ'তে রত পূজিতে ঈশ্বর,
রুদ্ধগৃহ কুট্টিমের বেদীর উপর।

৫

যদি কেহ কোন কাজে খোলে গৃহদ্বার,
ব্রীড়ানত মুখে বাড়ে মাধুরী অপার;
শিশুভাবে হেলে দুলে, সরীসৃপ কোলে পেলে
জানায় রহিবে চিরকুমারী, তাহার
বিভু বিনা প্রেম কেহ না পাইবে আর।

৬

শুদ্ধ হৃদে পায় জ্ঞানী আনন্দ নীহার,
আলাপনে তার মনে জ্ঞান অনন্তের,
অন্তর্নেত্রে হেরে হাসে, বালিকথা যা' কাশে,
বালিকার ভাব ছেড়ে হয় সে গম্ভীর,
অনন্ত শক্তির ছায়া অংশ প্রকৃতির।

৭

কত কথা কহে লতা বেদবেদান্তের,
জগতের সুধীগণ এ করে যাহার
খণ্ডা'তে না পারে মর্ম্ম, কিবা যোগ কিবা কর্ম্ম,
ঝর ঝর ঝরিতেছে যেন ঝরণার
সুশীতল বারিধারা অতি পরিষ্কার।

৮

একমনে যে শুনিবে কথা লতিকার,
ভাবে মন উছলিবে দেখিবে ঈশ্বর
আছেন জাজ্বল্যমান, সর্ব্বঘটে বিদ্যমান,
নহে বারাণসী গয়া আবাস তাঁহার
লতা, শষ্প, ফুল, ফলে পূর্ণ অবতার।

৯

বরাবর পানে প্রাণ জীবন্ত যাহার,
কেমন অদৃষ্টশক্তি ঐশী চমৎকার!
খেলিছে বলিছে কথা, মর্ম্মগ্রন্থে রচে গাথা
কোরাণ, বাইবেল, বেদ আদিশাস্ত্র সার,
নীরস তাহার কাছে, নির্জ্জীব, অসার।

১০

বলে লতা ধন্য শুদ্ধ মানব অন্তর!
স্রষ্টার সম্মুখে স্বচ্ছ বিমল মুকুর,
ধরে প্রতিবিম্ব তাঁর, নিখিল ব্রাহ্মাণ্ড যাঁর
ঘুরিতেছে অবিশ্রান্ত অঙ্গুলী উপর,
ধন্য সে সংসারে শুদ্ধ মানব অন্তর।

শ্রীযু——

এডুকেশন গেজেট।

৬ই শ্রাবণ ১৩০০। ইং ২১শে জুলাই ১৮৯৩।

টাউনহলে সভা।

বিগত ১২ই জুলাই বুধবার কলিকাতার টাউন হলে একটি বৃহৎসভার অধিবেশন হইয়াছিল। ভারতে সিভিল সর্ভিস পরীক্ষাগ্রহণবিষয়ক নূতন প্রস্তাবটি সম্বন্ধে আলোচনা করাই উক্ত সভাধিবেশনের উদ্দেশ্য। সভাস্থলে বিস্তর লোকের সমাগম হইয়াছিল। মহারাজ বাহাদুর স্যর যতীন্দ্রমোহন ঠাকুর সভাপতির আসন পরিগ্রহণ করিয়াছিলেন। মহারাজ দুর্গাচরণ লাহা, শ্রীযুক্ত গণেশচন্দ্র চন্দ্র, এইচ এম রস্তমজী, রেভঃ কালীচরণ বন্দ্যোপাধ্যায়, রাজা প্যারীমোহন মুখোপাধ্যায়, শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, নবাব মীর আহম্মদ আলি, স্যর রমেশচন্দ্র মিত্র, ডাক্তার রাসবিহারী ঘোষ প্রভৃতি অনেকেই প্রস্তাবের পোষকতা করিয়া সভাস্থলে বক্তৃতা করিয়াছিলেন। তিনটি বিষয় সর্ব্বসম্মতিক্রমে সভাস্থলে বিধিবদ্ধ হয়; —১ম, পল সাহেব ও তাঁহার সমর্থনকারী অপরাপর সাহেবদিগকে সাধুবাদ প্রদান করা হউক; ২য়, পল সাহেবের প্রস্তাব যাহাতে কার্য্যে পরিণত হয়, গবর্ণমেণ্ট তাহার উপায় বিধান করুন; এবং ৩য়, সভার প্রস্তাবিত বিষয়গুলি পল সাহেব ও বড়লাট বাহাদুরকে জানান হউক; বড় লাট বাহাদুর আবার সেগুলি ষ্টেট সেক্রেটরীর গোচর করুন। এতদ্ব্যতীত পার্লিয়ামেণ্ট মহাসভায় নিম্নলিখিত মর্ম্মে একখানি আবেদন প্রেরণ করা হউক।

"১৮৩৩ খৃঃ অব্দে ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীকে নূতন করিয়া সনন্দ দিবার সময়ে পার্লিয়ামেণ্ট মহাসভায় এই স্থিরীকৃত হয় যে, স্থান ও বর্ণাদি ভেদ হেতু ভারতীয় প্রজার উচ্চপদাধিকার বিষয়ে কোনরূপ প্রতিবন্ধক ঘটিবে না। কোর্ট অফ ডিরেক্টরও তখন এই ব্যবস্থার পোষকতা করেন। কিন্তু পরবর্ত্তী ২০ বৎসরকাল পর্য্যন্ত কার্য্যতঃ ইহার কিছুই হয় নাই। ১৮৫৩ সালে কমন্স সভার সিলেক্ট কমিটীতে সাক্ষ্য দিবার সময় ক্যামারণ সাহেবও এই কথার উল্লেখ করিয়াছিলেন। ঐ বৎসরই ভারতীয় সিভিল সর্ভিসে প্রতিযোগিপরীক্ষার ব্যবস্থা হয় এবং ইহারই কয়েক বৎসর পরে অর্থাৎ ১৮৫৮ খৃঃ অব্দে মহারাণী ভারতেশ্বরী স্বীয় প্রসিদ্ধ ঘোষণাপত্র প্রচারিত করেন।

উল্লিখিত প্রতিযোগি-পরীক্ষা লণ্ডনে গৃহীত হইবার ব্যবস্থা হওয়ায় প্রকৃত প্রস্তাবে ভারতবাসীর উহাতে বিশেষ সুবিধা হইল না। স্যর আরস্কিন পেরি, স্যর জেম্‌স্ উইলোবি, মিঃ ম্যাঙ্গল্‌স্, মিঃ আর্ব্বথনট ও মিঃ ম্যাকনাটন—ষ্টেট সেক্রেটরীর এই কয় জন অমাত্য লইয়া ১৮৬০ সালে যে একটি কমিটী সংগঠিত হয় তাহাতে তাঁহারা বলিয়াছিলেন, "আইনে ভারতবাসীকে সুবিধা দেওয়া হইলেও কার্য্যতঃ উহাদিগকে বঞ্চিত করা হইয়াছে। ভারত সন্তানের পক্ষে ভারত ছাড়িয়া আসিয়া বিলাতে কিছুকাল বাস করিয়া প্রতিযোগিপরীক্ষায় কৃতকার্য্য হওয়া একপ্রকার অসম্ভব বলিলেও হয়। এই অসুবিধাটুকু যদি ঘুচাইতে পারা যায়, তাহা হইলে আইনে সুব্যবস্থা করিয়া কার্য্যতঃ তাহার ব্যতিক্রম ঘটানরূপ নিন্দার হাত আমরা এড়াইতে পারি। উল্লিখিত অসুবিধা নিরাকরণের উপায় দুইটি আছে—১ম, সিভিলিয়ানদিগের প্রাপ্য কতকগুলি উচ্চপদ কেবলমাত্র ভারতবাসী সিভিলিয়ানদিগের জন্য রাখা হউক অথবা বিলাত ও ভারত উভয় স্থানেই এক সময়ে সিভিল সর্ভিস পরীক্ষার ব্যবস্থা করা হউক। আমাদের বিবেচনায় দ্বিতীয় উপায়টিই অপেক্ষাকৃত প্রশস্ত।"

১৮৬০ সালে উল্লিখিত কমিটী উক্তরূপ ব্যবস্থা দেন, কিন্তু এ যাবৎ উহা কার্য্যে পরিণত হয় নাই। ভারতের ভূতপূর্ব্ব গবর্ণর জেনারেল লর্ড লিটন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলার স্বরূপে বক্তৃতা করিবার সময় বলিয়াছিলেন, "ভারতবাসীর নিকট সুবিচারসঙ্গত যে প্রতিজ্ঞা করা হইয়াছে, সেই প্রতিজ্ঞা এযাবৎ পূর্ণ করা হয় নাই।" ভারতে সিভিলিয়ানদিগের জন্য ৯ শতেরও অধিক উচ্চ পদ আছে, তন্মধ্যে অত্যল্প সংখ্যক কয়েকটিমাত্র পদে ভারতবাসী অধিকার পাইয়াছে। ভারতে যে পবলিক সর্ভিস কমিসন বসিয়াছিল তাহাতে ৩৬১ জন, ভারতেও বিলাতের ন্যায় সিভিল সর্ভিস পরীক্ষা গৃহীত হইবার ব্যবস্থার পোষ-

কতা করিয়াছিলেন। বিপক্ষে মত দিয়াছিলেন ১৬৩ জন, আর ৭৩ জন নিশ্চয় করিয়া কোন কথা বলিতে পারেন নাই। পবলিক সর্ভিস কমিসন যে ব্যবস্থা করিয়াছিলেন তাহা ভারতবাসীর সন্তোষজনক হয় নাই। আবার পবলিক সর্ভিস কমিসনের সেই ব্যবস্থার উপর মন্তব্য প্রকাশস্থলে ভারত গবর্ণমেণ্ট যে ব্যবস্থা করিয়াছেন তাহা ভারতবাসীর আরও অসন্তোষজনক হইয়াছে। ফলকথা, উক্ত প্রতিযোগিপরীক্ষা যত দিন কেবল ইংলণ্ডেই হইতে থাকিবে তত দিন মহারাণীর প্রসিদ্ধ ঘোষণাবাক্য প্রভৃতি অপূর্ণ থাকিয়া যাইবে। অধ্যাপক নিউম্যান সাহেবও বলিয়াছেন, "ভারতবাসীকে বিলাতে আসিয়া প্রতিযোগী সিভিল সর্ভিস পরীক্ষা প্রদানে বাধ্য করা সুবিচারসঙ্গত নহে। ঐরূপ অনিশ্চিত বিষয়ের জন্য যদি আমাদিগকে কলিকাতায় যাইয়া পরীক্ষা দিতে বাধ্য হইতে হয় তবে আমরা কি মনে করি।"

পবলিক সর্ভিস কমিসন দেশীয় সিভিলিয়ানদিগের কাজ কর্ম্ম সম্বন্ধে সুখ্যাতি করিয়াছেন, সুতরাং দেশীয় সিভিলিয়ানদিগের হস্তে শাসন ক্ষমতা প্রদান করিলে কার্য্য মন্দ হইবে বলিয়া যে কেহ কেহ আশঙ্কা করিয়া থাকেন তাহা অমূলক।

কেহ কেহ বলিয়া থাকেন উল্লিখিত প্রতিযোগিপরীক্ষা দেশীয়দিগের উপযোগী নহে; যেহেতু ভারতে শাসনকর্ত্তৃত্বভার পরিচালনাস্থলে যে সমস্ত নৈতিকগুণের আবশ্যক দেশীয়দিগের উহা দ্বারা তাহা জন্মে না। লর্ড মেকলে এক সময়ে সিভিল সর্ভিস কমিটীর সভাপতি হইয়া যাহা বলিয়াছিলেন, তাহাই এখানে উদ্ধৃত করিয়া উক্ত কথার প্রতিবাদ করা যাইতেছে। লর্ড মেকলে বলিয়াছিলেন, "সাহিত্য ও বিজ্ঞানে অধিকার লাভের সঙ্গে সঙ্গে সাধারণতঃ শ্রমশীলতা, আত্মোৎসর্গ, সম্মান লাভেচ্ছা প্রভৃতি সদ্‌গুণেরও লাভ হইয়া থাকে; আর এই সকল গুণের অধিকারী হইলে পাপ প্রবৃত্তিও দূর হইয়া যায়। অতএব সিভিল সর্ব্বিস পরীক্ষাস্থলে কেবল মাত্র বিদ্যাবুদ্ধির পরীক্ষা করিলেই যথেষ্ট হইবে।"

উল্লিখিত কারণগুলির সবিশেষ পর্য্যালোচনা করিয়া বিলাতের ন্যায় ভারতেও যাহাতে সিভিল সর্ভিস পরীক্ষা হয়, পার্লিয়ামেণ্টের কমন্স সভার সদস্যগণের নিকট আবেদনকারিগণের ইহাই প্রার্থনা।"

দেরাদুন স্কুল।

দেরাদুন ইম্পিরিয়াল ফরেষ্ট স্কুলে প্রবেশাধিকার বিষয়ক নূতন নিয়মাবলী প্রচারিত হইয়াছে। নিম্নে তাহার সারাংশ বিবৃত করা যাইতেছে—

উল্লিখিত বিদ্যালয়ে উচ্চ নিম্ন ভেদে ২টী শ্রেণী থাকিবে। বিদ্যালয়ে কতগুলি ছাত্রের স্থান হইতে পারিবে বোর্ড অফ কণ্ট্রোল তাহা স্থির করিয়া দিবেন, তদনুসারে উভয় শ্রেণীতে বৎসর বৎসর ছাত্রগ্রহণ করা হইবে। বৎসর বৎসর কোন্ প্রদেশে কতগুলি করিয়া বৃত্তি দেওয়ার ব্যবস্থা হইবে, সরকারী কার্য্যের জন্য কত জন লোককে মনোনীত করিয়া লইতে হইবে, স্কুলের ডিরেক্টর প্রাদেশিক কর্ত্তৃপক্ষীয়দিগের পরামর্শ গ্রহণপূর্ব্বক ১লা জানুয়ারির পূর্ব্বে তাহা স্থির করিয়া স্থানীয় গবর্ণমেণ্টের গোচর করিবেন।

উচ্চ শ্রেণীতে তিন প্রকারের ছাত্র অধ্যয়ন করিতে পারিবে—১ম, প্রাইভেট ছাত্র; ২য়, যে সকল ছাত্র সরকারী কার্য্যে নিযুক্ত আছে; ৩য়, দেশীয় রাজ্য কর্ত্তৃক প্রেরিত ছাত্র। যে সকল ছাত্র এক্ষণে বনবিভাগীয় কোন কার্য্যে নিযুক্ত নহে, ভারত গবর্ণমেণ্ট, দেশীয় রাজ্য অথবা কোন ব্যক্তি বিশেষের অধীনস্থ বনবিভাগে চাকরী পাইবার অভিপ্রায়ে উক্ত বিভাগীয় স্কুল হইতে প্রশংসা পত্র সংগ্রহ করাই যাহাদিগের উদ্দেশ্য তাহারা প্রাইভেট ছাত্রস্বরূপে পরিগণিত হইবে। ১৮ বৎসরের ন্যূন এবং ২৫ বৎসরের ঊর্দ্ধবয়স্ক কোন প্রাইভেট ছাত্রকে স্কুলে ভর্ত্তি করা হইবে না। প্রবেশার্থী প্রাইভেট ছাত্রকে প্রথম শ্রেণীর সহকারী কনজারভেটরের নিম্নপদস্থ নহেন এরূপ কোন বিভাগীয় বন কর্ম্মচারী অথবা কোন কলেক্টর অথবা জেলার অপর কোন কর্ম্মচারীর হাত দিয়া বনবিভাগের কোন কনজারভেটারের নিকট আবেদন করিতে হইবে। প্রবেশার্থী ব্যক্তি বনবিভাগের যে কেন্দ্রে অথবা যে প্রদেশে কর্ম্মের অনুসন্ধান করিতেছেন, উল্লিখিত কনজারভেটর, প্রভৃতি সেই কেন্দ্রের অথবা সেই প্রদেশের না হইলেও চলিবে, কিন্তু দরখাস্তের সহিত নিম্নলিখিত বিষয়গুলি সম্বন্ধে নিদর্শনপত্র দেখাইতে না

পারিলে বিভাগীয় বন কর্ম্মচারী ও কলেক্টরগণ কোন প্রবেশার্থীর দরখাস্ত কনজারভেটরের নিকট পাঠাইবেন না—

(১) প্রবেশার্থী ছাত্রকে ভারতের অধিবাসী হইতে হইবে। ব্রিটিস ভারত অথবা মিত্র ও করদ দেশীয় রাজ্য মধ্যে যাহাদের জন্ম, ঐ স্থানেই যাহাদের বাস হইয়া গিয়াছে. যাহাদের পিতা মাতা বরাবরই তথাকার অধিবাসী, তাহাদিগকেই ভারতের অধিবাসী বলিয়া বুঝিতে হইবে; (২) বয়সের নিদর্শনপত্র; (৩) শারীরিক স্বাস্থ্যবিষয়ক নিদর্শন পত্র। ঐ পত্রে উল্লিখিত বিভাগীয় বন কর্ম্মচারী অথবা কলেক্টরের এলাকার অন্তর্গত জেলার সিভিল সার্জ্জনের স্বাক্ষর আবশ্যক, (৪) সদ্বংশ এবং সচ্চরিত্রতার পরিজ্ঞাপক নিদর্শন পত্র। এই পত্রে সম্ভ্রান্ত দুই বা ততোধিক ব্যক্তির সহি থাকা আবশ্যক; (৫) স্কুলের ডেপুটী ইনস্পেক্টর অথবা সরকারী বন্দোবস্তের অধীন কোন উচ্চশ্রেণীর স্কুলের হেড মাষ্টার প্রদত্ত নিদর্শন হইতে দেখাইতে হইবে যে, প্রবেশার্থীর পড়া শুনা ভাল হইয়াছে এবং সে বিভাগীয় প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইতে পারিবে। ডেপুটী ইনস্পেক্টর অথবা হেড মাষ্টারের নিম্নপদস্থ কোন কর্ম্মচারীর প্রদত্ত নিদর্শন পত্র হইলে হইবে না।

ছাত্রগণ যে বৎসর উক্ত প্রবেশিকা পরীক্ষা দিবে ইচ্ছা করিয়াছে, উল্লিখিত শেষোক্ত তিন খানি নিদর্শন পত্রে তাহার পূর্ব্ববৎসরের ১লা অক্টোবর বা তৎপরবর্ত্তী মাসের তারিখ থাকা চাই।

কনজারভেটর আপন ইচ্ছামত দরখাস্ত গ্রাহ্য অথবা অগ্রাহ্য করিবেন। সে পক্ষে তাঁহাকে কোনরূপ হেতু দেখাইতে হইবে না। আবশ্যক বোধ হইলে তিনি অপেক্ষাকৃত অন্যান্য ভাল প্রশংসাপত্র লইয়া প্রবেশার্থী ছাত্রকে আপনার নিকট ডাকাইয়া পাঠাইতে পারিবেন। দরখাস্তকারীর আবেদন গ্রাহ্য হইলে তিনি যে কনজারভেটরের নিকট আবেদন করিয়াছিলেন তাঁহারই কেন্দ্রস্থিত "ফরেষ্ট" স্কুলের পরবর্ত্তী প্রবেশিকা পরীক্ষা দিবার জন্য অনুমতি প্রাপ্ত হইবেন।

প্রবেশিকা পরীক্ষা বৎসর বৎসর মার্চ্চ মাসের প্রথমেই আরম্ভ হইবে। ডিরেক্টর পরীক্ষার দিন নির্ণয় করিয়া দিবেন। ইম্পিরিয়াল ফরেষ্ট স্কুলে এবং স্থানীয় গবর্ণমেণ্টসমূহ সময়ে সময়ে যে সকল কেন্দ্র স্থির করিয়া দিবেন সেই সমস্ত কেন্দ্রে পরীক্ষা গৃহীত হইবে।

ইংরাজী (কথাবার্ত্তা ও রচনা), পাটীগণিত, বীজগণিত (বর্গ সমীকরণ পর্য্যন্ত), জ্যামিতি (১ম, ২য়, ৩য়, ৪র্থ ও ৬ষ্ঠ অধ্যায়) ও পরিমিতি (দৃষ্টান্ত সহ দৈর্ঘ্য, কালি ও আয়তন)—এই কয় বিষয়ে পরীক্ষা গৃহীত হইবে। ইংরাজী ভিন্ন অপরাপর কয়টি বিষয়ে যথাক্রমে শতকরা ৪০,৪০,২৫ ও ২৫ সংখ্যা রাখিতে পারিলেই পরীক্ষায় উত্তীর্ণ হওয়া যাইবে। ইংরাজী কথাবার্ত্তায় শতকরা ৫০ এবং রচনায় শতকরা ৩৩ সংখ্যা রাখিতে হইবে।

দেশীয় ধরণে থাকিয়া যে সকল ছাত্র স্কুলে অধ্যয়ন করিবে অধ্যয়ন সমাপ্তিকাল যাবৎ তাহাদিগের সমগ্র ব্যয় ৭৩৫ টাকা হইবে; আর ইউরোপীয় ধরণে থাকিলে ৯৪৫ টাকা ব্যয় পড়িবে। এই টাকার মধ্যে স্কুলে ভর্ত্তি হইবার সময় অগ্রিম প্রথমোক্তদিগের ১২৬ টাকা এবং শেষোক্তদিগের ১৬৮ টাকা দিতে হইবে। এতদ্ব্যতীত জামিন স্বরূপ আর ৫০ টাকা সকলকে দিতে হইবে।

যদি কোন মনোনীত প্রাইভেট ছাত্র পরীক্ষায় উত্তীর্ণ হইয়া স্থানীয় গবর্ণমেণ্টের অধীনে অন্যূন ৫ বৎসর কাল চাকরী করিব বলিয়া এগ্রিমেণ্ট লিখিয়া দেয় তবে বিশেষ বিশেষ স্থলে কনজারভেটর অথবা ডিরেক্টর অনুরোধ করিলে স্থানীয় গবর্ণমেণ্ট বিভাগীয় প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ ঐরূপ ছাত্রকে ফরেষ্ট স্কুলে অধ্যয়ন কালযাবৎ মাসিক ৫০ টাকার অনধিক বৃত্তিস্বরূপ দিয়া সাহায্য করিবেন। কিন্তু অসচ্চরিত্রতা দেখিলে অথবা স্কুলে পাঠের উন্নতি হইতেছে না বুঝিলে উক্ত বৃত্তি কমাইয়া অথবা একেবারে উঠাইয়া দিবেন।

যে সমস্ত প্রাইভেট ছাত্র স্কুলের সার্টিফিকেট পাইবে, ডিরেক্টর তাহাদের নামের একটি তালিকা রাখিয়া দিবেন এবং অবৈতনিক প্রাইভেট ছাত্রগণ যে যে কেন্দ্রে কর্ম্ম পাইতে ইচ্ছা করিবেন, সেই সেই কেন্দ্রের কনজারভেটরগণকে পত্রাদি লিখিয়া তাহাদের কর্ম্মের যোগাড় দেখিবেন। যাহারা কর্ম্ম পাইবে না তাহাদিগের নামের একটি তালিকা স্কুলের ডিরে-

ক্টর ফরেষ্টের ইনস্পেক্টর জেনারেলের নিকট পাঠাইয়া দিবেন। ইনস্পেক্টর জেনারেল সেই তালিকা দরবার-সমূহে, কনজারভেটর এবং শিক্ষিত বনকর্ম্মচারীর প্রয়োজন আছে এরূপ ব্যক্তির নিকট পাঠাইয়া দিবেন। পরীক্ষোত্তীর্ণ প্রাইভেট ছাত্রগণ সরকারী কোন কাজ কোন কেন্দ্রে খালি না হইলে পাইবেন না। বেতনভোগী ছাত্রেরও উক্ত পদে কোনরূপ দাবী নাই। "ফরেষ্ট রেঞ্জার" এবং "ফরেষ্টার" প্রভৃতি অন্যান্য অধস্তন বনবিভাগীয় কর্ম্মচারিগণ স্ব স্ব উন্নতি কামনায় উক্ত স্কুলে অধ্যয়ন করিবার জন্য স্থানীয় গবর্ণমেণ্টের নিকট অনুমতি পাইতে পারিবেন। স্কুলে থাকাকালীন তাঁহারা আপন আপন 'গ্রেড' অনুযায়ী বেতন এবং রাহাখরচ পাইবেন। "ফরেষ্ট রেঞ্জার"দিগের বয়ঃক্রম ২৫ বৎসরের অধিক হইলেও ক্ষতি হইবে না, প্রবেশিকা পরীক্ষায়ও তাঁহাদিগকে উত্তীর্ণ হইতে হইবে না কেবল যে কনজার্ভেটরের অধীনে তাঁহারা কার্য্য করেন সেই কনজার্ভেটর তাঁহাদিগকে উপযুক্ত বলিয়া প্রশংসাপত্র দিলেই চলিবে। কিন্তু "ফরেষ্টার" প্রভৃতি অধস্তন কর্ম্মচারিগণ যদি অন্যূন ৩ বৎসরকাল সরকারী কার্য্য করিয়া থাকেন এবং তাঁহাদিগের বয়ঃক্রম যদি ২৫ বৎসরের অধিক না হয় তবে স্কুলের প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইয়া থাকিলে এবং ফরেষ্ট স্কুলের পরীক্ষায় উত্তীর্ণ হইয়া অন্যূন ৫ বৎসরকাল স্থানীয় গবর্ণমেণ্টের কার্য্যে নিযুক্ত থাকিবেন এই মর্ম্মে এগ্রিমেণ্ট দিলে তাঁহারাও উক্ত স্কুলে পড়িবার জন্য স্থানীয় গবর্ণমেণ্টের অনুমতি পাইবেন এবং স্কুলে যাবৎকাল থাকিবেন তাবৎকাল আপন আপন গ্রেড অনুযায়ী বেতন ও রাহাখরচ পাইবেন। কিন্তু ইহাঁদিগেরও রাহাখরচ, শিক্ষা প্রভৃতিতে ব্যয় দেশীয় ধরণে থাকিলে ৭৩৫ টাকার এবং ইউরোপীয় ধরণে থাকিলে ৯৪৫ টাকার ন্যূন হইবে না।

দেশীয় রাজ্য হইতে যে সমস্ত ছাত্র প্রেরিত হইবে তাহারা যদি স্কুলের প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইয়া থাকে এবং প্রাইভেট ছাত্রদিগের ন্যায় উল্লিখিতরূপ নিদর্শন পত্রাদি দেখাইতে পারে তবে তাহাদিগকে ভর্ত্তি করিয়া লওয়া হইবে। ইহাদিগের সম্বন্ধেও দেশীয় ও ইউরোপীয় ধরণ ভেদে পূর্ব্বোল্লিখিত মত ব্যয় পড়িবে।

উচ্চ শ্রেণীর ন্যায় নিম্নশ্রেণীতেও প্রাইভেট, সরকারী কার্য্যে নিযুক্ত এবং দেশীয় রাজ্য হইতে প্রেরিত ছাত্রগণ অধ্যয়ন করিতে পারিবে। উচ্চশ্রেণীতে ভর্ত্তি হইবার সম্বন্ধে যে নিয়ম, নিম্নশ্রেণীতে ভর্ত্তি হইবার সম্বন্ধেও সেই নিয়ম; কেবল বিশেষ এই যে, এই শ্রেণীতে প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ না হইয়া উত্তরপশ্চিম ও অযোধ্যা প্রদেশের মধ্যপরীক্ষা অথবা অন্যপ্রদেশস্থ ঐরূপই কোন পরীক্ষায় উত্তীর্ণ হইয়া থাকিলেই চলিবে। এতদ্ব্যতীত হিন্দুস্থানী ভালরূপ জানা আছে এরূপ নিদর্শন দেখাইতে হইবে। শিক্ষার ব্যয় সমগ্রকাল অর্থাৎ ২১ মাসে ৫৮৮ টাকার কম হইবে না। অগ্রিম ডিপজিটস্বরূপ ৮৪ টাকা এবং জামিন স্বরূপ ২৫ টাকা দিতে হইবে।

গবর্ণমেণ্টের অথবা দেশীয় রাজ্যের কোন স্থায়ী কার্য্যে নিযুক্ত নহে এরূপ কোন ইউরোপীয় বা ইউরেশীয়ের যদি বিবাহ হইয়া থাকে তবে তাহাকে স্কুলে লওয়া হইবে না; অথবা ঐরূপ কোন স্থায়ী কার্য্যে নিযুক্ত ঐরূপ কোন ছাত্র স্কুলে থাকিতে থাকিতে যদি বিবাহ করে তবে তাহাকে স্কুল হইতে তাড়াইয়া দেওয়া হইবে এবং বন বিভাগে আর তাহার চাকরী হইবে না।

সাপ্তাহিক শস্যসংবাদ।

বিগত ৮ই জুলাই নাগাইৎ এক সপ্তাহে—দাক্ষিণাত্য, মধ্য ও দক্ষিণাঞ্চলের জেলাসমূহের কোন কোন স্থান ব্যতীত মান্দ্রাজের আর সর্ব্বত্রই ভালরূপ বৃষ্টি হইয়া গিয়াছে। স্থানে স্থানে অতিবৃষ্টিও হইয়াছে। ত্রিচিনপল্লী ও তিনেবলীর কোন কোন অংশে কিন্তু এখনও জলাভাব। কৃষিকার্য্য সর্ব্বত্র তৎপরতার সহিত চলিতেছে। ক্ষেতের ফসলগুলিরও সাধারণতঃ উন্নতি দেখা যাইতেছে। গবাদি পশুর কোন কষ্ট নাই। শস্যের দর সর্ব্বত্র সমানই আছে, কেবল দাক্ষিণাত্যে একটুমাত্র কমিয়াছে।

বাঙ্গালার দক্ষিণ-পশ্চিমাঞ্চলের কোন কোন স্থান এবং উড়িষ্যা ব্যতীত উক্ত সপ্তাহে বাঙ্গালা প্রদেশের সাধারণতঃ সর্ব্বত্রই প্রচুর পরিমাণে বৃষ্টি হইয়া গিয়াছে। চাষের কাজে এখনও প্রতিবন্ধক ঘটিতেছে। অত্যধিক বৃষ্টিপাতহেতু অনেক স্থানেই নিম্নভূমির ফসলের পক্ষে অনিষ্ট

হইয়াছে। আশু ধান্য সংগ্রহ আরম্ভ হইয়াছে এবং কোন কোন স্থানে চাষীরা পাট কাটিতে আরম্ভ করিয়াছে। নীল প্রস্তুত হইতেছে, কিন্তু মুরশিদাবাদ ও পূর্ণিয়ায় উহা এবারে কিছু কম পরিমাণে জন্মিবে বলিয়া বোধ হইতেছে। শস্যের দর প্রায় সমান আছে, কিন্তু সাধারণের ব্যবহার্য্য চাউলের দর কোন কোন জেলায় একটু আধটু চড়িয়াছে। গো মহিষাদির খাদ্য তৃণ ও জলের কোন অভাব নাই।

গত ১২ই জুলাই যে সপ্তাহের শেষ হইয়াছে ঐ সপ্তাহে বোম্বাই প্রেসিডেন্সীর সর্ব্বত্রই বৃষ্টিপাত হইয়া গিয়াছে। আটটি জেলার স্থানে স্থানে বৃষ্টি, ইঁদুর ও কীট প্রভৃতি দ্বারা ফসলের কিছু অনিষ্ট হইয়াছে। চাষের কাজের সাধারণতঃ উন্নতি দেখা যাইতেছে, কিন্তু আটটি জেলার স্থানে স্থানে কোথাও অতিবৃষ্টি এবং কোথাও বা বৃষ্টির অভাবে বীজ বপনকার্য্যের অনেকটা প্রতিরোধ জন্মিয়াছে। সাতটি জেলার স্থানে স্থানে রোপণকার্য্য চলিতেছে। দুইটি জেলার কোন কোন স্থান ব্যতীত শস্যের দর সর্ব্বত্রই সমান আছে। মধ্যপ্রদেশসমূহে কেবল নাগপুরেই বেশী বৃষ্টি হইয়াছে। একটি জেলার স্থানে স্থানে এখনও বৃষ্টির অভাব। শারদ ফসল বোনা আরম্ভ হইয়াছে। শস্যের অবস্থা ভাল।

উত্তর-পশ্চিম ও অযোধ্যা প্রদেশে ক্ষেতের ফসলগুলির উন্নতি হইতেছে। শস্য বাজারে যথেষ্ট পরিমাণ মজুত আছে। শস্যের দর সাধারণতঃ সর্ব্বত্র সমান। পঞ্জাব প্রদেশের সর্ব্বত্রই অত্যধিক বৃষ্টিপাত হইয়াছে। বাসন্তি-ফসল প্রায় সংগৃহীত হইয়া আসিয়াছে। অত্যধিক বৃষ্টিপাতে উহার কতকটা অনিষ্ট হইলেও মোটের উপর ফসল ভালই উৎপন্ন হইয়াছে। শারদ ফসলের জন্য ভূমিকর্ষণ চলিতেছে। ক্ষেতের ফসলের অবস্থা সাধারণতঃ মন্দ নহে। তৃণ জলাভাবে গবাদি পশুর কোন কষ্ট নাই। শস্যের দর একটি জেলায় কখন উঠিতেছে কখন পড়িতেছে, তিনটিতে কেবল পড়িতেছে এবং অবশিষ্টগুলিতে সমানই আছে।

মধ্য ভারতের সর্ব্বত্রই বৃষ্টি হইয়া গিয়াছে। চাষের কাজের উন্নতি হইতেছে। বুন্দেল খণ্ডে কৃষকেরা নিড়ন আরম্ভ করিয়াছে। গোয়ালিয়রে শস্যের দর কখন বাড়িতেছে, কখন কমিতেছে; অন্যত্র সমানই আছে। রাজপুতানায় সাধারণতঃ সর্ব্বত্রই ভাল রূপ বৃষ্টিপাত হইয়া গিয়াছে। খারবারা এবং মিবারের কোন কোন স্থান ব্যতীত আর সর্ব্বত্রই কৃষিকার্য্য ভালরূপ চলিতেছে। অত্যধিক বৃষ্টি বশতঃ মিবারে চাষ চলিতেছে না। চারিটি রাজ্যে শস্যের দর পড়িতেছে, একটিতে উঠিতেছে, অন্যত্র সমান আছে।

মহীশূরে সাধারণতঃ সর্ব্বত্রই জল হইয়াছে। একটি জেলায় কেবল জলাভাবে ক্ষেতের ফসলের অবস্থা ভাল নহে, নতুবা আর সর্ব্বত্র ক্ষেতের ফসলের অবস্থা ভাল। দুইটি জেলায় শস্যের দর চড়িয়াছে। কুর্গে বৃষ্টি ভালই হইয়াছে। কৃষকেরা ধেনো জমিতে চাষ দিতেছে এবং কোন কোন স্থানে ধান্য রোপণ আরম্ভ করিয়াছে। শস্যের দর একটু চড়িয়াছে।

বেরার ও হয়দ্রাবাদ—উভয় স্থানেই ভালরূপ বৃষ্টিপাত হইয়াছে। বেরারে তুলা এবং অপরাপর শারদ ফসলের চাষ আরম্ভ হইয়াছে। হয়দ্রাবাদে গ্রৈষ্মিক ফসলের বপন কার্য্য চলিতেছে এবং সরকারী পয়ঃপ্রণালীর জলে যে সকল ধান্যের চাষ হয় সেই সকল ধান্যের চাষ আরম্ভ হইয়াছে। শস্যের দর বেরারে সমান আছে, কেবল হয়দ্রাবাদে একটু চড়িয়াছে।

বিগত ১১ই জুলাই নাগাইৎ এক সপ্তাহে আসামের সংবাদ কিছুই পাওয়া যায় নাই। নেপালে যথেষ্ট বৃষ্টি হইয়া গিয়াছে। শস্যের অবস্থা ভাল। কাশ্মীরে নদীতে বন্যা আসিয়াছিল। ফসলের কোন অনিষ্ট হয় নাই। শস্যের দর সমান আছে।

৮ই জুলাই নাগাইৎ এক সপ্তাহে ব্রহ্মের সর্ব্বত্রই বৃষ্টিপাত হইয়াছে, কিন্তু চারিটি জেলায় প্রচুর পরিমাণে হয় নাই। নিম্ন ব্রহ্মে ভূমিকর্ষণ, ও বীজবপনাদি কার্য্যের উত্তরোত্তর উন্নতি দেখা যাইতেছে। উত্তর ব্রহ্মেও কৃষিকার্য্যের সাধারণতঃ উন্নতি হইতেছে, কিন্তু শিবো নামক স্থানে বৃষ্টির অভাববশতঃ ধান্যরোপণের পক্ষে কিছু ব্যাঘাত ঘটিয়াছে। রেঙ্গুন ও বেসিনে ধান্যের দর একটু নরম হইয়াছে, কিন্তু ক্যাউকসি নামক স্থানে দর অনেক কমিয়াছে। মণির খনিতে এবং স্যাগেং ও উত্তর চিন্দীন জেলাসমূহে দর বৃদ্ধি পাইয়াছে।

আগামী ২৮এ জুলাই রাত্রিযোগে বর্ত্তমান প্রতিনিধি ছোট লাট বাহাদুর হাওড়া হইতে রেলপথে অপ্রকাশ্যভাবে বাঁকীপুরে আসিয়া পৌঁছিবেন। ১লা আগষ্ট পর্য্যন্ত বাঁকীপুরে থাকিবেন। ৩১এ জুলাই তথায় একটি দরবার হইবে। ২রা আগষ্ট প্রাতে বাঁকীপুর হইতে অপ্রকাশ্যভাবে যাত্রা করিয়া ঐ দিবস অপরাহ্ণে প্রকাশ্যভাবে মজঃফরপুরে আসিয়া উপস্থিত হইবেন এবং ৭ই আগষ্ট মজঃফরপুর হইতে অপ্রকাশ্যভাবে যাত্রা করিয়া পরদিন প্রাতে অপ্রকাশ্যভাবেই হাওড়ায় প্রত্যাবর্ত্তন করিবেন। চিফ সেক্রেটরী কটন সাহেব, রাজস্ব সেক্রেটরী রিজলি সাহেব, প্রাইভেট সেক্রেটরী কক্সন সাহেব এবং এডিকং কাপ্তেন লিষ্টার—ইহাঁরা সকলে বরাবর ছোট লাট বাহাদুরের সঙ্গে থাকিবেন।

সকৌন্সিল গবর্ণর জেনারেল ভারতে সরকারী কার্য্যের জন্য শতকরা বার্ষিক ৩৷৷০ টাকা সুদে ৩৫০ লক্ষ টাকা ধার করিবেন। এই টাকা হইতে ৪৷৷০ টাকা সুদের কতক ঋণ আগামী অক্টোবর মাসের ১৪ই তারিখে পরিশোধ করা হইবে। আগামী ১৫ই আগষ্ট পর্য্যন্ত উক্ত ঋণের জন্য টেণ্ডর গ্রহণ করা হইবে। ৫ শত অথবা ৫ শতের গুণিতক টাকার টেণ্ডর লওয়া যাইবে। ৫ শতের ন্যূন টাকার হইলে লওয়া হইবে না। টেণ্ডর কণ্ট্রোলার জেনারেলের নিকট পাঠাইতে হইবে।

আদম সুমারির বিজ্ঞাপনী।

(প্রাপ্ত)

(৩)

আদমসুমারি দ্বারা জানা গিয়াছে যে, সুবা বাঙ্গালার মোট ইয়ুরোপীয়ের সংখ্যা ২২৭৭৩, তন্মধ্যে ৮১৮০ স্ত্রীলোক। মোট ইয়ুরেশীয়ের সংখ্যা ১৪১৬২; তন্মধ্যে ৭৬৯৭ স্ত্রীলোক। দশ বৎসরে ইয়ুরেশীয়ের সংখ্যা শতকরা ৩ জন হিঃ বৃদ্ধি পাইয়াছে। এদেশজাত বিশুদ্ধ ইয়ুরোপীয় বংশোদ্ভব লোকদিগের মোট সংখ্যা ১১৯২৭।

প্রতি দশ হাজারে ১৫ বৎসর অপেক্ষা ন্যূন বয়স্ক বালক বালিকাদিগের সংখ্যা নিম্নে দেখান যাইতেছে—

	বালক	বালিকা
এতদ্দেশজাত বিশুদ্ধ		
ইয়ুরোপীয়	৩৭০১	৩৮৫৯
ইংলণ্ডে	৩২৪৮	৩৫৫৪
আমেরিকার		
নিগ্রোদিগের মধ্যে	৪৪৩৪	৪৪১০
উত্তরবাঙ্গালার		
হিন্দু	৩৭১৩	৩৮৩৮
ঐ মুসলমান	৩৪৭৩	৪২৬৫

আদমসুমারির বিজ্ঞাপনী-লেখক বলেন যে জল হাওয়ার গুণে শারীরধর্ম্মের এত পরিবর্ত্ত হয় যে এদেশে "খাঁটি" ইয়ুরোপীয়দিগেরও কন্যাসন্তান অধিক জন্মে। পূর্ব্ব প্রবন্ধে দেখান গিয়াছে যে মুসলমানদিগের মধ্যেই অধিকতর প্রজাবৃদ্ধি হইতেছে; তৎসম্বন্ধে আরও কতকগুলি বক্তব্য আছে—(১) হিন্দুদিগের মধ্যে বৈধাধিক নিয়ম দ্বারা প্রজাবৃদ্ধির সঙ্কোচ চেষ্টা আছে, মুসলমানদিগের মধ্যে তাহা নাই, (২) হিন্দু বিবাহে খরচ অধিক, মুসলমান বিবাহে তাহা নহে; (৩) মুসলমানদিগের মধ্যে সচ্ছল অবস্থা হইলেই যেমন একাধিক বিবাহে রতি হয়, হিন্দুদিগের মধ্যে তাহা নাই; (৪) উচ্চ হিন্দুদিগের মধ্যে বিধবাবিবাহ নিষিদ্ধ, সুতরাং সন্তানোৎপাদন যোগ্যা অনেক স্ত্রীলোকের সন্তান হয় না, মুসলমানদিগের মধ্যে সে নিষেধ নাই। এই সকল কারণে মুসলমানদিগের মধ্যে প্রজাবৃদ্ধি অধিকতর হইতেছে। অধিক হিন্দুতে মুসলমান হইতেছে না, কিন্তু আমাদের দেশ এত নিবিড়প্রজ হইয়াছে যে ইহাতে এখনও প্রজাবৃদ্ধি খুব অধিক পরিমাণে হওয়া যে এষ্থান প্রার্থনীয় তাহা নহে। অত্যধিক প্রজাবৃদ্ধি হইতে দারিদ্র্যবৃদ্ধি এবং পরে সেই কারণ হইতেই আয়ুঃক্ষয়, মহামারী ও প্রজাহ্রাস হইয়া পড়ে। হিন্দুর সর্ব্বদিক্‌দর্শী শাস্ত্র হিন্দুর রক্ষার যে কিরূপ অনুকূল তাহা যে দিক দিয়া যে বিষয়ের অনুসন্ধান করা যায় তাহাতেই দেখিতে পাইতে হয়। আদমসুমারির বিজ্ঞাপনী-লেখক হিন্দু বিবাহপদ্ধতির অনুকূল মতাবলম্বী নহেন। কোন ইংরাজকেই এদেশে থাকিতে থাকিতে সেরূপ দেখিতে পাইবার আশা করা যায় না, কিন্তু তাঁহার লিখিত কথা হইতেই আমাদের কথা সর্ব্বস্থলেই সমর্থিত হইতেছে। বিজ্ঞাপনী-লেখক লিখিয়াছেন—

(১) "আশ্চর্য্যের বিষয় এই যে, মুসলমানেরা সর্ব্ব প্রকার হিন্দু বর্ণের অপেক্ষা অধিক পরিমাণে সন্তানোৎপাদন করে এবং সকলের অপেক্ষাই স্বল্পজীবী।"

(২) "মুসলমানদিগের মধ্যে অধিক প্রজাবৃদ্ধিতে উঁহাদের মধ্যে স্ত্রীলোকদিগের জীবনের দৈর্ঘ্য স্বল্প হইয়া পড়িয়াছে।"

(৩) "দ্রাবিড়ীয় বর্ণদিগের মধ্যে (যথা চামারাদি) সন্তানোৎপাদন যেমন অধিক উহাদের জীবনের দৈর্ঘ্যও তেমনি অল্প। হিন্দুর মধ্যে ক্রমশঃ যত উচ্চ উচ্চ বর্ণের তালিকার দিকে দেখা যায় ততই সন্তানোৎপত্তি কম এবং জীবনের দৈর্ঘ্য অধিক দেখিতে পাওয়া যায়।"

(৪) "ইয়ুরোপীয়দিগের মধ্যে সর্ব্বোচ্চ শ্রেণীর লোকেরা যেমন বংশবৃদ্ধি সযত্নে সঙ্কুচিত রাখিতেছে, হিন্দুর উচ্চবর্ণের মধ্যে সেইরূপ পরিমাণেই প্রজাবৃদ্ধি সঙ্কুচিত রহিতেছে।"

ফলতঃ যাহারা হাতে করিয়া মাটি কাটে না, শস্য উৎপাদন করে না, যাহারা স্বহস্তে কোন শিল্প দ্রব্য প্রস্তুত করে না, পৌরহিত্য, শিক্ষাদান, রাজকার্য্য, লেখা পড়ার কার্য্য, সর্ব্বপ্রকার ব্যবসায় বাণিজ্যাদিই যাহারা করিয়া থাকে, অর্থাৎ যাহারা সাক্ষাৎসম্বন্ধে সমাজের মধ্যে কৃষি বা শিল্পদ্বারা ধন বৃদ্ধি করে না, সমাজের আবশ্যকীয় কার্য্যাদি করিয়া অপরের প্রস্তুত আহার্য্যাদি উপভোগ করে—সেই "অপরিশ্রমশীল" দলের অযথা বৃদ্ধিতে সমাজের মাথা ভারী হয়, দৌর্ব্বল্য জন্মে। ঐ উচ্চ শ্রেণীর লোকদিগের অযথা সংখ্যাবৃদ্ধি কোন সমাজই প্রার্থনীয় বোধ করেন না।

কয়েকটী হিন্দু বর্ণের সংখ্যা লক্ষের অঙ্কে দেখান যাইতেছে—

	১৮৭২	১৮৮১	১৮৯১
ব্রাহ্মণ	২৪.৮	২৭.৫	২৮
রাজপুত	১২.৪	১৪	১৫
বৈদ্য	৭.২	৪.১	৮
কায়স্থ	১৪.৯	১৭.৫	১৪.৪
তাঁতি	৮.৮	৯.১	৮
গোয়ালা	৩৪.৯	৩৯.৯	৪২.৬
চামার	১১.৮	১৪	২৪.৯
কৈবর্ত্ত	২১.২	২১	২২.৩
কুরমি	৯.৬	১২.১	১৩.১
দোসাদ	৯.৫	১১.৩	১১.৯

বৈদ্যের সংখ্যা গণনায় ১৮৮১ অব্দে অবশ্যই ভুল হইয়াছিল। যাহা হউক মোটামুটি জানা যায় যে উচ্চ বর্ণের মধ্যে অযথা বৃদ্ধি নাই। তাঁতির হ্রাস দেশের শিল্প হ্রাসের ফল এবং বিষম পরিতাপের বিষয়। ছোটনাগপুর বিহারাদি প্রদেশে গোয়ালা, কুরমি প্রভৃতি প্রধানতঃ কৃষিজীবীর মধ্যে বিধবা বিবাহ হয়। উহাদের সংখ্যা বৃদ্ধির সংকোচ জন্য সামাজিক চেষ্টা সর্ব্বপ্রদেশব্যাপী এখনও হয় নাই। বোধ হয় পতিত জমি 'সমস্ত' আবাদ হইয়া গেলে ক্রমশঃ আপনা হইতেই হইবে। বঙ্গ দেশেই অধিকাংশ বর্ণের মধ্যে বিধবা বিবাহ অপ্রচলিত। আর দেখা যায় যে বঙ্গদেশেই হিন্দু প্রজার অবস্থা সর্ব্বাপেক্ষা সচ্ছল। উহারা যে পাতায় ও সানকীতে ভাত খাইয়া ঘটি কিনিবার পয়সাও আহার্য্যে বা পরিধেয় বস্ত্রে নিযুক্ত করিতে বাধ্য হয় না, বঙ্গীয় হিন্দু সাধারণের মধ্যে প্রজাবৃদ্ধির অধিকতর সংকোচ তাহার একটি কারণ। হিন্দু চাষার ঘরে বিধবারা কাজ কর্ম্ম করিতে থাকে। মুসলমান প্রজার ঘরের বিধবা অনেক সময়ে অপর আর ঘরেই নিকাইত দ্বিতীয়া স্ত্রী হইয়া পড়ে। ঐ কারণে মুসলমানের মধ্যে প্রজা বৃদ্ধি কিছু অধিক হয়, কিন্তু সেই জন্য অনেক স্থলেই অস্থলতাও অধিক। আমাদের শাস্ত্রকারেরা ব্রাহ্মণের পক্ষে অধিক সন্তান হওয়া নিষেধ করিয়াছেন এবং অপর সকল বর্ণকে বলিয়াছেন যে যত পার ব্রাহ্মণের অনুকরণ কর। বিধবাবিবাহ প্রতিষেধের উপলক্ষে সমাজিক সুবিধা হইবে এরূপ কথা সুস্পষ্টরূপে বলেন নাই।

আদিম শ্রেষ্টীতে হিন্দু ধর্ম্মের প্রতাপ অধিকতর বদ্ধমূল হইয়া তাহাদের মধ্যে বিধবা বিবাহ নিষেধের ব্যবহার নূতন প্রচলিত হইতে আরম্ভ হইয়াছে। বাঙ্গালার স্থানে স্থানেও ঐরূপ অবস্থা দেখিতে পাওয়া যায়। নিম্নস্থ বর্ণের মধ্যে কোন কোন টীতে হয় ত এক কেলায় বিধবা বিবাহ মন্দীভূত অবস্থায় দেখা যায়, দূরবর্ত্তী অপর কেলায় তাহা একেবারে নিষিদ্ধ দেখিতে পাওয়া যায়।

প্রজাবৃদ্ধির ও জীবনের দৈর্ঘ্যের সম্বন্ধ বুঝিতে পারা যাইবে বলিয়া নিম্নে একটি সুদীর্ঘ তালিকা উদ্ধৃত করা গেল।

কোন বর্ণ বা সম্প্রদায়ের ১০ হাজার লোকের মধ্যে কত বয়সের কত লোক গড়ে পড়িবে তাহা দেখান যাইতেছে।

কোন প্রকারের দশ হাজার লোক	৯ বৎসর পর্য্যন্ত বয়স		৪০ বৎসর ও তদূর্দ্ধ বয়সের	
	পুরুষ	স্ত্রী	পুরুষ	স্ত্রী
উত্তর বাঙ্গালায়—				
ব্রাহ্মণ	২০২২	২৫২৯	২৭৪২	২৭৩১
কায়স্থ	২১৩২	২৩২২	২৫২৫	২৯৯৭
কৈবর্ত্ত	২৭২৮	২৬৯৯	২১০৫	২৩২৯
নিম্ন	৩২০৯	৩২৮৪	১২৫৫	১৯৩৪
হিন্দু (সাধারণ)	২৭৩৬	২৯৪০	২১৮৬	২১৩৯
মুসলমান	৩৩১০	৩৩৪৮	১৭৩৪	১৬০১
পূর্ব্ব বাঙ্গালায়—				
ব্রাহ্মণ	২৬০০	২৬২৫	২৩৫৩	২৬৩৩
কায়স্থ	২৭১৫	২৫৮১	২২৪২	২৫২১
কৈবর্ত্ত	২৮৭৭	২৯৪৩	২১৪১	২১৩৬
পোদ	৩৬৮৯	৩৫৫১	১৭৬৯	১৫৮৪
হিন্দু	২৬৯৭	২৮৫৬	২১৬৪	২১৯৯
মুসলমান	৩৪৫৩	৩৭০০	১৬৮২	১৪১৭
পশ্চিম বাঙ্গালায়—				
ব্রাহ্মণ	২৪৩৪	২৪৩২	২২৮৩	২৬৩৫
কায়স্থ	২৫৪৪	২২৫৬	২১৭০	২৮২৫
কৈবর্ত্ত	২৮০৫	২৭৫০	২০২৫	২২০৫
কাওরা	৩৩৩৬	৩৩৮৫	২০১৮	১৭৮৬
হিন্দু	২৬৩৯	২৫৮৯	২১৫৫	২৭৮০
মুসলমান	২৭২৮	৩৭২১	২০৭৩	২২০৪
উত্তর বিহারে—				
ব্রাহ্মণ	২৪৯৭	২৫৫৭	২২১৬	২৬৮৫
কায়স্থ	২৫০৮	২৪৯৫	২৩১৪	২৬১০
কোইরি	২৯৭৯	২৯০৩	২২৪৭	২৪৪৬
মুসাহর	৩২০১	৩২০২	১৯২৪	১৮৭২
হিন্দু (সাধারণ)	২৮৮০	২৮২০	২১৮১	২৩৪৭
মুসলমান	২৯২২	২৭৮০	২১৬১	২৩৫৯
দক্ষিণ বিহারে—				
ব্রাহ্মণ	২৪৯৭	২৪৭৮	২২৭৮	২৫২৫
কায়স্থ	২৪৪২	২৩৩৮	২৪৫৫	২৮২৭
কোইরি	২৭২৬	২৮৪৯	২২৫৮	২২৬৫
মুসাহর	৩১৭৭	৩২০৭	২০৪৭	১৮৯৮
হিন্দু (সাধারণ)	২৭৫৯	২৭১৬	২১৭৯	২৩৯৭
মুসলমান	২৮০৩	২৬৮২	২১৮৯	২৩৫৬
উড়িষ্যায়—				
ব্রাহ্মণ	২২৭৩	২৪৫৪	২২২৭	২৪৭৭
করণ	২৩৯৯	২৩৩৩	২২৬৫	২৮৪৭
চাষা	২৭০১	২৮২৭	২০১০	২১৮৬
ভুঁইয়া	২৮৩৬	৩০৪১	১৯৫৭	১৮৮০
হিন্দু (সাধারণ)	২৭৫০	২৭৬৫	২০০১	২২৩৪
জঙ্গল উপাসক—				
কোল	৩৩৫৬	৩৪৫৭	১৭৫৭	১৫২২
ছোটনাগপুরে—				
ব্রাহ্মণ	২৬৬৩	২৬২৫	২১০১	২২৭২
রাজপুত	২৮৮২	২৭৯৪	২১৬২	২৫২১
কোইরি	৩৩২৮	৩৪৪৯	১৭০৪	১৭৫৬
ডোম	৩৪৬৫	৩৫৬০	১৭১৯	১৭৪৫
হিন্দু (সাধারণ)	৩২৪৫	৩২৮০	১৭৮০	১৮৫২
জঙ্গল উপাসক—				
ওরাওন	৩৯৮০	৩৭২৪	১৪৮৭	১৭৮৩

জল বায়ুর স্বাস্থ্যকারিতার সহিতও দীর্ঘজীবনের বিশেষ সম্বন্ধ; এই জন্যই পশ্চিম বাঙ্গালায় অপেক্ষা ইদানীং পূর্ব্ব বাঙ্গালায় উচ্চ হিন্দুবর্ণের মধ্যে দীর্ঘজীবন অধিক দেখিতে পাওয়া যায়। বেহারের মধ্যেও এক্ষণে ম্যালেরিয়া প্রবেশ করিতেছে।

সাপ্তাহিক সংবাদ।

[কলিকাতা] বাঙ্গালার বণিক সমিতির সভাপতি মেকে সাহেব বড়লাট বাহাদুরের ব্যবস্থাপক সভায় মঙ্গলোম্ব পর পরিত্যাগ করিয়া

ছেন একথা আমরা গতবারে প্রকাশ করিয়াছি। সম্প্রতি বণিক সমিতি কর্ত্তৃক তিনি উক্ত পদে পুনর্নির্ব্বাচিত হইয়াছেন।

আগামী কল্য শনিবার বেলা ১১ টার সময় ছোটলাট বাহাদুরের নূতন ব্যবস্থাপক সভার অধিবেশন হইবে।

[ডঃ পঃ] কাশীর মিউনিসিপ্যালিটি গোয়ালা দিগের দুধ দইয়ের উপর চুঙ্গি মাশুল বসাইয়াছিলেন। গোয়ালারা ক্ষেপিয়া উঠিয়াছিল। মিউনিসিপ্যালিটী নরম হইয়াছেন। গোয়ালাদের দুধ দই প্রভৃতির উপর চুঙ্গি উঠাইয়া দেওয়া হইয়াছে। দুধ দই প্রভৃতি যে সকল দ্রব্য কাল বিলম্বে নষ্ট হইয়া যায় মিউনিসিপ্যালিটী তাহার উপর আর চুঙ্গি মাশুল বসাইবেন না এই কথা বলিয়াছেন।

[সাধারণ] জর্ম্মণ ডাক্তারেরা পরীক্ষায় নাকি এই স্থির করিয়াছেন যে লেবুর রসে পড়িলে ওলাউঠার কীটাণু মরিয়া যায়।

ভিক্টোরিয়া নামক জাহাজ খানি ডুবিয়া যে সকল লোক মারা পড়িয়াছে তাহাদিগের নিঃসহায় পরিবারবর্গের সাহায্যার্থ কলিকাতার সেরিফ মিঃ আর ডি মেটা চাঁদা সংগ্রহ করিতেছেন। এ যাবৎ প্রায় ৩ তিন লক্ষ টাকা চাঁদা উঠিয়াছে।

ঠগি বিভাগের অধ্যক্ষ ডাক্তার লেথব্রিজ সাহেব অল্পকালের জন্য অবকাশ লইয়া বিলাত যাত্রা করিয়াছেন। তাঁহার অনুপস্থিতি কাল যাবৎ মিঃ মাকক্রাকেন তাঁহার স্থানে কর্ম্ম করিবেন।

কাশীর শ্রীশ্রীমদ্বিশুদ্ধানন্দ স্বামী মধ্যে মধ্যে কাশ্মীর গিয়া থাকেন। কাশ্মীরের মহারাজ ইঁহার মন্ত্রশিষ্য। স্বামীজী এবারও কাশ্মীর যাত্রা করিয়াছেন। পথে তাঁহার পূজা সম্মানের পরাকাষ্ঠা হইয়াছে। দিল্লী সহরে সম্মানের এক শেষ হইয়াছিল। (দৈনিক)

[বৈদেশিক] সীমা বিষয়ে কোনরূপ একটা মীমাংসা না হইয়া গেলে রুষ পামীরের দিকে আর সৈন্য পাঠাইবেন না বলিয়াছেন। রুষের এই কথায় ইংরাজও কোন সৈন্য সামন্ত পাঠাইবেন না স্থির করিয়াছেন।

লর্ড রবার্টসকে জিব্রাল্টরের গবর্ণরী পদ দেওয়া হইয়াছিল। তিনি তাহা গ্রহণ করেন নাই।

জর্ম্মণ পার্লিয়ামেণ্টে জর্ম্মন সেনা সংক্রান্ত বিল পাস হইয়া গিয়াছে। ইহার পরই পার্লিয়ামেণ্ট বন্ধ হইয়াছে।

ষ্টজিপ্টের খেদিব তুরুস্কে আসিয়াছিলেন। তুরুস্কের সুলতান তাঁহার যথেষ্ট আদর করিয়াছেন। এতদ্ভিন্ন তাঁহাকে একটি উচ্চ উপাধিও দান করিয়াছেন।

তারের সংবাদে প্রকাশ, রাজ পৌত্রের বিবাহ উপলক্ষে শুক্রবারে ভবনগরের মহারাজ ও বিলাতস্থ অপরাপর ভারতীয় রাজগণ উইণ্ডসর প্রাসাদে পান ভোজনাদি সমাপন করিয়া সেই খানেই রাত্রি যাপন করিয়াছিলেন।

বিলাতের টাইম্‌স্ পত্রের কোন সংবাদদাতা ব্যাঙ্কক হইতে উক্ত পথে তারযোগে এই সংবাদ পাঠাইয়াছেন যে, শ্যামের বারণ না শুনিয়া ফরাসীদিগের দুইখানি যুদ্ধ জাহাজ মিনাম নদীতে প্রবেশ করায় শ্যাম ও ফরাসী উভয়পক্ষে গোলাগুলি চালান হইয়াছিল। একজন ফরাসী হত ও দুই জন আহত হইয়াছে। রিটিস দিগেরও এক খানা রণপোত মিনাম নদীর দিকে যাইতেছে। রিউটারের তারের সংবাদে প্রকাশ, যুদ্ধে ফরাসীদিগের ৫ জন হত হইয়াছে। শ্যামের হত ও আহতের সংখ্যা সর্ব্বশুদ্ধ ৩০ জন। গোলযোগ খুবই বাধিয়াছে। ব্যাঙ্ককের ফরাসী মন্ত্রী শ্যামগবর্ণমেণ্টকে বলিতেছেন যে, যুদ্ধ জাহাজের অধ্যক্ষগণ কেল্লার উপর গোলাগুলি প্রয়োগ করিয়া আদেশের বিপরীত কার্য্য করিয়াছে। ফরাসীর যুদ্ধ জাহাজে শ্যামের কেল্লা হইতে যাহাতে কোনরূপ গোলাগুলি বর্ষণ না হইতে পায় ফরাসী মন্ত্রীকে তজ্জন্য প্রতিবাদ করিতে উপদেশ দেওয়া হইয়াছে। এরূপ করিলে ১৮৫৬ সালের সন্ধির সর্ত্ত ভঙ্গকরা হইবে এই হেতু দেখান হইয়াছে। ফরাসীরা মেকং নদীতীরস্থ শ্যামের ভুথেন ও আকুনের কেল্লা অধিকার করিয়াছে বলিয়া পরে সংবাদ পাওয়া গিয়াছে। যুদ্ধ ব্যাপারের আপাততঃ আপোষ নিষ্পত্তি হইলেই শ্যাম আপন সৈন্যদল ফিরাইয়া আনিতে সম্মত হইয়াছেন। শ্যামে এই সমস্ত গোলযোগ দেখিয়া জর্ম্মণ প্রজার রক্ষার্থ জর্ম্মণকেও তথায় একখানি রণপোত পাঠাইতে হইতেছে।

কমন্স সভায় একটি প্রশ্নের প্রত্যুত্তরে পররাষ্ট্র বিভাগের অণ্ডার সেক্রেটরী স্যার জর্জ্জ গ্রে সাহেব বলিয়াছেন, ব্যাঙ্কক সহরে যে সকল ব্রিটিস প্রজা আছে তাহাদিগের রক্ষার জন্য গবর্ণমেণ্ট রীতিমত ব্যবস্থা করিয়াছেন; আবশ্যক হইলে আরও রণতরি শ্যামে পাঠাইবেন।" গ্রে সাহেব আরও বলিয়াছেন, "শ্যামের স্বাধীনতা রক্ষায় ভারতের ইষ্ট আছে, ফরাসীও শ্যামের স্বাধীনতা নষ্ট করিবেন না বলিয়াছেন।" শ্যামের মধ্যস্থতা করিতেছেন বলিয়া যত ফরাসী সংবাদপত্র ইংরেজের উপর রাগ প্রকাশ করিতেছেন। বিলাতের টাইম্‌স বলিতেছেন যে, ফরাসী যদি আর গাড়াবাড়ি করেন তাহা হইলে ত্রৈরাজ্যিক সন্ধিবন্ধনে ইংলণ্ডও যোগ দিবেন।

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—ময়মনসিংহ নেত্রকোণার সব ডেঃ কঃ বাবু দ্বারকানাথ বসু ২ মাস ৩ দিনের ছুটী পাইলেন। চট্টগ্রাম পার্ব্বত্য প্রদেশের আঃ কমিঃ মিঃ সি এস মরে সি আই ই ২ মাস ৪ দিনের ছুটী পাইলেন। চট্টগ্রাম পার্ব্বত্য প্রদেশের শিক্ষানবীস পুলিস সুপঃ কেভন্ত্রাউন সাহেব নিজের কার্য্য সওয়ায় উক্ত মহকুমার আঃ কমিঃর কার্য্য করিবেন। ঢাকা বিভাগের কমিঃর পার্শঃ আসিষ্টাণ্ট বাবু অক্ষয়কুমার সেন ৩ মাসের ছুটী পাইলেন। ডেঃ কঃ বাবু দীননাথ দে নদীয়া জেলার কঃর কার্য্যভার পাইলেন। গয়ার প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ কনষ্টাম সাহেব ২ মাস ২৬ দিনের ছুটী পাইলেন। জলপাইগুড়ির ডেঃ কমিঃ লেপ্টঃ কর্ণেল বইল্ল সাহেব ১ মাস ২৪ দিনের ছুটী পাইলেন। গবর্ণর জেনারেল বাহাদুরের অনুমোদনক্রমে ছোটলাট বাহাদুর ২৪ পরগণার মাঃ ও কঃ রবার্ট ষ্টানলি কলিয়ার সাহেবকে স্বীয় ব্যবস্থাপক সভার সদস্যপদে নিযুক্ত করিলেন। ঢাকার বিশেষ আবকারী ডেঃ কঃ বাবু অবিনাশচন্দ্র সেন ১ মাসের ছুটী পাইলেন। গয়া নওয়াদার প্রোটেম সব ডেঃ কঃ বাবু ত্রৈলোকানাথ ভট্টাচার্য্য ৩ মাসের ছুটী পাইলেন। বাঁকুড়ার প্রতিনিধি ডিঃ ও সেঃ জজ গিট সাহেব ২ মাস ২৭ দিনের ছুটী পাইলেন। প্রতিনিধি ডেঃ কঃ মৌলবী সৈয়দ আলি হাসান পূর্ণিয়ার কঃর কার্য্যভার পাইলেন। প্রতিনিধি ডেঃ কঃ মৌলবী আহমদ ময়মনসিংহ জেলার কঃর কার্য্যভার পাইলেন। কটকের সব ডেঃ কঃ জেম্‌স্ টেলর সাহেবের কার্য্য বাঙ্গালগবর্ণমেণ্টের রাজস্ব বিভাগের অধীনে থাকিল। হওড়ার মাঃ ও ডেঃ কঃ গ্রিয়ার সন সাহেব ২ মাস ২৯ দিনের ছুটী পাইলেন। বীরভূমের প্রোটেম জঃ মাঃ ও ডেঃ কঃ ভিক্টেট

সাহেব হাওড়ার মাঃ ও ডেঃ কঃ হইলেন। পাটনার ডিঃ ও সেঃ জজ টুইডি সাহেব ২ মাস ২৫ দিনের ছুটী পাইলেন। হুগলীর প্রতিনিধি মাঃ ও কঃ ডিউক সাহেব ২ মাস ৩০ দিনের ছুটী পাইলেন। পাটনার জঃ মাঃ ডেঃ কঃ লিমিঞ্জরিয়র সাহেব হুগলীর মাঃ ও কঃ হইলেন। জঃ মাঃ ও ডেঃ কঃ গিকি সাহেব অস্থায়ীরূপে ১ম শ্রেণীর কঃ মাঃ ও ডেঃ কঃ হইয়া ত্রিপুরা জেলার সদরে স্থাপিত হইলেন। সব ডেঃ কঃ বাবু হরিপদ ঘোষ ও বাবু শশিমোহন তালুকদার চট্টগ্রামের বন্দোবস্ত কার্য্যের বিশেষ ডেঃ কঃ নিযুক্ত হইলেন।

শিক্ষা—রাজসাহী কলেজের প্রতিনিধি অধ্যক্ষ লিভিংষ্টোন সাহেব উক্তপদে পাকা হইলেন। মিঃ দেবেন্দ্রনাথ মল্লিক বি এ (কেম্ব্রিজ) বি এস সি (লণ্ডন) অস্থায়ীরূপে হুগলী কলেজের সহকারী অধ্যাপক নিযুক্ত হইলেন। ২৪ পরগণার স্কুল সমূহের প্রতিনিধি ডেঃ ইন্সঃ বাবু মধুসূদন সিংহ অদস্তন শিক্ষাসর্ভিসের ৪র্থ শ্রেণীতে নিযুক্তহইলেন, কটক র‍্যাভেন্সা কলেজের প্রতিনিধি লেকচারার বাবু মতিলাল মল্লিক অপর আদেশ যাবৎ অদস্তন শিক্ষাসর্ভিসের ৪র্থ শ্রেণীতে নিযুক্তহইলেন।

বিচার—ময়মনসিংহের ছুটীপ্রাপ্ত সব জজ বাবু রামগোপাল চাকী ঢাকার সব জজ হইলেন। ঢাকার ফলোপাপ্ত সব জজ বাবু কৃষ্ণচন্দ্র চট্টোপাধ্যায় ময়মনসিংহের সব জজ হইলেন। বাবু ভুবনেশ্বরী সহায় বি, এল, ত্রিহুত হাজিপুরের মুঃ হইলেন। বাবু পূর্ণচন্দ্র বসু এম এ, বি এল হুগলী আমতার মুঃ হইলেন। বাবু ব্রিজবংশী সহায় বি এল, পাটনা সদরের মুঃ হইলেন। বাবু কামিনী কুমার মুখোপাধ্যায় এম এ বি এল বাখরগঞ্জ বরিশালের মুঃ হইলেন। মেদিনীপুর গড়বেতার মুঃ বাবু অপূর্ব্বকৃষ্ণ সেন আর ১৪ দিনের, মেদিনীপুর তমলুকের মুঃ বাবু মন্মথনাথ মুখো ১ মাসের, ২৪ পরগণা ডায়মণ্ড হার্বারের মুঃ বাবু অশ্বিনীকুমার বসু আর ১৫ দিনের, বশোহর বাগের হাটের মুঃ বাবু শিতিকণ্ঠ মল্লিক দেড় মাসের, হুগলী হাওড়ার অতিরিক্ত মুঃ বাবু মহিমচন্দ্র ঘোষ ৭৪ দিনের, বশোহর বাগের হাটের মুঃ বাবু পূর্ণচন্দ্র দে আর ১ সপ্তাহের, হুগলী আমতার মুঃ বাবু হেমচন্দ্র মিত্র ১৫ দিনের এবং বাখরগঞ্জ বরিশালের মুঃ বাবু কান্তিচন্দ্র ভাদুড়ী ২ মাসের ছুটী পাইলেন।

উদ্ভট কবিতা।

[৩৯০]

ধন্যে কালীপদাব্জঃ শব ইব জগতাং বঞ্চনার্থঃ মহেশো
ধূর্ত্তো মর্ত্ত্যাস্থিমালাভুজগচয়চিতাভস্মবর্ষ্মাগ্নিভালঃ
ভোলানাথ প্রসিদ্ধঃ কথয় কথমভূল্লোকতঃ শান্ত-
তোঽসৌ
বিত্তে স্বস্থঃ স্বতঃসাৎ পিতরিমৃত ইদং ন স্বতং
যৎ সুতানাং।

কর্ম্মখালি।

Wanted an experienced Brahmin Head Master for the Gopalnagore M. E School on a salary of Rs 23 per month, besides free boarding and lodging. Apply with copies of testimonials to the Secy. Gopalnagore M. E. School, Banwarinagore P. O., Dt. Pabna, on or before the 31st of July 1893.

Wanted an English knowing Hindu Manager well experienced in Zemindari and case matters. Salary Rs 50 per mensem. Apply with testimonials within the 31st August 1893 to Goorn C. Dutt. Zemindar. P. O. Sagorkundi, (Pabna)

Wanted a Pandit to teach Sanskrit in the Midnapur L. M. School on Rs 18 per mensem with prospect of increase. One who holds certificate of the Title examination will have preference. The applicant should apply with testimonials not later than the 22nd instant to Babu Umaprosad De, Dy. Inspector of Schools Midnapur.

Wanted a Third Master for the Ulubereah H. C. E. School P. O. Ulubereah on a salary of Rs 20 a month. None need apply for the post, who has not passed the F. A. examination and strong in Mathematics. A plucked B. A. will be preferred. Apply sharp with copies of testimonials to Babu Jogendra Nath Mitra Secretary.

Wanted a graduate Assistant Head Master strong in English or Mathematics for the Patiya H. E. School in Chittagong. Salary Rs 50 a month. Applications will be received by the Secretary up to the 20th August 1893.

Wanted two teachers on Rs 50 and 35 per month respectively. Applications should reach Babu Upendra Nath Mukherji Ambalagram, Via Ketugram P. O. Dt. Burdwan, on or before the 31st July.

জেলা মালদহ, পোঃ খরচা, চূড়ামণ জমিদারী ষ্টেটের যাবতীয় কার্য্য নির্ব্বাহ জন্য মাসিক এক শত টাকা বেতনে জনৈক উপযুক্ত কার্য্যদক্ষ লোকের প্রয়োজন। যিনি বিশেষ দক্ষতার সহিত জমিদারী কার্য্য সম্পন্ন করিয়াছেন এবং ইংরাজী ও বাঙ্গালা ভাষায় বিশেষ অভিজ্ঞ তাঁহারই প্রার্থনা গ্রাহ্য। বয়স ৫০ বৎসরের ন্যূন না হয়। জাতিতে হিন্দু হওয়া আবশ্যক। কর্ম্মপ্রার্থিগণ বর্ত্তমান শ্রাবণ মাস মধ্যে স্বীয় স্বীয় কার্য্য-পারদর্শিতার প্রশংসাপত্রের অনুলিপি সহ জমিদার শ্রীযুক্ত কৃষ্ণচন্দ্র রায় চৌধুরীর নিকট দরখাস্ত পাঠাইবেন।

বালীয়া পলসা "ডিষ্ট্রেক্ট" মধ্য ইংরাজী স্কুলের জন্য হুগলী নর্ম্মাল স্কুলের ত্রৈবার্ষিক পরীক্ষোত্তীর্ণ এক জন হেড পণ্ডিতের প্রয়োজন। মাসিক বেতন ১৩ টাকা। আগামী ২৫শে জুলায়ের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী ব্যক্তির নিকট স্ব স্ব প্রশংসাপত্রের অনুলিপিসহ আবেদন করিবেন। যিনি কিছুকাল শিক্ষকতা কার্য্য করিয়াছেন তাঁহার আবেদন আদরণীয় হইবে। স্থানটী অতি স্বাস্থ্যকর এবং মুরারোই ষ্টেশন হইতে ৩ মাইল ব্যবধান। শ্রীনৃসিংহদেব বন্দ্যোপাধ্যায় সাং পলসা, পোঃ বালীয়া তায়া মুড়ারোই।

রঙ্গপুর জেলার অন্তর্গত গাইবান্ধা মহকুমার অধীন কোঞ্চরপুর উচ্চ-প্রাইমারী পাঠশালার ১ম পণ্ডিতের পদ শূন্য আছে। মাসিক বেতন দশ টাকা। কর্ম্মপ্রার্থিগণ অগৌণে রংপুর গাইবান্ধা স্কুলসমূহের সব ইনস্পেক্টর শ্রীগোবিন্দচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের নিকট আবেদনপত্র পাঠাইবেন।

আমার পুত্রগণকে পড়াইবার জন্য এক জন শিক্ষকের আবশ্যক। মাসিক বেতন ১২ টাকা। এতদ্ব্যতীত বাসা ভাড়া, বাসাখরচ, চাকর, ধোপা নাপিত, ইত্যাদির কোন ব্যয় লাগিবেক না। যাঁহারা অন্ততঃ এণ্ট্রান্স পর্য্যন্ত অধ্যয়ন না করিয়াছেন, তাঁহাদের আবেদন করিবার আবশ্যক নাই। কর্ম্মপ্রার্থীর জাতিতে কায়স্থ হওয়া আবশ্যক। পার্থিগণ অবিলম্বে রাণপুর রেলষ্টেশনের ডাক্তার শ্রীকেদারনাথ চন্দের নিকট আবেদন করুন।

নরেন্দ্রপুর ম, ই স্কুলের জন্য কোনক হেড মাষ্টারের প্রয়োজন। বেতন আপাততঃ ১২৲ টাকা। তৎপর কাজ কর্ম্মের সুবিধা দেখিয়া বৃদ্ধি দেওয়া যাইবে। ইহা ছাড়া বাসা এবং পাই খরচ দেওয়া যাইবে। যাঁহারা এণ্ট্রান্স পাশ করিয়াছেন অথবা শিক্ষাদানবিষয়ে সুপটু এবং নানাস্থানে মাষ্টারী করিয়া আসিতেছেন, তাঁহারা নিম্ন লিখিত ঠিকানায় আমার নিকট এই জুলাই মাসের মধ্যে আবেদন করুন। শ্রীশশিভূষণ ঘোষ, সেক্রেটরী নরেন্দ্রপুর স্কুল রূপদীয়া পোঃ, জেলা যশোহর বি, সি রেলওয়ে।

টাওরা এম ভি স্কুলের জন এক জন নর্ম্মাল স্কুলের পাশ শিক্ষকের প্রয়োজন। বেতন আপাততঃ ১২৲ টাকা। বাসা ও খোরাকী দেওয়া যাইবে। যাঁহার ইংরাজি জানা আছে তাঁহার আবেদন আদরণীয় হইবে। দরখাস্তে জাতি ও বয়সের উল্লেখ আবশ্যক। শ্রীপতিত পাবন রায়, মিউনিসিপ্যালিটীর চেয়ারম্যান পোঃ বাগুরী।

বিশেষ দ্রষ্টব্য।

বাচস্পত্য অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২৩৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
যুধোদয় প্রেস।
হুগলী।

গিরিশ লাইব্রেরী।

এখানে ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল, এ; বি, এ ক্লাসের সর্ব্বপ্রকার পাঠ্যপুস্তক ও অর্থ পুস্তকাদি এবং নাটক, নভেল প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়। ভিঃ পিঃ ডাকেও পুস্তক পাঠাই। ২১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা। শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৮৪নং

আর্য্যমিশন ইনষ্টিটিউশন।

৮০।১ নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট, কলিকাতা।

এই বিদ্যালয়ে একটী স্বতন্ত্র সংস্কৃত বিভাগ আছে। ঐ বিভাগে উপযুক্ত পণ্ডিতের দ্বারা বিনা বেতনে দর্শন, কাব্য সাহিত্য, ব্যাকরণ শ্রীমদ্ভাগবত শ্রীমদ্ভগবদ্গীতা শিক্ষা দেওয়া হইয়া থাকে। পাঠার্থি-ছাত্রের আবশ্যক।

শ্রীকানাই লাল সেঠ।
৩৯৮ নং সেক্রেটরী।

পাটীগণিত।

নূতন সংস্করণ।

শ্রীপ্রসন্নকুমার সর্ব্বাধিকারী প্রণীত।

সুপ্রসিদ্ধ গণিতশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম, এ, মহাশয়ের দ্বারা সম্যক্‌রূপে সংশোধিত পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত। ইহাতে সুকৌশল সম্পন্ন প্রশ্নাবলী সন্নিবেশিত এবং উহাদের ভূরি পরিমাণে সমাধান করা হইয়াছে। ৫৭৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। উত্তম কাপড়ে বাঁধা, মূল্য ১৷৵০। বলা বাহুল্য ইহা চিরকাল সর্ব্বাদৃত, অধুনা আরও অধিক পরিমাণে স্কুলাদিতে পাঠ্যরূপে নিয়োজিত হইতেছে এবং বঙ্গবাসী প্রভৃতি সংবাদ পত্র ভূয়সী প্রশংসা করিতেছেন। নিম্নলিখিত এবং অন্যান্য স্থানে পাওয়া যায়।

বি, ব্যানার্জ্জি এণ্ড কোং।
২৫নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, ৫৬নং কলেজ ষ্ট্রীট, ৫১নং পুরাতন চীনেবাজার, কলিকাতা। ৫৫নং পটুয়াটুলি ঢাকা।

৩৮৮নং

বার্ষিক ৫০০৲ টাকা বৃত্তি।

ভারতধর্ম্ম মহামণ্ডলীর মুখ্যতম উদ্দেশ্যের অনুসরণ করিয়া ৺বিশ্বনাথ চতুষ্পাঠীতে বার্ষিক পঞ্চাশৎ টাকা পরিমাণে এক একটী করিয়া দশটী বৃত্তি স্থাপিত হইয়াছে। যে যে চতুষ্পাঠীতে ব্যাকরণাদি করিয়া কোন দর্শন শাস্ত্র বিশেষতঃ বেদান্ত শাস্ত্র পর্য্যন্ত অধ্যাপিত হয়, সেই সেই চতুষ্পাঠীতে এই বৃত্তিগুলি দেওয়া যাইবে। অধ্যাপক ইচ্ছা করিলে ঐ বৃত্তি ত্রৈমাসিক বা ষাণ্মাসিক বা বার্ষিকরূপে গ্রহণ করিতে পারিবেন। ছাত্রদিগের বিদ্যাবত্তা ও সচ্চরিত্রতা সম্পাদন ভিন্ন অধ্যাপক মহাশয়দিগকে অপর কোন নিয়মের অধীন হইতে হইবে না। যে সমস্ত অধ্যাপক বৃত্তি লইতে ইচ্ছা করিবেন, তাঁহারা অথবা তাঁহাদিগের হিতার্থীরা অধ্যাপকের নাম ধাম ছাত্রসংখ্যা ও প্রত্যেক ছাত্রের অধীতব্য বিষয় লিখিয়া আমাকে সংবাদ দিবেন।

চুঁচুড়া বিশ্বনাথ চতুষ্পাঠীর
অধ্যাপক শ্রীহরিনাথ স্মৃতিভূষণ।

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু কর্ত্তৃক সংকলিত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য ৵০ আনা
ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "
ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব।০ "

সেণ্ট্রাল টেক্সটবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তালিকায় পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট—কলিকাতা।

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৬ বৎসর উহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-যশের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার লেপনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সম-ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনা ব্যয়ে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৷৷০ টাকা, প্যাকিং ।০ আনা

২ শিশি একত্রে লইলে খরচা ৷৷৵০ আনা স্বতন্ত্র হয়।

শ্রীকালীদাস সরকার।

গবর্ণমেণ্ট পেন্সনার—লক্ষ্ণৌ।

৩৭৩নং

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলে সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বলবীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রি-জাগরণ, অতিরিক্ত পান-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা হাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত!

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-ফোলা-কাসিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দ্বৈকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকায় সে জ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় না,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে, ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্পদিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধ অতি সামান্য রোগও আরাম হয়। বিধাতার বিচিত্রবিধান বুঝাভার!

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন। প্লীহা জ্বর-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগীকে এই এক ৩নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

বটিকার সংখ্যা, মূল্য, ডাঃমাঃ, প্যাকিং

১নং কৌটা ১৮ ৷৷৵০ ।০ ৵০

২নং কৌটা ৩৬ ১৷৵০ ।০ ৵০

৩নং কৌটা ৫৪ ১৷৷৵০ ।০ ৵০

ভ্যালুপেয়েবলে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।

১২ নং সুরাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা।

৩৭৪নং

পাঁড়ে ব্রাদার্স।

পুস্তক ও দেশী বস্ত্র বিক্রেতা।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্ কলিকাতা।

এখানে ইংরাজি বাঙ্গালা সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য সর্ব্ব প্রকার পুস্তক, তৎসমস্তের নানা প্রকার কি, নোট, অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি সর্ব্ব প্রকার পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে। বিলাতি পুস্তক বিলাত হইতে আনা হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ বে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা ১৸০ মূল্য জোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও ব্যবহারীর জন্য চলিবে ও ২৷৷০, ৩, টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ নয়নসুখ, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকটও সংস্কৃত প্রেস ডিপজিটরীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য ।০/০ বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ /০ ৩২ খানি উৎকৃষ্ট চিত্রসহ

নীতি কথামালা	।০	মানবতত্ত্ব	১৷০
আর্য্যচরিত	।০	ধর্ম্মবিজ্ঞান	১৲
আর্য্যশিক্ষা	৷৷৵০	অদ্ভুত স্বপ্ন বা	
বাঙ্গলা ব্যাকরণ	৷৷৵০	স্ত্রী পুরুষের দ্বন্দ্ব	৷৷০
শিশু বিজ্ঞান	৵০	বিজ্ঞানসার	১৲
বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ	/০	লীলাবতী (অঙ্কপুস্তক)	৷৷০

৫৩৫ নং শ্রীমনোমোহন পাঁড়ে

সংক্ষিপ্ত পদার্থদর্শনের প্রশ্নোত্তর।

পণ্ডিত প্রবর শ্রীযুক্ত প্রসন্নকুমার চক্রবর্ত্তী প্রণীত। মূল্য ।/০ পাঁচ আনা মাত্র। যত গুলি সা পদার্থদর্শনের প্রঃ উঃ এ পর্য্যন্ত প্রকাশিত হইয়াছে এখানা তাহাদের অপেক্ষা কোন অংশে নিকৃষ্ট নহে বরং অনেকাংশে উৎকৃষ্ট। যে স্কুলে এক খানিমাত্র এই প্রঃ উঃ প্রবেশ লাভ করিয়াছে সে স্কুলের সমস্ত ছাত্রই ইহা ক্রয় করিতেছে। একত্রে এক প্যাকেটে ৫ খানি এই প্রঃ উত্তর লইলে স্কুলের শিক্ষকদিগকে শতকরা ১৫৲ টাকার হিসাবে কমিসন দিয়া থাকি; অধিকন্তু আমি নিজ হইতে ডাক মাশুল দিই। কাগজ, ছাপা ও বাঁধাই সমস্তই উৎকৃষ্ট। ভিঃ পিঃ ডাকে পাঠাইয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র দত্ত।

ভারত পুস্তকালয়, পটলডাঙ্গা, বৌবাজার পোষ্ট কলিকাতা।

৩৪৯নং

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸০ বার আনা, ডাঃ মাঃ /০ এক আনা। এখানি ১৮৯৪ অব্দের মাইনর পরীক্ষায় ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহাতে বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গল্প হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও তাহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ৴১০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
সংস্কৃত প্রেসডিপজিটরি।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষক গণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৲ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।৵০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীজমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।৵০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ৵০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৪৪ নং

ইউক্লিডের জ্যামিতি দ্বাদশ অধ্যায়।

(সংশোধিত এবং পরিবর্দ্ধিত।)

শ্রীযুক্ত বাবু ব্রহ্মমোহন মল্লিক প্রণীত।

৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছে, মূল্য ২৲ টাকা। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।
৩৯৭ নং

শ্রীমদ্ভগবদ্গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ /০।

ঐ বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ।/০ পাঁচ আনা ডাঃ মাঃ /০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা মূল্য /০ পাঁচ আনা ডাঃ মাঃ /০।

ঐ উৎকৃষ্টরূপ বাঁধা মূল্য ৷৷০ আট আনা, ডাঃ মাঃ /১০।

কবির (জীবন্মুক্ত মহাত্মা কবির সাহেবের ৫৫৭টী দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা-সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ /১০।

কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০। ১ন মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু উপেন্দ্রনাথ চক্রবর্ত্তী আষাপুর ১-২৪ জুন শেষ ৫৲
" কালাচাঁদ মুখোপাধ্যায় রঘুনাথগঞ্জ ১৮৯৪ জানুয়ারী শেষ ৫৲
" সতীশচন্দ্র দাস গোয়ালখোর ১৮৯৩ সেপ্টেম্বর শেষ ২৲
" বিপিনচন্দ্র মুখোপাধ্যায় হাজিপুর ১৮৯৩ ডিসেম্বর শেষ ৩৲
" নবীনচন্দ্র কর হবিগঞ্জ ১৮৯৩ ডিসেম্বর শেষ ৩৲
" ক্ষীরোদচন্দ্র বিশ্বাস আমলাসদরপুর ১৲
" ফকীরচন্দ্র দত্ত রামপুরহাট ১৲
" উমাচরণ দাস রংদিয়া ১৲

☞ এই পত্র হুগলি বুধোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

REGISTERED NO 35 1875.

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

নূতন সম্বৎসর। ২৫শ খণ্ড। ১৬শ সংখ্যা। | ১৩ই শ্রাবণ শুক্রবার ১৩০০ সাল। ইং ২৮শে জুলাই ১৮৯৩ খৃঃঅব্দ। | অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম)	৫	ষাণ্মাসিক	৩
ত্রৈমাসিক	২	প্রত্যেক সংখ্যার	।৹

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৵৹ ৩য় বার /১০ চতুর্থ বা ততোধিক বার /০। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৵০।

কণ্ট্রাক্টরদিগের বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে প্রকাশিত হয়।

তিন মাসের অধিক বিজ্ঞাপন প্রকাশ করিলে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

যাঁহারা এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য নগদ টাকায় দিবেন, তাঁহারা তাঁহাদের নিকটবর্ত্তী এজেণ্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে কলিকাতা পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণিঅর্ডার কুপনে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

এডুকেশন গেজেটে বিজ্ঞাপন প্রকাশের সুবিধার জন্য ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে একটী এজেন্সি খোলা হইয়াছে। তথায় বিজ্ঞাপন ও তৎপ্রকাশের মূল্য জমা লওয়া যায়।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যায় বিলম্ব হইলে তাহার থানাসহিতে পিয়নের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকালীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়, কলিকাতা সংস্কৃতযন্ত্রের পুস্তকালয় ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।
চণ্ডীচরণ মজুমদার—বেঙ্গল সেক্রেটারিয়েট জুডিসিয়াল ডিপার্টমেণ্ট।

২৪ পরগণা	মতিলাল মৈত্র—আলিপুর।
আলিপুর	ভূপালচন্দ্র গঙ্গোপাধ্যায়—উকিল।
বারাকপুর	শ্রীযুক্ত বাবু ভুবনমোহন নিয়োগী।
ভবানীপুর	রাজকৃষ্ণ রায় চৌধুরী।
	যদুনাথ চৌধুরী—চুয়াডাঙ্গা।
হাবড়া	হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম	ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী	শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর	ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান	চারুচন্দ্র চট্টোপাধ্যায়।
	রসিকলাল দাস—রায়না।
যশোহর	কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
	অম্বিকাচরণ মুখোপাধ্যায়—সিউড়ী
	নীলমণি ভট্টাচার্য্য—সিউড়ী।
বাঁকুড়া	রামেশ্বর সেন—বিষ্ণুপুর।
	অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর	উমাচরণ সে।
	দীননাথ ধর—গবর্ণমেণ্ট প্লীডার।
জলপাইগুড়ি	নীলমণি পাল।
বাঁকিপুর	নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর।
	ভগবান প্রসাদ।
বারাণসী	সোমনাথ ভাদুড়ী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর	আদিনাথ মিত্র।
	দ্বারকানাথ বাগচি—মিলকাপাড়ি।
রাজসাহী	কালীনাথ চৌধুরী—বোয়ালিয়া।
পাবনা	মহেন্দ্রনাথ দত্ত।
	রজনীকান্ত ভট্টাচার্য্য।
	রামচন্দ্র চক্রবর্ত্তী।
	ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, দুলাই।
	উমাচরণ পাঁড়ে, সিরাজগঞ্জ।
ঢাকা	সতীশচন্দ্র ঘোষ।
সাঁওতাল পরগণা	বঙ্কেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।
পাবুড়	রাধারুষ্ণ সারখেল।
খুলনা	হরিহর দাস।
	জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।
দিনাজপুর	রাজকুমার চক্রবর্ত্তী কুলবাড়ি।
	ভুবনেশ্বর গুপ্ত।
	দুর্গাদাস সুর—রায়গঞ্জ।
	শশিভূষণ রায়।
কোচবিহার	ভুবনমোহন দত্ত।
ফরিদপুর	কালীকিশোর ঘোষ—মাদারিপুর।
মজঃফরপুর	কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল
দ্বারভাঙ্গা	গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক।
	সুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সমস্তীপুর

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিবিধ বিজ্ঞাপন।

রিপণ-ডিপজিটারী।

৫২ নং দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য ও নাটক নভেল অতি সুবিধায় সরবরাহ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পিঃ ডাকে পুস্তক পাঠাই। প্রেরণ ব্যয় ১০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়।

শ্রীশশিভূষণ সাহা
ম্যানেজার।

৩৮০ নং

গবর্ণমেণ্টের অনুমোদিত।

বাঙ্গালা ছাত্রবৃত্তি ও মাইনর স্কুলসমূহের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পাঠ্য।

"বিজ্ঞানসোপান"।

শ্রীযুক্ত উমেশচন্দ্র ঘোষ, এম এ, বি এল প্রণীত।

মূল্য ॥৵০ দশ আনা মাত্র।

ছাত্রবৃত্তি ও মাইনর পরীক্ষার নির্দ্দিষ্ট বিষয়গুলি এরূপ বিশদরূপে ও ধারাবাহিক ভাবে অন্য কোন গ্রন্থে বর্ণিত নাই। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৩৮৫নং

এল, ডি, মিত্র এবং কোং।

লব্ধপ্রতিষ্ঠ ও কলিকাতা ও অন্যান্য স্থানের দক্ষ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং আপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৫৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক কুবিনি ক্যাম্ফার ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৸০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৬৲ ও ৭৲, শিশুচিকিৎসা ৸৷৷০, বামাচিকিৎসা ২৲ জ্বর চিকিৎসা ৸০ ও ১৸০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৸০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমার কলিকাতার মহামেলায় এই শ্রেণীতে ভারতের মধ্যে সর্ব্বোচ্চ এবং এখানকার ও অন্যান্য স্থানের সম্ভ্রান্ত চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি। ৭ম

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্তলালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীতে সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১।০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

REDUCTION IN PRICE OF CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta, Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free, at 4 oz, Rs3--4 : 8 oz, Rs 6—8 : 16 oz, Rs 12—12. Cash with order.

No. 331

বুধোদয় যন্ত্র।

হুগলি বুধোদয় যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষর ও তাহার সরঞ্জাম প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানাপ্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় যাবতীয় ফারম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, ষ্ট্যাণ্ডবিল, জমিদারীর জমাওয়াশীল ফরম, ডাক্তারি লেবিল ও বিল নানাপ্রকার ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পন্ন হইয়া থাকে। বিশেষ বন্দোবস্ত করিলে, সাপ্তাহিক পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংলিস অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও স্মল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া দপ্তরী দ্বারা পুস্তক প্রস্তুত করিয়া রীতিমত বান্ধবন্দী করিয়া রেলে বা জাহাজে যাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি, গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন, ছাপার রেট ও অন্যান্য বিবরণ জানিতে ইচ্ছা করিলে আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পারিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

কার্য্যাধ্যক্ষ।

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১৯ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।

ডাকমাশুল ⁄০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৵০

পদ্য ব্যাকরণ মূল্য ⁄১০

প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য ⁄১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায়) পাওয়া যায়।

শ্রীতিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

অম্বিকাচরণ ঘোষাল

ফটোগ্রাফার ও পেইণ্টার

ঘুঁটেবাজার হুগলি

অয়েল পেইণ্টিংএ চেহারা তুলিতে এবং ফটোগ্রাফ লইতে মফস্বলের সর্ব্বত্র যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণ পত্র লিখিলে জানিতে পারিবেন। নেটীবক্যারেক্টর ও নানা রূপ দেশীয় ভিউ, মাপ কাঃ ভিঃ মূল্য প্রত্যেকে ।০, ডজন ২৲। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিজ, হুগলী কলেজ এমামবাড়ার আশ্চর্য্য দৃশ্য ও হংসেশ্বরীর মন্দির প্রত্যেক ১৲ টাকা মাত্র—ফটগ্রাফগুলি একবার দেখিলে বাধিত হইব।

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মতামত নহে।

জয়পুরে বিধবাবিবাহ সম্বন্ধে দ্বিতীয় কথা।

যে বিধবার পত্যন্তর গ্রহণের আবশ্যক হইয়াছে তাহার বাটীতে দ্বিতীয় স্বামী বন্ধুবর্গের সহিত গমন করিবে এবং প্রথমে বর এবং কন্যাপক্ষীয় আত্মীয় স্বজনগণের একটী ভোজ হইয়া যাইবে। পশ্চাৎ পুরোহিত গণেশজীর পূজা করিয়া বিবাহার্থিদ্বয়ের মাথায় পান বাঁধিয়া দিবেন। পরে নববিবাহিতা বিধবা নূতন দলের সহিত নূতন পতির বাড়ী যাইবে। নূতন গৃহে প্রবেশ কালে তাহার কক্ষে একটী ঘড়া বা কোঁচড়ে কিছু তরকারী থাকা চাই। কোন স্ত্রীলোক সে সময়ে তাহার সম্মুখীন হইবে না। সে এক প্রকার শূন্যময় গৃহে প্রবেশ করিয়া তাহার জন্য রক্ষিত আসনে বসিবে। এই ব্যাপার হইয়া গেলে স্ত্রীলোক সকল সমাগত হইবে—যেন তাহারা রাক্ষসীকে দেখিয়া পলাইয়া গিয়াছিল, কিন্তু রাক্ষসী যাইবার নহে অতএব পুনরায় আসিতে বাধ্য হইল।

এদেশে একটী কথা প্রচলিত আছে 'নাতো তাঁতো' অর্থাৎ নাতা যত শীঘ্র হইয়া যায় ততই ভাল, কেন না ইহাতে অনেক ব্যাঘাত। কুল শীল সমন্বিত যুবা প্রায় নাতা করিতে ইচ্ছুক নহে। যাহার বয়স অধিক হইয়াছে অথবা যে অত্যন্ত উচ্ছৃঙ্খল সেই নাতাতে পরিতুষ্ট হইতে পারে; সুতরাং নাতাকারিণীকে দেখিতে হয় যে সে নূতন গৃহে যাইয়া আহারের অভাব এবং প্রহারের প্রাদুর্ভাবরূপ সুখভোগ করিতে বাধ্য হইবে কি না। আবার যদি তাহাকে 'গোদড' অর্থাৎ সন্তান লইয়া নূতন গৃহে যাইতে হয় তাহা হইলে তাহার ভাবিবার বিষয় আরও অধিক। পক্ষান্তরে নূতন বরও দেখিবেন যে নাতাকারিণীর চরিত্র কিরূপ ছিল। সে কলহবহুলা বা দুশ্চরিত্রা হইলে নূতন স্বামীর নূতন সংসার আরম্ভ কিরূপ রুচিপ্রদ হইবে তাহা অনায়াসেই বুঝিতে পারা যায়। অতএব উভয় পক্ষ হইতে বেশী কথা উঠিতে না উঠিতেই নাতাটা হইয়া যাওয়াই ভাল। পরে যাহা হয় হউক। বিধবা হইয়া নাতা করিতে গেলেও যে পদ্ধতি জীবিত স্বামীকে ত্যাগ করিয়া নাতা করিতে গেলেও সেই পদ্ধতি; কেবল 'ঝগেড়ার' টাকার বিভাগ বিষয়ে কিছু প্রভেদ আছে। নূতন স্বামীকে স্ত্রীপক্ষীয়দিগকে যে টাকা দিতে হয়, তাহাকেই 'ঝগেড়ার' টাকা কহে। ইহা ভিন্ন ভিন্ন জাতির মধ্যে ভিন্ন ভিন্নরূপে নিরূপিত আছে; যথা, নাপিতের ৩৫৲ টাকা আবার স্বর্ণকারের ৩০০৲ টাকা—মালি, কাংসাকার প্রভৃতি জাতির মধ্যে ইহাদের মধ্যবর্ত্তী কোন সংখ্যা হইবে। 'ঝগেড়ার' টাকা নাপিত জাতির মধ্যে নিম্নলিখিতরূপ ব্যয়িত হয়। পাঁচ টাকা স্ত্রীর পিতা পায় ইহাকে 'মায়েস কা রূপেয়া' বলে; ১০।১২৲ টাকা ঠাকুরকে ভোগ দেওয়া হয়। অবশিষ্ট মৃত স্বামীর আত্মীয়েরা পায়। কিন্তু যদি স্বামী জীবিত থাকে, তবে ঐ ঠাকুরের ১০।১২৲ টাকা লোপ পাইয়া যায় অর্থাৎ মায়েসের পাঁচ টাকা ব্যতীত আর সমস্ত টাকাই 'পঞ্চে' খায়। 'পঞ্চ' অর্থে জাতীয় সম্প্রদায়। সহরের ভিতরে এবং জনপদের অন্যান্য স্থানের রীতিতে কিছু কিছু ভিন্নতা আছে। বাহিরে ঝগেড়ার টাকা অধিক লাগে।

মুসলমানদিগের মধ্যে 'নাতা' 'নিকা' নামে অভিহিত। মুসলমানদিগের যুবতী বিধবারা ইচ্ছা করিলে নিকা করিতে পারে, কিন্তু ভারতবর্ষে ভদ্র মুসলমানের মধ্যে বিধবা বিবাহের অপ্রচলন দৃষ্ট হয়। উচ্চ জাতীয় হিন্দুদিগের মধ্যে বিধবার বিবাহ অপ্রচলিত বলিয়া হিন্দুদিগের সহবাসে উহাদিগের মধ্যে চির-বৈধব্য নিয়ম এরূপ বাড়িয়া উঠিয়াছে যে, বিধবার দুঃখে অশ্রু বিসর্জ্জন করিবার জন্য ও সভা করিবার জন্য অনেক নব্য সম্প্রদায়ের সৃষ্টি হইতেছে। আবার কখন কখন প্রাচীন মৌলবীরাও বিধবা বিবাহ কেন তোমরা দিতেছ না ইহাতে ধর্ম্ম হানি হইতেছে এইরূপ বলিয়া শ্রোতৃবর্গকে উপদেশ দিয়া থাকেন। শুনিয়াছি কোন সময়ে পঞ্জাবে এক জন পারস্যদেশীয় ধর্ম্মযাজক আসিয়া এমন উত্তপ্ত উপদেশ দিয়াছিলেন যে এক সপ্তাহের মধ্যে ৪০০ শত মুসলমান বিধবার পুনরায় বিবাহ হইয়া গিয়াছিল। মুসলমানদের মধ্যে চারিটী প্রধান জাতি আছে সেখ, সৈয়দ, মোগল, পাঠান। সেখেরা মহম্মদের জ্ঞাতি বংশ এবং সৈয়দেরা মহম্মদের দৌহিত্র বংশ, সুতরাং পবিত্রতায় উভয়ে পরস্পর স্পর্দ্ধী। ইহাদের মধ্যে যতই অল্প বয়সের বিধবা হউক না সে কখনই পুনরায় বিবাহ করিতে পাইবে না। পাঠক বাজারে অনেক সেখ দেখিতে পান এবং তাহাদের মেয়েরা সত্তেরবার নিকা করে। কিন্তু সে সেখ আর পূর্ব্বকথিত সেখে অনেক প্রভেদ। ঐ বাজারের সেখ এতদ্দেশের ছোট লোক বৈ আর কিছুই নহে। আর প্রথমোক্ত সেখ আরবদেশীয় এবং প্রকৃত কোরেশ বংশীয়। বলা বাহুল্য যে বোম্বাদের খলিফাগণ এবং সিন্ধুদেশের প্রাথমিক মুসলমান বিজেতৃগণ এই সেখ। সেখ ও সৈয়দ যতই পবিত্র হউক আরবে ও ইরাণে ইহাদিগের মধ্যে বিধবার চিরবৈধব্য প্রথা নাই। হিন্দু স্থানেই এই ব্যাপার। অপ্রাসঙ্গিক হইলেও মুসলমানদিগের নিকা প্রথার উল্লেখ করিবার কারণ আর কিছুই নহে কেবল আমরা দেখাইলাম যে, প্রথা উৎকৃষ্ট হইলে জেতৃদিগেরও জেতৃত্বাভিমান থাকে না। তাহারা পরাজিত জাতির নিকট হইতেও সেই উৎকৃষ্ট প্রথা গ্রহণ করিতে অস্বীকার করে না। ইহার ভূরি ভূরি উদাহরণ দেওয়া যাইতে পারে, কিন্তু বাহুল্যভয়ে আমরা তাহা পরিত্যাগ করিলাম। অশ্রু ভারনয়ন বিধবা-বন্ধু নব্য হিন্দুকে আমরা এই মাত্র বলিতে চাহি যে সচ্চরিত্রতা, সাধুতা এবং তপস্যাশীলতা এত বাঞ্ছনীয় বস্তু যে, পার্থিব সুখের প্রলোভন কদাপি তাহাদের অন্তরায়স্বরূপ হইতে পারে না। তাহার উদাহরণ এই দেখ ভারতবর্ষে মুসলমান হিন্দুকে মুসলমান করিতে গিয়া হারি মানিয়াছে বরং নিজে হিন্দু হইয়াছে। এখানকার মুসলমানদিগের হিন্দুধর্ম্ম প্রিয়তা এত অধিক যে আরব ও পারস্য দেশের লোকেরা ইহাদিগকে হিন্দুই বলে। মক্কা, মদিনা, বোম্বাই ও কারবালা হইতে প্রত্যাগত অন্যদেশীয় মুসলমানদিগের নিকট এই সকল কথা শুনা যায়।

যে সকল মুসলমান আপনার ধর্ম্ম শাস্ত্রের দোহাই দিয়া স্বজাতীয় বিধবাদিগের বৈধব্য দুঃখ দূর করিতে প্রস্তুত হইয়াছেন তাঁহাদিগের প্রযত্ন কতকটা সফল হইতেছে তাহার কারণ আর কিছুই নহে, মুসলমানদিগের প্রথা হিন্দুদিগের ন্যায় বদ্ধমূল নহে কেবল সংসর্গজাত। তথাপি সংস্কারকদিগের চেষ্টাকে আজিও মুসলমানগণ

সর্ব্বতোভাবে প্রশ্রয় দিতেছে না। সামাজিকেরা এই কথা বলে যে, হিন্দুস্তানে তান (অর্থাৎ বিতর্ক) বলিয়া একটা জিনিষ আছে। এখানে শুধু ধর্ম্মের আজ্ঞা দেখাইয়া ফল পাইতে পার না।

শ্রীমেদনাথ ভট্টাচার্য্য।
জয়পুরের মহারাজ কলেজের অধ্যাপক।

ঊষা।

সুধীরে নিশার আঁধার ভেদিয়া
বিকাশে সুচারু-ঊষা,
হেরিয়া প্রকৃতি নিমিষে সাজিল
পরিয়া বিবিধ ভূষা।

পূরব গগন আরক্ত বরণ
"দৈয়াল" ধরিল তান,
শুনি প্রতিধ্বনি আমোদে মাতিয়া
সমস্বরে করে গান।

কোকিল-কাকলী শ্রবণ বিবরে
সুধার-সুধারা ঢালে,
সুমধুর স্বরে মধুপ ঝঙ্কারি
উড়ি পড়ে ফুল দলে।

জলচর পাখী করি কলধ্বনি
উল্লাস অন্তরে ধায়,
শিশির-শীতল মৃদুল সমীর
সুশীতল করে কায়।

মুকুতা গঞ্জিত নিশার নীহার
শোভে নবদুর্ব্বাদলে,
হিম গিরি শিরে হিমশিলা রাশি
ঝক্ ঝক্ ঝক্ জ্বলে।

বন-উপবনে বিকশি কুসুম
শোভিছে হরষ ভরে,
ঊষার আগমে উঠিছে ফুটিয়া
সরোজিনী সরোবরে।

দুলিয়া দুলিয়া মৃদুল হিল্লোল
সরিৎ পুলিনে আসে,
ঊষার সুষমা তাহাতে বসিয়া
চুপি চুপি চুপি হাসে।

শ্যামল বরণ শস্য বিমণ্ডিত
ধরা মাঝে কত স্থান,
ঊষা-সমাগমে অতি মনোহর
দেখিলে জুড়ায় প্রাণ।

যত নিশাচর বিষাদিত চিতে
স্বকীয় ভবনে যায়,
ছাড়ি পান্থবাস পথিক সকল
পথ অতিবাহে ধায়।

যতেক কৃষক হল করযণে
উঠি ধায় সারি সারি,
লইয়া গোপাল রাখাল গোঠেতে
চলিল পুলকে পুরি।

কুলবধূকুল ঊষা-সমাগমে
রজনী হইলে গত,
শশব্যস্তে উঠি হৃষ্ট মনে সবে
গৃহ-কাজে হল রত।

ঊষার আগমে কাশাময়ী ধরা
দেখিলে নয়ন জোড়ে,
আনন্দে মাতিয়া কুতূহলে মন
খেলে সুখ-সিন্ধু-জলে।

চিত্ত বিনোদন হেন সুসময়
যে জন নিদ্রায় রয়,
বিমূঢ় সে জন এভব ভবনে
সুখী সে কখন নয়।

তাই বলি শিশু ভাবি-সুখ-মূল
বিদ্যা নাম যার জপে,
সে ধন অর্জ্জিতে পাঠেতে ঊষায়
কর সুযতন সবে।

শ্রীঅনাথবন্ধু দাস
সাঁথিয়া স্কুল
(পাবনা)

এডুকেশন গেজেট।

১৩ই শ্রাবণ ১৩০০। ইং ২৮শে জুলাই ১৮৯৩।

বঙ্গীয় ব্যবস্থাপক সভা।

নূতন ব্যবস্থানুসারে সদস্য নির্ব্বাচনের পর সর্ব্বপ্রথম এই বিগত শনিবারে ছোট লাট বাহাদুরের ব্যবস্থাপক সভার অধিবেশন হইয়াছিল। নূতন নির্ব্বাচিত সদস্যদিগের মধ্যে কেবলমাত্র মিঃ ডবলিউ সি বনার্জ্জি ব্যতীত আর সকলেই সভাস্থলে উপস্থিত ছিলেন। সভার নূতন সভাপতি প্রতিনিধি ছোটলাট বাহাদুর নব নির্ব্বাচিত সদস্যগণকে যথোচিত আপ্যায়িত করিয়া ব্যবস্থাপক সভার উৎপত্তি এবং উহার উত্তরোত্তর উন্নতি ও উপকারিতাবৃদ্ধি বিষয়ে সংক্ষেপে কয়েকটি কথা বলিয়া সভার কার্য্য আরম্ভ করিলে পর নির্ব্বাচিত অন্যতম সদস্য অনারেবল সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় এবং মিঃ ডবলিউ সি বনার্জির অনুপস্থিতিতে তাঁহার হইয়া মিঃ লালমোহন ঘোষ সভাস্থলে কয়েকটি প্রশ্নের উত্থাপন করিয়াছিলেন। পাঠকগণের অবগতির জন্য ঐ সমস্ত প্রশ্ন এবং উহাদিগের উত্তর নিম্নে সংক্ষেপে যথাযথ বিবৃত করা যাইতেছে। ১ম, ২য় ও ৬ষ্ঠ প্রশ্নের উত্থাপন সুরেন্দ্র বাবু করিয়াছিলেন; অবশিষ্ট পাঁচটি প্রশ্ন মিঃ বনার্জির কৃত। অনারেবল কটন সাহেব বাহাদুর ১ম, ২য়, ৫ম ও ৬ষ্ঠ প্রশ্নের উত্তর প্রদান করেন; ৩য়, ৪র্থ ও ৮ম

প্রশ্নের উত্তর অনারেবল বোডিলন সাহেবকে দিতে হইয়াছিল। অনারেবল রিজলে সাহেব অবশিষ্ট প্রশ্নটির উত্তর দিয়াছিলেন—

১ম প্রশ্ন—সিভিল সর্ব্বিস কমিসনের রিপোর্ট অনুযায়ী বাঙ্গালার প্রাদেশিক সভিসে যে কয়েক জন লোক লওয়া হইবে বলিয়া বিগত ৫ই এপ্রেলের কলিকাতা গেজেটে প্রচার করা হইয়াছিল তাহার কতদূর কি হইয়াছে। প্রাদেশিক সর্ভিসের কয়জন সদস্যকে জেলার জজ অথবা ম্যাজিষ্ট্রেট-কলেক্টর নিযুক্ত করা হইয়াছে। রেভেনিউ বোর্ডের জুনিয়র সেক্রেটরীর পদে অথবা গবর্ণমেণ্টের অণ্ডার সেক্রেটরীর পদে কাহাকেও নিযুক্ত করা হইয়াছে কি না।

২য় প্রঃ—পবলিক সর্ভিস কমিসনের রিপোর্ট বাহির হইবার পর কয় জন দেশীয় পুলিস ইনস্পেক্টরকে পুলিসের সহকারী সুপারিণ্টেণ্ডেণ্টের পদে নিযুক্ত করা হইয়াছে। তাঁহাদের কাহার কি নাম। ৩য় প্রঃ—(ক) কত বৎসর ধরিয়া দার্জিলিঙ্গ ছোট লাট বাহাদুরের গ্রীষ্মকালের প্রধান আবাসস্থান হইয়া আসিতেছে; (খ) পূর্ব্বে আর কোন্ স্থান ঐ উদ্দেশ্যে নির্দ্দিষ্ট ছিল। (গ) দার্জিলিঙ্গকে গ্রীষ্মাবাস করায় খরচ বাড়িয়াছে কি না; যদি বাড়িয়া থাকে তবে কত বাড়িয়াছে আর কোথা হইতেই বা সেই অতিরিক্ত টাকার সরবরাহ হইয়া থাকে। ৪র্থ প্রঃ—(ক) বর্ত্তমান ছোট লাট বাহাদুর স্যার চর্লস ঈলিয়ট বাঙ্গালার শাসনভার গ্রহণ করা অবধি কতবার দেশ পরিভ্রমণ করিয়াছেন। (খ) এতদর্থে যে সমস্ত ব্যয় হইয়াছে, তাহার সরবরাহ কোথা হইতে হইয়াছে; যদি সরকারী রাজস্ব হইতে হইয়া থাকে তবে প্রতিবারে ঐরূপ ব্যয় কত হইয়াছে।

৫ম প্রঃ—(ক) জনৈক জমিদার যুবকের প্রতি ময়মনসিংহের ভূতপূর্ব্ব জজ ফিলিপ্স সাহেবের অত্যাচার বিষয়িণী কথা লইয়া যে একখানি পুস্তিকা বাহির হইয়াছে, প্রতিনিধি ছোট লাট বাহাদুর তাহা দেখিয়াছেন কি না। (খ) যদি দেখিয়া থাকেন তবে পুস্তিকায় বিবৃত ঘটনা, প্রকৃত পক্ষে ঘটিয়াছিল কি না; (গ) যদি ঘটনা প্রকৃত হয় তবে উহা ছোটলাট বাহাদুরের অনুমোদিত কি না; আর যদি অনুমোদিত না হয় তবে তিনি ইহার কোনরূপ প্রতিকার করিবেন কি না। ৬ষ্ঠ প্রঃ—ব্রিটিস পুলিস কতিপয় ব্রিটিস প্রজাকে গ্রেপ্তার করিয়া কোন ব্রিটিস ম্যাজিষ্ট্রেটের সমক্ষে কোনরূপ তত্ত্বানুসন্ধান না করিয়া বিচারার্থ ফরাসী পুলিসের হস্তে সমর্পণ করিয়াছেন। প্রতিনিধি ছোট লাট বাহাদুর ইহা জানেন কি না; যদি জানিয়া থাকেন তবে ঘটনাটি সত্য কি মিথ্যা তদ্বিষয়ে অনুসন্ধান করিবেন কি না।

৭ম প্রঃ—ভারতের ব্যবস্থাপক সভা সংক্রান্ত ১৮৫০ সালের ২৬ আইন যে সময়ে পাশ হয় সেই সময়ে কলিকাতা ও হাবড়া ব্যতীত বাঙ্গালার অপরাপর সহর সমূহের মিউনিসিপ্যালিটী ও স্বাস্থ্যসম্বন্ধে পরিদর্শনাদির ভার কাহার হস্তে ছিল। যাঁহার হস্তে যে স্থানের ভার ছিল, তিনি সেই স্থানের জলনিকাশ ও জল সরবরাহ সম্বন্ধে যদি কোনরূপ বন্দোবস্ত করিয়া থাকেন তবে কিরূপ বন্দোবস্ত করিয়াছিলেন। ৮ম প্রঃ—চা-বাগানের ম্যানেজার জর্জ মরে সাহেবের মোকদ্দমার বিচার স্থলে হাইকোর্টের জজেরা চা-বাগানের যে সকল অত্যাচারের উল্লেখ করিয়াছিলেন সেই সকলের প্রতিকারকল্পে দুয়ার প্রদেশের চা-বাগানগুলির উপযুক্তরূপ পরিদর্শন এবং কুলিদিগের রীতিমত সংরক্ষণ বিষয়ে গবর্ণমেণ্ট কোনরূপ উপায় অবলম্বন করিয়াছেন কি না।

১ম প্রশ্নের উত্তর—বিগত ২৩শে এপ্রেলের ইণ্ডিয়া গেজেটে এই প্রকাশিত হয় যে, উন্নতি দ্বারাই হউক, অথবা নূতন প্রাদেশিক সর্ভিসের সহিত একত্র মিলিত হইয়াই হউক বর্ত্তমান ষ্টাটুটারি সিভিলিয়ানগণের উপায় অগ্রে না হইয়া গেলে এবং ভারতের সিভিল সর্ভিস ও কমিসনের কর্ম্মচারিগণের দাবী সর্ব্বাগ্রে পূর্ণ না হইলে, প্রাদেশিক সর্ভিসের ২০টি পদের আর কোন কিছু হইতেছে না। ষ্টাটুটারী ও প্রাদেশিক সর্ভিসের অন্তর্গত এক্ষণে ১৩ জন কর্ম্মচারী আছেন। ভারতীয় সিভিল সর্ভিসের সদস্যগণ যে পদ অধিকার করিতেন, ইহাঁরাই এক্ষণে সেই পদ অধিকার করিয়া আছেন। প্রাদেশিক সর্ভিসের কোন সদস্যই এ পর্য্যন্ত রেভেনিউ বোর্ডের জুনিয়র সেক্রেটরী অথবা গবর্ণমেণ্টের অণ্ডার সেক্রেটরী নিযুক্ত হয়েন নাই।

২য় উঃ—বাবু রাসবিহারী বিশ্বাস ও মৌলবী জিন্নেত হোসেন খাঁ—এই

দুই জন। ৩য় উঃ—(ক) প্রায় ৩০ বৎসর; (খ) কলিকাতা, দার্জ্জিলিঙ্গ, পরেশনাথ পাহাড় ও ভগলপুর প্রভৃতি স্থান ছোট লাট বাহাদুর আপন ইচ্ছামত গ্রীষ্মাবাস স্বরূপে নির্দ্দিষ্ট করিয়া লইতেন; (গ) অতিরিক্ত খরচা বাড়িয়াছে; সরকারী রাজস্ব হইতেই উহার সরবরাহ হয়; ১৮৮৮-৮৯ সালের পূর্ব্বে হিসাবস্থলে এই খরচা স্বতন্ত্ররূপে নির্দ্দিষ্ট হইত না। উক্ত বৎসর হইতেই কেবল স্বতন্ত্ররূপে নির্দ্দিষ্ট হইতেছে, সুতরাং এই কয় বৎসরের মাত্র হিসাব দেওয়া যাইতে পারিবে। ৪র্থ উঃ—(ক) চৌদ্দবার; (খ) দেশপরিভ্রমণ ও অন্যান্য খরচের জন্য কতক টাকা নির্দ্দিষ্ট আছে। সরকারী রাজস্ব হইতেই ঐ টাকার সরবরাহ হইয়া থাকে। প্রতি বৎসরের খরচার হিসাব দেওয়া যাইতে পারে না।

৫ম উঃ—(ক) দেখিয়াছেন; (খ) সত্যাসত্য নির্ণয়ের জন্য কোনরূপ সরকারী তদন্ত করা হয় নাই; (গ) প্রতিনিধি ছোট লাট বাহাদুর এসম্বন্ধে কোনরূপ মতামত প্রকাশ করিবেন না; ঘটনাটি আঠার মাস হইল ঘটিয়াছিল; সেই সময়েই ইহার প্রতিকারের চেষ্টা পাওয়া উচিত ছিল। ৬ষ্ঠ উঃ—ঘটনাটি সত্য বলিয়াই ছোট লাট বাহাদুরের বিশ্বাস।

৭ম উঃ—সে সময়ে মিউনিসিপ্যালিটী ছিল না; ম্যাজিষ্ট্রেটও সিভিল সার্জ্জনই যতদূর পারিতেন দেশের স্বাস্থ্যপরিদর্শন করিতেন। ৮ম উঃ—বিচার স্থলে যে সকল কথা প্রকাশিত হইয়াছে তৎসম্বন্ধে একটি সম্পূর্ণ রিপোর্ট দিবার জন্য রাজসাহী বিভাগের কমিসনরকে অনুরোধ করা হইয়াছে। দুয়ার চা বাগানে যে সমস্ত কুলি থাকে তাহারা স্বাধীন কুলি; তাহারা শ্রম-আইনের বাধ্য নহে।

উল্লিখিত ৮টি প্রশ্ন ভিন্ন আর তিনটি প্রশ্ন ছিল—১ম প্রশ্ন, বিচারার্থ অপরাধীকে এক রাজ্য হইতে রাজ্যান্তরে অর্পণ বিষয়ক সন্ধি সম্বন্ধে; ২য়, শাসন ও বিচার ক্ষমতা পৃথক ব্যক্তির হস্তে ন্যস্ত করা সম্বন্ধে। ৩য় প্রশ্ন, দেশীয়গণকে পুলিসের উচ্চতর পদে নিয়োগ করার পক্ষে পবলিক সর্ভিস কমিসন যে অনুরোধ করিয়াছেন তাহা কার্য্যতঃ পরিণত হইয়াছে কি না। প্রথম প্রশ্নটি মিঃ উবলিউ সি বনার্জ্জি এবং শেষোক্ত দুইটি বাবু সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের কৃত। প্রথমটি স্থানীয় গবর্ণমেণ্টের আয়ত্তাধীনে নয় বলিয়া এবং অবশিষ্ট দুইটিতে যুক্তিতর্ক উঠিতে পারে বলিয়া উল্লিখিত তিনটি প্রশ্নই ব্যবস্থাপক সভায় উত্থাপন করিতে দেওয়া হয় নাই।

অতঃপর অনরেবল রিজলি সাহেব প্রস্তাবিত মিউনিসিপ্যাল আইন সম্বন্ধে কয়েকটি কথা বলিয়া আরও তিন জন ব্যক্তিকে সিলেক্ট কমিটীতে গ্রহণ করিবার প্রস্তাব করেন। প্রস্তাবটি গ্রাহ্য হয়; তদনুসারে মিঃ লায়াল কলিয়র, মিঃ লালমোহন ঘোষ ও সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় —এই তিন জন উক্ত কমিটীর নূতন সদস্য নিযুক্ত হইয়াছেন।

নবাব আবদুল লতিফ খাঁ বাহাদুর সি আই ই।

বাঙ্গালার মুসলমান সম্প্রদায়ের শিরোভূষণস্বরূপ নবাব আবদুল লতিফের মৃত্যু হইয়াছে। এ শোচনীয় সংবাদ আমরা ইতিপূর্ব্বেই আমাদিগের পাঠকবর্গকে জানাইয়াছি। নবাব বাহাদুরের বয়ঃক্রম ৬৫ বৎসর হইয়াছিল। একাদিক্রমে ৩৬ বৎসর কাল কর্ম্মক্ষেত্রে থাকিয়া তিনি সাধারণের বিশেষতঃ মুসলমান সম্প্রদায়ের যে সমস্ত মঙ্গলকর কার্য্য সম্পন্ন করিয়া গিয়াছেন তদ্দ্বারা তাঁহার নাম বাঙ্গালার হিন্দু মুসলমান সকলেরই চিরস্মরণীয় হইয়া থাকিবে। অপরিণত বয়সে মৃত্যু না হইলেও এখনও তাঁহার অনেক দিন বাঁচিবার সম্ভাবনা ছিল এবং আরও কিছু কাল বাঁচিয়া থাকিলে তাঁহাদ্বারা দেশের অনেক উপকার সাধিত হইতে পারিত।

ভারতের মুসলমানগণ ইংরাজী শিক্ষার উপর বীতশ্রদ্ধ ছিলেন। নবাব আবদুল লতিফের চেষ্টাতেই তাঁহাদের উহাতে ক্রমশঃ প্রবৃত্তি জন্মে। তাঁহারই চেষ্টায় কলিকাতার মাদ্রাসায় একটি এংলোপারস্য বিভাগ সংগঠিত হয়। ভূতপূর্ব্ব গবর্ণর জেনারেল লর্ড রিপণ কলিকাতা মাদ্রাসা পরিদর্শনে আসিলে নবাব বাহাদুরই উদ্যোগী হইয়া যে সমস্ত মুসলমানছাত্র প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইবে তাহাদিগের সুবিধার জন্য কতকগুলি স্থায়ী পুরস্কার ও বৃত্তির ব্যবস্থা করাইয়া লইয়াছিলেন। ফলতঃ মুসলমানদিগের উন্নতিকল্পে তিনি যতদূর করিয়াছিলেন তাঁহার সম্প্রদায়ভুক্ত

আর কেহই ততদূর করিয়া উঠিতে পারেন নাই।

১৮২৮ খৃঃ অব্দের মার্চ্চ মাসে নবাব আবদুল লতিফের জন্ম হয়। তাঁহার পিতা ইষ্টইণ্ডিয়া কোম্পানীর সাবেক সদর দেওয়ানী আদালতের এক জন বিখ্যাত উকিল ছিলেন। কলিকাতা মাদ্রাসায় বিশিষ্টরূপ শিক্ষা লাভ করিয়া ১৮৪৯ খৃঃ অব্দে তিনি আলিপুরের ডেপুটী ম্যাজিষ্ট্রেট নিযুক্ত হন। ১৮৫৩ খৃঃ অব্দে ভারতের তদানীন্তন গবর্ণর জেনারেল লর্ড ড্যালহৌসী তাঁহার হস্তে সাতক্ষীরা মহকুমার ভারার্পণ করেন। ঐ সময়ে তাঁহারই উদ্যোগে নীলকর সাহেবদিগের প্রজার প্রতি অত্যাচার গবর্ণমেণ্টের গোচর হয়। এক বৎসর মাত্র সাতক্ষীরায় থাকিয়া তিনি জাহানাবাদে বদলী হন। ইহার পর ১৮৫৯ খৃঃ অব্দে তিনি সুবর্ব্বন পুলিস কোর্টের ভার প্রাপ্ত হন এবং ঐ কর্ম্মে একাদিক্রমে ১৯ বৎসর কাল নিযুক্ত থাকেন। অতঃপর ১৮৭৭ সাল হইতে ৭ বৎসর কাল সিয়ালদহে অতিবাহিত করেন। লর্ড নর্থব্রুক বাহাদুর যখন ভারতবর্ষের গবর্ণর জেনারেল সেই সময়ে বিলাতের কমন্স সভাসংক্রান্ত আয়ব্যয় কমিটী ভারতের আয় ব্যয় সম্বন্ধীয় অবস্থা বিষয়ে সাক্ষ্য গ্রহণ করিতে ইচ্ছা করেন। এই উপলক্ষে তদানীন্তন ছোটলাট বাহাদুর স্যর জর্জ্জ ক্যাম্বেলের অনুরোধে গবর্ণর জেনারেল বাহাদুর আবদুল লতিফকেই বিলাত পাঠাইতে মনন করেন; কিন্তু ঐ সময়ে পার্লিয়ামেণ্ট বন্ধ হওয়ায় আর তাঁহাকে বিলাত যাইতে হয় নাই।

মুসলমানদিগের মধ্যে আবদুল লতিফই সর্ব্বপ্রথমে বাঙ্গাল গবর্ণমেণ্টের ব্যবস্থাপক সভায় আসনপ্রাপ্ত প্রাপ্ত হন। ১৮৬৩ খৃঃ অব্দে তাঁহাকে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের 'ফেলো' মনোনীত করা হয়। দেশীয়দিগের বিশেষতঃ মুসলমান সম্প্রদায়ের শিক্ষার উন্নতিকল্পে তিনি যে সকল কার্য্য করিয়াছিলেন সেই সকল কার্য্য স্মরণ করিয়া স্যরজন লরেন্স নিজের স্বাক্ষরিত একখানি গ্রন্থ তাঁহাকে উপহার দেন।

১৮৮১ সালের ডিসেম্বর মাসে নবাব বাহাদুর ভূপালের বেগমের প্রধান মন্ত্রিত্ব পদ গ্রহণ করেন। ঐ কার্য্যে তিনি বেগমের ও ভারত গবর্ণমেণ্টের বিশেষ সন্তোষভাজন হইতে পারিয়াছিলেন। ১৮৭৬ সালে তুরুষ্ক গবর্ণমেণ্টের সহিত সর্ভিয়া রাজ্যের যখন শত্রুতা আরম্ভ হয় সেই সময়ে আহত তুরুষ্কদিগের জন্য সভা করিয়া মুসলমানগণের নিকট হইতে অর্থ সংগ্রহ করেন এবং তুরুষ্ক রাজকে সাহায্য করিবার জন্য ব্রিটিস গবর্ণমেণ্টের নিকট প্রার্থনা করেন। তুরুষ্ক রাজ তাঁহার এই ব্যবহারে সবিশেষ সন্তুষ্ট হইয়া তাঁহাকে 'মেজিদি' উপাধি প্রদান করিয়াছিলেন। ওহাবি গোলযোগের সময় তিনি ব্রিটিস গবর্ণমেণ্টের অনুকূলে উক্ত গোলযোগ নিবারণের চেষ্টা পাইয়াছিলেন। ১৮৮৫ খৃঃ অব্দে তিনি সরকারী কার্য্য হইতে অবসর গ্রহণ করেন। এবং ষ্টেট সেক্রেটরী তাঁহার বার্ষিক বিশেষ পেন্সন ৬ হাজার টাকা নির্দ্দিষ্ট করিয়া দেন। তিনি এযাবৎ উক্ত পেন্সন ভোগ করিয়া আসিতেছিলেন। শুনা যায় তিনি ৩৬ বৎসর কাল সরকারী কার্য্যে নিযুক্ত থাকিয়া ব্যারামের জন্য কেবল মাত্র ৪ মাস কাল কর্ম্মে অনুপস্থিত ছিলেন।

১৮৭৬ খৃঃ অব্দে দিল্লীর দরবারে তাঁহাকে এম্প্রেস মেডেল দেওয়া হয়। এই সময়ে তিনি খাঁ বাহাদুর এবং ইহার ৩ বৎসর পরে নবাব উপাধি প্রাপ্ত হন। ১৮৮৩ খৃঃ অব্দে তাঁহাকে সি আই ই উপাধি দেওয়া হয়।

এইরূপে বাঙ্গালায় হিন্দুমুসলমান সকলের নিকট হইতে সমধিক শ্রদ্ধা ও আদর পাইয়া এবং সরকারী কার্য্যের সুচারু সম্পাদনে গবর্ণমেণ্টের নিকট বিশেষ খ্যাতি ও প্রতিপত্তি লাভ করিয়া নবাব আবদুল লতিফ বাহাদুর উপযুক্ত দুই পুত্র সন্তান রাখিয়া চিরদিনের জন্য ইহলোক হইতে প্রস্থান করিলেন। তাঁহার মৃত্যুতে বাঙ্গালার মুসলমান সম্প্রদায় হীনপ্রভ হইয়া পড়িল এবং মুসলমান সমাজের অবলম্বন স্বরূপ একটি প্রধান স্তম্ভ অপসারিত হইল।

আমাদের জানা আছে, আবদুল লতিফের যখন পাঠাবস্থা সেই সময়ে সমপাঠীদিগের সহিত কথাবার্ত্তা প্রসঙ্গে এক সময়ে তিনি বলিয়াছিলেন, "দেশীয় ব্যক্তি যত বড় উচ্চপদ পাইতে পারে, তত বড় উচ্চপদ আমি লাভ করিব।" নিজের বুদ্ধি ও উদ্যোগিতাবলে তিনি সেই অভিপ্রেত সাধনে অনেকাংশে কৃতকার্য্যও হইয়াছিলেন। শ্রম ও অধ্যবসায়শীল ব্যক্তি-

গণ বাল্যে কোন উচ্চ উদ্দেশ্যকে মনে রাখিয়া স্থিরভাবে তাহার অনুসরণ করিয়া চলিলে ভবিষ্যতে যে তাহাতে অনেক স্থলেই কৃতকার্য্য হইয়া থাকেন নবাব আবদুল লতিফের জীবন তাহারই দৃষ্টান্ত।

আদম সুমারির বিজ্ঞাপনী।

(প্রাপ্ত)

(৪)

৬০ বৎসর ও ততোধিক বয়স্ক লোকের শতকরা হার কোন সমাজে কত তাহা পর্য্যালোচনা করিলে সেই সমাজস্থ লোকের জীবনী শক্তি কিরূপ তাহা বুঝিতে পারা যায়। ফ্রান্সে পুরুষের মধ্যে ৬০ এবং ততোধিক বয়স্কের হার শতকরা ১১·৮, ইংলণ্ডে ৬·৯, অষ্ট্রীয়ায় ৭·৫, ইটালীতে ৯, মার্কিন শ্বেত পুরুষদিগের মধ্যে ৫·৮ ,তথায় নিগ্রোদের মধ্যে ৪·৬, প্রুসিয়ায় ৭·৩, মাদ্রাজে ৫·১, বোম্বাইয়ে ৪·১, উপঃ প্রদেশে ৪·৯, পঞ্জাবে ৩·২, দশ বৎসর পূর্ব্বে ১৮৮১ অব্দে পঞ্জাবে ৫·৭ ছিল। ম্যালেরিয়ার প্রাদুর্ভাবে পঞ্জাবের কি দশা হইতেছে তাহা ইহাতেই জানা যায়। সুবা বাঙ্গালায় ৪·৯; তন্মধ্যে উত্তর বাঙ্গালার হিন্দুর মধ্যে ৫, মুসলমানের মধ্যে ৩, পূর্ব্ব বাঙ্গালার হিন্দুর মধ্যে ৫·৬, মুসলমানের মধ্যে ৪·১, পশ্চিম বাঙ্গালার হিন্দুর মধ্যে ৪·৭, মুসলমানের মধ্যে ৪·৪। বৃষ্টি ও ততোধিক বয়স্কা বৃদ্ধার পরিমাণ ইটালিতে মার্কিন দেশে এবং বাঙ্গালার মুসলমানদিগের মধ্যে বৃদ্ধের অপেক্ষা কম। উল্লিখিত অপর সকল দেশীয় লোকের মধ্যেই বৃদ্ধার শতকরা হার বৃদ্ধের অপেক্ষা কিছু অধিক।

৫ বৎসরের ন্যূন বয়স্কদিগের হিসাব দেখিলে জানা যায় যে উল্লিখিত কয়েকটি ইউরোপীয় দেশেই ছেলের পরিমাণ মেয়ের অপেক্ষা অধিক। ভারতের সর্ব্বত্র এবং মার্কিন দেশের শ্বেতকৃষ্ণ উভয়ের মধ্যেই মেয়ের পরিমাণ কিছু অধিক। মনুষ্য শরীরের উপর জলবায়ুর ক্ষমতা এমনি অপরিহার্য্য যে ইউরোপীয়েরা আপনাদের ধর্ম্ম এবং আচার ব্যবহার অক্ষুণ্ণ রাখিলেও প্রীষ্ম প্রধান মার্কিন দেশে অধিকতর সংখ্যায় কন্যা সন্তান জনন করিতেছেন। এক বিবাহকারী টিউনবংশীয়দিগের মধ্যে কেহ কেহ যে আমেরিকায় বহু বিবাহকারী হইতেছেন মার্কিন দেশে অধিকতর সংখ্যায় কন্যা সন্তান হওয়া যে তাহার একটি গূঢ় কারণ নয় এরূপ বলা যায় না। বাসস্থানের প্রভেদে শারীর ধাতুর প্রভেদ এবং ধাতুর প্রভেদে রীতি নীতির প্রভেদ এই সকল স্থলে সুস্পষ্টরূপেই লক্ষিত হয়। এই সকল বিষয় চিন্তা করিয়া দেখিলে কোন দেশে অপর দেশের রীতি নীতির প্রবেশন চেষ্টা যে কত অল্পদর্শিতার কার্য্য তাহা বুঝিতে পারা যায়।

৫ বৎসরের ন্যূন বয়স্ক বালকবালিকার পরিমাণ ফ্রান্সেই সর্ব্বাপেক্ষা কম। বালক শতকরা ৯·৩ মাত্র। ইংলণ্ডে শতকরা ১৩·৯। ফ্রান্সের প্রজা সংখ্যা একেবারেই বাড়িতেছে না। ভারতের বিভিন্ন প্রদেশে ৫ বৎসরের ন্যূন বয়স্ক বালক সংখ্যা ১২·১ (উপঃপ্রদেশ) হইতে ১৬·৯ (আসাম) পর্য্যন্ত। বাঙ্গালায় ঐ বয়সের বালক সংখ্যা ১৩·৯, বালিকার ১৪·৯, পাঁচ বৎসরের ন্যূন এবং ৬০ বৎসরের অধিক বয়স্কদিগের কথা মোটা মুটি একরূপ বলা হইয়াছে। প্রত্যেক সমাজে কোন্ বয়সের কত লোক থাকে তাহার আভাস পাওয়া যাইবে বলিয়া নিম্নে একটি তালিকা দেওয়া গেল। বয়সের তালিকায় আদমসুমারির অন্যান্য তালিকা অপেক্ষাও অধিক ভুল হইয়া থাকে। সকল লোকে আপনার বয়স ঠিক বলিতে পারে না। তথাপি মোটামুটি অনেকটা বিবরণ জানা যায়।

দেশ	৫ হইতে ১৫	১৫ হইতে ২০	২০ হইতে ৪০	৪০ হইতে
	১৫ বৎসরের	১৯ বৎসরের	৩৯ বৎসরের	৫৯ বৎসরের
ইংলণ্ড—				
(পুরুষ)	২৩·৫	১০·	৩৭·৭	৬·৮
(স্ত্রী)	২০·	৯·৫	৪০·৩	৭·১
ফ্রান্স (পুরুষ)	১৭·৯	৮·০	৪২·৭	১০
ইটালী—				
(পুরুষ)	২৩·৪	৯·১	৩৬·৪	৮·৮
মার্কিন—				
(শ্বেতপুরুষ)	২৩·৬	৯·৭	৪০·৮	৮·২
বাঙ্গালা—				
(পুরুষ)	২৪·৪	৮·১	৩৯·৯	৫·৬
(স্ত্রী)	২৯·৫	৮·৩	৩৮·৪	৫·৮

২০ হইতে ৪৯ পর্য্যন্ত বয়সের লোকেরাই সর্ব্বাপেক্ষা কার্য্যক্ষম। যে সমাজে ঐ বয়সের লোক যত অধিক পরিমাণে পাওয়া যায় তাহারই অবস্থা তত ভাল বলিতে হইবে। এত অন্তরায় সত্ত্বেও সে হিসাবে বাঙ্গালা ইংলণ্ড ইটালী অপেক্ষা ভাল। আমাদের সমাজ সংস্কারকেরা একবার যদি এই সকল কথা ভাবিয়া দেখেন তাহা হইলে বুঝিতে পারেন যে তাহারা যে সমাজের সংস্কারে স্পর্দ্ধা করেন তাহা কেমন জিনিষ।

আদম সুমারির বিজ্ঞাপনী সম্বন্ধে বাঙ্গালা গবর্ণমেণ্টের মন্তব্য ১৯ শে জুলাইয়ের কলিকাতা গেজেটে প্রকাশিত হইয়াছে। বর্ণভেদ যে, মৌলক আকর ভেদের উপর অবস্থাপিত, ব্যবসায় ভেদ মাত্র নহে, তাহা ঐ মন্তব্যে এক প্রকারে স্বীকৃত হইয়াছে। এই মত মনুসংহিতাতেই সুস্পষ্টরূপে লিখিত আছে। কিন্তু ইউরোপীয়েরা কেহ কেহ আজ কাল মাত্র উহা স্বীকার করিতেছেন এবং এক্ষণে রিজলী সাহেবই এই মতের প্রধান সমর্থনকারী। ইউরোপীয়েরা সাধারণতঃ এদেশীয় মতের উপেক্ষা করিয়া চলিতেই ভাল বাসেন। যখন উহাঁরা মোঙ্গলইড লোহিটিক, পেটি সিয়ান প্রভৃতি ইংরাজী শব্দ ব্যবহার করেন তখন যাহা ইচ্ছা তাহাই করুন, কিন্তু যখন বৈশ্য, ব্রাহ্মণ, নরশাক প্রভৃতি দেশীয় শব্দ ব্যবহার করেন তখন দেশীয় অর্থে করিলেই ভাল হয়। ও ডানেল সাহেব তাঁহার বিজ্ঞাপনীতে নিম্নলিখিতরূপে জাতি বিভাগ করিয়াছেন।

১ম। বৈশ্য বা আর্য্য উপনিবেশিক।

২য়। অধীন জাতি।

১ম বৈশ্যদিগের মধ্যে আবার তিন ভাগ।

(ক) পেটি সীয় বা উচ্চ শ্রেণী যথা ব্রাহ্মণ, বাহুন, ভাটি রাজপুত।

(খ) আসল বৈশ্য বা প্রীবিয় বা সাধারণ মধ্য শ্রেণী। যথা—বৈদ্য, বেনিয়া কায়স্থ, করণ।

(গ) শূদ্র বা নিম্নশ্রেণী শূদ্রের মধ্যে (১) নবশাখ বা বিশুদ্ধ বৃত্তিজনিত জাতি। যথা—বর্ত্তি, গাঁরেড়ি, চাসা, সদ্‌গোপ, কাছার, কাঁসু, কাঁসারি, সোণার এবং গোপ মালী প্রভৃতি আর নয়টি প্রসিদ্ধ নরশাক জাতি। (২) অস্পৃশ্য জাতি; —যথা চামার ধোপা, হাড়ি, জেলে, যুগী, কপালী, কেওট, মালা, মুনিয়া, পাসি, সুড় এবং শুঁড়ি।

২য়, অধীন জাতির মধ্যে দুই ভাগ (ক) মোঙ্গোলীয় (গ) দ্রাবিড়ীয়।

(ক) মোঙ্গলীয়দিগের মধ্যে আবার দুই ভাগ।

(১) হিন্দুভাব প্রাপ্ত যথা—বাগদি, বাউরি, ডোম, দোশাদ, কৈবর্ত্ত, খাণ্ডায়েত, কোইরি, কুরমি, মাল ইত্যাদি।

(২) আদিম যথা—ভুঁইয়া ভূমিজ, কোল, সাঁওতাল ইত্যাদি

(খ) দ্রাবিড়ীয়দিগের মধ্যে

(১) হিন্দুভাব প্রাপ্ত, যথা—চঞ্চাল, গোঁড়ি, কোচ, পোদ, তিয়র, সিন্ধ ইত্যাদি।

(২) আদিম যথা—চকমা, গারো, মগ, খাক্ষ ইত্যাদি।

আমরা এইরূপ জাতি বিভাগ একান্ত ভ্রম পূর্ণ মনে করি। ব্রাহ্মণাদি বর্ণ বৈশ্যের মধ্যে এবং শূদ্রের সহিত এক শ্রেণীর মধ্যে কি জন্য যায়? নবশাক বা নবশায়কেরা নয়ের স্থলে সতের কেন হয়? চামারেরা কিরূপ বৈশ্য? কৈবর্ত্তেরা কিজন্য তাহাদের অপেক্ষাও দূরে গিয়া পড়িল? এই সকল এবং অন্যান্য অনেক প্রশ্ন মনে উঠিয়া বোধ হয় যে এগুলির মূল থামথেয়ালী ভিন্ন আর কিছুই নহে। আমাদের শাস্ত্রে রাজাকে বিশাম্পতি বলে, এবং বৈশ্যেরাও দ্বিজাতি বটে কিন্তু তাহাতে ব্রাহ্মণ বৈশ্য হয় না। নবশায়ক শব্দের অপভ্রংশে নবশাক। তাহাকে শুদ্ধ করিতে গিয়া কেহ কেহ নবশাখ বলে। নবশাখ নয়টি সতরটি নহে।

গোপমালী তথা তৈলী তন্ত্রীমোদক রাজকী।
কুলালঃ কর্ম্মকারশ্চ নাপিতো নবশায়কঃ॥

সেই জন্য পুনর্ব্বার বলি যে যখন ব্রাহ্মণ বৈশ্য নবশাক প্রভৃতি দেশীয় শব্দের প্রয়োগ হয় তখন যথাযুক্ত দেশীয় অর্থে প্রয়োগ হইলেই ভাল হয়।

প্রাপ্তিস্বীকার ও সমালোচনা।

৺ রাজা দিগম্বর মিত্রের জীবনী (নূতন পুস্তক)—রাজা দিগম্বর মিত্র সি, এস, আই, এই নাম দিয়া "হিন্দুর ভ্রমণবৃত্তান্ত" প্রভৃতি উৎকৃষ্ট ইংরাজী পুস্তকের লেখক বাবু ভোলানাথ চন্দ্র ইংরাজী ভাষায় ৺দিগম্বর মিত্রের জীবনী লিখিয়াছেন। খ্যাতনামা ও প্রতিভাশালী ৺ রামগোপাল ঘোষের একটি কথা উদ্ধৃত ও সমর্থন করিয়া ভোলা নাথ বাবু অতি সুন্দররূপে গ্রন্থারম্ভে দেখাইয়াছেন যে, এ দেশের এখন যেরূপ অবস্থা তাহাতে বিশেষ প্রতিভাশালী ব্যক্তিরাও আর খুব বড় হইতে পারেন না। উত্তরপাড়ার ৺ জয়কৃষ্ণ মুখোপাধ্যায়ের সম্বন্ধে ভোলানাথ বাবু বলিয়াছেন যে, অন্য সময়ে বা অন্য দেশে তিনি এক জন অত্যুচ্চ রাজনীতিজ্ঞ পুরুষ হইতে পারিতেন। আমাদেরও বরাবর ঐরূপ বিশ্বাস আছে। দিগম্বর মিত্রেরও বিষয়জ্ঞতা এবং কার্য্যক্ষমতা অসাধারণ ছিল। তিনি ১৮১৭ অব্দে কোন্নগরে জন্ম গ্রহণ করিয়া এবং হিন্দু কলেজে পাঠ সম্পন্ন করিয়া ক্রমান্বয়ে শিক্ষক, কালেক্টরির কেরাণী, দেওয়ানী আদালতের আমিন, জমিদারীর অধ্যক্ষ, নীলকুঠির, রেসমের এবং অন্যান্য কারবারের পরিচালক এবং জমিদার ও সরকারী ইজারদার হইয়া মফস্বল সম্বন্ধে যেরূপ অভিজ্ঞতা লাভ করিয়াছিলেন, খুব কম লোকের সেরূপ অভিজ্ঞতা হইয়া থাকে। ব্রিটিশ ইণ্ডিয়ান সভার সেক্রেটরী এবং শেষে সভাপতি হইয়া এবং বঙ্গীয় ব্যবস্থাপক সভার সভ্যরূপে তিনি ড্রেনেজ কমিসনে এবং সেস করের বিচারাদিতে সেই বহুজ্ঞতার পরিচয় দিয়াছিলেন। ভোলানাথ বাবুর পুস্তকে উদ্ধৃত তাঁহার স্বাস্থ্য আইন সম্বন্ধীয় মতগুলি এখন সকলেরই আলোচনার যোগ্য।

তাঁহার সমকালীন ইংরাজী শিক্ষিতদিগের মধ্যে সাহেবী-চাল ও সাহেবী ধরণ যেরূপে অসঙ্কুচিতভাবে প্রশ্রয় পাইয়াছিল, রাজা দিগম্বর মিত্রেও সেই সকল দোষস্পর্শ করিয়াছিল বটে, কিন্তু বিষয়জ্ঞতা থাকায় তিনি সকল বিষয়েই সকল সাহেবী মতে ভুলিতেন না। ১৮৭৯ খৃঃ অব্দে তাঁহার কলিকাতার বাটীতে রাজা দিগম্বরের মৃত্যু হয়। তিনি সামান্য অবস্থা হইতে নিজ ক্ষমতায় ধনাঢ্য জমিদার এবং রাজপুরুষদিগের সম্মানাস্পদ হইয়াছিলেন।

যেমন বড় বড় কলাবতদিগের গাহনায় করতোপের গৌরব থাকে, ভোলানাথ বাবুর ইংরাজী লেখা সেই রূপই গৌরবান্বিত। ইংরাজী গ্রন্থাদির অসংখ্য বাক্যাবলী অনর্গলভাবে তাঁহার লেখনী বিনিসৃত হইয়া সমুদ্ধৃত চিহ্ন সংযোগে তাঁহার বিরচিত গ্রন্থখানিকে অপূর্ব্ব কারুকার্য্য খচিত হর্ম্ম্যতলের শোভা প্রদান করিয়াছে। ভোলানাথ বাবুর বর্ণনা বৈচিত্র্য রঙ্গবিন্যাসপটু চিত্রকরের আলেখ্যে বিবিধ বর্ণের সমুজ্জ্বল সমাবেশের ন্যায় প্রতীয়মান হয়।

এই পুস্তকখানি প্রণয়ন করিয়া ভোলানাথ বাবু একটি অভাব দূর করিলেন সন্দেহ নাই। তবে বাঙ্গালা ভাষায় গ্রন্থাদি লিখিত হইলে আমরা অধিকতর সুখী হই। সমাজসংস্কারের মোহে মুগ্ধ ব্যক্তিগণেরও স্বদেশীয় ধর্ম্ম এবং আচার ব্যবহারের উপর বিদ্বেষ ও ব্যঙ্গোক্তি মাতৃভাষায় লিখিতে হইলে অনেকটা কম তীব্রভাব ধারণ করে। ইংরাজী সম্বাদপত্রে এবং ইংরাজী বক্তৃতাদিতে ঐ বিদ্বেষ সর্ব্বদাই এরূপ প্রকট থাকে যে ইংরাজী ভাষায় লিখিতে গেলে ঐ

সকল বাঁধা গৎ সহজেই আসিয়া পড়ে। বিশেষতঃ ইংরাজী লিখিতে গেলে ইংরাজ পুরুষই লেখকের মানস-চক্ষে পাঠকরূপে বিদ্যমান থাকেন, সুতরাং যে সকল কথা ইংরাজেরা ভালবাসেন লেখকের তাহাই লিখিতে ইচ্ছা হয়।

হেয়ার প্রেসের ছাপার এবং বাঁধাইয়ের প্রশংসা না করিয়া এই পুস্তকখানির সমালোচনা শেষ করিলে অন্যায় করা হয়। উভয়ই খুব ভাল হইয়াছে।

সরল পদ্যপাঠ ১ম ভাগ—শ্রীকালীকুমার ভৌমিক কর্ত্তৃক প্রণীত। ৫৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। মূল্য দশ পয়সা। পুস্তক খানির অনেক স্থলই বালকদিগের পাঠ্য বলিয়া আমাদের বোধ হইয়াছে।

সরল প্রাণি-বিজ্ঞান—শ্রীপ্রফুল্লচন্দ্র রায় ডি এস সি সঙ্কলিত। এই পুস্তক খানিতে কেবল মেরুদণ্ড বিশিষ্ট প্রাণীর বিবরণ লিখিত হইয়াছে। প্রথমতঃ স্তনাপায়ী বিড়াল জাতীয়, পরে কুক্কুর জাতীয়, তৎপরে নকুল জাতীয়, ইত্যাদি ক্রমে শ্রেণী বিভাগ পদ্ধতির অবলম্বনে নূতন নূতন তত্ত্বের সন্নিবেশ পূর্ব্বক প্রাণিতত্ত্ব নির্ণয়ে প্রথম পাঠার্থীদিগের যাহাতে প্রবৃত্তি জন্মে এরূপ ভাবে গ্রন্থকার পুস্তক খানির সঙ্কলন করিয়াছেন। এবং অতীতরা বিষয়গুলি শিক্ষার্থীদিগের নিকট যাহাতে পরিস্ফুট হয় এই উদ্দেশ্যে পুস্তক খানি মধ্যে ৫৯টি সুসম্পন্ন চিত্র সন্নিবেশিত করা হইয়াছে। গ্রন্থকার ভূমিকায় বলিয়াছেন, "অনেক দিন হইতে সরল বিজ্ঞান মাইনর ও ছাত্রবৃত্তি পরীক্ষার পাঠ্য বিষয়ের অন্তর্ভূত হইয়াছে; কিন্তু পদার্থবিদ্যা, রসায়ন ও উদ্ভিদবিদ্যা ব্যতীত অন্য কোন বিজ্ঞান ঐ সকল শ্রেণীর পাঠ্য-স্বরূপে নির্দ্দিষ্ট নাই। পদার্থবিদ্যা ও রসায়ন পরীক্ষাসাপেক্ষ বিজ্ঞানশাস্ত্র। বহুমূল্য যন্ত্র ও সুশিক্ষিত অধ্যাপকের সাহায্য ভিন্ন এই দুই বিষয়ে ব্যুৎপত্তি লাভ করা সুকঠিন। মধ্য শ্রেণীর স্কুলগুলির প্রায় যেরূপ তাহাতে যন্ত্র ও বিজ্ঞানে ব্যুৎপন্ন শিক্ষক একত্র সমাবেশ হওয়া দুর্ঘট। কিন্তু প্রাণি বিজ্ঞান শিক্ষা করিবার সুবিধা অপেক্ষাকৃত অনেকটা আমাদের দেশে আছে।" আমরা গ্রন্থকারের এই কথাগুলির অনুমোদন করি। আমাদের বিবেচনায় মধ্য ছাত্রবৃত্তি পরীক্ষায় রসায়ন প্রভৃতির ন্যায় 'প্রাণি বিজ্ঞান'কেও পরীক্ষার অন্যতম পাঠ্য বিষয় (optional subject) স্বরূপে গ্রহণ করিলে মন্দ হইবে না।

The Chaitanya Library Journal—Vol 1, No 2.

—প্রথম সংখ্যার ন্যায় এই সংখ্যারও অনেক স্থল পাঠে আমরা পরিতুষ্ট হইয়াছি।

পণ্ডিত (আর্য্যধর্ম্ম প্রচারক মাসিক পত্র)—পণ্ডিতসমিতি কর্ত্তৃক সম্পাদিত। আমরা ইহার প্রথমাবধি ও সংখ্যাই পাঠ করিয়া পরিতুষ্ট হইয়াছি। সমিতির উদ্দেশ্য সাধু। আমরা পত্রিকা খানির সুদীর্ঘ জীবন এবং উত্তরোত্তর উন্নতি কামনা করি।

মডেল কাকা—(উপন্যাস) 'স্বর্ণলতা' নামক পুস্তকের অনেকটা অনুসরণ করিয়া এই উপন্যাস খানি রচিত হইয়াছে। কোন কোন স্থল এক আধটু অস্বাভাবিক হইলেও মোটের উপর পুস্তক খানি মন্দ হয় নাই।

বামাবোধিনী পত্রিকা—আষাঢ় ১৩০০।

ধর্ম্ম প্রচারক—আষাঢ় শকঃ ১৮১৫।

কল্পভূমি—আষাঢ় ১৩০০।

The Light of the East—July 1893.

সাথী—আষাঢ় ১৩০০, ৩য় সংখ্যা।

বিদ্যোদয়ঃ—শ্রাবণ ১৩০০।

সংস্কৃত চন্দ্রিকা—১ম খণ্ড ৩য় সংখ্যা।

বিদ্যার বন্ধু—June 1893.

উপজাতিয় প্রতিনিধি—আষাঢ় ১৩০০।

কল্প—শ্রাবণ ১৩০০।

বেদব্যাস—আষাঢ় ১৩০০।

সজ্জনতোষিণী—শ্রাবণ ১৩০০।

পূর্ণিমা—আষাঢ় ১৩০০।

তত্ত্ববোধিনী—আষাঢ়, শ্রাবণ শকঃ ১৮১৫।

নব্যভারত—জ্যৈষ্ঠ ও আষাঢ় ১৩০০।

বিজ্ঞ বৃন্দাবন (বিবিধ বিষয় বিজ্ঞপিত মাসিক পত্র)—জুলাই ১৮৯৩, আমরা এই পত্রিকার মাত্র ১ খণ্ড প্রাপ্ত হইয়াছি, পূর্ব্ব পূর্ব্ব খণ্ডগুলি পাই নাই। সমালোচনা বারান্তরে করিব।

দারোগার দপ্তর (চোরের উপর)—পূর্ব্ব কয়েক খণ্ডের ন্যায় এই খানি পড়িয়াও আমরা আহ্লাদিত হইয়াছি।

Report of the Chinsurah Ratepayers Association for the year ending May 1893.—

পূর্ব্ব বৎসর অপেক্ষা এ বৎসরে এই করদাতৃসভার সদস্য সংখ্যা বৃদ্ধি পাইয়াছে। পূর্ব্ব বৎসরের তুলনায় এ বৎসরে সঞ্চয় জন্য অপেক্ষাকৃত কিছু বেশী টাকা আদায় হইলেও ব্যয় পূর্ব্ব বৎসরাপেক্ষা কম হইয়াছে। জল নিকাশ, জল সরবরাহ, মিউনিসিপাল আইন সংশোধনের পাণ্ডুলিপি, জল নিকাশ ও জল সরবরাহের সর্ব্বত্র সুবন্দোবস্ত বিধান জন্য ছোটলাট বাহাদুরের বৈঠকে নূতন আইন সংগঠন বিষয়ক প্রস্তাব—উক্ত বৎসর সভায় এই সমস্ত বিষয়ের যথাবিধি আলোচনা হইয়াছিল। চুঁচুড়ার খাস মহলের যে সকল প্রজা খরিদ অথবা উত্তরাধিকারিসূত্রে আপন আপন জোত দখল করিতেছেন তাঁহারা ঐ সমস্ত জোত সাবেক প্রজার নামের পরিবর্ত্তে যাহাতে স্ব স্ব নামে রেজেষ্টরী করিয়া লয়েন এই মর্ম্মে এক আদেশ সরকার হইতে জারি হয়। করদাতৃসভা উক্ত আদেশ কার্য্যতঃ পরিণত হইলে যে সমস্ত অসুবিধা ঘটিতে পারে, সেই সমস্ত অসুবিধার উল্লেখ পূর্ব্বক এতৎসম্বন্ধে কলেক্টরের নিকট এক খানি আবেদন শীঘ্র দাখিল করিবেন বলিয়া রিপোর্টে বলা হইয়াছে। আমরা উক্ত করদাতৃসভার এক বৎসরের কার্য্যপ্রণালীর পর্য্যালোচনা করিয়া পরিতুষ্ট হইয়াছি।

পত্রপ্রেরকগণ।

শ্রীরামপদ বন্দ্যোপাধ্যায়—বাঁশবেড়িয়া—লিখিয়াছেন—"৬ই শ্রাবণের এডুকেশন গেজেটে আদম সুমারি বিষয়ক প্রবন্ধ পাঠ করিয়া সন্তুষ্ট হইলাম। উক্ত প্রবন্ধ সাধারণ লোকের জ্ঞাতব্য। তাহাতে নানাবিষয়ের সমালোচনা হইয়াছে। গবর্ণমেণ্ট প্রচারিত আদমসুমারির সঙ্খ্যা হইতে জাতিসম্বন্ধীয় কিয়দংশ উদ্ধৃত করিলাম।" তিনি এই কথা বলিয়া একটী তালিকা উদ্ধৃত করিয়া দিয়াছেন। তাহাতে ব্রাহ্মণদিগকে বৈশ্য জাতির অন্তর্নিবিষ্ট করা হইয়াছে। ব্রাহ্মণকে বৈশ্যের মধ্যে বসান আমাদের মতে অসঙ্গত। কিন্তু এই সকল বিষয়ের অনুসন্ধিৎসা পত্রপ্রেরকের পক্ষে প্রশংসনীয়।

বাঁশেরবাদা উঃ প্রাঃ স্কুলের শিক্ষক শ্রীরসিকলাল মজুমদার লিখিয়াছেন—"গত ১০ই আষাঢ় তারিখের এডুকেশন গেজেটে পাবনা সাঁথিয়া স্কুল হইতে বাবু জটাধর দাস মহাশয় রচিত 'কিরণ বালা' শীর্ষক কবিতাটি লিখিয়াছেন, ঐ কবিতাটি একবার ইতিপূর্ব্ব ১২৯৫ সালের বৈশাখ মাসের 'দীপিকা' নাম্নী মাসিক পত্রিকায় প্রকাশিত হইয়াছিল।" ভরসা করি জটাধর বাবু ইহার তথ্য আমাদিগকে জানাইবেন।

সাপ্তাহিক সংবাদ।

[কলিকাতা] এই বৎসর যে কোন লেখিকা "হিন্দুনারীর গার্হস্থ্য ধর্ম্ম" সম্বন্ধে বঙ্গভাষায় সর্ব্বোৎকৃষ্ট প্রবন্ধ লিখিতে পারিবেন, তাঁহাকে কলিকাতা "পীস এসোসিয়েশন" নামক সভা "বিদ্যাসাগর পদক" নামক একটী রৌপ্য পদক প্রদান করিবেন। বঙ্গ সাহিত্যে সুবিখ্যাত শ্রীযুক্ত বাবু চন্দ্রনাথ বসু এম এ ও শ্রীযুক্ত বাবু রজনীকান্ত গুপ্ত মহাশয় পরীক্ষার ভার গ্রহণ করিয়াছেন। প্রবন্ধগুলি ৩০শে সেপ্টেম্বর তারিখের মধ্যে ৩৪নং সার্পেণ্টাইন লেনে কলিকাতার সম্পাদক বাবু প্রবোধ প্রকাশ সেন গুপ্ত এম এর নিকট পাঠাইতে হইবে। ৩ শে সেপ্টেম্বরের পর আর কোন প্রবন্ধ গৃহীত হইবে না।

মহরম উৎসব উপলক্ষে জাঁক জমক করিয়া রাস্তায় দল বাঁধিয়া বাহির হইবার জন্য সকল মুসলমানকে এবারে পাস দেওয়া হয় নাই। পুলিস ইনস্পেক্টর তদন্তে যাহাদিগের স্বভাব চরিত্র ভাল বলিয়াছিলেন কেবল তাহাদিগকেই পাস দেওয়া হইয়াছিল।

আগামী ২৯ শ্রাবণ, রবিবার অপরাহ্ণ ৩ ঘটিকার সময়, ১৩নং মুন্সাপুর ষ্ট্রীট সিটি কলেজের ভবনে ফরিদপুর সুহৃদ সভার ত্রয়োদশ বার্ষিক অধিবেশন হইবে। ভোটের কাগজ ছাপা হইয়াছে। যাঁহারা তাহা পান নাই তাঁহারা দয়া করিয়া ২১০। ৪নং কর্ণওয়ালিস ষ্ট্রীট সভার কার্য্যালয়ে জানাইবেন। সভ্য জনের উপস্থিতি একান্ত প্রার্থনীয়।

মেকিনন মেকিঞ্জি কোম্পানির বড় কর্ত্তা মেকিনন সাহেবের মৃত্যু হইয়াছে। মৃত্যুকালে তিনি ভারতে পুষ্টধর্ম্ম প্রচারের জন্য ১ লক্ষ টাকা এবং কলিকাতার আফিসের যত দেশীয় কেরাণীদিগের জন্য ১ লক্ষ টাকা দিয়া গিয়াছেন। (দৈনিক)

[প্রেসিডেন্সী] সাতক্ষীরা হইতে এক ব্যক্তি লিখিয়াছেন—খুলনা জেলার অন্তর্গত সাতক্ষীরা সাবডিবিসনের দক্ষিণ পশ্চিম প্রায় ছয় মাইল মধ্যে বহরা গ্রামে ৬ জন লোক ১ খানি খিয়া নৌকায় নদী পার হইতেছিল এমন সময়ে প্রবল ঝড় উঠিয়া নৌকাখানি বুড়িয়া যাওয়ায় ঐ ছয় জনেরই মৃত্যু হইয়াছে। মাঝি কোনরূপে বাঁচিয়াছে। অবস্থা ডিপুটী মাজিষ্ট্রেট বাবু স্বয়ং তদন্ত করিতে গিয়া বিশেষ প্রমাণ দ্বারায় জানিয়াছেন যে, দৈব দুর্ঘটনা বশতঃই ঐরূপ ঘটিয়াছে। তিনি এই ব্যবস্থা করিয়াছেন যে অতঃপর মাঝি ভাল না হইলে নৌকা বাহিতে পাইবে না।

—কয়েকদিনের অতি বৃষ্টিতে মফস্বলের রাস্তায় অতিশয় কাদা হওয়ায় সাধারণের যাতায়াত এক প্রকার বন্ধ হইয়াছে এবং চাষেরও অসুবিধা ঘটিতেছে। পাট একবারে নষ্ট হইয়াছে।

ছোটনাগপুরের মহারাজের ভ্রাতা কুমার জগন্মোহন সাহী দেব ছোট লাট বাহাদুরের রাঁচিগমন উপলক্ষে রাঁচির দাতব্য ঔষধালয় সংক্রান্ত একটি স্ত্রীহাসপাতালের কিয়দংশ ব্যয় নির্ব্বাহের জন্য গবর্ণমেণ্টের হস্তে ১৭৫০ টাকা দান করিয়াছেন।

[বর্দ্ধমান] বৃষ্টি বাদলা হেতু কাদায় ঢাকা বসিয়া যাওয়ায় মাহেশের রথ এবারে অনেক লোকে টানিয়াও নাড়ি দস্তুরমত চালাইতে পারে নাই।

ঢাকা হইতে আমাদের কোন সংবাদদাতা লিখিয়াছেন—"শিক্ষাবিভাগের ডাইরেক্টর মার্টিন সাহেব গত বৃহস্পতিবার এখানে আসিয়াছিলেন। শুক্রবার প্রাতে তিনি মাদ্রাসা পরিদর্শন করেন। পরে ঢাকা কলেজ ও কলেজিয়েট স্কুল, জগন্নাথ কলেজ, জুবিলী স্কুল ও সার্ভে স্কুল পরিদর্শন করেন ও ঢাকা কলেজের ছাত্রগণের ব্যায়াম দেখেন। শনিবার প্রাতে স্থানীয় শিক্ষাবিভাগের গেজেটভুক্ত কর্ম্মচারীদিগকে সাক্ষাতের জন্য আহ্বান করিয়াছিলেন। মধ্যাহ্নে পোগোজ স্কুলের পারিতোষিক বিতরণ করেন এবং নর্ম্মাল স্কুল, নবাব বাহাদুরের স্কুল প্রভৃতি পরিদর্শন করেন। সর্ব্বত্রই পরিদর্শন কালে তিনি শিক্ষকদের শিক্ষা ও বেতনের পরিমাণ ইত্যাদি বিষয় অনুসন্ধান করিয়াছিলেন। মার্টিন সাহেব ঢাকায় নূতন নহেন। তিনি দীর্ঘকাল এই বিভাগের ইনস্পেক্টর ছিলেন। রবিবারও এখানে অবস্থান করিয়া সোমবার তিনি ময়মনসিংহ চলিয়া গিয়াছেন। এই কয়দিন তিনি ঢাকা কলেজের প্রিন্সিপ্যাল মিঃ এডওয়ার্ডসের বাটীতে অবস্থিতি করিয়াছিলেন।

—বিগত এণ্ট্রেন্স পরীক্ষায় ঢাকা মাদ্রাসার ফল বেশ সন্তোষজনক হইয়াছে। একটী মুসলমান ছাত্র দ্বিতীয় স্থান অধিকার করাতে প্রথম শ্রেণীর ২০ টাকার বৃত্তি পাইয়াছে।

—পূর্ব্ববঙ্গে এখন পূর্ণ বর্ষা। নদী জলে পরিপূর্ণ, খাল, বিল ও শস্যক্ষেত্র জলে প্লাবিত কিন্তু আর বৃদ্ধি না হইলেই ভাল।

—এ বৎসর পদ্মা নদীতে প্রচুর ইলিস মৎস্য ধৃত হইতেছে। মূল্যও সুলভ। অন্যান্য আহার্য্য মহার্ঘ হইয়াছে।

স্থানীয় হিন্দু ও মুসলমান নেতৃদিগের উদ্যোগে গত পূর্ব্ব রবিবার নর্থব্রুক হল গৃহে নবাব আবদুল লতিফের স্মরণার্থে ও তাঁহার জন্য শোক প্রকাশের উদ্দেশে ঢাকাবাসীদের একটী সভা আহূত হইয়াছিল। সভাস্থলে বহুসংখ্যক গণ্য মান্য হিন্দু ও মুসলমান উপস্থিত ছিলেন। হিন্দু মুসলমানে এতাদৃশ সদ্ভাব সুখের বিষয় সন্দেহ নাই। ইতিপূর্ব্বে ভারতে সিভিল সার্ব্বিস পরীক্ষা গ্রহণ সম্বন্ধে যে সভা হইয়াছিল তাহাতেও সকল সম্প্রদায়ের লোক যোগদান করিয়াছিলেন।

[বাম্বাই] বোম্বাইয়ের সার দিনসা মানকজী পেটিট বাঙ্গালার প্রস্তাবিত পশু চিকিৎসা বিদ্যালয়ে এক কালীন ২৫ হাজার টাকা দান করিয়াছেন।

[সাধারণ] পূর্ব্ববঙ্গ রেলপথের ভূতপূর্ব্ব এজেণ্ট প্রেষ্টেজ সাহেব কটক হইতে পুরী পর্য্যন্ত এবং সুলতানপুর হইতে রঙ্গড়া পর্য্যন্ত রেল বসাইবার প্রস্তাব করিয়াছেন। আর এক দল দিল্লী হইতে ভাতিণ্ডা এবং ভাবলপুর হইতে কোটি পর্য্যন্ত রেল বসাইবার চেষ্টা করিতেছেন। (দৈনিক)

ভারতে সিভিলসার্ভিস পরীক্ষাগ্রহণ বিষয়ক পল সাহেবের প্রস্তাব এবং তৎসংক্রান্ত ষ্টেট-সেক্রেটরীর পত্র বড়লাট বাহাদুরের নিকট আসিয়া পৌঁছিয়াছে। প্রাদেশিক শাসনকর্ত্তৃগণের মতামত গ্রহণান্তর বড়লাট নাকি পত্রের উত্তর দিবেন বলিয়াছেন।

ইংলিসম্যান পত্রিকায় লণ্ডন নগরস্থ সংবাদ দাতা বলিতেছেন যে লর্ড ল্যান্সডাউনের পর 'আর্ল অফ্ কিম্বার্লি' ভারতের গবর্ণর জেনারেল হইবেন এইরূপ জনরব উঠিয়াছে।

মহারাজ বাহাদুর সার যতীন্দ্রমোহন ঠাকুর রংপুর মেলি গোবিন্দলাল শিল্প বিদ্যালয়ের ছাত্র বৃত্তি ফণ্ডে এককালীন ৫ শত টাকা দান করিবেন বলিয়া প্রতিশ্রুত হইয়াছেন।

ষ্টেট রেলওয়ের "লোকাল ট্রেণ প্যাসেঞ্জার" ট্রেণগুলিতে তৃতীয় শ্রেণীর যাত্রীদিগের জন্য যাহাতে প্রতি মাইলে অর্দ্ধ পয়সা ভাড়া নির্দ্দিষ্ট হয় তদ্বিষয়ক প্রস্তাবের এক্ষণে আলোচনা হইতেছে।

চরখারির মহারাজা সম্প্রতি আপন নগরে একটি বেদবিদ্যালয় খুলিয়াছেন। চারি বেদ অধ্যাপনার জন্য চারি জন শিক্ষক নিযুক্ত হইয়াছেন। ছাত্রসংখ্যাও অনেক হইয়াছে।

গত ২রা শ্রাবণ হইতে ৮ই শ্রাবণ পর্য্যন্ত কলিকাতার পাটের বাজারের সাপ্তাহিক বিবরণ। সিরাজগঞ্জ ও উত্তর বঙ্গ প্রভৃতি—

ঐ	শরেস পাট	৫৷৷৵০ হইতে	৫৸/১০
ঐ	মাঝারী ঐ	৫৷৵০ "	৫৷/০
ঐ	নিরেস ঐ	৫৵০ "	৫৷৵০
নারায়ণগঞ্জ ও মনমনসিংহাদি ঐ		"	
পাংশা ও ওলমানিপুরাদি	ঐ	৫৲ "	৫৵০
দেশী [সর্ব্বপ্রকার]	ঐ	"	
ডিঙ্গা, দাগি, বস্তাই আদি	ঐ	"	
দেওড়া [সর্ব্বপ্রকার]	ঐ	৪৸৵ "	৫৲

গত পূর্ব্ব সোমবার হইতে গত রবিবার পর্য্যন্ত এক সপ্তাহের আমদানী ২০২৫০ বস্তা
ঐ রপ্তানী ১৩৪০৪ ,,
ঐ মজুত ৭৮০০ ,,
গত মেলের মজুত ৭৫৪ ,,

মন্তব্য—বাজার গত সপ্তাহ অপেক্ষা ।৵০ আনা ।৹ আনা চড়া দেখা যায়। শ্রীযতীন্দ্রমোহন বন্দ্যোপাধ্যায়। ৫৭ নং বাবুরাম ঘোষের লেন আহীরীটোলা কলিকাতা।

ইংলণ্ডে প্রত্যেক ব্যক্তির গড়ে বার্ষিক আয় ৪২ পাউণ্ড, অষ্ট্রেলিয়ার ৪৩ পাউণ্ড, কেনেডায় ২৭ পাউণ্ড, ফরাসি দেশে ২৬ পাউণ্ড, জর্ম্মনিতে ১৯ পাউণ্ড, ইটালীতে ১২ পাউণ্ড, রুসিয়ায় ১০ পাউণ্ড, আর ভারতে ২ পাউণ্ড। সর্ব্বাপেক্ষা অষ্ট্রেলিয়ার অধিবাসীদের আয় বেশি, এবং ভারতবাসীর আয় কম। সার ডেবিড বার্বরের গণনানুসারে ভারতের সমস্ত অধিবাসীর গড়ে প্রত্যেকের আয় ২৭ টাকা। মধ্য-প্রদেশের অধিবাসীদের গড়ে আয় বৎসরে ৩০৷০ টাকা, বোম্বাই প্রদেশের লোকের গড় আয় ৩০৲ টাকা, মান্দ্রাজ প্রদেশের ২৬ টাকা, পঞ্জাবের ২৫ টাকা, বাঙ্গালা দেশের ২২৷৷০ টাকা, উত্তর-পশ্চিম প্রদেশের ২২৵০। ইংলণ্ডের লোকের খরচ খরচা বাদে গড়ে প্রত্যেকের ৪ পাউণ্ড তিন সিলিং আড়াই পেন্স উদ্বৃত্ত থাকে, আর ভারতবাসীর জীবন যাত্রা নির্ব্বাহ জন্য প্রত্যেকের ২ সিলিং ৩ পেন্স অকুলান হয়। (বর্দ্ধমান সঞ্জীবনী)

বৃত্তিপ্রাপ্ত ছাত্র যে স্কুল অথবা কলেজে অধ্যয়ন করিতেছে, ৺ দুর্গাপূজার পরে এবং সেই স্কুল অথবা কলেজের বাৎসরিক শেষ পরীক্ষার পরিসমাপ্তিকাল পর্য্যন্ত তাহার বৃত্তি এক স্কুল অথবা কলেজ হইতে অন্য স্কুল অথবা কলেজে স্থানান্তরিত করা হইবে না। বাৎসরিক শেষ পরীক্ষা গৃহীত হইবার ৬ সপ্তাহ পূর্ব্ব হইতে আর কোন ছাত্রকে অপর স্কুলে যাইয়া ভর্ত্তি হইবার অনুমতি দেওয়া যাইবে না। উল্লিখিত নিয়মের কোনরূপ ব্যতিক্রম ঘটাইতে হইলে শিক্ষাবিভাগের ডিরেক্টরের অনুমতি গ্রহণ করিতে হইবে।

[বৈদেশিক] সিংহলে এক ব্যক্তি কারাদণ্ডের উপযোগী অপরাধ করিয়া ডাক্তারের সার্টিফিকেটে উক্ত দণ্ড হইতে অব্যাহতি পাইয়াছেন। ডাক্তার বলিয়াছেন যে, অপরাধী ব্যক্তির শরীরের অবস্থা এত মন্দ যে, জেলে যাইলেই উহার মৃত্যু হইবে।

জর্ম্মনীর স্কুল কলেজে ৮০ হাজার তোৎলা ছাত্র আছে।

হাস্কি নামে চীনের জনৈক ব্যাঙ্কার পৃথিবীর মধ্যে সর্ব্বাপেক্ষা ধনী বলিয়া শুনা যায়। তিনি নাকি ১৮০ কোটি ডলারের অধিকারী।

ফরাসী শ্যামের নিকট খেসারৎ স্বরূপ ৩০ লক্ষ ফ্রাঙ্ক অর্থাৎ পৌনে উনিশ লক্ষ টাকার দাবী করিয়াছেন। এতদ্ব্যতীত অন্যান্য লোকের ক্ষতি জন্যও খেসারৎ চাহিয়াছেন। শ্যাম যদি খেসারৎ দিতে স্বীকৃত না হন তাহা হইলে ফরাসী শ্যামের রাজধানী অবরোধ করিবেন, আর যদি স্বীকৃত হন তবে যতদিন না ঐ টাকা দিতে পারিবেন ততদিন ফরাসী হয় একটা দুর্গ না হয় একটা বন্দর অধিকার করিয়া থাকিবেন। মুসো লেবেলার ব্যাঙ্ককে যতদিন না আসিতেছেন, সন্ধিপত্রের কথাবার্ত্তা ততদিন ঠিক হইতেছে না। শ্যামের নিকট হইতে চূড়ান্ত সর্ত্তের উত্তর চাহিয়া পাঠান হইয়াছে। ৪৮ ঘণ্টার মধ্যে শ্যামকে এই উত্তর দিতে হইবে। লাং প্রাসাং প্রদেশে ফরাসী আপনার অধিকার রাখিতে চাহেন। শ্যাম যাহাতে এই অধিকার স্বীকার করেন ফরাসীর সেই চেষ্টা। রয়টারের কোন সংবাদদাতা নাকি বলিতেছেন—"চীন গবর্ণমেণ্ট শ্যামের পক্ষ অবলম্বন করিয়া শ্যামকে সাহায্য করিতে প্রস্তুত হইয়াছেন। বিলাতের টাইম্‌স পত্র বলিতেছেন যে, ফরাসী গ্রেটব্রিটেনের সহিত একত্র না মিলিলে উত্তর মিকংয়ের গোল যোগ মিটাইতে পারেন না, যেহেতু ব্রিটিশকে নিজের স্বার্থের দিকে লক্ষ্য রাখিতে হইবে।

ফ্রান্স এখনও শ্যামের বন্দর অবরোধ করিবেন বলিয়া ঘোষণা করেন নাই। বিবাদ মিটিয়া যাইবার কথা হইতেছে। মার্কুইস ডফারিন ও ফরাসীর পররাষ্ট্র সচিব মুসো ডেসেলে—উভয়ের মধ্যে আপোষ নিষ্পত্তি বিষয়ক কথাবার্ত্তা খুবই চলিতেছে।

বিলাতের কোন কোন খনির স্বত্বাধিকারিগণ মজুরদিগের মজুরী হার কমাইয়া দিবেন এই মর্ম্মে আদেশ প্রচার করায় মজুরেরা ধর্ম্মঘট করিবার উদ্যোগ করিতেছে।

লণ্ডনে স্ত্রীলোকের সংখ্যা পুরুষের অপেক্ষা আড়াই লক্ষ অধিক।

বিশেষ দ্রষ্টব্য।

বাচস্পত্য অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২০৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
বুধোদয় প্রেস।
হুগলী।

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—জঃ মাঃ ও ডেঃ কঃ ষ্টীনবর্গ সাহেব অস্থায়ীরূপে গয়া জেলার সদরে স্থাপিত হইলেন। টুইডি সাহেবের অনুপস্থিতি কালে ষ্টীনবর্গ সাহেবই পাটনার ডিঃ ও সেঃ জজের কার্য্য করিবেন বীরভূম রামপুরহাটের সব ডেঃ কঃ বাবু রাধিকা লাল সোম ১ মাসের ছুটী পাইলেন। বাখরগঞ্জের মাঃ ও কঃ সাণ্ডেজ সাহেব ১ মাস ২৬ দিনের ছুটী পাইলেন। ডেঃ কঃ বাবু নগেন্দ্রনাথ পাল চৌধুরী মুরশিদাবাদ জেলায় কঃর কার্য্যভার পাইলেন। ছুটীপ্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু যোগেন্দ্র নাথ সেন পূর্ণিয়া জেলার সদরে স্থাপিত হইলেন। ডেঃ সুপঃ ব্যারিষ্টার কিলবি সাহেব ১ মাস ২০ দিনের ছুটী পাইলেন। বাঙ্গাল গবর্ণমেণ্টের আইন বিভাগের প্রতিনিধি সহকারী সেক্রেটারী গর্ডন লিথ্ সাহেব স্বকার্য্য সওয়ায় কিলবি সাহেবেরও কার্য্য করিবেন। মিঃ ষ্টিভেন্সন খুব ১ম শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃ হইয়া পাটনা জেলার সদরে স্থাপিত হইলেন। ত্রিপুরার ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু রজনীকুমার দত্ত ২ মাসের ছুটী পাইলেন। সাহাবাদ সসারামের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু কেদারনাথ দত্ত উক্ত মহকুমায় কঃর ক্ষমতা পাইলেন। বর্দ্ধমানের সব ডেঃ কঃ বাবু যোগেন্দ্রনাথ চক্রবর্ত্তী মেদিনীপুর জেলার তমলুক মহকুমায় বদলী হইলেন। মেদিনীপুর তমলুকের সব ডেঃ কঃ বাবু বিশ্বেশ্বর দাস বর্দ্ধমান জেলার সদরে বদলী হইলেন।

শিক্ষা—হুগলী কলেজের আইনাধ্যাপক বাবু শিবনাথ বন্দ্যোপাধ্যায় আর ৬ মাসের ছুটী পাইলেন। ভগলপুর বিভাগের সহকারী স্কুল ইনস্পেক্টর বাবু মথুরানাথ চট্টোপাধ্যায় ১ মাসের ছুটী পাইলেন। পাটনা ও ভগলপুর বিভাগের মুসলমান শিক্ষার সহকারী ইনস্পেক্টর মৌলবী মহম্মদ ইব্রাহিম স্বকার্য্য সওয়ায় অস্থায়ীরূপে ভগলপুর বিভাগের সহকারী ইনস্পেক্টর হইলেন।

বিচার—বাবু জ্ঞানেন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায় বি এল যশোহর বাগেরহাটের মুঃ হইলেন। সাঁওতাল পরগণার এডিসনল জঃ মাঃ ও ডেঃ কঃ রো সাহেব ছোট লাট বাহাদুরের শাসনাধীনে জষ্টিস অভ দি পিস হইলেন। মৌলবী মহম্মদ আবদুল সোমাদ বি এল পাটনা বেহারের মুঃ হইলেন। নোয়াখালি হাতিয়ার মুঃ বাবু রামলাল দত্ত আর ১৫ দিনের ছুটী পাইলেন। পাটনার মুঃ বাবু প্রিয়লাল পাইন ৩৫ দিনের, পূর্ণিয়া আরারিয়ার মুঃ বাবু রাজনারায়ণ চক্রবর্ত্তী আর ১২ দিনের, এবং পাটনা বেহারের মুঃ বাবু যোগেন্দ্রনাথ মুখো ১ মাসের ছুটী পাইলেন।

উদ্ভট কবিতা।

[৩৯১]

বিদিতে পরতত্ত্বেচ সমস্তৈর্নিয়মৈরলং।
তালবৃন্তেন কিং কার্য্যং লব্ধে মলয়মারুতে॥

[৪৯২]

সল্লোকঃশ্লাঘ্যতাং যাতি সতাং যঃ পঠ্যতে পুরঃ।
অবিজ্ঞাতরি বিজ্ঞাতে লোনোভবতি কেবলঃ॥

[৩৯৩]

ব্যাকরণরহিতা বিদ্যা নির্ম্মলাহপি ন শোভতে।
সুন্দরীরূপসম্পন্না দরিদ্রসাগৃহে যথা॥

কর্ম্মখালি।

Wanted a graduate Head Master strong in English on Rs 60 for the Fenny H. E. School, Noakhali. Applications should reach the Secy. Babu N. C. Dutt. on or before the 7th August 1893.

Wanted a graduate strong in Mathematics to officiate for four months as 2nd teacher in the Baharoo Aided H. School in Zillah 24 Parganas on a salary of Rs 40 a month. Apply sharp to Babu Krista Dass Chakrabarty.

Wanted a boy, preparing for the next Entrance examination, who has sure chance of being brilliantly successful in the coming University Entrance Examination. He will get free studentship and free boarding. Apply sharp with certificates from the Hd. Master of the school or any well known and authoritative person in point of general attainments to the Hd. Master. Babu Ekkarinath Sarkar K. A H. E. School Begooserai Dist. Monghyr.

Wanted a private tutor to the boys of Dr. Ather Ali on a salary of Rs 15 a month. Preference should be given to a Mahomedan candidate provided with an Entrance certificate having experience in teaching. Apply sharp to

Ather Ali, Chuadanga.

Wanted a Bengali Pandit for the Gaya Government Zillah School, on a salary of Rs 25 per month. Preference will be given to candidates who have passed the final examination of a Normal school and who possess a knowledge of English and Sanskrit. Applications with copies of testimonials will be received by the Hd. Master Babu Sura Nath Chattarji up to the 10th proximo.

Wanted a Second Master for the Giridih H. E. School on a salary of Rs 35 a month. Applications with copies of testimonials should reach the Secy. Babu Annoda Prosad Mozumdar on or before the 30th instant.

Wanted an experienced English knowing Hd. Pandit for the Kol. Ch. Md. Tayyib Institution on a salary of Rs 20 (Twenty) per mensem besides free quarters. The applicant must have served in an Entrance school for at least two years. Apply sharp with copies of testimonials to the Secretary, Kol Ch. Md. Tayyib Institution. Kol P. O. Via Burdwan.

এক জন ব্রাহ্মণ অথবা সৎগোপ পাকা দোকান দারের প্রয়োজন। সচ্চরিত্র হওয়া আবশ্যক। ব্যবসা কার্য্যের আবশ্যকীয় হিসাব পত্র লিখিতে পারা এবং ওজন ও ক্রয় বিক্রয় করিতে সক্ষম হওয়া চাই। বিষয় সম্পত্তির কথা উল্লেখ করিলে ভাল হয়। মাসিক বেতন ৬৲ টাকা ও আহারীয় পাইবেন। পরে বৃদ্ধির সম্ভাবনা।

শ্রীসারদা প্রসাদ কোঙার সাং কোটালঘাটা পোঃ উলুবেড়ে জেলা হাবড়া।

পাঠশালা সমূহের পরিদর্শন জন্য দুই জন ইনস্পেক্টিং পণ্ডিতের আবশ্যক আছে। এক জন চুঁচুড়ায় হেড কোয়ার্টার করত হুগলী, চুঁচুড়া, বাঁশবেড়িয়া ও ভদ্রেশ্বর মিউনিসিপালিটীর অন্তর্গত পাঠশালা সমুদয় পরিদর্শন করিবেন এবং অপর এক জন শ্রীরামপুরে হেড কোয়ার্টার করত শ্রীরামপুর, বৈদ্যবাটী, জোতরঙ্গ ও উত্তরপাড়া মিউনিসিপালিটীর অন্তর্গত পাঠশালা সমুদয় পরিদর্শন করিবেন। প্রত্যেকের মাসিক বেতন ১০৲ দশ টাকা। তদ্ভিন্ন প্রত্যেকে পাথেয় খরচ প্রতিমাসে ৫৲ পাঁচ টাকা করিয়া পাইবেন। উচ্চ শ্রেণীভুক্ত নর্ম্মাল বিদ্যালয়ের সমাপিকা পরীক্ষায় উত্তীর্ণ, ইংরাজিজ্ঞ লোকদের আবেদন আদরে গৃহীত হইবে। এক সপ্তাহ মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট আবেদন করিতে হইবে।

চুঁচুড়া।
২৫ জুলাই ১৮৯৩

শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
হুগলী জেলার স্কুল সমূহের
ডেপুটী ইনস্পেক্টর।

ধাত্রীগ্রাম মধ্য বঙ্গবিদ্যালয়ের প্রধান পণ্ডিতের পদ শূন্য হইয়াছে। মাসিক বেতন ১৫৲ পনর টাকা। যিনি নর্ম্মাল স্কুলের ত্রৈবার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ হইয়া কিছু দিন শিক্ষকতা করিয়াছেন, তাঁহারই আবেদন গ্রহণীয়। ব্রাহ্মণ জাতি হইলেই ভাল হয়। সচ্চরিত্র হওয়া আবশ্যক। সহকারী সম্পাদকের নিকট আবেদন করিতে হইবে।

ধাত্রীগ্রাম "বান্ধব লাইব্রেরী" গ্রাম কালনা পোঃ জেলা বর্দ্ধমান।

যিনি পরীক্ষায় উত্তীর্ণ হইয়া কিছুকাল প্রাক্টিশ করিয়াছেন, এরূপ একটি নেটিভ ডাক্তারের প্রয়োজন। মাসিক বেতন ১০৲ দশ টাকা। বাসা খরচ লাগিবে না। এতদ্ব্যতীত গণ্ডগ্রাম বলিয়া প্রাক্টীশে বিশেষ লাভ সম্ভাবনা। কবিরাজ শ্রীদীনবন্ধু গোস্বামীর নিকট আবেদন করুন, পোঃ চাঁচল, বালিগ্রাম, আর্য্য ঔষধালয়, জেলা মালদহ।

মোকদ্দমা বিষয়ে সম্পূর্ণ পারদর্শী এমন একটী লোকের অতি সত্বর আবশ্যক। কার্য্যদক্ষতানুসারে বেশী মাহিয়ানা দেওয়া যাইবে। প্রশংসাপত্র সহ আবেদন করুন। শ্রীপাঁচকড়ি ঘোষ, ৫২/১ নং সাকারীটোলা লেন, কলিকাতা বহুবাজারের নিকট।

গিরিশ লাইব্রেরী।

এখানে ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল, এ; বি, এ ক্লাসের সর্ব্বপ্রকার পাঠ্যপুস্তক ও অর্থ পুস্তকাদি এবং নাটক, নভেল প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়। ভিঃ পিঃ ডাকেও পুস্তক পাঠাই। ২১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা। শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৮৪নং

আর্য্যমিশন ইনষ্টিটিউশন।

৮০।১ নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট, কলিকাতা।

এই বিদ্যালয়ে একটী স্বতন্ত্র সংস্কৃত বিভাগ আছে। ঐ বিভাগে উপযুক্ত পণ্ডিতের দ্বারা বিনা বেতনে দর্শন, কাব্য সাহিত্য, ব্যাকরণ শ্রীমদ্ভাগবত শ্রীমদ্ভগবদ্গীতা শিক্ষা দেওয়া হইয়া থাকে। পাঠার্থি-ছাত্রের আবশ্যক।

শ্রীকানাই লাল সেঠ।
সেক্রেটরী।

৩৯৮ নং

পাটীগণিত।

নূতন সংস্করণ।

শ্রীপ্রসন্নকুমার সর্ব্বাধিকারী প্রণীত।

সুপ্রসিদ্ধ গণিতশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম, এ, মহাশয়ের দ্বারা সম্যক্‌রূপে সংশোধিত পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত। ইহাতে সুকৌশল সম্পন্ন প্রশ্নাবলী সন্নিবেশিত এবং উহাদের ভূরি পরিমাণে সমাধান করা হইয়াছে। ৫৭৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। উত্তম কাপড়ে বাঁধা, মূল্য ১৷৵০। বলা বাহুল্য ইহা চিরকাল সর্ব্বাদৃত, অধুনা আরও অধিক পরিমাণে স্কুলাদিতে পাঠ্যরূপে নিয়োজিত হইতেছে এবং বঙ্গবাসী প্রভৃতি সংবাদ পত্র ভূয়সী প্রশংসা করিতেছেন। নিম্নলিখিত এবং অন্যান্য স্থানে পাওয়া যায়।

বি, ব্যানার্জি এণ্ড কোং।

২৫নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, ৫৬নং কলেজ ষ্ট্রীট, ৫১নং পুরাতন চীনেবাজার, কলিকাতা। ৫৫নং পটুয়াটুলি ঢাকা।

৩৮৮নং

বার্ষিক ৫০০৲ টাকা বৃত্তি।

ভারতধর্ম্মমহামণ্ডলীর মুখ্যতম উদ্দেশ্যের অনুসরণ করিয়া ৺বিশ্বনাথ চতুষ্পাঠীতে বার্ষিক পঞ্চাশৎ টাকা পরিমাণে এক একটী করিয়া দশটী বৃত্তি স্থাপিত হইয়াছে। যে যে চতুষ্পাঠীতে ব্যাকরণাদি করিয়া কোন দর্শন শাস্ত্র বিশেষতঃ বেদান্ত শাস্ত্র পর্য্যন্ত অধ্যাপিত হয়, সেই সেই চতুষ্পাঠীতে এই বৃত্তি-গুলি দেওয়া যাইবে। অধ্যাপক ইচ্ছা করিলে ঐ বৃত্তি ত্রৈমাসিক বা ষাণ্মাসিক বা বার্ষিকরূপে গ্রহণ করিতে পারিবেন। ছাত্রদিগের বিদ্যাবত্তা ও সচ্চরিত্রতা সম্পাদন ভিন্ন অধ্যাপক মহাশয়দিগকে অপর কোন নিয়মের অধীন হইতে হইবে না। যে সমস্ত অধ্যাপক বৃত্তি লইতে ইচ্ছা করিবেন, তাঁহারা অথবা তাঁহাদিগের হিতার্থীরা অধ্যাপকের নাম ধাম ছাত্রসংখ্যা ও প্রত্যেক ছাত্রের অধীতব্য বিষয় লিখিয়া আমাকে সংবাদ দিবেন।

চুঁচুড়া বিশ্বনাথ চতুষ্পাঠীর
অধ্যাপক শ্রীহরিনাথ স্মৃতিভূষণ।

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু কর্ত্তৃক সংকলিত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য ৵০ আনা
ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "
ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব।০ "

সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তালিকায় পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট—কলিকাতা।

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৬ বৎসর উহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-যশের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার লেপনেই রোগোমুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সম-ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনা ব্যয়ে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৷৷০ টাকা, প্যাকিং ।০ আনা

২ শিশি একত্রে লইলে খরচা ৷৶০ আনা সুগভ হয়।

শ্রীকালীদাস সরকার।

গবর্ণমেণ্ট পেন্সনার—লক্ষ্ণৌ।

৩৭৩নং

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বল-বীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রি-জাগরণ, অতিরিক্ত পান-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা-হাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত।

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-ফোলা-কাসিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দ্বৈকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকায় সে জ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে, ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্প-দিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধে অতি সামান্য রোগও আরাম হয়। বিধাতার বিচিত্রবিধান বুঝাভার!

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন। প্লীহা জ্বর-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগী-কে এই এক ৩নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

বটিকার সংখ্যা,	মূল্য,	ডাঃমাঃ,	প্যাকিং
১নং কৌটা	১৮	৷৷৶০	।০	৶০
২নং কৌটা	৩৬	১৶০	।০	৶০
৩নং কৌটা	৫৪	১৷৷৶০	।০	৶০

ভ্যালুপেবলে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।

১২ নং মুজাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা।

৩৭৪নং

পাঁড়ে ব্রাদার্স।

পুস্তক ও দেশী বস্ত্র বিক্রেতা।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্ কলিকাতা।

এখানে ইংরাজি বাঙ্গালা সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য সর্ব্ব প্রকার পুস্তক, তৎসমস্তের নানা প্রকার কি, নোট, অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি সর্ব্ব প্রকার পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে। বিলাতি পুস্তক বিলাত হইতে আনা হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা ১৸০ মূল্য যোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও ব্যবহারীর জন্য চলিবে ও ২৷৷০, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ নয়নসুক, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকটও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য ।৶০ বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ ৴০

৩২ খানি উৎকৃষ্ট চিত্রসহ

নীতি কথামালা	।০	মানবতত্ত্ব	১৷০
আর্য্যচরিত	।০	ধর্ম্মবিজ্ঞান	১৲
আর্য্যশিক্ষা	৷৷৶০	অদ্ভুত স্বপ্ন বা	
বাঙ্গলা ব্যাকরণ	।৶০	স্ত্রী পুরুষের দ্বন্দ্ব	৷৷০
শিশু বিজ্ঞান	৶০	বিজ্ঞানসার	১৲
বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ	৴০	লীলাবতী (অঙ্কপুস্তক)	৷৷০

৩৪৫ নং শ্রীমনোমোহন পাঁড়ে

সংক্ষিপ্ত পদার্থদর্শনের প্রশ্নোত্তর।

পণ্ডিত প্রবর শ্রীযুক্ত প্রসন্নকুমার চক্রবর্ত্তী প্রণীত। মূল্য ।৵০ পাঁচ আনা মাত্র। যত গুলি সং পদার্থদর্শনের প্রঃ উঃ এ পর্য্যন্ত প্রকাশিত হইয়াছে এখানা তাহাদের অপেক্ষা কোন অংশে নিকৃষ্ট নহে বরং অনেকাংশে উৎকৃষ্ট। যে স্কুলে এক খানিমাত্র এই প্রঃ উঃ প্রবেশ লাভ করিয়াছে সে স্কুলের সমস্ত ছাত্রই ইহা ক্রয় করিতেছে। একত্রে এক প্যাকেটে ৫ খানি এই প্রঃ উত্তর লইলে স্কুলের শিক্ষকদিগকে শতকরা ১৫৲ টাকার হিসাবে কমিসন দিয়া থাকি; অধিকন্তু আমি নিজ হইতে ডাক মাশুল দিই। কাগজ, ছাপা ও বাঁধাই সমস্তই উৎকৃষ্ট। ভিঃ পিঃ ডাকে পাঠাইয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র দত্ত।
ভারত পুস্তকালয়, পটলডাঙ্গা, বৌবাজার পোষ্ট
কলিকাতা।

৩৯৯নং

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸০ বার আনা, ডাঃ মাঃ ⁄০ এক আনা। এখানি ১৮৯৯ অব্দের মাইনর পরীক্ষার ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহাতে বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গদ্য হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ⁄১০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
সংস্কৃত প্রেসডিপজিটরি।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষক গণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৷৷০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।৵০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীভূমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।৵০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ⁄০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৪৪ নং

ইউক্লিডের জ্যামিতি দ্বাদশ অধ্যায়।

(সংশোধিত এবং পরিবর্দ্ধিত।)

শ্রীযুক্ত বাবু ব্রহ্মমোহন মল্লিক প্রণীত।

৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছে, মূল্য ২৲ টাকা। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
৩৯৭ নং ম্যানেজার।

শ্রীমদ্ভগবদ্গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ⁄০।

ঐ বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ।৵০ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা মূল্য ⁄০ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা উৎকৃষ্টরূপ বাঁধা মূল্য ৷৷০ আট আনা, ডাঃ মাঃ ⁄১০।

কবির (জীবন্মুক্ত মহাত্মা কবির সাহেবের ৫৫৭টী দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা-সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ ⁄১০।

কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০।১ন মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু কৈলাসচন্দ্র ঘটক	১৮৯৪ মে শেষ	৫৲
" রামেন্দ্র চক্রবর্ত্তী	পটুয়াখালী ১৮৯৩ আগষ্ট শেষ	৩৲
" জহরীলাল সামন্ত	রায়না ১৮৯৩ সেপ্টেম্বর শেষ	২৲
" প্রিয়নাথ সেঠ	ফাঁসিদেওয়া ১৩০০ আশ্বিন শেষ	২৲
" বৃন্দাবনচন্দ্র মিশ্র	পুটিয়া ১৩০০ পৌষ শেষ	৩৲
" ক্ষেত্রনাথ চট্টোপাধ্যায়	ছাতনী ১৩০০ পৌষ শেষ	৩৲

☞ এই পত্র খুগলি বুধোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

REGISTERED No 35 1875.

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

নূতন সংস্করণ। ২৫শ খণ্ড। ১৭শ সংখ্যা। } ২০শে শ্রাবণ শুক্রবার ১৩০০ সাল। ইং ৪ঠা আগষ্ট ১৮৯৩ খৃঃঅব্দ। { অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৩৲ টাকা

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম) ৩৲ ষাণ্মাসিক ৩
ত্রৈমাসিক ২ প্রত্যেক সংখ্যার ।৹

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৵৹ ৩য় বার /১০ চতুর্থ বা ততোধিক বার /০। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৵০।

অর্দ্ধকালির বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে প্রকাশিত হয়।

তিন মাসের অধিক বিজ্ঞাপন প্রকাশ করিলে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

যাঁহারা এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য নগদ টাকায় দিবেন, তাঁহারা তাঁহাদের নিকটবর্ত্তী এজেণ্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণিঅর্ডার কুপনে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

এডুকেশন গেজেটে বিজ্ঞাপন প্রকাশের সুবিধার জন্য ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে একটী এজেন্সি খোলা হইয়াছে। তথায় বিজ্ঞাপন ও তৎপ্রকাশের মূল্য জমা লওয়া যায়।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যূন বিলম্ব হইলে তাহার থানাধিকিতে পিয়নের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়, কলিকাতা সংস্কৃতযন্ত্রের পুস্তকালয় ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।
চণ্ডীচরণ মজুমদার—বেঙ্গল সেক্রেটারিয়েট ডুডিসিয়াল ডিপার্টমেণ্ট।
২৪ পরগণা মতিলাল মৈত্র—আলিপুর।
আলিপুর গুপালচন্দ্র গঙ্গোপাধ্যায়—উকিল।
বারাকপুর শ্রীযুক্ত বাবু ভুবনমোহন নিয়োগী।
ভবানীপুর রাধাকৃষ্ণ রায় চৌধুরী।
যদুনাথ চৌধুরী—চুয়াডাঙ্গা।
হাবড়া হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান চারুচন্দ্র চট্টোপাধ্যায়।
রসিকলাল দাস—রায়না।
যশোহর কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
অম্বিকাচরণ মুখোপাধ্যায়—সিউড়ী
নীলমণি ভট্টাচার্য্য—সিউড়ী।
বাঁকুড়া রামেশ্বর সেন—বিষ্ণুপুর।
অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর উমাচরণ দে।
দীননাথ ধর—গবর্ণমেণ্ট প্লীডার।
জলপাইগুড়ি নীলমণি পাল।
বাঁকিপুর নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর।
ভগবান প্রসাদ।
বারাণসী সোমনাথ ভাদুড়ী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর আদিনাথ মিত্র।
দ্বারকানাথ বাগচি—মিলফামারি।
রাজসাহী কালীনাথ চৌধুরী—বোয়ালিয়া।
পাবনা মহেন্দ্রনাথ দত্ত।
রজনীকান্ত ভট্টাচার্য্য।
রামচন্দ্র চক্রবর্ত্তী।
ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, ডলাই।
উমাচরণ পাঁড়ে, সিরাজগঞ্জ।
ঢাকা সতীশচন্দ্র ঘোষ।
সাঁওতাল পরগণা মজ্ঞেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।
পাকুড় রাধাকৃষ্ণ সাহেল।
খুলনা হরিহর দাস।
জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।
রাজকুমার চক্রবর্ত্তী মুলঘাড়ি।
ভুবনেশ্বর গুপ্ত।
দুর্গাদাস গুহ—রায়গঞ্জ।
দিনাজপুর শশিভূষণ রায়।
ভুবনমোহন দত্ত।
কোচবিহার কালীকিশোর ঘোষ—মাদারিপুর।
ফরিদপুর কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল
মজঃফরপুর গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক সুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সমস্তীপুর

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিবিধ বিজ্ঞাপন।

রিপণ-ডিপজিটারী।

৫২ নং দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য ও নাটক নভেল অতি সুবিধায় সরবরাহ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পিঃ ডাকে পুস্তক পাঠাই। প্রেরণ ব্যয় ১০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়।

শ্রীশশিভূষণ সাহা
৩৮০ নং ম্যানেজার।

গবর্ণমেণ্টের অনুমোদিত।

বাঙ্গালা ছাত্রবৃত্তি ও মাইনর স্কুলসমূহের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পাঠ্য।

"বিজ্ঞানসোপান"।

শ্রীযুক্ত উমেশচন্দ্র ঘোষ, এম এ, বি এল প্রণীত।

মূল্য ॥৵০ দশ আনা মাত্র।

ছাত্রবৃত্তি ও মাইনর পরীক্ষার নির্দ্দিষ্ট বিষয়গুলি এরূপ বিশদরূপে ও ধারাবাহিক ভাবে অন্য কোন গ্রন্থে বর্ণিত নাই। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৩ ৫নং

এল, ডি, মিত্র এবং কোং।

লব্ধপ্রতিষ্ঠ ও কলিকাতা ও অন্যান্য স্থানের
দক্ষ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৫৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক রুবিনি ক্যাম্ফার ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৷৷০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৬৲ ও ৭৲, শিশুচিকিৎসা ২৷৷০, বামাচিকিৎসা ২৲ জ্বর চিকিৎসা ৸০ ও ১৸০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৸০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমার কলিকাতার মহামেলার এই শ্রেণীতে ভারতের অদ্যে সর্ব্বোচ্চ এবং এখানকার ও অন্যান্য স্থানের সম্ভ্রান্ত চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি। ৭৸০

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্ত লালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীতে সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১৷৷০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

REDUCTION IN PRICE OF CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta, Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free, at 4 oz, Rs3—4 : 8 oz, Rs 6—8 : 16 oz, Rs 12—12. Cash with order.

No. 331

বুধোদয় যন্ত্র।

হুগলি বুধোদয় যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষর ও তাহার সরঞ্জাম প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানাপ্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় বাবতীয়ফারম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, হ্যাণ্ডবিল, জমিদারীর জমাওয়াশীল করম, ডাক্তারি লেবিল ও বিল নানাপ্রকার ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পন্ন হইয়া থাকে। বিশেষ বন্দোবস্ত করিলে, সাপ্তাহিক পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংলিস অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও স্মল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া দপ্তরী দ্বারা পুস্তক প্রস্তুত করিয়া রীতিমত বান্ধবন্দী করিয়া রেলে বা জাহাজে যাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি, গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন, ছাপার রেট ও অন্যান্য বিবরণ জানিতে ইচ্ছা করিলে আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পারিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

কার্য্যাধ্যক্ষ।

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১৯ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।

ডাকমাশুল /০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৵০

পদ্য ব্যাকরণ মূল্য /১০

প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য /১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায়) পাওয়া যায়।

শ্রীতিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

অম্বিকাচরণ ঘোষাল

ফটোগ্রাফার ও পেইণ্টার

ঘুঁটেবাজার হুগলি

অয়েল পেইণ্টিংএ চেহারা তুলিতে এবং ফটোগ্রাফ লইতে মফস্বলের সর্ব্বত্র যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণ পত্র লিখিলে জানিতে পারিবেন। নেটীবক্যারেক্টর ও নানা রূপ দেশীয় ভিউ, মাপ কাঃ ভিঃ মূল্য প্রত্যেকে ।০, ডজন ২৲। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিজ, হুগলী কলেজ এমামবাড়ার আশ্চর্য্য দৃশ্য ও হংসেশ্বরীর মন্দির প্রত্যেক ১৲ টাকা মাত্র—ফটগ্রাফগুলি একবার দেখিলে বাধিত হইব।

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মতামত নহে।

খো।

এদেশে 'খো' শব্দের অর্থ পর্ব্বতবেষ্টিত নিম্ন স্থান। এ অঞ্চলে অনেক পাহাড় আছে সুতরাং অনেক 'খো'ও আছে। বোধ হয় পারসা ভাষার 'কোঃ' শব্দ, সংস্কৃতের 'গুহা' শব্দ এবং এই 'খো' শব্দ এক মূল হইতে উৎপন্ন। যাহা হউক যুদ্ধয়-রাজ্যে অনেকগুলি 'খো' থাকিলেও একটী 'খো' সর্ব্বাপেক্ষা প্রধান, ইহা জয়পুর হইতে তিন ক্রোশ পূর্ব্ব দিকে। সহস্র বৎসর পূর্ব্বে ইহা এক সম্প্রদায়ের মীনার রাজধানী ছিল। বর্ত্তমান রাজগণের ন্যায় সেই মীনারাজ বহুদূর-ব্যাপী জনপদের অধীশ্বর ছিলেন না। ইতিহাস পাঠে ও জনশ্রুতি লইয়া যতটা অনুমান করিতে পারা যায় তাহাতে সেই মীনারাজের রাজ্য আমাদের বঙ্গদেশীয় একটী জেলার মহকুমার অপেক্ষা বিস্তারে অধিক হইবে না। কিন্তু সেই সুদূর অতীতে মীনাগণ কিরূপ সামর্থ্য রাখিত তাহা এই 'খো' নগর ও তাহার নিকটবর্ত্তী স্থানগুলি দেখিলে অনেকটা অনুমান করিতে পারা যায়।

জয়পুরের উত্তর দিক হইতে একটী শৈলশ্রেণী ব্যাপকরূপে পূর্ব্বদিক অতিক্রম করিয়া কিয়দ্দূর দক্ষিণ পর্য্যন্ত গিয়াছে। যে স্থানে পর্ব্বত শেষ হইয়াছে তাহা জয়পুর হইতে তিন ক্রোশের অধিক নহে এবং তাহা ঝালানা নামে প্রসিদ্ধ। সেই ঝালানা দিয়া সমতল ক্ষেত্র উল্লঙ্ঘন করিয়া 'খো'য় যাওয়া যায়। আবার ঠিক পূর্ব্বদিকে পর্ব্বত ভেদ করিয়া এবং উপত্যকা সকল আশ্রয় করিয়াও ঐ স্থানে যাওয়া যায়। জয়পুরের পূর্ব্ব দিকে তিনটী সমান্তরাল পর্ব্বত-শ্রেণী সুতরাং দুইটী বিশাল উপত্যকা আছে। ইহার মধ্যে যেটী দূরবর্ত্তী সেইটী দিয়া দক্ষিণদিক অভিমুখে যাইলে বাম দিকে খো এবং ডানি দিকে ঝালানা থাকে। আমরা এই উপত্যকা দিয়াই খো দর্শন করিতে যাই। এই উপত্যকাটী নিতান্ত নির্জ্জন। এরূপ বহুদূরব্যাপী নির্জ্জন স্থান হিমালয়ের সানুপ্রদেশ সকল ব্যতীত আর কোথাও আমি দেখি নাই। এই স্থানের বিজনতা গাম্ভীর্য্য ও শ্যামলতা একবার দেখিলে আর কখন ভুলিতে পারা যায় না। নানাবিধ বন্য বৃক্ষের হরিত পত্রমালায় এই বহু ক্রোশ-ব্যাপিনী উপত্যকা একটি মহতী শয্যার ন্যায় বোধ হইয়াছিল। যে সকল জাঙ্গল্যবৃক্ষ আমাদিগের নয়নের তৃপ্তিকর হইয়াছিল তাহাদের নাম পাঠকবর্গ অতি অল্পই শুনিয়াছেন। ওইয়া, বম্বুল, (বাবলা) ঝাড়, খেজড়া, ধোক (পলাশ) খয়েরী, ছিলা, ফকেড়া, নাহার কাঁটা (শতাবরী) ঝিঁঝা, ছলল, চিরম (কুঁচ) ইত্যাদি। মধ্যে মধ্যে একটী একটী খেজুর গাছও দেখা যায়। এই যে সুবিস্তীর্ণ উপত্যকা ভূমি যাহা এক্ষণে একেবারে জনশূন্য এবং বাঘ্র, বন্যশূকর, তরক্ষু ও ভল্লুকের আবাসভূমি হইয়াছে, এককালে তাহা মীনাদিগের গ্রাম সমষ্টি ছিল। অতি প্রাচীনকালের মনুষ্যনিবাসের অস্পষ্ট ভগ্নাবশেষ মাঝে মাঝে দেখিতে পাওয়া যায়। কোথাও একটী নয় শত বৎসরের পুরাতন ভৈরোঁ জীর (ভৈরব জীর) মূর্ত্তি, কোথাও কৃষ্ণবর্ণতা প্রাপ্ত স্তূপাকৃতি শিলাখণ্ড সকল, কোথাও বা একটী ভগ্নাবশিষ্ট প্রাচীন পথ দৃষ্ট হইতে লাগিল। আমরা "খো"কে বাম দিকে রাখিয়া উপত্যকার গভীরতম প্রদেশে যাইতে লাগিলাম। যাইতে যাইতে একটী বৃক্ষতলে কতকগুলি কূপ দেখা গেল, আমাদের পথপ্রদর্শক মীনাগণ কহিল যে এই সকলকে 'মীনীভাও' কহে; পূর্ব্বকালে মীনারা এখানে নীল প্রস্তুত করিত। আমরা আরও অগ্রসর হইতে লাগিলাম। 'খোর' সীমা অতিক্রান্ত হইয়া গেল। "খো"র পশ্চিম সীমাস্বরূপ যে পর্ব্বত শীর্ষস্থ সুদীর্ঘ প্রাচীর আমাদের বাম হস্তের দিকে এতক্ষণ দেখা যাইতেছিল, তাহা ফুরাইয়া গেল। আমাদের ডাইন হাতের দিকে অর্থাৎ পশ্চিম দিকে ঝালানার পাহাড়ের উপর আমাদের বর্ত্তমান মহারাজের ব্যাঘ্র শিকার গৃহ দেখা যাইতে লাগিল। আমরা তিনটী বাঙ্গালী ও চারিটী মীনা একুনে সাত জন ছিলাম। বনচর মীনাগণ এই ব্যাঘ্র সঙ্কুল স্থানে কিছুমাত্র ভয় পাইল না, বরং আমাদিগকে এই বলিয়া আশ্বাস দিতে লাগিল যে "বাঘের সাধ্য কি যে সে আমাদিগকে আক্রমণ করে। আগে বাঘটীকে কুড়ালী বা ভাটা (প্রস্তর) দ্বারা মারিব—নতুবা আপনার প্রাণ দিব।" যাইতে যাইতে একটী তিন্তিড়ী এবং আতা বৃক্ষময় উদ্যান দৃষ্ট হইতে লাগিল। মীনাগণ কহিল যে এই বাগানের প্রাচীনত্বের ইয়ত্তা নাই। এই উদ্যানে তাহাদের অত্যন্ত আরাধ্যা 'কালুকা' (কালিকা) দেবীর মন্দির আছে। বলা বাহুল্য যে আমরা ঐ কালিকাদেবীর দর্শন মানসেই এতদূর আসিয়াছি। কিন্তু মন্দিরের কালী দেবী দেখিয়া, আমরা যে আশা করিয়াছিলাম, তাহা পূর্ণ হইল না।

(ক্রমশঃ)

কাশীযাত্রীর পত্র।

১৪ই জুলাই শুক্রবার প্রাতে হুগলী হইতে ট্রেনে উঠিয়া পরদিন বেলা আন্দাজ ৯টার সময় রাজঘাটে আসিয়া পৌঁছিলাম। বর্দ্ধমানের পর হইতেই মাঝে মাঝে রেলের দুই ধারে মাঠের উপর বৃষ্টির জল আমাদের এ অঞ্চল অপেক্ষা কিছু বেশী দাঁড়াইয়াছে দেখিতে পাইলাম। মোকামার পর হইতে ঐ জল অনেকটা বেশী বলিয়া বোধ হইল। স্থানে স্থানে রেলের দুই ধারে ২।৩।৪ ক্রোশ স্থান ব্যাপিয়া মাঠ জলে বুড়ি গিয়াছে। মাঠের আগাছাগুলা জলের উপর জাগিয়া রহিয়াছে বলিয়াই মাঠ বুড়িয়াছে বলিয়া বুঝা যাইতেছে নতুবা ঐগুলি এক একটী বড় নদী বলিয়া ভ্রম হওয়ার পক্ষে কোন আশ্চর্য্য নাই। ট্রেনে যাইতে রেলের দুই ধারে যেরূপ যেরূপ দেখিলাম তাহাতে শস্যের অবস্থা ওদিকে আপাততঃ বড় মন্দ বলিয়া বোধ হইল না। যাইবার দিন বক্সার হইতে আমরা বৃষ্টি পাইয়াছিলাম। ঐ বৃষ্টি এলাহাবাদ পর্য্যন্ত হইয়াছিল বলিয়া শুনিয়াছিলাম। কাশীতে আমরা তিন দিন ছিলাম, তিন দিনই বৃষ্টি বাদল হইয়াছিল। রাস্তাঘাটে কাদা; বিশেষতঃ বাঙ্গালীটোলার রাস্তাগুলির অবস্থা অতি শোচনীয়। এরূপ হইলেও আমরা উক্ত তিন দিন কাল বড়ই মনের সুখে ছিলাম। গণেশ মহল্লায় যাঁহার বাড়ীতে আমরা অবস্থান করিয়াছিলাম, তিনি কাশীর মধ্যে আজ কাল একজন অদ্বিতীয় পুরাণশাস্ত্রজ্ঞ পণ্ডিত বলিয়া বিদিত। স্মৃতিশাস্ত্রবিজ্ঞান বিষয়েও ইঁহার যথেষ্ট প্রতিপত্তি। ইঁহার নাম কালীকুমার বাচস্পতি। অশীতিপর বৃদ্ধ, ব্রাহ্মমুহূর্ত্তে একবার এবং সূর্য্যোদয় কালীন একবার যথানিয়মে প্রত্যহ এই দুই বার গঙ্গায় যাইয়া স্নান

করিয়া আইসেন এবং স্বহস্তে পুষ্পচয়ন, জল আনয়ন পূর্ব্বক পূজা হোমাদি সমাপন করিয়া একাহারে একাকী স্ত্রী পুত্র পৌত্রাদিগণ হইতে পৃথক্‌ভাবে স্বপ্রতিষ্ঠিত শিবালয় মধ্যে দিন যামিনী অতিবাহিত করেন। উপযুক্ত কৃতবিদ্য পুত্র পৌত্রগণ দিবাভাগে যথানিয়মে একাধিক বার তাঁহাকে সন্দর্শন ও প্রণামাদি করিবার জন্য শিবালয়ে আসিয়া থাকেন এবং সায়ংসন্ধ্যাবসানে সকলে একত্রে তাঁহার নিকট সমাসীন হইয়া তাঁহার যথাবিধি শুশ্রূষায় নিযুক্ত হন এবং শাস্ত্রবিষয়ে তাঁহাদের কাহার কোনরূপ অনুপপত্তি থাকিলে তাঁহার নিকট তাহার মীমাংসা করিয়া লন। বাচস্পতি মহাশয়ের সহিত কয় দিন ধরিয়া নানাবিধ বিষয়ে আলাপ করিয়া আমরা পরম আপ্যায়িত হইয়াছিলাম।

বাচস্পতি মহাশয়ের বাটীতে একটী বড় চতুষ্পাঠী আছে। উঁহার তিন পুত্র ও দুই পৌত্র উহাতে অধ্যাপনা করেন। আমরা চতুষ্পাঠীতে বসিয়া এক দিন বেদগান শুনিলাম। বাচস্পতি মহাশয়ের পুত্র শ্রীযুক্ত জয়রাম বেদান্ত বাগীশ ও পৌত্রদ্বয় শ্রীযুক্ত রামদেব ও শ্রীযুক্ত বাসুদেব, টোলের অপরাপর ১৪।১৫ জন ছাত্রকে লইয়া সমস্বরে যখন "অগ্ন আয়াহি বীতয়ে" ইত্যাদি সামগান আরম্ভ করিলেন তখন সেই বেদপাঠোচিত মুহূর্ত্তে সেই পবিত্র ৺ বিশ্বেশ্বর-ধামে ঋষিতুল্য মূর্ত্তি বেদান্তবাগীশ মহাশয়ের সম্মুখে সেই শাস্ত্রাধ্যয়ননিরত ব্রাহ্মণকুমারদিগের সুমধুর কণ্ঠনিঃসৃত সেই লুপ্তপ্রায় প্রাচীন সংগীত শুনিয়া আমাদের হৃদয়ে এক অপূর্ব্ব ভাবের আবির্ভাব হইয়াছিল। আমরা তখন একেবারেই আত্মহারা হইয়াছিলাম। হিন্দুর সেই দিনের কথা তখন আমাদের মনে পড়িয়াছিল। এই সকল দেখিয়া শুনিয়া, এবং সায়ংকালে সায়ন্তনীবিধি সমাধানার্থ সমাগত ব্রাহ্মণাদি কর্ত্তৃক পরিশোভিত দশাশ্বমেধ প্রভৃতি গঙ্গার ঘাট ও অপরাপর স্থান সন্দর্শন করিয়া এবং সর্ব্বোপরি ৺ বিশ্বেশ্বর, অন্নপূর্ণা প্রভৃতির সন্দর্শন করিয়া এবং ঐ সমস্ত দেবস্থলীতে প্রকৃত ভক্তগণের ভক্তির পরিচয় পাইয়া স্পষ্টই বুঝিতে পারা যায় যে, সনাতন অশ্বত্থবৃক্ষ স্বরূপ হিন্দুধর্ম্মরূপ মহাবৃক্ষের একটি ক্ষুদ্রতম শিকড়ের একাংশমাত্রও এযাবৎ কেহ ছিন্ন করিয়া উঠিতে পারেন নাই। সেই সত্যযুগের সমগ্র লক্ষণ এখনও বর্ত্তমান; তবে অল্প আর অধিক।

কাশীতে যে সকল অন্নসত্র আছে তন্মধ্যে কতকগুলি কেবলমাত্র বিদ্যার্থী বিদেশস্থ ছাত্রগণের সুবিধার জন্যই করা হইয়াছে। আমরা শুনিলাম এক্ষণে সেই সকল সত্রে উক্ত নিয়ম সম্যক্‌ প্রতিপালিত হইতেছে না। বিদ্যার্থী ছাত্র ভিন্ন অন্যান্য অনেকেও ঐ সকলে প্রাতাহিক আহার পাইয়া থাকে। ইহাতে বিদ্যার্থি-ছাত্রদিগের কিছু অসুবিধা হয়। অনেক বিদেশী ছাত্র সম্ভ্রান্ত বংশীয়, অথচ তাহাদের অনেকেরই এমন সঙ্গতি নাই যে বাড়ী হইতে নগদ টাকা আনিয়া আহার ও বাসস্থানের ব্যয় নির্ব্বাহ করে। তাহারা অতি কষ্টে দিন যাপন করিলেও ঐরূপ সত্রসমূহে আহার করা লজ্জা ও সামাজিক মর্য্যাদার হানিকর বলিয়া বিবেচনা করে। ৺ বিশ্বেশ্বর ধামে ব্রাহ্মণের অন্নাভাব হইবার কথা নহে, অতএব বিদ্যার্থী ছাত্র ভিন্ন অপরাপর ব্রাহ্মণ যে সত্রে আহার পাইয়া থাকে সে সম্বন্ধে আমাদের কোন আপত্তির কথা নাই। উল্লিখিত কারণসমূহ সত্ত্বে আমরা কেবল এই বলিতে চাই যে, বিদ্যার্থী বিদেশস্থ ছাত্রগণ যাহাতে সত্রসমূহে অন্যান্য হইতে স্বতন্ত্র ভাবে দুই বেলা আহার করিতে পায় এরূপ বন্দোবস্ত করিতে পারিলে বড়ই ভাল হয়। ভাবিয়া দেখিলে ইহাতে দেশের যথেষ্ট মঙ্গল হইতে পারিবে এবং সত্র সমূহের প্রতিষ্ঠাতৃগণ সত্র প্রতিষ্ঠার সম্যক্‌ ফলাধিকারী হইবেন সন্দেহ নাই। শাস্ত্রানুরাগী অনেক ছাত্র অর্থাভাবে বিদেশে যাইয়া অধ্যয়ন করিতে পারেন না; দেশীয় পণ্ডিতগণমধ্যেও অনেকে অর্থাভাব হেতু ইচ্ছানুরূপ ছাত্র সংখ্যা রাখিতে পারেন না; এরূপ অবস্থায় উক্তরূপ বিধান করিলে অথবা কেবল মাত্র বিদ্যার্থিছাত্রগণের জন্য কোন কোন মহাত্মা সর্ব্ব দেশের এবং সকল শাস্ত্রের অধ্যাপকদিগের সমবায় স্থান ৺ বারাণসী ধামে উক্ত রূপ কোন বন্দোবস্ত করিয়া দিলে আজিকার দিনে যে কতবড় একটি সদনুষ্ঠান সাধন করা হয় তাহা বলা যায় না।

রাজঘাট ষ্টেশন হইতে কাশীধামে প্রবেশ করিতে আমাদিগকে বড় লাঞ্ছনা ভোগ করিতে হইয়াছিল। কাশীর মিউসিপ্যালিটী চুঙ্গি মাশুল বসাইয়াছেন। তদনুসারে রাস্তায় আমাদের গাড়ী আটক পড়িল। মিউনিসিপ্যালিটীর তরফের লোক আসিয়া আমাদিগকে আমাদিগের বাক্স পেঁটরা প্রভৃতি খুলাইয়া সমস্ত দ্রব্যাদি তন্ন তন্ন করিয়া খুঁজিয়া দেখিল, আমরা কোন নূতন দ্রব্য কিনিয়া কাশীর মধ্যে প্রবেশ করিতেছি কি না। সেই বৃষ্টি বাদলার সময় রাস্তার মাঝে দশ মিনিট কাল অপেক্ষা করিতে হওয়ায় আমাদের কষ্টের একশেষ হইয়াছিল। ভদ্রলোকের পক্ষে উহা বড়ই লজ্জাকর ও অপমানসূচক। দুধ দইওয়র উপর চুঙ্গির মাশুল লইয়া গোয়ালাদের গোলযোগ আমাদের কাশী যাইবার কয়েকদিন পূর্ব্বেই হইয়াছিল। গোয়ালাদের ভয়ানক আপত্তিতে কর্ত্তৃপক্ষীয়গণ দুধ দই প্রভৃতির উপর চুঙ্গি উঠাইয়া দিয়াছেন; এক্ষণে ভদ্রলোক যাত্রীদিগকে উহার জন্য লাঞ্ছিত যাহাতে না হইতে হয় তদ্বিষয়ে কর্ত্তৃপক্ষীয়গণ একটু মনোযোগ করেন ইহাই আমাদের প্রার্থনা।

পীতাম্বর বিদ্যাভূষণ নামক কাশীবাসী জনৈক পণ্ডিতের সহিত কাশীধামেই আমাদের আলাপ হয়। সমাজে ব্রাহ্মণ পণ্ডিত শ্রেণীর লোকের মধ্যেই অধিক সৎলোক বিদ্যমান আছেন বলিয়া আমাদের মনে যে বরাবরই একটা ধারণা আছে, বিদ্যাভূষণ মহাশয়ের সহিত আলাপ ও ব্যবহারে আমাদের সেই ধারণাই কথঞ্চিৎ দৃঢ়ীভূত হইয়াছে মাত্র।

বড় বাদলা বৃষ্টি বলিয়া এবং অত্যল্প দিন মাত্র অবস্থান বলিয়া এবারে আমরা দেবকল্প ভাস্করানন্দ স্বামীর সন্দর্শন লাভ করিয়া কৃতার্থ হইয়া আসিতে পারি নাই। ষড়দর্শনাভিজ্ঞগণাগ্রণী মহাপুরুষ স্বামি-বিশুদ্ধানন্দ ঐ সময় কাশ্মীরে গমন করিয়াছিলেন, সুতরাং আমাদিগের দুর্ভাগ্যক্রমে তাঁহাকেও আমরা এবারে দেখিতে পাই নাই।

কাশীতে 'ল্যাঙ্গড়া' আম্র এক্ষণে টাকায় ২৫।৩০ টার দরে বিক্রীত হইতেছে। চলন সই দেশী আম্র ৪ আনা হইতে ১ টাকা ১৷৷০ টাকা শ পাওয়া যায়। গঙ্গার খুব বড় পেটো ইলিসের দর এক একটা ৬।৭ পয়সার বেশী নহে।

শ্রী:—

এডুকেশন গেজেট।

২০শে শ্রাবণ ১৩০০। ইং ৪ঠা আগষ্ট ১৮৯৩।

বাঁকীপুরে ছোট লাট।

বিগত শনিবার প্রাতে ৮টার সময় প্রতিনিধি ছোট লাট বাহাদুর স্যর এ পি ম্যাকডোনেল বাঁকীপুরে আসিয়া পৌঁছেন। বিভাগীয় কমিসনরপ্রমুখ উচ্চ ইউরোপীয় কর্ম্মচারিগণ এবং দরভাঙ্গার মহারাজপ্রমুখ প্রধান প্রধান দেশীয়বর্গ অভ্যর্থনার্থ উপস্থিত ছিলেন। সর্ব্বাগ্রে মিউনিসিপ্যালিটী একখানি অভিনন্দন পত্র পাঠ করেন। গবর্ণমেণ্টের নিকট অর্থ সাহায্যের প্রার্থনা না জানাইয়াও যে মিউনিসিপ্যালিটীতে জলনিকাশের ব্যবস্থার উন্নতি হইয়াছে এবং জলসরবরাহ বিষয়েও বিবেচনা চলিতেছে, অভিনন্দন পত্রে তাহা বিদিত হইয়া ছোট লাট বাহাদুর অত্যন্ত আহ্লাদিত হইয়াছিলেন এবং সেই সঙ্গে মিউনিসিপ্যালিটীর সহকারী সভাপতি অনারেবল সৈয়দ ফজল ইমামেরও যথেষ্ট সুখ্যাতি করিয়াছিলেন।

অতঃপর ছোট লাট বাহাদুর কমিসনর সাহেবের বাড়ীতে গমন করেন এবং মধ্যাহ্নে জেলাবোর্ড আফিস পরিদর্শন ও তথায় অভিনন্দনাদি গ্রহণান্তে অপরাহ্নে দরভাঙ্গার মহারাজ ও তাঁহার ভ্রাতা আসিলে তাঁহাদের সহিত যথারীতি সম্ভাষণাদি করিয়া রাত্রিতে গবর্ণমেণ্টের উকিল খোদাবক্স কর্ত্তৃক প্রতিষ্ঠিত প্রাচ্য পুস্তকাগার পরিদর্শন করেন এবং পরে ম্যাকিনন স্ত্রী হাঁসপাতালের ভিত্তি প্রস্তর আরোপ করিয়া দেন।

সোমবার অপরাহ্নে পাটনা কলেজ গৃহে দরবার হয়। বেহারের প্রধান প্রধান যত লোক প্রায় সকলেই দরবারে উপস্থিত ছিলেন। ছোট লাট বাহাদুর পূর্ব্বনির্দ্দেশানুসারে সোণবর্ষার জমিদার মহারাজ হরবল্লভ নারায়ণ সিংহ ও ডুমরাঁওয়ের মহারাজার দেওয়ান রায় জয় প্রকাশ লাল বাহাদুরকে যথাক্রমে কে সি আই ই ও সি আই ই উপাধি এবং মুঙ্গেরের সরকারী উকিল রায় ধীরাজ করণ বাহাদুর ও ভূতপূর্ব্ব ডেপুটী ম্যাজিষ্ট্রেট রায় মেদিনীপ্রসাদ বাহাদুর—এই দুই জনকে রায় বাহাদুর উপাধি প্রদানান্তে সমবেত বেহারবাসী মহারাজ, রাজাও অন্যান্য সভ্যগণকে সম্বোধন করিয়া কয়েকটি কথা বলিয়া দরবারের কার্য্য শেষ করিয়াছিলেন। আমরা নিম্নে ছোট লাট বাহাদুরের কথাগুলির সারাংশ উদ্ধৃত করিয়া দিতেছি—

"এই দরবার উপলক্ষে আজ দুইটি বিষয়ে কয়েকটি করিয়া কথা আমি আপনাদিগকে বলিব। আপনারা কিন্তু তাহাতে আমার উপর বিরক্ত হইবেন না। এই বেহার প্রদেশে আপনাদের মধ্যে এক সময়ে আমি অনেক দিন সুখে কাটাইয়াছি। আমি এক পক্ষে যেমন এক্ষণে আপনাদের শাসনকর্ত্তা, অন্য পক্ষে সেইরূপ আবার আপনাদের একজন হিতৈষী বন্ধু, সুতরাং আমার কথাগুলি শুধু লেপ্টেনেণ্ট গবর্ণরের কথা বলিয়া না মনে করিয়া একজন হিতাকাঙ্ক্ষী বন্ধুরও কথা বলিয়া আপনারা বুঝিবেন।

বড়ই দুঃখের বিষয় যে, আজকাল হিন্দু ও মুসলমানে পরস্পর মনান্তর ক্রমশঃই বাড়িয়া উঠিতেছে। এই অসম্প্রীতি নিবন্ধন মধ্যে মধ্যে উভয় পক্ষে মারামারি কাটাকাটি হইতেছে, অপরাধীদিগকে ফৌজদারী আদালতে শাস্তি পাইতে হইতেছে, কোন কোন গ্রামে শান্তিরক্ষার জন্য গবর্ণমেণ্টকে বিশেষ পুলিস নিযুক্ত রাখিবার বন্দোবস্ত করিতে বাধ্য হইতে হইতেছে। হিন্দু মুসলমানে পরস্পর এইরূপ বিদ্বেষভাব বেহারে এই নূতন। বার বৎসর পূর্ব্বে আমি যখন বেহারে ছিলাম তখন এখানে এ সকল কিছুই ছিল না। কেহ কেহ বলেন যে, হিন্দুর প্রাণে আঘাত লাগে মুসলমানেরা এরূপ ভাবে গোহত্যা করিতে আরম্ভ করিয়াছেন বলিয়াই হিন্দু মুসলমানে এক্ষণে পরস্পর এইরূপ মনোবিবাদ; কেহ কেহ বলেন, হিন্দুরা মুসলমানদিগের গোহত্যা ব্যাপারে আজ কাল খুবই খড়্গহস্ত হইয়া উঠিতেছেন বলিয়াই এরূপ ঘটিতেছে। কোন্ পক্ষের কথা সত্য, সে বিচার আমি এস্থলে করিব না। উৎসবস্থলে গোহত্যা মুসলমানদিগের ধর্ম্মের যে একটি অঙ্গ, আর সেই গোহত্যাব্যাপার যে হিন্দুর একান্ত অনভিমত তাহা জানা আছে। এরূপ স্থলে হিন্দু ও মুসলমান যদি পরস্পরের মুখ তাকাইয়া কাজ করে অর্থাৎ হিন্দুর প্রাণে কষ্ট না হয় এরূপ ভাবে মুসলমানেরা যদি গোহত্যাদি করে এবং সেরূপ স্থলে হিন্দুরা যদি প্রতিকূলতাচরণ না

করে তাহা হইলেই সমস্ত গোল-যোগ মিটিয়া যায়। গোহত্যার পরিবর্ত্তে ছাগাদি পশু হননেও মুসলমানদিগের ধর্ম্মরক্ষা হইতে পারে, সুতরাং গোহত্যার পরিবর্ত্তে গবর্ণমেণ্ট অপর কোন পশুহননের ব্যবস্থা করিয়া দিউন, এরূপ কথাও কেহ কেহ বলিতেছেন। কিন্তু গবর্ণমেণ্ট তাহা পারেন কই। সহস্র বৎসর ধরিয়া মুসলমানদিগের মধ্যে যে ধর্ম্মানুষ্ঠান চলিয়া আসিতেছে, আজ গবর্ণমেণ্ট তাহা কি করিয়া বন্ধ করিতে পারেন। হিন্দু মুসলমান কি প্রণালীতে আপন আপন ধর্ম্মসাধন করিবে গবর্ণমেণ্ট তাহার কি বলিয়া দিবেন? ব্রিটিস গবর্ণমেণ্টের অধীনস্থ প্রত্যেক প্রজাই আপন আপন ইচ্ছানুযায়ী ধর্ম্ম্য কার্য্যের অনুষ্ঠান করিতে পারেন; গবর্ণমেণ্ট তাহাতে হস্তক্ষেপ করিতে পারেন না। মুসলমানগণ তাঁহাদিগের পূর্ব্ব প্রথানুযায়ী গোহত্যা করিতে পারিবেন কিন্তু হিন্দুগণের মধ্যে হইলে হিন্দুর প্রাণে কোনরূপ আঘাত না লাগে এরূপ ভাবে ঐ কার্য্য সমাধা করিতে হইবে, হিন্দুরাও মুসলমানদিগের উক্তরূপ অনুষ্ঠানে প্রতিকূলতাচরণ করিয়া কোনরূপ বলপ্রয়োগাদি করিবেন না। অত্যাচারীকে সাজা দিতে গবর্ণমেণ্টই দিবেন। এই সকল কথা আমার পক্ষে বলাই বাড়ার ভাগ, কারণ স্থিরবুদ্ধিতে বিবেচনা করিয়া দেখিলে সকলেই ইহার সারবত্তা বুঝিতে সমর্থ হইবেন। নীচ শ্রেণীর হিন্দু ও মুসলমানদিগের মধ্যেই এই সমস্ত বিবাদ বিসম্বাদ ঘটিতেছে। উচ্চশ্রেণীদিগের মধ্যে অধিকাংশস্থলেই বন্ধুত্ব আছে। ঈশ্বরের ইচ্ছায় সেই বন্ধুত্ব বরাবরই থাকুক। এক্ষণে আপনারা আপনাদিগের হিন্দু ও মুসলমান প্রজাগণের মধ্য হইতে যাহাতে এই বিদ্বেষ ভাব তিরোহিত হয় তাহার কোনরূপ উপায় বিধান করেন, আপনাদিগের নিকট আমার এই অনুরোধ। গবর্ণমেণ্টকে যেন ইহার জন্য আর অধিকতর অপ্রীতিকর উপায় অবলম্বন করিতে না হয়।

আমার দ্বিতীয় কথা বেহারের থাক জরিপ সম্বন্ধে। আমার বিবেচনায় জরিপ যদি করা হয় তবে বৎসরে বৎসরে চিঠা ও নক্সার সংশোধন না করিলে বিচারাদি স্থলে উহা কাজে আসিবে না; আর এই কার্য্য জমিদারগণ সরকারী পাটোয়ার দ্বারা করাইতে চাহেন কিম্বা অন্য কোন প্রকারে করান তাঁহাদের ইচ্ছা। পাটোয়ার দ্বারা কাজ করাইলে তাহাতে ব্যয় কম পড়িবে। আমীন দ্বারা করাইলে আমার কোন আপত্তি নাই বটে, কিন্তু তাহাতে ব্যয় বেশী পড়িয়া যাইবে।"

স্যর ডবলিউ ম্যাকিনন ও 'ইণ্ডিয়ান নেশন'।

কলিকাতার বিখ্যাত ইংরেজ মহাজন ম্যাকিনন ম্যাকেঞ্জি কোম্পানীর বড় সাহেব স্যর ডবলিউ ম্যাকিননের মৃত্যু হইয়াছে। মৃত্যুকালে তিনি আত্মীয় স্বজন বন্ধু বান্ধব প্রভৃতি অনেককেই অনেক টাকা দিবার বন্দোবস্ত করিয়া তাঁহার স্বদেশীয় সাধারণের হিতকর কয়েকটি সদনুষ্ঠান সাধনের জন্যও বিস্তর টাকা দানের ব্যবস্থা করিয়া গিয়াছেন। এই সকল ভিন্ন তিনি আর যে একটি কার্য্য করিয়াছেন তদ্দ্বারা ভারতবাসীর অন্তরে তাঁহার নাম চিরস্মরণীয় হইয়া থাকিবে। ভারতে ইংরেজ রাজ্যের প্রতিষ্ঠাকাল অবধি আজ পর্য্যন্ত আর কোন ইংরাজ সেরূপ করিয়া যাইতে পারেন নাই। ম্যাকিনন ম্যাকেঞ্জি কোম্পানীর আফিসে যত জন দেশীয় কেরাণী নিযুক্ত আছেন তাঁহাদিগের সকলকে দিবার জন্য তিনি স্বতন্ত্র আর এক লক্ষ টাকা দানের ব্যবস্থা করিয়া গিয়াছেন।

আফিসের দেশীয় কেরাণীদিগের উপর ম্যাকিনন সাহেবের এতাদৃশ সদয় ব্যবহারের উল্লেখ করিয়া সহযোগী 'ইণ্ডিয়ান নেশন' প্রসঙ্গক্রমে অনেকগুলি কথা বলিয়া ফেলিয়াছেন। সহযোগী বলিয়াছেন, "ইংরেজের দান আমাদের অপেক্ষা অধিক। এদেশীয় লোকের স্বত্ব নির্দ্ধারণার্থ ব্যবস্থাদি প্রণয়ন বিষয়ে ইংরেজের একটু আধটু দোষ যাহাই থাকুক, মোটের উপর অধীনবর্গের প্রতি ব্যবহার বিষয়ে তাঁহাদের মহানুভবতা যে দেশীয়গণের অপেক্ষা অধিক সে পক্ষে আর কোন সন্দেহ নাই। অধীনবর্গের প্রতি অন্যায়াচরণ করেন বলিয়া গবর্ণমেণ্টকে প্রায়ই দোষ দেওয়া হইয়া থাকে, অথচ দেখ গবর্ণমেণ্টের চাকরী পাইলে লোকে আর দেশীয়ের অধীনে চাকরী করিতে চাহে না। চাকরী গবর্ণমেণ্টের অধীনে না হইয়া যদি বেসরকারী অপর কোন একজন ইংরাজের অধীনেও হয়, তথাপি দেশীয়ের অধীনে চাকরী করা অপেক্ষা তাহা লোকের অধিকতর অভিমত হইয়া থাকে। গবর্ণমেণ্টের আফিস

সমূহে পক্ষপাতিতা দোষের উল্লেখ করিয়া অনেকে স্বদেশ হিতৈষিতার পরিচয় দিয়া থাকেন, কিন্তু এইটি তাঁহাদের মনে রাখা উচিত যে, ইংরেজের অধীনে চাকরী করিবার জন্য যত লোক জুটিবে তাঁহাদের কাহারও অধীনে চাকরী করিবার জন্য তত লোক কখন জুটিবে না। লোকে নিজেদের অভিজ্ঞতা হইতেই বুঝিতে পারিতেছে যে, বেতন, পেন্সন, ছুটি ও চাকরীর উন্নতিবিষয়ে ইংরেজ মনিবের কাছে যেরূপ ন্যায় বিচার আছে, দেশীয়ের কাছে সেরূপ নাই। সুধু চাকরী বলিয়াই কেন, সাধারণ উন্নতি-সাধনবিষয়ে স্বদেশীয়গণ অপেক্ষা ইংরাজের নিকটেই অধিকতর সাহায্য পাওয়া যায় বলিয়াই সাধারণতঃ লোকের বিশ্বাস। অনেক সফলকাম লোকের জীবনীর আলোচনা করিয়া দেখিলেই স্পষ্ট দেখিতে পাওয়া যাইবে যে, তাঁহারা স্ব স্ব জীবনের উন্নতির জন্য ইংরেজের নিকটই ঋণী। স্বদেশীয়গণ তাঁহাদের উন্নতির প্রতিপোষক হওয়ার পরিবর্ত্তে বরং তাঁহাদের উন্নতির পথের অন্তরায়স্বরূপই হইয়াছেন, সমানুভূতির পরিবর্ত্তে ঈর্ষ্যা প্রবৃত্তিরই পরিচয় দিয়াছেন। এই সকল বাধা বিঘ্ন প্রভৃতি স্বত্বেও কেহ যখন বড় হইয়া ক্ষমতাশালী হইয়া উঠিতে পারেন তখন আবার তাঁহার স্বদেশীয়গণ তাঁহার গুণকীর্ত্তনাদি করিতে আরম্ভ করেন, কিন্তু তাঁহার মৃত্যুর পর আর সে সব কিছু থাকে না, তখন আবার একেবারেই তাঁহাকে ভুলিয়া যান।

দেশীয়দিগের পক্ষে ইহা একপ্রকার নৈতিক অবনতি বলিতে হইবে। যোগ্য ব্যক্তিদিগের উন্নতি লাভের পক্ষে আনুকূল্য করা ন্যায়-সঙ্গত বলিয়া আমরা কেবল কথায় বলিয়া থাকি, কিন্তু কার্য্যে উহার প্রতিকূলে অত্যন্ত অসদুপায় সকল অবলম্বন করিতেও কুণ্ঠিত হই না। তত দূর অসদুপায় অবলম্বন করিতে ইংরেজ জানে না। স্বায়ত্তশাসন প্রণালীর বিবিধ প্রক্রিয়াগুলিই ইহার দৃষ্টান্ত স্থল। নির্ব্বাচন ব্যাপারে সর্ব্বাপেক্ষা যোগ্য ব্যক্তি প্রায়ই নির্ব্বাচিত হন না। যোগ্য ব্যক্তির মিত্রের সংখ্যা অপেক্ষা শত্রুর সংখ্যাই অধিক হইয়া থাকে। দেশীয়ের হস্তে ক্ষমতা প্রযুক্ত হইলে সেই ক্ষমতার পরিচালনে মহারাণীর ঘোষণা বাক্যের ব্যভিচার দেশীয়গণ যতদূর করিয়া থাকে আর কেহ ততদূর করে না। বস্তুতঃ ইংরেজদিগের নিকট হইতে আমাদের শিখিবার বিষয় অনেক আছে, আর উক্তরূপ দানশীলতা তাহারই মধ্যে একটি।

ম্যাকিনন সাহেব ইংরাজ হইয়াও যেরূপ কার্য্য করিয়াছেন তাহাতে তিনি যে আমাদের অজস্র ধন্যবাদের পাত্র সে বিষয়ে আর কাহারও অন্য মত হইতে পারে না। সুযোগ্য সহযোগী ইণ্ডিয়ান নেশন কিন্তু সুধু ম্যাকিনন সাহেব ও ইংরাজ জাতির প্রশংসা করিয়াই ক্ষান্ত হন নাই, তিনি ঐ সঙ্গে দেশীয়দিগের উপর খুবই ঝাল ঝাড়িয়াছেন। সহযোগীকে আমরা বিজ্ঞ ও ভূয়োদর্শী বলিয়া জানি, তাঁহার অভিজ্ঞান আমাদের ন্যায় কেবল ভারতেই সংবদ্ধ নহে, বিলাত ও ভারত উভয় স্থানেরই অভিজ্ঞতা তাঁহার জন্মিয়াছে। হইতে পারে তিনি যে কথাগুলি বলিয়াছেন তাহাই ঠিক, কিন্তু তাঁহার কথাগুলি পাঠ করিয়া একটি অতীত সামান্য ঘটনা আমাদের মনে পড়িয়াছে। ঘটনাটি কি নিম্নে বলিতেছি—

আজ কয়েক বৎসরের কথা হইল একদিন সিয়ালদহের ষ্টেশনের মধ্যে দেখিলাম একটা লোক একটা ছোট ঝুড়িতে কতকগুলি কমলালেবু লইয়া বিক্রয় করিয়া বেড়াইতেছে। হঠাৎ একজন সাহেব তাহার নিকটে আসিয়া তাহার ঝুড়ি হইতে একটি মাত্র কমলালেবু তুলিয়া লইয়া তাহাকে একটি সিকি ফেলিয়া দিল। লেবুওয়ালা তখন অবশিষ্ট লেবুগুলি লইয়া বাঙ্গালী বাবুদিগের দিকে না ঘেঁসিয়া যে স্থানে কতকগুলি ইংরেজ ছিলেন সেই দিকেই ঘুরিয়া ফিরিয়া বেড়াইতে লাগিল। চারিজন গোরা একখানা ঘোড়ার গাড়ীতে বসিয়া গাড়ী হাঁকাইবার উদ্যোগ করিতেছিল। উক্ত চারি জনের মধ্য হইতে একজন নামিয়া আসিয়া ঐ লেবুওয়ালার ঝুড়িটি নিজের লাঠির দ্বারা ঠেলিয়া ফেলিয়া দিল, সুতরাং লেবুগুলি সমস্তই মাটিতে পড়িয়া গেল। তখন চারি জন গোরায় হাতাহাতি করিয়া সেই লেবুগুলি গাড়ীর মধ্যে ফেলিয়া লইয়া গাড়ী হাঁকাইয়া চলিয়া গেল; আর সেই লোকটা তখনও দুটা একটা লেবু যাহা মাটিতে পড়িয়াছিল, তাহাই কুড়াইয়া ঝুড়িতে লইয়া বিষণ্ণ মনে আবার স্বদেশীয়দিগের দিকে ফিরিয়া আসিল।

নিম্নপ্রাথমিক পরীক্ষা ও বৃত্তিসম্বন্ধে নূতন নিয়ম।

নিম্নপ্রাথমিক পরীক্ষা ও বৃত্তি সম্বন্ধে কয়েকটী নূতন নিয়ম প্রকাশিত হইয়াছে। সাধারণের অবগতির জন্য সেইগুলি নিম্নে বিবৃত করা যাইতেছে—

স্কুলসমূহের ডেপুটী ইনস্পেক্টরের অনুমতি বিনা কোন ছাত্র পরীক্ষার পূর্ব্ববর্ত্তী ছয় মাস কালের মধ্যে যদি এক স্কুল হইতে অপর স্কুলে স্থানান্তরিত হইয়া থাকে তবে শেষোক্ত স্কুল হইতে পরীক্ষা দিলেও তাহাকে প্রাইভেট ছাত্রস্বরূপে গণ্য করা যাইবে; আর যে ছাত্র কোন স্কুল হইতে পরীক্ষা দিতেছে না সে ত প্রাইভেট ছাত্র বলিয়া গণ্য হইবেই। ডেপুটী ইনস্পেক্টরের প্রীতি জন্মে এরূপ ভাবে প্রাইভেট ছাত্রগণ আপনাদিগকে সনাক্ত করাইবে এবং কোন জানিত এবং দায়ী হইতে পারে এরূপ ব্যক্তির নিকট হইতে আপনাদিগের চরিত্র সম্বন্ধে প্রশংসা পত্র লইয়া আসিবে। একই জেলার প্রাইভেট ছাত্রগণ সকলেই সেই জেলার সদর কেন্দ্রে আসিয়া পরীক্ষা দিবে।

শিক্ষকগণকে পরীক্ষার ফি দিতে হইবে না এবং প্রশংসা পত্রও দাখিল করিতে হইবে না, কিন্তু তাঁহাদের মধ্যে কেহ অসচ্চরিত্র হইলে ডেপুটী ইনস্পেক্টর তাঁহাকে পরীক্ষা দিতে দিবেন না।

যে সমস্ত ছাত্রকে তাহাদিগের শিক্ষকেরা অনুপযুক্ত বলিবেন তাহাদিগকে পরীক্ষা দিতে দেওয়া হইবে না। পরীক্ষা কালের পূর্ব্ববর্ত্তী একাদিক্রমে ছয়মাস কোন একটি বিদ্যালয়ে কোন ছাত্র অধ্যয়ন করিলে অথবা ডেপুটী ইনস্পেক্টরের অনুমতি লইয়া অন্য কোন বিদ্যালয়ে স্থানান্তরিত হইলে তবে সে স্কুলের ছাত্র বলিয়া গণ্য হইবে। পরীক্ষায় একবার উত্তীর্ণ হইয়া কেহ আবার পরীক্ষা দিতে পারিবে না।

উল্লিখিত নিয়মানুযায়ী ডেপুটী ইনস্পেক্টর যে সকল কার্য্য করিবেন, ইনস্পেক্টর ইচ্ছা করিলে তাহা সংশোধিত করিতে পারিবেন। কোন স্কুল উল্লিখিত নিয়মাবলীর ব্যতিক্রম ঘটাইলে সেই স্কুলের আর বৃত্তির জন্য ছাত্র পাঠাইবার অধিকার থাকিবে না; এতদ্ভিন্ন, অপরাধী শিক্ষককে স্বতন্ত্ররূপ শাস্তি দেওয়া যাইবে। কোনরূপ প্রবঞ্চনা দ্বারা অথবা মিথ্যা কথা কহিয়া কোন ছাত্র যদি পরীক্ষা দিতে অনুমতি পায়, তবে পরীক্ষা দিয়া উত্তীর্ণ হইলে তাহাকে সার্টিফিকেট দেওয়া হইবে না এবং ভবিষ্যতে সে আর কোন বিভাগীয় পরীক্ষা দিতে অনুমতি পাইবে না।

গবর্ণমেণ্টের সাহায্যকৃত হউক আর নাই হউক প্রাইমারী স্কুল মাত্রেরই ছাত্রগণ উপযুক্ত হইলেই বৃত্তি পাইতে পারিবে। কিন্তু একই বৎসরে কোন প্রাইমারী স্কুল হইতে উচ্চ ও নিম্ন উভয় প্রাইমারী বৃত্তির জন্য ছাত্র পাঠাইতে পারা যাইবে না। বৎসরে একটার অধিক বৃত্তি কোন স্কুলে দেওয়া হইবে না। এগার বৎসরের ঊর্দ্ধবয়স্ক হইলে কোন ছাত্র উক্ত বৃত্তি পাইবে না। জেলা-বোর্ড পরীক্ষার ফলানুসারে স্কুলের ডেপুটী ইনস্পেক্টরের সহিত পরামর্শ করিয়া বৃত্তি দিবেন। পরীক্ষা জেলা বোর্ডই করিবেন। পরীক্ষার কেন্দ্র পূর্ব্বেই নিরূপিত হইয়া থাকিবে। এতৎসম্বন্ধে যে কিছু বন্দোবস্ত করিতে হইবে, তাহা স্কুল ইনস্পেক্টরদিগের অভিমতিক্রমে করিতে হইবে। বৃত্তির পরিমাণ মাসিক দুই টাকা এবং উহা দুই বৎসর কাল স্থায়ী হইবে। বৃত্তিপ্রাপ্ত ছাত্রকে উচ্চ প্রাথমিক বা মধ্য ছাত্রবৃত্তি অথবা মধ্য ইংরাজী স্কুলে ভর্ত্তি হইয়া নিজের সচ্চরিত্রতা এবং উন্নতি দেখাইতে হইবে। শিক্ষা বিভাগের ডিরেক্টরের অভিমত না হইলে নিম্ন ছাত্রবৃত্তি পরীক্ষার্থীদিগের নিকট হইতে পরীক্ষার ফি লওয়া যাইতে পারিবে না। এক বৎসর কাল কোন একটী স্কুলে পড়িয়া পরীক্ষা না দিলে কেহ বৃত্তি পাইবে না; তবে ডেপুটী ইনস্পেক্টরের অভিমতিক্রমে ঐ কালমধ্যে অন্য স্কুলে স্থানান্তরিত হইয়া থাকিলে পাইতে পারিবে। যে স্কুল হইতে স্থানান্তরিত হইবে, সেই স্কুল যে জেলায় অবস্থিত সেই জেলার ডেপুটী ইনস্পেক্টরের অভিমতি গ্রহণ করিতে হইবে। প্রাইমারী বৃত্তি প্রাপ্ত ছাত্রগণ গবর্ণমেণ্ট অথবা গবর্ণমেণ্টের সাহায্যপ্রাপ্ত স্কুলে ২ বৎসর অর্থাৎ বৃত্তি প্রাপ্তির কাল পর্য্যন্ত বিনা বেতনে পড়িতে পাইবে।

নিম্ন লিখিত বিষয়গুলি পরীক্ষার বিষয় বলিয়া নির্দ্দিষ্ট থাকিবে—

বিষয়	পূর্ণসংখ্যা
(১) হাতের লেখা	৫০
হাতের লেখা পড়িতে পারা	৫০

বোধোদয় (আবৃত্তি ও ব্যাখ্যা)	১০০
(২) পাটীগণিত (ইউরোপীয় প্রণালী অনুসারে	
মিশ্র ও অমিশ্র চারি নিয়ম	৭৫
শুভঙ্করী (বাজার হিসাব সহ)	৭৫
মানমাঙ্ক (ইউরোপীয় ও দেশীয়)	৫০
(৩) জমিদারী হিসাব	৫০
সরল পরিমিতি	৫০

জমিদারী ও সরল পরিমিতির পরিবর্ত্তে বালিকারা ইচ্ছা করিলে সেলাই ও বুননকার্য্য (পশমের কাজ নহে) এবং ভারতবর্ষের ভূগোল এই দুই বিষয় শিখিতে পারে।

সেলাই ও বুননে	৫০
ভারতবর্ষের ভূগোল	৫০
(৪) শ্রীযুক্ত যদুনাথ মুখোপাধ্যায়ের সরল শরীর পালন অথবা রায় রাধিকাপ্রসন্ন মুখোপাধ্যায়ের স্বাস্থ্যরক্ষা প্রবেশিকা (আবৃত্তি ও ব্যাখ্যা	১০০
বালিকাদিগের জন্য গার্হস্থ্য স্বাস্থ্যবিধি	১০০
মোট সংখ্যা	৬০০

পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইলে উল্লিখিত ৪ দফায় উক্ত চারিটি বিষয়ের প্রত্যেক বিষয়টিতে এক চতুর্থাংশ এবং মোটের উপর দুই পঞ্চমাংশ সংখ্যা রাখিতে হইবে।

বিলাতের ন্যায় ভারতেও যাহাতে একই সময়ে সিভিল সর্ভিসের প্রতিযোগি-পরীক্ষা গৃহীত হয় তদ্বিষয়ে বিলাতের কমন্স সভার অন্যতম সভ্য লাল সাহেব উক্ত সভায় একটি প্রস্তাব উত্থাপন করেন। প্রস্তাবটি বিগত ২রা জুন কমন্স সভার অধিকাংশ সভ্য কর্ত্তৃক সমর্থিত হয়। সম্প্রতি ষ্টেট সেক্রেটরী ভারতের গবর্ণর জেনারেল বাহাদুরকে একখানি পত্র লিখিয়া কিরূপ সর্ত্তাদিতে উক্ত প্রস্তাব কার্য্যে পরিণত হইতে পারে তদ্বিষয়ে তাঁহাকে স্বাধীনভাবে মতামত প্রকাশ করিবার জন্য অনুরোধ করিয়াছেন। ষ্টেট সেক্রেটরী কেবল বলিয়া দিয়াছেন যে, সিভিল সর্ভিসের অন্তর্গত পদপ্রাপ্তি বিষয়ে ইউরোপীয়দিগের একটা সংখ্যা নির্দ্দিষ্ট করিয়া না দিলে চলিবে না। এই বিষয়টিতে লক্ষ্য না রাখিয়া কোনরূপ কিছু ব্যবস্থা করিলে সে ব্যবস্থা অগ্রাহ্য হইবে। ষ্টেট সেক্রেটরী উক্ত পত্রের সহিত লণ্ডনের ইণ্ডিয়া কৌন্সিলের ৬ জন সভ্যের মন্তব্যও গবর্ণর জেনারেল বাহাদুরকে পাঠাইয়া দিয়াছেন। উল্লিখিত সভ্যগণ সকলেই উক্ত প্রস্তাবের বিশেষ বিরোধী।

আদমসুমারির বিজ্ঞাপনী।

(প্রাপ্ত)

(৫)

রেলওয়ে ষ্টীমার প্রভৃতি দ্বারা যাতায়াতের অনেক সুবিধা বাড়ায় এবং সর্ব্বত্রই আহার্য্যের মূল্য বৃদ্ধি হওয়ায় পূর্ব্বাপেক্ষা অধিক লোক এক্ষণে সাবেক বাসস্থান ত্যাগ করিয়া অল্প বা অধিককালের জন্য অপর জেলায় কাজ করিতে যায়। ১৮৯১ অব্দে মনুষ্য গণনার রাত্রে বাঙ্গালা প্রদেশে অন্য এমন ৮ লক্ষ ২১ হাজার লোক ভারতবর্ষের অন্যান্য প্রদেশে অবস্থিত ছিল। ভারতবর্ষের বাহিরে কত বাঙ্গালী আছেন তাহা ভারতবর্ষের আদমসুমারীতে জানা যায় না। এই ৮ লক্ষের মধ্যে আসামে ৪ লক্ষ ২৮ হাজার; উঃ পঃ প্রদেশে ২ লক্ষ ৬ হাজার; ব্রহ্মদেশে ১ লক্ষ ১২ হাজার; মধ্য প্রদেশে ৫৫ হাজার; মান্দ্রাজে ১০ হাজার; পঞ্জাবে ৭ হাজার; বোম্বাইয়ে ১১ হাজার। আসামের ৪ লক্ষের মধ্যে ১ লক্ষ ৯০ হাজার ছোটনাগপুর বিভাগ হইতে গিয়াছে।

আদমসুমারি হইতে প্রকাশিত তথ্যাদি দৃষ্টে ওডোনেল সাহেব বলিয়াছেন যে, যদিও এদেশের লোক আপনাপন প্রদেশ ত্যাগ করিয়া দেশান্তরে প্রায়ই যায় না, তথাপি বলা যাইতে পারে যে আমেরিকা ভিন্ন অন্য কোন দেশের লোক স্বদেশের মধ্যে এত সহজে বাস পরিবর্ত্তন করে না। গবর্ণমেণ্টের মন্তব্যে এই কথার প্রতিবাদ করিয়া বলা হইয়াছে যে, জেলার বা প্রদেশের সীমাগুলি এরূপ যে ভিন্ন ভিন্ন জেলার লোকের মধ্যে বিশেষ প্রভেদ নাই। বিবাহাদি সম্বন্ধ সহজেই হয়। সেরূপ অবস্থায় এক স্থান হইতে অন্য স্থানে যাওয়ায় লোকের বাসত্যাগে গণ্য বলা যায় না। এদেশের লোক সাহেব বাড়ীতে থাকিতেই ভাল বাসে। একটু অনুধাবন করিয়া বুঝিলে দেখা যায় যে, চাকরী বা বিবাহ উপলক্ষে ভিন্ন ভিন্ন জেলায় বাস পরিবর্ত্তন এদেশে সহজেই হয়। নূতন আবাদ যেদিকে হইতেছে, সে সকল জেলায় ছোটনাগপুর, সুন্দরবন, তরাই অঞ্চলের অনেক লোক গিয়া বাস করে। এক গ্রাম ছাড়িয়া গ্রামান্তরে অনেক প্রজা মধ্যে মধ্যে চাষের বা টাকা ধারের সুবিধা পাইবার জন্য উঠিয়া যায়। এ দেশে পৈতৃক ভিটার উপর মায়া খুব অধিক, অথচ বিবাহ, ব্যবসায়, চাকুরি প্রভৃতির সূত্রে বাসস্থান ত্যাগও বেশ প্রচলিত। উভয় প্রকার গুণই আমাদের মধ্যে আছে। আর বিভিন্ন জেলার লোকেরা অনেকটা একবিধ বলিয়া বাসস্থান যাহারা ত্যাগ করে তাহাদিগকে স্থানত্যাগপটু কেন বলা হইবে না? কোন্ দেশের মধ্যে ভিন্ন ভিন্ন জেলার লোক অনেকটা একবিধ নয়? কতকটা একবিধ না হইলে এক দেশ বলিবে কেন? অতএব ওডোনেল সাহেবের কথা নিতান্ত অগ্রাহ্য করা যায় না।

কলিকাতা ও বেহার উপনগর গুলির মোট লোক সংখ্যা ৮৭৯১৫৪, বোম্বাইয়ের ৮২১৭৬৪, মান্দ্রাজের ৪৫২৫১৮। লণ্ডন ভিন্ন ব্রিটিস সাম্রাজ্যের সকল সহর অপেক্ষাই কলিকাতা এবং বোম্বাইয়ের লোক সংখ্যা অধিক; এবং কেবল লিভারপুল, ম্যাঞ্চেষ্টর ও বর্ম্মিংহামের জনসংখ্যা মান্দ্রাজের অপেক্ষা অধিক।

শিক্ষাসম্বন্ধে আদমসুমারি রিপোর্টে জানা যায় যে ১৮৯১ অব্দে ৮,৮৩,৯৯০টী বালক স্কুলে পড়িতে ছিল। ১৮৮১ অব্দের গণনায় ৯৯২৫৫৯ বালক দেখা যায়। ১৮৯১ অব্দের শিক্ষাসংক্রান্ত রিপোর্টে ১৩,৫৮১০৯ জন ছাত্র দেখান হইয়াছে। ওডোনেল সাহেব বলে যে আদমসুমারিতেই আসল ফল জানা গিয়াছে। মান্দ্রাজ ভিন্ন অপর সকল প্রদেশেই আদমসুমারির হিসাবে ছাত্রসংখ্যা শিক্ষাবিভাগের হিসাব অপেক্ষা কম দাঁড়াইয়াছে

কলিয়া গবর্ণমেণ্ট বলেন যে সংখ্যাকারীরা ভুল কলিয়া থাকিবে। সকল প্রদেশের শিক্ষাবিভাগে মিথ্যা হিসাব প্রস্তুত করে একথা মনে করা যায় না। সংখ্যাকারীদের কেহ কেহ বুঝিতে না পারিয়া বড় বড় ছাত্রদিগকে লিখিতে পড়িতে জানায় মধ্যে আর পাঠশালার খুব ছোটছেলেদের অলিখিতের মধ্যে ফেলা অসম্ভব নয়।

লিখিতে পড়িতে
লিখিতেছে জানে জানেনা

মুসলমানবাঙ্গালায় শতকরা

হিন্দু পুরুষ	৩	১৮	৮৭
হিন্দু স্ত্রী	·১	·৩৯	৯৯·৫৪
মুসলমান পুরুষ	১·৮	৫·৫	৯৩·৭
ঐ স্ত্রী	·০৪	·০৯	৯৯·৮৭

পূর্ব্ব বাঙ্গালায় মুসলমানের সংখ্যা অধিক কিন্তু লিখিতে পড়িতে জানে হিন্দুর মধ্যে এরূপ লোকের সংখ্যা তথায় মুসলমানের তিনগুণ। ঐ অঞ্চলের মুসলমানদিগের মধ্যে মধ্যবিত্তের সংখ্যা অল্প। মোট ইংরাজী জানা লোকের সংখ্যা ইউরোপীয় বাদে সেড় লক্ষ বই নয়। তন্মধ্যে ৪ হাজার ৯ শত দেশীয় খৃষ্টান পুরুষ, ২ হাজার দেশীয় খৃষ্টান স্ত্রী। অপরের মধ্যে ১ লক্ষ ৪১ হাজার পুরুষ এবং ২ হাজার স্ত্রীলোক। এতকাল ধরিয়া ইংরাজী শিক্ষা চলিতেছে অথচ ১॥ লক্ষের অধিক লোক ইংরাজী শিখে নাই। ইংরাজী শিক্ষা কিছু বাড়িতেছে বটে কিন্তু খুব বাড়িতেছে বলিয়া তাহার কাহার যে সংস্কার আছে তাহা ভ্রমপূর্ণ বলিয়াই বোধ হইবে। চাকুরীর জন্যই লোকের ইংরাজী শিখিতে প্রবৃত্তি। সেই চাকুরী পাইবার পক্ষে যেরূপ প্রতিযোগিতাও অসুবিধা হইতেছে তাহাতে ইংরাজী শিক্ষিতের সংখ্যা আর অধিক পরিমাণে বর্দ্ধিত হওয়ার সম্ভাবনা অল্প।

হিন্দু ও মুসলমানদের মধ্যে যাহারা লেখাপড়া শিখিতেছে ও যাহারা লেখা পড়া জানে তাহাদের জাতির মোটসংখ্যার সহিত শতকরা হিসাব মিয়ে দেখান গেল।

	শিক্ষিত ও ইংরাজী শিখিতেছে	জানা
উত্তর বাঙ্গালার ব্রাহ্মণ	৬·৮	১·২
ঐ কায়স্থ	৬·১	·৮
ঐ সেন	৬	·৮৮
পশ্চিম বাঙ্গালার ব্রাহ্মণ	৬·৫	১·১
ঐ কায়স্থ	৬·৭	১·৮
ঐ সেন	·৯	·০৪
পূর্ব্ব বাঙ্গালার ব্রাহ্মণ	৮	·৫
ঐ বৈদ্য	৭·৪	২
ঐ কায়স্থ	৫	·৬
ঐ সেন	·৬	·১

আদম সুমারিতে অনেক ভুল থাকে বটে কিন্তু উহার অঙ্কপাতগুলি মোটামুটি ঠিক হয়। মন্তব্যমধ্যে লেখকের কারিকুরি অনেকই থাকে।

পত্র প্রেরকের প্রতি।

শ্রীলক্ষ্মীনারায়ণ মল্লিক, ২য় শিক্ষক কাঁটদহ স্কুল ও জনৈক গ্রাহক——গীপুরের শ্রীযুক্ত পূর্ণচন্দ্র মিত্র মুস্তৌফী ও শ্রীযুক্ত অতুলচন্দ্র মিত্র মুস্তৌফী তাঁহাদের স্বর্গীয়া মাতার স্মরণার্থ কয়েকটি বিষয়ে প্রবন্ধ লেখাইয়া সর্ব্বোৎকৃষ্ট প্রবন্ধ লেখকের জন্য 'স্বর্ণমণি' পারিতোষিক নির্দ্দিষ্ট করিয়া এডুকেশন গেজেটে যে বিজ্ঞাপন দিয়াছিলেন, সেই বিজ্ঞাপন দেওয়ার পর হইতে আমরা ও সম্বন্ধে আর কিছুই জানি না। আর এক কথা শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় মহাশয়ও উক্ত বিজ্ঞাপনে লিখিত কোন প্রবন্ধেরই পরীক্ষক ছিলেন না।

সাপ্তাহিক সংবাদ।

[স্থানীয়] চুঁচুড়া ব্রহ্মময়ী ডেবজালয়ের হোমিওপ্যাথি বিভাগে গত ২রা এপ্রেল হইতে নাগাইদ ৩০শে জুন পর্য্যন্ত নিম্নলিখিত রোগিগণ ডাক্তার শ্রীযুক্ত বাবু নৃত্যগোপাল লাহিড়ী মহাশয় কর্ত্তৃক চিকিৎসিত ও আরোগ্য হইয়াছে—

চিকিৎসিত আরোগ্য সংবাদ পাওয়া যায় নাই।

জ্বর প্লীহাদি	২২১	১৯৮	২৩
উদরাময়	১৩২	১২৭	৫
ইনফ্লুয়েঞ্জা	৬১	৫৩	৮
ওলাউঠা	৯	৮	১
কাশ	৭	৫	২
উপদংশ	১	০	১
অরুচিস্ত	১	১	০
বাধক	৬	৫	১
মত্ততা	১	১	০
সর্পাঘাত	১	১	০
বিবিধ	১৮২	১৫৫	২৭
	৬২২	৫৫৪	৬৮

[কলিকাতা]—কলিকাতার মেডিকেল কলেজের সৈনিক শ্রেণীতে সাহেব ও ফিরিঙ্গির ছেলেরা বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইয়া ভর্ত্তি হইতে পারিবেন এরূপ ব্যবস্থা আছে। ৪ বৎসরকাল পড়িলেই তাঁহারা এপথিকারী হইতে পারেন। ঐরূপ এপথিকারীদিগের বেতন ৭ শত টাকা পর্য্যন্ত হইতে পারে। ঐ সকল ছাত্রগণ প্রধানতঃ পলটনে কাজ পাইয়া থাকেন। ছোট লাট বাহাদুর স্যার চলস ঈলিয়ট উক্ত শ্রেণীর পাঠ্য কিঞ্চিৎ বাড়াইয়া ছাত্রদিগকে পলটনের আসিষ্টাণ্ট সার্জ্জন অভিধা প্রদান করিতে কৃতসঙ্কল্প হইয়াছেন। বিষয়টিতে অনেকে আপত্তি করিবেন বলিয়া বোধ হইতেছে।

বিগত ২৯শে জুলাই ৺ বিদ্যাসাগর মহাশয়ের মৃত্যুর দিন স্মরণ করিয়া কলিকাতাস্থ সিটি কলেজ, মেট্রপলিটন কলেজ ও ভারতীয় বিজ্ঞান সমিতিগৃহে পৃথক পৃথক সভার অধিবেশন হইয়াছিল। সিটি কলেজ গৃহে ডাক্তার মহেন্দ্রলাল সরকার বিদ্যাসাগর মহাশয়ের একখানি প্রতিকৃতি উন্মুক্ত করেন। বিজ্ঞান-সমিতিগৃহে যে সভা হইয়াছিল, হাইকোর্টের মাননীয় জজ ডাক্তার গুরুদাস বন্দ্যোপাধ্যায় তাহার সভাপতির কার্য্য করিয়াছিলেন। বাবু রজনীকান্ত গুপ্ত বিদ্যাসাগর মহাশয়ের জীবনী সম্বন্ধে একটি প্রবন্ধ পাঠ করিয়াছিলেন। মেট্রপলিটন কলেজগৃহের সভায় অমারেবল্ হাসবিহারী ঘোষ সভাপতি হইয়াছিলেন। সভাপতি মহাশয়, মিঃ সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও মিঃ কালীচরণ বন্দ্যোপাধ্যায় প্রত্যেকেই এক একটি বক্তৃতা করিয়া সভার কার্য্য শেষ করিয়াছিলেন।

আয়ুর্ব্বেদীয় কলেজ ও তৎসংশ্লিষ্ট উদ্যানাদির প্রতিষ্ঠাকল্পে এ যাবৎ প্রায় ৫০ হাজার টাকা চাঁদা স্বাক্ষরিত হইয়াছে। জেলা হুগলী উত্তরপাড়ার শ্রীযুক্ত মনোহর মুখোপাধ্যায় ৫ হাজার, শ্রীযুক্ত

রামবিহারী মুখোপাধ্যায় ও শ্রীযুক্ত শিবনারায়ণ মুখোপাধ্যায় উভয়ে ৫ হাজার, শ্রীযুক্ত কাশীশ্বর মুখোপাধ্যায় ৩ হাজার, শ্রীযুক্ত বিজয়কৃষ্ণ মুখোপাধ্যায় ২ হাজার, শ্রীযুক্ত হরিহর মুখোপাধ্যায় ২ হাজার এবং শ্রীযুক্ত সুরেশচন্দ্র মুখোপাধ্যায় ৬২৫০—সর্ব্বশুদ্ধ ২৩ হাজার ২৫০ টাকা কবিরাজ শ্রীযুক্ত গঙ্গাপ্রসাদ সেন ও কবিরাজ শ্রীযুক্ত বিজয়রত্ন সেনের হাত দিয়া বাঙ্গাল গবর্ণমেণ্টের সেক্রেটরী রিসলে সাহেবের নিকট দিবেন বলিয়া গত সপ্তাহে পত্র লিখিয়াছেন। (দৈনিক ১৭ই শ্রাবণ)

[প্রেসিডেন্সী] বারুইপুরের আদালতে এক ব্যক্তি দাঁড়াইয়া মোকদ্দমা দেখিতেছিল। হঠাৎ সে ভূমির উপর পড়িয়া গিয়া অজ্ঞান হইল। দেখা গেল একটি গোখুরা সাপে তাহাকে দংশন করিয়াছে। সেই আদালত গৃহস্থিত কোন মোকদ্দমার পক্ষভুক্ত জনৈক লোক তৎক্ষণাৎ মুখ দিয়া বিষ চুষিয়া লওয়ায় সর্পদষ্ট ব্যক্তির নাকি বাঁচিবার উপায় হইয়াছে। (ইণ্ডিয়ান মেসন)

[বর্দ্ধমান] তারকেশ্বরের মহান্ত শ্রীযুক্ত সতীশ চন্দ্র গিরি ভূতপূর্ব্ব মহান্ত মাধবগিরির উইলে প্রোবেট লইতে পারিবেন স্থির হইয়াছে। সুতরাং এক্ষণে তাঁহারই জয় হইল। শ্যামচাঁদগিরি প্রভৃতি পরাজিত হইলেন।

মেদিনীপুর কলেজের ভূতপূর্ব্ব প্রধান শিক্ষিত চন্দ্রকোণা নিবাসী স্বর্গীয় শ্যামাচরণ দাস মহাশয়ের স্মরণার্থে তাঁহার ভাগিনেয় যে রৌপ্য পদক প্রদান করিয়াছেন তাহা শ্রীমান রাজেন্দ্রচন্দ্র ঘোষ উক্ত কলেজ হইতে এণ্ট্রান্স পরীক্ষায় সর্ব্বশ্রেষ্ঠ হওয়ায় প্রাপ্ত হইবেন। পদকের মূল্য ১৫ টাকা বর্দ্ধমান প্রঃ শিঃ শ্রীযুক্ত বাবু হরিচরণ রায় মহাশয়ের নিকট জমা দেওয়া হইয়াছে তিনি কলিকাতা হইতে পদক প্রস্তুত করাইয়া দিবেন। পদকের নাম "শ্যামাচরণ রৌপ্যপদক।"

হাওড়ার গঙ্গায় যে ঘাটে স্ত্রীলোকেরা স্নান করে সেই ঘাটে মুটে মজুর প্রভৃতিরা কোনরূপ উৎপাত করিতে না পারে তজ্জন্য হাওড়ার ম্যাজিষ্ট্রেট গ্রিয়ারসন সাহেব পোর্ট কমিসনরদের সেক্রেটরীকে ঘাটে একটা দেওয়াল গাঁথিয়া দেওয়া এবং প্রহরী রাখিবার ব্যবস্থা করার জন্য অনুরোধ করিয়া পত্র লিখিয়াছেন।

[ঢাকা] আমাদের বরিশালের সংবাদদাতা লিখিয়াছেন—এবার অতিবৃষ্টি হইতেছে। মে মাসের মাঝ মাঝি হইতে অনবরত বর্ষণ হওয়াতে নিম্ন ভূমির আউস ধান্য একেবারে নষ্ট হইয়াছে। গৌর নদী থানার অনেক অংশে লোকের অন্নকষ্ট উপস্থিত। সম্ভবতঃ সরকার হইতে সাহায্য দান আবশ্যক হইতে পারে। ঢাকার কমিসনর সাহেব এখানে আসিয়াছেন এবং শস্যের অবস্থা বিষয়ে অনুসন্ধান করিতেছেন। শ্রীযুক্ত মাজিষ্ট্রেট সাহেব গৌর নদী থানায় গিয়াছেন। লোকের বাস্তবিক কতদূর কষ্ট হইয়াছে, তাহার বিশেষ অনুসন্ধান করাই নাকি তাঁহার মফঃস্বল যাওয়ার প্রধান উদ্দেশ্য।

—সম্প্রতি এখানে ওলাউঠার প্রাদুর্ভাব হইয়া ৮।৯ জনের মৃত্যু ঘটিয়াছে। আর কয়েক জন শয্যাগত। এত বৃষ্টির মধ্যে এইরূপ ওলাউঠার প্রকোপ পূর্ব্বে দেখা যায় নাই। জ্বরের আক্রমণও কম নহে। বাস্তবিক এখানকার স্বাস্থ্যের অবস্থা নিতান্ত আশঙ্কাজনক। শিক্ষা বিভাগের ডিরেক্টর ডাক্তার মার্টিন সাহেব এখানে আসিয়া স্কুল ও কলেজগুলি পরিদর্শন করিয়াছেন। বরিশাল জেলাস্কুল জয়েণ্ট কমিটীর হস্তে অর্পিত হইয়াছে। গবর্ণমেণ্ট পূর্ব্বের ন্যায় এখনও কিছু কিছু সাহায্য দান করেন। ডিষ্ট্রীক্ট বোর্ডের কয়েকজন মেম্বর তাঁহার নিকট এ বিষয়ে প্রার্থনা করিয়াছিলেন, কিন্তু তাঁহাদের প্রার্থনা পূর্ণ হইবে, এমন আশা নাই।

—গত শনিবার এক জন মগের ফাঁসি হইয়াছে। প্রায় দুই বৎসর হইল সে সুন্দর বনে এক জন কাষ্ঠব্যবসায়ীকে টাকার লোভে হত্যা করিয়া রেঙ্গুনে চলিয়া যায়। অন্য এক জন মগ কনষ্টেবল রেঙ্গুন যাইয়া তাহাকে গ্রেপ্তার করিয়া আনিয়াছিল। আরও ৫।৬ জনের প্রাণদণ্ডের আদেশ হইয়াছে; কেবল হাইকোর্টের অনুমোদন সাপেক্ষ। ইহাদের মধ্যে নাকি দুই জন স্ত্রীলোক; এক জন স্বামী হত্যা অপরাধে অপরাধিনী সাব্যস্ত হইয়াছে।

[আসাম]—কাছাড়ে বন্যা আসিয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। সিলচর এক প্রকার জলে ডুবিয়া গিয়াছে বলিলেই হয়। অনেকে গৃহ পরিত্যাগ করিয়া নৌকায় যাইয়া অবস্থান করিতেছে।

[দার্জ্জিলিং]. বৃষ্টি বন্যায় দার্জ্জিলিঙ্গের পথ বড়ই বিপন্ন হইয়াছে। অনেক স্থানে পাহাড় ভাঙ্গিয়া পথ একেবারে অগম্য করিয়া দিয়াছে। এক স্থানে দুই জন লোক মেষ চরাইতেছিল, পাথর চাপা পড়িয়া মরিয়া গিয়াছে; আর এক স্থানে ৭ জন মজুর চাপা পড়িয়াছিল। এক জন কি দুই জন মাত্র রক্ষা পাইয়াছে। (দৈনিক)

[উঃ পঃ প্রদেশ]—মিউনিসিপালিটীর টেক্স আদায়ের কার্য্যে যাহাকে নিযুক্ত করা হইবে। অতঃপর তাহার নিকট হইতে নগদ ৫০০ শত টাকা অথবা ৫০০ টাকার সম্পত্তি জামিন স্বরূপ লইতে হইবে।

[পাটনা বিভাগ]—ডুমরাওনের মহারাজ স্থানীয় উচ্চ শ্রেণীর স্কুলটি মধ্য শ্রেণীর ইংরাজি স্কুলে পরিণত করিতে মানস করিয়াছেন। ঐরূপ করায় যে খরচ বাঁচিয়া যাইবে তদ্দ্বারা উক্ত স্কুল সংশ্লিষ্ট একটি শিল্প বিভাগ খুলিয়া দিবেন।

[কাশ্মীর] শ্রীনগরে ভয়ানক বন্যা আসিয়াছে। ঝিলাম নদীর জল বাড়িয়া বাঁধ ভাঙ্গিয়া গিয়াছে। দ্রব্যাদির আমদানী রপ্তানী বিষয়ে ব্যাঘাত পড়িয়াছে। টেলিগ্রাফ আফিস যেখানে ছিল, সেখানে দশফুট উঁচু হইয়া জল দাঁড়াইয়াছে। আফিস স্থানান্তরিত করা হইয়াছে। টেলিগ্রাফ সিগনালারেরা যে অঞ্চলে ছিলেন সে অঞ্চল ভাসিয়া গিয়াছে। তাঁহাদের সমগ্র সম্পত্তি নষ্ট হইয়া গিয়াছে। মরি হইতে শ্রীনগর পর্য্যন্ত তারে সংবাদ চলাচল কয়েক দিন যাবৎ বন্ধ ছিল।

[রাজপুতানা] স্বরাজ্যে রেল বসাইবার পক্ষে উদয়পুরের রাণার বরাবরই বিরাগ ছিল। সম্প্রতি কিন্তু তিনি উদয়পুর হইতে চিতোর পর্য্যন্ত রেল বসাইতে ইচ্ছা প্রকাশ করিয়াছেন। উক্ত কার্য্য শীঘ্রই আরম্ভ হইবে।

[পঞ্জাব] মজঃফরগড়েও প্রবল বন্যা আসিয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। নগরের চারি দিকেই জল। ক্ষতি যথেষ্ট হইয়াছে। ষ্টেশনের নিকটবর্ত্তী স্থানের রেলপথ ও টেলিগ্রাফের তার অকর্ম্মণ্য হইয়াছে।

রুড়কি টমসন কলেজে আগামী বৎসরের ১লা মে অতিরিক্ত ৬ জন ছাত্র গ্রহণ করা হইবে। এতদুপলক্ষে এই বৎসর নবেম্বর মাসের শেষ এক সপ্তাহকাল ধরিয়া প্রবেশিকা পরীক্ষা গৃহীত হইবে।

পাতিয়ালার মহারাজ ব্রিটিস গবর্ণমেণ্টের অনুমতি না লইয়া ঢোলপুরের মহারাজকে সম্প্রতি চইল নামে এক খানি গ্রাম দিয়াছেন। এক্ষণে

মীমাংসা হইয়াছে এই যে, ব্রিটিশ গবর্ণমেণ্টকে না জানাইয়া অপরকে রাজ্য দান সম্বন্ধে পাতিয়ালা রাজের ক্ষমতা নাই।

[বোম্বাই]—মুদ্রা সম্বন্ধীয় নূতন ব্যবস্থায় রৌপ্যের মূল্য কমিয়া যাওয়ায় এবং চীন দেশে রৌপ্যমুদ্রা প্রচলিত থাকায় চীনের সহিত আফিমের বাণিজ্যে বোম্বাই অঞ্চলের আফিম ব্যবসায়ীদিগের প্রায় এক কোটি টাকা লোকসান হইয়াছে। তাঁহারা গবর্ণমেণ্টের নিকট আবেদন করিয়াছেন।

বোম্বাই প্রদেশে জুনাগড় রাজ্যের অন্তর্গত পাত্তান নামক স্থানে বিগত মহরম উপলক্ষে নাকি ভয়ানক গোলযোগ ঘটিয়াছিল। মুসলমানেরা হিন্দুর মন্দির দূষিত করিয়াছে এবং মহান্ত সন্ন্যাসীদিগের উপর ঘোর অত্যাচার করিয়াছে বলিয়া শুনা যাইতেছে।

বোম্বাই প্রদেশে কোন ব্যক্তিকে আর্থিক গোলযোগ হেতু জেলে যাইতে হয়। মেয়াদের কাল ৩ মাস অবশিষ্ট থাকিতে ডাক্তার এই মর্ম্মে তাহাকে সার্টিফিকেট দেয় যে, আর কিছু দিন এই অবস্থায় জেলে থাকিলেই ইহার মৃত্যু হইবে। বোম্বাই গবর্ণমেণ্ট ইহাতে তাহাকে কারামুক্ত করিয়া দিয়াছেন।

বোম্বাই বিশ্ব বিদ্যালয়ের তরফে যাজ্ঞিক জগন্নীলাল উমাশঙ্কর সোধাই ব্যবস্থাপক সভার সদস্য নির্ব্বাচিত হইয়াছেন।

বোম্বাইয়ে একটী নূতন মেডিকেল কলেজ সংস্থাপনের কথা হইতেছে।

[সাধারণ]—বেহার প্রদেশের থাকজরিপের কথা বিলাতের কমন্স সভায় উঠিয়াছিল। বিষয়টি ন্যায়সঙ্গত কি না সে বিষয়ে ষ্টেট সেক্রেটরী ভারত গবর্ণমেণ্টের মন্তব্য চাহিয়া পাঠাইবেন। এতৎসম্বন্ধীয় যে কিছু কাগজপত্র সকলই পার্লিয়ামেণ্টে দাখিল হইবে।

বাঙ্গাল প্রাদেশিক রেলপথের জন্য আট লক্ষ টাকা মূলধন উঠাইবার জন্য অংশ বিক্রয় হইতেছিল। মূলধন সমগ্রই উঠিয়াছে, সুতরাং অংশ আর বিক্রয় হইবেনা বলিয়া উক্ত রেলওয়ে কোম্পানী ঘোষণা করিয়া দিয়াছেন।

মিঃ ডবলিউ সি বনার্জ্জি বিগত ২৫শে জুলাই মঙ্গলবার বিলাত-যাত্রা করিয়াছেন।

গবর্ণর জেনারেল বাহাদুর আগামী মার্চ মাস পর্য্যন্ত কর্ম্ম স্থগিতে স্থগিত আছেন বলিয়া কোন ইংরাজী কাগজে প্রকাশ পাইয়াছে। আর একখানি ইংরাজী কাগজে প্রকাশ, গবর্ণর বাহাদুর আগামী ডিসেম্বরে তাঁহার পরবর্ত্তী গবর্ণর জেনারেলকে সমস্ত চার্জ্জ বুঝাইয়া দিবেন।

বাঙ্গাল প্রাদেশিক রেলওয়ে কোম্পানী মগরা হইতে কালনা, কাটোয়া ও নদীয়া পর্য্যন্ত রেল বিস্তারের কল্পনা করিতেছেন। সম্ভবতঃ আগামী বৎসরের প্রারম্ভেই তারকেশ্বর মগরা রেলপথ বাণিজ্যের জন্য খোলা হইবে বলিয়া কেহ কেহ বলিতেছেন।

৯ই হইতে ১৫ই শ্রাবণ পর্য্যন্ত কলিকাতা পাটের বাজারের সাপ্তাহিক বিবরণ—

সিরাজগঞ্জ ও উত্তর বঙ্গ প্রভৃতি—

ঐ	শরেস	পাট	৫৷৷৵০	হইতে	৫৷৷৶০
ঐ	মাঝারি	ঐ	৫৷৵০	"	৫৷৷০
ঐ	নিরেস	ঐ	৫৲	"	৫৴০
নারায়ণগঞ্জ, ময়মনসিংহাদি		ঐ		"	
পাংশা, ওসমানপুরাদি		ঐ	৪৷৵০	"	৫৵০
দেশী [সর্ব্বপ্রকার]		ঐ		"	
ডিজারাগি, বোম্বাই আদি		ঐ	৪৷৶০	"	৫৴০
দেওড়া [সর্ব্বপ্রকার]		ঐ	৪৷৷৵০	"	৫৲

গত পূর্ব্ব সোম বার হইতে গত রবিবার পর্য্যন্ত

এক সপ্তাহের আমদানী		৬৮৫০০	বস্তা
ঐ	রপ্তানী	৪৮৬০০	"
ঐ	মজুত	২৭৫০০	"
গত মেলের	মজুত	৭৬০০	"

মন্তব্য—বাজার গত সপ্তাহাপেক্ষা ৴০ আনা হইতে ৵০ নরম, কিন্তু গত শুক্রবার হইতে বাজারের গতিক বিপরীত ভাব দেখা যায়। শ্রীযতীন্দ্র মোহন বন্দ্যোপাধ্যায়, ৫৭নং বাবুরাম ঘোষের লেন আহীরীটোলা কলিকাতা।

প্রযুক্ত হীরালাল কুমার মুকুন ব্যারিষ্টার হইয়া বিলাত হইতে প্রত্যাগত হইয়াছেন।

সুয়েজ ও তিহারাণ হইয়া বিলাতে যে সংবাদ যাইবে অতঃপর তাহার দর প্রতি কথায় ৩৴০ স্থির হইল। তুরুস্ক হইয়া যে সংবাদ যাইবে তাহার দর হইল প্রতি কথায় ২৸০ আনা।

ব্যারিষ্টার মিঃ এ চৌধুরী বঙ্গীয় ব্যবস্থাপক সভার সদস্য নির্ব্বাচিত হওয়ার পক্ষে রাজা শশিশেখরেশ্বর রায় যে আপত্তি তুলিয়াছিলেন তাহার মীমাংসার জন্য বিষয়টি এক্ষণে নাকি ষ্টেটসেক্রেটরীর নিকট সোপরদ্দ করা হইয়াছে।

ব্যারিষ্টার উড্‌রোফ যদি ভারতে আর ব্যারিষ্টারী না করেন তাহা হইলে লর্ড চ্যান্সেলার নাকি তাঁহাকে কিউ সি উপাধি দিবেন বলিয়াছিলেন। ব্যারিষ্টার উড্‌রোফ্ কিন্তু ওরূপ সর্ত্তে কিউ সি উপাধি লইতে অস্বীকার করিয়াছেন।

নূতন সংশোধিত নিয়মানুসারে অতঃপর কলিকাতা বাহাদুরের ব্যবস্থাপক সভার অতিরিক্ত সদস্যগণ প্রত্যেকে বৎসরে ১০ হাজার এবং কয়েকটী স্থানীয় ব্যবস্থাপক সভার সদস্যগণ প্রত্যেকে বৎসরে ৩ হাজার টাকা করিয়া পাইবেন।

[বৈদেশিক]—ষ্টেট সেক্রেটরীর আফিস যাহাতে উঠিয়া যায়, সেই মর্ম্মে একটি আইন পাস করাইবার জন্য স্যর উইলিয়ম ওয়েডরবরণ ও দাদাভাই নৌরোজী চেষ্টা করিতেছেন। ওরূপ একটি আইন পাস হইলে ভারত পার্লিয়ামেণ্ট মহাসভা কর্ত্তৃক পরিচালিত হইতে থাকিবে এবং পার্লিয়ামেণ্ট মহাসভা ২০ বৎসর অন্তর ভারত সম্বন্ধে সবিশেষ অনুসন্ধান করিবেন।

ফরাসী যে সকল দাবী করিয়াছিলেন শ্যাম সমস্তই পূরণ করিতে স্বীকার করিয়াছেন। ফরাসী কিন্তু শ্যামের কোসিচাঙ্গ দ্বীপ অধিকার করিয়া সেখান হইতে অধিবাসিগণকে তাড়াইয়া দিয়াছেন। তত্রত্য শ্যামের পরমিট কর্ম্মচারিগণকেও তাড়াইয়া দেওয়া হইয়াছে। যত জাহাজ এক্ষণে শ্যামে আসিতেছে এমন কি ব্রিটিসদিগের জাহাজ পর্য্যন্তও ফরাসী আটকাইয়াছেন। এই ব্যাপারে এবং পূর্ব্ব উপদ্বীপে ব্রিটিস আধিপত্যে আঘাত লাগিয়াছে দেখিয়া ফ্রান্সের যত সংবাদ পত্রসমূহ অতি সাবধানে এ বিষয়ের সমালোচনা করিতেছেন কিন্তু এ কথা বলিতেছেন যে ফরাসী ব্রিটিস স্বার্থে কখনই আঘাত করিতে পারিবেন না। ফরাসীর যে মত শ্যামের অবরোধ ব্যাপারে ব্রিটিস গবর্ণমেণ্ট সম্মতি দেন নাই বলিয়া ডেলি নিউস পত্রিকার ব্যাঙ্ককের সংবাদ দাতা বলিতেছেন।

বেহারের থাক-জরিপের কার্য্যে পাটোয়ার নিয়োগ সম্বন্ধে আগামী সোমবার স্যর উইলিয়ম ওয়েডরবরণ কমন্স সভায় একটি প্রশ্নের উত্থাপন করিবেন বলিয়া বিজ্ঞাপন দিয়াছেন। ইংলিসম্যান পত্রের সংবাদদাতা তারযোগে এই সংবাদটি পাঠাইয়াছেন।

ইংলণ্ডে কয়লার খনির মজুরেরা ধর্ম্মঘট করিয়াছে। লিড্‌স্‌ নগরে ২০ হাজার, নটিংহামে ২০ হাজার এবং পটিফ্‌ট, ব্রিষ্টল ও অন্যত্র অনেক সহস্র মজুর আর খনিতে কাজ করিতেছে না।

ফ্রান্সের প্যারিস নগরে সম্প্রতি বৃক্ষের মেলা হইবে। যে সকল বৃক্ষের বয়স এক শত বৎসরের অধিক হইয়াছে কেবল মাত্র তাঁহাদিগকে লইয়াই প্রদর্শনী হইবে। বৃদ্ধগণকে যাতায়াতের জন্য ১ম শ্রেণীর রেলভাড়া দেওয়া হইবে। প্যারিস নগরের সর্ব্বোৎকৃষ্ট হোটেলে তাঁহাদিগের আহারের ব্যবস্থা করা হইবে। সুপ্রসিদ্ধ চিকিৎসকগণ পীড়া হইলে তাহাদের চিকিৎসা করিবেন। কাহারও মৃত্যু হইলে প্রদর্শনীর কর্ত্তৃপক্ষীয়েরা নিজ ব্যয়ে মৃতদেহ মৃতের আত্মীয়স্বজনের নিকট পাঠাইয়া দিবেন। (সঞ্জীবনী)

রুষিয়ায় জর্ম্মনীর যে সমস্ত বাণিজ্য দ্রব্যাদির আমদানী হয়, রুষ গবর্ণমেণ্ট সে সকলের উপর মাশুল বসাইয়াছেন। আবার জর্ম্মনীরাজ্যে রুষের আমদানী দ্রব্যের উপরও মাশুল বসান হইয়াছে। এই কারণ বশতঃ উভয় রাজ্যের বাণিজ্য এক প্রকার প্রায় বন্ধ হইয়া আসিয়াছে।

কমন্স সভায় হোমরুল বিলের আলোচনা শেষ হইয়া গিয়াছে। আগামী ৭ই আগষ্ট কমিটীর রিপোর্ট দাখিল হইবে।

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—খুলনার মাঃ ও কঃ মিঃ ব্রজেন্দ্রনাথ দে ১ বৎসরের ফর্লো পাইলেন। পাটনার প্রোটেম জঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ ষ্টিভেন্সনমুর সাহেব খুলনার মাঃ ও কঃ হইলেন। মজঃফরপুরের ছুটীপ্রাপ্ত প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু মাখনলাল চট্টোপাধ্যায় যশোহর সদরে বদলী হইলেন। ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু অমরনাথ ভট্টাচার্য্য ২৪ পরগণার সদরে স্থাপিত হইলেন। ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু বংশীধর বন্দ্যোপাধ্যায় প্রেসিডেন্সী বিভাগের কমিসনরের ২য় পার্শঃ আসিষ্টাণ্ট হইলেন। ২৪ পরগণার ছুটীপ্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু ক্ষেত্রমোহন মুখোপাধ্যায়ের কার্য্য বাঙ্গাল গবর্ণমেণ্টের রাজস্ব বিভাগের অধীনে থাকিল। যশোহরের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু ক্ষেত্রনাথ মিত্রের কার্য্য বাবু ক্ষেত্রমোহন মুখোপাধ্যায়ের অনুপস্থিতিকাল যাবৎ বাঙ্গাল গবর্ণমেণ্টের রাজস্ব বিভাগের অধীনে থাকিল। জলপাইগুড়ির প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু বিনোদবিহারী সরকার আর ৩ দিনের ছুটি পাইলেন। মিঃ এফ, ই, পার্‌-টার সি, এস আরও কিছু দিনের অর্থাৎ আগামী ১২ই নবেম্বর পর্য্যন্ত ফর্লো পাইলেন। মিঃ এফ বি টেলর সি এস আর এক সপ্তাহের ফর্লো পাইলেন। ২৪ পরগণা ও হুগলীর অতিরিক্ত ডিঃ ও সেঃ জজ উইলকিন্স সাহেব ১ মাসে ২০ দিনের ছুটি পাইলেন। নদীয়ার ডিঃ ও সেঃ জজ হ্যাণ্ডলে সাহেব ২৪ পরগণা ও হুগলীর অতিরিক্ত ডিঃ ও সেঃ জজ হইলেন। প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী নাজিমুদ্দীন আহমদ অস্থায়ীরূপ লোহারডাগা জেলার সদরে স্থাপিত হইলেন।

বিচার—কলিকাতা পুলিসের প্রতিনিধি কমিসনর জাইল্‌স্‌ সাহেব কলিকাতার প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট হইলেন। বাবু সূর্য্যপ্রসাদ বি এল পাটনা বেহারের মুঃ হইলেন। বিগত ২৫শে জুলাই মৌলবী মহম্মদ আবদুস্‌ সোমাদ বেহারের মুঃ হইলেন বলিয়া যে আদেশ হইয়াছিল তাহা রহিত হইল। যশোহর বাগেরহাটের মুঃ বাবু পূর্ণচন্দ্র দে আর ৫ সপ্তাহের ছুটী পাইলেন।

শিক্ষা—প্রেসিডেন্সী কলেজের অধ্যাপক ও গবর্ণমেণ্টের জলবায়ু বিষয়ক রিপোর্টার পেডলার সাহেবের কার্য্য ভারত-গবর্ণমেণ্টের রাজস্ব ও কৃষি বিভাগের অধীনে থাকিল। বাঁকুড়ার বিভাগীয় স্কুল সব ইনঃ বাবু রামেশ্বর সেন বাঁকুড়ার ডেঃ ইনঃ হইলেন। বাবু শশধর সেন বি এ বাঁকুড়ার বিভাগীয় স্কুল সব ইনঃ হইলেন। প্রেসিডেন্সী সার্কেলের স্কুল ইনস্পেক্টরের আফিসের প্রধান কেরাণী বাবু মহেন্দ্রলাল ঘোষ আর ৩ মাসের ছুটী পাইলেন।

উদ্ভট কবিতা।

[৩২৪]

লক্ষ্মীঃস্থিরা কচিদপি কচিদেবধাবী
নৈকত্র ধীর বসতঃ সততং বিরোধাৎ
চিত্রং পরং তদুভয়োদ্ধরি সন্নিবেশাৎ
মন্যে তবাস্তি হৃদয়ে ভগবান্‌মুকুন্দঃ।

বিশেষ দ্রষ্টব্য।

বাচস্পত্য অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২৩৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকালীনাথ ভট্টাচার্য্য।
বুধোদয় প্রেস।
হুগলী।

বিজ্ঞাপন।

বিশ্বনাথ চতুষ্পাঠী।

ভারত ধর্ম্মমহামণ্ডলীর মুখ্যতম উদ্দেশ্যের অনুসরণে প্রতিষ্ঠিত বার্ষিক ৫০৲ টাকার হিসাবে বিশ্বনাথ বৃত্তি ১০টি, নিম্নলিখিত অধ্যাপকগণ কর্ত্তৃক সানুগ্রহে গৃহীত হইয়াছে—

শ্রীকৃষ্ণনাথ ন্যায়পঞ্চানন, পুর্ব্বস্থলী, বর্দ্ধমান।
শ্রীকৈলাসচন্দ্র ন্যায়রত্ন, উজীরপুর, যশোহর।
শ্রীগঙ্গাচরণ ন্যায়রত্ন, মলীদার, ফরিদপুর
শ্রীশশিকুমার শিরোরত্ন, কোটালিপাড়, ঐ
শ্রীজানকীনাথ তর্করত্ন, কোড়কদি, ঐ
শ্রীনৃসিংহ সরস্বতী, মন্তেশ্বর, বর্দ্ধমান।
শ্রীআশুতোষ তর্করত্ন, কোটালিপাড়, ফরিদপুর।
শ্রীপঞ্চানন তর্করত্ন, ভট্টপল্লী, ২৪ পরগণা।
শ্রীরামকৃষ্ণ তর্কতীর্থ, ঐ ঐ
শ্রীমহেশ্বর বেদান্ততীর্থ, সেমড়াটী, খুলনা।

শ্রীহরিনাথ স্মৃতিভূষণ।
বিশ্বনাথ চতুষ্পাঠীর অধ্যাপক।

ছাত্রখালি।

Wanted immediately 3 boys for the Entrance class of the Nimta H. E. School who have every chance of being brilliantly successful in the ensuing University examination. They will get free-studentship and free-lodging and boarding. Candidates are required to apply personally or by letter to the Head Master on or before the 8th inst.,

with copies of testimonials as to general attainments and character from the head of the institution in which he has been prosecuting his studies. Selected candidates shall have to join on or before the 12th August next. Nimta is only a mile off from the Belgboria Station on the E. B. S. Ry—Eastern Section, and is only 7 miles from Calcutta. There is Charitable Dispensary at Nimta and is located in a side-room of the school. Sarada Prasad Banerjee B. A. Hd. Master Nimta H. E. School, Via Nimta, Belghoria P. O.

কর্ম্মখালি।

Wanted a Sarkar who knows English and weighing business well; salary Rs 15 a month. Security Rs 100. Apply within 15th August to Mrs. Banerjee & Co. 7 Ezra Street, Calcutta.

Wanted an experienced Clerk—a Babu for the Sakrail Public Library. on salary Rs 15 a month with free quarters. Apply before 28th August with half anna postage stamp for particulars to Babu Girija Kanta Sen Gupta, Sakrail P. O. Via Tangail.

Wanted a Head Master for the Purbusthali H. E. School. Preference will be given to an experienced graduate strong in English. Apply sharp with copies of testimonials to Babu Ram Nath Bhattacharji, Purbusthali, Burdwan.

Wanted an Entrance passed second master for the Nurpur M. E. School on a salary of Rs 30 per mensem including food and lodging. Apply sharp to R. K. Joardar, Nurpur, Via Jangipur.

Wanted an officiating F. A. passed Hd. Master for the Haludbari M. E. School, Midnapore for 6 months, on a salary of Rs 20 a month besides free board & lodging. Apply within a week to the Secy. Babu Krishna Mohan Maiti.

Wanted immediately an Entrance passed Kyastha English teacher for the Trilochunpur M. V. School on a salary of Rs 12 per month free of lodging and boarding expenses. Apply to the Secretary of the school, Chandpur P. O. Jessore.

Wanted an F. A. passed or plucked experienced Hindu teacher of English for the Beldanga H. E. School in Murshidabad on a salary of Rs 15 per mensem. Beldanga is a healthy place. Apply sharp with testimonials to Babu Gobinda Jivan Hazra, Secy. to the Beldanga H. E. School. Beldanga P. O. Murshidabad.

Wanted an F. A. strong in Mathematics and experienced in the art of teaching for the High School at Somastipur, a Sub Division town in the district of Darbhanga. The place is situated on the Tirhoot Railway and is noted for good climate and cheap living. Apply sharp with copies of tetimonials to the N. K. Roy Hd. Master and Proprietor, High School, Samastipur.

সুরপুর মাইনর স্কুলের জন্য একজন হেড পণ্ডিত ও একজন দ্বিতীয় পণ্ডিতের আবশ্যক, মাসিক বেতন যথাক্রমে ২০৲ ও ১৫৲ টাকা। বাসা দেওয়া যাইবে, যাঁহারা নর্ম্মাল ত্রৈবার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ হইয়া কিছুদিন শিক্ষকতা করিয়াছেন তাঁহাদেরই আবেদন সাদরে গৃহীত হইবে, কর্ম্মপ্রার্থিগণ ২০শে আগষ্ট মাসের মধ্যে সুরপুর স্কুলের সেক্রেটারি শ্রীতারাপ্রসন্ন বিশ্বাসের নিকট আবেদন করুন। রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

জেলা নদীয়া, পোঃ পোড়াদহ, কাটদহ মধ্য ইংরাজী বিদ্যালয়ের জন্য শিক্ষাকার্য্যে পারদর্শী জনৈক নর্ম্মাল ত্রৈবার্ষিক উত্তীর্ণ প্রধান পণ্ডিতের আবশ্যক। মাসিক বেতন ১৫৲ পনর টাকা। থাকিবার স্থান ও চাকর পাইবেন। সম্পাদক শ্রীবিশ্বনাথ সিংহের নিকট আবেদন করুন।

গিরিশ লাইব্রেরী।

এখানে ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল, এ; বি, এ ক্লাসের সর্ব্বপ্রকার পাঠ্যপুস্তক ও অর্থ পুস্তকাদি এবং নাটক, নভেল প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়। ভিঃ পিঃ ডাকেও পুস্তক পাঠাই। ২১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৮৪নং

আর্য্যমিশন ইনষ্টিটিউশন।

৮০।১ নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট, কলিকাতা।

এই বিদ্যালয়ে একটী স্বতন্ত্র সংস্কৃত বিভাগ আছে। ঐ বিভাগে উপযুক্ত পণ্ডিতের দ্বারা বিনা বেতনে দর্শন, কাব্য সাহিত্য, ব্যাকরণ শ্রীমদ্ভাগবত শ্রীমদ্ভগবদ্গীতা শিক্ষা দেওয়া হইয়া থাকে। পাঠার্থি-ছাত্রের আবশ্যক।

শ্রীকানাই লাল সেঠ।

৩৯৮ নং সেক্রেটরী।

পাটীগণিত।

নূতন সংস্করণ।

শ্রীপ্রসন্নকুমার সর্ব্বাধিকারী প্রণীত।

সুপ্রসিদ্ধ গণিতশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম, এ, মহাশয়ের দ্বারা সম্যক্‌রূপে সংশোধিত পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত। ইহাতে সুকৌশল সম্পন্ন প্রশ্নাবলী সন্নিবেশিত এবং উহাদের ভূরি পরিমাণে সমাধান করা হইয়াছে। ৫৭৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। উত্তম কাপড়ে বাঁধা, মূল্য ১৷৵০। বলা বাহুল্য ইহা চিরকাল সর্ব্বাদৃত, অধুনা আরও অধিক পরিমাণে স্কুলাদিতে পাঠ্যরূপে নিয়োজিত হইতেছে এবং বঙ্গবাসী প্রভৃতি সংবাদ পত্র ভূয়সী প্রশংসা করিতেছেন। নিম্নলিখিত এবং অন্যান্য স্থানে পাওয়া যায়।

বি, বানার্জি এণ্ড কোং।

২৫নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, ৫৬নং কলেজ ষ্ট্রীট, ৫১নং পুরাতন চীনেবাজার, কলিকাতা। ৫৫নং পটুয়াটুলি ঢাকা।

৩৮৮নং

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৬ বৎসর উহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-যশের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার লেপনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থার সম-ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনা ব্যয়ে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৷৷০ টাকা, প্যাকিং ।০ আনা

২ শিশি একত্রে লইলে খরচা ৷৷৵০ আনা সুলভ হয়।

শ্রীকালীদাস সরকার।

গবর্ণমেণ্ট পেন্সনার—লক্ষ্ণৌ।

৩৭৩নং

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বল-বীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রি-জাগরণ, অতিরিক্ত পান-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা-চাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত!

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-ফোলা-কাসিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দৌকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকায় সে জ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে, ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্প-দিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধে অতি সামান্য রাগও আরাম হয়। বিধাতার বিচিত্রবিধান বুঝাভার!

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন। প্লীহা জঠর-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগী-কে এই এক ৩নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

বটিকার সংখ্যা,	মূল্য,	ডাঃমাঃ,	প্যাকিং
১নং কৌটা	১৮	৷৷০	।০
২নং কৌটা	৩৬	১৲০	।০
৩নং কৌটা	৫৪	১৷৷৵০	।০

ভ্যালুপেয়বলে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।

১২ নং মৃজাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা।

৩৭৪নং

পাঁড়ে ব্রাদার্স।

পুস্তক ও দেশী বস্ত্র বিক্রেতা।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।

এখানে ইংরাজি বাঙ্গালা সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য সর্ব্ব প্রকার পুস্তক, তৎসমস্তের নানা প্রকার কি, নোট, অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি সর্ব্ব প্রকার পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে। বিলাতি পুস্তক বিলাত হইতে আনা হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা ১৸০ মূল্য যোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও ব্যবহারীর জন্য চলিবে ও ২৷৷০, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ নয়নসুখ, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকট ও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য	।৵০	বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ	৵০
৩২ খানি উৎকৃষ্ট চিত্রসহ			
নীতি কথামালা	।০	মানবতত্ত্ব	১৷০
আর্য্যচরিত	।০	ধর্ম্মবিজ্ঞান	১৲
আর্য্যশিক্ষা	৷৷৵০	অদ্ভুত স্বপ্ন বা স্ত্রী পুরুষের দ্বন্দ্ব	৷৷০
বাঙ্গলা ব্যাকরণ	।৵০	বিজ্ঞানসার	১৲
শিশু বিজ্ঞান	৵০	লীলাবতী (অঙ্কপুস্তক)	৷৷০
বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ	৵০		

৩৪৫ নং

শ্রীমনোমোহন পাঁড়ে

সংক্ষিপ্ত পদার্থদর্শনের প্রশ্নোত্তর।

পণ্ডিত প্রবর শ্রীযুক্ত প্রসন্নকুমার চক্রবর্ত্তী প্রণীত। মূল্য ।/০ পাঁচ আনা মাত্র। যত গুলি সংক্ষিপ্ত পদার্থদর্শনের প্রঃ উঃ এ পর্য্যন্ত প্রকাশিত হইয়াছে এখানা তাহাদের অপেক্ষা কোন অংশে নিকৃষ্ট নহে বরং অনেকাংশে উৎকৃষ্ট। যে স্কুলে এক খানিমাত্র এই প্রঃ উঃ প্রবেশ লাভ করিয়াছে সে স্কুলের সমস্ত ছাত্রই ইহা ক্রয় করিতেছে। এককালে এক প্যাকেটে ৫ খানি এই প্রঃ উত্তর লইলে স্কুলের শিক্ষকদিগকে শতকরা ১৫৲ টাকার হিসাবে কমিসন দিয়া থাকি; অধিকন্তু আমি নিজ হইতে ডাক মাশুল দিই। কাগজ, ছাপা ও বাঁধাই সমস্তই উৎকৃষ্ট। ভিঃ পিঃ ডাকে পাঠাইয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র দত্ত।

ভারত পুস্তকালয়, পটলডাঙ্গা, বৌবাজার পোষ্ট

কলিকাতা।

৩৯৯নং

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸০ বার আনা, ডাঃ মাঃ /০ এক আনা। এখানি ১৮৯৪ অব্দের মাইনর পরীক্ষায় ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহাতে বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গল্প হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ৴১০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

সংস্কৃত প্রেসডিপজিটরি।

১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত

পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষক গণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৷৷০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।৵০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীজমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।৵০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ৵০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

---

৩৪৪ নং

ইউক্লিডের জ্যামিতি দ্বাদশ অধ্যায়।

(সংশোধিত এবং পরিবর্দ্ধিত।)

শ্রীযুক্ত বাবু ব্রহ্মমোহন মল্লিক প্রণীত।

৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছে, মূল্য ২৲ টাকা। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৯৭ নং ম্যানেজার।

শ্রীমদ্ভগবদ্গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ /০।

ঐ বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ।/০ পাঁচ আনা ডাঃ মাঃ /০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা মূল্য /০ পাঁচ আনা ডাঃ মাঃ /০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা উৎকৃষ্টরূপ বাঁধা মূল্য ৷৷০ আট আনা, ডাঃ মাঃ /১০।

কবির (জীবন্মুক্ত মহাত্মা কবির সাহেবের ৫৫৪টী দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা-সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ /১০।

কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০।১ন মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

ম্যানেজার।

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু

প্রণীত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য /০ আনা

ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "

ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব।০ "

সেণ্ট্রাল টেক্সটবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তালিকার পরিগৃহীত। মধ্য শ্রেণীয় বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।

১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট—কলিকাতা।

☞ এই পত্র হুগলি বুধোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকালীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

REGISTERED NO 35 1875.

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

নূতন সম্পর্ক। ২৫শ খণ্ড। ১৮শ সংখ্যা। | ২৭শে শ্রাবণ শুক্রবার ১৩০০ সাল। ইং ১১ই আগষ্ট ১৮৯৩ খৃঃঅব্দ। | অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা।

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম)	৫৲	ষাণ্মাসিক	৩
ত্রৈমাসিক	২	প্রত্যেক সংখ্যার	।৹

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৵৹ ৩য় বার /১০ চতুর্থ বা ততোধিক বার /৹। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৵৹।

কর্ম্মখালির বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে প্রকাশিত হয়।

তিন মাসের অধিক বিজ্ঞাপন প্রকাশ করিলে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

যাঁহারা এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য নগদ টাকায় দিবেন, তাঁহারা তাঁহাদের নিকটবর্ত্তী এজেণ্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণিঅর্ডার কূপনে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

এডুকেশন গেজেটে বিজ্ঞাপন প্রকাশের সুবিধার জন্য ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে একটী এজেন্সি খোলা হইয়াছে। তথায় বিজ্ঞাপন ও তৎপ্রকাশের মূল্য জমা লওয়া যায়।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যায় বিলম্ব হইলে তাহার খামখানিতে পিয়নের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

কলিকাতা	শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।	
	সংস্কৃতযন্ত্রের পুস্তকালয় ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।	
	চণ্ডীচরণ মজুমদার—জেঙ্গল সেক্রেটারিয়েট জুডিসিয়াল ডিপার্টমেণ্ট।	
২৪ পরগণা		
আলিপুর	মতিলাল মৈত্র—আলিপুর।	
	ভূপালচন্দ্র গঙ্গোপাধ্যায়—উকিল।	
বারাকপুর	শ্রীযুক্ত বাবু ভুবনমোহন নিয়োগী।	
ডমানীপুর	রাজকৃষ্ণ রায় চৌধুরী।	
চুয়াডাঙ্গা	যদুনাথ চৌধরী।	
হাবড়া	হরমোহন ভট্টাচার্য্য।	
চট্টগ্রাম	ব্রজেন্দ্রকুমার গুহ।	
হুগলী	শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।	
চন্দননগর	ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।	
বর্দ্ধমান	চারুচন্দ্র চট্টোপাধ্যায়।	
	রসিকলাল দাস—রায়না।	
যশোহর	কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।	
সিউড়ী	অম্বিকাচরণ মুখোপাধ্যায়।	
	লীলমণি ভট্টাচার্য্য।	
বাঁকুড়া	রামেশ্বর সেন—বিষ্ণুপুর।	
	অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।	
মেদিনীপুর	উমাচরণ দে।	
	দীননাথ ধর—গবর্ণমেণ্ট প্লীডার।	
জলপাইগুড়ি	নীলমণি পাল।	
বাঁকিপুর	নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর।	
	ভগবান প্রসাদ।	
বারাণসী	সোমনাথ ভাদুড়ী—বাঙ্গালীটোলা।	
রঙ্গপুর	আদিনাথ মিত্র।	
	দ্বারকানাথ বাগচি—মিলকাদারি।	
রাজসাহী	কালীনাথ চৌধুরী—বোয়ালিয়া।	
পাবনা	মহেন্দ্রনাথ দত্ত।	
	রজনীকান্ত ভট্টাচার্য্য।	
	রামচন্দ্র চক্রবর্ত্তী।	
	ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, হুলাই।	
	উমাচরণ পাঁড়ে, সিরাজগঞ্জ।	
ঢাকা	সতীশচন্দ্র ঘোষ।	
সাঁওতাল পরগণা	যজ্ঞেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।	
পাকুড়	রাধাকৃষ্ণ সারগেজ।	
খুলনা	হরিহর দাস।	
	জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।	
দিনাজপুর	রাজকুমার চক্রবর্ত্তী ফুলবাড়ি।	
	ভুবনেশ্বর গুপ্ত।	
	দুর্গাদাস সুর—রায়গঞ্জ।	
	শশিভূষণ রায়।	
কোচবিহার	ভুবনমোহন দত্ত।	
ফরিদপুর	কালীকিশোর ঘোষ—মাদারিপুর।	
মজঃফরপুর	কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল	
রায়ডাঙ্গা	গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক সুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সমস্তীপুর	
বৈদ্যনাথ	যোগীন্দ্রনাথ বসু হেড মাষ্টার, ওেথঘর।	

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিবিধ বিজ্ঞাপন।

রিপণ-ডিপজিটারী।

৫২ নং দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য ও মাইনর নভেল অতি সুবিধায় সরবরাহ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পিঃ ডাকে পুস্তক পাঠাই। প্রেরণ ব্যয় ২০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়।

শ্রীশশিভূষণ সাহা
ম্যানেজার।

৩৮০ নং

গবর্ণমেণ্টের অনুমোদিত।

বাঙ্গালা ছাত্রবৃত্তি ও মাইনর স্কুলসমূহের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পাঠ্য।

"বিজ্ঞানসোপান"।

শ্রীযুক্ত উমেশচন্দ্র ঘোষ, এম এ, বি এল প্রণীত।

মূল্য ॥৵০ দশ আনা মাত্র।

ছাত্রবৃত্তি ও মাইনর পরীক্ষার নির্দ্দিষ্ট বিষয়গুলি এরূপ বিশদরূপে ও ধারাবাহিক ভাবে অন্য কোন গ্রন্থে বর্ণিত নাই। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৩৮৫নং

এল, ডি, মিত্র এবং কোং।

পঞ্চপ্রতিষ্ঠ ও কলিকাতা ও অন্যান্য স্থানের দক্ষ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৫৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক কুবিনি আম্পুল ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২।০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৸ ও ৭৲, শিশু চিকিৎসা ২।০, বামাচিকিৎসা ২৲ জ্বর চিকিৎসা ৸০ ও ১৸০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৸০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমার কলিকাতার মহামেলার এই শ্রেণীতে ভারতের মধ্যে সর্ব্বোচ্চ এবং এখানকার ও অন্যান্য স্থানের সম্ভ্রান্ত চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি।

১ম

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্তলালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীতে সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১।০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

REDUCTION IN PRICE OF CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta, Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free, at 4 oz, Rs3—4: 8 oz, Rs 6—8: 16 oz, Rs 12—12. Cash with order.

No. 331

বুধোদয় যন্ত্র।

হুগলি বুধোদয় যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষর ও তাহার সরঞ্জাম প্রচুর পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানাপ্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় যাবতীয় ফারম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, ষ্ট্যাম্পবিল, জমিদারীর জমাওয়াশীল ফরম, ডাক্তারি লেবিল ও বিল নানাপ্রকার ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পন্ন হইয়া থাকে। বিশেষ বন্দোবস্ত করিলে, সাপ্তাহিক পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংলিস অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও স্মল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া দপ্তরী দ্বারা পুস্তক প্রস্তুত করিয়া রীতিমত বান্ধবন্দী করিয়া রেলে বা জাহাজে যাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি, গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন, ছাপার রেট ও অন্যান্য বিবরণ জানিতে ইচ্ছা করিলে আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পরিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

কার্য্যাধ্যক্ষ।

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১৯ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।

ডাকমাশুল ৵০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৵০

পদ্য ব্যাকরণ মূল্য ৵১০

প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য ৵১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায়) পাওয়া যায়।

শ্রীতিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

অম্বিকাচরণ ঘোষাল

ফটোগ্রাফার ও পেইণ্টার

খাঁটেবাজার হুগলি

অয়েল পেইণ্টিংএ চেহারা তুলিতে এবং ফটোগ্রাফ লইতে মফস্বলের সর্ব্বত্র যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণ পত্র লিখিলে জানিতে পারিবেন। নেটীবক্যারেক্টর ও নানা রূপ দেশীয় ভিউ, মাপ কাঃ ভিঃ মূল্য প্রত্যেকে ।০, ডজন ২৲। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিজ, হুগলী কলেজ এমামবাড়ার আশ্চর্য্য দৃশ্য ও হংসেশ্বরীর মন্দির প্রত্যেক ১৲ টাকা মাত্র—ফটগ্রাফগুলি একবার দেখিলে বাধিত হইব।

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মতামত নহে।

আচার প্রবন্ধ।

নৈমিত্তিকাচার প্রকরণ।

প্রথম অধ্যায়।

ব্রত, পূজা, পর্ব্বাদির বিষয়।

এই অধ্যায়ে ব্রত, পূজাদি কৃত্যের বিষয় সংক্ষেপে বিবৃত হইবে। অন্যান্য অধ্যায়ের ন্যায় এই অধ্যায়েরও প্রধান অবলম্ব স্মার্ত্ত শিরোমণির অষ্টাবিংশ তত্ত্ব। কিন্তু স্মার্ত্ত শিরোমণির কৃত্য-তত্ত্বে যে সকল ব্রত পূজাদির উল্লেখ আছে সেগুলি কেবল আমাদের বঙ্গদেশে প্রচলিত। এই অধ্যায়ে কিয়ৎ পরিমাণে সমস্ত ভারতবর্ষের প্রতি লক্ষ্য করিতে হইয়াছে। কারণ কোন্ কোন্ ব্রত পূজাদি সমস্ত ভারতবর্ষ ব্যাপক, তাহা জানিবার জন্য সহজেই কৌতূহল হয়; এবং এখন রেলওয়ের দ্বারা বিভিন্ন প্রদেশ পরস্পর সংযোজিত হওয়ায় ঐ কৌতূহলের পূরণ পূর্ব্বাপেক্ষায় অল্পায়াসসাধ্য হইয়াছে। কৌতূহল পূরণের উপলক্ষে অনেকানেক প্রকৃত তথ্যেরও অবগতি এবং বিসম্বাদের মীমাংসা হইতে পারে।

দ্বাদশ মাসের যে পর্ব্বাহ তালিকা পরে প্রদত্ত হইবে তাহা দেখিলেই বুঝা যাইবে যে (১) অনেকগুলি পর্ব্ব ভারতবর্ষের সর্ব্ব প্রদেশ সাধারণ; (২) অপর কতকগুলি একই সময়ে এবং একই অনুষ্ঠানে নির্ব্বাহিত হয় বলিয়া বিভিন্ন নামে অভিহিত হইলেও এক বলিয়া বিবেচ্য; আর (৩) কয়েকটী কৃত্য নামে এবং অনুষ্ঠানে একরূপ হইয়া কালে বিভিন্ন হইলেও এক বলিয়া বর্ত্তব্য।

পর্ব্বাহ তালিকার পরীক্ষায় ইহাও প্রতীত হইবে যে, এক প্রদেশে যাহা সামান্য কৃত্য, প্রদেশান্তরে তাহাই ব্রত, এবং অন্য প্রদেশে তাহাই আবার অতি প্রসিদ্ধ পূজা। ইংরাজী শিক্ষিতেরা যে ক্রম-বিকাশ-বাদকে ইউরোপের অভিনব আবিষ্কার মনে করিয়া পরম সমাদর করেন, পর্ব্বাহ তালিকার মধ্যেও সেই সূত্রের যথেষ্ট উদাহরণ প্রাপ্ত হইতে পারিবেন। দৃষ্টান্ত স্বরূপে বলা যাইতেছে, কার্ত্তিক মাসের যে শুক্লা নবমীতে দাক্ষিণাত্যেরা স্নান দান মাত্র করেন, পঞ্জাব, কাশ্মীর এবং গুজরাট প্রদেশে সেই শুক্লা নবমীর নাম দুর্গা নবমী এবং তাহাতে উপবাসাদি করিয়া ব্রত করিতে হয়। আবার আমাদের বঙ্গদেশে ঐ শুক্লা নবমীই জগদ্ধাত্রী পূজার দিন। এরূপ হইবার কারণ, দাক্ষিণাত্যের বিষ্ণু-তন্ত্রতা, উত্তর পশ্চিমাঞ্চলবাসীদিগের অপেক্ষাকৃত শক্তি-তন্ত্রতা এবং বঙ্গবাসীদিগের অত্যধিক শক্তি-তন্ত্রতা। কিন্তু দুর্গানবমীর সম্বন্ধে যেমন দেশভেদে উহার বিভিন্ন পরিণামের হেতু পাওয়া গেল, অপরাপর সকল কৃত্যের স্থলে পরিণতির হেতু তেমন সহজে আবিষ্কৃত হয় না। সেই সকল স্থলে শাস্ত্রজ্ঞ এবং দেশ কালাভিজ্ঞ মহাশয়দিগের অনুসন্ধিৎসা উদ্রিক্ত হওয়া বাঞ্ছনীয়।

আরও একটী বিষয়ে বুদ্ধিমান, বিদ্যাবান এবং তত্ত্বদর্শী ব্যক্তিদিগের অনুসন্ধান প্রবৃত্তি উদ্রিক্ত হওয়া উচিত। স্থূলতঃ বলা যায় যে, ধর্ম্ম ব্যাপার মাত্রেরই তিন প্রকার তাৎপর্য্য থাকে। এক প্রকারকে আধ্যাত্মিক বলা যায়, অপর দুই প্রকারের নাম আধিভৌতিক এবং আধিদৈবিক। অনেকানেক স্থলে ধর্ম্ম কার্য্যগুলির এই তিন প্রকার অর্থই কার্য্যানুষ্ঠানের মন্ত্রাদিতে সুব্যক্ত থাকে। কিন্তু সর্ব্ব স্থলে সমান ভাবে থাকে না এবং শাস্ত্র শিক্ষার ন্যূনতা এবং গুরুপদেশের খর্ব্বতা নিবন্ধন, ধর্ম্মক্রিয়া সকলের যে তাৎপর্য্য গুলি অতি বিস্পষ্টরূপে ব্যক্ত হইয়া নাই, সেগুলি উন্মুক্ত করিবার জন্য তেমন চেষ্টাও হয় না; সুতরাং ঐ সকল তাৎপর্য্য বিলুপ্তপ্রায় হইয়া গিয়াছে এবং যাইতেছে। সেগুলির যথাসাধ্য উন্মোচন চেষ্টা করা আবশ্যক। যদি গুরুবাক্য স্বরূপতঃ স্মৃতি পথারূঢ় থাকে এবং তাহা অবিকল অনুবাদ করিতে পারা যায়, তবে অবশ্যই কতক লুপ্তার্থ প্রকাশিত হইয়া কিছু ফল দর্শিতে পারে।

পূর্ব্বোল্লিখিত আধ্যাত্মিকাদি ত্রিবিধ প্রকারে ভাবগ্রহ করা আর্য্য শাস্ত্রেই বিশিষ্টরূপে পরিস্ফুট হইয়াছে। সচেতন জীব শরীরের সহিত পরিদৃশ্যমান বিশ্বব্যাপারের যে সম্বন্ধ হয় তাহা সহৃদয় এবং অন্তর্দর্শনে অভ্যস্ত ব্যক্তিমাত্রেরই অন্তঃকরণে উল্লিখিত ত্রিবিধ ভাবের উৎপত্তি করে। প্রথমতঃ, আত্মাতে ইন্দ্রিয়গ্রাহ্য বস্তুর আরোপসম্ভূত সেই বস্তুর অস্তিত্ব প্রতীতি জন্মিলেই উহার আধিভৌতিক ভাব উৎপন্ন হয়। দ্বিতীয়তঃ, ইন্দ্রিয়গ্রাহ্য বস্তু দ্রষ্টার আত্মায় আরোপিত হইয়া উহাতে শক্তি গুণাদির অনুভব হইলে অধিষ্ঠাতৃ জ্ঞান জন্মে; উহা হইতেই আধিদৈবিক ভাবের উৎপত্তি। তৃতীয়তঃ, ইন্দ্রিয়গ্রাহ্য বস্তুর শক্তি বা গুণময় রূপ দ্রষ্টার আত্মায় প্রতিভাত হইলে আধ্যাত্মিক ভাবের গ্রহণ হয়। কয়েকটী উদাহরণের দ্বারা উল্লিখিত লক্ষণ গুলিকে বিশদ করিবার নিমিত্ত চেষ্টা করা যাইতেছে। (১) তোমার সম্মুখে একটী পদ্মফুল রহিয়াছে। তুমি সেই পদ্মের গোলাকার, সৌগন্ধ, কোমলত্বাদি অনুভব করিয়া পদ্মকে যে সকল গুণের আধার জ্ঞান করিতেছ, তাহাতেই উহার আধিভৌতিক ভাব জন্মিয়াছে। তুমি যখন সেই পদ্মকে শোভার আধারস্বরূপ মনে করিয়া তাহার অধিষ্ঠাত্রী শ্রীদেবীর অনুভব করিতেছ, তখন তোমার মনে আধিদৈবিক ভাব জন্মিতেছে। আবার যখন সেই আধিদৈবিক ভাবকে আপনার অন্তর্নিহিত করিয়া হৃদয় পদ্মে পরম পুরুষের স্থান নিরূপণ করিতেছ, তখন তোমার আধ্যাত্মিক ভাবের উদয় হইতেছে। (২) এখানে সেখানে অনেক স্থলেই জল দেখিয়া জলের গুণ জানিলে, আধিভৌতিক জ্ঞান জন্মিল। জল শরীরের ক্লেদ নষ্ট করে, পিপাসা অপনীত করে, মাতৃস্তন্যের ন্যায় পোষণ করে জানিয়া যখন উহাতে শক্তির আরোপণ করিলে তখন তোমার হৃদয়ে জলদেবতার আবির্ভাব হইল। অনন্তর যখন জলকে আদিম সৃষ্ট বস্তু জানিয়া তাহার স্রষ্টাকে শিবতম রস স্বরূপে আপনাতে স্মরণ করিলে তখন জলের আধ্যাত্মিক ভাব গ্রহণ হইল। (৩) সূর্য্যালোকে সমস্ত জগৎ আলোকিত হইতেছে জানিয়া আধিভৌতিক জ্ঞান জন্মিল। সূর্য্য-শক্তি দ্বারা সর্ব্ব প্রকার স্পন্দন হইতেছে জানিলে আধিদৈবিক বোধ উপস্থিত হইল। জগতের পক্ষে সূর্য্যও যাহা শরীরের পক্ষে হৃৎপিণ্ডও তাহা এবং যিনি হৃদয়াধার তিনিই জগদাধার এই প্রতীতি হইলে আধ্যাত্মিক ভাবোদয় হইল।

খো।

আমরা ভাবিয়াছিলাম যে নিঃসৃতজিহ্বা, ছিন্ন-করতল-বেষ্টিত-কটি, মুণ্ডমালাধারিণী, শিবরক্ষ বিহারিণী কোন মূর্ত্তি হইবে, দেখিলাম তাহা

নহে। দেখিলাম—একটী শিলাপট্টে তিনটী এক হস্ত পরিমিত অস্ফুট নারীমূর্ত্তি—উহাদের মধ্যে যেটী সর্ব্বাপেক্ষা বড় সেইটীকেই উহারা কালিকা দেবী কহে। ঘর শূন্যময়—পূজার সামগ্রী কিছুই নাই। কেবল একটী কাঠের 'দেরকো' আছে। সেইখানে একটী প্রদীপ আলিয়া মীনারা প্রত্যহ পূজা করে। এই দেবীকে ব্রাহ্মণে পূজা করে না—কারণ এখানকার ব্রাহ্মণেরা জীবহিংসা বিরত—কিন্তু দেবী অত্যন্ত ছাগ বলি ও মদ্য-প্রিয়। অনতিদূরবর্ত্তী গ্রামের মীনারা আসিয়া ইঁহার পূজা করিয়া যায়। এ স্থানটীতে পূজকেরা কেহই থাকে না—সুতরাং ইহাও বিজনতার পরাকাষ্ঠা প্রকাশ করিতেছে। মন্দিরের নিকটে একটী 'বাওড়ী' অর্থাৎ প্রস্তর-নির্ম্মিত বৃহৎ কুণ্ড আছে। এই বাওড়ীর পূর্ব্ব-প্রান্তে একটী শিলাময় মহাদেবের মূর্ত্তি আছে। আর একটী করাতের ন্যায় দন্তযুক্ত দীর্ঘ প্রস্তর দণ্ডায়মান ভাবে প্রোথিত আছে। মীনাদিগকে জিজ্ঞাসা করায় তাহারা কহিল যে যুদ্ধকালে কোন মীনা বীরের ছিন্ন মুণ্ড এখানে পতিত হয়, তাহার স্মরণার্থ এই প্রস্তর প্রোথিত হইয়াছে। এই মন্দির, দেবী, মহাদেব ও কুণ্ড মীনাদিগের রাজত্বকালের বস্তু। আমরা পূর্ব্ব প্রবন্ধে এই দেবীরই উল্লেখ করিয়াছিলাম। 'খো' নগরে ছয় মাস যদি কোন টাদো সম্প্রদায়ের মীনা বসতি করে তাহা হইলে মন্দির হইতে আপনা হইতেই নাগারা ধ্বনি হইতে থাকে। মীনাদিগের অভ্যুন্নতির সময়ে প্রতি বৎসর আশ্বিন ও চৈত্র মাসের নবরাত্রির কয়েক দিন একটী ব্যাঘ্র আসিয়া এই মন্দিরে আরতি দেখিত। কোন সময়ে একটী স্ত্রীলোককে এই ব্যাঘ্র খাইয়াও ফেলিয়াছিল। মীনাদিগের সে দিনও নাই—ব্যাঘ্রও আর আইসে না। কিন্তু বর্ত্তমান মহারাজা যখন জালানায় ব্যাঘ্র শিকার করিতে আইসেন, তাহার পূর্ব্বাহ্নে এই দেবীর পূজা না দিলে ব্যাঘ্র তাঁহার 'চারে' পড়ে না। মীনাদিগের এই দেবীর প্রতি অসাধারণ ভক্তি দেখিলাম। ইহারা সকলে ধূলাবলুণ্ঠিত হইয়া সাষ্টাঙ্গে প্রণাম করিল। মীনারা মনে করে যে, "খো" বিজয়ের ঠিক হাজার বৎসর পরে তাহারা পুনরায় রাজ্য পাইবে।

মন্দির দর্শন হইয়া গেলে আমরা কিসিলাম অর্থাৎ উত্তরাভিমুখে যাইতে লাগিলাম। প্রায় অর্দ্ধ ক্রোশ পথ চলিলে "খো"য়ের প্রাচীর (rampart) আমাদের দক্ষিণ হস্তের দিকে দৃষ্ট হইতে লাগিল, তখনও কিছু আলোক ছিল; সুতরাং আমরা সেই ডাইন দিকের পাহাড়ের উপর উঠিতে সত্বর করিলাম। যখন সেই পর্ব্বত-শীর্ষস্থ প্রাচীর আমাদের পদস্পর্শ করিল তখন পর্ব্বতের পূর্ব্ব দিকে সানুদেশে হাস্যময়ী খো নগরী দৃষ্ট হইল; তখন সহস্র বৎসরেরও অধিক পুরাতন মন্দিরচূড়া-সকল, ছত্রী সকল এবং কুণ্ড সকল আমরা পর্ব্বত-চূড়া হইতে দেখিলাম। "খো"য়েরও পূর্ব্বদিকে পাহাড় আছে; সেই পাহাড়ের গায়ে মীনাদিগের শেষ রাজা লালন সিংহের প্রস্তরময় প্রাসাদের ভগ্নাবশেষ দৃষ্ট হইল। সেই রাজার সোঢ়ী নামে এক রাণী ছিল। রাজা ও রাণী সেই পাহাড় হইতে এক দিন তীর ছুড়িয়াছিলেন; যেখানে রাণীর তীর পড়ে সেই স্থানে সোঢ়ী রাণীর বাওড়ী আছে আর যেখানে রাজার তীর পড়ে সেখানে রাজার বাওড়ী আছে। রাজবাড়ীর পূর্ব্ব দিকে আর একটী বড় জলাশয় আছে। কিন্তু সেটী আমাদের দৃষ্টিগোচর হইল না। সেই কুণ্ডের ধারে বট-বৃক্ষের নিম্নেই মীনাদিগের সর্ব্বনাশ হইয়াছিল। সে কথা পাঠকগণকে সময়ান্তরে জানাইব। "খো"র চতুঃসীমাবর্ত্তী পর্ব্বতের সমস্ত অঙ্গেই অনেক প্রাচীনতার চিহ্ন দেখিতে পাওয়া যায়, কিন্তু সহস্র বৎসরের বৃষ্টির তোড়ে গৃহ সকলের ভগ্নাবশেষ এত ধুইয়া গিয়াছে যে, অতি কষ্টে উপলক্ষিত হয়। 'খো'র দক্ষিণ ভাগে পর্ব্বতশীর্ষ একটী মন্দির দৃষ্ট হইল। সেইটী কেদারনাথ মহাদেবের মন্দির; তাহাও মীনাদিগের সময়ের। মন্দিরের নিকটে একটী অপেক্ষাকৃত নূতন গৃহ দৃষ্ট হইল। কথিত আছে যে একজন পরবর্ত্তী কালের শেঠ ঐ শিবের নিকট পুত্রকামনা করিয়াছিলেন পরে পুত্র লাভ হইলে নিজের কীর্ত্তিস্বরূপ গৃহটী নির্ম্মাণ করাইয়া দেন। খো রাজের অধীনে মীনাদের সময়ে বর্ত্তমান অম্বর নগর ছিল, সেই জন্য আজিও বর্ত্তমান রাজারা সমস্ত জয়পুর রাজ্যকে 'খোতব্বে' অর্থাৎ 'খো'র অধীন কহেন।

আর একটী কিম্বদন্তী শুনিতে পাওয়া যায় যে মীনাদিগের পূর্ব্বে জয়পুরে ব্রাহ্মণেরা রাজত্ব করিত। এ আবার কি?

শ্রীমেঘনাথ ভট্টাচার্য্য।
জয়পুর মহারাজ কলেজের অধ্যাপক।

এডুকেশন গেজেট।

২৭শে শ্রাবণ ১৩০০। ইং ১১ই আগষ্ট ১৮৯৩।

দেশীয়গণ ও 'ইণ্ডিয়ান নেশন'।

স্যর ডবলিউ ম্যাকিনন ও সেই সঙ্গে ইংরেজ জাতিকে প্রশংসা করিয়া সহযোগী ইণ্ডিয়ান নেশন দেশীয়গণের স্বভাব সম্বন্ধে যে কয়েকটি কথা বলিয়াছিলেন, আমরা গতবারে সেগুলির উল্লেখপূর্ব্বক প্রসঙ্গতঃ একটি সামান্য ঘটনামাত্রের অবতারণা করিয়া প্রবন্ধ শেষ করিয়াছিলাম। বর্ত্তমান প্রবন্ধে আমরা সহযোগীর কথাগুলি পৃথক্ ভাবে আলোচনা করিয়া তৎসম্বন্ধে আমাদিগের যাহা যাহা বক্তব্য একে একে তাহা বলিতেছি—

সহযোগী বলিয়াছেন, (১) "ইংরাজের দান আমাদিগের অপেক্ষা অধিক" সহযোগীর ইংলণ্ডের অভিজ্ঞতাই বেশী। এদেশের অভিজ্ঞতা তাঁহার ততদূর না থাকিতে পারে; সুতরাং এদেশীয়দিগের দান তিনি যে ঠিক খতাইয়া দেখিয়া বলিতে পারিয়াছেন এরূপ আমাদের বোধ হয় না। প্রকৃত পক্ষে বিলাতের দান যদি ভারতবর্ষের দান অপেক্ষা অধিকও হয়, তাহাতে আশ্চর্য্যের বিষয় কিছুই নাই। যে দেশে গড়ে প্রত্যেক লোকের আয় মাসে ৫২ টাকারও অধিক, যেখানে খরচ খরচা বাদ গড়ে প্রত্যেকের প্রায় ৬৩ টাকা বৎসরে উদ্বৃত্ত থাকে সে দেশের দানের পরিমাণ যে একটা নিরন্ন দেশের (যে দেশের লোকের প্রত্যেকের মাসিক

গড় আয় ২।০ নয় সিকার অধিক নয়, যেখানে খরচ খরচাবাদে উদ্বৃত্ত হওয়া দূরে থাকুক, গড়ে প্রত্যেকের প্রায় ২ টাকার হিসাবে বৎসরে অকুলান হয়) দানের পরিমাণ অপেক্ষা অধিক হইবে তাহাতে আর বিচিত্রতা কি? কিন্তু এরূপ হইলেও ইংরেজের দান দেশীয়গণের অপেক্ষা যে অধিক সে বিষয়ে আমাদের একটু সন্দেহ আছে। দেশীয় রাজা রাজড়াদিগের প্রদত্ত ব্রহ্মোত্তরাদি ভূসম্পত্তির অধিকাংশ এক্ষণে বাজেয়াপ্ত হইয়াছে তাই, নতুবা ঐ সমস্ত দান লইয়া হিসাব করিতে পারিলে উক্তরূপ সন্দেহের যথেষ্টই কারণ থাকিত। বাজেয়াপ্ত সম্পত্তির কথা ছাড়িয়া দিয়া এখনও যে সকল ব্রহ্মোত্তর দেবোত্তরাদি সম্পত্তি চলিত আছে তাহার সমষ্টি কি ইংলণ্ডের দান অপেক্ষা কম হইবে? ৺গয়াধাম, তারকেশ্বর, শ্রীপুরুষোত্তম, কুম্ভকোনম্, শ্রীরঙ্গম, কাঞ্চিপুরম, ত্রিবেন্দ্রাম, তাঞ্জোর, মদুরা, প্রভৃতি নানাস্থানের দেবোত্তর সম্পত্তির পরিমাণ কি ইংলণ্ডের দানসমষ্টি অপেক্ষা কম হইবে?

এতদ্ভিন্ন দেশীয় আরও কত কত লোকে কত কত টাকা দান করিয়াছেন এবং সাধারণের হিতকর বিষয়ে প্রতি বৎসর অনেকে অনেক টাকা দান করিয়া আসিতেছেন। ইংরেজের দান ব্যাপারেও কতকটা বাঁধাবাঁধি আছে, দেশীয়ের তাহা নাই। যে মুষ্টিভিক্ষা দানের প্রচলন আমাদের দেশে রহিয়াছে তাহা খতাইয়া দেখিলে বৎসরে কোটি কোটি টাকা হয়। যে দেশের মুটে মজুরেরা—যাহারা দিন চার গণ্ডা পয়সা রোজগার করে—বাড়ীতে ভিখারী আসিলে মুষ্টিভিক্ষা না দিয়া বিদায় করে না, সেই অহল্যা বাই, স্বর্ণময়ী প্রভৃতির দেশের দানের পরিমাণটা বাস্তবিক কিরূপ, সে দেশীয় লোকের অন্য দেশীয় লোকের নিকট হইতে দানশীলতা শিক্ষার অপেক্ষা করে কি না, সেটা সহযোগীর একটু ভাবিয়া দেখা উচিত।

সহযোগীর দ্বিতীয় কথা—"অধীনবর্গের প্রতি ব্যবহার বিষয়ে ইংরেজের মহানুভবতা দেশীয়গণের অপেক্ষা অধিক।" সহযোগী যাহাই বলুন আমরা ত জানি যে, দায়, অদায়, আপদ, বিপদ অধিকাংশস্থলে দেশীয় মনিবের নিকটে চাকরী করিয়া লোকে যতটা আনুকূল্য পাইয়া থাকে, ইউরোপীয়ের অধীনে চাকরী করিয়া ততটুকু পাইবার সুবিধা হয় না। দেশীয় জমিদার, মহাজন প্রভৃতির তরফে যাঁহারা চাকরী করেন, উল্লিখিত সুবিধাটুকু তাঁহাদের মধ্যে অনেকেরই ঘটিয়া থাকে। ছেলে মেয়ের বিবাহ, বাপ মায়ের শ্রাদ্ধ প্রভৃতি দায় উপস্থিত হইলে দেশীয় মনিবেরা অধীনবর্গের সহিত যেরূপ সহানুভূতি ও আনুকূল্য করেন, ইউরোপীয় মনিব কি স্বদেশে কি বিদেশে সেরূপ আনুকূল্য ও সহানুভূতিতে একান্ত অনভ্যস্ত। হাতুয়ার মহারাজ স্বীয় দেওয়ানের কন্যার বিবাহ উপলক্ষে তাঁহাকে ১০ হাজার টাকার সাহায্য করিয়াছিলেন। মহারাণী স্বর্ণময়ীর স্বামী ৺ কৃষ্ণনাথ স্বীয় ম্যানেজার ৺ রাজা দিগম্বর মিত্রকে কার্য্যের পারিতোষিকস্বরূপ এক লক্ষ টাকা দিয়াছিলেন। বাপ চাকরী করিয়া মরিয়া গিয়াছে; ছেলে যোগ্য হইলে ছেলেকেই বাপের পদে বসাইতে হইবে—এরূপ পুরুষানুক্রমিক চাকরী দিবার ব্যবস্থা দেশীয় জমিদার মহাজন প্রভৃতির ঘরেই আছে। সুযোগ্য সহযোগী এই বিষয়গুলির সম্যক্ আলোচনা করিয়া দেখিলে অধীনবর্গের প্রতি ইংরেজের মহানুভবতা দেশীয়গণের অপেক্ষা অধিক বলিয়া ব্যাখ্যা করিতে পারিতেন না।

৩য়, "গবর্ণমেণ্টের চাকরী পাইলে লোকে আর দেশীয়ের অধীনে চাকরী করিতে চাহে না। গবর্ণমেণ্টের অধীনে না হইয়া যদি বে-সরকারী কোন ইংরেজেরও অধীনে হয়, তথাপি দেশীয়ের অধীনে চাকরী করা অপেক্ষা তাহা লোকের অধিকতর অভিমত হইয়া থাকে।" সহর অঞ্চলের দিকে চক্ষু রাখিয়াই সহযোগী একথাটি বলিয়াছেন, কিন্তু তাঁহার এটি বুঝিয়া দেখা উচিত যে ইংরেজের চাকরী না খুঁজিয়া লোকে আর কাহার চাকরী খুঁজিয়া বেড়াইবে। ধরিতে গেলে সহরাঞ্চলে ইংরেজের চাকরীই ত সব; দেশীয়ের অধীনে চাকরী কয়টা আছে। বিশেষতঃ সরকারী গবর্ণমেণ্ট আফিস ও বে-সরকারী ইংরেজ মহাজন প্রভৃতির আফিস, সর্ব্বত্রই ভিন্ন ভিন্নকার্য্যে নিযুক্ত অনেক সংখ্যক লোক থাকায় উহাদিগের কোনটিতে অল্প বেতনে নিযুক্ত হইলেও ভবিষ্যতে বেতনাদি বৃদ্ধি বিষয়ে উন্নতি হইবার পক্ষে আশা থাকে। এই আর্থিক সুবিধা ব্যতীত গবর্ণমেণ্টের চাকরীতে আরও সুবিধা

আছে। যে দেশে রাজশক্তি যে পরিমাণে গবর্ণমেণ্টের হস্তে সংবদ্ধ সেই দেশের গবর্ণমেণ্টের অধীনস্থ চাকুরীগুলিরও গৌরব এবং ক্ষমতা সেই পরিমাণে অধিক হইয়া থাকে। ইংলণ্ডের সরকারী পদসমূহের যেরূপ মর্য্যাদা, গৌরব ও ক্ষমতা, ফ্রান্সের সরকারী পদসমূহের মর্য্যাদা, গৌরব ও ক্ষমতা তদপেক্ষা অধিক; আবার স্বেচ্ছাচার গবর্ণমেণ্ট রুসিয়ায় ঐগুলি খুবই অধিক। এখানকার রাজশক্তি সমগ্রই রাজাতে সংবদ্ধ, সুতরাং সরকারী পদগুলির মর্য্যাদা, গৌরব ও ক্ষমতা যথেষ্টই আছে। রাজার জাতি বলিয়া বেসরকারী ইংরেজদেরও গৌরব দেশীয়দিগের অপেক্ষা অধিক। এখানকার লোকে দেশীয়ের অধীনে সামান্য চাকরী করার পরিবর্ত্তে যে গবর্ণমেণ্টের, অন্ততঃ বেসরকারী ইংরেজের অধীনেও চাকরী অধিক পসন্দ করে উল্লিখিত আর্থিক সুবিধা ব্যতীত এই গৌরবাধিক্যই তাহার একটি বিশিষ্ট কারণ।

৪র্থ—"বেতন, পেন্সন, ছুটী ও চাকরীর উন্নতি বিষয়ে ইংরেজ মনিবের কাছে যেরূপ ন্যায় বিচার আছে, দেশীয় মনিবের কাছে সেরূপ নাই। জীবনের সাধারণ উন্নতির জন্য লোকে স্বদেশীয়গণ অপেক্ষা ইংরেজের নিকটই অধিকতর সাহায্য পাইয়া থাকে। অনেক সফলকাম ব্যক্তি স্ব স্ব জীবনের উন্নতির জন্য ইংরেজের নিকটই ঋণী।"—ইতিপূর্ব্বে যে সকল কথা বলা হইয়াছে তাহাতেই সহযোগীর উপস্থিত প্রসঙ্গের কথাগুলি সম্বন্ধে আমাদের বক্তব্য এক প্রকার বলাই হইয়াছে। ইংরেজ যখন দেশের রাজা; অর্থ, পদ, মর্য্যাদা, গৌরব, ক্ষমতা যে কিছু বল সকলেরই মূলে যখন ইংরেজ, তখন উন্নতি হইতে ইংরেজের দ্বারা হইবে না ত কাহার দ্বারা হইবে? হাত ধরিয়া উপরে টানিয়া লইবার শক্তি যিনি উপরে আছেন তাঁহার ছাড়া আর কাহার হইবে? অতএব সফলকাম ব্যক্তিগণ যে স্ব স্ব জীবনের উন্নতির জন্য ইংরেজের নিকটই ঋণী তজ্জন্য দেশীয়গণের কোনরূপ নিন্দার কথা নাই। চাকরী স্থলে মেয়ে ছেলের বিবাহ, বাপ মায়ের শ্রাদ্ধ, বাড়ীর অসুখ বিসুখ প্রভৃতি বিষয়ে দেশীয় মনিবের নিকটে যেরূপ অনায়াসে ছুটী পাইবার সুবিধা আছে, ইংরেজ মনিবের নিকট সেরূপ আছে বলিয়া আমাদের বোধ হয় না।

৫ম, সহযোগী বলিয়াছেন "এদেশীয়গণ স্বদেশীয়ের উন্নতির প্রতিপোষক হওয়া দূরে থাকুক বরং প্রতিকূলাচরণ করিয়া ঈর্ষ্যাপ্রবৃত্তিরই পরিচয় দিয়া থাকেন।" সহযোগীর এই কথা আমাদের অভিমত নহে। পদমর্য্যাদাদি বিষয়ে উন্নতি মানুষের দুইটি কারণে হইয়া থাকে—প্রকৃত গুণের প্রভাবে অথবা খোসামোদের জোরে। বড় করিবার ক্ষমতা এদেশে বিজাতীয়ের হস্তে। বিজাতীয়েরা যখন যাঁহাকে বড় করেন তখন তাঁহার প্রকৃতগুণ বুঝিয়া করেন, অথবা তাঁহার খোসামোদে বশীভূত হইয়া করেন, দেশীয়গণ প্রথমে ঠিক তাহা বুঝিয়া উঠিতে পারে না বলিয়াই তাহাদের মনে একটু ঈর্ষ্যার উদয় হইয়া থাকে; কিন্তু পরে যদি বুঝিতে পারে যে তিনি প্রকৃত গুণের প্রভাবেই উন্নত হইয়াছেন, তাহা হইলে তাহাদের মনে আর ওসব কিছু হয় না।

৬ষ্ঠ—"নির্ব্বাচন ব্যাপারে সর্ব্বাপেক্ষা যোগ্য ব্যক্তি নির্ব্বাচিত হন না।" সহযোগীর আদৌ এখানে বুঝিয়া দেখা উচিত যে, এদেশে যোগ্যতার নিরূপণ করা বড় কঠিন ব্যাপার। কেহ ইংরাজী খুব ভাল বলিতে পারেন, সুতরাং ইংরাজীতে বক্তৃতাদি করিতে তিনি বিলক্ষণ সমর্থ হইবেন বলিয়া তাঁহাকেই অনেকে হয়ত যোগ্য বলিবে। কেহ বা আইন ভাল বুঝেন, সুতরাং সকল বিষয়ের সূক্ষ্মাসূক্ষ্ম বিবেচনা তিনি করিতে পারিবেন বলিয়া তাঁহাকেই হয়ত অনেকে যোগ্য বলিবে, কিন্তু প্রকৃত প্রস্তাবে ইংরাজীতে বক্তৃতা পটুই হউন আর আইনজ্ঞই হউন অথবা উভয়ই হউন, দেশের লোকের উপর যদি তাঁহার ভালবাসা না থাকে তবে কিরূপে তাঁহাকে যোগ্য বলা যাইতে পারে? নির্ব্বাচন ব্যাপারটি বিদেশীয়। বিদেশীয় রীত্যনুসারেই নির্ব্বাচন কার্য্য এদেশে সম্পন্ন হইয়া থাকে, সুতরাং উহা এদেশীয়ের প্রকৃতির সম্যক্ অনুসারী নহে বলিয়া উহা দ্বারা সর্ব্বাপেক্ষা যোগ্য ব্যক্তি নির্ব্বাচিত হওয়া ততটা সম্ভবপর নহে। ফলকথা, ইতর, ভদ্র, ছোট, বড় নির্বিশেষে লোকের বাড়ী বাড়ী যাইয়া খোসামোদের এক শেষ করিতে না পারিলে কি এদেশে কি ইউরোপে নির্ব্বাচিত হওয়া যায় না। প্রকৃত যোগ্য ব্যক্তির এরূপ করিতে প্রবৃত্তিও হয় না, সুতরাং সেরূপ স্থলে তাঁহার নির্ব্বাচিত হইবার সম্ভাবনাও

খুব কম হইয়া পড়ে। বাস্তবিক নির্ব্বাচন প্রণালী নীচ সংগ্রহের জন্য সৃষ্ট হইয়াছে। উহা দোষ শূন্য নহে।

সাপ্তাহিক শস্য সংবাদ।

২৯শে জুলাই যে সপ্তাহের শেষ হইয়াছে ঐ সপ্তাহে মান্দ্রাজ প্রদেশের পশ্চিম উপকূলে, সরকার প্রদেশে এবং ডেকানের কোন কোন অংশে অতিবৃষ্টি হইয়াছে। মধ্য এবং দক্ষিণাঞ্চলের জেলাসমূহ ব্যতীত আর সর্ব্বত্র বৃষ্টি যথেষ্ট হইয়াছে। চাষ ও বীজ বপনাদি কার্য্য ভালরূপ চলিতেছে। ক্ষেতে এক্ষণে যে সকল ফসল আছে সে সকলেরও উন্নতি হইতেছে। মান্দ্রাজ প্রদেশের শস্যাদির অবস্থা মোটের উপর মন্দ নহে। শস্যের দর এখনও সর্ব্বত্র প্রায় সমানই আছে, কেবল মধ্য ও দক্ষিণাঞ্চলের জেলাসমূহে অত্যল্প পরিমাণে কমিতেছে।

উত্তর, পূর্ব্ব ও দক্ষিণ পশ্চিম বাঙ্গালায় এবং উত্তর বেহারে প্রচুর বৃষ্টি হইয়াছে। ছোটনাগপুর ও দক্ষিণ বেহারে পরিমিত রকম বৃষ্টি হইয়াছে। উড়িষ্যার স্থানে স্থানে এখনও জলাভাব। শীতের ধান্যের রোপণ কার্য্য ভালরূপ চলিতেছে; কেবল খাস বাঙ্গালার কোন কোন জেলায় নিম্নভূমিসমূহে শস্য কতক কতক নষ্ট হইয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। উত্তর ও পূর্ব্ববঙ্গে কৃষকেরা পাট ও আশুধান্য কাটিতে আরম্ভ করিয়াছে। পাটনা ও ভগলপুর বিভাগের কোন কোন জেলায় শারদ ফসল সংগ্রহ আরম্ভ হইয়াছে। উক্ত ফসল মোটের উপর এবারে ভালই জন্মিয়াছে। অত্যধিক বৃষ্টিতে কোন কোন স্থানে ইক্ষু ও নীলের অনিষ্ট হইয়াছে। মেদিনীপুরে নীলের অবস্থা খুবই শোচনীয় বলিয়া সংবাদ আসিয়াছে। সাধারণের ব্যবহার্য্য চাউলের দর কমে নাই।

২রা আগষ্ট লাগায়েৎ এক সপ্তাহে বোম্বাই প্রদেশের সর্ব্বত্রই বৃষ্টিপাত হইয়াছে। আটটী জেলায় বৃষ্টি কিন্তু যথেষ্ট পরিমাণে হয় নাই। ইন্দুর, পঙ্গপাল ও অন্যান্য কীটে নয়টী জেলার স্থানে স্থানে শস্য নষ্ট করিয়াছে। তিনটী জেলায় উপযুক্ত জলাভাবেও অনেক শস্য শুকাইয়া যাইতেছে। কৃষিকার্য্য সাধারণতঃ ভালই চলিতেছে। তিনটি জেলায় বৃষ্টির অল্পতা নিবন্ধন বীজবপন কার্য্যের বাধা পড়িয়াছে। ৫টি জেলায় রোয়া হইতেছে। দুইটি জেলায় উক্ত কার্য্যে কেবল বাধা পড়িয়াছে। দুইটি জেলা ব্যতীত আর সর্ব্বত্রই শস্যের দর সমান আছে।

—উত্তর পশ্চিম ও অযোধ্যা প্রদেশের কোন কোন স্থানে এখনও বৃষ্টির প্রয়োজন আছে। শারদ ফসলের অবস্থা ভাল। নিড়ান কার্য্যও বেশ চলিতেছে। ধান রোয়া হইতেছে। শস্যের দর সাধারণতঃ সমানই আছে।

—পঞ্জাবে পাঁচটি জেলায় বৃষ্টি পাত হইয়াছে। বাসন্তি ফসল সংগ্রহ প্রায় শেষ হইয়া আসিল। শারদ ফসলের অবস্থা উত্তরোত্তর ভাল হইতেছে। ক্ষেতের ফসলের অবস্থাও সাধারণতঃ ভাল বলিয়া জানা গিয়াছে, তবে অম্বালার কোন কোন স্থানে অত্যধিক বৃষ্টিপাতে এবং লাহোর মুলতান ও সাহাপুরের কোন কোন অংশে বন্যায় কিছু ক্ষতি হইয়াছে। তিনটি জেলায় শস্যের দর চড়িতেছে, অন্যত্র সমানই আছে।

—মধ্য প্রদেশসমূহের ৭টি জেলায় বৃষ্টি বেশী হইয়াছে। উত্তরাংশের জেলাসমূহে ও নাগপুরে বৃষ্টি কম হওয়ায় জলাভাব হেতু শারদ ফসলের বীজ বপনাদির পক্ষে প্রতিবন্ধক ঘটিতেছে। শস্যের দর চড়া নহে।

—সাধারণতঃ মধ্য ভারতের সর্ব্বত্রই ধরণ করিয়াছে। ইহাতে নিমচ জেলার ফসলের কিছু ক্ষতি হইয়াছে। অন্যান্য অংশে ফসলের অবস্থা ভাল। খাদ্য শস্যের মূল্য সর্ব্বত্র সমানই আছে।

—বিকানীরের কোন কোন স্থানে একটু আধটু বৃষ্টি হইয়াছে মাত্র নতুবা রাজপুতানায় আর কোথাও বৃষ্টি হয় নাই। কৃষিকার্য্য এবং ক্ষেতের ফসলের সাধারণতঃ অবস্থা সন্তোষজনক। দুইটী রাজ্যে শস্যের দর চড়িতেছে, একটিতে পড়িতেছে এবং অন্যত্র সমানই আছে।

—হায়দ্রাবাদে উত্তমরূপ এবং বেরারে পরিমিত রকম বৃষ্টিপাত হইয়াছে। বেরারে এখনও বৃষ্টি হওয়া আবশ্যক। হয়দ্রাবাদে শারদ ফসল নিড়ান আরম্ভ হইয়াছে এবং সরকারী পয়ঃপ্রণালীসিক্ত জমিগুলিতে ধানের বীজবপন আরম্ভ হইয়াছে। ক্ষেতের ফসলের অবস্থা উভয়ত্রই ভাল। শস্যের দর সমানই আছে। বেরা-

রের ৩টি জেলায় আগামী বাসন্তি ফসলের জন্য জমির পাট চলিতেছে। বৃষ্টির অভাবে দুইটি তালুকে শারদ ফসলের বপনকার্য্যে বাধা পড়িয়াছে। নিড়ান চলিতেছে। শস্যের দর প্রায় সমান আছে।

—মহীশূর ও কুর্গপ্রদেশে বৃষ্টিপাত ভালই হইয়াছে। মহীশূরে শস্যের অবস্থা ভাল। বীজবপনাদি কার্য্যের উন্নতি হইতেছে। কুর্গে ক্ষেতে লাঙ্গল দেওয়া ও ধান্য রোয়া ভালরূপ হইতেছে। শস্যের দর উভয়ত্রই সমান আছে।

১লা আগষ্ট লাগায়েৎ এক সপ্তাহে আসামের সুর্ম্মা উপত্যকায় বন্যা আসিয়াছে। দুইটি জেলায় এখনও জলাভাব। শীতের ধান্য রোয়া চলিতেছে। যে যে জেলায় বন্যা আসিয়াছে তথায় গোমহিষাদির খাদ্যাভাব ঘটিয়াছে।

—বন্যায় কাশ্মীরে শারদ ফসলের অনেক ক্ষতি হইয়াছে। শস্যের দর সমান।

২৯ শে জুলাই যে সপ্তাহের শেষ হইয়াছে ঐ সপ্তাহে নিম্নব্রহ্মে প্রচুর বৃষ্টিপাত হইয়াছে। চাষের কাজ ভালরূপ চলিতেছে। শস্যের অবস্থা ভাল। উত্তর ব্রহ্মে ৩টি জেলায় কেবল অত্যল্প মাত্র বৃষ্টি হইয়াছে নতুবা সাধারণতঃ আর সর্ব্বত্র বৃষ্টিপাত মন্দ হয় নাই। শিবো ভিন্ন আর সর্ব্বত্রই চাষ বেশ চলিতেছে। শস্যের অবস্থা সাধারণতঃ মন্দ নহে। রেঙ্গুনে ধান্যের দর চড়িয়াছে। আর ৫টি জেলায়ও শস্যের দর চড়া, কেবল একটিতে দর কিছু নরম পড়িয়াছে।

—নেপালে বৃষ্টিপাত খুবই হইয়াছে। শস্যের অবস্থা আশাপ্রদ।

ছোটলাট বাহাদুর ও বেহারের পাকবন্দিপ।

বাঁকীপুর হইতে ছোটলাট বাহাদুর মজফরপুরে আসিয়া উপস্থিত হন। মজফরপুরের মিউনিসিপ্যালিটী ও জেলাবোর্ড স্ব স্ব কার্য্যোন্নতি ও অভাবাদির উল্লেখ পূর্ব্বক তাঁহাকে এক এক খানি অভিনন্দন পত্র প্রদান করেন। প্রত্যুত্তরে ছোট লাট বাহাদুর উভয়কেই আশ্বস্ত করিয়াছেন। ৩রা আগষ্ট অপরাহ্নে বেহারের নীলকর ও জমিদারগণ মিলিয়া জরিপ ও বন্দোবস্ত কার্য্যের অসুবিধা গুলির উল্লেখ পূর্ব্বক তাঁহার নিকটে একখানি দরখাস্ত দাখিল করেন। প্রস্তাবিত জরিপ ও বন্দোবস্ত কার্য্য সম্বন্ধে যে কাহারও কোন অসুবিধা ঘটিবার সম্ভাবনা নাই ছোটলাট বাহাদুর উক্ত দরখাস্তের প্রত্যুত্তরে মিষ্ট কথায় অতি ধীরভাবে তাহা সকলকে বুঝাইবার বিশেষ চেষ্টা পাইয়াছিলেন। ৫ই আগষ্ট মজফরপুরে একটি 'কনফারেন্স' বসিয়াছিল। বেহারে থাকবস্তে জমি জরিপ হওয়া উচিত কি অনুচিত সে বিষয়ের কোনরূপ আলোচনা হওয়া উক্ত 'কনফারেন্সের' উদ্দেশ্য ছিল না। জমি জরিপ করা ও জরিপী মেরেস্তা বরাবর বজায় রাখিবার পক্ষে উৎকৃষ্ট ব্যবস্থা কি হইতে পারে তাহার নিরূপণ করাই 'কনফারেন্সের' উদ্দেশ্য। কনফারেন্সে স্বয়ং ছোটলাট বাহাদুর, সরকার পক্ষের ৯ জন এবং জমিদার ও নীলকরদিগের পক্ষ হইতে ২০ | ২২ জনেরও অধিক সভ্য উপস্থিত ছিলেন। বোর্ডের সদস্য ষ্টিভেন্স সাহেব সভাপতির কার্য্য করিয়াছিলেন।

ছোটলাট বাহাদুরের বিবেচনায় বৎসরে বৎসরে জরিপী কাগজ পত্র ও নক্সার সংশোধন করা উচিত। পাটোয়ারদিগের দ্বারা এই কার্য্য সম্পাদিত হওয়ার পক্ষে যদি জমিদার প্রভৃতির আপত্তির কারণ থাকে তাহা হইলে অনল্প বেতনভোগী সার্কেল কানুনগোদিগের দ্বারা উহা হইতে পারিবে। জরিপ ও রাজস্বের কর্ম্মচারিগণ কানুনগোদিগের কার্য্যের উপর তত্ত্বাবধারণ করিবেন। এক এক জন কানুনগোর অধীনে ২০ | ২৫ খানি গ্রাম থাকিবে। ঐ গ্রাম লইয়া এক একটি সার্কেল হইবে। রোডসেসের উপর অতিরিক্ত টাকায় আর এক পয়সা করিয়া আদায় দ্বারা এই সকলের ব্যয় নির্ব্বাহ হইবে।

ষ্টীভেন্স সাহেব বলিয়াছেন, এই সমস্ত ব্যাপারে বার্ষিক ৭১ হাজার টাকা ব্যয় হইবার কথা হইয়াছে। বৎসর বৎসর এই ব্যয়ের পরিমাণ কিছু কিছু বৃদ্ধি পাওয়া সম্ভব হইলেও ৭৫ হাজারের বেশী বাড়া উচিত নহে। ইহার ষষ্ঠাংশ প্রাদেশিক ফণ্ড হইতে আদায় হইবে। অবশিষ্ট জমিদার ও প্রজা সমানভাগে সরবরাহ করিবেন। অতঃপর জরিপী কাগজ পত্রের নকলের যে ফি আদায় হইতে থাকিবে সেই 'ফি'য়ের টাকা এতদর্থে ব্যয় করিলে জমিদার প্রজা গবর্ণমেণ্ট সকলেরই

ব্যয়ভার কিছু কিছু করিয়া কমিয়া যাইতে পারিবে।

বৎসর বৎসর জরিপী কাগজ পত্রাদির সংশোধন না হইয়া যাহাতে ৫ কিম্বা ১০ বৎসর অন্তর হয়, দরভাঙ্গার মহারাজ এরূপ প্রস্তাব করিয়াছিলেন। অনেক নীলকর ও জমিদার দরভাঙ্গার মহারাজের প্রস্তাবের পোষকতা করিয়াছিলেন, কিন্তু উক্ত প্রস্তাব ছোটলাট বাহাদুর অথবা সরকারী সভ্যদিগের অভিমত হয় নাই। কানুনগো বা আমীন নিযুক্ত হইলে যে প্রজার কষ্ট বাড়িবে জমিদার এবং নীলকরদিগের পক্ষ হইতে কনফারেন্সে সে কথার উত্থাপন করা হইয়াছিল। জরিপ ও জরিপী কাগজ পত্রের ভার কোনরূপ সরকারী কর্ম্মচারীর হাতে থাকে জমিদার অথবা নীলকরদিগের এরূপ ইচ্ছা নহে। জরিপ ব্যাপারে তাঁহাদের কোনই স্বার্থ থাকিতেছে না বুঝিয়া তাঁহারা ইহার ব্যয়ভার বহনেও অনিচ্ছুক।

ছোটলাট বাহাদুর জমিদারগণকে ধীরভাবে মিষ্ট কথায় বুঝাইয়া তাঁহাদিগকে স্বীয় অভিপ্রায়ের পক্ষপাতী করিবার চেষ্টা পাইতেছেন। তাঁহার ন্যায় বিদ্বান, বুদ্ধিমান শান্ত ও ধীরপ্রকৃতি লোকের দ্বারা যেরূপ ভাবে কার্য্য হইয়া থাকে, উল্লিখিত কার্য্যও ঠিক সেই ভাবেই হইতেছে।

আদমসুমারির বিজ্ঞাপনী।

(প্রাপ্ত)

(৩)

এদেশে জন্ম মৃত্যুর সংবাদ জানিবার জন্য নিম্ন লিখিতরূপ বন্দোবস্ত আছে। মিউনিসিপালিটীগুলিতে জন্ম মৃত্যুর রেজেষ্টরী হয়। সম্বাদ না দিলে অভিভাবকেরা দণ্ডনীয় হয়েন। মফঃস্বলের চৌকিদারেরা আপনাপন মহল্লা মধ্যে জন্ম মৃত্যুর সংবাদ থানায় দেয়। পুলিসের কর্ম্মচারীদের উপর হুকুম আছে যে, তাঁহারা সর্ব্বদাই গ্রামে গ্রামে খবর লইয়া দেখেন চৌকিদারেরা এই কার্য্যে ত্রুটি করিতেছে কি না। জন্ম মৃত্যুর সংবাদ না দিলে চৌকিদারেরা আইন অনুসারে দণ্ডনীয়। এই সকল উপায়ে পুলিশ ও মিউনিসিপালিটি দ্বারা তথ্যসংগ্রহ হইলে জেলার বড় ডাক্তার প্রতি বৎসরে স্বাস্থ্যবিভাগের তত্ত্বাবধায়কের নিকট বিজ্ঞাপনী পাঠান। স্বাস্থ্য বিভাগের ১৮৯২ সালের রিপোর্টে এদেশে জন্মের হার ২৮·১৫ এবং মৃত্যুর হার ৩১·৯২ দেখান হইয়াছে। সহজেই বোধ হইবে যে, এই অঙ্কগুলি একান্ত ভ্রমপূর্ণ। সমস্ত দেশ ধরিলে জন্মের পরিমাণ মৃত্যুর অপেক্ষা অবশ্যই কিছু অধিক, নচেৎ প্রতি দশ বৎসরে প্রজার হ্রাস হওয়ার পরিবর্ত্তে এত পলাবৃদ্ধি কিরূপে দেখা যাইতেছে? পুর গরীবের ঘরে সন্তান ভূমিষ্ঠ হইলে গ্রামে তেমন কোলাহল পড়ে না; সুতরাং চৌকিদারের বাড়ী ভিন্ন পল্লীতে হইলে তাহা সে জানিতে পারে না। মৃত্যু ঘটনা তদপেক্ষা সহজে জানা যায়; যেহেতু মৃত্যুস্থলে একটু কান্নাকাটি প্রায়ই হয়। অনেক সকল চৌকিদারে এই সকল সংবাদ উচিত মত দেয় না। বর্ষাকালে অনেক স্থানে যাতায়াতের অসুবিধা। চৌকিদারের ব্যারামাদি হইলে তাহার একটিনি লোক তেমন যত্ন পূর্ব্বক জ্ঞাত করে না। পুলিস কর্ম্মচারীরাও সকলে সমান কার্য্য তৎপর নহেন। একটু আলগা পাইলেই সংবাদ সংগ্রহে চৌকিদারের উদাসীন্য হয়।

১৮৮১ অব্দে বিলাতের সুপ্রসিদ্ধ লেখক হার্ডি সাহেব এদেশীয় জন্ম মৃত্যু সম্বন্ধে অনেক বিচার করিয়াছিলেন। উত্তর পশ্চিমাঞ্চলে কতকগুলি চৌরকার্য্যে লিপ্ত এবং কন্যাসন্তান বিনষ্টকারী দলের প্রত্যেক ব্যক্তির নামে নামে রেজেষ্টরী রাখা হয়। উহাদের মধ্যে জন্ম মৃত্যুর হিসাব নির্ভুল পাওয়া যায়।

ঐ সকল অঙ্ক এবং সেনসসের প্রজাবৃদ্ধি এবং মিউনিসিপালিটি প্রভৃতির অঙ্কপাত তুলনা করিয়া হার্ডি সাহেব স্থির করেন যে, এদেশে প্রতি সহস্রে বার্ষিক জন্মসংখ্যা ৪৭·৯ এবং মৃত্যুর সংখ্যা ৩৯·৯। আদমসুমারির বিজ্ঞাপনীতে শুদ্ধ বাঙ্গালার ভাষা হিসাবে দেখা যায় যে ৩ কোটি ৭৮ লক্ষ লোকের ভাষা বাঙ্গালা, ২ কোটি ৪৯ লক্ষের হিন্দি, ৪৬ লক্ষের উড়িয়া, ৩৷৷ হাজারের মারওয়ারি, ৭৫৫ জনের মহারাষ্ট্রীয় ২৫৩৭ জনের পঞ্জাবী, ৩ লক্ষ ৬২ হাজারের উরাওন, ১৩ লক্ষ ৬০ হাজারের সাঁওতালী, ২৪ হাজারের গারো এবং ২২ হাজারের আরাকানি ইত্যাদি। বৈদেশিক ভাষার মধ্যে ৩৭৩৯৫ জনের ভাষা ইংরাজী, ৯০২ জনের ফরাসিস, ৬৭৬ জনের জর্ম্মন, ৩৬৮০ জনের আরবী, ৮১০৫ জনের পারসী, ১১৯০ জনের পুর্ত্তু, ২৫ জনের রুসীয়, ৪২৫ জনের আর্ম্মিনীয়, ৪৬৯ জনের হিব্রু এবং ১ জনের তাবসী ভাষা।

উড়িষ্যার হিন্দিভাষী লোকের সংখ্যা ৯৭ হাজার। তথায় মুসলমানের সংখ্যা ৯২ হাজার। রিপোর্টলেখক বলেন যে, উড়িষ্যার পাঠানেরা বাড়ীতেও হিন্দী কথা কহে। মুরসিদাবাদ জেলায় ১ লক্ষ ১২ হাজার লোকের মাতৃভাষা হিন্দি বলিয়া লিখিত হইয়াছে। ওডানেল সাহেব বলেন যে, নবাব বাহাদুরের বাড়ীতে হিন্দীভাষার চলন থাকায় মুরশিদাবাদের মুসলমানদিগের মধ্যে হিন্দির কিছু চলন আছে এবং উহারা আপনাদিগকে হিন্দিভাষী বলিয়া লেখাইতে ভাল বাসেন।

কলিকাতা, হাবড়া ও কলিকাতার নিকটস্থ ২৪ পরগণার কতকটা স্থান লইয়া ধরিলে দেখা যায় যে, তথায় উড়িয়া ভাষীর সংখ্যা ৫১ হাজার এবং হিন্দীভাষীর সংখ্যা ৩ লক্ষ ৬৯ হাজার। উড়িষ্যা, বেহার প্রভৃতি হইতে শ্রমজীবীরা যে কিরূপ পরিমাণে কলিকাতা ও তন্নিকটবর্ত্তী স্থানে আইসে এতদ্বারা তাহা সুস্পষ্ট হইবে।

পীড়াদি সম্বন্ধে আদম সুমারী হইতে নিম্ন লিখিতরূপ বিবরণ জানা যায়;—

প্রতি দশ হাজারে কত জন—

দেশ বা জাতি	পাগল	অন্ধ	হাবাকালা	কুষ্ঠী
ইংলণ্ড	৩২	৮.৫	১১.৫	
স্কটলণ্ড	৩৮.৫	৮.৫	২.৫	
আয়র্লণ্ড	৩৬	১১.৫	৭.৫	
বোম্বাই	৩	১৫.২	৬	৪.৭
মান্দ্রাজ	২.১	৯.৮	৭.২	৩.৫
উঃ পঃ প্রদেশ	১.২	২০.২	৬.৯	৩.৬
পঞ্জাব	২.৯	৩১.৯	৯.৬	২.৪
বাঙ্গালা	৩.৪	৯.৮	৯.৩	৬.২

উত্তর বাঙ্গালায়—

বৈদ্যক	২৫	২৭.৪	৪৪.৫	৩২.২
মুসলমান	৭.৫	৭.৫	১১.৪	৬.৮
কোচবিহারে—				
কোচ	১০.২	১১.১	১৯.৪	২১.৮
সাঁওতাল পরগণায়—				
সাঁওতাল	১.৬	৩.৬	৫.৫	৬.
পশ্চিম বাঙ্গালায়—				
ব্রাহ্মণ	৯.২	৭.৯		১৭.৭
সেখ	৪.৩	১২.৪	১১.২	২০.২
বৈদ্যক	৭.৪	১৫.৮	১৩.১	৫২.৪
দক্ষিণ বিহারে—				
ব্রাহ্মণ	১৩.১		৭.৬	৮.৭
মুসলমান	৩৮.৪		১৫.৩	৬.৯

১৮৮১ অব্দের বিজ্ঞাপনীতে লিখিত হইয়াছিল যে, বাগলের হার হিন্দুর মধ্যে প্রতি ১০ হাজারে ৪ এবং মুসলমানের মধ্যে প্রতি ১০ হাজারে ৫ জন এইরূপ হওয়ার কারণ অনুসন্ধানে বোডিলন সাহেব বলিয়াছিলেন যে, নিকট সম্পর্কীয়দিগের মধ্যে বিবাহে সন্তানের পাগল হওয়ার সম্ভাবনা অধিক তাহা ইউরোপে যেমন স্বীকৃত হইয়াছে এখানেও তাহা প্রমাণিত হইল। হিন্দুরাই নিকট সম্পর্কীয়ের মধ্যে বিবাহের একান্ত বিরোধী। এবারকার বিজ্ঞাপনী লেখক ওডোনেল সাহেব পূর্ব্ববারের বিজ্ঞাপনী লেখকের সহিত ভিন্নমত অবলম্বন করিয়া বলিয়াছেন যে, সাঁওতাল এবং মুসলমানের মধ্যে পীড়াদির দোষ অল্প। হিন্দুর মধ্যেই অধিক। তাহার মধ্যে আবার কোচ এবং বৈদ্যক সর্ব্বাপেক্ষা নিকৃষ্ট অবস্থাপন্ন। ওডোনেল সাহেব স্বীকার করিয়াছেন যে, বিজ্ঞাপনী লিখিতে আরম্ভ করিবার সময়ে যে অঙ্ক আফিস হইতে পাইয়াছিলেন তাহাতে পূর্ব্ব বারের কথাই বজায় ছিল। তিনি অঙ্কগুলিকে পুনঃ সংস্কৃত করিয়া তবে বিজ্ঞাপনী লিখিয়াছেন। সাঁওতাল পরগণার মধ্যে দেখান হইয়াছে যে, সাঁওতালের মধ্যে অন্ধের পরিমাণ ৩.৬। এবং তথায় কুষ্ঠারের মধ্যে অন্ধের পরিমাণ ৬৮.৩। এক জেলায় একবিধ লোকের মধ্যে এত অধিক পার্থক্য হওয়া অসম্ভব। ফলতঃ ওডোনেল সাহেব অঙ্কপাত অনুসারে রিপোর্ট না লিখিয়া আপনার কল্পনার অনুযায়ী এবং পূর্ব্ব আদমসুমারীর সিদ্ধান্তের বিপরীতে কথা বলিতে যাওয়ায় আদমসুমারীর এই অংশের উপর তত্টা শ্রদ্ধা হয় না। আচারাদির দোষে কুষ্ঠব্যাধি, লক্ষ প্রকৃতিক স্থানে বাস নিবন্ধন চক্ষুর পীড়া, নিকট সম্পর্কীয়ের মধ্যে বিবাহে উন্মাদ রোগের বাহুল্য—এই সকল চির প্রসিদ্ধ তথ্যের অপলাপ হইল। ওডোনেল সাহেবের এবার কার বিজ্ঞাপনীতে বৈদ্যক সম্প্রদায়ের উপরেই সকল স্থানই ঝাড়িয়া দেওয়া হইয়াছে।

সাপ্তাহিক সংবাদ।

[কলিকাতা] বিগত ৩রা আগষ্ট হইতে গাঁজা কমিসনের কার্য্য আরম্ভ হইয়াছে। গাঁজা, চরস প্রভৃতির বিক্রয়াদি কম হওয়া অথবা একেবারেই উঠিয়া যাওয়া যাঁহাদিগের অভিমত কমিসন সর্ব্বাগ্রে নাকি তাঁহাদিগেরই সাক্ষ্য গ্রহণ করিবেন।

বর্দ্ধমান প্রতিনিধি ছোট লাট বাহাদুর সার এণ্টনি মাকডোনেল বাঁকীপুরের দরবার উপলক্ষে হিন্দু মুসলমানের পরস্পর মনান্তর সম্বন্ধে যে কয়েকটি কথা বলিয়াছেন, কলিকাতার মুসলমান সাহিত্য সমিতির সদস্যগণ বাঙ্গালা, উর্দ্দু ও ব্রজভাষায় ঐ কথাগুলির অনুবাদ করিয়া বাঙ্গালা দেশের ও রাজ্যের মুসলমানগণমধ্যে প্রচারিত করিতে কৃতসঙ্কল্প হইয়াছেন।

রেথুন কলেজের স্কুল বিভাগের পরীক্ষায় যিনি সর্ব্বপ্রথম হইবেন তিনি হর এণ্ড্রুটি মেডেল অথবা নগদ টাকা পারিতোষিক পাইবেন। প্রতি বৎসরই একজন করিয়া নিয়মমত উক্ত পারিতোষিক পাইবেন। গোয়ালিয়রের মহারাণী সুখদা রাজ সাহেবা এতদর্থে ৫০০ টাকা দান করিয়াছেন। উক্ত ৫০০ টাকার সুদ হইতেই উল্লিখিত কার্য্য নির্ব্বাহিত হইবে।

শারদীয়া পূজোপলক্ষে আগামী ১৩ই সেপ্টেম্বর হইতে ২২শে নবেম্বর পর্য্যন্ত কলিকাতার হাইকোর্ট বন্ধ থাকিবে।

[প্রেসিডেন্সী] বারাসত জেলের প্রধান রক্ষক ও তাহার সহকারী জেলের কয়েদীদিগের দ্বারা চুরি করাইত এবং অপহৃত দ্রব্য সামগ্রী আপনাদিগের মধ্যে বাটোয়ারা করিয়া লইত বলিয়া বারাসতের ডেপুটী ম্যাজিষ্ট্রেটের আদালতে অভিযুক্ত হয়। বিচারে আসামীদিগের অপরাধ সাব্যস্ত হওয়ায় ডেপুটী ম্যাজিষ্ট্রেট তাহাদের দুই জনের প্রত্যেককে কঠিন পরিশ্রমের সহিত দুই বৎসরের কারাবাস দণ্ড বিধান করিয়াছেন।

দুই জন কাবুলী বারাসপুরের নিকটবর্ত্তী ইছাপুর গ্রামের জনৈক লোকের নিকট পাওনা টাকা আদায় করিতে যাইয়া তাহাকে গুরুতর প্রহার করে যে সেই আঘাতেই তাহার মৃত্যু হয়। সম্প্রতি আলিপুরের দায়রায় কাবুলীদ্বয়ের বিচার হইয়া গিয়াছে। জুরিগণ উহাদিগকে নরহত্যার অপরাধে অপরাধী না বলিয়া গুরুতর আঘাত করার জন্য অপরাধী সাব্যস্ত করায় জজ সাহেব উহাদিগের প্রত্যেককে ৬ মাস করিয়া কঠিন পরিশ্রমের সহিত কয়াদের আদেশ দিয়াছেন।

কাশিম বাজারের দানশীলা মহারাণী স্বর্ণময়ী কলিকাতা ইনষ্টিটিউসনে একজালীন দুই শত টাকা দান করিতে অঙ্গীকার করিয়াছেন।

ন্যায়শাস্ত্রের প্রসিদ্ধ গ্রন্থকার মহামহোপাধ্যায় ৺ গদাধর শিরোমণির বংশসম্ভূত, অদ্বিতীয় নৈয়ায়িক ৺ শ্রীরাম শিরোমণির মধ্যম পুত্র বঙ্গের সর্ব্বপ্রধান নৈয়ায়িক নবদ্বীপ নিবাসী মহামহোপাধ্যায় ভুবনমোহন বিদ্যারত্নের মৃত্যু হইয়াছে। ইহার বয়ঃক্রম ৬০ বৎসরের অধিক হইয়াছিল।

[বর্দ্ধমান] বাঁকুড়াদর্পণ বলিতেছেন, 'বাঁকুড়া জেলায় ধান্যের দর কিছু সস্তা হইয়াছে। এবারে উক্ত জেলায় প্রচুর পরিমাণে ধান্য জন্মিবার আশা আছে।

মেদিনীপুর জেলার অন্তর্গত নাড়াজোলের জমিদার কুমার নরেন্দ্রলাল খাঁ স্বীয় মৃত পিতার স্মরণার্থ মেদিনীপুরে একটি স্ত্রী হাঁসপাতাল সংস্থাপনের জন্য ৩০ হাজার টাকা দান করিয়াছেন। এতদ্ব্যতীত উক্ত হাঁসপাতালের ব্যবহার্থ বাড়ী নির্ম্মাণকল্পে আর ১০ হাজার টাকা দান করিয়াছেন। ছোট লাট বাহাদুর এই জন্য কুমারকে যথেষ্ট সাধুবাদ প্রদান করিয়াছেন।

[ঢাকা] আমাদের বরিশাল অঞ্চলের সংবাদ দাতা লিখিয়াছেন—অতি বৃষ্টিতে গৌরনদী থানার বিল অঞ্চলের শস্য নষ্ট হইয়াছে। ম্যাজিষ্ট্রেট শ্রীযুক্ত সেনেজ সাহেব স্বচক্ষে তথাকার অবস্থা দেখিয়া আসিয়াছেন। তাঁহার প্রস্তাবানুসারে ডিষ্ট্রীক্ট বোর্ড তথাকার লোকদের সাহায্যার্থ

সম্প্রতি ৫০০৲ টাকা পাইয়াছেন। সব ডেপুটী কলেক্টর শ্রীযুক্ত অখিলচন্দ্র রায় এই টাকা লইয়া ঐ বিল অঞ্চলে গিয়াছেন। লোকদিগকে ধান চাউল কিনিয়া দিতে হইবে। এই দুর্ভিক্ষ সময়ে কি কি উপায়ে লোকদের সাহায্য করিতে হইবে এবং তাহাতে কত টাকা ব্যয়ের আবশ্যক তাহা নির্দ্ধারণার্থ আগামী সোমবার ডিষ্ট্রীক্ট বোর্ডের এক বিশেষ অধিবেশন হইবে। ঐ বিল অঞ্চলের মধ্যবর্ত্তী বাগদা গ্রামের জঙ্গলাকীর্ণ দীর্ঘিকাগুলি পরিষ্কার করিবার জন্য ম্যাজিষ্ট্রেট সাহেব প্রস্তাব করিয়াছেন। তাঁহার মতে উহাতে ৪০০০৲ টাকা লাগিবে। বঙ্গের শস্য ভাণ্ডার বাখরগঞ্জ জিলাতেই দুর্ভিক্ষ, ইহা নিতান্ত আশ্চর্য্যের বিষয়।

[পঞ্জাব] আগামী ২রা অক্টোবর সিমলার কৃষিসমিতির অধিবেশন হইবে।

[উঃ পঃ] অযোধ্যার তালুকদারগণ লক্ষ্ণৌ সহরে একটি লৌহের কারখানা খুলিয়াছেন। আপাততঃ ৮ জন তালুকদার লইয়া একটি সিণ্ডিকেট সভা সংগঠিত হইয়াছে। অযোধ্যার মহারাজ উহার অধ্যক্ষ হইয়াছেন। কারখানার কার্য্য উক্ত সিণ্ডিকেট দ্বারাই পরিচালিত হইবে।

কোন ইংরাজী সংবাদপত্রে প্রকাশ যে, বেনারসের নিকটবর্ত্তী এক পল্লীতে ১৬ বৎসর বয়স্ক একটী ব্রাহ্মণ বালককে বহুজন সম্মুখে কালী দেবীর নিকটে বলিদান দেওয়া হইয়াছে। বালকটীর পিতামাতা স্বেচ্ছাপ্রবৃত্ত হইয়া বলি দিবার জন্য পুত্রকে পাঠাইয়াছিলেন। কালীদেবীর প্রধান পুরোহিত স্বহস্তে বালকটীর গ্রীবাচ্ছেদ করিয়া তাহার রক্ত দেবীর গাত্রে ছিটাইয়া দিয়াছিলেন। এই ব্যাপার লইয়া উক্ত অঞ্চলে হুলস্থূল পড়িয়া গিয়াছে। ইহাতে লিপ্ত প্রধান প্রধান ব্যক্তিগণকে গ্রেপ্তার করা হইয়াছে। বিষয়টির অদ্যাপিও তদন্ত চলিতেছে।

[রাজপুতানা] আমাদের জয়পুরের সংবাদদাতা লিখিয়াছেন—জয়পুরে বৃষ্টিপতনের গড় প্রতি বৎসর ২৪ ইঞ্চি, বিকানীর নামক রাজ্যে ৯ ইঞ্চি, কলিকাতায় প্রায় শত ইঞ্চি আর খাসাই নামক পর্ব্বতে ৫০০ ইঞ্চি। ইহাতে পাঠক বুঝিতে পারিবেন যে জয়পুর কতদূর নীরস প্রদেশ। গত বৎসরে জয়পুরে ৬০ ইঞ্চি বৃষ্টি পতন হয়। লোকে বলিয়াছিল যে ঐরূপ বৃষ্টি তাহারা পূর্ব্বে কখনও দেখে নাই। তৎপূর্ব্ব বৎসরে ২০ ইঞ্চি মাত্র বৃষ্টি হইয়াছিল, কিন্তু তাহাতে লোকে অসন্তুষ্ট হয় নাই। বৃষ্টি পতনের সঙ্গে শস্যোৎপত্তির বিশেষ সম্বন্ধ; কিন্তু আমার বোধ হয় আন্নোৎপত্তিরও সম্বন্ধ আছে, কারণ এ বৎসর আন্ন এখানে এত অপর্য্যাপ্ত হইয়াছে যে লোকের ধারণা, কদাপি এমন হয় নাই। অন্য বৎসর দুই আনার কমে সের বিক্রয় হয় নাই, কিন্তু এ বৎসর দুই পয়সা করিয়া সেরও বিক্রয় হইয়াছে। এরূপ বাহুল্য ভাবে আন্নের উৎপত্তির সহিত গত বৎসরের প্রবল বর্ষার বিশেষ সম্বন্ধ আছে বলিয়া বোধ হয়। এ বৎসর জানুয়ারী হইতে আজ পর্য্যন্ত ১৪ ইঞ্চির অধিক বৃষ্টি হয় নাই। লোকে বৃষ্টির প্রয়াসী হইয়া রহিয়াছে।

—এখানে বঙ্গসাগর ও আরবসাগর উভয়ের উপকূল ভাগ হইতেই মনসুন (সাময়িক বায়ু প্রবাহ) আইসে এবং এখানকার বৃষ্টি এই উভয় মনসুন হইতেই সৃষ্ট হয়। এই মনসুনদ্বয়কে এতদূর স্থলভাগ অতিক্রম করিয়া আসিতে হয় যে অধিকাংশ জল মধ্যবর্ত্তী স্থান সকলে পরিত্যক্ত হয় এবং অতি অল্পমাত্র জল তাহাদের মিলিত চেষ্টার ফলস্বরূপ এখানে বর্ষিত হয়। ইহা অপেক্ষা একমাত্র মনসুনের মুখাপেক্ষী সমুদ্রতীরবর্ত্তী স্থান সকল অধিক পরিমাণে জলপ্রাপ্ত হয়।

—যুদ্ধবিগ্রহের তরঙ্গ এখান পর্য্যন্ত পৌঁছিয়াছে। পাঠক মহাশয় বোধ হয় জানেন যে জয়পুরের টাকা বিশুদ্ধ রৌপ্যে প্রস্তুত। আমরা পূর্ব্বে এক শত জয়পুরের মুদ্রা বিনিময়ে ১০৪ বা ১০৫ কিম্বা উভয়ের মধ্যবর্ত্তী সংখ্যক গবর্ণমেণ্ট মুদ্রা (কলদার টাকা) পাইতাম। কিন্তু সম্প্রতি এক দিন এমন হইয়া গিয়াছে যে জয়পুরের মুদ্রা ১০০ টার পরিবর্ত্তে কলদার টাকা ৯৯ টী মাত্র পাওয়া গিয়াছে। রূপার পোচনীয় অবস্থার সহিত জয়পুরের টাকার এই অনাদর ঘটিল। কিন্তু মধ্যে কয়েকটী শরাফের (পোদ্দারের) প্রতি রাজ হইতে কড়াকড়ি হওয়াতে কিঞ্চিৎ বাটা পাওয়া গিয়াছে অর্থাৎ টাকা প্রতি আধ পয়সা মাত্র।

—এখানকার প্রধান মন্ত্রী শ্রীযুক্ত কান্তিচন্দ্র মুখোপাধ্যায় মহাশয় তাঁহার নব নির্ম্মিত বাটীতে এ বৎসর দুর্গোৎসব করিবেন। গত শুক্ল দ্বিতীয়াতে বাঁশগাড়া উপলক্ষে তিনি বাঙ্গালীদিগকে মহা সমারোহের সহিত এক ভোজ দিয়াছিলেন। বঙ্গদেশ হইতে কারিগর আসিয়াছে। প্রতিমা প্রস্তুতের অন্যান্য সামগ্রী এইখান হইতেই সংগ্রহ করা হইবে।

—৺ হরিদাস শাস্ত্রী মহাশয়ের স্থানে সম্প্রতি জয়পুর কলেজে দোরাব্জী হিরজী ভাই বচ্ছা এম এ নামক একজন পার্শী প্রিন্সিপাল হইয়া আসিবেন এইরূপ গুজব।

[কাশ্মীর] কাশ্মীরের মহারাজের প্রায় দুই বৎসর বয়স্কা কন্যাটির মৃত্যু হইয়াছে। ঐটিই মহারাজের এক মাত্র সন্তান ছিল।

[মান্দ্রাজ]—মান্দ্রাজ গবর্ণমেণ্ট এই নিয়ম করিয়াছেন যে অতঃপর মিউনিসিপালিটী অথবা জেলাবোর্ডের তরফে কেহ নির্ব্বাচিত হইতে ইচ্ছা করিলে তাঁহাকে অন্ততঃ ছয় মাস কাল মফস্বলে থাকিতে হইবে।

[বোম্বাই] গবর্ণমেণ্টের আদেশানুসারে সোমবার রাত্রি ১০ টার সময় হইতে বোম্বাইয়ের চণ্ডু ও মদ্যের দোকানগুলি সমস্ত বন্ধ হইয়াছে। অনেক গুলিখোর সেদিন পরমিটের বাহিরে আসিয়া একত্রিত হইয়াছিল। তাহাদিগের ইচ্ছা ছিল, কলেক্টর বাহাদুরকে এসম্বন্ধে তাহারা মুখামুখি দুই এক কথা বলিবে, কিন্তু কলেক্টর তাহাদিগকে এই বলিয়া পাঠান যে তাহাদিগের বক্তব্য বিষয়ে তাঁহার কোন হাত নাই।

বোম্বাইয়ের খ্যাতনামা মৃত সার জেমসেটজি জিজিভয়ের একমাত্র পুত্র করসেটজির মৃত্যু হইয়াছে। তাঁহার বয়ঃক্রম ২৬ বৎসর হইয়াছিল মাত্র। জেমসেটজি জিজিভয়ের এই একমাত্র বংশধরের মৃত্যুতে বোম্বাইয়ের পার্শীকুল সকলেই শোকাকুল হইয়াছেন।

[সাধারণ] বিলাতের কমন্স সভায় উক্ত সভার জনৈক সদস্য মিঃ গুরলে কৃষ্ণ প্রশ্নের প্রত্যুত্তরে অণ্ডার সেক্রেটরী রসেল সাহেব বলিয়াছেন, "আফগান যুদ্ধের পূর্ব্ববর্ত্তী দশ বৎসর কালের প্রত্যেক বৎসরে ভারতের সেনা বিভাগে গড়ে যত টাকা খরচ হইয়াছিল, বিগত দশ বৎসরের প্রত্যেক বৎসর গড়ে তদপেক্ষা ২ কোটি ৪৩ লক্ষ ৯০ হাজার টাকা অধিক খরচ হইয়াছে; এতদ্ভিন্ন বাটার গোলযোগ বশতঃ আরও ১ কোটি ৬৯ লক্ষ ৩০ হাজার টাকা অধিক ব্যয় হইয়াছে।

বাবু আর পি বানার্জ্জি নামক কোন ব্যক্তি বিছা, বোলতা কামড়ানির ঔষধ আবিষ্কার করিয়াছেন। ক্লোরাল হাইড্রেট দুই ভাগ (ওজনে) এবং ক্যাম্ফর ১ ভাগ (ওজনে) একত্রে

একটি বোতলে পুরিয়া বোতলের মুখ বেশ করিয়া বন্ধ করিয়া দিলে ঐ দুই বস্তু একত্রে মিশিয়া তরল হইয়া যাইবে। তদনন্তর শরীরের যে স্থানে বিদ্ধ পাড়তি কামড়াইয়াছে তাহার চতুর্দ্দিকে ৪ ইঞ্চি পরিমাণ স্থানের মধ্যে কোথাও ছুঁচ ফুটাইয়া এক ফোঁটা রক্ত বাহির করিয়া রক্তটুকু মুছিয়া ফেলিয়া ঐ স্থানে এক ফোঁটা হউক, দুই ফোঁটা হউক উক্ত তরল পদার্থ লাগাইয়া দিলে তৎক্ষণাৎ জ্বালা নিবারণ হইবে, ব্যথা মরিয়া যাইবে এবং ফুলিবে না। (বেঙ্গলী)।

বাঙ্গালার রিফরমেটরি স্কুলগুলির শিক্ষাসম্বন্ধীয় শাখা তিনটী প্রণালীতে বিভক্ত হইয়াছে—ইংরাজী বাঙ্গালা, বাঙ্গালা ও হিন্দী।

বিগতে ১৫৮ টি মেয়ে ডাক্তার হইয়াছেন। ভারতে আসিয়াছেন ৫০ টি। (দৈনিক)।

১৮৭৬ সালে ভারতে ৬ হাজার ৮ শত ৩৩ মাইল রেল খোলা হয়। এক্ষণে ১৮ হাজার মাইল রেলপথ খোলা হইয়াছে। এতদ্ভিন্ন আর ২৭০০ মাইল রেলপথ খুলিবার আদেশ হইয়া আছে।

১৬ই হইতে ২২শে শ্রাবণ পর্য্যন্ত কলিকাতা পাটের বাজারের সাপ্তাহিক বিবরণ—

সিরাজগঞ্জ ও উত্তর বঙ্গ প্রভৃতি—

ঐ	শরেস	পাট	৫৷৵০	হইতে	৫৸০
ঐ	মাঝারি	ঐ	৫৸০	"	৫৷৵০
ঐ	নিরেস	ঐ	৫৲	"	৫৵০
নারায়ণগঞ্জ, ময়মনসিংহাদি		ঐ		"	
পাংশা, ওসমানপুরাদি		ঐ	৪৷৷০	"	৫৲
দেশী [সর্ব্বপ্রকার]		ঐ		"	
ভিজা দাগি, বোম্বাই আদি		ঐ	৩৷৷৵০	"	৪৸৵০
দেওড়া [সর্ব্বপ্রকার]		ঐ	৪৷৷০	"	৪৸০

গত পূর্ব্ব সোম বার হইতে গত রবিবার পর্য্যন্ত

এক সপ্তাহের আমদানী		১৩১০০০	বস্তা
ঐ	রপ্তানী	১২২০০০	"
ঐ	মজুত	৩৬০০০	"
গত মেলের	মজুত	২৭০০০	"

মন্তব্য—বাজার গত সপ্তাহাপেক্ষা সরেস পাটের /০ আনা হইতে /১০ চড়া। শ্রীযতীন্দ্র মোহন বন্দ্যোপাধ্যায়, ৫৭নং বাবুরাম ঘোষের লেন আহীরীটোলা কলিকাতা।

[বৈদেশিক] আণ্ডামান দ্বীপে গত বৎসর সচ্চরিত্র কয়েদীদিগের মধ্যে ৩৭টি বিবাহ হইয়া গিয়াছে।

মুদ্রাসম্বন্ধীয় গোলযোগে আমেরিকার ব্যবসার বাণিজ্যের অনেক ক্ষতি হইয়াছে। তথায় কোন কোন কারখানার কাজ কমাইবার উদ্যোগ করিতে হইতেছে। ১৬ ভরি রূপায় ১ ভরি সোনা এই হিসাবে দুই ধাতুর মুদ্রা যাহাতে অবাধে চলিতে পায় এবং মাসে মাসে রূপা খরিদ বন্ধ হইয়া যায় তদ্বিষয়ে দুই ধাতুর পক্ষপাতীদলের দলপতি ব্লাণ্ড সাহেব আইনের একখানি পাণ্ডুলিপি প্রস্তুত করিতেছেন; উক্ত পাণ্ডুলিপি শীঘ্রই মহাসভায় উপস্থিত করা হইবে।

মেক্সিয়াং নদীর ধারে শ্যামের যে সৈন্য আছে, শ্যাম তাহা সরাইয়া আনিবার উদ্যোগ করিতেছেন। শ্যাম যতদিন না ফরাসীর দাবী মিটাইতে পারেন ততদিন ফরাসী চান্থবুন বন্দর দখলে রাখিবেন। এ বিষয়ে শ্যাম ফরাসীকে সাহায্য করিবেন।

ইংলণ্ডের সর্ব্ব প্রধান ব্যাঙ্ক হইতে আমেরিকার নিউ ইয়র্কে ৬ লক্ষ ২৮ হাজার পাউণ্ড সোণা চালান হইয়াছে। আমেরিকার সরকারী ট্রেজরীতে এক্ষণে দেড় শত কোটি টাকার সোণা মজুত হইল।

মুদ্রাসম্বন্ধীয় গোলযোগ হেতু চীনে বোম্বাই কলের সূতার কাটতি কমিয়াছে। উহার উপর আবার জাপানে সূতা প্রস্তুত হইতে থাকায় বোম্বাইয়ের কলওয়ালারা অত্যন্ত ভাবিত হইয়াছেন।

পার্লিয়ামেণ্টের শারদীয় সেসন আগামী অক্টোবর মাসের তৃতীয় সপ্তাহ হইতে আরম্ভ হইবে।

বিগত ৩রা আগষ্ট ম্যানসন হাউসে দুই ধাতুর পক্ষপাতী দলের একটি সভা হইয়াছিল। লর্ড মেয়র সভাপতির কার্য্য করিয়াছিলেন। মিঃ বেল্‌ফোর সোণারূপা দুই ধাতুর মুদ্রার প্রচলনের সপক্ষে একটি সুন্দর বক্তৃতা করিয়াছিলেন।

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—ঢাকার মাঃ ও কঃ জেঙ্কিন্স সাহেব ৩ মাসের ছুটী পাইলেন। ঢাকা নারায়ণগঞ্জের প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ লি সাহেব উক্ত জেলার মাঃ ও কঃ নিযুক্ত হইলেন। ঢাকার প্রোটেম ডেঃ মাঃ ও ডেঃ কঃ লুকাস সাহেব উক্ত জেলার নারায়ণগঞ্জ মহকুমার ভার পাইলেন। পাটনার জঃ মাঃ ও ডেঃ কঃ লি মিস্তরিয়রের কার্য্য অস্থায়ীরূপে বাঙ্গাল গবর্ণমেণ্টের বিচার বিভাগের অধীনে থাকিল। লি মিস্তরিয়র সাহেব কিন্তু ডিউক সাহেবের অনুপস্থিতিকাল যাবৎ তথায় মাঃ ও কঃর কার্য্য করিবেন। দার্জ্জিলিং কুশিয়ংয়ের প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ মিউরহেড সাহেব জলপাইগুড়ির ডেঃ কমিঃ হইলেন। চট্টগ্রামে রাওজানের ডেঃ মাঃ ডেঃ কঃ ও খাস তহশীলদার বাবু স্বর্গানন্দ দাস আর ৫ দিনের ছুটী পাইলেন। বর্দ্ধমানের কমিঃ পাইয়ার সাহেব ২ মাসের ছুটী পাইলেন। বীরভূমের মাঃ ও কঃ ওয়ালার সাহেব বর্দ্ধমান বিভাগের কমিঃ হইলেন। ২৪ পরগণার জঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ সৈয়দ নুরুল হুদা বাকুড়ার ডিঃ ও সেঃ জজ হইলেন। হুগলীপুরের স্পেশিঃ ডেঃ কঃ বাবু কেদারনাথ বন্দ্যো ডেঃ মাঃ ও ডেঃ কঃর কার্য্য করিবেন। প্রোবেঃ ডেঃ কঃ বাবু দেবেন্দ্রকুমার মিত্র এম এ, মেদিনীপুরের সদরে এবং প্রোবেঃ ডেঃ কঃ বাবু নগেন্দ্রনাথ দত্ত এম এ, চট্টগ্রামের সদরে ডেঃ মাঃ ও ডেঃ কঃ হইলেন। মুঙ্গেরের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু হীরালাল বন্দ্যো ৩ মাসের ছুটী পাইলেন। ২৪ পরগণার ছুটীপ্রাপ্ত মাঃ মাঃ ও কঃ ডেক ব্রকম্যান সাহেব ১ম শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃর কার্য্য করিবেন। চম্পারণের মাঃ ও কঃ ব্রাইস সাহেব ২ মাসের ছুটী পাইলেন সাহাবাদের প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ গ্যারেট সাহেব চম্পারণের মাঃ ও কঃ হইলেন। হুগলীর ডেঃ মাঃ ও ডেঃ কঃ ম্যাকারটিচ্ সাহেব ২ মাস ২১ দিনের ছুটী পাইলেন। বাগরগঞ্জের মাঃ ও কঃ সাভেজ সাহেব ১ম শ্রেণীর মাঃ কঃর কার্য্য করিবেন। হুগলীর প্রতিনিধি মাঃ ও কঃ ডিউক সাহেব ২য় শ্রেণীর মাঃ ও কঃর কার্য্য করিবেন। হুগলী জাহানাবাদের সব ডেঃ কঃ বাবু প্রাণকৃষ্ণ দাস আর ১ দিনের ছুটী পাইলেন। ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু পূর্ণচন্দ্র বসাক আর ৬ সপ্তাহের ছুটী পাইলেন। জলপাইগুড়ির প্রোটেম সব ডেঃ কঃ মৌলবী ওয়াজিহুদ্দীন আহমেদ ৪৫ দিনের ছুটী পাইলেন। বীরভূমের ডিঃ ও সেঃ জজ হুইটমুর সাহেব ৩৫ দিনের ছুটী পাইলেন। রঙ্গপুরের প্রোটেম জঃ মাঃ ও ডেঃ কঃ ম্যাকব্রোন সাহেব বীরভূমের ডিঃ ও সেঃ জজ হইলেন। সাহাবাদের স্পেশিঃ আবকারীর ডেঃ কঃ বাবু হরিপদ ভট্টাচার্য্য ২ মাসের ছুটী পাইলেন। ডেঃ মাঃ ও

ডেঃ কঃ বাবু মহেন্দ্রনাথ গুপ্ত পাটনা বেহারে স্থাপিত হইলেন। বাবু মহেন্দ্রনাথ গুপ্ত ৩ মাসের ছুটী পাইলেন বলিয়া ইতিপূর্ব্বে যে আদেশ হইয়াছিল তাহা রহিত হইল। পাটনা বেহারের ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী সৈয়দ ওয়াজিদ হোসেন সারণ জেলার সদরে বদলী হইলেন। সাহেবের ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী মহম্মদ উমনদি হুগলী জেলার সদরে বদলী হইলেন। ময়মনসিংহের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু গগনচন্দ্র দাস ঢাকা বিভাগের কমিঃর পার্শ্ব আসিষ্টান্ট হইলেন। বিশেষ আবশ্যকতা ডেঃ কঃ বাবু ভুবরীলাল ৩ মাসের ছুটী পাইলেন। ইহাদারা বাবু ভুবরীলাল সম্বন্ধে পূর্ব্বে যে আদেশ হইয়াছিল তাহা রহিত হইল।

বিচার—ঢাকার ছুটীপ্রাপ্ত সব জজ বাবু বরদাপ্রসন্ন সোম পাটনার সব জজ হইলেন। পাটনার সব জজ বাবু যোগেশচন্দ্র মিত্র ঢাকার সব জজ হইলেন। চট্টগ্রামের মুঃ ডাক্তার বিপিনচন্দ্র রায় নোয়াখালি সব্‌ডিপোর মুঃ হইলেন। নোয়াখালী সব্‌ডিপোর মুঃ বাবু বিহারীলাল বন্দ্যো চট্টগ্রাম সবরের মুঃ হইলেন। বাবু ঠাকুরদয়াল বি এল পাটনা বেহারের মুঃ হইয়াছেন বলিয়া ইতিপূর্ব্বে যে আদেশ হইয়াছিল তাহা রহিত হইল। গয়ার মুঃ বাবু ক্ষেত্রনাথ দত্ত ও রাণাঘাটের মুঃ বাবু রাধানাথ সেন ২য় শ্রেণীর মুঃ হইলেন। আরাঙ্গাবাদের মুঃ বাবু সুরেশচন্দ্র বন্দ্যো ও মাদারিপুরের মুঃ বাবু কমলানাথ দাস ৩য় শ্রেণীর মুঃ হইলেন। পূর্ণিয়ার মুঃ সৈয়দ আবদুল আজিজ আর ৩ মাসের ও ছোটনাগপুর গিরিধির মুঃ বাবু মহেন্দ্রনাথ ঘোষ আর ৮ মাসের ছুটী পাইলেন।

শিক্ষা—প্রেসিডেন্সী কলেজের অধ্যাপক লিটল্ সাহেব স্বকার্য্য ব্যতীত গবর্ণমেণ্টের জল বায়ু বিষয়ক রিপোর্টারের কার্য্যে নিযুক্ত হইলেন। হুগলী কলেজের অধ্যাপক মিঃ ফণিভূষণ মুখোপেডলার সাহেবের অনুপস্থিতিতে প্রেসিডেন্সী কলেজের অধ্যাপক হইলেন। হুগলি কলেজের অস্থায়ী সহকারী অধ্যাপক মিঃ দেবেন্দ্রনাথ মল্লিক মিঃ ফণিভূষণের অনুপস্থিতিতে উক্ত কলেজের অধ্যাপক নিযুক্ত হইলেন।

রংপুরের ডেঃ ইনঃ বাবু আদিনাথ মিত্র ২১ দিনের ছুটি পাইলেন। রাজসাহী সার্কেলের ইনস্পেক্টর আফিসের প্রধান কেরাণী বাবু তারিণী কিশোর বর্দ্ধন রংপুরের ডেঃ ইনঃ হইলেন। পূর্ণিয়া জেলা স্কুলের প্রধান শিক্ষক মিঃ ব্রাক্ষিস ডেভিডর মুখার্জ্জি বি এ কৃষ্ণনগর কলিঃ স্কুলের ২য় শিক্ষক হইলেন। কৃষ্ণনগর কলিঃ স্কুলের ২য় শিক্ষক বাবু পীতাম্বর দে পূর্ণিয়া জেলাস্কুলের প্রধান শিক্ষক হইলেন। জলপাইগুড়ি জেলাস্কুলের ২য় শিক্ষক বাবু কমলকৃষ্ণ সেন ৩ সপ্তাহের ছুটি পাইলেন। ডিরেক্টর আফিসের ২য় আসিষ্টান্ট বাবু অক্ষয়কুমার মুখোপাধ্যায় ২ মাসের ছুটি পাইলেন।

উদ্ভট কবিতা।

[৩৯২]

পৃথ্বী তারদ্বিয়ং ভবতীব মহতী তদ্বেষ্টনং বারিধিঃ
পীতোঽসৌ কলসোদ্ভবেন মুনিনা স যোগ্নি
গদ্যোতসৎ।
তদ্বিস্ফার্দ্দমুজাধিরাজভবিনোঃ পাদেন সংপূরিতং
তত্তং চেতসি সন্দধাসি নিয়তং তদ্ভোমভাল্লাপরঃ॥

বিজ্ঞাপন।

বিশ্বনাথ চতুষ্পাঠী।

ভারত ধর্ম্মমহামণ্ডলীর মুখ্যতম উদ্দেশ্যের অনুসরণে প্রতিষ্ঠিত বার্ষিক ৫০৲ টাকার হিসাবে বিশ্বনাথ বৃত্তি ১০টি, নিম্নলিখিত অধ্যাপকগণ কর্ত্তৃক সানুগ্রহে গৃহীত হইয়াছে—

শ্রীকৃষ্ণনাথ ন্যায়পঞ্চানন, পূর্ব্বস্থলী, বর্দ্ধমান।
শ্রীকৈলাসচন্দ্র ন্যায়রত্ন, উজীরপুর, যশোহর।
শ্রীগঙ্গাচরণ ন্যায়রত্ন, মহীদার, ফরিদপুর
শ্রীশশিকুমার শিরোরত্ন, কোটালিপাড়, ঐ
শ্রীজানকীনাথ তর্করত্ন, কোড়কদি, ঐ
শ্রীনৃসিংহ সরস্বতী, মন্ত্রেশ্বর, বর্দ্ধমান।
শ্রীআশুতোষ তর্করত্ন, কোটালিপাড়, ফরিদপুর।
শ্রীপঞ্চানন তর্করত্ন, ভট্টপল্লী, ২৪ পরগণা।
শ্রীরামকৃষ্ণ তর্কতীর্থ, ঐ ঐ
শ্রীযজ্ঞেশ্বর বেদান্ততীর্থ, সেনহাটী, খুলনা।

শ্রীহরিনাথ স্মৃতিভূষণ।
বিশ্বনাথ চতুষ্পাঠীর অধ্যাপক।

বিশেষ দ্রষ্টব্য।

বাচস্পত্য অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২৩৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
সুধোদয় প্রেস।
হুগলী।

কর্ম্মখালি।

Wanted an Inspecting Pundit for the Nalhati Circle, on a salary of Rs 17 per month with a monthly travelling allowance of Rs 6. None need apply who has not passed the final examination of a first grade Normal School and does not possess a fair knowledge of the English language; or who is not a plucked F. A, or at least an Entrance certificate-holder of the Calcutta University. Applications will be received by Chundra Goti Mustaphi, Vice-Chairman, District Board Office, Birbhoom, up to the 20th August 1893.

Wanted a Clerk strong in account matters for the Patuakhli Paribaric Hitoishi Co. Ld. Registered under Act VI of 1882, on salary of Rs 30 rising to Rs 40 per mensem. None need apply who has not passed the Entrance examination and who is below 30 years in age. The applicant is to furnish security to the extent of Rs 300 in cash. Applications with copies of testimonials to reach the Managing agent Babo Ananda Cu. Sen on or before the 25th. August.

Wanted for six months a graduate for the 3rd. mastership in the Tamluk Hamilton School. Salary Rs 30 per mensem. Apply at once to the Secy Babu Bishnupada Basu.

Wanted a 3rd Master for the High English School at Kotalpur in the District of Bankura on Rs 20 a month. None but experienced F. As need apply at once, mentioning their age, caste and religion. Chandra Mohan Chatterji Head Master, P. O. Kotalpur.

Wanted a B. A, strong in English as well as in Mathematics on a monthly salary Rs 32 for the 2nd. teacher of the Ulubaria H. C. E. School, Dt. Howrah, also an English knowing 2nd. pandit passed in Traibarsik examination. Salary Rs 12 per month. App'y to the Secy. Babu Jogendra Nath Mitter.

Wanted an Entrance passed private tutor for 5 boys. Salary Rs9. besides free boarding and lodging. Future prospect expecting. Apply within 31st. Aug. to Babu Madan Mohan Gupta, Protapganj T. S. Ry. North Bhagalpur.

Wanted a Head Master for the Paresh Narayan M. E. School, Rampore Boalia, on a salary of Rs 26 a month. Applications for the post should reach the Secy. Babu Kumudini Kanta Banarji on or before the 26th Inst.

Wanted a Head Pandit for the Mejia M. V. School on a salary of Rs 15 per mensem. Preference will be given to him who has passed the 3rd year examination of a first grade Training School and read at least up to the 1st. or 2nd. class of any Entrance school. Apply with copies of testimonials within 31st. August 1893, to Babu Nogendra Ch. Mozoomdar Mejia, Mejia P. O. (Bankura).

Wanted an experienced Head Master and an experienced Hd. Pandit for the Kanduria M. E. School on salary Rs 20 and 15. Apply to Babu B. G. Bose, Dimla P. O. Rungpore.

বহরাজার গবর্ণমেণ্ট সাহায্যকৃত বাঙ্গালা পাঠশালায় একজন ইংরাজী শিক্ষকের প্রয়োজন। যিনি বি এ কোর্স পর্য্যন্ত অধ্যয়ন করিয়াছেন এবং কোন মধ্য ইংরাজী (মাইনর) স্কুলে প্রধান শিক্ষকের কার্য্যে দক্ষতা প্রকাশ করিয়াছেন, তিনিই ১৫ই আগষ্টের মধ্যে আবেদন পত্র পাঠাইবেন। বেতন ২০ টাকা। অবৈতনিক সম্পাদক বহরাজার গবর্ণমেণ্ট সাহায্যকৃত বাঙ্গালা পাঠশালা। ৬৫।১ হিদারাম বন্দ্যোপাধ্যায়ের লেন।

আমার ইষ্টেটের জনৈক আমীনের আবশ্যক কর্ম্মপ্রার্থিগণ স্বরায় স্বীয় যোগ্যতার পরিচয় দিয়া দরখাস্ত করিবেন। বাসাখরচ ছাড়া মাসিক বেতন ৮ টাকা। ক্রমে বৃদ্ধি হইবেক। শ্রীপুলিনবিহারীলাল সিংহ জমীদার উখরা। ভায়া রাণীগঞ্জ।

কর্ণাইট উচ্চপাইমারী স্কুলের জন্য জনৈক পণ্ডিতের ও জমিদারী মহাজনী কার্য্যের জন্য জনৈক মুহুরীর প্রয়োজন। প্রত্যেকেরই মাসিক বেতন বাসাখরচ বাদে ৬৲ টাকা। যিনি নর্ম্মাল স্কুলের দ্বৈবার্ষিক পরীক্ষায় পাস হইয়া কিছুকাল শিক্ষকতাকার্য্য করিয়াছেন আর মুহুরী কোন স্থানে সুখ্যাতির সহিত জমিদারী মহাজনীর কার্য্য করিয়াছেন এরূপ লোকের প্রয়োজন। জাতিতে মুসলমান হইলে ভাল হয়। আবেদনকারিগণ সত্বর নিম্নলিখিত ব্যক্তির নিকট আবেদন করুন। শ্রীশরিয়তুল্লা সরকার রাণীসনকৈল পোষ্ট, গ্রাম রাঙ্গাটুনী, জেলা দিনাজপুর।

বনাগাতি মাইনর স্কুলের হেড পণ্ডিতের পদ শূন্য হইয়াছে। একজন দ্বৈবার্ষিক পরীক্ষোত্তীর্ণ পণ্ডিতের প্রয়োজন। মাসিক বেতন ১৫৲ টাকা। বাসা পাইবেন। স্থান স্বাস্থ্যকর। জিনিষপত্র অপেক্ষাকৃত সস্তা। শ্রীযাদবচন্দ্র ভট্টাচার্য্য সম্পাদক বনাগাতি স্কুল, পোষ্ট বনাগাতি, জেলা যশোহর।

নূতন পুস্তক।

FOR ENTRANCE STUDENTS

A Digest (model questions and answers) of the Eng. Entr. Course for 1894. The best help to pass the Exn. By C. M. Chatterji. Price 10 As.
S. C. Auddy, 58 Wellington Str. Calcutta

No. 400

গিরিশ লাইব্রেরী।

এখানে ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল, এ; বি, এ ক্লাসের সর্ব্বপ্রকার পাঠ্যপুস্তক ও অর্থ পুস্তকাদি এবং নাটক, নভেল প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়। ভিঃ পিঃ ডাকেও পুস্তক পাঠাই। ২১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা। শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৮৪নং

আর্য্যমিশন ইনষ্টিটিউশন।

৮০।১ নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট, কলিকাতা।

এই বিদ্যালয়ে একটী স্বতন্ত্র সংস্কৃত বিভাগ আছে। ঐ বিভাগে উপযুক্ত পণ্ডিতের দ্বারা নিম্ন শ্রেণীতে দর্শন, কাব্য সাহিত্য, ব্যাকরণ শ্রীমদ্ভাগবত শ্রীমদ্ভগবদ্গীতা শিক্ষা দেওয়া হইয়া থাকে। পাঠার্থি-ছাত্রের আবশ্যক।

শ্রীকানাই লাল সেঠ।
৩৯৮ নং সেক্রেটরী।

পাটীগণিত।

নূতন সংস্করণ।

শ্রীপ্রসন্নকুমার সর্ব্বাধিকারী প্রণীত।

সুপ্রসিদ্ধ গণিতশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম, এ, মহাশয়ের দ্বারা সম্যক্‌রূপে সংশোধিত পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত। ইহাতে সুকৌশল সম্পন্ন প্রশ্নাবলী সন্নিবেশিত এবং উহাদের ভূরি পরিমাণে সমাধান করা হইয়াছে। ৫৭৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। উত্তম কাপড়ে বাঁধা, মূল্য ১৷৵০। বলা বাহুল্য ইহা চিরকাল সর্ব্বাদৃত, অধুনা আরও অধিক পরিমাণে স্কুলাদিতে পাঠ্যরূপে নিয়োজিত হইতেছে এবং বঙ্গবাসী প্রভৃতি সংবাদ পত্র ভূয়সী প্রশংসা করিতেছেন। নিম্নলিখিত এবং অন্যান্য স্থানে পাওয়া যায়।

বি, ব্যানার্জ্জি এণ্ড কোং।
২৫নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, ৫৬নং কলেজ ষ্ট্রীট, ৫১নং পুরাতন চীনেবাজার, কলিকাতা। ৫৫নং পটুয়াটুলি ঢাকা।

৩৮৮নং

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৬ বৎসর ইহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-যশের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার লেপনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সম-ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনা ব্যয়ে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৷৷০ টাকা, প্যাকিং ।০ আনা

২ শিশি একত্রে লইলে খরচা ৷৷৵০ আনা স্বতন্ত্র হয়।

শ্রীকালীদাস সরকার।
গবর্ণমেণ্ট পেন্সনার—লক্ষ্ণৌ।

৩১৩নং

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বলবীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রি-জাগরণ, অতিরিক্ত পান-ভোজন, অতিপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা-হাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত!

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-কোলা-কাসিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দৌকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকার সেজ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে, ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্পদিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধে অতি সামান্য রোগও আরাম হয়। বিধাতার বিচিত্রবিধান বুঝাভার!

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন। প্লীহা জ্বর-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগীকে এই এক ৩নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

	বটিকার সংখ্যা,	মূল্য,	ডাঃমাঃ,	প্যাকিং
১নং কৌটা	১৮	৷৷৵০	।০	৵০
২নং কৌটা	৩৬	১৵০	।০	৵০
৩নং কৌটা	৫৪	১৷৷৵০	।০	৵০

ভ্যালুপেবলে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।
১২ নং মুজাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা।
৩১৪নং

পাঁড়ে ব্রাদার্স।

পুস্তক ও দেশী বস্ত্র বিক্রেতা।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্ কলিকাতা।

এখানে ইংরাজি বাঙ্গালা সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য সর্ব্ব প্রকার পুস্তক, তৎসমস্তের নানা প্রকার কি, নোট, অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি সর্ব্ব প্রকার পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে। বিলাতি পুস্তক বিলাত হইতে আনা হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা ১৸০ মূল্য যোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও বাসহারীর জন্য চলিবে ও ২৷৷০, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ নয়নসুক, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকটও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য ।৵০ বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ ৵০
৩২ খানি উৎকৃষ্ট চিত্রসহ

নীতি কথামালা	।০	মানবতত্ত্ব	১৷০
আর্য্যচরিত	।০	ধর্ম্মবিজ্ঞান	১৲
আর্য্যশিক্ষা	৷৷৵০	অদ্ভুত স্বপ্ন বা	
বাঙ্গলা ব্যাকরণ	৷৷৵০	স্ত্রী পুরুষের দ্বন্দ্ব	৷৷০
শিশু বিজ্ঞান	৵০	বিজ্ঞানসার	১৲
বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ	৵০	লীলাবতী (অঙ্কপুস্তক)	৷৷০

৩৪৫ নং শ্রীমনোমোহন পাঁড়ে

সংক্ষিপ্ত পদার্থদর্শনের প্রশ্নোত্তর।

পণ্ডিত প্রবর শ্রীযুক্ত প্রসন্নকুমার চক্রবর্ত্তী প্রণীত। মূল্য ।/০ পাঁচ আনা মাত্র। যত গুলি সং পদার্থদর্শনের প্রঃ উঃ এ পর্য্যন্ত প্রকাশিত হইয়াছে এগুলি তাহাদের অপেক্ষা কোন অংশে নিকৃষ্ট নহে বরং অনেকাংশে উৎকৃষ্ট। যে স্কুলে এক খানিমাত্র এই প্রঃ উঃ প্রবেশ লাভ করিয়াছে সে স্কুলের সমস্ত ছাত্রই ইহা ক্রয় করিতেছে। একত্রে এক প্যাকেটে ৫ খানি এই প্রঃ উত্তর লইলে স্কুলের শিক্ষকদিগকে শতকরা ১৫৲ টাকার হিসাবে কমিসন দিয়া থাকি; অধিকন্তু আমি নিজ হইতে ডাক মাশুল দিই। কাগজ, ছাপা ও বাঁধাই সমস্তই উৎকৃষ্ট। ভিঃ পিঃ ডাকে পাঠাইয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র দত্ত।

ভারত পুস্তকালয়, পটলডাঙ্গা, বৌবাজার পোষ্ট

কলিকাতা।

৩৯৯নং

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸০ বার আনা, ডাঃ মাঃ /০ এক আনা। এখানি ১৮৯৪ অব্দের মাইনর পরীক্ষার ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহা ত বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গল্প হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ৴০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

সংস্কৃত প্রেসডিপজিটরি।

১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি. এ, প্রণীত

পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও তেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৭৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষক গণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৷৷০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।৵০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীক্রমি ও সরল পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।৵০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ৵০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

---

৩৪৪ নং

ইউক্লিডের জ্যামিতি দ্বাদশ অধ্যায়।

(সংশোধিত এবং পরিবর্দ্ধিত।)

শ্রীযুক্ত বাবু ব্রহ্মমোহন মল্লিক প্রণীত।

৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছে, মূল্য ২৲ টাকা। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৯৭ নং ম্যানেজার।

শ্রীমদ্ভগবদ্গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ /০।

ঐ নিলাতী কাপড়ে বাঁধা মূল্য /০ পাঁচ আনা ডাঃ মাঃ /০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা মূল্য /০ পাঁচ আনা ডাঃ মাঃ /০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা উৎকৃষ্টরূপ বাঁধা মূল্য ।০ আট আনা, ডাঃ মাঃ /১০।

কবির (জীবন্মুক্ত মহাত্মা কবির সাহেবের ৫৫৭টী দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা-সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ /১০।

কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০। ১ন মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

ম্যানেজার।

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু

প্রণীত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাঃ মূল্য /০ আনা

ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "

ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব।০ "

সেণ্ট্রাল টেক্সটবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তালিকার পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।

১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট—কলিকাতা।

☞ এই পত্র হুগলি বুধোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকালীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

REGISTERED NO 35 1875.

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

নূতন সম্বৎ। ২৫শ খণ্ড। ১৯শ সংখ্যা। | ৩রা ভাদ্র শুক্রবার ১৩০০ সাল। ইং ১৮ই আগষ্ট ১৮৯৩ খৃঃঅব্দ। | অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম)	৫	ষাণ্মাসিক	৩
ত্রৈমাসিক	২	প্রত্যেক সংখ্যায়	।৵

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৶০ ৩য় বার /১০ চতুর্থ বা ততোধিক বার /০। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৶০।

কর্ত্তব্যনিষ্ঠ বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে প্রকাশিত হয়।

তিন মাসের অধিক বিজ্ঞাপন প্রকাশ করিলে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

যাঁহারা এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য নগদ টাকায় দিবেন, তাঁহারা তাঁহাদের নিকটবর্ত্তী এজেণ্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণিঅর্ডার কূপনে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

এডুকেশন গেজেটে বিজ্ঞাপন প্রকাশের সুবিধার জন্য ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে একটী এজেন্সি খোলা হইয়াছে। তথায় বিজ্ঞাপন ও তৎপ্রকাশের মূল্য জমা লওয়া যায়।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যূন বিলম্ব হইলে তাহার গ্রামখানিতে পিয়নের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকালীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

কলিকাতা	শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়। সংস্কৃতযন্ত্রের পুস্তকালয় ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।
	চণ্ডীচরণ মজুমদার—বেঙ্গল সেক্রেটারিয়েট ডুডিসিয়াল ডিপার্টমেণ্ট।
২৪ পরগণা আলিপুর	মতিলাল মৈত্র—আলিপুর।
	তুলসীচন্দ্র গঙ্গোপাধ্যায়—উকিল।
বারাকপুর	শ্রীযুক্ত বাবু ভুবনমোহন নিয়োগী।
ভবানীপুর	রাজকৃষ্ণ রায় চৌধুরী।
চুয়াডাঙ্গা	যদুনাথ চৌধুরী।
হাবড়া	হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম	ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী	শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর	ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান	চারুচন্দ্র চট্টোপাধ্যায়।
	রসিকলাল দাস—রায়না।
যশোহর	কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
সিউড়ী	অম্বিকাচরণ মুখোপাধ্যায়।
	নীলমণি ভট্টাচার্য্য।
বাঁকুড়া	রামেশ্বর সেন—বিষ্ণুপুর।
	অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর	উমাচরণ দে।
	দীননাথ ধর—গবর্ণমেণ্ট প্লীডার।
জলপাইগুড়ি	নীলমণি পাল।
রাঙ্গপুর	নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর।
	ভগবান প্রসাদ।
বারাণসী	সোমনাথ আঢ্যুড়ী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর	আদিনাথ মিত্র।
	দ্বারকানাথ বাগচি—নিলফামারি।
রাজসাহী	কালীনাথ চৌধুরী—রোয়ালিয়া।
পাবনা	মহেন্দ্রনাথ দত্ত।
	রজনীকান্ত ভট্টাচার্য্য।
	রামচন্দ্র চক্রবর্ত্তী।
	ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, ভুলাই।
	উমাচরণ পাঁড়ে, সিরাজগঞ্জ।
ঢাকা	সতীশচন্দ্র ঘোষ।
সাঁওতাল পরগণা	সচ্চেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।
পাকুড়	রাধাকৃষ্ণ সাহুখেল।
খুলনা	হরিহর দাস।
	জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।
দিনাজপুর	রাজকুমার চক্রবর্ত্তী ফুলবাড়ি।
	ভুবনেশ্বর গুপ্ত।
	দুর্গাদাস সুর—রায়গঞ্জ।
	শশিভূষণ ঘোষ।
কোচবিহার	ভুবনমোহন দত্ত।
ফরিদপুর	কালীকিশোর ঘোষ—মাদারিপুর।
মজঃফরপুর	কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল
গয়াভাঙ্গা	গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক সুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সমস্তীপুর
বৈদ্যনাথ	গোপীব্রজনাথ বসু হেড মাষ্টার, দেওঘর।

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিবিধ বিজ্ঞাপন।

রিপণ-ডিপজিটারী।

৫২ নং দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য ও নাটক নভেল অতি সুবিধায় সরবরাহ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পিঃ ডাকে পুস্তক পাঠাই। প্রেরণ ব্যয় ১০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়।

শ্রীশশিভূষণ সাহা
ম্যানেজার।

৩৮০ নং

গবর্ণমেণ্টের অনুমোদিত।

বাঙ্গালা ছাত্রবৃত্তি ও মাইনর স্কুলসমূহের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পাঠ্য।

"বিজ্ঞানসোপান"।

শ্রীযুক্ত উমেশচন্দ্র ঘোষ, এম এ, বি এল প্রণীত।

মূল্য ॥৵০ দশ আনা মাত্র।

ছাত্রবৃত্তি ও মাইনর পরীক্ষার নির্দ্দিষ্ট বিষয়গুলি এরূপ বিশদরূপে ও ধারাবাহিক ভাবে অন্য কোন গ্রন্থে বর্ণিত নাই। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৩৮৫নং

এল, ডি, মিত্র এবং কোং।

লব্ধপ্রতিষ্ঠ ও কলিকাতা ও অন্যান্য স্থানের দক্ষ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৫৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক কবিনি ক্যাম্ফার ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, উহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৷৷০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৬৲ ও ৭৲, শিশুচিকিৎসা ২৷৷০, বামাচিকিৎসা ২৲ জ্বর চিকিৎসা ৸০ ও ১৸০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৸০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমরা কলিকাতার মহামেলায় এই শ্রেণীতে ভারতের মধ্যে সর্ব্বোচ্চ এবং এখানকার ও অন্যান্য স্থানের সম্ভ্রান্ত চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি। ১৸

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্তলালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীতে সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১৷৷০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

REDUCTION IN PRICE OF CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta. Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free, at 4 oz. Re3—4 : 8 oz, Re 6—8 : 16 oz, Re 12—12. Cash with order.

No. 331

বুধোদয় যন্ত্র।

চপলি বুধোদয় যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষর ও তাহার সরঞ্জাম প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানাপ্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় যাবতীয়ফারম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, হ্যাণ্ডবিল, জমিদারীর জমাওয়াশীল ফরম, ডাক্তারি লেবিল ও বিল নানাপ্রকার ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পন্ন হইয়া থাকে। বিশেষ বন্দোবস্ত করিলে, সাপ্তাহিক পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংলিস অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও স্মল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া দপ্তরী দ্বারা পুস্তক প্রস্তুত করিয়া রীতিমত বাক্সবন্দী করিয়া রেলে বা জাহাজে যাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি, গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন, ছাপার রেট ও অন্যান্য বিবরণ জানিতে ইচ্ছা করিলে আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পরিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

কার্য্যাধ্যক্ষ।

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১৯ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।

ডাকমাশুল /০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৵০

পদ্য ব্যাকরণ মূল্য /১০

প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য /১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায়) পাওয়া যায়।

শ্রীতিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

অম্বিকাচরণ ঘোষাল

ফটোগ্রাফার ও পেইণ্টার

ঘুঁটেবাজার হুগলি

অয়েল পেইণ্টিংএ চেহারা তুলিতে এবং ফটোগ্রাফ লইতে মফস্বলের সর্ব্বত্র যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণ পত্র লিখিলে জানিতে পারিবেন। লেটারক্যাবেনেট ও নানা রূপ দেশীয় ভিউ, মাপ কাঃ ভিঃ মূল্য প্রত্যেকে ।০, ডজন ২৲। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিজ, হুগলী কলেজ এমামবাড়ার আশ্চর্য্য দৃশ্য ও হংসেশ্বরীর মন্দির প্রত্যেক ১৲ টাকা মাত্র—ফটোগ্রাফগুলি একবার দেখিলে বাধিত হইব।

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মতামত নহে।

আচার প্রবন্ধ।

নৈমিত্তিকাচার প্রকরণ।

প্রথম অধ্যায়।

ব্রত, পূজা, পর্ব্বাদির বিষয়।

বস্তুতঃ সকল বিষয় গুলিই আমরা এই ত্রিবিধ রূপে বুঝিতে চাই এবং তাহা না পাইলে আমাদের ক্ষোভ মিটে না। সুতরাং পর্ব্বাহকৃত্য গুলির সম্বন্ধেও ত্রিবিধ ব্যাখ্যা হওয়ার প্রয়োজন আছে। ঐরূপ ব্যাখ্যার পথ যেরূপে আবিষ্কৃত হইয়াছে, তাহার কয়েকটী উদাহরণ প্রদর্শন করা যাইবে।

(ক) জীব সনাতন। নাম ব্রহ্মা একথা বহুকালাবধি শুনা যাইতেছে। ব্রহ্মার ধ্যানে যে যে উপাদানের সন্নিবেশ আছে সেই উপাদান গুলির অর্থবোধ করিতে পারিলেই ঐ চির প্রচলিত বাক্যের তাৎপর্য্য বোধ হইতে পারে। (১) ব্রহ্মা ঘোর রক্তবর্ণ। রক্ত বর্ণটী রাগের বা বাসনার বোধক। জীবে বাসনা আছে। জীবে শুদ্ধ বাসনা আছে এমত নয়। শাস্ত্র এবং দর্শন উভয়ের মতে বাসনাই জীব জনমের হেতু। অতএব রক্তবর্ণতা জীবের বোধক। (২) ব্রহ্মা চতুর্ম্মুখ। এই চতুর্ম্মুখ শব্দের অনেক প্রকার ব্যাখ্যা হইয়া থাকে, যথা (১) ভূচর, জলচর, খেচর, উভচর; (২) জরায়ুজ, অণ্ডজ, স্বেদজ, উদ্ভিজ্জ; (৩) ব্রাহ্মণ, ক্ষত্রিয় বৈশ্য, শূদ্র; (৪) ঋক, যজুঃ সাম, অথর্ব্ব-বেদ চতুষ্টয়। স্থলভেদে এই চারি প্রকার ব্যাখ্যাই সঙ্গত হয়। (৩) ব্রহ্মা অক্ষ মালাধারী। অক্ষ* শব্দে ইন্দ্রিয়, অতএব অক্ষমালা অর্থে ইন্দ্রিয় সমূহ। জীবে ইন্দ্রিয় সকল আছে। (৪) ব্রহ্মা কমণ্ডলুধারী। কমণ্ডলু† শব্দে জলের বিবিধরূপের সংরক্ষণ বুঝায়। বস্তুতঃ জীব শরীর জলেরই বিবিধ বিকার সম্ভূত। জলের একটী নামই জীবন। (৫) ব্রহ্মা হংস-বাহন। হংস‡ শব্দে নিশ্বাস প্রশ্বাস। জীব মাত্রেই নিশ্বাস গ্রহণ এবং প্রশ্বাস ত্যাগ করিয়া বাঁচিয়া থাকে।

অতএব বুঝা গেল যে, জীব-সমষ্টি যেমন ব্রহ্মার আধিভৌতিক ভাব তেমনি জীবের সৃষ্টি-কর্ত্তৃত্ব তাঁহার আধিদৈবিক ভাব এবং আত্মাতে যে রজোগুণাত্মক বাসনা প্রতিভাত হয়, তাহাই উহাঁর আধ্যাত্মিক ভাব।

(খ) শুনা গিয়াছে যে, মনুষ্য বুদ্ধিতে চিন্ময় পরব্রহ্মের যত প্রকাররূপ কল্পনা হইয়াছে তাহার মধ্যে ভগবান বিষ্ণুর রূপই অতি সুসঙ্গত। এস্থলে বিষ্ণুর ধ্যানে যে যে উপাদানের কথা আছে, সে গুলির প্রকৃতি পর্য্যালোচনা করিতে হইবে।

প্রথমতঃ দেখা যায় যে, বিষ্ণু শ্যাম বর্ণ। মেঘ-শূন্য আকাশের বর্ণও শ্যাম এবং শ্যাম বর্ণটী সকল বর্ণের অপেক্ষা প্রাণী এবং উদ্ভিদদিগের শরীর পোষণে অধিকতর কার্য্যকরী। তদ্ভিন্ন, মেঘ ও সূর্য্যকে ধারণ করত আকাশ বিশ্বপালন কার্য্যে সর্ব্বদা নিরত। দ্বিতীয়তঃ বিষ্ণুর চারি হস্ত। তাঁহার এক হস্তে শঙ্খ, অন্য হস্তে চক্র, অপর হস্তে গদা এবং চতুর্থ হস্তে পদ্ম। অর্থাৎ বিষ্ণু দেবতা ঐ চারিটী দ্রব্য ধারণ করিয়া থাকেন। তিনি উহাদিগের আধার, উহারা তাঁহার আধেয়। এখন দেখা যাউক, ঐ গুলি কি? শঙ্খ বস্তুটী শব্দের দ্যোতক এবং শব্দ আকাশের গুণ†। অতএব শঙ্খ আকাশের স্থানীয় হইয়াছে। চক্র কাল চক্রেরই বোধক। অতএব চক্র অর্থে কাল। গদা‡ শব্দে প্রকাশ বা দীপ্তি বুঝায়। অতএব গদা অর্থে জ্ঞান। পদ্ম বলিতে সুপ্রসিদ্ধ লোকাত্মক পদ্ম অর্থাৎ জীব। তবেই দেখা গেল যে, আকাশ বা অনন্ত বিস্তার, অখণ্ড দণ্ডায়মান অনন্ত কাল, জ্ঞান এবং জীবনের যিনি আধার তিনিই বিষ্ণু। মানুষ গুণ মাত্র জানিতে পারে এবং তাহা জানিয়া গুণের আধার বা গুণীর অনুমান করে। সেইরূপে পরব্রহ্মের অনুভূতি হইয়াছে এবং তাঁহার রূপ কল্পনাও হইয়াছে। তৃতীয়তঃ বিষ্ণুর বাহন গরুড়। গরুড়* শব্দে বাঙ্ময় অর্থাৎ বেদকে বুঝায়। অর্থাৎ পরব্রহ্ম বা ঔপনিষদ পুরুষ বেদ দ্বারা প্রতিপাদ্য। অতএব দেখা গেল যে, আকাশ বা বিষ্ণুপদ যাঁহার আধিভৌতিকরূপ, আধিদৈবিক ভাবে তিনি পালনকর্ত্তা বিষ্ণু এবং আধ্যাত্মিক ভাবে তিনিই পরমাত্মা।

(গ) যদি মহাদেবের ধ্যান লইয়া বিচার করা যায়, তবে প্রথমতঃ তাঁহার শুভ্র বর্ণতা লক্ষিত হয়। শ্বেতবর্ণে বিশুদ্ধ সত্ত্বগুণ বুঝায় এবং সকল বর্ণের সম্মিলন বুঝায়, অর্থাৎ উহা নির্বিকৃত এবং সাম্যাবস্থার দ্যোতক। কাহার সাম্যাবস্থা? যাহাতে বর্ণের† কল্পনা হইয়াছে সেই অজীবী প্রকৃতির অর্থাৎ গুণত্রয়ের সাম্যাবস্থা বলিতে হইবে। সেই সাম্যাবস্থায় সৃষ্টি-ক্রিয়া নিবৃত্ত, সুতরাং উহা মহাপ্রলয়বোধক। দ্বিতীয়তঃ শিবের হস্তস্থিত ত্রিশূলটীও কিঞ্চিৎ বিশিষ্টতা সহকারে ঐ ভাবেরই দ্যোতক। ত্রিশূলের উপরিভাগের তিনটী ফলা অর্থাৎ সত্ত্বগুণ, রজোগুণ, এবং তমোগুণ পরস্পর পৃথক্‌ভূত, অতএব উহা সৃষ্টিকালকে বুঝায়। কিন্তু ত্রিশূলের নিম্নভাগে ঐ তিনটী ফলা একত্রিত হইয়া আছে, অর্থাৎ গুণত্রয়ের সাম্যাবস্থা হইয়াছে। ঐ অবস্থার নামই মহাপ্রলয়। অতএব মহাদেবে সৃষ্টিকাল এবং লয়-কাল উভয় কালই বুঝা যায়। তৃতীয়তঃ মহাদেবের অপর হস্তে ডমরু যন্ত্র। ডমরু বাদ্যযন্ত্র, শব্দের জ্ঞাপক, সুতরাং আকাশের বোধক। চতুর্থতঃ মহাদেব ত্রিনেত্র। নেত্র তিনটী —চন্দ্র, সূর্য্য, অগ্নি, সুতরাং তিনি বিরাটরূপ। পঞ্চমতঃ মহাদেবের বাহন বৃষ। বৃষ‡ শব্দের অর্থ ধর্ম্ম। ধর্ম্মই চিরকাল স্থায়ী, এমন কি প্রলয়কালেও স্থায়ী। এইজন্য প্রলয়ের অবসানে পুনর্ব্বার যে সৃষ্টি হয়, তাহাতে পূর্ব্বার্জ্জিত ধর্ম্মানুসারেই জীবের মধ্যে ইতর বিশেষ হইয়া থাকে।

অতএব বুঝা গেল যে, মহাদেবের আধিভৌতিক ভাব সৃষ্টি এবং প্রলয় সমন্বিত মহাকাল। তাঁহার আধিদৈবিক ভাব মহাকালের ধ্যানগম্য দেবরূপ, এবং তাঁহার আধ্যাত্মিক ভাব সমাধি।

---

* অক্ষমালা—অক্ষাণাং ইন্দ্রিয়াণাং শ্রেণীতি অক্ষমালা।

† কমণ্ডলু—কস্য জলস্য মণ্ডমণ্ডনং কমণ্ডলু।

‡ হংস—হংকারেণ বহির্যাতি সকারেণ বিশেৎপুনঃ।

* হংসেতি সততং মন্ত্রং জীবো জপতি সর্ব্বদা॥

† শব্দ—শব্দ গুণ মাকাশং।

‡ গদ্‌ধাতু ভাষণ বা প্রকাশার্থ কর্ত্তৃবাচ্য তৎপ্রত্যয় দ্বারা সিদ্ধ সন্ধা গদ্য।

* গরুড়—গৃনিগরণে সঙ্গ উর প্রত্যয়যোগে গরুড় শব্দ সাধ্যাৎ গরুড়ঃ।

† বর্ণের কল্পনা—"অজামেকাং লোহিত শুক্ল কৃষ্ণাং।"

‡ বৃষ—ধর্ম্ম যথা গরুড় পুরাণে।

সন্ধ্যাবন্দনার মধ্যে ব্রহ্মা বিষ্ণু এবং মহেশ্বর—এই ত্রিদেবের ধ্যান যেরূপে বর্ণিত হইয়া আছে, তাহাই একে একে বিচারিত হইয়া উহাঁদিগের আধ্যাত্মিক, আধিদৈবিক এবং আধিভৌতিক ভাব প্রস্ফুটিত হইল। তদ্ভিন্ন ঐ বিচার দ্বারা ইহাও প্রকাশিত হইল যে, আর্য্যশাস্ত্র (১) পরব্রহ্মেররূপ কল্পনায়, চতুর্হস্ত, (২) বিরাটের রূপ কল্পনায়, ত্রিনেত্র (৩) মহাকালেররূপ কল্পনায়, শুভ্রবর্ণ এবং ত্রিশূল-হস্ত এবং (৪) জীবের রূপ কল্পনায় রক্তবর্ণতা ও চতুর্মুখতা প্রদান করিয়া আপনার অভীষ্ট সাধন করিয়া থাকেন।

অম্বর।

(১)

জয়পুর হইতে তিন ক্রোশ উত্তরে গিরি-শ্রেণী-বেষ্টিত-কটি উপত্যকা মধ্যে জয়পুর রাজা-দিগের প্রাচীন রাজধানী অম্বর। পূর্ব্বে এই স্থান যখন মীনাদিগের অধীনে ছিল, তখন তাহাদিগের পূজনীয়া অম্বা দেবীর স্মরণার্থ এক মন্দির প্রতিষ্ঠিত হয়। সেই মন্দিরের নামানুসারে এই সহরের নাম অম্বর। এখনও সেই মন্দির বর্ত্তমান আছে কিন্তু তাহা আর মীনা-দিগের হস্তে নাই। রাজপুতেরা 'থো' নগর অধিকার করার পরে নিকটবর্ত্তী অপরাপর স্থান অধিকার করিতে লাগিলেন। থো বিজেতা ধূলে রাওয়ের পৌত্র মণ্ডল রাও মীনাদিগের নিকট হইতে এই জনপদ জয় করেন। মণ্ডল রাওয়ের পৌত্র কুন্তল রাও মীনাদিগের বিরুদ্ধে সমরানল প্রজ্জ্বলিত করিয়া আরও বহুসংখ্যক স্থান অধিকার করেন। তাঁহার নির্ম্মিত কুন্তলগড় নামক গিরি দুর্গ অম্বর নগরের পশ্চিমে এক ক্রোশ দূরে অবস্থিত। যে অধিত্যকার উপরে দুর্গ নির্ম্মিত তাহার চতুঃপার্শ্ববর্ত্তী অন্যান্য সমস্ত পর্ব্বত হইতে উচ্চ সুতরাং পশ্চিম দিকে দৃষ্টিপাত করিলেই সর্ব্ব প্রথমে সুদৃঢ় কুন্তলগড় নয়ন পথে পতিত হয়। প্রায় সহস্র বৎসর অতীত হইল এই গড় নির্ম্মিত হইয়াছে কিন্তু দৃঢ়তায় এখনও যেন ইহা কালকে উপহাস করিতেছে। বাস্তবিক জয়পুরের চূণ ও পাথরের যে কি আশ্চর্য্য মিলন তাহা বলিতে পারা যায় না। এখানকার মিস্ত্রিরা বলে যে জয়পুরের প্রস্তর, জয়পুরের চূণ ও জয়পুরের জল—এ তিনের একটীর অভাব হইলে দৃঢ়তার ব্যত্যয় হইয়া থাকে।

উপত্যকার কেন্দ্রভাগে রাজাদিগের প্রাচীন রাজবাটী। এই বাটী কোন্ রাজা কর্ত্তৃক কোন্ সময়ে নির্ম্মিত হইয়াছে তাহার কিছু ঠিক নাই। কুন্তলের পরে দিল্লীপতি পৃথ্বীরাজের প্রধান সহায় ও বন্ধু মহামতি পচোয়নজী অম্বরের অধীশ্বর হন। এই মহাবীর অনেকগুলি যুদ্ধে জয়লাভ করিয়া পৃথ্বীরাজের ক্ষমতা বর্দ্ধন করিয়াছিলেন। সাহাবুদ্দীন ঘোরীকে ইনি 'থাইবার' গিরিপথে পরাস্ত করেন এবং দুইবার ভারতবর্ষ হইতে তাড়া-ইয়া দেন। সাহাবুদ্দীন সর্ব্বশুদ্ধ সাতবার ভারতে আইসেন; ৬ষ্ঠ বারে তিরৌরীর যুদ্ধ এবং ৭ম বারে পানিপথের যুদ্ধ হয়। ৬ষ্ঠে তিনি হারেন, ৭মে জিতেন। পচোয়নজীর সহিত তাঁহার যে লড়াই হয় তাহা প্রথম হইতে পঞ্চমের মধ্যে কোন দুইটি হইবে; যেহেতু ৬ষ্ঠ বারের বহুপূর্ব্বেই কনৌ-জের দাঙ্গায় পচোয়নজী হত হন। চাঁদকবি প্রণীত পৃথ্বীরাজ রাসো নামক গ্রন্থে পচোয়ন জীর সবিশেষ বৃত্তান্ত লিখিত আছে। যদি ইনি জয়চাঁদ কন্যা সংযুক্তার স্বয়ম্বর কালে পৃথ্বীরাজের সাহায্য করিতে গিয়া যুদ্ধে নিহত না হইতেন ত বোধ হয় যে পানিপথের রণাঙ্গনে সাহাবুদ্দীনকে ভারতবর্ষের আশা পরিত্যাগ করিয়া আর একবার ফিরিয়া যাইতে হইত। ইতিহাস পাঠে ইহা স্পষ্ট জানিতে পারা যায় যে, হিন্দুস্থানের বর্ত্তমান দুর্গতি হিন্দুর বীর্য্যের অভাববশতঃ নহে কিন্তু হিন্দুর ভাগ্য-মালিন্যবশতঃ। যাহা হউক সে দুঃখের পুনশ্চর্চ্চা করা এ প্রস্তাবের উদ্দেশ্য নহে। যে প্রাসাদের বর্ণনা করা যাইতেছে, প্রবল পরাক্রান্ত পচোয়ন-রাওকে তাহার নির্ম্মাতা বলিয়া অনুমান করা অনেকটা সম্ভব।

পচোয়ন হইতে দ্বাদশ পুরুষ পরে পৃথ্বীরাজ নামে এক জন বহুপুত্রবান্ নরপতি অম্বরের সিংহাসনে আরূঢ় হন। তাঁহার ও তাঁহার কোন মহিষী বালাবাই সম্বন্ধে একটী অপূর্ব্ব গল্প আছে। সেই গল্প শুনিলে পৃথ্বীরাজকেও ঐ বাটীর নির্ম্মাতা বলিয়া কতকটা অনুমান হয়।

পৃথ্বীরাজের বালাবাই নাম্নী মহিষী আর কেহ নহেন, বিকানীর রাজনন্দিনী ও চিতোরের বীর-শ্রেষ্ঠ মহারাণা কুম্ভের মহিষী বিখ্যাত কৃষ্ণভক্তি-পরায়ণা মীরা বাইয়ের সম্পর্কে ভগিনী ছিলেন। এই বালাবাই কৃষ্ণভক্তি বিষয়ে মিরাবাই হইতে কোন অংশে ন্যূন ছিলেন না। তাঁহার অপার্থিব শরীর নাকি প্রত্যহ দ্বারকাধামে শ্রীকৃষ্ণের আরতি দর্শন করিত এবং তিনি স্বীয় আরতি দর্শন বৃত্তান্ত রাজার নিকট মধ্যে মধ্যে গল্প করিতেন। রাজার গুরু এবং বালা বাইয়ের গুরু ভিন্ন। রাজা মহিষীর গুরু মন্ত্রের প্রশংসা করিয়া নিজ গুরুকে বলিলেন যে আমি কি করিলে নিত্য দ্বারকাধামে আরতি দেখিতে পাইব। তদুত্তরে রাজ-গুরু কহিলেন যে রাণীজীর নিকট তাঁহার গুরুদত্ত এক নৃসিংহজী আছেন। সেই নৃসিংহের প্রতাপেই রাণীর এই অলৌকিক শক্তি। অতএব নৃসিংহজীটী তুমি অপহরণ কর। রাজা তদনুসারে রাণীকে কহিলেন যে তোমার নৃসিংহজী আমায় দাও। পতিব্রতা রাণী পতির আজ্ঞা লঙ্ঘন করিতে না পারিয়া তৎক্ষণাৎ নৃসিংহজী প্রদান করিলেন। রাজা নিজ গুরুর চক্রান্ত অনুসারে জগৎশরণজীর মন্দিরের নিকটস্থ কূপে উহা নিক্ষেপ করিলেন। রাণী সেই নৃসিংহ-জীর দর্শন না করিয়া কদাপি জল গ্রহণ করিতেন না। সুতরাং তদভাবে তিনি উপবাসিনী থাকিতে লাগিলেন। কিন্তু রাজগুরু এ সকল করিয়াও রাজাকে তাঁহার অভিলষিত শক্তি প্রদান করিতে অক্ষম হইয়াছিলেন।

রাণীকে শোকাকুলা এবং শীর্ণদেহা জানিতে পারিয়া তাঁহার-তারতাম্বোল নিবাসী গুরু চিন্তা-পরায়ণ হইলেন, এবং স্বয়ং আমের (অম্বর) আসিতে সঙ্কল্প করিলেন। কিন্তু তাঁহার শিষ্যত্রয় আপনাদের তপস্যার ফল দেখাইবার জন্য গুরুকে আসিতে নির্ব্বন্ধের সহিত নিষেধ করিলেন। পন্তহর নামক এক জন শিষ্য গুরুর অনুমতি লইয়া আমেরাভিমুখে প্রস্থিত হইলেন। রাজগুরু ব্যাপার বুঝিতে পারিয়া পুরীরক্ষকদিগকে বলিয়া দিয়াছিলেন যে, অমুক প্রকারের একটী যোগী আসিলে তাহাকে স্থান দিবে না। পন্তহর আসিয়া স্থান না পাইয়া নিকটস্থ জঙ্গলে কাল যাপন করিতে লাগিলেন। তাহাতে রাজগুরু বলিয়া পাঠান যে এখানে থাকিলে তোমাকে বাঘে খাইয়া ফেলিবে। পন্তহর তাহাও শুনিলেন না। সুতরাং রাজগুরু স্বয়ং ব্যাঘ্ররূপ ধরিয়া পন্তহরের কাছে উপদ্রব করিতে লাগিলেন। পন্তহরজী আপনার মাংস কাটিয়া কাটিয়া ব্যাঘ্রকে দিতে লাগিলেন তথাপি যখন ব্যাঘ্র অত্যন্ত ব্যস্ত করিতে লাগিল, তখন পন্তহরজী কহিলেন "অবে গধা চল্।" অমনি রাজগুরু গর্দ্দভ হইয়া গেলেন এবং তৃণ ভক্ষণ করিতে লাগিলেন। এ দিকে রাজা প্রাতে

গুরুদর্শন ব্যতীত কোন কার্য্য করিতেন না, কিন্তু সে দিন গুরুকে দেখিতে না পাইয়া অত্যন্ত ব্যাকুল হইলেন। পরে তাঁহার গুরুর অপর শিষ্যগণের নিকট জানিতে পারিলেন যে গুরু গত রাত্রে বনমুখী হইয়াছিলেন। রাজাও বনমুখী হইলেন, কিন্তু গুরুর পরিবর্ত্তে তেজঃপুঞ্জ কলেবর পত্তহরকে দেখিতে পাইলেন। রাজা স্বীয় রাজবুদ্ধি পরিচালনার দ্বারা ব্যাপার কতকটা অনুমান করিতে পারিলেন এবং পত্তহরকে স্তব করিতে লাগিলেন। স্তবে তুষ্ট হইয়া তিনি কহিলেন, "বেটা, তুমি কি চাও?" রাজা কহিলেন, "আমাকে আমার গুরু প্রদান করুন।" পত্তহর কহিলেন, ঐ গর্দ্দভটাকে কাণ ধরিয়া লইয়া আইস।" গর্দ্দভরূপী গুরু তাঁহার শ্রুতিধর্ষক রাজার আকর্ষণানুসরণ করিতে লাগিলেন। তখন দয়াপরবশ হইয়া পত্তহর তাঁহাকে তাঁহার স্বরূপ প্রদান করিলেন এবং রাজা ও তদ্গুরু কর্ত্তৃক স্তূয়মান হইলেন। পুনরায় রাজা নিত্য স্বারক্ষা দর্শনশক্তি প্রার্থনা করিলে পত্তহর কহিলেন যে, "ইহা তোমার মহিষীর প্রসন্নতা উৎপাদন অর্থাৎ কুপস্থিত নৃসিংহজীউর প্রস্তাপন-সাপেক্ষ।" রাজা তাহাই করিলেন এবং তাঁহার প্রার্থনা পূর্ণ হইল।

এডুকেশন গেজেট।

৩রা ভাদ্র ১৩০০। ইং ১৮ই আগষ্ট ১৮৯৩।

হিন্দু ও মুসলমান।

গোহত্যা লইয়া ভারতে নিম্ন শ্রেণীর হিন্দু ও মুসলমানদিগের মধ্যে পরস্পর মনান্তর দিন দিন ক্রমশঃই বাড়িয়া উঠিতেছে। আজ এখানে, কাল সেখানে—এইরূপ করিয়া অনেক স্থানেই উভয় পক্ষে মারামারি কাটাকাটির কথা শুনা যাইতেছে। রেঙ্গুন, উত্তর পশ্চিমে বালিয়া, আজমগড়, গাজীপুর, গোরক্ষপুর, বোম্বাই প্রদেশস্থ জুনাগড় রাজ্যের অন্তর্গত প্রভাস পত্তন—প্রভৃতি স্থানে বিগত ইদ ও মহরম উপলক্ষে গোলযোগ খুবই বেশী রকমের হইয়াছিল। সম্প্রতি বোম্বাই সহরেও একটি ভয়ানক দাঙ্গা হইয়া গিয়াছে। রীতিমত পুলিস পল্টন আনিয়া দাঙ্গা থামাইতে হইয়াছিল। অনেক লোক হত এবং অনেকে আহত হইয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। সহস্রাধিক লোককে গ্রেপ্তার করা হইয়াছে। মহারাণী ভারতেশ্বরী এই ব্যাপার অবগত হইয়া অতিশয় ব্যথিতা হইয়াছেন এবং তারযোগে সে বিষয় বোম্বাই গবর্ণরের গোচর করিয়াছেন।

হিন্দু মুসলমানের মধ্যে এইরূপ বিরোধ দিন দিন যেরূপ বীভৎস ও ভীষণ ভাব ধারণ করিতেছে তাহাতে শীঘ্রই এ বিষয়ের কোনরূপ একটা প্রতিকার না হইলে দেশের শান্তি সংরক্ষিত হওয়া যে সুকঠিন সরকার পক্ষ তাহা বুঝিয়া যাহাতে এই রূপ সমস্ত গোলযোগ ভবিষ্যতে আর না ঘটিতে পায় তাহার উপায় উদ্ভাবনে প্রবৃত্ত হইয়াছেন। সে দিন বাঁকীপুর দরবারে বাঙ্গালার প্রতিনিধি ছোটলাট বাহাদুর বেহার প্রদেশের হিন্দু ও মুসলমান জমিদারবর্গ ও অপরাপর ভদ্রলোকদিগকে সম্বোধন করিয়া হিন্দু ও মুসলমান পরস্পরের মধ্যে বিবাদ বিসম্বাদ প্রসঙ্গে যে কথাগুলি বলিয়াছিলেন তাহার আভাস আমরা ইতিপূর্ব্বেই আমাদিগের পাঠকবর্গকে জানাইয়াছি। হিন্দুর হৃদয়ে আঘাত না লাগে মুসলমানেরা এরূপ ভাবে গোহত্যা করিবেন এবং হিন্দুরাও মুসলমানদিগের কৃত অত্যাচারে আইনের ভার নিজের হস্তে লইবেন না। ছোটলাট বাহাদুরের কথার এইরূপ তাৎপর্য্য বাঙ্গালা উর্দ্দু ও ব্রহ্মদেশীয় ভাষায় অনুদিত করিয়া কলিকাতার মুসলমান সাহিত্যসমিতি উহা বাঙ্গালা বেহার ও ব্রহ্মদেশের মুসলমানদিগের মধ্যে বিতরণ করিয়া যাহাতে তাঁহারা সকলেই উক্ত উপদেশের অনুবর্ত্তী হইয়া কার্য্য করেন তদ্বিষয়ে তাঁহাদিগকে অনুরোধ করিতে কৃতসংকল্প হইয়াছেন।

উত্তর পশ্চিম ও অযোধ্যা প্রদেশের ছোটলাট বাহাদুর স্যর চর্লস ক্রসথোয়েটও এই বিবাদ মিটাইবার পক্ষে চেষ্টা পাইতেছেন। বালিয়ার দরবারে তিনি হিন্দুদিগকেই এই সমস্ত অনর্থের প্রধান কারণ ঠাওরাইয়া তাঁহাদিগকে খুবই তিরস্কার করিয়াছেন। আমরা স্থলান্তরে তাহার আভাস পাঠকবর্গকে দিয়াছি। এতদ্ভিন্ন তাঁহার প্রধান সেক্রেটরী উক্ত প্রদেশস্থ বিভাগীয় কমিসনর ও জেলার জজদিগের নিকট একটি সর্কুলার পাঠাইয়া দিয়াছেন। সর্কুলার খানিতে প্রাদেশিক হাইকোর্টের দুইটি ফৌজদারী মোকদ্দমার আপীলের রায়ের সারাংশ উদ্ধৃত করা হইয়াছে। প্রথমটিতে হিন্দু আসামী, ফরিয়াদী মুসলমান। "কয়েক জন মুসলমান একত্রে ৪২টি গরু কমিসরিয়েটের কণ্ট্রাক্টরকে বিক্রয় করিবার উদ্দেশ্যে সদর রাস্তা দিয়া লইয়া যাইতেছিল। হিন্দুরা বে-আইনি জনতা করিয়া উক্ত ৪২টি গরু বলপূর্ব্বক মুসলমানদিগের নিকট হইতে কাড়িয়া লয়। হাইকোর্ট সিদ্ধান্ত করিয়াছেন,

আইনানুসারে গরু মুসলমানের সম্পত্তি স্বরূপে গণ্য হইতে পারে, সুতরাং আইনের সীমা অতিক্রম না করিয়া গরুর প্রতি যথেচ্ছ ব্যবহার করিবার অধিকার মুসলমানের আছে। এরূপ স্থলে হিন্দুরা উল্লিখিত গরুগুলি মুসলমানদিগের নিকট হইতে বলপূর্ব্বক ছিনাইয়া লওয়ায় দণ্ডবিধি আইনের মর্ম্মানুসারে ডাকাতি করা অপরাধে অপরাধী হইয়াছে। এই বিবেচনায় হাইকোর্ট নিম্ন আদালত বিহিত দণ্ডের পরিমাণ বাড়াইয়া এক বৎসরের পরিবর্ত্তে প্রত্যেক আসামীর প্রতি চারি বৎসর কঠিন পরিশ্রমের সহিত কারাবাসদণ্ডের ব্যবস্থা করিয়াছেন।"

দ্বিতীয়টিতে আসামী মুসলমান, ফরিয়াদী হিন্দু। "একজন মুসলমান হিন্দুর প্রাণে আঘাত করিবার উদ্দেশ্যেই গোহত্যা করে। দণ্ডবিধি আইনানুসারে সে অপরাধী সাব্যস্ত হওয়ায় আদালত হইতে সাজা পায়। ছোট লাট বাহাদুরের বিবেচনায় এই ব্যক্তির অপরাধ অতি গুরুতর হইয়াছিল এবং সেই গুরুতর অপরাধের জন্য তাহার উপর গুরুতর দণ্ডবিহিত না হওয়ায় ছোটলাট বাহাদুর দুঃখ প্রকাশ করিয়াছেন। কোন মুসলমান হিন্দুর মনে কষ্ট দিবার অভিপ্রায়ে যদি এইরূপে গোহত্যা করে, গবর্ণমেণ্টের বিচারে সে গুরুতর অপরাধে অপরাধী বলিয়া সাব্যস্ত হইবে এবং তাহার সেই অপরাধের সমুচিত শাস্তিবিধান বিষয়ে গবর্ণমেণ্ট সর্ব্বদাই তৎপর থাকিবেন।"

উল্লিখিত সর্কুলারটির তাৎপর্য্য যাহাতে সাধারণে, বিশেষতঃ হিন্দু ও মুসলমান সমাজের নেতৃগণ মধ্যে প্রচারিত হয় এবং তাৎপর্য্য বুঝিয়া উভয় সমাজেরই নেতৃবর্গ যাহাতে হিন্দু মুসলমানের অন্যায় বিরোধ মিটাইবার পক্ষে সবিশেষ যত্ন করেন তজ্জন্য জেলার ম্যাজিষ্ট্রেট দিগকেও অনুরোধ করা হইয়াছে।

কর্ত্তৃপক্ষীয়দিগের উল্লিখিতরূপ উদ্দেশ্যের অনুসরণ করিয়া কোন মুসলমান সংবাদ পত্র বলিতেছেন —"আশ্চর্য্যের বিষয় এই যে, সাত শত বৎসর ধরিয়া হিন্দু মুসলমান পরস্পর যে ভাবে কাটাইয়া আসিয়াছে এখন আর সেরূপ না হইতেছে কেন? হিন্দুর প্রাণে আঘাত লাগে এরূপ ভাবে গোহত্যা করায় মুসলমানদিগের গৌরব নাই এবং মুসলমানেরা হিন্দুদিগকে বিরক্ত করিবার উদ্দেশ্য না করিয়া শান্তভাবে কোন গরুকে বধার্থ লইয়া যাইতেছে দেখিলে হিন্দুদিগেরও তাহা কাড়িয়া লওয়া গৌরবের বিষয় নহে। যাহাই হউক এখন উভয় সম্প্রদায় মধ্যে যাহাতে সদ্ভাব সংস্থাপিত হয় তাহারই চেষ্টা করা কর্ত্তব্য। আমাদিগের বিবেচনায় হিন্দু ও মুসলমান ভদ্রলোকদিগের মধ্য হইতে লোক লইয়া একটি অনুসন্ধান কমিটি সংগঠিত হউক। এক জন ইউরোপীয় উহার সভাপতি হউন। প্রত্যেক জেলায় কোন্ কোন্ স্থানে মুসলদিগের গোহত্যা বরাবরই হইয়া আসিতেছে, কমিসন অনুসন্ধানে তাহা স্থির করুন এবং কেবল সেই সকল স্থানেই যাহাতে গোহত্যা হইতে পায় তাহার বিধান করুন। এই ব্যাপারের ব্যতিক্রম ঘটিয়াছিল বলিয়াই অনেক স্থলে এবারে গোলযোগ বাধিয়াছিল। উক্তরূপ নিয়ম বিধিবদ্ধ হইলে যিনি তাহা ভঙ্গ করিবেন, হিন্দুই হউন আর মুসলমানই হউন, তাঁহাকে সমুচিত শাস্তি ভোগ করিতে হইবে।"

বালিয়ার দরবার।

বঙ্গের প্রতিনিধি ছোটলাট বাহাদুর স্যর এ, পি ম্যাকডোনেল এবং উত্তর পশ্চিম ও অযোধ্যা প্রদেশের ছোটলাট বাহাদুর স্যর চর্লস ক্রসথোয়েট উভয়ে প্রায় একই সময়ে স্ব স্ব এলাকার কোন কোন অংশ পরিদর্শনের জন্য বাহির হইয়াছিলেন। বাঁকীপুরের দরবারে বঙ্গের ছোটলাট বাহাদুর হিন্দু মুসলমানের বিবাদ উপলক্ষ করিয়া যে কথাগুলি বলিয়াছিলেন, আমরা যথাসময়ে তাহা পাঠকবর্গের গোচর করিয়াছি। সম্প্রতি বালিয়ার দরবারে উত্তর পশ্চিম প্রদেশের ছোটলাট বাহাদুর ঐ একই প্রসঙ্গে যে সকল কথা বলিয়াছেন পাঠকগণের অবগতির জন্য তাহারও মর্ম্ম আমরা নিম্নে উদ্ধৃত করিয়া দিতেছি।

"মুসলমানদিগের পর্ব্ব 'ইদ' উপলক্ষে এই জেলা এবং ইহার সন্নিকটবর্ত্তী আজমগড়, গোরক্ষপুর ও গাজীপুর—এই তিন জেলায় বিস্তর লোকের সমাগম হইয়াছিল এবং কয়েকটি স্থলে হিন্দু ও মুসলমানে

ঘোরতর দাঙ্গা হইয়া অনেকেরই প্রাণ বিনষ্ট হইয়াছিল। দুর্ভাগ্যক্রমে ভারতের অনেক স্থানেই ধর্ম্মসংক্রান্ত ব্যাপার লইয়া হিন্দু মুসলমানে সময়ে সময়ে বিরোধ ঘটিয়াছে। সাধারণতঃ ঐ সমস্ত বিরোধ প্রায়ই নিম্নশ্রেণীর অজ্ঞ লোকদিগের মধ্যেই হইয়াছে, কিন্তু এক গ্রামের ঝগড়ায় আর এক গ্রামের লোক আসিয়া যোগ দেয় নাই। উল্লিখিত জেলা-সমূহের দাঙ্গার প্রকৃতি অন্যরূপ। এ দাঙ্গা পূর্ব্ব হইতে কল্পিত। এ সম্বন্ধে যে কিটি যোগাড় যন্ত্র তাহা পূর্ব্ব হইতেই ঠিক হইয়া ছিল। উল্লিখিত তিনটী জেলা এবং সম্ভবতঃ অপরাপর স্থানসমূহ হইতে দাঙ্গার জন্য লোক সংগৃহীত হইয়াছিল। মহারাণী ভারতেশ্বরীর মুসলমান প্রজাগণ শত বৎসর ধরিয়া যে ধর্ম্মানুষ্ঠান সাধন করিয়া আসিতেছে, তাহাদিগের সেই ধর্ম্মানুষ্ঠানে বাধা দেওয়াই দাঙ্গাকারীদিগের একমাত্র উদ্দেশ্য। অপরাধ খুবই গুরুতর। নিঃসন্দেহই এই ব্যাপারের তলে তলে বড় বড় লোক আছে, নতুবা এ রকম যোগাড় যন্ত্র হয় নাই। জমিদার প্রভৃতি বড় বড় লোক ভিতরে না থাকিলে সামান্য সামান্য লোকদিগের কি এত দায় পড়িয়াছে যে তাহারা এক জেলা হইতে আর এক জেলায় দাঙ্গা করিতে আসিবে। বিষয়টি কোন অংশেই উপেক্ষা করিবার নহে, যেহেতু সম্পন্ন এবং সুশিক্ষিত লোক সকল ইহার ভিতরে আছে; নতুবা দেখুন, তিনটি জেলার একজন জমিদার বা পদস্থ লোকও উল্লিখিত ব্যাপারের কোনরূপ পূর্ব্বসূচনা ম্যাজিষ্ট্রেট অথবা পুলিসকে জানান নাই। এ আক্রমণ যে শুধু মুসলমানদিগের উপর তাহা নহে, ইহা গবর্ণমেণ্টের উপরও বলিতে হইবে। দাঙ্গা ব্যাপারে লিপ্ত হিন্দুগণ সকলেই বে-আইনি কাজ করিয়াছে। যে কাজ আইন-বিরুদ্ধ তাহা গবর্ণমেণ্টেরও বিরোধী। যাঁহারা এই ব্যাপারে সহায়তা করিয়াছেন, যাঁহারা এবিষয়ের পূর্ব্ব সূচনা গবর্ণমেণ্টকে জানান নাই, তাঁহাদের কার্য্য গবর্ণমেণ্টের প্রতিকূলে হইয়াছে। গবর্ণমেণ্ট তাঁহাদিগের উপর কোন অংশেই বিশ্বাস স্থাপন করিতে পারেন না।

প্রকৃত দাঙ্গাকারীদিগকে বাহির করিয়া সাজা দেওয়া সুকঠিন; বিশেষতঃ যে সমস্ত নির্ব্বোধ গ্রামবাসীদিগকে ইহাতে প্রবৃত্ত করা হইয়াছে, আমি তাহাদিগকে সাজা দিতে চাহি না। যে সমস্ত পদস্থ সুশিক্ষিত লোকে উহাদিগকে দাঙ্গায় প্রবৃত্ত করিয়াছেন আমি তাঁহাদিগকেই ধরিয়া সাজা দিতে চাই। কোন্ কোন্ পদস্থ লোক এই ব্যাপারে লিপ্ত ছিলেন তাহা জানিতে পারিলেও আইনানুসারে তাঁহাদিগের প্রতি দণ্ডবিধান করা সুকঠিন। কাজেই এক রকমে না এক রকমে ইহার কোন একটা প্রতিকার করা আবশ্যক। আমাকে বাধ্য হইয়া জেলায় যে অতিরিক্ত পুলিস নিযুক্ত রাখিতে হইয়াছে, সেই অতিরিক্ত পুলিসের খরচ যোগাইবার জন্য পল্লীবাসী সকলকে বাধ্য করিলেই অনেকটা কাজ হইতে পারিবে। যাহা হউক, এ সমস্ত বড়ই দুঃখের বিষয় সন্দেহ নাই। গবর্ণমেণ্ট পক্ষপাতিতা শূন্য হইয়া হিন্দু মুসলমান প্রভৃতি সকলেরই ধর্ম্ম কর্ম্মাদি অব্যাহত রাখিবেন। তোমাদের ধর্ম্ম কর্ম্মাদির কেহ প্রতিকূলাচরণ করিয়া থাকে আইন আদালত রহিয়াছে তাহার আশ্রয় লইলে না কেন? আইন নিজের হস্তে লইবার অধিকার ত কাহার নাই। শত শত বৎসর ধরিয়া হিন্দু মুসলমানের মধ্যে যেরূপ সদ্ভাব বিদ্যমান ছিল, সেই সদ্ভাব ও শান্তি পুনরায় যাহাতে সংস্থাপন করিতে পারা যায় সকলে মিলিয়া তাহারই চেষ্টায় প্রবৃত্ত হউন।

আমার বিশ্বাস, গোরক্ষণী সভাগুলিই প্রধানতঃ এই সমস্ত গোলযোগের মূল। গোজাতির যাহাতে উন্নতি হয়, বার্দ্ধক্য, পীড়া ও অপালনাদি হেতু ক্লিষ্ট গরুগুলি যাহাতে উপযুক্তরূপ প্রতিপালিত হয়, মূলতঃ এই উদ্দেশ্যেই উক্ত সভাগুলি সর্ব্ব প্রথমে প্রতিষ্ঠিত হইয়াছিল। কিন্তু, আজ কাল উহার কার্য্য অন্যরূপ হইয়া পড়িয়াছে। মুসলমানকে গরু বিক্রয় করা হইবে না, মুসলমানের নিকট হইতে কাপড় ক্রয় করা হইবে না, সাধারণের ব্যবহার্য্য গ্রামস্থ কূপের জল মুসলমানকে ব্যবহার করিতে দেওয়া হইবে না—ইত্যাদিরূপ প্রস্তাবসমূহ আজ কাল ঐ সমস্ত সভায় বিধিবদ্ধ হইতেছে। উল্লিখিত দাঙ্গা হাঙ্গামা প্রভৃতির সূচনা প্রধানতঃ ইহা হইতেই হইয়াছে। মহারাণীর প্রজাসমূহ সকলেই আপনাপন ধর্ম্ম কর্ম্মাদির অনুষ্ঠান নির্ব্বিঘ্নে করিতে পারিবে। তোমরা যে মুসলমানের

নিকট হইতে গরু ছিনাইয়া লইবে, সরকারী সদর রাস্তা দিয়া মুসলমান গরু লইয়া যাইলে তোমরা যে রাস্তা আটক করিবে—এ অধিকার তোমাদিগকের আইনে দেওয়া হয় নাই। এই কথাগুলির সবিশেষ পর্য্যালোচনা করিয়া কার্য্য করিলে এবং উভয় পক্ষীয় নেতৃবর্গ একত্র মিলিয়া বিবাদ মিটাইবার চেষ্টা পাইলে উভয় জাতির মধ্যে পরস্পরে সৌহার্দ্দ সংস্থাপিত হইবে। তাহা হইলে উল্লিখিতরূপ বিবাদ বিসম্বাদের আর কোনরূপ কারণ থাকিবে না এবং আমিও অতিরিক্ত পুলিস কর্ম্মচারীদিগকে জেলা হইতে সরাইয়া লইয়া সকলকে ব্যয়ভার হইতে মুক্ত করিতে পারিব।

খাস বাঙ্গালার জল বৃষ্টি ও শস্যসংবাদ।

বর্দ্ধমান বিভাগের অন্তর্গত বর্দ্ধমান জেলায় হৈমন্তিক ধান রোয়া প্রায় শেষ হইয়া আসিয়াছে। আশুধান ও ইক্ষুর অবস্থা আশাপ্রদ। চাউল টাকায় ১০।১২ সের; কালনায় ৯ সের হইতে ১২॥ সের, কাটোয়ায় প্রায় ১১॥ সের এবং রাণীগঞ্জে ১৩ সের। বাঁকুড়া জেলার স্থানে স্থানে এখনও ধান রোয়া হইতেছে। আশু ধান্যের অবস্থা ভাল। চাউলের দর টাকায় প্রায় ১৩।০ সের, বিষ্ণুপুরে ১২ সের। বীরভূম জেলায় চাউল টাকায় ১১ সের হইতে ১৪॥ সের। ধান্যের অবস্থা ভাল, কিন্তু রৌদ্র ভাল না হওয়ায় উহা রীতিমত বাড়িতে পাইতেছে না। ১২ই আগষ্ট যে সপ্তাহের শেষ হইয়াছে, ঐ সপ্তাহে মেদিনীপুর জেলার সর্ব্বত্রই অল্পাধিক পরিমাণে বৃষ্টিপাত হইয়া গিয়াছে। কণ্টাইয়ে ঝড় হইয়াছিল। পাতাসপুর ও ভগবানপুরের স্থানে স্থানে নিম্নভূমিসমূহ জলে বুড়িয়া গিয়াছে। এইস্থান গুলিতেই কেবল শস্যের অবস্থা ভাল নহে, নতুবা আর সর্ব্বত্রই ভাল। নীল ও ইক্ষুর উন্নতি দেখা যাইতেছে। হৈমন্তিক ধান্য রোয়া হইতেছে। গোমহিষাদির তৃণজলের কোন অভাব নাই। চাউল সদরে টাকায় ১১ সের, কণ্টাইয়ে ১২॥ সের, তমলুকে ১০। ১১ সের এবং ঘাটালে ১০ সের। হুগলী জেলায় আশুধান্য ও পাটের অবস্থা ভাল। উভয়েরই সংগ্রহ আরম্ভ হইয়াছে। আমন ধান রোয়া প্রায় শেষ হইয়া আসিয়াছে। শস্যাদির অবস্থা সাধারণতঃ অনুকূল। চাউলের দর সদরে টাকায় ১০।১১ সের, শ্রীরামপুরে ১০ সের হইতে ১৩॥০ সের এবং জাহানাবাদে ৯ সের হইতে ১১ সের। হাওড়া জেলায় আমন ধান রোয়া হইতেছে। ধান, ইক্ষু, পাট—এ সকলের অবস্থা ভাল। গবাদি পশুর খাদ্য তৃণাদির অভাব নাই। চাউল টাকায় ১০ সের।

প্রেসিডেন্সী বিভাগের অন্তর্গত ২৪ পরগণা জেলার কোন কোন স্থানে জলে বুড়িয়া গিয়াছে। ঐ সকল স্থান ব্যতীত আর সকল স্থানের আমনধান রোয়া হইতেছে। অত্যধিক বৃষ্টিতে আশুধান্য ও পাটের ক্ষতি করিয়াছে। জেলার দক্ষিণ অংশের শস্যের অবস্থা অনুকূল নহে। অন্যত্র অনেকটা ভাল। সদরে চাউল টাকায় ১০ হইতে ১০৸ সেরের দরে বিক্রয় হইতেছে। ডায়মণ্ড হার্ব্বারে ১১, বারাশতে ১০ এবং বসীরহাটে ১০ সের। নদীয়া জেলায় উল্লিখিত সপ্তাহের মাঝামাঝি খুবই বৃষ্টি হইয়া গিয়াছে। আমন ধান রোয়া হইতেছে। সদরে খুলনা থানার এলাকায়, এবং সাতক্ষীরা ও বাগেরহাটের অনেকাংশে অত্যধিক বৃষ্টিপাত ও নদীর জল বৃদ্ধি হেতু আশু ও আমন উভয় ধান্যেরই অনেক অপকার হইয়াছে। জল শীঘ্র মরিয়া না গেলে ক্ষতি যথেষ্টই হইবে। বাগেরহাটে পাট খুবই তছরূপ হইয়াছে। মোটা চাউলের দর টাকায় ৯।১০ সের। যশোহর জেলায়ও উক্ত সপ্তাহে বৃষ্টি হইয়াছে। আশুধান্য ও পাট সংগ্রহ এবং আমন রোয়া চলিতেছে। চাউলের দর উক্ত সপ্তাহে তৎপূর্ব্ব সপ্তাহবৎ সমানই আছে। মুরসিদাবাদ জেলায় আমন রোয়া প্রায় শেষ হইয়া আসিয়াছে। কৃষকেরা ভাদুই ফসল সংগ্রহ করিতেছে। পাট, তুঁত ও ইক্ষুর অবস্থা ভাল। মোটা চাউল টাকায় ১১ সের।

চট্টগ্রাম বিভাগের চট্টগ্রাম জেলায় আশুধান্য আজও সংগৃহীত হইতেছে। আমন রোয়া চলিতেছে। শস্যের অবস্থা সন্তোষজনক নহে। সদর মহকুমার কোন কোন স্থানে ক্ষেতের ফসল কীটনষ্ট হইয়াছে। কোক্স বাজার মহকুমার অন্তর্গত গার্জোনিয়ায় চুনো-পোকা বলিয়া এক রকম পোকা দেখা দিয়াছে। শস্যের দর চড়িতেছে। নোয়াখালি জেলায়ও শস্যের অবস্থা ভাল নহে। চাউলের দর টাকায় ১৬ সের। ত্রিপুরা জেলার

উত্তরাংশে বন্যা আসিয়াছে। জল যদি আর না বাড়ে তবেই আমনের রক্ষা হইবে। আশুধান্যের অবস্থাও শোচনীয়। ছোট ছোট কয়েকটী স্থানে বন্যায় আশুধান্য একেবারে নষ্ট হইয়াছে। চাউলের দর টাকায় ১০ সের। চট্টগ্রাম পার্ব্বত্য অঞ্চলে নিম্নভূমিসমূহে আশুধান্যের উন্নতি হইতেছে। চাউলের দর এখানেও টাকায় ১০ সের।

ঢাকা বিভাগে ঢাকা জেলায় কৃষকেরা আশুধান্য ও পাট সংগ্রহ করিতেছে। বন্যা আসায় এই উভয় ফসলেরই কতকটা অনিষ্ট হইয়াছে। বাতাস কিছু প্রবল বেগে বহিতে আরম্ভ করিয়াছে। বন্যার জল যদি শীঘ্র কমিয়া না যায় তাহা হইলে আমন ধানের সম্ভবতঃ অপকার হইতে পারে। চাউলের দর টাকায় ৮।১০ সের। ফরিদপুর জেলায় আশু ধান্য কাটা আরম্ভ হইয়াছে। নদীর জল বাড়িতে আরম্ভ করিয়াছে। উচ্চ ভূমিসমূহের আমন ধানের অবস্থা এখনও আশাপ্রদ। নিম্ন ভূমির আমন বৃষ্টিতে অনেক নষ্ট হইয়াছে। চাউলের দর টাকায় ১০।১২ সের। গবাদির অবস্থা সাধারণতঃ ভাল কেবল মাদারিপুরের পালাঙ্গ ও শিবচর থানায় গরুর ব্যারাম হইতে আরম্ভ হইয়াছে। বাখরগঞ্জ জেলায় শস্যের অবস্থা ততটা অনুকূল নহে। বন্যা ও অত্যধিক বৃষ্টিতে ক্ষেতের ফসল স্থানে স্থানে নষ্ট হইয়া গিয়াছে। চাউলের দর টাকায় ৮।১০ সের। ময়মনসিংহ জেলায় আশুধান্য ও পাট কাটা হইতেছে। অত্যধিক বৃষ্টিতে এই উভয় ফসলেরই যথেষ্ট অপকার হইয়াছে, সুতরাং সর্ব্বশুদ্ধ ১০ আনার অধিক ঐ দুই ফসল জন্মিবে এরূপ আশা করা যায় না। আমনধান রোয়া হইতেছে বটে কিন্তু অধিক বৃষ্টি হওয়ায় কার্য্যে বাধা পড়িতেছে। চাউলের দর টাকায় ৯।১০ সের।

রাজসাহী বিভাগের দিনাজপুর জেলায় ক্ষেতের ফসলসমূহের অবস্থা ভাল। আপাততঃ আর বৃষ্টির প্রয়োজন নাই। হৈমন্তিক ধান রোয়া হইতেছে। কৃষকেরা পাট কাটিতেছে। সদরে চাউলের দর টাকায় ১৩। সের; ঠাকুরগাঁয় দর সমানই আছে। রাজসাহী জেলায় শস্যের অবস্থা সাধারণতঃ ভাল বলিয়াই সংবাদ পাওয়া গিয়াছে। বৃষ্টির প্রয়োজন না থাকিলে এখনও কিন্তু বৃষ্টি হইতেছে। চাউল টাকায় ১০ সের হইতে ১৩ সের। রঙ্গপুর জেলায় অতিশয় বৃষ্টিপাত হইয়াছে। আমন ধান রোয়া হইতেছে। চাউল টাকায় ১১ সের হইতে ১৩ সের। বোগরায় উল্লিখিত সপ্তাহের শেষভাগে খুব বৃষ্টি হইয়াছে। আমন রোয়া হইতেছে। পাট কাটা আরম্ভ হইয়াছে। পাট সম্ভবতঃ ১২ আনা রকম উৎপন্ন হইবে। চাউল টাকায় ১২ সের। পাবনা জেলায় প্রায় প্রত্যহই বৃষ্টি হইতেছে। আশুধান্য ও পাট কাটা হইতেছে। পাবনায় চাউলের দর টাকায় ১০॥ সের; সেরাজগঞ্জে চাউলের মণ ৩৸৵ হইতে ৪৵০ আনা। দার্জিলিং জেলার পার্ব্বত্য অঞ্চলে কাঙ্গনী, ও শ্যামাধান, আলু ও ফসুর সংগৃহীত হইতেছে। ভাদুই ফসল পাকিতে আরম্ভ করিয়াছে। আগ্রহায়নি ধান্য ও বড়মরুয়ার উন্নতি দেখা যাইতেছে। ছোটমরুয়ার ফুল ধরিয়াছে। তরাই-প্রদেশে ভাদুই ফসলের সংগ্রহ আরম্ভ হইয়াছে। হৈমন্তিকধান্য রোয়া হইতেছে। পাটের অবস্থা ভাল। চাউলের দর পার্ব্বত্য অঞ্চলে টাকায় ৯ সের ও তরাইপ্রদেশে ১০ সের। জলপাইগুড়ি জেলায় কৃষকেরা ভাদুই সংগ্রহ করিতেছে। আমনধান রোয়া হইতেছে। পাটের অবস্থা ভাল। চাউল টাকায় ১১ সের দরে বিক্রয় হইতেছে।

দেশীয় রাজ্যে সরকারী চিকিৎসক।

দেশীয় রাজ্যের কোন সর্দ্দার অথবা উচ্চপদস্থ কোন দেশীয় ভদ্রলোক সরকারী চিকিৎসক কর্ম্মচারীদিগের দ্বারা চিকিৎসিত হইতে ইচ্ছা করিলে সকৌন্সিল গবর্ণর জেনারেলের আদেশানুসারে এখন হইতে সরকারী চিকিৎসকগণ সরকারী কার্য্যের ক্ষতি না করিয়া তাঁহাদের চিকিৎসা করিতে পারিবেন। চিকিৎসক কর্ম্মচারী যদি বুঝেন যে ঐরূপ কোন চিকিৎসা কার্য্যে লিপ্ত হইলে তাঁহাকে সরকারী কার্য্যে কিছু অধিককাল যাবৎ অনুপস্থিত থাকিতে হইবে তবে পূর্ব্বেই তিনি সে বিষয় স্থানীয় গবর্ণমেণ্টের গোচর করিবেন। স্থানীয় গবর্ণমেণ্ট বলিতে এস্থলে গবর্ণর জেনারেলের কোন এজেণ্ট এবং প্রথম শ্রেণীর কোন রেসিডেণ্টকেও বুঝাইবে।

উল্লিখিত সর্দ্দার প্রভৃতিগণ যেরূপ ভাল বুঝিবেন সেই অনুযায়ী সরকারী চিকিৎসককে তাঁহার চিকিৎসাকার্য্যের

পারিশ্রমিক প্রদান করিবেন। পারিশ্রমিক পাইলে উল্লিখিত চিকিৎসক কর্ম্মচারিগণ তদ্বিষয় পলিটিকেল এজেণ্ট অথবা উক্ত সর্দ্দার প্রভৃতিগণ যে দেশীয় রাজ্যের অধিবাসী সেই রাজ্যের কোন সরকারী রাজনৈতিক কর্ম্মচারী দ্বারা স্থানীয় গবর্ণমেণ্টের গোচর করিবেন। চিকিৎসক কর্ম্মচারী কিরূপ অবস্থায় রোগীকে দেখিয়াছিলেন, রোগীর রোগ কিরূপ এবং তিনি কি পরিমাণই বা তাঁহার আরোগ্যবিধান করিতে পারিয়াছেন উক্ত রিপোর্টের সঙ্গে এগুলিও তাঁহাকে যথাজ্ঞান লিখিতে হইবে। রাজনৈতিক কর্ম্মচারী রিপোর্ট স্থানীয় গবর্ণমেণ্টের নিকট দাখিল করিবার সময় উহাতে নিজের যেরূপ মন্তব্য লেখা আবশ্যক বলিয়া বিবেচনা করিবেন সেইরূপ লিখিয়া দিবেন। রোগ এবং যে পরিমাণে সেই রোগের প্রতিকার করা হইয়াছে—এই দুই বিবেচনায় প্রদত্ত পারিশ্রমিক অসঙ্গত বলিয়া বোধ না হইলে স্থানীয় গবর্ণমেণ্ট উহার গ্রহণ বিষয়ে মত দিতে পারিবেন। অসঙ্গত বোধ হইলে উহার গ্রহণ বিষয়ে ভারত গবর্ণমেণ্টের আদেশের অপেক্ষা করিতে হইবে।

উল্লিখিত চিকিৎসক কর্ম্মচারিগণ অপর সাধারণের নিকট হইতে যেরূপ ফি লইয়া থাকেন এস্থলে যদি সেইরূপই ফি লন তাহা হইলে আর উক্তরূপ রিপোর্ট করিবার প্রয়োজন হইবে না। রোগী ও চিকিৎসক যদি একই স্থানে থাকেন এবং প্রত্যেক বারের দর্শনী ৫০ টাকার অধিক না হয় অথবা এক বৎসরের দেখা শুনার জন্য মোটের উপর এককালীন দেয় ১ হাজার টাকার অধিক না হয় তাহা হইলেও রিপোর্ট করিতে হইবে না।

আদমসুমারির বিজ্ঞাপনী।

(পাণ্ড)

(৭)

১৮৮১ অব্দের গণনায় ব্যবসায় সম্বন্ধে গণনাকারীদিগকে উপদেশ দেওয়া হইয়াছিল যে যে সকল স্ত্রীলোক কোন ব্যবসায়ে লিপ্ত নয় তাহাদিগকে "কর্ম্ম করে না" দেখাইতে হইবে। ১৮৯১ অব্দের উপদেশ উহার ঠিক বিপরীত। শেষোক্ত সালে এই উপদেশ দেওয়া হইয়াছিল যে, সকলের পক্ষে, বালক এবং স্ত্রীলোকের পক্ষেও ব্যবসায়ের ঘর পূর্ণ করিতে হইবে। উহারা যে ব্যবসায়ে লিপ্ত লোকের পরিবারভুক্ত সেই ব্যবসায়ের মধ্যে দেখাইয়া "অধীন" এই শব্দটী যোগ করিতে হইবে। সেনসস আফিসে খতিয়ানের সময় অধীন শব্দটীর উপর লক্ষ্য রাখা হয় নাই, সুতরাং ২ বৎসরের বালিকা ও চাষা বা গোয়ালা বা সরকারী কর্ম্মচারী প্রভৃতি বলিয়া হিসাবে উঠিয়াছে।

সমাজে কৃষিজীবীর বা ভূমিহীন মজুরের বৃদ্ধি হইলে সমাজের অপকর্ষ এবং শিল্পজীবীর বৃদ্ধি হইলে তাহাতে ধনের বৃদ্ধি সূচিত হয়। এবারকার ব্যবসায়ের যেরূপ হিসাব প্রস্তুত হইয়াছে তাহাতে পূর্ব্ব বৎসরের সহিত ঐ সকল বিষয়ের তুলনার উপায় নাই। ব্যবসায়ের খতিয়ান যে কিরূপ বিসদৃশ হইয়াছে তাহা নিম্নলিখিত উদাহরণগুলির দ্বারা সুস্পষ্ট হইবে।

ব্যবসায়	সহরে পুরুষ	সহরে স্ত্রী	মফঃস্বলে পুরুষ	মফঃস্বলে স্ত্রী
কেরাণী	২৩৪৭২	১৩৫০৯	১০৫৯৮	১১০৩৫
চৌকিদার ও পাহারাওয়ালা	৩৫২৭	৩২৪১	২৩১২৫৭	২০৩৩৫৫
সহিস কোচম্যান	২০৩৩৮	৬২১৪	১২৫১৬	১২৯৬০
কর্ম্মকার	১৫১২১	১০৮৮১	১৫৫৮৯৩	১৪১১৫৯
সাধারণ—মজুরি	২৪৫	৩৯	১৭৪৫৮১	৩৮৯৩০২
পেন্সনভোগী	৫৬৮	৫০৭৮	২৫৭৮	২৬৪৮

সহজেই দেখা যাইতেছে যে পুরুষের মধ্যে ব্যবসায় লিপ্ত প্রাপ্তবয়স্ক পুরুষ এবং তাহার পুত্র, ভাগিনেয় প্রভৃতি পোষ্যবর্গ এবং স্ত্রীলোকের মধ্যে ঐ ব্যবসায় লিপ্ত ব্যক্তিদিগের পোষ্য স্ত্রীলোক ও বালিকাদিগের খতিয়ান হইয়াছে নচেৎ কোন স্ত্রীলোকই কামারের বা চৌকিদারের বা সহিসের কার্য্য করে না। স্ত্রীলোক কেরাণীও অধিক দেখা যায় না।

ঐরূপ কারণে আমার মাইরের মধ্যে ১০ হাজার পুরুষ এবং ২৩ হাজার স্ত্রী দেখান হইয়াছে। ১৮৮১ অব্দে ২১ হাজার মাই দেখান হইয়াছিল। কেবল কলিকাতার গণনায় অধীন পোষ্যবর্গকে প্রকৃত ব্যবসায় লিপ্তদিগের হইতে পৃথক্ বলিয়া খতিয়ান করা হইয়াছিল। এতদ্দ্বারা জানা যায় যে, গবর্ণমেণ্টের উপর কর্ম্মচারিগণের মধ্যে যত পুরুষ দেখান হইতেছে তাহার শতকরা ২৩ জন মাত্র যথার্থ কার্য্যকারক, অপর সকলে পোষ্য। ঐরূপ সরকারী কেরাণী সংখ্যার মধ্যে শতকরা ৬০ জন প্রকৃত প্রস্তাবে কেরাণী। যত স্ত্রীলোককে রাঁধুনি বলিয়া দেখান হইয়াছে তাহার মধ্যে শতকরা ৩২ জন মাত্র রাঁধুনি। রাজমজুরের মধ্যে শতকরা ৫ জন স্ত্রীলোক মাত্র ঐ কার্য্যে লিপ্ত। কলিকাতায় ২১৪ জন স্ত্রীলোক শিক্ষাদান কার্য্যে নিযুক্ত অর্থাৎ যে সংখ্যা দেখান হইয়াছে তাহার মধ্যে শতকরা ১০ জন মাত্র। ব্যবসায় বিভ্রাটের চরম এই বলিলেই পর্য্যাপ্ত হইবে যে, লাট সাহেবের সংখ্যা ৭ জন দেখান হইয়াছে, তন্মধ্যে এক জনের বয়স ৪ বৎসর।

প্রাপ্তিস্বীকার।

আমরা কৃতজ্ঞতা সহকারে নিম্নলিখিত কয়েকখানি পুস্তকের প্রাপ্তি স্বীকার করিতেছি—

সখা—জুলাই ১৮৯৩।

ধর্ম্মপ্রচারক—শ্রাবণ, শঃ ১৮১৫।

দাসী—২য় ভাগ, ১ম সংখ্যা জুলাই ১৮৯৩।

বিধবা বিবাহ খণ্ডন—মহামহোপাধ্যায় বেদান্তপ্রবর স্বর্গীয় শিবচন্দ্র সিদ্ধান্ত প্রণীত ও রাজসাহী জেলার অন্তঃপাতী বেলঘরিয়া নিবাসী তদীয় পৌত্র স্বর্গীয় কালীচন্দ্র বিদ্যারত্নাত্মজ শ্রীশশিভূষণ চক্রবর্ত্তী কর্ত্তৃক প্রকাশিত। মূল্য ৵০।

শ্রীমদ্ভাগবত বিচার—স্বর্গত শ্রীশিবচন্দ্র সিদ্ধান্ত প্রণীত ও শ্রীশশিভূষণ চক্রবর্ত্তী কর্ত্তৃক প্রকাশিত।

The Light of the East—Vol I. No II, July 1893.

সাপ্তাহিক সংবাদ।

[কলিকাতা] গত শুক্রবার অপরাহ্নে কলিকাতা টাউনহলে মৃত নবাব আবদুল লতিফ খাঁ বাহাদুরের স্মরণার্থ একটি সভার অধিবেশন হইয়াছিল। নবাবের কোনরূপ স্মৃতি চিহ্ন সংস্থাপনের জন্য কি করা আবশ্যক উক্ত সভায় তাহারও আলোচনা হইয়াছিল।

কলিকাতার মুসলমান সাহিত্যসমিতি কলিকাতার মুসলমান ছাত্রদিগের বোর্ডিং গৃহ নির্ম্মাণের ফণ্ডে ৫ শত টাকা দান করিয়াছেন।

৺পূজার বন্ধে জজ টি বিলিয়ন ও বাম্পিনী সাহেব হাইকোর্টে বিচার কার্য্য করিবেন স্থির হইয়াছে।

বাঙ্গালার প্রতিনিধি ছোট লাট বাহাদুর সম্ভবতঃ আগামী সপ্তাহে দার্জ্জিলিং গমন করিবেন।

[বর্দ্ধমান] নাড়াজোলের কুমার নরেন্দ্রলাল খাঁ স্বীয় স্বর্গীয় পিতার স্মরণার্থ মেদিনীপুর স্ত্রী হাঁসপাতালে ৩০ হাজার টাকা এবং হাঁসপাতালের বাটী নির্ম্মাণ জন্য স্বতন্ত্র ১০ হাজার টাকা দান করিয়াছেন।

সোমপ্রকাশ বলিতেছেন, হাওড়া হইতে জনাই ও সেহাখালা পর্য্যন্ত একটি রেলপথ নির্ম্মিত হইবার প্রস্তাব হইয়াছে। মার্টিন কোম্পানী কার্য্যের ভারগ্রহণ করিয়াছেন।

শিবপুর সিভিল ইঞ্জিনিয়ারিং কলেজ হইতে এবারে দুইটি ছাত্র বি ই এবং তিনটী ছাত্র এল ই পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন। সকল গুলিই দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছেন। বি ই পরীক্ষায় ১ম হইয়াছেন শ্রীযুক্ত সারদাসুন্দর পাল; ২য় শ্রীযুক্ত শ্যামাচরণ দে। এল ই পরীক্ষায়—১ম শ্রীযুক্ত অমূল্যকৃষ্ণ ভট্টাচার্য্য, ২য় শ্রীযুক্ত বৈদ্যনাথ চট্টোপাধ্যায়, ৩য় শ্রীযুক্ত শরচ্চন্দ্র সুর।

[ঢাকা] চারুবার্ত্তা বলিতেছেন—"আমরা অবগত হইয়া সুখী হইলাম, শ্রীযুক্ত সেসন জজ হার্ডি সাহেব এক বৎসরের জন্য ময়মনসিংহে জুরি প্রথা প্রচলিত করিয়া পরীক্ষা করার কথা মাননীয় শ্রীযুক্ত ছোট লাট বাহাদুরের নিকট লিখিয়াছেন।"

—মৃত নবাব আবদুল লতিফ বাহাদুর মি আই ই মহোদয়ের মৃত্যুতে শোক প্রকাশ করিবার জন্য সে দিন ঢাকায় হিন্দু ও মুসলমান ভদ্র লোকদিগের এক সভা আহূত হইয়াছিল। ঢাকা মিউনিসিপালিটীর চেয়ারম্যান খাঁজে মহম্মদ আসগর সভাপতি হইয়াছিলেন।

—১২ সে শ্রাবণের হাটে ঢাকায় উফা চাউল টাকায় ১১।১২ সের এবং আতপ চাউল টাকায় ৯ সের হইতে ৯৷৷০ সের দরে বিক্রয় হইয়াছে।

—টাঙ্গাইল তুয়াজানীর বাবু ঘাদব লাল সাহা চৌধুরী তাঁহার মাতার স্মরণার্থ স্বগ্রামে একটি দাতব্য চিকিৎসালয় সংস্থাপন করিয়াছেন। এতদর্থে তিনি এককালীন ১২ হাজার টাকার কোম্পানীর কাগজ এবং ডিস্পেন্সরীর লৌহনির্ম্মিত গৃহ, ঔষধ ও অন্যাদির জন্য আরও প্রায় ৩ হাজার টাকা ব্যয় করিয়াছেন।

ময়মনসিংহে জলের কল হইয়াছে। রাজা শ্রীযুক্ত সূর্য্যকান্ত আচার্য্য চৌধুরী মহাশয় ইহার জন্য টাকা দিয়াছিলেন। মিউনিসিপালিটী এক্ষণে জল যোগাইবার জন্য টেক্স বসাইতেছেন। ময়মনসিংহের করদাতৃগণের ইচ্ছা, রাজা মহাশয়ই টেক্সের ভারটা গ্রহণ করেন।

বন্যায় পূর্ব্ববঙ্গ ভাসিয়া গিয়াছে। শতকরা ৯৫ জন লোকের বাড়ীঘর জলে ডুবিয়া গিয়াছে। অধিকাংশ লোকে মাচা বাঁধিয়া কোন রূপে বাস করিতেছে। আকাশ সর্ব্বদাই মেঘাচ্ছন্ন। মেঘ গর্জ্জন ও বায়ুর হুঙ্কার সর্ব্বক্ষণই হইতেছে। লোকে রাঁধিয়া খাইবার স্থান পাইতেছে না। মুটে মজুরের কাজ যুটিতেছে না। সমগ্র পূর্ব্ব বঙ্গে বন্যা বিস্তৃত হইয়াছে। পূর্ব্ব বঙ্গের সমস্ত গ্রাম, থানা, মহকুমা, হাট, বাজার, পথ, ঘাট এমন কি কোন নগর, উপনগর পর্য্যন্ত স্থানে স্থানে জলমগ্ন হইয়া গিয়াছে। ঢাকা, মুন্সীগঞ্জ চাঁদপুর ও ব্রাহ্মণবাড়িয়া মহকুমা, ত্রিপুরা জেলা মাণিকগঞ্জ, কালীগঞ্জ, বরিশাল, ভোলা, সাহাবাজপুর, ময়মনসিংহের কিয়দংশ, ফরিদপুর, নোয়াখালি, চট্টগ্রাম, শ্রীহট্ট ইত্যাদি জেলার অবস্থাও শোচনীয়। লোকের ঘর দরজা ভাঙ্গিয়া পড়িতেছে। আহার জুটিতেছে না, থাকিলেও খাইতে পাইতেছে না, বাথরগঞ্জে আশুধান্য একেবারে নষ্ট হইয়া গিয়াছে। ঢাকা জেলার আশুধান্যও অন্ততঃ বার আনা রকম নষ্ট হইয়াছে। পাঁ অনেক জেলায় নষ্ট হইয়াছে। চাউল টাকায় ৮।৯ সের বিক্রয় হইতেছে। বন্যায় অনেক লোক গৃহত্যাগী হইয়াছে, অনেক লোক নৌকায় বাসা বাঁধিয়াছে। হরিণখোলের ডাক বাঙ্গালা জলের নীচে গিয়াছে। তথাকার মুন্সেফ বাবুগণ নৌকায় আশ্রয় গ্রহণ করিয়াছেন। তেঘরিয়া ও হরিণখোলের এণ্ট্রান্স স্কুল গৃহ দুইটিতে জল প্রবেশ করিয়াছে বলিয়া স্কুলের ছুটী দিতে হইয়াছে। এতদ্ভিন্ন আরও অনেক স্থানের স্কুল, পাঠশালার এইরূপ দুর্দ্দশা ঘটিয়াছে। (ঢাকা গেজেট)

[আসাম] অতিবৃষ্টিতে সিলেট জলে বুড়িয়া যাওয়ায় অধিবাসিগণের অতিশয় কষ্ট হইয়াছে।

[বেহার] বেহারের প্রস্তাবিত থাজনারিপ সংক্রান্ত বিষয় লইয়া ত্রিহুতের জমিদারবর্গ সম্প্রতি একটি সভা করিয়াছিলেন। সভাস্থলে সকলেই একবাক্যে বলিয়াছেন, "প্রতিনিধি ছোট লাট বাহাদুর বৎসর বৎসর জরিপ ও বন্দোবস্ত করা সম্বন্ধে যে প্রস্তাব করিয়াছেন তাহা ১৮৮৫ সালের পাটোয়ারী বিলেরই নামান্তর মাত্র, বরং তদপেক্ষা আরও কিছু বাড়াবাড়ি। রাইয়ৎ ও জমিদারগণ যাহা কখন চাহে নাই, যাহা উভয় পক্ষেরই স্বার্থের ব্যাঘাতক বলিয়া বোধ হয় তাহার জন্য উভয়কেই বিরক্ত করা ন্যায় সঙ্গত কার্য্য বলিয়া বোধ হয় না।"

[কাশ্মীর] শ্রীনগরের বন্যায় ১৪ জন লোক বুড়িয়া মরিয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। অনেক ফসল ও অনেকের সম্পত্তি নষ্ট হইয়াছে। ভুট্টা ও ধোড়ারাই একেবারেই নষ্ট হইয়া গিয়াছে। চাউল একেবারে নষ্ট হয় নাই। জল নির্গমনের সুবিধা না থাকায় যে সকল স্থান বন্যায় বুড়িয়া এক্ষণে হ্রদের ন্যায় হইয়া আছে, সে গুলির জল শুকাইতে একাধিক বৎসর লাগিবে। মহারাজ কাশ্মীরের মহারাজ এই বিপত্তির নিরাকরণের জন্য উপযুক্ত উপায় সমূহ অবলম্বন করিতেছেন। সৈনাসংক্রান্তদলের অনেক মজুর এবং ১০ হাজার কুলি রাস্তা ও বাঁধ মেরামতি কার্য্যে নিযুক্ত হইয়াছে। শ্রীনগর, গুলমার্গ ও বড়মুলামেলি—এই কয় স্থানের মধ্যে তারের খবর যাওয়া আসা বন্ধ হইয়াছিল, এখন আবার সমস্ত ঠিক হইয়াছে।

[বোম্বাই] প্রভাসপত্তনের গোলযোগে যাহাদিগের প্রাণনষ্ট হইয়াছে, জুনাগড়ের নবাব তাহাদিগের পরিবার বর্গের জন্য অর্থ সাহায্যের ব্যবস্থা করিয়াছেন।

ধর্ম্মসংক্রান্ত বিষয় লইয়া বোম্বাইয়ের হিন্দু মুসলমানের দাঙ্গা শুনিয়া মহারাণী ভারতেশ্বরী অতিশয় ব্যথিতা হইয়াছেন এবং এই বিষয় গত শনিবার রাত্রিতে তিনি তারযোগে বোম্বাইয়ের গবর্ণরের গোচর করিয়াছেন।

[পঞ্জাব] লালা বনোয়ারিলাল নামে জনৈক বণিক দিল্লী সহরে একটি আয়ুর্ব্বেদীয় ঔষধালয়ের প্রতিষ্ঠাকল্পে ২০ হাজার টাকা রাখিয়া গিয়াছেন।

দিল্লীর ইউনানী চিকিৎসা বিদ্যালয়ে অস্ত্র চিকিৎসা শিখাইবার জন্য এক জন ইংরাজী অস্ত্রচিকিৎসক নিযুক্ত করা হইয়াছে। (দৈনিক)

[মহীশূর] মহীশূরের হিন্দুরাজা এই আইন করিয়াছেন যে অতঃপর তাঁহার রাজ্যে ৮ বৎসরের ন্যূন বয়স্ক বালিকার এবং ১৪ বৎসরের ন্যূন বয়স্ক বালকের কেহ বিবাহ দিতে পারিবেন না এবং ৫০ বৎসরের পুরুষ ১৪ বৎসরের ন্যূন বয়স্কা বালিকাকে বিবাহ করিতে পারিবে না। করিলে দণ্ডনীয় হইতে হইবে।

[সাধারণ] শ্রীমতী কাদম্বিনী গাঙ্গুলী এডিনবরা হইতে এল আর সি পি পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন. চিকাগো প্রদর্শনীতে যাইবার উদ্দেশ্যেই তিনি এখান হইতে যাত্রা করিয়াছিলেন, কিন্তু চিকাগোতে অনেক বদমায়েস লোকের সমাগম হইয়াছে শুনিয়া তিনি নাকি তথায় আর যাইবেন না। তিনি এ দেশের যে সমস্ত শিল্প দ্রব্য সঙ্গে লইয়া গিয়াছিলেন তাহা প্রদর্শনীতে পাঠাইয়া দিয়াছেন। (সঞ্জীবনী)

ভারতের জাতীয় মহাসমিতির এক জন প্রধান প্রতিপোষক হিউম সাহেব আগামী ১৮ই অক্টোবরে ভারতে আসিবেন।

ভারতে ও বিলাতে একই সময়ে সিভিলসর্ভিস পরীক্ষা গৃহীত হওয়া বিষয়ে পল সাহেবের প্রস্তাব সম্বন্ধে ষ্টেট সেক্রেটরীর পত্র স্থানীয় গবর্ণমেণ্ট সমূহকে দেওয়া হইয়াছে। আগামী কয়েক সপ্তাহ মধ্যে স্থানীয় গবর্ণমেণ্ট সমূহকে ভারত-গবর্ণমেণ্টের নিকট উহার উত্তর পাঠাইতে হইবে।

বিগত ৩রা আগষ্ট বড় লাট বাহাদুরের ব্যবস্থাপক সভার অধিবেশনে ১৮৮১ সালের আবকারী আইনের একটি সংশোধিত পাণ্ডুলিপি উপস্থিত করা হইয়াছিল। আবকারীর শুল্ক যাহাতে সর্ব্বত্র সমান হয় প্রধানতঃ ইহাও উক্ত বিলের একটি উদ্দেশ্য।

২০শে হইতে ২৯শে শ্রাবণ পর্য্যন্ত কলিকাতা পাটের বাজারের সাপ্তাহিক বিবরণ—

সিরাজগঞ্জ ও উত্তর বঙ্গ প্রভৃতি—				
ঐ	শরেস	মণ প্রতি	৫৸০ হইতে	৫৸৶০
ঐ	মাঝারি	ঐ	৫৷৶০	" ৫৷৵০
ঐ	নিরেস	ঐ	৪৷০	" ৫৷৷০
নারায়ণগঞ্জ, নয়মনসিংহাদি		ঐ		"
পাংশা, ওসমানপুরাদি		ঐ	৪৸৶	" ৫৷০
দেশী [সর্ব্বপ্রকার]		ঐ		"
ভিজা দাগি, বোম্বাই আদি		ঐ	৸৷০	" ৫৵০
দেওড়া [সর্ব্বপ্রকার]		ঐ	৫৲	" ৫৷০

গত পূর্ব্ব সোম বার হইতে গত রবিবার পর্য্যন্ত

এক সপ্তাহের আমদানী	১৩৩০০০	বস্তা
ঐ রপ্তানী	১৫৪০০০	"
ঐ মজুত	১৫০০০	"
গত মেলের মজুত	৩৬০০০	"

মন্তব্য—বাজার গত সপ্তাহাপেক্ষা সর্ব্বপ্রকার পাট ৵০ আনা হইতে ।০ চড়া। কেবল মাত্র দেওড়া পাট ॥০ আনা চড়া দেখা যায়। শ্রীযতীন্দ্র মোহন বন্দ্যোপাধ্যায়, ৫৭নং বাবুরাম ঘোষের লেন আহীরীটোলা কলিকাতা।

ব্রহ্মপুত্র নদের উপর সেতু নির্ম্মাণ করিবার জন্য জমিদার শ্রীযুক্ত বাবু যোগেন্দ্রকিশোর রায় চৌধুরী ৩০ হাজার টাকা দান করিয়াছেন। আরও কেহ কেহ ২।১ হাজার টাকা দিয়াছেন। কিন্তু উহাতে সমস্তব্যয় নির্ব্বাহ হইবে না এই জন্য জেলাবোর্ডে অবশিষ্ট টাকা ধার করিতে চাহিয়াছিলেন। গবর্ণমেণ্ট কিন্তু টাকা ধার দিতে অস্বীকার করিয়াছেন। মাজিষ্ট্রেট সাহেব যোগেন্দ্র বাবুকেই আরও টাকা দিবার জন্য অনুরোধ করিয়াছেন।

আসামের কোন চা-কর ইণ্ডিয়ান ডেলি নিউস পত্রে লিখিয়াছেন—মধ্যপ্রদেশ সমূহেও আড়কাটিরা উপদ্রব আরম্ভ করিয়াছে। দুইটি বালিকা তাহাদিগের কোন আত্মীয়ের বাড়ীতে যাইতেছিল। রেলওয়ে ষ্টেশন হইতে কুলিধরাদিগেরই এক জন এজেণ্ট তাহাদিগকে ভুলাইয়া লইয়া আইসে। বালিকাদ্বয় যখন শুনিল যে তাহাদিগকে আসামে লইয়া যাওয়া হইতেছে, তখন তাহারা পুলিসকে এ বিষয় জানাইয়া মুক্তি পাইল। আড়কাটী ও এজেণ্টের এক এক বৎসর করিয়া কঠিন পরিশ্রমের সহিত মেয়াদ হইয়াছে।

জাতীয় মহাসমিতির সভাপতিত্বে আসা করিবার জন্য আগামী নবেম্বরে মিঃ দাদাভাই নৌরোজী ভারতে আসিবেন।

[বৈদেশিক] স্বর্ণমিতি চালাইতে হইলে যে সোণার টাকা চালাইতেই হইবে সার উইলিয়ম হলড্‌স্‌ওয়ার্থ পার্লিয়ামেণ্ট মহাসভায় একথা তুলিয়াছিলেন। উত্তরে প্রধান মন্ত্রী গ্লাডষ্টোন সাহেব বলিয়াছেন "পার্লিয়ামেণ্ট মহাসভায় ভারতীয় আয় ব্যয় সম্বন্ধে আলোচনা না হইলে এতৎসম্বন্ধে আর কিছু হইতেছে না।" বজেটের আলোচনা শীঘ্রই হইবে।

অবাধ বাণিজ্যের প্রচলনে বিলাতের গরিব দুঃখী শ্রমজীবিগণকে বড়ই ক্ষতিগ্রস্ত হইতে হইতেছে। সমাজতন্ত্রী-দল অবাধবাণিজ্যের বিরোধী। উল্লিখিত শ্রমজীবিগণ সমাজতন্ত্রীদিগের সহিত যোগ দিতেছে; সুতরাং ইহাদিগের জন্য গবর্ণমেণ্টও মধ্যে মধ্যে অবাধবাণিজ্যে একটু আধটু বাধা দিতেছেন।

বিটু নামে আফ্রিকার একটি বন্দর ব্রিটিস পল্টন যাইয়া পোড়াইয়া দিয়াছে।

রূপা ধরিয়া রাখা বন্ধ করিতে হইলে শর্ম্মণ আইন বন্ধ করিয়া দিতে হইবে। প্রেসিডেণ্ট ক্লীবল্যাণ্ড অবাধ রৌপ্য মুদ্রণের ব্যবস্থা না করিলে শর্ম্মণ আইন বন্ধ সুতরাং রূপা ধরাও রহিত করিতে পারিবেন না, একথা অনেকে বলিতেছেন।

বিগত ১৮ই জুলাই বিলাতের বেরি ষ্ট্রীট, বেভিস মার্কস এবং ক্যামোমাইলষ্ট্রীটের মধ্যবর্ত্তী সমস্ত বাড়ীগুলি আগুন লাগিয়া পুড়িয়া গিয়াছে। এই অগ্নিকাণ্ডে নাকি ৩ কোটি টাকারও অধিক ক্ষতি হইয়াছে।

সার রিচার্ড টেম্পলের প্রশ্নের প্রত্যুত্তরে আণ্ডার সেক্রেটরী রসেল সাহেব বলিয়াছেন যে ষ্টেট সেক্রেটরী লর্ড কিম্বার্লির বিবেচনায় 'ভাইসরয়ে'র কৌন্সিলে পূর্ব্ববিভাগের সদস্যের কোন প্রয়োজনীয়তা নাই।

বেরিং প্রণালীতে শীল মৎস্য ধরা উপলক্ষে গ্রেট ব্রিটেন, আমেরিকা ও রুষিয়া পরস্পরে বিবাদ বাধিয়াছিল। বিবাদ মিটাইবার জন্য প্যারিস নগরে একটি কমিসন বসান হয়। কমিসন নাকি গ্রেটব্রিটেনের অনুকূলেই ডিক্রী দিয়াছেন।

লণ্ডনে গরিবের সংখ্যা ৯২ হাজার। গত বৎসরে এতদপেক্ষা ৩ হাজার কম ছিল।

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—ঢাকার প্রোটেম ৩ঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ কৈলাসনাথ রায় নদীয়ার ডিঃ ও সেঃ জজ নিযুক্ত হইলেন। ত্রিপুরার প্রতিনিধি মাঃ ও কঃ গিকি সাহেব ২ মাস ১২ দিনের ছুটী পাইলেন। পূর্ণিয়ার প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ ক্রেণ্ড পেরিরা সাঁওতাল পরগণা জেলার সদরে বদলী হইলেন। বর্দ্ধমানের প্রোটেম সব ডেঃ কঃ বাবু নরেন্দ্রকুমার চৌধুরী বর্দ্ধমান জেলার সদরে বদলী হইলেন। সাহাবাদের মাঃ ও কঃ ষ্ট্রাটন সাহেব আর ২ দিনের ছুটী পাইলেন। গয়া জাহানাবাদের ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী আবুল খয়ের মহম্মদ আবদুল গুভান আর ২ মাসের ছুটী পাইলেন। ২৪ পরগণা ডায়মণ্ড হার্ব্বারের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু রাধাকান্ত বন্দ্যোপাধ্যায় যশোহর মাগুরায় বদলী হইলেন। প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ বম্পাস সাহেব খুলনার মাঃ ও কঃ হইলেন; সুতরাং বম্পাস সাহেব ৩ মাসের ছুটী পাইলেন বলিয়া ইতিপূর্ব্বে যে আদেশ হইয়াছিল তাহা রহিত হইল। পাটনার প্রোটেম জঃ মাঃ ও ডেঃ কঃ ষ্টিভেন্সন সাহেব খুলনার মাঃ ও কঃ হইলেন বলিয়া যে আদেশ হইয়াছিল এতদ্বারা তাহাও রহিত হইল। রেভেনিউ বোর্ডের প্রতিনিধি সেক্রেটরী ফিন্থকেন সাহেব বাঙ্গাল গবর্ণমেণ্টের সাধারণ, রাজস্ব ও ঐতিবৃত্তিক বিভাগের সেক্রেটরী হইলেন। চট্টগ্রামের প্রতিনিধি মাঃ ও কঃ স্যাক সাহেব রেভেনিউ বোর্ডের সেক্রেটরী হইলেন। রেভেনিউ বোর্ডের জুনিয়র সেক্রেটরী মিঃ টি ইংলিস স্বকার্য্য সওয়ায় অস্থায়ীরূপে রেভেনিউ বোর্ডের সেক্রেটরীর কার্য্যে নিযুক্ত হইলেন। পাটনার প্রোটেম জঃ মাঃ ও ডেঃ কঃ ষ্টিভেন্সন সুর সাহেব চট্টগ্রামের মাঃ ও কঃ হইলেন। বর্দ্ধমানের জঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ সূর্য্যকুমার আগস্তি বাখরগঞ্জের মাঃ ও কঃ হইলেন। ভগলপুরের জঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ আসানুদ্দিন আহমেদ বীরভূমের মাঃ ও কঃ হইলেন। মুঙ্গেরের বাটোয়ারা কার্য্যে নিযুক্ত প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু বঙ্কবিহারী বকসি ১ মাসের ছুটী পাইলেন।

বিচার—যশোহরের মুঃ মিঃ প্রাণনাথ বন্দ্যোপাধ্যায় ত্রিপুরাত সব জজ হইলেন। বাবু সুরেন্দ্রনাথ ঘোষ যশোহর সদরের মুঃ হইলেন। ঢাকা মানিকগঞ্জের প্রতিনিধি মুঃ বাবু গোবিন্দগোপাল গুপ্ত এবং ত্রিহুত মজঃফরপুরের প্রতিনিধি মুঃ বাবু চারুচন্দ্র মিত্র ৪র্থ শ্রেণীতে পাকা হইলেন। ফরিদপুর মাদারিপুরের মুঃ বাবু কমলাক্ষ দাস ২৪ পরগণা ডায়মণ্ডহারবারের মুঃ হইলেন। ঢাকা মানিকগঞ্জের প্রতিনিধি মুঃ বাবু গোবিন্দগোপাল গুপ্ত ফরিদপুর মাদারিপুরের মুঃ হইলেন। মযমনসিংহ জামালপুরের মুঃ বাবু ভুবনমোহন গাঙ্গুলী ছোটনাগপুর রাঁচির মুঃ হইলেন। বর্দ্ধমানের ছুটীপ্রাপ্ত মুঃ বাবু জানকীনাথ দত্ত ময়মনসিংহ জামালপুরের মুঃ হইলেন। ২৪ পরগণা বসিরহাটের মুঃ বাবু তারকচন্দ্র দাস বর্দ্ধমান সদরের মুঃ হইলেন। ত্রিহুত মজঃফরপুরের প্রতিনিধি মুঃ বাবু চারুচন্দ্র মিত্র ২৪ পরগণা বসিরহাটের মুঃ হইলেন। বাবু আনন্দকিশোর দত্ত রায় বি এল ত্রিহুত মজঃফরপুরের মুঃ হইলেন। বাবু রাজেন্দ্রলাল লাহিড়ী বিএল নোয়াখালি সন্দীপের মুঃ হইলেন। মেদিনীপুর তমলুকের মুঃ বাবু মন্মথনাথ মুখোপাধ্যায় আর ১ মাসের, পূর্ণিয়া কৃষ্ণগঞ্জের মুঃ বাবু কপালীপ্রসন্ন মুখো ১৫ দিনের, বাখরগঞ্জ বরিশালের মুঃ বাবু শ্রীনাথ পাল ৬ দিনের, রাজসাহী নাটোরের মুঃ বাবু যোগেন্দ্রনাথ রায় আর ৪ দিনের এবং চট্টগ্রাম উত্তর রাওজানের মুঃ বাবু শ্রীহরি লাহিড়ী ৩ মাসের ছুটী পাইলেন। ২৪ পরগণা ডায়মণ্ড হার্ব্বারের অতিরিক্ত মুঃ বাবু হরমোহন বসুর ১৮৯২ সালের ২০শে সেপ্টেম্বর হইতে ১৩ই ডিসেম্বর পর্য্যন্ত ছুটী মঞ্জুর হইল।

শিক্ষা—বেথুন বালিকাবিদ্যালয়ের কলেজ ক্লাসের অস্থায়ী লেকচারার বাবু পরেশনাথ সেন বিএ উক্ত পদে পাকা হইলেন। ঢাকার বিভাগীয় সব ইনস্পেক্টর বাবু প্রসন্নকুমার মজুমদার আর ১৫ দিনের ছুটী পাইলেন।

উদ্ভট কবিতা।

[৩৯৬]

আনন্দব্রহ্মধামভবাবসতিঃ স্বর্গাপবর্গপ্রদা
নিত্যানন্দসুদাশ্রয়া সুরপতীনন্দিতাচলোদ্ভাবিণী
কাশীষেনধৃতা পবিত্রমনসা নিস্তার্য্য ভোগান্ বহূন্
শ্রীমূর্ত্তির্বলী ন নীরদরুচিঃ পারাদসৌ বঃ সদা।

বিজ্ঞাপন।

বিশ্বনাথ চতুষ্পাঠী।

ভারত ধর্ম্মমহামণ্ডলীর মুখ্যতম উদ্দেশ্যের অনুসরণে প্রতিষ্ঠিত বার্ষিক ৫০৲ টাকার হিসাবে বিশ্বনাথ বৃত্তি ১০টি, নিম্নলিখিত অধ্যাপকগণ কর্ত্তৃক সানুগ্রহে গৃহীত হইয়াছে—

শ্রীকৃষ্ণনাথ ন্যায়পঞ্চানন, পূর্ব্বস্থলী, বর্দ্ধমান।
শ্রীকৈলাসচন্দ্র ন্যায়রত্ন, উজীরপুর, যশোহর।
শ্রীগঙ্গাচরণ ন্যায়রত্ন, মহীসার, ফরিদপুর
শ্রীশশিকুমার শিরোরত্ন, কোটালিপাড়, ঐ
শ্রীজানকীনাথ তর্করত্ন, কোড়কদি, ঐ
শ্রীনৃসিংহ সরস্বতী, মন্তেশ্বর, বর্দ্ধমান।
শ্রীআশুতোষ তর্করত্ন, কোটালিপাড়, ফরিদপুর।
শ্রীপঞ্চানন তর্করত্ন, ভট্টপল্লী, ২৪ পরগণা।
শ্রীরামকৃষ্ণ তর্কতীর্থ, ঐ ঐ
শ্রীযজ্ঞেশ্বর বেদান্ততীর্থ, সেনহাটী, খুলনা।

শ্রীহরিনাথ স্মৃতিভূষণ।
বিশ্বনাথ চতুষ্পাঠীর অধ্যাপক।

বিশেষ দ্রষ্টব্য।

বাচস্পত্য অভিধান প্রথম হইতে দ্বিতীয় খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২৩২৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
বুধোদয় প্রেস।
হুগলী।

কর্ম্মখালি।

Wanted a Second Master for the Saidpur M. E. School, North Bengal, on a salary of Rs 20 per mensem, for six months. There is likelihood of the post being made permanent. A plucked F. A. candidate who has some experience in teaching will be preferred. Apply sharp with testimonials to the Secretary of the School.

F. A. Wanted as Second Master in an Entrance School. Must have experience. Salary Rs 25. Address—Principal, 6 Riverside, Barrackpur.

জেলা ফরিদপুর, মাতলাখালি পোষ্ট, খালকুলা স্কুলের জন্য একজন নর্ম্মাল ত্রৈবার্ষিক হেড পণ্ডিতের প্রয়োজন। মাসিক বেতন ২০৲ টাকা। ইংরাজী ভাষাভিজ্ঞ প্রার্থীর আবেদন সমধিক আদরণীয়। আবেদনকারিগণ ব্রাহ্মণ কিম্বা উচ্চ হিন্দু হওয়া আবশ্যক। প্রশংসাপত্রসহ ৩১ শে আগষ্টের পূর্ব্বে স্কুলের সম্পাদকের নিকট আবেদন করুন। খালকুলা স্কুল, মাতলাখালী পোষ্ট; ফরিদপুর জেলা।

জেলা ফরিদপুর সোণাপুর পোঃ, সোণাপুর ম, ইং স্কুলের হেড পণ্ডিতের আবশ্যক। বেতন ১৬৲ টাকা, অথবা নগদ ১০ টাকা এবং আহার ও বাসস্থান, দুইয়ের যাহা পসন্দ হয়। এক বৎসরের গ্যারাণ্টি দিতে হইবে। কিছু ইংরাজী জানা ব্যক্তির আবেদন অধিক আদরণীয়। ২৫ শে আগষ্ট মধ্যে স্কুলের হেড মাষ্টার শ্রীমাখনলাল মৈত্রের নিকটে দরখাস্ত করুন।

আমার একটি ১০॥০ বৎসর বয়স্কা কন্যাকে ইংরাজী, বাঙ্গালা লেখাপড়া এবং সেলাই ও উলের কার্য্য শিখাইবার জন্য একজন শিক্ষয়িত্রীর প্রয়োজন। বেতন মাসিক ১০৲ টাকা; আহার ও ফ্রি ঘর পাইবেন। যে কোন ধর্ম্মাবলম্বিনীর আবেদন গৃহীত হইবে। শ্রীরামচরণ পাল, ম্যানেজার গেস্তালসুদ টি ষ্টেট, পোঃ অঃ, জোনা, ভায়া পুরুলিয়া।

নূতন পুস্তক।

FOR ENTRANCE STUDENTS

A Digest (model questions and answers) of the Eng. Entr. Course for 1894. The best help to pass the Exn. By C. M. Chatterji. Price 10 As.
S. C. Auddy. 58 Wellington Str. Calcutta

No. 400

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু

প্রণীত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য ৵০ আনা
ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "
ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব।০ "

সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তালিকায় পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট—কলিকাতা।

শ্রীরামেশ্বর সেন কৃত

১। উচ্চপ্রাথমিক সহজ-পরিমিতি মূল্য ।০।

২। নিম্ন-প্রাথমিক সহজ-পরিমিতি

(কেবল দেশীয় রীতির নিয়মাদি)

ভাল কাগজে ছাপা ৵০
চলিত কাগজে ছাপা ৵০

৩। নিম্ন-পুরস্কার পরীক্ষা—

পাঠশালার ছাত্রগণের অত্যাবশ্যকীয় অভিনব পাঠ্য পুস্তক।

ভাল কাগজে ছাপা ৵০র স্থলে ৵১০
চলিত কাগজে ছাপা ৵১০র স্থলে ৵০

কলিকাতা ও বাকুড়া জেলার বহির দোকানে প্রাপ্য।

৪। "উচ্চ-পুরস্কার পরীক্ষা" শীঘ্রই বাহির হইবে।

৪০১নং

গিরিশ লাইব্রেরী।

এখানে ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল, এ; বি, এ ক্লাসের সর্ব্বপ্রকার পাঠ্যপুস্তক ও অর্থ পুস্তকাদি এবং নাটক, নভেল প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়। ভিঃ পিঃ ডাকেও পুস্তক পাঠাই। ২১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা। শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৮৪নং

আর্য্যমিশন ইনষ্টিটিউশন।

৮০।১ নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট, কলিকাতা।

এই বিদ্যালয়ে একটী স্বতন্ত্র সংস্কৃত বিভাগ আছে। ঐ বিভাগে উপযুক্ত পণ্ডিতের দ্বারা বিনা বেতনে দর্শন, কাব্য সাহিত্য, ব্যাকরণ শ্রীমদ্ভাগবত শ্রীমদ্ভগবদ্গীতা শিক্ষা দেওয়া হইয়া থাকে। পাঠার্থি-ছাত্রের আবশ্যক।

শ্রীকানাই লাল সেঠ।
৩৯৮ নং সেক্রেটরী।

পাটীগণিত।

নূতন সংস্করণ।

শ্রীপ্রসন্নকুমার সর্ব্বাধিকারী প্রণীত।

সুপ্রসিদ্ধ গণিতশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম, এ, মহাশয়ের দ্বারা সম্যক্‌রূপে সংশোধিত পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত। ইহাতে সুকৌশল সম্পন্ন প্রশ্নাবলী সন্নিবেশিত এবং উহাদের ভূরি পরিমাণে সমাধান করা হইয়াছে। ৫৭৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। উত্তম কাপড়ে বাঁধা, মূল্য ১৷৵০। বলা বাহুল্য ইহা চিরকাল সর্ব্বাদৃত, অধুনা আরও অধিক পরিমাণে স্কুলাদিতে পাঠ্যরূপে নিরোজিত হইতেছে এবং বঙ্গবাসী প্রভৃতি সংবাদ পত্র ভূয়সী প্রশংসা করিতেছেন। নিম্নলিখিত এবং অন্যান্য স্থানে পাওয়া যায়।

বি, ব্যানার্জি এণ্ড কোং।
১৫নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, ৫৬নং কলেজ ষ্ট্রীট, ৫১নং পুরাতন চীনেবাজার, কলিকাতা। ৫৫নং পটুয়াটুলি ঢাকা।

৩৮৮নং

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে মেদিনীপুর জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৬ বৎসর ইহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-যশের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার লেপনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সমফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনা ব্যয়ে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ৸৹ টাকা, প্যাকিং ।৹ আনা

২ শিশি একত্রে লইলে খরচা ৷৵৹ আনা স্বতন্ত্র হয়।

শ্রীকালীদাস সরকার।

গবর্ণমেণ্ট পেন্সনার—লক্ষ্ণৌ।

৩৭৩নং

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বলবীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রি-জাগরণ, অতিরিক্ত পান-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি, কাশি, গা-হাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত!

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-কোলা-কাসিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দ্বৈকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকায় সে জ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে, ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্পদিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধে অতি সামান্য রোগও আরাম হয়। বিধাতার বিচিত্রবিধান বুঝাভার!

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন। প্লীহা জ্বর-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগীকে এই এক ৩নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

বটিকার সংখ্যা,	মূল্য,	ডাঃমাঃ,	প্যাকিং
১নং কৌটা	১৮	৷৵৹	।৹	৵৹
২নং কৌটা	৩৬	১৵৹	।৹	৵৹
৩নং কৌটা	৫৪	১৷৵৹	।৹	৵৹

ভ্যালুপেবলে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।

১২ নং মুজাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা।

৩৭৪নং

পাঁড়ে ব্রাদার্স।

পুস্তক ও দেশী বস্ত্র বিক্রেতা।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্ কলিকাতা।

এখানে ইংরাজি বাঙ্গালা সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য সর্ব্ব প্রকার পুস্তক, তৎসমস্তের নানা প্রকার কি, নোট, অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি সর্ব্ব প্রকার পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে। বিলাতি পুস্তক বিলাত হইতে আনা হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৹ টাকা ১৸৹ মূল্য যোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও ব্যবসায়ীর জন্য চলিবে ও ২৷৹, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ নয়নসুখ, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকটও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য ।৵৹ বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ ৵৹

৩২ খানি উৎকৃষ্ট

চিত্রসহ

নীতি কথামালা	।৹	মানবতত্ত্ব	১৷৹
আর্য্যচরিত	।৹	ধর্ম্মবিজ্ঞান	১৲
আর্য্যশিক্ষা	৷৵৹	অদ্ভুত স্বপ্ন বা	
বাঙ্গলা ব্যাকরণ	।৵৹	স্ত্রী পুরুষের দ্বন্দ্ব	৷৹
শিশু বিজ্ঞান	৵৹	বিজ্ঞানসার	১৲
বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ	৵৹	লীলাবতী (অঙ্কপুস্তক)	৷৹

৩৭৫ নং

শ্রীমনোমোহন পাঁড়ে

সংক্ষিপ্ত পদার্থদর্শনের প্রশ্নোত্তর।

পণ্ডিত প্রবর শ্রীযুক্ত প্রসন্নকুমার চক্রবর্ত্তী প্রণীত। মূল্য ।/০ পাঁচ আনা মাত্র। যত গুলি সং পদার্থদর্শনের প্রঃ উঃ এ পর্য্যন্ত প্রকাশিত হইয়াছে এখানা তাহাদের অপেক্ষা কোন অংশে নিকৃষ্ট নহে বরং অনেকাংশে উৎকৃষ্ট। যে স্কুলে এক খানিমাত্র এই প্রঃ উঃ প্রবেশ লাভ করিয়াছে সে স্কুলের সমস্ত ছাত্রই ইহা ক্রয় করিতেছে। একত্রে এক প্যাকেটে ৫ খানি এই প্রঃ উত্তর লইলে স্কুলের শিক্ষকদিগকে শতকরা ১৫৲ টাকার হিসাবে কমিসন দিয়া থাকি; অধিকন্তু আমি নিজ হইতে ডাক মাশুল দিই। কাগজ, ছাপা ও বাঁধাই সমস্তই উৎকৃষ্ট। ভিঃ পিঃ ডাকে পাঠাইয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র দত্ত।
ভারত পুস্তকালয়, পটলডাঙ্গা, বৌবাজার পোষ্ট
কলিকাতা।

৩৯৯নং

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸০ বার আনা, ডাঃ মাঃ /০ এক আনা। এখানি ১৮৯৪ অব্দের মাইনর পরীক্ষায় ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহাতে বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গদ্য হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ /১০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার মাননীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
সংস্কৃত প্রেসডিপজিটরি।
১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত
পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেতার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষক গণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৷৷০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।৵০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীজমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।৵০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ৵০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৪৪ নং

ইউক্লিডের জ্যামিতি দ্বাদশ অধ্যায়।

(সংশোধিত এবং পরিবর্দ্ধিত।)

শ্রীযুক্ত বাবু ব্রহ্মমোহন মল্লিক প্রণীত।

৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছে, মূল্য ২৲ টাকা। কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
৩৯৭ নং ম্যানেজার।

শ্রীমদ্ভগবদ্গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ /০।

ঐ বিলাতী কাগজে বাঁধা মূল্য ।/০ পাঁচ আনা ডাঃ মাঃ /০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা মূল্য /০ পাঁচ আনা ডাঃ মাঃ /০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা উৎকৃষ্টরূপ বাঁধা মূল্য ৷৷০ আট আনা, ডাঃ মাঃ /১০।

কবির (জীবন্মুক্ত মহাত্মা কবির সাহেবের ৫৫৩টী দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ /১০।

কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০।১ন মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু মহেন্দ্রনাথ কাব্যরত্ন ভাটপাড়া ১৩০০ পৌষ শেষ ৩৲
„ সুরেন্দ্রনাথ ঘোষ কলিকাতা ১৩০০ কার্ত্তিক শেষ ২৲
„ দুর্গাদাস রায় আশকপুর ১৮৯৩ সেপ্টেম্বর শেষ ১৷৷০
„ প্রভাতচন্দ্র কাব্যতীর্থ মাদরা ১৲
„ লক্ষ্মীনারায়ণ কুণ্ডু গুপ্তিপাড়া ২৲
„ মন্মথনাথ ঘোষ বড়রা ১৮৯৩ আগষ্ট শেষ ২৲
„ মহেশচন্দ্র মজুমদার নিধাপতিয়া ১৩০০ কার্ত্তিক শেষ ২৲
„ রামচন্দ্র গঙ্গোপাধ্যায় মাধবকাটী স্কুল ১৩০১ শ্রাবণ শেষ ২৲
„ যদুনাথ বন্দ্যোপাধ্যায় কোঙারপুর স্কুল ১৩০১ আষাঢ় শেষ ৫৲
„ নটবর মুখোপাধ্যায় জঙ্গিপুর ১৩০০ মাঘ শেষ ৩৲

☞ এই পত্র হুগলি বুধোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকালীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

REGISTERED NO 35 1875.

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

নূতন সম্বৎ। ২৫শ খণ্ড। ২০শ সংখ্যা। | ১০ই ভাদ্র শুক্রবার, ১৩০০ সাল। ইং ২৫শে আগষ্ট ১৮৯৩ খৃঃঅব্দ। | অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম)	৫	ষাণ্মাসিক	৩
ত্রৈমাসিক	২	প্রত্যেক সংখ্যার	।৹

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৶৹ ৩য় বার /১০ চতুর্থ বা ততোধিক বার /৹। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৶৹।

কর্ম্মখালির বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে প্রকাশিত হয়।

তিন মাসের অধিক বিজ্ঞাপন প্রকাশ করিলে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

যাঁহারা এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য নগদ টাকায় দিবেন, তাঁহারা তাঁহাদের নিকটবর্ত্তী এজেণ্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণিঅর্ডার কুপনে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

এডুকেশন গেজেটে বিজ্ঞাপন প্রকাশের সুবিধার জন্য ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে একটা এজেন্সি খোলা হইয়াছে। তথায় বিজ্ঞাপন ও তৎপ্রকাশের মূল্য জমা লওয়া যায়।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যূন বিলম্ব হইলে তাহার থামখানিতে পিয়নের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকালীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

কলিকাতা	শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়। সংস্কৃতযন্ত্রের পুস্তকালয় ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।	
	চণ্ডীচরণ মজুমদার—বেঙ্গল সেক্রেটারিয়েট জুডিসিয়াল ডিপার্টমেণ্ট।	
২৪ পরগণা	সতিলাল মৈত্র—আলিপুর।	
আলিপুর	ভূপালচন্দ্র গঙ্গোপাধ্যায়—উকিল।	
বারাকপুর	শ্রীযুক্ত বাবু ভুবনমোহন নিয়োগী।	
ভবানীপুর	রাজকৃষ্ণ রায় চৌধুরী।	
চুয়াডাঙ্গা	যদুনাথ চৌধুরী।	
হাবড়া	হরমোহন ভট্টাচার্য্য।	
চট্টগ্রাম	ব্রজেন্দ্রকুমার গুহ।	
হুগলী	শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।	
চন্দননগর	ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।	
বর্দ্ধমান	চারুচন্দ্র চট্টোপাধ্যায়।	
	রসিকলাল দাস—রায়না।	
যশোহর	কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।	
সিউড়ী	অম্বিকাচরণ মুখোপাধ্যায়।	
	নীলমণি ভট্টাচার্য্য।	
বাঁকুড়া	রামেশ্বর সেন—বিষ্ণুপুর।	
	অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।	
মেদিনীপুর	উমাচরণ দে।	
	দীননাথ ধর—গবর্ণমেণ্ট প্লীডার।	
জলপাইগুড়ি	নীলমণি পাল।	
বাঁকিপুর	নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর।	
	ভগবান প্রসাদ।	
বারাণসী	সোমনাথ তাড়ুড়ী—বাঙ্গালীটোলা।	
রঙ্গপুর	আশুনাথ মিত্র।	
	দ্বারকানাথ বাগচি—মিলফাঁধারি।	
রাজসাহী	কালীনাথ চৌধুরী—বোয়ালিয়া।	
পাবনা	মহেন্দ্রনাথ দত্ত।	
	রজনীকান্ত ভট্টাচার্য্য।	
	রামচন্দ্র চক্রবর্ত্তী।	
	ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, তুলাই।	
	উমাচরণ পাঁড়ে, সিরাজগঞ্জ।	
ঢাকা	সতীশচন্দ্র ঘোষ।	
সাঁওতাল পরগণা	যজ্ঞেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।	
পাকুড়	রাধাকৃষ্ণ সারখেল।	
খুলনা	হরিহর দাস।	
	জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।	
দিনাজপুর	রাজকুমার চক্রবর্ত্তী ফুলবাড়ি।	
	ভুবনেশ্বর গুপ্ত।	
	দুর্গাদাস সুর—রায়গঞ্জ।	
	শশিভূষণ রায়।	
কোচবিহার	ভুবনমোহন দত্ত।	
ফরিদপুর	কালীকিশোর ঘোষ—মাদারিপুর।	
মজঃফরপুর	কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল	
খারভাঙ্গা	গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক সুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সমস্তীপুর	
বৈদ্যনাথ	যোগীন্দ্রনাথ বসু হেড মাষ্টার, দেওঘর।	

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিবিধ বিজ্ঞাপন।

রিপণ-ডিপজিটারী।

৫২ নং দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য ও নাটক নভেল অতি সুবিধায় সরবরাহ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পিঃ ডাকে পুস্তক পাঠাই। প্রেরণ ব্যয় ৵১০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়।

শ্রীশশিভূষণ সাহা
৩৮০ নং ম্যানেজার।

গবর্ণমেণ্টের অনুমোদিত।

বাঙ্গালা ছাত্রবৃত্তি ও মাইনর স্কুলসমূহের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পাঠ্য।

"বিজ্ঞানসোপান"।

শ্রীযুক্ত উমেশচন্দ্র ঘোষ, এম এ, বি এল প্রণীত।

মূল্য ॥৵০ দশ আনা মাত্র।

ছাত্রবৃত্তি ও মাইনর পরীক্ষার নির্দ্দিষ্ট বিষয়গুলি এরূপ বিশদরূপে ও ধারাবাহিক ভাবে অন্য কোন গ্রন্থে বর্ণিত নাই। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৩৮৫নং

এল, ভি, মিত্র এবং কোং।

শঙ্কপ্রতিষ্ঠ ও কলিকাতা ও অন্যান্য স্থানের
দক্ষ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৫৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক রুবিনি ক্যাম্ফার ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৷৷০, অন্ন পরীক্ষার তাপমান যন্ত্র ৬৲ ও ৭৲, শিশু চিকিৎসা ২৷৷০, বামাচিকিৎসা ২৲ অন্ন চিকিৎসা ৸০ ও ১৸০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৸০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমরা কলিকাতার মহামেলার এই শ্রেণীতে ভারতের মধ্যে সর্ব্বোচ্চ এবং এখানকার ও অন্যান্য স্থানের সম্ভ্রান্ত চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি। ৭৯

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্ত লালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীতে সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১।০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

REDUCTION IN PRICE OF CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta, Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free, at 4 oz, Rs3—4 : 8 oz, Rs 6—8 : 16 oz, Rs 12—12. Cash with order.

No. 331

বুধোদয় যন্ত্র।

হুগলি বুধোদয় যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষর ও তাহার সরঞ্জাম প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানা প্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় যাবতীয় ফারম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, ষ্ট্যাম্পবিল, জমিদারীর জমাওয়াশীল ফরম, ডাক্তারি লেবিল ও বিল নানাপ্রকার ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পন্ন হইয়া থাকে। বিশেষ বন্দোবস্ত করিলে, সাপ্তাহিক পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংলিস অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও স্মল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া দপ্তরী দ্বারা পুস্তক প্রস্তুত করিয়া রীতিমত বান্ধবন্দী করিয়া রেলে বা জাহাজে পাঠাবার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি, গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন, ছাপার রেট ও অন্যান্য বিবরণ জানিতে ইচ্ছা করিলে আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পরিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
কার্য্যাধ্যক্ষ।

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১৯ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।

ডাকমাশুল ⁄০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ⁄০

পদ্য ব্যাকরণ মূল্য ⁄১০

প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য ⁄১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায়) পাওয়া যায়।

শ্রীতিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

অম্বিকাচরণ ঘোষাল

ফটোগ্রাফার ও পেইণ্টার

ঘুঁটেবাজার হুগলি

অয়েল পেইন্টিংএ চেহারা তুলিতে এবং ফটোগ্রাফ লইতে মফস্বলের সর্ব্বত্র যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণ পত্র লিখিলে জানিতে পারিবেন। মেটীবক্যারেক্টর ও নানা রূপ দেশীয় ভিউ, মাপ কাঃ ভিঃ মূল্য প্রত্যেকে ।০, ডজন ২৲। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিজ, হুগলী কলেজ এমামবাড়ার আশ্চর্য্য দৃশ্য ও হংসেশ্বরীর মন্দির প্রত্যেক ১৲ টাকা মাত্র—ফটগ্রাফগুলি একবার দেখিলে বাধিত হইব।

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মতামত নহে।

আচার প্রবন্ধ।

নৈমিত্তিকাচার প্রকরণ।

প্রথম অধ্যায়।

ব্রত, পূজা, পর্ব্বাদির বিষয়।

পূর্ব্ববর্ণিত চারিটী সূত্রের স্মৃতি জাগরূক রাখিয়া অন্যান্য দেবদেবীর মূর্ত্তির ব্যাখ্যা করিতে প্রবৃত্ত হইলে অনেকানেক নূতন ভাবের প্রকাশ এবং নূতন নূতন সূত্রেরও আবিষ্কার হয়। ইহাও স্মরণ রাখা আবশ্যক যে, সকল দেবতারই ধ্যান সেই পরব্রহ্মের পূর্ণ বা অপূর্ণ বিকাশের চেষ্টামাত্র। সুতরাং অভেদ-জ্ঞান-সম্পন্ন আর্য্য শাস্ত্র দেবতার নাম এক রাখিয়াও ভিন্ন ভিন্ন ধ্যানে পরব্রহ্মের অংশ বিকাশ ভিন্ন ভিন্ন পরিমাণে ভিন্ন ভিন্ন রূপে করিতে পারেন যথা ;—মহাদেব কোন ধ্যানে পরব্রহ্ম, কোন ধ্যানে মহাকাল, কোন ধ্যানে জীব, কোন ধ্যানে পৃথিবী বা জল স্বরূপ। এই কথার উদাহরণ স্বরূপে অপর কয়েকটী দেবমূর্ত্তি লইয়া বিচার করা যাইতেছে।

(ঘ) কালিকা দেবীর ধ্যানে দৃষ্ট হয় যে, তিনি কৃষ্ণবর্ণা, চতুর্ভুজা, গলে মুণ্ডমালা এবং হস্তে সদ্যশ্ছিন্ন মুণ্ড ধারিণী, অভয় এবং বরদাত্রী, দিগম্বরী, মুণ্ডমালার রক্তে ভূষিতা, দুইটী শব বা বাণ ইহাঁর দুই কর্ণের ভূষণ, ইনি ঘোর দংষ্ট্রা, পীনোন্নত পয়োধরা, শবের কর-সংঘাতে বিনির্ম্মিতকাঞ্চী ধারিণী, হৃৎকমলের হইতে গলদ্রক্তা, শ্মশানালয়বাসিনী, ত্রিনয়না, মহাদেবের হৃদয়স্থিতা, চতুর্দ্দিকে শিবাগণ দ্বারা বেষ্টিতা, মহাকালের সহিত বিপরীতরতাতুরা, এবং সুখ-প্রসন্ন-বদনা।

এই ধ্যানের মধ্যে দৃষ্ট হইতেছে যে, কালিকা চতুর্ভুজা, অতএব প্রথম সূত্রানুসারে ইনি মুক্তিদাত্রী পরব্রহ্ম স্বরূপা; কালিকা ত্রিনয়না, অতএব দ্বিতীয় সূত্রানুসারে ইনি বিরাট বা বিশ্বরূপিণী; কালিকা মহাকালের হৃদয়োপরি অবস্থিতা, অতএব প্রকৃতির বৈষম্যাবস্থা, অর্থাৎ সৃষ্টি-রূপিনী; কালিকা রুধির চর্চ্চিতা অতএব (তিনি ঘোর কৃষ্ণবর্ণা অর্থাৎ একান্ত অপরিজ্ঞেয়া হইয়াও) চতুর্থ সূত্রানুসারে জীব-বোধক রক্তবর্ণ দ্বারা বিভূষিতা।

পূর্ব্ব সূত্রগুলির প্রয়োগ এই পর্য্যন্ত বুঝা গেল। কিন্তু অপর কতকগুলি বিষয় বুঝিবার প্রয়োজন আছে; যথা (১) মুণ্ডমালা কি? (২) হস্তধৃত সদ্যচ্ছিন্ন মস্তক কি? (৩) দুইটী কর্ণের ভূষণ শব বা বাণ দুইটী কি? (৪) জীবের করসংঘাত বিনির্ম্মিত কাঞ্চী কি? (৫) শ্মশানালয় বাস কি? এবং (৬) শিবাগণের দ্বারা বেষ্টিত থাকাই বা কি?

মুণ্ডমালা অর্থে অকারাদি ক্ষকারান্ত অক্ষর মালা। অক্ষর দ্বারা সকল বস্তুরই নামরূপাদি লিখিত হইতে পারে, এই জন্য অক্ষরমালা সর্ব্ব দ্রব্যের স্বরূপ বলিয়া পরিগৃহীত। অতএব মুণ্ডমালা ভূষণে কালিকা দেবী যে সর্ব্বময়ী তাহাই ব্যক্ত হইল।

হস্তধৃত ছিন্নমস্তক ;—অহং বোধের দ্বারা সর্ব্ব হইতে জীবের বিচ্ছিন্ন ভাব। জীব অভিমান দোষে আপনাকে সর্ব্ব হইতে স্বতন্ত্র জ্ঞান করে; আপনাকে সর্ব্বেরই অংশমাত্র মনে করে না, কিন্তু জীব সর্ব্ব কর্ত্তৃক ধৃত হইয়া না থাকিলে তাহার স্থিতিই অসম্ভব হয়। জীবের সহিত সর্ব্বেশ্বরীর প্রকৃত ভাবের অভিব্যক্তি হইল।

দুইটী কর্ণের ভূষণ শব বা বাণ দুইটী—চন্দ্র এবং সূর্য্য। দক্ষিণা কালী দেবীকে উত্তরাভিমুখী মনে করিয়া কৃষ্ণবর্ণ আকাশ তাঁহার কৃষ্ণবর্ণ কেশের স্থানীয় এবং সেই কেশদাম আলুলায়িত দেখিলেই বুঝিবে যে, পূর্ব্বচক্রবাড়ে পূর্ণিমার চন্দ্র এবং পশ্চিম চক্রবাড়ে অস্তগামী সূর্য্য, ইহারাই দেবীর দুই কর্ণের দুইটী বলয় স্বরূপ হইয়া আছে। ধূমাবতীর স্তোত্রে এই কথা স্পষ্টই উক্ত হইয়াছে, যথা "বামে কর্ণে মৃগাঙ্কং প্রণয় পরিগতং দক্ষিণে সূর্য্য বিম্বং"।

শবের কর-সংঘাত বিনির্ম্মিত কাঞ্চী—ভূতপঞ্চক কর্ত্তৃক যে দেবীর শরীর আবৃত রহিয়াছে, এই তথ্যের জ্ঞাপক। শব * শব্দের অর্থ জল। জল পঞ্চ ভূতের স্থানীয়। অতএব সৃষ্টি কর্ত্রী কালিকার আবরণ পঞ্চভূত। ফলতঃ আমরা পঞ্চভূতের কৃতি বা ভগই দেখিতে পাই। উহার ভিতরে আদ্যাশক্তির গূঢ়ভাবে অবস্থান অনুভব দ্বারা বুঝিতে হয়।

শ্মশানালয় বাস অর্থে—পঞ্চভূত মধ্যে অবস্থিতি।† অর্থাৎ ভূতপঞ্চক যথায় অবস্থিতি করে সৃষ্টি-শক্তি তাহাতেই অনুপ্রবিষ্টা।

শিবাগণ বেষ্টিত—অর্থে সমূহ মঙ্গল ; দান বিশিষ্টা।

কালিকা দেবীর রূপক ধ্যানটীর উল্লিখিত ব্যাখ্যা হইতে যে কয়েকটী সূত্রের সঙ্কলন হয় তাহা সংক্ষেপে বলা যাইতেছে। (১) কৃষ্ণবর্ণতা—অপ্রতর্ক্যতা বা অপরিজ্ঞেয়তার দ্যোতক (২) মুণ্ডমালা—বর্ণমালার স্থানীয় (৩) ছিন্নমুণ্ড—জীবের অহং-স্বাতন্ত্র্যের (৪) দিগম্বরত্ব সর্ব্বব্যাপকত্বের জ্ঞাপক, (৫) ঘোরদংষ্ট্রা—বিনাশ শক্তির বোধক, (৬) পীনোন্নত পয়োধর—পালনশক্তিতা, (৭) শবকীষ্বয় হইতে গলদ্রক্তা—বিনাশ হইতেই জীবের সৃষ্টি, এই তথ্যের প্রকাশ। (৮) বিপরীতরতাতুরা, অর্থাৎ শক্তি নিবেশ ব্যতিরেকে শুদ্ধকাল স্বধর্ম্মে সৃষ্টি হয় না এই তথ্যের সংস্থাপন।

---

* শব—জল (মেদিনী)

† শ্মশান—মহাভূতাপি ভূতানি প্রলয়ে সমুপস্থিতে।
শেরতেঽত্র শবোভূত্বা শ্মশানং তদ্বিদোঽব্রুবন্।

‡ শিবা—শিবং কল্যাণং ভবতি অস্যাঃ।

অম্বর।

(২)

একদা রাজাজীর মনোগামী দেহ দ্বারকার কৃষ্ণ মন্দিরের দ্বারদেশে দুই হস্ত দুই চৌকাঠে দিয়া অবস্থিত আছেন। এমন সময়ে রাজ্ঞী পশ্চাদ্ভাগে উপস্থিত হইলেন। তিনি রাণীকে চিনিতে পারেন নাই। সুতরাং কহিলেন "ভগিনি, আমাকেও শ্রীকৃষ্ণ দর্শন করিতে দাও।" রাণী তাহা শুনিয়া রাজাকে পথ দিলেন ও স্বয়ং প্রস্থান করিলেন। পরে নিশিযোগে রাজা যখন পর্য্যঙ্কোপরি আসীন ছিলেন, তখন রাণী ভূমিতে উপবেশন করিয়া কথোপকথন করিতে লাগিলেন। ইহার কারণ জিজ্ঞাসা করিলে রাণী কহিলেন "আমি দ্বারকাতেও আপনার ভগিনী—এখানেও আপনার ভগিনী।" রাজা সমস্ত বৃত্তান্ত স্মরণ করিয়া অপ্রতিভ হইলেন। সেই অবধি রাণী আর মহিষীর পদবী গ্রহণ করেন নাই। যে গৃহে তিনি থাকিতেন সেই গৃহ এখনও রাণীবাইয়ের গৃহ বলিয়া বিখ্যাত। নূতন রাজা বিরাজিত হইয়া

অবশাই একবার নবপরিণীতা বধূর সহিত সেই কক্ষে বসিতেন। অদ্যাপি এই প্রথা চলিয়া আসিতেছে।

আমি যে পূজারীর নিকট এই সকল গল্প শুনিলাম, তাহার নাম ধন্নালাল। ধন্নালাল আরও কহিল যে, পন্তহর নৃসিংহজীর মন্দিরের সম্মুখ হইতেই গোমতী স্রোত বহমান। অদ্যাপি সেই সরু গর্ত্ত পূজিত হইয়া থাকে এবং উহা হইতে এখনও জল উঠে। পন্তহরের তপস্যা ফলে শ্রীকৃষ্ণেরও এক চরণপদ্ম সিঁড়ির উপর স্থাপিত হয়। তাহাও অদ্যাপি পূজিত হইয়া থাকে। শ্রীকৃষ্ণের অপর চরণপদ্ম চরণপর্ব্বতে আছে।

মানসিংহের সময়ে এই বাটীর আরও কিঞ্চিৎ বৃদ্ধি হয়। মির্জা রাজা জয়সিংহের সময়ে এই বাটী পরিত্যক্ত হয়। তিনিই উপত্যকায় কেন্দ্র ভূমি হইতে উত্থিত একটী গিরিশীর্ষের উপর নূতন প্রাসাদ নির্ম্মাণ করেন। এই নূতন প্রাসাদের সাম্প্রদায়িক বৃত্তান্ত আমরা আর একটী প্রস্তাবে পাঠকবর্গকে শুনাইব।

কিন্তু ঐ প্রাচীন বাটীতে তাঁহার অবস্থানকালে তাঁহার জননী দময়ন্তীদেবী কর্ত্তৃক একটী মন্দির নির্ম্মিত দোলনক্ষ ১৭০২ সংবতে (১৬৪৬ খৃষ্টাব্দে) প্রতিষ্ঠিত হয়। ঐটী প্রস্তুত করিতে সওয়া লক্ষ টাকা ব্যয় হয়। মন্দিরটীতে নারায়ণের দশ অবতারের মূর্ত্তিসকল খোদিত আছে এবং বিবিধ বর্ণের প্রস্তর বসাইয়া সুন্দর সুন্দর পক্ষীও চিত্রিত হইয়াছে। হিন্দোলার অঙ্গেই স্থাপয়িত্রীর নাম ও তারিখ লিখিত আছে, তথাপি বিশ্বকোষ অভিধানে জয়সিংহের মহিষী সৌদামিনী কর্ত্তৃক উহা প্রতিষ্ঠিত একথা কেন লেখা হইল তাহা বুঝিলাম না।

বালাবাইয়ের কক্ষ হইতে পশ্চিম দিকস্থিত জয়গড় নামক গিরিদুর্গ পর্য্যন্ত ভূমিগর্ভ দিয়া সুরঙ্গ আছে। সুরঙ্গে প্রবেশ করিবার দুইটী পথ। দ্বিতীয়টী ঐ ঘরের ভিতর দিয়া নহে। আমরা নামিয়া বিংশ পদ মাত্র গিয়াছিলাম, পরে সংকীর্ণতা ও অন্ধকার বাড়িতে লাগিল। ধন্নালাল কহিল আর কিছু দূর পরেই প্রস্তর দ্বারা পথ বন্ধ করা আছে। সুরঙ্গটীর দৈর্ঘ্য অন্ততঃ তিন মাইল হইবে।

আমি ধন্নালালকে জিজ্ঞাসা করিলাম যে পুরাতন লিপি বা খোদিত প্রস্তর কিছু পাওয়া যাইতে পারে কি না? ধন্নালাল কহিল যে বর্ত্তমান মহারাজ মাধবসিংহ এইরূপ অনুসন্ধিৎসু হন। তাহাতে পুরোহিতেরা পূর্ব্বরাজগণের লিখিত তারিখযুক্ত তাম্রফলকাদির উল্লেখ করে। প্রাচীন রাজারা আপনাদের প্রধান প্রধান কার্য্যগুলি লিপিবদ্ধ করিয়া যান এবং ইচ্ছা প্রকাশ করিয়া যান যে বংশধরগণ সেইরূপ কার্য্য করেন। ঐ সকল লিপি সাধারণের প্রাপ্তব্য নহে। মহারাজ মাধবসিংহ তাম্রফলকাদির অস্তিত্ব অবগত হইয়া সন্তুষ্ট হন।

এখানে প্রসঙ্গক্রমে বলি; হিন্দুদের ইতিহাস নাই বলিয়া যে সাধারণতঃ একটী ধারণা আছে সেটী অমূলক। এরূপ কুলকীর্ত্তিপ্রগল্ভ জাতি যে আপন ইতিহাস রক্ষায় উদাসীন হইতে পারে ইহা প্রথমতই অসম্ভব বোধ হয়। দ্বিতীয়তঃ হিন্দুরা সন তারিখ ব্যতীত কদাপি মন্দির নির্ম্মাণ করেন। সহস্র বৎসরের অধিক হইল গৃহস্থ প্রতিষ্ঠিত মন্দির সমূহের সাল তারিখ ও স্থাপয়িতার নাম দেখিয়া লও। অনেক জৈনমূর্ত্তিরই উপরে ঐ সকল বৃত্তান্ত লিখিত আছে। দ্বিতীয়তঃ এদেশে বিখ্যাতবংশীয়দিগের প্রত্যেকেরই কুলাখ্যাতা ভট্টচারণাদি আছে। তাহারা পুরুষানুক্রমে জীবিকা ভোগ করে। আসল কথা এই ভারতবর্ষে অনেক রাষ্ট্রবিপ্লব হইয়া গিয়াছে, এক একটী বংশই ঝাড়ে মূলে ধ্বংস হইয়া গিয়াছে, তাহাদের কুলাখ্যাতাদেরও ঐ দশা ঘটিয়াছে। সুতরাং সে সকল বংশের বৃত্তান্ত সুদুর্লভ। দ্বিতীয়তঃ মুসলমানেরা যখন ভারতকে করবলিত করিল তখন তাহাদেরই জয়ডঙ্কা শব্দে দেশ পূরিত হইল। আমাদের মৃদুস্বর শুনে কে? সুতরাং অনেক পুঁথি পত্র কেবল কীটের সেব্য হইয়া রহিল। কিন্তু এখনও ইতিহাসের উদ্ধার হইতে পারে। চেষ্টা ধনীলোকেদের হাতে।

প্রাচীন মহলের চতুর্দ্দিকে গৃহস্থের পুরাতন এবং নূতন বাটী, দোকান ও মন্দিরাদি আছে। পশ্চিম দিকে জয়গড়ের উত্তরে ও দূরস্থ কুণ্ডলগড়ের পূর্ব্বে এক প্রকাণ্ড অধিত্যকাশায়ী জলাশয় আছে। সেই হ্রদটী চতুর্দ্দিকে গিরি বেষ্টিত হওয়াতে প্রাচীরের দ্বারা তথায় গমনের পথ অনায়াসে বন্ধ করা যায়। বাস্তবিক উর্দ্ধে একটী প্রাচীর ও তাহাতে একটী দ্বার দৃষ্ট হয়। ঐ দ্বারে সর্ব্বদা কুলুপ দেওয়া আছে। রাজ হইতে বিশেষ অনুমতি প্রাপ্ত না হইলে তথায় কাহারও যাইবার অধিকার নাই।

জয়গড় নামক দুর্গে মানসিংহ প্রভৃতি প্রাচীন রাজাদিগের নানা দেশ হইতে লুণ্ঠিত ধনরত্ন ও পরিচ্ছদাদি সংরক্ষিত। একটী বিজয়স্তম্ভও এই দুর্গে সন্নিবেশিত।

অম্বর নগরের মধ্য ও প্রাচীন মহল হইতে অনেকটা দূরে উত্তর-পূর্ব্বদিকে মোগলের জয়চিহ্ন স্বরূপ জুম্মা মসজিদের ধ্বজা দেখিতে পাওয়া যায়। সেই মসজিদে একজন কাজী আছেন। রাজ হইতে প্রদত্ত তাঁহার গ্রাম আছে। মানসিংহের দুই এক পুরুষ পূর্ব্ব হইতেই রাজারা মোগলদিগের অধীনস্থ হন। মানসিংহ স্বীয় বুদ্ধি ও বাহুবল প্রভাবে মোগলের অধীনতাবস্থাতেই বহুল উন্নতিসাধন করিয়াছিলেন। শুনা যায় আকবর সাহ আজমীর যাত্রাকালে আমের হইয়া যান। তাঁহাকর্ত্তৃকই তৎকালে ঐ জুম্মা মসজিদ স্থাপিত হয়। দিল্লী হইতে অম্বর পর্য্যন্ত পথে মধ্যে মধ্যে কূপও ধ্বংসাবশিষ্ট পান্থনিবাস সকল আছে।

আমরা পূর্ব্বে বলিয়াছি যে অম্বর সহরটী চতুর্দ্দিকে পর্ব্বত বেষ্টিত। কিন্তু দক্ষিণ দিকের পর্ব্বতের উচ্চতা অল্প। জয়পুর হইতে আমেরে যাতায়াতকালে তাহার উপরে উঠিয়া আবার নামিতে হয়। আমেরের ঈশান কোণের দিকে কেবল অতি অল্প স্থান পর্ব্বতশূন্য। সুতরাং আমেরের কেন্দ্রস্থিত পর্ব্বতোপরি যে রাজবাটী আছে, সেই রাজবাটী হইতে দৃষ্টিপাত করিলে কেবল ঈশান কোণের দিকেই সুদূরবর্ত্তী সমতল ক্ষেত্র দেখিতে পাওয়া যায়। এই গিরিগর্ভস্থ নগরের দৈর্ঘ্য দুই ক্রোশ হইবে এবং বিস্তার কোন স্থলেই অর্দ্ধ ক্রোশের অধিক হইবে না। কোন পরিব্রাজক যদি জয়পুর হইতে আমের গমন করে তাহা হইলে সে দক্ষিণভাগস্থ অনুন্নত শৈল ভাগটী অতিক্রম করিয়া আমেরে প্রবেশ করিবে। প্রবেশ করিলে কিয়দ্দূর কতকগুলি প্রাচীন উদ্যান পথের দুই পার্শ্বে তাহার দৃষ্টিগোচর হইবে। পরে একটী বিস্তৃত জলাশয়। সে জলাশয়টী 'আমের কা মাওটা' নামে প্রসিদ্ধ। এই জলাশয়ের উত্তরে দিলারাম নামক উদ্যান এবং পশ্চিমে আমেরের রাজবাটী। ইহা একটী ক্ষুদ্র পর্ব্বতের উপর অবস্থিত। পর্ব্বতটীর সমস্ত মস্তকটীই রাজবাটীতে আবৃত। চতুঃসীমাবর্ত্তী পর্ব্বত হইতে ইহার উচ্চতা অল্প। সুতরাং কোন দিক হইতেই বাহিরের কিছু দেখিবার জো নাই।

কেবল পূর্ব্বকথিত ঈশান কোণস্থিত গিরিপথ দিয়া দূরবর্ত্তী গ্রাম ও ক্ষেত্র সকল নয়নগোচর হয়। রাজবাটীতে উঠিলে সহরের সমস্ত বাটী, উদ্যান এবং সরোবর নিম্নে পড়িয়া থাকে।

——"শোভিল চৌদিকে"
কাঞ্চনসৌধ কিরীটিনী লঙ্কা"

ভাবের সৃষ্টি হয়। নিম্নে যে তড়াগটীর কথা বলা হইয়াছে সেই তড়াগের বীচিমালা নিরন্তর রাজবাটীর নিম্নবর্ত্তী সানুপদেশে আঘাত করিতেছে। একটী রমণীয় উদ্যান তট হইতে জলের মধ্যভাগ পর্য্যন্ত চলিয়া গিয়াছে। একটী গুপ্ত পথ দিয়া রাণীরা পূর্ব্বে এই উদ্যানে চলিয়া যাইতে পারিতেন। উপর হইতে সরোবর ও উদ্যান সকলের দৃশ্য নিতান্ত নয়নতর্পণ প্রতীয়মান হয়।

দিলারাম প্রভৃতি উদ্যান অতিক্রম করিয়া রাজবাটীতে ঈশান কোণের দিক হইতে উঠিতে হয়। সুতরাং "বাহির দেউড়ী" অন্যান্য মহলের উত্তর ভাগে অবস্থিত। বাহির দেউড়ীর মধ্যভাগে "দাওয়ানে খাস" (সাধারণ সভা) নামক মহল ও শিলাদেবীর মন্দির। এই শিলাদেবীর কথা পশ্চাতে বলিব। ইহার দক্ষিণে "দাওয়ানে খাস" (বিশেষ সভা) ও 'রসোড়া' (রাঁধিবার মহল) ইহার দক্ষিণে "জনানা মহল" (অন্তঃপুর)। বাহির দেউড়ী হইতে জনানা মহল পর্য্যন্ত এই সমস্ত ব্যাপার ব্যতীত তিলমাত্র বাজে জমী নাই। রাজবাটী হইতে পূর্ব্বদিকে উঠিবার ও নামিবার যেমন পথ আছে। তেমনি পথ চারি দিকেই আছে। পূর্ব্বোক্ত অনেকগুলি পথ এখন লোপ পাইয়াছে। এই অট্টালিকা মহারাজ মানসিংহের সময় হইতে আরম্ভ হইয়া মহারাজ প্রথম জয়সিংহের সময় পর্য্যন্ত বৃদ্ধিপ্রাপ্ত হইয়াছিল।

এডুকেশন গেজেট।

১০ই ভাদ্র ১৩০০। ইং ২৫শে আগষ্ট ১৮৯৩।

গোলযোগের নিবৃত্তি।

বোম্বাইয়ের গোলযোগ মিটিয়াছে। দাঙ্গার কয়েক দিন দোকানী পসারীরা দোকান বন্ধ রাখিয়াছিল। এক্ষণে সকলেই আবার আপন আপন দোকান পাট খুলিয়া পূর্ব্বের ন্যায় খরিদ বিক্রয় আরম্ভ করিয়াছে। মজুরেরা কয়েক দিন যাবৎ আপন আপন স্ত্রী পুত্র পরিবার ফেলিয়া কলে কাজ করিতে যাইতে সাহস করে নাই, গোলযোগের শান্তি বুঝিয়া তাহারাও এক্ষণে স্ব স্ব কার্য্যে প্রবৃত্ত হইয়াছে। সাধারণের মনে এই দাঙ্গা ব্যাপারে যে ভয়ানক একটা আতঙ্ক জন্মিয়াছিল, এক্ষণে অনেকাংশে তাহা ঘুচিয়া গিয়াছে।

বোম্বাইয়ের প্রধান প্রধান হিন্দু মুসলমানগণ মিলিয়া উভয় জাতির মধ্যে যাহাতে সদ্ভাব সংস্থাপিত হয় তজ্জন্য বিশেষ যত্ন পাইতেছেন। এই উপলক্ষে সে দিন তাঁহারা একটি প্রকাশ্য সভা করিয়াছিলেন। সভা হইতে মহারাষ্ট্রীয়, গুজরাটী ও উর্দ্দু ভাষায় নিম্নলিখিত মর্ম্মে পঁচিশ হাজার সংখ্যক বিজ্ঞাপন ছাপাইয়া হিন্দু মুসলমান সাধারণের মধ্যে বিতরণ করা হইয়াছে।

"মহারাণী ভারতেশ্বরীর অধীনস্থ হিন্দু ও মুসলমান প্রজাবর্গ সকলেরই পরস্পারের মধ্যে সদ্ভাব বজায় রাখিয়া দেশের শান্তিসংরক্ষণে সাহায্য করা উচিত। দেশের শান্তি সম্যক্‌রূপে রক্ষিত না হইলে তাহার ফলে অনেকেরই প্রাণবিনাশ ঘটে এবং কোন পক্ষেরই উপকার না হইয়া তৎপরিবর্ত্তে বরং অপকারই সাধিত হইয়া থাকে। অতীত ব্যাপারে যাহা হইবার হইয়া গিয়াছে। এক্ষণে সেই অতীত বিষয় একেবারে ভুলিয়া যাইয়া উভয় পক্ষের মধ্যে যাহাতে সদ্ভাব ও শান্তি সংস্থাপিত হয় তদ্বিষয়ে সকলেই সযত্ন হন, হিন্দু মুসলমান উভয়ের নিকটই আমাদের এই অনুরোধ।"

ভারতবর্ষ এক্ষণে হিন্দু মুসলমান উভয়েরই মাতৃভূমি। হিন্দুর মনে কষ্ট দিতে অনিচ্ছু হইয়া অনেক স্থলের মুসলমানেরা গোহত্যা আদৌ করেন না। মুসলমানদিগের মধ্যে যে গোহত্যা হইয়া থাকে, হিন্দুর তাহা অবিদিত নাই, কিন্তু প্রকাশ্যে ঢাক-ঢোল বাজাইয়া ঐ কার্য্য হইত না বলিয়া ১০। ১৫ বৎসর পূর্ব্বে হিন্দুরা উহাতে কোনরূপই উচ্চবাচ্য করিতেন না। এক্ষণে যে জন্যই হউক কোথাও কোথাও মুসলমানেরা প্রকাশ্যে গোহত্যা কার্য্যে কিছু উৎসাহ প্রদর্শন করিতেছেন। হিন্দুদিগের মধ্যেও তজ্জন্য গোরক্ষার আন্দোলন বাড়িতেছে। হিন্দু ও মুসলমান প্রজার মধ্যে বহুকালের নির্ব্বাপিত বিদ্বেষভাব কেন পুনরুদ্দীপিত হইতেছে তাহার অনুসন্ধানে এবং দাঙ্গা হাঙ্গামাদির কারণ যাহাতে বিলুপ্ত হয় তাহার চেষ্টায় গবর্ণমেণ্টের বিশেষ দৃষ্টি পড়িয়াছে বলিয়াই বোধ হয়। উভয় পক্ষের সহিত ব্যবহারে স্থানীয় কর্ত্তৃপক্ষীয়েরা যদি প্রকৃত প্রস্তাবে ন্যায় পরায়ণ হইয়া লাট সাহেবদিগের অনুমোদিত পথে চলিতে পারেন তাহা হইলে উভয় পক্ষের মধ্যে বিবাদ বিসম্বাদ শীঘ্রই মিটিয়া যাইবে সন্দেহ নাই।

বাটার ক্ষতিপূরণ।

ভারতে গবর্ণমেণ্টের যে সকল ইউরোপীয় এবং ইউরেশীয় কর্ম্মচারী

ভারতের টাকায় বেতনাদি পাইয়া থাকেন, বাটার গোলযোগবশতঃ বিলাতে টাকা পাঠাইতে তাঁহাদিগকে অনেক দিন হইতেই অসুবিধা ভোগ করিয়া আসিতে হইতেছিল। সেই অসুবিধার যাহাতে নিরাকরণ হইতে পারে এরূপ কোন প্রতিকার বিধানের প্রার্থনা জানাইয়া তাঁহারা ভারতগবর্ণমেণ্টের নিকট আবেদন করিয়াছিলেন। ভারত গবর্ণমেণ্ট তাঁহাদের প্রার্থনায় সমানুভূতি প্রকাশ করিয়া প্রতিকার বিধানের জন্য ষ্টেট সেক্রেটরীকে অনুরোধ করিয়া পাঠান; কিন্তু মৌদ্রিক গোলযোগ সম্বন্ধে কোনরূপ একটা মীমাংসা না হওয়ায় ষ্টেট সেক্রেটরী এযাবৎ উহার কিছুই করিয়া উঠিতে পারেন নাই। আপাততঃ সেই মীমাংসা এক প্রকার হইয়া যাওয়ায় প্রতিকারের পথ উন্মুক্ত হইয়াছে। সকৌন্সিল ভারত গবর্ণমেণ্ট ষ্টেট সেক্রেটরীর অনুমতি লইয়া নিম্নলিখিতরূপ ব্যবস্থা করিয়া দিয়াছেন।

কোন কোন সরকারী কর্ম্মচারীর বেতন পাউণ্ডে নির্দ্দিষ্ট আছে। প্রচলিত বাটার হারে তাঁহারা টাকায় বেতন পাইয়া থাকেন। এই সমস্ত কর্ম্মচারী ভিন্ন কি সৈনিক কি অসৈনিক ইউরোপীয় অথবা ইউরেশীয় সরকারী কর্ম্মচারী যদি ভারতে বসবাস না করিতে থাকেন তবে অতঃপর তাঁহারা আপন আপন পদের বেতন সওয়ায় স্বতন্ত্র একটি করিয়া ভাতা পাইবেন। ইহাদ্বারা তাঁহাদিগের বেতনের অর্দ্ধেক টাকা বিলাতে পাঠাইবার পক্ষে বাটা খরচা অনেকটা পোষাইয়া যাইবে। প্রতি টাকায় তথায় ১ শিলিং ৬ পেন্সের হিসাবে যাহাতে পড়ন হয় আপাততঃ সেই পরিমাণে উক্ত ভাতা দেওয়া হইবে। প্রচলিত বাটার হারে এক হাজার পাউণ্ডে যত টাকা হয় এবং ১ শিলিং ৬ পেন্সের হিসাবে এক হাজার পাউণ্ডে যত টাকা হয় উভয়ের অন্তর যত টাকা, তত টাকার অধিক ভাতা এক বৎসরে কোন কর্ম্মচারীকেই দেওয়া হইবে না।

মনে কর কোন কর্ম্মচারীর মাসিক বেতন ২ হাজার টাকা, এবং প্রচলিত বাটার হার ১ শিলিং ৪ পেন্স। প্রথমতঃ, ১ শিলিং ৪ পেন্সে টাকা হইলে এক হাজার পাউণ্ডে ১৫ হাজার টাকা হয় এবং ১ শিলিং ৬ পেন্সের হিসাব ধরিয়া ১ হাজার পাউণ্ডে ১৩৩৩৲ টাকা হয়। ঐ দুইয়ের অন্তর ১৬৬৬৲ টাকা। অতএব বুঝা গেল যে উক্ত কর্ম্মচারীকে এক বৎসরে ১৬৬৬৲ টাকার অধিক ভাতা দেওয়া হইবে না। দ্বিতীয়তঃ, তাঁহার বেতন মাসে ২ হাজার টাকা হইলে উহার অর্দ্ধেক ১ হাজার টাকা প্রচলিত বাটার হারে ৬৬৲ পাউণ্ডের সমান, কিন্তু নূতন ব্যবস্থানুসারে অর্থাৎ ১ শিলিং ৬ পেন্সের হিসাব ধরিয়া এক্ষণে উহা ৭৫ পাউণ্ডে দাঁড়াইবে। সুতরাং উক্ত কর্ম্মচারী পূর্ব্বে যেখানে ৬৬৲ পাউণ্ড পাইতেছিলেন এখন সেস্থলে তাঁহাকে ৭৫ পাউণ্ড অর্থাৎ শতকরা আর ১২॥ পাউণ্ড বেশী দেওয়া হইবে। তিনি মাসে বেতন সওয়ায় (৭৫ - ৬৬৲ = ৮৴) পাউণ্ড বা ১২৫ টাকা ভাতাস্বরূপ অতিরিক্ত পাইবেন।

উল্লিখিত কর্ম্মচারিগণ এই অতিরিক্ত ভাতার টাকা মাসে মাসে বেতনের সঙ্গে পাইবেন। তাঁহারা বিলাতে টাকা পাঠান আর নাই পাঠান স্ব স্ব বেতনের অর্দ্ধেকের পরিমাণে এই ভাতা পাইবেন। বেতনপ্রাপ্তি স্থলে তাঁহাদিগকে যে যে নিয়মের অধীন হইয়া চলিতে হয়, ভাতাপ্রাপ্তি স্থলেও সেই সেই নিয়মের অধীন হইয়া চলিতে হইবে।

বিগত ১লা এপ্রেল হইতে এই নিয়মানুযায়ী কার্য্য চলিতে থাকিবে। এপ্রিল হইতে জুন পর্য্যন্ত তিন মাসের প্রচলিত বাটার গড় হার ১ শিলিং ২৲ পেন্স এবং জুলাই হইতে সেপ্টেম্বর পর্য্যন্ত তিন মাসের গড় হার ১ শিলিং ৩৲ পেন্স; সুতরাং উল্লিখিত কর্ম্মচারিগণ এপ্রিল অবধি ৩ মাস আপন আপন বেতনের উপর অতিরিক্ত শতকরা ১০·৮১ টাকা এবং তৎপরবর্ত্তী ৩ মাস শতকরা ৭·৬ টাকার হিসাবে ভাতা পাইবেন।

খিলাতের খাঁ।

বেলুচিস্থানের রাজধানী খিলাতের খাঁ ব্রিটিস গবর্ণমেণ্টের আশ্রিত। মীর খোদাদাদই এযাবৎ খিলাতের খাঁ ছিলেন। বিগত মার্চ মাসে গবর্ণর জেনারেল বাহাদুরের বেলুচিস্থানস্থ এজেণ্ট ভারত গবর্ণমেণ্টের নিকট এই মর্ম্মে এক রিপোর্ট দাখিল করেন যে, মীর খোদাদাদ বিগত ২৮এ মার্চ তারিখে বাঘ নামক স্থানে খিলাত রাজ্যের মন্ত্রী ফকির মহম্মদকে হত্যা করিয়াছেন। এতদ্ব্যতীত মন্ত্রীর পুত্র গুলাম ফরখ্, মন্ত্রীর পিতা নায়েব আবদুল আজিজ এবং মন্ত্রীর বিশ্বস্ত এজেণ্ট সের দাদ—ইহাঁরা ও

খাঁকর্ত্তৃক নিহত হইয়াছেন। ভারত গবর্ণমেণ্ট খাঁর নিকট হইতে এতৎসম্বন্ধে কৈফিয়ৎ চাহিয়া পাঠান এবং তাঁহাকে বেল্লপটের ইংরেজ রাজনৈতিক এজেণ্টের সহিত সাক্ষাৎ করিতে বলিয়া দেন; তদনুসারে খাঁ বেল্লপটে গমন করেন এবং তথা হইতে রাজনৈতিক এজেণ্টের সমভিব্যাহারে কোয়েটায় আইসেন। কোয়েটায় গবর্ণর জেনারেল বাহাদুরের এজেণ্ট স্যর জেম্‌স্ ব্রাউন সাহেব দেশীয় প্রধান প্রধান সর্দ্দারগণের সাহায্যে খাঁর চরিত্র বিষয়ক অনুসন্ধানে প্রবৃত্ত হন। রীতিমত অনুসন্ধানের পর ব্রাউন সাহেব সাক্ষীদিগের জবানবন্দীসহ ভারত গবর্ণমেণ্টের নিকট যে বিস্তৃত এক রিপোর্ট দাখিল করেন সেই রিপোর্ট এবং বেলুচী সর্দ্দারগণের মন্তব্য—উভয়ের সম্যক্ পর্য্যালোচনা করিয়াই ভারত গবর্ণমেণ্ট নিম্নলিখিতরূপ সিদ্ধান্তে উপনীত হইয়াছেন।

উল্লিখিত ব্যক্তিগণের হত্যা বিষয়ে মীর খোদাদাদ খাঁই যে দায়ী, বিশিষ্ট প্রমাণসমূহের দ্বারা সে বিষয় নিসংশয়িতরূপে সাব্যস্ত হইয়াছে। এতদ্ভিন্ন গত বৎসরের অপরাপর হত্যাকাণ্ড ও অঙ্গচ্ছেদনাদিরূপ শাস্তি বিধানবিষয়ে তাঁহারই দায়িত্ব সপ্রমাণিত হইয়াছে। তিনি যে রাজ্যশাসন ব্যাপারে প্রজাবর্গকে উৎপীড়ন করিয়াছেন এবং তাহাদের উপর নিষ্ঠুর আচরণ করিয়াছেন, সে বিষয়েরও যথেষ্ট প্রমাণ হইয়াছে।

বেলুচী সর্দ্দারদিগের বিবেচনায় মীর খোদাদাদের বিরুদ্ধে যে সমস্ত অভিযোগ উপস্থিত করা হইয়াছিল সকলগুলিই তাঁহার বিরুদ্ধে প্রমাণিত হইয়াছে। এক্ষণে তাঁহাদের এই অনুরোধ যে মীর খোদাদাদকে রাজ্যচ্যুত করিয়া তাঁহার জ্যেষ্ঠ পুত্র মীর মামুদ খাঁকে ঐ পদে বসান হয়। খাঁ কিন্তু নিজেই পদত্যাগ করিয়া পদত্যাগ ব্যাপার যাহাতে ভারত গবর্ণমেণ্টের অনুমোদিত হয় এবং ভারত গবর্ণমেণ্ট যাহাতে তাঁহার স্থানে তাঁহার জ্যেষ্ঠ পুত্র মামুদ খাঁকে অভিষিক্ত করেন তজ্জন্য প্রার্থনা করিয়াছেন।

সকৌন্সিল গবর্ণর জেনারেল বাহাদুরের বিবেচনায়, মীর খোদাদাদ খাঁ যে সকল কার্য্য করিয়াছেন, তজ্জন্য তাঁহাকে রাজ্যচ্যুত করাই উচিত। কিন্তু মীর খোদাদাদের পদগৌরব এবং তিনি অনেক বৎসর ধরিয়া ব্রিটিস গবর্ণমেণ্টের মিত্র—কেবল এই বিবেচনায় সকৌন্সিল গবর্ণর জেনারেল তাঁহার স্বতঃপদত্যাগ ব্যাপারে অনুমোদন করিয়াছেন।

এই সকল বিবেচনায় অতঃপর মীর মামুদ খাঁ তাঁহার পিতার স্থানে খিলাতের খাঁর পদে অভিষিক্ত হইবেন। রাজ্য মীর খোদাদাদ খাঁর হস্ত হইতে মীর মামুদ খাঁর হস্তে আনায় ব্রিটিস গবর্ণমেণ্টের সহিত খিলাত রাজ্যের সম্বন্ধের কোনরূপ পরিবর্ত্তন হইবে না। সম্বন্ধ পূর্ব্বে যেরূপ ছিল এখনও সেইরূপ রহিল। মীর মামুদ পিতার যাবতীয় স্বত্ব ও সুবিধার অধিকারী হইলেন।

পুলিসের সব ইনস্পেক্টর নিয়োগ বিষয়ক নিয়মাবলী।

বাঙ্গাল গবর্ণমেণ্টের অধীনস্থ পুলিস বিভাগে ২৫ জন সব ইনস্পেক্টরের পদ খালি হইবে। ঐ পদগুলিতে উপযুক্ত লোক বাছিয়া নিযুক্ত করিবার জন্য আগামী ১৪ই ও ১৫ই ডিসেম্বর তারিখে একটি প্রতিযোগি-পরীক্ষা গৃহীত হইবে। প্রেসিডেন্সী, রাজসাহী ও বর্দ্ধমান বিভাগের পরীক্ষার কেন্দ্র স্থান কলিকাতা নির্দ্দিষ্ট হইয়াছে। পাটনা, ভগলপুর ও ছোট নাগপুর বিভাগের পরীক্ষা বাঁকীপুরে গৃহীত হইবে; ঢাকা ও চট্টগ্রাম বিভাগের পরীক্ষার কেন্দ্র ঢাকায় এবং উড়িষ্যা বিভাগের পরীক্ষাকেন্দ্র কটকে হইবে স্থির হইয়াছে।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের প্রবেশিকা পরীক্ষোত্তীর্ণ ছাত্র ২৫ বৎসরের অনধিক বয়স্ক না হইলে এবং ৩০ বৎসরের অনধিক বয়স্ক পুলিসের 'হেড কনষ্টেবল' জেলার ম্যাজিষ্ট্রেটের অনুমতি পাইলে পরীক্ষা দিবার জন্য দরখাস্ত করিতে পারিবেন।

পরীক্ষার্থিগণের সচ্চরিত্র এবং সম্ভ্রান্ত বংশীয় হওয়া আবশ্যক। তাঁহারা যে ঘোড়ায় চড়িতে জানেন সে বিষয়ে তাঁহাদিগকে জেলার ম্যাজিষ্ট্রেটের স্বাক্ষরিত প্রশংসাপত্র দেখাইতে হইবে। ব্যায়ামাদি হেতু পুলিসের কাজের অযোগ্য হইলে এবং যে অঞ্চলে চাকরী পাইতে ইচ্ছা করেন সেই অঞ্চলের জলবায়ু সহনোপযোগী স্বাস্থ্য না হইলে কেহ পরীক্ষা দিতে পাইবেন না। স্বাস্থ্যসম্বন্ধে পরীক্ষার্থীকে আপন জেলার সিভিল সার্জ্জন

নের এবং কলিকাতায় হইলে কলিকাতা মেডিকেল কলেজের কোন অধ্যাপকের স্বাক্ষরিত প্রশংসাপত্র দেখাইতে হইবে। ডাক্তারের দ্বারা স্বাস্থ্য পরীক্ষা করাইবার জন্য ৪ টাকা ফি দিলেই চলিতে পারিবে।

পরীক্ষার দিনের অন্ততঃ ১ মাস পূর্ব্বে পরীক্ষার্থিগণকে জেলার ম্যাজিষ্ট্রেটের নিকট উল্লিখিতরূপ প্রশংসাপত্র সহ দরখাস্ত করিতে হইবে। তাঁহারা কোন্ কেন্দ্রে পরীক্ষা দিবেন, পরীক্ষায় উত্তীর্ণ হইলে কোন্ বিভাগে কাজ পাইতে ইচ্ছা করেন, দরখাস্তে তাহা লিখিয়া জানাইতে হইবে। হেড কনষ্টেবল ও রাইটর কনষ্টেবল ভিন্ন আর সকলকে পরীক্ষার ফি ৫ টাকা দরখাস্তের সঙ্গে পাঠাইতে হইবে।

পরীক্ষার বিষয়—(১) শ্রুতলিখন, চিঠি লেখা, কোন বিষয়ের সংক্ষেপ করণ (Precis) বাঙ্গালা, উড়িয়া অথবা হিন্দী হইতে ইংরেজী ভাষায় সামান্যরূপ অনুবাদ। ইউরোপীয় অথবা ইউরেশীয় হইলে এই তিনটি ভাষার যেটিতে ইচ্ছা পরীক্ষা দিতে পারিবেন। পূর্ণসংখ্যা ২০০। অর্দ্ধেক সংখ্যা না পাইলে কেহ কর্ম্ম পাইবার উপযুক্ত বলিয়া বিবেচিত হইবেন না। (২) সাধারণ বিষয়ে পরীক্ষার্থীর জ্ঞান পরীক্ষা। পূর্ণসংখ্যা ২০০। (৩) গণিত (পাটীগণিত, বীজগণিত ও বুককিপিং) পূর্ণ সংখ্যা ২০০। (৪) আইন (দণ্ডবিধি, ফৌজদারী কার্য্যবিধি ও সাক্ষ্যবিষয়ক আইন)। পূর্ণসংখ্যা ২০০। হেড কনষ্টেবল অথবা রাইটার কনষ্টেবল পরীক্ষার্থীদিগকে বীজগণিতের পরীক্ষায় পাস না হইলেও চলিবে। পরীক্ষার শেষোক্ত তিনটি বিষয়ে মোটের উপর এক তৃতীয়াংশ সংখ্যা রাখিতে হইবে। যে কয়েকটি পদে লোক লওয়া হইবে তাহার অর্দ্ধেক সংখ্যক পদে পরীক্ষোত্তীর্ণগণ গুণানুসারে মনোনীত হইবেন। যাঁহারা পরীক্ষায় এক তৃতীয়াংশ সংখ্যা রাখিয়াছেন তাঁহাদিগের মধ্য হইতে লোক লইয়া কমিসনর বাহাদুর অবশিষ্ট পদগুলিতে নিযুক্ত করিবেন।

খাস বাঙ্গালার অধিবাসিগণ বাঙ্গালার জেলাসমূহ ও মানভূমে কর্ম্ম পাইবেন; বেহারের অধিবাসিগণ বেহারের জেলাসমূহ এবং হাজারিবাগ ও লোহারডাগায়; আর উড়িষ্যাবাসিগণ উড়িষ্যা বিভাগে ও সিংহভূম জেলায় কর্ম্ম পাইবেন। তাঁহাদিগের সকলকেই যে কোন জেলায় ইচ্ছা বদলী করিতে পারা যাইবে।

কর্ম্মপ্রাপ্ত ব্যক্তিগণকে প্রথমতঃ ইনস্পেক্টর জেনারেলের মনোমত স্থানে দুই মাস কাল শিক্ষানবীসী করিতে হইবে। ঐ কাল মধ্যে তাঁহারা ড্রিল, সামান্যরূপ জরিপ, প্রভৃতি এবং ম্যাজিষ্ট্রেটের আদালতে মোকদ্দমা চালাইতে শিখিবেন। এই শিক্ষাকার্য্যে প্রশংসাপত্র পাইলে উক্ত দুই মাস পরে তাঁহাদিগকে ৫ম শ্রেণীর সব ইনস্পেক্টরী পদে নিযুক্ত করা হইবে। শিক্ষানবীসীর দুই মাস কাল মাসে ২০ টাকার হিসাবে তাঁহাদিগকে দেওয়া হইবে।

পরীক্ষার ১৫ দিন পূর্ব্বে ২৪ পরগণা, ঢাকা, পাটনা ও কটকের জেলার ম্যাজিষ্ট্রেটের নিকট লিখিয়া পাঠাইলে পরীক্ষার স্থান ও সময় জানিতে পারা যাইবে।

গাঁজার কমিসন বসিয়াছে। এযাবৎ কমিসনের নিকটে কেহই মৌখিক সাক্ষ্য দিতে আইসেন নাই। পাইওনিয়র শুনিয়াছেন "কেহ কেহ আপনাদিগের বক্তব্য লিখিয়া কমিসনের নিকট পাঠাইয়া দিয়াছেন এবং পরে আসিয়া মৌখিক সাক্ষ্য দিবেন এরূপ অভিপ্রায়ও প্রকাশ করিয়াছেন। প্রত্যেক প্রদেশে গাঁজা প্রভৃতি সম্বন্ধে বর্ত্তমান আবকারী নিয়ম কিরূপ প্রচলিত আছে কমিসন সর্ব্বাগ্রে তদ্বিষয়ে তথ্যসংগ্রহ করিবেন এবং সেই প্রচলিত নিয়মসম্বন্ধে কাহারও কোনরূপ আপত্তি আছে কি না তাহা দেখিবেন। এই কার্য্য শেষ হইয়া গেলে তবে কমিসন রীতিমত সাক্ষ্যগ্রহণ করিবেন। কমিসন কতকগুলি প্রশ্ন প্রস্তুত করিয়া স্থানীয় গবর্ণমেণ্ট সমূহের মধ্যে বিতরণ করিতেছেন। সাক্ষিগণ কমিসনের সম্মুখে আসিয়া এতৎসম্বন্ধে মৌখিক কোন কথা কহিবার পূর্ব্বে লিখিয়া ঐ সকল প্রশ্নের উত্তর প্রদান করিবেন। কমিসন সম্ভবতঃ বর্ত্তমান মাসের শেষ না হইতেই উত্তর পশ্চিম প্রদেশে গমন করিবেন।"

প্রাপ্তিস্বীকার ও সমালোচনা।

আমরা কৃতজ্ঞতা সহকারে নিম্নলিখিত পুস্তক কয়েকখানির প্রাপ্তি স্বীকার করিতেছি—

Administration Report on the Railways in India for 1892-93, by Lieutenant-Colonel R. A. Sargeaunt R. E. Director General of Railways—Part I.

সজ্জনতোষিণী—ভাদ্র ১৩০০।

বিহারবন্ধু—জুলাই ১৮৯৩।

সংস্কৃতচন্দ্রিকা—আষাঢ়, শকাব্দা ১৮১৫।

বেদব্যাস—শ্রাবণ, শক ১৮১৫।

কল্প—ভাদ্র ১৩০০।

পণ্ডিত (আর্য্যধর্ম্ম প্রচারক মাসিক পত্র)—১ম খণ্ড ৪র্থ সংখ্যা।

বিদ্যোদয় (মাসিক সংস্কৃত পত্র) ভাদ্র ১৩০০

তত্ত্ববোধিনী পত্রিকা—ভাদ্র ব্রাহ্ম সম্বৎ ৬৪।

জন্মভূমি—শ্রাবণ ১৩০০।

শ্রীমদ্ভগবদ্গীতা—শ্রীযুক্ত দামোদর মুখোপাধ্যায় বিদ্যানন্দ এম্ আর্ এ এস্ কর্ত্তৃক সম্পাদিত। ১ম খণ্ড। রয়েল ৮০ পৃষ্ঠায় সম্পূর্ণ। গীতার ১ম অধ্যায়ের প্রথমার্দ্ধ ১০টি মাত্র শ্লোক ও তাহার টীকাদিতেই এই ৮০ পৃষ্ঠা পূর্ণ হইয়াছে। এইরূপ এক এক খণ্ডের ৩০ খণ্ডে গীতা সমাপ্ত হইতে পারে বলিয়া সম্পাদক মহাশয় অনুমান করিয়াছেন। ১ম খণ্ডের ন্যায় যদি অপরাপর খণ্ডগুলিও এইরূপে সম্পাদিত হয় তাহা হইলে গীতার এই সংস্করণ প্রচলিত অপরাপর সংস্করণগুলির অপেক্ষা যে শ্রেষ্ঠ হইবে তাহাতে সন্দেহ নাই। এই খণ্ডে মূল, অন্বয়, বাঙ্গালা প্রতিশব্দ, বাঙ্গালা ব্যাখ্যা, শঙ্করাচার্য্য, রামানুজ ও বলদেব কর্ত্তৃককৃত ভাষ্য, আনন্দগিরি, শ্রীধর, মধুসূদন, নীলকণ্ঠ ও বিশ্বনাথকৃত টীকা, সুবিস্তৃত বাঙ্গালা তাৎপর্য্য, প্রভৃতি সন্নিবেশিত হইয়াছে। একাধারে এরূপভাবে এতগুলি টীকা প্রভৃতির সন্নিবেশ গীতার সংস্করণে এই প্রথম বলিয়া বোধ হয়। সম্পাদক শ্রীযুক্ত বিদ্যানন্দ মহাশয় এই গ্রন্থ খানির সর্ব্বাঙ্গীন পূর্ণতা সাধন বিষয়ে কৃতকার্য্য হন, ইহাই আমাদের প্রার্থনা।

A Digest of the English Entrance Course for 1894 in the form of Model Questions with answers by Chandra Mohan Chatterjee, Hd. Master, Kotalpore High English School, Bankura. গ্রন্থকার শিক্ষাবিভাগের একজন সুদক্ষ লোক। তাঁহার প্রণীত এই পুস্তক খানিতে পরীক্ষার্থিগণের উপকার দর্শিবে বলিয়াই আমাদের বিশ্বাস।

জ্ঞান ও ধর্ম্মের উন্নতি—শ্রীক্ষিতীন্দ্রনাথ ঠাকুর কর্ত্তৃক লিখিত। আদি ব্রাহ্মসমাজ যন্ত্র হইতে প্রকাশিত। গ্রন্থকার আদি ব্রাহ্মসমাজের প্রধান আচার্য্য—তাঁহার পূজ্যপাদ পিতামহ মহাশয়ের কয়েকটি উপদেশ বাক্য গ্রন্থনিবদ্ধ করিয়া 'জ্ঞান ও ধর্ম্মের উন্নতি' নাম দিয়া প্রকাশিত করিয়াছেন। উপদেশের বিষয়গুলি অতি গুরু হইলেও পুস্তকখানির ভাষা বেশ প্রাঞ্জল হইয়াছে। কাগজ ও ছাপা অতি উৎকৃষ্ট।

নিম্ন পুরস্কার পরীক্ষা সম্বন্ধীয় আদর্শ প্রশ্নাবলী—পাঠ, শব্দার্থ, হস্তলিপি, শ্রুতলিপি ধারাপাত প্রভৃতি বিষয়ক ছাত্রদিগের শিক্ষার্থ প্রয়োজনীয় উপদেশ সম্বলিত বয়েল ২৪ পৃষ্ঠায় সম্পূর্ণ পুস্তিকা। পুস্তকখানি পড়িলে নিম্নপুরস্কার পরীক্ষার্থীর উপকার হইতে পারিবে।

"স্বর্গীয় ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর"—শ্রীরজনীকান্ত গুপ্ত প্রণীত। বর্ত্তমান বর্ষের বিগত ১৩ই শ্রাবণ ৺ বিদ্যাসাগর মহাশয়ের স্মরণার্থ তাঁহার সংক্ষিপ্ত জীবনী বিষয়ে বিজ্ঞান সভা গৃহে রজনী বাবু যে প্রবন্ধটী পাঠ করিয়াছিলেন তাহাই এক্ষণে পুস্তকাকারে মুদ্রিত করিয়াছেন। প্রবন্ধটী পাঠে আমরা পরিতুষ্ট হইয়াছি।

দাসী—আগষ্ট ১৮৯৩, ২য় ভাগ, ২য় সংখ্যা। দাসীর আকারের এবং সেই সঙ্গে অপরাপর সৌষ্ঠবেরও উন্নতি হইয়াছে দেখিয়া আমরা আহ্লাদিত হইলাম। দাসীর উদ্দেশ্য সাধু।

ভারতভূষণ (বিবিধ বিষয় বিভূষিত সাপ্তাহিক পত্র)—বোম্বাই হইতে প্রতি রবিবারে নাগরী অক্ষরে ডিমাই ২ ফর্ম্মার পুস্তকাকারে প্রকাশিত হইতেছে—আমরা ইহার ২য় ৩য় ও চতুর্থ সংখ্যা পাইয়াছি। এই সংবাদপত্র খানি স্থায়ী হইলে এবং ইহার উত্তরোত্তর উন্নতি দেখিলে আমরা সুখী হইব।

দারোগার দপ্তর—('শঠে শাঠ্য' ও 'মার ধন চুরি') একত্রে এই দুই খানি পুস্তকই আমাদের হস্তগত হইয়াছে। 'কুলসম' আসমানী লাস প্রভৃতির ন্যায় এ দুই খানি পুস্তকও অতি কৌতূহলোদ্দীপক এবং চিত্তভেদকর।

সাপ্তাহিক সংবাদ।

[কলিকাতা] কলিকাতার নিঃস্ব লোকদিগের মধ্যে কাহার ওলাউঠা হইলে মিউনিসিপ্যালিটীর ডাক্তার বিনা ভিজিটে যাইয়া তাহার চিকিৎসা করিবেন, কলিকাতা মিউনিসিপ্যালিটী এইরূপ নিয়ম করিয়া দিয়াছেন। মিউনিসিপ্যালিটীর যে ওয়ার্ডের যে ডাক্তার সেই ডাক্তারের নাম ও ঠিকানা ছাপাইয়া ছাপা কাগজ মিউনিসিপ্যাল আফিসের প্রত্যেক বিভাগে, প্রত্যেক ওয়ার্ডের ইনস্পেক্টর ও ওভারসিয়রদিগের আফিসে, যে সকল স্থানে টীকা দেওয়া হয় সেই সকল স্থানে, পুলিস আফিস ও থানায় লটকাইয়া দেওয়া হইবে। ডাক্তার খবর পাইলেই রোগীর চিকিৎসা করিতে যাইবেন।

বিগত ২৩শে আগষ্ট বুধবার হইতে হাইকোর্টের দায়রা বসিয়াছে। মাননীয় জজ নিগট সাহেব দায়রার জজ নিযুক্ত হইয়াছেন।

আগামী বর্ষ অর্থাৎ ১৮৯৩-৯৪ সালের জজ ঠাকুর আইন অধ্যাপক মনোনীত হইয়াছেন। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সেনেট সভা সার ফ্রেডরিক পলক সাহেবকেই উক্ত পদে মনোনীত করিয়াছেন।

[বর্দ্ধমান বিভাগ] মৌগ্রাম হইতে শ্রীনকড়ি রায় লিখিয়াছেন,—"দানশীলা শ্রীমতী মহারাণী স্বর্ণময়ী অন্তস্থ মধ্য ইংরাজি বিদ্যালয়ের সাধারণ অভাব মোচনার্থ একবারে ১৫৲ টাকা দান করিয়াছেন। কৃতজ্ঞ হৃদয়ে পরমেশ্বরের নিকট প্রার্থনা, মহারাণীর যশঃসৌরভ দিগ্দেশ পরিব্যাপ্ত হউক।"

[প্রেসিডেন্সী] কৃষ্ণনগর হইতে ডাক্তার শ্রীযুক্ত যদুনাথ মুখোপাধ্যায় লিখিয়াছেন—আমি সকৃতজ্ঞ হৃদয়ে প্রকাশ করিতেছি যে কাশিমবাজারস্থ সুপ্রসিদ্ধ দানশীলা মাননীয়া শ্রীশ্রীমতী মহারাণী স্বর্ণময়ী সি, আই ই, দয়া প্রকাশ পূর্ব্বক আমাদিগের শণডঙ্গা মধ্য ইংরাজী স্কুলের অভাব দূরীকরণার্থ ১০০ টাকার আনুকূল্য করিয়াছেন। পরাৎপর পরমেশ্বরের নিকট প্রার্থনা, মহারাণী দীর্ঘজীবন প্রাপ্তে সতত এইরূপ সদনুষ্ঠানে রত থাকুন।

[কুচবেহার] কুচবেহারের মহারাজা নদীয়ার পণ্ডিত কলেজে বার্ষিক একশত টাকা দান মঞ্জুর করিয়াছেন। উক্ত এক শত টাকা হইতে মাসে ৫৲ টাকার হিসাবে এক বৎসর স্থায়ী একটি করিয়া বৃত্তি স্থাপিত হইবে এবং একটী করিয়া সোণার মেডেল দিবার ব্যবস্থা করা হইবে। বৃত্তি ও মেডেল পাইবার উপযুক্ত পাত্রনির্ণয় কলেজের কর্ত্তৃপক্ষীয়েরাই করিয়া দিবেন।

[মধ্য প্রদেশ] সম্প্রতি নাগপুরে তত্রত্য অধিবাসিগণের একটী সভা হইয়া গিয়াছে। মধ্য প্রদেশসমূহের লোকেরা বড়লাট বাহাদুরের

ব্যবস্থাপক সভায় যাহাতে আপনাদিগের প্রতিনিধি নির্ব্বাচন করিয়া দিবার ক্ষমতা পুনঃ প্রদান করেন তজ্জন্য প্রার্থনা করিয়াছিলেন। তাঁহাদের প্রার্থনা পূর্ণ হইয়াছে। এতদুপলক্ষে উক্ত সভায় অধিবাসিগণ মিলিয়া বড়লাট বাহাদুর, মধ্যপ্রদেশ সমূহের ভূতপূর্ব্ব চিফ কমিসনের সার এ পি ম্যাকডোনেল সাহেব এবং ভারতের জাতীয় মহাসমিতির বিশাতস্থ কমিটীকে সাধুবাদ প্রদান করিয়াছেন।

[উঃ পঃ প্রদেশ] আলাহাবাদ স্মলকজ কোর্টের জজ বাবু প্রমদাচরণ বন্দ্যোপাধ্যায় লাক্ষ্ণৌয়ের অতিরিক্ত সিভিল জজের পদে নিযুক্ত হইয়াছেন।

[বেহার] ১৭ই আগষ্ট সমস্তিপুর হইতে আমাদের কোন সংবাদদাতা লিখিয়াছেন—এবার ত্রিহুত প্রদেশে ভয়ানক বন্যা আসিয়াছে। গণ্ডক বাঘমতী, কমী প্রভৃতি নদীসমূহ উচ্ছ্বসিত হইয়া ত্রিহুত ভূমির অধিকাংশ স্থান জলমগ্ন করিয়াছে। শস্যক্ষেত্রসমূহ এক একটী ক্ষুদ্র ক্ষুদ্র সাগরে পরিণত হইয়াছে। পল্লীগ্রামস্থ কুটীরবাসী কৃষিজীবি দরিদ্রশ্রেণীর লোকদিগের অবস্থা অতিশয় শোচনীয়। তাহাদিগের শ্রমকলিত শস্যক্ষেত্র সমূহ জলমগ্ন। গৃহ প্রাঙ্গণের উপর দিয়া নদীর জল হুহু শব্দে বহিয়া যাইতেছে। সীতামারী অঞ্চলের অবস্থা আরও শোচনীয়। শস্যক্ষেত্রে ও পল্লীগ্রামাদির ত কথাই নাই। দরভাঙ্গার পর হইতে নেপাল ও তরাইয়ের নিকটবর্ত্তী রাজ ষ্টেশন পর্য্যন্ত সমস্ত রেলপথ এককালে জলমগ্ন। রেলপথের কোন কোন স্থানে ছয় ফুট পর্য্যন্ত জল প্রবাহিত। কোন স্থান জল স্রোতের ভীষণাঘাতে ভগ্ন, কোন কোন স্থানে লম্বমান টেলিগ্রাফ পোষ্ট পর্য্যন্ত উৎপাটিত ও লম্বা-বক্ষে ভাসমান। উক্ত রেলপথে রেলগাড়ীর গমনাগমন ও তাড়িৎ সমাচার প্রেরণ এক কালে বন্ধ হইয়া গিয়াছে। মজঃফরপুর হইতে ডাকবিভাগের ডাক অতি কষ্টে সীতামাড়ী যাইতেছে। রেলকর্ত্তৃপক্ষীয়গণের আদেশে অত্র এবং অন্যান্য রেলওয়ে লাইনে সীতামাড়ী অঞ্চলে গমনেচ্ছুক যাত্রীদিগকে টিকিট বিক্রয় বন্ধ করা হইয়াছে। ডেপুটী কন্সলটীং এঞ্জিনিয়ার অক্রুরা অন্যান্য উচ্চ রেলকর্ম্মচারীদিগের সঙ্গে সীতামাড়ী লাইন পরিদর্শন করিতে গিয়া বড় বিপাকে পড়িয়াছেন। তাঁহার ট্রেন সীতামাড়ী পৌঁছিবার পর এ দিকের রেল পথ ভাঙ্গিয়া তাঁহার ও আর এক খানি যাত্রীগাড়ির প্রত্যাগমনের পথ বন্ধ হইয়া গিয়াছে। এক এক গ্রামের গ্রামবাসী গ্রাম পরিত্যাগ করিয়া এক এক অনাবৃত উচ্চ স্থানে আশ্রয় গ্রহণ করিয়াছে। এবার এতদঞ্চলে নিয়ম বিভ্রাট! অন্যান্য দিক হইতেও আশঙ্কার সংবাদ আসিতেছে।

[সাধারণ] মাটীর নীচে গর্ত্ত কাটিয়া বৃষ্টির জল না পায় এরূপ ভাবে উহাতে আগাছা ফেলিয়া রাখিলে এবং মধ্যে মধ্যে উহার উপর যদি গোমূত্র ছড়াইয়া দিলে উত্তম সার প্রস্তুত হয়। যে সকল গরু খোল, ভূষি, দানা, ভাত, ভাতের মাড় প্রভৃতি খাইয়া থাকে তাহাদিগের গোবর বিশেষ সারবান। যাহারা খড় না ঘাস খায় তাহাদের গোবরের তেজ কম। বুড়ো গরুর গোবর জোয়ান গরুর গোবরের অপেক্ষা অধিক সারবান্। ভগ্নবতী গাভীর গোময়ে অধিক সার বিদ্যমান আছে। ঘোড়ার নাদ গোবরের অপেক্ষা তেজস্কর, আবার ঘোড়ার নাদের অপেক্ষা ছাগল ও ভেড়ার নাদী অধিক তেজস্কর। গোবর সারে রৌদ্র জল না লাগিলে এবং খড় কুটা প্রভৃতি আবর্জ্জনা মিশ্রিত থাকিলে ভাল হয়। (হিতবাদী)

কোন স্থান পুড়িয়া গেলে অব্যবহিত পরক্ষণেই যদি সেখানে টিংচার ষ্টীল লাগান যায়, তবে তৎক্ষণাৎ জ্বালার নিবৃত্তি হয় এবং ফোস্কা হয় না।

—দশতোলা মঞ্জিষ্ঠা ও আড়াই তোলা ব্রাজিল, তদভাবে যকমকাষ্ঠ চূর্ণ আড়াইসের জলে মিশ্রিত কর। যতক্ষণ পর্য্যন্ত রং বাহির না হয়, ততক্ষণ পর্য্যন্ত সিদ্ধ করিতে থাক। তার পর ঐ জল উষ্ণ অবস্থায় কাঠের উপর মাখাইয়া দাও। শুষ্ক হইলে পর পাঁচ আনা কার্ব্বনেট অফ্ পটাস আধসের জলে গুলিয়া ঐ কাঠের উপর লেপন কর, দেখিবে উক্ত কাষ্ঠ সুন্দর মেহগিণী কাষ্ঠের বর্ণ ধারণ করিয়াছে।

—কিছু পরিমাণ সালফিনডাইন অফ্ পটাস্ একটু পরিষ্কার জলে ভাল করিয়া মিশাইয়া লইলে ব্লু ব্ল্যাক কালি প্রস্তুত হয়। আধসের তামা ও এক পোয়া দস্তা অগ্নির উত্তাপে গলাইয়া লও এবং ইহাতে তিনভরি সীসা মিশ্রিত কর। যখন দেখিবে ধাতু কয়েকটি বেশ মিশ্রিত হইয়াছে, তখন উহাদ্বারা কোন জিনিস তৈয়ার করিয়া লও। দেখিবে উহা সোণার নায় বর্ণবিশিষ্ট হইয়াছে।

—সমগ্র ইউরোপের লাইব্রেরি গুলিতে সর্ব্বশুদ্ধ ২ কোটি ১০ লক্ষ এবং আমেরিকার লাইব্রেরিগুলিতে সর্ব্বশুদ্ধ ৪ কোটি পুস্তক আছে। (হিতবাদী)

শ্রীমতী কাদম্বিনী গাঙ্গুলী কেবলমাত্র এল আর সি পি উপাধি পান নাই। এল আর সি এস এবং গ্লাসগোর এল এফ পি এস উপাধি পাইয়াছেন। (সঞ্জীবনী)

৩০শে শ্রাবণ হইতে ৫ই ভাদ্র পর্য্যন্ত কলিকাতা পাটের বাজারের সাপ্তাহিক বিবরণ—

সিরাজগঞ্জ ও উত্তর বঙ্গ প্রভৃতি—				
ঐ	শরেস	পাট	৫৸০ হইতে	৫৸৴০
ঐ	মাঝারি	ঐ	৫॥/০	" ৫৸৴০
ঐ	সিরেস	ঐ	৫ ০	" ৫॥০
নারায়ণগঞ্জ, মনমনসিংহাদি	ঐ			"
পাংশা, ওসম নপুরাদি	ঐ	৫৲		" ৫৵০
দেশী [সর্ব্বপ্রকার]	ঐ	৪৸৵০	"	৫ ০
ভিক্টোরিয়া, বোম্বাই আদি	ঐ	৪৸৵০	"	৫০/০
দেওড়া [সর্ব্বপ্রকার]	ঐ	৫৲	"	৫০/০

গত পূর্ব্ব সোমবার হইতে গত রবিবার পর্য্যন্ত

এক সপ্তাহের আমদানী		২০৪০০০	বস্তা
ঐ	রপ্তানী	১৪০০০০	"
ঐ	মজুত	৭৯০০০	"
গত মেলের	মজুত	১৫০০০	"

মন্তব্য—বাজার গত সপ্তাহাপেক্ষা দেওড়া ও পাংশা পাট ৵০ আনা চড়া। অন্যান্য পাট সমভাব। শ্রীযতীন্দ্রমোহন বন্দ্যোপাধ্যায়, ৫৭নং বাবুরাম ঘোষের লেন আহীরীটোলা কলিকাতা।

গবর্ণমেণ্টের ভূতত্ত্ব বিভাগে যে সকল পদে সাহেব নিযুক্ত হইয়া আসিয়াছেন, সেই সকল পদে দেশীয়গণ নিযুক্ত হইলে তাঁহারা তত্তৎ পদের পূর্ণ বেতন না পাইয়া তিন অংশের দুই অংশ পাইবেন বলিয়া গবর্ণমেণ্ট যে নিয়ম করিয়াছিলেন সম্প্রতি তাহা রহিত হইয়াছে। দেশীয়গণ ঐ সমস্ত পদে নিযুক্ত হইলে এখন হইতে পূর্ণ বেতনই পাইবেন।

'ইণ্ডিয়ান মিরর' বলিতেছেন, "বড় লাটের ব্যবস্থাপক সভার বেসরকারী অতিরিক্ত সভ্য বৎসরে ১০ হাজার এবং স্থানীয় কোন কোন ব্যবস্থাপক সভার উক্তরূপ সভ্য বৎসরে ৩ হাজার করিয়া টাকা পাইবেন এরূপ কোন পরিবর্ত্তন হয় নাই। বড় লাট বাহাদুরের ব্যবস্থাপক সভার কোন বেসরকারী সদস্য তাঁহার নিজ বাসভবন পরিত্যাগ করিয়া কলিকাতায় অথবা সিমলায় সভাধিবেশনে উপস্থিত হইলে ঐ সময়ের জন্য ১ হাজার টাকা ভাতা পাইবেন। মাসের ভগ্নাংশ স্থলেও ১ হাজার টাকা পাইবেন। এতদ্ব্যতীত পথখরচ প্রভৃতি বাবৎ ১ হাজার টাকা পাইবেন। কিন্তু সেসন কালের মধ্যে কোন সদস্যকে ৫ হাজারের অধিক টাকা দেওয়া হইবে না। স্থানীয় ব্যবস্থাপক সভার বেসরকারী সভ্যগণ কেবল

প্রথম শ্রেণীর গাড়ীভাড়া প্রভৃতি পথখরচা পাইবেন। এতদ্ব্যতীত বেতনাদি বলিয়া আর কিছুই পাইবেন না।

গ্রেটব্রিটেনে সদ্যঃপ্রসূত শিশুর ওজন গড়ে সাড়ে সাত পাউণ্ড; কন্যার ছয় পাউণ্ড।

ষ্টেট সেক্রেটরী বিলাতী হুণ্ডী ১ মিলি-য়ে পেন্সেরও অনেক কম দরে ছাড়িতেছেন দেখিয়া সাকে সাহেব ভারত-গবর্ণমেণ্টকে পত্র লিখি-য়াছেন।

ট্রেনের দুর্ঘটনা প্রভৃতি হেতু গত বৎসর ৮ জন লোক হত ও ৪২ জন আহত হইয়াছে। তৎপূর্ব্ব-বৎসরে অর্থাৎ ১৮৯১ সালে ৫৬ জন হত ও ১৩৫ জন আহত হইয়াছিল। এতদ্ভিন্ন অপরাপর কারণে ৫৫ জন হত এবং ১৩৯ জন আহত হয়। ১৮৯১ সালে ঐরূপ সমস্ত কারণে ৬৫ জন হত ও ২১২ জন আহত হইয়াছিল। ১৮৯২ সালে সর্ব্ব-শুদ্ধ ১২ কোটি ৭২ লক্ষ ৩০ হাজার ৯১৪ জন লোক ট্রেনে যাতায়াত করিয়াছিল, তন্মধ্যে সর্ব্ব-শুদ্ধ ৬৩ জন হত এবং ১৮১ জন আহত হইয়াছে; অর্থাৎ প্রতি ২০ লক্ষ ১৯ হাজার ৫৩৮ জনের মধ্যে এক জন করিয়া হত এবং প্রতি ৭ লক্ষ ২ হাজার ৯৩৩ জনের মধ্যে এক জন করিয়া আহত হইয়াছে। ট্রেনের দুর্ঘটনা প্রভৃতি হেতু রেলওয়ের কর্ম্মচারী ও কণ্ট্রাক্টারদিগের মধ্যে ১৯ জন হত এবং ৪৮ জন আহত হইয়াছে। ১৮৯১ সালে ২৭ জন হত এবং ৯৪ জন আহত হইয়াছিল। ট্রেনের দুর্ঘটনাদি ভিন্ন অপরাপর কারণে গত বৎসর ১৯৩ জন হত ও ৫৮৯ জন আহত এবং তৎপূর্ব্ব বৎসর অর্থাৎ ১৮৯১ সালে ১৫৬ জন হত ও ৫২৯ জন আহত হইয়াছিল।

[বৈদেশিক] ম্যাকনিল, সোয়ান, ম্যাক-লোরেন প্রভৃতি সভ্যগণ লইয়া বিলাতে একটি কমিটী সংগঠিত হইয়াছে। সার উইলিয়ম ওয়েডর-বর্ণ কমিটীর সভাপতি হইয়াছেন। ভারতের দিকে দৃষ্টি রাখাই কমিটীর উদ্দেশ্য।

সীমান্তপ্রদেশ সম্বন্ধে কোন কোন কথার মীমাংসার জন্য কাবুলে দূত পাঠান হইবে। সার মর্টিমার ডুরাণ্ডকে এই দৌত্যকার্য্যে মনোনীত করা হইয়াছে। সম্ভবতঃ এই মাসের শেষেই সার মর্টিমার স্বদলবলে পেশোয়ার হইতে যাত্রা করিবেন।

ওয়েলসের কয়লার খনির মজুরেরা মিলিয়া ধর্ম্মঘট করিয়াছে। যাহারা ধর্ম্মঘট ব্যাপারে যোগ দেয় নাই তাহাদিগের সহিত দাঙ্গা করিতেছে। একটা দাঙ্গায় অনেককে জখম হইতে হইয়াছে। শান্তিরক্ষার জন্য পুলিস পল্টন নিযুক্ত হইয়াছে। আবার নাইয়স অঞ্চলের রবণখনিতে ইতালীয় ও ফরাসী মজুরদিগের মধ্যে দাঙ্গা হইয়াছে। দাঙ্গায় ইতালীয়দিগের ১০ জন হত এবং ৪০ জন আহত হইয়াছে। এস্থলেও শান্তিরক্ষার জন্য পুলিস পল্টন নিযুক্ত করিতে হইয়াছে।

মাবাডফ নামক এক ব্যক্তিকে রুষের একজন গুপ্তচর মনে করিয়া কোরেটীফ ধরা হইয়াছে। তাহাকে এক্ষণে জিরিয়াটে গবর্ণর জেনারেলের এজেণ্টের নিকট পাঠাইয়া দেওয়া হইয়াছে।

খেলাতের খাঁ স্বয়ং পদত্যাগ করিয়া যাহাতে ঐ পদত্যাগ ব্রিটিস গবর্ণমেণ্টের অনুমোদিত হয় এবং ব্রিটিস গবর্ণমেণ্ট যাহাতে তাঁহার জ্যেষ্ঠ পুত্রকে উক্ত পদে স্থাপিত করেন তজ্জন্য গবর্ণর জেনরেল বাহাদুরকে অনুরোধ করিয়াছেন। ব্রিটিস গবর্ণমেণ্ট খাঁর প্রার্থনা গ্রাহ্য করিয়াছেন, বলিয়াছেন, গবর্ণর জেনারেলের এজেণ্টের সহিত নূতন খাঁর সম্বন্ধ পূর্ব্ববৎ ই থাকিবে।

রুষ-গবর্ণমেণ্ট রুষিয়ার রৌপ্যমুদ্রণ বন্ধ করিয়া দিয়াছেন এবং একমাত্র চীন ব্যতীত অন্যত্র হইতে রৌপ্যমুদ্রার আমদানী যাহাতে রুষিয়ায় না হয়, তাহার ব্যবস্থা করিয়াছেন।

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—ফরিদপুরের প্রতিনিধি মাঃ ও কঃ গজ সাহেব ১ মাস ৩০ দিনের ছুটী পাইলেন। পাবনা সেরাজগঞ্জের প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ বিটসনবেল সাহেব ফরিদপুরের মাঃ ও কঃ হইলেন। মজঃফরপুরের প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ বেল সাহেব পাবনা সিরাজগঞ্জে বদলী হইলেন। সাঁওতাল পরগণা রাজমহলের প্রোবেশন সব ডেঃ কঃ বাবু আশুতোষ মুখোপাধ্যায় ২০ দিনের ছুটী পাইলেন। ২৪ পরগণা ও হুগলীর অতিরিক্ত প্রতিনিধি ডিঃ ও সেঃ জজ হ্যাণ্ডলে সাহেব ১ম শ্রেণীর ডিঃ ও সেঃ জজের কার্য্য করিবেন। হুগলীর প্রতিনিধি ডিঃ ও সেঃ জজ নন্দ ওয়াইট সাহেব ১ম শ্রেণীর ডিঃ ও সেঃ জজের কার্য্য করিবেন। নদীয়ার প্রতিনিধি মাঃ ও কঃ বার্ণাড সাহেব ২য় শ্রেণীর মাঃ ও কঃ কার্য্য করিবেন। বোগরার প্রতিনিধি মাঃ ও কঃ হারওয়ার্ড সাহেব ২য় শ্রেণীর মাঃ ও কঃ কার্য্য করিবেন। খুলনার প্রতিনিধি মাঃ ও কঃ বম্পাস সাহেব ১০ই আগষ্ট হইতে ১৬ই আগষ্ট পর্য্যন্ত ১ম শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃ কার্য্য করিয়াছেন। দার্জিলিঙ্গের আঃ মাঃ ও কঃ হেবন সাহেব ১ম শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃ কার্য্য করিবেন। শিক্ষানবীশ ডেঃ কঃ বাবু ব্রিজবংশী সহায় গয়া জেলার সদরে স্থাপিত হইলেন। ছুটীপ্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু প্রিয়নাথ মুখোপাধ্যায় গয়া আরাঙ্গাবাদে স্থাপিত হইলেন। গয়া আরাঙ্গাবাদের প্রতি-নিধি জঃ মাঃ ও ডেঃ কঃ আরজিল সাহেব অস্থায়ীরূপে মজঃফরপুর জেলার সদরে বদলী হইলেন। চট্টগ্রাম পার্ব্বত্য অঞ্চলের সহকারী কমিসনর মিঃ সি এস মরে সি আই ই ৪ মাস ৫ দিনের ছুটী পাইলেন। সব ডেঃ কঃ বাবু ললিতমোহন পাল ২৪ পরগণার সদরে স্থাপিত হইলেন। ২৪ পরগণার মাঃ ও কঃ কলিয়র সাহেব ১ মাসের ছুটী পাইলেন। ২৪ পরগণার প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ টেম্পল সাহেব উক্ত জেলার মাঃ ও কঃ হইলেন।

বিচার—কটকের সবজজ বাবু বলরাম মল্লিক ১ মাসের ছুটী পাইলেন। ঢাকার প্রতিনিধি সবজজ বাবু ব্রজবিহারী সোম কটকের সবজজ হইলেন। ত্রিপুরার সবজজ বাবু জগবন্ধু গাঙ্গুলী ৬ মাসের ফর্লো পাইলেন। ঢাকার মুঃ মিঃ লতিফর রহমন ১ মাসের, বর্দ্ধমানের মুঃ বাবু জানকীনাথ দত্ত ১৫ দিনের এবং নোয়াখালি হাতিয়ার মুঃ বাবু রামলাল দত্ত ১ মাস ২৫ দিনের ছুটী পাইলেন।

শিক্ষা—রাজসাহী সার্কেল ও বর্দ্ধমান বিভা-গের স্কুল ইনঃ প্রোথেরো সাহেব ২ মাস ১১ দিনের ছুটী পাইলেন। বর্দ্ধমান বিভাগের সহকারী স্কুল ইনঃ বাবু বেণীমাধব দে অস্থায়ীরূপে রাজসাহী সার্কেল ও বর্দ্ধমান বিভাগের স্কুল ইনঃ হইলেন। ঢাকা কলেজের আইন অধ্যাপক বাবু রজনী কান্ত চৌধুরী বি এল বর্ত্তমান বর্ষের ১লা মার্চ্চ হইতে বিনা ভাতায় ২ মাস ৫ দিনের ছুটী

পাইয়াছিলেন। বাবু তারকচন্দ্র বসু বি এল রজনীকান্ত বাবুর অনুপস্থিতিতে ঢাকা কলেজে আইনাধ্যাপকের কার্য্য করিয়াছিলেন।

আরা জেলাস্কুলের তৃতীয় শিক্ষক বাবু মোহিনী-মোহনদত্ত এম এ অস্থায়ীরূপে ঢাকা কলেজের লেক্‌চারার নিযুক্ত হইলেন।

উদ্ভট কবিতা।

[৩৭০]

আকারাধিক-পুত্রনামরণকৃৎ মূর্দ্ধিজগন্মোহিনী
নির্দ্দীভালি নিজেচ্ছয়া চ জগৃহে বীজং তদেকং মহৎ
সেবান্তে সততঃ সুধীভিরমলা বদ্যাবতারাদশ
পায়াদ্বাং নবনীল নীরদবপুঃ কৃষ্ণোঽথ কৃষ্ণাঽথবা।

ফরিদপুর সুহৃদ্ সভার অন্তঃপুর স্ত্রীশিক্ষা বিভাগের ১৩০০ সনের পরীক্ষার ফল।

৬ষ্ঠ বার্ষিক শ্রেণী।

দ্বিতীয় বিভাগ (গুণানুসারে)।

পরীক্ষোত্তীর্ণার নাম।	স্কুলের নাম।
১ সুহাসিনী দেবী	ডোমসার
২ ভুবনমোহিনী বসু	উজানী

৫ম বার্ষিক শ্রেণী।

প্রথম বিভাগ (গুণানুসারে)।

১ মৃণালিনী ঘোষ	গয়ঘর
২ কুসুমকামিনী মজুমদার	বেড়াডাঙ্গা
৩ বিনোদিনী রায়	উলপুর
৪ সুখদাসুন্দরী ঘোষ	লোনসিং
৫ মহালক্ষ্মী রায়	উজানী
৬ কুসুমকুমারী দত্ত	শালধ

দ্বিতীয় বিভাগ।

৭ বসন্তকুমারী পালিত	চরগোবরা
৮ কুমুদিনী বসু	ব্রাহ্মণদী

৪র্থ বার্ষিক শ্রেণী।

প্রথম বিভাগ (গুণানুসারে)।

১ অন্নদাসুন্দরী বসু	ফরিদপুর
২ জ্ঞানদাসুন্দরী দেব্যা	আকশা
৩ রাধালক্ষ্মী দেবী	ডোমসার
৪ বিনোদিনী দাস	লোনসিং
৫ সরলাসুন্দরী দাসগুপ্তা	খৈয়রডাঙ্গা
৬ মোক্ষদাসুন্দরী সে	শালধ

দ্বিতীয় বিভাগ।

৭ সৌদামিনী দেবী	ডোমসার
৮ কালীতারা দেবী	ঐ
৯ সৌদামিনী রায়	উজানী
১০ অন্নদাসুন্দরী দেবী	ডোমসার
১১ শরৎকামিনী ধর	গোয়ালচামট
১২ কামিনীসুন্দরী দেবী	ডোমসার
১৩ হেমলতা বিশ্বাস	শোভারামপুর

তৃতীয় বিভাগ।

১৪ মনোরমা বিশ্বাস	শোভারামপুর

৩য় বার্ষিক শ্রেণী।

প্রথম বিভাগ (গুণানুসারে)।

১ বসন্তকুমারী দেবী	সজ্জনকান্দা
২ নগেন্দ্রনন্দিনী দেবী	ফরিদপুর
৩ চারুমতী দেবী	ভীমনগর
৪ কাদম্বিনী রায়	নড়িয়া
৫ বিরাজমোহিনী রায়	উলপুর
৬ বিদ্যাসুন্দরী ভৌমিক	নড়িয়া
৭ শশীমুখী রায়	লোনসিং
৮ সরোজিনী দেবী	সজ্জনকান্দা
৯ কুসুমকামিনী দেবী	ফরিদপুর
১০ শরৎকামিনী গুহ	উলপুর
১১ সুশীলাসুন্দরী গুহ	গয়ঘর
১২ হেরম্বিনী ঘোষ	আলগী
১৩ সুখদাসুন্দরী বসুচৌধুরী	চাকধ
১৪ বামাসুন্দরী বসুচৌধুরী	ঐ
১৫ সুরবালা সেন গুপ্তা	সুরপুর
১২ বসন্তকুমারী দাসী	নিশ্চিন্তপুর
১৭ নির্ম্মলাসুন্দরী বসুচৌধুরী	চাকধ
১৮ গিরীন্দ্রবালা ঘোষ	বেড়াডাঙ্গা

দ্বিতীয় বিভাগ।

১৯ সরলাসুন্দরী ঘোষ	উজানী
২০ সরলাবালা দত্ত	(মধুরদিয়া)
২১ সরোজিনীবালা দত্ত	আলগী
২২ তরঙ্গিনী বসু	আবদুলাবাদ
২২ শশীমুখী দাসগুপ্তা	দিঘির পাড
২৩ প্রসন্নকুমারী ধর	গোয়ালচামট
২৪ সুধীরাসুন্দরী বসুচৌধুরী	আবদুলাবাদ
২৫ বিনোদবাসিনী দাসগুপ্তা	খৈয়রডাঙ্গা
২৫ সরলাসুন্দরী মজুমদার	সেনডুবা
২৬ মনোমোহিনী বসু	গয়ঘর
২৭ সরোজিনী দেবী	টুপুরিয়া
২৮ কামিনীসুন্দরী দেবী	ডোমসার
২৯ সৌদামিনী দেবী (২)	ঐ
৩০ ষোড়শীবালা দেবী	ঐ
৩১ মৃণালিনী গুহ	আলগী

তৃতীয় বিভাগ।

৩২ মেহকুসুম পাল	গোপালচামট
৩৩ শরৎকামিনী দে	খাগাইল

২য় বার্ষিক শ্রেণী।

প্রথম বিভাগ (গুণানুসারে)।

১ ভুবনমোহিনী দেবী	শোভারামপুর
২ ভুবনমোহিনী দেবী	সজ্জনকান্দা
৩ কৈলাসকামিনী দেবী	ফরিদপুর
৪ শশীমুখী দেব্যা	লোনসিং
৫ কমলতারা দে	গয়ঘর
৬ হেমন্তকুমারী সরকার	নড়িয়া,
৭ বিনদাসুন্দরী রায়	রাজাপুর
৮ ভবতারিনী দেবী	টুপুরিয়া
৯ প্রসন্নময়ী দেবী	ডোমসার
১০ নয়নতারা দাস	লোনসিং
১১ সৌদামিনী সাহা	গয়ঘর
১২ হৈমবতী সেন	আড়কান্দী
১৩ ত্রৈলোক্যমোহিনী তরফদার	বেড়াডাঙ্গা
১৩ মাতঙ্গিনী ঘোষ	গয়ঘর
১৩ সৌদামিনী সেনগুপ্তা	খৈয়রডাঙ্গা
১৪ নলিনীসুন্দরী দেবী	টুপুরিয়া
১৫ কুমুদিনী দেবী	খান্দারপাড়া
১৫ কুমুদিনী দেবী	টুপুরিয়া
১৬ সরলাসুন্দরী ঘোষ	গয়ঘর
১৭ বিমলাসুন্দরী দে	গয়ঘর
১৭ হেমাঙ্গিনী দেবী	টুপুরিয়া
১৮ সরলাবালা রায়	দুর্গাপুর
১৯ ভুবনমোহিনী দাস	গোয়ালচামট
১৯ কুসুমকুমারী পাল	পশ্চিম আলগী
২০ কুসুমকুমারী বসুচৌধুরী	চাকধ
২০ বগলাসুন্দরী ঘোষ	গয়ঘর
২১ কামিনীসুন্দরী সেন গুপ্তা	দিঘিরপাড়
২২ সুখদাসুন্দরী বসু	চরগোবরা
২৩ কিরণবালা গুপ্তা	পাচর
২৪ বসন্তকুমারী দাসগুপ্তা	দিঘিরপাড়
২৪ কুসুমকুমারী গুপ্তা	পাচর
২৫ জ্ঞানদাসুন্দরী সাহা	গয়ঘর

২৬	হেমপ্রভা দেবী	খান্দারপাড়া
২৭	সরলাসুন্দরী বসু	পশ্চিম আলগী

দ্বিতীয় বিভাগ (গুণানুসারে)।

২৮	শরৎকুমারী দেবী	মটবাড়ী
২৯	শশিকুমারী দাসী	আকশা
৩০	কাদম্বিনী ঘোষ	ভগাঙ্গ
	সরলাসুন্দরী বসু	দুর্গাপুর
৩১	হেমলতা গুহ	গয়ঘর
৩২	নিস্তারিণী গুহ	গোয়ালচামট
৩৩	ব্রহ্মময়ী দাস	শোভারামপুর
৩৪	অন্নদাসুন্দরী দেবী	ঐ

প্রথম বার্ষিক শ্রেণী।

প্রথম বিভাগ (গুণানুসারে)।

১	বিরাজমোহিনী দাস	সোনসিং
২	সরোজিনী সাহা	মটবাড়ী
৩	কুসুমকুমারী সেনগুপ্তা	সুরপুর
৪	বগলাসুন্দরী পাল	সোনসিং
৫	শরবিন্দু পালী	আকশা
৬	ক্ষীরোদাসুন্দরী ঘোষ	ঐ
	সরলাসুন্দরী সাহা	গয়ঘর
৭	সরোজিনী দেবী	মটবাড়ী
৮	স্বর্ণময়ী মুখোপাধ্যায়	চাকদ
	সুরবালা কর	আকশা
৯	অবলাসুন্দরী দে	শালধ
১০	সরোজিনী গুহ	চাকদ
১১	নির্ম্মলাসুন্দরী গুহ	ঐ
১২	সরলাসুন্দরী ঘোষ	ইন্দ্রনারায়ণপুর
১৩	ভুবনেশ্বরী ঘোষ	বিনোদপুর
১৪	রাজকুমারী ঘোষ	আকশা
	সুরবালা রায়	উজানী
১৫	কুমুদিনী দাস	ইন্দ্রনারায়ণপুর
	মনমোহিনী বসু	চাকদ
১৬	সরলাসুন্দরী সরকার	শৈলডুবী
১৭	শরবিন্দু রায় চৌধুরী	আকশা
	সরোজিনী ঘোষ	রাজাপুর
	তপস্বিবালা রায়	উলপুর
১৮	সরোজিনী দে	আকশা
১৯	সুশীলাসুন্দরী সেন	পিঙ্গরী
২০	বিলাসিনী দে	আগাইল
২১	হেমনলিনী বসু	আলগী
২২	কাদম্বিনী বিশ্বাস	পশ্চিম আলগী

দ্বিতীয় বিভাগ (গুণানুসারে)

২৩	সুশীলাসুন্দরী রায়	উজানী
২৪	বিরাজমোহিনী ধর	গোয়ালচামট
২৫	গিরিবালা দেবী	খান্দারপাড়া
	বিমলাসুন্দরী সেনগুপ্তা	সিন্ধিরপাড়
২৬	মৃণালিনী বিশ্বাস	শোভারামপুর

তৃতীয় বিভাগ (গুণানুসারে)

২৭	মৃণালিনী দে	শালধ

বিজ্ঞাপন।

কর্ম্মখালি।

Wanted a B. A. as Second Master for 3 months on Rs 45 a month. Applications should reach the undersigned by the 4th of September next. Apply to the Vice President, H. E. School, Gaibandha (Dt. Rangpur)

Wanted a Second Master for the Senhati High School on a salary of Rs 40 rising to Rs 45 a month. Family quarters available in the School compound. A graduate strong both in English and in Mathematics preferred. Apply on or before the 31st August to Haricharan Sen L. M. S Civil Medical Officer-in-charge, Khulna.

Wanted a Graduate strong in Mathematics on a monthly salary of Rs 35 rising to Rs 40 by the beginning of the next Session for the Assistant Head mastership of the Faridpur Hindu Institution H. E. School. Apply to the Joint Secy. Babu Mathura Nath Maitra.

Wanted a graduate Second Master for the Madhubani H. E. School, Dt. Durbhanga, on a salary of Rs 30 a month with prospects of increase. Apply to the Hd. Master, Babu Hari Ch. Chatterjee stating in the application the name of the Course he took up for the B. A. examination.

Wanted a Head Pundit for the H. E. School at Jajpur in the District of Cuttack on a salary of Rs 20 a month. English knowing Kavyatirthas and passed students of the Sanskrit College need apply to the Secy. Babu Nrityagopal Sircar.

Wanted a qualified Hospital Assistant for the Charitable Dispensary to be recently opened at Jhalakati on a salary of Rs 20 per mensem. Apply with testimonials on or before the 31st current, to Rajani Nath Bose, Chairman, Jhalakati Municipality, Barisal.

Wanted a graduate, strong in Mathematics, a Hd. Pandit who has a competent knowledge of Sanskrit, and a teacher who has read up to the F. A. standard, with Persian as second language. The salaries are respectively between Rs 35 and 40, between Rs 15 and 20, between Rs 15 and 20. The application of an experienced teacher will be preferable. Apply sharp, with testimonials to, Babu Amrit Lall Bose Asst. Secy. Indas P. O., Via Burdwan.

Wanted a Clerk for the Office of the Deputy Inspector of Schools, Burdwan, on a salary of Rs 15 a month. None need apply who has not passed the Entrance Examination, cannot write a neat hand, has not had some experience of office work, and is above 25 years of age. Apply with copies of testimonials on or before the 31st August 1893 to Babu Charu Chandra Chattopadhya Dy. Inspector of Schools, Burdwan.

Wanted a teacher on a salary of Rs 15 per month. An F. A. or plucked F. A. with experience in teaching may apply. Apply sharp with copies of testimonials to Krishna Gopal Misra Bhalkee, Mankar P. O. Dt. Burdwan.

Wanted an Entrance or Minor passed young man to work on commission. Can earn Rs 12 to 16. Boarding and lodging free. Apply personally at 80 Nimtola Ghat St., Calcutta.

ডাঙ্গাপাড়া মধ্য-শ্রেণী বাঙ্গালা স্কুলের প্রধান শিক্ষকের পদ শূন্য আছে। মাসিক বেতন ১৮৲ টাকা। শয়ন ও রন্ধন জন্য দুই খান ঘর পাইবেন। পরিবার সহ কেহ থাকিতে চাহিলে যদি আরও একখান ঘরের প্রয়োজন হয়, তাহাও পাইবেন। স্থান স্বাস্থ্যকর। গ্রামে অনেক ভদ্রলোক আছেন। যিনি প্রথম শ্রেণীর নর্ম্মাল স্কুলের ত্রৈবার্ষিক পরীক্ষোত্তীর্ণ তিনিই আবেদন করিবেন। যাঁহাকে এই কর্ম্মে মনোনীত করা হইবে, তাঁহাকে দুর্গোৎসবের বন্ধের পরেই নিজ কার্য্যের ভার গ্রহণ করিতে হইবে। শ্রীকালীনাথ চৌধুরী, স্কুলসমূহের ডেঃ ইনস্পেক্টর, জেলা রাজসাহী।

জেলা মালদহ চাঁচরা কলিগ্রাম আর্য্য ভৈষজালয়ের জন্য তিন জন লোকের আবশ্যক। পাস করা এক জন নেটিব ডাক্তার, মাসিক বেতন ২০৲ কুড়ি টাকা এবং পাস করা এক জন কম্পাউণ্ডার মাসিক বেতন ১০৲ দশ টাকা, আরও চন্দ্রকিশোর সেন কৃত আয়ুর্ব্বেদ বিদ্যালয়ের উত্তীর্ণ বা তদনুরূপ জ্ঞানসম্পন্ন এক জন কবিরাজ, মাসিক বেতন ১৫৲ পনর টাকা। এতদ্ব্যতীত বাসা পাইবেন এবং গণ্ডগ্রাম বলিয়া বাহির প্রাক্টীশে বিশেষ লাভের সম্ভাবনা আছে। এখানকার জল বায়ু স্বাস্থ্যকর। সর্ব্বপ্রকার খাদ্য সামগ্রী সুলভ মূল্যে পাওয়া যায়। আবেদনকারিগণ প্রশংসাপত্রের অনুলিপি সহ আবেদন করুন। শ্রীনৃত্যগোপাল রায় লাহিড়ী এণ্ড কোং কলিগ্রাম আর্য্য ভেষজালয়ের ম্যানেজার।

জেলা যশোহর, পোষ্ট রূপদিয়া নরেন্দ্রপুর মাইনর স্কুলের জন্য নর্ম্মালের ত্রৈবার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ এক জন পণ্ডিতের প্রয়োজন। বেতন আহারাদি বাদে ১৮৲ আঠার টাকা। কর্ম্মের সুবিধা মতে বেতন বৃদ্ধি হইবে। কায়স্থ বা অন্য কোনও শূদ্র জাতীয় ভিন্ন অন্য কাহারও আবেদন করিবার প্রয়োজন নাই। স্থানটি রূপদিয়া রেলওয়ে ষ্টেশন হইতে অর্দ্ধ মাইলের মধ্যে। এই স্কুলের হেড মাষ্টার শ্রীযুক্ত বাবু মহিমচন্দ্র মিত্রের নিকট আবেদন করুন।

বিশেষ দ্রষ্টব্য।

বাচস্পত্য অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২৩৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
বুধোদয় প্রেস।
হুগলী।

নূতন পুস্তক।

FOR ENTRANCE STUDENTS

A Digest (model questions and answers) of the Eng. Entr. Course for 1894. The best help to pass the Exn. By C. M. Chatterji. Price 10 As.
S. C. Auddy. 58 Wellington Str. Calcutta

No. 400

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু

প্রণীত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য ৵০ আনা
ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "
ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব।০ "

সেণ্ট্রাল টেক্সটবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তালিকায় পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট—কলিকাতা।

শ্রীরামেশ্বর সেন কৃত

১। উচ্চপ্রাথমিক সহজ-পরিমিতি মূল্য ।০।

২। নিম্ন-প্রাথমিক সহজ-পরিমিতি

(কেবল দেশীয় রীতির নিয়মাদি)

ভাল কাগজে ছাপা ৵০
চলিত কাগজে ছাপা ৵০

৩। নিম্ন-পুরস্কার পরীক্ষা—

পাঠশালার ছাত্রগণের অত্যুপকারী অভিনব পাঠ্য পুস্তক।

ভাল কাগজে ছাপা ৵০র স্থলে ৵১০
চলিত কাগজে ছাপা ৵১০র স্থলে ৵০

কলিকাতা ও বাকুণ্ডা জেলার বহির দোকানে প্রাপ্য।

৪। "উচ্চ-পুরস্কার পরীক্ষা" শীঘ্রই বাহির হইবে।

৪১১নং

গিরিশ লাইব্রেরী।

এখানে ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল, এ; বি, এ ক্লাসের সর্ব্বপ্রকার পাঠ্যপুস্তক ও অর্থ পুস্তকাদি এবং নাটক, নভেল প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়। ভিঃ পিঃ ডাকেও পুস্তক পাঠাই। ২১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৮৪নং

আর্য্যমিশন ইনষ্টিটিউশন।

৮৷১ নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট, কলিকাতা।

এই বিদ্যালয়ে একটী স্বতন্ত্র সংস্কৃত বিভাগ আছে। ঐ বিভাগে উপযুক্ত পণ্ডিতের দ্বারা বিনা বেতনে দর্শন, কাব্য সাহিত্য, ব্যাকরণ শ্রীমদ্ভাগবত শ্রীমদ্ভগবদ্গীতা শিক্ষা দেওয়া হইয়া থাকে। পাঠার্থি ছাত্রের আবশ্যক।

শ্রীকানাই লাল সেঠ।
৩৯৮ নং সেক্রেটরী।

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৬ বৎসর উহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-যশের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার লেপনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সম-ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনা ব্যয়ে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৷৷০ টাকা, প্যাকিং ।০ আনা

২ শিশি একত্রে লইলে খরচা ৷৷৵০ আনা স্বতন্ত্র হয়।

শ্রীকালীদাস সরকার।

গবর্ণমেণ্ট পেন্সনার—লক্ষ্ণৌ।

৩১৩নং

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বলবীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রি-জাগরণ, অতিরিক্ত পান-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা-হাত-পা-ফামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত!

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-ফোলা-কাসিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দ্বৈকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকায় সে জ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে, ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্পদিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধ অতি সামান্য রোগও আরাম হয়। বিধাতার বিচিত্রবিধান বুঝাভার!

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন। প্লীহা-জ্বর-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগীকে এই এক এবং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অনুমতি দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সকল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

বটিকার সংখ্যা, মূল্য, ডাঃমাঃ, প্যাকিং

১নং কৌটা	১৮	৷৷৵০	।০	৵০
২নং কৌটা	৩৬	১৵০	।০	৵০
৩নং কৌটা	৫৪	১৷৷৵০	।০	৵০

ভ্যালুপেয়বলে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।

১২ নং মুক্তাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা।

৩৭৪নং

পাঁড়ে ব্রাদার্স।

পুস্তক ও দেশী বস্ত্র বিক্রেতা।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্, কলিকাতা।

এখানে ইংরাজি বাঙ্গালা সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য সর্ব্ব প্রকার পুস্তক, তৎসমস্তের নানা প্রকার কি, নোট, অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি সর্ব্ব প্রকার পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে। বিলাতি পুস্তক বিলাত হইতে আনা হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা ১৸০ মূল্য যোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও ব্যবহারীর জন্য চলিবে ও ২৷৷০, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ নয়নসুখ, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকটও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য	।৵০	বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ	৵০
৩২ খানি উৎকৃষ্ট চিত্রসহ			
নীতি কথামালা	।০	প্রাণিবৃত্তান্ত	১।০
আর্য্যচরিত	৵০	ধর্ম্মবিজ্ঞান	১৲
আর্য্যাবলী	৷৷৵০	অদ্ভুত স্বপ্ন বা স্ত্রী পুরুষের স্বপ্ন	৷৷০
বাঙ্গলা ব্যাকরণ	৷৷৵০	বিজ্ঞানসার	১৲
শিশু বিজ্ঞান	৵০	লীলাবতী (অঙ্কপুস্তক)	৷৷০
বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ	৵০		

৩৫৫ নং

শ্রীমনোমোহন পাঁড়ে

সংক্ষিপ্ত পদার্থদর্শনের প্রশ্নোত্তর।

পণ্ডিত প্রবর শ্রীযুক্ত প্রসন্নকুমার চক্রবর্ত্তী প্রণীত। মূল্য ।৵০ পাঁচ আনা মাত্র। যত গুলি সংক্ষিপ্ত পদার্থদর্শনের প্রঃ উঃ এ পর্য্যন্ত প্রকাশিত হইয়াছে এখানা তাহাদের অপেক্ষা কোন অংশে নিকৃষ্ট নহে বরং অনেকাংশে উৎকৃষ্ট। যে স্কুলে এক খানিমাত্র এই প্রঃ উঃ প্রবেশ লাভ করিয়াছে সে স্কুলের সমস্ত ছাত্রই ইহা ক্রয় করিতেছে। একত্রে এক ডজনে ৫ খানি এই প্রঃ উত্তর লইলে স্কুলের শিক্ষকদিগকে শতকরা ১৫৲ টাকার হিসাবে কমিসন দিয়া থাকি; অধিকন্তু আমি নিজ হইতে ডাক মাশুল দিই। কাগজ, ছাপা ও বাঁধাই সমস্তই উৎকৃষ্ট। ভিঃ পিঃ ডাকে পাঠাইয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র দত্ত।

ভারত পুস্তকালয়, পটলডাঙ্গা, বৌবাজার পোষ্ট কলিকাতা।

৩৯৯নং

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸০ বার আনা, ডাঃ মাঃ ⁄০ এক আনা। এখানি ১৮৯৪ অব্দের মাইনর পরীক্ষায় ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহাতে বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের শেষভাগে গদ্য হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পুথক করিলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ⁄১০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

সংস্কৃত প্রেসডিপজিটরি।

১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও মিনপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষক গণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৷৷০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।৵০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীজমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।৵০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ⁄০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

---

৩৪৪ নং

ইউক্লিডের জ্যামিতি দ্বাদশ অধ্যায়।

(সংশোধিত এবং পরিবর্দ্ধিত।)

শ্রীযুক্ত বাবু ব্রহ্মমোহন মল্লিক প্রণীত।

৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছে, মূল্য ২৲ টাকা। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৯৭ নং ম্যানেজার।

পাটীগণিত।

নূতন সংস্করণ।

শ্রীপ্রসন্নকুমার সর্ব্বাধিকারী প্রণীত।

সুপ্রসিদ্ধ গণিতশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম, এ, মহাশয়ের দ্বারা সম্যক্‌রূপে সংশোধিত পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত। ইহাতে সুকৌশল সম্পন্ন প্রশ্নাবলী সন্নিবেশিত এবং উহাদের ভূরি পরিমাণে সমাধান করা হইয়াছে। ৫৭৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। উত্তম কাপড়ে বাঁধা, মূল্য ১৷৵০। বঙ্গ বাঙ্গলা ইহা চিরকাল সর্ব্বাদৃত, অধুনা আরও অধিক পরিমাণে স্কুলাদিতে পাঠ্যরূপে নিয়োজিত হইতেছে এবং বঙ্গবাসী প্রভৃতি সংবাদ পত্র ভূয়সী প্রশংসা করিতেছেন। নিম্নলিখিত এবং অন্যান্য স্থানে পাওয়া যায়।

বি, ব্যানার্জ্জি এণ্ড কোং।

১৫নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, ৫৬নং কলেজ ষ্ট্রীট, ৫১নং পুরাতন চীনেবাজার, কলিকাতা। ৫৫নং পটুয়াটুলি ঢাকা।

৩৮৮নং

শ্রীমদ্ভগবদ্গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ⁄০।

ঐ বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ।৵০ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা মূল্য ⁄৹ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা উৎকৃষ্টরূপ বাঁধা মূল্য ৷৷০ আট আনা, ডাঃ মাঃ ⁄১০।

কবির (জীবন্মুক্ত মহাত্মা কবির সাহেবের ৫৫৪টী দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ ⁄১০।

কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০।১ন মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

ম্যানেজার।

☞ এই পত্র খগলি বুধোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

REGISTERED NO 35 1875.

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

নূতন সম্পর্ক। ২৫শ খণ্ড। ২১শ সংখ্যা। | ১৮ই ভাদ্র শুক্রবার ১৩০০ সাল। ইং ১লা সেপ্টেম্বর ১৮৯৩ খৃঃঅব্দ। | অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম) ৩ ষাণ্মাসিক ৩
ত্রৈমাসিক ২ প্রত্যেক সংখ্যায় ।৹

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৶৹ ৩য় বার /১০ চতুর্থ বা ততোধিক বার /০। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৶০।

কর্ম্মখালির বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে প্রকাশিত হয়।

তিন মাসের অধিক বিজ্ঞাপন প্রকাশ করিলে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের সেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

যাঁহারা এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য নগদ টাকায় দিবেন, তাঁহারা তাঁহাদের নিকটবর্ত্তী এজেণ্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণিঅর্ডার কুপনে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

এডুকেশন গেজেটে বিজ্ঞাপন প্রকাশের সুবিধার জন্য ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে একটী এজেন্সি খোলা হইয়াছে। তথায় বিজ্ঞাপন ও তৎপ্রকাশের মূল্য জমা লওয়া যায়।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যূন বিলম্ব হইলে তাহার গ্রামখানিতে পিয়নের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকালীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

কলিকাতা শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়। সংস্কৃতযন্ত্রের পুস্তকালয় ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।
চণ্ডীচরণ মজুমদার—বেঙ্গল সেক্রেটারিয়েট জুডিসিয়াল ডিপার্টমেণ্ট।
২৪ পরগণা জালিপুর — মতিলাল মৈত্র—আলিপুর। ভূপালচন্দ্র গঙ্গোপাধ্যায়—উকিল।
বারাকপুর শ্রীযুক্ত বাবু ভুবনমোহন নিয়োগী।
ভবানীপুর রাজকৃষ্ণ রায় চৌধুরী।
চুয়াডাঙ্গা যদুনাথ চৌধুরী।
হাবড়া হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান চারুচন্দ্র চট্টোপাধ্যায়। রসিকলাল দাস—রায়না।
যশোহর কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
সিউড়ী অম্বিকাচরণ মুখোপাধ্যায়। নীলমণি ভট্টাচার্য্য।
বাঁকুড়া রামেশ্বর সেন—বিষ্ণুপুর। অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর উমাচরণ দে। দীননাথ ধর—গবর্ণমেণ্ট প্লীডার।
জলপাইগুড়ি নীলমণি পাল।
বাঁকিপুর নীলমণি মুখোপাধ্যায়—দিঠাপুর। ভগবান প্রসাদ।
বারাণসী সোমনাথ ভাদুড়ী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর আশুনাথ মিত্র। দ্বারকানাথ বাগচি—মিলকামারি।
রাজসাহী কালীনাথ চৌধুরী—রোয়ালিয়া।
পাবনা মহেন্দ্রনাথ দত্ত। রজনীকান্ত ভট্টাচার্য্য। রামচন্দ্র চক্রবর্ত্তী। ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, তুলাই। উমাচরণ পাঁড়ে, সিরাজগঞ্জ।
ঢাকা সতীশচন্দ্র ঘোষ।
সাঁওতাল পরগণা বজেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।
পাকুড় রাধাকৃষ্ণ সারথেল।
খুলনা হরিহর দাস। জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।
দিনাজপুর ব্রাজকুমার চক্রবর্ত্তী ফুলবাড়ি। ভুবনেশ্বর গুপ্ত। দুর্গাদাস হর—রায়গঞ্জ। শশিভূষণ রায়।
কোচবিহার ভুবনমোহন দত্ত।
ফরিদপুর কালীকিশোর ঘোষ—মাদারিপুর।
মজঃফরপুর কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল
ঘারভাঙ্গা গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক সুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, মমতীপুর
বৈদ্যনাথ যোগীন্দ্রনাথ বসু হেড মাষ্টার, দেওঘর।

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিবিধ বিজ্ঞাপন।

শ্রীরামেশ্বর সেন কৃত

১। উচ্চপ্রাথমিক সহজ-পরিমিতি মূল্য ।০।

২। নিম্ন-প্রাথমিক সহজ-পরিমিতি
(কেবল দেশীয় রীতির নিয়মাদি)
ভাল কাগজে ছাপা ৶০
চলিত কাগজে ছাপা ৶০

৩। নিম্ন-পুরস্কার পরীক্ষা—
পাঠশালার ছাত্রগণের অত্যুপকারী অভিনব পাঠ্য পুস্তক।
ভাল কাগজে ছাপা ৶০র স্থলে ৶১০
চলিত কাগজে ছাপা ৶১০র স্থলে ৶০

কলিকাতা ও নাকুণ্ডা জেলার বহির দোকানে প্রাপ্য।

৪। "উচ্চ-পুরস্কার পরীক্ষা" শীঘ্রই বাহির হইবে।

৩০১নং

গিরিশ লাইব্রেরী।

এখানে ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল, এ; বি, এ ক্লাসের সর্ব্বপ্রকার পাঠ্যপুস্তক ও অর্থ পুস্তকাদি এবং নাটক, নভেল প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়। ভিঃ পিঃ ডাকেও পুস্তক পাঠাই। ২১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।
শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৮৪নং

এল, ভি, মিত্র এবং কোং।

লব্ধপ্রতিষ্ঠ ও কলিকাতা ও অন্যান্য স্থানের দক্ষ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৫৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক কুবিনি ক্যাম্ফার ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৷৷০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৬৲ ও ৭৲, শিশুচিকিৎসা ২৷৷০, শ্যামাচিকিৎসা ২৲ জ্বর চিকিৎসা ৸০ ও ১৸০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৸০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমার কলিকাতার মহামেলার এই শ্রেণীতে ভারতের মধ্যে সর্ব্বোচ্চ এবং এথানকার ও অন্যান্য স্থানের সম্ভ্রান্ত চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি। ১৯

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্তলালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীতে সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১।০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

REDUCTION IN PRICE OF CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta, Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free, at 4 oz, Re3—4: 8 oz, Re 6—8: 16 oz, Re 12—12. Cash with order.

No. 331

বুধোদয় যন্ত্র।

হুগলি বুধোদয় যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষর ও তাহার সরঞ্জাম প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানা প্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় যাবতীয় ফারম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, ষ্ট্যাম্পবিল, জমিদারীর জমাওয়াশীল ফরম, ডাক্তারি লেবিল ও বিল নানাপ্রকার ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পন্ন হইয়া থাকে। বিশেষ বন্দোবস্ত করিলে, সাপ্তাহিক পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংলিস অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও স্মল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া দপ্তরী দ্বারা পুস্তক প্রস্তুত করিয়া রীতিমত বাক্সবন্দী করিয়া রেলে বা জাহাজে পাঠাই যেমন সুবিধা তদ্রূপ পাঠাইয়া থাকি, গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন, ছাপার রেট ও অন্যান্য বিবরণ জানিতে ইচ্ছা করিলে আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পারিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
কার্য্যাধ্যক্ষ।

শ্রীযু[illegible]

পা[illegible]

৩য় সংস্করণ, ৮[illegible]

সামাজিক [illegible]

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১৯ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।

ডাকমাশুল /০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৵০

পদ্য ব্যাকরণ মূল্য /১০

প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য /১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায়) পাওয়া যায়।

শ্রীতিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

রিপণ-ডিপজিটারী।

৫২ নং দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য ও নাটক নভেল অতি সুবিধায় সরবরাহ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পিঃ, ডাকে পুস্তক পাঠাই। প্রেরণ বাবদ ৵০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়।

শ্রীশশিভূষণ সাহা
৩৮০ নং ম্যানেজার।

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মতামত নহে।

আচার প্রবন্ধ।

নৈমিত্তিকাচার প্রকরণ।

প্রথম অধ্যায়।

ব্রত, পূজা, পর্ব্বাদির বিষয়।

আরও কয়েকটী উদাহরণ প্রদর্শন দ্বারা পূর্ব্বোক্ত চারিটী এবং এই আটটী সর্ব্বশুদ্ধ এই বারটী সূত্র স্মরণে যে আরও অনেকানেক দেবমূর্ত্তির ব্যাখ্যা হইতে পারে তাহার প্রদর্শন এবং সূত্রপ্রয়োগের কতকটা প্রণালীও স্পষ্ট করা যাইতেছে।

(৬) তারা—দশমহাবিদ্যার প্রথমা বা আদ্যা কালিকা, দ্বিতীয়া তারা। শ্লোকাদিতে দুইটী নাম পর পর থাকে বলিয়াই যে, কালিকা প্রথমা এবং তারা দ্বিতীয়া, এমত নহে। কালিকা হইতেই তারার উৎপত্তি *। কথিত আছে যে, কৌষিকী দেবীর শরীর-কোষ হইতে তারা আবির্ভূতা হইলেই কৌষিকী কৃষ্ণবর্ণা হইয়া কালিকারূপ ধারণ করিলেন। কালিকা সর্ব্বময়ী, তারা বিশ্বময়ী ধরিত্রী-রূপিণী।

তারা দেবীর ধ্যান এই—তিনি প্রত্যালীঢ়পদা, ঘোরা, মুণ্ডমালা বিভূষিতা, খড়্গা, লম্বোদরী, ভীমা, ব্যাঘ্রচর্ম্মাবৃতা, নবযৌবনসম্পন্না, পঞ্চমুদ্রাবিভূষিতা, চতুর্ভুজা, লোলজিহ্বা, মহা-ভীমা, বরপ্রদা, অপসব্যভুজদ্বয়ে খড়্গকর্ত্তৃ-সমাযুক্তা, সব্যভুজদ্বয়ে কপালোৎপল সংযুক্তা, মস্তকে পিঙ্গোগ্রৈক জটা, অক্ষোভ্যভূষিতা, ত্রিলোচনা, অলঙ্কৃতা মধ্যগতা, ঘোরদংষ্ট্রা, করালবদনা, স্মেরবক্ত্রা হাস্যমুখী, স্বালঙ্কার পরিহিতা, বিশ্ব-ব্যাপকতোয়-মধ্যগত-শ্বেত-পদ্মোপরিস্থিতা।

(১) প্রত্যালীঢ়পদা—মুক্ত গমনোদ্যতা বামা-দিগের বামপদ অগ্রবর্ত্তী হয়, এ কথাটী অলঙ্কার শাস্ত্রসম্মত।

(২) ঘোরা—অর্থাৎ ভয়ানকা। কালিকার এবং তারার মূর্ত্তিতে রুদ্র এবং ভয়ানক রসের আবরণ দেওয়া হইয়াছে।

(৩) মুণ্ডমালা বিভূষিতা—ষষ্ঠ সূত্রানুসারে দেবীর বিশ্বময়ীত্ব প্রখ্যাপিত হইল।

(৪) খর্ব্বা—কৌষিকী মূর্ত্তি হইতে নিঃসৃতা সুতরাং সেই সর্ব্বময়ী হইতে খর্ব্বাকার বিশিষ্টা।

(৫) লম্বোদরী—ব্রহ্মাণ্ডভাণ্ডোদরীত্ব সূচিত হইল।

(৬) ভীমা—পূর্ব্বোক্ত 'ঘোরা' শব্দের দ্বারাও এই ভীমা বা ভয়ানকা ভাব প্রকটিত হইয়াছে।

(৭) ব্যাঘ্র চর্ম্মাবৃতা—ব্যাঘ্র শব্দটী † গন্ধের উপাদান অর্থাৎ মৃত্তিকার বোধক। ধরিত্রী রূপিণী তারা মৃত্তিকাবরণে আবৃতা।

(৮) নবযৌবন সম্পন্না—ধরিত্রীর যৌবন অর্থাৎ সৌন্দর্য্য এবং প্রসব ক্ষমতা চিরস্থায়ী।

(৯) পঞ্চমুদ্রা বিভূষিতা—তন্ত্রচূড়ামণি গ্রন্থে তারার পঞ্চমুদ্রাকে পঞ্চকপাল বলিয়া ব্যাখ্যা করিয়াছেন। কপাল * অর্থে জলধর বা মেঘ, অতএব পঞ্চ কপাল বা পঞ্চ মেঘ অর্থাৎ চারি গজ এবং পর্জ্জন্য অর্থাৎ পৃথিবীর উপরিভাগস্থ মেঘমালা।

(১০) চতুর্ভুজা প্রথম সূত্রানুসারে পরব্রহ্ম-ময়ী।

(১১) লোলজিহ্বা বিনাশোন্মুখতার জ্ঞাপক।

(১২) খড়্গ, কর্ত্তৃ, কপাল, উৎপল—খড়্গ জ্ঞানের, কর্ত্তৃ জ্ঞানের, পানপাত্ররূপ কপাল আকাশের এবং উৎপল জীবের বোধক।

(১৩) পিঙ্গোগ্রৈক জটা—অন্য ধ্যানে এই জটার সম্বন্ধে লিখিত হইয়াছে "ধং লিখন্তি জটা-মেকাং" পৃথিবীর বর্ণনাতেও লিখিত হইয়াছে—পৃথিব্যা অন্তরীক্ষে ভাস্বান্ মেরু হিরণ্ময়ঃ যোজনানাং সহস্রাণি সমুচ্ছ্রিতঃ।" অতএব সুমেরুর এই শৃঙ্গই এই জটাস্থানীয়। *

(১৪) অক্ষোভ্য ভূষিতা,—অক্ষোভ্য † অর্থে যাহা বিচলিত হয় না, অখণ্ডদণ্ডায়মান আকাশ। তাঁহার আকার সর্পের আকার। সর্প কুণ্ডলী করিয়া বৃত্তাকার হয় বলিয়া উহা আদ্যন্তরহিত অনন্তের স্থানীয়। অতএব পৃথিবীর শিরোদেশে কপাল বা মেঘ এবং তাহার উপর অনন্ত আকাশ। তারা স্বয়ং ইহার প্রতি দেব শব্দের প্রয়োগ করিয়াছেন—

"মমমৌলিস্থিতং দেবমবশ্যং পরিপূজয়েৎ"।

(১৫) ত্রিলোচনা—পূর্ব্বোক্ত দ্বিতীয় সূত্রানুসারে বিশ্বরূপিণী।

(১৬) অপচ্ছিতা মধ্যগতা—সর্ব্বদা সূর্য্যরশ্মি পরিবেষ্টিতা। পৃথিবীর ধ্যানেও তাঁহাকে "সদা শুদ্ধাংশুকাধানাং" অর্থাৎ বিশুদ্ধ বস্ত্র পরিহিতা বলা হইয়াছে।

(১৭) বিশ্বব্যাপক তোয়ান্তঃশ্বেত-পদ্মোপরি স্থিতা—পৃথিবী সম্বন্ধেও বলা হইয়াছে "জলেতাং স্থাপয়ামাস পদ্মপত্রং যথাহ্রদে।"

অম্বর।

(৩)

যে "দাওয়ানে খাসের" কথা বলা হইয়াছে, তাহার স্তম্ভ সকল রক্তবর্ণ প্রস্তরে নির্ম্মিত। উহার নির্ম্মাতা প্রথম জয়সিংহ (=মির্জা রাজা জয়সিংহ)। শুনা যায় আরঙ্গজীব আগরার 'দেওয়ানে খাসের' অনুকরণ হইল বলিয়া অত্যন্ত চটিয়া যান ও স্তম্ভ সকলের বর্ণ দেখিবার জন্য লোক পাঠাইয়া দেন। জয়সিংহ ইতিপূর্ব্বেই ব্যাপার জানিতে পারিয়া স্তম্ভগুলিকে চুনকাম করিয়া সাদা করিয়া ফেলেন। সেই অবধি উহা সাদাই চলিতেছে। 'দেওয়ানে খাসের' সহিত সম্পৃক্ত কয়েকটী অতি সুসজ্জিত কক্ষ ও একটী মনোহর উদ্যান আছে। কক্ষগুলি যথা (১) 'সীস মহল'—ইহা চারি পাঁচটী কক্ষের সমষ্টি। অসংখ্য কাচকুর্ণপূর্ণাকারে ইহার ভিত্তি এবং ছাদতলে সংলগ্ন সুতরাং গৃহপ্রবিষ্ট ব্যক্তি আপনার অনন্ত প্রতিমূর্ত্তি চতুর্দ্দিকে দর্শন করেন। (২) 'হামাম' ও 'গুসলখানা' অর্থাৎ উত্তাপ গৃহ ও স্নানাগার (৩) সোহাগ-মন্দির- (৪) সুখমন্দির অর্থাৎ এই কক্ষে নিরন্তর স্তর স্তর বাহিনী জল-ধারা প্রবাহিত হইত। গ্রীষ্মকালে বিশ্রাম জন্য ইহার ব্যবহার করা হইত। ইহার দ্বারগুলি হস্তিদন্তময় কারুকার্য্য খচিত। জেনানা মহলে বিশেষ কিছুই দ্রষ্টব্য নাই, কেবল একটী আঁধার

---

* "বিনিসৃতায়া দেব্যাস্তু মাতঙ্গ্যাঃ কায়তস্তদা।
ভিন্নাঞ্জননিভাকৃষ্ণা" কালিকা পুরাণ।

ম্লা গন্ধোপাদানে ইতি বি + আ + ম্লাধাতুক প্রত্যয়েন ব্যুৎপন্নঃ। গন্ধবতী পৃথিবী।

* কপালঃ—কং জলং পালয়তি ধারয়তি ইতি কপালঃ মেঘঃ।

† অক্ষোভ্য—ক্ষুভ বিলোড়নে ইতি নঞ্পূর্ব্বক ক্ষুভ্ ধাতু য প্রত্যয়ে সিদ্ধ।

বর্ণায়মান পথ আছে। আর প্রাঙ্গণে রাজদিগের সভাবেদী সকল এবং তাঁহাদিগের অবস্থান জন্য বহুসংখ্যক প্রকোষ্ঠ বিদ্যমান আছে।

রাজবাটীর পশ্চিম দিকে নগরের পশ্চিম সীমা বর্ত্তী শুষ্ক পর্ব্বতের উপরে জয়গড় নামক প্রসিদ্ধ দুর্গ। ইহাও প্রথম জয়সিংহ কর্ত্তৃক নির্ম্মিত হয়।

দিল্লীর বাদসাহ মহারাজ মানসিংহকে দুইবার বাঙ্গালার সুবেদার করিয়া পাঠান। মহাকবি ভারতচন্দ্র তাঁহার রসময়ী লেখনীর দ্বারা মান সিংহের নাম বাঙ্গালায় চিরস্মরণীয় করিয়া গিয়াছেন। বাঙ্গালায় অবস্থানকালে মানসিংহ যশোর নগরের রাজা বঙ্গজ কায়স্থকুলোদ্ভব মহাবীর প্রতাপাদিত্যকে যুদ্ধে পরাস্ত করেন এবং তাঁহার গৃহ-দেবতা শিলাদেবীকে পুরোহিত সহ এখানে লইয়া আইসেন। এই শিলাদেবীর মূর্ত্তি সম্বন্ধে আমরা একটী গল্প শুনিয়াছিলাম তাহা নিম্নে বিবৃত হইল। "মহারাজ প্রতাপাদিত্য এক সময়ে মথুরা ও বৃন্দাবন ভ্রমণ করিতে আইসেন, এবং কালিন্দীর স্বচ্ছ জলে স্নান করিতে করিতে জলমধ্যে একখানি কৃষ্ণবর্ণ শিলাপট্ট দেখিতে পান। এই পাথরখানি কি—এই কথা নিকটবর্ত্তী ব্রাহ্মণগণকে জিজ্ঞাসা করিলে তাঁহারা কহিলেন যে, "এ পাথরখানি বড় সাধারণ নহে, রাজা কংস শ্রীকৃষ্ণের অগ্রজগণকে ইহারই উপর আছাড় দিতেন। শেষ যাঁহাকে আছাড় দিয়াছিলেন, তিনি আর কেহই নহেন—মহামায়া, যিনি এখন বিন্ধ্যবাসিনী নামে বিরাজিতা।" প্রতাপাদিত্য গোপনে ঐ প্রস্তরখানি আনিয়া উহাই কুঁদিয়া শিলাদেবীর মূর্ত্তি নির্ম্মাণ করান। ইহার সম্বন্ধে আর যে যে গল্প আছে তাহা পাঠকবর্গ বিশ্বকোষ অভিধানের 'অম্বর' শব্দে দেখুন।

শিলাদেবী সম্বন্ধে এদেশে সাধারণে বলিয়া থাকে যে মহারাজ মানসিংহ যখন বাঙ্গালায় থাকেন তখন সমুদ্রের রাজাকে হারাইয়া এই ঠাকুর প্রাপ্ত হন। এই সমুদ্রের রাজার সহিত অনেক যুদ্ধ করিতে হইয়াছিল। বাস্তবিক প্রতাপাদিত্যের প্রতাপ বড় সাধারণ ছিল না। বাদশাহ আকবর চিতোরের রাণা প্রতাপ আর বঙ্গের কায়স্থ প্রতাপ এই দুই প্রতাপ হইতে যে বিশেষ চিন্তাকুল ছিলেন তাহা তিনি নিজ মুখেই বলিয়াছেন। মোগল সেনাকে বার বার পর্য্যুদস্ত না করিলে জাহাঙ্গীর মানসিংহের ন্যায় সেনাপতিকে কখনই প্রতাপের বিরুদ্ধে পাঠাইতেন না। যাহা হউক আমাদের ঘরের কবি যাহা বলিতেছেন তাহাই বা কেন না মান!

"যশোর নগর ধাম, প্রতাপ আদিত্য নাম
মহারাজ বঙ্গজ কায়স্থ
নাহি মানে পাতশায়, কেহ নাহি আঁটে তায়
ভয়ে যত ভূপতি ব্যস্ত।
রূপপুত্র ভবানীর, প্রিয়তম পৃথিবীর
বায়ান্ন হাজার যার ঢালি
ষোড়শ হলকা হাতি, অযুত তুরঙ্গ সাতি,
যুদ্ধকালে সেনাপতি কালি।"

আবার,

"প্রতাপ আদিত্য রাজা তলবার লয়ে।
বেড়ী ফিরা পাঠাইয়া পাঠাইল কয়ে॥
কহ গিয়া অরে চর মানসিংহ রায়ে।
বেড়ী দিউক আপনার মনিবের পায়ে॥
লইলাম তলবার কহ গিয়া তারে।
* যমুনার জলে ধুব এই তলবারে॥"

ভারতচন্দ্র শিলাদেবীরও উল্লেখ করিয়াছেন এবং কহিয়াছেন যে প্রতাপের পাপেই তিনি বিমুখী হন। কিন্তু শিলাদেবীর মুখমণ্ডল বাম ভাগে কেন ঈষৎ বক্র এ সম্বন্ধে এখানকার লোকে বলে যে প্রথম প্রথম দেবী নরবলি পাইতেন; পরে রহিত হওয়াতে দেবী রুষ্টা হইয়া মুখ ফিরাইয়াছিলেন। বাস্তবিক দেবীর মুখটী এতই হেলান যে দূর হইতে হঠাৎ শ্রীকৃষ্ণমূর্ত্তি বলিয়া বোধ হয়।

যশোহর নগর এখন ধ্বংসাবশিষ্ট, কিন্তু যথানে রাজাদিগের পুরোহিতগণ বাস করিতেন সেই ঘষ্‌ঘষে গ্রাম এখনও একটী বিশিষ্ট গণ্ডগ্রাম। ঘষ্‌ঘষের পাশ্চাত্য বৈদিকগণ ভট্টপল্লীস্থ বৈদিকগণের কুটুম্ব। বাস্তবিক ভাটপাড়ার পণ্ডিতগণের আদিপুরুষ ঐ দিক হইতেই আইসেন। মানসিংহ যে পুরোহিতকে শিলাদেবীর সহিত লইয়া আইসেন তাঁহার নাম কমলাকান্ত ভট্টাচার্য্য। রত্নগর্ভ সার্ব্বভৌম কমলাকান্তের পুত্রদের মধ্যে এক জন। ইহাঁদের সহিত বাঙ্গালার বৈদিক শ্রেণীগণের বৈবাহিক সম্বন্ধ অনেক দিন হইতেই প্রায় উঠিয়া গিয়াছে, কিন্তু বর্ত্তমান পূজকদের পিতামহদের সময়ে নবদ্বীপ ও শান্তিপুরের নিকট হইতে চারিটী বৈদিক শ্রেণীর কন্যা এইখানে পরিণীতা হন। আরও এক জন বর্ত্তমান পূজক তারকেশ্বরের নিকটস্থ সোমনাথ ভট্টাচার্য্যের কন্যাকে বিবাহ করিয়াছেন। তাঁহার দুই সন্তান হইয়াছে এবং তিনি রীতিমত বাঙ্গালা কথা কহিতে পারেন। অনেক ঘরে স্ত্রীলোকদের ভিতর ঘাঘরা ও কাঁচুলি পরিবার প্রথার প্রচলন হয় নাই। সেই বাঙ্গালী সাড়ীরই চলন আছে। ইহাঁরা সর্ব্বশুদ্ধ ২০ ঘর আছেন। কতক ঘর আমেরে এবং কয়েক ঘর জয়পুরে আছেন। মাথা গণতি ইহাঁদের মধ্যে এক শত লোকও নাই। ইহাঁরা বামাচারী শাক্ত।

মানসিংহের সময় হইতে আজ পর্য্যন্ত তিন শত বৎসরের অধিক অতীত হইয়াছে। এই তিন শত বৎসর হইল সূক্ষ্মাকারে জয়পুরে বাঙ্গালীর প্রবেশ হইয়াছে। আজ কাল জয়পুরে বাঙ্গালীর যেরূপ অভ্যুদয় তাহার সহিত ঐ তিন শত বৎসরের উপ্ত বীজের সহিত কোন সম্বন্ধ আছে কি না তাহা অনেকে জিজ্ঞাসা করিতে পারেন। প্রকৃত উত্তর দেওয়া বড় সহজ নহে। তবে আমি এইমাত্র বলিতে পারি যে, আমি যেন একটী শৃঙ্খল দেখিতে পাইতেছি। মানসিংহের শতাধিক বর্ষ পরে দ্বিতীয় জয়সিংহের সময়ে দিল্লীশ্বরের সভা হইতে বিদ্যাধর নামক একজন বাঙ্গালী ব্রাহ্মণ এখানে আনীত হন। সেই বিদ্যাধর নিজ প্রতিভাবলে জয়সিংহের প্রধান মন্ত্রী হইয়াছিলেন। অনুপমশ্রী জয়পুর নগরীর নির্ম্মাণ বিষয়ে তিনি জয়সিংহের প্রধান সহকারী ছিলেন। তিনি এখানে "দাওয়ান বিদ্যাধর" নামে অভিহিত। ইহাঁর যে সকল সম্পত্তি ছিল কালবশে সে সমস্ত তাঁহার ক্ষয়প্রাপ্ত হইয়াছে। বংশীয়েরা কেবল নয় শত মুদ্রা উপস্বত্বের গ্রাম ভোগ করিতেছেন। ইহাঁর একজন বংশধর শিশুবয়স 'শিশুবয় বাঙ্গালী' বলিয়া প্রসিদ্ধ। সহরের একটী গলি 'বিদ্যাধরের গলি বলিয়া উক্ত হইয়া থাকে। বিদ্যাধরের পত্নী আর কেহই নহেন, আমেরের পূজক বংশীয় এক জন বাঙ্গালীর কন্যা ছিলেন। পাঠকবর্গের নিকট এই বাঙ্গালী বিদ্যাধরের সবিশেষ পরিচয় কোন ভবিষ্যৎ প্রস্তাবে দিব।

---

* এই যমুনা অর্থে যশোহর তলবাহিনী যমুনা বুঝিতে হইবে।

এডুকেশন গেজেট।

১৭ই ভাদ্র ১৩০০। ইং ১লা সেপ্টেম্বর ১৮৯৩।

আফিম কমিসন।

গাঁজা কমিসনের ন্যায় আর একটি আফিম কমিসন বসিবে স্থির হইয়া গিয়াছে। ভারতের আফিমের ব্যবসায়ে বাধা দিবার জন্য বিলাতের আফিমদ্বেষিগণ অনেক দিন হইতেই বদ্ধপরিকর হইয়াছেন। অনেক চেষ্টাতেও আপনাদিগের উদ্দেশ্য কার্য্যে পরিণত করিয়া উঠিতে না পারিলেও তাঁহারা এযাবৎ আপনাদিগের জেদ পরিত্যাগ করেন নাই। কিছু দিন হইল বিলাতের কমন্স সভায় আফিম কমিসন বসাইবার প্রসঙ্গে প্রস্তাব উত্থাপিত হওয়ায় আফিমদ্বেষিগণের পক্ষে ভোটের আধিক্য হেতু প্রস্তাবটি গ্রাহ্য হইয়াছে। প্রধান মন্ত্রী গ্ল্যাডষ্টোন সাহেব কমিসন বসাইবার ব্যবস্থা করিয়াছেন। লর্ড ব্রেসি, মিঃ ডবলিউ এস্ কেন্, স্যর উইলিয়ম রবার্টস, মিঃ আর্থর পিস্, মিঃ আর জি সি মৌব্রে, স্যর জেম্‌স্ লায়াল, মিঃ এ ইউ ফ্যান্‌স—এই কয়জন ইউরোপীয়, এবং দেশীয়গণ মধ্যে দরভাঙ্গার মহারাজ ও জুনাগড়ের দেওয়ান হরিদাস বিহারী দাস দিসাই কমিসনের সদস্য নিযুক্ত হইয়াছেন।

কমিসন প্রথমে লণ্ডনে বসিয়াই প্রমাণাদি সংগ্রহ করিবেন। প্রথম অধিবেশনের দিন আগামী ৮ই সেপ্টেম্বর স্থির হইয়াছে। আগামী ৬ই অক্টোবর কমিসন লণ্ডন পরিত্যাগপূর্ব্বক ভারতে আসিয়া কার্য্য আরম্ভ করিবেন। কমিসনের ব্যয় কোথা হইতে সরবরাহ হইবে তাহার কোন একটা চূড়ান্ত মীমাংসা আজও হয় নাই। লর্ড ষ্টেন্‌লির প্রত্যুত্তরে ষ্টেট সেক্রেটারী লর্ড কিম্বার্লি বলিয়াছেন, "লর্ড সালিসবারি কমিসনের অর্দ্ধেক ব্যয়ের ভার বিলাতের উপর এবং অপরার্দ্ধেকের ভার ভারতের উপর দিতে পরামর্শ দিয়াছেন। পরামর্শটি তাঁহারও অনুমোদিত।"

কলিকাতাস্থ ব্রিটিস ইণ্ডিয়ান সভা এই কমিসন ব্যাপারে প্রতিবাদ করিয়াছেন। বিগত ২৩ শে আগষ্ট বুধবার মহারাজ নরেন্দ্রকৃষ্ণ বাহাদুর প্রমুখ সদস্যগণ প্রতিবাদ পত্র লইয়া ছোট লাট বাহাদুরের সহিত তাঁহার ভবনে সাক্ষাৎ করিয়াছিলেন। প্রতিবাদ পত্র প্রদানের পূর্ব্বে মহারাজ নরেন্দ্রকৃষ্ণ ছোট লাট বাহাদুরকে এই কয়েকটি কথা বলিয়াছিলেন—"চাষীদিগের মধ্যে যাহারা আফিমের চাষ করিয়া থাকে, তাহাদিগের অবস্থা অন্যান্য চাষীদিগের অপেক্ষা ভাল। এ প্রদেশের লোকের আন্ত্রিক ব্যারামটা কিছু বেশী হইয়া থাকে আর সেই অবস্থায় অনেক স্থলে আফিম তাহাদিগের পক্ষে উপকারী। শরীরের বেদনা ইহাতে দূর হয় এবং দুর্ব্বলকে কার্য্যক্ষম করে। ভারতে আফিম নেশার জন্য ব্যবহৃত হয় না। একটা নির্দ্দিষ্ট বয়সের পর আফিম ব্যবহার করিয়া অনেকেই আপনাদিগের স্বাস্থ্য ভাল রাখতে পারেন। চীন অপেক্ষা ভারতের আফিম ভাল বলিয়া চীনেরা ভারতের আফিমই অধিক ক্রয় করিয়া থাকে। আফিমে গবর্ণমেণ্টের আট কোটি টাকা আয় হয়। ইহার ব্যবসায়ে আঘাত পড়িলে এই টাকার ক্ষতিপূরণ আর কিছু দ্বারা সহজে হইতে পারিবে না।"

অতঃপর প্রতিবাদ পত্রখানি মহারাজ নরেন্দ্রকৃষ্ণই পাঠ করেন। আপত্তির কথাগুলি সংক্ষেপে নিম্নে বিবৃত হইল—

"কোন না কোনরূপ অবসাদক মাদকের ব্যবহার বহুকাল হইতে এ প্রদেশে প্রচলিত আছে। উহার প্রচলন দেবসম্মত বলিয়াই বলা হইয়া থাকে। আফিম এদেশে খুব বেশী দিন না হইলেও তিন শত বৎসরের (মিঃ নরম্যান চিকার্সের মতে) অধিক কাল প্রচলিত আছে। সমগ্র ভারতের গরিব দুঃখী নির্বিশেষে সাধারণতঃ অনেকেই উহার ব্যবহার করিয়া থাকে। আফিম বেশী মাত্রায় ব্যবহার করিলেও মদের ন্যায় অপকারী নহে। পরিমিত সেবনে ইহাতে উপকার আছে। নিম্ন বাঙ্গলার জলাপ্রদেশসমূহের কৃষকগণ, চৌকীদার, বেহারা এবং জেলেদের পক্ষে ইহার পরিমিত সেবন বিশেষ ফলপ্রদ। বিলাতের সাধারণ লোককে তামাকে বঞ্চিত করা অপেক্ষা এদেশীয় ঐরূপ সমস্ত লোকদিগকে আফিমে বঞ্চিত করা গুরুতর ব্যাপার। বিলাতে ওরূপ চেষ্টায় হয় ত মন্ত্রীসভায় পরিবর্ত্তন ঘটিবে এবং সেই সঙ্গে সম্ভবতঃ উদ্দেশ্যও সিদ্ধ হইবে। ভারতে কিন্তু তাহা হইবে না।

আফিম উঠাইলে মদ তাহার স্থান অধিকার করিবে। মদের চলন হইলে সঙ্গে সঙ্গে অন্যাচারও বাড়িবে। যে দেশে মদের প্রচলন অধিক, মদই তথাকার অধিকাংশ অপরাধের উৎপত্তি হেতু; কিন্তু আফিম ভারতে এবং চীনে অধিক পরিমাণে প্রচলিত থাকিলেও উহার ফলে ওরূপ হয় না। আফিমদ্বেষিগণ আফিমের পরিমিত ব্যবহার যতটা দোষাবহ বলিয়া থাকেন, অভিজ্ঞ বৈজ্ঞানিকগণ কিন্তু তত বলেন না। ইণ্ডিয়ান মেডিকেল গেজেটে এতৎসম্বন্ধে ডাক্তার কুদি যে

প্রবন্ধ লিখিয়াছেন তাহা দেখিলেই এই কথার যাথার্থ্য বুঝিতে পারা যাইবে।

চীনেও আফিম যথেষ্ট জন্মিয়া থাকে, সুতরাং ভারতের আফিম উঠিলেও চীনে আফিমের ব্যবহার বন্ধ হইবে না। ভারতের আফিম চীনে রপ্তানী না হইলেও চীন স্বদেশজ অপকৃষ্ট আফিম ব্যবহার করিবে, তাহাতে ভারত ও চীন কাহারই ইষ্ট হইবে না।

ভারতে আফিম উঠিলে গবর্ণমেণ্টের আয়ে বিশেষ আঘাত লাগিবে। যাহারা ইহার চাষ করে তাহাদের ও বিশেষ কষ্ট হইবে। আর কোন কিছুর চাষ করিলে তাহাদের এই ক্ষতির পূরণ হইতে পারিবে না। জমিদারদিগকেও জমিগুলি কম খাজানায় বিলি করিতে হইবে। কাজেকাজে, এই ব্যাপারে সমগ্র দেশমধ্যে অসন্তোষ বিরাজ করিবে এবং গবর্ণমেণ্ট আফিমের আয় পোষাইয়া লইবার জন্য কর বৃদ্ধি করিতে বাধ্য হইলে করভার পীড়িত প্রজাকুলের অসন্তোষ ও ক্লেশের সীমা থাকিবে না। আফিমের আয় যে কিরূপে পোষাইয়া দেওয়া হইবে—আফিম-দ্বেষীগণ সে সম্বন্ধে কোনরূপ উপায়ের কথা না বলায় তাঁহাদিগের অবলম্বিত পথ প্রকৃষ্ট রাজনীতির অনুকূল হয় নাই।

আবেদনকারিগণের প্রার্থনা, ছোট লাট বাহাদুর তাঁহাদিগের এই আবেদন পত্র খানি সকৌন্সিল গবর্ণর জেনারেল বাহাদুরের নিকট অর্পণ করিবেন এবং আফিম কমিসনের কার্য্য চলিলেও যাহাতে কমিসনের ব্যয়ভার ভারতকে কিছু মাত্র বহন করিতে না হয় সে বিষয়ে প্রতিবাদ করিবার জন্য সকৌন্সিল গবর্ণর জেনারেলকে অনুরোধ করিবেন।"

আবেদন পত্রখানি পড়া হইয়া যাইবার পর ছোট লাট বাহাদুর উহার নিম্নলিখিতরূপ উত্তর প্রদান করিয়াছেন—

"বৃটিস ইণ্ডিয়ান সভা যে শুধু জমিদার সম্প্রদায়ের স্বার্থের দিকে দৃষ্টি রাখিয়া আফিম কমিসনের ব্যবস্থায় প্রতিবাদ করিয়াছেন তাহা নহে, সমগ্র দেশের মঙ্গলসাধনের দিকে লক্ষ্য রাখিয়াই করিয়াছেন। এই কমিসন সম্বন্ধে আমি আমার নিজের মত এক্ষণে কিছুই প্রকাশ করিব না, কিন্তু ভবিষ্যতে আবশ্যক হইলে যে করিতে কুণ্ঠিত হইব তাহা নহে। আফিম উঠাইবার ব্যবস্থায় যাঁহারা একান্ত পক্ষপাতী, এদেশীয়গণকে স্বায়ত্তশাসন ক্ষমতা পূর্ণমাত্রায় প্রদানে তাঁহারাই আবার বিশেষ সমুৎসুক,; কিন্তু তাঁহাদের অভিপ্রায় মত ভারতে যদি স্বায়ত্তশাসন পূর্ণমাত্রায় প্রচলিত হয় এবং ডালহৌসী স্কোয়ারে পার্লিয়ামেণ্ট প্রতিষ্ঠিত হয় তাহা হইলে আফিমদ্বেষীদিগের এটা বুঝিয়া দেখা উচিত যে, সেই পার্লিয়ামেণ্টে আফিম উঠাইবার প্রস্তাব গ্রাহ্য হইবে না। যাহাই হউক, ব্রিটিস ইণ্ডিয়ান সভার ন্যায় গণ্যমান্য সভার আবেদন যে গবর্ণমেণ্টের নিকট বিশেষ সমাদৃত হইবে সে পক্ষে আর সন্দেহ নাই।"

বঙ্গের পুলিস বিবরণী।

১৮৯২ সালের বাঙ্গাল গবর্ণমেণ্টের অধীনস্থ পুলিসের কার্য্য বিবরণী বিষয়ক রিপোর্টের উপর বাঙ্গাল গবর্ণমেণ্টের মন্তব্য প্রকাশিত হইয়াছে। নিম্নে তাহারই সারাংশ বিবৃত হইল।

উক্ত বৎসর পুলিসের ১০৭ জন কনষ্টেবল কমাইয়া দিয়া তৎপরিবর্ত্তে ৭ জন হেড কনষ্টেবল এবং ২৪ জন টাউন চৌকিদার নিযুক্ত করা হইয়াছিল, সুতরাং বৎসরের শেষে সমগ্র পুলিসের কর্ম্মচারীর সংখ্যা সর্ব্বশুদ্ধ ২২ হাজার ৭৮৭ জন ছিল—উচ্চ কর্ম্মচারী ৭৪ জন এবং অধস্তন কর্ম্মচারী প্রভৃতি ২২৭১৩ জন। রেলওয়ে পুলিসে পূর্ব্ববৎসরের ন্যায় এবৎসরেও উচ্চ কর্ম্মচারী ২ জন ছিলেন' কেবল অধস্তন কর্ম্মচারী প্রভৃতির সংখ্যা কমাইয়া ৬২১ জনের স্থানে ৬০১ জন করা হইয়াছিল।

পুলিসের ব্যয় উক্ত বৎসর ৪৩ লক্ষ ৯৭ হাজার টাকা মঞ্জুর করা হইয়াছিল, কিন্তু ব্যয় প্রকৃত প্রস্তাবে ৪৩ লক্ষ ৩ হাজার ৭১৫ টাকা হইয়াছিল। পূর্ব্ববৎসরের তুলনায় এবৎসরের ব্যয় ৭৭ হাজার ৫২২ টাকা বেশী হইয়াছে। পুলিস কর্ম্মচারীদিগের বাড়্তি পোষাক ও নূতন রকমের বন্দুক খরিদ হেতু এবং খাস বাঙ্গালার জেলাসমূহে কনষ্টেবলদিগের বেতন ৬ টাকা স্থলে ৭ টাকা করিয়া দেওয়ায় এবৎসরের এরূপ ব্যয় বেশী হইয়াছে।

সহর পুলিসের কার্য্যের উন্নতি দেখাইবার জন্য এবারে কতকটা নূতন প্রণালী অবলম্বিত হইয়াছে। এক এক চৌকিতে (Beat) এক এক জনের পরিবর্ত্তে দুই দুই জন করিয়া প্রহরী রাখিবার বন্দোবস্ত হইয়াছে, রোঁদ দিবার কর্ম্মচারীর সংখ্যা বাড়ান হইয়াছে, প্রহরীদিগের জন্য লাঠি ও লণ্ঠনের ব্যবস্থা করা হইয়াছে এবং কাহার কতদূর চৌকী, কোন্ কোন্ রাস্তা ও গলি ঐ চৌকীর অন্তর্ভুক্ত তাহা বুঝাইবার জন্য নক্সা প্রস্তুত করিয়া দেওয়া হইয়াছে। কোন বিশেষ গলি বা রাস্তায় রোঁদ দেওয়া হইয়াছে কি না তাহা বুঝিবার জন্য পাটনা বিভাগের কোন কোন সহরে নূতন উপায় অবলম্বিত হইয়াছে। পাটনা সহরের মধ্যে যে সকল পুলিস ষ্টেশন আছে ঐ সকলে পরস্পরে

যাহাতে টেলিফোন দ্বারা কথাবার্ত্তা চলিতে পারে সেরূপ ব্যবস্থায়ও গবর্ণমেণ্ট অনুমোদন করিয়াছেন। ছোট লাট বাহাদুর স্যর চর্লস ঈলিয়টের অনুমোদিত ব্যবস্থানুসারে যে সকল সহরের লোক জন কলহপ্রিয় নহে সেই সকল সহরে কনষ্টেবলের পরিবর্ত্তে উপযুক্ত বেতনে চৌকিদার রাখা হইতেছে। ফলকথা, সহর পুলিসের উন্নতি সাধন করিবার বিষয় এখনও অনেক আছে, কিন্তু যতদূর যাহা হইয়াছে, তাহাতে উহার উক্ত বৎসরের কার্য্য দেখিয়া ছোট লাট বাহাদুর মোটের উপর সন্তুষ্টই হইয়াছেন।

পীড়ন করিয়াছে বলিয়া উক্ত বৎসর পুলিসের বিরুদ্ধে ৯২টি মোকদ্দমা উপস্থিত হয়; তন্মধ্যে ২২টি সত্য বলিয়া গৃহীত হইয়াছিল। ইনস্পেক্টর জেনারেলের বিবেচনায় এইরূপ অধিকাংশ মোকদ্দমাই মিথ্যা করিয়া পুলিসের নামে উপস্থিত করা হয়। ছোট লাট বাহাদুর বলেন যে, সত্যই হউক আর মিথ্যাই হউক এইরূপ সমস্ত মোকদ্দমা উপস্থিত হইলেই তাহার সূক্ষ্ম তদন্ত করিতে হইবে।

পুলিস চালানী মোকদ্দমা এবং পুলিশ চালানী নয় এরূপ মোকদ্দমা —উভয়ের সংখ্যাই পূর্ব্ববৎসরাপেক্ষা এবৎসরে বৃদ্ধি পাইয়াছে। ছোট লাট বাহাদুরের বিবেচনায় কৃষিকার্য্যের দুরবস্থা এবং শস্যের মূল্য বৃদ্ধিই ইহার প্রধান কারণ। নূতন ব্যবস্থানুসারে গ্রামে কোন অপরাধের সংঘটন হইলে চৌকিদারেরা থানায় আসিয়া উহার সংবাদ দিয়া থাকে; সুতরাং অধিকাংশস্থলেই অপরাধ পুলিসের অপরিজ্ঞাত থাকে না। ইনস্পেক্টর জেনারেল এই ব্যবস্থাটিকে উক্ত সংখ্যা বৃদ্ধি পাওয়ার পক্ষে অন্যান্য কারণের মধ্যে একটি কারণ বলিয়া নির্দ্দেশ করিয়াছেন।

ছোট খাট চুরি প্রভৃতি স্থলে অবস্থা বিশেষে পুলিস ঘটনার অনুসন্ধান করিতে অস্বীকার করিতে পারিবেন, ছোট লাট বাহাদুর স্যর চর্লস ঈলিয়ট পুলিসকে এইরূপ ক্ষমতা দিয়াছেন; তদনুসারে গতবৎসর ৭ হাজার ৮টি উক্তরূপ মোকদ্দমার অনুসন্ধান করিতে পুলিস অস্বীকার করিয়াছিলেন। এবৎসর উহার সংখ্যা ১৮ হাজার ৫৩৬ হইয়াছে। পুলিস এবিষয়ে ক্ষমতার অপব্যবহার করিয়াছেন বলিয়া প্রতিনিধি ছোট লাট বাহাদুরের ধারণা হইয়াছে এবং অধস্তন পুলিস কর্ম্মচারীদিগের দ্বারা যাহাতে কোনরূপে এই ক্ষমতার অপব্যবহার না হইতে পায় তজ্জন্য পুলিসের ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টকে বিশেষ লক্ষ্য রাখিতে উপদেশ দিয়াছেন।

পূর্ব্ববৎসরে ১ হাজার ২৫৩টি মোকদ্দমার বিচার দায়রায় হইয়াছিল। এবৎসরে তথায় ১ হাজার ৩২৬টি মোকদ্দমার বিচার হইয়াছে। এই সংখ্যার মধ্যে ৯ শত মোকদ্দমায় আসামী দণ্ড পাইয়াছে। কোন কোন জেলায় অধিকাংশ আসামীই খালাস পাইয়াছে। ছোট লাট বাহাদুরের বিবেচনায় সে পক্ষে জজ জুরি প্রভৃতি কাহারও দোষ নাই; দোষ পুলিসের এবং সোপরদ্দকারী মাজিষ্ট্রেটের। পুলিস ভাল করিয়া মোকদ্দমার অনুসন্ধান করেন নাই এবং সোপরদ্দকারী মাজিষ্ট্রেটও প্রমাণাদির অবস্থা রীতিমত বুঝিয়া উঠিতে পারেন নাই। যাহাতে এইরূপ না ঘটিতে পায়, স্থানীয় কর্ম্মচারিগণকে সে বিষয়ে লক্ষ্য রাখিতে হইবে।

সম্প্রতি এই আদেশ বাহির হইয়াছে যে, অতঃপর পুলিসের ইনস্পেক্টরগণ স্বয়ং অকুস্থলে যাইয়া ডাকাতি প্রভৃতি গুরুতর অপরাধসমূহের তদন্ত করিবেন। প্রতিনিধি ছোট লাট বাহাদুর এইরূপ আদেশে সন্তোষ প্রকাশ করিয়াছেন; বলিয়াছেন, "এরূপ হইলে উল্লিখিত অপরাধসমূহের রীতিমত তদন্ত হওয়ায় প্রকৃত অপরাধী ধরা পড়িতে পারিবে। উচ্চ কর্ম্মচারিগণ কর্ত্তৃক এইরূপে তদন্ত হইতে থাকিলে অধস্তন কর্ম্মচারীদিগের ঘুষ লওয়া প্রভৃতি অসৎকার্য্য সমূহ বন্ধ হইয়া যাইবার উপায় হইবে। ডিষ্ট্রিক্ট সুপরিণ্টেণ্ডেণ্টগণ যেন না মনে করেন যে সামান্যতঃ কেবল পরিদর্শন করিয়া বেড়ানই তাঁহাদের কার্য্য; নিজে গুরুতর অপরাধসমূহের তদন্ত করিয়া প্রকৃত অপরাধীকে যাহাতে গ্রেপ্তার করিতে পারেন তাহাও তাঁহাদের করা চাই।"

মোকদ্দমাসমূহের নিষ্পত্তি বিষয়ে যাহাতে অযথা বিলম্ব না হয়, প্রতিনিধি ছোট লাট বাহাদুর এরূপ অভিপ্রায় প্রকাশ করিয়াছেন। তাঁহার বিবেচনায় এরূপ অযথা বিলম্ব হওয়ায় সাক্ষী প্রভৃতির বড়ই কষ্ট হয় এবং বিচার বিষয়েও বিভ্রাট ঘটে।

রেলওয়ে পুলিস চালানী মোকদ্দমা পূর্ব্ববৎসরাপেক্ষা এবৎসরে

৩৫৫টি বৃদ্ধি পাইয়াছে। পুলিস চালানী নয় এরূপ মোকদ্দমার সংখ্যা কিছু কমিয়াছে। ৩ হাজার ৪৭০ জন লোককে বিচারার্থ উপস্থিত করা হয়; তন্মধ্যে শতকরা ৮৫·৫ জনের দণ্ড হইয়াছে।

বেরেলী বিদ্রাটে উঃ পঃ প্রদেশীয় গবর্ণমেণ্টের মন্তব্য।

বক্‌রিদ উপলক্ষে গোহত্যা লইয়া বেরেলীতে হিন্দু মুসলমানে যে গোলযোগ হইয়াছিল তদুপলক্ষে উত্তর পশ্চিম প্রদেশীয় গবর্ণমেণ্ট নিম্ন লিখিতরূপ স্বীয় মন্তব্য প্রকাশ করিয়াছেন—

১৮৯২ সালের ৬ই জুলাই অর্থাৎ ঈদের পূর্ব্বদিন অনেক মুসলমান একত্র মিলিয়া আপন আপন গোঁথানায় গোহত্যা করিবে বলিয়া অনুমতির জন্য বেরেলীর মাজিষ্ট্রেটের নিকট দরখাস্ত করিয়াছিল। মাজিষ্ট্রেট এতৎসম্বন্ধে সাধ্যমত অনুসন্ধানাদি করিয়া দরখাস্তকারীদিগের প্রার্থনা অগ্রাহ্য করিয়াছিলেন। দরখাস্তকারীরা কমিসনরের নিকট আপীল করে। আপীলে কোন ফল হয় নাই; অধিকন্তু কমিসনর বাহাদুর বলিয়াছিলেন, "পশুহত্যাদি সম্বন্ধে মিউনিসিপ্যালিটীর একটা নিয়ম বাঁধা আছে। যদি কেহ প্রাচীন আচার ব্যবহারের উল্লেখ করিয়া উক্ত নিয়মের ব্যতিক্রম ঘটাইবার প্রার্থনা করেন, তবে সেই প্রাচীন আচার ব্যবহারের অস্তিত্বাদি সম্বন্ধে তাঁহাকে প্রমাণাদি প্রয়োগ করিতে হইবে।"

বর্ত্তমানবর্ষের বিগত এপ্রেল মাসে আবার ঐ বিষয়ে কথা উত্থাপিত হয়। বেরেলীর ম্যাজিষ্ট্রেট হিউয়েট সাহেব বিষয়টির নিষ্পত্তির জন্য কয়েক জন হিন্দু ও মুসলমান ভদ্র লোক লইয়া একটি কমিটী সংগঠিত করেন; কিন্তু কমিটীতে চূড়ান্ত কিছু না হওয়ায় তিনি নিজেই বিষয়টির নিষ্পত্তি করিয়া দেন। মুসলমান মহল্লায় তিনটি স্থানে ঐরূপ গোহত্যা হইবার রীতি আছে প্রমাণ পাইয়া কেবল ঐ তিনটি স্থানেই গোহত্যা করিতে অনুমতি প্রদান করেন।

হিন্দু মুসলমান উভয়পক্ষই এই বিচারে অসন্তুষ্ট হইয়া রোহিলখণ্ডের কমিসনরের নিকট আপীল করে। কমিসনর মিঃ মৌলি সাহেব বিষয়টি পুনরায় তদন্ত করিবার জন্য ম্যাজিষ্ট্রেটকে আদেশ করেন। কমিসনর বাহাদুর বলেন, "পূর্ব্ব প্রচলিত পদ্ধতি অনুসারে হইতেছে এরূপ প্রমাণ না করিতে পারিলে সাধারণতঃ যে সে স্থানে কেহ গোহত্যা করিতে পারিবে না। প্রমাণ করিতে পারিলেও অনুমতি দিবার পূর্ব্বে দেখিতে হইবে যে কাহার মনে পীড়া জন্মিতে না পারে এরূপভাবে কার্য্যটি গোপনে সম্পন্ন করিবার বন্দোবস্ত হইয়াছে কি না এবং উহাদ্বারা স্বাস্থ্য-হানিকর কিছু না হয় তাহারও কোনরূপ ব্যবস্থা হইয়াছে কি না।" ম্যাজিষ্ট্রেট বিষয়টির তদন্ত করিয়া কমিসনরের নিকট এই বলিয়া রিপোর্ট করেন যে চব্বিশটি স্থানে গোহত্যা পূর্ব্বাবধি হইয়া আসিতেছে এবং ঐ সকল স্থানে গোহত্যা হইলেও কাহার আপত্তি হইবার কারণ নাই। কমিসনর বাহাদুর এই রিপোর্ট অনুসারেই মোকদ্দমার রায় প্রদান করেন।

হিন্দু পক্ষ ইহাতে অসন্তুষ্ট হইল। ২৫শে জুন ঈদের দিন হিন্দু দোকানদারগণ অনেকে অসন্তোষের চিহ্নস্বরূপ আপন আপন দোকান বন্ধ করিল; কিন্তু দশ দিন পরে যখন দেখিল তাহাদের এই দোকান বন্ধ করার জন্য কোনরূপ উচ্চবাচ্য হইল না, তখন আবার সকলে আসিয়া দোকান খুলিল। এই ব্যাপারে সর্ব্বশুদ্ধ ৩টি মোকদ্দমা ম্যাজিষ্ট্রেটের নিকট উপস্থিত হয়। (১) লাল্‌তা প্রসাদ নামক এক ব্যক্তি হিন্দুদিগকে মুসলমানদিগের বিরুদ্ধে উত্তেজিত করিবার জন্য বিজ্ঞাপন লট্‌কাইতেছিল বলিয়া অভিযুক্ত হয়; (২) পাঁচ জন হিন্দু মিলিয়া একজন মুসলমান স্ত্রীলোককে প্রহার করে। স্ত্রীলোকটির অপরাধ সে গোমাংস লইয়া যাইতে ছিল। আসামীরা বলে যে তাহাদিগেরই বিরক্তি জন্মাইবার জন্যই সে গোমাংস লইয়া যাইতেছিল; (৩) বে-আইনী জনতা করিয়া এক জন মুসলমানের বাড়ী হইতে গরু কাড়িয়া আনিবার চেষ্টা করা অপরাধে ৩৯ জন হিন্দু অভিযুক্ত হয়; তন্মধ্যে ৩৩ জনের মেয়াদ হয়। উল্লিখিত ৫ জন হিন্দুরও বিচারে কারাদণ্ডের ব্যবস্থা হইয়াছে। লাল্‌তা প্রসাদ দায়রা সোপরদ্দ হইয়াছে।

হিন্দুর কূপ, দেবালয় প্রভৃতি অপবিত্র করিবার চেষ্টা পাইয়াছে, গরু মারিয়া গাড়ী করিয়া রাস্তা দিয়া লইয়া গিয়াছে—ইত্যাদিরূপ অনেক মিথ্যা অভিযোগ হিন্দুদিগের কর্ত্তৃক মুসলমানদিগের বিরুদ্ধে উপস্থিত করা

হইয়াছিল। যতদূর জানা গিয়াছে তাহাতে কিন্তু মুসলমানেরা ঐ সময়ে কোনরূপ অত্যাচার উপদ্রব করে নাই।

গবর্ণমেণ্ট কাহারও ধর্ম্মকর্ম্মাদিতে হস্তক্ষেপ করিবেন না। সকল জাতীয় প্রজারই আইনানুযায়ী স্বত্ব বজায় রাখিবার পক্ষে গবর্ণমেণ্ট সহায়তা করিবেন। কেহ কাহার আইন সঙ্গত অধিকার নষ্ট করিতে উদ্যত হইলে, অথবা কাহারও ধর্ম্মের অবমাননা করিলে গবর্ণমেণ্ট তাহাকে শাসিত করিবেন। ইহাই গবর্ণমেণ্টের ব্যবস্থা। এই ব্যবস্থানুসারেই কার্য্য বরাবর চলিয়া আসিতেছে এবং চলিবে। উল্লিখিত ম্যাজিষ্ট্রেট ও কমিসনর বাহাদুর এই ব্যবস্থারই অনুসরণ করিয়া কার্য্য করিয়াছেন।

ষ্টেট সেক্রেটারীর পত্র।

বাঙ্গালার বিচারকার্য্যে বাঙ্গাল গবর্ণমেণ্টের অযথা হস্তক্ষেপ প্রভৃতিরূপ কয়েকটি কার্য্যের উল্লেখ করিয়া কলিকাতা হাইকোর্টের জজেরা আপত্তি উত্থাপন করিয়াছিলেন। বাঙ্গাল গবর্ণমেণ্টও স্বপক্ষ সমর্থন জন্য যুক্তি তর্কের অবতারণা করিয়া উক্ত আপত্তি খণ্ডনের চেষ্টা পাইয়াছিলেন। বড় লাট বাহাদুর স্বীয় মন্তব্যসহ উভয় পক্ষেরই কাগজ পত্র ষ্টেট সেক্রেটরীর নিকট পাঠাইয়া দেন। ষ্টেট সেক্রেটরী ঐ সকলের আলোচনা করিয়া সম্প্রতি নিম্নলিখিত মর্ম্মে ভারত গবর্ণমেণ্টকে একখানি পত্র লিখিয়াছেন এবং ঐ পত্রের এক এক খানি অনুলিপি বঙ্গের লেপ্টনাণ্ট গবর্ণর বাহাদুর এবং হাইকোর্টের জজদিগের নিকট পাঠাইতে অনুরোধ করিয়াছেন—

"আমি সকৌন্সিল আপনকার পত্রের সবিশেষ পর্য্যালোচনা করিয়াছি। এক পক্ষে বঙ্গের ছোট লাট বাহাদুর, অন্য পক্ষে হাইকোর্টের জজেরা যে সকল যুক্তিতর্কের অবতারণা করিয়াছেন আমি এস্থলে সে সকলের সবিশেষ সমালোচনা করা আবশ্যক বলিয়া মনে করি না। বাঙ্গালার শাসন ব্যাপারের উন্নতিসাধন করাই যে উভয় পক্ষেরই উদ্দেশ্য আমি তাহা বুঝিয়াছি।

বঙ্গের বর্ত্তমান ছোট লাট বাহাদুর এবং তাঁহার পূর্ব্ববর্ত্তী ছোট লাট বাহাদুর—উভয়কেই বাঙ্গালার শাসন ব্যাপারে যে অনেক অসুবিধা ভোগ করিতে হইয়াছে আমি তাহা বেশ বুঝিয়াছি। বাঙ্গালার ন্যায় প্রদেশের, শুধু বাঙ্গালা বলিয়াই কেন ভারতের সকল প্রদেশেরই শাসন কার্য্যে কোন না কোনরূপ অসুবিধা এককালীন অপরিহার্য্য। হাইকোর্টের জজেদের ইচ্ছা, বিচারালয়ের স্বাধীনতা বজায় থাকে। এ ইচ্ছা প্রশংসনীয় বটে। ছোট লাট বাহাদুরের যেরূপ কার্য্য দ্বারা বিচারালয় সমূহের বিচার কার্য্যে সাধারণের বিশ্বাস বিচলিত হইতে পারে সেরূপ কার্য্য দোষাবহ বলিয়া জজেরা ন্যায়তই আপত্তি করিতে পারেন।

গবর্ণমেণ্ট কর্ত্তৃক সমালোচনার প্রয়োজন হইতে পারে, বিচার সংক্রান্ত এরূপ প্রমাদ ভারতের ন্যায় রাজ্যের শাসন কার্য্যে মাঝে মাঝে যে ঘটিতে পারে না একথা আমি স্বীকার করি না, অথচ সরকারী রিপোর্টে অথবা অন্য কোনরূপে প্রকাশ্য ভাবে কোন ম্যাজিষ্ট্রেট বা জজের বিচার কার্য্যে দোষারোপ করা সমীচীন বলিয়া বোধ হয় না। ইহাতে দেশের ইষ্ট না হইয়া অনিষ্টই হইবার অধিক সম্ভাবনা।"

সিনকোনার চাষ।

১৮৯২-৯৩ সালের সরকারী সিনকোনা ক্ষেতসমূহের সাম্বৎসরিক বিবরণী সম্বন্ধে বাঙ্গাল গবর্ণমেণ্টের মন্তব্যের সারাংশ নিম্নে বিবৃত হইল—

এদেশীয় লোকেরা স্বল্পব্যয়ে যাহাতে জ্বরের হাত হইতে মুক্ত হইতে পারে এই উদ্দেশ্যেই গবর্ণমেণ্ট সর্ব্বপ্রথমে এদেশে সিনকোনার চাষ আরম্ভ করেন। ইহাতে যে টাকা খরচ হইবে সেই খরচা পোষাইয়া লওয়া ভিন্ন গবর্ণমেণ্টের লাভ করিবার আশা কিছুই ছিল না। কিন্তু আজ কাল ইহাতে গবর্ণমেণ্টের লাভ দাঁড়াইয়াছে। কুইনাইন, সিনকোনা, সিনকোনার ছাল এবং সিনকোনা ক্ষেতের অপরাপর উৎপন্ন দ্রব্যাদি বিক্রয় করিয়া উক্ত বৎসর গবর্ণমেণ্টের ১ লক্ষ ৭৭ হাজার ৭৬৮ টাকা রাজস্ব আদায় হইয়াছে। ইহার পূর্ব্ব বৎসরে এক লক্ষ নয় হাজার ৩২১ টাকা হইয়াছিল। সমস্ত খরচ খরচা বাদ গবর্ণমেণ্টের লাভ ৩ হাজার ১৭১ টাকা হইয়াছে। পূর্ব্ববৎসর ৭ হাজার ৯৬৩ টাকা হইয়াছিল। উক্ত বৎসর কুইনাইন ৫ হাজার ২৪২ পাউণ্ড ও সিনকোনা ৩৪৮১

পাউণ্ড এবং তৎপূর্ব্ববৎসরে কুইনাইন ৪ হাজার ৫৮৬ পাউণ্ড এবং সিনকোনা ৪১৯০ পাউণ্ড জন্মিয়াছিল।

ডাক বিভাগের হাত দিয়া কুইনাইনের মোড়ক বিক্রয় করার যে নূতন ব্যবস্থা হইয়াছে তাহাতে সুফল ফলিয়াছে। বাঙ্গালার জেলসমূহের ইনস্পেক্টর জেনারেলকে জেলের কয়েদীদিগের দ্বারা মোড়ক প্রস্তুত করাইবার জন্য ৪৭৫ পাউণ্ড কুইনাইন পাঠাইয়া দেওয়া হইয়াছিল। ক্ষেতসমূহের সুপরিণ্টেণ্ডেণ্ট কিং সাহেব সন্তোষসহকারে বলিয়াছেন, "বিগত ৩০ বৎসর হইতে গবর্ণমেণ্ট যে চেষ্টা করিয়া আসিতেছেন আজ তাহার ফল ফলিয়াছে।"

বিগত ২২ শে আগষ্ট মঙ্গলবার কলিকাতার জাতীয় মুসলমান সমিতির একটি অধিবেশন হইয়াছিল। সম্প্রতি গোহত্যা লইয়া হিন্দু মুসলমানের মধ্যে যে সকল দাঙ্গা হইয়া গিয়াছে তৎসম্বন্ধে অনারেবল বাবু সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ভারত গবর্ণমেণ্টের নিকট পাঠাইবার জন্য একখানি আবেদনের খসড়া প্রস্তুত করিয়া তৎসম্বন্ধে উক্ত সমিতির মতামত চাহিয়া পাঠাইয়াছিলেন। সমিতির সেক্রেটরী সে দিন উহা সভাস্থলে উপস্থিত করায় সভা হইতে নিম্নলিখিত কয়েকটি বিষয় স্থির হইয়াছে—(১) সুরেন্দ্র বাবুকে পত্র লিখিয়া এই জানান হউক যে, এরূপ আবেদন একখানি গবর্ণমেণ্টে পাঠান উচিত বটে, কিন্তু পাঠাইবার পূর্ব্বে ভিন্ন ভিন্ন সমিতির প্রতিনিধিগণকে একত্র করিয়া আবেদনের লিখিত বিষয়গুলি সম্বন্ধে একবার আলোচনা করিয়া দেখা উচিত; (২) হিন্দু মুসলমান উভয় জাতির মধ্যে যাহাতে শান্তি সংস্থাপিত হয় সে বিষয়ে স্থানীয় কর্ত্তৃপক্ষীয়গণকে সাহায্য করিবার জন্য শাখা সমিতির সদস্যগণকে অনুরোধ করা হউক এবং (৩) হিন্দু সম্প্রদায়ের কলিকাতাস্থ নেতৃগণ মুসলমান সম্প্রদায়ের নেতৃগণের সহিত একযোগে উভয় সম্প্রদায়ের মধ্যে যাহাতে সদ্ভাব সংস্থাপিত হইতে পারে এরূপ কোন উপায় উদ্ভাবন করুন।

বাঙ্গাল গবর্ণমেণ্টের ব্যবস্থাপক সভার অতিরিক্ত সদস্যগণ বড় লাট বাহাদুরের ব্যবস্থাপক সভায় একজন সদস্য নির্ব্বাচিত করিয়া দিবেন বলিয়া যে নূতন নিয়ম প্রবর্ত্তিত হইয়াছে, তদনুসারে বিগত ২৪এ আগষ্ট ছোট লাট বাহাদুরের ভবনে উল্লিখিত সদস্যগণের একটি সভার অধিবেশন হইয়াছিল। ছোট লাট বাহাদুর স্যর এ পি ম্যাকডোনেল সভায় উপস্থিত ছিলেন। অনারেবল মিঃ প্লেফেয়ার দরভাঙ্গার মহারাজকেই উক্ত সদস্যপদে মনোনীত করিবার প্রস্তাব উত্থাপন করেন। অনারেবল ফজ্‌লে ইমাম খাঁ বাহাদুর উক্ত প্রস্তাবের পোষকতা করেন। প্রস্তাবটি সকলেরই অনুমোদিত হওয়ায় দরভাঙ্গার মহারাজই বড় লাট বাহাদুরের ব্যবস্থাপক সভায় সদস্য নির্ব্বাচিত হইয়াছেন। অধিবেশন স্থলে উক্ত মহারাজ ভিন্ন আর কাহারও নাম উত্থাপিত হয় নাই।

সাপ্তাহিক সংবাদ।

[কলিকাতা] সংক্রামক রোগে যাঁহাদের মৃত্যু হয় তাঁহাদিগের স্বজনবর্গ মৃতের সংস্পৃষ্ট মূল্যবান বস্ত্রাদি শবের সহিত পোড়াইয়া ফেলিয়া থাকেন। যাহাতে ঐ সকল বস্ত্রাদির সংক্রামকত্ব আগুণে না পোড়াইলেও দূর হইতে পারে তজ্জন্য কলিকাতা মিউনিসিপ্যালিটি নিমতলা ঘাটে একটী কল স্থাপন করিবেন। আপাততঃ ৬ মাসের জন্য উক্ত কল সংস্থাপিত হইবে। বাৎসরিক ব্যয় ১৪৫০ টাকা ধার্য্য হইয়াছে।

কলিকাতা বড়বাজারের কোন কোন ক্ষুদ্র মহাজন ভারতগবর্ণমেণ্টে একখানি আবেদন করিয়াছিলেন। আবেদনের মর্ম্ম এই যে, তাঁহারা যে সকল ক্ষুদ্র খরিদের জন্য ২৬শে জুনের পূর্ব্বে চুক্তি করিয়াছিলেন তাহার কিয়দংশ লইয়া টাকশাল হইতে টাকা করিয়া দেওয়া হউক। একশ্চেঞ্জ ব্যাঙ্কের উপর যে অনুগ্রহ দেখান হইয়াছে তাঁহাদের প্রতিও সেই অনুগ্রহ দেখান হউক। প্রত্যুত্তরে ভারতগবর্ণমেণ্ট বলিয়াছেন, "একশ্চেঞ্জ ব্যাঙ্ককে যে কারণে উল্লিখিতরূপ অনুগ্রহ করা হইয়াছিল, উপস্থিত ক্ষেত্রে সেরূপ কোন কারণ বিদ্যমান নাই; সুতরাং উপস্থিত বিষয়ের সমগ্র অবস্থার সবিশেষ পর্য্যালোচনা করিয়া দেখিলে আবেদনকারিগণের অনুরোধ রক্ষা করিতে পারা যায় না।"

নিম্নলিখিত 'আর্টিকেল ক্লার্ক'গণ হাইকোর্টের এটর্ণি পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন—শেষ পরীক্ষায় বাবু—সুরেন্দ্রচন্দ্র ঘোষ, মণিলাল পাইন, রজনীমোহন চট্টোপাধ্যায় ও চারুচন্দ্র বসু। মধ্য পরীক্ষায় মিঃ এল পিউ, বাবু—গৌরহরি মুখোপাধ্যায়, শশি-ভূষণ ঘোষ, নরীনচন্দ্র গুপ্ত, শশিশেখর বন্দ্যোপাধ্যায় ও হীরেন্দ্রনাথ দত্ত।

কতিপয় যুবতী বাঙ্গালার পোষ্টমাষ্টার জেনারেলের সহিত সাক্ষাৎ করিয়া যাহাতে তিনি ডাকবিভাগে স্ত্রী কেরাণী এবং স্ত্রী পত্রবাহিকা নিযুক্ত করেন তজ্জন্য তাঁহাকে অনুরোধ করিয়াছিলেন। পোষ্টমাষ্টার জেনারেল তাঁহাদের প্রস্তাব বিবেচনা করিয়া দেখিবেন বলিয়াছেন।

[বর্দ্ধমান] ৺ বিদ্যাসাগর মহাশয়ের রচিত পুস্তক এক সেট তাঁহার পুত্র শ্রীযুক্ত নারায়ণচন্দ্র বন্দ্যোপাধ্যায় কলাগেছে সাধারণ লাইব্রেরিকে

দান করিয়াছেন। শ্রীযুক্ত বাবু—হরপ্রসাদ শাস্ত্রী শশিভূষণ চট্টোপাধ্যায়, দ্বারকানাথ গাঙ্গুলী, গিরিশচন্দ্র বিদ্যারত্ন, সূর্য্যনারায়ণ ঘোষ, ইহাঁরাও স্বরচিত পুস্তক এক এক সেট উক্ত লাইব্রেরিতে দান করিয়াছেন। এতদ্ভিন্ন শ্রীযুক্ত বাবু রাজকিশোর দে মাইকেল মধুসূদন দত্তের পুস্তকাবলী বিনামূল্যে এবং শ্রীযুক্ত দেবীপ্রসন্ন রায় চৌধুরী তাঁহার সমস্ত পুস্তক অর্দ্ধমূল্যে প্রদান করিয়াছেন। পুস্তকালয়ের সম্পাদক তজ্জন্য ইহাঁদিগের সকলের নিকট কৃতজ্ঞতা স্বীকার করিয়াছেন।

তারকেশ্বর উইলের মোকদ্দমার বিচারের দিন আগামী মাসের ২৫শে তারিখে ধার্য্য হইয়াছে।

কীর্ণাহার ৺শিবচন্দ্র দাতব্য চিকিৎসালয়ে নান্নুর নিবাসী বটব্যালদের ৭ বৎসর বয়স্ক একটী বালককে সংশয়াপন্ন পীড়িত দেখিয়া আনয়ন করে। ডাক্তার পরীক্ষা করিয়া দেখেন তাহার কৃমিরোগ হইয়াছে। পরে ঔষধ দিলে ডাক্তার পেট হইতে ন্যূনাধিক ১ ফুট লম্বা, ২৬০ টা কৃমি নির্গত হয়। ডাক্তার বলিয়াছেন, আর দুই দিবস যদি বালকটীকে চিকিৎসার্থ আনা না হইত তবে তাহার প্রাণত্যাগ হইত।

[ঢাকা] রংপুর দিকপ্রকাশ লিখিতেছেন—"রংপুরের বাজারে নূতন আউস চাউল দেখা দিয়াছে, কিন্তু দর কিছু মাত্র কমে নাই। এখনও আমন টাকায় পাঁচী ওজনে ৮ ½ ২ সের, এবং আউস ১০ ½ ১১ সেরের বেশী পাওয়া যায় না। উচ্চভূমির আবাদ চলিতেছে, নিম্নভূমি জলে ডুবিয়া আছে। এবারেও সম্পূর্ণ ফসলের আশা নাই। লোকের কষ্ট অপরিসীম। অনেক স্থলে হাহাকার উঠিয়াছে।"

ঢাকা জেলার বুড়িগঞ্জ মহকুমার অন্নকষ্ট উপস্থিত। সেদিন ৪৫ জন লোক মহকুমার হাকিমের কাছে অন্নভিক্ষা করিতে আসিয়াছিল। হাকিম বাহাদুর প্রত্যেক নর নারীকে ২ সের করিয়া, এবং প্রত্যেক বালক বালিকাকে ১ সের করিয়া চাউল এবং সকলকেই একটী করিয়া পয়সা দিয়াছিলেন। এইরূপ ভিক্ষার্থীর সংখ্যা ক্রমেই বাড়িতেছে। লোকালবোর্ড সাহায্যার্থ উদ্যোগী হইয়াছেন; ডিষ্ট্রিক্টবোর্ডের কাছে সাহায্য প্রার্থনা করিয়াছেন; বলিতেছেন, পূর্ব্বাহ্নে অন্নসত্রাদির ব্যবস্থা না হইলে, অনেক লোক অনাহারে মারা যাইবে। লোকালবোর্ডের হাতে রাস্তা ঘাটের জন্য যে ১২৫০ টাকা আছে, বোর্ড তাহা এই সময়ে খরচ করিতে এবং পূর্ত্তকার্য্যে খাটাইয়া গরীব দুঃখী লোককে অন্ন দিতে চাহেন। (দৈনিক)

[বেহার] চম্পারণ, মজঃফরপুর ও দরভাঙ্গা জেলায় ভয়ানক বন্যা আসিয়াছে। পাটনা বিভাগের কমিসনর করবিস সাহেব জেলায় কলেক্টরগণ সমভিব্যাহারে ঐ সকল স্থান পরিদর্শন করিবার জন্য গিয়াছেন। বন্যায় ফসলের কি পরিমাণ ক্ষতি হইয়াছে তাহা নির্ণয় করিয়া আসন্নাকস্থলে বন্যাপীড়িতগণকে সাহায্যদানেরও পরামর্শ করিবেন।

[মধ্য প্রদেশ] মধ্যপ্রদেশসমূহের শিক্ষা বিভাগের ইনস্পেক্টর জেনারেল মনরো সাহেব ডনকান সাহেবের অনুপস্থিতি কাল যাবৎ মান্দ্রাজের শিক্ষা বিভাগের ডিরেক্টর নিযুক্ত হইয়াছেন।

গোয়ালিয়র দরবারে স্থির হইয়াছে যে বৎসর বৎসর তথায় একটি করিয়া মেলা হইবে। এ বৎসরের মেলার তারিখ ৯ই ডিসেম্বর ধার্য্য হইয়াছে।

[বোম্বাই] বোম্বাইয়ে একদল মুসলমান ভিক্ষুককে গ্রেপ্তার করা হইয়াছে। এইদলের লোকদিগের নিবাস এতদ্দেশে নহে। টানা, আরাজাবাদ ও দিল্লী এই তিন প্রদেশের লোক ইহাতে আছে। বিগত এপ্রিলমাসে এক জন পথিককে ধুতুরা খাওয়াইয়া অজ্ঞান করিয়া তাহার নিকট যাহা ছিল সমস্তই লুটিয়া লইয়াছিল বলিয়া ইহারা অভিযুক্ত হইয়াছে। (ইণ্ডিয়ান ইউনিয়ন)

[মান্দ্রাজ] মান্দ্রাজে একটি পশু চিকিৎসালয় খুলিবার কথা হইয়াছে। এতদর্থে বার্ষিক সাড়ে ছয় হাজার টাকার অধিক যাহাতে ব্যয় না হয় এরূপ বন্দোবস্ত করিয়া এবং মান্দ্রাজ প্রেসিডেন্সীর মধ্যে একটি উপযুক্তরূপ স্থান নির্ব্বাচন করিয়া তথায় যেরূপ ভাবে স্কুলটি খুলিলে সুবিধা হইতে পারিবে সেইরূপ পরামর্শাদি প্রদানের জন্য স্থানীয় গবর্ণমেণ্টকে অনুরোধ করা হইয়াছে।

মান্দ্রাজে একটি আইনশিক্ষার কলেজ প্রতিষ্ঠাকল্পে গবর্ণমেণ্ট নাকি ৩ লক্ষ টাকা সাহায্য মঞ্জুর করিয়াছেন।

[সাধারণ] বাটার ক্ষতিপূরণ স্বরূপ ইউরোপীয় ও ইউরেশীয় কর্ম্মচারিগণ মাসিক বেতনের সঙ্গে যে টাকা বাড়তি পাইবেন তাহার উপর ইনকম ট্যাক্স ধার্য্য হইতে পারিবে বলিয়া এডভোকেট জেনারেল মত দিয়াছেন।

বিলাতী ডাক এতদিন প্রতি শুক্রবার বোম্বাই হইতে ছাড়িত। শুক্রবারের পরিবর্ত্তে এক্ষণে শনিবার ছাড়িবে; সুতরাং বিলাতী ডাক কলিকাতা হইতে প্রতি সপ্তাহে বুধবারে যাইবে। এই নিয়মানুসারে কার্য্য আগামী ২০শে সেপ্টেম্বর হইতে আরম্ভ হইবে।

হুঁকার জল ছড়াইলে সাপ ঘেঁসিতে পারে না। তামাকের গন্ধও সাপের নাকে সহ্য হয় না। (বঙ্গবাসী)

বড় লাট বাহাদুরের আদেশমত সিমলায় ভারত-গবর্ণমেণ্টের আফিসসমূহ ৪ঠা নবেম্বর শনিবার পর্য্যন্ত খোলা থাকিবে। ৬ই নবেম্বর সোমবার কলিকাতায় খোলা হইবে।

ব্রিটিস ইণ্ডিয়ান এসোসিয়েসনের অযোধ্যার শাখা মহাত্মাহতের ইংরাজী অনুসারক্কে ১ হাজার টাকা এবং কল্‌ভিন স্কুলের অতিরিক্ত বাড়ী নির্ম্মাণের জন্য আর ৫ হাজার টাকা এককালীন দান করিয়াছেন।

[বৈদেশিক] হোমরুল আইন কমন্স সভার কমিটীতে পাস হইয়াছে। সাধারণ সভায় তৃতীয় বার আলোচিত হইয়া পাস হইয়া গেলেই লর্ড-সভায় উহার মীমাংসা হইবে।

ফরাসী দূত বলিতেছেন—"বঙ্গোপসাগর ও আফ্রিকার প্রদেশে এবং মেকং নদীর এক ধারে পূর্ত্তকার্য্যের সম্পূর্ণ অধিকার আমাদিগের হস্তে থাকা চাই।" চান্দাবুনে ফরাসীরা পরিখা প্রস্তুত করাইতেছে এবং ব্যাঙ্ককে আবার রণতরীসমূহ ফিরাইয়া আনিব বলিয়া শ্যামকে ভয় দেখাইতেছে।

স্কটলণ্ডে নিম্নশিক্ষার জন্য বৎসরে ৭৭ লক্ষ ২০ হাজার ২৫৫ টাকা এবং ইংলণ্ডে বৎসরে ৫ কোটি ৮৫ লক্ষ ২০ হাজার ৫০০ টাকা ব্যয় রাজকোষ হইতে হইবে মঞ্জুর হইয়াছে। কমন্স সভার কমিটি হইতে এই বিষয় স্থির হইয়াছে।

শর্ম্মণ আইন রদ করা সম্বন্ধীয় বিল প্রতিনিধি সভায় পাস হইয়া গিয়াছে। আইন রদ করার পক্ষে ১৫০টি ভোট বেশী হইয়াছিল।

গ্রেট ব্রিটেনে গম ভাল জন্মে নাই এজন্য গ্রেট ব্রিটেনকে এ বৎসর প্রায় ৮২ লক্ষ মণ গম বিদেশ হইতে আমদানী করিতে হইবে।

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—উড়িষ্যার বাবস্থাপকসভার্য্য নিযুক্ত প্রোটেম জঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ বরদাচরণ মিত্র ত্রিপুরার মাঃ ও কঃ হইলেন। ২৪ পরগণা আলিপুরের সব ডেঃ কঃ বাবু ললিতমোহন পাল সংপ্রতি জেলার সদরে বদলী হইলেন। বর্দ্ধমানের প্রোটেম সব ডেঃ কঃ বাবু নরেন্দ্রকুমার চৌধুরীর কার্য্য অস্থায়ীরূপে বাঙ্গাল গবর্ণমেণ্টের আয় ব্যয় বিভাগের অধীনে থাকিল। কলিকাতার ডেঃ কঃ বাবু ক্ষেত্রমোহন মুখোপাধ্যায় ১ বৎসরের ছুটী পাইলেন। আঃ মাঃ ও কঃ স্যাডিস্ সাহেব ময়মনসিংহ জেলার সদরে স্থাপিত হইলেন। দরভাঙ্গা মধুবাণীর প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ বইড্ সাহেব ১ মাসের ছুটী পাইলেন। দরভাঙ্গার প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ বসন্তকুমার মল্লিক অস্থায়ীরূপে উক্ত জেলার মধুবাণী মহকুমায় বদলী হইলেন। মাঃ ও কঃ সার্প সাহেব আর ৬ মাসের ফর্লো পাইলেন। মজঃফরপুর সীতামারীর প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ ৩ সপ্তাহের ছুটী পাইলেন। মজঃফরপুরের সহকারী মাঃ ও কঃ কার সাহেব অস্থায়ী রূপে উক্ত জেলার সীতামারী মহকুমার ভার পাইলেন। সিংহভূমের ডেঃ কমিঃ রেণী সাহেব অপর আদেশ যাবৎ ২য় শ্রেণীর ডেঃ কমিঃ হইলেন। যশোহরের প্রতিনিধি মাঃ ও কঃ ম্যাকিন্টন সাহেব অপর আদেশ যাবৎ ২য় শ্রেণীর মাঃ ও কঃ হইলেন। সাঁওতাল পরগণার প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ ২ মাসের ছুটী পাইলেন। বাঙ্গাল গবর্ণমেণ্টের আয় ব্যয় ও মিউনিসিপ্যাল বিভাগের সেক্রেটরী অনারেবল রিক্‌লে সাহেব ২ মাসের ফর্লো পাইলেন। ময়মনসিংহের প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু নগেন্দ্রমোহন দাস বিগত ২৭শে মে হইতে ২২ শে জুন পর্য্যন্ত ছুটীতে ছিলেন। ২৮শে মে হইতে ১৭ দিনের ছুটী পাইলেন বলিয়া ১৪ই জুনে যে আদেশ হইয়াছিল তাহা রহিত হইল। চট্টগ্রাম পটীয়া সার্কেলের সব ডেঃ কঃ ও থাস তহশীলদার বাবু কালীপদ চক্রবর্ত্তী ২ মাস ২৭ দিনের ছুটী পাইলেন। মেদিনীপুরের প্রোটেম সব ডেঃ কঃ বাবু সুরেশচন্দ্র সরকার উক্ত জেলার কণ্টাইর বদলী হইলেন। মদীয়ার ডেঃ মাঃ ও ডেঃ মৌলবী হকরাম রসুল ১ মাসের ছুটী পাইলেন। দিনাজপুরের ডেঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ দ্বিজেন লাল রায় ১ মাস ১৫ দিনের ছুটী পাইলেন। বীরভূম রামপুরহাটের সব ডেঃ কঃ বাবু রাধিকালাল সোম আর এক মাসের ছুটী পাইলেন। আর্জিলিঙ্গের প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ হেরণ সাহেব অস্থায়ীরূপে উক্ত জেলার কুরসিয়ং মহকুমায় স্থাপিত হইলেন।

সিচার সাপর পাইসাঙ্কার মুঃ বাবু রজনীকান্ত মুখোপাধ্যায় ২য় শ্রেণীর, ত্রিপুরা কসিঙ্গার মুঃ বাবু নিকুঞ্জবিহারী রায় ৩য় শ্রেণীর, এবং যশোহরের প্রতিনিধি মুঃ বাবু সুরেন্দ্রনাথ ঘোষ ৪র্থ শ্রেণীর মুঃ হইলেন। বাখরগঞ্জ বরিশালের ছুটী পাপ্ত মুঃ বাবু কান্তিচন্দ্র ভাদুড়ী মেদিনীপুর গভরমেণ্টের মুঃ হইলেন। যশোহরের মুঃ মিঃ প্রাণনাথ বন্দ্যোপাধ্যায় বাখরগঞ্জ বরিশালের মুঃ হইলেন। মিঃ প্রাণনাথ বন্দ্যোপাধ্যায় ত্রিপুরার সবজজ হইলেন বলিয়া ইতিপূর্ব্বে যে আদেশ হইয়াছিল তদ্দ্বারা তাহা রহিত হইল। মেদিনীপুরের মুঃ বাবু ব্রজবিহারী সোম ত্রিপুরার সবজজ নিযুক্ত হইলেন। হুগলী চাওড়ার অতিরিক্ত মুঃ বাবু মহিমচন্দ্র ঘোষ যশোহর মডাইলের মুঃ হইলেন। ছুটী প্রাপ্ত মুঃ বাবু বলরাম মল্লিকের অনুপস্থিতিকাল অথবা অপর আদেশ যাবৎ বাবু মহিমচন্দ্র ঘোষ ফটকের সবজজের কার্য্য করিবেন। বাবু ললিতমোহন দাস বি এল যশোহর মডাইলের মুঃ হইলেন। যশোহর মডাইলের মুঃ বাবু দেবেন্দ্রবিজয় বসু হুগলী চাওড়ার অতিরিক্ত মুঃ হইলেন। যশোহরের প্রতিনিধি মুঃ বাবু সুরেন্দ্রনাথ ঘোষ নোয়াখালি লক্ষ্মীপুরের মুঃ হইলেন। নোয়াখালি লক্ষ্মীপুরের মুঃ বাবু কৈলাসচন্দ্র সেন যশোহর সদরের মুঃ হইলেন। বাবু হরিদাস বসু বি এল রংপুর সদরের মুঃ হইলেন। হুগলী শ্রীরামপুরের প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ ফিসার সাহেব লেপ্টনাণ্ট গবর্ণর বাহাদুরের অধীনে জষ্টিস অফ্ দি পিস হইলেন। বাবু বিহারীলাল চট্টোপাধ্যায় ছোটনাগপুর রঘুনাথপুরের মুঃ হইলেন। বাখরগঞ্জ পটুয়াখালির মুঃ বাবু বিরজাচরণ মিত্র অস্থায়ী রূপে পাবনা ও বোগরা জেলার সেরাজগঞ্জ মহকুমার মুঃ হইলেন।

শিক্ষা—কলিকাতা সংস্কৃত কলেজের অধ্যক্ষ মহামহোপাধ্যায় শ্রীযুক্ত মহেশচন্দ্র ন্যায়রত্ন সি আই ই ৩ মাসের ছুটী পাইলেন। সংস্কৃত কলেজের অতিরিক্ত সেক্রেটারী বাবু বীরেশ্বর চট্টোপাধ্যায় এম এ স্বজার্য্য সংগ্রহায় ন্যায়রত্ন মহাশয়ের অনুপস্থিতি কাল যাবৎ উক্ত কলেজের অধ্যক্ষতা করিবেন।

রাজসাহী সার্কেলের স্কুল ইনস্পেক্টর আফিসের ২য় কেরাণী বাবু দ্বারকানাথ দাস অপর আদেশ যাবৎ উক্ত আফিসের প্রধান কেরাণী হইলেন।

উদ্ভট কবিতা।

[৩৯৮]

বিক্রীয় বিস্পষ্টমুখেন বালা
মালাকৃতঃ ক্ষৌরযকোরকাণি
বিকেতুকামা বিকচাম্বুকানি
চেলাঞ্চলেনাননমাবৃণোদ্ধি।

[৩৯৯]

হস্তনাস্তকুশোদকেন্তরিনতঃ সর্ব্বংসহা কম্পতে,
দেবাগারতটৈরু আঙ্গনগিরিশ্চিন্তেন ধত্তে ভরং।
অজ্ঞাতদ্বীপভক্তাভিক্ষুভবনপ্রস্থান দুঃস্থাশয়া
বেপন্তে মদদন্তিনঃ পরমণী ভূমিপতে তাবকাঃ॥

[৪০০]

সানন্দং সদনং সুতাশ্চ সুধিয়ঃ কান্তাপ্রিয়ালাপিনী,
ইচ্ছাপূর্ত্তিধনং স্বয়োবিতি ভৃতিঃ স্বাজ্ঞাপরাঃ সেবকাঃ।
আতিথ্যং শিবপূজনং প্রতিদিনং মিষ্টান্নপানং গৃহে,
সাধোঃ সঙ্গমুপাসতে চ সততং ধন্যো গৃহস্থাশ্রমঃ।

[৪০১]

ভিত্বাশালুকমাদিতো দিনমণে প্রাপ্তাঙ্কুরশ্চাম্বুতঃ,
ভিত্বা পঙ্কচয়ং সুদুস্তরতরং তজ্জাম্বুতৈঃ প্লাবিতঃ।
তা কষ্টৈর্বসুধাপ্যপাধসলিলঃ ভিত্বাহমম্বোধিতঃ,
অস্মিংস্তেচরণয়ং তবরকুরুবে কাবাগতির্মেবর॥

[৪০২]

সমীহিতঃ যত্নলভ্যমেবরঃ
প্রভোর্নদোষো যমকর্ম্মণঃ ফলং।
দিবাপ্যলূকো যদিনাবলোকতে,
তদাপরাধঃ কণমংশুমালিনঃ॥

ফরিদপুর সুহৃদ-সভার ১৩০০ সালের ব্যায়াম ও নীতিশিক্ষা বিভাগের ফল।

উচ্চশ্রেণী। উচ্চ শ্রেণী।

যতীন্দ্রনাথ রায়, শরৎচন্দ্র রায়।

নিম্নশ্রেণী।

বিজয়প্রসন্ন চৌধুরী, অনুকূলচন্দ্র রায়।

শ্রীরামপুর কেন্দ্র। উচ্চশ্রেণী।

সেখ কাদির।

নিম্নশ্রেণী।

সেখ আবদুল, রামকানাই বেহারা, আমিরুদ্দী খোন্দকার, সেখ ছৈয়দ্দীন, সেখ ছদন, ছদন সর্দ্দার, বিনোদবিহারী ঘোষ ও সেখ মেহের, সেখ তারা পুল্লা।

হৈথরডাঙ্গা কেন্দ্র। উচ্চশ্রেণী।

গয়েশ্বরী হালদার, সারদাচরণ দাসগুপ্ত।

নিম্নশ্রেণী।

অশ্বিনীকুমার দত্ত, হেমন্তকুমার সেন, অনুকূল চন্দ্র গুপ্ত।

দিঘিরপাড় কেন্দ্র। উচ্চশ্রেণী।

যোগেন্দ্রনাথ সেনগুপ্ত, রজনীকান্ত সেনগুপ্ত, সেখ আবদু।

নিম্নশ্রেণী।

রাইচরণ কর, দেবেন্দ্রনাথ সেন, আসরফ উল্লা বক্সী, ব্রজেন্দ্রনাথ দাস, সেখ আফিজুদ্দীন, নিমচাঁদ বাজাদার, অনন্তকুমার সেন, গোপালচন্দ্র দাস, অমৃতলাল সেন, দুর্গানাথ দাস, শ্রীলক্ষ্মীকান্ত দাস, গণেশচন্দ্র রায় মণ্ডল, সতীন্দ্রনাথ দাস, সুরেশচন্দ্র সেন, করু কফির, বিপিনচন্দ্র বাজাদার, শরৎচন্দ্র চক্রবর্ত্তী, রামাচরণ কর, যামিনীকান্ত কর, যোগেন্দ্র নাথ সেন, সতীশচন্দ্র সেন, নিবারণচন্দ্র শীল।

ব্রাহ্মণদি কেন্দ্র। নিম্নশ্রেণী।

পূর্ণচন্দ্র ঘোষ।

পিত্তলপাড়া কেন্দ্র।

রসিকলাল দাস।

নীতিশিক্ষা বিভাগ।

পরীক্ষার ফল। উচ্চশ্রেণী।

তৃতীয় বিভাগ (গুণানুসারে)।

বিপিনবিহারী দাসগুপ্ত, দিঘিরপাড়, সতীশচন্দ্র বিশ্বাস, আলীপুর ও কামিনীকুমার সেনগুপ্ত পিরুয়ী।

নিম্ন শ্রেণী। প্রথম বিভাগ।

নিশিকান্ত চক্রবর্ত্তী, চাকদ।

তৃতীয় বিভাগে।

হেমন্তকুমার মিত্র, আলীপুর।

বিজ্ঞাপন।

কর্ম্মখালি।

Wanted a Second Master for the Myata M. E. School. Application of one who after passing the Entrance examination, has served for some time as a teacher will be more acceptable. Applicant should be Brahmin by caste. Salary Rs 10 per month. Food and lodge are separately given. Apply sharp to Babu Dina Bandhu Pal Chowdhuri, Secy to the School, P.O. Gunerbari, Dt. Mymensingh.

Wanted a fourth teacher for the H. C. E. School at Kisoreganj, Mymensingh on a salary of Rs 25. Candidates must be well up in English and Mathematics. Applications should reach the Secy. Babu Sripati Chatterjee M.A.B.L.

Wanted a well-experienced private tutor for the Kanchantola Estate on a monthly salary of Rs 25 rising to Rs 35 besides free boarding. Apply with certificates of moral character on or before the 15th September to Babu Bhagabaty Charan Roy, Zemindar, Kanchantola Estate, Dhuliyan P. O. Via Pakur, E. I. R. Loop Line.

Wanted an experienced B. A. Head Master strong in English for the Shailkupa H. E. School on salary of Rs 35 with free boarding and lodging. None need apply who is not a higher class Hindoo. Applications with copies of testimonials should be sent before the 7th proximo to Kailash Chander Sarkar Zeminder's Naeb, Shailkupa, (Jhenidah)

Wanted a Head Pundit for the H. E. School at Jajpur in the District of Cuttack on a salary of Rs 20 a month. English knowing Kavyatirthas and passed students of the Sanskrit College need apply to the Secy. Babu Nrityagopal Sircar.

Wanted an F. A. private tutor for five months on a salary of Rs 20 per month. Apply sharp to Rohini Kanta Chatterjee, C/o Babu Mohima Chandra Guha, Natinda, Dacca.

Wanted a Head Master for the Tala B. D. Institution in Khulna on a monthly salary of Rs50 (fifty). He may have a free boarding if he likes in a Kayastha family. Those who have passed the M. A. examination will have the preference. He must agree to stick to the post for at least two years.

Wanted also a 4th teacher for the same school on a salary of Rs 12 per month. None need apply who has not passed the Entrance examination. Applications with copies of testimonials should reach Babu Harish Chandra Mukhopadhyaya Tala P. O. Khulna.

জেলা খুলনা, পোঃ সাতক্ষীরা, সাতক্ষীরা মধ্য বঙ্গ বিদ্যালয়ের জন্য সর্ব্বাগ্রে তৈরবার্ষিক পরীক্ষোত্তীর্ণ জনৈক ব্রাহ্মণ অথবা কায়স্থ ফেড পণ্ডিতের আবশ্যক। মাসিক বেতন ১৫৲ টাকা। যিনি আইনর পরীক্ষায় উত্তীর্ণ হইয়া উক্ত পরীক্ষোত্তীর্ণ হইয়াছেন অথবা যাঁহার ইংরাজি ভাষার মোটামুটী অধিকার আছে এবং কিছু দিন শিক্ষকতা কার্য্য করিয়াছেন, তাঁহারই আবেদন সমধিক আদরণীয় হইবে। স্ব স্ব প্রশংসাপত্রের অনুলিপি সহ ৩০শে ভাদ্রের মধ্যে সম্পাদক শ্রীতারকনাথ রায় চৌধুরীর নিকট আবেদন করিতে হইবে।

জেলা রাজসাহী থানা ও ডাকঘর গোদাগাড়ি, গ্রাম শ্রীমন্তপুরের উচ্চ প্রাথমিক বঙ্গবিদ্যালয়ের জন্য এক জন শিক্ষকের আবশ্যক। মাইনর পরীক্ষোত্তীর্ণ হওয়া চাই এবং ব্রাহ্মণের আবেদন আদরণীয়। মাসিক বেতন ৮৲ আট টাকা। ষ্টীমার ঘাট হইতে অতি নিকট। বর্ত্তমান ভাদ্র মাসের মধ্যে কর্ম্মপ্রার্থিগণ স্ব স্ব প্রশংসাপত্রের নকলসহ শ্রীমন্তপুর বঙ্গবিদ্যালয়ের সম্পাদক শ্রীমহেশচন্দ্র মণ্ডলের নিকট আবেদন করুন।

জেলা বর্দ্ধমান, গোদা অন্নদা পোঃ, গোদা মধ্য শ্রেণীর ইংরাজী বিদ্যালয়ের জন্য এক জন ইংরাজী ভাষাজ্ঞ শিক্ষকের প্রয়োজন। মাসিক বেতন ১২৲ বার টাকা। ইহা ব্যতীত একটী গ্রামা পোষ্ট আপিসের কার্য্য করিতে হইবে। তাহার দরুণ আর ৬৲ ছয় টাকা পাইবেন। যিনি পোষ্ট আপিসের কার্য্যের জন্য ব্যক্তিবিশেষকে ৩০০৲ তিন শত টাকার জামিন দিতে পারিবেন, ও হেড মাষ্টারের অনুপস্থিতিতে প্রথম শ্রেণীতে পড়াইতে সমর্থ হইবেন, তাঁহারই আবেদন সমধিক আদরণীয় হইবে। কিন্তু আবেদনকারীর এণ্ট্রান্স পরীক্ষায় উত্তীর্ণ হওয়া আবশ্যক। গোদা ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ে পাণ্ডুয়া ষ্টেশন হইতে ৮ মাইল উত্তর। প্রার্থিগণ স্ব স্ব প্রশংসাপত্রের অনুলিপি সহ সত্বর সম্পাদক শ্রীঅন্নদাপ্রসাদ পালের নিকট দরখাস্ত করুন।

বিশেষ দ্রষ্টব্য।

বাচস্পত্য অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২৩৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
বুধোদয় প্রেস।
হুগলী।

অম্বিকাচরণ ঘোষাল

ফটোগ্রাফার ও পোর্ট্রেট পেইণ্টার

ঘুঁটেবাজার হুগলি

মফস্বলে যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণপত্র লিখিলে জানিতে পারিবেন। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিজ, হুগলী কলেজ, এমামবাড়া, ৺সেশ্বরীর মন্দির, চুঁচুড়া গোরাবারিক অভ্যন্তর দৃশ্য, নবাব আক্কাশীর মসজিদ, সপ্তগ্রামের মহোৎসব প্রত্যেক ॥০ আনা মাত্র—ফটগ্রাফগুলি একবার দেখিলে বাধিত হইব।

নূতন পুস্তক।

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু
প্রণীত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য ৵০ আনা
ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "
ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব।০ "

সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তালিকায় পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
আনেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট—কলিকাতা।

পাটীগণিত।

নূতন সংস্করণ।

শ্রীপ্রসন্নকুমার সর্ব্বাধিকারী প্রণীত।

সুপ্রসিদ্ধ গণিতশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম, এ, মহাশয়ের দ্বারা সম্যক্‌রূপে সংশোধিত পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত। ইহাতে সুকৌশল সম্পন্ন প্রশ্নাবলী সন্নিবেশিত এবং উহাদের ভূরি পরিমাণে সমাধান করা হইয়াছে। ৫৭৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। উত্তম কাপড়ে বাঁধা, মূল্য ১৷৵০৲ বলা বাহুল্য ইহা চিরকাল সর্ব্বাদৃত, অধুনা আরও অধিক পরিমাণে স্কুলাদিতে পাঠ্যরূপে নিয়োজিত হইতেছে এবং বঙ্গবাসী প্রভৃতি সংবাদ পত্র ভূয়সী প্রশংসা করিতেছেন। নিম্নলিখিত এবং অন্যান্য স্থানে পাওয়া যায়।

বি, ব্যানার্জ্জি এণ্ড কোং।
২৫নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, ৫৮নং কলেজ ষ্ট্রীট, ৫১নং পুরাতন চীনেবাজার, কলিকাতা। ৫৫নং পটুয়াটুলি ঢাকা।
৩৮৮নং

মাইকেল মধুসূদন দত্তের

জীবনচরিত, অপ্রকাশিত কবিতা, পত্র ও গ্রন্থাবলীর সমালোচনা সম্বলিত গ্রন্থ

শ্রীযোগীন্দ্রনাথ বসু বি এ, প্রণীত।

ডিমাই আট পেজী আকারে পাঁচ শতেরও অধিক পৃষ্ঠায় সম্পূর্ণ।

এরূপ সর্ব্ববরেণ্য জীবনচরিত এপর্য্যন্ত বাঙ্গালা ভাষায় প্রকাশিত হয় নাই। মধুসূদনের জীবনের বিষাদময় ইতিহাসের সঙ্গে তাঁহার সমসাময়িক বাঙ্গালা সাহিত্যের অবস্থা, তাঁহার গ্রন্থাবলীর সমালোচনা, তাঁহার লিখিত বহুসংখ্যক ইংরাজী ও বাঙ্গালা কবিতা, মান্দ্রাজ, ইংলণ্ড, ফ্রান্স প্রভৃতি স্থান হইতে তাঁহার লিখিত বহুসংখ্যক পত্র, তাঁহার জীবনের ঘটনাবলী সম্বন্ধে সার মহারাজা যতীন্দ্রমোহন ঠাকুর, বাবু ভূদেব মুখোপাধ্যায়, রাজা প্যারীমোহন মুখোপাধ্যায় প্রভৃতির লিখিত মন্তব্য, রাজা রাজেন্দ্রলাল মিত্র, ডিঙ্ক ওয়াটার, বেথুন, বাবু রাজনারায়ণ বসু প্রভৃতি অনেক খ্যাতনামা ব্যক্তির লিখিত পত্র ও পত্রাংশ ইত্যাদি ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। মধুসূদনের নিজের এবং তাঁহার সমাধি স্তম্ভের চিত্র এবং রাজা প্রতাপচন্দ্র সিংহ, রাজা ঈশ্বরচন্দ্র সিংহ, মহারাজা সার যতীন্দ্রমোহন ঠাকুর, বাবু ভূদেব মুখোপাধ্যায়, বাবু গৌরদাস বসাক, বাবু রাজনারায়ণ বসু, ৺বিদ্যাসাগর মহাশয়—এই কয়েক জনেরও চিত্র ইহাতে প্রদত্ত হইয়াছে। এইরূপ সুন্দর চিত্র এপর্য্যন্ত কোনও বাঙ্গালা গ্রন্থে প্রকাশিত হয় নাই। ছাত্রদিগকে পুরস্কার দিবার জন্য অতি সুন্দররূপ বাঁধান হইয়াছে। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপোজিটরীতে, ২১০।৬ কর্ণওয়ালিস ষ্ট্রীট নব্যভারত কার্য্যালয়ে, বৈদ্যনাথ দেওঘর স্কুলে গ্রন্থকারের নিকট এবং নিম্নস্বাক্ষরকারীর নিকট পাওয়া যায়। মূল্য কাপড়ে বাঁধান ২।০ টাকা, কাগজের মলাট ২৲ টাকা, ডাকমাশুল ।০ আনা। মফস্বলস্থ গ্রাহকগণ গ্রন্থকারকে পত্র লিখিবেন।

শ্রীরামানন্দ চট্টোপাধ্যায় এম এ।
অধ্যাপক সিটি কলেজ,—কলিকাতা।

...রকারের উপদংশ
...র পারা বর্জ্জিত
...হৌষধ।

...হর অবসান সময়ে নেপালে...
...ান ফকিরের নিকট প্রাপ্ত...
...না মূল্যে বিতরিত হইয়াছিল,
...তাহার উপকারিতা-যশের প্রচারের
...তাহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল
...বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া
উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার
মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের
পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র
সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে
চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল
মাত্র ইহার লেপনেই রোগোন্মুক্ত হইয়াছেন।
(গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা
শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি
পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সম-ফলপ্রদ,
এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত
রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত
ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের
এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত
আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার
ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি
সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে।
আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনা ব্যয়ে
পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৷৷০ টাকা, প্যাকিং ।০ আনা

২ শিশি একত্রে লইলে খরচা ৷৷৵০ আনা সুগভ হয়।

শ্রীকালীদাস সরকার।
গবর্ণমেণ্ট পেন্সনার—লক্ষ্ণৌ।

৩৭৩নং

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বলবীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রি-জাগরণ, অতিরিক্ত পান-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা-হাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত!

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-কোলা-কাসিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দ্বৈকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকায় সে জ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে, ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্প-দিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধে অতি সামান্য রোগও আরাম হয়। বিধাতার বিচিত্রবিধান বুঝাভার!

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন। প্লীহা জ্বর-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগী-কে এই এক এবং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

বটিকার সংখ্যা,	মূল্য,	ডাঃমাঃ,	প্যাকিং
১নং কৌটা	১৮	৷৷৵০	।০	৵০
২নং কৌটা	৩৬	১৵০	।০	৵০
৩নং কৌটা	৫৪	১৷৷৵০	।০	৵০

ভ্যালুপেবলে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।
১২ নং মুক্তাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা।

৩৭৪নং

পাঁড়ে ব্রাদার্স।

পুস্তক ও দেশী বস্ত্র বিক্রেতা।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্ কলিকাতা।

এখানে ইংরাজি বাঙ্গালা সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য সর্ব্ব প্রকার পুস্তক, তৎসমস্তের নানা প্রকার কি, নোট, অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি সর্ব্ব প্রকার পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে। বিলাতি পুস্তক বিলাত হইতে আনা হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা ১৸০ মূল্য ধোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও ব্যবহারীয় ভদ্র চলিবে ও ২৷৷০, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ নয়নসুখ, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকটও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য ।৵০ বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ ৵০
৩২ খানি উৎকৃষ্ট
চিত্রসহ

নীতি কথামালা	।০	মানবতত্ত্ব	১৷০
আর্য্যচরিত	।০	ধর্ম্মবিজ্ঞান	১৲
আর্য্যশিক্ষা	৷৷৵০	অদ্ভুত স্বপ্ন বা	
বাঙ্গলা ব্যাকরণ	।৵০	স্ত্রী পুরুষের দ্বন্দ্ব	৷৷০
শিশু বিজ্ঞান	৵০	বিজ্ঞানসার	১৲
বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ	৵০	লীলাবতী (অঙ্কপুস্তক)	৷৷০

৩৪৫ নং শ্রীমনোমোহন পাঁড়ে

সংক্ষিপ্ত পদার্থদর্শনের প্রশ্নোত্তর।

পণ্ডিত প্রবর শ্রীযুক্ত প্রসন্নকুমার চক্রবর্ত্তী প্রণীত। মূল্য ।/০ পাঁচ আনা মাত্র। যত গুলি সংক্ষিপ্ত পদার্থদর্শনের প্রঃ উঃ এ পর্য্যন্ত প্রকাশিত হইয়াছে এখানা তাহাদের অপেক্ষা কোন অংশে নিকৃষ্ট নহে বরং অনেকাংশে উৎকৃষ্ট। যে স্কুলে এক খানিমাত্র এই প্রঃ উঃ প্রবেশ লাভ করিয়াছে সে স্কুলের সমস্ত ছাত্রই ইহা ক্রয় করিতেছে। একত্রে এক প্যাকেটে ৫ খানি এই প্রঃ উত্তর লইলে স্কুলের শিক্ষকদিগকে শতকরা ১৫৲ টাকার হিসাবে কমিসন দিয়া থাকি; অধিকন্তু আমি নিজ হইতে ডাক মাশুল দিই। কাগজ, ছাপা ও বাঁধাই সমস্তই উৎকৃষ্ট। ভিঃ পিঃ ডাকে পাঠাইয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র দত্ত।

ভারত পুস্তকালয়, পটলডাঙ্গা, বৌবাজার পোষ্ট কলিকাতা।

৩৯৯নং

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸০ বার আনা, ডাঃ মাঃ ⁄০ এক আনা। এখানি ১৮৯৪ অব্দের মাইনর পরীক্ষায় ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহাতে বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গদ্য হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ⁄০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

সংস্কৃত প্রেসডিপজিটরি।

১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষকগণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৷৹ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।৵০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীজমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।৵০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ⁄০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৪৪ নং

ইউক্লিডের জ্যামিতি দ্বাদশ অধ্যায়।

(সংশোধিত এবং পরিবর্দ্ধিত।)

শ্রীযুক্ত বাবু ব্রহ্মমোহন মল্লিক প্রণীত।

৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছে, মূল্য ২৲ টাকা। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৯৭ নং ম্যানেজার।

শ্রীমদ্ভগবদ্গী

মূল, অন্বয়মুখে অতি সরল আধ্যাত্মিক টিপ্পনী ও গীতার ।৹ চারি আনা, ডাঃ মাঃ ⁄০।

ঐ বিলাতী কাপড়ে বাঁধা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা মু ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা উৎকৃষ্টত মূল্য ॥৹ আট আনা, ডাঃ মাঃ ⁄১০।

কবির (জীবন্মুক্ত মহাত্মা কবির সাহেবের ৫৫৩টী দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা-সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ ⁄১০।

কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০। ১নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

ম্যানেজার।

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু হরিনাথ চট্টোপাধ্যায় শ্যামশিরা স্কুল
১৮৯৪ ফেব্রুয়ারি শেষ ৩৲
" শরচ্চন্দ্র ভট্টাচার্য্য মহেশতলা স্কুল ১৲
" হরনাথ হালদার আবদলপুর ১৮৯৩ নবেম্বর শেষ ২৲
" অঘোরনাথ হালদার রোল ইং স্কুল ১৮৯৩ নবেম্বর শেষ ২৲
" হরিপদ পাল বিষ্ণুপুর ১৷৹
" তারিণীচরণ দত্ত মাতলাপালী ১৮৯৩ নবেম্বর শেষ ২৲
" মহাদেবচন্দ্র চৌধুরী বরিজহাটী ১৲
" রামেশ্বর মুখোপাধ্যায় রঘুনাথপুর ১৲
" নবীনবন্ধু ভট্টাচার্য্য জেনসর ১৲
" মুরলীধর ঘোষ মগোলহাট ১৮৯৩ নবেম্বর শেষ ২৲

☞ এই পত্র হুগলি বুধোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

নূতন সমাজ। ২৪শ খণ্ড। ২২শ সংখ্যা। | ২৪শে ভাদ্র শুক্রবার ১৩০০ সাল। ইং ৮ই সেপ্টেম্বর ১৮৯৩ খৃঃঅব্দ। | অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৪৲ টাকা

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম)	৫	ষাণ্মাসিক	৩
ত্রৈমাসিক	২	প্রত্যেক সংখ্যার	।৹

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৵০ ৩য় বার /১০ চতুর্থ বা ততোধিক বার /০। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৵০।

কর্ণওয়ালিস বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে প্রকাশিত হয়।

তিন মাসের অধিক বিজ্ঞাপন প্রকাশ করিলে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

যাঁহারা এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য নগদ টাকায় দিবেন, তাঁহারা তাঁহাদের নিকটবর্ত্তী এজেণ্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে কলিকাতা পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণিঅর্ডার কুপনে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

এডুকেশন গেজেটে বিজ্ঞাপন প্রকাশের সুবিধার জন্য ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে একটী এজেন্সি খোলা হইয়াছে। তথায় বিজ্ঞাপন ও তৎপ্রকাশের মূল্য জমা দেওয়া যায়।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যূন বিলম্ব হইলে তাহার থামখানিতে পিয়নের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকালীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

কলিকাতা	শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।	
	সংস্কৃতযন্ত্রের পুস্তকালয় ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।	
	চণ্ডীচরণ মজুমদার—বেঙ্গল সেক্রেটারিয়েট জুডিসিয়াল ডিপার্টমেণ্ট।	
২৪ পরগণা	নন্দিলাল মৈত্র—আলিপুর।	
আলিপুর	ভূপালচন্দ্র গঙ্গোপাধ্যায়—উকিল।	
বারাকপুর	শ্রীযুক্ত বাবু ভুবনমোহন নিয়োগী।	
ভবানীপুর	রাজকৃষ্ণ রায় চৌধুরী।	
চুয়াডাঙ্গা	যদুনাথ চৌধুরী।	
হাবড়া	হরমোহন ভট্টাচার্য্য।	
চট্টগ্রাম	ব্রজেন্দ্রকুমার গুহ।	
হুগলী	শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।	
চন্দননগর	ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।	
বর্দ্ধমান	চারুচন্দ্র চট্টোপাধ্যায়।	
	রসিকলাল দাস—রায়না।	
যশোহর	কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।	
সিউড়ী	অম্বিকাচরণ মুখোপাধ্যায়।	
	নীলমণি ভট্টাচার্য্য।	
বাঁকুড়া	রামেশ্বর সেন—বিষ্ণুপুর।	
	অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।	
মেদিনীপুর	উমাচরণ দে।	
	দীননাথ ধর—গবর্ণমেণ্ট প্লীডার।	
জলপাইগুড়ি	নীলমণি পাল।	
বাঁকিপুর	নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর।	
	ভগবান প্রসাদ।	
বারাণসী	সোমনাথ ভাদুড়ী—বাঙ্গালীটোলা।	
রঙ্গপুর	আদিনাথ মিত্র।	
	দ্বারকানাথ বাগচি—নিলফামারি।	
রাজসাহী	কালীনাথ চৌধুরী—বোয়ালিয়া।	
পাবনা	মহেন্দ্রনাথ দত্ত।	
	রজনীকান্ত ভট্টাচার্য্য।	
	রাধচন্দ্র চক্রবর্ত্তী।	
	ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, তুলাই।	
	উমাচরণ পাঁড়ে, সিরাজগঞ্জ।	
ঢাকা	সতীশচন্দ্র ঘোষ।	
সাঁওতাল পরগণা	ব্রজেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।	
পাকুড়	রাধাকৃষ্ণ সারখেল।	
খুলনা	হরিহর দাস।	
	জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।	
দিনাজপুর	রাজকুমার চক্রবর্ত্তী ফুলবাড়ি।	
	ভুবনেশ্বর গুপ্ত।	
	দুর্গাদাস সুর—রায়গঞ্জ।	
	শশিভূষণ রায়।	
কোচবিহার	ভুবনমোহন দত্ত।	
ফরিদপুর	কালীকিশোর ঘোষ—মাদারিপুর।	
মজঃফরপুর	কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল	
দ্বারভাঙ্গা	গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক সুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সমস্তীপুর	
বৈদ্যনাথ	যোগীন্দ্রনাথ বসু হেড মাষ্টার, দেওঘর।	

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিবিধ বিজ্ঞাপন।

শ্রীরামেশ্বর সেন কৃত

১। উচ্চপ্রাথমিক সহজ-পরিমিতি মূল্য ।০।

২। নিম্ন-প্রাথমিক সহজ-পরিমিতি (কেবল দেশীয় রীতির নিয়মাদি)

ভাল কাগজে ছাপা ৵০

চলিত কাগজে ছাপা ৵০

৩। নিম্ন-পুরস্কার পরীক্ষা—

পাঠশালার ছাত্রগণের অত্যাবশ্যকীয় অভিনব পাঠ্য পুস্তক।

ভাল কাগজে ছাপা ৵০র স্থলে ৵১০

চলিত কাগজে ছাপা ৵১০র স্থলে ৵০

কলিকাতা ও বাকুণ্ডা জেলার বহির দোকানে প্রাপ্য।

৪। "উচ্চ-পুরস্কার পরীক্ষা" শীঘ্রই বাহির হইবে।

৪০১নং

গিরিশ লাইব্রেরী।

এখানে ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল, এ; বি, এ ক্লাসের সর্ব্বপ্রকার পাঠ্যপুস্তক ও অন্য পুস্তকাদি এবং নাটক, নভেল প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়। ভিঃ পিঃ ডাকেও পুস্তক পাঠাই। ২১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৮৪নং

এল, ভি, মিত্র এবং কোং।

লব্ধপ্রতিষ্ঠ ও কলিকাতা ও অন্যান্য স্থানের দক্ষ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৫৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক কর্পূর কাম্ফার ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৷৷০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৬৲ ও ৭৲, শিশুচিকিৎসা ২৷৷০, বামাচিকিৎসা ২৲ জ্বর চিকিৎসা ৮০ ও ১৷৷০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৮০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমার কলিকাতার মহামেলায় এই শ্রেণীতে ভারতের মধ্যে সর্ব্বোচ্চ এবং এখানকার ও অন্যান্য স্থানের সম্ভ্রান্ত চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি। ৭৯

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্ত লালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীতে সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১৷০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

REDUCTION IN PRICE OF CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta, Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free, at 4 oz, Rs3—4 : 8 oz, Rs 6—8 : 16 oz, Rs 12—12. Cash with order.

No. 331

বুধোদয় যন্ত্র।

হুগলি বুধোদয় যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষর ও তাহার সরঞ্জাম প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানাপ্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় যাবতীয় ফারম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, ষ্যাণ্ডবিল, জমিদারীর জমাওয়াশীল ফরম, ডাক্তারি লেবিল ও বিল নানাপ্রকার ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পন্ন হইয়া থাকে। বিশেষ বন্দোবস্ত করিলে, সাপ্তাহিক পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংলিস অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও স্মল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া দপ্তরী দ্বারা পুস্তক প্রস্তুত করিয়া রীতিমত বাক্সবন্দী করিয়া রেলে বা জাহাজে যাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি, গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন, ছাপার রেট ও অন্যান্য বিবরণ জানিতে ইচ্ছা করিলে আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পরিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
কার্য্যাধ্যক্ষ।

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১৯ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।

ডাকমাশুল /০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৵০

পদ্য ব্যাকরণ মূল্য /১০

প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য /১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায়) পাওয়া যায়।

শ্রীতিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

রিপণ-ডিপজিটারী।

৫২ নং দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য ও নাটক নভেল অতি সুবিধায় সরবরাহ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পিঃ, ডাকে পুস্তক পাঠাই। প্রেরণ ব্যয় ২০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়।

শ্রীশশিভূষণ সাহা
৩৮০ নং ম্যানেজার।

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মতামত নহে।

আচার প্রবন্ধ।

নৈমিত্তিকাচার প্রকরণ।

প্রথম অধ্যায়।

ব্রত, পূজা, পর্ব্বাদির বিষয়।

(চ) ষোড়শী—কালী এবং তারামূর্ত্তিতে গুহ্যাতিগুহ্য সৃষ্টিশক্তিকেই মুখ্য অবলম্বন করিয়া ধ্যানের উপাদান সঙ্কলিত হইয়াছে। ষোড়শীর ধ্যানে পালন কর্ত্তৃত্বের ভাবটীই প্রধান অবলম্বন। ষোড়শীতে যেমন ঐশ্বর্য্যের তেমনি সৌন্দর্য্যের অতি বিপুল বিস্তার। ইহাঁরই সেবা করিয়া কামদেব স্বয়ং সৌন্দর্য্য সম্পত্তি লাভ করিয়াছিলেন।

ষোড়শী পাশাঙ্কুশ করা, রক্ত পদ্মোপবিষ্টা, চতুর্ভুজা, ত্রিনেত্রা, সন্ধ্যাংশু এবং পঞ্চবাণ-হস্তা; অর্থাৎ চতুর্হস্তা এবং ত্রিনেত্রা ষোড়শী দেবী পরব্রহ্মময়ী এবং বিশ্বরূপিণী হইয়াও বিশিষ্টরূপে জীবের অধিষ্ঠাত্রীরূপেই প্রদর্শিতা। সেই জন্য কর্ম্মেন্দ্রিয়গণকে সংযত রাখিবার নিমিত্ত পাশ এবং তাহাদিগকে প্রকৃত পথে প্রেরণ করিবার নিমিত্ত অঙ্কুশ ধারণ করিয়াছেন। তাঁহার হস্তে সন্ধ্যাংশু চন্দ্রাকারের এবং টঙ্কারের দ্যোতক বলিয়া একাধারেই কাল এবং আকাশেরবোধক হইয়াছে। পাঁচটী বাণ পাঁচটী জ্ঞানেন্দ্রিয়ের জ্ঞাপক।

(ছ) ভুবনেশ্বরী—ইনিও রক্তবর্ণা, চন্দ্র কিরীটিনী, তুঙ্গকুচা, নয়নত্রয়যুক্তা, হাস্যমুখী, বর, পাশ, অঙ্কুশ, অভয়হস্তা। অতএব ভুবনেশ্বরী দেবীও জীবাধিষ্ঠাত্রী এবং জীবের পালনকর্ত্রী। ভুবনেশ্বরী বিশ্বময়ী, আনন্দময়ী, বরদাত্রী, অভয়দাত্রী, কর্ম্মেন্দ্রিয়গণের সংযমকারিণী এবং তাহাদিগের প্রেরয়িত্রী। ভুবনেশ্বরীতে পাশ এবং অঙ্কুশ, চক্র এবং কর্ত্তরির স্থান অধিকার করিয়াছে এবং বর এবং অভয় মুদ্রা, আকাশের এবং জীবের স্থান লইয়াছে।

(জ) দেবী অন্নপূর্ণা যদিও দশমহাবিদ্যার মধ্যে নামিত নহেন তথাপি ইনিও ভুবনেশ্বরী দেবীরই মূর্ত্তিভেদ এবং মুক্তিদাত্রী পর ব্রহ্মময়ীরূপে বর্ণিতা।*

অন্নপূর্ণার দুই হস্ত, তাঁহার এক হস্তে চসক বা পানপাত্র এবং অপর হস্তে দর্ব্বী বা হাতা। তাঁহার সম্মুখে চন্দ্র-শেখর এবং ত্রিনয়ন মহাদেব। তিনি দেবীর স্থানে ভোগ্য দ্রব্য প্রাপ্ত হইয়া ভোজন করত নৃত্য করিতেছেন এবং দেবী তদ্দর্শনে হাসিতেছেন।

এ স্থলে দেখা যায় যে, চসক বা পানপাত্র আধারগুণবিশিষ্ট বলিয়া উহা সর্ব্বাধার আকাশের স্থানীয়; দর্ব্বী যন্ত্রটীও পরিঘটন সমর্থ বলিয়া উহা মাস ঋতু প্রভৃতি কালের স্থানীয়। মহাদেব মূর্ত্তি বিরাটরূপ এবং ভোজন গ্রহণদ্বারা এবং নৃত্য বা স্পন্দনের দ্বারা জীবধর্ম্মের প্রকাশক। তদ্দর্শনে দেবীর হর্ষটী জ্ঞানের দ্যোতক।

(ঝ) দেবী ছিন্নমস্তার মূর্ত্তিটী সামান্য দৃষ্টিতে অতি বিসদৃশ বলিয়াই বোধ হয়। তিনি আপনার মস্তক ছিন্ন করিয়া হস্তে ধরিয়া আছেন এবং তাঁহার গলদেশ হইতে যে তিনটি রুধির ধারা নিঃসৃত হইতেছে তাহার একটী ধারা ঐ বিধৃত ছিন্নমস্তকের মুখবিবরে প্রবিষ্ট হইতেছে এবং অপর দুইটী ধারা ডাকিনী এবং বর্ণিনী নামে দেবীর দুইটী সঙ্গিনী পান করিতেছে।

ছিন্নমস্তা দেবী মহাবিদ্যার অন্তর্নিবিষ্টা। ইহাঁর মন্ত্রে দীক্ষা প্রচলিত আছে। ইনি মুক্তিদাত্রী, সুতরাং পরব্রহ্মের ভাব ইহাঁর মূর্ত্তিতে থাকিবে। কিন্তু ইহাঁর হাত দুইটী মাত্র; তাহার একটীতে অসি এবং অপরটীতে ছিন্নমুণ্ড। ছিন্নমুণ্ডটী অবশ্য ৭ম সূত্রানুসারে জীবের জ্ঞাপক এবং কর্ত্তরিটীও অহংরূপ জ্ঞানের বোধক। কিন্তু কাল এবং আকাশ বোধক পদার্থ কোথায়? ডাকিনী এবং বর্ণিনীতেই সেই দুইটী বস্তু রহিয়াছে। দেবীর বামপার্শ্বস্থিতা ডাকিনী যিনি "বস্তু পঙ্‌ক্তি বলাকিনীং" বলিয়া বর্ণিতা তিনিই আকাশ স্থানীয়া। বলাকা অর্থে উড্ডীয়মান বকশ্রেণী। বস্তুপংক্তি বলাকার ন্যায় বলায় সেই পংক্তির আধার শরীরটীকে আকাশ বলা হইল। আর দেবীর দক্ষিণ পার্শ্বস্থিতা মূর্ত্তি যিনি "সদা দ্বাদশবর্ষীয়াং" বলিয়া বর্ণিতা তিনিই কালের স্থানীয়া। দ্বাদশবর্ষীয়া বলায় উহাঁতে বর্ষ বা কালের নির্দ্দেশ করা হইল। ইহাঁরাও দেবীর গলদেশ হইতে প্রকৃত যে রক্তধারা বা জীব-প্রবাহ তাহাতেই জীবময়ী হইয়া আছেন।

ছিন্নমস্তাদেবী রক্তবর্ণা এবং ত্রিনেত্রা আত্ত-এব জীবময়ী-বিরাট মূর্ত্তি। এই জন্য ইনি কাম এবং রতির উপরি অধিষ্ঠানকর্ত্রী। ছিন্নমস্তাদেবীর কালিকা দেবীর হস্ত বিধৃত ছিন্ন মুণ্ডের ভাব অতি বিস্পষ্ট হইয়াছে।

দেবতাদিগের ধ্যান ব্যাখ্যায় আর বাহুল্য না করিয়া যে কয়েকটী দেবতার পূজাদি সর্ব্বাপেক্ষা অধিক প্রচলিত, এক্ষণে সংক্ষেপতঃ তাঁহাদের ধ্যানের মূলতাৎপর্য্যমাত্র নির্দ্দেশ করা যাইবে। বলা বাহুল্য যে, ব্যক্তি, বস্তু, ক্রিয়া, ভাব প্রভৃতি সকলই দেবতাদিগের আধিভৌতিক অভিব্যক্তি বলিয়া গ্রাহ্য হইয়া থাকে।

(ঞ) শ্রীকৃষ্ণ—শ্রীকৃষ্ণ পৃথিবীর নিত্য তিদাতা, ভগবদবতার নেতৃ-পুরুষ, চতুঃষষ্টি গুণযুক্ত বলিয়া শাস্ত্রে নির্দ্দিষ্ট। ইহাঁর ধ্যান, ধারণ, চিন্তাতে মানুষ সর্ব্বপ্রকার পাপবিবর্জ্জিত হইয়া থাকে।

(ট) শ্রীরাধা—সম্যক্‌সিদ্ধি বা মুক্তি। ইহাঁতে পূর্ণ জ্ঞানানন্দ বিরাজমান।

(ঠ) কার্ত্তিক—স্ত্রীসম্ভোগের আধিদৈবিকরূপ।

(ড) গণেশ—শুভাশুভগ্রহণের আধিদৈবিকরূপ।

(ঢ) লক্ষ্মী—ঐশ্বর্য্য এবং সৌন্দর্য্যের অধিষ্ঠাত্রী।

(ণ) সরস্বতী—গদ্য পদ্যময় বাক্যের অধিষ্ঠাত্রী।

ষষ্ঠী—জীবের ষড়্‌ভাগের অর্থাৎ শৈশব এবং কৈশোরের অবস্থার অধিষ্ঠাত্রী দেবতা। ইনি স্কান্দ কেয়পত্নী এবং স্বামিসন্নিধানে হাব ভাব কটাক্ষপূর্ণা আনন্দময়ী হইলেও শিশুসন্নিধানে ব্রহ্মচারিণী।*

(ত) শ্রীরামচন্দ্র—যোগিগণ যাঁহার চিন্তনে আনন্দানুভব করেন। ভগবদবতার আদর্শ-পুরুষ।

(থ) মহিষমর্দ্দিনী—ইহাঁর ধ্যানের অবয়বীভূত

---

* যামাহুরাদ্যাং প্রকৃতিং মুনীন্দ্রাঃ
পদ্মাং ত্রিশক্তিং গিরমন্নপূর্ণাং
নিত্যাঞ্চ দুর্গাং ত্বরিতাং তথান্যাং
ভজামি নিত্যং ভুবনেশ্বরীং তাং

* ষষ্ঠাংশরূপা প্রকৃতেস্তৃতীয় ষষ্ঠী প্রকীর্ত্তিতা
পুত্র পৌত্রপ্রদাত্রী চ ধাত্রী ত্রিজগতাং সতী
সুন্দরী যুবতী রম্যা সততং ভর্ত্তুরন্তিকে
স্থানে শিশূনাং পরমা বৃদ্ধরূপা চ যোগিনী।

বস্তুগুলির তাৎপর্য্যার্থ কিঞ্চিৎ বিস্তৃত করিয়া বলা হইতেছে।

১। জটাজুট সমাযুক্তা—তারাদেবীর জটা আছে; ইহাঁরও আছে। ইনি তারাপ্রভেদেরই দেবতা।

২। অতসী পুষ্প বর্ণাভা—অতসী পুষ্প পীতবর্ণ, এবং পীতবর্ণও রক্তবর্ণের ন্যায় জীবের বোধক।

৩। মহিষাসুর মর্দ্দিনী—মহিষ মৃত্যুর বাহন, অর্থাৎ মৃত্যুভয়। দেবী মৃত্যুভয় বারিণী।

৪। দশবাহু সমন্বিতা—দেবতাদিগের তেজঃসমষ্টি বলিয়া বর্ণিতা। দশদিকপালের অস্ত্র গ্রহণ করায় দশভুজা।

৫। অর্দ্ধেন্দুকৃতশেখরা—সপ্তমী, অষ্টমী, এবং নবমী তিথি দেবীর পূজার কাল। ঐ সময়ে আকাশে অর্দ্ধেন্দুই দৃষ্ট হয়। দুই বস্তুর সহিত মিল রাখিয়াই ধ্যানের প্রণয়ন হইয়া থাকে এবং সেই জন্য দেবমূর্ত্তিতে আধিভৌতিক ভাব অনভিব্যক্ত থাকে না। পূজার কালটী ও আশ্বিন মাস, যখন সিংহের পশ্চাতে বা পৃষ্ঠে সূর্য্যের কন্যা রাশিতে আবির্ভাব হয়।

৬। ত্রিশূল—মহাকালের বা সর্ব্বমন্ত্রের স্থানীয়।

৭। খড়্গ—খণ্ড কালের স্থানীয়।

৮। চক্র—বিষ্ণুর বা ব্যাপকের স্থানীয়।

৯। বাণ এবং চাপ—বায়ুর স্থানীয়।

১০। শক্তি—অগ্নির স্থানীয়।

১১। খেটক—যমের স্থানীয়।

১২। পাশ—বরুণের স্থানীয়।

১৩। অঙ্কুশ এবং ঘণ্টা—ইন্দ্রের স্থানীয়।

১৪। পরশু—বিশ্বকর্ম্মার স্থানীয়।

১৫। বিশিরস্ক মহিষ—মৃত্যু-ভয়ের ছেদন।

১৬। শিরশ্ছেদোদ্ভব দানব—মৃত্যু-ভয়ের কোন একরূপ নামে রূপান্তর প্রাপ্তি।

১৭। শূলের দ্বারা নির্ভিন্ন—মহাকালের রূপস্বরূপ "সর্ব্বংখল্বিদং ব্রহ্ম" এই মহাবাক্য দ্বারাই মৃত্যু-ভয়ের প্রকৃত রূপ নাশ হয়। বস্তুতঃ ঐ মহাবাক্যের প্রভাবেই "নজায়তে ম্রিয়তে বা" এই উপনিষদ তথ্যের পরিজ্ঞান হইয়া থাকে। দেবতাদিগের অস্ত্র শস্ত্র বৈদিক মন্ত্রাদির নামমাত্র।

১৮। নাগপাশে বেষ্টিত—অনন্ত বন্ধনে সম্বদ্ধ।

১৯। সিংহ—সম্বিদ বা পূর্ণজ্ঞান।

মহিষমর্দ্দিনী দুর্গার সম্বন্ধে একটী পৌরাণিক বচন এই—

বুদ্ধ্যধিষ্ঠাত্রী সা দেবী সর্ব্বশক্তিস্বরূপিণী।
সর্ব্বজ্ঞানাত্মিকা সর্ব্বা সা দুর্গা দুর্গনাশিনী॥

অধ্যায়ের পরিসমাপ্তি সময়ে একটী কথার উল্লেখ করা আবশ্যক। দেবমূর্ত্ত্যাদির ভৌতিক ব্যাখ্যা এই অধ্যায়ে যে ভাবে করা হইয়াছে উহাই যে একমাত্র ব্যাখ্যা তাহা নহে; পুরাণাদিতে এবং উপনিষদের অনুকারী গ্রন্থাদিতেও কোন কোন দেবমূর্ত্তির ভৌতিক ব্যাখ্যা উল্লিখিত ব্যাখ্যা হইতে এক আধটু স্বতন্ত্র ভাবে করা হইয়াছে। স্বতন্ত্র ব্যাখ্যা বলিতে যে কেবল উল্লিখিত ব্যাখ্যা হইতে স্বতন্ত্র তাহা নহে; ঐ সকল পুরাণাদির ব্যাখ্যা মধ্যেও পরস্পর স্বাতন্ত্র্য পরিলক্ষিত হইয়া থাকে। অতএব বুঝিতে হইবে যে উপাসকগণ যিনি যেমন ভাল বুঝিবেন তিনি আপনার হৃদয়োত্থ ভাবের সহিত সুসঙ্গত করিয়া অন্যরূপ ভৌতিক ব্যাখ্যাও করিয়া লইতে পারেন। আর এক কথা এই কাহার কাহার মতে দেবতাদিগের মূর্ত্তির ভৌতিক তাৎপর্য্য প্রকাশ করায় লোকের শ্রদ্ধা হ্রাস হইয়া ধর্ম্মের হানি জন্মিতে পারে। যাঁহারা ঐরূপ বলেন তাঁহারা ভ্রম সংস্কারের একান্ত অধীন। তাঁহারা হয়ত মনে করেন, যদি দেবমূর্ত্তির আধিভৌতিক ব্যাখ্যা থাকিল, তবে আর উহার আধিদৈবিক এবং আধ্যাত্মিক ভাব কেমন করিয়া থাকিবে। কিন্তু এটী প্রকৃত কথা নয়। সত্যই ব্রহ্ম। সত্য এক হইয়াও অনেক। অজ্ঞতাদি দোষনিবন্ধন দেবমূর্ত্ত্যাদির শাস্ত্রসিদ্ধ ত্রিবিধ ব্যাখ্যার অপ্রকাশ হওয়াতেই এই প্রকার কুসংস্কার জন্মিয়া গিয়াছে।

আর্য্যশাস্ত্র-প্রণেতৃগণ কস্মিনকালেও ওরূপ মনে করেন নাই। তাঁহারা অধিকারী ভেদের তথা পূর্ণ মাত্রায় গ্রহণ করিয়াও চিরকালই শাস্ত্রার্থে প্রবেশ করিবার পথ দেখাইয়া আসিতেছেন এবং সেই পথে যাইবার জন্য উত্তেজনা করিতেছেন। ঋক্‌বেদেই বিভিন্ন দেবমূর্ত্তির নিদান ব্যক্ত হইয়া আছে, যথা—

রূপং রূপং প্রতিরূপো বভূব।
তদস্যরূপং প্রতিচক্ষণায়।
ইন্দ্রো মায়াভিঃ পুরুরূপঈয়তে।
যুক্তাহ্যস্য হরয়ঃ শতাদশ॥

পরব্রহ্মশক্তিশালী ভগবান্ নিজ শক্তিদ্বারা নানারূপে প্রকট হইয়াছেন; নানারূপ হইবার কারণ উপাসকের ধ্যান সৌকর্য্য। ভগবানের রূপ অনন্ত; তন্মধ্যে দশটী মুখ্য। [অর্থাৎ সমধিক সংখ্যক লোকের উপাসনায় গৃহীত]

তাহার পর বেদাঙ্গ মধ্যে অনবগত-শাস্ত্রার্থ ব্যক্তির নিন্দাপূর্ব্বক বলা হইয়াছে—

"স্থাণুরয়ং ভার হারঃ কিলাভূদধীত্যবেদং ন বিজানাতি যোঽর্থং।"

যে ব্যক্তি বেদাধ্যয়ন করিয়া তাহার তাৎপর্য্যার্থ (যেহেতু বৈদিককালে বেদের অক্ষরার্থ অধিকারী মাত্রেরই পরিজ্ঞাত ছিল) পরিজ্ঞাত না হয় সে ভারবাহী গর্দ্দভ স্বরূপ হইয়া থাকে।

স্মৃতিশাস্ত্রও ঈশ্বরধ্যানের ক্রমপ্রণালী বলিয়া গিয়াছেন—

অথ নিরাকারে লক্ষ্যবন্ধংকর্ত্তুং ন শক্নোতি, তদা পৃথিব্যাপ্তেজো-বায়ুাকাশ মনোবুদ্ধ্যব্যক্তপুরুষাণাং পূর্ব্বং পূর্ব্বং ধ্যাত্বা তত্র তচ্চলক্ষ্যং পরিত্যজ্য অপরং অপরং ধ্যায়েৎ এবং পুরুষধ্যানমারভেত।

ভগবদ্গীতাতে উক্ত হইয়াছে—

যো যো যাং যাং তনুং ভক্তঃ শ্রদ্ধয়ার্চ্চিতুমিচ্ছতি
তস্য তস্যাচলাং শ্রদ্ধাং তামেব বিদধাম্যহং।

কিন্তু তন্ত্রশাস্ত্রেই এই বিষয় অতি বিশদরূপে ব্যাখ্যাত হইয়াছে। তন্ত্র বলেন—

চিন্ময়স্যাদ্বিতীয়স্য নিষ্কলস্যাশরীরিণঃ।
উপাসকানাং সিদ্ধ্যর্থং ব্রহ্মণোরূপ-কল্পনা॥

চিন্ময়, অদ্বিতীয়, পূর্ণ এবং অশরীরী ব্রহ্মের রূপকল্পনা উপাসকের সিদ্ধি সৌকর্য্যার্থ।

অতএব দেবতার রূপ শাস্ত্রকৃতের কল্পনা। সে বিষয়ে সংশয় মাত্র নাই। কিন্তু সে কল্পনা কাহারও যদৃচ্ছাসম্ভূত নয়। ঐ কল্পনার মূলে 'সর্ব্বং খল্বিদং ব্রহ্ম" এবং "সর্ব্বংসর্ব্বাত্মকং" এই মহাবাক্যদ্বয় প্রতিষ্ঠাপিত আছে। সেই তথ্য প্রকট করাই এই অধ্যায়ের অন্যতম উদ্দেশ্য। যদি পরবর্ত্তী অধ্যায়সম্ভূত কৃত্যাদির প্রতি এই অধ্যায়ের নির্দ্ধারিত সূত্রগুলির প্রয়োগ করিয়া দেখা হয় তবে অনেকানেক স্থলেই অতি অপূর্ব্ব তাৎপর্য্যের প্রকাশ হইয়া চিন্তাশীল অনুসন্ধায়ীর জ্ঞান এবং ভক্তি বৃদ্ধি হইতে পারে।

অম্বর।

(৪)

জয়সিংহের সময়ে গোবিন্দজীর গোস্বামিগণ এখানে আনীত হন। সম্ভব তাঁহাদেরও বিলক্ষণ অভ্যুদয় হয়। বাঙ্গালী গোস্বামীর অভ্যুদয় ও বাঙ্গালী মন্ত্রীর রাজাশাসন কার্য্যকারণভাবে যে সংশ্লিষ্ট নহে তাহা হঠাৎ মনে করিতে পারা যায় না। মহাত্মা হরিমোহন সেন যখন জয়পুরে আইসেন তখন তিনি স্বর্গীয় শ্যামসুন্দর গোস্বামীর ভগ্নীপতি ৺ নীলমণি বাবু কর্ত্তৃক মহারাজ রামসিংহের নিকট পরিচিত হন। এই হরিমোহন বাবু কর্ত্তৃকই বর্ত্তমান রাজমন্ত্রী কান্তি বাবু আনীত হন; আর এই কান্তি বাবু কর্ত্তৃকই অনেকগুলি বাঙ্গালী আনীত হইয়াছেন। হরিমোহন বাবুর পুত্র পৌত্রগণ এখানে বর্ত্তমান আছেন। কান্তি বাবু তাঁহার নামকে আরও চিরস্মরণীয় করিবার জন্য একটী গলিকে 'বাবু হরিমোহন সেনের গলি' বলিয়া নাম দিয়াছেন। এই সুদূর জয়পুরে তিন জন বাঙ্গালী মন্ত্রীত্ব করিয়া গেলেন। বিদ্যাধর, হরিমোহন ও কান্তিচন্দ্র। রাজ্যশাসন বিষয়ে বাঙ্গালী জয়পুরে যেরূপ প্রভুত্ব দেখাইলেন, ধর্ম্মবিষয়ে বাঙ্গালীর আধিপত্যও সেইরূপ। শাক্তমতে জয়পুর রাজ্যের সর্ব্বপ্রধান দেবী শিলাদেবী, বৈষ্ণব মতে সর্ব্বপ্রধান বিগ্রহ গোবিন্দজী। এই উভয়ই বাঙ্গালীর হস্তে। শিলাদেবী বড় মানুষ (aristocrat) দেবতা। রাজা ও রাজপুত সর্দ্দারগণ শারদীয় ও বাসন্তী সন্ধিপূজার সময়ে শিলাদেবীর মন্দির প্রাঙ্গনে বিরাট উৎসব করেন। অনেকে স্বহস্তে মহিষ ও ছাগ বলিপ্রদান করেন। গোবিন্দজী সাধারণের ('commons') দেবতা। গোবিন্দ মন্দিরে দিবা রাত্রি জনস্রোতের বিরাম নাই। কেহ প্রেমে কাঁদিয়া আকুল; কেহ রঙ্গে গড়াগড়ি। এ ভক্তি শিক্ষাও বাঙ্গালীর শিক্ষা। বিদ্যা বিষয়েও জয়পুরে বাঙ্গালীর একাধিপত্য। জয়পুরের শিক্ষা বিভাগটী ত্রিশ বৎসর ধরিয়া বাঙ্গালীর হাতে। এখানে এযম যে সকল বি, এ, এম, এ, প্রভৃতি হইয়াছে সে সমস্তই বাঙ্গালীর পরিশ্রমের ফল। ইংরাজী কলেজের প্রধান প্রধান অধ্যক্ষগণ সকলেই বাঙ্গালী। সংস্কৃত কলেজটীতে বাঙ্গালী অধ্যক্ষ কেহ নাই বটে, কিন্তু অধিকাংশ অধ্যক্ষই নবদ্বীপ কিম্বা কাশীধামে বাঙ্গালীর নিকট শিক্ষা প্রাপ্ত। এখানে অনেক মৈথিল—হিন্দুস্থানী ও দাক্ষিণী পণ্ডিত ও ছাত্র আছেন। তাঁহারা রীতিমত বাঙ্গালা কথা কহিতে পারেন।

আমেরের কথা কহিতে কহিতে আমরা অনেকদূর আসিয়া পড়িয়াছি। এখন আমের সম্বন্ধে আর দুই একটী কথা কহিয়া প্রস্তাবের উপসংহার করা যাউক। মহারাজ দ্বিতীয় জয়সিংহ জয়পুর নগর নির্ম্মাণ করাইয়া আমের নগর পরিত্যাগ করেন। এখন তথায় চারি পাঁচ হাজার মাত্র লোক বাস করে। অধিকাংশ গৃহই ভগ্নাবশিষ্ট, তবে অনেকগুলি প্রাচীন উচ্চচূড় মন্দির এখনও বিলক্ষণ সুন্দর অবস্থায় আছে। শারদীয়া ষষ্ঠীর সময়ে আমেরে একটী বৃহৎ মেলা হয়। লোকে সেটীকে 'ছটকা মেলা' বলে। ইহা ব্যতীত জুম্মা মসজিদ সংক্রান্ত মুসলমানদিগের একটী মেলা হইয়া থাকে। আমেরের দৃশ্যের রমণীয়তার জন্য বহু দূর হইতে অনেকে ইহা দেখিতে আইসেন। রাজবাটীটী রক্ষিবর্গের দ্বারা রক্ষিত। জয়পুর হইতে রাজার অনুমতিপত্র লইয়া গেলে সকলেই রাজবাটী দেখিতে পান। শিলাদেবীর মন্দির অবারিতদ্বার। আমেরের চতুঃসীমাবর্ত্তী পাহাড়ের উপরে অব্যাহত ভাবে সুদৃঢ় প্রাচীর আছে। কেবল আমেরের চতুর্দ্দিকে জয়পুরের নিকটস্থ অনেক পাহাড়ের উপরেই সুদৃঢ় ও সুদীর্ঘ প্রাচীর ও দুর্গ আছে; সুতরাং পর্ব্বত পৃষ্ঠগুলি ক্রকচ পৃষ্ঠের ন্যায় দেখায়।

শ্রীমেঘনাথ ভট্টাচার্য্য
জয়পুর মহারাজার কলেজের অধ্যাপক।

এডুকেশন গেজেট।

২৪শে ভাদ্র ১৩০০। ইং ৮ই সেপ্টেম্বর ১৮৯৩।

ভারতের নূতন বড় লাট।

ভারতের বর্ত্তমান বড় লাট বাহাদুর লর্ড ল্যান্সডাউনের শাসনকাল শেষ হইয়া আসিল। অষ্ট্রেলিয়া কুইন্সল্যাণ্ডের গবর্ণর স্যর হেনরি নরম্যান বাহাদুর তাঁহার স্থানে ভারতের গবর্ণর জেনারেল নিযুক্ত হইলেন। ইহাঁর বয়ঃক্রম এক্ষণে ৬৭ বৎসর। ভূতপূর্ব্ব গবর্ণর জেনারেল বাহাদুর লর্ড লিটনের সময়ে ইনিই সমরসচিব ছিলেন। ১৮৭৭ সালে উক্ত কার্য্য হইতে অবসর গ্রহণ করিয়া বিলাত চলিয়া যান এবং তথায় যাইয়া ইণ্ডিয়া কৌন্সিলের সদস্যপদে নিযুক্ত হন। অতঃপর পাঁচ বৎসর কাল জামেকার প্রধান শাসনকর্ত্তার পদে থাকিয়া ১৮৮২ খৃঃ অব্দে কুইন্সল্যাণ্ডের গবর্ণরের পদে অভিষিক্ত হন।

১৮৪৪ খৃঃ অব্দে সর্ব্বপ্রথমে ভারতে সৈনিক কার্য্যে প্রবিষ্ট হইয়া স্যর হেনরি নরম্যান স্বীয় বুদ্ধিবলে উক্ত বিভাগের সর্ব্বোচ্চ পদাধিষ্ঠিত থাকিয়া সসম্মানে কার্য্য হইতে অবসরগ্রহণ করেন। শিখযুদ্ধ, সিপাহী যুদ্ধ প্রভৃতি গুরুতর ব্যাপারে ইনি স্বীয় সাহসিকতা ও বীরত্বের যথেষ্ট পরিচয় দিয়াছিলেন।

একাদিক্রমে ৩৩ বৎসরকাল অবস্থিতি হেতু এদেশের উপর স্যর হেনরি নরম্যানের স্বভাবতঃই মমতা জন্মিয়াছিল। কার্য্য হইতে অবসর গ্রহণ পূর্ব্বক বিদায় গ্রহণকালে বক্তৃতা মধ্যেও তিনি সে কথা প্রকাশ করিয়াছিলেন।

বোম্বাই দরবার।

গোহত্যা লইয়া হিন্দু মুসলমান পরস্পরের মধ্যে গোলযোগের প্রশমনকল্পে বঙ্গের ও উত্তর-পশ্চিম প্রদেশের গবর্ণমেণ্ট দরবার করিয়া যে সকল কথা বলিয়াছিলেন আমরা

যথাসময়ে সে সকল আমাদিগের পাঠকবর্গের গোচর করিয়াছি। সম্প্রতি বোম্বাইয়ের গবর্ণর লর্ড হ্যারিস সাহেব তত্রত্য ভিন্ন ভিন্ন সম্প্রদায়ের প্রধান প্রধান ব্যক্তিবর্গকে একত্রিত করিয়া গোলযোগ নিবারণের পক্ষে সাহায্যকারিগণের উদ্দেশে যে কয়েকটি কথা বলিয়াছিলেন পাঠকগণের অবগতির জন্য তাহারই সারাংশ এখানে বিবৃত করা যাইতেছে।

গবর্ণর বাহাদুর বলিয়াছেন, "বন্ধুগণ, আপনারা গোলযোগ নিরাকরণার্থ যে সকল কার্য্য করিয়াছেন তজ্জন্য সরকার বাহাদুর আপনাদিগের নিকট কৃতজ্ঞ হইয়াছেন। পুলিস এবং সৈনিক পুরুষগণও ইহার জন্য অনেক পরিশ্রম করিয়াছেন, তজ্জন্য সরকার পক্ষ তাঁহাদিগের নিকটও কৃতজ্ঞতাস্বীকার করিতেছেন; কিন্তু যাঁহারা লোকদিগকে হাঙ্গামায় যোগ দিতে নিরস্ত করিয়াছেন তাঁহাদিগের নিকট সরকার পক্ষের কৃতজ্ঞতা অপেক্ষাকৃত আরও অধিক। সদাশয় অধিবাসী মাত্রেরই কর্ত্তব্য সরকার পক্ষকে সাহায্য করা। বোম্বাইয়ের অধিবাসিগণ সকলেই যদি আপনাদিগের ন্যায় সদাশয় হইতেন, সকল শ্রেণীস্থ এবং সকল জাতীয় ক্ষমতাপন্ন ব্যক্তিগণ যদি আপনাদিগের ন্যায় স্ব স্ব শক্তি সামর্থ্যাদির প্রয়োগ করিতেন তাহা হইলে এই সকল হাঙ্গামা আদৌ হইতেই পাইত না। বোম্বাইয়ে এই ভীষণ শোচনীয় ব্যাপারের সংঘটন হেতু সরকার পক্ষ বড়ই ক্ষুব্ধ হইয়াছেন। কি পরিতাপের বিষয়, একপক্ষ পূর্ব্বে যে সকল স্ত্রীলোক সধবা ছিল, আজ তাহারা বিধবা হইয়াছে। এক পক্ষ পূর্ব্বে যে সকল বালক বালিকার পিতা জীবিত ছিল আজ তাহারা পিতৃহীন হইয়াছে। ব্যবসায়িগণ আপন আপন কারবার বন্ধ রাখিতে বাধ্য হইয়া ক্ষতিগ্রস্ত হইয়া পড়িয়াছে। মজুরদিগকেও কাজকর্ম্ম অভাবে কিয়ৎকালের জন্য ক্ষতি স্বীকার করিতে হইয়াছে। এতদ্ব্যতীত বদমায়েসগণ লুট তরাজ করায় সহরের অনেক ক্ষতি হইয়াছে। আপনারা যেরূপ আপনাদিগের আয়ত্তাধীন লোকদিগকে দাঙ্গাব্যাপারে যোগ দিতে নিরস্ত করিয়াছেন, সেইরূপ, দাঙ্গাব্যাপারে প্রবৃত্ত লোকগণ যাঁহাদিগের আয়ত্তাধীন ছিলেন তাঁহারাও যদি তাহাদিগকে এই কার্য্যে নিবৃত্ত করিতেন তাহা হইলে আর উল্লিখিতরূপ উপতাপসমূহ ঘটিতে পাইত না। যুদ্ধের সময় যাঁহারা সাহসিক কার্য্য সম্পন্ন করেন সরকার বাহাদুর তাঁহাদিগকে পুরস্কার দিয়া থাকেন—এ বিষয় আপনাদিগের জানা আছে। অতীত ব্যাপারে আপনারা যেরূপ সাহসিকতার পরিচয় দিয়া সরকার বাহাদুরের সাহায্য করিয়াছেন, সরকার বাহাদুর তজ্জন্য কৃতজ্ঞতার চিহ্নস্বরূপ আপনাদিগকে কিছু কিছু উপহার দিতে ইচ্ছা করেন। পুলিসের কমিসনর সাহেব আপনাদিগের যে একজন পরমবন্ধু তাহা বোধ হয় আপনারা জানিয়াছেন; অতএব ভবিষ্যতে যদি এইরূপ কোন গোলযোগের সূচনা আপনারা বুঝিতে পারেন, আমি আশা করি আপনারা সে বিষয় তাঁহাকে উপযুক্ত সময়ে জানাইয়া গোলযোগ নিরাকরণের পক্ষে সাধ্যমত চেষ্টা করিবেন।"

অতঃপর গবর্ণর বাহাদুর সাহায্যকারীদিগকে একটি সোণার ঘড়ী, কয়েকখানি উৎকৃষ্ট কাশ্মীরী শাল, কয়েকটি উৎকৃষ্ট কিঙ্খাপের ওয়েষ্টকোট ও একখানি শাটী উপহারস্বরূপ প্রদান করিয়া দরবারের কার্য্য শেষ করিয়াছিলেন।

বোম্বাই গবর্ণরের উল্লিখিতরূপ বক্তৃতায় সমবেত মণ্ডলী এবং বোম্বাইয়ের প্রজাসাধারণ সকলেই সন্তুষ্ট হইয়াছেন। বক্তৃতা শেষ হইলে সমবেত সভ্যগণ সকলেই একবাক্যে বলিয়া উঠিয়াছিলেন, "আপনার উপদেশানুরূপ কার্য্য করিতে আমরা সকলেই প্রস্তুত আছি।" লেডি হ্যারিসকে সমভিব্যাহারে লইয়া গবর্ণর বাহাদুর অকুস্থলসমূহ পরিদর্শনে বাহির হইলে হিন্দুমুসলমান উভয় সম্প্রদায়েরই আবাল বৃদ্ধ বনিতা তাঁহাদিগের উপর পুষ্পবর্ষণ করিয়াছিলেন। উভয় সম্প্রদায়ের লোকেই দল বাঁধিয়া মধ্যে মধ্যে গবর্ণর বাহাদুরের গাড়ী আটক করিয়া উভয়কেই সুন্দর সুন্দর পুষ্পমাল্যাদি দ্বারা সুশোভিত করিয়াছিলেন। ফলতঃ, গবর্ণর বাহাদুরের সৌজন্যপূর্ণ বাক্য ও ব্যবহারে বোম্বাইয়ের এই ভয়ানক শোচনীয় ব্যাপারেরও পরিণাম এতাদৃশ কুশলসূচক বলিয়া বোধ হইয়াছে।

স্কুলসমূহের সব ইন্‌স্পেক্টর নিয়োগসম্বন্ধীয় নিয়মাবলী।

বর্ত্তমানবর্ষের ৭ই জুন তারিখের কলিকাতা গেজেটে স্কুলসমূহের সব ইনস্পেক্টর নিয়োগ সম্বন্ধীয় যে নিয়-

মাবলী প্রকাশিত হইয়াছিল এক্ষণে আবার তাহার কিছু কিছু পরিবর্ত্তন হইয়াছে। সংশোধিত নিয়মাবলী গত বুধবারের কলিকাতা গেজেটে প্রকাশিত হইয়াছে। নিম্নে উহার মর্ম্ম উদ্ধৃত করিয়া দেওয়া গেল—

বিএ পরীক্ষায় উত্তীর্ণ না হইলে কেহ স্কুলের সব ইনস্পেক্টরী পদের প্রার্থী হইতে পারিবেন না। এফ এ পরীক্ষায় উত্তীর্ণ হইয়া যদি কেহ অন্যূন ৩ বৎসর কাল কোন উচ্চ শ্রেণী ইংরাজী স্কুলের অধস্তন শিক্ষকের পদে অথবা কোন মধ্যশ্রেণী ইংরাজী স্কুলের প্রধান শিক্ষকের পদে কার্য্য করিয়া থাকেন, তবে শিক্ষকতা কার্য্যে তাঁহার উপযোগিতা সম্বন্ধে স্কুলসমূহের ইনস্পেক্টরের প্রশংসাপত্র দেখাইতে পারিলে তাঁহাকে উল্লিখিত পদ পাইবার উপযুক্ত বলিয়া বিবেচনা করা যাইতে পারিবে। ছোটনাগপুর অথবা উড়িষ্যা বিভাগে হইলে এফ এ পরীক্ষায় উত্তীর্ণ না হইয়া কেবল প্রবেশিকা পরীক্ষায় উত্তীর্ণ হইয়া থাকিলেও চলিবে, কিন্তু শিক্ষকতা কার্য্যে সেরূপস্থলে ৩ বৎসরের পরিবর্ত্তে ৬ বৎসরের অভিজ্ঞতা থাকা চাই। শেষোক্ত স্থলেও স্কুল ইনস্পেক্টরের প্রদত্ত প্রশংসাপত্র দেখাইতে হইবে।

এই সকল ব্যতীত পদপ্রার্থীকে দুই জন জানিত সম্ভ্রান্ত লোকের স্বাক্ষরিত আর দুই খানি প্রশংসাপত্র দেখাইতে হইবে। পদপ্রার্থী যে তাঁহাদের পরিচিত, তাঁহারা যে পদপ্রার্থীকে সচ্চরিত্র বলিয়া বিশ্বাস করেন, প্রশংসাপত্রে এরূপ কথা লেখা থাকা চাই। পদপ্রার্থী যে জেলার অধিবাসী প্রশংসাপত্র খানিতে সেই জেলার ম্যাজিষ্ট্রেটের স্বাক্ষর করাইতে হইবে। কলিকাতায় হইলে পুলিসের কমিসনর অথবা কোন প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেটের স্বাক্ষর থাকিলেই হইতে পারিবে।

আবেদন পত্র গ্রহণের শেষ নির্দ্ধারিত দিনে পদপ্রার্থীর বয়ঃক্রম যে ৩০ বৎসরের অধিক হয় নাই তাহার নিদর্শন দেখাইতে হইবে এবং সেই নিদর্শনের পোষকপ্রমাণস্বরূপ জন্মপত্রিকা দাখিল করিতে হইবে। জন্মপত্রিকা না থাকিলে অন্য কোনরূপ বিশিষ্ট প্রমাণ প্রদর্শন আবশ্যক। এতদ্ভিন্ন শরীরের সুদৃঢ়তা ও স্বাস্থ্য সম্বন্ধে জেলার সিভিল সার্জ্জনের স্বাক্ষরিত একখানি প্রশংসাপত্র দেখাইতে হইবে।

প্রার্থিগণ মধ্যে যাঁহারা মনোনীত হইবেন তাঁহাদিগকে অন্যূন তিন মাস কাল শিক্ষানবীসী করিতে হইবে। ইনস্পেক্টর ইচ্ছা করিলে শিক্ষানবীসীর কাল তিন মাসের স্থলে ছয়মাসও করিয়া দিতে পারেন।

বিশ্ববিদ্যালয় বিষয়ক।

সরকারী ও বেসরকারী কলেজ ও স্কুলসমূহ কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত করা সম্বন্ধে উক্ত বিশ্ববিদ্যালয়ের সেনেট সভা সকৌন্সিল গবর্ণর জেনারেল বাহাদুরের অভিমতিক্রমে সংশোধিত নিয়মাবলী প্রচার করিয়াছিলেন। উক্ত নিয়মাবলী বর্ত্তমান বর্ষের ৩১ এ মে তারিখের কলিকাতা গেজেটে প্রকাশিত হইয়াছিল। নিয়মগুলি কিন্তু স্কুল কলেজের কর্ত্তৃপক্ষীয় সাধারণের মনঃপূত হয় নাই। তাঁহারা ঐ সকলে বিশেষ অনিষ্টেরই আশঙ্কা করিতেছেন। কলিকাতার বেসরকারী এবং গবর্ণমেণ্টের সাহায্যকৃত কলেজসমূহের কর্ত্তৃপক্ষীয়গণ সকলেই এবং এণ্ট্রান্স স্কুলসমূহের প্রধান শিক্ষকগণ অনেকেই উহাতে আপত্তি দেখাইয়াছেন। তাঁহারা এতৎসম্বন্ধে সিণ্ডিকেটের নিকট আবেদনও করিয়াছেন।

(১) স্কুলের কোন শিক্ষক এক শ্রেণীতে ৫০ জনের অধিক ছাত্র পড়াইতে পারিবেন না; এবং (২) কোন স্কুল ও কলেজ বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত করিয়া লইতে হইলে প্রথমে ৫ বৎসরের জন্য করা হইবে, পরে ৫ বৎসর অতীত হইবার ৬ মাস পূর্ব্বে পুনরায় আবার দরখাস্ত করিতে হইবে—এই দুইটী নিয়ম যাহাতে উঠাইয়া দেওয়া হয় এবং নিয়মগুলি সেনেট সভা যাহাতে পুনরায় বিবেচনা করিয়া দেখেন তজ্জন্য সেনেট সভারই কোন কোন সদস্য উক্ত সভাকে অনুরোধ করিয়াছেন। যে স্কুলে সচরাচর শতকরা ৮০ জনের অধিক ছাত্র উপস্থিত হয় না সে স্কুলের এক একটি শ্রেণীতে ৬০ জন ছাত্র লওয়া যাইতে পারে কি না, শিক্ষা বিভাগের ডিরেক্টর বাহাদুর তাহা জানিতে চাহিয়াছেন। (১) নিয়মটি সম্বন্ধে পাটনা কলেজের অধ্যক্ষও একটি পরিবর্ত্তনের প্রস্তাব করিয়া পাঠাইয়াছেন।

ব্যারিষ্টার স্যর গ্রিফিৎস ইভান্স ও মিঃ ডবলিউ সি বনার্জ্জি নিয়ম-

গুলির আলোচনা করিয়া বলিয়াছেন, "বিশ্ববিদ্যালয় কোন কোন স্থলে আপনার অধিকারের বহির্ভূত বিষয়ে হস্তক্ষেপ করিয়াছেন। স্কুল পরিচালিত করা সম্বন্ধে অথবা প্রত্যেক শ্রেণীর ছাত্রসংখ্যা নির্দ্দিষ্ট করিয়া দেওয়ার সম্বন্ধে অথবা স্কুলগৃহের স্বাস্থ্যোপযোগিতা বিষয়ে দৃষ্টি রাখিতে বিশ্ববিদ্যালয়ের ন্যায়তঃ কোন অধিকার নাই, সে অধিকার বরং শিক্ষাপরিদর্শক, স্বাস্থ্যপরিদর্শক—ইহাঁদিগের আছে।

বিশ্ববিদ্যালয় এইরূপে নিজের ন্যায়ানুগত শক্তির অতিক্রম করিয়া কার্য্য করিতে থাকিলে বড়ই অনিষ্ট হইতে থাকিবে। আর এক কথা, নূতন নিয়ম প্রবর্ত্তিত করিবার পূর্ব্বে বিশ্ববিদ্যালয় এতৎসম্বন্ধীয় প্রস্তাবের যথারীতি প্রচার করেন নাই, সিণ্ডিকেটেও ইহার সম্যক্ আলোচনা হয় নাই। বিশ্ববিদ্যালয়ের এরূপ কার্য্য অন্যায় হইয়াছে। পূর্ব্ব হইতে বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত হইয়া যে সকল স্কুল ভাল ফল দেখাইয়া আসিতেছে, উল্লিখিত ব্যবস্থায় সে সকলের অনেকগুলিরই হঠাৎ অনিষ্ট হইতে পারে। বিষয়টি সেনেটসভার বিবেচ্য।

শিক্ষাব্যাপার সংশ্লিষ্ট বড় বড় লোকের এতাদৃশ আপত্তি দেখিয়া সিণ্ডিকেট বিষয়টি পুনর্ব্বিবেচনার জন্য সেনেট সভার হস্তে ন্যস্ত করাই যুক্তিসঙ্গত বলিয়া সিদ্ধান্ত করিয়াছেন। প্রস্তাবিত আপত্তিগুলির অনুকূলে কিন্তু সিণ্ডিকেট কোন কথাই বলেন নাই; কেবল এই মাত্র বলিয়াছেন যে, উত্থাপিত আপত্তিগুলি যদি বিবেচনার বিষয় বলিয়া সেনেটসভা মনে করেন তাহা হইলে নূতন নিয়মানুসারে কার্য্য চলা আপাততঃ বন্ধ রাখিয়া দেওয়া হইবে।

সাপ্তাহিক শস্য সংবাদ।

মান্দ্রাজ—২৬শে আগষ্ট যে সপ্তাহের শেষ হইয়াছে ঐ সপ্তাহে—মান্দ্রাজের পশ্চিম উপকূল, নীলগিরি, সরকার প্রদেশ ও ডেকান অঞ্চলে ভালরূপ, কর্ণাট অঞ্চলের স্থানে স্থানে মাঝামাঝি রকম এবং অন্যত্র অতি সামান্যরূপ বৃষ্টিপাত হইয়াছে। দক্ষিণাঞ্চলের জেলাসমূহে কিন্তু এখনও বৃষ্টির অভাব রহিয়াছে। সাধারণতঃ বীজবপন কার্য্য এক প্রকার চলিতেছে। ক্ষেতের ফসলের অবস্থার উত্তরোত্তর উন্নতি দেখা যাইতেছে। কোন কোন ফসল ইহারই মধ্যে সংগৃহীত হইয়াছে। সংগৃহীত ফসলের উৎপত্তি মোটের উপর বড় মন্দ হয় নাই। গবাদি পশুর কোন কষ্ট নাই। তৃণক্ষেত্র ও পানীয় জল সাধারণতঃ প্রচুরই আছে। সমগ্র প্রদেশের অবস্থা মোটের উপর মন্দ নহে। দক্ষিণ, কর্ণাট ও ডেকান অঞ্চলের কোন কোন জেলায় শস্যের দর অত্যল্প পরিমাণে কমিয়াছে; অন্যত্র সাধারণতঃ সমানই আছে।

বাঙ্গালা—আপাততঃ জল বায়ুর যেরূপ অবস্থা দেখা যাইতেছে, তাহাতে পূর্ব্ব বাঙ্গালা ও উত্তর বেহারের শস্যের অবস্থা অনুকূল বলিয়া বুঝা যায়। বন্যার জল ক্রমশঃই কমিয়া আসিতেছে এবং কৃষকেরা সুবিধামত হৈমন্তিক ধান আবার রোপিতে আরম্ভ করিয়াছে। দরভাঙ্গা, মজঃফরপুর, চম্পারণ, বাখরগঞ্জ, ফরিদপুর ও চট্টগ্রাম—এই কয়টি স্থানে বন্যায় কি পরিমাণ ক্ষতি হইয়াছে তাহার নির্দ্ধারণ জন্য এবং আবশ্যক বুঝিলে কিরূপ ভাবে অন্নক্লিষ্ট প্রভৃতির সাহায্যের ব্যবস্থা করিতে হইবে তাহা স্থির করিবার জন্য অনুসন্ধানাদি চলিতেছে। সংবাদ আসিয়াছে যে, ত্রিপুরার প্রজাদিগকে যথেষ্ট ক্ষতি সহ্য করিতে হইবে, সুতরাং কৃষিকার্য্য চালাইবার জন্য তথায় সরকারের নিকট হইতে কৃষকদিগের টাকা কর্জ্জ করিবার প্রয়োজন হইতে পারে। পূর্ব্বভাগের জেলাসমূহে শস্যের দর চড়িয়াছে, অন্যত্র সমান আছে। যে সকল স্থান বন্যার জলে বুড়িয়া গিয়াছে কেবল সেই সকল স্থানেই তৃণক্ষেত্রাদির অভাবে গো মহিষাদি পশুর কিছু কষ্ট হইয়াছে, নতুবা আর আর সকল স্থানে উহাদিগের অবস্থা মন্দ নহে।

বোম্বাই—৩০শে আগষ্ট পর্য্যন্ত এক সপ্তাহে খাস বোম্বাই প্রেসিডেন্সী ও সিন্ধু জেলায় যে পরিমাণ বৃষ্টিপাত হইয়াছে তাহাতে ক্ষেতের ফসলসমূহের সাধারণতঃ উপকার হইতে পারিবে; কিন্তু ডেকান, কর্ণাট ও সিন্ধু—এই কয়টি স্থানে বৃষ্টির অভাব অপেক্ষাকৃত অধিক হইয়া উঠিয়াছে। তিনটি জেলার স্থানে স্থানে বৃষ্টির অভাবে ক্ষেতের ফসল শুকাইয়া যাইতেছে, একটির কোন কোন স্থানে অতিবৃষ্টি হেতু ফসল নষ্ট হইয়া গিয়াছে এবং ৭টী জেলার স্থানে স্থানে ইন্দুর ও কীটে

শস্য নষ্ট করিয়া ফেলিয়াছে। ৬টী জেলার কোন কোন স্থান ব্যতীত আর আর সর্ব্বত্র শারদ ফসলের বপন ও রোপণ কার্য্য শেষ হইয়া গিয়াছে। শুষ্ক জলাভাবে দুইটী জেলার স্থানে স্থানে রোপণ কার্য্যে কিছু ব্যাঘাত ঘটিয়াছে। দুইটি জেলায় আগামী ফসলের জন্য এখন হইতে যোগাড় চলিতেছে। দুইটি জেলার কোন কোন স্থান ব্যতীত শস্যের দর আর সর্ব্বত্রই সমান। একটি জেলা ব্যতীত আর সর্ব্বত্রই গবাদির খাদ্য প্রচুর আছে।

উত্তর পশ্চিম প্রদেশ ও অযোধ্যা—উক্ত সপ্তাহে কোন কোন জেলায় অত্যধিক এবং কোন কোন জেলায় এক আধ ফোঁটা মাত্র বৃষ্টিপাত হইয়াছে। শেষোক্ত স্থানগুলিতে বৃষ্টি বেশী না হইলে ফসল জন্মিবে না। শারদ ফসল সংগ্রহ শেষ হইয়াছে। গো মহিষাদির কোন কষ্ট নাই। শস্যের দর যেন একটু কমিবে বলিয়াই বোধ হইতেছে।

পঞ্জাব—ঐ সপ্তাহে ৬টি জেলায় বৃষ্টি হইয়াছে। শারদফসলের বপন কার্য্য প্রায় শেষ হইয়া আসিল। বাসন্তি ফসলের জন্য জমিতে লাঙ্গল দেওয়া চলিতেছে। ক্ষেতের ফসলের অবস্থা সাধারণতঃ মন্দ নহে। সমগ্র প্রদেশে এখনও বৃষ্টির প্রয়োজন, নতুবা ফসল সমূহ শুকাইয়া যাইতেছে। সাহপুর এবং মুলতানের কোন কোন অংশ ব্যতীত আর সকল জেলাতেই গবাদির খাদ্য প্রচুর আছে। দুইটী জেলায় শস্যের দরের কিছু স্থিরতা নাই; একটি জেলায় দর কমিতেছে, অন্যত্র সমানই আছে।

মধ্য প্রদেশসমূহ ও মধ্যভারত—উল্লিখিত সপ্তাহে মধ্য প্রদেশসমূহের সর্ব্বত্রই বৃষ্টি হইয়াছে। অবস্থা সর্ব্বত্রই ভাল বলিয়া বোধ হইতেছে। মধ্য ভারতের সকল স্থানে বৃষ্টিপাত হইলেও বাঘেলখণ্ডে এবং গোয়ালিয়রের স্থানে স্থানে আরও বৃষ্টির প্রয়োজন আছে। সর্ব্বত্রই কৃষকেরা নিড়াইতে আরম্ভ করিয়াছে। ক্ষেতের ফসলের অবস্থা সাধারণতঃ মন্দ নহে। গবাদির চারণ স্থানের অভাব নাই। শস্যের দর ভূপালে নরম হইতেছে, অন্যত্র সমান আছে।

রাজপুতানা—ঐ সপ্তাহে চারিটি রাজ্যে বৃষ্টি ভাল হইয়াছে। স্থানে স্থানে অল্প হইয়াছে। কৃষিকার্য্য, ক্ষেতের ফসল এবং গবাদি পশুর অবস্থা সাধারণতঃ সন্তোষজনক। বিগত জুলাই মাসে অত্যধিক বৃষ্টিপাতে প্রতাপগড়ে অনেক ফসল নষ্ট হইয়াছে। গবাদির তৃণ ক্ষেত্রাদি প্রচুর আছে। তিনটি রাজ্যে শস্যের দর কমিতেছে, একটিতে বাড়িতেছে, একটিতে কখন বাড়িতেছে, কখন কমিতেছে, অন্যত্র সমানই আছে।

মহীশূর ও কুর্গ—মহীশূরের দুইটী জেলায় জলাভাবে শস্য শুকাইতেছে। অন্যান্য জেলায় ক্ষেতের ফসলের অবস্থা ভাল। ৫টি জেলার স্থানে স্থানে বৃষ্টির নিতান্ত প্রয়োজন হইয়াছে। কোলার প্রদেশে শস্যের দর চড়িয়াছে; অন্যত্র পূর্ব্বের ন্যায়ই আছে। কুর্গে যথেষ্ট বৃষ্টিপাত হওয়ায় শস্যের পক্ষে উপকার হইয়াছে। গবাদির কষ্ট নাই। শস্যের দর সমান।

বেরার ও হয়দ্রাবাদ—বেরারে ক্ষেতের ফসলের অবস্থা ভাল। বাসন্তি ফসলের জন্য জমির পাট চলিতেছে। গোমহিষাদির অবস্থা মন্দ নহে। শস্যের দর প্রায় সমান। হয়দ্রাবাদে অত্যধিক বৃষ্টিতে কেবল একটি তালুকের ফসলের ক্ষতি হইয়াছে। শস্যের দর এক রকমই আছে।

আসাম, কাশ্মীর ও নেপাল—বন্যার জল কমিয়া যাওয়ায় ফসলের অবস্থা ক্রমেই আশাপ্রদ বলিয়া বোধ হইতেছে। কাশ্মীরে শারদ-ফসলের অবস্থা ভাল। শস্যের দর সমানই আছে। নেপালে শস্যের অবস্থা আশাপ্রদ। দর ক্রমশঃ কমিতেছে।

ব্রহ্মদেশ—নিম্নব্রহ্মে কৃষিকার্য্য ভাল রূপ চলিতেছে। ক্ষেতের ফসলের অবস্থা সাধারণতঃ মন্দ নহে। দুইটী জেলায় বন্যাতে কতক ফসল নষ্ট হইয়াছে। উত্তর ব্রহ্মে ধান্য ও অপরাপর ফসলের জন্য ভূমিকর্ষণ ও বীজবপন চলিতেছে, কিন্তু শিবো নামক স্থানে জলাভাবে চাষ বন্ধ যাইতেছে। শস্যের অবস্থা সাধারণতঃ ভাল বলিয়া বোধ হয়। ধান্যের দর একটি জেলায় চড়িয়াছে এবং দুইটীতে কিছু কিছু কমিয়াছে।

আমরা শোকসন্তপ্ত হৃদয়ে আমাদিগের পাঠকবর্গকে বোম্বাই হাইকোর্টের সুযোগ্য জজ ৺কাশীনাথ ত্র্যম্বক তেলাঙ্গের অকাল মৃত্যুসংবাদ দিতেছি। মৃত্যুর পূর্ব্বে অনেক দিন

হইতেই ইনি রোগভোগ করিয়া আসিতেছিলেন। বয়ঃক্রম ৪০ বৎসর হইয়াছিল মাত্র। তেলাঙ্গ বোম্বাই বিশ্ববিদ্যালয়েরই একজন গ্রাজুয়েট ছিলেন। ইংরাজী ভাষায় তাঁহার বিশেষ অধিকার জন্মিয়াছিল। সংস্কৃতে অভিজ্ঞতাও বড় কম ছিল না। ইনি ইংরাজী ভাষায় শ্রীমদ্ভগবদ্গীতার অনুবাদ করিয়াছিলেন। আইনশাস্ত্রে ইহার যে পারদর্শিতা ছিল, বোম্বাই হাইকোর্টের আসন প্রাপ্তিই তাহার বিশিষ্ট প্রমাণ। স্বাভাবিক ধীরতা, গাম্ভীর্য্য ও সদালাপ হেতু তিনি সকলেরই প্রীতিভাজন ছিলেন। সম্প্রতি আইন পাস হইবার সময় তেলাঙ্গ ঐ আইনের স্বপক্ষেই মত প্রদান করেন। ফলকথা, তিনি ইংরাজী শিক্ষিত নব্যসম্প্রদায়ের শিরোভূষণস্বরূপ ছিলেন। তাঁহার মৃত্যুতে যে শুধু বোম্বাইয়ের ক্ষতি হইয়াছে তাহা নহে, প্রকৃত প্রস্তাবে সমগ্র ভারতেরই ক্ষতিবোধ হইয়াছে।

সাপ্তাহিক সংবাদ।

[স্থানীয়] গত রবিবার হুগলী ভিক্টোরিয়া কলেজে হুগলী কলেজের সুযোগ্য সহকারী অধ্যাপক শ্রীযুক্ত বাবু লালগোপাল চক্রবর্ত্তী মহাশয়ের বিদায়সূচক আমন্ত্রণ উপলক্ষে কলেজের হিন্দু ও মুসলমান ছাত্রগণ মিলিয়া একটি সভা করিয়াছিলেন। ছাত্রগণ ব্যতীত সভাস্থলে হুগলী এমামবাড়ার মাতোয়ালী মহোদয় মৌলবী আসগর্ আলীন খাঁ বাহাদুর, হুগলী জজ আদালতের সুযোগ্য উকীল বাবু মহেন্দ্রচন্দ্র মিত্র, ডাক্তার শ্রীযুক্তবাবু প্রমাদদাস মল্লিক ও বাবু নৃত্যগোপাল লাহিড়ী ও অপরাপর অনেকে উপস্থিত ছিলেন। মাতোয়ালি মহাশয় সর্ব্বসম্মতি ক্রমে সভাপতির আসন পরিগ্রহণ করিলে পর সভার সম্পাদক প্রসাদ বাবু অতি সুন্দর ও প্রাঞ্জল ভাষায় সভার উদ্দেশ্য সকলকে বুঝাইয়া দিলেন। অতঃপর কলেজের ছাত্রগণ ইংরাজী, সংস্কৃত, বাঙ্গালা ও পারসী ভাষায় লিখিত চারি খানি অভিনন্দন-পত্র যথাক্রমে পাঠ করিয়া রৌপ্যখচিত একটি সুন্দর 'আসকেটের' মধ্যে ঐগুলি লালগোপাল বাবুকে অর্পণ করিলে পর লালগোপাল বাবু স্বীয় স্বভাবসিদ্ধ বিনয়পূর্ণ বক্তৃতা দ্বারা ছাত্রবৃন্দের এবং সভাস্থ আর আর সকলেরই সন্তোষোৎপাদন করিয়াছিলেন। সভাপতি মহাশয় সর্ব্বশেষে একটি সুন্দর বক্তৃতা করিয়া সমবেত সকলকেই মুগ্ধ করিয়াছিলেন। বক্তৃতাস্থলে তিনি হিন্দু মুসলমান-পরস্পরের মধ্যে সদ্ভাবের উল্লেখ ও পোষকতা করিয়া উপস্থিত ক্ষেত্রে পরস্পরের এই সম্মিলিত অনুষ্ঠানে সাতিশয় হর্ষপ্রকাশ করিয়াছিলেন। সভার সমগ্র কার্য্য অতি সুচারুরূপে সম্পন্ন হইয়াছিল। বাবু সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় আসিয়া সভার কার্য্যে যোগ দিবেন বলিয়াছিলেন, কিন্তু কোনরূপ প্রতিবন্ধক ঘটায় আসিয়া উপস্থিত হইতে পারেন নাই।

[কলিকাতা] বিগত ৩১এ আগষ্ট বুধ স্পতিবার পি ঘোষের মৃত্যু হইয়াছে। বয়ঃক্রম ৫০ বৎসরের অধিক হইয়াছিল। ইনি পূর্ব্বে হিন্দু ছিলেন, পরে খৃষ্টান হইয়াছিলেন। স্কুল-পাঠ্য নানাবিধ গণিত পুস্তকের সঙ্কলন দ্বারা পি ঘোষের নাম অনেকেরই পরিচিত হইয়াছিল। ইহাঁর পুত্র কন্যা অনেকগুলি, তন্মধ্যে ৩টি পুত্র নাকি বিলাতে আছেন।

কলিকাতা পুলিস আদালতে মার্সডেন সাহেব সেদিন নিম্নলিখিত দুইটী মোকদ্দমার বিচার করিয়াছেন। একটি বাঙ্গালী ভদ্রলোক গ্রেট ইষ্টারণ হোটেল হইতে এক বোতল হুইস্কি মদ চুরি করিয়াছিল বলিয়া অভিযুক্ত হয়। বিচারে তাহার ৬ মাস কঠিন পরিশ্রমের সহিত কারাদণ্ড হইয়াছে। আর, অন্য মাসে একজন সাহেব একটী যুবতীকে তাহার ইচ্ছার বিরুদ্ধে আটক করিয়া রাখিয়াছিল, পুলিস ইনস্পেক্টর টের পাইয়া তাহাকে খালাস করিয়া দিতে আসিলে সে তাঁহাকে মুষ্টাঘাত করিয়াছিল। অপরাধ ৬ সপ্তাহ মেয়াদ হইয়াছে। ইণ্ডিয়ান ডেলিনিউস পত্রিকা এই বিচারে বড়ই চটিয়াছেন। তাঁহার মতে মাজিষ্ট্রেট দিগের এই খেয়াল নিবারণের জন্য বিলাতে যেমন লাবুশেরের লিবুী আছে, ভারতেও সেইরূপ কিছু একটা করা উচিত।

[পেসিংডেন্সী] বরাহনগরের একজন মুচির নিকট হইতে টাকা আদায় উপলক্ষে তিন জন কাবুলী মারপিট করিয়া উক্ত মুচিকে মারিয়া ফেলিবার ধরিয়া অভিযুক্ত হয়। সম্প্রতি তাহাদিগকে আলিপুরের দায়রায় সোপরদ্দ করা হইয়াছে।

জেল হইতে কয়েদী বাহির করিয়া দিয়া তাহাদিগকে চৌর্য্য কার্য্যে নিযুক্ত করার অপরাধে বারাসতের ডেপুটী ম্যাজিষ্ট্রেট বারাসত জেলের যে দুই জন ওয়ার্ডারকে ২ বৎসর কারাবাস দণ্ড দিয়াছিলেন, আলিপুরের জজের নিকট তাহারা আপীল করিয়া ছিল। জজ বলিয়াছেন ডেপুটী বাবুর এ মোকদ্দমা দায়রায় দেওয়া উচিত ছিল। তদনুসারে জজ বাহাদুর আপেলাণ্টদিগকে দায়রায় সোপরদ্দ করিয়াছেন।

[ঢাকা] দৈনিকের কোন পত্রপ্রেরক লিখিতেছেন, "নোয়াখালি লক্ষ্মীপুর অঞ্চলে এবারে অসময়ে অতিবৃষ্টি হওয়ায় সমস্ত মাঠ ঘাট জলে ডুবিয়া গিয়াছে। আশুধানা আদৌ জন্মে নাই। পৌষধান্য রোপণ করিতে পারে নাই; রোপণ করিবার আশা নাই। এখানকার প্রজা আনা লোকে চাকরী করে না; ধান সুপারী নারিকেলের আয় দ্বারাই স্বচ্ছন্দে জীবিকা নির্ব্বাহ করিয়া থাকে, কিন্তু বাগিচায় সুপারী নারিকেল প্রভৃতি চারি আনা পরিমাণ জন্মিবে কি না সন্দেহ। এরূপ অবস্থায় এবং গত দুই বৎসর ভালরূপ ফসল না হওয়ায় স্থানীয় লোকের অবস্থা অতিশয় শোচনীয় হইয়া উঠিয়াছে।

ফরিদপুরে অন্নকষ্ট উপস্থিত হওয়ায় তথাকার জেলাবোর্ড পুর্ত্তকার্য্যে ৫ হাজার টাকা খরচ করিবেন স্থির করিয়াছেন। কার্য্য স্থানে স্থানে এখনই আরম্ভ হইয়াছে।

মুন্সীগঞ্জে লোকের অন্নকষ্টের সংবাদ পাইয়া ভাগ্যকুলের বাবু জানকীনাথ রায় অনশ্লিষ্টদিগের মধ্যে বিনামূল্যে বিতরণের জন্য কলিকাতা হইতে ১ শত মণ চাউল পাঠাইতেছেন বলিয়া মুন্সীগঞ্জে মহকুমার কর্ম্মচারীর নিকট সংবাদ পাঠাইয়াছেন। স্থানীয় ছোট আদালতের জজ শ্রীযুক্ত বাবু কৃষ্ণমোহন মুখোপাধ্যায় সাহায্যপ্রার্থী দুই শতেরও অধিক অন্নক্লিষ্ট ব্যক্তিকে সে দিন আহার দিয়াছিলেন। নাগরকন্দার বাবু রামচন্দ্র পোদ্দার

এই দৃষ্টান্তের অনুকরণে অনেক সংখ্যক লোককে তৎপরদিন আবার আহার করাইয়াছিলেন। (হোপ)

তারের সংবাদে জানা গেল, চাকায় অন্নকষ্ট হেতু শ্রীযুক্ত প্রতাপচন্দ্র দাস অধিক মূল্যে চাউল নিজে খরিদ করিয়া অপেক্ষাকৃত অল্প মূল্যে অভিষ্ট প্রজাদিগকে বিক্রয় করিতেছেন। যে চাউল ভাল উহা টাকায় ১০ সেরের দরে তিনি দিতেছেন।

বন্যাহেতু ফরিদপুরে অন্নকষ্ট উপস্থিত হইয়াছে। কলেক্টর সাহেব চাঁদা তুলিতেছে। মহারাজ যতীন্দ্রমোহন ঠাকুর ৫ শত টাকা দিয়াছেন। (দৈনিক)

[আসাম] শ্রীহট্টের উচ্চ স্থান হইতে জল ক্রমশঃ সরিয়া যাইতেছে। নিম্ন দেশ সকলে জলাধিক্য হইয়াছে। হবিগঞ্জ সবডিভিশন একেবারে জলময়। আপিস আদালতের কাজ কর্ম্ম নৌকায় চলিতেছে। আশুধান্য একেবারে নষ্ট হইয়া গিয়াছে। আমন কিছু কিছু বাঁচিয়াছে; গড়ে সমস্ত জিলায় ৵০ আনার অধিক হইবে না। শালিধান্যের চারা অধিকাংশই বিগত জলপ্লাবনে নষ্ট হওয়ায় শালি ধান্য ৩ চারি আনার অধিক হওয়ার সম্ভাবনা নাই। এইতো গেল শস্যের অবস্থা। শ্রীহট্টের গোপ্রাণের ভূমি সমস্ত জলময় থাকায় লোকে গোরু বাঁচাইতে পারিতেছে না। সুতরাং অনেক গোরু মরিয়া যাইতেছে ও যাহা কিছু অবশিষ্ট আছে পেটের নাম করিয়া তাহা বাজারে লইয়া গিয়া যাহা কিছু পাইতেছে তাহাতেই বিক্রয় করিতেছে। বিগত বৎসর শ্রীহট্টের অনেক স্থানে বিশেষতঃ করিমগঞ্জ, ফেঞ্চুগঞ্জ সড়কের নিকটবর্ত্তী স্থান সকলে ভাল রকম কৃষি হয় নাই। তদুপরি পার্শ্ববর্ত্তী ময়মনসিংহ জিলায় অন্নকষ্ট হওয়ায় বিগত অগ্রহায়ণ মাসের ফসল অল্প সময়ের মধ্যেই শেষ হইয়াছিল। সুনামগঞ্জ প্রভৃতি ভাটী অঞ্চলের লোক বোরো ধান্য ও উজান অঞ্চলের লোক আশু ধান্যের আশায় ছিল। ভগবানের কৃপায় বোরো ধান্যের ফসল এবার খুব ভালই হইয়াছিল এবং সেই জন্য শ্রীহট্টের লোক অদ্য পর্য্যন্ত জীবন ধারণ করিয়া রহিয়াছে। আমরা সময়ে জানাইয়া আসিতেছি যে আশু ধান্যের ফসল একেবারে নষ্ট হইয়া গিয়াছে। বোরো ধান্যও বেশী হয় নাই, বোরোর আমদানী অল্প; বোরো শেষ হইলে লোক অনাহারে মারা যাইবে। (পরিদর্শক)

[কাশ্মীর] কাশ্মীরে বন্যা আসিয়া অনেক গরিব প্রজার ঘর বাড়ী পড়িয়া গিয়াছে। ঐ সমস্ত প্রজার ঘর বাড়ী পুনর্নির্ম্মাণের জন্য কাশ্মীরের মহারাজ সরকারী জঙ্গল হইতে বিনামূল্যে বাহাদুরীকাঠ দিয়া সাহায্য করিতেছেন।

[বেহার] গ্রিয়ারসন সাহেব হিসাব দেখাইয়াছেন যে গয়া জেলার মজুরেরা এবং কৃষিজীবিদিগের মধ্যে শতকরা ১০ জন অর্থাৎ জেলার সমগ্র লোকসংখ্যার মধ্যে শতকরা ৪৫ জন লোক উপযুক্ত মত আহার পাইতেছে না।

[উঃ পঃ প্রদেশ] বেরেলী রামপুর মুরাদাবাদ রেলপথের নির্ম্মাণ কার্য্যে নিযুক্ত একজিকিউটিভ ইঞ্জিনিয়ার ঈলিয়ট সাহেবকে উক্ত কার্য্যে নিযুক্ত হকিন্স নামে একজন ইউরেশীয় ইঞ্জিনিয়ার গুলি করিয়া মারিয়াছে। অপরাধী গ্রেপ্তার হইয়াছে।

বৃন্দাবনের হিন্দু মুন্সেফ জওলা প্রসাদ একটি দেবালয় সংক্রান্ত মোকদ্দমার স্থলে মুসলমানদিগের বিরুদ্ধে রায় দিয়াছিলেন বলিয়া কয়েকজন মুসলমান মিলিয়া দিবাভাগে তাঁহাকে খুন করিয়াছে—এইরূপ একটা জনরব উঠিয়াছিল। পাইওনিয়র বলিতেছেন জনরব মিথ্যা। জওলা প্রসাদকে কেহ খুন করে নাই, তবে জওলা প্রসাদের কোন ভৃত্যকে মুসলমানেরা আঘাত করিয়াছিল। তজ্জন্য আঘাতকারী মুসলমানদিগের কারাদণ্ড হইয়াছে।

[ব্রহ্মদেশ] গত বৎসর রেঙ্গুন হইতে ৩ লক্ষ ৩৫ হাজার ৪১৩ টাকা আয়কর আদায় হইয়াছে। এ বৎসর অপেক্ষাকৃত অনেক টাকা বেশী আদায় হইয়াছে।

[পঞ্জাব] পঞ্জাব গবর্ণমেণ্টের সেক্রেটরীয়েট আফিসে অক্ষর লেখার কল প্রচলিত হইয়াছে। বাঙ্গালা ও মান্দ্রাজের প্রাদেশিক গবর্ণমেণ্টেও উহার প্রচলন হইয়াছে।

হাফকিন সাহেব ওলাউঠা বীজে ইতস্ততঃ টীকা দেওয়ার পরীক্ষা করিয়া বেড়াইতেছেন। নাউসেরা হইয়া চিরাট হইতে পেশবারে ফিরিয়া আসিয়াছেন। চিরাটে তিনি অনেক লোককে টীকা দিয়াছেন। নাউসেরায় একদিনে ৬৫০ জন লোককে টীকা দিয়াছিলেন। পেশবারে দুই দিন থাকিয়া পুনরায় নাউসেরায় তাঁহার রোগীদিগকে দেখিতে যাইবেন। তথা হইতে মরি গমন করিবেন।

[মান্দ্রাজ] মান্দ্রাজের ছোট আদালতের জজেরা মিলিয়া এই সিদ্ধান্ত করিয়াছেন যে, ভৃত্যের পদত্যাগ সম্বন্ধে বিলাতে যেরূপ নিয়ম আছে ভারতেও সেইরূপ নিয়ম খাটাইতে হইবে অর্থাৎ যে সকল ভৃত্য মাসে মাসে বেতন পাইয়া থাকে পদত্যাগ করিবার পূর্ব্বে তাহাদিগকে এক মাসের নোটিস দিতে হইবে।

মান্দ্রাজে আজও চড়কের সময় পিট ফোঁড় প্রভৃতি হইয়া থাকে। বাঙ্গালার ন্যায় তথায়ও নাকি উহা রহিত করিয়া দেওয়ার চেষ্টা হইতেছে।

[বোম্বাই] বোম্বাইয়ের গবর্ণর আগামী নবেম্বরের শেষে আহমদাবাদে একটি দরবার করিবেন। উক্ত দরবারে পালানপুরের দেওয়ান সাহেবকে কে, সি, আই, ই, উপাধি দেওয়া হইবে।

[সাধারণ] ভারতের আমদানী রপ্তানী বাহাতে মাশুল বসে তজ্জন্য অনেকেই বলিতেছেন। এরূপ ব্যবস্থায় বোম্বাইয়ের কলওয়ালাদিগের আপত্তি আছে। টাকশালে রৌপ্যের অবাধ মুদ্রণ বন্ধ করিয়াও আবশ্যক মত ফল না ফলায় উক্তরূপ ব্যবস্থা সম্বন্ধে প্রস্তাব উঠিয়াছে।

ওয়েষ্টল্যাণ্ড সাহেব ভারতের অর্থসচিব নিযুক্ত হইয়াছেন।

বেহারের খাজনা জরিপ সম্বন্ধে কথা পার্লিয়ামেণ্টের উভয় সভাতেই উঠিয়াছে। উভয় সভাতেই অনেকে উহার প্রতিবাদ করিতেছেন। কনসারভেটিভ দলের বড় বড় লোকে প্রতিবাদ ব্যাপারে যোগদান করিয়াছেন। ভারতের ভূতপূর্ব্ব অণ্ডার সেক্রেটরী সর জনষ্টর্ট এবং ভূতপূর্ব্ব ষ্টেট সেক্রেটরী লর্ড চর্চ্চিল, উভয়েই ইহার বিরোধী। এই জরিপ ব্যাপারে যে চিরস্থায়ী বন্দোবস্তে আঘাত করা হইয়াছে, ছেনকার হিটান সাহেব তাহা বলিয়াছেন।

বঙ্গের ছোটলাট বাহাদুর সার চার্লস ইলিয়ট ছুটী বাড়াইয়া লইবেন বলিয়া মাঝে একটা জনরব উঠিয়াছিল। অণ্ডর সেক্রেটরী রসেল সাহেব বলিতেছেন, সার চর্লস ঈলিয়ট ছুটী বাড়াইবার জন্য কোনরূপ আবেদন করেন নাই।

তুলসীদাসের দোঁহা ও কবিতা পাঠ করিয়া গ্রিয়ারসন সাহেব বলিয়াছেন, "তুলসীদাসের কবিত্ব কোন নির্দ্দিষ্ট কাল অথবা স্থানের নহে

তাঁহার কবিত্ব সার্ব্বকালিকত্বের বোধক। যে দেশের লোক ভাবগ্রাহী এবং কবিত্বের অনুরাগী, যে দেশের লোক কবিত্বকে সম্মান করিতে জানে তুলসী দাসের কবিতা সেই দেশেরই উপযোগী।

গবর্ণমেণ্টের কোন বিভাগীয় কর্ম্মচারীর অপর কোন বিভাগীয় কর্ম্মচারীকে সুদ লইয়া টাকা কর্জ্জ দিবার পক্ষে নূতন প্রচলিত নিয়মানুসারে কোনরূপ বাধা জন্মে কি না শিক্ষা বিভাগের ডিরেক্টর গবর্ণমেণ্টে একথা জিজ্ঞাসা করায় গবর্ণমেণ্ট বলিয়াছেন, উল্লিখিত আইনে উক্তরূপ কার্য্যে আপাততঃ কোনরূপ বাধার কথার স্পষ্টতঃ উল্লেখ নাই বটে কিন্তু শীঘ্রই উল্লেখ করিয়া দেওয়া হইবে।

বাঙ্গালার ছোট লাট সাহেবের সার চার্লস ইলিয়ট আগামী ২৭শে নবেম্বর কলিকাতায় পৌঁছিয়া ৩০শে নবেম্বর কার্য্যভার গ্রহণ করিবেন শুনা যাইতেছে।

১৩ই ভাদ্র হইতে ২০শে ভাদ্র পর্য্যন্ত কলিকাতা পাটের বাজারের সাপ্তাহিক বিবরণ—

সিরাজগঞ্জ ও উত্তর বঙ্গ প্রভৃতি—			
ঐ	শরেস	পাট ৫৸৵ হইতে	৬৵
ঐ	ঘাক্কারি	ঐ ৫৸৵	৫৸৵
ঐ	নিরেস	ঐ ৫৵	৫৷৵
নারায়ণগঞ্জ, ময়মনসিংহাদি	ঐ		
পাংশা, ওসমানপুরাদি	ঐ	৪৸৵	৫৷৵
ফেণী [সর্ব্বপ্রকার]	ঐ	৪৸৵	৫৷৵
ভিজাদাগি, বোম্বাই আদি	ঐ	৪৸৵	৫৷৵
দেওড়া [সর্ব্বপ্রকার]	ঐ	৪৸৵	৫৷৵

গত পূর্ব্ব সোমবার হইতে গত রবিবার পর্য্যন্ত

এক সপ্তাহের আমদানী	৬০৪০০০	বস্তা
ঐ রপ্তানী	২৭০০০০	"
ঐ মজুত	১৫৬০০০	"
গত মেলের মজুত	১২২০০০	"

মন্তব্য—বাজার গত সপ্তাহাপেক্ষা ৵০ আনা চড়া। শ্রীযতীন্দ্রমোহন বন্দ্যোপাধ্যায়, ৫৭নং বাবুরাম ঘোষের লেন আহীরীটোলা কলিকাতা।

বেসরকারী চাঁদাদ্বারা একটী পাটুর ইনষ্টিটিউট সংস্থাপনের পক্ষে ভারতগবর্ণমেণ্টের সম্পূর্ণ অনুমোদন হইয়াছে। অনুষ্ঠাতৃগণ যাহাতে উপযুক্ত চিকিৎসক কর্ম্মচারী প্রাপ্ত হইতে পারেন সে বিষয়ে গবর্ণমেণ্ট সাহায্য করিবেন অঙ্গীকার করিয়াছেন। যে সকল কর্ম্মচারী এবং সৈনিকগণকে ভারতের পাগলা কুকুরে কামড়াইবে, বিষটী কার্য্যে পরিণত হইলে আর তাঁহাদিগকে পারিসে পাঠাইবার প্রয়োজন হইবে না।

ফুলিলিপুলের জন্য গঙ্গার ধার ভাঙ্গিতেছে। ইষ্ট ইণ্ডিয়ান রেলের ক্ষতির সম্ভাবনা বুঝিয়া বাঙ্গাল গবর্ণমেণ্ট প্রতিকারের উপায় স্থির করিবার জন্য ভারত গবর্ণমেণ্টকে নাকি একটি কমিসন বসাইতে বলিয়াছেন।

কলিকাতার ইণ্ডিয়ান এসোসিয়েসন লণ্ডন ডেলিনিউস পত্রিকায় নিম্নলিখিত মর্ম্মে তারযোগে সংবাদ পাঠাইয়াছেন, "বেহারে যে বন্যা আসিয়াছে এরূপ বন্যা আর কখন হয় নাই। শত শত বর্গমাইল পরিমিত ভূমি জলমগ্ন। মজঃফরপুর ও দরভাঙ্গার অর্দ্ধেকাংশ এবং বহুসংখ্যক পল্লী জলে বুড়িয়া গিয়াছে। চারিটি স্থানে রেলপথ ভাঙ্গিয়াছে, ভাদই ফসল একেবারে নষ্ট হইয়াছে। ধানোর অবস্থা অতি শোচনীয়। মানুষ ও গরুবাছুরের মৃত্যু আরম্ভ বেশী হইতেছে। সহস্র সহস্র লোকের বাড়ীঘর গিয়াছে। ত্রিপুরা, ঢাকা জেলা ও পূর্ব্ববঙ্গের অপরাপর স্থানে বন্যা আসিয়াছে। ঐ সকল স্থানে আসন্ন দুর্ভিক্ষের আশঙ্কা আছে।

রিউটর তারে সংবাদ দিয়া জানাইয়াছেন যে কুইন্সল্যাণ্ডের গবর্ণর সার হেনরী ওয়াইলি নরম্যান লর্ড ল্যান্সডাউনের পরবর্ত্তী ভারতের গবর্ণর জেনারেল হইয়াছেন।

গাঁজা কমিসন উত্তর পশ্চিম প্রদেশ হইয়া এক্ষণে জব্বলপুরে গিয়াছেন।

ভূপাল হইতে উজ্জয়িনী পর্য্যন্ত চওড়া 'গেজ' রেলপথ প্রস্তুত করা ষ্টেটসেক্রেটরীর অনুমোদিত হইয়াছে।

[বৈদেশিক] বোম্বাইয়ের ভূতপূর্ব্ব সেনাপতি মহারাণীর মধ্যমপুত্র কনোটের ডিউক অব্ডারশটের সেনাপতি নিযুক্ত হইয়াছেন। বিলাতের র‍্যাডিকেল দলের লোকেরা এইরূপ নিয়োগ ব্যাপারে আপত্তি করিয়াছেন।

সরমণ আইন বন্ধ হইলেও আমেরিকার প্রতিনিধি সভায় দুই ধাতুর ব্যবস্থায় প্রশস্ততা স্বীকৃত হইয়াছে। শরমণ নিজেই আইনের প্রতিকূল হইয়াছেন।

বিগত শুক্রবার কমন্সসভায় হোমরুল আইন পাস হইয়া গিয়াছে। গ্ল্যাডষ্টোন সাহেবের পক্ষে ৩৪টি ভোটের আধিক্য হইয়াছিল। বিল খানি এক্ষণে বিবেচনার জন্য লর্ড সভায় উপস্থিত করা হইয়াছে। পাণ্ডুলিপি উক্ত সভাতেও ইতিমধ্যে একবার পঠিত হইয়াছে।

বন্যা যে কেবল একদেশে আসিয়াছে তাহা নয়। পাইওনিয়র পত্রিকা চিনীয় সংবাদ পত্র সমূহ হইতে জানিয়াছেন যে কিংচু কেলায় ও ক্যাণ্টন প্রদেশসমূহে বন্যা আসিয়া ১০ হাজার লোকের প্রাণনষ্ট হইয়াছে। অত্যধিক বৃষ্টিপাতে পর্ব্বতস্থ নদীর জল বৃদ্ধি পাইয়াছে এবং সেই সমস্ত জল সমতল ক্ষেত্র এবং উপত্যকা ভূমিসমূহে প্রবাহিত হইয়া উক্তরূপ বন্যার কারণ হইয়াছে। এতদ্ব্যতীত প্রবল বাত্যা হেতু এবং সাগরের জল বাড়িয়া আমেরিকার কেরুলীনা, ফ্লরিডা এবং 'জর্জ্জিয়া' প্রদেশেও ভয়ানক বন্যা আসিয়াছে। এক হাজারেরও অধিক লোক মারা গিয়াছে এরূপ শুনা যাইতেছে। চল্‌সটাউন এবং সাভানের অনেক ক্ষতি হইয়াছে।

গহরথাঁ কাবুলে গোলযোগ করিতেছিল। এক্ষণে ২০ জনমাত্র অনুচর লইয়া পলাইয়াছে। মুরগামা নামক স্থানে গহরথাঁ আড্ডা করিয়াছিল। খাঁর সেনাদল ঐস্থান বিনাযুদ্ধে অধিকার করিয়া লইয়াছেন।

বিলাতের কমন্স সভায় ভারতের আয় ব্যয় বিবরণী বিষয়ক আলোচনা শীঘ্রই হইবে। কেহ কেহ বলিয়াছিলেন এ সেসনে তাড়া তাড়ি করিয়া উহার আলোচনা না করিয়া আগামী সেসনে করিলেই ভাল হইবে। গ্ল্যাডষ্টোন সাহেব এ প্রস্তাব গ্রাহ্য করেন নাই।

বিলাতের ওয়েলস প্রদেশের খনিতে যে সকল মজুরেরা কাজ করিত তাহারা ধর্ম্মঘট করিয়াছিল, এখন সেই ধর্ম্মঘট নাকি ক্রমেই ভাঙ্গিয়া যাইতেছে।

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—প্রোটেম ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু জানেন্দ্রনাথ চৌধুরী যশোহর জেলায় কঃর কার্য্যভার পাইলেন। ছুটীপ্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু অক্ষয়কুমার চট্টোপাধ্যায় পূর্ণিয়া জেলায় সদরে স্থাপিত হইলেন। ছুটীপ্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু রাজকিশোর নারায়ণ সিংহ দরভাঙ্গা জেলার সদরে স্থাপিত হইলেন। ২৪ পরগণা বারাসতের অস্থায়ীরূপে ভারপ্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু বিজয়কৃষ্ণ বসু উক্ত জেলার সদরে পুনরায় বদলী হইলেন। সারণের প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু ভবানীপ্রসাদ নিয়োগী উক্ত জেলায় কার্য

কার্য্যভার পাইলেন। মজঃফরপুর হাজিপুরের সব ডেঃ কঃ মৌলবী মহম্মদ লতিফলম ৩ মাসের ছুটী পাইলেন। মানভূমের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু কুঞ্জবিহারী চট্টোপাধ্যায় ৬ সপ্তাহের ছুটী পাইলেন। যশোহর মাগুরা ও ঝিনিদহের সব ডেঃ কঃ বাবু কালীকুমার রায় চৌধুরী বাঙ্গাল গবর্ণমেণ্টের আর বায় বিভাগের অধীন উক্ত জেলার স্পেশিঃ ডেঃ কঃ হইলেন। মিঃ ই ডবলিউ কলিন্স সি এস, ৩ দিনের কর্লো পাইলেন। মুরসিদাবাদের প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী খন্দকার ফজলাল হক্ এক মাসের ছুটী পাইলেন।

বিচার—মৌলবী আবদুল জব্বর বি এল, কটক বালেশ্বরের অতিরিক্ত মুঃ হইলেন। বাখরগঞ্জ বরিশালের মুঃ বাবু চারুচন্দ্র মুখোপাধ্যায় ১৬ দিনের, ঢাকা মাণিকগঞ্জের মুঃ বাবু মহেন্দ্রনাথ রায় ৩০ দিনের, লালবাগের মুঃ বাবু বিজয়গোপাল বসু ১১ দিনের, কটক রাজপুরের মুঃ বাবু মৃত্যুঞ্জয় গোপাল সরকার ১ মাস ৯ দিনের, নোয়াখালি সন্দ্বীপের মুঃ ডাঃ বিপিনচন্দ্র রায় ১ বৎসরের, এবং ছোটনাগপুর রঘুনাথপুরের মুঃ বাবু তারা প্রসন্ন ঘোষ ১৫ দিনের ছুটী পাইলেন।

শিক্ষা—ঢাকা কলেজের অস্থায়ী লেকচারার বাবু মোহিতচন্দ্র সেন এম এ, ২৮ দিন কার্য্যে অনুপস্থিত ছিলেন। বাবু অতুলচন্দ্র দত্ত এম এ, ঐ কাল মধ্যে ১৭ দিন ঢাকা কলেজের লেকচারার হইয়াছিলেন। নোয়াখালি জেলা স্কুলের প্রধান শিক্ষক বাবু জগচ্চন্দ্র সরকার বিএ কৃষ্ণনগর কলিঃ স্কুলের ৩য় শিক্ষক হইলেন। কৃষ্ণনগর কলিঃ স্কুলের ৩য় শিক্ষক বাবু গোপালচন্দ্র চক্রবর্ত্তী নোয়াখালি জেলা স্কুলের প্রধান শিক্ষক হইলেন। ঢাকার স্কুল সমূহের বিভাগীয় সব ইনস্পেক্টর বাবু প্রসন্নকুমার মজুমদার আর ১৫ দিনের ছুটী পাইলেন। ফরিদপুর জেলাস্কুলের তৃতীয় শিক্ষক বাবু শ্রীনাথ দাসের এক মাসের অনুপস্থিতি ছুটীতে পরিণত হইল। ভাগলপুর জেলাস্কুলের ২য় শিক্ষক বাবু সাহিবান লাল ৩ মাসের ছুটী পাইলেন। গয়া জেলাস্কুলের ৩য় শিক্ষক বাবু শ্রীপতি মুখোপাধ্যায় বিএ, ভাগলপুর জেলাস্কুলের ২য় শিক্ষক হইলেন। ২৪ পরগণার স্কুলসমূহের ডেঃ ইনঃ বাবু যতিলাল মৈত্র ১ মাস ১৮ দিনের ছুটী পাইলেন। মুরসিদাবাদ জেলা বোর্ডের অধীন স্কুলসমূহের সব ইনঃ বাবু মধুসূদন সিংহ ২৪ পরগণার স্কুলসমূহের ডেঃ ইনঃ হইলেন। হুগলী কলেজের আরবী ও পারসী প্রোফেসর মৌলবী আবদুল আলি ২ সপ্তাহের ছুটী পাইলেন। হুগলী কলিঃ স্কুলের প্রধান পারসী শিক্ষক মৌলবী একাজুদ্দীন আহমেদ হুগলী কলেজের আরবীর প্রোফেসর হইলেন। দরভাঙ্গার স্কুলসমূহের বিভাগীয় সব ইনঃ বাবু মুকুন্দলাল ৪২ দিন যাবৎ কার্য্যে অনুপস্থিত ছিলেন। গত ২১শে জুনের কলিকাতা গেজেটে ভ্রমক্রমে ইনস্পেক্টিং পণ্ডিত বাবু প্রমথ নাথ 'মৈত্র' স্থলে ভুলক্রমে বাবু প্রমথনাথ মিত্র ছাপা হইয়াছিল।

উদ্ভট কবিতা।

[৪০৩]

যদা মনুষ্যাঃ প্রতিযান্তি জাহ্নবীং
কুদন্তি পাপানি বদন্তি চাপ্রিয়ং
অরে কৃতঘ্না মনুজা নরাধমাঃ
স্বয়ং সমুৎপাদ্য নিহন্তমুদ্যতাঃ।

[৪০৪]

অশৌরণীয়ান্ মহতো মহীয়ান্
যোগে বিয়োগে দিবসোহঙ্গনায়াঃ
স্পৃষ্ট্বা সখে সত্যমিদং ব্রবীমি
যজ্ঞোপবীতং পরমং পবিত্রং।

[৪০৫]

অহো মহত্ত্বং মহতামপূর্ব্বং
বিপত্তিকালেঽপি পরোপকারং
যদাসামধো পতিতোঽপি রাহোঃ
কলানিধিঃ পুণ্যচয়ং দদাতি।

[৪০৬]

দদতু দদতু গালিং গালিমন্তোভবন্তো
বয়মিহ তদভাবাদ্ গালিদানেঽসমর্থাঃ
জগতি বিদিতমেতদ্দীয়তে বিদ্যমানং
ন হি শশকবিষাণং কোঽপি কস্মৈ দদাতি।

[৪০৭]

সেবে সদৈব বিবয়ান্ পুরুষক্রমেণ
দাসস্তবেতি জগতি প্রতিপাদয়ামি
হে কৃষ্ণ বঞ্চয়িতুমন্তকদূতপোষ্টীং
ষষ্টিং তরন্তি ন শঠা মহদাখ্যয়া কিং।

বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে অবগত করা যাইতেছে যে, বর্দ্ধমান রাজষ্টেটের চুঁচুড়া মোগলটুলীর মধ্যে মোগলবাগান নামক বাগীচা যাহা চতুর্দ্দিকের প্রাচীর, তলি জায়গা ও বৃক্ষাদি বর্ত্তমান বর্ষের আগামী ৪ঠা আশ্বিন ইংরাজী ১৯শে সেপ্টেম্বর মঙ্গলবার বেলা অপরাহ্ণ ৩ ঘটিকার সময়ে প্রকাশ্য নিলামের দ্বারা বিক্রয় হইবে। ক্রেতাগণ ঐ দিবসে উক্ত সময়ে চুঁচুড়ার রাজবাটীর দারোগার কাছারিতে উপস্থিত হইবেন। সম্পত্তির বিবরণ ও নিলামের সর্ত্ত সকল জানিবার আবশ্যক হইলে নিম্নস্বাক্ষরকারীর নিকট জানিতে পারিবেন।

অনুমত্যানুসারে—
শ্রীকুমুদনাথ ঘোষাল।
দারোগা, রাজবাটী—চুঁচুড়া।

নং ৪০২

আমার এখান হইতে বদলীর হুকুম হওয়ায় জানাইতেছি যে আমার নিকট যাহার যে পাওনা আছে আশ্বিনের মধ্যে মিটাইয়া লইবেন নচেৎ দায়ী নহি।

শ্রীকুমুদনাথ ঘোষাল।
দারোগা চুঁচুড়া রাজবাটী।

নং ৪০৩

কর্ম্মখালি।

Wanted a temporary teacher strong in English, salary Rs 35 per month. Apply sharp to Manmatha Nath Mitra, Secy. Albert Victor Institution, Burdwan.

Wanted a 2nd teacher for the Kagram H. C. E. School on a salary of Rs 25 with every prospect of increase. None need apply who has not passed the F. A. Examination and has not fair knowledge in mathematics. Preference will be given to him who has some experience in teaching. Kagram is a healthy place at the distance of 8 miles from Katoa. Lodging free. Apply sharp with copies of testimonials to Shabashiba Chatterji Head Master Kagram H. C. E. School, Mougram P. O. Via Katoa.

Wanted a competent master to teach English in Sirajganj Madrassa, Mahomedan preferred. Salary Rs 20. Apply on or before the 20th September to N. D. Beatson Bell C. S. Sirajgunj.

Wanted a private tutor to teach a 4th class boy both morning and evening. Salary according to qualification; Apply personally to Nirode Baran Ghosh No. 19 Kupaleetola Lane, Bow Bazar, Calcutta.

আমার পুত্র ও ভ্রাতুষ্পুত্রকে ইংরাজী শিক্ষা দিবার জন্য জনৈক শিক্ষকের প্রয়োজন। শ্রীমান দ্বয়কে সর্ব্বদা নিজ তত্ত্বাবধানে রাখিয়া প্রবেশিকা পরীক্ষার উপযোগী শিক্ষা দান করিতে হইবে। বেতন ৫০৲ টাকা, উপযুক্ততা অনুসারে বৃদ্ধি করাও যাইতে পারে। বাসা খরচ লাগিবে না। স্থানটী লুপ লাইনস্থ পাকুড় ষ্টেশন হইতে ১০ মাইল দূর, ভাগীরথী তীরবর্ত্তী এবং স্বাস্থ্যকর বলিয়া সুপ্রসিদ্ধ। কর্ম্মপ্রার্থিগণ আগামী ১৫ই আশ্বিনের মধ্যে স্ব স্ব প্রশংসাপত্রের অনুলিপি সহ আমার নিকট আবেদন করিবেন। হিন্দুধর্ম্মাবলম্বী প্রাচীন বয়স্ক এবং জাতিতে ব্রাহ্মণ অথবা কায়স্থ হইলে আদরণীয় হইবে। শ্রীধারকানাথ চৌধুরী, জমিদার নিমন্ত্রিত, আরঙ্গাবাদ পোষ্ট, জেলা মুর্শিদাবাদ।

মফস্বলের স্কোন স্কুলের জন্য এক জন ত্রৈবার্ষিক পরীক্ষোত্তীর্ণ পণ্ডিতের প্রয়োজন। মাসিক বেতন ৮৲ টাকা। আহার ও বাসাভাড়া লাগিবে না। কলিকাতা বহুবাজার ১৯ নং কপালীটোলা গলি শ্রীনীরদবরণ ঘোষের সহিত সাক্ষাতে আবেদন করিতে হইবে।

ধুলীয়ান নিবাসী শ্রীযুক্ত জগবতীচরণ রায় মহাশয়ের ৮।৯ বৎসরের পুত্রকে প্রাইভেট পড়াইবার জন্য এবং জমিদারী সেরেস্তায় ইংরাজী পত্রাদি লেখার জন্য এক জন মাষ্টারের প্রয়োজন। মাসিক বেতন আপাততঃ ২৫৲। ২।৩ মাস কার্য্য দেখিয়া ৩০৲ দেওয়া যাইবে। আবেদনকারীর বয়ঃক্রম অন্যূন ৩০ বৎসর এবং এফ এ, পরীক্ষোত্তীর্ণ হওয়া প্রয়োজন, কার্য্যদক্ষতা দেখাইতে পারিলে জমিদারীর ম্যানেজার হওয়ার আশা থাকিবে। বাসাখরচ পাইবে। শ্রী গোষ্ঠগোপাল অধিকারী, হেড পণ্ডিত ধুলীয়ান, পোঃ ধুলীয়ান, ভায়া পাকুড় জেলা মুর্শিদাবাদ।

বিশেষ দ্রষ্টব্য।

বাচস্পত্য অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২৩৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
বুধোদয় প্রেস।
হুগলী।

অম্বিকাচরণ ঘোষাল
ফটোগ্রাফার ও পোর্ট্রেট পেইন্টার
ঘুঁটেবাজার হুগলি

মফস্বলে যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণপত্র লিখিলে জানিতে পারিবেন। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিজ, হুগলী কলেজ, এমামবাড়া, হংসেশ্বরীর মন্দির, চুঁচুড়া গোরাবারিক অভ্যন্তর দৃশ্য, নবাব খাজাখাঁর মসজিদ, সপ্তগ্রামের মহোৎসব প্রত্যেক ॥০ আনা মাত্র—ফটোগ্রাফগুলি একবার দেখিলে বাধিত হইব।

পাটীগণিত।

নূতন সংস্করণ।

শ্রীপ্রসন্নকুমার সর্ব্বাধিকারী প্রণীত।

সুপ্রসিদ্ধ গণিতশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম, এ, মহাশয়ের দ্বারা সম্যক্‌রূপে সংশোধিত পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত। ইহাতে সুকৌশল সম্পন্ন প্রশ্নাবলী সন্নিবেশিত এবং উহাদের ভূরি পরিমাণে সমাধান করা হইয়াছে। ৫৭৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। উত্তম কাপড়ে বাঁধা, মূল্য ১৷৵০। বলা বাহুল্য ইহা চিরকাল সর্ব্বাদৃত, অধুনা আরও অধিক পরিমাণে স্কুলাদিতে পাঠ্যরূপে নিয়োজিত হইতেছে এবং বঙ্গবাসী প্রভৃতি সংবাদ পত্র ভূয়সী প্রশংসা করিতেছেন। নিম্নলিখিত এবং অন্যান্য স্থানে পাওয়া যায়।

বি, ব্যানার্জি এণ্ড কোং।
১৫নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, ৫৬নং কলেজ ষ্ট্রীট, ৫১নং পুরাতন চীনেবাজার, কলিকাতা। ৫৫নং পটুয়াটুলি ঢাকা।

৩৮৮নং

মাইকেল মধুসূদন দত্তের

জীবনচরিত, অপ্রকাশিত কবিতা, পত্র ও গ্রন্থাবলীর সমালোচনা সম্বলিত গ্রন্থ

শ্রীযোগীন্দ্রনাথ বসু বি এ, প্রণীত।

ডিমাই আট পেজী আকারে পাঁচ শতের৩ অধিক পৃষ্ঠায় সম্পূর্ণ।

এরূপ সর্ব্বাবয়ব জীবনচরিত এপর্য্যন্ত বাঙ্গালা ভাষায় প্রকাশিত হয় নাই। মধুসূদনের জীবনের বিষাদময় ইতিহাসের সঙ্গে তাঁহার সমসাময়িক বাঙ্গালা সাহিত্যের অবস্থা, তাঁহার গ্রন্থাবলীর সমালোচনা, তাঁহার লিখিত বহুসংখ্যক ইংরাজী ও বাঙ্গালা কবিতা, মান্দ্রাজ, ইংলণ্ড, ফ্রান্স প্রভৃতি স্থান হইতে তাঁহার লিখিত বহুসংখ্যক পত্র, তাঁহার জীবনের ঘটনাবলী সম্বন্ধে স্যর মহারাজা যতীন্দ্রমোহন ঠাকুর, বাবু ভূদেব মুখোপাধ্যায়, রাজা প্যারীমোহন মুখোপাধ্যায় প্রভৃতির লিখিত মন্তব্য, রাজা রাজেন্দ্রলাল মিত্র, ডিঙ্ক ওয়াটার বেথুন, বাবু রাজনারায়ণ বসু প্রভৃতি অনেক খ্যাতনামা ব্যক্তির লিখিত পত্র ও পত্রাংশ ইত্যাদি ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। মধুসূদনের নিজের এবং তাঁহার সমাধি স্তম্ভের চিত্র এবং রাজা প্রতাপচন্দ্র সিংহ, রাজা ঈশ্বরচন্দ্র সিংহ, মহারাজা স্যর যতীন্দ্রমোহন ঠাকুর, বাবু ভূদেব মুখোপাধ্যায়, বাবু গৌরদাস বসাক, বাবু রাজনারায়ণ বসু, ৺ বিদ্যাসাগর মহাশয়—এই কয়েক জনেরও চিত্র ইহাতে প্রদত্ত হইয়াছে। এইরূপ সুন্দর চিত্র এপর্য্যন্ত কোনও বাঙ্গালা গ্রন্থে প্রকাশিত হয় নাই। ছাত্রদিগকে পুরস্কার দিবার জন্য অতি সুন্দররূপ বাঁধান হইয়াছে। কলিকাতা ১৭৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপোজিটরীতে, ২১০। ৪ কর্ণওয়ালিস ষ্ট্রীট নব্যভারত কার্য্যালয়ে, বৈদ্যনাথ দেওঘর স্কুলে গ্রন্থকারের নিকট এবং নিম্নস্বাক্ষরকারীর নিকট পাওয়া যায়। মূল্য কাপড়ে বাঁধান ২৷৷০ টাকা, কাগজের মলাট ২৲ টাকা, ডাকমাশুল ।০ আনা। মফস্বলস্থ গ্রাহকগণ গ্রন্থকারকে পত্র লিখিবেন।

শ্রীরামানন্দ চট্টোপাধ্যায় এম এ।
অধ্যাপক সিটি কলেজ,—কলিকাতা।

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালে জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত ২৬ বৎসর উহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-যশের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরাভোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার লেপনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও দৈহিক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সম-ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনা ব্যয়ে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৲ টাকা, প্যাকিং ।৹ আনা

২ শিশি একত্রে লইলে খরচা ৷৶৹ আনা সুগত হয়।

শ্রীকালীদাস সরকার।

গবর্ণমেণ্ট পেন্সনার—লক্ষ্ণৌ।

৩৭৩নং

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বলবীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রি-জাগরণ, অতিরিক্ত পান-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা-হাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত!

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-ফোলা-কাসিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দৌকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, সে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকায় সে জ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বররোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে, ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্পদিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধে অতি সামান্য রাগও আরাম হয়। বিধাতার বিচিত্রবিধান বুঝাভার!

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন। প্লীহা জ্বর-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগীকে এই এক ৩নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

বটিকার সংখ্যা,	মূল্য,	ডাঃমাঃ,	প্যাকিং
১নং কৌটা	১৮	৷৶৹	।৹
২নং কৌটা	৩৬	১৵৹	।৹
৩নং কৌটা	৫৪	১৷৶৹	।৹

ভ্যালুপেবলে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।

১২ নং মুক্তাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা।

৩৭৪নং

পাঁড়ে ব্রাদার্স।

পুস্তক ও দেশী বস্ত্র বিক্রেতা।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্, কলিকাতা।

এখানে ইংরাজি বাঙ্গালা সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য সর্ব্ব প্রকার পুস্তক, তৎসমস্তের নানা প্রকার কি, নোট, অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি সর্ব্ব প্রকার পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে। বিলাতি পুস্তক বিলাত হইতে আনা হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷৹ টাকা ১৸৹ মূল্য ধোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও ব্যবহারীর জন্য চলিবে ও ২৷৷৹, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ নয়নসুখ, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকটও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য ।৵৹ বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ ৴৹

৩২ খানি উৎকৃষ্ট

চিত্রসহ

নীতি কথামালা	।৹	মানবতত্ত্ব	১৷৹
আর্য্যচরিত	।৹	ধর্ম্মবিজ্ঞান	১৲
আর্য্যশিক্ষা	৷৶৹	অদ্ভুত স্বপ্ন বা	
বাঙ্গলা ব্যাকরণ	৷৶৹	স্ত্রী পুরুষের স্বপ্ন	৷৹
শিশু বিজ্ঞান	৴৹	বিজ্ঞানসার	১৲
বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ	৴৹	লীলাবতী (অঙ্কপুস্তক)	৷৹

৩৫৫ নং শ্রীমনোমোহন পাঁড়ে

সংক্ষিপ্ত পদার্থদর্শনের প্রশ্নোত্তর।

পণ্ডিত প্রবর শ্রীযুক্ত প্রসন্নকুমার চক্রবর্ত্তী প্রণীত। মূল্য ।/০ পাঁচ আনা মাত্র। যত গুলি সং পদার্থদর্শনের প্রঃ উঃ এ পর্য্যন্ত প্রকাশিত হইয়াছে এখানা তাহাদের অপেক্ষা কোন অংশে নিকৃষ্ট নহে বরং অনেকাংশে উৎকৃষ্ট। যে স্কুলে এক খানিমাত্র এই প্রঃ উঃ প্রবেশ লাভ করিয়াছে সে স্কুলের সমস্ত ছাত্রই ইহা ক্রয় করিতেছে। লক্ষকারে এক প্যাকেটে ৫ খানি এই প্রঃ উত্তর লইলে স্কুলের শিক্ষকদিগকে শতকরা ১৫৲ টাকার হিসাবে কমিসন দিয়া থাকি; অধিকন্তু আমি নিজ হইতে ডাক মাশুল দিই। কাগজ, ছাপা ও বাঁধাই সমস্তই উৎকৃষ্ট। ভিঃ পিঃ ডাকে পাঠাইয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র দত্ত।
ভারত পুস্তকালয়, পটলডাঙ্গা, বৌবাজার পোষ্ট
কলিকাতা।

৩৪৯নং

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸০ বার আনা, ডাঃ মাঃ ।০ এক আনা। এখানি ১৮৯৪ অব্দের মাইনর পরীক্ষার ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহাতে বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গল্প হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ৴০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
সংস্কৃত প্রেসডিপজিটরি।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত
পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষক গণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৷৷০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।৵০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীজমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।৵০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ৵০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৪৪ নং

ইউক্লিডের জ্যামিতি দ্বাদশ অধ্যায়।

(সংশোধিত এবং পরিবর্দ্ধিত।)

শ্রীযুক্ত বাবু ব্রহ্মমোহন মল্লিক প্রণীত।

৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছে, মূল্য ২৲ টাকা। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

৩৯৭ নং

শ্রীমদ্ভগবদ্গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ, আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ৴০।

ঐ বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ।৴০ পাঁচ আনা ডাঃ মাঃ ৴০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা মূল্য ৴০ পাঁচ আনা ডাঃ মাঃ ৴০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা উৎকৃষ্টরূপ বাঁধা মূল্য ৷৷০ আট আনা, ডাঃ মাঃ ৴১০।

কবির (জীবন্মুক্ত মহাত্মা কবির সাহেবের ৫৫৩টী দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ ৴১০।

কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০।১ন মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু প্রণীত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য ৴০ আনা
ঐ ২য় ভাগ-পাটীগণিত ।০ "
ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব ।০ "

সেণ্ট্রাল টেক্সটবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তালিকায় পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট—কলিকাতা।

☞ এই পত্র হুগলি বুধোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

REGISTERED NO 35 1875.

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

নূতন সন্দর্ভ। ১৫শ খণ্ড। ২৩শ সংখ্যা। } ৩১শে ভাদ্র শুক্রবার ১৩০০ সাল। ইং ১৫ই সেপ্টেম্বর ১৮৯৩ খৃঃঅব্দ। { অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম)	৫	ষাণ্মাসিক	৩
ত্রৈমাসিক	২	প্রত্যেক সংখ্যার	।৵

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৵০ ৩য় বার /১০ চতুর্থ বা ততোধিক বার /০। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৵০।

কর্ম্মখালির বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে প্রকাশিত হয়।

তিন মাসের অধিক বিজ্ঞাপন প্রকাশ করিতে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

যাঁহারা এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য নগদ টাকায় দিবেন, তাঁহারা তাঁহাদের নিকটবর্ত্তী এজেণ্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণিঅর্ডার কুপনে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

এডুকেশন গেজেটে বিজ্ঞাপন প্রকাশের সুবিধার জন্য ১৫০নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে একটী এজেন্সি খোলা হইয়াছে। তথায় বিজ্ঞাপন ও তৎপ্রকাশের মূল্য জমা দেওয়া যায়।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যূন বিলম্ব হইলে তাহার খবরদানিতে পিয়নের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

কলিকাতা	শ্রীযুক্ত বাবু অধিনাশচন্দ্র মুখোপাধ্যায়। সংস্কৃতযন্ত্রের পুস্তকালয় ১৫৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।
	চণ্ডীচরণ মজুমদার—বেঙ্গল সেক্রেটারিয়েট ষ্টুডিসিরাল ডিপার্টমেণ্ট।
২৪ পরগণা	মতিলাল মৈত্র—আলিপুর।
আলিপুর	ভূপালচন্দ্র গঙ্গোপাধ্যায়—উকিল।
বারাকপুর	শ্রীযুক্ত বাবু ভুবনমোহন বিয়োগী।
জবানীপুর	রাজকৃষ্ণ রায় চৌধুরী।
চুরাডাঙ্গা	বদ্যনাথ চৌধুরী।
হাবড়া	হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম	ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী	শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর	ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান	চারুচন্দ্র চট্টোপাধ্যায়।
	রসিকলাল দাস—রায়না।
যশোহর	কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
সিউড়ী	অম্বিকাচরণ মুখোপাধ্যায়।
	নীলমণি ভট্টাচার্য্য।
বাঁকুড়া	রামেশ্বর সেন—বিষ্ণুপুর।
	অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর	উমাচরণ দে।
জলপাইগুড়ি	নীলমণি পাল।
বাঁকিপুর	নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর।
	ভগবান প্রসাদ।
বারাণসী	সোমনাথ ভাদুড়ী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর	আদিনাথ মিত্র।
	দ্বারকানাথ বাগচি—নিলফামারি।
রাজসাহী	কালীনাথ চৌধুরী—বোয়ালিয়া।
পাবনা	মহেন্দ্রনাথ দত্ত।
	রজনীকান্ত ভট্টাচার্য্য।
	রামচন্দ্র চক্রবর্ত্তী।
	ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, হুলাই।
	উমাচরণ পাড়ে, সিরাজগঞ্জ।
ঢাকা	সতীশচন্দ্র ঘোষ।
সাঁওতাল পরগণা	যজ্ঞেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।
পাকুড়	রাধাকৃষ্ণ সারথেল।
খুলনা	হরিহর দাস।
	জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।
দিনাজপুর	রাজকুমার চক্রবর্ত্তী ফুলবাড়ি।
	ভুবনেশ্বর গুপ্ত।
	দুর্গাদাস সুর—রায়গঞ্জ।
	শশিভূষণ রায়।
কোচবিহার	ভুবনমোহন দত্ত।
ফরিদপুর	কালীকিশোর ঘোষ—মাদারিপুর।
মজঃফরপুর	কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল
খাসতাঙ্গা	গোপ্রসাদ মজুমদার—ট্রাফিক সুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সমস্তীপুর
বৈদ্যনাথ	যোগীন্দ্রনাথ বসু হেড মাষ্টার, দেওঘর।

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিবিধ বিজ্ঞাপন।

শ্রীরামেশ্বর সেন কৃত

১। উচ্চপ্রাথমিক সহজ-পরিমিতি মূল্য ।০।

২। নিম্ন-প্রাথমিক সহজ-পরিমিতি

(কেবল দেশীয় রীতির নিয়মাদি)

ভাল কাগজে ছাপা ৵০

চলিত কাগজে ছাপা ৵০

৩। নিম্ন-পুরস্কার পরীক্ষা—

পাঠশালার ছাত্রগণের অত্যাবশ্যকীয় অভিনব পাঠ্য পুস্তক।

ভাল কাগজে ছাপা ৵০র স্থলে ৵১০

চলিত কাগজে ছাপা ৵১০র স্থলে ৵০

কলিকাতা ও বাকুড়া জেলার বহির দোকানে প্রাপ্য।

৪। "উচ্চ-পুরস্কার পরীক্ষা" শীঘ্রই বাহির হইবে।

৪০১নং

গিরিশ লাইব্রেরী।

এখানে ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল, এ; বি, এ ক্লাসের সর্ব্বপ্রকার পাঠ্যপুস্তক ও অন্য পুস্তকাদি এবং নাটক, নভেল প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়। ভিঃ পিঃ ডাকেও পুস্তক পাঠাই। ২১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা। শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৮৪নং

এল, ভি, মিত্র এবং কোং।

লন্ডনপ্রতিষ্ঠ ও কলিকাতা ও অন্যান্য স্থানের দক্ষ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৫৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক কবিনি কাম্ফার ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৷৷০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৬৲ ও ৭৲, শিশুচিকিৎসা ২৷৷০, বামাচিকিৎসা ২৲ জ্বর চিকিৎসা ৮০ ও ১৷৷০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৮০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমরা কলিকাতার মহামেলায় এই শ্রেণীতে ভারতের মধ্যে সর্ব্বোচ্চ এবং এখানকার ও অন্যান্য স্থানের সম্ভ্রান্ত চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি। ৯ন

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্ত লালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীতে সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১৷৷০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

REDUCTION IN PRICE OF CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta. Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free, at 4 oz, Re3--4 : 8 oz, Rs 6—8 : 16 oz, Re 12—12. Cash with order.

No. 331

বুধোদয় যন্ত্র।

হুগলি বুধোদয় যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষর ও তাহার সরঞ্জাম প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানাপ্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় যাবতীয় ফারম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, ষ্ট্যাম্পবিল, জমিদারীর জমাওয়াশীল ফরম, ডাক্তারি লেবিল ও বিল নানাপ্রকার ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পাদিত হইয়া থাকে। বিশেষ বন্দোবস্ত করিলে সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংলিস অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও স্মল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া দপ্তরী দ্বারা পুস্তক প্রস্তুত করিয়া রীতিমত বাক্সবন্দী করিয়া রেলে বা জাহাজে যাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি, গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন, ছাপার রেট ও অন্যান্য বিবরণ জানিতে ইচ্ছা করিলে আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পরিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
কার্য্যাধ্যক্ষ।

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১৯ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।
ডাকমাশুল ⁄০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ⁄০

পদ্য ব্যাকরণ মূল্য ⁄১০

প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য ⁄১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায়) পাওয়া যায়।

শ্রীতিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

রিপণ-ডিপজিটারী।

৫২ নং দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য ও নাটক নভেল অতি সুবিধার সরবরাহ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পি, ডাকে পুস্তক পাঠাই। প্রেরণ ব্যয় ⁄২০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়।

শ্রীশশিভূষণ সাহা
ম্যানেজার।

৩৮০ নং

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মতামত নহে।

শ্রীশ্রী৺ গোবিন্দ ও গোপীনাথ।

যে গোবিন্দজী ও গোপীনাথ দর্শন করিবার জন্য হিন্দুকুশ হইতে সিংহল পর্য্যন্ত ও কাবুল হইতে রত্নগিরি পর্য্যন্ত লোক অর্থাৎ এসিয়ার লোক সংখ্যার অর্দ্ধেক লোক বহুল ব্যয় এবং ক্লেশ স্বীকার করে সেই দুই বিগ্রহের সম্বন্ধে পাঠকের কিছু জানা কর্ত্তব্য। কথিত আছে শ্রীকৃষ্ণের প্রপৌত্র মহাত্মা বজ্র যখন যদুবংশ ধ্বংসের পর একমাত্র বংশধররূপে রাজত্ব করিতেছিলেন তখন কোন সময়ে তাঁহার মাতা আর্য্যা ঊষা শ্রীকৃষ্ণের একটী পাষাণময়ী মূর্ত্তি প্রস্তুত করিবার জন্য পুত্রকে আদেশ দেন। পুত্র তদনুসারে একটী মূর্ত্তি নির্ম্মাণ করাইয়া মাতাকে দেখাইলেন। মাতা কহিলেন যে, এমূর্ত্তির সহিত শ্রীকৃষ্ণের মূর্ত্তির কিছু মাত্র ঐক্য নাই, কেবল পদারবিন্দদ্বয়ের সাদৃশ্য আছে মাত্র। বজ্র তখন দ্বিতীয় মূর্ত্তি প্রস্তুত করাইয়া মাতাকে দেখাইলেন। ঊষা কহিলেন এমূর্ত্তির সহিত শ্রীকৃষ্ণের কেবল বিশাল বক্ষের সাদৃশ্য আছে আর কিছুরই নাই। বজ্র তৎপরে তৃতীয় মূর্ত্তি প্রস্তুত করাইয়া ঊষাকে দেখাইলেন। ঊষা দেখিলেন এই মূর্ত্তির বদন মণ্ডলের সহিত শ্রীকৃষ্ণের বদনমণ্ডলের সম্পূর্ণ সৌসাদৃশ্য আছে এবং তাহাই পুত্রকে বিজ্ঞাপিত করিলেন। বজ্র তিনটী মূর্ত্তিকেই রক্ষা করিলেন এবং তাঁহাদিগের নাম যথাক্রমে মদনমোহন, গোপীনাথ ও গোবিন্দ হইল। কালবশে, ভারতবর্ষে কত রাষ্ট্রবিপ্লব হইয়া গিয়াছে কিন্তু এই মূর্ত্তিত্রয় কোথায় কি প্রকারে ছিল কিছুই নির্ণয় করা যায় না। পরে শ্রীরূপ গোস্বামীর সময় এই মূর্ত্তিত্রয় বৃন্দাবনে থাকে সকলে বলে। যে সময়ে বাদশাহ আরঙ্গীব বৃন্দাবনে গোবিন্দজীর মন্দিরের অত্যুচ্চ চূড়া ভগ্ন করিবার আদেশ দেন সেই সময়ে অম্বররাজ বিগ্রহত্রয়ের পবিত্রতা নাশভয়ে উহাদিগকে কাম্যবনে (যাহা এখন কামা নামে প্রসিদ্ধ) রক্ষা করেন; পরে গোবিন্দজী ও মদনমোহনকে রূপাড়া নামক স্থানে এবং গোপীনাথকে মাধববিলাস নামক স্থানে রক্ষা করেন। ঐ রূপাড়া পশ্চাৎ গোবিন্দপুর নামে বিখ্যাত হয়। উহা জয়পুর হইতে তিন ক্রোশ দূরে এবং মাধববিলাস বর্ত্তমান জয়পুর নগরেরই সীমা মধ্যবর্ত্তী। গোবিন্দজী ও মদনমোহন পুনরায় জয়পুর হইতে দুই ক্রোশ উত্তরে ঘাটি নামক স্থানে স্থাপিত হন। মহারাজ জয়সিংহ যখন জয়পুর নগর নির্ম্মাণ সমাপ্ত করেন তখন নিজ রাজভবনের সান্নিধ্যে গোবিন্দজীর বর্ত্তমান মন্দিরে গোবিন্দজীকে স্থাপিত করেন এবং গোপীনাথকে ও মদনমোহনকে নগরের মধ্যেই আর দুই স্থান প্রদান করেন।

তৎকালে রাজা ও রাণীগণ প্রত্যহ ঐ ত্রিমূর্ত্তির চরণামৃত পান ব্যতীত আহারাদি করিতেন না। কোন রাণী কেরোলি নামক রাজ্যের রাজকন্যা ছিলেন। তাঁহার জন্য উষ্ট্র করিয়া চরণামৃত যাইত। তিনি কোন সময়ে রাজার নিকট ঐ ত্রিমূর্ত্তির একটী মূর্ত্তি কেরোলিতে স্থাপন করিবার প্রার্থনা করেন। তদনুসারে মদনমোহন মূর্ত্তি কেরোলিতে যায়। ঐ তিন মূর্ত্তিরই গোস্বামীরা বাঙ্গালী এবং প্রত্যেকেরই সেবার জন্য বড় বড় জায়গীর গোস্বামীদের অধীনে দেওয়া আছে। বলা বাহুল্য যে সহরে আরও অনেকগুলি কৃষ্ণ মন্দির আছে যাহার গোস্বামী বা পূজক বাঙ্গালী। শ্রীরূপ গোস্বামীর সময় হইতে গোবিন্দজীর গোস্বামীরা বংশানুক্রমিক না হইয়া শিষ্যানুক্রমিক হইত, কারণ পূর্ব্বতন গোস্বামীরা বিবাহ করিতেন না। এখনও অনেক মন্দিরের গোস্বামী বিবাহ করেন না। কোন রাজা তাঁহার সমকালীন গোবিন্দজীর গোস্বামীকে নির্ব্বন্ধ সহকারে বিবাহ করাইলেন। কিন্তু বিবাহের পরেও অনেক দিন অবধি গোস্বামিগণ পুত্রহীন হওয়াতে ধারা ভ্রাতুষ্পুত্রানুসারিণী হইয়াছিল। কেবল বর্ত্তমান গোস্বামীর পিতামহ হইতে গোস্বামীর গদি পুত্রে পুত্রে আসিতেছে।

আমি গোবিন্দজী এবং গোপীনাথ অনেকবার দর্শন করিয়াছি কিন্তু কেরোলির মদনমোহন কখন দর্শন করি নাই; সুতরাং সে সম্বন্ধে কিছুই বলিতে পারি না। প্রথমোক্ত দ্বয়ের মধ্যে গোবিন্দজীর সম্পত্তি আভরণ ও সম্মান গোপীনাথের অপেক্ষা অনেক গুণ অধিক। গোবিন্দজীর অহোরাত্রে সর্ব্বশুদ্ধ সাতবার আরতি হয়; গোপীনাথেরও প্রায় ঐরূপ। আরতির সময় ব্যতীত অপরাপর সময়ে মন্দির দ্বারবদ্ধ থাকে। আরতিকে এদেশে 'ঝাঁকি' বলে। এই ঝাঁকি দর্শনের জন্য বহুসংখ্যক লোক একত্রিত হয়। সায়াহ্নে দুইটী ঝাঁকিতে দর্শকসংখ্যা সর্ব্বাপেক্ষা অধিক হয়। পূর্ব্বদিনে বিগ্রহের বেশভূষার নানা প্রকার বৈচিত্র্য সাধিত হয়; সুতরাং পর্ব্বদিন সকলে জনতারও বৃদ্ধি হয়। বস্তুগত্যা সম্বৎসরের মধ্যে বহু সংখ্যক দিনে মন্দির সকল অত্যন্ত উৎসবময় হয়।

এখানকার রাজাদিগের কৃষ্ণভক্তি অত্যন্ত অধিক এবং পূর্ব্বে পূর্ব্বে অনেক রাজা পাকা বৈষ্ণবও হইয়া গিয়াছেন। কিন্তু বৈষ্ণব হইলেও তাঁহাদের মাংসাহার এবং মৃগয়ায় ব্যাঘাত হয় নাই; কারণ রাজপুতের ওবিষয়ে কোন দোষ নাই। শুনা যায়, মহারাজ জয়সিংহ * সমস্ত রাজ্য গোবিন্দজীকে উপহার দেন এবং আপনাকে গোবিন্দজীর দেওয়ান বলিয়া উল্লেখ করেন। অদ্যাপিও অনেক কাগজ পত্রে মহারাজ দেওয়ানজী নামেই উল্লিখিত হন। এই সম্বন্ধে অনেক ভক্তিময়ী কথা প্রচলিত আছে, কিন্তু বাহুল্যভয়ে তাহা পরিত্যাগ করিলাম। রাজগণ যার পর নাই গোবিন্দ সেবক হইলেও বিগত মহারাজ রামসিংহ অত্যন্ত শিবভক্ত ছিলেন। তাঁহার যৌবন অবস্থায় বৈষ্ণবগণ অনেক বিষয়ে উৎপীড়িত হইয়াছিলেন। মহারাজ রামসিংহ ৺কাশীধামের বিশ্বেশ্বরের মন্দিরকে আদর্শ করিয়া এখানেও বিশ্বেশ্বর মন্দির নির্ম্মাণ করিয়াছিলেন। সেইখানকার মত একটি ষাঁড় এখানে বিশ্বেশ্বর মন্দিরে স্থাপিত আছে। রাজা নিরতিশয় শৈব হইয়া বামাচারের চূড়ান্ত করিয়াছিলেন এবং গোস্বামীদিগকে ভৈরবীভক্তের মত ত্রিপুণ্ড্রক ধারণ করাইবার জন্য নির্ব্বন্ধপর হইয়াছিলেন। শুনা যায় গোবিন্দজীর বিগত গোস্বামী ৺শ্যামসুন্দর শর্ম্মা স্বমতে দৃঢ় থাকারূপ অপরাধে এক

* জয়পুরে তিন জন জয়সিংহ রাজা হইয়াছিলেন। প্রথমের নাম মির্জ্জা রাজা জয়সিংহ। ইনি শিবজীকে ধরিয়া আরঙ্গজীবের হস্তে সমর্পণ করেন। দ্বিতীয় জয়সিংহকে সেবাই জয়সিংহ বলে। ইনিই জ্যোতির্ব্বেত্তা ও জয়পুরনগরী নির্ম্মাতা বলিয়া বিখ্যাত। ইতিহাসে ইনি ১০৯টী মহৎকর্ম্ম করিয়াছিলেন বলিয়া কথিত আছে। তৃতীয় জয়সিংহ অতি অল্প বয়সেই তাঁহার জনৈক মন্ত্রী কর্ত্তৃক হত হন। এই জয় সিংহের পরেই বিগত মহারাজা রামসিংহ প্রাদুর্ভূত হন। আমরা যে স্থলে কেবল জয়সিংহ মাত্র বলিব সে স্থলে পাঠক দ্বিতীয় জয়সিংহকে বুঝিবেন।

বৎসরেরও অধিককাল নজরবন্দী ভাবে ছিলেন। তথাপি তিনি রাজাজ্ঞা প্রতিপালন করেন নাই। তাঁহার কঠোর দৃষ্টান্ত অনেক শুভফল উৎপন্ন করিয়াছিল। মহারাজ বয়ঃপরিণতির সহিত ক্রমশঃ বৈষ্ণবোৎপীড়ন ত্যাগ করিয়াছিলেন।

আমাদের বর্ত্তমান মহারাজা শ্রীমান্ মাধব সিংহ অত্যন্ত বৈষ্ণব। যে পারাবত বংশ মহারাজ রাম সিংহের সময়ে প্রায় নির্ম্মূল হইয়া ছিল তাহা এখন এতদূর বর্দ্ধিত হইয়াছে যে কোনও চতুষ্পথে জোয়ার, বাজরা প্রভৃতি শস্য ছড়াইয়া দিলে সমাগত কপোতবৃন্দ কর্ত্তৃক একটী অনতি উচ্চ স্তূপ নির্ম্মিত হয়; কারণ এত ভীড় হইয়া পড়ে যে, সকলের নখ ভূমি স্পর্শ করিতে পারে না। ভক্তিমান প্রজাগণ কর্ত্তৃক প্রতিদিন এইরূপ দৃশ্যের সৃষ্টি হইতেছে।

বিদেশ হইতে যে সকল যাত্রী এখানে আইসে তাঁহাদের অধিকাংশেরই উদ্দেশ্য গোবিন্দজী ও গোপীনাথজী দর্শন করা। অন্যান্য মন্দির দেখিবার সময় অনেকে পায় না। কিন্তু উপরোক্ত দুই বিগ্রহ দর্শনের পর অন্যান্য বিগ্রহ দর্শনে আর সেরূপ তৃপ্তি অনুভব হইবার কথা নহে। কারণ, রূপে গোবিন্দ ও গোপীনাথ এখানে অদ্বিতীয়। কোনও কোনও দর্শকের মতে গোবিন্দেররূপ গোপীনাথের অপেক্ষা উত্তম কিন্তু আবার কাহারও কাহারও মতে গোপীনাথই রূপে শ্রেষ্ঠ। আমার বিবেচনায় সমগ্র মুখের ভাব দেখিতে গেলে গোবিন্দই অপেক্ষাকৃত ভাল। ইঁহার মুখে গাম্ভীর্য্য এবং লাবণ্য যুগপৎ বিরাজিত। ইনি উদার দর্শন ও সুভঙ্গিম। ইঁহাকে দেখিলে "যে জন দেখিল, সেই সে ভুলিল, কি তার কুলের বিচার" এরূপ ভাবের উদয় হয় না। বরং "তুমি অনাথের বন্ধু, অপার করুণাসিন্ধু, নয়নের অভিরাম, তুমি মোর ধন প্রাণ" এইরূপ ভাবের উদয় হয়।

গোপীনাথ রাস-রস-রসিক। ইঁহার আকর্ণ বিশ্রান্ত নয়নযুগল ঈষৎ রক্তিমাভ। চাহিতে চাহিতে চক্ষু ফিরান যায় না। ইঁহাকে দেখিলে "সখি, দেখিনু শ্যামের রূপ, যাইতে জলে। ভালে গোকুল নগরী, ভইয়াছে সে পাগলী, সকল লোকেতে বলে॥ কিবা সে চাহনী, ভুবন ভুলনী, দোলনী গলে বন মাল, মধুরলোভে ভ্রমর বুলে, বেড়িয়ে তাহি রসাল।" এইরূপ ভাবের উদয় হয়।

শ্রীমেঘনাথ ভট্টাচার্য্য
জয়পুর মহারাজ কলেজের অধ্যাপক।

৺ রামকৃষ্ণ পরমহংস দেবের উক্তি।

(১)

৺ রামকৃষ্ণ পরমহংস দেবের উক্তি অনেক লিপিবদ্ধ হইয়াছে, কিন্তু তথাপি এখনও অনেক উক্তি লিপিবদ্ধ হইতে বাকী আছে। আমরা, তাঁহার প্রধান শিষ্য বৈজ্ঞানিক শ্রীযুক্ত বাবু রামচন্দ্র দত্ত মহাশয়ের নিকট যাহা শ্রবণ করিয়াছি তাহাই লিপিবদ্ধ করিব।

(১) ধর্ম্মের দলাদলি সম্বন্ধে তিনি বলিয়াছেন, "অতল সমুদ্রে দল জন্মে না, খানা ডোবাতেই দল জন্মে।" এই দলাদলি বা সাম্প্রদায়িক গোঁড়ামিপূর্ণ ভণ্ডামী ভাবকে তিনি বড়ই ঘৃণা করিতেন।

(২) অর্থ (টাকা) সম্বন্ধে তিনি বলিতেন "অর্থ নর্দ্দামার জল, এক মাঠ দিয়া আসিয়া অপর মাঠে যাইতেছে, নালার জল আটকাইয়া রাখা সহজ কথা নহে।"

(৩) অভিমান সম্বন্ধে বলিতেন "অভিমান" আর "আমিত্ব" মানুষের শান্তিভঙ্গ করে। যিনি অভিমান এবং আমিত্ব ছাড়িতে পারেন, তিনি নিশ্চয় শান্তি নিকেতন পাইবেন। অভিমান চূর্ণ করিতে হইলে, প্রত্যহ স্বহস্তে পাইখানা পরিষ্কার করিতে হয় এবং আমি সকলের পদরেণু এই ভাবিয়া থাকিতে হয়।"

(৪) "আমিত্ব" সম্বন্ধে একটী কৌতূহলপূর্ণ হাস্যজনক বাক্য বলিতেন; তাহা এই—

বাছুর পেট থেকে পড়েই "হাম হা" অর্থাৎ 'আমি হয়' বা 'আমি' এই বলিয়া একবার চীৎকার করে। পরে সেটী যদি ষাঁড় হইল, তাহা হইলে তাহার দুর্দ্দশার আর সীমা রহিল না যদি গাই হইল, তাহা হইলে তাহাকে নিজের শরীরের রক্ত দুগ্ধ করিয়া লোককে দিতে হয়; না দিলে কষায়ের হস্তে যাইতে হইবে বা পিঞ্জরে পোলে প্রেরিত হইবে। এইরূপে গো জন্ম শেষ হইল, তবু সেই একবার 'আমি' বলিবার পাপ গেল না। ঐ দেহচর্ম্ম দিয়া লোকে জুতা করিল, পদতলে রাখিল, না হয় বাদ্যযন্ত্র করিয়া ক্রমাগত তাহাকে পিটিতে আরম্ভ করিল, তবুও আমি বলা পাপের প্রায়শ্চিত্ত হইল না; শেষে অন্ত্রগুলি লইয়া শুকাইয়া তাঁত তৈয়ারী করিল এবং তাহা তুলা ধুনিবার যন্ত্রে বাঁধিয়া, যখন তাহাতে মুগুর লইয়া ধুনুরি মারিতে লাগিল, তখন বাছা "আমি" ছাড়িয়া বলিতে লাগিল 'না না তুঁহু তুঁহু তুঁহু।' যত ক্ষণ পর্য্যন্ত মানুষের আঁতে (অন্ত্র) ঘা না লাগে, ততক্ষণ পর্য্যন্ত তাহার আমিত্ব ছাড়ে না।

(৫) লেখাপড়া সম্বন্ধে বলিতেন, "যে লেখা পড়া করিলে বুদ্ধি শুদ্ধি হয়, সেই লেখা পড়া করিবে। এই পুঁথিটা ঈশ্বরের একখানি স্বহস্ত লিখিত গ্রন্থ বলিয়া জানিবে।"

(৬) গুরুকরণ সম্বন্ধে বলিতেন 'গুরু যেমন হউন তাহা তোমার দেখিবার প্রয়োজন কি? তিনি মাতাল হউন, বিদ্যা শিক্ষা নাই করুন,—তিনি তোমার ইষ্টদেব স্বয়ং ঈশ্বর বলিয়া জানিবে। ঝাঁটার বিচার করিও না, ঝাঁটা দিয়া পথ পরিষ্কার কর।

(৭) প্রকৃত সাধু চিনিবার সম্বন্ধে বলিতেন 'যেমন যত শীতল পত্র হউক না কেন কামার শালে থাকিলে কিঞ্চিৎ উষ্ণ হইবেই হইবে, তেমনি যাঁহার নিকট বসিলে, মন শত চিন্তায়ও শান্তিলাভ করে, প্রাণের সত্তাবগুলি জাগরিত হয়, কথায় কথায় উচ্চভাব উচ্চতত্ত্বে মন আন্দোলিত হয়, তিনিই সাধু। নচেৎ মিথ্যা কৌতুককর কার্য্যে, অদৃষ্ট গণনার কুহকে অথবা ঔষধের ভেল্কীতে যে সাধুর অন্বেষণে ফিরে, সে মানুষ হইয়াও অজ্ঞান।

(ক্রমশঃ)

সহজ শিল্প।

স্বর্ণকারের দোকানে এক প্রকার দ্রব্য থাকে, তাহাতে গহনা পালিস করা হয়, উহাকে "রুজ" বলে। উহা প্রস্তুত করিবার প্রণালী যথা,—

অক্সালিক এসিড ডাক্তার খানায় পাওয়া যায়। এই জিনিসে কিছু জল মিশাইয়া পরে তাহাতে হীরাকসের জল কিছু মিশ্রিত কর। উভয়ে মিলিত হইলে পীতবর্ণ হইয়া যাইবে। কিছুক্ষণ রাখিলে পাত্রের নিম্নে সার পড়িবে। তখন পাত্রের উপরের স্থির জল ফেলিয়া দিয়া, নিম্নের সার সংগ্রহ করিবে। পরে ঐ সারকে শুকাইয়া, লৌহপাত্র করিয়া অগ্নির তাপ দিবে। তাপ লাগিয়া ইহার বর্ণ লোহিত হইবে। এই লোহিত চূর্ণ দ্রব্যই রুজ। অক্সালিক এসিড ভয়ানক বিষাক্ত পদার্থ। গৃহস্থের গৃহে কদাচ রাখিবে না।

শ্রীঃ—

ক্রমশঃ।

এডুকেশন গেজেট।

৩১শে ভাদ্র ১৩০০। ইং ১৫ই সেপ্টেম্বর ১৮৯৩।

বন্যা ও বৃষ্টি।

অতিবৃষ্টি ও বন্যায় এবার বাঙ্গালার অনেকানেক স্থানের শস্যের অপচয় হইয়াছে এবং সেই সঙ্গে উহার দুর্ম্মূল্যতা নিবন্ধন স্থানে স্থানে লোকের অন্নকষ্টের ও সূচনা আরম্ভ হইয়াছে। মফস্বলের পত্রাদির কথা ছাড়িয়া দিয়া কেবল সরকারী রিপোর্টের উপর নির্ভর করিলেও এবিষয় অনেকটা বুঝিতে পারা যায়। বেহার ও পূর্ব্ববঙ্গের অনেকস্থান জলে ডুবিয়াছে। ঐ সকল স্থানে সম্প্রতি জল একটু আধটু কমিতে থাকায় আমন ধানের পক্ষে কতকটা আশা হইয়াছে; নতুবা আশুধান্য, পাট ও অপরাপর শারদ ফসলের পক্ষে ক্ষতি যথেষ্টই হইয়াছে। বেহার প্রদেশে গণ্ডক নদীর জল বাড়িয়া ৫০ হাজার বিঘা ভূমির মকাই নষ্ট হইয়াছে। ২৪ পরগণা, নদীয়া, খুল্না ও পাবনার স্থানে স্থানে আশুধান্য ও পাটের বিস্তর ক্ষতি হইয়াছে। ৯ই সেপ্টেম্বর যে সপ্তাহের শেষ হইয়াছে, ঐ সপ্তাহে সাধারণের ব্যবহার্য্য মোটা চাউল ঢাকায় ও চট্টগ্রাম পার্ব্বত্য অঞ্চলে প্রতি টাকায় ৭ সের দরেও বিক্রয় হইয়া গিয়াছে। ময়মনসিংহ, ব্রাহ্মণবেড়িয়া, সেরাজগঞ্জ প্রভৃতি স্থানে উক্তরূপ চাউল ৫ টাকা এবং নোয়াখালি, কমিল্লা ও চাঁদপুরে ৪৷৷০ হইতে ৪৷৵০ মণ দরে বিক্রয় হইয়াছে। বর্দ্ধমান, প্রেসিডেন্সী, রাজসাহী, ভগলপুর, পাটনা ও ছোটনাগপুর বিভাগের অধিকাংশ স্থানে উল্লিখিত সপ্তাহে মোটা চাউল ৪ টাকা ও তাহার ন্যূন দরে বিকাইয়াছে।

বিগত রবিবার অপরাহ্ণ হইতে আরম্ভ হইয়া কয়দিন এ অঞ্চলে বড় মন্দ বৃষ্টি হয় নাই। এই বৃষ্টিতে চাষের পক্ষে যথেষ্ট উপকার হইয়াছে।

আজিমগড় হাঙ্গামার স্থানীয় গবর্ণমেণ্টের মন্তব্য।

গোহত্যা ব্যাপার লইয়া আজিমগড়েও হিন্দু মুসলমানগণ মধ্যে যে বিষম গোলযোগ বাধিয়াছিল সেই গোলযোগের হেতু কি, স্থানীয় কর্ত্তৃপক্ষীয়গণ উহার নিবারণ জন্য কিরূপ উপায় অবলম্বন করিয়াছিলেন ইত্যাদি বিষয় নির্দ্ধারণ করিবার জন্য উত্তর পশ্চিম প্রদেশীয় গবর্ণমেণ্ট অকুস্থলে যাইয়া কয়েক দিন যাবৎ তথায় অবস্থান করিয়াছিলেন এবং উক্ত কাল মধ্যে এতৎ সম্বন্ধে যে সকল তথ্যাদি সংগ্রহ করিতে পারিয়াছেন তদ্দ্বারা শেষে এই সিদ্ধান্ত করিয়াছেন যে, গোরক্ষণী সভাগুলিই সকল অনর্থের মূল। গোজাতির উন্নতি হয়—এই সদুদ্দেশ্যের অনুসরণ করিয়াই সর্ব্বপ্রথমে এই সভাগুলি সংস্থাপিত হইয়াছিল; কিন্তু সভার সদস্যগণ পরে কিছু বাড়াবাড়ি আরম্ভ করেন—গোহত্যাকারী কাহাকেও কোন হিন্দু গরু বিক্রয় করিবে না, প্রত্যেক গৃহস্থকে আহার করিতে বসিবার সময় গোরক্ষণী সভার নামে একটি পয়সা, বা এক পয়সা মূল্যের শস্য, অন্ততঃ এক পয়সা ওজনেরও শস্য রাখিতে হইবে। যিনি না রাখিবেন তাঁহাকে সমাজচ্যুত হইতে হইবে এবং তাঁহার গোমাংস ভক্ষণের পাতক হইবে, ইত্যাদি। গোরক্ষণী সভাগুলি পূর্ব্বে পরস্পর স্বতন্ত্র ছিল, কিন্তু বিগত ১৮ই মার্চ ও ১৫ই মে গোরক্ষপুর জেলার অন্তর্গত লারনামক গ্রামে ও আজিমগড়ে যথাক্রমে দুইটি সভা হইয়া ঐ গুলি এক্ষণে একতন্ত্র হইয়াছে। উল্লিখিতরূপ চাঁদা সংগ্রহের ব্যবস্থা ঐ দুই সভারই মন্তব্য অনুসারে হইয়াছিল। গোরক্ষণী সভাগুলি এইরূপ একতন্ত্র হইবার পূর্ব্বেও কিন্তু স্থানে স্থানে হিন্দুগণ কর্ত্তৃক মুসলমানদিগের হস্ত হইতে বলপূর্ব্বক গোমহিষাদি কাড়িয়া লওয়ায় গোলযোগের সূচনা পূর্ব্ব হইতেই বুঝা গিয়াছিল। ছাগ ও মহিষ বলি হিন্দুদিগের মধ্যেও প্রচলিত আছে, অথচ হিন্দুগণ ঈদের সময় মুসলমানেরা যাহাতে ঐ দুই পশুও না কিনিতে পায় তাহারও চেষ্টা করিয়াছিল। ইনস্পেক্টর জহরসিংহ ম্যাজিষ্ট্রেটকে এবিষয় জানাইয়াছিলেন, অপিচ বলিয়াছিলেন যে, হিন্দুরা মুসলমানদিগের প্রচলিত গোহত্যাকার্য্যে বাধা দিবে স্থির করিয়াছে এবং মুসলমানেরাও অন্যান্য বৎসর যে পরিমাণ গোহত্যা করিয়া থাকে এবারে সম্ভবতঃ তদপেক্ষা অধিক করিবে।

এই রিপোর্টের উপর নির্ভর করিয়া ম্যাজিষ্ট্রেট ভূপারণে ঈদ উপলক্ষে মুসলমানদিগের অভীষ্ট গোহত্যার স্থানগুলির একটি তালিকা চাহিয়া পাঠান এবং উক্ত কার্য্যের জন্য একটি সময় নির্দ্দিষ্ট করিয়া

দেন। ডুপারণে সাহেবের এইরূপ আদেশ হেতুই গোলযোগ ঘটিয়াছিল বলিয়া অনেকে বলিতেছেন, কিন্তু প্রকৃত পক্ষে তাহা নহে। ডুপারণের আদেশের পূর্ব্বেই উহার সূচনা হইয়াছিল। ডুপারণে অল্প দিনের কর্ম্মচারী হইলেও এই গোলযোগ ব্যাপারে ভূয়োদর্শিতারই পরিচয় দিয়াছেন। ডেপুটী ম্যাজিষ্ট্রেট মুন্সী ভূপস্বরূপ ও প্রতিনিধি তহশীলদার পণ্ডিত চাঁদ নারায়ণ প্রশংসিত কার্য্য করিয়াছেন; এবং অত্যন্ত গোলযোগের সময়ও যে গবর্ণমেণ্ট হিন্দুকর্ম্মচারিগণের উপর বিশ্বাস স্থাপন করিতে পারেন ইহাঁদিগের আচরণে তাহাও প্রতিপন্ন হইয়াছে।

ছোট লাট বাহাদুর স্যর চর্লস ক্রস্ থোয়েট আজিমগড়ে যাইয়া দাঙ্গা হাঙ্গামা সংক্রান্ত ব্যক্তিগত অভিযোগ শুনিবার নিমিত্ত একটি দিন নির্দ্দিষ্ট করিয়া দিয়াছিলেন। ঐ সমস্ত অভিযোগ হইতে এবং জেলার প্রধান প্রধান ব্যক্তিবর্গের সহিত আলাপ করিয়া তিনি বুঝিতে পারিয়াছেন যে, হিন্দুরা মুসলমানদিগকে একেবারেই গোহত্যা করিতে দিতে নারাজ। মুসলমানেরাও প্রতিহিংসাপরায়ণ হইয়া উঠিয়াছে। এরূপ অবস্থায় তাঁহার ইচ্ছা যে, হিন্দু ও মুসলমান সম্প্রদায়ের প্রধান প্রধান ব্যক্তিবর্গ মিলিয়া যাহাতে উভয় পক্ষের এই সকল বিবাদের মীমাংসা হয়, যাহাতে উভয় পক্ষে সদ্ভাব সংস্থাপিত হয় তাহারই উপায় বিধানে যত্ন করেন।

শিক্ষা বিষয়ক।

লণ্ডন বিশ্ববিদ্যালয়ের আর্টস ও বিএ পরীক্ষা এদেশে গৃহীত হইবার সম্বন্ধে বিগত ২৮এ জুলাইয়ের কলিকাতা গেজেটে যে নিয়মাবলী প্রচারিত হইয়াছিল, তদ্ব্যতীত আরও কয়েকটি অতিরিক্ত নিয়ম সম্প্রতি প্রকাশিত হইয়াছে। সে নিয়মগুলি এই—লণ্ডন বিশ্ববিদ্যালয়ের উপাধি পরীক্ষার্থিগণকে প্রথমতঃ 'ম্যাট্রিকিউলেসন' পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। পরীক্ষার্থী যদি অন্য কোন বিশ্ববিদ্যালয়ের উপাধি পাইয়াও থাকেন তথাপি লণ্ডন বিশ্ববিদ্যালয়ের উপাধি পরীক্ষা দিতে হইলে তাঁহাকে 'ম্যাট্রিকিউলেসন' ও উহার পরবর্ত্তী পরীক্ষা দিতে হইবে। জানুয়ারি মাসের দ্বিতীয় সোমবার এবং জুন মাসের দ্বিতীয় সোমবার—এই নিয়মে প্রতি বৎসর দুইবার করিয়া ম্যাট্রিকিউলেশন পরীক্ষা গৃহীত হইবে। আগামী জানুয়ারি মাসে যে সকল ছাত্র কলিকাতায় এই পরীক্ষা দিবেন, তাঁহাদিগের সম্বন্ধে এখন আর কোনরূপ বন্দোবস্ত করিবার সময় নাই; তবে যাঁহারা আগামী জুনে পরীক্ষা দিবেন তাঁহাদের সম্বন্ধে সমস্ত বন্দোবস্ত পূর্ব্ব হইতে ঠিক করিয়া রাখা হইবে; কিন্তু তাঁহাদিগকে ১লা জানুয়ারি বা তৎপূর্ব্বে আপন আপন অভিপ্রায় লণ্ডন বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রারের আফিসে জানাইতে হইবে। পরীক্ষার ফি ২ পাউণ্ড। ১৬ বৎসর বয়ঃক্রম পূর্ণ না হইলে কেহ পরীক্ষা দিতে পারিবেন না।

গবর্ণমেণ্টের বৃত্তি পাইয়া ভারত হইতে যাঁহারা বিলাত গমন করিবেন তাঁহাদের সম্বন্ধে নিম্নলিখিত নিয়মগুলি ষ্টেট সেক্রেটরী কর্ত্তৃক সংশোধিত হইয়া প্রচারিত হইয়াছে—

প্রত্যেক ছাত্র ইংলণ্ডে পৌঁছিয়া প্রথমেই ইণ্ডিয়া আফিসে যাইবেন এবং তথায় স্বীয় আগমনবার্ত্তা লিখিয়া জানাইবেন। যিনি যে বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত হইতে ইচ্ছা করেন, অযথা বিলম্ব না করিয়া ষ্টেট সেক্রেটরীকে তাহা জানাইবেন এবং আপন মনোনীত কলেজে প্রবেশের সমস্ত যোগাড়যন্ত্র করিয়া লইবেন। যে ছাত্র যে বিষয় অধ্যয়ন করিবেন, ইংলণ্ডে পৌঁছিয়া চারি সপ্তাহের মধ্যে ষ্টেট সেক্রেটরীকে তাহা জানাইয়া সে সম্বন্ধে তাঁহার সম্মতি লইতে হইবে। ষ্টেট সেক্রেটরীর সম্মতি লাভের পর বিষয়ের পরিবর্ত্তন করিতে ইচ্ছা করিলে ষ্টেট সেক্রেটরীর মত লইয়া তাহা করিতে হইবে। বিশ্ববিদ্যালয়ে অবস্থান কালে প্রত্যেক টহরমের শেষে ছাত্রগণকে কলেজ অথবা বিশ্ববিদ্যালয়ের কর্ত্তৃপক্ষীয়ের প্রদত্ত স্ব স্ব চরিত্র ও পাঠোন্নতি বিষয়ক প্রশংসাপত্র ষ্টেট সেক্রেটরীর নিকট দাখিল করিতে হইবে। ষ্টেট সেক্রেটরীর প্রদত্ত উপদেশ সকল সময়েই সকল ছাত্রকে মানিয়া চলিতে হইবে।

প্রত্যেক ছাত্র বৎসরে ২০০ পাউণ্ডের হিসাবে তিন বৎসরকাল বৃত্তি পাইবেন। ইংলণ্ডে পৌঁছিয়া পৌঁছন বার্ত্তা ইণ্ডিয়া আফিসে যে তারিখে দেওয়া হইবে সেই তারিখ হইতে আরম্ভ করিয়া ৩ বৎসর কাল যাবৎ তাঁহাকে

তিন তিন মাসের করিয়া বৃত্তি অগ্রিম দিবার ব্যবস্থা করা যাইবে। পীড়া বশতঃ না হইয়া অথবা ষ্টেট সেক্রেটরীর বিবেচনায় অপর কোন বিশিষ্ট কারণ বশতঃ না হইয়া অসচ্চরিত্রাদি অন্য কোন কারণবশতঃ যদি কেহ উল্লিখিতরূপ সর্ত্তপালন পূর্ব্বক ৩ বৎসরকাল ইংলণ্ডবাস করিতে অসমর্থ হন তবে তাঁহার বৃত্তি বন্ধ হইবে। যাঁহার বৃত্তি বন্ধ হইবে তিনি আর বিনা ব্যয়ে ভারতে যাইতে পাইবেন না বরং ইংলণ্ডে আসিবার খরচটাও তাঁহাকে ধরিয়া দিতে হইবে।

ছাত্রগণকে ষ্টেট সেক্রেটরীর রাজনৈতিক এডিকঙ্গের বিশেষ কর্ত্তৃত্ব ও তত্ত্বাবধারণের অধীনে থাকিতে হইবে। ষ্টেট সেক্রেটরীর যে কোন বক্তব্য তাঁহাকে দিয়াই বলাইবেন এবং ছাত্রগণ ষ্টেট সেক্রেটরীকে কোনরূপ পত্রাদি পাঠাইতে হইলে তাঁহারই হাত দিয়া পাঠাইবেন।

গাঁজা কমিসনের প্রশ্নপত্র।

গাঁজা কমিসন নিম্নলিখিতরূপ প্রশ্নপত্র প্রস্তুত করিয়া উত্তরের জন্য বিশেষ বিশেষ ব্যক্তিগণের নিকট পাঠাইয়া দিয়াছেন—(১) অল্প পরিমাণেই হউক আর অধিক পরিমাণেই হউক গাঁজা, চরস অথবা ভাঙ্গ সেবন করিয়া থাকে—এরূপ কোন কোন বিশেষ সম্প্রদায়ের লোক আছে কি না; (২) উল্লিখিত নেশার দ্রব্যগুলি পরিমিতরূপে ব্যবহার করিবার উদ্দেশ্য কি? উহাতে কিরূপ উপকার অথবা আরাম হইতে পারে? (৩) দিন কতটা করিয়া উহা সেবন করিলে পরিমিত সেবন বলে; আর তাহাতে খরচই বা কত পড়ে? (৪) পরিমিত সেবন হইতে হইতেই কি অত্যধিক সেবনে স্পৃহা জন্মে? (৫) ধর্ম্মসংক্রান্তই হউক আর সামাজিকই হউক—কোন্ কোন্ বিশেষ স্থলে সাধারণতঃ উহার ব্যবহার হইয়া থাকে; আর কাহারাই বা ব্যবহার করে? (৬) গাঁজা, চরস, ভাঙ্গ পরিমিত সেবনেই বা কি ফল আর অত্যধিক সেবনেই বা কি ফল? প্রকরণভেদে উহাদিগের ফলের কিরূপ তারতম্য ঘটিয়া থাকে; (৭) গাঁজার সঙ্গে লোকে আর কি মিশাইয়া খায় এবং কেনই বা খায়? ধুতুরা প্রভৃতি অনিষ্টকর দ্রব্য কেহ কি ইচ্ছা করিয়া গাঁজার সহিত মিশাইয়া খায়? যদি খায় তবে তাহার উদ্দেশ্য কি? ধুতুরার ন্যায় ঐরূপ আর কোন্ কোন্ দ্রব্য আছে? (৮) গাঁজার বিকারের সহিত ঐরূপ আর কোন দ্রব্য মিশাইয়া ব্যবহার করা হয় কি না; যদি হয় ত তাহার উদ্দেশ্য কি? (৯) গাঁজাদির ব্যবহার বন্ধ করিয়া দেওয়া উচিত কি না; বন্ধ করিয়া দেওয়া সাধ্য কি না? যুক্তি দেখাইয়া এই প্রশ্নের উত্তর করুন। (১০) গাঁজাদির ব্যবসায় সম্বন্ধে আবকারী বিভাগে এক্ষণে যে সকল নিয়ম প্রচলিত আছে তন্মধ্যে আপনার বিবেচনায় কোন কোনটি আপত্তিজনক কি না সুস্পষ্টরূপে এই প্রশ্নের উত্তর দান করিবেন। (১১) গাঁজা প্রভৃতির সম্বন্ধে কোন বিষয় অথবা কোনরূপ মতামত কমিসনকে জানাইতে ইচ্ছা করিলে তাহা স্বাধীন ও সুস্পষ্টভাবে জানাইতে পারিবেন।

স্কুল কলেজ বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত করা সম্বন্ধীয় নূতন নিয়মগুলি গত শনিবার সেনেট সভায় আলোচিত হইয়াছিল। একটি সাধারণ কমিটীর উপর নিয়মগুলি সম্বন্ধে বিবেচনার ভার পড়িয়াছে। কমিটীকে ঐগুলির সবিশেষ পর্য্যালোচনা করিয়া রিপোর্ট করিতে হইবে। রিপোর্ট দাখিল না হওয়া পর্য্যন্ত ঐ সকল নিয়মানুযায়ী কার্য্য চলা আপাততঃ স্থগিত থাকিবে। তের জন সদস্য লইয়া কমিটীটি সংগঠিত হইয়াছে।

সাপ্তাহিক সংবাদ।

[কলিকাতা] কলিকাতার বাবু যদুনাথ মল্লিক প্রভৃতি কলিকাতা মিউনিসিপ্যালিটীর বিরুদ্ধে ক্ষতিপূরণের নালিস করিয়া ১৪ হাজার ২ শত টাকার ডিক্রী পাইয়াছেন। জজ নরিস সাহেবের নিকট বিচার হইয়াছিল। মিউনিসিপ্যালিটী এই বিচারের বিরুদ্ধে আপীল করিবেন স্থির করিয়াছেন।

মহারাজ যতীন্দ্রমোহন ঠাকুর কলিকাতার পশুশালার বন্দোবস্ত কমিটীর একজন সদস্য নিযুক্ত হইয়াছেন।

গোহত্যা লইয়া ভবিষ্যতে হিন্দু মুসলমানে আর কোনরূপ দাঙ্গা হাঙ্গামা যাহাতে না হইতে পায় তাহার উপায় বিধান জন্য কলিকাতার হিন্দু ও মুসলমান সমিতিসমূহের একটী কনফারেন্স বসাইবার প্রস্তাব হইয়াছে। 'ভারত-সমিতি' মিঃ আর ডিং মেটা ও বাবু সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়কে কনফারেন্সের 'ডেলিগেট' মনোনীত করিয়াছেন।

গত মঙ্গলবার চিফ্ জষ্টিস ও জজ নরিস সাহেব বিলাত যাত্রা করিয়াছেন। জজ ম্যাকফারসন ছুটীর সময়টা নীলগিরিতে কাটাইবেন সঙ্কল্প করিয়াছেন। আগামী ১৯শে সেপ্টেম্বর তিনি তথায় যাত্রা করিবেন। জজ ওক নলি ও আমীর আলি দার্জ্জিলিঙ্গ গিয়াছেন। জজ

মিডলিণ্ড বিলাত হইতে সম্প্রতি প্রত্যাগত হইয়া দার্জিলিঙ্গ গমন করিয়াছেন। জজ পিগট একণে পীড়িত; একটু সারিয়া উঠিলেই বিলাত চলিয়া যাইবেন। জজ শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায় ও শ্রীযুক্ত চন্দ্রমাধব ঘোষ ছুটীর সময়টা কোথায় কাটাইবেন এখনও তাহা জানা যায় নাই। (অমৃতবাজার)

আগামী ৯ই আশ্বিন, রবিবার অপরাহ্ণ ৩ ঘটীকার সময়, ১৩ নং মুক্তাপুর ষ্ট্রীটে সুহৃদসভার একটী বিশেষ অধিবেশন হইবে। সভ্যগণের উপস্থিতি একান্ত প্রার্থনীয়।

[ঢাকা] পূর্ব্ববঙ্গে অন্নকষ্ট উপস্থিত হইয়াছে। ঢাকা, নোয়াখালি, ত্রিপুরা সর্ব্বত্রই হাহাকার পড়িয়া গিয়াছে। মুন্সীগঞ্জের দুর্ভিক্ষ শুনিয়া বাবু অদ্বৈতপ্রসাদ দে মুন্সেফ ১০৲ টাকা, বাবু নগেন্দ্রনাথ ধর, মুন্সেফ ১০ টাকা বাবু আনন্দীনাথ রায়চৌধুরী জমিদার ২৫ টাকা এই রূপে লোকে দয়াপরবশ হইয়া নগদ প্রায় ৩৫০ টাকা এবং প্রায় দুই শত মণ চাউল দান করিয়াছেন।

[আসাম] বন্যায় কামরূপে বড় বিপত্তি ঘটিয়াছে। ধান চাউল অনেক স্থানেই দুষ্প্রাপ্য হইয়াছে। সম্প্রতি আবার আসামের কামরূপ জেলা হইতেও বিষম বন্যার সংবাদ আসিতেছে। সে অঞ্চলে ও ধান চাউল দুষ্প্রাপ্য হইয়াছে। (দৈনিক)

[উড়িষ্যা] জমিদার রাধাশ্যাম মহাপাত্রের উপর অত্যাচার করায় বালেশ্বরের সহকারী বন্দোবস্তের কর্ম্মচারী রেডিস সাহেবকে জয়েণ্ট পদ হইতে আসিষ্টাণ্ট পদে অবনত হইতে হইয়াছে। এক বৎসর তাঁহার পদোন্নতি হইবে না।

[বেহার]—ছাপরা ও তন্নিকটবর্ত্তী স্থানের হিন্দু ও মুসলমানগণ মিলিয়া ছাপরায় সে দিন একটী সভা করিয়াছিল। সভায় এই সিদ্ধান্ত হয় যে খাজনাবিষয়ক কার্য্যে পরিণত হইলে এবং জরিপী পেয়েস্তার জন্য কানুনগো অথবা অন্য কোনরূপ কর্ম্মচারী নিযুক্ত হইলে বড়ই অসুবিধা হইবে। প্রজাতে প্রজায় এবং প্রজায় জমিদারে বিবাদ বাধিয়া উভয়পক্ষেরই বিস্তর অর্থ ব্যয় হইবে। তদ্ভিন্ন এই ব্যাপার উপলক্ষে যে কোন নূতন টাক্স ধার্য্য হইবে তাহাও বিশেষ আপত্তির কারণ হইবে।

পাটনা বিভাগে বসন্তপুর নামক পল্লীতে হিন্দু মুসলমানে একটি দাঙ্গা হইয়া গিয়াছে বলিয়া পাইওনিয়র জানিয়াছেন। পাইওনিয়র বলিতেছেন, হিন্দুরা মুসলমান কসাইদিগের নিকট হইতে গরু বলপূর্ব্বক কাড়িয়া লইবার চেষ্টা করিয়াছিল বলিয়াই দাঙ্গা হইয়াছিল।

[বোম্বাই] বোম্বাই টাউনহলে হিন্দু ও মুসলমানগণ মিলিয়া সম্প্রতি একটি সভা করিয়াছিলেন। বোম্বাইয়ের দাঙ্গা ব্যাপারে যে সমস্ত নির্দ্দোষ ব্যক্তিকে ক্ষতিগ্রস্ত হইতে হইয়াছে তাহাদিগের কোনরূপ সাহায্যের ব্যবস্থা করাই উক্ত সভার উদ্দেশ্য ছিল। বোম্বাইয়ের গবর্ণর বাহাদুর সভাপতির আসন পরিগ্রহণ করিয়াছিলেন। উল্লিখিত উদ্দেশ্য কার্য্যে পরিণত করিবার জন্য চাঁদা আদায় করা হইবে। এতদর্থে একটী সাধারণ কমিটী সংগঠিত হইয়াছে।

আহামদাবাদে ডাকবিভাগের একজন সাহেবকে কোন ভিক্ষুক ভিক্ষা চাহিয়া জ্বালাতন করায় সাহেব তাহাকে খুন করিয়া ফেলিয়াছিলেন। এই অপরাধে তাঁহার ৩০ টাকা অর্থদণ্ড হইয়াছিল। বোম্বাই হাইকোর্ট কিন্তু নিম্ন আদালতের এই দণ্ডাজ্ঞা নাকচ করিয়া সাহেবকে দায়রা সোপরদ্দ করিয়াছেন।

৺ কাশীনাথ ত্রাম্বক তেলাঙ্গের মৃত্যুতে বোম্বাই হাইকোর্টে একটী দেশীয় জজের পদ খালি হইয়াছে। উক্ত পদে বসিতে পারেন এরূপ তিন জনের নাম হইয়াছে—মিঃ বাসুদেব কীর্ত্তিকর, মিঃ পিরোজ সা মেটা ও মিঃ রাণাডে। তিনের মধ্যে কে নিযুক্ত হইবেন তাহা এখনও স্থির হয় নাই।

বইকুল্লা নামক স্থানে হিন্দু ও মুসলমানগণ একত্রিত হইয়া পরস্পরে সদ্ভাব করিয়াছে। কামাতি হিন্দু ও জুলাই মুসলমানের প্রধান প্রধান ব্যক্তিবর্গের মধ্যে পরস্পর মাল্যাদি বদল চলিয়াছিল।

[সাধারণ] নূতন গবর্ণর জেনরেল স্যর হেনরি নরম্যান কোন্ তারিখে ভারতে আসিয়া যে কার্য্যভার গ্রহণ করিবেন, তাহা এখনও ঠিক হয় নাই। পাইওনিয়র বলিতেছেন, ১৫ই ডিসেম্বরের পূর্ব্বে উহা ঘটিবে না, যেহেতু স্যর হেনরি নরম্যান এক্ষণে ব্রিসবেনে আছেন; সেখান হইতে যোগাড়যন্ত্র করিয়া আসিতে তাঁহার সময় লাগিবে।

রেভেনিউ বোর্ড নিয়ম করিয়াছেন যে দেব সেবাদির জন্য যে সকল কোম্পানীর কাগজ আছে উহার সুদের উপর আয় কর ধার্য্য করা হইবে না। উক্ত সুদে দেব সেবা অথবা অন্য কোন দাতব্য অভিপ্রায়ের জন্য যদি স্বতন্ত্র কোম্পানীর কাগজ ক্রয় করা হয়, তবে উক্ত কাগজের সুদের উপরও আয়কর ধার্য্য হইবে না।

রাণীগঞ্জ সিয়ারসোলের মহারাণী হরসুন্দরী দেবীর মৃত্যু হইয়াছে। তাঁহার শব গাড়ী করিয়া হাওড়ার নিকটস্থ সাগিকিয়ার ঘাটে ঘৃত ও চন্দন কাষ্ঠ দ্বারা দাহ করা হইয়াছে। দাহকার্য্য শেষ হইয়া যাইবার পর কাঙ্গালীদিগকে প্রচুর অর্থদান করা হইয়াছিল।

কাচিলা জাতীয় এক প্রকার ঘাসের মূল ২।৩ দিন সেবনে যকৃৎ, প্লীহা ও কামলাগ্রস্ত শিশুর শরীর ও মূত্রাদির হরিদ্রাবর্ণ ঘুচিয়া যায়। শ্বেতকুঁচের শাঁস ঘসিয়া চন্দনের ন্যায় করিয়া উত্তমরূপে নস্য লইলে শিরোরোগ আরোগ্য হয়। তুলসীগাছে স্বর্ণের ন্যায় বর্ণ এক প্রকার পোকা দেখিতে পাওয়া যায়। ঐ পোকা জীবন্ত ধরিয়া মাদুলীতে পুরিয়া কণ্ঠে ধারণ করিলে হাঁপানী নিবৃত্তি হয়। ২।৪ খানি করিয়া কাঁচা বেলের মোরব্বা প্রত্যহ খাইলে অথবা মাখন ও মিছিরি প্রত্যহ প্রাতে খাইলে অর্শরোগের যন্ত্রণার উপশম হয়। খুব পুরাতন ঘৃত ও মোম সমভাবে লইয়া চতুর্গুণ পরিমাণ বনচালিতা গাছের পাতার রস সহ একত্রে পাক করিয়া মলমের ন্যায় করিবে। পরে যে কোন ঘা'ই হউক না নিমপাতার জলে ধৌত করিয়া প্রত্যহ প্রাতে ও সন্ধ্যার সময় উক্ত মলম লাগাইলে যা শীঘ্র ভাল হইবে। (হিতবাদী)

ক্লোরাল হাইড্রেট দুই ভাগ ও কর্পূর ১ ভাগ একত্র মিলাইলে যে এক প্রকার তৈলবৎ পদার্থ উৎপন্ন হইবে, বিছা অথবা বোলতা, ভীমরুল প্রভৃতি কর্ত্তৃক দষ্টস্থানের সন্নিহিত চর্ম্মের কোন স্থলে সূচিকাদ্বারা একটী সামান্য ছিদ্র করিয়া তথায় ঐ ঔষধ লাগাইবামাত্র জ্বালা যন্ত্রণা দূর হয়। (হিতবাদী)

ইউরেশীয়গণ যাহাতে সেনাদলে প্রবিষ্ট হইতে পারে তজ্জন্য বোম্বাই মান্দ্রাজ ও কলিকাতার ইউরেশীয় ও এংগো ইণ্ডিয়ান সমিতিসমূহ একযোগে পার্লিয়ামেণ্ট মহাসভায় একখানি আবেদন পাঠাইবেন। আবেদনের সঙ্গে একজন 'ডেলিগেট'কেও ইংলণ্ডে পাঠান হইবে।

ভারতের আফিম কমিসনের অর্দ্ধেক ব্যয় ভারতকে সরবরাহ করিতে হইবে ষ্টেট সেক্রেটরী এইরূপ বলিয়াছিলেন। জেনারেল স্যর

জর্জ চেস্‌নি বিলাতের টাইমস্‌ পত্রিকায় ষ্টেট সেক্রেটরীর উক্তির তীব্র সমালোচনা করিয়াছেন। টাইমস্‌ পত্রিকাও সার জর্জ চেস্‌নির যুক্তির পোষকতা করিয়াছেন।

রাজা সূর্য্যকান্ত আচার্য্য চৌধুরী মহাশয় ফিলিপ্স সাহেবের নামে ক্ষতিপূরণ স্বরূপ ৬০ হাজার টাকার দাবী দিয়া যে নালিশ করিয়াছিলেন, ফিলিপ্স সাহেব ক্ষমা প্রার্থনা করায় সম্প্রতি তিনি উক্ত নালিশ উঠাইয়া লইয়াছেন।

ফরিদপুরের অন্নক্লিষ্টদিগকে সাহায্য করিবার জন্য কলেক্টর সাহেব তথায় একটি ফণ্ডের প্রতিষ্ঠা করিয়াছেন। মহারাজ সার যতীন্দ্রমোহন ঠাকুর বাহাদুর উক্ত ফণ্ডে ৫ শত টাকা দান করিয়াছেন।

আগামী ১৫ই নবেম্বর বুধবার হইতে আরম্ভ হইয়া পরবর্ত্তী আর দুই দিন কাল সহকারী মাজিষ্ট্রেট ডেপুটী মাজিষ্ট্রেট, স্পেশিয়াল ডেপুটী ও সব ডেপুটী কলেক্টর প্রভৃতির দ্বিতীয় বাৎসরিক বিভাগীয় পরীক্ষা গৃহীত হইবে। পরীক্ষার জন্য স্থানীয় কেন্দ্র দুইটী স্থানে হইবে—ঢাকা, ফরিদপুর ও ময়মনসিংহ জেলায় যাঁহারা নিযুক্ত আছেন তাঁহাদের পরীক্ষাকেন্দ্র ঢাকায় এবং বাখরগঞ্জ জেলায় যাঁহারা নিযুক্ত আছেন তাঁহাদের পরীক্ষা-কেন্দ্র বরিশালে হইবে।

২০শে হইতে ২৬শে ভাদ্র পর্য্যন্ত কলিকাতা পাটের বাজারের সাপ্তাহিক বিবরণ—

সিরাজগঞ্জ ও উত্তর বঙ্গ প্রভৃতি—			
ঐ	শরেস পাট	৬৵০ হইতে	৬৵১০
ঐ	মাঝারি ঐ	৫৸০ "	৬৲
ঐ	নিরেস ঐ	৫।৵০ "	৫৷৵০
নারায়ণগঞ্জ, ময়মনসিংহাদি	ঐ	"	
পাংশা, ওসমানপুরাদি	ঐ	৫৲ "	৫৷৵০
দেশী [সর্ব্বপ্রকার]	ঐ	৫।০ "	৫৷৵০
জিজামারি, বোম্বাই আদি	ঐ	৪৷৵০ "	৫।৵০
দেওড়া [সর্ব্বপ্রকার]	ঐ	৪৷৵০ "	৫।।০

গত পূর্ব্ব সোমবার হইতে গত রবিবার পর্য্যন্ত

এক সপ্তাহের আমদানী		৩৩৮০০০	বস্তা
ঐ	রপ্তানী	২২৯০০০	"
ঐ	মজুত	২৮৫০০০	"
গত মেলের	মজুত	১৫৬০০০	"

মন্তব্য—বাজার গত সপ্তাহাপেক্ষা ৵০ আনা হইতে ৵০ আনা চড়া। শ্রীযতীন্দ্রমোহন বন্দ্যোপাধ্যায়, ৫৭নং বাবুরাম ঘোষের লেন আহীরীটোলা কলিকাতা।

৮ দুর্গা পূজোপলক্ষে ইষ্ট ইণ্ডিয়ান রেলপথের যাতায়াতের টিকিট সম্বন্ধে কয়েকটী নূতন নিয়ম হইয়াছে। ইণ্টারমিডিয়েট শ্রেণীর অর্ডিনারি রিটর্ণ টিকিটগুলি ৬ই অক্টোবর হইতে ৬ই নবেম্বর পর্য্যন্ত চলিবে। ১৩ই অক্টোবর হইতে ১লা নবেম্বর পর্য্যন্ত প্রথম ও দ্বিতীয় শ্রেণীর যাত্রিগণ ১০০ মাইলের উপরে হইলে এক ভাড়ায় যাওয়া আসা করিতে পারিবেন। হাওড়া হইতে বর্দ্ধমান পর্য্যন্ত যে কোন ষ্টেশনের মাসিক টিকিটের মূল্য অক্টোবর মাসের জন্য পূরা মূল্যের সিকি বাদ দিয়া লওয়া হইবে। কিন্তু যাঁহারা সেপ্টেম্বর মাসের মাসিক টিকিট কিনিবেন তাঁহাদের পক্ষেই উক্ত রূপ ব্যবস্থা করা যাইবে।

১৮৯২-৯৩ সালের রবিফসলের সময় কিঞ্চিদধিক ৩ লক্ষ ৫৮ হাজার বিঘা ভূমি সরকারী পয়ঃপ্রণালীর জলে চাষ হইয়াছিল। পূর্ব্ববৎসরে অর্থাৎ ১৮৯১-৯২ সালে কিঞ্চিদ্ন্যূনাধিক ৩ লক্ষ সাড়ে ১৭ হাজার বিঘা ভূমির চাষ উক্ত জলদ্বারা হইয়াছিল।

[বৈদেশিক] দক্ষিণ অষ্ট্রেলিয়ার কয়লার খনির মজুরেরা যে ধর্ম্মঘট করিয়াছিল, তাহা এক্ষণে ভাঙ্গিয়াছে। মজুরেরা আবার কর্ম্ম করিতে আরম্ভ করিয়াছে।

কমন্স সভায় সার উইলিয়ম ওয়েডরবরণ যে প্রশ্ন করেন, সেই প্রশ্নের উপর মন্তব্য প্রকাশচ্ছলে কোন কোন বিলাতী সংবাদপত্র বলিয়াছেন যে, বোম্বাই ও অন্যত্র হিন্দু-মুসলমানের মধ্যে যে সকল দাঙ্গা হাঙ্গামা হইয়া গিয়াছে, তৎসম্বন্ধে স্বাধীন-ভাবে অনুসন্ধান লইয়া যাহাতে ঐ সকলের প্রশমন হইতে পারে সে পক্ষে চেষ্টা করা কর্ত্তব্য।

ইয়র্কসায়ারের খনির মজুরদিগের ধর্ম্মঘট এখনও চলিতেছে। হেকমনডাইক নামক স্থানেও খুব ধর্ম্মঘট চলিতেছে। তথাকার মজুরেরা ম্যানেজার দিগের সহিত দেখা করিতে চাহিয়াছিল। পুলিস ঐ সকল লোকদিগকে আক্রমণ করিয়া অনেককে নষ্ট করিয়াছে। নটিংহামের নিকটবর্ত্তী স্থানেও খুব দাঙ্গা হাঙ্গামা হইয়াছে।

ব্রাসলে ও ওয়ার্ধ নামক স্থানেও খনির মজুরেরা আবার দাঙ্গা করিয়াছিল। এই দাঙ্গায় ব্যবসায় পক্ষে ক্ষতি হইতেছে। মিডল্যাণ্ড রেল-পথে প্রত্যহ ৩০ খানি এবং নেকিল্ড রেলপথে ৫৮ খানি ট্রেণের চলাচল বন্ধ হইয়াছে।

৭ই সেপ্টেম্বর বিলাতে আফিম কমিসন বসিয়াছিল। ১২ই নবেম্বর কলিকাতায় বসিবে। আফিম কমিসন এক্ষণে বিলাতে আফিমসেবী মিসনরিগণের সাক্ষ্যগ্রহণ করিতেছেন।

১৮৯৯ সালে ফরাসী প্রদর্শনী প্যারিস নগরে বসিবে স্থির হইয়াছে।

জেনরল জেনারেল উইলিয়ম বুথের মৃত্যু হইয়াছে।

আগামী বসন্তে ঈজিপ্টের খেদিভ লণ্ডন ও ইউরোপের অন্যান্য স্থান পরিভ্রমণ করিবেন স্থির হইয়াছে।

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—ফরিদপুরের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু জগবন্ধু খাঁ ২ মাস ৫ দিনের ছুটী পাইলেন। বেঙ্গল লাইব্রেরির লাইব্রেরিয়ান বাবু হরপ্রসাদ শাস্ত্রীর বিগত ৪ঠা আগষ্ট হইতে ২ মাসের ছুটী মঞ্জুর হইল। বাবু রামযাদব ভট্টাচার্য্য এম এ অপর আদেশ যাবৎ বেঙ্গল লাইব্রেরির লাইব্রেরিয়ান হইলেন। মুরশিদাবাদের মাঃ ও কঃ কেনেডি সাহেব অপর আদেশ যাবৎ ১ম শ্রেণীর মাঃ ও কঃ হইলেন। চট্টগ্রামের বন্দোবস্ত কর্ম্মচারী এলেন সাহেব অপর আদেশ যাবৎ ২য় শ্রেণীর মাঃ ও কঃ হইলেন। পুরীর প্রতিনিধি মাঃ ও কঃ মিঃ অম্বিকাচরণ সেন অপর আদেশ যাবৎ ২য় শ্রেণীর মাঃ ও কঃ হইলেন। মুঙ্গেরের মাঃ ও কঃ ফিলিপ্স সাহেব অপর আদেশ যাবৎ ১ম শ্রেণীর মাঃ ও কঃ হইলেন। বর্দ্ধমানের প্রতি-নিধি মাঃ ও কঃ উইণ্ডসর সাহেব অপর আদেশ যাবৎ ২য় শ্রেণীর মাঃ ও কঃ হইলেন। কলি-কাতার পরমিট কলেক্টর মেরিয়া সাহেব অপর আদেশ যাবৎ ১ম শ্রেণীর মাঃ ও কঃ হইলেন। ত্রিপুরার ছুটীপ্রাপ্ত প্রতিনিধি মাঃ ও কঃ গিকি সাহেব অপর আদেশ যাবৎ ২য় শ্রেণীর মাঃ ও কঃ হইলেন। হুগলীর প্রতিনিধি মাঃ ও কঃ মিঃ লি মিস্থরিয়র সাহেব অপর আদেশ যাবৎ ২য় শ্রেণীর মাঃ ও কঃ হইলেন। পূর্ণিয়ার মাঃ ও কঃ ফল্‌ডার সাহেব অপর আদেশ যাবৎ ১ম শ্রেণীর মাঃ ও কঃ হইলেন। বাখরগঞ্জের প্রতিনিধি মাঃ ও কঃ মিঃ সূর্য্যকুমার অগস্তি অপর আদেশ যাবৎ ২য় শ্রেণীর মাঃ ও কঃ হইলেন। বীরভূমের প্রতিনিধি মাঃ ও কঃ মিঃ আসানুদ্দীন আহমদ অপর আদেশ যাবৎ ২য় শ্রেণীর মাঃ ও কঃ হইলেন। রংপুরের ডিঃ ও

সেঃ জজ ম্যাকি সাহেব অপর আদেশ যাবৎ ১ম শ্রেণীর ডিঃ ও সেঃ জজ হইলেন। রংপুরের প্রোটেম ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু প্রমদানাথ মুখো আর ২৭ দিনের ছুটী পাইলেন। ষ্টাম্প ও ষ্টেশনরির সুপঃ বার্ণিশ সাহেব ৩০ দিনের ছুটী পাইলেন। রেজিষ্ট্রেশন আফিসসমূহের ছুটীপ্রাপ্ত প্রথম ইনস্পেক্টর বীমস্ সাহেব ষ্টাম্প ও ষ্টেশনরীর সুপঃ হইলেন। কলিকাতার চিফ প্রেসিডেন্সী মাঃ মার্সডেন সাহেব ৩ মাসের ছুটী পাইলেন। সাব্‌ডিষ্টার পিয়ারসন সাহেব অপর আদেশ যাবৎ কলিকাতার প্রোটেম চিফ প্রেসিডেন্সী মাঃ হইলেন। ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু প্রভাতচন্দ্র চট্টোপাধ্যায় ঢাকা জেলায় কঃর কার্য্যভার পাইলেন। ময়মনসিংহ জামালপুরের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু চন্দ্রশিখর কর উক্ত মহকুমার কঃর ক্ষমতা প্রাপ্ত হইলেন। রংপুরের ছুটীপ্রাপ্ত প্রোটেম ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু প্রমদানাথ মুখোপাধ্যায় বর্দ্ধমান জেলার সদরে স্থাপিত হইলেন। চট্টগ্রামের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু তুলসীচরণ পাল ২ মাসের ছুটী পাইলেন। মিঃ চ্যাপম্যান সি এস বিনা বেতনে ৬ মাসের অসাধারণ ছুটী পাইয়াছেন। মিঃ প্রেস সি এস ৭ দিনের ফর্লো পাইয়াছেন। চট্টগ্রাম পার্ব্বত্য অঞ্চলের প্রোটেম সব ডেঃ কঃ বাবু কালীকুমার রায় ১ মাস ৩ দিনের ছুটী পাইলেন। লোহারডাগার ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু কৃষ্ণকালী মুখোপাধ্যায় ৩ মাসের ছুটী পাইলেন। ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু মুকুন্দদেব মুখোপাধ্যায় বাঙ্গালার কৃষিবিভাগের ডিরেক্টরের পার্শ্বঃ আসিষ্টাণ্ট হইলেন। আবকারী বিভাগের প্রথম ইনস্পেক্টর বাবু শ্যামাচরণ মিত্র ১ মাসের ছুটী পাইলেন। হুগলীর আঃ মাঃ ও কঃ বীচক্রফট সাহেব সাহাবাদ জেলার সদরে বদলী হইলেন।

বিচার।—দার্জ্জিলিং কুর্সিয়ঙ্গের প্রতিনিধি অঃ মাঃ ও ডেঃ কঃ হেরন সাহেব লেপ্টেনেণ্ট গবর্ণর বাহাদুরের অধীনস্থ এলাকার জষ্টিস অফ দি পিস হইলেন। চট্টগ্রাম হাথাজারির মুঃ বাবু লালবিহারী ভাদুড়ী আর এক দিনের ছুটী পাইলেন। ফরিদপুর ভাঙ্গার মুঃ বাবু মহেন্দ্রলাল গোস্বামী ১৫ দিনের, বাখরগঞ্জ বরিশালের মুঃ মিঃ প্রাণনাথ বন্দ্যোপাধ্যায় ৩৫ দিনের, এবং মেদিনীপুর তমলুকের মুঃ বাবু মন্মথনাথ মুখোপাধ্যায় আর ৩ সপ্তাহের ছুটী পাইলেন।

শিক্ষা—মেদিনীপুর কলেজের ৩য় শিক্ষক বাবু অভয়াচরণ বসু মেদিনীপুর মিউনিসিপ্যালিটীর নিকট হইতে ডাক্তারের সার্টিফিকেট দেখাইয়া ১ মাসের ছুটী পাইয়াছেন। জলপাইগুড়ি জেলা স্কুলের ৩য় শিক্ষক বাবু কমলকৃষ্ণ সেন ছুটী লইয়াছিলেন, কিন্তু ছুটী না ফুরাইতে কর্ম্মে যোগ দেওয়ায় ছুটীর অবশিষ্ট কাল খারিজ হইল। বালেশ্বরের ডেলাবোর্ডের অধীন স্কুলসমূহের সব ইনঃ বাবু দ্বারকানাথ ঘোষ মেডিকেল সার্টিফিকেট দ্বারা জেলাবোর্ডের নিকট হইতে আর ১ বৎসরের ছুটী পাইলেন। রঙ্গপুর ট্রেণিং স্কুলের প্রধান শিক্ষক বাবু মুকুন্দচন্দ্র বিদ্যাবাগীশ ৩৯ দিনের ছুটী পাইলেন। উক্ত স্কুলের ২য় শিক্ষক পণ্ডিত কামিনীমোহন শাস্ত্রী অপর আদেশ যাবৎ প্রধান শিক্ষক হইলেন। কটক র‍্যাভেন্স কলেজের লেক্‌চারার বাবু মোহিনীমোহন চৌধুরী এম এ আর ১৮ দিনের ছুটী পাইলেন।

উদ্ভট কবিতা।

[৪০৮]

দৃশাক্রান্তীয়সা দরদলিতনীলোৎপলরুচা
দবীয়াংসং দীনং স্নপয় কৃপয়া মামপি শিবে
অনেনায়ং ধন্যো ভবতি ন চ তে হানিরিয়তা
বনে বা হর্ম্ম্যে বা সমকরনিপাতো হিমকরঃ॥

[৪০৯]

কিং ক্রমস্তাং যশোদে কতি কতি জঘনভিত্তীর্থ-
রাজাদিষু প্রাক্
কীদৃক্‌কীদৃগ্বিধানৈঃ কতি কতি সুকৃতানার্জ্জি-
তানি ত্বয়ৈষ
নস্যারাৎ স্বস্তনন্ধয়মদনরিপুঃ পাপদস্য প্রসাদং
তৎপূর্ণব্রহ্মভূমৌ বিলুঠতি বিবশন ক্রোড়মারোঢ়ু
কামঃ॥

[৪১০]

ধিগস্ত্বেতাং বিদ্যাং ধিগপি কবিতাং ধিক্ সুজনতাং
বয়োরূপং ধিগ্‌ধিক্ ধিগপি চ কুলং নির্দ্ধনবতঃ
অসৌ জীবন্নেকঃ সকলগুণহীনোপি ধনবান্
বহির্দ্বারে যস্য তৃণলবসমাঃ সন্তি গুণিনঃ॥

[৪১১]

সুধাংশোর্জ্যোতেরং কথমপি কলঙ্কস্য কণিকা
বিধাতুর্দোষোঽয়ং ন চ গুণনিধেস্তস্য কিমপি
স্বকিং নাত্রেঃ পুত্রো ন খলু হরচূড়ার্চ্চনমণিঃ
ন বা হস্তি ধ্বান্তং জগদুপরি কিন্বা ন বসতি॥

১৮৯৩ সালের বর্দ্ধমান এবং রাজসাহী বিভাগের আগামী মধ্য ও উচ্চ প্রাথমিক ছাত্রবৃত্তি পরীক্ষার প্রশ্ন নিম্নে প্রদত্ত হইল।

পূর্ব্বাহ্ণ ১০টা হইতে ১২॥টা পর্য্যন্ত।
অপরাহ্ণ ১টা হইতে ৪টা পর্য্যন্ত।

মধ্য ছাত্রবৃত্তি।

৩রা অক্টোবর। মঙ্গলবার, পূর্ব্বাহ্ণ, ইংরাজী ভাষা ও ব্যাকরণ। অপরাহ্ণ, অনুবাদ (ইংরাজী ও বাঙ্গালা) এবং ইংরাজী রচনা।

৪ঠা অক্টোবর। বুধবার, পূর্ব্বাহ্ণ বাঙ্গালা ভাষা (গদ্য) এবং ব্যাকরণ। অপরাহ্ণ বাঙ্গালা ভাষা (পদ্য) এবং রচনা।

৫ই অক্টোবর, বৃহস্পতিবার। পূর্ব্বাহ্ণ শুভঙ্করী অপরাহ্ণ, পাটীগণিত।

৬ই অক্টোবর, শুক্রবার। পূর্ব্বাহ্ণ, জ্যামিতি ও পরিমিতি। অপরাহ্ণ, ইতিহাস।

৭ই অক্টোবর, শনিবার। পূর্ব্বাহ্ণ, বিজ্ঞান। অপরাহ্ণ, ভূগোল।

উচ্চ-প্রাথমিক ছাত্রবৃত্তি।

৩রা অক্টোবর, মঙ্গলবার। পূর্ব্বাহ্ণ, বাঙ্গালা ভাষা ও রচনা। অপরাহ্ণ, ইতিহাস ও ভূগোল।

৪ঠা অক্টোবর, বুধবার। পূর্ব্বাহ্ণ, শুভঙ্করী। অপরাহ্ণ, পাটীগণিত।

৫ই অক্টোবর, বৃহস্পতিবার। পূর্ব্বাহ্ণ জ্যামিতি ও পরিমিতি। অপরাহ্ণ, স্বাস্থ্যবিদ্যা।

৬ই অক্টোবর, শুক্রবার। পূর্ব্বাহ্ণ, বিজ্ঞান।

Benimadhav De.
In charge of the Office of Inspector of Schools, Rajshahi Circle and Burdwan Division.

Hugli.
13 | 9 | 93.

সংস্কৃত প্রথম ও দ্বিতীয় পরীক্ষা।

বাঙ্গালা, বেহার ও উড়িষ্যার চতুষ্পাঠীসমূহে সংস্কৃত প্রথম ও দ্বিতীয় পরীক্ষার ফলাফল বিবেচনায় ছাত্র ও অধ্যাপকদিগকে বৃত্তি প্রদান বিষয়ে বর্ত্তমানবর্ষের ১৬ই ফেব্রুয়ারি তারিখে বাঙ্গাল গবর্ণমেণ্ট যে মন্তব্য প্রকাশ করিয়াছিলেন, পরবর্ত্তী ২২এ ফেব্রুয়ারির কলিকাতা গেজেটে সাধারণের অবগতির জন্য উহা প্রচারিত হইয়াছিল। আমরাও যথাকালে আমাদি-

গের পাঠকবর্গকে উহার মর্ম্মার্থ জানাইয়াছিলাম। সম্প্রতি উক্ত উভয়বিধ পরীক্ষার ফলাফল বিবেচনায় যে সকল ছাত্র ও অধ্যাপককে বৃত্তি প্রদত্ত হইয়াছে সরকারী গেজেট দৃষ্টে তাঁহাদের নাম প্রভৃতি নিম্নে উদ্ধৃত করিয়া দেওয়া গেল।

উল্লিখিত মন্তব্য অনুসারে বাঙ্গাল গবর্ণমেণ্টের অভিপ্রায় মত ঢাকা সারস্বত সমাজ ও বেহার সংস্কৃত সঞ্জীবন সভার অধীনস্থ চতুষ্পাঠীসমূহের অধ্যাপকগণ আপন আপন ছাত্রদিগকে ভালরূপ পরীক্ষা দেওয়াইয়া বৃত্তি পাইবার উপযুক্ত হইবেন। এতদ্ব্যতীত উক্ত উভয় সভার প্রত্যেকের আয়ত্তাধীনে ৬৲, ৮৲, ১০৲ ও ১২৲ টাকা করিয়া চারি রকমের স্বতন্ত্র চারিটি বিশেষ বৃত্তি থাকিবে। সভাদ্বয় উক্ত বৃত্তি আপনাদের অভিপ্রায় মত উপযুক্ত পাত্র বুঝিয়া বিলি করিয়া দিবেন। এবারে যাঁহারা উক্ত বিশেষ বৃত্তি পাইয়াছেন তাঁহাদের নামও শেষে উদ্ধৃত করা গিয়াছে—

প্রথম পরীক্ষা।

ঢাকা সারস্বত সমাজ।

(প্রত্যেকে মাসিক ২ টাকা হিসাবে দুই বৎসর কাল বৃত্তি পাইবেন)

ছাত্রের নাম	অধ্যাপকের নাম।
দেবেন্দ্রনাথ মুখো	চন্দ্রমোহন বিদ্যারত্ন
অমরচন্দ্র ভট্টাচার্য্য	প্রসন্নকুমার তর্কনিধি
হরিশ্চন্দ্র ঐ	কালীকান্ত শিরোমণি
অশ্বিনীকুমার মুখোটী	কামাখ্যাপ্রসাদ শিরোমণি
রাধাবল্লভ লস্কাচার্য্য	ত্রিলোচন তর্কালঙ্কার
গোপীরমণ ভট্টাচার্য্য	রাসমোহন সার্ব্বভৌম
সারদাচরণ ঐ	শশিভূষণ স্মৃতিরত্ন ও রসিকচন্দ্র [বিদ্যারত্ন]
প্রসন্নকুমার ঐ	কালীকিশোর স্মৃতিরত্ন
সতীশচন্দ্র গুহ	উমেশচন্দ্র স্মৃতিশিরোমণি
কেদারনাথ ভট্টাচার্য্য	রাজকৃষ্ণ তর্কপঞ্চানন
কালীকুমার ঐ	কালীকিশোর স্মৃতিরত্ন

নদীয়া বিদগ্ধজননী সভা।

কৃষ্ণচন্দ্র কাব্যতীর্থ	কালামোহন বিদ্যাসাগীশ
কৃষ্ণদাস ভট্টাচার্য্য	রজনীকান্ত বিদ্যারত্ন
নিতাইচরণ চক্রবর্ত্তী	নিবারণচন্দ্র স্মৃতিতীর্থ
ষষ্ঠীদাস ভট্টাচার্য্য	দেবেন্দ্রনাথ স্মৃতিরত্ন
হরিপদ বন্দ্যোপাধ্যায়	নিবারণচন্দ্র স্মৃতিতীর্থ
মুকুন্দ ঝা	বংশীধর মিশ্র
কালীপ্রসন্ন ভট্টাচার্য্য	সারদাচরণ স্মৃতিভূষণ
অবিনাশচন্দ্র ঐ	উমানাথ স্মৃতিশিরোমণি
দ্বিজেন্দ্রমোহন গোস্বামী	মহেন্দ্রমোহন গোস্বামী
বিধুভূষণ পাকড়াসী	আশুতোষ কাব্যতীর্থ
সচ্চিদানন্দ গোস্বামী	সারদাচরণ স্মৃতিভূষণ

কলিকাতা পণ্ডিত সভা।

গঙ্গাচরণ ভট্টাচার্য্য	চন্দ্রকান্ত ন্যায়রত্ন
বংশীধর পাণ্ডে	
রাজেন্দ্রনাথ ভট্টাচার্য্য	সারদাচরণ স্মৃতিভূষণ
শশধর গোস্বামী	ভূতনাথ স্মৃতিকণ্ঠ
কালীকমল ভট্টাচার্য্য	চণ্ডীচরণ স্মৃতিভূষণ
নগেন্দ্রনাথ ঘটক	সারদাচরণ স্মৃতিভূষণ
রামলাল ভট্টাচার্য্য	ভূতনাথ স্মৃতিকণ্ঠ
রাসমোহন ঐ	গুরুচরণ বিদ্যাভূষণ
প্রাণকৃষ্ণ ঐ	আদ্যাচরণ তর্কভূষণ
মনোমোহন আচার্য্য	গোপালচন্দ্র কাব্যতীর্থ
হরিনাথ ভট্টাচার্য্য	উমানাথ স্মৃতিশিরোমণি
রাধাবল্লভ বিশ্বাস	ত্রৈলোকানাথ ন্যায়পঞ্চানন
হেমচন্দ্র চট্টোপাধ্যায়	আদ্যাচরণ তর্কভূষণ

বরিশাল ধর্ম্মরক্ষিণী সভা।

লক্ষ্মীনারায়ণ ভট্টাচার্য্য	কালীনারায়ণ বিদ্যালঙ্কার
আশুতোষ চট্টোপাধ্যায়	কাশীশ্বর তর্কবাগীশ
দুর্গাপ্রসন্ন কবিগুপ্ত	শিতিকণ্ঠ ন্যায়রত্ন
মধুসূদন ভট্টাচার্য্য	কালীপ্রসন্ন তর্কচূড়ামণি

ভাটপাড়া পরীক্ষা সমাজ।

মন্মথনাথ ভট্টাচার্য্য	তারাগতি তর্কালঙ্কার
হরিনাথ ঐ	দিগম্বর তর্কসিদ্ধান্ত

ঘাটাল সংস্কৃত সমিতি।

শিবনারায়ণ চট্টোপাধ্যায়	ত্রৈবকৃষ্ণনাথ ন্যায়রত্ন
কেদারনাথ ভট্টাচার্য্য	রামেশ্বর তর্কসিদ্ধান্ত
তিতুরাম ঐ	ঐ
প্রিয়নাথ ঐ	জানকীনাথ তর্করত্ন
রামপদ রায়	দীনাথ ঐ

বোয়ালিয়া ধর্ম্মসভা।

চন্দ্রভূষণ ভট্টাচার্য্য	তপস্বী বিদ্যাসাগর
শরচ্চন্দ্র ঐ	হরিশ্চন্দ্র তর্করত্ন

বেহার সংস্কৃত সঞ্জীবন।

সীতারাম উপাধ্যায়	রামগতি উপাধ্যায়
রামস্বরূপ চৌবে	ঐ

দ্বিতীয় পরীক্ষা।

(প্রত্যেকে মাসিক ৪ টাকা অথবা ৩ টাকা হিসাবে দুই বৎসর কাল বৃত্তি পাইবেন। * এই চিহ্নিত ছাত্রগণ ন্যায়শাস্ত্রে বৃত্তি পাইয়াছেন। তাঁহাদের বৃত্তি মাসিক ৩ টাকার হিসাবে ৩ বৎসর স্থায়ী)।

ঢাকা সারস্বত সমাজ।

বৃত্তিপ্রাপ্ত ছাত্র এবং বৃত্তির পরিমাণ	অধ্যাপকের নাম।
সীতানাথ ভট্টাচার্য্য ৪	দুর্গাচরণ সিদ্ধান্তরত্ন
চন্দ্রকিশোর ঐ ৪	হরচন্দ্র তর্কপঞ্চানন
ঈশ্বরচন্দ্র ঐ ৩	হরপ্রসাদ তর্করত্ন
কালীমোহন সেনগুপ্ত ৩	হরমোহন শিরোমণি
* কৈলাসচন্দ্র ভট্টাচার্য্য ৩	নবীনচন্দ্র তর্করত্ন

নদীয়া বিদগ্ধজননী সভা।

আশুতোষ ভট্টাচার্য্য ৪	উমানাথ স্মৃতিশিরোমণি
বিশ্বেশ্বর ঐ ৪	পঞ্চানন স্মৃতিরত্ন
শচীন্দ্রনাথ ঐ ৪	আশুতোষ কাব্যতীর্থ
ললিতকুমার ঐ ৪	গুরুনাথ বিদ্যানিধি
*অক্ষয়কুমার চট্টো ৩	মহামহোপাধ্যায় ভুবনমোহন [বিদ্যারত্ন]
দিগিন্দ্রচন্দ্র চক্রবর্ত্তী ৩	লক্ষ্মীকান্ত ন্যায়ভূষণ
হরিপদ ভট্টাচার্য্য ৩	সূর্য্যকান্ত তর্কভূষণ
তারাপ্রসন্ন ঐ ৩	গুরুনাথ বিদ্যানিধি কাব্যতীর্থ
কেদারনাথ মুখো ৩	সারদাচরণ স্মৃতিভূষণ

কলিকাতা পণ্ডিত সভা।

কেদারনাথ কাব্যতীর্থ ৪	মধুসূদন স্মৃতিরত্ন কবিঃ
রাজারাম ভট্টাচার্য্য ৪	চণ্ডীচরণ স্মৃতিভূষণ
হেরম্বচন্দ্র ঐ ৩	ভূতনাথ বিদ্যারত্ন
যষ্টীচরণ ঐ ৩	রমাপতি তর্কভূষণ
চন্দ্রমোহন পাণ্ডা ৩	নিবারণচন্দ্র স্মৃতিতীর্থ

ভাটপাড়া পরীক্ষা সমাজ।

দুর্গাচরণ ভট্টাচার্য্য ৩	দিগম্বর তর্কসিদ্ধান্ত
বীরেশ্বর ঐ ৩	হৃষীকেশ শাস্ত্রী
* বাণীকণ্ঠ ঐ ৩	শিবচন্দ্র সার্ব্বভৌম

ঘাটাল সংস্কৃত সমিতি।

উপেন্দ্রনাথ ভট্টাচার্য্য ৪	রামনাথ তর্কপঞ্চানন
রামরঙ্গ ঐ ৪	ঈশচন্দ্র তর্কতীর্থ

বোয়ালিয়া ধর্ম্ম সভা।

রামচন্দ্র ভট্টাচার্য্য ৩ প্রসন্নকুমার কাব্যতীর্থ
বিষ্ণুদাস ঐ ৩ রামশরণ বিদ্যাবাগীশ

বেহার সংস্কৃত সঞ্জীবন।

চন্দ্রদত্ত ত্রিবেদী ৪ কানাইলাল ত্রিপাঠী
রাঘবেন্দ্র নারায়ণ মিশ্র ৪ যশোদানন্দ শর্ম্মা
রামদত্ত ওঝা ৩ মহামহোপাধ্যায় গঙ্গাধর শাস্ত্রী
শিবসেবক শর্ম্মা ৩ চন্দ্রশেখর পাঁড়ে

দ্বিতীয় পরীক্ষার ফলাফল বিবেচনায় অধ্যাপকদিগকে দেয় বৃত্তি।

(প্রত্যেকে মাসিক ১২৲ টাকা অথবা ১০৲ টাকা হিসাবে এক বৎসর কাল বৃত্তি পাইবেন। * চিহ্নিত অধ্যাপকগণ দ্বায়ের বৃত্তি পাইয়াছেন।)

অধ্যাপকদিগের নাম ও ধাম।	ঢাকা সারস্বত সমাজ।	বৃত্তির পরিমাণ।
প্রসন্নকুমার তর্কনিধি,	ঢাকা, বজ্রযোগিনী	১২৲
শশিভূষণ স্মৃতিরত্ন,	ফরিদপুর নারিয়া	১২৲
হরচন্দ্র তর্কপঞ্চানন,	ঐ আমতালি	১০৲
দুর্গাচরণ সিদ্ধান্তরত্ন,	ঢাকা, উটাসাহী	১০৲
* নবীনচন্দ্র তর্করত্ন,	ত্রিপুরা, দালপা	১২৲

নদীয়া বিদগ্ধজননী সভা।

সারদাচরণ স্মৃতিভূষণ, নদীয়া ১২৲
আশুতোষ কাব্যতীর্থ খুলনা, লকপুর ১২৲
সূর্য্যকুমার তর্কভূষণ ২৪পং মুণ্ডাজোড় সংস্কৃত কঃ ১২৲
শিতিকণ্ঠ বাচস্পতি নদীয়া ১০৲
উমানাথ স্মৃতিশিরোমণি, খুলনা ব্রাহ্মণ ব্যাদিয়া ১০
গুরুনাথ বিদ্যানিধি কাব্যতীর্থ, কলিকাতা ৪২ শ্যামপুকুর ১০৲

কলিকাতা পণ্ডিত সভা।

শঙ্কানন ন্যায়রত্ন মেদিনীপুর পাইকবাড় ১২৲
গোপালচন্দ্র কাব্যতীর্থ পাবনা ১২৲
চণ্ডীচরণ স্মৃতিভূষণ কলিকাতা ১১ | ১ গরাণহাটা ১০৲
রমাপতি তর্কভূষণ মুরশিদাবাদ, কাশিমবাজার ১০

ভাটপাড়া পরীক্ষা সমাজ।

দিগম্বর তর্কসিদ্ধান্ত ২৪ পং ভাটপাড়া ১২৲
হৃষীকেশ শাস্ত্রী ঐ ১০৲
* শিবচন্দ্র সার্ব্বভৌম ঐ ১২৲

ঘাটাল সংস্কৃত সমিতি।

গঙ্গাকান্তীচরণ বিদ্যারত্ন মেদিনীপুর কানাড ১২৲
শ্রীশচন্দ্র তর্কতীর্থ ঐ নাড়াজোল ১০৲

বোয়ালিয়া ধর্ম্মসভা।

রামশরণ শিরোমণি মুরশিদাবাদ শিবরামবাটী ১২৲
প্রসন্নকুমার কাব্যতীর্থ ফরিদপুর ১০৲

বেহার সংস্কৃত সঞ্জীবন।

গোকুলানন্দ মিশ্র মজঃফরপুর ধর্ম্মসমাজ স্কুল ১২৲
কানাইলাল ত্রিপাঠী পাটনা, বাঙ্কীপুর ১০৲
যশোদানন্দ শর্ম্মা সারণ, ছাপরা ১০৲
রামনন্দন মিশ্র জুবিলি সংস্কৃত টোল সাহাবাদ, ১০৲

প্রথম পরীক্ষার ফলাফল অনুযায়ী অধ্যাপকদিগকে দেয় বৃত্তি।

(প্রত্যেকে মাসিক ৮৲ টাকা অথবা ৬৲ টাকা হিসাবে ১ বৎসরকাল বৃত্তি পাইবেন)।

ঢাকা সারস্বত সমাজ।

অধ্যাপকদিগের নাম, জেলা ও বাসস্থান।	বৃত্তির পরিমাণ।
কালীকিশোর স্মৃতিরত্ন ফরিদপুর হোগলা	৮৲
দ্বারকানাথ তর্করত্ন ত্রিপুরা চন্দ্রচর	৮৲
কালীকান্ত সার্ব্বভৌম ফরিদপুর রুদ্রকর	৮৲
ঈশ্বরচন্দ্র শব্দরত্ন ঐ আমতালি	৮৲
জগদ্বন্ধু তর্কতীর্থ ত্রিপুরা আরান্দা	৬৲
কালীপ্রসন্ন বিদ্যারত্ন ঢাকা মাওয়া	৬৲
মহেন্দ্রচন্দ্র কাব্যতীর্থ ঢাকা পঞ্চশর	৬৲
মুক্তনাথ সিদ্ধান্তরত্ন ঐ চাঁদুড়া	৬৲

নদীয়া বিদগ্ধজননী সভা।

দেবীপ্রসন্ন স্মৃতিভূষণ, নদীয়া ৮৲
দেবেন্দ্রনাথ স্মৃতিতীর্থ বর্দ্ধমান সমন্তগড় ৮৲
নিবারণচন্দ্র স্মৃতিতীর্থ হুগলী মহারাজের টোল ৮৲
রামতনু ভট্টাচার্য্য, নদীয়া ৮৲
লালমোহন বিদ্যানিধি ঐ ৬৲
হরিদাস বিদ্যারত্ন হাওড়া, উত্তরপাড়া ৬৲
তারাপ্রসন্ন চূড়ামণি, নদীয়া ৬৲
রজনীকান্ত স্মৃতিভূষণ, ফরিদপুর বনগ্রাম ৬৲

কলিকাতা পণ্ডিত সভা।

গুরুচরণ বিদ্যাভূষণ, হারড়া বালী ৮৲
আদ্যাচরণ তর্কভূষণ বর্দ্ধমান মহারাজের সংস্কৃত কলেজ ৮৲
সারদাচরণ বিদ্যারত্ন বর্দ্ধমান নূতন চতুষ্পাঠী ৮৲
ত্রৈলোক্যনাথ ন্যায়পঞ্চানন বাকুড়া পুরুলিয়া ৮৲
ভূতনাথ স্মৃতিকণ্ঠ কলিকাতা ৫৮ রাজা রাজবল্লভের গলি ৬৲
বামনদাস বিদ্যারত্ন ঢাকা মেদিনীমণ্ডল ৬৲
রামকৃষ্ণ ন্যায়তর্কতীর্থ ২৪ পরগণা ভাটপাড়া ৬৲
ঈশ্বরচন্দ্র বিদ্যারত্ন কলিকাতা ১৬/৭ রামকান্ত বসুর গলি ৬৲
শশধর স্মৃতিতীর্থ যশোহর ভুগিলহাটি ৬৲
হরনাথ শাস্ত্রী কলিকাতা ২৩ নবরাহার গলি, শ্যামপুকুর ৬৲

বরিশাল ধর্ম্মরক্ষিণী সভা।

রজনীনাথ পদরত্ন বরিশাল কীর্ত্তিপাশা ৮৲
শিতিকণ্ঠ ন্যায়রত্ন ঐ উজীরপুর ৬৲
প্রসন্নকুমার স্মৃতিরত্ন ঐ কলসকাটী ৬৲

ভাটপাড়া পরীক্ষা সমাজ।

তারাগতি তর্কালঙ্কার হুগলী বৈদ্যবাটী ৮৲

ঘাটাল সংস্কৃত সমিতি।

রামেশ্বর তর্কসিদ্ধান্ত মেদিনীপুর ভীমুয়া ৮৲
শ্রীনাথ তর্করত্ন ঐ জাড়া ৮৲
শ্রীধর তর্কভূষণ ঐ গাইকমাজিয়া ৬৲
পূর্ণচন্দ্র কাব্যতীর্থ ঐ ঘাটাল ৬৲

বোয়ালিয়া ধর্ম্মসভা।

হরিশ্চন্দ্র তর্কালঙ্কার মুরসিদাবাদ জুবিলী টোল ৮৲

বেহার সংস্কৃত সঞ্জীবন।

রামগতি উপাধ্যায় পাটনা গুড়হট্ট সংস্কৃতসঞ্জীবন ৮৲

অধ্যাপকদিগকে দেয় বিশেষ বৃত্তি।

(১ বৎসরকাল স্থায়ী)

ঢাকা সারস্বত সমাজ।

কৈলাসচন্দ্র তর্করত্ন ঢাকা বুধনগর ৬৲
কালীকান্ত শিরোমণি ঢাকা বজ্রযোগিনী ৮৲
গঙ্গাচরণ বিদ্যারত্ন ঐ শুপগী ১০৲
শশিভূষণ স্মৃতিরত্ন ঐ বজ্রযোগিনী ১২৲

বেহার সংস্কৃত সঞ্জীবন।

গোপীকৃষ্ণ চৌবে মজঃফরপুর ধর্ম্মসমাজ স্কুল ৬৲
শ্রীরঘুনন্দন তেওয়ারি আরা জেলাস্কুলের হেড পণ্ডিত ৮৲
চক্রধর শুকুল ভগলপুর জেলা ২য় পণ্ডিত ১০৲
চন্দ্রশেখর পাঁড়ে গয়া টিকারী সংস্কৃত স্কুলের শিক্ষক ১২৲

বঙ্গমহিলাগণের রচনার নিমিত্ত বাবু ব্রজমোহন দত্ত স্থাপিত পারিতোষিক।

বিগত ১৮৮৯-৯০, ১৮৯০-৯১ ও ১৮৯১-৯২ অব্দে কোন রচনাই পারিতোষিকের উপযুক্ত বিবেচিত না হওয়াতে ইহা স্থিরীকৃত হইয়াছে যে ১৮৯২-৯৩ অব্দের পারিতোষিক দান কালে ৪০৲ চল্লিশ টাকা করিয়া চারিটীর পরিবর্ত্তে ৮০৲ আশী টাকা করিয়া দুইটি পারিতোষিক প্রদত্ত হইবে, এবং "শিশুপালন" বা "পিতৃভক্তি" এই দুইটী বিষয়ের অন্যতরটি অবলম্বন করিয়া প্রবন্ধ রচনা করিতে হইবে।

পারিতোষিক দানের নিয়ম :—

(১) বঙ্গমহিলা মাত্রেই পারিতোষিক প্রার্থিনী হইতে পারিবেন; এতৎসম্বন্ধে বয়সের কোন নিয়ম নাই।

(২) পারিতোষিক প্রার্থিনীগণকে বঙ্গভাষাতেই হউক বা সংস্কৃত ভাষাতেই হউক কোন একটি নির্দ্দিষ্ট প্রবন্ধ রচনা করিতে হইবে।

(৩) এই বিজ্ঞাপন প্রচারের তারিখ হইতে ছয় মাসের মধ্যে প্রবন্ধগুলিকে বিচারের জন্য সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটির নিকট পাঠাইতে হইবে।

(৪) প্রত্যেক প্রবন্ধের সহিত পারিতোষিক প্রার্থিনীর স্বামী, পিতা বা অভিভাবককে এরূপ অঙ্গীকার পত্র লিখিয়া পাঠাইতে হইবে যে তাঁহার বিশ্বাসমতে রচয়িত্রী ঐ প্রবন্ধ রচনা কালে প্রকাশ্য বা অপ্রকাশ্য ভাবে কোন প্রকার সাহায্যই গ্রহণ করেন নাই।

১৮৯৪ অব্দের ১লা মার্চ্চ তারিখের মধ্যে কলিকাতায়, প্রেসিডেন্সী সার্কেলের স্কুলসমূহের ইনস্পেক্টরের অফিসে, সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটির সম্পাদক মহাশয়ের নামে এই প্রবন্ধ পাঠাইতে হইবে। এই প্রবন্ধের মোড়কের (কভারের) উপর "ব্রজমোহন দত্ত পারিতোষিকের রচনা" এইরূপ লিখিত থাকিবে। যাঁহার রচনা সর্ব্বোৎকৃষ্ট হইবে কলিকাতা গেজেটে তাঁহার নাম প্রকাশিত হইবে।

যিনি একবার পারিতোষিক প্রাপ্ত হইয়াছেন, তিনি ইচ্ছা করিলে অন্য বৎসর পুনর্ব্বার প্রবন্ধ রচনা করিতে পারেন। যদি তাঁহার রচনা সে বারেও সর্ব্বোৎকৃষ্ট হয়, তাহা হইলে তাঁহার নাম কলিকাতা গেজেটে প্রকাশিত হইবে কিন্তু পারিতোষিক, রচনার গুণানুসারে তাঁহার পরবর্ত্তিনী মহিলাকে প্রদত্ত হইবে।

যদি বিচারকগণ সর্ব্বোৎকৃষ্ট রচনাটিকেও পারিতোষিকের উপযোগী বলিয়া বিবেচনা না করেন তাহা হইলে পারিতোষিক প্রদত্ত হইবে না।

কলিকাতা, ১লা সেপ্টেম্বর, ১৮৯৩ } জি, এ, মার্টিন। বাঙ্গালাদেশের বিদ্যাধ্যাপনের ডিরেক্টর।

বিশেষ দ্রষ্টব্য।

বাচস্পত্য অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২৩৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
বুধোদয় প্রেস—হুগলী।

ছাত্রখালি।

হোগলডাঙ্গা মাইনর স্কুলে প্রথম ও দ্বিতীয় শ্রেণীর জন্য ৩টী করিয়া বালকের আবশ্যক আছে। আগামী বৎসর মাইনর পরীক্ষা দিতে সক্ষম এরূপ বালকেরাই প্রথম শ্রেণীর জন্য আবেদন করিতে পারিবে। বালকদিগকে বাসস্থান ও আহার দেওয়া যাইবে। মনোনীত বালকদিগকে পরীক্ষা করিয়া স্কুলে ভর্ত্তি করা যাইবে। পরীক্ষায় সন্তোষজনক ফল দেখাইতে পারিলে বালকদিগকে "ফ্রি" করিয়া লইতে পারিব। আবেদনকারী বালকদিগকে স্ব স্ব জাতি ও স্ব স্ব বয়সের উল্লেখপূর্ব্বক ৩০শে সেপ্টেম্বরের মধ্যে জেলা খুলনা, ফকিরহাট পোষ্টাপিস, হোগলডাঙ্গা মাঃ ইং স্কুলের হেড পণ্ডিত শ্রীযোগেশচন্দ্র ঘোষের নিকট আবেদন করিতে হইবে।

কর্ম্মখালি।

Wanted a Hd. Master for the Govt. Aided M. E. School at Radhanagar (Via Pabna) on Rs 30. An experienced F. A. will have preference. Applications with copies of testimonials will be received by the Secretary up to 25 th September current.

Wanted a Hd. Pandit for the Ranigunj H. E. School on a salary of Rs 20 a month. Preference will be given to one who has appeared at the F. A., or at least passed the Entrance Examination from the Sanskrit College. The selected candibate must have to join his duties immediately on the receipt of his letter of appointment. Applications to reach the Secretary in the course of a fort-night from date.

Wanted a private tutor to take charge of two boys at Pangsa in the Faridpur District. An F. A. or an experienced plucked F. A. will have preference. Salary Rs 8 to 10 according to qualification besides free board and lodging. The applicants are required to produce certificates as to their good moral character and respectability. Apply sharp to Babu Mohit mohon Chatterji Daksninpara, Belghoria P. O. 24 Perganuas E. B. S. Ry.

আমার অফিসে একটী উপযুক্ত হেড ক্লার্কের আবশ্যক হইয়াছে, মাসিক বেতন ১৫৲ টাকা। যে সকল ব্যক্তি রেজেষ্টরি অফিসের কার্য্য উত্তমরূপে অবগত আছেন, তাঁহারই দরখাস্ত গণনীয় হইবে। মেহেরপুরের সব্ রেজিষ্টরের নিকট সত্বর দরখাস্ত করা আবশ্যক।

জেলা রংপুর, তিস্তা পোষ্ট, তিস্তা মধ্য বঙ্গ বিদ্যালয়ের জন্য এক জন প্রধান শিক্ষকের প্রয়োজন। যাঁহারা নর্ম্মাল ত্রৈবার্ষিক পরীক্ষায় ১ম কিম্বা ২য় বিভাগে উত্তীর্ণ হইয়া কিছুকাল শিক্ষকতা কার্য্য করিয়াছেন, তাঁহাদের আবেদন গ্রাহ্য হইবে। মাসিক বেতন ৫০৲ কুড়ি টাকা। আবেদনকারিগণ স্ব স্ব প্রশংসাপত্রের অনুলিপি সহ শ্রীপ্যারীমোহন বিশ্বাসের নিকট আবেদন করুন।

খুলনা জেলাস্থ কোড়ামারা এডেড মধ্য বাঙ্গলা বিদ্যালয়ের জন্য এক জন হেড পণ্ডিতের প্রয়োজন, মাসিক বেতন ১০৲ দশ টাকা। বাসা খরচ লাগিবে না। যিনি নর্ম্মাল ত্রৈবার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ হইয়া কিছুদিন দক্ষতার সহিত কার্য্য করিয়াছেন তাঁহার আবেদন আদরণীয় হইবে। শ্রীউপেন্দ্রনাথ বসু, হেড মাষ্টার; মৌভোগ সদর ইংরাজী স্কুল। আলাইপুর পোষ্ট, জেলা খুলনা।

আমার কতকগুলি পেটেণ্ট ঔষধ বিক্রয় করিবার জন্য ৩০০ শত এজেণ্টের আবশ্যক। প্রত্যেকের মাসিক বেতন ৫৲ টাকা, বাড়ী বসিয়াই বিক্রয় করিতে পারিবেন। বিশেষ নিয়মাবলী জানিতে হইলে ৫০ আধ আনার টিকিট সহ আবেদন করিবেন। শ্রীপ্রসন্নকুমার চক্রবর্ত্তী কবিরাজ, আয়ুর্ব্বেদীয় ঔষধালয়, ছুন্দড়ী, নিলফামারী পোঃ অঃ (রঙ্গপুর)।

সুজাপুর মধ্য ইংরাজী স্কুলের জন্য এক জন হেড মাষ্টার ও একজন হেড পণ্ডিতের আবশ্যক। মাসিক বেতন হেড মাষ্টারের ২০৲ কুড়ি টাকা ও হেড পণ্ডিতের ১৬৲ ষোল টাকা। যে মাষ্টার এল এ, পাস এবং যে পণ্ডিত নর্ম্মাল ত্রৈবার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ হইয়া কিছু দিন প্রশংসার সহিত শিক্ষকতা কার্য্য করিয়াছেন, তাঁহাদের আবেদনই গ্রাহ্য হইবে। আবেদনকারিগণ স্ব স্ব প্রশংসা-পত্রের অনুলিপি সহ সুজাপুর, পোঃ কালিয়াচক শ্রীতুঙ্গবিহারিচন্দ্র সাহার নিকট আবেদন করুন।

বাঁকুড়া জেলার অন্তর্গত রাইপুর থানার অধীন ফুলকুশুমা মডেল স্কুলের হেড পণ্ডিত তিন মাস অবসর গ্রহণ করা হেতু, উক্ত সময়ের জন্য একজন নর্ম্মাল স্কুলের ত্রৈবার্ষিক পরীক্ষোত্তীর্ণ প্রতিনিধি পণ্ডিতের আবশ্যক। উক্ত পদের বেতন মাসিক ১৮৲ টাকা। আবেদনকারীকে পূজার বন্ধের অব্যবহিত পরেই স্কুলের কার্য্য ভার গ্রহণ করিতে হইবে। আগামী ২৫ শে সেপ্টেম্বর তারিখ পর্য্যন্ত নিম্নস্বাক্ষরকারীর নিকট আবেদন পাঠাইতে হইবে।

M. C. Banerjee.
Vice Chairman.
District Board Bankura.

বিজ্ঞাপন।

এতদ্বারা সর্ব্বসাধারণকে অবগত করা যাইতেছে যে, বর্দ্ধমান রাজষ্টেটের চুঁচুড়া মোগলটুলীর মধ্যে মোগলবাগান নামক বাগীচা মায় চতুর্দ্দিকের প্রাচীর, তলি জায়গা ও বৃক্ষাদি বর্ত্তমান বর্ষের আগামী ৪ঠা আশ্বিন ইংরাজী ১৯শে সেপ্টেম্বর মঙ্গলবার বেলা অপরাহ্ণ ৩ ঘটিকার সময়ে প্রকাশ্য নিলামের দ্বারা বিক্রয় হইবে। ক্রেতাগণ ধার্য্য-দিবসে উক্ত সময়ে চুঁচুড়ার রাজবাটীর দারোগার কাছারিতে উপস্থিত হইবেন। সম্পত্তির বিবরণ ও নিলামের সর্ত্ত সকল জানিবার আবশ্যক হইলে নিম্নস্বাক্ষরকারীর নিকট জানিতে পারিবেন।

অনুমত্যানুসারে—
শ্রীকুমুদনাথ ঘোষাল।
দারোগা, রাজবাটী—চুঁচুড়া।

নং ৪০২

গবর্ণমেণ্টের অনুমোদিত।

বাঙ্গালা ছাত্রবৃত্তি ও মাইনর স্কুলসমূহের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পাঠ্য।

"বিজ্ঞানসোপান"।

শ্রীযুক্ত উমেশচন্দ্র ঘোষ, এম এ, বি এল প্রণীত।

মূল্য ॥৵০ দশ আনা মাত্র।

ছাত্রবৃত্তি ও মাইনর পরীক্ষার নির্দ্দিষ্ট বিষয়-গুলি এরূপ বিশদরূপে ও ধারাবাহিক ভাবে অন্য কোন গ্রন্থে বর্ণিত নাই। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৪০৪নং

অম্বিকাচরণ ঘোষাল
ফটোগ্রাফার ও পোর্ট্রেট পেইণ্টার
ঘুঁটেবাজার হুগলি

মফস্বলে যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণপত্র লিখিলে জানিতে পারিবেন। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী-ব্রিজ, হুগলী কলেজ, এমামবাড়া, হংসেশ্বরীর মন্দির, চুঁচুড়া গোরাবারিক অভ্যন্তর দৃশ্য, নবাব খাজাখাঁর মসজিদ, সপ্তগ্রামের মহোৎসব প্রত্যেক ॥০ আনা মাত্র—ফটোগ্রাফগুলি একবার দেখিলে বাধিত হইব।

পাটীগণিত।

নূতন সংস্করণ।

শ্রীপ্রসন্নকুমার সর্ব্বাধিকারী প্রণীত।

সুপ্রসিদ্ধ গণিতশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম, এ, মহাশয়ের দ্বারা সম্যক্‌রূপে সংশোধিত পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত। ইহাতে সুকৌশল সম্পন্ন প্রশ্নাবলী সন্নিবেশিত এবং উহাদের ভূরি পরিমাণে সমাধান করা হইয়াছে। ৫৭৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। উত্তম কাপড়ে বাঁধা, মূল্য ১৷৵০। বলা বাহুল্য ইহা চিরকাল সর্ব্বাদৃত, অধুনা আরও অধিক পরিমাণে স্কুলাদিতে পাঠ্যরূপে নিয়োজিত হইতেছে এবং বঙ্গবাসী প্রভৃতি সংবাদ পত্র ভূয়সী প্রশংসা করিতেছেন। নিম্নলিখিত এবং অন্যান্য স্থানে পাওয়া যায়।

বি, ব্যানার্জ্জি এণ্ড কোং।
২৫নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, ৫৬নং কলেজ ষ্ট্রীট, ৫১নং পুরাতন চীনেবাজার, কলিকাতা। ৫৫নং পটুয়াটুলি ঢাকা।

৩৮৮নং

মাইকেল মধুসূদন দত্তের

জীবনচরিত, অপ্রকাশিত কবিতা, পত্র ও গ্রন্থাবলীর সমালোচনা সম্বলিত গ্রন্থ

প্রকাশিত হইয়াছে।

শ্রীযোগীন্দ্রনাথ বসু বি এ, প্রণীত।

ডিমাই আট পেজী আকারে পাঁচ শতেরও অধিক পৃষ্ঠায় সম্পূর্ণ।

এরূপ সর্ব্ববিষয়ক জীবনচরিত এপর্য্যন্ত বাঙ্গালা ভাষায় প্রকাশিত হয় নাই। মধুসূদনের জীবনের বিষাদময় ইতিহাসের সঙ্গে তাঁহার সমসাময়িক বাঙ্গালা সাহিত্যের অবস্থা, তাঁহার গ্রন্থাবলীর সমালোচনা, তাঁহার লিখিত বহুসংখ্যক ইংরাজী ও বাঙ্গালা কবিতা, মান্দ্রাজ, ইংলণ্ড, ফ্রান্স প্রভৃতি স্থান হইতে তাঁহার লিখিত বহুসংখ্যক পত্র, তাঁহার জীবনের ঘটনাবলী সম্বন্ধে সার মহারাজা যতীন্দ্রমোহন ঠাকুর, বাবু ভূদেব মুখোপাধ্যায়, রাজা প্যারীমোহন মুখোপাধ্যায় প্রভৃতির লিখিত মন্তব্য, রাজা রাজেন্দ্রলাল মিত্র, ডিঙ্ক ওয়াটার, বেথুন, বাবু রাজনারায়ণ বসু প্রভৃতি অনেক খ্যাত-নামা ব্যক্তির লিখিত পত্র ও পত্রাংশ ইত্যাদি ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। মধুসূদনের নিজের এবং তাঁহার সমাধি স্তম্ভের চিত্র এবং রাজা প্রতাপচন্দ্র সিংহ, রাজা ঈশ্বরচন্দ্র সিংহ, মহারাজা সার যতীন্দ্রমোহন ঠাকুর, বাবু ভূদেব মুখোপাধ্যায়, বাবু গৌরদাস বসাক, বাবু রাজনারায়ণ বসু, ৺ বিদ্যাসাগর মহাশয়—এই কয়েক জনেরও চিত্র ইহাতে প্রদত্ত হইয়াছে। এইরূপ সুন্দর চিত্র এপর্য্যন্ত কোনও বাঙ্গালা গ্রন্থে প্রকাশিত হয় নাই। ছাত্রদিগকে পুরস্কার দিবার জন্য অতি সুন্দররূপ বাঁধান হইয়াছে। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপোজিটরীতে, ২১০। ৪ কর্ণওয়ালিস ষ্ট্রীট নব্যভারত কার্য্যালয়ে, বৈদ্যনাথ দেওঘর স্কুলে গ্রন্থকারের নিকট এবং নিম্নস্বাক্ষরকারীর নিকট পাওয়া যায়। মূল্য কাপড়ে বাঁধান ২৷৷০ টাকা, কাগজের মলাট ২৲ টাকা, ডাকমাশুল ।০ আনা। মফস্বলস্থ গ্রাহকগণ গ্রন্থকারকে পত্র লিখিবেন।

শ্রীরামানন্দ চট্টোপাধ্যায় এম এ।
অধ্যাপক সিটি কলেজ,—কলিকাতা।

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৬ বৎসর উহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-যশের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার লেপনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থার সম-ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনা ব্যয়ে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৷৷০ টাকা, পাকিং ।০ আনা

২ শিশি একত্রে লইলে খরচা ৷৷৵০ আনা সুলভ হয়।

শ্রীকালীদাস সরকার।

গবর্ণমেণ্ট পেন্সনার—লক্ষ্ণৌ।

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

একপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বলবীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রি-জাগরণ, অতিরিক্ত পান-ভোজন, অতিপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা-হাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত।

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-ফোলা-কাসিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দৌকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকার সেজ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক। নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে, ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্পদিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধ অতি সামান্য রাগও আরাম হয়। বিধাতার বিচিত্রবিধান বুঝাভার!

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন। প্লীহা জ্বর-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগীকে এই এক ৩নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

বটিকার সংখ্যা,	মূল্য,	ডাঃমাঃ,	প্যাকিং
১নং কৌটা	১৮	৷৷৵০	।০
২নং কৌটা	৩৮	১৵০	।০
৩নং কৌটা	৫৪	১৷৷৵০	।০

ভ্যালুপেয়লে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।

১২ নং মুক্তাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা

৩৭৪নং

পাঁড়ে ব্রাদার্স।

পুস্তক ও দেশী বস্ত্র বিক্রেতা।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্, কলিকাতা।

এখানে ইংরাজি বাঙ্গালা সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য সর্ব্ব প্রকার পুস্তক, তৎসমস্তের নানা প্রকার কি, নোট, অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি সর্ব্ব প্রকার পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে। বিলাতি পুস্তক বিলাত হইতে আনা হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা ১৸০ মূল্য ধোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও ব্যবহারীর জন্য চলিবে ও ২৷৷০, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ নয়নসুক, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকটও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য ।৵০ বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ ⁄০
৩২ খানি উৎকৃষ্ট চিত্রসহ
নীতি কথামালা ।০ মানবতত্ত্ব ১৷০
আর্য্যচরিত ।০ ধর্ম্মবিজ্ঞান ১৲০
আর্য্যশিক্ষা ৷৷৵০ অদ্ভুত স্বপ্ন বা
বাঙ্গলা ব্যাকরণ ।৵০ স্ত্রী পুরুষের দ্বন্দ্ব ৷৷০
শিশু বিজ্ঞান ৶০ বিজ্ঞানসার ১৲
বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ ⁄০ লীলাবতী (অঙ্কপুস্তক) ৷৷০

৩৪৫ নং শ্রীমনোমোহন পাঁড়ে

সংক্ষিপ্ত পদার্থদর্শনের প্রশ্নোত্তর।

পণ্ডিত প্রবর শ্রীযুক্ত প্রসন্নকুমার চক্রবর্ত্তী প্রণীত। মূল্য ৴০ পাঁচ আনা মাত্র। যত গুলি সঃ পদার্থদর্শনের প্রঃ উঃ এ পর্য্যন্ত প্রকাশিত হইয়াছে এখানা তাহাদের অপেক্ষা কোন অংশে নিকৃষ্ট নহে বরং অনেকাংশে উৎকৃষ্ট। যে স্কুলে এক খানিমাত্র এই প্রঃ উঃ প্রবেশ লাভ করিয়াছে সে স্কুলের সমস্ত ছাত্রই ইহা ক্রয় করিতেছে। একত্রে ৫ক গ্রাহকেরে ৫ খানি এই প্রঃ উত্তর লইলে স্কুলের শিক্ষকদিগকে শতকরা ১৫৲ টাকার হিসাবে কমিসন দিয়া থাকি; অধিকন্তু আসি নিজ হইতে ডাক মাশুল দিই। কাগজ, ছাপা ও বাঁধাই সমস্তই উৎকৃষ্ট। ভিঃ পিঃ ডাকে পাঠাইয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র দত্ত।

ভারত পুস্তকালয়, পটলডাঙ্গা, বৌবাজার পোষ্ট

কলিকাতা।

৩১৯নং

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸০ বার আনা, ডাঃ মাঃ ৴০ এক আনা। এখানি ১৮৯৪ অব্দের মাইনর পরীক্ষায় ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহাতে বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গদ্য হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ৴০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

সংস্কৃত প্রেসডিপজিটরি।

১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত

পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষক গণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৷৷০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।৴০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীজমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।৵০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ৴০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৪৪ নং

ইউক্লিডের জ্যামিতি দ্বাদশ অধ্যায়।

(সংশোধিত এবং পরিবর্দ্ধিত।)

শ্রীযুক্ত বাবু ব্রজমোহন মল্লিক প্রণীত।

৪র্থ সংস্করণ প্রকাশিত হইয়াছে, মূল্য ২৲ টাকা। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৯৭ নং ম্যানেজার।

শ্রীমদ্ভগবদ্গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ৴০।

ঐ বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ৴০ পাঁচ আনা ডাঃ মাঃ ৴০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা মূল্য ৴০ পাঁচ আনা ডাঃ মাঃ ৴০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা উৎকৃষ্টরূপ বাঁধা মূল্য ৸০ আট আনা, ডাঃ মাঃ ৴১০।

কবির (জীবন্মুক্ত মহাত্মা কবির সাহেবের ৫৫৩টী দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা-সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ ৴১০।

কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০।১ন মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

ম্যানেজার।

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু

প্রণীত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য ৴০ আনা

ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "

ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব ।০ "

সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তালিকায় পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।

১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট—কলিকাতা।

☞ এই পত্র হুগলি বুধোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

REGISTERED NO 35 1875.

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

নূতন সম্বৎ। ২৫শ খণ্ড। ২৬শ সংখ্যা। | ৭ই আশ্বিন শুক্রবার ১৩০০ সাল। ইং ২২শে সেপ্টেম্বর ১৮৯৩ খৃঃঅব্দ। | অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম) ৫ ষাণ্মাসিক ৩
ত্রৈমাসিক ২ প্রত্যেক সংখ্যার ।৹

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৵০ ৩য় বার /১০ চতুর্থ বা ততোধিক বার /০। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৵০।
কর্ম্মখালির বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে প্রকাশিত হয়।

তিন মাসের বৈষয়িক বিজ্ঞাপন প্রকাশ করিতে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের যেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

যাঁহারা এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য নগদ টাকায় দিবেন, তাঁহারা তাঁহাদের নিকটবর্ত্তী এজেন্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণিঅর্ডার কুপনে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

এডুকেশন গেজেটে বিজ্ঞাপন প্রকাশের সুবিধার জন্য ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে একটী এজেন্সি খোলা হইয়াছে। তথায় বিজ্ঞাপন ও তৎপ্রকাশের মূল্য জমা দেওয়া যায়।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যূন বিলম্ব হইলে তাহার নামধামসহিত পিয়নের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

কলিকাতা শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়। সংস্কৃতযন্ত্রের পুস্তকালয় ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।
চণ্ডীচরণ মজুমদার—জেনরল সেক্রেটারিয়েট জুডিসিয়াল ডিপার্টমেণ্ট।
২৪ পরগণা মতিলাল মৈত্র—আলিপুর।
আলিপুর ভূপালচন্দ্র গঙ্গোপাধ্যায়—উকিল।
বারাকপুর শ্রীযুক্ত বাবু ভুবনমোহন নিয়োগী।
জবানীপুর রাজকৃষ্ণ রায় চৌধুরী।
চুয়াডাঙ্গা যদুনাথ চৌধুরী।
হাবড়া হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান চারুচন্দ্র চট্টোপাধ্যায়।
রসিকলাল দাস—রায়না।
যশোহর কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
সিউড়ী অম্বিকাচরণ মুখোপাধ্যায়।
নীলমণি ভট্টাচার্য্য।
বাঁকুড়া রামেশ্বর সেন—বিষ্ণুপুর।
অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর উমাচরণ দে।
জলপাইগুড়ি নীলমণি পাল।
বাঁকিপুর নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর।
জগবান প্রসাদ।
বারাণসী সোমনাথ ভাদুড়ী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর আদিনাথ মিত্র।
দ্বারকানাথ বাগচি—মিলকাবারি।
রাজসাহী কালীনাথ চৌধুরী—বোয়ালিয়া।
পাবনা মহেন্দ্রনাথ দত্ত।
রজনীকান্ত ভট্টাচার্য্য।
রামচন্দ্র চক্রবর্ত্তী।
ব্রজেন্দ্রচন্দ্র সৈথি, তুলাই।
উমাচরণ পাঁড়ে, সিরাজগঞ্জ।
ঢাকা সতীশচন্দ্র ঘোষ।
সাঁওতাল পরগণা যজ্ঞেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।
পাকুড় রাধাকৃষ্ণ সারখেল।
খুলনা হরিহর দাস।
জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।
দিনাজপুর রাজকুমার চক্রবর্ত্তী ফুলবাড়ি।
ভুবনেশ্বর গুপ্ত।
দুর্গাদাস সুর—রায়গঞ্জ।
শশিভূষণ রায়।
কোচবিহার ভুবনমোহন দত্ত।
ফরিদপুর কালীকিশোর ঘোষ—মাদারিপুর।
মজঃফরপুর কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল
মারতাঙ্গা গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক সুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সমস্তীপুর
বৈদ্যনাথ যোগীন্দ্রনাথ বসু হেড মাষ্টার, দেওঘর।

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিবিধ বিজ্ঞাপন।

শ্রীরামেশ্বর সেন কৃত

১। উচ্চপ্রাথমিক সহজ-পরিমিতি মূল্য ।৹।

২। নিম্ন-প্রাথমিক সহজ-পরিমিতি (কেবল দেশীয় রীতির নিয়মাদি)
ভাল কাগজে ছাপা ৵০
চলিত কাগজে ছাপা ৵০

৩। নিম্ন-পুরস্কার পরীক্ষা—
পাঠশালার ছাত্রগণের অত্যুপকারী অভিনব পাঠ্য পুস্তক।
ভাল কাগজে ছাপা ৵০র স্থলে ৵১০
চলিত কাগজে ছাপা ৵১০র স্থলে ৵৹

কলিকাতা ও বাঁকুড়া জেলার বহির দোকানে প্রাপ্য।

৪। "উচ্চ-পুরস্কার পরীক্ষা" শীঘ্রই বাহির হইবে।

৪১১নং

গিরিশ লাইব্রেরী।

এখানে ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল, এ; বি, এ ক্লাসের সর্ব্বপ্রকার পাঠ্যপুস্তক ও অর্থ পুস্তকাদি এবং নাটক, নভেল প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়। ভিঃ পিঃ ডাকেও পুস্তক পাঠাই। ২১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা। শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৮৪নং

এল, ডি, মিত্র এবং কোং।

লব্ধপ্রতিষ্ঠ ও কলিকাতা ও অন্যান্য স্থানের দক্ষ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৫৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক কুবিনি ক্যাম্ফার ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৷৷০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৬৲ ও ৭৲, শিশুচিকিৎসা ২৷৷০, বামাচিকিৎসা ২৲ জ্বর চিকিৎসা ৮০ ও ১৸০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৮০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমরা কলিকাতার মহামেলায় এই শ্রেণীতে ভারতের মধ্যে সর্ব্বোচ্চ এবং এখানকার ও অন্যান্য স্থানের সম্ভ্রান্ত চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি।

১৯

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্তলালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীতে সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১৷৷০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

REDUCTION IN PRICE OF CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta, Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free, at 4 oz, Rs3--4 : 8 oz, Rs 6—8 : 16 oz, Rs 12 –12. Cash with order.

No. 331

বুধোদয় যন্ত্র।

হুগলি বুধোদয় যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষর ও তাহার সরঞ্জাম প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানাপ্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় বার্ষিক ফরম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, ষ্ট্যাম্পবিল, জমিদারীর জমাওয়াশীল ফরম, ডাক্তারি লেবিল ও বিল নানাপ্রকার ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পাদিত হইয়া থাকে। বিশেষ বন্দোবস্ত করিলে সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংলিস অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও স্মল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া দপ্তরী দ্বারা পুস্তক প্রস্তুত করিয়া রীতিমত বাক্সবন্দী করিয়া রেলে বা জাহাজে যাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি, গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন, ছাপার রেট ও অন্যান্য বিবরণ জানিতে ইচ্ছা করিলে আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পরিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
কার্য্যাধ্যক্ষ

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১৯ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।

ডাকমাশুল ⁄০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস, ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ⁄০

পদ্য ব্যাকরণ মূল্য ⁄১০

প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য ⁄১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায়) পাওয়া যায়।

শ্রীতিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

রিপণ-ডিপজিটারী।

৫২ নং দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য ও নাটক নভেল অতি সুবিধায় সরবরাহ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পি, ডাকে পুস্তক পাঠাই। প্রেরণ ব্যয় ⁄১০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়।

শ্রীশশিভূষণ সাহা
ম্যানেজার।

৩৮০ নং

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মতামত নহে।

জয়পুরের মানমন্দির।

মহারাজ সাহেবের নিজ বাসভবন ও কাছারি সমূহের দক্ষিণে প্রাচীর বেষ্টিত একটী প্রকাণ্ড অঙ্গন আছে। উহার নাম যন্ত্রখানা। উহাতে ছোট বড় লইয়া ২৪।২৫টী যন্ত্র আছে। এই সকল যন্ত্রের দ্বারা সূর্য্য, চন্দ্র, গ্রহ, উপগ্রহ, নক্ষত্র ও রাশিচক্রের অর্থাৎ সমস্ত জ্যোতিষ্কেরই গতি ও অবস্থান-নিরূপিত হইতে পারে। এই যন্ত্রগুলিকে লোকে যেন লোহার কল কব্জা মনে না করেন। ইহারা পাকা প্রস্তর-নির্ম্মিত ইমারত এবং দৈর্ঘ্যে, প্রস্থে এবং উচ্চতায় নানাবিধ। সকলেরই আকার সমান নহে। কেহ বৃত্তাকার, কেহ ত্রিভুজাকার, কেহ বা গহ্বর ইত্যাদি ইত্যাদি। যন্ত্রগুলির নাম ও প্রত্যেকের মোট কার্য্য নিম্নে প্রদত্ত হইল।

১। ময়দানের মধ্যভাগে "সম্রাট যন্ত্র"। ইহা সর্ব্বাপেক্ষা আয়তনে বৃহৎ। ইহার প্রধান কার্য্য ইষ্ট নির্ণয় অর্থাৎ বেলা নির্ণয় এবং ইহাদ্বারা সূর্য্য ও অন্যান্য গ্রহাদি রাশিচক্রের কোন্ স্থানে অবস্থান করে অর্থাৎ উহাদের Right ascension নিরূপিত হয়।

২। সম্রাট যন্ত্রের দুই পার্শ্বে চারিটী যন্ত্র আছে। এই চারিটীর কাজ একই; এই জন্য আমরা ইহাদিগকে এক যন্ত্রই ধরিলাম। ইহাদিগের নাম "ষড়ংশ যন্ত্র"। দ্বি-প্রহর কালে খ-মধ্য হইতে সূর্য্যের দূরত্ব (Zenith distance) সুতরাং উন্নতাংশ (altitude) ও নিরূপিত হয়। এবং ইহা দ্বারা সূর্য্যের ক্রান্তি (declination) ও নির্ণীত হইতে পারে।

৩। ভিত্তি যন্ত্র। ইহাদ্বারা দ্বিপ্রহর কালে সূর্য্যের উন্নতাংশ (altitude) খ-মধ্য হইতে দূরত্ব (Zenith distance) এবং ক্রান্তি (declination) নির্ণীত হয়। স্থানীয় অক্ষাংশ (latitude) নিরূপিত হয় এবং চন্দ্র ও অন্যান্য নক্ষত্রেরও দক্ষিণোত্তর বৃত্তের (meridianal) উন্নতাংশ ইত্যাদি জানা যায়।

৪। যন্ত্ররাজ। ইহাতে খ-গোলকের একটী মানচিত্র রক্ষিত হইয়াছে।

৫। চক্রযন্ত্র। ইহা দ্বারা সূর্য্যের ও অন্যান্য গ্রহের সর্ব্বসাময়িক উন্নতাংশ (altitude) নির্ণীত হয়।

৬। নাড়ী বলয়। সম্রাট্ যন্ত্রের যে কার্য্য নাড়ীবলয়েরও সেই কার্য্য। সম্রাটযন্ত্র অতিশয় উচ্চ তজ্জন্য সর্ব্বদা ব্যবহার হয় না। নাড়ীযন্ত্রও সম্রাট যন্ত্রের ন্যায় আকৃতি বিশিষ্ট।

৭। পলভা যন্ত্র। অর্থাৎ ধূপঘড়ি (Sun-dial) ইহার দ্বারা বেলা নির্ণয় করা যায়।

৮। গোল যন্ত্র দুইটী আছে। উত্তর গোলযন্ত্র দ্বারা উত্তরায়ণের ছয় মাস এবং দক্ষিণ গোলযন্ত্র দ্বারা দক্ষিণায়ণের ছয় মাস বেলা নির্ণয় হইয়া থাকে।

৯-২০। দ্বাদশ যন্ত্র। ইহাতে সম্রাট যন্ত্র ও নাড়ীবলয়ের আকার বিশিষ্ট ১২টী ক্ষুদ্র ক্ষুদ্র যন্ত্র আছে। প্রত্যেক মাসের লগ্ন নিরূপণের জন্য প্রস্তুত হইয়াছে। লগ্ন অর্থে যে সময়ে রাশিচক্রে যে রাশির উদয় হয় অর্থাৎ পূর্ব্বদিকে ক্ষিতিজ বৃত্তে (Horizon) লগ্ন থাকে সেই সময়ের পক্ষে সেই রাশি লগ্ন স্বরূপ।

২১। রাম যন্ত্র। এই যন্ত্রের দ্বারা সকল জ্যোতিষ্কেরই সর্ব্ব সাময়িক দিগংশ (azimuth) এবং উন্নতাংশ (altitude) জানা যায়।

২২। দিগংশ যন্ত্র। ইহার দ্বারা জ্যোতিষ্কগণের দিগংশ (azimuth) নির্ণয় হয়।

২৩। কপালি যন্ত্র। ইহা দ্বারা ইষ্ট নির্ণয়াদি হইয়া থাকে।

২৪। ক্রান্তি যন্ত্র। ইহাদ্বারা সূর্য্যের ক্রান্তি (declination) ইষ্ট (time) এবং উন্নতাংশ (altitude) দেখা যায়।

২৫। জয়প্রকাশ। এই যন্ত্র সাহায্যে স্থানীয় অক্ষাংশ (latitude) এবং আরও অনেক বিষয় জানা যায়।

২৬। ইহা ব্যতীত সম্রাট যন্ত্রের অংশ কলাদি বিভাগ (graduation) কালে একটী গোলাকার প্রস্তর নির্ম্মিত ভূমি ব্যবহৃত হইয়াছিল। সেই বৃত্তাকার ভূমিটী এখনও বর্ত্তমান আছে। তাহার নিজ প্রয়োজনীয় কিছুই নাই, তবে সু-উচ্চ সম্রাট যন্ত্রের বৃত্তের আয়তন জানিতে হইলে সচরাচর এই দেখিয়া জানা যায়।

এই সকল যন্ত্রের প্রত্যেকের আকার, আয়তন উপযোগিতা এবং যে প্রণালীতে ইহাদের ব্যবহার হইয়া থাকে তাহার বিস্তারিত বর্ণনা ক্রমশঃ প্রকাশিত হইবে। যে সকল যন্ত্রের যেরূপ উপযোগিতা উপরে বিবৃত হইয়াছে, পাঠকের বিশ্বাস থাকুক যে, প্রত্যেকেরই তাহা অপেক্ষা অধিক উপযোগিতা আছে, কিন্তু এক্ষণে আমরা কেবল প্রধান প্রধান কার্য্যেরই উল্লেখ করিয়াছি।

শ্রীমেঘনাথ ভট্টাচার্য্য।
জয়পুর মহারাজ কলেজের অধ্যাপক।

আসব ও ক্রিয়েজোট।

সকলেই জানেন, যে, গুরু দ্রব্যের উপর লঘু দ্রব্য ভাসিয়া থাকে। জলাপেক্ষা তৈল লঘু এই জন্য তৈল জলে ভাসে ইত্যাদি।

আসব বায়ু অপেক্ষা লঘু এই জন্য আসব বায়ুতে ভাসিয়া উঠে। আসব বায়ুতে ভাসিয়া উঠিলে আমরা জানিতে পারি। তখন উহা হইতে গন্ধ বাহির হয় এবং গৃহের তাপ কমিয়া যায়।

আসব বা আতর সূক্ষ্ম সূক্ষ্ম তৈলকণা ভিন্ন আর কিছুই নহে। ইহা ফল, পুষ্প ও কাষ্ঠে প্রচুর পরিমাণে থাকে। ফল ও শস্যে তৈল পাওয়া যায়, ইহা সকলেই জানেন। ফুল হইতে যে তৈল পাওয়া যায়, তাহারই নাম আসব। আসব বহুবিধ, হেনা, বেলা, চামেলী প্রভৃতি। সাধারণতঃ বৃহৎ ফল হইতে যে নিয়মে তৈল বাহির করা হয়, ফুল হইতে সে নিয়মে তৈল বাহির হয় না। ফুল ও কাষ্ঠ হইতে চোলাই করিয়া তৈল বাহির করিতে হয়, এই জন্য ইহাদের নাম আসব এবং এই কারণ বশতঃ ইহারা বায়ু হইতে লঘু হইয়া পড়ে।

পুষ্পে তৈল থাকিলেই সে পুষ্প হইতে সুগন্ধ বাহির হয়। যে ফুলে তৈল নাই, তাহার গন্ধও নাই; যাহার তৈল অল্প, তাহার গন্ধও অল্প। যদ্যপি আমরা এই গৃহ মধ্যে কতকগুলি সুগন্ধ বিশিষ্ট পুষ্প চয়ন করিয়া রক্ষা করি, তাহা হইলে অতি অল্পক্ষণ পরেই আমরা জানিতে পারিব যে, ঐ পুষ্পের তৈলকণা সমুদয় গৃহস্থ বায়ুর উপর ভাসিয়া বেড়াইতেছে। কিছুক্ষণ পরে আমরা দেখিব ফুলগুলির সমস্ত তৈল, বায়ু হরণ করিয়া লইয়াছে; এক্ষণে আর পূর্ব্বের মত পুষ্পের গন্ধ নাই। পুষ্পের পরিবর্ত্তন হইয়াছে।

রান্ধনে যে সকল মশলা দেওয়া হয়, তাহার অধিকাংশ মশলা ফল বা বীজ হইতে সংগৃহীত। ধনে, যোয়ান, জিরে, মরিচ ইত্যাদি—এইগুলি যদি ২।১ দিন বাটিয়া গৃহে রাখা হয়, তাহা হইলে

উহাদের সমুদয় আসব বায়ুর সঙ্গে বাহির হইয়া যায়। আসব বাহির হইয়া গেলে তখন উহারা স্বতন্ত্র দর্শ প্রাপ্ত হয়; এই জন্য ২।১ দিনের পূর্ব্বের বাটা মশলা ব্যঞ্জনে দিলে, ব্যঞ্জন সুস্বাদু হয় না ও উহার গুণ প্রকাশ হয় না। অতএব মশলা টাট্‌কা বাটিয়া ব্যঞ্জনে দেওয়া কর্ত্তব্য।

কাষ্ঠের ভিতর হইতেও তৈল বহির্গত হয়। বারা ঘরে কাষ্ঠ দগ্ধ হয় বলিয়া ধূম হয়। সেই ধূমে কোন দ্রব্য রাখিয়া দিলে কিছু দিন পরে বেশ জানা যায় যে ঐ দ্রব্যটিতে এক প্রকার তৈল দেখা যাইতেছে। বস্তুতঃ উহা তৈলই বটে। উহাতে ক্রিয়েজোট এবং এসিটিক এসিড্ এবং কিছু উডটার (কাষ্ঠ আলকাতরা) পাওয়া যায়। ক্রিয়েজোট এবং এসিটিক এসিড বড়ই তেজী দ্রব্য। কাঁচা কাষ্ঠে ইহা অধিক থাকে। উক্ত দ্রব্যদ্বয় থাকে বলিয়া কাষ্ঠ দগ্ধ ধূঁয়া চক্ষে লাগিলে চক্ষু জ্বালা করে।

নারিকেলের মালা পোড়া ধূম যে নিয়মে তৈয়ারী করিয়া দাদে দেওয়া যায়, তাহা সকলেই অবগত আছেন। ঐ ধূম দাদে দিলে দাদ অত্যন্ত জ্বালা করে। ভুক্তভোগী মাত্রেই ইহা অবগত আছেন। মালা পোড়া ধূমে ক্রিয়েজোট এবং এসিটিক এসিড থাকে বলিয়া যে উহা ঐরূপ তেজী হয়, তাহা সকলেরই জানা হইল। এই ক্রিয়েজোট বাজারে কিনিতে পাওয়া যায়, ইহাকে অয়েল ক্রিয়েজোট বলে। ইহা কাষ্ঠে লাগাইলে, কাষ্ঠে কোন পোকা লাগে না, উই ধরিতে পারে না। আপনারা কি কখন রান্নাঘরের কড়িতে উই লাগিতে দেখিয়াছেন? কিন্তু এখন কয়লার জ্বালে অনেক স্থলে রন্ধন হইয়া থাকে, এখন দেখিবেন বোধ হয়। রেল পথের নিম্নে যে কাষ্ঠ মৃত্তিকার উপর থাকে, তাহাতে ক্রিয়েজোট মাখান হয়।

শ্রীঃ—

স্বর্ণ ও রৌপ্যের লেখা।

কুম্ভকারেরা প্রতিমা গিল্টি করিবার জন্য যে সূক্ষ্ম স্বর্ণ ও রৌপ্য চূর্ণ ব্যবহার করে, উহা খাতার মধ্যে থাকে। বাজারে ঐ স্বর্ণ ও রৌপ্য চূর্ণ তবকের খাতা কিনিতে পাওয়া যায়।

গাঁদের আটা দিয়া লিখিয়া ঐ তবক পাতা বসাইয়া দিলে, লিখিত স্থানে সূক্ষ্ম চূর্ণ আকৃষ্ট হইবে। পরে, শুকাইলে ঝাড়িয়া লইবে, তখন লেখা বাহির হইবে।

অল্প গাঁদের আটায় ঐ সূক্ষ্ম চূর্ণ উত্তম রূপে মিলিত করিয়া কালী করিবে। পরে উহা দ্বারা লিখিয়া, লেখা শুকাইলে, মাজিয়া লইলে, লেখা বাহির হইবে।

শিরীষ কাগজ।

মহিষের শিং গুঁড়া করিয়া শিরীষ হয়। শিরীষ হইলে যে দ্রবা থাকে, তাহাকে জিলাটিন বলে। ময়দা ও আটায় যে প্রভেদ, শিরীষ ও জিলাটিনে সেই প্রভেদ। কিছু ময়দা মাখিয়া, ঐ মাখা ময়দা ক্রমাগত জলে ধুইলে, উহার যে সার পাওয়া যায় তাহাও এক প্রকার শিরীষ। আমরা এখানে কেবল শিরীষ কাগজ করিবার কথা বলিব।

কিছু শিরীষ জলে ভিজাইয়া রাখিলে, কোমল হইবে। পরে কোমল শিরীষকে উষ্ণ জলে সিদ্ধ করিলে মণ্ড হইবে। মণ্ড বা মাড়, বা "ফেণ" কোন কাগজে মাখাইয়া, তাহাতে কাচ চূর্ণ মিশ্রিত করিয়া শুকাইয়া লইবে; তাহা হইলেই উৎকৃষ্ট শিরীষ কাগজ হইবে। যে কাচ চূর্ণ ছেলেরা ঘুড়ির সুতা মাঞ্জা করিবার জন্য প্রস্তুত করে, ইহা সেই কাচ চূর্ণ।

লোজেন জেস্ (রজন চুস্)

ডিম্বের শ্বেতসার ৬ আউন্স, দোবরা চিনি অর্থাৎ পরিষ্কার চিনি (রিফাইন) ঐ ৬ আউন্সের পরিমাণ। এই দুই দ্রব্যকে একত্র করিয়া কর্দ্দমাকার করা যায়; তৎপরে উহাতে ৩৬ বিন্দু পিপারমেণ্ট তৈল যোগ করিয়া ছাঁচে ঢালিয়া, শুকাইয়া লইতে হয়। ইহা আমরা পরীক্ষা করি নাই,—করা উচিত বটে। কেহ কেহ ইহাতে রং দেন। বাজারে প্রায় রঙ্গিন লোজেনজেস বিক্রয় হয়।

শ্রীঃ—

প্রিয়বিরহে।

(১)

কুসুমবিকাশ কেন কাননে আবার?
কেন পুন দিবারাতি,
সৌর-শশধর-জ্যোতি,
পূর্ণিমার ক্রোড়ে ধরা কেন হাসে আর?

(২)

বিহঙ্গকূজন কেন শুনি রে আবার?
কেন সহকার পাশে,
ললিত লতিকা হাসে,
কেন শান্ত সুশীতল সমীর-সঞ্চার?

(৩)

কেন রে প্রকৃতি পুন হাসিছে এমন?
সজীব নির্জ্জীব হাসে,
বৃক্ষি তারা উপহাসে,
অভাগায় হাসাহীন করি দরশন।

(৪)

হেস না সংসার তুমি হেরিয়া আমায়;
মন-প্রাণ মত্ত করা
যেই হাসি মনোহরা,
মাতাইত এক দিন এই অভাগায়,

(৫)

সে হাসি কোথায় তুমি পাইবে সংসার?
বিষাদ-আঁধার-মসী,
তোমার সৌন্দর্য্যরাশি,
নয় নয় তিলমাত্র সমতুল তার!

(৬)

অথবা সে হাসি-রাশি অপার্থিব-ধন,
গৌরবের অলঙ্কার
ছিল বুঝি তা' তোমার,
তাই কি হাসিতে চেষ্টা করিছ তেমন?

(৭)

কিম্বা, তাপিতের দুঃখে হইয়া কাতর,
তুমি বুঝি দিবা নিশি
হাসিছ কৃত্রিম হাসি,
ভুলাইতে অভাগার উদাস-অন্তর?

(৮)

না, না, বৃথা চেষ্টা কেন?—হাসিও না আর,
এ চিত্তের শান্তি নাই,
এ চিন্তার অন্ত নাই,
একের অভাবে, হায়! সকলি আঁধার!

(৯)

যেন সে শরীর নাই, নাই সে জীবন,
নাই সুখ, নাই শান্তি,
হৃদয়ের ঘোর ভ্রান্তি,
সংসার বিষাদময়, সকলি নূতন!'

(১০)

নিয়ত দহিছে হিয়া;—বুঝি এ বেদন
জীবনে যাবার নয়,
শরীর হইলে ক্ষয়
তবু বুঝি এই স্মৃতি রহিবে এমন!

শ্রীনীলকান্ত বসু।
হেড্ মাষ্টার, ধান্যকুড়িয়া হাই ইং স্কুল।

এডুকেশন গেজেট।

৭ই আশ্বিন ১৩০০। ইং ২২শে সেপ্টেম্বর ১৮৯৩।

বাঙ্গালার আয়কর।

১৮৯২—৯৩ সালের বাঙ্গালার আয়কর সম্বন্ধীয় বিবরণী বিষয়ে বাঙ্গাল গবর্ণমেণ্ট যে মন্তব্য প্রকাশ করিয়াছেন, নিম্নে তাহারই সারাংশ বিবৃত করা যাইতেছে—

ব্যয়ের যাহাতে সংক্ষেপ হয় এই উদ্দেশ্যে উক্ত বৎসরের শেষভাগে হুগলী ও হাবড়া জেলায় আয়করের আদায় প্রভৃতি কার্য্যের জন্য পূর্ব্ব পূর্ব্ব বৎসরের ন্যায় পৃথক্ পৃথক্ সরঞ্জাম না রাখিয়া এক সরঞ্জামেই যাহাতে দুই জেলারই কার্য্য চলিতে পারে এরূপ ব্যবস্থা করা হইয়াছে। ঐরূপ বাঁকুড়া ও বীরভূম—এই দুই জেলা এবং মানভূম ও সিংহভূম—এই দুই জেলা উল্লিখিতরূপ বন্দোবস্তের অধীন হইয়া একত্র সম্মিলিত হইয়াছে। ইহাতে বৎসরে প্রায় ৪ হাজার টাকা খরচ বাঁচিয়া যাইবে। আসেসরগণের নিয়োগ ও পদোন্নতি বিষয়ে গবর্ণমেণ্টের অনুমতি লইয়া রেভেনিউবোর্ড কয়েকটি নিয়ম প্রবর্ত্তিত করিয়াছেন। এতদ্দ্বারা ফল ভাল হইবে বলিয়াই আশা হইতেছে। ১৮৯২ সালের ডিসেম্বর মাসে কলিকাতার আয়কর আফিস ডালহৌসী স্কোয়ারের নূতন বাড়ীতে স্থানান্তরিত হওয়ায় স্বতন্ত্র আয়কর-সব-ট্রেজরি আফিসটি উঠিয়া গিয়াছে।

পূর্ব্ববৎসর অর্থাৎ ১৮৯১—৯২ সালে খরচখরচা বাদ ৪১ লক্ষ ১৯ হাজার ৭৬১ টাকা আয়কর আদায় হইয়াছিল; এবৎসরে ৪০ লক্ষ ৪৫ হাজার ১৯৫ টাকা আদায় হইয়াছে। পূর্ব্ব বৎসরের তুলনায় এবৎসরে শতকরা ১·৮ টাকা কম আদায় হইয়াছে।

বৎসরের শেষে ২ লক্ষ ৪৮ হাজার ৭৪৭ টাকা অনাদায় থাকে। এই টাকার মধ্যে ৬৬ হাজার ৯৯৩ টাকা আদায় হওয়া সম্ভব; ৬৫ হাজার ২৬৭ টাকা আদায় হইবার পক্ষে সন্দেহ আছে এবং অবশিষ্ট ১ লক্ষ ১৬ হাজার ৪৮৭ টাকা আদায় হইবে না বলিয়া স্থির করা হইয়াছে।

নোয়াখালি ও বীরভূম—এই দুই জেলায় উক্ত বৎসর সমগ্র আয়কর আদায় হইয়াছে। এতদ্ভিন্ন আরও চারিটি জেলায় সমগ্র আদায় হইয়াছে বটে কিন্তু তাহার কারণ কলেক্টরগণ বৎসরের শেষ কোয়াটরে কোন কোন আসেসমেণ্ট অযথারূপে খারিজ করিয়া দিয়াছিলেন। তাঁহাদিগের উচিত ছিল ঐ সকল আসেসমেণ্ট মকুবের জন্য বোর্ডের নিকট রিপোর্ট করা। মজঃফরপুর, কলিকাতা, পাটনা, পূর্ণিয়া, সিংহভূম, জলপাইগুড়ি, খুলনা দরভাঙ্গা, গয়া ও ২৪ পরগণা—এই কয়টি জেলায় হাল বকেয়া প্রভৃতি আদায় শতকরা ৯৪ হইতে শতকরা ৭৬ টাকার মধ্যে হইয়াছে। ২৪ পরগণাতেই সর্ব্বাপেক্ষা আদায় কম হইয়াছে।

পূর্ব্ববর্ত্তী কয়েক বৎসরে শস্য ভালরূপ উৎপন্ন না হওয়ায় শস্যের মূল্য বৃদ্ধি হেতু ব্যবসাবাণিজ্যের পক্ষে অনেক ক্ষতি হইয়াছে এবং সেই কারণেই উক্ত জেলায় আদায় অনেক কম হইয়াছে বলিয়া বলা হইয়াছে। ইহা কেবল একটি ওজর মাত্র, যেহেতু উল্লিখিতরূপ অসুবিধা অন্যান্য জেলাতেও ত হইয়াছিল। গয়া দরভাঙ্গা ও পূর্ণিয়া জেলায় যে আদায় কম হইয়াছে, আসেসমেণ্টের বিলম্বকেই তাহার হেতুস্বরূপে নির্দ্দেশ করা হইয়াছে; কিন্তু ইহাও একটি বৃথা ওজর মাত্র—একের বোঝা অন্যের ঘাড়ে চাপাইবার চেষ্টা। ছোট লাট বাহাদুর এইরূপ সমস্ত ওজর অগ্রাহ্য করিয়াছেন, বলিয়াছেন "আদায় উশুল রীতিমত না হওয়ার কারণ কার্য্যের বেবন্দোবস্ত ভিন্ন আর কিছুই নহে। বর্ত্তমানবর্ষে এই দোষগুলির সংশোধন হইতে পারিবে এরূপ আশা করিতে পারা যায়। রীতিমত আদায় উশুল যাহাতে হইতে থাকে তজ্জন্য বোর্ড সাধারণতঃ জেলার কর্ম্মচারীদিগকে জানাইয়াছেন। প্রতিনিধি ছোট লাট বাহাদুর ইহাতে যথেষ্ট সন্তোষলাভ করিয়াছেন।

বৎসরের প্রারম্ভে ৫২ জন আসেসর নিযুক্ত ছিলেন, কিন্তু উল্লিখিত কয়েকটি জেলা দুইটি দুইটি করিয়া একত্র সম্মিলিত করায় বৎসরের শেষে তিন জন আসেসরের পদ এককালীন উঠাইয়া দেওয়া হইয়াছে।

সর্ব্বপ্রথমে যত লোকের উপর কর ধার্য্য হয় তন্মধ্যে অনেকেই আপত্তি করিয়াছিল। আপত্তির দরখাস্ত গত বৎসর শতকরা ৩৬·৪, এবৎসরে শতকরা ৩৬·১ খানি মঞ্জুর হইয়াছে। আপত্তির দরখাস্তের বিচা-

রের পর যে সকল লোকের নিকট হইতে কর আদায় করা হইবে বলিয়া নির্দ্দিষ্ট হয় উক্ত বৎসরে তাহাদিগের সংখ্যা ১ লক্ষ ৩ হাজার ৮৯৪; ইহার পূর্ব্ববৎসরের সংখ্যা ১ লক্ষ ৩ হাজার ১৭৩ ছিল। রেভেনিউ বোর্ড বলিয়াছেন যে গবর্ণমেণ্টের অভিপ্রায় অনুযায়ী আয়করের ভারপ্রাপ্ত ডেপুটী কলেক্টরগণ সচরাচর আসেসরদিগের সহিত পরামর্শ করিয়া এবং তাঁহারা যে প্রমাণের উপর নির্ভর করিয়া আসেসমেণ্ট করিয়াছেন সেই প্রমাণগুলির পর্য্যালোচনা করিয়া আপত্তির দরখাস্তসমূহের বিচার করিয়া থাকেন। প্রেসিডেন্সী বিভাগের কমিসনর বাহাদুরের কতকটা ধারণা যে, ডেপুটী কলেক্টরগণ অনেকস্থলে আসেসরদিগের প্রদত্ত অতি অস্পষ্ট রিপোর্টের উপর নির্ভর করিয়াই কাজ চালাইয়া থাকেন। জেলার কর্ম্মচারিগণ এই ব্যাপারটিতে বিশেষ লক্ষ্য রাখেন, ছোট লাট বাহাদুর এরূপ ইচ্ছাপ্রকাশ করিয়াছেন। আসেসরগণ সকল স্থলেই যে আসেসমেণ্টের পরিশুদ্ধ কারণ দেখাইতে পারিবেন তাহা সম্ভব নহে, তবে আপত্তির দরখাস্তের বিচারস্থলে তাঁহাদেরকৃত আসেসমেণ্টের সুযুক্তি সঙ্গত হেতু দর্শাইবার জন্য তাঁহাদিগকে সর্ব্বক্ষণ প্রস্তুত থাকিতে হইবে।

সমগ্র বাঙ্গালায় উক্ত বৎসর প্রতি ১৯·২ জন লোকের নিকট হইতে গড়ে ১ টাকার হিসাবে আয়কর আদায় হইয়াছে। পূর্ব্ববৎসরেও ঠিক এইরূপ হইয়াছিল। কলিকাতা বাদ দিয়া ধরিলে প্রতি ৩৮·৯ জন লোকের নিকট হইতে ১ টাকার হিসাবে উক্ত কর আদায় হইয়াছে। পূর্ব্ববৎসরে প্রতি ৩৭·৪ জনের নিকট হইতে ঐ হিসাবে আদায় হইয়াছিল। লোক হিসাবে ধরিলে এবৎসরে প্রতি ৬৮·৪ জন লোকের মধ্যে ১ জন এবং পূর্ব্ববৎসরে প্রতি ৬৮·৮ জন লোকের মধ্যে ১ জনের নিকট হইতে আয়কর আদায় হইয়াছে।

সরঞ্জামী খরচা এবং কোন কোন স্থলে কর মকুব করা বাবৎ উক্ত বৎসর গবর্ণমেণ্টের মোট ১ লক্ষ ৮০ হাজার ১৭১ টাকা ব্যয় হইয়াছে। পূর্ব্ববৎসরে ১ লক্ষ ৮৬ হাজার ৯৫৯ টাকা হইয়াছিল। গবর্ণমেণ্টের পূর্ব্ব বৎসরের আয়কর সম্বন্ধীয় মন্তব্যের পরও এই বৎসরে পাথেয় খরচা যে বৃদ্ধি পাইয়াছে তাহাতে গবর্ণমেণ্ট সন্তুষ্ট হইতে পারেন নাই।

মণিঅর্ডার করিয়া আয়কর পাঠাইবার যে ব্যবস্থা হইয়াছে তাহার কার্য্য উক্ত বৎসর সন্তোষজনক হইয়াছে।

অন্ধ কালা প্রভৃতি সম্বন্ধে রাজকীয় কমিসনের রিপোর্ট।

অন্ধ, কালা ও বোবা প্রভৃতির সম্বন্ধে কিরূপ ব্যবস্থা করা উচিত তাহা স্থির করিবার জন্য বিলাতে একটি রাজকীয় কমিসন বসান হইয়াছিল। কমিসনের সদস্যগণ বিষয়টির সম্যক্ আলোচনা করিয়া এই স্থির করিয়াছেন যে, অতঃপর অন্ধেরা যাহাতে অলসভাবে চিরদিন বসিয়া থাইতে পায় সে পক্ষে অর্থব্যয় না করিয়া স্থানীয় কর্ত্তৃপক্ষীয়গণ অথবা সরকার পক্ষ যদি তাহাদিগের শিক্ষার জন্য ফণ্ডের অর্থ ব্যয় করেন তাহা হইলে তাহাতে অপেক্ষাকৃত ভাল ফল দর্শিতে পারে। ছেলে অন্ধ, কালা অথবা বোবা প্রভৃতি হইলে বাপ মায়ের উচিত তাহার শিক্ষার জন্য যথাসাধ্য অর্থ ব্যয় করা। ৫ হইতে ১৬ বৎসর বয়স পর্য্যন্ত অন্ধকে স্কুলে যাইতে বাধ্য করা উচিত। কালা ও বোবাদিগকে ঐ বয়স পর্য্যন্ত স্কুলে যাইতে বাধ্য করিয়া তাহাদিগের জন্য মৌখিক শিক্ষাদানের ব্যবস্থা করা কর্ত্তব্য। যাহাদিগের শরীর ও মন—উভয়েরই ক্রিয়াশক্তি ক্ষীণ হইয়া পড়িয়াছে তাহাদিগের মধ্যে শিক্ষা করিবার ক্ষমতা অনেকেরই নাই; যদি তাহাদিগের মধ্যে কাহার কাহার ঐরূপ ক্ষমতা আছে বলিয়া পরীক্ষায় জানা যায় তাহা হইলে উপযুক্ত স্কুলে যাহাতে তাহাদেরও শিক্ষা হইতে পারে তদ্বিষয়ে ব্যবস্থা করা উচিত।

অন্ধ, কালা প্রভৃতির সম্বন্ধে রাজকীয় কমিসনের উল্লিখিতরূপ ব্যবস্থা ভারতের অন্ধ প্রভৃতির পক্ষে কিরূপ উপযোগী হইতে পারে তাহা বিবেচনা করিয়া স্থির করিবার জন্য ষ্টেট সেক্রেটরী ভারত গবর্ণমেণ্টের নিকট কমিসনের রিপোর্ট পাঠাইয়া দিয়াছিলেন। ভারতগবর্ণমেণ্ট আবার এতৎসম্বন্ধে স্থানীয় গবর্ণমেণ্টসমূহের মতামত চাহিয়া পাঠান। বিষয়টি সম্বন্ধে চূড়ান্তরূপ মতামত প্রকাশের জন্য ভারত গবর্ণমেণ্ট বিগত আদম সুমারির রিপোর্টের প্রতীক্ষা করিতেছিলেন। উক্ত রিপোর্ট দৃষ্টে জানা গিয়াছে যে সমগ্র ব্রিটিস

ভারতে ২৭ কোটি ৪৩ লক্ষ ৭৩ হাজার ৯২৯ সংখ্যক লোকের মধ্যে বাতুল ও অব্যবস্থিতচিত্তের সংখ্যা ৭৪ হাজার ২৮৯, বোবা কালার সংখ্যা ১ লক্ষ ৯৬ হাজার ৮৬১, এবং অন্ধের সংখ্যা ৪ লক্ষ ৫৮ হাজার ৮৬৮।

উল্লিখিত কমিসন কালা বোবা অন্ধ প্রভৃতির সম্বন্ধে যেরূপ ব্যবস্থার পরামর্শ দিয়াছেন ভারতের কালা বোবা প্রভৃতির পক্ষে যে তাহা উপযোগী নহে স্থানীয় গবর্ণমেণ্টসমূহ সকলেই একবাক্যে তাহা বলিয়াছেন। ভারতের পারিবারিক ব্যবস্থা যেরূপ তাহাতে কোন পরিবারের মধ্যে অন্ধ, কালা বোবা প্রভৃতি থাকিলে পরিবারস্থ উপার্জ্জনক্ষম অপর ব্যক্তিগণ তাহাদিগের ভরণপোষণাদি নির্ব্বাহ করিয়া থাকেন। অন্ধ কালা প্রভৃতির কথা দূরে থাকুক, যাহাদিগের শরীর ও মনের বিকৃতি নাই এরূপ কত কত জনের প্রাথমিক শিক্ষার বন্দোবস্তও এযাবৎ গবর্ণমেণ্ট করিয়া উঠিতে পারেন নাই। এরূপ অবস্থায় কালা অন্ধ প্রভৃতিকে শিক্ষা দিবার চেষ্টায় অর্থ ব্যয় করা ভারত গবর্ণমেণ্টের বিবেচনায় সমীচীন বলিয়া বোধ হয় না। এরূপ চেষ্টায় তেমন ফলপ্রাপ্তির সম্ভাবনা নাই অথচ ব্যয় ও বেশী হইবে। তবে সাধারণের চেষ্টায় যদি এরূপ কোন কিছু হয় তবে গবর্ণমেণ্ট তাহাতে গ্রাণ্ট-ইন এড্ স্বরূপে সাহায্য করিতে সম্মত আছেন।

———

সমালোচনা।

মাইকেল মধুসূদন দত্তের জীবন চরিত (অপ্রকাশিত কবিতা, পত্র ও গ্রন্থাবলীর সমালোচনা সম্বলিত) পাঁচ শতাধিক পৃষ্ঠায় সম্পূর্ণ। শ্রীযুক্ত বাবু যোগীন্দ্রনাথ বসু বি এ প্রণীত। আমরা এই পুস্তক খানির আদ্যোপান্ত পাঠ করিয়া পরম পরিতোষ লাভ করিয়াছি। গ্রন্থকার পুস্তকখানি ষোলটি অধ্যায়ে বিভক্ত করিয়া ৺মধুসূদন দত্তের সমগ্র জীবনবৃত্তান্ত পর্য্যায়ক্রমে সুবিস্তৃত এবং যথাযথভাবে গ্রন্থ মধ্যে সন্নিবেশিত করিয়াছেন এবং সঙ্গে সঙ্গে তাঁহার সমকালবর্ত্তী দেশকাল পাত্রসমূহের অবস্থাও বর্ণন করিয়াছেন। মধুসূদনের অব্যবহিত পূর্ব্বে হিন্দুকলেজের এবং ইংরাজী শিক্ষিত নব্যসম্প্রদায়ের অবস্থা কিরূপ হইয়াছিল, মান্দ্রাজ হইতে মধুসূদনের স্বদেশ প্রত্যাগমনকালীন বাঙ্গালা সাহিত্যের অবস্থা কিরূপ ছিল—ইত্যাদি নানা অবশ্য জ্ঞাতব্য চিত্ততোষকর বিষয়সমূহ মধুসূদনের বাল্য ও পরবর্ত্তী জীবনীর সহিত সংশ্লিষ্ট করিয়া গ্রন্থকার অতি পরিস্ফুট এবং বিস্তৃতভাবে বর্ণন করিয়াছেন। "কোন ব্যক্তিকে জানিতে হইলে তাঁহার নিজের কথায় তাঁহাকে যেরূপ জানিবার সম্ভাবনা, অপরের কথায় সেরূপ জানা সম্ভব নয়" বলিয়া গ্রন্থকার ৺মধুসূদনের স্বহস্ত লিখিত নানা বিষয়ক বহুসংখ্যক পত্রাদি গ্রন্থনিবদ্ধ করিয়াছেন এবং তাঁহার গ্রন্থাবলীর মর্ম্ম ও সমালোচনা এবং তাঁহার রচিত যে সকল ইংরাজী ও বাঙ্গালা কবিতা অপ্রকাশিত অবস্থায় ক্রমশই লুপ্ত হইতে আরম্ভ হইয়াছিল সেইগুলি সংগ্রহ করিয়া গ্রন্থ মধ্যে উদ্ধৃত করিয়াছেন।

৺মধুসূদনের এই জীবনচরিত পুস্তকখানির সঙ্কলন বিষয়ে গ্রন্থকার যে বিশেষ পরিশ্রম, যত্ন ও অধ্যবসায় স্বীকার করিয়াছেন তাহা পুস্তকখানির আদ্যোপান্ত পড়িয়া দেখিলেই বেশ বুঝিতে পারা যায়। গ্রন্থনিবদ্ধ বিবিধ বিষয়গুলির যথাস্থানে সন্নিবেশ করায় গ্রন্থকারের বিশেষ গুণপনাই প্রকাশিত হইয়াছে। শ্রীযুক্ত বাবু—গৌরদাস বসাক, রাজনারায়ণ বসু, ভোলানাথ চন্দ্র, মহারাজ যতীন্দ্রমোহন ঠাকুর, স্বর্গীয় ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর, ব্যারিষ্টার মিঃ মনোমোহন ঘোষ, মিঃ উবলিউ সি বনার্জ্জি, ৺শ্রীরাম চট্টোপাধ্যায়, শ্রীযুক্ত বাবু—বঙ্কুবিহারী দত্ত, হরিমোহন বন্দ্যোপাধ্যায়, রাসবিহারী মুখোপাধ্যায়, ক্ষীরোদচন্দ্র রায় চৌধুরী, রাজা প্যারীমোহন মুখোপাধ্যায়, শ্রীযুক্ত বাবু ভূদেব মুখোপাধ্যায় প্রভৃতি ব্যক্তিগণের নিকট হইতে গ্রন্থকার এই জীবন চরিতখানির অনেক উপকরণ সংগ্রহ করিয়াছেন। উল্লিখিত মহোদয়গণ মধ্যে কেহ কেহ মধুসূদনের সহাধ্যায়ী ও বাল্যসুহৃদ্ ছিলেন। আর আর সকলে সহাধ্যায়ী না হইলেও সাক্ষাৎ সম্বন্ধে তাঁহার সহিত বিশেষ সম্বদ্ধ ছিলেন, সুতরাং তাঁহাদিগের নিকট হইতে সংগৃহীত উপকরণসমূহের সংযোগে রচনাকুশল সুযোগ্য যোগীন্দ্র বাবু কর্ত্তৃক বহু আয়াসে সংগঠিত এই জীবনী গ্রন্থখানি যে সর্ব্বতোভাবে প্রশংসার যোগ্য হইবে

তাহা আর বিচিত্র কি; বস্তুতঃ কি দেশীয় কি বিদেশীয় ভাষায় লিখিত দেশীয় লোকের এরূপ প্রামাণিক সর্ব্বাঙ্গসুন্দর জীবনী এযাবৎ একখানিও সঙ্কলিত হয় নাই। গ্রন্থকার গ্রন্থের নায়ককে অবিকৃতভাবে গ্রন্থ মধ্যে প্রতিফলিত দেখাইতে পারিয়াছেন। প্রকৃত প্রস্তাবে মাইকেল মধুসূদনের ন্যায় ব্যক্তির জীবনী পাঠের যে উদ্দেশ্য তাহা এই পুস্তকে সম্যক্ সংসাধিত হইয়াছে।

গ্রন্থের পরিশিষ্ট ভাগটি অতি উপাদেয়। বাবু গৌরদাস বসাক, বাবু ভূদেব মুখোপাধ্যায়, মহারাজ যতীন্দ্রমোহন ঠাকুর বাবু রাজনারায়ণ বসু, বাবু ভোলানাথ চন্দ্র, রাজা প্যারীমোহন মুখোপাধ্যায় ও বাবু রাসবিহারী মুখোপাধ্যায়—ইহাঁরা সকলেই মধুসূদনের সহিত সাক্ষাৎ সম্বন্ধে ঘনিষ্ঠ সম্বন্ধ ছিলেন। ইহাঁদিগের মধ্যে মধুসূদন সম্বন্ধে যিনি যতদূর জানেন, পত্রদ্বারা গ্রন্থকারকে তাহা জানাইয়াছিলেন। ঐ সমস্ত পত্র পরিশিষ্টে অবিকল উদ্ধৃত হইয়াছে।

পুস্তকখানি মধ্যে ৺মাইকেল মধুসূদন দত্ত, শ্রীযুক্ত বাবু গৌরদাস বসাক, স্বর্গীয় রাজা প্রতাপচন্দ্র সিংহ, স্বর্গীয় রাজা ঈশ্বরচন্দ্র সিংহ, মহারাজা যতীন্দ্রমোহন ঠাকুর, বাবু রাজনারায়ণ বসু, স্বর্গীয় ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ও শ্রীযুক্ত বাবু ভূদেব মুখোপাধ্যায়—ইহাঁদিগের এক একখানি সুদৃশ্য চিত্র সন্নিবেশিত হইয়াছে।

গ্রন্থ খানির ভাষা পরিমার্জ্জিত এবং অতিশয় প্রাঞ্জল। কোথাও একটিও বর্ণাশুদ্ধি বা ছাপার ভুল আমাদের চক্ষে পড়ে নাই। কাগজ ও ছাপা অতি উৎকৃষ্ট। পিচবোর্ডে বিলাতী ধরণের বাঁধাই। সুরঞ্জিত, সুদৃশ্য। মূল্য ২৷৷০ টাকা মাত্র। বাঙ্গালা সাহিত্যের অনুরাগী প্রত্যেকের গৃহে এই পুস্তকের এক এক খণ্ড থাকা উচিত।

'নিউ ইণ্ডিয়া' নামক ইংরাজী ভাষায় পরিচালিত সাপ্তাহিক পত্রিকা খানির নূতন পরিবর্ত্তনে আমরা আনন্দিত হইয়াছি। পত্রিকা এখন হইতে সপ্তাহে সপ্তাহে না বাহির হইয়া প্রত্যহ বাহির হইবে। সম্পাদক, কার্য্যাধ্যক্ষ প্রভৃতি পূর্ব্বে যাঁহারা ছিলেন এখনও তাঁহারাই থাকিবেন। তৎসম্বন্ধে কোনরূপ পরিবর্ত্তন হইবে না। পরিবর্ত্তন হইবে কেবল নামের। এখন হইতে উহা 'নিউ ইণ্ডিয়া' নামে অভিহিত না হইয়া 'সন্' (সূর্য্য) নামে অভিহিত হইবে। পত্রিকাখানি প্রাত্যহিক হইয়া দীর্ঘ জীবন লাভ করিতে পারে ইহাই আমাদের কামনা।

বাঙ্গাল গবর্ণমেণ্টের ব্যবস্থাপক সভার বে-সরকারী সদস্যগণ বড় লাট বাহাদুরের ব্যবস্থাপক সভার জন্য দরভাঙ্গার মহারাজ বাহাদুরকে আজ কয়েক দিন হইল অতিরিক্ত সদস্য নির্ব্বাচিত করিয়া দিয়াছেন। তদনুসারে গবর্ণর জেনারেল বাহাদুর উক্ত নির্ব্বাচন মঞ্জুর করিয়া মহারাজ বাহাদুরকে স্বীয় ব্যবস্থাপক সভার অতিরিক্ত বে-সরকারী সদস্যরূপে গ্রহণ করিয়াছেন।

সাপ্তাহিক সংবাদ।

[রাজপুতানা] জয়পুরের সংবাদদাতা লিখিয়াছেন —গত সপ্তাহে এখানে মৌলবী মঈউদ্দীন নামক একজন পাঠান ভদ্রলোকের ১১৩ বৎসর বয়সে মৃত্যু হইয়াছে। তিনি মৃত্যুর পূর্ব্ব পর্য্যন্ত চশমা কম ব্যবহার করিতেন ও যষ্টির ব্যবহার এককালীন করিতেন না। ক্ষুর্জ্জিত দ্রব্য চিবাইতে পারিতেন কারণ অনেকগুলি দন্ত দৃঢ় ছিল। সমস্ত কেশ পক্ক হয় নাই। তাঁহার জ্যেষ্ঠ পুত্র পঁচাত্তর বৎসর বয়ঃক্রমে প্রাণত্যাগ করিয়া ছিলেন। এখন জীবিত থাকিলে তিনি ৮৭ সাতাশী বৎসরের হইতেন। পৌত্রের বয়স ৪৫। প্রপৌত্রের বয়স ২৩। মৃত-মৃত ছোট বড় পুত্র, কন্যা, পৌত্র, পৌত্রী, প্রপৌত্র প্রপৌত্রী, দৌহিত্র, দৌহিত্রী, প্রদৌহিত্র, প্রদৌহিত্রী, পৌত্রীপুত্র, পৌত্রীকন্যা প্রভৃতি স্বশোণিতজাত পরিবার ইঁহার প্রায় সাড়ে তিন শত হইয়াছিল। তন্মধ্যে এখন প্রায় এক শত বর্ত্তমান আছে। প্রথম স্ত্রী বহু সন্তান রাখিয়া বৃদ্ধ বয়সে প্রাণত্যাগ করিলে ইনি পুনরায় বিবাহ করিয়াছিলেন। সে স্ত্রীও বহু সন্তান প্রসব করিয়া বৃদ্ধাবস্থায় প্রাণত্যাগ করিয়াছেন। দ্বিতীয় পক্ষের কনিষ্ঠ পুত্রের বয়ঃক্রম ত্রিশ বৎসর। প্রথম পক্ষের কনিষ্ঠ পুত্র এখনও জীবিত আছেন। তিনিও বার্দ্ধক্য সীমায় উপনীত। পৌত্র, পৌত্রী, দৌহিত্র দৌহিত্রী—অনেকেরই চুল পাকিয়াছে ও দাঁত নড়িতেছে। ইনি তাহাদিগের বার্দ্ধক্য লক্ষণ দেখিয়া পরিহাস করিতেন।

জীবিতাবস্থায় ইনি গবর্ণমেণ্ট ও রাজসরকারের বিভিন্ন প্রকারের উচ্চ উচ্চ কর্ম্ম করিয়া বিপুল অর্থ সঞ্চয় করিয়াছিলেন। কোম্পানীর কাগজ, জমীদারী, নগদ টাকা, ব্যাঙ্কিং ও পেন্সনে ইনি লক্ষপতি লোক ছিলেন। মৃত্যু পর্য্যন্ত স্বয়ং সমস্ত বিষয় রক্ষণাবেক্ষণ করিতেন। পুত্রাদিগের কোন সাহায্যেরই আবশ্যক ছিল না। বুদ্ধি অত্যন্ত তীক্ষ্ণ ছিল। মোকদ্দমা সকলের স্বয়ং তদ্বীর করিতেন। প্রত্যহ সংবাদপত্র পড়িতেন। হাস্য পরিহাসের কথা যুবার ন্যায় সম্ভোগ করিতেন। ইহাঁর সহিত আমার প্রায় আট বৎসর পরিচয়। সমস্ত ব্যাপার স্বচক্ষে দেখিয়া আমি আশ্চর্য্য হইয়াছি। ইহাঁর বহু শাখাযুক্তবংশ ভিন্ন ভিন্ন স্থানে বৃদ্ধিপ্রাপ্ত হইতেছে।

[বোম্বাই] বোম্বাই হাঙ্গামায় হিন্দু মুসলমান সর্ব্বশুদ্ধ ১৫০৫ জন লোককে গ্রেপ্তার করা হইয়াছিল, তন্মধ্যে ৯২২ জনের বিচার হইয়াছে। বিচারে ৪০১ জন হিন্দু এবং ৪৮৮ জন মুসলমান মুক্ত পাইয়াছে, অবশিষ্ট ৩২ জন হিন্দু ও মুসলমান খালাস পাইয়াছে। ১৫০৫ জনের মধ্যে সুরাটে এখনও ৫৮৩ জনের বিচার হইতে বাকী আছে। এই ৫৮৩ জনের মধ্যে আবার ৫০০ জনকে জামিনে খালাস দেওয়া হইয়াছে। বিশেষ আদালতে আর ইহাদের বিচার না হইয়া সাধারণ ফৌজদারী আদালতেই হইবে। পরবর্ত্তী তারের সংবাদে প্রকাশ, অবশিষ্ট আসামীদিগের বিচার আরম্ভ হইয়াছে। উক্তমধ্যে ১৫৭ জন মুসলমান ও ২৮ জন হিন্দুর জরিমানা হইয়াছে।

[সাধারণ] বিলাতে দন্তরোগ বাড়িতেছে বটে, কিন্তু দন্তচিকিৎসকের সংখ্যা কমিতেছে। ১৮৯২ সালে ৪ হাজার ৮৪৬ জন দন্তচিকিৎসক ছিল, এখন আছেন ৪ হাজার ৮১৭ জন (সহচর)

ডাক বিভাগের ডিরেক্টর জেনারেল ছই টাকা, তিন টাকা ও পাঁচ টাকা মূল্যের ডাকের টিকিট প্রচলিত করিবার জন্য প্রস্তুত হইয়াছেন।

আমাদের কোন পত্রপ্রেরক লিখিয়াছেন—

"নৈহাটীর গিরিশ দাস তাহার রক্ষিতা একটি স্ত্রীলোকের নাক কাটিয়া পলাইয়াছে বলিয়া কোন কোন সংবাদ পত্রে লেখা হইয়াছে। ঘটনাটি নৈহাটিতে হয় নাই, নৈহাটী হইতে প্রায় ২॥ ক্রোশ দক্ষিণ আংপুর নামক স্থানে হইয়াছে। আংপুর কিন্তু নৈহাটী থানারই এলাকাভুক্ত। নৈহাটী নামে একাধিক স্থান আছে; সুতরাং সংবাদপত্রের সম্পাদকগণ নৈহাটীর কোন ঘটনা লিখিবার সময় কোন্ নৈহাটী তাহা যেন বিশেষ করিয়া লিখেন নতুবা শুধু নৈহাটী বলিলে সাধারণতঃ চুঁচুড়ার আড়পার যে নৈহাটী তাহাকেই বুঝায়, যেহেতু ঐ নৈহাটীই আর সকল গুলি অপেক্ষা সমধিক প্রসিদ্ধ।"

চট্টগ্রাম হইতে সিমলা পর্য্যন্ত ৩৮০ মাইল নূতন রেলপথ নির্ম্মাণের কল্পনা হইয়াছে। এই রূপ রটলাম হইতে মথুরা পর্য্যন্ত ৪০০ মাইল, পাচপাদরা হইতে অমরকোট পর্য্যন্ত ১৭২ মাইল, সাগর হইতে কটনি পর্য্যন্ত ১১৮ মাইল, গালিয়াবাদ হইতে মুরাদাবাদ পর্য্যন্ত ১৪০ মাইল, লুধিয়ানা হইতে ফেরোজপুর পর্য্যন্ত ৭৬ মাইল, মান্দ্রাজ হইতে বেজবাড়া পর্য্যন্ত ২৮৭ মাইল, এবং ব্রাহ্মণ মান্দালে হইতে কুনলন পর্য্যন্ত ১৫০ মাইল—মোট ১৪১৬ মাইল। (দৈনিক)

২৭এ ভাদ্র হইতে ২রা আশ্বিন পর্য্যন্ত কলিকাতা পাটের বাজারের সাপ্তাহিক বিবরণ—

সিরাজগঞ্জ ও উত্তর বঙ্গ প্রভৃতি—

ঐ	শরেস	পাটি	৬৵০	হইতে ৬৷৵০
ঐ	মাঝারি	ঐ	৫৷৵০	" ৬৲
ঐ	নিরেস	ঐ	৫৵০	" ৫৷৵০
নারায়ণগঞ্জ, ময়মনসিংহাদি		ঐ		"
পাংশা, ওসমানপুরাদি		ঐ	৫৲	" ৫৷৵০
দেশী [সর্ব্বপ্রকার]		ঐ	৫৷০	" ৫৷৵০
ভিজা দাগি, বোম্বাই আদি		ঐ	৪৷৵০	" ৫৷৵০
দেওড়া [সর্ব্বপ্রকার]		ঐ	৪৷৵০	" ৫৷৹

গত পূর্ব্ব সোমবার হইতে গত রবিবার পর্য্যন্ত

এক সপ্তাহের আমদানী		২৯৭০০০	বস্তা
ঐ	রপ্তানী	২৬৭০০০	"
ঐ	মজুত	২৭৮০০০	"
গত মেলের	মজুত	২৪৬০০০	"

মন্তব্য—বাজার গত সপ্তাহাপেক্ষা প্রথম ভাগে ৵০ আনা চড়িয়া পুনরায় গত সপ্তাহে সমভাব দেখা যায়। শ্রীযতীন্দ্রমোহন বন্দ্যোপাধ্যায়, ৫৭নং বাবুরাম ঘোষের লেন আহীরীটোলা কলিকাতা।

বোম্বাই ও মান্দ্রাজের প্রধান সেনাপতিদ্বয়ের পদ দুইটি উঠাইয়া দিবার সম্বন্ধে যে আইনের আয়োজন হইয়াছিল, উক্ত আইন বিলাতের কমন্স সভার পাস হইয়া গিয়াছে। আইনটি লর্ড সভায় পাস হইয়া গেলেই কার্য্যে পরিণত হইবে। তখন বোম্বাই ও মান্দ্রাজের সেনাদল ভারতের প্রধান সেনাপতির অধীনস্থ হইবে।

ভারতের নূতন বড়লাট বাহাদুর সার হেনরি ময়ম্যান ৭ই অক্টোবর কুইন্সলাণ্ড হইতে ইংলণ্ড যাত্রা করিবেন, সুতরাং জানুয়ারীর পূর্ব্বে ভারতে আসিয়া উপস্থিত হইতে পারিবেন বলিয়া বোধ হয় না।

আফিম কমিসনের সদস্য মিঃ কেইন সাহেবের স্থানে হলিনক্ষার্থের সদস্য মিঃ উইলসন সাহেব বসিয়াছেন।

বিগত ১৩ই সেপ্টেম্বর বুধবার বড়লাট বাহাদুর আমীরের নিকট হইতে এলখানি পত্র পাইয়াছেন। সার মর্টিমার ডুরাণ্ডের কাবুলে দৌত্যযাত্রা বিষয়ে আমীরের যে সম্মতি আছে, পত্রে সেই কথা বলা হইয়াছে। বিগত শুক্রবার সার মর্টিমার সিমলা পরিত্যাগ করিয়াছেন। কাবুলে যাইবার কালীন সার মর্টিমারের সঙ্গে দেশী কিছু সরঞ্জাম যাইবে না; কেবল ২ শত অশ্বতর ও ২১৫টা উট যাইবে। লাণ্ডিকোটাল হইতে সিমলা পর্য্যন্ত তারে খবর যাতায়াতের ব্যবস্থা করা হইয়াছে। এই দৌত্য ব্যাপারের উদ্দেশ্য সাধন করিতে কত দিন লাগিবে ঠিক করিয়া বলা যায় না। পাইওনিয়র বলিতেছেন মোটামুটি হিসাবে ৬ সপ্তাহ লাগিবে বলিয়া বোধ হয়।

দক্ষিণ বিক্রমপুরে ভয়ানক ওলাউঠার প্রাদুর্ভাব হইয়াছে। ফরিদপুর সুহৃদ্‌সভা হইতে নিম্নলিখিত ব্যক্তিগণের নিকট ঔষধ পাঠান হইয়াছে। সর্ব্বসাধারণে বিনামূল্যে তাঁহাদের নিকট ঔষধ পাইবেন। ১। বাবু গুরুনাথ দাস, লোনসিং। ২। বাবু বসন্তকুমার ঘটক, রুদ্রকর। ৩। বাবু ললিত চন্দ্র দে, সালদী। ৪। বাবু নবীনচন্দ্র মালাকার, নড়িয়া। ৫। বাবু কালীপ্রসন্ন দাসগুপ্ত, পালং। ৬। বাবু কালীপ্রসন্ন নাহা, হাসেরকান্দি। ৭। বাবু শশিকুমার চৌধুরী, দক্ষিণ চাকদা। ৮। বাবু অনুকূলচন্দ্র রায়, কোয়রপুর। ৯। বাবু আনন্দচন্দ্র দে, যোগপাট্টা। ১০। বাবু চন্দ্রকান্ত চক্রবর্ত্তী, কনেনপুর। ১১। বাবু শ্রীনাথ দাস, নগর।

তৃষ্ণা নিবারণের ঔষধ। মৌরির পুটলি জলে ভিজাইয়া পুনঃ পুনঃ চুষিলে, মৌরি ভিজান জল পুনঃ পুনঃ এক চামচ বা দুই চামচ পান করিলে, কাবাব চিনি সিদ্ধ জল পুনঃ পুনঃ সেবন করিলে, ছোট এলাচের গোঁড়া জলে সিদ্ধ করিয়া সেই জল পান করিলে, চা উষ্ণ জলে ফেলিয়া সেই জলে মিছরি চিনি বা কিঞ্চিৎ মধু মিশ্রিত করিয়া পান করিলে, পুনঃ পুনঃ অল্প পরিমাণে কাঁজি পান করিলে তৃষ্ণা নিবারিত হয়। আম বা জামের কচি পত্র সিদ্ধ করিয়া মধুর সহিত পান করাইলে বমি ও তৃষ্ণা নিবারিত হয়।

—শিশুর দুধ তোলার ঔষধ। আম্র কেশী খই ও সৈন্ধব লবণ প্রত্যেকের সমভাগ চূর্ণ একত্রে মিশ্রিত ও মধু সংযুক্ত করিয়া সেবনে অথবা চূর্ণের জল ৪।৫ বিন্দু মাত্রায় দুগ্ধের সহিত ৩।৪ বার পান করাইলে শিশুর দুধ তোলা নিবারণ হয়।

—গরল রোগের ঔষধ। কাঁটি ফুলের শিকড় জালমেঘের পাতা ও শিকড় এবং কাঁচা হরিদ্রা একত্র বাটিয়া গাত্রে প্রলেপ দিলে গরল নষ্ট হয়। (হিতবাদী)

বঙ্গের ছোট লাট সার চর্লস ইলিয়ট থাকরিপ সম্বন্ধে বিলাতের টাইমস পত্রিকায় একখানি পত্র লিখিয়াছেন। সার চর্লস বলিতেছেন, "সংবাদ পত্রের পত্রলেখকগণ বেহারের থাকরিপ বিষয়ক প্রস্তাবটী সাধারণের অপ্রীতিকর বলিয়া উল্লেখ করিতেছেন; পার্লিয়ামেণ্ট মহাসভায় প্রশ্ন জিজ্ঞাসা স্থলেও উহা অপ্রীতিকর বলিয়া উল্লিখিত হইতেছে। বস্তুতঃ কিন্তু তাহা নহে। নীলকরেরা উহার যথেষ্ট প্রতিকূলতা করিতেছেন। রাইয়তেরাও উহাতে আগ্রহ দেখাইতেছে। কোন কোন জমিদার প্রথম হইতেই উহার পক্ষপাতী ছিলেন; অপর সকলে পরে উহার উপকার বুঝিতে পারিয়াছেন। আমি যখন ভারত পরিত্যাগ করিয়া আসি তখন উহার বিরুদ্ধে প্রতিবাদাদির এক প্রকার নিবৃত্তিই হইয়াছিল।"

সার হেন্‌রি নরম্যানকে ভারতের গবর্ণর জেনারেলের পদে নিয়োগ করায় সাহেবদিগের মধ্যে অনেকেই অসন্তুষ্ট হইয়াছেন। বিলাতের টাইমস্ বলিতেছেন, "সার হেনরি নরম্যান ভারতের কোন উচ্চপদে সমাসীন ছিলেন না। এক জন সৈনিককে এত বড় পদে নিয়োগ করা ঠিক হয় নাই। ভারতে অবস্থান সময়ে সার হেনরি লিটনী নীতির সমর্থন করেন নাই এবং সেই জন্যই ভরসা হয় যে তিনি শান্তিপ্রিয় হইয়া কার্য্য করিবেন।" এই নিয়োগ ব্যাপারে অন্য পত্রিকা নরত্রিমিয়া নাকি আনন্দ করিতেছেন। তাঁহার বিশ্বাস সার হেনরি ভারতের গবর্ণর জেনারেল হইলে রুষ ও ব্রিটীসের মধ্যে যে কিছু গোলযোগের আশঙ্কা আছে তাহা একেবারে দূর হইবে।

সেণ্টজেভিয়র কলেজের একজন দেশীয় ছাত্র শ্রীযুক্ত বিজয়কৃষ্ণ চট্টোপাধ্যায় বিজ্ঞান শাস্ত্রে বিশেষ পারদর্শিতা দেখাইয়া স্যর চার্লস ইলিয়টের প্রদত্ত 'পদক' পাইয়াছেন।

বাৎসরিক সিভিলসর্ভিস পরীক্ষায় এবারে ৩২ জন উত্তীর্ণ হইয়াছেন। এই ৩২ জনের মধ্যে দুই জন বাঙ্গালী—ব্যারিষ্টার টি পালিতের পুত্র মিঃ সত্যেন্দ্রনাথ পালিত এবং মিঃ বীরেন্দ্রচন্দ্র সেন।

গত বুধবারের কলিকাতা গেজেটে ১৮৯৫ ও ১৮৯৬ সালের ইণ্টেরমিডিয়েট, এফ, এ, বি, এ, এম এ, প্রভৃতি পরীক্ষার পাঠ্য বিষয়ের তালিকা বাহির হইয়াছে।

[বৈদেশিক] পানামা খালের ব্যাপার লইয়া বৃদ্ধ লেসেপ প্রভৃতির কারাদণ্ড হইয়াছিল। তিনি (বৃদ্ধ লেসেপ) ও তাঁহার পুত্র চর্লস লেসেপ উভয়কেই কারা হইতে মুক্তি দেওয়া হইয়াছে।

খৃষ্টানগণ পরস্পর সম্মিলিত হইয়া মুসলমানগণকে দূর করিয়া দেওয়ায় নাকি উগণ্ডায় শান্তি সংস্থাপিত হইয়াছে শুনা যাইতেছে। সার জেরাল্ড পোর্টাসের আর তথায় থাকিবার প্রয়োজন নাই; তিনি ফিরিয়া আসিতেছেন।

আগামী ২৩শে সেপ্টেম্বর পার্লিয়ামেণ্ট বন্ধ হইয়া কিঞ্চিদধিক এক মাস কাল পরে অর্থাৎ ৩রা নবেম্বর তারিখে পুনর্ব্বার খোলা হইবে।

হোমরুল আইন লর্ড হাউসে অগ্রাহ্য হইয়াছে। লিবারেল দল চটিয়া গিয়াছেন। লর্ড সভার যাহাতে সংস্কার হয় তজ্জন্য সকলে বদ্ধপরিকর হইতেছেন।

বিলাতে খনিজীবীদিগের ধর্ম্মঘট এখনও ভাঙ্গে নাই। খনির স্বত্বাধিকারিগণ যেরূপ অল্প হারে মজুরী দিতে চাহেন খনিজীবিগণ তাহা গ্রহণ করিতে আদৌ সম্মত নহে।

ভারতের ভূতপূর্ব্ব অর্থসচিব সার জন ষ্ট্রেচি বিলাতে আফিম কমিসনের নিকট সাক্ষ্য দেওয়ার স্থলে বলিয়াছেন, "আফিম ব্যবহার করিয়া থাকে এরূপ লোকের সংখ্যা ভারতে অনেক, সুতরাং ভারতে আফিমের ব্যবহার বন্ধ করিলে তুমুল কাণ্ড হইয়া উঠিবে।" ডাক্তার মার্টিন উড, মোয়েট, বার্ডউড প্রভৃতি অনেকেই এই মর্ম্মে সাক্ষ্য প্রদান করিয়াছেন। কমিসন ভারতে কলিকাতায় বসিবেন শুনা যাইতেছে। এই শীতেই কমিসনের কার্য্য শেষ হইবে কি না সন্দেহ। সম্ভবতঃ কমিসন চীনেও যাইবেন।

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—সারণের ডিঃ ও সেঃ জজ গর্ডন সাহেব ২৬ দিনের ছুটী পাইলেন। চাকার বিভাগীয় কমিঃর প্রতিনিধি পার্শঃ আসিষ্টাণ্ট বাবু গগনচন্দ্র দাস ৭ দিনের ছুটী পাইলেন। ময়মনসিংহের অস্থায়ী অতিরিক্ত ডিঃ ও সেঃ জজ আণ্ডারসন সাহেব ২য় শ্রেণীর ডিঃ ও সেঃ জজ হইয়া ঢাকা, যশোহর, খুলনা, বাখরগঞ্জ ময়মনসিংহের অতিরিক্ত ডিঃ ও সেঃ জজ হইলেন। পূর্ণিয়ার ফর্লো প্রাপ্ত ডিঃ ও সেঃ জজ টেলর সাহেব মুরসিদাবাদের ডিঃ ও সেঃ জজ হইলেন। ছুটীপ্রাপ্ত অঃ মাঃ ও ডেঃ কঃ গিট্ সাহেব ময়মনসিংহের অস্থায়ী অতিরিক্ত ডিঃ ও সেঃ জজ হইলেন। ১ম শ্রেণীর প্রোটেম জঃ মাঃ ও ডেঃ কঃ বার্ণার্ড সাহেব উক্তপদে পাকা হইলেন। ২য় শ্রেণীর ছুটীপ্রাপ্ত জঃ মাঃ ও ডেঃ কঃ গিকি সাহেব প্রোটেম ১ম শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃ হইলেন। ২য় শ্রেণীর প্রোটেম জঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ কেদারনাথ রায় উক্ত পদে পাকা হইলেন। আঃ মাঃ ও কঃ ষ্টুইওসর সাহেব প্রোটেম ২য় শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃ হইলেন। ২৪ পরগণার ডেঃ মাঃ ও ডেঃ কঃ রায় উমাকান্ত দাস বাহাদুর ১ম শ্রেণীতে পাকা হইলেন। প্রেসিডেন্সী বিভাগের কমিঃর ১ম পার্শঃ আসিষ্টাণ্ট ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু অন্নদাপ্রসাদ ঘোষ প্রোটেম ১ম শ্রেণীতে উন্নীত হইলেন। বর্দ্ধমানের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু অতুলচন্দ্র চট্টোপাধ্যায় ও ফর্লোপ্রাপ্ত ডেঃ মাঃ ও কঃ মার্টিন সাহেব ২য় শ্রেণীতে পাকা হইলেন। ২৪ পরগণার ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু তারিণীকুমার ঘোষ প্রোটেম ২য় শ্রেণীতে উন্নীত হইলেন। হুগলীর ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু মোহিনীমোহন চক্রবর্ত্তী এবং বীরভূমের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু ত্রৈলোকানাথ সেন ৩য় শ্রেণীতে পাকা হইলেন। বাখরগঞ্জ পিরোজপুরের ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী সৈয়দ ফৈজুদ্দীন হোসেন, পূর্ণিয়া কিষণগঞ্জের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু রামনারায়ণ বন্দোপাধ্যায়, এবং ত্রিপুরার ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু ক্ষেত্রগোপাল রায় ৪র্থ শ্রেণীতে পাকা হইলেন। ময়মনসিংহ টাঙ্গাইলের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু শিবচন্দ্র নাগ প্রোটেম ৪র্থ শ্রেণীতে উন্নীত

হইলেন। রেবিনীপুর কাণ্টাইয়ের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু প্রভাতনাথ রায়, চট্টগ্রামের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু গঙ্গানাথ রায়, দিনাজপুর ঠাকুরগাঁর ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু পূর্ণচন্দ্র গুহ, মুঙ্গেরের ডেঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ জে টি আবরো এবং মানভূমের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু উপেন্দ্র চন্দ্র মুখোপাধ্যায় ৫ম শ্রেণীতে থাকা হইলেন। সাঁওতাল পরগণা গোদ্দার ডেঃ মাঃ ও ডেঃ কঃ হার্ড সাহেব প্রোটেম ৫ম শ্রেণীতে উন্নীত হইলেন। ঢাকা তালিপাবাদ ওয়ার্ড ষ্টেটের বন্দোবস্ত কার্য্যে নিযুক্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু জ্ঞানেশঙ্কর সেন, উড়িষ্যার বিভাগীয় কমিঃর পার্শ্ব আসিষ্টাণ্ট ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু গোপালবল্লভ দাস, সাঁওতাল পরগণার ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু পূর্ণচন্দ্র চৌধুরী, মাথরগঞ্জের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু যামিনীমোহন দাস এবং ত্রিপুরা চাঁদপুরের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু প্রকাশচন্দ্র সিংহ ৬ষ্ঠ শ্রেণীতে পাকা হইলেন। ছুটীপ্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু সচ্চিদানন্দ মুখোপাধ্যায় এবং কটকের আবকারী কার্য্যে নিযুক্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু কান্তিভূষণ সেন প্রোটেম ৬ষ্ঠ শ্রেণীতে উন্নীত হইলেন। নিম্ন-লিখিত প্রোটেম ডেঃ মাঃ ও ডেঃ কঃগণ ৭ম শ্রেণীতে পাকা হইলেন:—ঢাকার কর্ণেইস সাহেব, যশোহরের বাবু জ্ঞানেন্দ্রনাথ চৌধুরী, মানভূমের বাবু রাখালমোহন বন্দ্যোপাধ্যায়, রাজসাহীর বাবু যোগেন্দ্রকুমার সিংহ এবং বাঁকুড়ার বাবু নয়নাঞ্জন ভট্টাচার্য্য। পুর্ণিয়ার প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী সৈয়দ আলি হাসান ৩ মাসের ছুটী পাইলেন। চট্টগ্রাম বিভাগের কমিঃ ওল্ডহ্যাম সাহেব নিজ কার্য্য সওয়ায় চট্টগ্রামের অতিরিক্ত সেঃ জজের কার্য্যে নিযুক্ত হইলেন। ডেঃ কঃ বাবু জগচ্চন্দ্র বসু রাঙ্গপুর জেলায় কঃর কার্য্যভার পাইলেন। পুরী খুর্দার সব ডেঃ কঃ ও তহশীল-দার মৌলবী দেদারবক্স ১ মাস ২৬ দিনের ছুটী পাইলেন। ছুটীপ্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু প্রিয়নাথ মুখোপাধ্যায় অস্থায়ীরূপে দার্জ্জিলিং জে-লার সদরে স্থাপিত হইলেন। বাবু প্রিয়নাথ মুখোপাধ্যায় গয়া জেলায় আরাজজান মহকুমার ভার পাইলেন বলিয়া পূর্ব্বে যে আদেশ হইয়াছিল এক্ষণে তাহা রহিত হইল। দার্জ্জিলিং সিবিলসুডির ডেঃ মাঃ ও ডেঃ কঃ রিবেরো সাহেব ২০ দিনের ছুটী পাইলেন। জলপাইগুড়ির প্রতিনিধি ডেঃ মাঃ ও ডে. কঃ বাবু বিনোদবিহারী সরকার অস্থায়ীরূপে দার্জ্জিলিং সিবিলসুডিতে বদলী হই লেন। পাবনার ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী মহম্মদ আব্বাস আলী ৩ মাসের ছুটী পাইলেন। হুগলী শ্রীরামপুরের প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ কিসার সাহেব অস্থায়ীরূপে উক্ত জেলার মাঃ ও কঃ হইলেন। হুগলীর ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু প্যারীমোহন বন্দ্যোপাধ্যায় অস্থায়ীরূপে উক্ত জেলায় শ্রীরামপুর মহকুমার ভার পাইলেন। মুরশিদাবাদের শিক্ষানবীস ডেঃ কঃ বাবু বিপিন বিহারী বন্দ্যোপাধ্যায় এম এ উক্ত জেলার সদরে ডেঃ মাঃ ও ডেঃ কঃ নিযুক্ত হইলেন। ছুটীপ্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী আবুলখয়ের মহম্মদ আয়ুস সুভান হুগলী জেলার সদরে স্থাপিত হইলেন। ফরিদপুরের শিক্ষানবীস ডেঃ কঃ বাবু জ্যোতিশ্চন্দ্র সেন বি এ উক্ত জেলার সদরে ডেঃ মাঃ ও ডেঃ কঃ নিযুক্ত হইলেন।

শিক্ষা—২৪ পরগণার স্কুলসমূহের প্রতিনিধি ডেঃ ইনঃ বাবু মধুসূদন সিংহ অপর আদেশ যাবৎ অষ্টম শিক্ষার ৪র্থ শ্রেণীতে নিযুক্ত হই-লেন। হুগলী কলেজের অধ্যক্ষ বুথ সাহেব অপর আদেশ যাবৎ বেঙ্গল শিক্ষা সর্ভিসের ২য় শ্রেণীতে নিযুক্ত হইলেন। হুগলী কলেজের অধ্যাপক হিল সাহেব অপর আদেশ যাবৎ বেঙ্গল শিক্ষাসর্ভিসের ৩য় শ্রেণীতে নিযুক্ত হইলেন। বেহার সার্কেলের স্কুলসমূহের প্রতিনিধি ইনঃ ষ্ট্রাক্ সাহেব অপর আদেশ যাবৎ বেঙ্গল শিক্ষা-সর্ভিসের ২য় শ্রেণীতে নিযুক্ত হইলেন। প্রেসি-ডেন্সী কলেজের প্রতিনিধি অধ্যাপক মিঃ ফণিভূষণ মুখোপাধ্যায় অপর আদেশ যাবৎ বেঙ্গল শিক্ষাসর্ভিসের ৩য় শ্রেণীতে নিযুক্ত হইলেন। পাটনা কলেজের অধ্যাপক কুট্‌লার সাহেব অপর আদেশ যাবৎ বেঙ্গল শিক্ষা সর্ভিসের ৩য় শ্রেণীতে কার্য্য করিবেন।

বিচার—হুগলী জাহানাবাদের মুঃ বাবু হরেন্দ্র নারায়ণ গুহ ১৫ দিনের, বাখরগঞ্জ পটুয়াখালির মুঃ বাবু নন্দলাল কুণ্ডু আর ২ মাসের, ছোট-নাগপুর রঘুনাথপুরের মুঃ বাবু তারাপ্রসন্ন ঘোষ আর ২১ দিনের ছুটী পাইলেন।

উদ্ভট কবিতা।

[৪১২]

উন্নমর্ণ ধনদান শঙ্কয়া,
গাবকোথ শিথয়া জদিস্বয়া।
দেব-দত্তবসনা সরস্বতী,
নাগাভো বহিরুপৈতি পঞ্জয়া॥

[৪১৩]

অস্থতিবস্থভিঃ সমুচিত-বাগ্‌ভিঃ,
পরোপকারঃ ক্রিয়তে সন্তঃ।
জগদুপকর্ত্তা সুকৃতী বিরলঃ,
কোটিষু কোটিষু কোপিচ বিরলঃ

[৪১৪]

অখণ্ডান্ ব্রহ্মাণ্ডান্ বহসি গিরিশে রোমবিবরে,
তথাপি তং তাতং সহনভমিতং নাস্তভবসি।
ময়া দত্তং চিত্তং পরমণুমিতং পাদযুগলে,
সদা দূরে দূরে ক্ষিপসি কিমু মাতর্বাবদ্ধতঃ॥

[৪১৫]

ন তত্ত্ব শ্রীকৃষ্ণ স্বদিশি পতিতানাং দুরিতবিধৌ,
তমঙ্গ ক্রীড়ায়াং বিগণদিশি গানং পরিহর।
গলগ্রাহী তাজ্যঃ কিমপি পরিহার্য্যঃ করধৃতো,
বলী বা ক্ষীণো বা ন পরিহরণীয়ঃ পদদয়ঃ॥

নিম্নলিখিত বালকগণ পাবনা নির্ব্বাচন পরীক্ষা সমিতির ১৮৯৩ অব্দের পরীক্ষায় উত্তীর্ণ হইয়া বিভাগীয় পরীক্ষার জন্য মনোনীত হইয়াছে।

মধ্য ইংরাজী।

দেবেন্দ্রলাল সরকার	বনওয়ারীনগর ম, ইঃ
কৃষ্ণচরণ সরকার	পাবনা এ, ডি,
সুধাকর চট্টোপাধ্যায়	হাতিশালা ম, ইঃ
গোপালগোবিন্দ সান্যাল	বনওয়ারীনগর ম, ইঃ
সুরেন্দ্রনাথ কর	পাবনা এ, ডি,
অশ্বিনীকুমার মুখোপাধ্যায়	হাতিশালা ম, ইঃ

মধ্য বাঙ্গালা।

মুকুন্দলাল ঘোষ	রাজাপুর ম, বা
উমেশচন্দ্র ঘোষ	মাধবকাটি সার্কেল
অক্ষয়কুমার সিংহ	ভরতখালি মণ্ডেল

দুর্গাচরণ দাস	কালিগঞ্জ বনমালী ম, বা,
যামিনীকান্ত কর	রাজাপুর ঐ
জানিক প্রামাণিক	বনয়ারী নগর ম, ই
ভবানীচরণ কর্ম্মকার	মাধবকাটী সার্কেল
পরেশনাথ দাস	ঐ
জয়েন উদ্দিন সেখ	চিলমারী মডেল
রাখালচন্দ্র মল্লিক	খুন্তড়ী ম, বা
হরিপ্রসন্ন চক্রবর্ত্তী	রাজাপুর ঐ
প্রিয়নাথ রায়	পাবনা এ, ভি
আহাদ আলী সেখ	গয়লা ম, ই,
সুরেশচন্দ্র চক্রবর্ত্তী	চিলমারী মডেল
শশীগোবিন্দ অধিকারী	কামারজানী ম, বা
জগদীশ চন্দ্র চাকী	পাবনা এ, ভি
সুরেন্দ্রনাথ লাহিড়ী	মোহনপুর ম, বা
মইনদ্দিন সেখ	চিলমারী মডেল।

উচ্চপ্রাথমিক।

মহিরদ্দিন খাঁ	বনয়ারী নগর ম, ই,
নলিনাক্ষ বন্দ্যোপাধ্যায়	পাকুড়িয়া ঐ
কৃষ্ণধন শীল	ভবানীগঞ্জ ম, বা,
রাজেন্দ্রলাল দাস	ঐ
এনায়েতুল্লা খাঁ	রসুলপুর ঐ
মহম্মদ এছাহক	ছয়ঘড়িয়া উ, প্রা
খগেন্দ্রনাথ দাস	ভবানীগঞ্জ ম, বা
শ্যামামোহন দাস	ঐ
তমিজ উদ্দিন মিঞা	ঐ
রামকৃষ্ণ দাস	কাঞ্চিপাড়া উ, প্রা,
দ্বারকানাথ চক্রবর্ত্তী	ভরতখালী মডেল
রামানন্দ দাস	বাউরা ম, বা
চণ্ডীচরণ দাস	ভবানীগঞ্জ ঐ
আবদুল প্রামাণিক	পাকুড়িয়া ম, ই,
সুরেন্দ্রমোহন বন্দোপাধ্যায়	গয়লা ঐ
সতীশচন্দ্র ঘোষ	ঐ
জ্ঞানেন্দ্রনাথ চট্টোপাধ্যায়	ছয়ঘড়িয়া উ, প্রা,
যজ্ঞেশ্বর চৌধুরী	কালীগঞ্জ ম, বা
তারিণীকান্ত চক্রবর্ত্তী	ভরতখালী মডেল
তারকচন্দ্র সরকার	বনয়ারীনগর ম, ই
প্রিয়নাথ দাস	ছয়ঘড়িয়া উ, প্রা
মইমদ্দিন বিশ্বাস	পাকুড়িয়া ম, ই
মজিমদ্দিন প্রামাণিক	ঐ
প্রমদাকান্ত গুহ	গয়লা ম, ই,
রাধবচন্দ্র মণ্ডল	উজানবুড়াইল
সাধুচরণ শীল	মোহনপুর ম, বা
আজাদবক্স মণ্ডল	গয়লা ম, ই,
বয়েজুদ্দিন সরকার	রসুলপুর ম, বা
প্যারীলাল ঘোষ	মোহনপুর ঐ
রিয়াজ উদ্দিন সরকার	বনয়ারী নগর ম, ই
হৃদয়নাথ কুণ্ডু	মোহনপুর ম, বা
মহেশচন্দ্র দাস	ভরতখালী মডেল
ঈশানচন্দ্র দাস	চিলমারী ঐ
সাহেব উদ্দিন সরকার	মোহনপুর ম, বা,

অনুত্তীর্ণ ছাত্রদিগের মধ্যে নিম্নলিখিত ছাত্রগণের বিভাগীয় পরীক্ষায় উত্তীর্ণ হইবার সম্ভাবনা আছে। শিক্ষকগণ উপযুক্ত বোধ করিলে এই সকল বালককে মনোনীত করিতে পারেন।

মধ্য ইংরাজী।

প্রসন্নকুমার চৌধুরী	পাকুড়িয়া ম, ই
গোকুলচন্দ্র সাহা	ঐ
প্যারীমোহন গোস্বামী	পাবনা এ, ভি
প্রিয়নাথ মজুমদার	পাকুড়িয়া ম, ই,
গোবর্দ্ধন ধারী পাল	পাবনা এ, ভি

মধ্য বাঙ্গালা।

অনন্তলাল ঘোষ	রাজাপুর ম, বা
শশধর বসু	সাঁইহাটী ঐ
যোগেন্দ্রনাথ দে	খুন্তড়ী ঐ
সৈয়দ ফজল রহমান	রসুলপুর ঐ
সমসের উদ্দিন মোস্তাজির	বাউরা ঐ
হরিনাথ পাল	চিলমারী মডেল
মবারক আলি সরকার	গয়লা ম, ই
কৈলাসচন্দ্র চট্টোপাধ্যায়	হাতিশালা ঐ
কেদারনাথ গোপ	রাজাপুর ম, বা
ঈশানচন্দ্র দে	চিলমারী মডেল
কুমুদনাথ লাহিড়ী	মোহনপুর ম, বা,
ঈশ্বরচন্দ্র দে	চিলমারী মডেল
বনমালী বৈষ্ণব	ভবানীগঞ্জ ম, বা,
সিরাজউদ্দিন হাউলদার	ঐ
হরিনাথ ঘটক	মাধবকাটী সার্কেল
সাহেব উদ্দিন মাহম্মদ	শিবপুর মডেল

উচ্চপ্রাথমিক।

হাফেজ উদ্দিন সরকার	বেতুয়ান উঃ প্রা
শিবনাথ সরদার	আমড়াখোল ঐ
অমরচন্দ্র দাস	চিথলিয়া ঐ
আহাম্মদ সরকার	রসুলপুর ম, বা
গৌরচন্দ্র সাহা	বনয়ারী নগর ম, ই
দীনবন্ধু সরকার	কালীগঞ্জ বনমালী ম, বা
সৈয়দ ছোবেমান	রসুলপুর ঐ
ভবানীচরণ রায়	বনয়ারী নগর ম, ই
ত্রৈলোকানাথ ভৌমিক	গয়লা ঐ
রমণীকান্ত দত্ত	ঐ
সিদ্ধনাথ হালদার	বেতুয়ান উ, প্রা
নগেন্দ্রনাথ চক্রবর্ত্তী	ভরতখালি মডেল
রামচন্দ্র সরকার	কালীগঞ্জ বনমালী ম, বা
জলধর ঘোষ	মোহনপুর ঐ
নন্দলাল অধিকারী	কালীগঞ্জ ঐ
গিরীশচন্দ্র সাহা	পাকুড়িয়া ম, ই
জানকীনাথ কুণ্ডু	মোহনপুর ম, বা
নবীনচন্দ্র দাস	চিলমারী মডেল
সর্ব্বেশ্বর দাস	বাউরা ঐ

শ্রীশ্রীশচন্দ্র ভাদুড়ী
তত্ত্বাবধায়ক, নির্ব্বাচন পরীক্ষাসমিতি পার্শ্বডাঙ্গা
পাবনা।

বঙ্গমহিলাগণের রচনার নিমিত্ত বাবু ব্রজমোহন দত্ত স্থাপিত পারিতোষিক।

বিগত ১৮৮৯৯০, ১৮৯০৯১ ও ১৮৯১৯২ অব্দে কোন রচনাই পারিতোষিকের উপযুক্ত বিবেচিত না হওয়াতে ইহা স্থিরীকৃত হইয়াছে যে ১৮৯২৯৩ অব্দের পারিতোষিক দান কালে ৪০৲ চল্লিশ টাকা করিয়া চারিটীর পরিবর্ত্তে ৮০৲ আশী টাকা করিয়া দুইটি পারিতোষিক প্রদত্ত হইবে, এবং "শিশুপালন" বা "পিতৃভক্তি" এই দুইটী বিষয়ের অন্যতরটি অবলম্বন করিয়া প্রবন্ধ রচনা করিতে হইবে।

পারিতোষিক দানের নিয়ম :—

(১) বঙ্গমহিলা মাত্রেই পারিতোষিক প্রার্থিনী হইতে পারিবেন; এতৎসম্বন্ধে বয়সের কোন নিয়ম নাই।

(২) পারিতোষিক প্রার্থিনীগণকে বঙ্গভাষাতেই হউক বা সংস্কৃত ভাষাতেই হউক কোন একটি নির্দ্দিষ্ট প্রবন্ধ রচনা করিতে হইবে।

(৩) এই বিজ্ঞাপন প্রচারের তারিখ হইতে ছয় মাসের মধ্যে প্রবন্ধগুলিকে বিচারের জন্য সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটির নিকট পাঠাইতে হইবে।

(৪) প্রত্যেক প্রবন্ধের সহিত পারিতোষিক প্রার্থিনীর স্বামী, পিতা বা অভিভাবককে এরূপ অঙ্গীকার পত্র লিখিয়া পাঠাইতে হইবে যে তাঁহার বিশ্বাসমতে সচরিত্রা ঐ প্রবন্ধ রচনা কালে প্রকাশ্য বা অপ্রকাশ্য ভাবে কোন প্রকার সাহায্যই গ্রহণ করেন নাই।

১৮৯৪ অব্দের ১লা মার্চ্চ তারিখের মধ্যে কলিকাতার, প্রেসিডেন্সী সার্কেলের স্কুলসমূহের ইনস্পেক্টরের অফিসে, সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটির সম্পাদক মহাশয়ের নামে এই প্রবন্ধ পাঠাইতে হইবে। এই প্রবন্ধের মোড়কের (কভারের) উপর "ব্রজমোহন দত্ত পারিতোষিকের রচনা" এইরূপ লিখিত থাকিবে। যাঁহার রচনা সর্ব্বোৎকৃষ্ট হইবে কলিকাতা গেজেটে তাঁহার নাম প্রকাশিত হইবে।

যিনি একবার পারিতোষিক প্রাপ্ত হইয়াছেন, তিনি ইচ্ছা করিলে অন্য বৎসর পুনর্ব্বার প্রবন্ধ রচনা করিতে পারেন। যদি তাঁহার রচনা সে বারেও সর্ব্বোৎকৃষ্ট হয়, তাহা হইলে তাঁহার নাম কলিকাতা গেজেটে প্রকাশিত হইবে কিন্তু পারিতোষিক, রচনার গুণানুসারে তাঁহার পরবর্ত্তিনী মহিলাকে প্রদত্ত হইবে।

যদি বিচারকগণ সর্ব্বোৎকৃষ্ট রচনাটিকেও পারিতোষিকের উপযোগী বলিয়া বিবেচনা না করেন তাহা হইলে পারিতোষিক প্রদত্ত হইবে না।

কলিকাতা, ১লা সেপ্টেম্বর, ১৮৯৩ } সি, এ, মার্টিন। বাঙ্গালাদেশের বিদ্যাধ্যাপনের ডিরেক্টর।

বিজ্ঞাপন।

স্বর্ণমণি পারিতোষিক নির্ব্বাচন।

১। "মাতৃ-ভক্তি এবং মাতৃ-উপাসনাতেই সন্তানের মুক্তি।" এই বিষয়ে হাবড়া জেলার অন্তর্গত বালি গ্রাম নিবাসী শ্রীযুক্ত বাবু সাতকড়ি গোস্বামীর প্রবন্ধ সর্ব্বোৎকৃষ্ট বলিয়া নির্ব্বাচিত হইয়াছে। রচয়িতা ২০০ টাকা পারিতোষিক পাইবেন।

২। "ভাতের ফেন গালা অকর্ত্তব্য, তজ্জন্য এদেশবাসিগণ হীনবল ও নির্ধন হইতেছে।" এই বিষয়ে কলিকাতা ১নং কুমারটুলি বাসী শ্রীযুক্ত বাবু জ্ঞানেন্দ্রনাথ সাহার প্রবন্ধ সর্ব্বোৎকৃষ্ট বলিয়া নির্ব্বাচিত হইয়াছে। রচয়িতা ৫০ টাকা পারিতোষিক পাইবেন।

বর্দ্ধা রাজ্যের, গুণী, গুণগ্রাহী বিশিষ্ট ব্যক্তিগণ কর্ত্তৃক নির্ব্বাচনকার্য্য সাবধানে নির্ব্বাহিত হইয়াছে। সর্ব্বোৎকৃষ্ট প্রবন্ধগুলি পুস্তিকাকারে মুদ্রিত হইবে।

মুস্তৌফী শ্রীপুর। শ্রীপূর্ণচন্দ্র মিত্র মুস্তৌফী।
১লা আশ্বিন ১৩০০। শ্রীঅতুলচন্দ্র মিত্র মুস্তৌফী।

ছাত্রখালি।

হরিশ্চন্দ্রপুর মধ্য ইংরাজী স্কুলের জন্য কয়েকটী ছাত্রের প্রয়োজন; বেতন, থাকিবার ঘর, পাচক ব্রাহ্মণ ও চাকরের বিষয়ে সম্পাদক মহাশয় সাহায্য করিবেন। ১৮৯৪ খৃষ্টাব্দে মাইনর পরীক্ষা দিতে পারে এরূপ ৪ চারি জনকে আহার ও পুস্তকাদির ব্যয়ও দেওয়া যাইবে। শ্রীবিষ্ণুদয়াল কোঙর হেড মাষ্টার মধ্য ইংরাজী স্কুল, হরিশ্চন্দ্রপুর তুলসী-হাটা পোঃ, মালদহ।

কর্ম্মখালি।

Wanted a Hd. Master for the Govt. Aided M. E. School at Radhanagar (Via Pabna) on Rs 30. An experienced F. A. will have preference. Applications with copies of testimonials will be received by the Secretary up to 25 th September current.

Wanted a Head Clerk and Accountant for the Natore Municipal Office on a salary of Rs 25 rising to Rs 35 per mensem by annual-increment of Rs 2. None need apply who has passed F. A. examination of the Calcutta University. Applications will be received up to the 26th September 1893. by the Chairman of the Municipality, Natore.

Wanted an Entrance passed Brahmin Second Master on Rs 16 a month for the M. E. School at Shamkur. (Nudia) Apply sharp to the Secretary.

Wanted a Second teacher for the H. C. School at Maheshpur in the District of Jessore on a salary of Rs 25 per month. A plucked B. A. having educational experience will be preferred. Applications to be forwarded to the Secy. Maheshpur School, Jessore.

Wanted an under-graduate with qualifications in Hindi or Urdu for the Head Mastership of the Jubilee M. E. School at Bhariadangi, Dist. Purnea, on a salary of Rs 30 per mensem. The place is within 3 miles of the Kishangunj Branch Ry. line Terminus and is the head quarters of the Kishangunj Sub Division. None need apply who has no experience in teaching and who will not stick to the post for at least one year. Applications will be received by the Secretary up to the 5th prox.

Wanted a Second Teacher for the Chuadanga H. E. School on a salary of Rs 40 per month. Preference should be given to a graduate proficient in Mathematics. Application should be received by the Secretary on or before the 30th September 1893.

জেলা খুলনা, খলিয়া পোষ্ট, গেনালী মধ্য বঙ্গ বিদ্যালয়ের জন্য এক জন কায়স্থ দ্বিতীয় পণ্ডিতের প্রয়োজন, মাসিক বেতন ১২৲ টাকা। যাঁহারা মাইনর বা মধ্য ছাত্রবৃত্তি পরীক্ষায় উত্তীর্ণ হইয়া এণ্ট্রান্স পরীক্ষায় অনুত্তীর্ণ অথবা এণ্ট্রান্স ক্লাস পর্য্যন্ত অধ্যয়ন করিয়া কিছু দিন শিক্ষকতা কার্য্য করিয়াছেন, তাঁহাদেরই আবেদন সাদরে গৃহীত হইবে। কর্ম্মপ্রার্থিগণ স্ব স্ব প্রশংসাপত্রের অনুলিপি সহ ৩০শে সেপ্টেম্বরের পূর্ব্বে সম্পাদক শ্রীপূর্ণচন্দ্র ঘোষের নিকট আবেদন করিবেন।

৫৲ টাকা বেতনে ৭ জন এজেণ্ট চাই। কার্য্যদক্ষ লোক শীঘ্র রিপ্লাই কার্ডে আবেদন করুন। ঘরে বসিয়া কাজ। শ্রীশরচ্চন্দ্র সেন, পোষ্ট শিবালয়, ঢাকা।

বিশেষ দ্রষ্টব্য।

শব্দসত্য অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২৩৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
বুধোদয় প্রেস—হুগলী।

১৮৯৩ সালের বর্দ্ধমান এবং রাজসাহী বিভাগের আগামী মধ্য ও উচ্চ প্রাথমিক ছাত্রবৃত্তি পরীক্ষার প্রগম নিম্নে প্রদত্ত হইল।

পূর্ব্বাহ্ণ ১০টা হইতে ১২॥টা পর্য্যন্ত।
অপরাহ্ণ ১টা হইতে ৪টা পর্য্যন্ত।

মধ্য ছাত্রবৃত্তি।

৩রা অক্টোবর। মঙ্গলবার, পূর্ব্বাহ্ণ, ইংরাজী-ভাষা ও ব্যাকরণ। অপরাহ্ণ, অনুবাদ (ইংরাজী ও বাঙ্গালা) এবং ইংরাজী রচনা।

৪ঠা অক্টোবর। বুধবার, পূর্ব্বাহ্ণ বাঙ্গালা ভাষা (গদ্য) এবং ব্যাকরণ। অপরাহ্ণ বাঙ্গালা ভাষা (পদ্য) এবং রচনা।

৫ই অক্টোবর, বৃহস্পতিবার। পূর্ব্বাহ্ণ শুভঙ্করী অপরাহ্ণ, পাটীগণিত।

৬ই অক্টোবর, শুক্রবার। পূর্ব্বাহ্ণ, জ্যামিতি ও পরিমিতি। অপরাহ্ণ, ইতিহাস।

৭ই অক্টোবর, শনিবার। পূর্ব্বাহ্ণ, বিজ্ঞান। অপরাহ্ণ, ভূগোল।

উচ্চ-প্রাথমিক ছাত্রবৃত্তি।

৩রা অক্টোবর, মঙ্গলবার। পূর্ব্বাহ্ণ, বাঙ্গালা ভাষা ও রচনা। অপরাহ্ণ, ইতিহাস ও ভূগোল।

৪ঠা অক্টোবর, বুধবার। পূর্ব্বাহ্ণ, শুভঙ্করী। অপরাহ্ণ, পাটীগণিত।

৫ই অক্টোবর, বৃহস্পতিবার। পূর্ব্বাহ্ণ জ্যামিতি ও পরিমিতি। অপরাহ্ণ, স্বাস্থ্যবিদ্যা।

৬ই অক্টোবর, শুক্রবার। পূর্ব্বাহ্ণ, বিজ্ঞান।

Benimadhav De.
In charge of the Office of Inspector of Schools, Rajshahi Circle and Burdwan Division.

Hugli.
| 9 | 93.

গবর্ণমেণ্টের অনুমোদিত।

বাঙ্গালা ছাত্রবৃত্তি ও মাইনর স্কুলসমূহের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পাঠ্য।

"বিজ্ঞানসোপান"।

শ্রীযুক্ত উমেশচন্দ্র ঘোষ, এম এ, বি এল প্রণীত।

মূল্য ॥৵০ দশ আনা মাত্র।

ছাত্রবৃত্তি ও মাইনর পরীক্ষার নির্দ্দিষ্ট বিষয়-গুলি এরূপ বিশদরূপে ও ধারাবাহিক ভাবে অন্য কোন গ্রন্থে বর্ণিত নাই। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৪০৪নং

অম্বিকাচরণ ঘোষাল
ফটোগ্রাফার ও পোর্ট্রেট পেইণ্টার
ঘুঁটেবাজার হুগলি

মফস্বলে যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণপত্র লিখিলে জানিতে পারিবেন। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিজ, হুগলী কলেজ, এমামবাড়া, হংসেশ্বরীর মন্দির, চুঁচুড়া গোরাবারিক অভ্যন্তর দৃশ্য, নবাব খাজাখাঁর মসজিদ, সপ্তগ্রামের মহোৎসব প্রত্যেক ॥০ আনা মাত্র—ফটোগ্রাফগুলি একবার দেখিলে বাধিত হইব।

পাটীগণিত।

নূতন সংস্করণ।

শ্রীপ্রসন্নকুমার সর্ব্বাধিকারী প্রণীত।

সুপ্রসিদ্ধ গণিতশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম, এ, মহাশয়ের দ্বারা সম্যকরূপে সংশোধিত পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত। ইহাতে সুকৌশল সম্পন্ন প্রশ্নাবলী সন্নিবেশিত এবং উহাদের ভূরি পরিমাণে সমাধান করা হইয়াছে। ৫৭৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। উত্তম কাপড়ে বাঁধা, মূল্য ১৷৵০। বলা বাহুল্য ইহা চিরকাল সর্ব্বাদৃত, অধুনা আরও অধিক পরিমাণে স্কুলাদিতে পাঠ্যরূপে নিয়োজিত হইতেছে এবং বঙ্গবাসী প্রভৃতি সংবাদ পত্র ভূয়সী প্রশংসা করিতেছেন। নিম্নলিখিত এবং অন্যান্য স্থানে পাওয়া যায়।

বি, ব্যানার্জ্জি এণ্ড কোং।
২৫নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, ৫৬নং কলেজ ষ্ট্রীট, ৫১নং পুরাতন চীনেবাজার, কলিকাতা। ৫৫নং পটুয়াটুলি ঢাকা।

৩৮৮নং

মাইকেল মধুসূদন দত্তের

জীবনচরিত, অপ্রকাশিত কবিতা, পত্র ও গ্রন্থাবলীর সমালোচনা সম্বলিত গ্রন্থ প্রকাশিত হইয়াছে।

শ্রীযোগীন্দ্রনাথ বসু বি এ, প্রণীত।

ডিমাই আট পেজী আকারে পাঁচ শতরও অধিক পৃষ্ঠায় সম্পূর্ণ।

এরূপ সর্ব্বাবয়ব জীবনচরিত এপর্য্যন্ত বাঙ্গালা ভাষায় প্রকাশিত হয় নাই। মধুসূদনের জীবনের বিষাদময় ইতিহাসের সঙ্গে তাঁহার সমসাময়িক বাঙ্গালা সাহিত্যের অবস্থা, তাঁহার গ্রন্থাবলীর সমালোচনা, তাঁহার লিখিত বহুসংখ্যক ইংরাজী ও বাঙ্গালা কবিতা, মান্দ্রাজ, ইংলণ্ড, ফ্রান্স প্রভৃতি স্থান হইতে তাঁহার লিখিত বহুসংখ্যক পত্র, তাঁহার জীবনের ঘটনাবলী সম্বন্ধে সার মহারাজা যতীন্দ্রমোহন ঠাকুর, বাবু ভূদেব মুখোপাধ্যায়, রাজা প্যারীমোহন মুখোপাধ্যায় প্রভৃতির লিখিত মন্তব্য, রাজা রাজেন্দ্রলাল মিত্র, ড্রিঙ্ক ওয়াটার, বেথুন, বাবু রাজনারায়ণ বসু প্রভৃতি অনেক খ্যাতনামা ব্যক্তির লিখিত পত্র ও পত্রাংশ ইত্যাদি ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। মধুসূদনের নিজের এবং তাঁহার সমাধি স্তম্ভের চিত্র এবং রাজা প্রতাপচন্দ্র সিংহ, রাজা ঈশ্বরচন্দ্র সিংহ, মহারাজা সার যতীন্দ্রমোহন ঠাকুর, বাবু ভূদেব মুখোপাধ্যায়, বাবু গৌরদাস বসাক, বাবু রাজনারায়ণ বসু, ৺ বিদ্যাসাগর মহাশয়—এই কয়েক জনেরও চিত্র ইহাতে প্রদত্ত হইয়াছে। এইরূপ সুন্দর চিত্র এপর্য্যন্ত কোনও বাঙ্গালা গ্রন্থে প্রকাশিত হয় নাই। ছাত্রদিগকে পুরস্কার দিবার জন্য অতি সুন্দররূপ বাঁধান হইয়াছে। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপোজিটরীতে, ২১০ | ৪ কর্ণওয়ালিস ষ্ট্রীট নব্যভারত কার্য্যালয়ে, বৈদ্যনাথ দেওঘর স্কুলে গ্রন্থকারের নিকট এবং নিম্নস্বাক্ষরকারীর নিকট পাওয়া যায়। মূল্য কাপড়ে বাঁধান ২।০ টাকা, কাগজের মলাট ২৲ টাকা, ডাকমাশুল ।০ আনা। মফস্বলস্থ গ্রাহকগণ গ্রন্থকারকে পত্র লিখিবেন।

শ্রীরামানন্দ চট্টোপাধ্যায় এম এ।
অধ্যাপক সিটি কলেজ,—কলিকাতা।

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৬ বৎসর উহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-যশের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার লেপনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সম-ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনা ব্যয়ে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৷৷০ টাকা, প্যাকিং ।০ আনা

২ শিশি একত্রে লইলে খরচা ৷৷৵০ আনা স্থলে হয়।

শ্রীকালীদাস সরকার।

গবর্ণমেণ্ট পেন্সনার—লক্ষ্ণৌ।

৪৭৩নং

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বলবীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রি-জাগরণ, অতিরিক্ত পান-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা-হাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত।

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-সহিত-পালা-কালিযুক্ত জ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দীর্ঘকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকার সে জ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে, ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্পদিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধ অতি সামান্য রোগও আরাম হয়। বিধাতার বিচিত্রবিধান বুঝাভার!

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন। প্লীহা জ্বর-বক্তৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগীকে এই এক ৩নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

বটিকার সংখ্যা,	মূল্য,	ডাঃমাঃ,	প্যাকিং
১নং কৌটা	১৮	৷৷৵০	।০	৵০
২নং কৌটা	৩৬	১৵০	।০	৵০
৩নং কৌটা	৫৪	১৷৷৵০	।০	৵০

ভালুপেবলে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।

১২ নং মুক্তাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা

৩৭৪নং

পাঁড়ে ব্রাদার্স।

পুস্তক ও দেশী বস্ত্র বিক্রেতা।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্ কলিকাতা।

এখানে ইংরাজি বাঙ্গালা সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য সর্ব্ব প্রকার পুস্তক, তৎসমস্তের নানা প্রকার কি, নোট, অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি সর্ব্ব প্রকার পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে। বিলাতি পুস্তক বিলাত হইতে আনা হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা ১৸০ মূল্য যোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও বারহাতীর জন্য চলিবে ও ২৷৷০, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ নয়নসুক, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকটও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য ।৵০ বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ ৵০ ৩২ খানি উৎকৃষ্ট চিত্রসহ

নীতি কথামালা	।০	মানবতত্ত্ব	১৷৷০
আর্য্যচরিত	।০	ধর্ম্মবিজ্ঞান	১৲
আর্য্যশিক্ষা	৷৷৵০	অদ্ভুত স্বপ্ন বা স্ত্রী পুরুষের দ্বন্দ্ব	৷৷০
বাঙ্গলা ব্যাকরণ	।৵০	বিজ্ঞানসার	১৲
শিশু বিজ্ঞান	৵০	লীলাবতী (অঙ্কপুস্তক)	৷৷০
বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ	৵০		

৩৪৫ নং শ্রীমনোমোহন পাঁড়ে

সংক্ষিপ্ত পদার্থদর্শনের প্রশ্নোত্তর।

পণ্ডিত প্রবর শ্রীযুক্ত প্রসন্নকুমার চক্রবর্ত্তী প্রণীত। মূল্য ।/০ পাঁচ আনা মাত্র। যত গুলি সং পদার্থদর্শনের প্রঃ উঃ এ পর্য্যন্ত প্রকাশিত হইয়াছে এগুলি তাহাদের অপেক্ষা কোন অংশে নিকৃষ্ট নহে বরং অনেকাংশে উৎকৃষ্ট। যে স্কুলে এক খানিমাত্র এই প্রঃ উঃ প্রবেশ লাভ করিয়াছে সে স্কুলের সমস্ত ছাত্রই ইহা ক্রয় করিতেছে। এককালে এক প্যাকেটে ৫ খানি এই প্রঃ উত্তর লইলে স্কুলের শিক্ষকদিগকে শতকরা ১৫৲ টাকার হিসাবে কমিসন দিয়া থাকি; অধিকন্তু আমি নিজ হইতে ডাক মাশুল দিই। কাগজ, ছাপা ও বাঁধাই সমস্তই উৎকৃষ্ট। ভিঃ পিঃ ডাকে পাঠাইয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র দত্ত।

ভারত পুস্তকালয়, পটলডাঙ্গা, বৌবাজার পোষ্ট

কলিকাতা।

৩৪৯নং

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸০ বার আনা, ডাঃ মাঃ ।০ এক আনা। এখানি ১৮৯৪ অব্দের মাইনর পরীক্ষায় ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহাতে বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গল্প হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ৵০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

সংস্কৃত প্রেসডিপজিটরি।

১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

শ্রীমদ্ভগবদ্গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ৵০।

ঐ বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ।৵০ পাঁচ আনা ডাঃ মাঃ ৵০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা মূল্য ৵০ পাঁচ আনা ডাঃ মাঃ ৵০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা উৎকৃষ্টরূপ বাঁধা মূল্য ।০ আট আনা, ডাঃ মাঃ ৵১০।

কবির (জীবন্মুক্ত মহাত্মা কবির সাহেবের ৫২খানি দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা-সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ ৵১০।

কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০।১ নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

ম্যানেজার।

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু

প্রণীত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য ৵০ আনা

ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "

ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব ।০ "

সেণ্ট্রাল টেক্সটবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার লাইব্রেরীতে পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।

১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট—কলিকাতা।

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি. এ, প্রণীত

পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে অঙ্ক ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেঙ্গল বিভাগের মধ্যশ্রেণীর বৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষকগণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৷৷০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।৵০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীজমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।৵০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ৵০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৪৪ নং

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু অম্বিকাচরণ মুখোপাধ্যায় কুষ্টিয়া

১৩০১ শ্রাবণ শেষ ৫৲

" " ক্ষুদিরাম ডুবে ভগবতীপুর ১৩০১ শ্রাবণ শেষ ৫৲

" " রাধাগোবিন্দ কর্ম্মকার এলাহিগঞ্জ ১৲

" " মহেশচন্দ্র দত্ত লোহাজঙ্গ ১৩০০ অগ্রহায়ণ শেষ ২৲

" " ভাগবতচন্দ্র বসু মুকুন্দপুর ১৲

☞ এই পত্র হুগলি বুধোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

REGISTERED NO 35 1875.

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

নূতন সম্বৎ। ২৫শ খণ্ড। ২৫শ সংখ্যা। | ১৪ই আশ্বিন শুক্রবার ১৩০০ সাল। ইং ২৯শে সেপ্টেম্বর ১৮৯৩ খৃঃঅব্দ। | অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম)	৫	ষাণ্মাসিক	৩
ত্রৈমাসিক	২	প্রত্যেক সংখ্যার	।৹

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৶৹ ৩য় বার /১০ চতুর্থ বা ততোধিক বার /০। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৶৹।

কর্ণওয়ালিস বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে প্রকাশিত হয়।

তিন মাসের অধিক বিজ্ঞাপন প্রকাশ করিলে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

যাঁহারা এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য নগদ টাকায় দিবেন, তাঁহারা তাঁহাদের নিকটবর্ত্তী এজেণ্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণিঅর্ডার ফরমে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

এডুকেশন গেজেটে বিজ্ঞাপন প্রকাশের সুবিধার জন্য ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে একটী এজেন্সি খোলা হইয়াছে। তথায় বিজ্ঞাপন ও তৎপ্রকাশের মূল্য জমা লওয়া যায়।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যূন বিলম্ব হইলে তাহার খামেখানিতে পিয়নের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকালীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

কলিকাতা	শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়। সংস্কৃতযন্ত্রের পুস্তকালয় ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।
	চণ্ডীচরণ মজুমদার—হেজল সেক্রেটারিয়েট জুডিসিয়াল ডিপার্টমেণ্ট।
২৪ পরগণা	
আলিপুর	অতিলাল মৈত্র—আলিপুর।
	ভূপালচন্দ্র গঙ্গোপাধ্যায়—উকিল।
বারাকপুর	শ্রীযুক্ত বাবু ভুবনমোহন নিয়োগী।
ভবানীপুর	রাজকৃষ্ণ রায় চৌধুরী।
চুয়াডাঙ্গা	যদুনাথ চৌধুরী।
হাবড়া	হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম	ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী	শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর	ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান	চারুচন্দ্র চট্টোপাধ্যায়।
	রসিকলাল দাস—রায়না।
যশোহর	কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
সিউড়ী	অম্বিকাচরণ মুখোপাধ্যায়।
	নীলমণি ভট্টাচার্য্য।
বাঁকুড়া	রামেশ্বর সেন—বিষ্ণুপুর।
	অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর	উমাচরণ দে।
জলপাইগুড়ি	নীলমণি পাল।
বাঁকিপুর	নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর।
	ভগবান প্রসাদ।
বারাণসী	সোমনাথ ভাদুড়ী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর	আদিনাথ মিত্র।
	দ্বারকানাথ বাগচি—নিলফামারি।
রাজসাহী	কালীনাথ চৌধুরী—পোয়ালিয়া।
পাবনা	মহেন্দ্রনাথ দত্ত।
	রজনীকান্ত ভট্টাচার্য্য।
	রামচন্দ্র চক্রবর্ত্তী।
	ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, চুলাই।
	উমাচরণ গাঁড়ে, সিরাজগঞ্জ।
ঢাকা	সতীশচন্দ্র ঘোষ।
সাঁওতাল পরগণা	যজ্ঞেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।
পাকুড়	রাধারুষ্ণ সারখেল।
খুলনা	হরিহর দাস।
	জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।
দিনাজপুর	রাজকুমার চক্রবর্ত্তী ফুলবাড়ি।
	ভুবনেশ্বর গুপ্ত।
	দুর্গাদাস সুর—রায়গঞ্জ।
	শশিভূষণ রায়।
কোচবিহার	ভুবনমোহন দত্ত।
ফরিদপুর	কালীকিশোর ঘোষ—মাদারিপুর।
মজঃফরপুর	কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল
ছাপরাঙ্গা	গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক সুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সন্তরীপুর
বৈদ্যনাথ	যোগীন্দ্রনাথ বসু হেড মাষ্টার, দেওঘর।

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিবিধ বিজ্ঞাপন।

শ্রীরামেশ্বর সেন কৃত

১। উচ্চপ্রাথমিক সহজ-পরিমিতি মূল্য ।০।

২। নিম্ন-প্রাথমিক সহজ-পরিমিতি (কেবল দেশীয় রীতির নিয়মাদি)

ভাল কাগজে ছাপা ৶০

চলিত কাগজে ছাপা ৵০

৩। নিম্ন-পুরস্কার পরীক্ষা—

পাঠশালার ছাত্রগণের অত্যাপকারী অভিনব পাঠ্য পুস্তক।

ভাল কাগজে ছাপা ৶০র স্থলে ৵১০

চলিত কাগজে ছাপা ৵১০র স্থলে ৵০

কলিকাতা ও বাকুড়া জেলার বহির দোকানে প্রাপ্য।

৪। "উচ্চ-পুরস্কার পরীক্ষা" শীঘ্রই বাহির হইবে।

৪০১নং

গিরিশ লাইব্রেরী।

এখানে ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল, এ; বি, এ ক্লাসের সর্ব্বপ্রকার পাঠ্যপুস্তক ও অর্থ পুস্তকাদি এবং নাটক, নভেল প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়। ভিঃ পিঃ ডাকেও পুস্তক পাঠাই। ২১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা। শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৮৪নং

এল, ভি, মিত্র এবং কোং।

লব্ধপ্রতিষ্ঠ ও কলিকাতা ও অন্যান্য স্থানের দক্ষ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রত্যেক গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৫৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক রুবিনি ক্যাম্ফার ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৷৷০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৬৲ ও ৭৲, শিশুচিকিৎসা ২৷৷০, বামাচিকিৎসা ২৲ জ্বর চিকিৎসা ৸০ ও ১৸০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৸০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমার কলিকাতার মহামেলার এই শ্রেণীতে ভারতের মধ্যে সর্ব্বোচ্চ এবং এখানকার ও অন্যান্য স্থানের সম্ভ্রান্ত চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি।

১৯

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্তলালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীতে সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১৷০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

REDUCTION IN PRICE OF CINCHONA FEBRIFUGE.

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta, Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free, at 4 oz, Rs3—4: 8 oz, Rs 6—8: 16 oz, Rs 12—12. Cash with order.

No. 331

বুধোদয় যন্ত্র।

হুগলি বুধোদয় যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষর ও তাহার সরঞ্জাম প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানা প্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় যাবতীয় ফারম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, ষ্ট্যাণ্ডবিল, জমিদারীর জমাওয়াশীল ফরম, ডাক্তারি লেবিল ও বিল নানাপ্রকার ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পাদিত হইয়া থাকে। বিশেষ বন্দোবস্ত করিলে সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংলিস অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও স্মল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া দপ্তরী দ্বারা পুস্তক প্রস্তুত করিয়া রীতিমত বাক্সবন্দী করিয়া রেলে বা জাহাজে যাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি, গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন, ছাপার রেট ও অন্যান্য বিবরণ জানিতে ইচ্ছা করিলে আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পরিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

কার্য্যাধ্যক্ষ।

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১২ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।

ডাকমাশুল ৵০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৵০

পদ্য ব্যাকরণ মূল্য ৵১০

প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য ৵১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায়) পাওয়া যায়।

শ্রীভিমকড়ি বন্দ্যোপাধ্যায়।

রিপণ-ডিপজিটারী।

৫২ নং দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য ও নাটক নভেল অতি সুবিধায় সরবরাহ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পিঃ, ডাকে পুস্তক পাঠাই। প্রেরণ ব্যয় ৵১০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়।

শ্রীশশিভূষণ সাহা

৩৮০ নং ম্যানেজার।

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মতামত নহে।

সম্পাদক মহাশয়—

আমার লিখিত, 'অম্বর', 'গোবিন্দ গোপীনাথ' ও 'জয়পুর মানমন্দির' শীর্ষক প্রবন্ধত্রয় সম্বন্ধে আরও কয়েকটি কথা বলিবার আছে। যথাক্রমে সেইগুলি বলিতেছি। অনুগ্রহ প্রদর্শন পূর্ব্বক পত্রিকাস্থ করিবেন—

(১) অম্বরের ঐতিহাসিক বিবরণীমধ্যে মতদ্বৈধ আছে। মহাত্মা টড্ সাহেব এতদ্বিষয়ক যথেষ্ট বিবরণ লিপিবদ্ধ করিয়াছেন, কিন্তু অনেকগুলি বিষয়ে তাঁহার অনেক লেখাই এখন ভ্রম বলিয়া বোধ হইতেছে। টড্ সাহেব নিতান্ত রাজপুতভক্ত ও বিশেষ অনুসন্ধানশীল হইলেও অনেক স্থলেই প্রকৃত বংশাবলী পান নাই এবং অনেক তারিখ-দোষযুক্ত কাব্যের উপর বিশ্বাস স্থাপন করিয়াছেন। প্রদ্যুম্নজী (পচোয়ন জী) দিল্লীপতি চৌহান পৃথ্বীরাজের সমকালবর্ত্তী বলিয়া চাঁদ কবি উল্লেখ করিয়াছেন, কিন্তু গোয়ালিয়ারের একটী শিলা লিপি ও কোন কোন সর্দ্দারের বংশাবলী অনুসারে তিনি পৃথ্বীরাজের শতাধিক বর্ষ পূর্ব্বে প্রাদুর্ভূত হন। আবার চিকোরের সমরসিংহও চাঁদ কবির মতে পৃথ্বীরাজের বন্ধু, কিন্তু সমীচীন অনুসন্ধানের ফল এই যে, সমর পৃথ্বীর শতাধিক বর্ষ পরে প্রাদুর্ভূত হইয়াছিলেন। আবার পৃথ্বীরাজ ও জয়চাঁদ মাসুতুত ভাই; মাসুতুত ভাইয়ের মেয়েকে কোন রাজপুত কোন কালে বিবাহ করে না, সুতরাং কনোজের সংযুক্তা স্বয়ম্বরটাও মিথ্যা। আবার চাঁদলিখিত পৃথ্বীরাজের জন্মতারিখ ও সম্বাদির সমস্তই জ্যোতির্ব্বিদগণের দ্বারা অসম্ভাব্য বলিয়া প্রতিপাদিত হইয়াছে। সুতরাং চাঁদের গ্রন্থ কাব্য মাত্র ইতিহাস নহে; চাঁদরচিত মহাকাব্য 'পৃথ্বীরাজ রাসো' এইরূপে বদি হইয়া যাওয়াতে সুখ ও দুঃখ দুই উৎপন্ন হইতেছে। সুখ এই জন্য যে, পৃথ্বীরাজ ও জয়চাঁদের বিবাদই যে সাহাবুদ্দীনের জয়ের কারণ এ তিরস্কার দূর হয়; কারণ যখন স্বয়ম্বরই হয় নাই বিবাহও হয় নাই তখন পৃথ্বীরাজের পরাজয় অন্য কারণে উৎপন্ন ভাবিতে হইবে। দুঃখ হয় এই জন্য যে, প্রদ্যুম্নজীর বাহাদুরীটি মাটী হইয়া যায়।

সমীচীন গবেষণার ফলে প্রদ্যুম্নজী ১০৭০ খৃষ্টাব্দের আগা কাছির লোক বলিয়া জানা যায়। এই সময় মামুদ গজনবীর বংশীয়েরা মাঝে মাঝে ভারতের প্রতি হল্লাও করিতেন। কেহ কেহ মারাও পড়িতেন। সম্ভবতঃ প্রদ্যুম্নজী সেই সব দলের কোন কোনটাকে তাড়াইয়াছেন। চাঁদ কবি সেই কাণ্ড পৃথ্বীরাজের কাণ্ডের ভিতর পুরিয়া দিয়াছেন। অথবা এমন হইতে পারে যে সাহাবুদ্দীনের সময়ে জয়পুরের কোন রাজপুত্রের নাম প্রদ্যুম্ন থাকিতে পারে; কারণ এক একটি রাজার আট দশ গণ্ডা করিয়া ছেলে হইত। সেই প্রদ্যুম্ন হয়ত পৃথ্বীরাজের যথার্থ সহায় ছিলেন। সুতরাং চাঁদ কথঞ্চিৎ সত্যবাদীও হইতে পারেন।

কোন কোন বংশাবলীতে কুশল প্রদ্যুম্নের পরে। টড্ পূর্ব্বে রাখিয়াছেন। এ বড় গোল। এই সকল ঐতিহাসিক গোলযোগের ভিতর প্রবেশ করা আমার পক্ষে ততটা অনায়াসসাধ্য বলিয়া আমি মনে করি না।

(২) জয়পুরে চিত্র বিদ্যার বিশেষ উৎকর্ষ দৃষ্ট হয়। ইহারা যেরূপে চিত্রের আদর্শ (Negative) রক্ষা করে, তাহা বলিতেছি। অতি সূক্ষ্ম এক প্রকার চর্ম্ম ঝিল্লী ইহারা চিত্রের উপরে ধরে। ঝিল্লীটী এক প্রকার মৃগের আভ্যন্তরীণ চর্ম্ম হইতে প্রস্তুত ও অত্যন্ত স্বচ্ছ; সুতরাং চিত্রের সমস্তই ঝিল্লীভেদ করিয়া দৃষ্ট হয়। পরে অসংখ্য সূচীবেধের দ্বারা ভিতরের রেখা অনুসারে ঝিল্লীর উপরে রেখা প্রস্তুত করে। সেই ঝিল্লী পুরুষানুক্রমে চলিতে থাকে ও এক চিত্র অসংখ্য বার অনুকৃত হয়। আমি দুই একখানি ঝিল্লী (Negative) দেখিয়াছি। এক খানিতে আকবর শাহ ও বীরবলের মূর্ত্তি আছে। আগরাতে দিল্লীর বাদশাহদের যে ফটো বিক্রয় হয় তাহাতে আকবরের যেরূপ মূর্ত্তি দেখিয়াছি এই নেগেটিভে অবিকল তাহাই দেখিলাম। কখন কখন ঝিল্লীর পরিবর্ত্তে কাগজের ব্যবহার হয়। তাহাতে কোন্ স্থানে কোন্ বর্ণ দিতে হইবে তাহারও ইঙ্গিত থাকে। জয়পুরীরা প্রস্তরের উপর জীবন্ত মনুষ্যের বা পশুর প্রতিমূর্ত্তি খোদিতে অদ্বিতীয়। এই কার্য্যে অত্যন্ত সময় লাগে। পশুশালার একটী সিংহের প্রতিমূর্ত্তি খোদিতে অন্যূন এক মাস লাগিয়াছিল। এজন্য অনুমান করা যায় যে পূর্ব্ববর্ত্তী রাজগণ আপন আপন মূর্ত্তি খোদিত করাইতে ইচ্ছুক হইতেন না; কাগজের উপর চিত্র লিখিয়াই ক্ষান্ত থাকিতেন। কিন্তু, কদাচ কোন রাজা যে নিজমূর্ত্তি বা কোন পিতৃপুরুষের মূর্ত্তি খোদাইতে একেবারে ইচ্ছুক হইতেন না এরূপ মনে হয় না; কারণ এই বিদ্যা ভারতবর্ষে অত্যন্ত প্রাচীন। সুতরাং যাঁহারা শ্রীকৃষ্ণকে ঐতিহাসিক বলিয়া বিবেচনা করেন তাঁহারা বজ্রকর্ত্তৃক তাঁহার প্রস্তরময়ী প্রতিমূর্ত্তি নির্ম্মাণ বিষয়ক যে গল্প আছে সেই গল্পটিকে একেবারে উপেক্ষা না করিতেও পারেন।

(৩) মহারাজ এই যন্ত্র সকল হিন্দু, মুসলমান ও ইউরোপীয় জ্যোতির্ব্বিদগণের সাহায্যে নির্ম্মাণ করেন। তাঁহার লিখিত গ্রন্থ সকলে অনেকটা ইঙ্গিতও পাওয়া যায়। তিনি যে পর্ত্তুগিজ জ্যোতির্ব্বিদের বিশেষ সাহায্য গ্রহণ করিয়াছিলেন তাহার বংশাবলী অদ্যাপি জায়গীর ভোগ করিতেছে। এই জ্যোতির্ব্বিদ্ ও যে সকল হিন্দু-গণিতবেত্তা জয়সিংহের প্রধান সহকারী ছিলেন সময়ান্তরে তাঁহাদের পরিচয় পাঠকগণকে দিব। জয়সিংহ জগন্নাথ নামক পণ্ডিতের দ্বারা ইউক্লিডের জ্যামিতির পনর অধ্যায় সংস্কৃতে অনুবাদিত করেন। এই অনুবাদটী সম্রাটসিদ্ধান্ত নামক গ্রন্থের অন্তর্ভুক্ত। আমাদের বিগত প্রিন্সিপ্যাল ৺ হরিদাস শাস্ত্রী সম্রাটসিদ্ধান্তের একখানি প্রতিলিপি সংস্কৃত কলেজের অধ্যাপক মহামহোপাধ্যায় শ্রীযুক্ত মহেশচন্দ্র ন্যায়রত্ন মহাশয়কে গত বৎসরে পাঠাইয়াছেন। একখানি ইউক্লিডের অনুবাদ আমার নিকট আছে।

শ্রীমেঘনাথ ভট্টাচার্য্য
জয়পুর মহারাজ কলেজের অধ্যাপক।

নষ্ট বা পুরাতন।

(১)

দ্রব্য, নষ্ট বা পুরাতন হইবার প্রধান কারণ বায়ু। অম্লজান বায়ুই প্রধানতঃ দ্রব্যাদি পচিয়া যাইবার কারণ হয়।

যে স্থানে অম্লজান বায়ু প্রবেশ করিতে পারে না, সে স্থানে কোন দ্রব্য রাখিলে তাহা সহজে নষ্ট হয় না। বিলাতী বিস্কুটের টিনবাক্সের বায়ু

তাহা হইতে বাহির করিয়া, পরে কৌশল পূর্ব্বক উহাতে বিস্কুট রক্ষা করা হয়। পরে বাক্স বন্ধ করিলে, উহাতে আর সাধারণ বায়ু প্রবেশ করিতে পারে না বলিয়া ঐ বিস্কুট বহুদিন পর্য্যন্ত সদ্যাবস্থায় থাকে। বিলাতী চুরুট এই নিয়মে রক্ষা করা হয়।

তৈল বা মধুর পাত্রমধ্যে বায়ু সহজে প্রবেশ করিতে পারে না এই জন্য তৈল ও মধুর ভিতর আম্র, লিচু, কমলালেবু ইত্যাদি ফল ডুবাইয়া রাখিয়া অসময়ে বাহির করিয়া খাইলে সদ্যাবস্থার মত আস্বাদন পাওয়া যায়। এই কৌশলে ম্যাজিক ওয়ালারা বহুবিধ ফল লুকাইয়া রাখে।

লৌহ বায়ুতে ফেলিয়া রাখিলে মরিচা ধরিয়া যায়, কিন্তু কোন আবরণ দিলে শীঘ্র নষ্ট হয় না। এই জন্য রং ও তৈল একত্র করিয়া লৌহের আবরণ দেওয়া হয়। কাষ্ঠেও রং, তৈল অথবা আলকাতরার আবরণ দেওয়া হয়।

কোন দ্রব্য পচিয়া যাওয়া উহার রাসায়নিক পরিবর্ত্তন ব্যতীত আর কিছুই নহে। জাত সাধারণ বায়ুতে হাঁড়ির মধ্যে রাখিয়া দিলে শীঘ্র নষ্ট হইয়া যায়। বিশেষতঃ হাঁড়ির ভাত নাড়া-চাড়া করিয়া অবশিষ্ট ফেলিয়া রাখিলে পরদিন পচিয়া যায়। কিন্তু যদাপি উহাকে কিছু জলের নিম্নে অথবা জলের সহিত তেঁতুল গুলিয়া ঐ জলে রাত্রিতে ভিজাইয়া রাখ, তাহা হইলে সহজে অম্লজান বায়ু হাঁড়ির নিম্নস্থ ভাতগুলিকে স্পর্শ করিতে পারিবে না, কাজেই ভাতগুলি সদ্যাবস্থায় অবস্থিতি করিবে।

কোন মৃতদেহ জলমগ্ন করিয়া রাখিলে অনেক-ক্ষণ ভাল থাকে, কিন্তু বায়ুতে ফেলিয়া রাখিলে, দেখিতে দেখিতে পচিতে আরম্ভ হয়। পরীক্ষাদ্বারা জানা হইয়াছে যে, মাংস প্রভৃতি ব্যক্ষারজান জলজান এবং বায়ুতে রাখিয়া দিলে, বহুকাল সদ্যাবস্থায় থাকে।

মৎস্য প্রভৃতি কুটিয়া তাহাতে তেল হলুদ ও লবণ মাখাইলে, উহার উপর একটী আচ্ছাদন পড়ে, কাজেই ঐ আচ্ছাদন-স্তরভেদ করিয়া অম্লজান সহজে মাংস ধরিতে পারে না, এজন্য তৈল হলুদ মাখাইয়া কোটা মৎস্য ২।১ দিন রাখিলে নষ্ট হয় না।

শ্মশান।

১

নর-গর্ব্ব খর্ব্বকারী এই যে শ্মশান
বিরাট আকাশে সদা বিরাজে বিজনে,
আসিলে ইহার পাশ যায় অভিমান,
দূর হয় ভোগাসক্তি, পাপ চিন্তা মনে।

২

রাজার রোমাঞ্চ হয় তস্করের ভীতি,
হেরিয়া ইহার দেহ শব-আচ্ছাদিত
থাকে না তখন মনে অন্য সুখে প্রীতি,
ক্ষীপায় মরণ-স্মৃতি, সকলের চিত।

৩

পড়ি বহু ধর্ম্মগ্রন্থ গিয়া জ্ঞানি স্থান
ধরম পিপাসু নর যাহা নাহি পায়,
সেই সার মহা-শিক্ষা পীযূষ সমান,
মুহূর্ত্তে শ্মশানভূমি তাহারে শিখায়।

৪

হেন রুদ্রমূর্ত্তি দেখি ভীতি বিধায়িনী
বোধ হয় রণশ্রমে শ্মশানের স্থলে
দিগম্বরী ভীমা কালী দনুজনাশিনী
বিজন প্রান্তরে বাস করেন বিরলে।

৫

রক্তাক্ত রসনা তীব্র দীপ্ত-চিতানল,
ধূম, ঘোর কৃষ্ণবর্ণ, মালা শব-শির,
পুঞ্জীকৃত অট্টহাস মৃতাস্থি সকল,
অগ্নিকণা বিন্দু বিন্দু অসুর-রুধির।

৬

চির বিচরণ-ভূমি নহে ভবধাম,
খদ্যোৎ-প্রকাশ সম সুখের সঞ্চার,
সতত বিপদ সহ জীবনে সংগ্রাম,
ভবের কেবল সঙ্গী দুঃখের আঁধার।

৭

আসে যদি এই শিক্ষা স্থানে একবার,
আপনি বুঝিবে নর আপনার ভ্রম;
করিবে সে বিধিমতে চিত্তের সংস্কার,
শিক্ষা-গুরু শ্মশানের এ বিচিত্র ক্রম।

৮

নির্দ্দয় দুর্জ্জন পাপী লোভী অত্যাচারী
মদান্ধ অন্যায় প্রিয় গর্ব্ব-অলঙ্কার
দানব-প্রকৃতি নর পরস্বাপহারী
কি করিবে উপদেশে ধর্ম্ম নাই যার।

৯

পৃথিবী কণ্টক বত পাপলিপ্ত মন
উপেক্ষিয়া রাজদণ্ড, অসুর সমান
পৈশাচ-প্রবৃত্তি নিজ করিতে সাধন
দলিছে জগৎ বলে ত্যজি ধর্ম্মজ্ঞান।

১০

তারাও শাসিত হয় আসিয়া এ স্থান,
প্রবৃত্তি সংযত করে সাকুচিত মনে,
আসিয়া অবশ্য গ্রাসী আপনার প্রাণ,
করে না বিরোধ তত নরমের সনে।

১১

চরম-শরণ এই শ্মশান-দর্পণে
ভূতজ্ঞ ভবিষ্য-মূঢ় যদি নর-গ্রাম
ক্ষণকাল করে দৃষ্টি অবহিত মনে
তবে জানে যথাবিধি নিজ-পরিণাম।

১২

একাশ্রয় সকলের কেবল ঈশ্বর,
তাঁর সুখ, যেই তাঁরে সেবে সমাদরে
সাধুগণ ভজি তাঁয় হইয়া তৎপর
বিশ্ব ভাণ্ড ভবকেও মধুচক্র করে।

১৩

বুদ্ধি দোষ গুণে সদা শুভাশুভ ঘটে,
তাই কেহ সুখী কারু ভাগ্য অনুরূপ
সামগ্রিয় বিধি কিন্তু সকলের ঘটে
একবিধ বুদ্ধি দিয়া করেন রচন॥

১৪

এক বায়ু দিক্ ভেদে বহিয়া যেমন
করে মানবের সুখ দুঃখের বিধান,
বিভিন্ন বিষয়াশ্রয়ে বুদ্ধিও তেমন
মনুষ্যে সতত করে পাপ পুণ্য দান।

১৫

শ্মশান! চরম বন্ধু শান্তির আবাস,
অবোধ তোমায় দেখি ভীতি-মৃত হয়,
হয় নাই চিত্তে তত্ত্ব জ্ঞানোদয় যার
সে কি পারে সহিবারে কালের নিশ্বাস

১৬

যদিও সুদূরে থাকে মরণ সময়,
শব স্থানে আসি তবু হয় উপকার,
জাতমাত্র লঘু মনে পাপের সঞ্চয়
নিবারে শ্মশান যেন করি তিরস্কার।

১৭

ক্ষণিক সুখের তরে ভুলিয়া আমার
সংসার কুহকে কেন মজিছ দুর্ম্মতি,
থাকিবে না বহুদিন পাপের ধরায়
অনর্থক জীবনের কর অবনতি।

শ্রীহরিদাস সিংহ।
বীরভূম গবর্ণমেণ্ট স্কুল।

এডুকেশন গেজেট।

১৪ই আশ্বিন ১৩০০। ইং ২৯শে সেপ্টেম্বর ১৮৯৩।

বাঙ্গালার রেজিষ্ট্রেশন বিভাগ।

বাঙ্গালার রেজিষ্ট্রেশন বিভাগের কার্য্যবিবরণী বিষয়ক ত্রৈবার্ষিক রিপোর্টের উপর বাঙ্গাল গবর্ণমেণ্ট নিম্নলিখিতরূপ মন্তব্য প্রকাশ করিয়াছেন—

১৮৯০—৯১ সাল হইতে আরম্ভ করিয়া পরবর্ত্তী তিন বৎসর কালের মধ্যে রেজিষ্ট্রেশন বিভাগের অনেক বিষয়ে উন্নতি সাধিত হইয়াছে। ১৮৮৭—৮৮ সালে বাঙ্গাল গবর্ণমেণ্টের অধীনে সর্ব্বশুদ্ধ ৩০১টি রেজিষ্ট্রেশন আফিস ছিল। প্রতি বৎসর উহার সংখ্যা কিছু কিছু বৃদ্ধি পাইয়া ১৮৯২—৯৩ সালে ৩৪৬টি হইয়াছিল। রেজিষ্ট্রেশন আফিসের সংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে উহার কার্য্য এবং তদানুষঙ্গিক আয়, ব্যয়, উদ্বৃত্তের পরিমাণও বৃদ্ধি পাইয়াছে। ১৮৮৭—৮৮ হইতে আরম্ভ করিয়া পরবর্ত্তী তিন বৎসরে সর্ব্বশুদ্ধ ২৩ লক্ষ ৯৫ হাজার ৬৩টি রেজিষ্টরী হইয়াছিল। ইহাতে মোট আয় ৩৩ লক্ষ ১৪ হাজার ২৫৫ টাকা, মোট ব্যয় ১৮ লক্ষ ৫ হাজার ৮৭৬ টাকা এবং উদ্বৃত্ত ১৫ লক্ষ ৮ হাজার ৩৭৯ টাকা হইয়াছিল। ১৮৯০—৯১ হইতে আরম্ভ করিয়া পরবর্ত্তী তিন বৎসরে কিন্তু ২৯ লক্ষ ৮৮ হাজার ১০০টি রেজেষ্টরী হইয়াছে। আয় ৪০ লক্ষ ৯ হাজার ৭৫৮ টাকা, ব্যয় ২০ লক্ষ ৪০ হাজার ৩৩৪ টাকা এবং উদ্বৃত্ত ১৯ লক্ষ ৬৯ হাজার ৪২৪ টাকা হইয়াছে অর্থাৎ পূর্ব্ববর্ত্তী তিন বৎসর অপেক্ষা পরবর্ত্তী তিন বৎসরে ৫ লক্ষ ৯৩ হাজার ৬৩৭টি রেজেষ্টরী বাড়িয়াছে। আয় বাড়িয়াছে ৬ লক্ষ ৯৫ হাজার ৫০৩ টাকা; ব্যয় ২ লক্ষ ৩৪ হাজার ৪৫৮ টাকা, সুতরাং উদ্বৃত্তও ৪ লক্ষ ৬১ হাজার ৪৭ টাকা অধিক হইয়াছে।

বিগত তিন বৎসরে রেজেষ্টরীর সংখ্যা ক্রমশঃই বৃদ্ধি পাইয়াছে। অনেকানেক জেলার রেজিষ্ট্রারগণ অনাবৃষ্ট্যাদি হেতু অজন্মাকেই উহার কারণ বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। এরূপ কারণ প্রদর্শন নূতন নহে। রেজিষ্টরীর সংখ্যায় সামান্য মাত্র ইতরবিশেষ ঘটিলেই রেজিষ্ট্রারগণ উক্ত কারণ দেখাইয়া থাকেন। ছোট লাট বাহাদুরের বিশ্বাস, রেজিষ্ট্রেশন বিভাগের কার্য্যের এরূপ ক্রমোন্নতির পক্ষে উক্তরূপ কারণ যথেষ্ট নহে। রেজিষ্ট্রেশন বিভাগের ইনস্পেক্টর জেনারেল হোম্ উড সাহেব বলিয়াছেন 'প্রকৃত অন্নকষ্ট ঘটিলে সামান্য সামান্য দলিল রেজেষ্টরীই বাড়িয়া থাকে, নতুবা রেজিষ্ট্রেশনের সংখ্যা অথবা আয়ের সমষ্টির বৃদ্ধি হয় না।' ছোটলাট বাহাদুরের ধারণা, ওরূপ আয় ব্যয় সংখ্যাদির বৃদ্ধির প্রকৃত কারণ রেজিষ্ট্রেশন বিভাগের উপর সাধারণের বিশ্বাস বৃদ্ধি ব্যতীত আর কিছুই নহে। বিগত তিন বৎসরে রেজিষ্ট্রেশন বিভাগের আয় ব্যয় ব্যাপারে ছোট লাট বাহাদুর সন্তোষপ্রকাশ করিয়াছেন। ঐ কালমধ্যে যত টাকা উদ্বৃত্ত হইয়াছে, পূর্ব্ববর্ত্তী আর কোন বৎসরে তত টাকা উদ্বৃত্ত হয় নাই। প্রজাস্বত্ব আইনের ১২ ও ১৮ ধারা অনুযায়ী রেজেষ্ট্রেশনের সংখ্যা ১৮৮৯—৯০ সালের পর হইতেই কমিতে আরম্ভ হইয়াছে। এই দুই ধারা অনুসারে জমিদারের ফি নির্দ্দেশ প্রণালী জমিদার ও প্রজা—উভয়েরই অপ্রিয় হইয়া উঠিয়াছে। জমিদারেরা মনে করেন, উক্ত ফি গ্রহণ করিলে প্রজার দাবীকৃত স্বত্বের স্বীকার করা হইবে। প্রজার অপ্রিয় এই জন্য, প্রজা এই ফি দিলেও তাহাকে স্বতন্ত্র সেলামী দিয়া জমিদারের সেরেস্তায় নাম লেখাইতে হয়। প্রজাস্বত্ব নির্ণায়ক আইন, রেজেষ্টরীর সংখ্যাবৃদ্ধির যে একটি গৌণ কারণ, ইনস্পেক্টর জেনারেল এবং অধিকাংশ জেলার কর্ম্মচারিগণ এরূপ রিপোর্ট দিয়াছেন। ছোট লাট বাহাদুরেরও তাহাই বিশ্বাস।

পাট্টা অপেক্ষা কবুলতি রেজিষ্টরীর সংখ্যাই অধিক হইয়াছে। এতৎ সম্বন্ধে কারণও নানারূপ দেখান হইয়াছে। অনেক জেলার জমিদারেরা প্রজাগণকে সমর্থ পক্ষে পাট্টা দিতে চাহেন না। ইহার কারণ (১) পাট্টা রেজেষ্টরী করায় খরচ আছে; (২) পাট্টা দিলে তাঁহাদের স্বার্থের পক্ষে কিছু ব্যাঘাত ঘটিবে এই বুঝিয়া তাঁহারা পাট্টা দেন না; এবং পাট্টা পাইবার জন্য জেদ করে এরূপ ক্ষমতাও সকল প্রজার নাই।

বিগত ৩ বৎসর কালের মধ্যে রেজিষ্ট্রেশন বিভাগের নিম্ন লিখিত

কয়েকটী মাত্র পরিবর্ত্তন সংঘটিত হইয়াছে—(১) ২৯টি নূতন আফিস খোলা হইয়াছে এবং অতিরিক্ত কয়েক জন বিশেষ সবরেজিষ্ট্রার নিযুক্ত করা হইয়াছে। এই ব্যবস্থায় গ্রামসমূহ ও সদরের রেজেষ্টরী কার্য্য প্রণালীর যথেষ্ট উন্নতি হইয়াছে; (২) দেশে হিন্দু ও মুসলমানের সংখ্যার ন্যূনাধিক্য অনুসারে হিন্দু ও মুসলমান সবরেজিষ্ট্রার নিয়োগ যথাসম্ভব নূতন করিয়া করা হইয়াছে এবং বিভাগীয় নিয়ম ও সর্কুলারসমূহ সংশোধিত হইয়া একত্র সম্বদ্ধ হইয়াছে; (৩) সদরের কোন কোন আফিসে অতিরিক্ত স্থানের ব্যবস্থা করা হইয়াছে। কলিকাতার জন্য এক জন অতিরিক্ত সবরেজিষ্ট্রার এবং আরও কয়েক জন কর্ম্মচারীর নিয়োগ মঞ্জুর হইয়াছে; (৪) ১৮৭৭ সালের ৩ আইনানুযায়ী ফি'র তালিকায় কিছু কিছু পরিবর্ত্তন করা সম্বন্ধে ভারতগবর্ণমেণ্টের অনুমতি পাওয়া গিয়াছে; (৪) ৫০ টাকার কম-মূল্যের দলিল রেজিষ্টরীর খরচা বৎসরের শেষভাগে কমাইয়া ৮ আনা করা হইয়াছে। এই ব্যবস্থায় রেজিষ্ট্রেশনের বিশেষতঃ সামান্য সামান্য দলিলাদি রেজিষ্টরীর সংখ্যা বাড়িবে বলিয়াই বোধ হয়; বাড়িলে কিন্তু পরিশেষে রেজিষ্ট্রেশন বিভাগের আর্থিক লাভ দাঁড়াইবে; (৫) সনাক্ত করা সম্বন্ধে স্যরউইলিয়ম হার্শেলের প্রস্তাব বিগত মে মাসে মঞ্জুর হইয়াছে। আপাততঃ কলিকাতা, ২৪ পরগণা ও হুগলী এই তিন জেলায় উহার ফলোপধায়কতা পরীক্ষা করিয়া দেখা হইবে এবং বৎসরের শেষভাগে ইনস্পেক্টর জেনারেল ঐ সম্বন্ধে একটি রিপোর্ট প্রদান করিবেন।

আত্মহত্যা।

অক্‌স্‌ফোর্ড মিসনের জনৈক পাদরী রেভঃ সি এইচ ওয়াকার সাহেব কিছু দিন হইল আত্মহত্যা বিষয়ে একটি বক্তৃতা করিয়াছিলেন। সহযোগী 'ইণ্ডিয়ান নেশন' উহার কিয়দংশ পত্রিকাস্থ করিয়াছেন। বক্তৃতার এক-স্থলে ওয়াকার সাহেব বলিয়াছেন যে, খৃষ্টান গবর্ণমেণ্ট কর্ত্তৃক পরিচালিত দেশসমূহেই আত্মহত্যা আইনসঙ্গত অপরাধ বলিয়া গণ্য। আত্মহত্যার উদ্যোগকারিগণ কারাবাস অথবা অর্থ-দণ্ডে দণ্ডিত হইয়া থাকে। আত্মহত্যা যে অতি ঘৃণাকর ও ভয়াবহ—খৃষ্টীয় ধর্ম্ম জনগণকে এইরূপ শিক্ষা দেয়। তিনি বলেন আত্মহত্যার উদ্যোগকারীর প্রতি উল্লিখিতরূপ দণ্ডের ব্যবস্থা এই খৃষ্টীয় শিক্ষারই ফল। যে ব্যক্তি আত্মহত্যা করে, খৃষ্টান ধর্ম্মমতে তাহার অন্ত্যেষ্টিকার্য্য নিষিদ্ধ। রাত্রি দুই প্রহরের সময় চৌরাস্তার উপর তাহাকে মৃত্তিকা প্রোথিত করিয়া অবজ্ঞা ও ঘৃণার চিহ্নস্বরূপ তাহার গোরস্থানের উপর একটি লাঠি পুতিয়া রাখিতে হয়।

সাহেব বলেন যে, এই আত্মহত্যা বিষয়ে কিন্তু প্রাচীন হিন্দুদিগের অভিপ্রায়ের নিরাকরণ করিয়া উঠা দুঃসাধ্য। হিন্দুধর্ম্মশাস্ত্রকার মনু অথবা বিষ্ণু স্ব স্ব প্রণীত ধর্ম্মশাস্ত্রগ্রন্থে যে সকল পাপ এবং তাহাদিগের প্রায়শ্চিত্তের ব্যবস্থার উল্লেখ করিয়াছেন, তন্মধ্যে আত্মহত্যাজনিত কোনরূপ পাপের প্রায়শ্চিত্তের ব্যবস্থা বিষয়ে কোন কথা বলেন নাই। আত্মহত্যাকারীর জন্মান্তরীণ নিগ্রহ সম্বন্ধেও কোন কথার উল্লেখ নাই, বরং ব্রাহ্মণ-বধূহরণকারীর পক্ষে আত্মহত্যাকেই প্রায়শ্চিত্তের ব্যবস্থাস্বরূপে নির্দ্দেশ করিয়াছেন।

সাহেবেরা হিন্দুশাস্ত্র সম্বন্ধে যে উল্লিখিতরূপ প্রলাপোক্তি করিবেন ইহা আশ্চর্য্যের বিষয় নহে। এরূপ প্রলাপোক্তি তাঁহারা মধ্যে মধ্যে প্রায়ই করিয়া থাকেন, সেজন্য আমাদের দুঃখ করিবার কারণ কিছুই নাই; তবে এইরূপ উক্তিকে প্রামাণ্যজ্ঞানে আমাদের উপযুক্ত দেশীয়গণ মধ্যে যে কেহ কেহ একেবারে মোহিত হইয়া আহ্লাদে আটখানা হইয়া পড়েন ইহা প্রকৃতই দুঃখের বিষয় বলিয়া আমরা মনে করি।

ওয়াকার সাহেবের বক্তৃতাটি পাঠ করিয়া আমাদের সুযোগ্য সহযোগী 'ইণ্ডিয়ান নেশন' বড়ই আনন্দিত হইয়াছেন। তাঁহার ইচ্ছা বক্তৃতাটি কেহ মুদ্রিত করিয়া বিনামূল্যে অথবা মূল্যস্বরূপ নামমাত্র কিছু লইয়া সাধারণ জনগণের মধ্যে উহা প্রচারিত করেন। আজকাল আত্মহত্যার কথা যেরূপ শুনিতে পাওয়া যায় তাহাতে আত্মহত্যা এদেশে যেন কিছু বাড়িতেছে বলিয়াই বোধ হইতেছে। বস্তুতঃ আত্মঘাতীর সংখ্যা বৃদ্ধি না পায় এ ইচ্ছা সকলেরই। নেশনেরও সেই ইচ্ছা। আর, ওয়াকার সাহেবের উক্ত বক্তৃতা সাধারণের মধ্যে প্রচারিত হইলে

আত্মহত্যার সংখ্যা কমিয়া যাওয়ার পক্ষে কথঞ্চিৎ সুবিধা হইবে বুঝিয়াই 'নেশন' উহাতে এত আনন্দ-প্রকাশ করিয়াছেন। নেশনের উদ্দেশ্য অবশ্য সাধু। তাঁহাকে এ সম্বন্ধে বিশেষ করিয়া কোন কিছু বলা আমাদের এই প্রবন্ধের উদ্দেশ্য নহে। যাঁহারা সাহেবের বক্তৃতায় নাচিয়া উঠিয়াছেন, সাহেবের বক্তৃতা পড়িয়া যাঁহারা বুঝিয়াছেন যে হিন্দু-শাস্ত্রে আত্মহত্যার পাপ-প্রায়শ্চিত্তের উল্লেখ নাই, এতৎসম্বন্ধে তাঁহাদের কতকটা ভ্রম বুঝাইয়া দেওয়ার জন্যই এই প্রবন্ধের অবতারণা। বস্তুতঃ, হিন্দু ধর্ম্মশাস্ত্রকারগণ আত্মহত্যাকে মহাপাপ বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। ওয়াকার সাহেব বলিয়াছেন, "মনু অথবা বিষ্ণুর ধর্ম্মগ্রন্থে আত্মহত্যাকে পাপ তালিকার অন্তর্নিবিষ্ট করা হয় নাই। কথা সত্য নহে। মনুই বলিয়াছেন—

বৃথাসঙ্করজাতানাং প্রব্রজ্যাসু চ তিষ্ঠতাম্
আত্মনস্ত্যাগিনাঞ্চৈব নির্হরেতোদকক্রিয়া।

উল্লিখিত শ্লোক এবং কুল্লুকভট্টও মেধাতিথি কৃত উহার ব্যাখ্যা পর্য্যালোচনা করিলে বুঝা যায় যে, আত্মত্যাগী অর্থাৎ বিষ, অগ্নি, উদক, উদ্বন্ধন প্রভৃতি দ্বারা যে ব্যক্তি আত্মহত্যা করে তাহার উদকাদি ক্রিয়ার লোপ হয় অর্থাৎ তাহার সপিণ্ডবর্গ তাহার পাপক্ষালনার্থ কৃচ্ছ্রসাধ্য চান্দ্রায়ণাদি ব্রতরূপ প্রায়শ্চিত্ত না করিলে উদকদানাদি কার্য্য করিতে পারে না। যেরূপ কার্য্য করিলে অন্ত্যেষ্টিক্রিয়াহত নষ্ট হয়, পিণ্ডোদকাদি হইতে বঞ্চিত হইতে হয়, সুতরাং শরীরান্তরে নিগ্রহ সহ্য করিতে হয়, তদপেক্ষা মহাপাপের কার্য্য হিন্দুর আর কি হইতে পারে?

বিষ্ণু বলিয়াছেন—

আত্মত্যাগিনঃ পতিতাশ্চ নাশৌচোদকভাজনঃ।
উদ্বন্ধনমৃতস্য যঃ পাশং ছিন্দ্যাৎ স তপ্তকৃচ্ছ্রেণ
শুধ্যতি।
আত্মঘাতিনাং সংস্কর্ত্তা চ তদশ্রুপাতকারী চ।

আত্মঘাতীর জন্য অশ্রুপাত করিলেও পাপগ্রস্ত হইতে হয়। তপ্তকৃচ্ছ্র না করিলে সে পাপ হইতে বিনির্মুক্ত হইতে পারা যায় না।

পাষণ্ডানাশ্রিতাঃ স্তেনা ভর্ত্তুয়াঃ কামগাদিকাঃ
সুরাপ্যা আত্মত্যাগিনো নাশৌচোদকভাজনাঃ
যাজ্ঞবল্ক্য সংহিতা।

আত্মত্যাগিনঃ অর্থাৎ বিষাগ্ন্যুদকোদ্বন্ধনাদৌরাত্মানং ব্যাপাদয়ন্তি। অত্রচ সুরাপ্য ইত্যাদিষু সিদ্ধমবিবক্ষিতং।

মিতাক্ষরাকৃত যাজ্ঞ্য।

অবৈধাত্মঘাতেতু চান্দ্রায়ণদ্বয়সহিত বর্ষত্রিয় প্রায়শ্চিত্তম্ নারায়ন বলিঞ্চ কৃত্বা ক্রিয়া কর্ত্তুং শক্যতে।

হেমাদ্রৌ ষট্ ত্রিংশন্মতে।

মহাপাতক রোগগ্রস্ত ব্যক্তি, দুশ্চিকিৎস্য রোগগ্রস্ত ব্যক্তি প্রভৃতি অগ্নিপ্রবেশ, অনশনাদি দ্বারা আত্মঘাতী হইতে পারিত। তাহাতে পাপ হইত না। ইহাই বৈধ আত্মহত্যা। উল্লিখিতরূপ বৈধ আত্মহত্যা কিন্তু কলিযুগে নিষিদ্ধ; সুতরাং বর্ত্তমান কলিযুগে যে কোন অবস্থায় যে কোনরূপ আত্মহত্যাই অবৈধ আত্মহত্যা। এই আত্মহত্যার প্রায়শ্চিত্ত—দুইটি চান্দ্রায়ণ এবং যে জাতীয় লোক আত্মহত্যা করিবে সেই জাতীয় লোককে হত্যা করিলে তাহার যে প্রায়শ্চিত্ত সেই প্রায়শ্চিত্ত করিবে। এতদ্ভিন্ন নারায়ণ বলি (প্রায়শ্চিত্তাত্মক বিশেষ বিষ্ণুপূজনবিধি) সম্পন্ন করিয়া তবে আত্মঘাতী ব্যক্তির উদকাদি দানে তাহার সপিণ্ডবর্গ অধিকারী হইবে। মদন পারিজাত, বৌধায়ন এবং নির্ণয়সিন্ধুমতেও উক্তরূপ প্রায়শ্চিত্তের বিধি আছে। ব্যাস এবং বৃদ্ধযাজ্ঞবল্ক্যও আত্মঘাতীর প্রায়শ্চিত্তের কথা বলিয়াছেন। বশিষ্ঠ সংহিতাতেও ইহার প্রতিপোষক বচন আছে।

ব্যাপাদয়েদথাত্মানং স্বয়ং যোঽগ্ন্যুদকাদিভিঃ
বিহিতং তস্য নাশৌচং নাগ্নির্নাপ্যুদকাদিকং
কূর্ম্মপুরাণ।

ব্রহ্মপুরাণাদিও এই কথার পোষকতা করিয়াছেন।

পরাশরও বলিয়াছেন—

অভিমানাদতিক্রোধাৎ স্নেহাদ্বা যদি বাজ্ঞয়া
উদ্বন্ধীনাৎ স্ত্রী পুমান্ বা গতিরেষা বিধীয়তে
পূয়শোণিত সম্পূর্ণে অন্ধে তমসে মজ্জতি
ষষ্টীর্বর্ষ সহস্রাণি নরকং প্রতিপদ্যতে
নাশৌচং নোদকং নাগ্নিনাশ্রুপাতঞ্চ কারয়েৎ
বোঢ়ারোঽগ্নিপ্রদাতারঃ পাশচ্ছেদকরাস্তথা
তপ্তকৃচ্ছ্রেণ শুদ্ধ্যন্তীত্যেবমাহ প্রজাপতিঃ।

বেদেও আছে—

আসুর্য্যানাম যে লোকা অন্ধেন তমসাবৃতাঃ
তাংস্তে প্রেত্যাভিগচ্ছন্তি যে কে চাত্মহনোজনাঃ
(শুক্লযজুঃ ৪০ অধ্যায় ৩য় মন্ত্র)

প্রকরণ বিভেদে ইহার তাৎপর্য্য ভিন্নরূপ ব্যাখ্যাত হইলেও ইহার আক্ষরিক অর্থ আত্মহত্যারই বিরোধিতাবোধক।

আত্মহত্যা কিরূপ মহাপাপ, কিরূপ প্রায়শ্চিত্তাদি দ্বারা আত্মঘাতীর সপিণ্ডবর্গ তাহার উদকাদি দানে অধিকারী হইবে, আত্মঘাতীর উদ্দেশ্যে অশ্রুপাতকারী প্রভৃতিকেও কিরূপ নিগ্রহ সহ্য করিতে হইবে, উপরে কেবল তাহারই কথা বলা হইয়াছে।

ফলতঃ কেহ আত্মহত্যার উদ্যোগও যদি করে ধর্ম্ম শাস্ত্রে তাহারও পাপ এবং সেই পাপের প্রায়শ্চিত্তের বিধি আছে। আমরা এতৎসম্বন্ধে কেবল যমসংহিতার বচনটি নিম্নে উদ্ধৃত করিয়া দিলাম—

জলাগ্নিরজ্জুবন্ধনভ্রষ্টাঃ প্রস্রবণানশনচ্যুতাঃ
বিষপ্রপতন-প্রায়শস্ত্রাঘাতচ্যুতাশ্চ যে
সর্ব্বে তে প্রেতাবসিতাঃ সর্ব্বলোক বহিষ্কৃতাঃ
চান্দ্রায়ণেন শুদ্ধ্যন্তি তপ্তকৃচ্ছ্রত্রয়েন বা॥

উপসংহারে আমাদের আর একটী কথা বলিবার আছে। ওয়াকার সাহেব বক্তৃতাস্থলে বলিয়াছেন "শাস্ত্রে বিধি থাকুক আর নাই থাকুক, বৈধব্য যন্ত্রণা এড়াইবার জন্যই স্ত্রী কর্ত্তৃক স্বামীর সহমৃতা হইবার ব্যবহার হিন্দু দিগের মধ্যে প্রচলিত ছিল।" কথা ঠিক নহে। সাহেব এ বিষয়ে অনভিজ্ঞ বলিয়াই এরূপ কথা বলিয়াছেন। বিধি প্রতিপালনই হিন্দুর ধর্ম্ম। সেই বিধি প্রতিপালনের ফল যদি সুখ হয় তো সে স্বতন্ত্র কথা, নতুবা হিন্দুর ধর্ম্মাচরণ কুত্রাপি নিজের সুখের উদ্দেশ্যে নহে। স্বামীর মৃত্যুতে স্ত্রীর সহানুগমন সেই বিধি প্রতিপালনরূপ অনুষ্ঠান বই আর কিছুই নয়। ইহার ফল মাতৃকুল, পিতৃকুল ও শ্বশুর কুল—এই তিনকুলের ঊর্দ্ধগতি সাধন। এতৎ সম্বন্ধে শাস্ত্রোক্তি ও এইরূপ আছে—

ব্যালগ্রাহী যথা ব্যালং বলাদুদ্ধরতে বিলাৎ
তদ্বদ্ধর্ত্তারমাদায় তেনৈব সহ মোদতে।
মাতৃকং পৈতৃকঞ্চাপি সপ্ত কন্যা পুনীয়তে
পুনাতি ত্রিকুলং নারী ভর্ত্তারং যাতুগচ্ছতি।
তস্মাৎ পত্নি তয়ো না মিয়য়ে বাপি যোনয়ঃ
তং বৈ পুনাতি সা নারী ইত্যাঙ্গিরসভাষিতং।
সাধ্বীনামেব নারীণাঞ্চাগ্নি-পতনমাদৃতে
নান্যোধর্ম্মোহস্তি বিজ্ঞেয়ো মৃতেভর্ত্তরি কর্হিচিৎ

সাহেব আরও বলিয়াছেন, হিন্দু-স্ত্রীর একথা বলা অসম্ভব নয় যে, যখন স্বামীর সহিত পুনর্মিলিত হইবার জন্য তাঁহার মৃত্যুতে আত্মঘাতী হইতে পারি, তখন স্বামী হইতে সুখ না পাইলে আত্মহত্যা দ্বারা তাঁহা হইতে বিযুক্ত হইবারও উপায় না করিতে পারিব কেন। ওয়াকার সাহেব একথা বলিতে পারেন, কিন্তু গলৎ-কুষ্ঠী স্বামীকে তাঁহার ইচ্ছানুযায়ী বেশ্যাগৃহে স্কন্ধে করিয়া যে জাতির স্ত্রী লইয়া যাইতে পারে সেই জাতির স্ত্রী স্বামী হইতে সুখ না পাইলে আত্মহত্যা দ্বারা তাঁহা হইতে বিযুক্ত হইবার ইচ্ছা করিবে—কথাটা যেন কেমন কেমন বলিয়া বোধ হয়।

ঢাকা, চট্টগ্রাম ও পাটনা বিভাগের বন্যা।

ঢাকা, চট্টগ্রাম ও পাটনা বিভাগের স্থানে স্থানে যে বন্যা আসিয়াছে তৎসম্বন্ধে বাঙ্গাল গবর্ণমেণ্ট সম্প্রতি একটি মন্তব্য প্রকাশ করিয়াছেন। মন্তব্যের সারাংশ নিম্নে বিবৃত করা যাইতেছে—

আগষ্টের প্রথমেই প্রতিনিধি ছোট লাট বাহাদুরের নিকট সংবাদ আসিল, ঢাকা, পাটনা ও চট্টগ্রামের স্থানে স্থানে ভয়ানক বন্যা আসিয়াছে। ইহাতে শস্যের পক্ষে কতকটা অনিষ্ট হইবে এবং সম্ভবতঃ বন্যাপ্লাবিত স্থানসমূহের অধিবাসিগণকে কিয়ৎ-পরিমাণে ক্লেশভোগ করিতে হইবে। সংবাদ পাওয়ার পর স্থানীয় কর্ম্ম-চারিগণকে এ বিষয় জানান হয় এবং কাল বিলম্ব না করিয়া যাহাতে কমিসনর এবং কলেক্টরগণ বিষয়টির রীতিমত অনুসন্ধান করেন তজ্জন্য তাঁহা-দিগকে উপদেশ দেওয়া হয়।

অনুসন্ধানে জানা যায় এই যে, উপস্থিত ক্ষেত্রে দুর্ভিক্ষের আশঙ্কা কোথাও নাই। সামান্য পরিমাণ কোন কোন স্থানে লোকের কষ্ট কিছু বেশী হইলেও সমধিক পরিমাণ স্থানের অধিবাসিগণকে যে বিপত্তি সহ্য ক-রিতে হইবে এরূপ চিন্তারও কোন কারণ হয় নাই।

পাটনার কমিসনর স্বীয় বিভাগ পরিদর্শন করিয়া বলিয়াছেন, 'বন্যা-প্লাবিত স্থানসমূহে বিশেষ বিপত্তির আশঙ্কা কিছুই নাই। যে সকল স্থানের ফসল নষ্ট হইয়া গিয়াছিল, সেই সকল স্থানে পুনরায় ফসল রোয়া হইয়াছে। লোকের স্বাস্থ্যমন্দ নহে। গরু বাছুরের অবস্থা ভাল। আপাততঃ দুর্ভিক্ষপূর্ত্তের কোনরূপ আয়োজনের আবশ্যক নাই। চম্পারণে বন্যায় গরু-বাছুর নষ্ট হয় নাই। উত্তর বেহারের অন্যান্য জেলায় গরু বাছুর যাহা নষ্ট হইয়াছে তাহা ধর্ত্তব্যের মধ্যে নহে। বন্যার সময় উহাদিগকে উচ্চভূমিতে আনিয়া রাখা হইয়াছিল।

চট্টগ্রামের কমিসনর রিপোর্ট দিয়া-ছেন, তাঁহার বিভাগে কোনরূপ বিপত্তি ঘটে নাই। ধান রোয়া হই-তেছে বলিয়া ক্ষেত্রে অনেক মজুর কাজ করিতেছে। জনমজুর ।/ আনা রোজের কম পাওয়া যায় না। গবর্ণ-মেণ্টের সাহায্যের আবশ্যক হয় এরূপ বিপত্তি নোয়াখালি অথবা ত্রিপুরায় এখনও ঘটে নাই।

ঢাকা বিভাগে বাখরগঞ্জ ও ফরিদ-

পুর জেলায় একটি বিল ভূমি আছে। উহার অধিবাসীর সংখ্যা ৪০ হাজার। ঐ স্থানটিতে অন্নকষ্ট এবং সম্ভবতঃ বিপত্তিও ঘটিতে পারে।

বীজ বপনের অব্যবহিত পূর্ব্বে বা পরে হঠাৎ জল বাড়িলে সেবারে ফসল নষ্ট হয়। এবারে তাহাই হইয়াছে; নতুবা ঐ স্থানে আশু ও আমন ধান অনেক জন্মিয়া থাকে। আমন ধানের গাছ গুলা ১০ হইতে ১৪ হাত পর্য্যন্ত বাড়িয়া থাকে। যাহা হউক ঐ অঞ্চলের লোকদিগের সকলকে ধান চাউলের উপর নির্ভর করিতে হয় না। মাছ ঐ স্থানে পর্য্যাপ্ত পরিমাণে পাওয়া যায় এবং অধিবাসিগণ মধ্যেও কিয়দংশ জেলে। অবশিষ্ট অধিবাসিগণ মধ্যে অধিকাংশই খৃষ্টান, মুসলমান প্রভৃতি। ইহারা স্বস্থান ছাড়িয়া অন্যত্র মজুরী করিবার জন্য বাহির হইয়া থাকে। প্রথমতঃ আশু ধান্য এ অঞ্চলে ভাল হয় নাই; দ্বিতীয়তঃ, ডিসেম্বরের পূর্ব্বে এতদঞ্চলে মাটির কাজ আরম্ভ হয় না, কাজেই অধিবাসিগণকে সাহায্য যদি না করা যায় তবে বিশেষ বিপন্ন না হইতে হইলেও তাহাদিগকে অনেকটা কষ্ট পাইতে হইবে।

এই অঞ্চলের লোকদিগের অভিযোগ অনুযায়ী দুর্ভিক্ষপূর্ত্ত খোলা হইয়াছিল, কিন্তু দুর্ভিক্ষ পূর্ত্তের নির্দ্দিষ্ট মজুরীতে কেহই পূর্ত্তে কাজ করিতে আসিল না। অভিযোগও কিন্তু আর শুনা গেল না। সম্প্রতি আবার অভিযোগ হইয়াছে। ছোট লাট বাহাদুরও পুনরায় দুর্ভিক্ষ পূর্ত্ত খুলিবার আদেশ দিয়াছেন। কোথাও কোনরূপ বিপত্তি আরম্ভ হয় না হয় সে বিষয়ে জেলার কর্ম্মচারিগণ বিশেষ লক্ষ্য রাখিয়াছেন। কৃষি কার্য্যের জন্য চাষীদিগকে তাঁহারা টাকা ধার দিবেন; তদ্ব্যতীত আর যখন যে উপায় অবলম্বন করা আবশ্যক বলিয়া বুঝিবেন তাহা করিবেন। কৃষি-কার্য্যের জন্য গৃহীত অর্থে প্রজা জমিদারের খাজনা না দিয়া ফেলে, জেলার কর্ম্মচারীকে সে বিষয়ে লক্ষ্য রাখিতে হইবে।

গবর্ণমেণ্ট বলিতেছেন, "সাধারণকে উদ্বিগ্ন হইতে হইবে এরূপ কিছু আপাততঃ হয় নাই। তবে স্থানে স্থানে লোকের একটু আধটু কষ্ট হেতু সাহায্যেরও আবশ্যক হইয়া থাকিতে পারে। সে পক্ষে জমিদারেরা সাহায্য করিবেন ইহাই সঙ্গত। তাহা যদি না হয় তবে জেলাবোর্ড ও স্থানীয় কর্ম্মচারিগণ প্রয়োজনমত প্রতিকারের ব্যবস্থা করিবেন।

কুইন্সল্যাণ্ডের গবর্ণর স্যর হেনরী নরম্যানকে লর্ড ল্যান্সডাউনের পরবর্ত্তী ভারতের গবর্ণর জেনারেল নিযুক্ত করা হইয়াছিল। এই নিয়োগ সম্বন্ধে অনেকানেক এংলোইণ্ডিয়ান পত্রিকা সন্তোষ প্রকাশ করিয়াছিলেন। স্যর হেনরী নরম্যান সম্প্রতি উক্ত পদগ্রহণে অসম্মতি প্রকাশ করিয়াছেন।

প্রাপ্তি স্বীকার ও সমালোচনা।

আমরা কৃতজ্ঞতা সহকারে নিম্নলিখিত পুস্তক গুলির প্রাপ্তি স্বীকার করিতেছি—

'বেদ ও দেব' অর্থাৎ বেদোৎপত্তি ও দেবতা বিষয়ক বিচার—শ্রীরাধিকাপ্রসাদ বন্দ্যোপাধ্যায় বিদ্যার্থী দ্বারা প্রণীত ও প্রকাশিত। মূল্য ।০ আনা। ৺দয়ানন্দ সরস্বতীকৃত 'ঋগ্বেদাদি ভাষা ভূমিকা' নামক পুস্তক যিনি পাঠ করিয়াছেন তাঁহার নিকট এই পুস্তকের কিছুই নূতন বলিয়া বোধ হইবে না; যেহেতু গ্রন্থকার গ্রন্থ মধ্যে উক্ত পুস্তকেরই কোন কোন অংশের পুনরাবৃত্তি করিয়াছেন মাত্র। যজুর্ব্বেদের কোন কোন স্থল উদ্ধৃত করিয়া সেই সেই স্থলের ব্যাখ্যা মহীধর যেরূপ করিয়াছেন, গ্রন্থকার প্রথমে তাহার উল্লেখ পূর্ব্বক পরে ঐগুলির প্রকৃত অর্থ (৺দয়ানন্দ সরস্বতী যেরূপ বলিয়াছেন) উদ্ধৃত করিয়াছেন। বস্তুতঃ মহীধরোদ্ধৃত ঐ সকল স্থলের ব্যাখ্যা আক্ষরিক ব্যাখ্যা হইলেও উহা প্রকৃত ব্যাখ্যা নহে। মহীধর যাজ্ঞিক ছিলেন, তাই নিজে ঐরূপ ব্যাখ্যায় প্রীতিলাভ করিতে পারিয়াছিলেন। বস্তুতঃ তাঁহারকৃত ব্যাখ্যা প্রকৃত বলিয়া গ্রাহ্য করিলে নিরুক্তের সহিত বিরোধ ঘটে। 'অশ্বমেধের' সহিত ঘোড়া কাটার কোন সম্বন্ধ নাই বলিয়া গ্রন্থকার যাহা বলিয়াছেন তাহা ঠিক নহে। গ্রন্থকার এতৎ সম্বন্ধে ৺দয়ানন্দ সরস্বতীর উক্তিরই উদ্ধার করিয়াছেন; কিন্তু দয়ানন্দ কর্ত্তৃক উপাসনা প্রকরণ অবলম্বনেই অশ্বমেধের ভিন্নরূপ অর্থ করা হইয়াছে; সুতরাং অশ্বমেধের যে অর্থান্তর ঘটনা উহা উপাসনা প্রকরণানুযায়ীই বলিতে হইবে, নতুবা উহার সহিত ঘোড়া কাটার সম্বন্ধ যথেষ্টই আছে। সাধারণে পুস্তকখানি পড়িয়া কতকটা কৌতূহলাবিষ্ট হইলেও হইতে পারেন, কিন্তু যাঁহারা দয়ানন্দের মতের বিরোধী অথবা দয়ানন্দের কৃত উক্ত 'ঋগ্বেদ ভাষা ভূমিকা' পুস্তক পাঠ করিয়াছেন তাঁহাদিগের নিকট এই পুস্তকের উপাদেয়ত্ব বা গৌরব কিছুই নাই। অবোধ-ধ্বান্ত-মার্ত্তণ্ড' নামে এক খানি পুস্তক প্রকাশিত হইয়াছে। উক্ত পুস্তকে দয়ানন্দী মতের খণ্ডন আছে। গ্রন্থকার যদি উক্ত পুস্তকখানি না পড়িয়া থাকেন তবে আমরা তাঁহাকে উহা পড়িতে অনুরোধ করি।

মহাভারত—ভাদ্র ১৩০০।

জন্মভূমি—ভাদ্র ১৩০০।

বিদ্যোদয়—আশ্বিন ১৩০০।

ভাষা ভূষণ—(সাপ্তাহিক পত্র) বোম্বাই হইতে প্রকাশিত। নাগরী অক্ষরে হিন্দী ভাষায় প্রকাশিত এই সাপ্তাহিক পত্রিকা খানির দিন দিন উন্নতি দেখিয়া আমরা বিশেষ প্রীতিলাভ করিয়াছি।

ঘোষ ফ্রেণ্ড এণ্ড কোংর এক্সেন্সী—পত্রিকাখানি প্রকাশিত হয়। ঠিকানা ৬ নং ডিহ্রুজ লেন শিয়ালদহ, কলিকাতা। আমরা এই এজেন্সীর সেপ্টেম্বর মাসের প্রকাশিত একখণ্ড পুস্তিকা প্রাপ্ত হইয়াছি। মফস্বলবাসী সাধারণকে এই এজেন্সী দ্রব্যাদি ক্রয় করিয়া পাঠাইয়া থাকেন এবং পারিশ্রমিক স্বরূপ একটি নির্দ্দিষ্ট হারে কমিসন মাত্র লইয়া থাকেন বলিয়া পুস্তিকায় প্রকাশ আছে। মফস্বলবাসিগণ ইহাঁদের সহিত আদান প্রদান করিয়া সন্তোষলাভ করিয়াছেন শুনিলে আমরা সন্তুষ্ট হইব।

দাসী—সেপ্টেম্বর ১৮৯৩।

সাথী—ভাদ্র ১৩০০।

সখা—আগষ্ট ১৮৯৩।

তত্ত্ববোধ—(মাসিক পত্র) শ্রীগুরুনাথ কবিরত্ন কর্ত্তৃক সম্পাদিত ও প্রকাশিত। ২৬ নং বাবুরাম ঘোষের লেন, আহীরীটোলা কলিকাতা। বর্ত্তমান বর্ষের প্রথম মাস হইতে প্রকাশিত হইতেছে। আমরা প্রথমাবধি এ যাবৎ ইহার ৪ সংখ্যা পাইয়াছি। পত্রিকাখানির উদ্দেশ্য সাধু। হিন্দু শাস্ত্রকেই ভিত্তি স্বরূপ করিয়া সম্পাদক মহাশয় ইহার সম্পাদন কার্য্যে ব্রতী হইয়াছেন। উল্লিখিত ৪ সংখ্যায় লিখিত কয়েকটী প্রবন্ধ পাঠ করিয়া আমরা পরিতোষ লাভ করিয়াছি। এইরূপ পত্রিকার উন্নতি ও দীর্ঘজীবন কামনা আমরা সর্ব্বদাই করিয়া থাকি।

সজ্জনতোষিণী—আশ্বিন ১৩০০।

বামাবোধিনী পত্রিকা—ভাদ্র ১৩০০।

বিজ্ঞ বৃন্দাবন—(বিবিধ বিষয় বিভূষিত পাক্ষিক পত্র) জুলাই ১৮৯৩। বৃন্দাবন হইতে প্রকাশিত। পত্রিকা খানিতে কাব্য বিষয়, ধর্ম্ম বিষয় দীপাবলী প্রভৃতি সম্বন্ধে অনেক সারবান কথা আছে। আমরা পত্রিকা খানির দীর্ঘজীবন ও উন্নতি কামনা করি।

পূর্ণিমা—ভাদ্র ও আশ্বিন ১৩০০।

কৌশল—(হস্তে কথা বলিবার) প্রথম ভাগ। ঢাকা সর্ভেস্কুলের ছাত্র শ্রীঅভয়াচরণ বসু প্রণীত ও প্রকাশিত।

উদ্যক্ষত্রিয় প্রতিনিধি—শ্রাবণ, ২য় খণ্ড ৭ম সংখ্যা, এই সংখ্যায় অনেকগুলি সারবান্ প্রবন্ধ সন্নিবেশিত হইয়াছে। পত্রিকা খানির পরিচালন কার্য্যের উত্তরোত্তর উন্নতি হইতেছে বলিয়াই আমাদের বিশ্বাস।

বেদব্যাস—ভাদ্র, ১৮১৫ শকাব্দা।

সাধুরঞ্জিকা—ভাদ্র, ১৮১৫ শকাব্দা।

ভারতী আশ্বিন ১৩০০।

সুকথা—শ্রাবণ ১৩০০।

ধর্ম্মপ্রচারক—ভাদ্র, শকাব্দা ১৮১৫।

সাপ্তাহিক সংবাদ।

[কলিকাতা] তিন জন মুসলমান একটী দাঙ্গায় লিপ্ত হয়। ঐ দাঙ্গায় খুন হয়। রাখরগঞ্জের দায়রার জজ আসামী তিন জনের ফাঁসীর হুকুম দেন। হাইকোর্টে মোকদ্দমার আপীল হয়। দুই জন জজ টি বিলিয়ান ও রাম্পিনী সাহেব মোকদ্দমার বিচার করেন। বিচারে জজ দ্বয়ের মধ্যে মতভেদ হয়। জজ টি বিলিয়ান আসামীগণের দ্বীপান্তর দণ্ড এবং জজ রাম্পিনী উহাদিগের প্রাণদণ্ডের পক্ষপাতী হন। সুতরাং তৃতীয় এক জন জজ লইয়া মোকদ্দমার পুনর্বিচার আরম্ভ হয়। তৃতীয় জজ নরিস সাহেব রাম্পিনী সাহেবের মতেই মত প্রদান করেন; সুতরাং আসামীগণের প্রাণদণ্ডের আদেশই বাহাল হয়। মহারাজ বাহাদুর সার যতীন্দ্রমোহন ঠাকুর, সার নরেন্দ্রকৃষ্ণ, রাজা রাজেন্দ্রনারায়ণ দেব, নবাব মীর মোহাদ আলি, প্রিন্স বখতিয়ার সাহ, কুমার বিনয়কৃষ্ণ, অনারেবল—পালমোহন ঘোষ, সেরাজুল ইসলাম, সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, হিল সাহেব, আপকার ও গার্থ সাহেব এম ঘোষ, ব্যারিষ্টার জ্যাক্সন সাহেব, টি পালিত, আর মিত্র, এগার সাহেব, ডনো সাহেব, জন ষ্টিফেন সাহেব প্রভৃতি গণমান্য লোকে মিলিয়া যাহাতে আসামীদিগের ফাঁসী না হইয়া যাবজ্জীবন দ্বীপান্তর দণ্ড হয় তজ্জন্য ছোট লাট বাহাদুরের নিকট দয়া প্রার্থনা করিয়া একখানি আবেদন করিয়াছিলেন। ছোট লাট বাহাদুর বিষয়টির সবিশেষ পর্য্যালোচনা করিয়া এক জনের দ্বীপান্তর দণ্ড এবং অবশিষ্ট দুই জনের প্রাণদণ্ডের ব্যবস্থা করিয়াছেন।

পূর্ব্ব বঙ্গের অন্নকষ্ট ব্যাপার সম্বন্ধে অনুসন্ধান লইবার জন্য ভারতসমিতি হইতে নিম্নলিখিত রূপ প্রশ্নপত্র প্রচারিত হইয়া ইতস্ততঃ বিতরিত হইতেছে। ১ম প্রঃ—অন্যান্য বৎসরের তুলনায় এবৎসরে আপনার জেলায় চাউল কিরূপ দরে বিক্রীত হইতেছে; (২) জেলায় অন্নকষ্ট আছে কি না, যদি থাকে কোন্ কোন্ এবং কি পরিমাণ স্থানে? (৩) অন্নকষ্টে লোক মরিয়াছে—ইহার কোনরূপ বিশিষ্ট প্রমাণ আছে কি না? যদি থাকে বিশেষ বিবরণ সুস্পষ্ট লিখিয়া জানাইবেন; (৪) অন্নকষ্ট কেন্দ্র লোকের ব্যায়াম হইতেছে কি না; যদি হইতে থাকে তবে কি পরিমাণ স্থানে কিরূপ ব্যায়াম হইতেছে লিখিবেন; (৫) কর্ত্তৃপক্ষীয়গণ অন্নকষ্ট নিবারণের জন্য কোনরূপ কিছু করিতেছেন কি না? যদি কিছু করিতে থাকেন তবে উপস্থিত ক্ষেত্রে তাহাই যথেষ্ট কি না? যদি তাহা যথেষ্ট নয় বলিয়া আপনার বোধ হইয়া থাকে তবে আপনার বিবেচনায় কর্ত্তৃপক্ষীয়গণের কিরূপ উপায় অবলম্বন করা উচিত।

৺পূজার বন্ধের সময় নিম্নলিখিত কয়েকদিন বাঙ্গাল ব্যাঙ্ক খোলা থাকিবে—১৬ই অক্টোবর সোমবার, ২৯এ অক্টোবর শনিবার, ২৩এ অক্টোবর সোমবার, ২৬এ অক্টোবর বৃহস্পতিবার।

[ঢাকা] ঢাকার বাবু প্রতাপচন্দ্র দাস বাজারে চাউলের মণ ৫০ টাকা হইলেও ৪৲ মণ দরে বিক্রয় করিয়া ধন্যবাদভাজন হইয়াছেন।

[উঃ পঃ] শরীরের অসুস্থতাবশতঃ বাবু রামকালী চৌধুরী উত্তর পশ্চিম প্রদেশীয় গবর্ণমেণ্টের ব্যবস্থাপক সভার সদস্যপদ পরিত্যাগ করিয়াছেন। পণ্ডিত সুন্দরলাল ও বাবু চারুচন্দ্র মিত্র উভয়েই উক্ত পদের প্রার্থী হইয়াছেন। নির্ব্বাচনের ভার আলাহাবাদ অঞ্চলের মিউনিসিপ্যালিটীসমূহের উপর।

[পঞ্জাব] আগামী ৩০এ অক্টোবর সোমবার লাহোরে পঞ্জাবের আগামী অতিরিক্ত সহকারী কমিসনরের পরীক্ষা গৃহীত হইবে।

[বোম্বাই] বহুজন স্বাক্ষরিত একখানি আবেদনপত্র মান্দ্রাজের গবর্ণরের হস্তগত হইয়াছে। আবেদনকারিগণ চাহেন, "যে সকল মজলিসে বাই, খেমটা প্রভৃতি নাচের আয়োজন করা হইবে সেই সকল মজলিসে কর্ত্তৃপক্ষীয়েরা যেন না যান; যেহেতু নর্ত্তকীদিগকে এইরূপে প্রশ্রয় দিলে সমাজে দুর্নীতি প্রশ্রয় পাইয়া থাকে।

মৃত ওয়াটস তেলাঙ্গের স্থানে ডাক্তার ভাণ্ডারকর বোম্বাই বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলার নিযুক্ত হইয়াছেন।

[সাধারণ] ভারতে হিন্দু মুসলমানের মধ্যে গোহত্যা লইয়া বিবাদ বিসম্বাদ সমূহের কারণ কি, কি উপায় করিলেই বা সেই কারণ ঘুচিয়া যাইতে পারে তাহা নির্দ্ধারণার্থ সরকারী ও বেসরকারী সদস্যগণ লইয়া একটি কমিসন বসাইবার জন্য ষ্টেট সেক্রেটরী ভারত গবর্ণমেণ্টকে আদেশ করিবেন কি না সার উইলিয়ম ও লর্ডবরণ কমন্স সভায় এই প্রশ্নের উত্থাপন করিয়াছিলেন। প্রত্যুত্তরে অণ্ডার সেক্রেটরী বলিয়াছেন "ধর্ম্ম সংক্রান্ত বিষয় লইয়া ভারতে বৎসর বৎসর দাঙ্গা হাঙ্গামা হইয়া থাকে। এরূপ স্থলে ষ্টেট সেক্রেটরী উহার সম্বন্ধে তথ্যাদি নির্ণয় জন্য স্বতন্ত্র একটি কমিসন বসাইতে ভারত গবর্ণমেণ্টকে আদেশ করা আপাততঃ আবশ্যক বলিয়া বিবেচনা করেন না।"

ভূমধ্যসাগরে বৃটিশ রণপোত ভিক্টোরিয়া ডুবিয়া যাওয়ায় অনেক নাবিককে প্রাণ দিতে হইয়াছে। লণ্ডনে লর্ড মেয়র ইহাদের পরিবার বর্গের জন্য চাঁদা তুলিতেছেন। বিজয়নগরের মহারাজ ১০০০৲ টাকা পাঠাইয়া দিয়াছেন। (দৈ)

সার জন ষ্ট্রেচি, সার থিয়োডোর হোপ, সার জোসেফ ফেয়ার, সার উইলিয়ম মুর, সার টমাস ওয়েড, সার জর্জ্জ বার্ডউড এবং মিঃ জর্জ্জ বেটন—ইহারা আফিনদ্বেষীদিগের বিরুদ্ধে প্রবল আপত্তি উত্থাপন করিতেছেন।

৩রা হইতে ৯ই আশ্বিন পর্য্যন্ত কলিকাতা পাটের বাজারের সাপ্তাহিক বিবরণ—

সিরাজগঞ্জ ও উত্তর বঙ্গ প্রভৃতি—			
ঐ	শরেস	পাট ৬৵০ হইতে	৬।০
ঐ	মাঝারি	ঐ ৫৷৷৵০	" ৬৲
ঐ	নিরেস	ঐ ৫৲০	" ৫৷৵০
নারায়ণগঞ্জ, ময়মনসিংহাদি	ঐ		"
পাংশা, ওসমানপুরাদি	ঐ	৪৸৵০	" ৫৷৵০
দেশী [সর্ব্বপ্রকার]	ঐ	৫২০	" ৫৷৵০
ভিজা দাগি, বোম্বাই আদি	ঐ	৪৸৵০	" ৫।০
দেওড়া [সর্ব্বপ্রকার]	ঐ	৪৸৵০	" ৫।০

গত পূর্ব্ব সোমবার হইতে গত রবিবার পর্য্যন্ত

এক সপ্তাহের আমদানী	৩০৮০০০	বস্তা
ঐ রপ্তানী	৩৬৩০০০	"
ঐ মজুত	২২১০০০	"
গত মেলের মজুত	২৭৬০০০	"

মন্তব্য—বাজার গত সপ্তাহাপেক্ষা ৵০ আনা চড়া দেখা যায়। শ্রীযতীন্দ্রমোহন বন্দ্যোপাধ্যায়, ৫৭নং বাবুরাম ঘোষের লেন আহীরীটোলা কলিকাতা।

সোণারপুর খোড়ডাঙ্গা নিবাসী জনৈক ব্যক্তি পুষ্করিণীর পাড় খুঁড়িতে খুঁড়িতে ১৫০০ টাকা পাইয়াছে। টাকা এক্ষণে পুলিসের হেপাজাতে আছে। যদি কোন দাবীদার না উপস্থিত হয়, তবে ঐ টাকা উক্ত ব্যক্তিকেই দেওয়া হইবে।

সার চর্লস ঈলিয়ট আগামী নবেম্বরে ভারতে আসিয়া কার্য্যভার গ্রহণ করিলে পর বর্ত্তমান প্রতিনিধি ছোট লাট বাহাদুর সার এ পি মাক্‌ডোনেল সাহেব সার ফিলিপ হচিন্সের স্থানে বড় লাট বাহাদুরের কৌন্সিলের সভ্য হইবেন। উডবরণ সাহেব মধ্যপ্রদেশসমূহের চিফ কমিসনরের পদে পাকা হইবেন স্থির হইয়াছে।

সার হিউ লো আফিম কমিসনের নিকট সাক্ষ্য দিবার কালীন বলিয়াছেন যে, আফিমের পরিমিত ব্যবহারে বুদ্ধি মার্জ্জিত হয়—একথা চীনীয়েরা তাঁহাকে বলিয়াছে। চীন দেশস্থ মিসনারি ডাক্তর লথার্ট বলিয়াছেন, "পরিমিতরূপ আফিম ব্যবহারে অনিষ্ট হয় না। এসিয়ায় আফিমের ব্যবহার প্রচলিত থাকায় যত না অনিষ্ট হইতেছে ইংলণ্ডে মদ প্রচলিত থাকায় তদপেক্ষা শত শত গুণে অধিক অনিষ্ট ঘটিয়া থাকে।

নিম্ন লিখিত ছাত্রগণ পুনঃ পরীক্ষায় ডিপ্লোমা পাইয়াছেন—ঢাকা মেডিকেল স্কুল—ললিতমোহন বসু, ও দেবীধর পাল। পাটনা টেল্পল মেডিকেল স্কুল—রাখালচন্দ্র মিস্ত্রী, ওয়ারিস ইমাম, মহম্মদ আবদুল হাকিম, আবদুল ওয়াহিদ খাঁ ও মহম্মদ যুসুফ। উক্ত স্কুলে নাগপুরের ছাত্র—গণেশ সীতারাম, মোহনলাল ও পাণ্ডুরাং কক্সমন।

সার হেনরি নরম্যানের বয়ঃক্রম এক্ষণে ৬৭ বৎসর। এত পরিণত বয়সে আর কোন ব্যক্তিকেই ভারতের গবর্ণর জেনারেল নিযুক্ত করা হয় নাই। ওয়ারেন হেষ্টিংস যখন গবর্ণর জেনারেল নিযুক্ত হন তখন তাঁহার বয়ঃক্রম ৪১ বৎসর ছিল। লর্ড কর্ণওয়ালিস ৪৮ বৎসর বয়সে প্রথমবার এবং ৬৭ বৎসর বয়সে দ্বিতীয়বার ভারতে গবর্ণর জেনারেল হইয়া আইসেন। মার্কুইস ওয়েলেসলি ৩৮, লর্ড মিণ্টো ৪৪, মার্কুইস হেষ্টিংস ৫৯, লর্ড আমহার্ষ্ট ৫০, লর্ড উইলিয়ম বেণ্টিঙ্ক ৪৬, লর্ড অকলাণ্ড ৪২, লর্ড এলেনবরা ৪৬, লর্ড হার্ডিঞ্জ ৩৭, লর্ড ডালহৌসী ৩৯, লর্ড ক্যানিং ৪৪, লর্ড এলগিন ৫১, সার জন লরেন্স ৫৫, লর্ড মেয়ো ৫৩, লর্ড নর্থব্রুক ৪৬, লর্ড লিটন ৪৫, লর্ড রিপণ ৫৩, লর্ড ডফরিণ ৫৮, এবং লর্ড ল্যান্সডাউন ৪৩ বৎসর বয়সে ভারতের গবর্ণর জেনারেল নিযুক্ত হইয়াছিলেন।

পত্রান্তরে প্রকাশ, গবর্ণমেণ্ট সম্প্রতি যে নূতন নিয়ম করিয়াছেন তদনুসারে সৈনিক অথবা অসৈনিক কর্ম্মচারিগণ পরীক্ষায় উত্তীর্ণ হইয়া যে পুরস্কার পাইবেন তাহার উপর আয়কর নির্দ্ধারিত করা হইবে।

পূর্ব্ব বিজ্ঞাপিত স্থানসমূহ ভিন্ন গত সপ্তাহে দক্ষিণ বিক্রমপুরের (ফরিদপুর) নিম্ন লিখিত গ্রামে বিনা মূল্যে নিম্ন লিখিত ব্যক্তিগণের নিকট ফরিদপুর সুহৃদ সভা হইতে ওলাউঠার ঔষধ পাঠান হইয়াছে সর্ব্বশ্রেণীর লোক ইহাঁদিগের নিকট উপস্থিত হইলেই বিনা মূল্যে ঔষধ পাইবেন।

১। বাবু অম্বিকাচরণ বাড়রী, তিলৈ।
২। বাবু বিপিনবিহারী চক্রবর্ত্তী, চাকধ।
৩। বাবু কৈলাসচন্দ্র চট্টোপাধ্যায়, কাকদি।
৪। বাবু জানকীনাথ ঘোষ, পাইকপাড়া।
৫। বাবু কুঞ্জবিহারী বসু, মানাখাল।
৬। বাবু কামিনীকুমার গুহ, এডিকাটী।
৭। বাবু ব্রজলাল ভট্টাচার্য্য, উগলী।
৮। বাবু দীননাথ কুশারী, আকুসা।

[বৈদেশিক] আর্জ্জেণ্টাইন রাজ্যের রাজ্য-বিপ্লবকারীরা রোসারিও নামক বন্দরটী আক্রান্ত ও অবরুদ্ধ করিয়াছে।

বিগত ২০এ সেপ্টেম্বর বিলাতের কমন্সসভায় ভারতের আয় ব্যয় বিবরণী বিষয়ে আলোচনা হইয়াছিল। ভারতের আর্থিক অবস্থা এবং ভারত ও ইংলণ্ড—উভয় রাজ্যের মধ্যে যে আর্থিক সম্বন্ধ, তদ্বিষয়ে অনুসন্ধান লইবার জন্য একটি রাজকীয় কমিসন যাহাতে নিযুক্ত হয় সে পক্ষে মিঃ বেলী একটি প্রস্তাব উত্থাপন করেন। সার জর্জ্জ চেস্‌নি সার এণ্ড্রু স্কোবল প্রভৃতি এই প্রস্তাবের প্রতিকূলতা করিয়াছিলেন। সার উইলিয়ম ওয়েডরবরণ, মিঃ দাদাভাই নৌরোজী প্রভৃতি বিলের পক্ষ সমর্থন করিয়াছিলেন। মীমাংসা সেদিন কিছুই হয় নাই। অণ্ডার সেক্রেটরী রসেল সাহেব কমন্সসভায় ভারতের আয় ব্যয় বিবরণী উপস্থিত করিয়া বলিয়াছিলেন। "আমার বিশ্বাস, ভারতের লোকের নৈতিক ও আর্থিক অবস্থার স্পষ্টতঃ উন্নতি হই-

তেছে। ভারত গবর্ণমেণ্টের ইচ্ছা ভারতের শাসন সুদৃঢ়, সুশৃঙ্খল ও উন্নতিশীল হয়, এবং ভিন্ন ভিন্ন জাতি ও ধর্ম্মাবলম্বি লোকগণ পরস্পর সদ্ভাবসম্পন্ন হইয়া সমাজতত্ত্ব ও নীতিজ্ঞান ও বুদ্ধিবৃত্তি বিষয়ে উৎকর্ষলাভ করে।"

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—গয়া আবকারীর প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ মজঃফরপুর জেলার সদরে বদলী হইলেন বলিয়া পূর্ব্বে যে আদেশ হইয়াছিল এক্ষণে তাহা রহিত হইল। ২৪ পরগণা বসিরহাটের সব ডেঃ কঃ বাবু বনমালী প্রামাণিক আর ১ মাস ১৩ দিনের ছুটী পাইলেন। ময়মনসিংহ টাঙ্গাইলের সব ডেঃ কঃ মৌলবী সুজাতালী আহমেদ প্রোটেম ১ম শ্রেণীতে উন্নীত হইলেন। যশোহরের সব ডেঃ কঃ বাবু ললিত মোহন পাল, নদীয়া কুষ্টিয়ার সব ডেঃ কঃ বাবু ভগবতীচরণ ভট্টাচার্য্য এবং মুঙ্গেরের সব ডেঃ কঃ বাবু অন্নদাচন্দ্র ঘোষ প্রোটেম ২য় শ্রেণীতে উন্নীত হইলেন। সাঁওতাল পরগণা জামতারার প্রোটেম সব ডেঃ কঃ বাবু অতুলচন্দ্র কর, জলপাইগুড়ির প্রোটেম সব ডেঃ কঃ বাবু ফটিকচন্দ্র দাস এবং ভাগলপুর সুপালের প্রোটেম সব ডেঃ কঃ এঙ্গেলব্রেট সাহেব প্রোটেম ৩য় শ্রেণীতে উন্নীত হইলেন। সাঁওতাল পরগণা গোদ্দার প্রতিনিধি সব ডেঃ কঃ বাবু নরেন্দ্রকুমার ঘোষ এবং লোহারডাগার প্রতিনিধি সব ডেঃ কঃ বাবু যদুনাথ চট্টোপাধ্যায় প্রোটেম ৪র্থ শ্রেণীতে উন্নীত হইলেন। দরভাঙ্গার প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ রোলাণ্ড নগেন্দ্রলাল চন্দ্র, পূর্ণিয়ার সব ডেঃ কঃ মৌলবী সাহ মহম্মদ আজাম, মুঙ্গেরের প্রোটেম সব ডেঃ কঃ বাবু অন্নদাচরণ গুপ্ত, মজঃফরপুর সীতামারীর সব ডেঃ কঃ বাবু মহাদেব প্রসাদ এবং মজঃফরপুরের শিক্ষানবীস সব ডেঃ কঃ বাবু ভূপেন্দ্রনাথ গুপ্ত—ইহাঁরা বাঙ্গাল গবর্ণমেণ্টের রাজস্ব বিভাগের অধীনে মজঃফরপুরের জরিপকার্য্যে নিযুক্ত হইবেন। মজঃফরপুরের শিক্ষানবীস সব ডেঃ কঃ বাবু ভূপেন্দ্রনাথ গুপ্ত বি এ অপর আদেশ যাবৎ সব ডেঃ কঃ হইলেন। চট্টগ্রামের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু প্রমথনাথ দত্ত, বাখরগঞ্জ, সিংহভূম ও যশোহরের প্রতি নদি ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু নলিনচন্দ্র রায়, বাবু ললিতচন্দ্র দাস, বাবু মাখনলাল চট্টোপাধ্যায়, সারণ সিবানের প্রোটেম সব ডেঃ কঃ মৌলবী গোলাম ঘুস, পাটনার বাটোয়ারা কার্য্যে নিযুক্ত প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী ছামসৎ হোসেন, গয়ার শিক্ষানবীস ডেঃ কঃ বাবু ব্রিজসংশী সহায়, মুঙ্গেরের প্রতিনিধি সব ডেঃ কঃ মৌলবী সৈয়দ আহমদ আলি খাঁ, মেহেরপুরের প্রোটেম সব ডেঃ কঃ বাবু হেমচন্দ্র চট্টোপাধ্যায়—ইহাঁরা বাঙ্গালগবর্ণমেণ্টের রাজস্ব বিভাগের অধীনে সারণ ও চম্পারণ জেলার জরিপ কার্য্যে নিযুক্ত হইলেন। বীরভূমের ডিঃ ও সেঃ জজ হুইটমুর সাহেব আর এক দিনের এবং ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু পূর্ণচন্দ্র বসাক আর ১ মাসের ছুটী পাইলেন। মিঃ ষে কেলেহার অপর আদেশ যাবৎ যশোহরের ডিঃ ও সেঃ জজ হইলেন। মিঃ কেদার নাথ রায় অপর আদেশ যাবৎ ১ম শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃ হইয়া বাঁকুড়া জেলার সদরে স্থাপিত হইলেন। রংপুর গাইবান্ধার ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু গঙ্গানারায়ণ রায় ৩ মাসের ছুটী পাইলেন। বাঁকুড়ার ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু নন্দলাল বাগচী রংপুর গাইবান্ধায় বদলী হইলেন। মুরসিদাবাদের প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু বিপিনবিহারী বন্দ্যোপাধ্যায় সিংহভূম জেলার সদরে বদলী হইলেন। দার্জ্জিলিঙ্গের ডেঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ পার্সি রোস সাহেব ৩ মাসের ছুটী পাইলেন।

শিক্ষা—প্রেসিডেন্সী কলেজের অধ্যাপক ন্যাস সাহেব ৭২ দিনের ছুটী পাইলেন। সংস্কৃত কলেজের লেকচারার বাবু শিবচন্দ্র গুই এম এ অধস্তন শিক্ষাসর্ভিসের ৩য় শ্রেণীতে পাকা হইলেন। সংস্কৃত কলেজের অতিরিক্ত লেক্‌চারার বাবু বীরেশ্বর চট্টোপাধ্যায় এম্ অধস্তন শিক্ষাসর্ভিসের প্রোটেম ৩য় শ্রেণীতে উন্নীত হইলেন। বীরভূম জেলাস্কুলের হেডমাষ্টার বাবু অম্বিকাচরণ মুখোপাধ্যায় অপর আদেশ যাবৎ ৩য় শ্রেণীতে কার্য্য করিবেন। পাটনা সর্ভেস্কুলের প্রধান শিক্ষক বাবু কুড়রাম রায় ৪র্থ শ্রেণীতে পাকা হইলেন। কলিকাতা ট্রেনিং স্কুলের বাহ্য বিজ্ঞানের শিক্ষক বাবু অভয়াচরণ মিত্র এম এ প্রোটেম ৪র্থ শ্রেণীতে নিযুক্ত হইলেন। মেদিনীপুরের প্রোটেম ডেঃ ইনঃ বাবু উমাপ্রসাদ সে ৩য় শ্রেণীতে পাকা হইলেন। হুগলী ব্রাঞ্চস্কুলের প্রধান শিক্ষক বাবু রামদাস চক্রবর্ত্তী প্রোটেম ৩য় শ্রেণীতে নিযুক্ত হইলেন। ঢাকা সর্ভেস্কুলের প্রধান শিক্ষক বাবু হরিচরণ নাগ ৪র্থ শ্রেণীতে পাকা হইলেন। বোগরার ডেঃ ইনঃ বাবু গিরিধারী বসু প্রোটেম ৪র্থ শ্রেণীতে নিযুক্ত হইলেন। হিন্দু স্কুলের ২য় শিক্ষক বাবু অভয়াচরণ পাল বি এ ৪র্থ শ্রেণীতে পাকা হইলেন।

বিচার—কটকের সব জজ বাবু বলরাম মল্লিক খুলনার সব জজ হইলেন। খুলনার সব জজ বাবু কৈলাসচন্দ্র মুখোপাধ্যায় ভাগলপুর মুঙ্গেরের সবজজ হইলেন। মুঙ্গেরের সবজজ বাবু পার্ব্বতীকুমার মিত্র পূর্ণিয়ার সবজজ হইলেন। পূর্ণিয়ার সবজজ বাবু জয়গোপাল সিংহের কার্য্য আসামের চিফ্ কমিসনরের অধীনে থাকিল। নদীয়ার সবজজ বাবু গোপালচন্দ্র বন্দ্যোপাধ্যায় ত্রিপুরার সব জজ হইলেন। ত্রিপুরার ছুটী প্রাপ্ত সবজজ বাবু গিরিশচন্দ্র চট্টোপাধ্যায় সারণের সবজজ হইলেন। সারণের সবজজ বাবু সারদাপ্রসাদ চট্টোপাধ্যায় নদীয়ার সবজজ হইলেন। ফরিদপুর ভাঙ্গার মুঃ বাবু মহেন্দ্রলাল গোস্বামী আর ১৫ দিনের ছুটী পাইলেন।

উদ্ধৃত কবিতা।

[৪১৬]

পিণাক-ফণি-রাকেন্দু-ভস্মমন্দাকিনীযুতা।
তথাপি ভব তে মূর্ত্তিরপবর্গ-প্রদায়িনী॥

[৪১৭]

নবীন দীনভাবস্য যাচমানস্য মানিনঃ॥
বচো জীবিতমেবাসীৎ পুরো নিঃসরণে রণাঃ॥

[৪১৮]

মধুনা যো ভজেৎ শ্যামাং হে হেমকলসস্তনি।
বিষমেষু ব্যথাস্তস্য ন ভবন্তি কদাচন।

[৪১৯]

ভাদ্রমাসি চতুর্থ্যাং সা চন্দ্রচূড়স্য ভামিনী।
দিনদ্বয়ং বর্ষমধ্যে পতিবক্ত্রং ন পশ্যতি॥

বিজ্ঞাপন।

ছাত্র খালি।

বনওয়ারি নগর রাধাবিনোদ অবৈতনিক মাইনর স্কুলের জন্য আগামী ১৮৯৪ খৃঃঅব্দে মাইনর পরীক্ষায় উত্তীর্ণ হইতে পারে এমত ৭টী, দ্বিতীয় শ্রেণীতে পড়িতে পারে এমত ৭টী ও তৃতীয় শ্রেণীতে পড়িতে পারে এমত ৬টী বালকের আবশ্যক। বালকগণকে আহার ও থাকিবার স্থান দেওয়া যাইবে। অধিকন্তু পীড়া হইলে বিনা ব্যয়ে সর্ব্বপ্রকার চিকিৎসাও করান হইবে। স্থানটী স্বাস্থ্যকর, বড়হল নদীরধারে, পাবনা হইতে উত্তর ১৮ মাইল ব্যবধান। যাহারা যে শ্রেণীর জন্য আবেদন করিবে তাহাদের সেই শ্রেণীর উপযুক্ত ইংরাজী জানা আবশ্যক। বালকগণকে স্ব স্ব জাতি ও বয়স উল্লেখ করিতে হইবে। নবেম্বর মাসের পর কাহারও আবেদন গৃহীত হইবে না।

শ্রীমহেশচন্দ্র চক্রবর্ত্তী
পোঃ বনওয়ারিনগর পাবনা।

কর্ম্মখালি।

জেলা বীরভূম, পোষ্ট মুরারই বালিয়া মধ্য ইংরাজি স্কুলের জন্য জনৈক এণ্ট্রান্স পাস হেড মাষ্টার ও জনৈক দ্বৈবার্ষিক পাস হেড পণ্ডিত আবশ্যক আছে, উভয়েরই বেতন মাসিক ১৩৲ টাকা। সত্বর স্ব স্ব সার্টিফকেট সহ শ্রীমজফল হোসেনের নামে আবেদন করুন।

রংপুর জেলার অধীন নিলফামারী থানার অন্তর্গত হাজারী বেলপুকুর নিবাসী জমিদার শ্রীযুক্ত মুন্সী সফী মহম্মদ চৌধুরী সাহেবের দুইটি ছাত্রকে বাড়ীতে থাকিয়া সর্ব্বদা ইংরাজী বাঙ্গালা প্রাইভেট পড়াইবার জন্য একজন এণ্ট্রান্স পাশ মুসলমান শিক্ষকের প্রয়োজন। মাসিক বেতন ২৫৲ টাকা এবং খোরাক ও বাসাভাড়া দেওয়া যাইবে। উন্নতি অনুযায়ী বেতন বৃদ্ধি হওয়ার সম্ভাবনা। স্থানটী স্বাস্থ্যকর। কোন বিষয়ের অভাব নাই। হুগলী ও প্রেসিডেন্সী বিভাগের আবেদন কারীর আবেদন গ্রাহ্য হইবে। শ্রীসফী মহম্মদ চৌধুরী, পোঃ শ্যামগঞ্জ, জেলা রংপুর।

বঙ্গমহিলাগণের রচনার নিমিত্ত বাবু ব্রজমোহন দত্ত স্থাপিত পারিতোষিক।

বিগত ১৮৮৯-৯০, ১৮৯০-৯১ ও ১৮৯১-৯২ অব্দে কোন রচনাই পারিতোষিকের উপযুক্ত বিবেচিত না হওয়াতে ইহা স্থিরীকৃত হইয়াছে যে ১৮৯২-৯৩ অব্দের পারিতোষিক দান কালে ৪০৲ চল্লিশ টাকা করিয়া চারিটীর পরিবর্ত্তে ৮০৲ আশী টাকা করিয়া দুইটি পারিতোষিক প্রদত্ত হইবে, এবং "শিশুপালন" বা "পিতৃভক্তি" এই দুইটী বিষয়ের অন্যতরটি অবলম্বন করিয়া প্রবন্ধ রচনা করিতে হইবে।

পারিতোষিক দানের নিয়ম ঃ—

(১) বঙ্গমহিলা মাত্রেই পারিতোষিক প্রার্থিনী হইতে পারিবেন; এতৎসম্বন্ধে বয়সের কোন নিয়ম নাই।

(২) পারিতোষিক প্রার্থিনীগণকে বঙ্গভাষা তেই হউক বা সংস্কৃত ভাষাতেই হউক কোন একটি নির্দ্দিষ্ট প্রবন্ধ রচনা করিতে হইবে।

(৩) এই বিজ্ঞাপন প্রচারের তারিখ হইতে ছয় মাসের মধ্যে প্রবন্ধগুলিকে বিচারের জন্য সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটির নিকট পাঠাইতে হইবে।

(৪) প্রত্যেক প্রবন্ধের সহিত পারিতোষিক প্রার্থিনীর স্বামী, পিতা বা অভিভাবককে এরূপ অঙ্গীকার পত্র লিখিয়া পাঠাইতে হইবে যে তাঁহার বিশ্বাসমতে রচয়িত্রী ঐ প্রবন্ধ রচনা কালে প্রকাশ্য বা অপ্রকাশ্য ভাবে কোন প্রকার সাহায্যই গ্রহণ করেন নাই।

১৮৯৪ অব্দের ১লা মার্চ্চ তারিখের মধ্যে কলিকাতায়, প্রেসিডেন্সী সার্কেলের জুলসনুকের ইনস্পেক্টরের অফিসে, সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটির সম্পাদক মহাশয়ের নামে এই প্রবন্ধ পাঠাইতে হইবে। এই প্রবন্ধের মোড্‌কের (কভারের) উপর "ব্রজমোহন দত্ত পারিতোষিকের রচনা" এইরূপ লিখিত থাকিবে। যাঁহার রচনা সর্ব্বোৎকৃষ্ট হইবে কলিকাতা গেজেটে তাঁহার নাম প্রকাশিত হইবে।

যিনি একবার পারিতোষিক প্রাপ্ত হইয়াছেন, তিনি ইচ্ছা করিলে অন্য বৎসর পুনর্ব্বার প্রবন্ধ রচনা করিতে পারেন। যদি তাঁহার রচনা সে বারেও সর্ব্বোৎকৃষ্ট হয়, তাহা হইলে তাঁহার নাম কলিকাতা গেজেটে প্রকাশিত হইবে কিন্তু পারিতোষিক, রচনার গুণানুসারে তাঁহার পরবর্ত্তিনী মহিলাকে প্রদত্ত হইবে।

যদি বিচারকগণ সর্ব্বোৎকৃষ্ট রচনাটিকেও পারিতোষিকের উপযোগী বলিয়া বিবেচনা না করেন তাহা হইলে পারিতোষিক প্রদত্ত হইবে না।

কলিকাতা,
১লা সেপ্টেম্বর, ১৮৯৩।

পি, ও, মার্টিন।
বাঙ্গালাদেশের বিদ্যাধ্যক্ষদের ডিরেক্টর।

১৮৯৩ সালের বর্দ্ধমান এবং রাজসাহী বিভাগের আগামী মধ্য ও উচ্চ প্রাথমিক ছাত্রবৃত্তি পরীক্ষার প্রগম নিম্নে প্রদত্ত হইল।

পূর্ব্বাহ্ণ ১০টা হইতে ১২॥টা পর্য্যন্ত।
অপরাহ্ণ ১টা হইতে ৪টা পর্য্যন্ত।

মধ্য ছাত্রবৃত্তি।

৩রা অক্টোবর। মঙ্গলবার, পূর্ব্বাহ্ণ, ইংরাজী-ভাষা ও ব্যাকরণ। অপরাহ্ণ, অনুবাদ (ইংরাজী ও বাঙ্গালা) এবং ইংরাজী রচনা।

৪ঠা অক্টোবর। বুধবার, পূর্ব্বাহ্ণ বাঙ্গালা ভাষা (গদ্য) এবং ব্যাকরণ। অপরাহ্ণ বাঙ্গালা ভাষা (পদ্য) এবং রচনা।

৫ই অক্টোবর, বৃহস্পতিবার। পূর্ব্বাহ্ণ শুভঙ্করী অপরাহ্ণ, পাটীগণিত।

৬ই অক্টোবর, শুক্রবার। পূর্ব্বাহ্ণ, জ্যামিতি ও পরিমিতি। অপরাহ্ণ, ইতিহাস।

৭ই অক্টোবর, শনিবার। পূর্ব্বাহ্ণ, বিজ্ঞান অপরাহ্ণ, ভূগোল।

উচ্চ-প্রাথমিক ছাত্রবৃত্তি।

৩রা অক্টোবর, মঙ্গলবার। পূর্ব্বাহ্ণ, বাঙ্গালা ভাষা ও রচনা। অপরাহ্ণ, ইতিহাস ও ভূগোল।

৪ঠা অক্টোবর, বুধবার। পূর্ব্বাহ্ণ, শুভঙ্করী। অপরাহ্ণ, পাটীগণিত।

৫ই অক্টোবর, বৃহস্পতিবার। পূর্ব্বাহ্ণ জ্যামিতি ও পরিমিতি। অপরাহ্ণ, স্বাস্থ্যবিদ্যা।

৬ই অক্টোবর, শুক্রবার। পূর্ব্বাহ্ণ, বিজ্ঞান।

Beejmadhav De.
In charge of the Office of Inspector of Schools, Rajshahi Circle and Burdwan Division.

Hugli.
13 | 9 | 93.

বিশেষ দ্রষ্টব্য।

বাচস্পত্য অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২৩৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
বুধোদয় প্রেস—হুগলী।

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸০ বার আনা, ডাঃ মাঃ ⁄০ এক আনা। এখানি ১৮৯৪ অব্দের মাইনর পরীক্ষায় ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহা ত বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গল্প হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ⁄১০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
সংস্কৃত প্রেসডিপজিটরি।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

পদ্য-বিকাশ অর্থাৎ পদ্যপাঠ ১ম ভাগের অর্থ পুস্তক। শ্রীগোবিন্দপ্রসাদ দে প্রণীত। মূল্য ⁄০ তিন আনা। ইহাতে প্রায় প্রত্যেক শব্দের অর্থ, পদান্বয়, এবং ব্যাকরণ সম্বন্ধীয় যাহা জানিবার আবশ্যক তাহা আছে। প্রায় প্রত্যেক ছত্রের গদ্য ও অতি সরল ভাষায় অর্থ দেওয়া হইয়াছে। ছোট ছোট বালকদের বিশেষ উপযোগী হইয়াছে। ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৮০৯ নং

গবর্ণমেণ্টের অনুমোদিত।

বাঙ্গালা ছাত্রবৃত্তি ও মাইনর স্কুলসমূহের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পাঠ্য।

"বিজ্ঞানসোপান"।

শ্রীযুক্ত উমেশচন্দ্র ঘোষ, এম এ, বি এল প্রণীত।

মূল্য ॥৵০ দশ আনা মাত্র।

ছাত্রবৃত্তি ও মাইনর পরীক্ষার নির্দ্দিষ্ট বিষয়গুলি এরূপ বিশদরূপে ও ধারাবাহিক ভাবে অন্য কোন গ্রন্থে বর্ণিত নাই। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৪০৪নং

অম্বিকাচরণ ঘোষাল
ফটোগ্রাফার ও পোর্ট্রেট পেইণ্টার
ভূঁটেবাজার হুগলি

মফস্বলে যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণপত্র লিখিলে জানিতে পারিবেন। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিজ, হুগলী কলেজ, এমামবাড়া, হংসেশ্বরীর মন্দির, চুঁচুড়া গোরা বারিক অভ্যন্তর দৃশ্য, নবাব খাঞ্জার্থার মসজিদ, সপ্তগ্রামের মহোৎসব প্রত্যেক ॥০ আনা মাত্র—ফটগ্রাফগুলি একবার দেখিলে বাধিত হইব।

পাটীগণিত

নূতন সংস্করণ।

শ্রীপ্রসন্নকুমার সর্ব্বাধিকারী প্রণীত।

সুপ্রসিদ্ধ গণিতশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম, এ, মহাশয়ের দ্বারা সমাক্‌রূপে সংশোধিত পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত। ইহাতে সুকৌশল সম্পন্ন প্রশ্নাবলী সন্নিবেশিত এবং উহাদের ভূরি পরিমাণে সমাধান করা হইয়াছে। ৫৭৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। উত্তম কাপড়ে বাঁধা, মূল্য ১৷৵০। বলা বাহুল্য ইহা চিরকাল সর্ব্বাদৃত, অধুনা আরও অধিক পরিমাণে স্কুলাদিতে পাঠ্যরূপে নির্ব্বাচিত হইতেছে এবং বঙ্গবাসী প্রভৃতি সংবাদ পত্র ভূয়সী প্রশংসা করিতেছেন। নিম্নলিখিত এবং অন্যান্য স্থানে পাওয়া যায়।

বি, ব্যানার্জ্জি এণ্ড কোং।
২৫নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, ৫৬নং কলেজ ষ্ট্রীট, ৫১নং পুরাতন চীনেবাজার, কলিকাতা। ৫৫নং পটুয়াটুলি ঢাকা।

৩৮৮নং

মাইকেল মধুসূদন দত্তের

জীবনচরিত, অপ্রকাশিত কবিতা, পত্র ও গ্রন্থাবলীর সমালোচনা সম্বলিত গ্রন্থ প্রকাশিত হইয়াছে।

শ্রীযোগীন্দ্রনাথ বসু বি এ, প্রণীত।

ডিমাই আট পেজী আকারে পাঁচ শতেরও অধিক পৃষ্ঠায় সম্পূর্ণ।

এরূপ সর্ব্বাবয়ব জীবনচরিত এপর্য্যন্ত বাঙ্গালা ভাষায় প্রকাশিত হয় নাই। মধুসূদনের জীবনের বিষাদময় ইতিহাসের সঙ্গে তাঁহার সমসাময়িক বাঙ্গালা সাহিত্যের অবস্থা, তাঁহার গ্রন্থাবলীর সমালোচনা, তাঁহার লিখিত বহুসংখ্যক ইংরাজী ও বাঙ্গালা কবিতা, মান্দ্রাজ, ইংলণ্ড, ফ্রান্স প্রভৃতি স্থান হইতে তাঁহার লিখিত বহুসংখ্যক পত্র, তাঁহার জীবনের ঘটনাবলী সম্বন্ধে সার মহারাজা যতীন্দ্রমোহন ঠাকুর, বাবু ভূদেব মুখোপাধ্যায়, রাজা প্যারীমোহন মুখোপাধ্যায় প্রভৃতির লিখিত মন্তব্য, রাজা রাজেন্দ্রলাল মিত্র, ডিঙ্ক ওয়াটার বেথুন, বাবু রাজনারায়ণ বসু প্রভৃতি অনেক খ্যাতনামা ব্যক্তির লিখিত পত্র ও পত্রাংশ ইত্যাদি ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। মধুসূদনের নিজের এবং তাঁহার সমাধি স্তম্ভের চিত্র এবং রাজা প্রতাপচন্দ্র সিংহ, রাজা ঈশ্বরচন্দ্র সিংহ, মহারাজা সার যতীন্দ্রমোহন ঠাকুর, বাবু ভূদেব মুখোপাধ্যায়, বাবু গৌরদাস বসাক, বাবু রাজনারায়ণ বসু, ৺ বিদ্যাসাগর মহাশয়—এই কয়েক জনেরও চিত্র ইহাতে প্রদত্ত হইয়াছে। এরূপ সুন্দর চিত্র এপর্য্যন্ত কোনও বাঙ্গালা গ্রন্থে প্রকাশিত হয় নাই। ছাত্রদিগকে পুরস্কার দিবার জন্য অতি সুন্দররূপ বাঁধান হইয়াছে। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপোজিটরীতে, ২১০। ৪ কর্ণওয়ালিস ষ্ট্রীট নব্যভারত কার্য্যালয়ে, বৈদ্যনাথ দেওঘর স্কুলে গ্রন্থকারের নিকট এবং নিম্নস্বাক্ষরকারীর নিকট পাওয়া যায়। মূল্য কাপড়ে বাঁধান ২।০ টাকা, কাগজের মলাট ২৲ টাকা, ডাকমাশুল ।০ আনা। মফস্বলস্থ গ্রাহকগণ গ্রন্থকারকে পত্র লিখিবেন।

শ্রীরামানন্দ চট্টোপাধ্যায় এম এ।
অধ্যাপক সিটি কলেজ,—কলিকাতা।

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৬ বৎসর উহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-যশের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার সেবনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সম-ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনা ব্যয়ে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৷৷০ টাকা, প্যাকিং ।০ আনা

২ শিশি একত্রে লইলে খরচা ৷৷৵০ আনা স্বগত হয়।

শ্রীকালীদাস সরকার।

গবর্ণমেণ্ট পেন্সনার—লক্ষ্ণৌ।

৪৭৩নং

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বলবীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রি-জাগরণ, অতিরিক্ত পান-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা-কাত্-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত!

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুদঘুসে জ্বর, প্লীহা-যকৃৎ-কোলা-কাসিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দ্বৈকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকায় সে জ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে, ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্পদিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধ অতি সামান্য রোগও আরাম হয়। বিধাতার বিচিত্রবিধান বুঝাভার!

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন। প্লীহা জ্বর-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগীকে এই এক ৩নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

	বটিকার সংখ্যা,	মূল্য,	ডাঃমাঃ,	প্যাকিং
১নং কৌটা	১৮	৷৷০	।০	৵০
২নং কৌটা	৩৬	১৷০	।০	৵০
৩নং কৌটা	৫৪	১৷৷৵০	।০	৵০

ভ্যালুপেবলে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।

১২ নং মুক্তাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা

৩৭৪নং

পাঁড়ে ব্রাদার্স।

পুস্তক ও দেশী বস্ত্র বিক্রেতা।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।

এখানে ইংরাজি বাঙ্গালা সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য সর্ব্ব প্রকার পুস্তক, তৎসমস্তের নানা প্রকার কি, নোট, অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি সর্ব্ব প্রকার পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে। বিলাতি পুস্তক বিলাত হইতে আনা হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷৵ টাকা ১৸০ মূল্য জোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও ব্যবহারীর জন্য চলিবে ও ২৷৷০, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ নয়নসুখ, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকটও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য ।০/০ বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ ৵০
৩২ খানি উৎকৃষ্ট চিত্রসহ

নীতি কথামালা	।০	মানবতত্ত্ব	১৷০
আর্য্যচরিত	।০	ধর্ম্মবিজ্ঞান	১৲
আর্য্যশিক্ষা	৷৷৵০	অদ্ভুত স্বপ্ন বা	
বাঙ্গলা ব্যাকরণ	।৵০	স্ত্রী পুরুষের দ্বন্দ্ব	৷৷০
শিশু বিজ্ঞান	৵০	বিজ্ঞানসার	১৲
বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ	৵০	লীলাবতী (অঙ্কপুস্তক)	৷৷০

৪৪৫ নং শ্রীমনোমোহন পাঁড়ে

শ্রীমদ্ভগবদ্গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ⁄০।

ঐ বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ।⁄০ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা মূল্য ⁄০ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা উৎকৃষ্টরূপ বাঁধা মূল্য ॥০ আট আনা, ডাঃ মাঃ ⁄১০।

কবির (জীবন্মুক্ত মহাত্মা কবির সাহেবের ৫৫৭টী দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা-সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ ⁄১০।

কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০।১ন মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু
প্রণীত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য ⁄০ আনা
ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "
ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব।০ "

সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তালিকায় পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট—কলিকাতা।

নবশুভঙ্করী। মূল্য ।০

টেক্‌ষ্টবুক কমিটির অনুমোদিত তৃতীয় সংস্করণ, সংশোধিত এবং প্রেসিডেন্সী ও বর্দ্ধমান বিভাগের মধ্যবাঙ্গালা ও উচ্চ প্রাথমিক পরীক্ষার ৭।৮ বৎসরের শুভঙ্করী প্রশ্ন সম্বলিত। কলিকাতা সংস্কৃত প্রেস ডিঃ; এবং আমার নিকট প্রাপ্তব্য।

শ্রীপূর্ণচন্দ্র ভট্টাচার্য্য
হেডপণ্ডিত ভাটপাড়া ম, ইং স্কুল।
৮১৭ নং

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত
পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সর্ব্বত্রে প্রাপ্তব্য। শিক্ষকগণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৷৷০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।⁄০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীজমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ৷৵০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ⁄০ আনা। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৪৪ নং

সংক্ষিপ্ত পদার্থদর্শনের প্রশ্নোত্তর।

পণ্ডিত প্রবর শ্রীযুক্ত প্রসন্নকুমার চক্রবর্ত্তী প্রণীত। মূল্য ⁄০ পাঁচ আনা মাত্র। যত গুলি সং পদার্থদর্শনের প্রঃ উঃ এ পর্য্যন্ত প্রকাশিত হইয়াছে এখানা তাহাদের অপেক্ষা কোন অংশে নিকৃষ্ট নহে বরং অনেকাংশে উৎকৃষ্ট। যে স্কুলে এক খানিমাত্র এই প্রঃ উঃ প্রবেশ লাভ করিয়াছে সে স্কুলের সমস্ত ছাত্রই ইহা ক্রয় করিতেছে। একত্রে এক প্যাকেটে ৫ খানি এই প্রঃ উত্তর লইলে স্কুলের শিক্ষকদিগকে শতকরা ১৫৲ টাকার হিসাবে কমিসন দিয়া থাকি; অধিকন্তু আমি নিজ হইতে ডাক মাশুল দিই। কাগজ, ছাপা ও বাঁধাই সমস্তই উৎকৃষ্ট। ভিঃ পিঃ ডাকে পাঠাইয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র দত্ত।
ভারত পুস্তকালয়, পটলডাঙ্গা, বৌবাজার পোষ্ট
৩৯৯নং কলিকাতা।

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু বৈকুণ্ঠনাথ মুখোপাধ্যায় বাসুদেবপুর স্কুল ১৮৯৪ জানুয়ারী শেষ ২৷৷০
" " গুরুদাস কুণ্ডু চৌধুরী মহিষাডি ১৮৯৪ জুলাই শেষ ৫৲
" " প্রসন্নকুমার চক্রবর্ত্তী ক্ষেত্তলাল স্কুল ১৮৯৩ নবেম্বর শেষ ৩৲
" " ইন্দ্রচন্দ্র ভট্টাচার্য্য অম্রগ্রাম ১৩০০ মাঘ শেষ ৩৲
" " তারাপ্রসাদ চক্রবর্ত্তী দারিয়াবাদ ১৮৯৩ ডিসেম্বর শেষ ৩৲
" " নীলমাধব ভট্টাচার্য্য চাঁচল ১৮৯৩ অক্টোবর শেষ ২৲
" " প্রসন্নকুমার মজুমদার পটুয়াইর ১৮৯৩ অক্টোবর শেষ ২৲
" " হরিনারায়ণ বন্দ্যোপাধ্যায় পাঁচড়া স্কুল ১৮৯৪ মার্চ্চ শেষ ৩৲
" " যোগানন্দ বন্দ্যোপাধ্যায় পাইকর নর্ম্মেল স্কুল ১৩০০ ফাল্গুন শেষ ২৷৷০
দেউলিয়া মডেল স্কুল ১৮৯৪ ফেব্রুয়ারি শেষ ৫৲

☞ এই পত্র হুগলি বুধোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

REGISTERED NO 33 1818.

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

নূতন সম্বৎ। ২৫শ খণ্ড। ১৬শ সংখ্যা। } ২১শে আশ্বিন শুক্রবার ১৩০০ সাল। ইং ৬ই অক্টোবর ১৮৯৩ খৃঃঅব্দ। { পরিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা।

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম)	৫	ষাণ্মাসিক	৩
ত্রৈমাসিক	২	প্রত্যেক সংখ্যার	।৹

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৵৹ ৩য় বার /১০ চতুর্থ বা তদূর্দ্ধ বার /০। (জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৵০।)

অর্দ্ধবার্ষিক বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে প্রকাশিত হয়।

তিন মাসের অধিক বিজ্ঞাপন প্রকাশ করিলে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম প্রদত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

যাঁহারা এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য মণি টাকায় দিবেন, তাঁহারা তাঁহাদের নিকটবর্ত্তী এজেণ্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণিঅর্ডার ফরমে স্পষ্ট করিয়া নাম, টিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

এডুকেশন গেজেটে বিজ্ঞাপন প্রকাশের সুবিধার জন্য ১৫৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটরিতে একটী এজেন্সি খোলা হইয়াছে। তথায় বিজ্ঞাপন ও তৎপ্রকাশের মূল্য জমা দেওয়া যায়।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যূন বিলম্ব হইলে আমার স্থানীয় পিয়নের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

কলিকাতা	শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়। সংস্কৃতযন্ত্রের পুস্তকালয় ১৫৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।
	চণ্ডীচরণ মজুমদার—সেক্রেটারিয়েট জুডিসিয়াল ডিপার্টমেণ্ট।
২৪ পরগণা	মতিলাল মৈত্র—আলিপুর।
আলিপুর	ভূপালচন্দ্র গঙ্গোপাধ্যায়—উকিল।
বারাকপুর	শ্রীযুক্ত বাবু ভুবনমোহন নিয়োগী।
ভবানীপুর	রাজকৃষ্ণ রায় চৌধুরী।
চুয়াডাঙ্গা	যদুনাথ চৌধুরী।
হাবড়া	হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম	ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী	শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর	ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান	চারুচন্দ্র চট্টোপাধ্যায়।
	রসিকলাল দাস—রায়না।
যশোহর	কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
সিউড়ী	অম্বিকাচরণ মুখোপাধ্যায়।
	নীলমণি ভট্টাচার্য্য।
বাঁকুড়া	রামেশ্বর সেন—বিষ্ণুপুর।
	অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর	উমাচরণ দে।
জলপাইগুড়ি	নীলমণি পাল।
রাঁচিপুর	নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর।
	ভগবান প্রসাদ।
বারাণসী	সোমনাথ ভাদুড়ী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর	আদিনাথ মিত্র।
	দ্বারকানাথ বাগচি—নিলফামারি।
রাজসাহী	কালীনাথ চৌধুরী—বোয়ালিয়া।
পাবনা	মহেন্দ্রনাথ দত্ত।
	রজনীকান্ত ভট্টাচার্য্য।
	রামচন্দ্র চক্রবর্ত্তী।
	ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, ভুলাই।
	উমাচরণ পাড়ে, সিরাজগঞ্জ।
ঢাকা	সতীশচন্দ্র ঘোষ।
হাওড়ার পরগণা	যজ্ঞেশ্বর মুখোপাধ্যায়—ডুমরু।
পাকুড়	রাধাকৃষ্ণ সাম্বেল।
খুলনা	হরিহর দাস।
	জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।
দিনাজপুর	রাজকুমার চক্রবর্ত্তী ফুলবাড়ি।
	ভুবনেশ্বর গুপ্ত।
	দুর্গাদাস সুর—রায়গঞ্জ।
	শশিভূষণ রায়।
কোচবিহার	ভুবনমোহন দত্ত।
ফরিদপুর	কালীকিশোর ঘোষ—সাদাদিপুর।
মজঃফরপুর	কেদারনাথ বন্দোপাধ্যায়—উকিল
দ্বারভাঙ্গা	গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক সুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সমস্তীপুর
বৈদ্যনাথ	যোগীন্দ্রনাথ বসু হেড মাষ্টার, দেওঘর।

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিবিধ বিজ্ঞাপন।

শ্রীরামেশ্বর সেন কৃত

১। উচ্চপ্রাথমিক সহজ-পরিমিতি মূল্য ।০।

২। নিম্ন-প্রাথমিক সহজ-পরিমিতি (কেবল দেশীয় রীতির নিয়মাদি)

ভাল কাগজে ছাপা ৵০

চলিত কাগজে ছাপা ৵০

৩। নিম্ন-পুরস্কার পরীক্ষা—

পাঠশালার ছাত্রগণের অত্যাবশ্যকীয় অভিনব পাঠ্য পুস্তক।

ভাল কাগজে ছাপা ৵০র স্থলে ৵১০

চলিত কাগজে ছাপা ৵১০র স্থলে ৵০

কলিকাতা ও বাকুড়া জেলার বহির দোকানে প্রাপ্য।

৪। "উচ্চ-পুরস্কার পরীক্ষা" শীঘ্রই বাহির হইবে।

৪১২নং

গিরিশ লাইব্রেরী।

এখানে ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল, এ, বি, এ ক্লাসের সর্ব্বপ্রকার পাঠ্যপুস্তক ও অপর পুস্তকাদি এবং নাটক, নভেল প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়। ভিঃ পিঃ ডাকেও পুস্তক পাঠাই। ২১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৮৪নং

এল, ভি, মিত্র এবং কোং।

বহুপ্রতিষ্ঠ ও কলিকাতা ও অন্যান্য স্থানের দক্ষ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৩৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক রুবিনি ক্যাম্ফার ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৷৷০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৬৲ ও ৭৲, শিশুচিকিৎসা ২৷৷০, বামাচিকিৎসা ২৲ জ্বর চিকিৎসা ৸০ ও ১৸০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৸০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমার কলিকাতার মহামেলার এই শ্রেণীতে ভারতের রাজা সংক্রান্ত এবং এখানকার ও অন্যান্য স্থানের সম্ভ্রান্ত চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি।

৭ম

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্ত লালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা লোয়ার সার্কো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীতে সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত কালিদাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১৷৷০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

REDUCTION IN PRICE OF CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta, Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free, at 4 oz, Rs3—4: 8 oz, Rs 6—8: 16 oz, Rs 12—12. Cash with order.

No. 331

বুধোদয় যন্ত্র।

ইহাতে বুধোদয় যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষর ও তাহার সরঞ্জাম প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানাপ্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় বাবতীয়ফারম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, গ্যাওবিল, জমিদারীর জমাওয়াশীল ফরম, ডাক্তারি লেবিল ওবিল নানাপ্রকার ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পাদিত হইয়া থাকে। বিশেষ বন্দোবস্ত করিলে সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা টাইপিস অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও স্মল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া দপ্তরী দ্বারা পুস্তক প্রস্তুত করিয়া রীতিমত বান্ধবন্দী করিয়া রেলে বা জাহাজে যাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি, গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন, ছাপার রেট ও অন্যান্য বিবরণ জানিতে ইচ্ছা করিলে আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পরিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

কার্য্যাধ্যক্ষ।

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১৯ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।

ডাকমাশুল ৵০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৵০

পদ্য ব্যাকরণ মূল্য ৵১০

প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য ৵১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায়) পাওয়া যায়।

শ্রীভিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

রিপণ-ডিপজিটারী।

৫২ নং দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য ও নাটক নভেল অতি সুবিধায় সরবরাহ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পিঃ ডাকে পুস্তক পাঠাই। প্রেরণ ব্যয় ৵০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়।

শ্রীশশিভূষণ সাহা
ম্যানেজার।

৩৮০ নং

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মতামত নহে।

ডিম্ব।

ডিম্ব তিন অংশে বিভক্ত। প্রথম অংশ—খোলা। ইহাকে ডিম্বের কঠিন আবরণ কহে। এই অংশে খনিজ পদার্থ আছে। দ্বিতীয় অংশ—অণ্ডলাল। ইহা চট্‌চটে; সিদ্ধ করিলে এই অংশ সাদা হয়। তৃতীয় অংশ—রঞ্জিত। এই অংশকে অনেকে ডিম্বের "রঞ্জিত কুসুম" বলে। ইহা সিদ্ধ করিলে হরিদ্রাবর্ণ হয়।

ডিম্বকে ১০০ শত ভাগ করিলে উহাতে ১০ ভাগ কঠিন আবরণ (খোলা), ৩০ ভাগ অণ্ড কুসুম, এবং ৬০ ভাগ অণ্ডলাল পাওয়া যায়।

এক একটি ডিম্বের প্রতি সহস্রাংশে ১৪০ ভাগ রক্ষকারীয় দ্রব্য থাকে। এই দ্রব্য অত্যন্ত বলকারক। ইহা ছাড়া উহাতে ১০০ ভাগ মেদ, ১০ ভাগ বিবিধ লবণ এবং ৭৫০ ভাগ জল পাওয়া যায়।

কেবল অণ্ডলালের প্রতি সহস্রাংশে,—

রক্ষকারীয় দ্রব্য	৩০৪
বিবিধ লবণ	১৮
জল	৭৮০
মেদ	সাহ।

ডিম্বের রঞ্জিত অংশে,—

রক্ষকার সদৃশীয়	১৬০
মেদময় দ্রব্য	৩০৭
বিবিধ লবণ	১৩
জল	৫২০

ডিম্বের কঠিন আবরণটী সচ্ছিদ্র। উহার ভিতর দিয়া বায়ু প্রবেশ করিয়া, ডিম্বমধ্যস্থ দীপক ক্রমে ক্রমে রক্ষকারক এসিডে রূপান্তরিত হয়। রক্ষকার পর ঐ এসিডে ডিম্বের কঠিন আবরণটী দ্রব করিয়া খনিজ পদার্থ লইয়া ভ্রূণটীর পুষ্টিসাধন করে। এই জন্য ক্রমে ভ্রূণ যত বড় হয়, ততই খোলা পাতলা হইতে থাকে। ডিম্ব-খোলার খনিজ পদার্থ সমস্ত শেষ হইলে খোলাটী আপনি ভাঙ্গিয়া যায়। এদিকে ভ্রূণও পূর্ণাবস্থা প্রাপ্ত হইয়া বাহির হয়। ডিম্বমধ্যে ভ্রূণটী রঞ্জিত অংশে থাকে। পাছে ভ্রূণটী নষ্ট হয়, এই জন্য ঐ অংশটী অতি সূক্ষ্ম চর্ম্ম আবরণে আবৃত। আবৃতের মুখ দুইটী ডিম্বের কঠিন আবরণের (খোলার) মুখ-দ্বয়ের সহিত বিশেষভাবে সংযুক্ত। অণ্ডকুসুম অণ্ডলালের ভিতর ঠিক যেন চর্ম্মের থলি করিয়া রাখা হইয়াছে।

অণ্ডলাল—বড় চট্‌চটে। উহা অনেক শিল্প কার্য্যে ব্যবহৃত হয়। ফটোগ্রাফি এবং জল-ছবির কাগজ উহা দ্বারা হয়। সোনালী প্রভৃতির দ্বারা গিল্ট করিবার সময় এই দ্রব্যের প্রয়োজন হয়। ইহাকে সিদ্ধ করিলে সাদা হয়। বেশী সিদ্ধ করিলে কঠিনভাবে সাদৃশ্য হয়; তখন উহা খাইলে সহজে পরিপাক হয় না। এই অংশ ভাজিয়া বা রান্ধন রাঁধিয়া খাইলে, কোষ্ঠবদ্ধ হয়। অণ্ডলাল কাঁচা বা অর্দ্ধ সিদ্ধ খাইলে সহজে পরিপাক হয়। অণ্ডলাল খাইয়া রীতিমত পরিশ্রম না করিলে, বাত, মুত্রযন্ত্রের পীড়া প্রভৃতি হইয়া থাকে। তুঁতে কিম্বা সেঁকো প্রভৃতি বিষাক্ত দ্রব্য খাইলে, এই অণ্ডলাল দুগ্ধ, জল কিম্বা চিনি দিয়া খাওয়াইলে বিশেষ উপকার হইয়া থাকে।

অণ্ডকুসুম—এই অংশে মেদ আছে। ডিম্বের এই অংশ লঘুপাক ও পুষ্টিকর। আমরক্তাল্পে বা ব্যাধি বশতঃ জীবনীশক্তি দুর্ব্বল হইলে ডাক্তারেরা এই অণ্ডকুসুম লইয়া উহার সহিত ব্রাণ্ডি ও চিনি মিশাইয়া খাইতে দেন। ইহাকেই এগ্-মিক্সচার বা ব্রাণ্ডি মিক্সচার বলা হয়। এই অংশ শীতল জলে রাখিয়া সিদ্ধ করিলে সুসিদ্ধ হয়, নচেৎ গরম জলে ডিম্ব নিক্ষেপ করিলে, অণ্ডকুসুম সুসিদ্ধ হয় না। উত্তমরূপে সিদ্ধ করিয়া না লইলে ইহা বলকারক হয় না।

সদ্য ও পুরাতন ডিম্ব পরীক্ষা। পূর্ব্বে বলিয়াছি, ডিম্বের খোলা সচ্ছিদ্র। ডিম্বকে বাতাসে রাখিয়া দিলে, উহার ভিতরের জল বায়ু হইয়া বাহির হইয়া যায়, পরন্তু ডিম্বের জল বাহির হইয়া গেলে, উহার স্থানে তখন বায়ু অবস্থিতি করে। এই পরীক্ষা দেখিবার সহজ উপায় যথা—যদ্যপি একটী ডিম্ব আজ ওজন করিয়া বাতাসে রাখি। ২।৪ দিন পরে উহাকে পুনরায় ওজন করিলে দেখিতে পাইব উহার ওজন কম হইয়াছে। মোটের উপর ইহাদ্বারা এই জানা গেল যে, ডিম্ব যত ভাতে ভারী ঠেকিবে, ততই উহার সদ্যাবস্থা, এবং হস্তে বাজা ঠেকিলেই উহা পুরাতন বলিয়া বুঝিতে হইবে।

(২) গরম জলে যে ডিম্ব রাখিলে দেখিবে কিছুই হইল না, উহাকে পুরাতন জানিবে। সদ্য-ডিম্ব গরম জলে ফেলিলেই ফাটিয়া যায়।

(৩) দশ ভাগ জল এবং এক ভাগ লবণ চূণে মিশ্রিত করিয়া এই জলে ডিম্ব রক্ষা করিলে যে ডিম্ব ভাসিবে তাহা পুরাতন, এবং যে ডিম্ব ডুবিবে তাহা নূতন বা সদ্য-প্রসূত। পুরাতন ডিম্ব খাইলে পেটের ভিতর বৃহৎ কৃমি হয়।

ডিম্ব সংরক্ষণ। চূণ কিম্বা চূণের জলের ভিতর ডিম্ব রক্ষা করিলে কয়েক মাস পর্য্যন্ত ভাল থাকে। চূণের জল অন্ধকারে রাখিবে। গাঁদের আটা অথবা তৈল মাখাইয়া ডিম্ব রাখিলে, শীঘ্র নষ্ট হয় না। লবণজলে কিছুদিন ভিজাইয়া রাখিয়া পরে বাতাসে রাখিলেও ডিম্ব ভাল থাকে। করাতের গুঁড়া অথবা কয়লা চূর্ণের মধ্যে ডিম্ব রাখিলে অনেক দিন পর্য্যন্ত ভাল থাকে। ডিম্বকে যে দ্রব্য দিয়া সংরক্ষিত করা হয়, ডিম্ব তাহার গন্ধ কিছু না কিছু পাইয়া থাকে; অর্থাৎ চূণের জলে রাখিলে চূণের গন্ধ হয় ইত্যাদি।

যাঁহারা আদৌ শারীরিক পরিশ্রম করেন না, গাড়ি পাল্কি করিয়া বেড়ান, তাঁহাদের ডিম্ব খাওয়া কখনই উচিত নহে। ইহা নিম্ন-শ্রেণী শ্রমজীবী-দিগের পক্ষে স্বাস্থ্যকর খাদ্য।

৺ রামকৃষ্ণ পরমহংস দেবের উক্তি।

(পূর্ব্ব-প্রকাশিতের পর।)

(৮) যেমন হাঁড়িতে চাল, ডাল, আলু প্রভৃতি একত্রিত করিয়া রাখিলেও ইচ্ছাক্রমে প্রত্যেক দ্রব্যকে বাহির করিয়া লওয়া যাইতে পারে, কিন্তু উহাতে উত্তাপ দিলে, আর কাহার স্পর্শ করিবার শক্তি থাকে না, সেইরূপ মনুষ্যরূপ হাঁড়িতে বিদ্যা, ধন প্রভৃতি থাকিলেও মানুষ যখন অহঙ্কাররূপ তাপে উত্তাপিত হয়, তখন কেহ তাহাকে স্পর্শ করিও না।

(৯) মুক্ত হব কবে? "আমি" যাব যবে।

(১০) সংসারে থাকিয়া যেমন সকল বিষয়ের জমা খরচ কর, এবং লাভ লোকসান খতাও, সেইরূপ "মনের" একটা জমা খরচ রাখিও এবং লাভ লোকসান খতাইও। মন প্রথমে পূর্ণ থাকে, তাহার পর সতরাঞ্চের বিদ্যা শিক্ষায় দুই আনা, স্ত্রীতে আট আনা, পুত্র কন্যায় চারি আনা, এবং বিষয়ে দুই আনা ব্যয়িত হয়। এতদ্ভিন্ন অন্য বিষয়েও মনের ব্যয় দেখা যায়। কোন্ বিষয়ে কত আনা মন ব্যয় করিয়া লাভ কত আনা হইল, খতাইয়া দেখিবে এবং স্থায়ি-সাকুল্যে "পাঁচ"

বলিয়া বুঝিবে; অপ্রাপ্তি-লাভ না আমের গামিল পাইবে। যার যার ঠকলে, তখন মন দিয়া অন্য ব্যবসা করিবে।

(১১) কোন করিও ক্ষতি নাই, কিন্তু কাহাকেও দংশন করিও না।

(১২) ঈশ্বর লাভ করিবার জন্য কে লালায়িত হয়? বিধবা হইল মা বলিয়া লোকে কাঁদে, প্রিয় বিচ্ছেদে কাঁদে, কিন্তু ঈশ্বর লাভ হইল না বলিয়া এক ফোঁটা জল কে ফেলিয়া থাকে? যে কাঁদিতে জানে সে ঈশ্বরকে লাভ করিতে পারে।

(১৩) জল নড়িলে তন্মধ্যস্থিত সূর্য্য কিম্বা চন্দ্রের প্রতিবিম্ব যেমন দেখা যায় না, সেইরূপ স্থির মন না হইলে ভগবানের প্রতিবিম্ব দেখা যায় না। নিশ্বাস প্রশ্বাস দ্বারা মন চঞ্চল হয়, অতএব যে পরিমাণে নিশ্বাস প্রশ্বাস কমান যাইবে, সেই পরিমাণে মনও স্থির হইবে।

(১৪) "যেমন বাজারের বাহিরে দাঁড়াইয়া থাকিলে কেবল একটা শব্দ শুনা যায়, কিন্তু ভিতরে প্রবেশ করিলে, সেই এক শব্দই নানা ভাবে পর্য্যবসিত হইয়া থাকে; যথা, কেহ মাছ কিনিতেছে, কেহ বা অন্যান্য বস্তু খরিদ করিতেছে ইত্যাদি, তেমনি দূর হইতে ঈশ্বরভাব সর্ব্বত্রই এক বলিয়া বুঝা যায়, কিন্তু ভাবের ঘরে বহু হইয়া থাকে।

(১৫) লুকাচুরি খেলিবার সময় যে বুড়ীকে স্পর্শ করিতে পারে, সে আর চোর হয় না। সংসারে যে কেহ হরিপাদপদ্মে শরণাগত না হইয়া সংসার-ক্ষেত্রে ঘুরিয়া বেড়াইবে, তাহাকে বার বার গর্ভ যাতনায় পড়িতে হইবে।

(১৬) যেমন ধান পুঁতিলে গাছ হয়, তদ্রূপ-পন্ন ধানে আবার গাছ হয়, অর্থাৎ অনন্ত কাল পর্য্যন্ত সেই ধান পুনঃ পুনঃ জন্মিয়া থাকে, কিন্তু সে ধানগুলি অগ্নির উত্তাপে জলের সহিত সিদ্ধ করা যায়, তাহারা আর ধানের অঙ্কুরও হইতে পারে না, তেমনি যে জীব তত্ত্ববিচাররূপ জ্ঞানাগ্নি দ্বারা ভক্তিবারি সহযোগে সিদ্ধ হইতে পারিবে, তাহাকে আর পুনরায় জন্মগ্রহণ করিতে হইবে না।

(১৭) উপদেশ সকল শরীর দিয়া পালন করিবে। পুস্তক দেখিয়া বাজনার গৎ মুখস্থ অনেকে করিতে পারেন, কিন্তু অঙ্গুলি দিয়া তাহা যন্ত্রমধ্যে আনয়ন করা কঠিন।

(ক্রমশঃ)

পরিবর্ত্তন।

১

ভূত বর্ত্তমান ভবি আলোচনা
পায় দিবা জ্ঞান, মানব কত
পরিবর্ত্তিসহ জগৎ রচনা
পাগলের মন-আশার মত।

২

কীটাণু, পতঙ্গ, খাপদ, মানব,
শিলা, শৈল, সিন্ধু, অরণ্যজাল,
কে ভবে সংসারে অক্ষয় অশরীর?
কাহারও সমানে যাবে না কাল।

৩

তারুণ্য বৃদ্ধত্ব অভ্যুদয় ক্ষয়,
হরষ বিষাদ দেহসুখ রোগ,
প্রণয়-প্রণয় স্নেহ-বিদ্বেষায়
এক সহ আর পেয়েছে যোগ।

৪

পল দণ্ড দিন পক্ষ ঋতু মাস
বর্ষ যুগ কল্প যতই যায়,
পার্থিব পদার্থ পরিবর্ত্ত দাস
মুক্তকণ্ঠে তারা ইহাই গায়।

৫

এই দেখি দিবা অবনী আকাশ
গুহা গৃহমাঝ আলোকে ভরা
আবার প্রদোষ, লুপ্ত রবিভাস
নক্ষত্র-মুকুতা-মালিকা পরা।

৬

শারদীয় ভোগ, হেমন্ত লইয়া
ত্যজি মহীতল যেতে না যেতে,
হিমানী, বিজয় পতাকা ধরিয়া
শাসে জীবদেহ দরপে মেতে।

৭

স্থান বস্ত্র শিক্ষা ধরা-অলঙ্কার,
ছিল কত নর কত বা জাতি,
জ্ঞান পরাক্রমে খুলি ভাগ্যদ্বার
মোহ মহাতমে জ্বালিল বাতি।

৮

ভবিষ্য বংশের বাড়াইতে সুখ
তনু তনু করি প্রগাঢ় শ্রমে
নিজ সুখে যারা ছিল পরাঙ্মুখ
কোথা গেল তারা কালের ক্রমে।

৯

কাহুনী প্রবাহে তপ-শুভ্র মত
পরিবর্ত্ত স্রোতে গিয়াছে ভাসি,
অতীত জাতির বংশধর যত
শুষ্ক ভূমিতাপ পূরিছে আসি।

১০

নহে বহুদিন আর্য্য-আলাপারী
আরব পারশ্য তুরুষ্কবাসী
বিপক্ষ শোণিতে সুধাসার ভাবি
করেছে প্রলয় ভারতে আসি।

১১

আসিল ইংরেজ শাসিতে সম্বরে
অপার পয়োধি গোষ্পদ মানি,
ভারত উজ্জ্বল যার অধিকারে
রবিতেজে যথা যামিনীজানি।

১২

নিজ নিজ দেহে প্রমাণ অদ্ভুত
ভ্রমিয়া কি কাজ বিশাল ধরা,
কালসূত্রে তাহে সদা অনুস্যূত
শৈশব, যৌবন, বার্দ্ধক্য, জরা।

১৩

মিছে ভোগসুখ ভবে ভবস্থলী
চিরসুপ্ত ধাম, কল্পনা গুণে
গোচর পদার্থে অতীন্দ্রিয় বলি
দিলে উ দেশ কেহ কি শুনে।

১৪

পরিবর্ত্ত চক্রে পেষিত চূর্ণিত
নরলীলা ভূমি শুধু না হবে,
স্বর্গধাম সহ দেব অগণিত
আকাশ নক্ষত্র কিছু না রবে।

১৫

বিধি, পরিবর্ত্ত, সমশক্তিধারী
ভাঙ্গা, গড়া, কাজে উভয়ে ব্রতী,
আসমুদ্র রাজা কখন ভিখারি
কভু চির দীন অগতী পতি

১৬

অতি পরিবর্ত্ত-আকুল সংসারে
বটে ভাবান্তর সকলে পায়
কিন্তু কার্য্যফল, সদা সমাকারে
লোক শিক্ষা হেতু বিচরে তায়।

শ্রীহরিলাল সিংহ
সিউড়ী বাঙ্গালা স্কুল

এডুকেশন গেজেট।

২১শে আশ্বিন ১৩০০। ইং ৬ই অক্টোবর ১৮৯৩।

বড় লাটের বক্তৃতা।

আমাদের বড় লাট বাহাদুর লর্ড ল্যান্সডাউনের শাসনকালের আর কয়েক মাস মাত্র অবশিষ্ট আছে। সম্প্রতি সিমলা ইউনাইটেড্ সর্ভিস ক্লবের সদস্যগণ মিলিয়া তাঁহাকে বিদায়-ভোজ প্রদান করিয়াছেন। সদস্যগণ মধ্যে অনেকেই এই ভোজের সভায় বক্তৃতা করিয়াছিলেন। বড় লাট বাহাদুর সেই সকল বক্তৃতার প্রত্যুত্তরে যে কয়েকটি কথা বলিয়াছিলেন আমাদের পাঠকবর্গের অবগতির জন্য নিম্নে তাহার সারাংশ বিবৃত করা যাইতেছে—

"আমার কর্ম্ম পরিত্যাগের আর চারিমাস কাল অবশিষ্ট আছে। শাসনকাল মধ্যে অনেক সময় আমি আপনাদিগের সহবাসে কাটাইয়াছি। আজ আমার সেই শাসনকালের শেষ সময় উপস্থিত। অত্যল্পকাল মধ্যে আপনাদিগের নিকট হইতে বিদায়গ্রহণ করিতে হইবে ভাবিয়া আমি যে আন্তরিক কতই ক্লেশানুভব করিতেছি তাহা আর কি বলিয়া জানাইব।

ভারতীয় রাজপ্রতিনিধির যে তিলার্দ্ধ অবসর গ্রহণের সময় নাই, সভাপতি মহাশয় স্বীয় বক্তব্য মধ্যে সে কথা ব্যক্ত করিয়াছেন। এটি অত্যুক্তি নহে। বর্ষার সময়ে এই সিমলা শৈলের মস্তকোপরি একখানি মেঘের অপগম হইলে আর একখানি যেমন তাহার স্থান অধিকার করিয়া বসে, ভারতগবর্ণমেণ্টেরও সেইরূপ একটি উদ্বেগের কারণ অবসান হইতে না হইতেই আর একটি উদ্বেগের কারণ আসিয়া উপস্থিত হয়। এই বিপুল ভারত সাম্রাজ্যের সীমান্ত-প্রদেশসমূহ সুব্যবস্থিত নহে; তত্রত্য অধিবাসিগণও অস্থির প্রকৃতিক। ভারতের বহুসংখ্যক অধিবাসী কখন প্রাচ্য ধর্ম্মানুরাগে পরিচালিত, কখনও বা উন্নত পাশ্চাত্যভাবে বিক্ষুব্ধচিত্ত। এরূপ সাম্রাজ্যের শাসনকর্ত্তাকে যে সদাই উদ্বিগ্ন থাকিতে হইবে ইহা আশ্চর্য্যের বিষয় নহে। সহকারী বর্গের সাহায্য না পাইলে রাজপ্রতিনিধির এই উদ্বেগ ও কষ্ট অসহনীয় হইয়া উঠিত।

সভাপতি মহাশয় বলিয়াছেন "বাটার বিপত্তিহেতু পবলিক সর্ভিসের কর্ম্মচারীদিগকে যে ভয়ানক ক্ষতি সহ্য করিয়া আসিতে হইতেছিল, ভারতগবর্ণমেণ্ট তাহার কতকটা প্রতিকার বিধান করিয়াছেন।" এ প্রসঙ্গে আমি ইতিপূর্ব্বে অনেক কথা বলিয়াছি। এক্ষণে আর অধিক কিছু বলিতে চাহি না। প্রকৃতপক্ষে ইহার জন্য আমাকে বড়ই লাঞ্ছনা ভোগ করিতে হইয়াছে। একপক্ষে আমি যেমন পবলিক সর্ভিসের প্রধান, অন্য পক্ষে আবার তেমনি মহারাণীর প্রতিনিধি। পবলিক সর্ভিসের প্রধান বলিয়া উহার ন্যায্য দাবীর দিকে আমাকে দৃষ্টি রাখিতে হইবে; আর সেই ন্যায্য দাবীর পরিপূরণ যাহাদিগের টাকা হইতে হইবে, মহারাণীর প্রতিনিধি বলিয়া আমাকে ভারতের সেই কোটি কোটি প্রজাপুঞ্জেরও শুভের দিকে চাহিয়া কার্য্য করিতে হইবে। যাহাতে উভয় পক্ষই বজায় থাকে এরূপভাবেই আমি কার্য্য করিয়াছি; কিন্তু আমি জানি আমার ব্যবস্থা অনেকের মনোমত হয় নাই। আমি তাঁহাদের জন্য যতটুকু সুবিধা করিতে পারিয়াছি তদপেক্ষা বেশী সুবিধার আশা তাঁহারা করিয়াছিলেন। তাঁহাদের যে কষ্ট হইয়াছে তাহা বুঝিতে পারিতেছি, কিন্তু কি করি। তাঁহাদিগের মধ্যে কেহ যদি আমার পদে অধিষ্ঠিত থাকিতেন তবে এরূপ অবস্থায় তিনি কিরূপ উপায় কল্পনা করিতেন তাহা জিজ্ঞাসা করি।

টাকশালে রৌপ্যমুদ্রণ বন্ধ করিয়া দেওয়া হইয়াছে বলিয়া অনেকে প্রমাদ গণিতেছেন। এই দুরূহ বিষয়ের সবিস্তার আলোচনায় আর আমি এক্ষণে প্রবৃত্ত হইব না। কেবল এই কথাটী বলিয়া রাখি যে, আমাদের নিরাশ হইবার কোন কারণ উপস্থিত হয় নাই। কোন মুদ্রার ধাতুগত মূল্য বাড়াইতে হইলে একমাত্র উহাকে কৃত্রিম উপায়ে দুষ্প্রাপ্য করা ভিন্ন আর অন্য উপায় নাই। এই সামান্য তথ্যটি আমাদের স্মরণ রাখা উচিত। যাঁহারা এ বিষয় ভালরূপ বুঝিতে সমর্থ, উল্লিখিত রৌপ্য মুদ্রণ বন্ধ করা রূপ ব্যাপারটি নিষ্ফল হইয়াছে বা হইবে বলিয়া তাঁহারা স্বীকার করিবেন না।

কিছু কাল ধরিয়া রূপার দর ক্রমশঃই পড়িতে থাকায় রূপার অবস্থা

বড়ই শোচনীয় হইয়া দাঁড়াইয়াছিল। প্রধান প্রধান ইউরোপীয় রাজ্যসমূহে রৌপ্যমুদ্রণ বন্ধ হইয়া গেলেও রূপার উৎপত্তি ক্রমশঃই বৃদ্ধি পাইতেছিল। ২০ বৎসর পূর্ব্বে যখন ১ আউন্স রূপার দর প্রায় ৫ শিলিং ছিল তখনও ৬ কোটি ৫০ লক্ষ আউন্সের অধিক রূপা উৎপন্ন হয় নাই, কিন্তু গত বৎসর রূপার দর প্রতি আউন্স ৩৮ পেন্সে নামিলেও ১৫ কোটি ২০ লক্ষ আউন্স রূপা উৎপন্ন হইয়াছিল। এই উৎপন্ন রূপার প্রায় এক চতুর্থাংশ এদেশে আসিয়াছিল। এরূপ অবস্থায় আমাদের কি করা কর্ত্তব্য। ব্রুসেলসের মুদ্রা সমিতির ফলাফলের জন্য আমরা অপেক্ষা করিয়াছিলাম; কিন্তু যখন দেখিলাম তাহাতে এবং অপরাপর উদ্যোগেও কোন ফল হইল না তখন আমাদিগের অবলম্বিত পথ অর্থাৎ টাকশালে রৌপ্যমুদ্রণ বন্ধ করিয়া দেওয়া ভিন্ন আর উপায়ান্তর ছিল না। উক্ত উপায় অবলম্বন না করিয়া ইউনাইনটেড-ষ্টেট্‌স কর্ত্তৃক শর্ম্মন আইন রদ করিয়া দেওয়া পর্য্যন্ত এবং রূপার দর টাকায় ১ শিলিঙ্গে দাঁড়ান পর্য্যন্ত যদি অপেক্ষা করিতাম তাহা হইলে যে অনিষ্টাপাত হইত তাহার সহিত উপস্থিত (এই সামান্য) অসুবিধার তুলনা হইতে পারে কি?

এদেশের রাজনৈতিক আকাশে মধ্যে মধ্যে মেঘ দেখা দিয়া থাকে। আজ কয়েক বৎসর ধরিয়া ঐরূপ এক খানি মেঘ দেখা যাইতেছিল; কিন্তু সুখের বিষয় সেই মেঘখানি যে সরিয়া যাইবে এক্ষণে তাহার কোন কোন চিহ্ন দেখা যাইতেছে। আফগানিস্থানের বর্ত্তমান আমীরের রাজ্য রক্ষাবিষয়ে সন্ধি-সূত্রে ভারত-গবর্ণমেণ্ট আবদ্ধ আছেন। আমীরের সহিত সম্বন্ধ অধিকতর ঘনিষ্ঠ করিবার এবং আমরা যে তাঁহার মঙ্গলেচ্ছা করিয়া থাকি তাহা তাঁহাকে বুঝাইবার ইচ্ছা আমার অনেক দিন হইতে হইয়াছিল; কিন্তু নানারূপ প্রতিবন্ধকতা হেতু এ যাবৎ উহা ঘটিয়া উঠে নাই। সম্প্রতি আর কোন প্রতিবন্ধক না থাকায় আমীরের সম্মতিক্রমে তাঁহার রাজ্যে ইংরেজ দূত পাঠান হইয়াছে। এই দৌত্য-ব্যাপারে যে উদ্দেশ্য সুসিদ্ধ হইবে, এরূপ আমি মনে করি না। সীমান্ত প্রদেশসম্বন্ধীয় প্রশ্নসমূহের মীমাংসা বড় সহজসাধ্য নয়। ইংরেজদূত স্যর মর্টিমার ডুরাণ্ড আমীরের প্রতি বন্ধুচিত ব্যবহারে সকল কথা যাহাতে আপোষে মিটাইয়া লইতে পারেন তাহা করিবেন। তাঁহাকে উপদেশ এই রূপই দেওয়া হইয়াছে। যদিও সকল বিষয়ের সম্যক্ মীমাংসা এক্ষণে না হয়, তথাপি এই ব্যাপারে পরস্পরের মধ্যে বিশ্বাস ও সৌহৃদ্য বৃদ্ধি পাইয়া পরে হইবার পক্ষে পথ যে অনেকটা পরিষ্কৃত হইয়া থাকিবে এ কথা বলা যাইতে পারে।

পরমিট।

১৮৯২-৯৩ সালের বাঙ্গালার পরমিটের কার্য্যবিবরণী বিষয়ক রিপোর্টের উপর বাঙ্গাল গবর্ণমেণ্টের প্রকাশিত মন্তব্য হইতে নিম্নলিখিত কয়েকটি বিষয় উদ্ধৃত করা গেল—

সমগ্র বাঙ্গালা প্রদেশে উক্ত বৎসর সর্ব্বশুদ্ধ ৩২ কোটি ২২ লক্ষ ৯১ হাজার ৪০০ টাকা মূল্যের দ্রব্যাদি আমদানী ও ৫০ কোটি ৭৯ লক্ষ ৯২ হাজার ১১ টাকা মূল্যের দ্রব্যাদি রপ্তানী অর্থাৎ সর্ব্বশুদ্ধ ৮৩ কোটি ২ লক্ষ ৮৩ হাজার ৪১১ টাকার ব্যবসায় চলিয়াছিল। পূর্ব্ববৎসরে অর্থাৎ ১৮৯১-৯২ সালে ৩৫ কোটি ৩০ লক্ষ ৮৪ হাজার ৭২ টাকা মূল্যের দ্রব্য আমদানী এবং ৫১ কোটি ২ লক্ষ ৪৮ হাজার ৮৪৫ টাকা মূল্যের দ্রব্য রপ্তানী হইয়া সর্ব্বশুদ্ধ সুতরাং ৮৬ কোটি ৩৩ লক্ষ ৩২ হাজার ৯১৭ টাকার ব্যবসায় চলিয়াছিল। তুলনায় পূর্ব্ববৎসর অপেক্ষা উক্ত বৎসরে ৩ কোটি ৩০ লক্ষ ৪৯ হাজার ৫০৬ টাকা কম মূল্যের ব্যবসায় চলিয়াছে।

উক্ত বৎসর সমগ্র প্রদেশ হইতে আমদানী রপ্তানী শুল্কে গবর্ণমেণ্টের মোট ২ কোটি ৮৬ লক্ষ ৮৩ হাজার ৮৫০ টাকা লাভ হইয়াছে। উহার পূর্ব্ববৎসর এতদপেক্ষা ১ লক্ষ ৩২ হাজার ৯৬৭ টাকা কম লাভ হইয়াছিল; সুতরাং পূর্ব্ববৎসরের তুলনায় এ বৎসরে লাভ শতকরা ।৵৮ বৃদ্ধি পাইয়াছে, কিন্তু ১৮৮০-৮১ সালের সহিত তুলনা করিলে এ বৎসরের লাভ শতকরা ৮৷৷/১২ কম হইয়াছে। ইহার কারণ, ঐ সময়ে লবণের শুল্ক কমান হয় নাই এবং অস্ত্রশস্ত্রাদি এবং মদ ও আফিম—এই কয়টি দ্রব্য ভিন্ন আর আর সমস্ত আমদানী দ্রব্যের উপর শুল্ক মকুব করা হইয়াছিল।

আমদানী মাশুল সাধারণ পণ্যের উপর এবং রপ্তানী মাশুল কেবল

চাউলের উপর হইতে আদায় হইয়া থাকে। উক্ত বৎসর কেরসিন তৈলের উপর হইতে অধিক শুল্ক আদায় হওয়ায় আমদানী শুল্ক ৩ লক্ষ ২০ হাজার ৩৮৭ টাকা বৃদ্ধি পাইয়াছিল, কিন্তু পূর্ব্ববৎসরে চাউলের ব্যবসায়টা ততদূর সুবিধামত না চলায় এবং চাউলের দরও চড়িয়া যাওয়ায় রপ্তানী শুল্ক ৩ লক্ষ ১৬ হাজার ২০৭ টাকা কমিয়া গিয়াছিল।

মোট আদায় উক্ত বৎসর আমদানী শুল্কে ২ কোটি ৭১ লক্ষ ২২ হাজার ৬৭৬ টাকা এবং রপ্তানী শুল্কে ১৮ লক্ষ ৯৭ হাজার ৩৩০ টাকা হইয়াছিল। ইহার পূর্ব্ববৎসরে আমদানী শুল্কে ২ কোটি ৬৭ লক্ষ ৪২ হাজার ৯১৮ টাকা এবং রপ্তানীশুল্কে ২২ লক্ষ ৪৩ হাজার ৫৫১ টাকা আদায় হইয়াছিল। কলিকাতায় যে সকল আমদানী দ্রব্যের উপর হইতে শুল্ক আদায় হইয়া থাকে, তন্মধ্যে লবণ ও খনিজ তৈল—প্রধানতঃ এই দুই দ্রব্যের আমদানীই উক্ত বৎসর কিছু বেশী হইয়াছিল। লবণ হইতে আয় অল্পে অল্পে বৃদ্ধি পাইতেছে বটে কিন্তু তৈলের আয় সত্বরই বাড়িয়া উঠিয়াছে। মদ্য হইতে আয় অত্যল্পমাত্র বাড়িয়াছে, কিন্তু অস্ত্রশস্ত্রাদি ও আফিম হইতে আয় কিছু কমিয়াছে।

১৮৯১-৯২ সালে কলিকাতায় ২৮ কোটি ৬৫ লক্ষ ৭২ হাজার ৩৪২ টাকা মূল্যের দ্রব্য বিদেশ হইতে আমদানী এবং কলিকাতা হইতে ৩৮ কোটি ৯১ লক্ষ ৩৬ হাজার ৫৫৮ টাকা মূল্যের দ্রব্য বিদেশে রপ্তানী হইয়াছিল। এ বৎসরে ২৫ কোটি ৪৩ লক্ষ ১ হাজার ৪০৬ টাকা মূল্যের দ্রব্য আমদানী এবং ৪১ কোটি ৪ লক্ষ ১৬ হাজার ৪৩০ টাকা মূল্যের দ্রব্য রপ্তানী হইয়াছে। কাপড়, সুতা প্রভৃতি, ধাতুদ্রব্য, পশমী বস্ত্রাদি, চিনি, লবণ, মদ ও লৌহাদি নির্ম্মিত দ্রব্য—প্রধানতঃ এই কয়েকটি দ্রব্যের আমদানী এবং আফিম, তৈলোৎপাদক বীজ, চাউল, নীল ও গম এই কয়েকটি দ্রব্যের রপ্তানী পূর্ব্ববৎসর অপেক্ষা এ বৎসরে কম হইয়াছে। কেবল খনিজ তৈল (জ্বালাইবার) ও যন্ত্রাদি—এই দুই দ্রব্যের আমদানী এবং পাট, চা, গনিব্যাগ; গনিক্লথ, চামড়া ও তুলা—এই কয়েকটি দ্রব্যের রপ্তানী পূর্ব্ববৎসর অপেক্ষা এ বৎসরে বেশী হইয়াছে।

উল্লিখিত দুই বৎসরে কলিকাতায় যত টাকা মূল্যের প্রধান প্রধান যে কয়েকটি পণ্যের আমদানী ও রপ্তানী হইয়াছিল তাহার একটি তালিকা নিম্নে দেওয়া যাইতেছে—

আমদানী।

	১৮৯১-৯২	১৮৯২-৯৩
সুতা, কাপড় প্রভৃতি	১৩৫৫০৪৮০	১২৫১০৫৩৭২
ধাতুদ্রব্য	২৪৪৮৮০২৮	২০৮১৬২৪৮
খনিজতৈল জ্বালাইবার	১৩৪৪৯০৫২	১৫৬৪১১৪৩
কল, কব্জা ইত্যাদি	৮২৬৩৮৪৪	৮৩৩১০৩৩
পশমী দ্র।।	৬৩৮৪০২৫	৬১১৩২৬৯
চিনি	৪৭৩০৯৬৭	২৭২৭৫৫১
লবণ	৪২৫৩১১৬	৪৮৫৫৫৭৫
মদ্য	৪৪৯০৮৫৮	৪৪০০৭২৬
লৌহাদি নির্ম্মিত দ্রব্য	৩৪৪৪০৯৪	৩১২১৩৮৩

রপ্তানী।

পাট	৬০৮২৭৫২৪	৭১৯৭১৬৩৭
আফিম	৬০১৪৭৯১৫	৫৯৮৫০৩২৫
চা	৫৬৩৩১০৯৫	৬০৬৭৪০৮৬
তৈলোৎপাদক বীজ	৪১৩৪৫৭২৫	৩২২৫৯৪২৬
চাউল	৩২৬৮৭৬৮২	৩২৫২৬২৭১
নীল	২৬৩৬০৩৯৩	২৩০০৪৪৬১
পাট (গনিব্যাগ গনিক্লথ)	২৪৫৩৮৫৩৬	৩১৭৫৮২১৪
চামড়া	২২৫৭২৬৩৮	২৫০৮৪৯৩৯
গম	২১১৮৫১৭২	১৫২৪২৪৮৮
তুলা	৩০৮৫১৩৩	৬৩৪৮৫৩৭

পাটের উৎপত্তি বিষয়ক পূর্ব্বাভাস।

বাঙ্গালার সমগ্র জেলাগুলি মধ্যে ২১টি মাত্র জেলায় পাট প্রচুর পরিমাণে জন্মিয়া থাকে। ঐ ২১টি জেলায় কিঞ্চিন্যূন ৬৫ লক্ষ বিঘা ভূমিতে এ বৎসরে পাটের চাষ করা হইয়াছে। পূর্ব্ব বৎসরে এতদপেক্ষা ২৮ হাজার বিঘা কম ভূমিতে উহার চাষ করা হইয়াছিল।

বৎসরের প্রথম প্রথম খুবই বৃষ্টি হইয়াছিল। উত্তরাঞ্চলের কয়েকটী জেলা ব্যতীত আর সকল জেলাতেই মে মাসে এবং জুনের প্রথমার্দ্ধে অত্যধিক বৃষ্টিপাত হয়। এই অত্যধিক বৃষ্টি এবং ইহার আনুষঙ্গিক নদীর জল বৃদ্ধি—এই উভয় কারণে পাটের পক্ষে অনিষ্ট হইবে বলিয়া আশঙ্কা করা গিয়াছিল। এখন কিন্তু ফলেও ঠিক তাই দাঁড়াইয়াছে। মে, জুন ও জুলাইয়ের অবিরাম ও অত্যধিক বৃষ্টিতে অনেকানেক জেলায় পাট যথেষ্ট নষ্ট হইয়াছে। কোন কোন অংশে অসময়ে নদীর জল বাড়িয়াও আবার অনেকটা অনিষ্ট করিয়াছে।

রঙ্গপুর, জলপাইগুড়ি, দার্জ্জিলিঙ্গের সমতল ক্ষেত্র, দিনাজপুর ও পূর্ণিয়া—কেবলমাত্র এই কয়েকটী জেলায় পুরাই হউক অথবা কিঞ্চিন্যূনই হউক পাট জন্মিবে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। একমাত্র দিনাজপুর ব্যতীত উল্লিখিত আর কয়টি জেলায় মে ও জুন মাসে যথেষ্ট পরিমাণ বৃষ্টি হয় নাই। ত্রিপুরা, ঢাকা, ফরিদপুর, ২৪ পরগণা, নদীয়া; যশোহর ও মেদিনীপুর—

এই কয়টি জেলায়ও অত্যধিক বৃষ্টিতে পাটের অনেক ক্ষতি করিয়াছে। ত্রিপুরায় পাট ॥৵১০ আনা রকম জন্মিতে পারিবে। ঢাকায় ॥/১০, ফরিদপুরে ॥০, ২৪ পরগণায় ॥০, নদীয়ায় ॥/০, যশোহরে ।৶০, ও মেদিনীপুরে ॥০ আনা রকম। ৵০ আনা হইতে ।০ আনা রকম ক্ষতি আর আর সর্ব্বত্রই হইয়াছে। মোটের উপর ধরিলে পূর্ব্ব বৎসরাপেক্ষা এ বৎসরে পাট প্রায় ৵১০ আনা রকম কম জন্মিবে।

বিঘা প্রতি কিছু সর্ব্বত্র সমান পাট উৎপন্ন হইবে না; সুতরাং কোন্ জেলায় কত জন্মিতে পারিবে তাহার বিশ্বাসযোগ্য কোনরূপ অনুমান এ যাবৎ করিয়া উঠিতে পারা যায় নাই। তবে প্রতি তিন বিঘা আধ কাঠা ভূমিতে গড়ে ১২০০ পাউণ্ড বা ৩ গাঁইট পাট জন্মিবে—এইরূপ একটা অনুমান করিয়া লওয়া হইয়াছে। এই হিসাবে এ বৎসরে প্রায় ৪৵ লক্ষ গাঁইট পাট জন্মিতে পারিবে। গত বৎসর প্রায় ৫৭ লক্ষ এই রূপ গাঁইট পাট জন্মিয়াছিল।

এই উৎপন্ন পাটের মধ্য হইতে সম্ভবতঃ ২৫।২৬ লক্ষ গাঁইট রপ্তানী হইতে পারিবে বলিয়া অনুমান করা গিয়াছে। গত বৎসরে ৩১ লক্ষ গাঁইট পাট রপ্তানী করা হইয়াছিল।

সাপ্তাহিক শস্যসংবাদ।

মান্দ্রাজ—২০এ সেপ্টেম্বর পর্য্যন্ত এক সপ্তাহে মান্দ্রাজের সরকার প্রদেশে বেশ বৃষ্টি হইয়া গিয়াছে। ডেকান ও কর্ণাট প্রদেশের স্থানে স্থানে মাঝামাঝি রকম হইয়াছে। দক্ষিণ-পশ্চিম ও মধ্যভাগের জেলা-সমূহে সাধারণতঃ বৃষ্টি হয় নাই বলিলেই হয়; কেবল তাঞ্জোরের স্থানে স্থানে মোটামুটি কতকটা হইয়াছে। অনেকগুলি জেলায় জলাভাবে বীজবপন বন্ধ হইয়াছে এবং ক্ষেতের ফসলেরও অনিষ্ট হইতেছে। আশুধান্যের অবস্থা মন্দ নহে। গো-মহিষাদির খাদ্যাভাব ঘটে নাই, তবে স্থানে স্থানে গোচারণের অসুবিধা ঘটিতেছে। সরকার প্রদেশ এবং পশ্চিম উপকূলে শস্যের দর প্রায় সমান আছে; অন্যত্র সাধারণতঃ কিছু চড়িয়াছে।

বাঙ্গালা—সপ্তাহকাল মধ্যে বাঙ্গালার সর্ব্বত্র সাধারণতঃ বৃষ্টিপাত ভালই হইয়াছে। পূর্ব্ববঙ্গ ও বেহারের বন্যাপ্লাবিত স্থানসমূহ ব্যতীত আর সর্ব্বত্র ফসলের অবস্থা আশাপ্রদ। দরভাঙ্গা ও মজঃফরপুর জেলায় পুনর্ব্বার রোয়া আরম্ভ হইয়াছে। অনেকগুলি জেলায় বাসন্তি ফসলের বীজবপন আরম্ভ হইয়াছে। শস্যের দর সমানই আছে, কেবল বেহার প্রদেশের কোন কোন জেলায় একটু কমিয়া আসিতেছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। গবাদি পশুর অবস্থা সাধারণতঃ ভাল; পূর্ব্ববঙ্গের কোন কোন স্থান ভিন্ন আর সর্ব্বত্রই উহাদিগের খাদ্য যথেষ্ট আছে।

বোম্বাই—২৭এ সেপ্টেম্বর যে সপ্তাহের শেষ হইয়াছে ঐ সপ্তাহে বোম্বাই প্রেসিডেন্সীর সর্ব্বত্রই বৃষ্টিপাত হইয়াছে, কিন্তু সর্ব্বত্রই বিশেষতঃ ডেকান ও কর্ণাট অঞ্চলে এখনও বৃষ্টির অভাব আছে। ক্ষেতের ফসল কোথাও বা অত্যধিক বৃষ্টি কোথাও বা ইন্দুরে নষ্ট করিয়াছে। শেষোক্ত প্রকারে শস্যের অপচয় কেবল ৬টি জেলার কোন কোন অংশে হইয়াছে। ৩টি জেলায় আশুধান্য কাটা চলিতেছে। ২টি জেলা ব্যতীত শস্যের দর আর সর্ব্বত্রই সমান আছে। গো-মহিষাদির খাদ্যদ্রব্যের কোন অভাব নাই।

উত্তর পশ্চিম ও অযোধ্যা—যে সকল জেলা হইতে জল বৃষ্টির সংবাদ পাওয়া গিয়া থাকে ঐ সকল জেলায় প্রায় সর্ব্বত্রই বৃষ্টিপাত হইয়াছে। মধ্যভাগ ও আর আর কয়েকটী জেলায় অত্যধিক বৃষ্টি হইয়াছিল। শস্যের অবস্থা সর্ব্বত্রই অনুকূল। শারদ ফসল সংগ্রহ চলিতেছে এবং বাসন্তি বীজ বপনের জন্য জমির পাট হইতেছে। গোমহিষাদির কষ্ট নাই। শস্যের দর ক্রমশঃই পড়িতেছে।

পঞ্জাব—সিয়ালকোট ব্যতীত আর সকল জেলাতেই বৃষ্টিপাত হইয়াছে। অম্বালায় শারদ ফসল সংগ্রহ আরম্ভ হইয়াছে। বাসন্তি ফসলের জন্য জমিতে লাঙ্গল দেওয়া হইতেছে। ফসলসমূহের অবস্থা সাধারণতঃ ভাল বলিয়াই সংবাদ পাওয়া গিয়াছে, কেবল দেরা ইস্মাইল খাঁর স্থানে স্থানে জলাভাবে ফসলের অনিষ্ট হইতেছে। গরু বাছুর প্রভৃতির অবস্থা সাধারণতঃ ভাল। সাহপুরে কেবল উহাদিগের খাদ্যাভাব ঘটিতেছে, নতুবা অন্যান্য জেলায় খাদ্য

প্রচুর আছে। একটি জেলায় শস্যের দর স্থির নাই, তিনটি জেলায় দর কমিতেছে; অন্যত্র প্রায় সমান আছে।

মধ্যপ্রদেশসমূহ—ছত্রিশগড়ে খুব বৃষ্টি হইয়া গিয়াছে। সম্বলপুর ও চান্দায় অত্যধিক বৃষ্টি হইয়া ফসলের পক্ষে ক্ষতি হইয়াছে। নাগপুরে শীত ঋতুর ফসল বোনা আরম্ভ হইয়াছে। গোমহিষাদির কোন কষ্ট নাই।

মধ্যভারত—বৃষ্টি সাধারণতঃ সর্ব্বত্রই হইয়াছে। বাঘেলখন্দে প্রয়োজনাতিরিক্ত বৃষ্টি হইয়াছে। সর্ব্বত্রই চাষের উন্নতি দেখা যাইতেছে। বুন্দেলখণ্ড ও ভূপাবারে বাসন্তি ফসলের বীজবপন জন্য জমির পাট হইতেছে। ক্ষেতের ফসলের অবস্থা সর্ব্বত্রই ভাল, কেবল জল ও ঝড়ে বাঘেলখন্দের এবং কীটে ভূপাবারের কোন কোন স্থানে শস্য নষ্ট হইয়াছে। গোয়ালিয়রে শস্যের দর পড়িতেছে, ভূপালে চড়িতেছে, ভূপাবারের স্থানে স্থানে কোথাও চড়িতেছে, কোথাও পড়িতেছে; অন্যত্র সমান আছে।

রাজপুতানা—মাড়বারে ভালরূপ বৃষ্টি হইয়াছে; অন্যত্র অত্যল্পই হইয়াছে। চাষের কার্য্য ভালরূপ চলিতেছে, ক্ষেতের ফসলের অবস্থা ভাল, এবং গবাদি পশুর অবস্থা সাধারণতঃ সন্তোষজনক। চারিটি রাজ্যে শস্যের দর কমিতেছে, একটীতে কখন উঠিতেছে, কখন পড়িতেছে; অন্যত্র সমান আছে।

মহীশূর ও কুর্গ—হাসান, সেমোগা ও চিত্রলদুর্গের কোন কোন স্থান ব্যতীত আর সর্ব্বত্র ক্ষেতের ফসল শুকাইতেছে। দুইটি জেলা ব্যতীত আর সকলগুলিতেই শস্যের দর চড়িয়াছে। অবস্থা আশাপ্রদ বটে, কিন্তু বৃষ্টির এখনও খুবই আবশ্যক। কুর্গ প্রদেশে চাউল ও কাফির অবস্থা ভাল। রবি ফসল পাকিতে আরম্ভ করিয়াছে। শস্যের দর কিছু চড়া। গোমহিষ প্রভৃতি পশুর কোন কষ্ট নাই।

বেরার ও হয়দ্রাবাদ—বেরার প্রদেশে বৃষ্টিপাত ভাল হইয়াছে। ক্ষেতের ফসলের অবস্থা ভাল। বাসন্তি ফসলের জন্য জমির পাট চলিতেছে। শস্যের দর সমান আছে। গোমহিষাদির অবস্থা ভাল। হয়দ্রাবাদেও বৃষ্টি ভাল হইয়াছে। বাসন্তি ফসলের জন্য জমির পাট হইতেছে। শস্যের দর সমান আছে।

ব্রহ্মদেশ—(২৬এ সেপ্টেম্বর পর্য্যন্ত এক সপ্তাহে) ব্রহ্মের চাষের অবস্থা মোটের উপর মন্দ নহে। নিম্ন ব্রহ্মের ৩টি জেলায় ধান্য কিছু চড়িয়াছে, একটিতে দর খুবই কমিয়াছে। উত্তরব্রহ্মের ৪টি জেলায় দর চড়িয়াছে, একটিতে কিছু কমিয়াছে।

কাশ্মীর—বৃষ্টি মাঝামাঝি রকম হইয়াছে। ধান্য ও ভুট্টা কাটা আরম্ভ হইয়াছে। শস্যের দর সর্ব্বত্রই সমান।

আসাম—ফসলের অবস্থা আশাপ্রদ। ধান রোয়া শেষ হইয়াছে। গো মেষাদির অবস্থা মোটের উপর মন্দ নহে।

নেপাল—(২৩এ সেপ্টেম্বর লাগায়েৎ এক সপ্তাহে) অবস্থা আশাপ্রদ। শস্যের দর সমান।

পত্রলেখকগণের প্রতি।

শ্রীআশুতোষ রায়—মাগুরা। বিভাগীয় কর্ত্তৃপক্ষীয়গণকে এ বিষয় জানান উচিত। ন্যায় সঙ্গত প্রার্থনা হইলে কেনই বা না তাঁহারা তাহার পূরণ করিবেন।

শ্রীশশধর চট্টোপাধ্যায়—শৈলকুপা। কর্ত্তৃপক্ষীয়কে জানাইয়াছেন, ঠিকই হইয়াছেন, সংবাদ পত্রে এবিষয়ের আন্দোলনে আপাততঃ কোন ফল নাই।

সাপ্তাহিক সংবাদ।

[কলিকাতা] বিগত ১২ই আশ্বিন বুধবার সিটি কলেজ গৃহে ৺ রাজা রামমোহন রায়ের স্বর্গারোহণ সাম্বৎসরিক অধিবেশন হইয়াছিল। দেশীয় স্ত্রী পুরুষ অনেকে সভায় উপস্থিত হইয়াছিলেন। লোক সংখ্যার আধিক্য হেতু কলেজের প্রাঙ্গণে এবং উপরিস্থ হলে স্বতন্ত্র দুইটি সভা হইয়াছিল। উপরিস্থ সভায় সভাপতি হইয়াছিলেন হাইকোর্টের মাননীয় জজ ডাক্তার শ্রীযুক্ত গুরুদাস বন্দ্যোপাধ্যায়। বাবু কালীচরণ বন্দ্যোপাধ্যায় প্রমুখ অনেকে ঐ সভায় বাঙ্গালা ভাষায় বক্তৃতা করিয়াছিলেন। মিঃ আনন্দমোহন বসু প্রাঙ্গণস্থ সভার সভাপতি হইয়াছিলেন। বাবু কৃষ্ণকুমার মিত্র ঐ সভায় বক্তৃতা করিয়াছিলেন।

[রাজসাহী] রংপুর হইতে এক ব্যক্তি লিখিয়াছেন, "বিগত ১০ই আশ্বিন সোমবার বেলা ১০টার সময় পীরগঞ্জ থানার অধীন হাসাড়াপাড়া গ্রামের একটি সামান্য জলাশয় হইতে ঘূর্ণিবায়ু উত্থিত হওয়ায় উক্ত জলাশয়ের জলরাশি স্ফীত হইয়া স্তম্ভাকারে দশ বার ফুট উর্দ্ধে উত্থিত হয় এবং তদুপরি এক খানি মেঘ উৎপন্ন হইয়া উক্ত ঘূর্ণিবায়ু সহ ঘুরিতে ঘুরিতে মহাশব্দে উত্তরাভিমুখে প্রায় ৫।৬ মাইল পথ যাইয়া আকাশস্থ মেঘে মিশিয়া যায়। মেঘ মধ্যে বিদ্যুতেরও প্রকাশ হইয়াছিল। বাড়ী ঘর বৃক্ষাদি অনেক পড়িয়া গিয়াছে। অনেক লোককে আঘাত পাইতে হইয়াছে। দুইটি গরু এবং একটি ছাগল মারা পড়িয়াছে।

আমাদের চাটমোহরস্থ সংবাদদাতা লিখিয়াছেন—বাজারে চাউল ৬০ সিক্কার [illegible] টাকায় ৩ সের ও তৈল ১০।১১ সের দরে বিক্রীত হইতেছে। তরিতরকারী আদি, সমস্ত দ্রব্যই দুর্মূল্য হইয়া দাঁড়াইয়াছে।

—বর্ষা বিলক্ষণ হইয়াছিল। আজ কাল কিছু কিছু করিয়া জলও কমিতেছে। যেরূপ জল কমিতেছে, তাহাতে ভাবী শস্যের বিলক্ষণ অনিষ্টের সম্ভাবনা। জল যতই কমিতেছে, ধানের গোড়া ততই শুষ্ক হইয়া মারা যাইতেছে। পাকুড়ী পোকাও ধানের অনিষ্টের কারণ হইয়াছে।

—অম্ব ষ্টেশনের অন্তর্গত ইঁসপুর নামক পল্লীতে জনৈক নাপিতপত্নী নবপ্রসূত একটী শিশু কন্যাসহ রাত্রিতে গৃহে নিদ্রা যাইতেছিল। হঠাৎ জঙ্গল হইতে একটী বৃহৎকায় কালাচ সাপ উঠিয়া গৃহে প্রবেশ করে এবং সন্তানটীর দক্ষিণ পদ কামড়াইয়া ধরিয়া টানিয়া লইয়া যায়। শিশুর পদদ্বয় একটা বাঁশের খুঁটীতে আবদ্ধ হয়, এবং সে ক্রন্দন করিতে থাকে। ক্রন্দনে মাতার নিদ্রা ভঙ্গ হয়। স্ত্রীলোকটি প্রদীপ জ্বালিয়া সর্পটীকে দেখিতে পায় ও সন্নিহিত লোক জনকে ডাকিতে থাকে। লোকের ভিড় হইলে, সর্পটী শিশুকে ছাড়িয়া পলাইতে উদ্যত হয় এইং দর্শকগণ যষ্টি দ্বারা সর্পটীকে মারিয়া ফেলে। চিকিৎসায় কন্যাটী আরোগ্য লাভ করিয়াছে। মৃত সর্পটী লম্বে ৯ হাত ও মোটে পায় ২ হাত হইবে।

আগামী এণ্ট্রান্স পরীক্ষায় রাজসাহীবিভাগের যে পাঁচটী ছাত্র সর্ব্বোপরি হইবে তাহারা প্রত্যেকে একটি করিয়া ২য় শ্রেণীর বৃত্তি পাইবে। নয়টী ৩য় শ্রেণীর বৃত্তির মধ্যে রাজসাহীকে দেওয়া হইবে ২টী, পাবনায় ২টী, দিনাজপুরে ১টী, বোগরায় ১টী, রংপুরে ১টী, জলপাইগুড়িতে ১টী এবং দার্জ্জিলিঙ্গে ১টী। এতদ্ভিন্ন রংপুর জেলাস্কুলের জন্য ২টী বিশেষ বৃত্তি আছে—একটী ২য় শ্রেণীর এবং একটী ৩য় শ্রেণীর।

[ঢাকা] হাইকোর্টের মানাবর জজ শ্রীযুক্ত বাবু চন্দ্রমাধব ঘোষ নিজ পল্লী বিক্রমপুরের নিকটস্থ সোনারগড়ে একটি অন্নসত্র খুলিয়াছেন। আনিকগঞ্জের ডেপুটী ম্যাজিষ্ট্রেট বাবু রামসদন ভট্টাচার্য্যও ঐ স্থানের গরিবদিগকে সাহায্য করিতেছেন।

আগামী পৌষ মাসে, ফরিদপুরের কৃষি প্রদর্শিনী মেলার সময় ফরিদপুর সুহৃদ সভার নানা বিভাগের পারিতোষিক বিতরণ হইবে।

[রাজপুতানা] বন্য গো মহিষাদিগণ বৎসর বৎসর ক্ষেতের অনেক শস্য তছরূপ করিয়া ফেলে —এই হেতু ভরতপুরের মহারাজ স্বরাজ্যে একটি স্থান প্রাচীর-বেষ্টিত করিয়াছেন। উহাতে ২ হাজার উক্তরূপ পশুর স্থান হইতে পারে। উক্ত স্থানে পশু আবদ্ধ হইলে আর তাহারা পলাইবার যো থাকে না। এযাবৎ উহাতে ৫ শত পশু আবদ্ধ করিয়া রাখা হইয়াছে। ঐ পশুগুলি এক্ষণে পোষ মানিয়াছে। উহাদিগের আহারাদি দান কার্য্যে যে সকল লোক নিযুক্ত আছে, তাহারা নির্ভয়ে উহাদিগের নিকট যাইতে পারে।

[কুচবেহার] কুচবেহারের মহারাজ আলবার্ট কলেজে কিছু টাকা দিয়াছেন। উক্ত টাকা হইতে বৎসর বৎসর একটী করিয়া রৌপ্য পদক দেওয়ার ব্যবস্থা করা হইবে।

[পঞ্জাব] ১৮৯২ সালে পঞ্জাব প্রদেশে গাঁজার আফিস বিক্রয় দ্বারা ১৮৯১ সাল অপেক্ষা গবর্ণমেণ্টের ২৫ হাজার টাকা অধিক আদায় হইয়াছে।

[উঃ পঃ] উত্তর পশ্চিম রেলপথে ওয়ারায় কিছুকাল পূর্ব্বে যে ট্রেণ সংঘর্ষ হইয়াছিল তদ্দ্বারা ক্ষতিগ্রস্ত হইয়াছে বলিয়া এলাহি বক্স নামক জনৈক ব্যক্তি গবর্ণমেণ্টের নিকট হইতে ক্ষতিপূরণস্বরূপ ২ লক্ষ ৭০ হাজার টাকার দাবী দিয়া নালিশ করিয়াছিলেন। উপযুক্ত প্রমাণাভাব বলিয়া জেলার জজ ফিল্ড সাহেব মোকদ্দমা ডিস্‌মিস্ করিয়া দিয়াছেন। এলাহি বক্সকে খরচার দাবী হইতে রহিয়াছে।

[ব্রহ্মদেশ] বোম্বাইয়ে একটি হাইকোর্ট সংস্থাপিত হওয়া উচিত কি না এবং উচিত হইলে কি উপায়েই বা তাহা কার্য্যে পরিণত হইতে পারে তদ্বিষয় বিবেচনা করিবার জন্য রেঙ্গুনের বাবসায় সমিতি গবর্ণমেণ্টকে একটি কমিটী নিযুক্ত করিবার জন্য অনুরোধ করিয়াছেন। বার বৎসরেরও অধিক হইল, মধ্যে মধ্যে এইরূপ কথা উঠিয়া থাকে। বাবসায় সমিতি ব্যবসায়ী সম্প্রদায়ের তরফে একখানি আবেদন পাঠাইয়াছেন। রেঙ্গুনে যাঁহারা ব্যারিষ্টারী অথবা ওকালতী করেন তাঁহারাও একখানি আবেদন করিয়াছেন। ফল অদ্যাপিও কিছুই হয় নাই।

[বোম্বাই] মৃত জজ তেলাঙ্গের স্মরণার্থ বোম্বাইয়ে সাধারণের একটী সভার অধিবেশন হইবে। উক্ত সভায় সভাপতিত্বে কার্য্য করিবার জন্য বোম্বাইয়ের গবর্ণরকে অনুরোধ করা হয়। বোম্বাইয়ের গবর্ণর অনারেবল মিঃ আর্ল্ড ডি মেটাকে লিখিয়াছেন, "সুবিখ্যাত দেশীয়গণের মৃত্যুতে তাঁহাদিগের স্মরণার্থ সভাস্থলে কোন প্রেসিডেন্সীর গবর্ণর যাইয়া সভাপতির কার্য্য করেন সাধারণতঃ আমি ইহা ভাল বলিয়া বিবেচনা করি না। কিন্তু মৃত তেলাঙ্গের বিদ্যা, বুদ্ধি ও চরিত্রের আমি এতদূর পক্ষপাতী যে তেলাঙ্গের স্মরণার্থ সভায় যাইয়া সভাপতির আসন গ্রহণে আমি অনিচ্ছুক নহি।"

মিঃ পেরোজ সা মেটা বোম্বাই গবর্ণর বাহাদুরের ব্যবস্থাপক সভার সদস্য নির্ব্বাচিত হইয়াছেন।

[সাধারণ] গতবারের বিজ্ঞাপিত স্থানসমূহ ভিন্ন, গতসপ্তাহে ফরিদপুর সুহৃদ সভা হইতে নিম্নলিখিত গ্রামে নিম্নলিখিত ব্যক্তিগণকে পুস্তকসহ ওলাউঠার হোমিওপ্যাথিক ঔষধ পাঠান হইয়াছে। সর্ব্বসাধারণে বিনামূল্যে ইহাদিগের নিকট বর্ত্তমান মাসে ৮টী গ্রামে ঔষধ পাঠান হইল। ১৪। বাবু জয়চন্দ্র ঘোষ, চণ্ডীপুর। ১৫। বাবু অন্নদাচরণ ঘোষ, সালপ। ১৬। বাবু গুরুপ্রসাদ চক্রবর্ত্তী, আটপাড়া। ১৭। বাবু কালীমোহন ভট্টাচার্য্য, জাঠালবাড়ী। ১৮। বাবু আনন্দচন্দ্র দে, লোনসিংহ।

'এসিয়াটিক কোয়ার্টারলি রিভিউ' নামক পত্রিকায় ডাক্তার লিট্‌নার সাহেব একটি প্রবন্ধ লিখিয়াছেন। উক্ত প্রবন্ধে কোরাণ হইতে স্তবসমূহ উদ্ধৃত করিয়া তিনি বলিয়াছেন, "মুসলমানদিগের মধ্যে প্রচলিত কিম্বদন্তী ও ব্যবহার অনুযায়ী ঈদের সময় মুসলমানেরা ভেড়া, ছাগল অথবা উষ্ট্র হত্যাই করিতে পারেন, গোহত্যা নহে। যাহাতে উভয় সম্প্রদায়ের মধ্যে সম্প্রীতি পরিবর্দ্ধিত হয় এই উদ্দেশ্যে তিনি ভারতীয় মুসলমানগণকে গোহত্যা নিবারণের জন্য অনুরোধ করিয়াছেন।

পাঁজা কমিসন জানুয়ারীর প্রথম সপ্তাহে নাগাইৎ মান্দ্রাজে আসিয়া কার্য্য আরম্ভ করিবেন স্থির হইয়াছিল। কিন্তু কমিসন নির্দ্দিষ্ট সময়ের এক মাস পূর্ব্বে অর্থাৎ ডিসেম্বরের প্রথম সপ্তাহে মান্দ্রাজে আসিবেন বলিয়া বুঝা যাইতেছে।

তারের সংবাদে জানা গিয়াছে, আফিম কমিসনের সদস্যগণ বেতন পাইবেন না, কেবল যাতায়াত খরচ পাইবেন।

আগামী ১৫ই নবেম্বর হইতে আরম্ভ করিয়া পরবর্ত্তী দুই দিন যাবৎ আসিষ্টাণ্ট ম্যাজিষ্ট্রেট প্রভৃতির মাণ্ডলিক পরীক্ষা গৃহীত হইবে। এতদর্থে দুইটি স্থানীয় পরীক্ষা কমিটী বসিবে। পাটনা, গয়া ও সাহাবাদ জেলার কর্ম্মচারীদিগের জন্য বাঁকীপুরে একটি এবং মজফরপুর, দরভাঙ্গা, সারণ ও চম্পারণ জেলার কর্ম্মচারীদিগের জন্য মজফরপুরে একটি। পরীক্ষা প্রতিদিন সাড়ে দশটার সময় বসিবে।

[বৈদেশিক] ফ্রান্স ও শ্যামের মধ্যে একটি চূড়ান্ত সন্ধি সংস্থাপিত হইয়াছে। গত মঙ্গলবার সন্ধি পত্রে নাম স্বাক্ষর করিবার দিন ছিল।

যে ব্যক্তি সে দিন ডিনামাইট দ্বারা বার্সিলোনার ধ্বংস করিয়াছিল, তাহাকে তোপে উড়াইয়া দিবার আদেশ হইয়াছে।

আর্জ্জেন্টাইন রাজ্যের বিদ্রোহিদল সম্পূর্ণরূপে নিরস্ত হইয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে।

ব্রিটিন দূত সার মর্টিমর ডুরাণ্ড কাবুলে পৌছিয়াছেন। আমীর তাঁহার পৌছিবার পূর্ব্ব হইতেই তাঁহাকে এবং তাঁহার সমভিব্যাহারী লোকদিগকে যথোচিত সম্বর্দ্ধনা করিতে আরম্ভ করিয়াছেন। আমীরের ব্যবহারে ডুরাণ্ড আপ্যায়িত হইয়াছেন।

লণ্ডন পোষ্ট আফিসের সেক্রেটরী স্যর আর্থার ব্ল্যাকউড্ সাহেবের মৃত্যু হইয়াছে।

মরক্কো উপকূলে ৫ হাজার মুর স্পানীয় দুর্গ আক্রমণ করিয়াছে। যুদ্ধে স্পানীয়দিগের ৫৩ জন মারা পড়িয়াছে। ইহার মধ্যে ৩ জন কর্ম্মচারী। স্পেন হইতে নূতন ফৌজ আসিতেছে।

আমেরিকার ইউনাইটেড্ রাজ্যের রাজধানী ওয়াসিংটন হইতে সংবাদ পাওয়া গিয়াছে যে, শর্ম্মণ আইন এক্ষণে যেরূপ আকারে আছে, তাহার ব্যতিক্রম ঘটিবে, যদি স্পষ্টতঃ এরূপ বুঝা যায় তবে উহা রদ করা সম্বন্ধে সেনেটের মেম্বরগণ মধ্যে একটা আপোষ নিষ্পত্তি হইবে।

লণ্ডন হইতে তারে নিম্নলিখিত মর্ম্মে সংবাদ আসিয়াছে—"এসিয়াটিক কোয়ার্টারলি রিভিউ নামক সংবাদপত্র বলিতেছেন, লর্ড ল্যান্সডাউনের পরবর্ত্তী গবর্ণর জেনারেল নির্ব্বাচনে বিলম্ব হইবার কারণ, ভারতে আফিমের ব্যবসায় বন্ধ করিতে, সেনাবিভাগীয় খরচ কমাইতে এবং ভারতীয় কংগ্রেসের পোষকতা করিতে কেহই প্রতিজ্ঞারূঢ় হইতে পারিতেছেন না।"

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—২৪ পরগণার শিক্ষানবীশ ডেঃ কঃ বাবু যোগেশ্বর বিশ্বাস বি এল অপর আদেশ যাবৎ উক্ত জেলার সদরে ডেঃ মাঃ ও ডেঃ কঃ হইলেন। গয়ার শিক্ষানবীশ ডেঃ কঃ বাবু রিজয়ানন্দ সহায় এম এ বি, এল ও মৌলবী মহম্মদ মুসাফরুল্লা আলি বি এ অপর আদেশ যাবৎ উক্ত জেলার সদরে ডেঃ মাঃ ও ডেঃ কঃ হইলেন। মুঙ্গেরের প্রতিনিধি সব ডেঃ কঃ মৌলবী সৈয়দ আহমদ আলি খাঁ এবং নোয়াখালির প্রতিনিধি সব ডেঃ কঃ মৌলবী আফসারুদ্দীন মহম্মদ ৪র্থ শ্রেণীর প্রোটেম সব ডেঃ কঃ নিযুক্ত হইলেন। শিক্ষানবীস সব ডেঃ কঃ বাবু হেমকুমার মল্লিক বি এ, বাবু হিমাংশুনাথ চক্রবর্ত্তী এম এ, বাবু চিন্তাহরণ চট্টোপাধ্যায় বি এ ও বাবু চারুচন্দ্র কুমার বি এল ৪র্থ শ্রেণীর প্রোটেম সব ডেঃ কঃ হইয়া যথাক্রমে হাওড়া, বর্দ্ধমান, খুলনা ও বাঁকুড়া জেলার সদরে স্থাপিত হইলেন। শিক্ষানবীস সব ডেঃ কঃ বাবু পরমেশপ্রসন্ন রায় বি এ ও বাবু হরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় এম এ অপর আদেশ যাবৎ যথাক্রমে বাখরগঞ্জ ও সাহাবাদের সদরে সব ডেঃ কঃ হইলেন। ২৪ পরগণার প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু যোগেশ্বর বিশ্বাস যশোহর জেলার সদরে বদলী হইলেন। হাওড়ার প্রোটেম সব ডেঃ কঃ বাবু হেমকুমার মল্লিক মুঙ্গের জেলার সদরে বদলী হইলেন। বাঁকুড়ার প্রোটেম সব ডেঃ কঃ বাবু চারুচন্দ্র কুমার নদীয়া মেহেরপুরে বদলী হইলেন। বর্দ্ধমানের প্রোটেম সব ডেঃ কঃ বাবু হিমাংশুনাথ চক্রবর্ত্তী পূর্ণিয়া জেলার সদরে বদলী হইলেন। সব ডেঃ কঃ বাবু দেবেন্দ্রনাথ মিত্র আর ৬ মাসের ফর্লো পাইলেন। প্রোটেম ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু যদুনাথ সরকার মানভূম জেলার সদরে স্থাপিত হইলেন। ২৪ পরগণার আবকারী কার্য্যে নিযুক্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু গঙ্গাধর ঘোষ ১ মাস ১২ দিনের ছুটী পাইলেন। ভাগলপুরের প্রতিনিধি ডিঃ ও সেঃ জজ হোমউড সাহেব স্বকার্য্য সওয়ায় বীরভূমের অতিরিক্ত সেঃ জজ হইলেন। জলপাইগুড়ির ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু শ্যামাপদ চৌধুরী ১ মাসের ছুটী পাইলেন বলিয়া যে আদেশ হইয়াছিল তাহা রহিত হইল। ছুটী প্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু বরদাকান্ত গাঙ্গুলী বাখরগঞ্জ জেলার সদরে স্থাপিত হইলেন। চট্টগ্রামের ছুটীপ্রাপ্ত প্রোটেম ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু শরচ্চন্দ্র সেনগুপ্ত খুলনা জেলার সদরে স্থাপিত হইলেন। রাজসাহীর ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু শরচ্চন্দ্র দাস ৩ মাসের ছুটী পাইলেন। ২৪-পরগণার আঃ মাঃ ও কঃ টেম্পল সাহেব অপর আদেশ যাবৎ ১ম শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃ হইলেন। দরভাঙ্গা সমস্তিপুরের প্রতিনিধি কঃ মাঃ ও ডেঃ কঃ ফিলিমুর সাহেব ২৭ দিনের ছুটী পাইলেন। মুঙ্গেরের ডেঃ মাঃ ও ডেঃ কঃ মণ্টিট সাহেব দরভাঙ্গা সমস্তিপুরে বদলী হইলেন। প্রোটেম ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু জগচ্চন্দ্র রায় নদীয়া জেলার সদরে স্থাপিত হইলেন। যশোহরের প্রতিনিধি ডিঃ ও সেঃ জজ পোপ সাহেব ৩ মাসের ছুটী পাইলেন। পুরীর ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু মনোমোহন রায় ৩ মাসের ছুটী পাইলেন। বালেশ্বর ভদ্রকের প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু যতীন্দ্রমোহন সিংহ অস্থায়ীরূপে পুরী জেলার সদরে বদলী হইলেন। শিক্ষানবীস সব ডেঃ কঃ বাবু হরকৃষ্ণ মহান্তি বি এ ও বাবু মন্মথনাথ সরকার এম এ, বি এল অপর আদেশ যাবৎ যথাক্রমে কটক ও নদীয়ার সদরে সব ডেঃ কঃ হইলেন। সাহাবাদের প্রতিনিধি সব ডেঃ কঃ বাবু হরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় মুঙ্গের জেলার সদরে বদলী হইলেন।

বিচার—পাটনার মুঃ বাবু প্রিয়লাল পাইন ২৪ পরগণা ডায়মণ্ড হার্ব্বারের মুঃ হইলেন। ২৪ পরগণা ডায়মণ্ড হার্ব্বারের মুঃ বাবু জগন্নারায়ণ সরকারের কর্ম্ম আসামের চীফ কমিসনরের অধীনে থাকিল। মুঃ বাবু রেবতীকান্ত নাগ সারণ ছাপরার মুঃ হইলেন। সারণ ছাপরার মুঃ বাবু উপেন্দ্রনাথ বসু হুগলী আমতার মুঃ হইলেন। হুগলী আমতার মুঃ বাবু হেমচন্দ্র মিত্র রংপুর কুড়িগ্রামের মুঃ হইলেন। রংপুর কুড়িগ্রামের মুঃ বাবু আনন্দনাথ মজুমদার হুগলী সদরের মুঃ হইলেন। হুগলীর মুঃ বাবু কালীকৃষ্ণ চৌধুরী ময়মনসিংহ আটিয়ার মুঃ হইলেন। ময়মনসিংহ আটিয়ার মুঃ বাবু সরেশ্বর মজুমদার যশোহর ঝিনিদহের মুঃ হইলেন। যশোহর ঝিনিদহের মুঃ বাবু কালীনাথ ধর যশোহর বনগ্রামের মুঃ হইলেন। যশোহর বনগ্রামের মুঃ বাবু চন্দ্রনাথ ঘোষ ২৪ পরগণা বারাসতের মুঃ হইলেন। ২৪ পরগণা বারাসতের মুঃ বাবু দুর্গাচরণ সেন ছোট-

নাগপুর রঘুনাথপুরের মুঃ হইলেন। ছোটনাগপুর রঘুনাথপুরের মুঃ বাবু তারাপ্রসন্ন ঘোষ ২৪ পরগণা বসীরহাটের মুঃ হইলেন। ২৪ পরগণা বসীরহাটের মুঃ বাবু হরসুন্দর চক্রবর্ত্তী ২৪ পরগণা সিয়ালদহের মুঃ হইলেন। সিয়ালদহের মুঃ বাবু বিহারীলাল মল্লিক ত্রিহুত সীতামাড়ীর মুঃ হইলেন। ত্রিহুত সীতামাড়ীর মুঃ বাবু রাজেন্দ্রনাথ দত্ত ময়মনসিংহ পিঞ্জনার মুঃ হইলেন। ময়মনসিংহ পিঞ্জনার মুঃ বাবু শশিভূষণ সেন নং ১ ফরিদপুর সদরের মুঃ হইলেন। ফরিদপুরের মুঃ বাবু শ্যামচাঁদ রায় ত্রিপুরা ব্রাহ্মণ বেড়িয়ার মুঃ হইলেন। ত্রিপুরা ব্রাহ্মণ বেড়িয়ার মুঃ বাবু নন্দলাল দে সাহাবাদ বক্সারের মুঃ হইলেন। সাহাবাদ বক্সারের মুঃ বাবু প্রমথনাথ চট্টোপাধ্যায় ত্রিপুরা চাঁদপুরের মুঃ হইলেন। ত্রিপুরা চাঁদপুরের মুঃ বাবু নির্ম্মল চন্দ্র সিংহ পাটনা সদরের মুঃ হইলেন। হুগলী হাওড়ার মুঃ বাবু ভুবনমোহন ঘোষ যশোহর খুলনার মুঃ হইলেন। যশোহর খুলনার মুঃ বাবু যোগেন্দ্রনাথ বসুর (নং ২) কার্য্য আসামের চীফ কমিসনরের অধীনে হইল। মুঃ বাবু কৈলাসচন্দ্র মজুমদার (সিনিয়র) হুগলী শ্রীরামপুরের মুঃ হইলেন। হুগলী শ্রীরামপুরের মুঃ বাবু যোগেন্দ্রনাথ মুখোপাধ্যায় রংপুর জলপাইগুড়ির মুঃ হইলেন। রংপুর জলপাইগুড়ির মুঃ মিঃ অবিনাশ চন্দ্র মিত্র (ব্যারিষ্টার) ভগলপুর মাধিপুরার মুঃ হইলেন। ভগলপুর মাধিপুরার মুঃ বাবু কালিকানাথ ভট্টাচার্য্য ময়মনসিংহ নেত্রকোণার মুঃ হইলেন। ময়মনসিংহ নেত্রকোণার মুঃ বাবু প্রবোধ চন্দ্র দত্ত হুগলী হাওড়ার মুঃ হইলেন। বাখরগঞ্জ পটুয়াখালির মুঃ বাবু রমাপতি দে বাখরগঞ্জ বরিশালের মুঃ হইলেন। যশোহরের মুঃ বাবু দেবেন্দ্রমোহন সেন বাখরগঞ্জ পটুয়াখালির মুঃ হইলেন। চট্টগ্রাম ফটিকচারীর ছুটীপ্রাপ্ত মুঃ বাবু যুগলকিশোর দে চট্টগ্রাম পটিয়ার মুঃ হইলেন। চট্টগ্রাম পটিয়ার মুঃ বাবু বঙ্কিমচন্দ্র মিত্র উক্ত জেলায় ফটিকচারীর মুঃ হইলেন। চট্টগ্রামের অতিরিক্ত মুঃ বাবু প্রতাপচন্দ্র মজুমদার চট্টগ্রাম পটিয়ার মুঃ হইলেন। চট্টগ্রাম পটিয়ার ফলৌপ্রাপ্ত মুঃ বাবু মহেন্দ্রনাথ দাস উক্ত জেলায় একজন অতিরিক্ত মুঃ হইলেন। ভগলপুর বাঁকার মুঃ বাবু প্রয়াগনাথ উক্ত জেলায় মাধিপুরা ও বিশুসরাইয়ের অতিরিক্ত মুঃ হইলেন। ভগলপুর মাধিপুরা ও বিশুসরাইয়ের অতিরিক্ত মুঃ বাবু উমাচরণ কর ভগলপুর জামুইয়ের মুঃ হইলেন। ভগলপুর জামুইয়ের মুঃ বাবু কান্তিচন্দ্র মুখোপাধ্যায় ভগলপুর বাঁকার মুঃ হইলেন। মেদিনীপুর তমলুকের মুঃ বাবু মন্মথনাথ মুখোপাধ্যায় আর ৬ দিনের ছুটী পাইলেন। হুগলী জাহানাবাদের মুঃ বাবু হরেন্দ্রনারায়ণ গুহ ১৫ দিনের ছুটী পাইলেন।

শিক্ষা—বালেশ্বরের স্কুলসমূহের ডেঃ ইনঃ বাবু মধুসূদন রায় কটক ট্রেণিং স্কুলের প্রধান শিক্ষক হইলেন। কটকের স্কুলসমূহের বিভাগীয় সব ইনঃ বাবু রঘুনাথ ঘোষ বালেশ্বরের ডেঃ ইনঃ হইলেন। বালেশ্বরের সব ইনঃ বাবু যদুনাথ রায় কটকের বিভাগীয় সব ইনঃ হইলেন। হুগলী ব্রাঞ্চ স্কুলের ২য় শিক্ষক বাবু কেদারনাথ ঘোষ বোগরা জেলা স্কুলের প্রধান শিক্ষক হইলেন। রংপুর জেলাস্কুলের প্রধান শিক্ষক বাবু ত্রিপুরাচরণ বন্দ্যোপাধ্যায় বিএ হুগলী ব্রাঞ্চ স্কুলের ২য় শিক্ষক হইলেন। ফরিদপুর জেলাস্কুলের ২য় শিক্ষক বাবু দ্বারকানাথ বসু বিএ রংপুর জেলাস্কুলের প্রধান শিক্ষক হইলেন।

উদ্ভট কবিতা।

[৪২০]

ব্রহ্মাত্মা নিজভালপট্টলিখিতং স্তোকং মহদ্বা ফলং।
তৎপ্রাপ্নোতিমরুস্থলেঽপি নিয়তং মেরৌ চ নাতোঽধিকং।
তদ্ধীরোভববিত্তবৎসুকৃতপণাং বাচং বৃথা মা কৃথাঃ,
কূপে পশ্য পয়োনিধাবপিঘটাগৃহ্ণন্তি তুল্যাংপয়ঃ।

[৪২১]

ভেকোবক্তিবিলজ্জ্য কূপসলিলং কিং রে হনুমান্ কপিঃ
গন্ধর্ব্বঃহসতি স্বয়ং খরতরং কুত্রাজগৎ-গর্দ্দভঃ।
খদ্যোতঃ প্রতিপদ্য দীধিতিলবং চন্দ্রপ্রভাং নিন্দতি
ক্ষুদ্রঃপশ্যতি নাত্মনীচমতাং মিথ্যাভিমানান্বিতঃ।

[৪২২]

ভূপঃকূপইবাভাতি নমজ্জনসুখাবহঃ।
দদাতি গুণসম্বন্ধাৎ যথা পাত্রানুরূপতঃ।

[৪২৩]

হে কৃষ্ণ করুণাসিন্ধো ন ক্ষুদ্রোঽহমবার্গতঃ।
করুণা-পাপযোর্যুদ্ধে পশ্যামাদ্য বলং তব।

বিজ্ঞাপন।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে, ১৮৯৩ ১লা অক্টোবর হইতে রাজসাহী ও বর্দ্ধমান বিভাগের স্কুল সমূহের ইনস্পেক্টর আফিস হুগলী বাবুগঞ্জ হইতে চুঁচুড়ার বারিকে উঠিয়া আসিয়াছে। এক্ষণ হইতে এই আফিস সম্বন্ধীয় সমস্ত পত্রাদি চুঁচুড়ায় পাঠাইতে হইবে।

Benimadhav De.
In charge of the Office of Inspector of Schools, Rajshahi Circle and Burdwan Division.

Chinsurah.
4 | 10 | 93.

রংপুর জেলার ১৮৯৩—৯৪ সনের নিম্ন প্রাইমেরী পরীক্ষা আগামী ৩রা, ৪ঠা ও ৫ই ডিসেম্বর তারিখে গৃহীত হইবে। প্রত্যেক বিদ্যালয় হইতে সম্ভবতঃ কত ছাত্র পরীক্ষা দিবে, তাহার আনুমানিক সংখ্যা শিক্ষকগণ ১৫ই অক্টোবরের মধ্যে পত্রদ্বারা বিভাগীয় সব ইনস্পেক্টর বাবুকে জানাইবেন এবং পরীক্ষার্থীর নামের তালিকা পূরণ করিয়া ফিস্ সহ ৩০ শে অক্টোবরের মধ্যে পাঠাইবেন। ফিস্ মনিঅর্ডার যোগে পাঠান যাইতে পারে।

শ্রীঅবিনাথ মিত্র।
স্কুলসমূহের ডেপুটী ইনস্পেক্টর, (রংপুর)।

ছাত্রখালি।

জেলা খুলনা, পোষ্ট আলাইপুর, ঘাটভোগ সাহায্যপ্রাপ্ত মধ্য ইংরাজী স্কুলের ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণীর জন্য কয়েকটি ছাত্রের আবশ্যক। আহার ও বাসস্থান দেওয়া যাইবে। হেড মাষ্টারের পরীক্ষায় সন্তোষ জনক ফল দর্শাইতে পারিলে ২য় শ্রেণীর ২ জন ছাত্র অবৈতনিক হইতে পারিবে। ব্রাহ্মণ ও কায়স্থ প্রার্থীর আবেদন সমধিক আদরণীয়। স্থানটী স্বাস্থ্যকর; খুলনা হইতে ষ্টিমারে আসিতে দেড় ঘণ্টা অতিবাহিত হয়। সচ্চরিত্রতার নিদর্শনপত্র সহ বর্ত্তমান মাস মধ্যে হেড মাষ্টার শ্রীগোপালচন্দ্র চট্টোপাধ্যায়ের নিকট আবেদন করিতে হইবে।

রেজা মালদহ, পোষ্ট অফিস, চূড়ামণ মধ্য বঙ্গ ষ্টেট রাজি স্কুলের প্রথম শ্রেণীস্থ ৫ম ২ জন (যাহারা আগামী বর্ষে মধ্য ইংরাজি পরীক্ষা দিতে সক্ষম) দ্বিতীয় শ্রেণীস্থ ৫ম ২ জন ছাত্রের আবশ্যক। ছাত্রগণের পড়িবার পুস্তক ও আহার দেওয়া যাইবে। চিকিৎসার ব্যয় এবং বেতন লাগিবে না। পাঠার্থিগণ স্কুলের সম্পাদক শ্রীযুক্ত বাবু কমলচন্দ্র রায় চৌধুরীর নিকট অক্টোবর মাস মধ্যে স্বস্ব পাঠের বিবরণাদি সহ আবেদন করিবে। রাজসাহী বিভাগবাসী ছাত্রদিগের আবেদনই বিশেষ আদরণীয় হইবে।

জেলা রাজসাহী, পোষ্ট তাহিরপুর, তাহিরপুর মধ্য শ্রেণী বঙ্গ বিদ্যালয়ের ১ম শ্রেণীতে আগামী বৎসরে মধ্য ছাত্রবৃত্তি পরীক্ষার্থী দুইটী বালকের প্রয়োজন। তাহাদিগকে উপযুক্ত আহার ও বাসস্থান দেওয়া হইবে। ছাত্রগণ আপন আপন প্রশংসাপত্র সহ নাম, ধাম, বয়স উল্লেখ করিয়া সত্বর আমার নিকট আবেদন করিবে। জাতিতে সদ্ব্রাহ্মণ অথবা সৎশূদ্র হইলে বিশেষ আদরণীয় হইবে। শ্রীবলরাম দাস, হেড পণ্ডিত।

কর্ম্মখালি।

Wanted by the District Board of Pabna a Sub overseer 2nd grade on a salary of Rs 35 with a horse allowance of Rs 15 per mensem. The appointment is for 3 months but there is every likelihood of its being made permanent. Applications in sealed covers headed "Application for a Sub overseership" will be received by the District Engineer Pabna up to 12th October 1893. Applicant must possess the certificate of fitness prescribed in clause 2 para 2 of Government notification dated 18th February 1892.

Wanted a Sudder Naiab for the Zemindari department at Jangipur (Dist. Murshidabad) on a monthly salary of Rs 25, and travelling allowance Rs 5. Application with copies of testimonials will be received by Babu Nataber Mookharjee up to 12th October current.

Wanted a graduate, strong in English and Mathematics, to serve as Second Master for the Rumendra High School at Begamgunj, Noakhali, on a salary of Rs 40 (forty) per mensem. Applications with copies of testimonials will be received by the Hd. Master Babu Akhoy Ch. Bhattacharji B. A. before 31st October 1893.

জেলা ফরিদপুর পাংসা রেল বাজার মধ্য বঙ্গ বিদ্যালয়ের ছাত্রগণের ইংরাজি শিক্ষা দিবার জন্য এক জন প্রধান শিক্ষকের প্রয়োজন। মাসিক বেতন ২০৲ টাকা। যিনি এফ এ পরীক্ষায় উত্তীর্ণ হইয়া কিছু দিন শিক্ষকতা করিয়া পাবনশিতাছাত্র করিয়াছেন, তাঁহারই আবেদন আদরণীয় হইবে। ১৫ই অক্টোবরের পরে কোন আবেদনই গ্রহণ করা যাইবে না। স্কুলের হেড পণ্ডিত শ্রীপঞ্চানন হৌমিকের নিকট প্রশংসাপত্র সহ আবেদন করিবেন।

বর্দ্ধমান জেলার অন্তর্গত রায়না থানার মধ্যে পলাশন একটী বহু-ভদ্রজন সমাকীর্ণ গ্রাম। এখানে একটী সুবিজ্ঞ প্রবীণ এবং হোমিওপেথিক কলেজের নেটিভ ক্লাসে উত্তীর্ণ ডাক্তারের অতি মীঘ্র প্রয়োজন। আবেদনকারী তাঁহার সার্টিফকেটের নকল ও অন্যান্য প্রশংসাপত্র সহ আবেদন করিবেন। যে পর্য্যন্ত গ্রামে তাঁহার উত্তমরূপ পসার না হয়, সে পর্য্যন্ত গ্রামস্থ ভদ্রলোকে তাঁহার সাহায্য করিবেন। শ্রীবলরাম মুখোপাধ্যায়ের নিকট আবেদন করুন।

জেলা রাজসাহীর অন্তর্গত নওয়াগাঁ উচ্চ-শ্রেণী ইংরেজী বিদ্যালয়ের জন্য মাসিক ২৫৲ টাকা বেতনে একজন প্রধান পণ্ডিতের প্রয়োজন। যাঁহারা ইংরেজী জানেন ও যাঁহাদের শিক্ষকতায় অভিজ্ঞতা আছে, তাঁহাদের আবেদন সমধিক আদরণীয় হইবে। প্রশংসাপত্রের অনুলিপি সহ ৩০শে নবেম্বরের মধ্যে স্কুলের সম্পাদকের নিকট আবেদন করিতে হইবে। নওয়াগাঁ স্থান অতি স্বাস্থ্যকর ও রেলওয়ে ষ্টেশনের নিকটবর্ত্তী।

টাকী শ্রীপুর মধ্য বঙ্গ বিদ্যালয়ের প্রধান শিক্ষকের প্রয়োজন, মাসিক বেতন ১৮৲ টাকা; বাসস্থান ও আহারের জন্য আপাততঃ মাসিক ২৲ টাকা কর্ত্তিত হইবে। নর্ম্মাল স্কুলের দ্বিতীয় শ্রেণীর পরীক্ষায় উত্তীর্ণ হইয়া যিনি অন্যূন ছয় বৎসর কাল প্রশংসার সহিত মধ্য বঙ্গ অথবা মধ্য ইংরাজি বিদ্যালয়ে প্রধান শিক্ষকের কার্য্য করিয়াছেন এবং আগামী নবেম্বর মাসের প্রথমে কার্য্যভার গ্রহণে সক্ষম, তাঁহার আবেদনপত্র বিশেষ আদরণীয় হইবে। সম্পাদক শ্রীশ্রীশচন্দ্র রায়ের নিকট আবেদন করুন। ১২ নং রূপচাঁদ মুখোপাধ্যায়ের লেন, ভবানীপুর পোষ্ট, কলিকাতা।

বাবু মহেন্দ্রনাথ দত্ত প্রণীত।

নবপাটীগণিত ১ম ভাগ	মূল্য ৷৵০	৩৭৯ পৃষ্ঠা
নব শুভঙ্করী	মূল্য ৷৵০	১৪০ পৃষ্ঠা
নব ধারাপাত	মূল্য ৵০	১০৮ পৃষ্ঠা

উপরোক্ত পুস্তকত্রয় সেণ্ট্রাল টেক্সটবুক কমিটীর নির্ব্বাচিত ও শ্রীযুক্ত শিক্ষা বিভাগের ডাইরেক্টর সাহেব মহোদয়ের তালিকাভুক্ত। নবপাটীগণিত মধ্য শ্রেণীস্থ বাঙ্গালা ও ইংরাজী স্কুলের নিম্ন হইতে তৃতীয় শ্রেণী পর্য্যন্ত এবং উচ্চ ও নিম্ন প্রাথমিক পাঠশালার সকল শ্রেণীতে পাঠ্য বলিয়া নির্দ্দিষ্ট। ইহাতে প্রায় তিন সহস্র অঙ্কপাতনী এবং উচ্চ ও নিম্ন-প্রাইমারী পরীক্ষার অনেক প্রশ্ন সন্নিবিষ্ট হইয়াছে। নবশুভঙ্করী নূতন প্রণালীমতে লিখিত; ইহাতেও অনেক সুকৌশল সম্পন্ন উদাহরণ প্রদত্ত হইয়াছে। নবধারাপাত অনেক দিন হইতে সর্ব্বত্র সমাদৃত; ইহা পাঠ করিলে বালকবৃন্দের ধারাপাত ও পাটীগণিতের অমিশ্র চারি নিয়ম বিষয়ক ব্যুৎপত্তি লাভ হইবে। সংবাদপত্রের সম্পাদক ও অন্যান্য ভদ্র মহোদয়গণ উক্ত তিন খানি পুস্তক সম্বন্ধে সাদুকূল অভিমত প্রকাশ করিয়াছেন। নবধারাপাতে তাঁহাদের মন্তব্য সন্নিবিষ্ট আছে। অপর দুইখানির প্রশংসাবাদ "এডুকেশন গেজেটে", "বঙ্গবাসীতে" ও "সহচরে" দৃষ্ট হইবে। ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

৮১১ নং

বিশেষ দ্রষ্টব্য।

যাহাদিগের অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২৩৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত ক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকালীনাথ ভট্টাচার্য্য।
বুধোদয় প্রেস—হুগলী।

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸৹ বার আনা, ডাঃ মাঃ /০ এক আনা। এখানি ১৮৯৫ অব্দের মাইনর পরীক্ষার ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহাতে বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গদ্য হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ।০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
সংস্কৃত প্রেসডিপজিটরি।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

পদ্য-বিকাশ অর্থাৎ পদ্যপাঠ ১ম ভাগের অর্থ পুস্তক। শ্রীগোবিন্দপ্রসাদ দে প্রণীত। মূল্য ৶০ তিন আনা। ইহাতে প্রায় প্রত্যেক শব্দের অর্থ, পদান্বয়, এবং ব্যাকরণ সম্বন্ধীয় যাহা জানিবার আবশ্যক তাহা আছে। প্রায় প্রত্যেক ছত্রের গদ্য ও অতি সরল ভাষায় অর্থ দেওয়া হইয়াছে। ছোট ছোট বালকদের বিশেষ উপযোগী হইয়াছে। ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৮০২ নং

গবর্ণমেণ্টের অনুমোদিত।

বাঙ্গালা ছাত্রবৃত্তি ও মাইনর স্কুলসমূহের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পাঠ্য।

"বিজ্ঞানসোপান"।

শ্রীযুক্ত উমেশচন্দ্র ঘোষ, এম এ, বি এল প্রণীত।

মূল্য ৷৵০ দশ আনা মাত্র।

ছাত্রবৃত্তি ও মাইনর পরীক্ষার নির্দ্দিষ্ট বিষয়গুলি এরূপ বিশদরূপে ও ধারাবাহিক ভাবে অন্য কোন গ্রন্থে বর্ণিত নাই। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৪০৪নং

অম্বিকাচরণ ঘোষাল
ফটোগ্রাফার ও পোর্ট্রেট পেইণ্টার
ঘুঁটেবাজার হুগলি

মফস্বলে যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণপত্র লিখিলে জানিতে পারিবেন। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিঞ্জ, হুগলী কলেজ, এমামবাড়া, হংসেশ্বরীর মন্দির, চুঁচুড়া গোরাবাজিক অভ্যন্তর দৃশ্য, নবাব খাজাখাঁর মসজিদ, সপ্তগ্রামের মহোৎসব প্রত্যেক ৷৷০ আনা মাত্র—ফটোগ্রাফগুলি একবার দেখিলে বাধিত হইব।

পাটীগণিত

নূতন সংস্করণ।

শ্রীপ্রসন্নকুমার সর্ব্বাধিকারী প্রণীত।

সুপ্রসিদ্ধ গণিতশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম, এ, মহাশয়ের দ্বারা সম্যক্‌রূপে সংশোধিত পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত। ইহাতে সুকৌশল সম্পন্ন প্রশ্নাবলী সন্নিবেশিত এবং উহাদের ভূরি পরিমাণে সমাধান করা হইয়াছে। ৫৭৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। উত্তম কাগজে বাঁধা, মূল্য ১৷৵০। বলা বাহুল্য ইহা চিরকাল সমাদৃত, অধুনা আরও অধিক পরিমাণে স্কুলাদিতে পাঠ্যরূপে নিরোজিত হইতেছে এবং বঙ্গবাসী প্রভৃতি সংবাদ পত্র ভূয়সী প্রশংসা করিতেছেন। নিম্নলিখিত এবং অন্যান্য স্থানে পাওয়া যায়।

বি, ব্যানার্জ্জি এণ্ড কোং।
৯৫নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, ৫৬নং কলেজ ষ্ট্রীট, ৫১নং পুরাতন চীনেবাজার, কলিকাতা। ৫৫নং পটুয়াটুলি ঢাকা।

৩৮৮নং

মাইকেল মধুসূদন দত্তের

জীবনচরিত, অপ্রকাশিত কবিতা, পত্র ও প্রবন্ধাবলীর সমালোচনা সম্বলিত গ্রন্থ

প্রকাশিত হইয়াছে।

শ্রীযোগীন্দ্রনাথ বসু বি এ, প্রণীত।

ডিমাই আট পেজী আকারের পাঁচ শতেরও অধিক পৃষ্ঠায় সম্পূর্ণ।

এরূপ সর্ব্বাঙ্গসুন্দর জীবনচরিত এপর্য্যন্ত বাঙ্গালা ভাষায় প্রকাশিত হয় নাই। মধুসূদনের জীবনের বিষাদময় ইতিহাসের সঙ্গে তাঁহার সমসাময়িক বাঙ্গালা সাহিত্যের অবস্থা, তাঁহার গ্রন্থাবলীর সমালোচনা, তাঁহার লিখিত বহুসংখ্যক ইংরাজী ও বাঙ্গালা কবিতা, মান্দ্রাজ, ইংলণ্ড, ফ্রান্স প্রভৃতি স্থান হইতে তাঁহার লিখিত বহুসংখ্যক পত্র, তাঁহার জীবনের ঘটনাবলী সম্বন্ধে স্যার মহারাজা যতীন্দ্রমোহন ঠাকুর, বাবু ভূদেব মুখোপাধ্যায়, রাজা প্যারীমোহন মুখোপাধ্যায় প্রভৃতির লিখিত মন্তব্য, রাজা রাজেন্দ্রলাল মিত্র, ড্রিঙ্ক ওয়াটার, বেথুন, বাবু রাজনারায়ণ বসু প্রভৃতি অনেক খ্যাতনামা ব্যক্তির লিখিত পত্র ও পরামর্শ ইত্যাদি ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। মধুসূদনের নিজের এবং তাঁহার সমাধি স্তম্ভের চিত্র এবং রাজা প্রতাপচন্দ্র সিংহ, রাজা ঈশ্বরচন্দ্র সিংহ, মহারাজা স্যার যতীন্দ্রমোহন ঠাকুর, বাবু ভূদেব মুখোপাধ্যায়, বাবু গৌরদাস বসাক, বাবু রাজনারায়ণ বসু, ৺ বিদ্যাসাগর মহাশয়—এই কয়েক জনেরও চিত্র ইহাতে প্রদত্ত হইয়াছে। এইরূপ সুন্দর চিত্র এপর্য্যন্ত কোনও বাঙ্গালা গ্রন্থে প্রকাশিত হয় নাই। ছাত্রদিগকে পুরস্কার দিবার জন্য অতি সুন্দররূপ বাঁধান হইয়াছে। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপোজিটরীতে, ২১০।১।১ কর্ণওয়ালিস ষ্ট্রীট নব্যভারত কার্য্যালয়ে, বৈদ্যনাথ দেওঘর স্কুলে গ্রন্থকারের নিকট এবং নিম্নস্বাক্ষরকারীর নিকট পাওয়া যায়। মূল্য কাপড়ে বাঁধাই ২৷০ টাকা, কাগজের মলাট ২৲ টাকা, ডাকমাশুল ।০ আনা। মফস্বলের গ্রাহকগণ গ্রন্থকারকে পত্র লিখিবেন।

শ্রীআনন্দ চট্টোপাধ্যায় এম এ।
অধ্যাপক সিটি কলেজ,—কলিকাতা।

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৮ বৎসর উহা বিনামূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-যশের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার লেপনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থার সম্যক্‌ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধ সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনা ব্যয়ে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৲ টাকা, প্যাকিং ।০ আনা।

২ শিশি একত্রে লইলে খরচা ৷৶০ আনা সুদ্ধ হয়।

শ্রীকালীদাস সরকার।

গবর্ণমেণ্ট পেন্সনার—লক্ষ্ণৌ।

৯৭৩নং

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বলবীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রি-জাগরণ, অতিরিক্ত পান-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা-হাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত!

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-ফোলা-কাসিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দৌকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকায় সেজ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক। নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে, ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্পদিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধে অতি সামান্য রোগও আরাম হয়। বিধাতার বিচিত্রবিধান বুঝাভার!

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন। প্লীহা জ্বর-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগীকে এই এক ৩নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

	কটিকার সংখ্যা,	মূল্য;	ডাঃমাঃ,	প্যাকিং
১নং কৌটা	১৮	৷৶০	।০	৵০
২নং কৌটা	৩৬	১৲০	।০	৵০
৩নং কৌটা	৫৪	১৷৶০	।০	৶০

ভ্যালুপেয়েবলে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।

১২ নং মুক্তাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা

৩৭৪নং

পাঁড়ে ব্রাদার্স।

পুস্তক ও দেশী বস্ত্র বিক্রেতা।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্, কলিকাতা।

এখানে ইংরাজি বাঙ্গালা সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য সর্ব্ব প্রকার পুস্তক, তৎসমস্তের নানা প্রকার কি, নোট, অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি সর্ব্ব প্রকার পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে। বিলাতি পুস্তক বিলাত হইতে আনা হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৹ টাকা ১৸৹ মূল্য জোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও ব্যবহারীর জন্য চলিবে ও ২৷৹, ৩ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ নয়নসুখ, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকটও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য ।৵০ বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ ৵০
৩২ খানি উৎকৃষ্ট চিত্রসহ

নীতি কথামালা	।০	মানবতত্ত্ব	১৷০
আর্য্যচরিত	।০	ধর্ম্মবিজ্ঞান	১৲
আর্য্যশিক্ষা	৷৶০	অদ্ভুত স্বপ্ন বা	
বাঙ্গলা ব্যাকরণ	৷৶০	স্ত্রী পুরুষের দ্বন্দ্ব	৷৷০
শিশু বিজ্ঞান	৵০	বিজ্ঞানসার	১৲
বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ	৵০	লীলাবতী (অঙ্কপুস্তক)	৷৷০

৫৪৫ নং শ্রীমনোমোহন পাঁড়ে

শ্রীমদ্ভগবদ্গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল বাঙ্গালা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ⁄০।

ঐ বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ⁄০ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা মূল্য ⁄০ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা উৎকৃষ্টরূপ বাঁধা মূল্য ।০ আট আনা, ডাঃ মাঃ ⁄১০।

কবির (জীবন্মুক্ত মহাত্মা কবির সাহেবের ৪৪৭টী দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা-সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ ⁄১০।

কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০। ১ন মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউশনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু
প্রণীত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য ⁄০ আনা
ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "
ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব ।০ "

সেণ্ট্রাল টেক্সটবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার আলি-মার পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট—কলিকাতা।

নবশুভঙ্করী। মূল্য ।০

টেক্সটবুক কমিটির অনুমোদিত তৃতীয় সংস্করণ, সংশোধিত এবং প্রেসিডেন্সী ও বর্দ্ধমান বিভাগের মধ্যবাঙ্গালা ও উচ্চ প্রাথমিক পরীক্ষায় ৭।৮ বৎসরের শুভঙ্করী প্রশ্ন সম্বলিত। কলিকাতা সংস্কৃত প্রেস ডিঃ, এবং আমার নিকট প্রাপ্তব্য।

শ্রীপূর্ণচন্দ্র ভট্টাচার্য্য
হেডপণ্ডিত ভাটপাড়া ম, ইং স্কুল।
৮১০ নং

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত
পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় নূতন প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষক গণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৷৷০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ⁄০ আনা।

ধারাপাত, চাল-নিদস ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীজমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ⁄০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ⁄০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৪৪ নং

সংক্ষিপ্ত পদার্থদর্শনের প্রশ্নোত্তর।

পণ্ডিত প্রবর শ্রীযুক্ত প্রসন্নকুমার চক্রবর্ত্তী প্রণীত। মূল্য ⁄০ পাঁচ আনা মাত্র। যত গুলি সংপদার্থদর্শনের প্রঃ উঃ এপর্য্যন্ত প্রকাশিত হইয়াছে এখানা তাহাদের অপেক্ষা কোন অংশে নিকৃষ্ট নহে বরং অনেকাংশে উৎকৃষ্ট। যে স্কুলে এক খানিমাত্র এই প্রঃ উঃ প্রবেশ লাভ করিয়াছে সে স্কুলের সমস্ত ছাত্রই ইহা ক্রয় করিতেছে। এককালে এক প্যাকেটে ৫ খানি এই প্রঃ উত্তর লইলে স্কুলের শিক্ষকদিগকে শতকরা ১৫৲ টাকার হিসাবে কমিসন দিয়া থাকি; অধিকন্তু আমি নিজ হইতে ডাক মাশুল দিই। কাগজ, ছাপা ও বাঁধাই সমস্তই উৎকৃষ্ট। ভিঃ পিঃ ডাকে পাঠাইয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র দত্ত।
ভারত পুস্তকালয়, পটলডাঙ্গা, বৌবাজার পোষ্ট
৩৯৯নং কলিকাতা।

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু অবনীনাথ সেন সাধুহাটি ১৮৯৯ ডিসেম্বর শেষ ২৲
" " রাধিকাপ্রসন্ন বন্দ্যোপাধ্যায় গণেশতলা ১৮৯৪ অক্টোবর শেষ ১।০
" " শশিভূষণ চক্রবর্ত্তী নবাবগঞ্জ ১৩০০ আশ্বিন শেষ ১৲
" " সতীশচন্দ্র দাস গোয়ালখোর গ্রাম ১৮৯৪ জুন শেষ ৩৲
" " হারাণচন্দ্র ঘোষ কোপারাগ্রাম ১৲
" " রামরাঘব রায় করিশ্চন্দ্রপুর ১৩০০ মাঘ শেষ ৫৲
হেড মাষ্টার পাঁড়ড়া স্কুল ১৮৯৪ জুলাই শেষ ৩৲
করিশাকুণ্ড স্কুল লাইব্রেরী ১৮৯৩ ডিসেম্বর শেষ ২।০

☞ এই পত্র হুগলি বুধোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

REGISTERED NO 35 1875.

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

নূতন সম্পাদিত। ২৫শ খণ্ড। ১৭শ সংখ্যা। } ২৮শে আশ্বিন শুক্রবার ১৩০০ সাল। ইং ১৩ই অক্টোবর ১৮৯৩ খৃঃঅব্দ। { অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম) ৫৲ ষাণ্মাসিক ৩
ত্রৈমাসিক ২ প্রত্যেক সংখ্যার ।৹

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৵৹ এক বার /১০ চতুর্থ বা ততোধিক বার /৹। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৵৹।

কর্ম্মখালির বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে প্রকাশিত হয়।

তিন মাসের অধিক বিজ্ঞাপন প্রকাশ করিলে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

যাঁহারা এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য নগদ টাকায় দিবেন, তাঁহারা তাঁহাদের নিকটবর্ত্তী এজেন্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণিঅর্ডার কুপনে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

এডুকেশন গেজেটে বিজ্ঞাপন প্রকাশের সুবিধার জন্য ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে একটী এজেন্সি খোলা হইয়াছে। তথায় বিজ্ঞাপন ও তৎপ্রকাশের মূল্য জমা লওয়া যায়।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যায় বিলম্ব হইলে তাহার নামধামনিতে পিয়নের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

কলিকাতা শীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
সংস্কৃতযন্ত্রের পুস্তকালয় ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।
চণ্ডীচরণ মজুমদার—সেন্সল সেক্রেটারিয়েট জুডিসিয়াল ডিপার্টমেণ্ট।
২৪ পরগণা মতিলাল মৈত্র—আলিপুর।
আলিপুর ভূপালচন্দ্র গঙ্গোপাধ্যায়—উকিল।
বারাকপুর শ্রীযুক্ত বাবু ভুবনমোহন নিয়োগী।
ভবানীপুর রাজকৃষ্ণ রায় চৌধুরী।
চুয়াডাঙ্গা যদুনাথ চৌধুরী।
হাবড়া হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান চারুচন্দ্র চট্টোপাধ্যায়।
রসিকলাল দাস—রায়না।
যশোহর কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
সিউড়ী অম্বিকাচরণ মুখোপাধ্যায়।
নীলমণি ভট্টাচার্য্য।
বাঁকুড়া রামেশ্বর সেন—বিষ্ণুপুর।
অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর উমাচরণ দে।
জলপাইগুড়ি নীলমণি পাল।
বাঁকিপুর নীলমণি মুখোপাধ্যায়—সিঠাপুর।
ভগবান প্রসাদ।
বারাণসী সোমনাথ ভাদুড়ী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর আদিনাথ মিত্র।
দ্বারকানাথ বাগচি—নিলফামারি।
রাজসাহী কালীনাথ চৌধুরী—বোয়ালিয়া।
পাবনা মহেন্দ্রনাথ দত্ত।
রজনীকান্ত ভট্টাচার্য্য।
রামচন্দ্র চক্রবর্ত্তী।
ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, তুলাই।
উমাচরণ পাঁড়ে, সিরাজগঞ্জ।
ঢাকা সতীশচন্দ্র ঘোষ।
সাঁওতাল পরগণা যজ্ঞেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।
পাকুড় রাধাকৃষ্ণ সারথেল।
খুলনা হরিহর দাস।
জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।
দিনাজপুর রাজকুমার চক্রবর্ত্তী কুলবাড়ি।
ভুবনেশ্বর গুপ্ত।
দুর্গাদাস সুর—রায়গঞ্জ।
শশিভূষণ রায়।
কোচবিহার ভূবনমোহন দত্ত।
ফরিদপুর কালীকিশোর ঘোষ—মাদারিপুর।
মজঃফরপুর কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল
ধারভাঙ্গা গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক সুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সমস্তীপুর
বৈদ্যনাথ যোগীন্দ্রনাথ বসু হেড মাষ্টার, দেওঘর।

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিবিধ বিজ্ঞাপন।

শ্রীরামেশ্বর সেন কৃত

১। উচ্চপ্রাথমিক সহজ-পরিমিতি মূল্য ।৹।

২। নিম্ন-প্রাথমিক সহজ-পরিমিতি
(কেবল দেশীয় রীতির নিয়মাদি)
ভাল কাগজে ছাপা ৵৹
চলিত কাগজে ছাপা ৵৹

৩। নিম্ন-পুরস্কার পরীক্ষা—
পাঠশালার ছাত্রগণের অত্যুপযোগী অভিনব পাঠ্য পুস্তক।
ভাল কাগজে ছাপা ৵৹র স্থলে ৵১০
চলিত কাগজে ছাপা ৵১০র স্থলে ৵৹
কলিকাতা ও বাকুড়া জেলার বহির দোকানে প্রাপ্য।

৪। "উচ্চ-পুরস্কার পরীক্ষা" শীঘ্রই বাহির হইবে।

৪০১নং

গিরিশ লাইব্রেরী।

এখানে ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল, এ; বি, এ ক্লাসের সর্ব্বপ্রকার পাঠ্যপুস্তক ও অর্থ পুস্তকাদি এবং নাটক, নভেল প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়। ভিঃ পিঃ ডাকেও পুস্তক পাঠাই। ২১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা। শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৮৪নং

এন. ডি. মিত্র এবং কোং।

গভর্ণমেণ্ট ও কলিকাতা ও অন্যান্য স্থানের ভদ্র চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৫৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক কুনিনি ক্যাম্ফার ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৷৷০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৬৲ ও ৭৲, শিশুচিকিৎসা ২৷৷০, বামাচিকিৎসা ২৲ জ্বর চিকিৎসা ৸০ ও ১৸০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৸০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমার কলিকাতার মহামেলার এই শ্রেণীতে ভারতের মধ্যে সর্ব্বোচ্চ এবং এখানকার ও অন্যান্য স্থানের অন্যান্য চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি। ১ম

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্তলালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীতে সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১৷৷০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

REDUCTION IN PRICE OF CINCHONA FERRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta. Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free, at 4 oz, Rs3—4 : 8 oz, Re 6—8 : 16 oz, Re 12—12. Cash with order.

No. 331

বুধোদয় যন্ত্র।

হুগলি বুধোদয় যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষর ও তাহার সরঞ্জাম প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানা প্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় যাবতীয় ফারম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, ষ্ট্যাম্পবিল, জমিদারীর জরাওয়াশীল ফরম, ডাক্তারি মেবিল ওবিল নানাপ্রকার ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পাদিত হইয়া থাকে। বিশেষ বন্দোবস্ত করিলে সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংলিস অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও মল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া দপ্তরী দ্বারা পুস্তক প্রস্তুত করিয়া রীতিমত বাক্সবন্দী করিয়া রেলে বা জাহাজে যাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি, গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন, ছাপার রেট ও অন্যান্য বিবরণ জানিতে ইচ্ছা করিলে আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পরিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
কার্য্যাধ্যক্ষ।

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১২ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।

ডাকমাশুল ৵০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৵০

পদ্য ব্যাকরণ মূল্য ৵১০

প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য ৵১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায়) পাওয়া যায়।

শ্রীতিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

রিপণ-ডিপজিটারী।

৫২ নং দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য ও নাটক নভেল অতি সুবিধায় সরবরাহ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পি, ডাকে পুস্তক পাঠাই। প্রেরণ ব্যয় ৵০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়।

শ্রীশশিভূষণ সাহা
ম্যানেজার।

৩৮০ নং

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মন্তব্যের নহে।

অণু ও পরমাণু।

পদার্থসমূহের সূক্ষ্মতম অবিভাজ্য (ভৌতিক শক্তি দ্বারা) অংশকে অণুকহা যায়। ভৌতিক শক্তি দ্বারা অবিভাজ্য অণু অপর রাসায়নিক শক্তি দ্বারা বিভাজ্য হইতে পারে। অণুর যে অংশ সেই রাসায়নিক শক্তি দ্বারাও অবিভাজ্য সাধারণতঃ তাহাই পরমাণু।

অণু ও পরমাণুতত্ত্ব ইউরোপে সর্ব্ব প্রথম ডেমক্রিটস্ সাহেব আবিষ্কার করেন। উহার বহুপূর্ব্বে ভারতবর্ষে এ বিষয়ের সুন্দর মীমাংসা লিপিবদ্ধ ছিল। বৈশেষিক দর্শনে ইহার সুন্দর সুন্দর যুক্তি আছে।

অণু ও পরমাণু দেখিতে কিরূপ তাহা কেহই বলিতে পারেন না। আমাদের চক্ষুর অগোচরে বায়ুতে, জলেতে বা মৃত্তিকাতে বহুবিধ কীট, পতঙ্গ আছে। অণুবীক্ষণ যন্ত্রের সাহায্যে ঐ সকল দেখা যায়; বস্তুতঃ কিন্তু তাহারা অণু বা পরমাণু নহে। ঐ সকল জীব-শ্রেণি অণু পরমাণুর সমষ্টি মাত্র। বায়ুও অণু পরমাণুর সমষ্টি।

পদার্থ বিজ্ঞান অণু ও পরমাণুর রূপ যেরূপ কল্পনা করিয়াছেন, তাহা এই,—অণু গোলাকার পদার্থ। ইহারা পরস্পর একত্রিত থাকে। মধুমক্ষিকাদিগের মধুক্রম যেরূপ, অণুও তদ্রূপ। যেমন মধুক্রমের গহ্বরগুলি প্রাচীর দ্বারা পরস্পর পৃথক্ থাকে, তেমনি একটী অণু হইতে অন্য অণু সকলেরও মধ্যদেশ শূন্য থাকে, ইহাকে (Inter-molecular space) বলে।

হাইড্রোজেন এবং অক্সিজনকে মৌলিক পদার্থ বলা হয়। ঐ দুইটী মূল পদার্থ নির্দ্ধারিত পরিমাণে একত্রিত হইলেই জল হয়। এই জন্য জল যৌগিক পদার্থ। এক্ষণে জলের মধ্যস্থ অণু সমষ্টির ভিতরদেশ শূন্য কিনা তাহাই পরীক্ষা করিতে হইবে। বিজ্ঞান এ বিষয়ের যাহা পরীক্ষা করিয়াছে তাহা এই,—

একটী কাচের নলের ভিতর কিছু জল ও সুরা একত্রিত করতঃ নলটী পরিপূর্ণ করিয়া এবং পরে আস্তে আস্তে নাড়িয়া জল ও সুরা মিশ্রিত করিয়া দিলে দেখা যাইবে যে, জল ও সুরা মিশ্রিত হইয়া ঐ পরিপূর্ণ নল কিছু শূন্য হইয়াছে। জলে ও সুরায় যে নল পূর্ব্বে পরিপূর্ণ ছিল, তাহা এক্ষণে কমিয়া গিয়া নলের শূন্য স্থান বাহির হইল কেন? ইহার কারণ বিজ্ঞান বলেন—জল ও সুরাস্থ অণুর মধ্যস্থল পূর্ব্বে শূন্য ছিল, এক্ষণে ঐ শূন্য স্থান কিয়ৎপরিমাণে পূর্ণ হওয়ায়, নলের দ্রব্য কমিয়া গেল।

অধিকাংশ পদার্থে তাপ প্রয়োগ করিলে উহাদের মধ্যদেশস্থ স্থানের আয়তন বৃদ্ধি পায়, এবং সমস্ত দ্রব্যটি আকারে বড় হয়। অণুসমূহের এক প্রকার আকর্ষণী শক্তি আছে। এই শক্তি দ্বারা একটী অণু অপর অণুকে আকর্ষণ করিয়া রাখে। এতদ্ব্যতীত উহাদের এক প্রকার বিকর্ষণ শক্তিও আছে। তাহার প্রভাবে উহারা পরস্পর হইতে পৃথক্ হইবার চেষ্টা করে। উক্ত শক্তিদ্বয়ের তারতম্য হইলেই পদার্থদিগের অবস্থান্তর হয়। কোন দ্রব্যের অণুসমূহের মধ্যে আকর্ষণ শক্তি যদি বিকর্ষণ শক্তি অপেক্ষা অধিক হয় তবে অণুসকল অত্যন্ত নিকটবর্ত্তী থাকা প্রযুক্ত তাহারা সরিয়া যাইতে পারে না এবং সেই জন্য দ্রব্যটির আকারও পরিবর্ত্তিত হয় না। এই অবস্থায় দ্রব্যটি কঠিন পদার্থ। যখন আকর্ষণ শক্তি ও বিকর্ষণ শক্তি প্রায় সমান হয় তখন অণুসকল আকর্ষণ শক্তি প্রভাবে একেবারে অধিক দূর যাইতে পারে না, অথচ বিকর্ষণ শক্তির প্রাদুর্ভাববশতঃ তাহারা সরিয়া বেড়ায় এবং যে পাত্রে রাখা হয় তাহারই আকার ধারণ করে। এই অবস্থায় দ্রব্যটি তরল পদার্থ। যখন বিকর্ষণ শক্তি আকর্ষণ শক্তি অপেক্ষা অধিক হয় তখন আর অণু সকল একত্রিত থাকিতে পারে না; সর্ব্বদাই পরস্পর হইতে দূরে যাইতে চেষ্টা করে এবং ছাড়া পাইলেই চারিদিকে ছড়াইয়া পড়ে। দ্রব্যটির এই অবস্থাকে বাষ্পীয় অবস্থা বলে।

ইংরাজী বিজ্ঞান দ্বারা পরমাণুতত্ত্ব এইরূপে মীমাংসিত হইয়াছে, কিন্তু ইহা কতদূর সঙ্গত সে সম্বন্ধে কোনরূপ কথা বলিতে আমরা আপাততঃ নিরস্ত থাকিলাম।

সহজ শিল্প।

সুবাসিত তৈল।

তিল কিম্বা জলপাই তৈল (সুইট অয়েল) কিছু লইয়া উহার সহিত কিছু স্পিরিট অব রোজমেরী মিশ্রিত করিবে। পরে উহাতে ফোটা কতক জায়ফলের তৈল মিশাইয়া শিশিতে পুরিয়া উত্তমরূপে ছিপি বন্ধ করিয়া অন্ধকারময় শীতল স্থানে রাখিয়া দিবে। এই মিশ্রণে ভাগের কোন নিয়ম নাই; প্রয়োজন মত স্পিরিট অব রোজমেরী বা জায়ফলের তৈলের হ্রাস ও বৃদ্ধি করিয়া মিশান চলে। এই তৈল বৈকাল বেলা কিম্বা সন্ধ্যার সময় মাখিতে হয়। ইহা কিছুদিন ব্যবহার করিলে চুল পরিষ্কার থাকে, এবং চুলের গোড়া শক্ত হয় ও মস্তকে অতিরিক্ত চুল জন্মিয়া যায়।

(২য় প্রকার।)

অডিকলন অর্দ্ধ ছটাক, লেবেণ্ডার তৈল ৫ ফোঁটা, টিঞ্চার অব কেছারাইডিস সিক্স ... এই তিনটি দ্রব্য একত্র করিয়া, শীতল ও অন্ধকারময় স্থানে রীতিমত আবৃতাবস্থায় রাখিবে; স্নানের সময় ইহাতে নারিকেল তৈল কিছু মিশ্রিত করিয়া ব্যবহার করিবে। মাতা ধরা, মাতা ঘোরা, হাত, পা ও চক্ষু জ্বালা ইহার দ্বারা আরোগ্য হয়। লেবেণ্ডার তৈল ও টিঞ্চার কেছারাইডিস ডাক্তার খানায় পাওয়া যায়।

(উকুন নষ্ট করিবার উপায়।)

সোহাগা ২৷৷০ ভরি, কর্পূর ১৷৷০ ভরি, এই দুইটী দ্রব্য যোগ করিয়া গুঁড়া করিবে। যদি কর্পূর ভাল গুঁড়া না হয়, তাহা হইলে উহাতে কিছু স্পিরিট দিবে। পরে কোন হাঁড়িতে পাঁচ পোয়া আন্দাজ জল গরম করিবে। এই জলে সোহাগা চূর্ণ ও কর্পূর চূর্ণ মিশ্রিত করিয়া জল শীতল হইলে, উহা বোতলে পুরিয়া উত্তমরূপে ছিপি বন্ধ করিয়া রাখিবে। ইহা মস্তকে উকুন ও উকি হইলে ব্যবহার করিতে হয়। তাহা ছাড়া ইহার আর একটী গুণ এই যে, নিয়মিত ব্যবহার করিলে, ইহা দ্বারা চুলের বর্ণ গাঢ় হয়।

(লেবেণ্ডার ওয়াটার প্রস্তুত।)

ডাক্তারখানা হইতে এক কাঁচ্চা লেবেণ্ডার তৈল আনিয়া, উহার সহিত রেক্টিফাইট স্পিরিট সাত ছটাক মিশ্রিত কর। পরে উহাতে গোলাপ জল পাঁচ কাঁচ্চা যোগ দিয়া ২৷৷৩ ঘণ্টা স্থিরভাবে রাখিয়া, তাহার পর বুটিন কাগজ দিয়া ছাঁকিয়া শিশিতে পুরিয়া রাখ।

(সুবাসিত নারিকেল তৈল।)

এলকানিবুট এক প্রকার কাষ্ঠ। ইহা তৈলে দিলে তৈলের রং হয়; নারিকেল তৈল রং করিয়া তাহাতে কয়েক ফোঁটা আতর মিশাইয়া শিশিতে

লেবেল আঁটিয়া বাজারে উহা নানাবিধ নামে বিক্রীত হইয়া থাকে। ইহাতে চুল উঠিয়া যায়, চুলে আটা হয়, এবং মস্তক হইতে একটা তীব্র দুর্গন্ধ বাহির হয় ইত্যাদি। নারিকেল তৈল অল্প গরম করিয়া যদি বুটন কাগজ দিয়া বার বার ছাঁকা যায়, তাহা হইলে উহা শীতকালে কখনই জমিয়া যায় না; কিন্তু বাজারে সুবাসিত নারিকেল তৈল শীতকালে জমাট বাঁধিয়া যায়।

এডুকেশন গেজেট।

২৮শে আশ্বিন ১৩০০। ইং ১৩ই অক্টোবর ১৮৯৩।

দুর্গোৎসব।

সম্বৎসরাবসানে বাঙ্গালীর মহান্ উৎসবের দিন আবার আসিয়া উপস্থিত হইল। মহানন্দময়ীর আবির্ভাব হইবে বলিয়া স্থাবর জঙ্গমাত্মক সমস্তই আজ শারদীয় মহোল্লাসে উৎফুল্ল। বনস্পতি, নদী, সরোবর, চন্দ্র, নক্ষত্র ও দিঙ্মণ্ডলাদির অনুপমা শ্রী আপনাতে ধারণ করিয়া শরৎঋতু আজ প্রকৃতি-রূপিণী সেই জগদম্বার আগমন বার্ত্তা সহাস্য আস্যে সূচিত করিতেছেন। প্রকৃতি পুরুষের সম্মিলনসূচক দূর্ব্বা পুষ্প এবং সত্ত্বরজস্তমঃ ত্রিগুণের বোধক বিল্বদল ভক্তিভরে লইয়া বৎসরান্তে আবার তিন দিন কাল মায়ের পাদপদ্মে পুষ্পাঞ্জলি দিতে পাইবে বলিয়া ভক্ত সাধকবৃন্দের মন আজ মহানন্দে নৃত্য করিতেছে এবং একাধারে দুর্গাপ্রতিমায় পূর্ণাপ্রকৃতির একত্র সমাবেশ দেখিয়া পরব্রহ্মের কল্পিতরূপের অনুধ্যানে অন্তর পুলকিত করিবার জন্য জ্ঞানীর চিত্তও সমুৎসুক হইয়া উঠিয়াছে।

স্ত্রী পুত্র পরিজনের ভরণ পোষণের জন্য অর্থোপার্জ্জনের উদ্দেশ্যে যাঁহারা দেশান্তরে অবস্থান করিতেছেন, সম্বৎসর কালের পর মহামায়ার অনুভাবে আজ তাঁহাদের চিত্তেরও চাঞ্চল্য উপস্থিত হইয়াছে। আজ তাঁহারা সকলেই স্ব স্ব স্ত্রী পুত্র পরিজনাদির সহিত সম্মিলিত হইবার জন্য একান্ত উৎসুক হইয়া উঠিয়াছেন। সপরিজন দেশান্তরে অবস্থিতি করিয়াও বৎসর কালের পর স্বগ্রাম ও ভিন্ন গ্রামস্থ আত্মীয় স্বজনবর্গের দর্শন লালসায় অনেকের চিত্ত আজ অস্থির হইয়া উঠিয়াছে। দেশস্থ পরিজন বর্গও দেশান্তরস্থিত প্রিয়জনগণের সমাগম প্রতীক্ষায় তাঁহাদের পথ পানে চাহিয়া আছেন। শারদীয়োৎসবে সকলে একত্র সম্মিলিত হইলে পরস্পারের মনে যে সুবিমল আনন্দের উদ্ভব হইবে সেই দিব্য আনন্দের সম্যক্ বিকাশ পার্থিব কিছুতেই সূচিত হইবার নহে। তখন সকলের হৃদয়ই শান্তিপূর্ণ হইবে। সেই "সর্ব্বভূতেষু শান্তিরূপেণ সংস্থিতা" দেবীর সন্নিধানে উল্লসিত, তাপিত কাহারও হৃদয়ে আর অশান্তি থাকিবে না। শান্তিময়ীর সন্দর্শনে সকলেরই হৃদয়ে পূর্ণ শান্তি বিরাজ করিতে থাকিবে; রোগী, নিরোগী, ধনী, দরিদ্র অবিশেষে সকলেই তখন ভক্তিপূর্ণ হৃদয়ে সাশ্রুনয়নে সেই সর্ব্বদুঃখাপহারিণী সর্ব্বানন্দময়ীর পাদপদ্মে

আদ্ধ্যং কুষ্ঠঞ্চ দারিদ্র্যং রোগং শোকঞ্চ দারুণং।
বন্ধুস্বজন বৈরাগ্যং দুর্গে দুঃস্বপ্নদর্শিতং॥
হরপাপং হরক্লেশং হর শোকং হরাশুভং।
হরদুঃখং হরক্ষোভং হরদেবি হরপ্রিয়ে॥
ধন্যোঽহং কৃতকৃত্যোঽহং সফলং জীবিতং মম।
আগতাসি যতো দুর্গে মাহেশ্বরি মদাশ্রয়ং॥
অর্ঘ্যং পুষ্পঞ্চ নৈবেদ্যং মাল্যং মলয়বাসিনি।
গৃহাণ বরদে দেবি কল্যাণং কুরুমে সদা॥

ইত্যাদি বাক্যে সচন্দন পুষ্পাঞ্জলি প্রদান করিয়া তৃপ্তিলাভ করিবে এবং কত কত জন সম্বৎসরকালের পর পুনরায় আবার 'এহ্যেহি ভগবত্যম্ব' ইত্যাদি মন্ত্রে আবাহনান্তর পুষ্পধূপাদি বিবিধোপচারে বিশ্বময়ীর কল্পিত প্রতিরূপের অর্চ্চনাদি করিয়া আপন আপন জীবন সার্থক জ্ঞান করতঃ তিন দিন কাল মহানন্দে ভাসিবার অবসর পাইবেন।

শারদীয়োৎসব উপলক্ষে আমরা পূর্ব্ব পূর্ব্ব বারের ন্যায় এবারেও আমাদের গ্রাহকবর্গের নিকট হইতে দুই সপ্তাহ কালের জন্য বিদায় গ্রহণ করিলাম।

চট্টগ্রাম বিভাগ।

১৮৯২-৯৩ সালের চট্টগ্রাম বিভাগের বাৎসরিক শাসন বিবরণী বিষয়ক রিপোর্টের উপর বাঙ্গাল গবর্ণমেণ্ট যে মন্তব্য প্রকাশ করিয়াছেন নিম্নে তাহার সারাংশ বিবৃত করা যাইতেছে—

বিভাগের পরিদর্শন সম্বন্ধে গবর্ণমেণ্ট যে সকল আদেশ করিয়াছিলেন, বিভাগীয় কমিসনর এবং জেলাও মহকুমাস্থ কর্ম্মচারিগণ সে সকলের রীতিমত পালন করিয়াছেন। আসাম-বেঙ্গল ষ্টেট রেলপথের জমিসংক্রান্ত সমস্ত গোলযোগই শ্লাক সাহেব

মিটাইয়া দেন। ত্রিপুরা মহারাজের জমিদারী জরিপের সময় প্রজারা যে সকল প্রতিবন্ধকতাচরণ করিয়াছিল গ্রিয়ার সাহেব সে সকলের নিবারণ করেন এবং সদরের আফিসসমূহের মাণ্মাসিক পরিদর্শন কলেক্টরগণ কর্ত্তৃক যথাকালে সম্পাদিত হয়।

চাঁদপুর ও মীরসরাই ব্যতীত বিভাগের আর সর্ব্বত্রই যথেষ্ট পরিমাণ বৃষ্টিপাত হইয়াছে। কৃষকেরা ধান ও পাট কাটিয়া লইয়াছে। চট্টগ্রাম ও নোয়াখালিতে কিন্তু শীতের ফসলের অবস্থা ভাল নহে। ত্রিপুরা জেলায় আজ কাল পাট খুব ভালরূপ জন্মিতেছে এবং গাঁজায় লাভ যথেষ্ট বলিয়া জেলার উত্তরাংশে উহারও চাষের উত্তরোত্তর বৃদ্ধি হইতেছে।

পূর্ব্ববর্ত্তী দুই বৎসরের সহিত তুলনায় উক্ত বৎসর চট্টগ্রাম বিভাগে মৃত্যুসংখ্যা বেশী হইয়াছে। ফলকথা, নোয়াখালি জেলা এবং চট্টগ্রাম জেলার উত্তরার্দ্ধ অতি অস্বাস্থ্যকর হইয়া উঠিয়াছিল, কেবল ত্রিপুরার স্বাস্থ্যকরতা কতকটা ভাল ছিল মাত্র।

লোকের অবস্থা সাধারণতঃ ভালই ছিল; চট্টগ্রাম, ত্রিপুরা ও নোয়াখালি —এই তিনটি জেলার মধ্যে নোয়াখালিতেই গরিব লোক বেশী। দিন পাঁচ ছয় আনা মজুরী দিলে যত ইচ্ছা তত মজুর ঐ জেলা হইতেই পাওয়া যাইতে পারে, কিন্তু অপর জেলাগুলিতে এই হারে মজুরী করিবার জন্য স্থানীয় মজুর প্রয়োজন মত মিলে না। অন্যত্র হইতে বৎসর বৎসর মজুর আসিয়া ঐ হারে তথায় কাজ করিয়া থাকে। কমিসনর বাহাদুর বলিয়াছেন, আসাম চট্টগ্রাম রেলপথের কার্য্য যত বৃদ্ধি পাইবে উক্ত রূপ মজুরের আমদানীও তত বাড়িতে থাকিবে। ১৮৯১-৯২ সাল অপেক্ষা উক্ত বৎসর শস্যের দর ঐ বিভাগে কিছু বৃদ্ধি পাইয়াছিল; ইহার কারণ ভারতের অপরাপর স্থানে অন্নকষ্ট উপস্থিত হওয়ায় ঐ স্থান হইতে অনেক চাউল রপ্তানী করিতে হইয়াছিল। উক্ত বিভাগে অন্নকষ্ট হয় না। বন্যায় কোন কোন স্থানে শস্যের পক্ষে কিছু ব্যাঘাত ঘটিলেও তত্রত্য লোকের তাহাতে তত কষ্ট হইতে পায় না, কারণ পূর্ব্ব পূর্ব্ব বৎসরের সঞ্চিত শস্য অনেকেরই ঘরে থাকে, যাহার না থাকে সে ধার করিয়া চালাইতে পারে।

চট্টগ্রাম বিভাগের ব্যবসায় বাণিজ্য অধিকাংশ জলপথেই হইয়া থাকে। নারায়ণগঞ্জ ও চট্টগ্রাম প্রধানতঃ এই দুই বন্দর হইতেই মালপত্রের আমদানী রপ্তানী হয়। শেষোক্ত বন্দরটী হইতে কিন্তু আমদানী ও রপ্তানী—এবৎসর উভয়ই কম হইয়াছে। ইহাতে মোটের উপর বিভাগীয় সমৃদ্ধির কিছু মাত্র হ্রাস হয় নাই।

সমগ্র বিভাগে উক্ত বৎসর ৬২ হাজার ৯০৯টি দেওয়ানী এবং ৯ হাজার ১৫৭টি ফৌজদারী মোকদ্দমার নিষ্পত্তি হইয়াছে। পূর্ব্ব-বৎসরে ৫৬ হাজার ৭০৮টি দেওয়ানী এবং ৮ হাজার ২৫৫টি ফৌজদারী মোকদ্দমার নিষ্পত্তি হইয়াছিল। পুলিস চালানী মোকদ্দমার সংখ্যা কিছু বাড়িয়াছে। শস্যের দর বৃদ্ধি হেতু চুরি দাঙ্গা হাঙ্গামা প্রভৃতি এবং অস্ত্র, লবণ ও আফিম আইনঘটিত অপরাধের সংখ্যা বৃদ্ধি হওয়াই উক্ত মোকদ্দমার সংখ্যা বৃদ্ধির কারণ। নোয়াখালি জেলায় অপরাধের সংখ্যা অনেক কম হইয়াছে। তত্রত্য মাজিষ্ট্রেট মিঃ নন্দকৃষ্ণ বসু ফৌজদারী কার্য্যবিধি আইনের ২০২ ধারা অনুসারে শতকরা প্রায় ৩০টি মোকদ্দমা সম্বন্ধে রিপোর্ট করিবার জন্য গ্রাম্য পঞ্চায়তের উপর ভার দিয়াছিলেন। ইহার মধ্যে শত করা প্রায় ১৮টি মোকদ্দমা পঞ্চায়ত আপোষে নিষ্পত্তি করিয়া দেন। কমিসনর বাহাদুর এই প্রথার ততটা প্রশংসা করেন নাই; কিন্তু প্রতিনিধি ছোট লাট বাহাদুর ইহার পোষকতায় বলিয়াছেন যে, এই প্রথায় যখন সামান্য সামান্য মোকদ্দমার আপোষ নিষ্পত্তি হইবার পক্ষে সুবিধা হইবে বলিয়া বোধ হইতেছে তখন ইহাতে উৎসাহ না দেওয়া আমার অভিপ্রেত নহে। গ্রিয়ার সাহেব ত্রিপুরায় এই প্রথা অবলম্বনে ফল পাইয়া ইহার পোষকতা করিয়াছেন।

উক্ত বৎসর ৯৬টি মোকদ্দমা দায়রায় সোপরদ্দ হয়; তন্মধ্যে ৮৯টি মোকদ্দমার নিষ্পত্তি হইয়াছিল। এই সংখ্যার মধ্যে ৬১টি স্থলে আসামিগণের দণ্ড হয়, ১৩টি মোকদ্দমায় হাইকোর্ট জজের রায়ের পরিবর্ত্তন বা অন্যথা করেন এবং ২৬টিতে আসামিগণ খালাস পায়। পূর্ব্ব বৎসরের বকেয়া লইয়া উক্ত বৎসর ৬৮ হাজার ২৬০ টাকা জরিমানা প্রাপ্য হয়; বৎসর কালের মধ্যে কিন্তু আদায় হইয়াছিল ৫১ হাজার ৩০৬ টাকা। অবৈতনিক ম্যাজিষ্ট্রেটগণ শতকরা

প্রায় ৭৫টি স্থলে কার্য্যে উপস্থিত ছিলেন। উহাঁদিগের সংখ্যা সমগ্র বিভাগে উক্ত বৎসর ৮৯ ছিল।

চট্টগ্রাম বিভাগের চট্টগ্রাম, নোয়াখালি ও ত্রিপুরা—এই তিন জেলায় ৩টি বিশেষ রেজেষ্টরী আফিস আছে। এতদ্ভিন্ন গ্রাম্য রেজেষ্টরী আফিস চট্টগ্রামে ১৭টি, নোয়াখালিতে ১১টি এবং ত্রিপুরায় ১২টি। উল্লিখিত ৩টি বিশেষ রেজেষ্টরী আফিসে উক্ত বৎসর ১৭ হাজার ৬৫৪ এবং ৪০টি গ্রাম্য রেজেষ্টরী আফিসে ১ লক্ষ ৫২ হাজার ৮১৮ খানি দলিলাদি রেজেষ্টরী হইয়াছিল। পূর্ব্ব বৎসরের সহিত তুলনায় এই সংখ্যা অনেক বেশী।

জমির রাজস্ব, রোডসেস ও জমিদারী ডাকসেস এই কয়টি বিষয়ে উক্ত বৎসরের মোট প্রাপ্য ৩৩ লক্ষ ৩২ হাজার ৪৯১ টাকার মধ্যে ৩২ লক্ষ ২৫ হাজার ২১৪ টাকা আদায় হইয়াছে, ৪ হাজার ৫১৯ টাকা মকুব করা হইয়াছে এবং অবশিষ্ট যে টাকা অনাদায় আছে পূর্ব্ববৎসর অর্থাৎ ১৮৯১-৯২ সালের তুলনায় তাহা অনেক কম। আদায় বিষয়ে এই উন্নতি দেখিয়া ছোট লাট বাহাদুর সন্তোষপ্রকাশ করিয়াছেন। মণিঅর্ডার যোগে এই রাজস্ব ও সেস প্রভৃতির টাকা পাঠাইবার বন্দোবস্তে লোকের অনুরাগ দিন দিন বৃদ্ধি পাইতেছে।

চট্টগ্রাম জেলায় রাজস্বের বন্দোবস্তের জন্য বৎসর কালের মধ্যে ৫৩০ বর্গ মাইল পরিমিত ভূমি জরিপ করা হইয়াছে। ইহাতে ব্যয় পড়িয়াছে ৯১ হাজার ৩৫৩ টাকা অর্থাৎ সদর মহকুমার প্রতি তিন বিঘা আধ কাঠা ভূমিতে ।৵৪ পাই এবং কক্সবাজার মহকুমায় ঐ পরিমাণ ভূমিতে ।৵১১ পাই। সম্বৎসর কালের মধ্যে ১ হাজার ৫৮৬ বর্গমাইল পরিমিত ভূমি জরিপ করা হইয়াছে। ত্রিপুরায় সরাইল জমিদারীর অন্তর্গত ২৯৯ খানি গ্রাম অর্থাৎ কিঞ্চিদধিক ২৪১ বর্গমাইল পরিমিত ভূমি ১ লক্ষ ৫ হাজার ৫৮৮ টাকা ব্যয়ে জরিপ করা হইয়াছে। এতদ্ব্যতীত পার্ব্বত্য ত্রিপুরা মহারাজের জমিদারীর অন্তর্গত ৩৪৪ খানি গ্রাম অর্থাৎ ১৫০ বর্গ মাইলের অধিক পরিমাণ ভূমি থাকবস্তে জরিপ করা হইয়াছে। সরাইল জমিদারী জরিপ করায় জমিদারীর খাজানা ৫৫ হাজার ৭০৪ টাকা বৃদ্ধি পাইয়াছে।

আফিম ও গাঁজা ব্যতীত আর আর আবকারী দ্রব্যের কাট্‌তি চট্টগ্রামে কমিয়াছে কিন্তু তাহা হইলেও উক্ত বৎসর আবকারী হইতে গবর্ণমেণ্টের আয় ২ লক্ষ ৬৯ হাজার ৯৭৬ টাকা হইয়াছে। ইহার পূর্ব্ব বৎসরে উক্ত আয় ২ লক্ষ ৫৫ হাজার ৪৭৫ টাকা হইয়াছিল।

উক্ত বৎসরে চট্টগ্রাম বিভাগে সর্ব্বশুদ্ধ ৬৭৩৯টি স্কুল ছিল। ইহার মধ্যে উচ্চ শ্রেণীর স্কুল ১৫টি, মধ্যশ্রেণীর ১৭৬টি, প্রাথমিক ৫ হাজার ৪৭৪টি এবং অন্যান্য ১ হাজার ৭৪টি। এই সমস্ত স্কুলে সর্ব্বশুদ্ধ ১ লক্ষ ৫৯ হাজার ৫৪৬ জন ছাত্র অধ্যয়ন করিয়াছে। ব্যয় হইয়াছে মোট ৪ লক্ষ ৬ হাজার ৮১৭ টাকা। এই টাকার মধ্যে প্রাদেশিক ফণ্ড হইতে ৪৫ হাজার ৭৭৪ টাকা, জেলাবোর্ড হইতে ৬২ হাজার ২৯৬ টাকা, মিউনিসিপ্যালিটী হইতে ৯৭৮ টাকা, ছাত্রদত্ত বেতন হইতে ২ লক্ষ ২১ হাজার ৫১৩ টাকা এবং অন্যান্য উপায়ে অবশিষ্ট ৭৭ হাজার ২৫৬ টাকা সংগৃহীত হইয়াছে। পূর্ব্ববৎসরে স্কুল ও ছাত্রসংখ্যা এ বৎসরের অপেক্ষা অনেক বেশী ছিল, অথচ ব্যয় এবৎসরের অপেক্ষা অনেক কম হইয়াছিল।

সমগ্র বিভাগ মধ্যে উক্ত বৎসর ২৮টি ডিস্পেন্সরীতে ৩৪ হাজার ৪৩২ টাকা ব্যয় হইয়াছিল। এই ব্যয় সংকুলান বিষয়ে গবর্ণমেণ্ট দিয়াছিলেন ২ হাজার ৭১৭ টাকা, জেলাবোর্ড ১৬ হাজার ৮৬২ টাকা এবং মিউনিসিপ্যালিটী ৬ হাজার ৪৯৩ টাকা। অবশিষ্ট ৮ হাজার ৩৬০ টাকা চাঁদা দ্বারা সংগৃহীত হইয়াছিল।

পূর্ব্ব বৎসরের তুলনায় এবৎসরে বিভাগীয় মিউনিসিপ্যালিটি গুলির অনেক উন্নতি হইয়াছে বলিয়া কমিসনর বাহাদুর সন্তোষপ্রকাশ করিয়াছেন। মিউনিসিপ্যালিটী গুলির উত্তরোত্তর উন্নতি সাধন বিষয়ে কোনরূপ চেষ্টা ও যত্নের ত্রুটি না হয়, ছোট লাট বাহাদুর এরূপ ইচ্ছা প্রকাশ করিয়াছেন। জেলা এবং স্থানীয় বোর্ডের কার্য্যপ্রণালীও কমিসনর বাহাদুরের সন্তোষজনক হইয়াছে।

বাঙ্গালার ভাদুই ফসলের উৎপত্তি বিষয়ক প্রথম পূর্ব্বাভাস।

বাঙ্গালার ভাদুই ফসলের মধ্যে আশুধান্য, ভুট্টা, বজর, নীল ও পাট

—এই কয়টি প্রধান। বাঙ্গালা ও উড়িষ্যায় আশু ধান্যের চাষই অধিক হইয়া থাকে; ভুট্টা ও বজরের চাষ নাম মাত্র। কিন্তু বেহার ও ছোটনাগপুর প্রদেশে শেষোক্ত দুই প্রকারের ফসলের চাষই অধিক হয়। মোটামুটি হিসাবে সমগ্র বাঙ্গালা প্রদেশে যে পরিমাণ ভূমিতে ভাদুই ফসলের চাষ হইয়া থাকে তাহার প্রায় শতকরা ৭০ বিঘা ভূমিতে আশু ধান্যের চাষ হয়; অবশিষ্ট প্রায় ৩০ বিঘা ভূমিতে ভুট্টা ও বজরের চাষ হইয়া থাকে।

বর্ত্তমান বর্ষের প্রারম্ভে অর্থাৎ জানুয়ারি হইতে এপ্রেল মাস পর্য্যন্ত সমগ্র প্রদেশে জল খুবই হইয়া গিয়াছে। ঐ কালের পরেও সর্ব্বত্র অতিবৃষ্টি হইয়াছে। পূর্ব্ব বঙ্গ ও উত্তর বেহার বন্যায় প্লাবিত হইয়াছিল। চাষের প্রথম প্রক্রিয়ার পক্ষে এইরূপ অত্যধিক বৃষ্টিপাত মোটামুটি হিসাবে কতকটা অনুকূল হইলেও উহাতে নিম্নভূমি সমূহের চাষের পক্ষে অনেকটা ব্যাঘাত জন্মিয়াছে। মে ও জুন মাসে বীজবপন ও নিড়ানের সময় আকাশের অবস্থা ভাল ছিল না। উত্তর বাঙ্গালা ও উত্তর বেহারের কয়েকটি জেলা ব্যতীত ঐ কয় মাসে অত্যধিক বৃষ্টি আর সর্ব্বত্রই হইয়াছিল। শস্যের যে সকল গাছ তখনও বাড়িয়া উঠিতে পায় নাই, এই অতি বৃষ্টিতে সে সকলের বড়ই অনিষ্ট হইয়াছে। কোন কোন নিম্নজমির ফসল জলে বুড়িয়া যাওয়ায় নষ্ট হইয়া গিয়াছে। উড়িষ্যা প্রদেশ এবং বাঙ্গালার দক্ষিণ পশ্চিমাঞ্চল ভিন্ন জুলাই মাসে আর সর্ব্বত্রই বৃষ্টি প্রয়োজনাতিরিক্ত হইয়াছিল। আগষ্ট মাসেও বৃষ্টি সাধারণতঃ সর্ব্বত্রই হইয়াছিল বটে, তবে কিছু কম হইয়াছিল; কিন্তু ঐ মাসেই এবং সেপ্টেম্বরের প্রথম প্রথম পূর্ব্ববঙ্গের অনেক গুলি জেলা এবং উত্তর বেহারের দরভাঙ্গা, মজঃফরপুর ও চম্পারণ জেলার কোন কোন অংশে ভয়ঙ্কর বন্যা আসিয়াছিল। ১৮৯০ সালে একবার অতিবৃষ্টি ও বন্যায় ভাদুই ফসল অনেক পরিমাণে নষ্ট হইয়া যায়। এবারেও ঠিক সেইরূপ হইয়াছে।

এবৎসরে সর্ব্বশুদ্ধ কিঞ্চিদধিক ৪৭২ লক্ষ বিঘা ভূমিতে ভাদুই ফসলের চাষ করা হইয়াছে। পূর্ব্ববৎসরে কিঞ্চিদধিক ৪৮২ লক্ষ বিঘা ভূমিতে উহার চাষ করা হইয়াছিল। ধান্য, ভুট্টা ও বজর—এই তিন ফসল কোথাও অত্যধিক বৃষ্টি হেতু, কোথাও বা বন্যা হেতু অল্পাধিক পরিমাণে প্রায় সকল জেলাতেই নষ্ট হইয়াছে। ২৩টি জেলায় ৮ আনা রকমেরও অধিক শস্যের অপচয় হইয়াছে। বর্ত্তমান বর্ষের আগষ্টের শেষ পর্য্যন্ত তিন মাস কালের মধ্যে ভাদুই ফসলের অবস্থা বুঝিয়া উহার উৎপত্তির বিষয়ে যে পূর্ব্বাভাস দেওয়া হইয়াছে তাহাতে উক্ত খাদ্য ফসল এবৎসরে গড়ে ১১ আনা রকম উৎপন্ন হইবে বলিয়াই বুঝা যাইতেছে।

বাঙ্গালার দাতব্য ঔষধালয়।

বাঙ্গালার দাতব্য ঔষধালয় সমূহের ত্রৈবার্ষিক রিপোর্টের উপর বাঙ্গাল গবর্ণমেণ্টের মন্তব্যের সারাংশ নিম্নে বিবৃত হইল—

১৮৯০, ১৮৯১ ও ১৮৯২—এই তিন বৎসরে বাঙ্গালার দাতব্য চিকিৎসালয় সমূহের অনেক বিষয়ে উন্নতি সাধিত হইয়াছে। চিকিৎসালয় সমূহের সংখ্যা বৃদ্ধি পাইয়াছে, স্ত্রীলোক রোগীদিগের জন্য স্থানে স্থানে স্বতন্ত্র হাসপাতাল সংস্থাপিত হইয়াছে, চিকিৎসালয় সংক্রান্ত নিয়মাবলী আমূল সংশোধিত হইয়াছে এবং অস্ত্রচিকিৎসাও বৃদ্ধি পাইয়াছে। ফলকথা, উক্ত তিন বৎসরের কার্য্য সমগ্র প্রদেশেই অতিশয় সন্তোষজনক হইয়াছে।

১৮৮৯ সালের শেষ দিনে সমগ্র প্রদেশে সর্ব্বশুদ্ধ ২৬১টি ডিস্পেন্সরী ছিল; ১৮৯২ সালের শেষ দিনে উহার সংখ্যা বৃদ্ধি পাইয়া ৩১০টি হইয়াছিল। এই সমস্ত ডিস্পেন্সরীর ব্যয় সংকুলান জন্য তিন বৎসরে সর্ব্বশুদ্ধ ১৫ লক্ষ ৭০ হাজার ৯ টাকা সংগৃহীত হইয়াছিল। ইহার মধ্যে গবর্ণমেণ্ট দিয়াছিলেন ৭৮ হাজার ৬২১ টাকা; অবশিষ্ট স্থানীয় ও অপরাপর ফণ্ড এবং সাধারণের প্রদত্ত চাঁদা প্রভৃতি হইতে প্রাপ্ত। ব্যয় হইয়াছে তিন বৎসরে মোট ১৪ লক্ষ ৭৬ হাজার ৮৩৯ টাকা, সুতরাং খরচ বাদে উক্ত কালের মধ্যে ৯৩ হাজার ১৬৮ টাকা উদ্বৃত্ত হইয়াছে। সাধারণের প্রদত্ত চাঁদার মধ্যে ইউরোপীয়গণ ৪৮ হাজার ৬৬৮ টাকা এবং দেশীয়গণ ৩ লক্ষ ৯১ হাজার ৮৮৮ টাকা দিয়াছেন।

এই তিন বৎসর কাল মধ্যে যতগুলি ডিস্পেন্সরী বৃদ্ধি পাইয়াছে,

তাহার প্রায় সকলগুলিই ২য় ও ৩য় শ্রেণীর, অর্থাৎ কেবল মাত্র সরকারী অর্থে সংগঠিত নহে। স্থানীয় বোর্ড প্রভৃতি এবং সাধারণ ব্যক্তিবর্গ দেশীয় লোকদিগকে চিকিৎসার সুবিধা প্রদানে যে অধিকতর যত্নশীল হইয়াছেন, উল্লিখিত ব্যাপারটি তাহারই সূচক। যাহা হউক, সমগ্র বাঙ্গালা দেশের লোকসংখ্যা বিবেচনায় উক্ত ডিস্পেন্সরীর সংখ্যা কোন অংশেই যথেষ্ট নহে। স্থানীয় বোর্ড প্রভৃতি অধিক কালক্ষেপ না করিয়া সকল বিভাগেই এই ডিস্পেন্সরীর অভাব সম্যক্‌রূপে পূরণ করেন, ইহাই ছোট লাট বাহাদুরের একান্ত ইচ্ছা। চিকিৎসালয় সমূহের পরিপুষ্টির জন্য দেশীয়গণ অনেই অর্থ দান করিয়াছেন। প্রতিনিধি ছোট লাট বাহাদুরের ইচ্ছা, এ বিষয়টি পুনর্ব্বার দেশের ধনী ও মহানুভাবদিগের গোচর করা হয়। দীন দুঃখীদিগের চিকিৎসার সদুপায় বৃদ্ধি করিবার জন্য অর্থদান অপেক্ষা অর্থের উৎকৃষ্টতর ব্যয় আর কি হইতে পারে।

সিভিল সার্জ্জনগণ স্ব স্ব জেলাস্থ প্রত্যেক ডিস্পেন্সরী বৎসরে চারি বার করিয়া পরিদর্শন করিবেন, ইহাই নিয়ম। এবারের পরিদর্শনের কার্য্য কতকটা ভাল হইলেও সম্পূর্ণ সন্তোষ জনক হয় নাই। কতকটা অসুবিধা বোধ করিলেও সিভিল সার্জ্জনগণ যাহাতে পরিদর্শন বিষয়ক উল্লিখিত নিয়ম পালন করিয়া চলিতে পারেন তাহার চেষ্টা করিবেন।

উল্লিখিত ৩ বৎসর কালের মধ্যে সর্ব্বশুদ্ধ ৪৩ লক্ষ ৭৯ হাজার ৩৩৫ জন লোকের চিকিৎসা ঐ সমস্ত ডিস্পেন্সরী হইতে হইয়াছে। এই সংখ্যার মধ্যে ১ লক্ষ ৩ হাজার ৩৬৪ জন রোগী ঐ সকল ডিস্পেন্সরীতে থাকিয়া চিকিৎসা করাইয়াছে এবং অবশিষ্ট ৪২ লক্ষ ৭৫ হাজার ৯৭১ জন ডিস্পেন্সরী হইতে ঔষধ ও ব্যবস্থাদি লইয়া গিয়া স্ব স্ব বাড়ীতে বসিয়া চিকিৎসিত হইয়াছে। ডিস্পেন্সরীর নিকটে রোগীর আত্মীয় স্বজন থাকিতে পারিবে এরূপ ব্যবস্থা হইলে হাসপাতালের রোগীর সংখ্যা অনেক বাড়িতে পারে। এ কথা গবর্ণমেণ্ট পূর্ব্ববর্ত্তী রিপোর্টের আলোচনাস্থলে বলিয়াছিলেন। হাসপাতালে থাকিয়া যাহারা রোগের চিকিৎসা করাইয়াছে তাহাদিগের মধ্যে শতকরা মৃত্যু সংখ্যা উক্ত তিন বৎসরের প্রত্যেক বৎসরেই কিছু কিছু করিয়া বাড়িয়াছে। ১৮৯০ সালে উক্ত মৃত্যুসংখ্যা শতকরা ১২·৮৫ ছিল, ১৮৯২ সালে শতকরা ১৩·৪৯ হইয়াছিল। মৃত্যুর সংখ্যা এরূপ বাড়িবার কারণ এই, লোকে প্রায় অন্তিম অবস্থাতেই হাসপাতালে আসিয়া উপস্থিত হয়। এই রূপ মুমূর্ষু এবং ভিক্ষুক রোগীদিগের জন্যই হাসপাতালের উপর সাধারণের অনুরাগ কমিয়া যায়। ছোট লাট বাহাদুরের বিবেচনায় উহাদিগের জন্য হাসপাতালসংশ্লিষ্ট স্বতন্ত্র স্থান করিয়া দেওয়া উচিত।

উল্লিখিত চিকিৎসালয়সমূহে যত প্রকার রোগের চিকিৎসা হইয়াছে তন্মধ্যে ম্যালেরিয়া জ্বরের চিকিৎসাই অধিক। জলনিকাশ ও বিশুদ্ধ পানীয় সরবরাহের অভাবেই বৎসর বৎসর এই ম্যালেরিয়াজ্বরে কত কত লোকের প্রাণনষ্ট হইয়া থাকে। উক্ত দুই বিষয়ের সুবন্দোবস্তই ইহার একমাত্র প্রতিকারের উপায়। স্বাস্থ্যকমিসনরের রিপোর্টের উপর মন্তব্য প্রকাশস্থলে ছোটলাট বাহাদুর এ কথা বলিয়াছেন, সুতরাং এক্ষণে আর এতৎসম্বন্ধে বিশেষ করিয়া কিছু বলা নিষ্প্রয়োজন।

বিচার বিভাগের উপর কার্য্যকরী বিভাগের অযথা হস্তক্ষেপ লইয়া বাঙ্গাল গবর্ণমেণ্ট ও হাইকোর্টের মধ্যে যে বিরোধ উপস্থিত হইয়াছিল, ষ্টেট সেক্রেটরী উভয় পক্ষীয় কাগজ পত্রাদির পর্য্যালোচনানন্তর তাঁহার এক প্রকার মীমাংসা করিয়া দিয়াছেন। ষ্টেট সেক্রেটরীর প্রেরিত ডেস্‌প্যাচের অভিপ্রায় বড় লাট বাহাদুরও স্থানীয় গবর্ণমেণ্ট সমূহকে জানাইয়াছেন। বাঙ্গাল গবর্ণমেণ্ট সম্প্রতি এই মর্ম্মে একটি সর্কুলার জারি করিয়াছেন যে, কার্য্যকরী শাসন কর্ম্মচারিগণ অতঃপর আর বিচার বিভাগের কার্য্যের উপর কোনরূপ সমালোচনা সাধারণে প্রকাশিত করিতে পারিবেন না, অথবা বিচার বিভাগের উপর সাধারণের যাহাতে বিশ্বাস নষ্ট হইয়া যায় এরূপ কোন কার্য্য করিতে পাইবেন না। বিচার বিভাগের কার্য্যে যদি প্রকৃত তাঁহারা কোনরূপ ভ্রম দেখিতে পান তবে সে বিষয়ের সমা-

লোচনা সাধারণের দ্রষ্টব্য বিভাগীয় রিপোর্ট প্রভৃতিতে না করিয়া আইন বা ব্যবহার মত উক্ত ভ্রমের সংশোধনের জন্য বলিতে পারিবেন।

লণ্ডন বিশ্ববিদ্যালয়ের ম্যাট্রিকিউলেসন পরীক্ষা সম্বন্ধে নিম্নলিখিত আর কয়েকটী নিয়ম বিধিবদ্ধ হইয়াছে;—পরীক্ষার্থীকে পরীক্ষার ফি স্বরূপ গবর্ণমেণ্টের হাত দিয়া ৪০ টাকা পাঠাইতে হইবে। প্রচলিত হারে ২ পাউণ্ডে যত টাকা হয় উক্ত ৪০ টাকা হইতে তত টাকা বাদ দিলে অবশিষ্ট যাহা থাকে তাহা পরীক্ষার্থীকে ফেরৎ দেওয়া যাইবে। পরীক্ষার্থী নাম খারিজ করিয়া লইলে, পরীক্ষা দিতে না পারিলে অথবা পরীক্ষায় অনুত্তীর্ণ হইলে 'ফি'র টাকা তাঁহাকে ফেরত দেওয়া হইবে না; তবে ভবিষ্যতে আর যতবার উক্ত পরীক্ষা দিবেন ততবারই তাঁহাকে ফি স্বরূপ ১ পাউণ্ড দিলেই চলিতে পারিবে। নিম্নলিখিত কয়েকটি বিষয় জানা না থাকিলে কাহাকেও উক্ত পরীক্ষা দিতে দেওয়া হইবে না;—(১) লাটীন; (২) গ্রীক, ফরাসী, জর্ম্মণ, সংস্কৃত ও আরবি—এই কয়েকটী ভাষার মধ্যে যে কোন একটী ভাষা; (৩) ইংরেজী ভাষা, ইতিহাস ও ভূগোল; (৪) গণিত; (৫) যন্ত্রবিজ্ঞান; (৬) রসায়ন (তাপ ও আলোক, চুম্বক ও তাড়িৎ) অথবা উদ্ভিদ্বিদ্যা।

প্রাপ্তিস্বীকার সমালোচনা।

আমরা কৃতজ্ঞতা সহকারে নিম্নলিখিত পুস্তক গুলির প্রাপ্তিস্বীকার করিতেছি—

তত্ত্ববোধিনী পত্রিকা—আশ্বিন ব্রাহ্ম সম্বৎ ৬৪ ১৮১৫ শক।

কাঙ্গালের ব্রহ্মাণ্ডবেদ—৪র্থ ভাগ ১২ সংখ্যা ৫ম ভাগ ১ম সংখ্যা।

সুচিন্তা—শ্রাবণ ও ভাদ্র ১৩০০।

কল্প—১লা আশ্বিন ১৩০০।

বেঙ্গল কেমিকল এণ্ড ফার্ম্মাকিউটিকাল ওয়ার্কস, ৯১ নং অপার সারকুলার রোড কলিকাতা—আমরা এই কারখানা হইতে প্রকাশিত এক খানি 'ক্যাটালগ' পাইয়াছি। প্রেসিডেন্সী কলেজের রসায়ন শাস্ত্রের অধ্যাপক শ্রীযুক্ত প্রফুল্লচন্দ্র রায় ডি এস সি (এডিনবর্গ) এবং কলিকাতার মেডিকেল স্কুলের অধ্যাপক ও সহকারী সম্পাদক ডাক্তার শ্রীযুক্ত অমূল্যচরণ বসু এম বি মহোদয়দ্বয়ের পরামর্শে ও সাহায্যে এই ঔষধের কারখানাটি খোলা হইয়াছে। শ্রীযুক্ত বাবু সতীশচন্দ্র সিংহ এম এ (রসায়ন) এই কারখানার মানেজিং প্রোপ্রাইটর। সচরাচর যেরূপ বিলাতী ঔষধ বাজারে বিক্রয় হইয়া থাকে, এই কারখানায় প্রস্তুত ঔষধ তদপেক্ষা উৎকৃষ্ট এবং এদেশে প্রস্তুত বলিয়া মূল্য কম—এই উভয় সুবিধার দিকে লক্ষ্য রাখিয়া প্রেসিডেন্সী কলেজ, প্রেসিডেন্সী স্কুল প্রভৃতি স্থানে এবং অন্যান্য অনেকানেক ডাক্তার খানায় ইহার ব্যবহার হইয়া আসিতেছে। বিলাতী ঔষধ ব্যতীত দেশীয় গাছ গাছড়া হইতেও অনেকানেক ঔষধ এই কারখানায় প্রস্তুত হইতেছে। সতীশ বাবু এক জন অতি সজ্জন এবং সুদক্ষ বলিয়া আমরা শুনিয়াছি। তাঁহার তত্ত্বাবধানে এবং এদেশীয় চিকিৎসার পক্ষপাতী দেশীয় সাধারণের উৎসাহ ও পৃষ্ঠপোষকতায় কারখানাটির দিন দিন শ্রীবৃদ্ধি সাধিত হয় ইহাই আমাদের কামনা।

The Literary and Scientific Maid—March June—1892.

ধর্ম্মপ্রচারক—আশ্বিন, শক ১৮১৫।

শ্রীমদ্ভগবদ্গীতা—শ্রীযুক্ত দামোদর মুখোপাধ্যায় বিদ্যানন্দ এম্ আর্ এ এস্ কর্ত্তৃক সম্পাদিত—৩য় খণ্ড।

Report on the Financial Results of the Income-tax Administration in the Lower Provinces for the year 1892 93.

চিকিৎসা সম্মিলনী—৯ম বৎসর, ৯ম খণ্ড ৪র্থ ও ৫ম সংখ্যা।

সাহিত্য ও বিজ্ঞান—২য় খণ্ড, ৭ম ও ৮ম সংখ্যা।

The fourteenth Annunal Report of the Dakshineswar Reading Club and Library, 1893.

জন্মভূমি—আশ্বিন ১৩০০।

তত্ত্ববোধ—১ম ভাগ ৫ম সংখ্যা।

মহাত্মা ৺ গুরুচরণ কুণ্ডু মহাশয়ের জীবনবৃত্ত—শ্রীঅন্নদাচরণ বন্দ্যোপাধ্যায় কর্ত্তৃক সংগৃহীত ও প্রকাশিত। ১৭নং রঘুনাথ চাটুজ্যের ষ্ট্রীট, মণিকা প্রেসে শ্রীহরিপদ পাল দ্বারা মুদ্রিত। পুস্তক খানি বিনামূল্যে বিতরিত হইতেছে। ৺ কুণ্ডু যে প্রকৃতই মহানুভব ছিলেন, তাঁহার জীবনী পাঠে এটি বেশ বুঝিতে পারা যায়।

বিজ্ঞবৃন্দাবন—৩য় খণ্ড ৩য় অঙ্ক সম্বৎ ১৯৫০।

সাপ্তাহিক সংবাদ।

[কলিকাতা] কলিকাতা মিউনিসিপ্যালিটীর ময়লা ফেলা গাড়ীর জন্য একটী গোখানা আছে। উক্ত গোখানার সুপরিণ্টেণ্ডেণ্টের পদ খালি হওয়ায় মিউনিসিপ্যালিটী হইতে দুই জন লোকের ভরফে ভোট দেওয়া হয়। এক জনের নাম জেম্‌স উইলসন, অপর জনের নাম নীল ডিনিং। উইলসন সাহেবের ভোট বেশী হওয়ায় তিনিই উক্ত পদে নিযুক্ত হইয়াছেন।

জমিদারী পঞ্চায়ৎ সভার সপ্তম বাষ্পাষিক অধিবেশনের কার্য্য শেষ হইয়া গিয়াছে। সভায় এবারে ৫ জন নূতন সদস্য নিযুক্ত হইয়াছেন, পুরাতনদিগের মধ্যে এক জন কার্য্য পরিত্যাগ করিয়াছেন। ৺ প্রাণনাথ সরস্বতীর স্থানে বাবু গোপালচন্দ্র সরকার এম এ বি এল কে পঞ্চায়ত সভার আইন বিষয়ক পরামর্শদাতা নিযুক্ত করা হইয়াছে। আপোষে সামান্য সামান্য বিবাদ নিষ্পত্তির জন্য বহুবাজার, হাটখোলা অথবা অপরাপর স্থানে কয়েকটি শাখাসমিতি স্থাপিত হইবে এবং কৃষি প্রভৃতি বিষয়ক পত্রিকা ও পুস্তকাদি সংগ্রহের জন্য সভাসংক্রান্ত একটি পুস্তকাগার সংস্থাপিত হইবে স্থির হইয়াছে।

ম্যাকে সাহেবের স্থানে অনারেবল প্লেফেয়ার সাহেব বাঙ্গালার ব্যবস্থা সমিতির সভাপতি নির্ব্বাচিত হইয়াছেন।

হেয়ারস্কুলের বর্ত্তমান প্রধান শিক্ষক অল্পকাল মধ্যেই অবসর গ্রহণ করিবেন। ব্যয় সংক্ষেপ করণোদ্দেশ্য অতঃপর উক্তপদে আর যাহাতে লোক নিযুক্ত না হয় এরূপ কথা নাকি হইতেছে। হিন্দু স্কুলের প্রধান শিক্ষকের উপরই উভয় স্কুলের তত্ত্বাবধারণের ভার পড়িবে। অমৃতবাজার পত্রিকার কোন পত্রলেখক উক্ত পত্রে এই মর্ম্মে লিখিয়াছেন।

বড়লাট বাহাদুরের কৌন্সিলের আয়ব্যয় বিধায়ক সদস্য সার ডেভিড্ বার্ব্বারের স্থানে মিঃ ওয়েষ্টল্যাণ্ড নিযুক্ত হইবেন স্থির হইয়াছে। ওয়েষ্টল্যাণ্ড সাহেব নবেম্বরের শেষে কার্য্যে যোগ দিবেন।

ভারতগবর্ণমেণ্টের হোম সেক্রেটরী প্রাইস সাহেব সম্ভবতঃ আগামী বসন্তে ১ বৎসরের ফর্লো গ্রহণ করিবেন।

কলিকাতা মেডিকেল কলেজের রসায়ন শাস্ত্রের সহকারী অধ্যাপক এবং গবর্ণমেণ্টের রাসায়নিক পরীক্ষক রায় শ্রীযুক্ত তারাপ্রসন্ন রায় বাহাদুর নিজকার্য্য সওয়ায় অস্থায়ীরূপে উক্ত কলেজের রসায়ন শাস্ত্রাধ্যাপক এবং গবর্ণমেণ্টের রাসায়নিক পরীক্ষক নিযুক্ত হইলেন।

[রাজসাহী] রঙ্গপুর দিক্‌প্রকাশ বলিতেছেন, "গত শনিবার হইতে সামান্যরূপ বাতাসের সঙ্গে সঙ্গে খুব বৃষ্টি হইতে থাকে। বৃষ্টি একাদিক্রমে ৪।৫ দিন হইয়াছিল। বাতাসে কোনরূপ ক্ষতি হয় নাই; কিন্তু বৃষ্টিতে ধানোর যথেষ্ট উপকার করিয়াছে।

[ঢাকা] বরিশাল জেলার সর্ব্বত্রই অন্নকষ্ট দেখা দিয়াছে। বিগত ১৫ই আশ্বিন জেলার ম্যাজিষ্ট্রেট মিঃ সূর্য্যকুমার অগস্তির ঘরে সাধারণের একটি সভা হইয়াছিল। বিপন্নগণকে রক্ষা করিবার জন্য কিরূপ প্রতিকার করা যাইতে পারে তদ্বিষয়ে বিবেচনা করিয়া বিবেচনাসিদ্ধ বিষয়টি কার্য্যে পরিণত করাই সভার উদ্দেশ্য। এতদর্থে একটি কমিটী সংগঠিত হইয়াছে। মিঃ সূর্য্যকুমার অগস্তি উহার সভাপতি হইয়াছেন। উক্ত কমিটী সাধারণের নিকট হইতে চাঁদা আদায় করিয়া উহার ব্যয় সম্বন্ধে ব্যবস্থা করিয়া দিবেন।

ব্যারিষ্টার মিঃ এ চৌধুরীর নির্ব্বাচন উপলক্ষে রাজা শশিশেখরেশ্বর রায় যে আপত্তি করিয়াছিলেন, ষ্টেট সেক্রেটরী তাহা গ্রাহ্য করিয়াছেন। মিঃ চৌধুরীর স্থানে সুতরাং এক্ষণে স্বতন্ত্র ব্যক্তি নির্ব্বাচিত হইবেন।

[ব্রহ্মদেশ] উত্তর ব্রহ্ম হইতে গত বৎসর ৬৩ লক্ষ এবং নিম্ন ব্রহ্ম হইতে ১৪৭ লক্ষ টাকা রাজস্ব আদায় হইয়াছিল। এ বৎসরে উত্তরব্রহ্মে ৭২ লক্ষ এবং নিম্ন-ব্রহ্মে ১৫৯ লক্ষ টাকা আদায় হইয়াছে, অর্থাৎ সমগ্র ব্রহ্মে পূর্ব্ব বৎসর অপেক্ষা এ বৎসরে ২১ লক্ষ টাকা রাজস্ব বৃদ্ধি পাইয়াছে।

[মান্দ্রাজ] মান্দ্রাজের গবর্ণর লর্ড ওয়েনলক বাহাদুর ইট্‌কামণ্ডে শিকার করিতে যাইয়া ঘোড়া হইতে পড়িয়া গিয়া খুবই আহত হইয়াছেন।

মান্দ্রাজে যে বৈদ্যুতিক প্রক্রিয়ায় ট্রামগাড়ী চালাইবার কথা হইতেছিল, এক্ষণে তাহা কার্য্যে পরিণত করিবার জন্য অনেক উপকরণাদি আনা হইয়াছে। কার্য্যও আরম্ভ হইয়াছে। হয়দ্রাবাদের নিজাম হয়দ্রাবাদ হইতে সেকেন্দ্রাবাদ পর্য্যন্ত ট্রাম চালাইবার মতলব করিয়াছেন। এ ট্রাম কিন্তু বৈদ্যুতিক উপায়ে চালান হইবে না।

[সাধারণ] দাঁতের পোড়ায় অত্যন্ত বেদনা হইলে সিন্দুর চূর্ণ ও মধু মিশ্রিত করিয়া বেদনা স্থানে মালিস করিবে। আপাঙ্গ (অপামার্গ) পাতা বিনা জলে বাটিয়া ক্ষত স্থানে লাগাইলে রক্তপড়া বন্ধ ও ২৩ দিনে ক্ষত আরোগ্য হইবে। কোন স্থান পুড়িবামাত্র অধিক পরিমাণ চাউল দ্বারা সেই পোড়া স্থান ঢাকিয়া রাখিলে দাহের শান্তি হয় ও ফোস্কা পড়ে না। কাহারও হাত পা মচকিয়া ফুলিয়া পড়িলে ও অত্যন্ত বেদনা হইলে আদা ও নোনাভাঁটার ছাল সমান ওজনে বাটিয়া ঐ মচকা স্থানে প্রলেপ দিবে। যদি আগুনে পুড়িয়া ক্ষত হইয়া থাকে তবে খাল তিল ভাজিয়া বাটিয়া তিল তৈলের সহিত মিশাইয়া ক্ষত স্থানে দিলে অতি সত্বর আরোগ্য হয়। কোন স্থান পুড়িয়া গোল তৎক্ষণাৎ সেই স্থানে তিল তৈল দিলে দাহের শান্তি হইবে ও ফোস্কা পড়িবেনা। অনেকে নারিকেল তৈল ও চূণের জল মিশাইয়া দিয়া থাকেন। ইহা অপেক্ষা তিল তৈল ব্যবহারেই বিশেষ সুবিধা। দাঁতে পোকা লাগিয়া ছিদ্র হইলে, এবং যাতনা থাকিলে, হিঙ্গ সূচিতে বিদ্ধ করিয়া প্রদীপের শিখায় গরম করিয়া ঐ ছিদ্রে লাগাইলে উপকার হয়। অন্য ছিদ্রের আরক পোকা স্থানে লাগাইলে উপকার হয়। কেহ বিষ ভক্ষণ করিলে, তৎক্ষণাৎ তাহাকে ৪ তোলা সরা গোময়, ৪ তোলা জলে গুলিয়া কাপড়ে ছাকিয়া পান করাইবে, ইহাতে বমি হইয়া বিষ উঠিয়া পড়িবে এবং উহার শক্তি নষ্ট হইবে। অল্প পরিমাণ বিষ ভক্ষিত হইয়া থাকিলে, উহার অর্দ্ধ পরিমাণ সেবন করাইবে। (হিতবাদী)

একটি পাকা কলাকে তিন টুকরা কর। এক এক টুকরায় এক রতি করিয়া সিংহের চামড়া পুরিয়া দাও। দেখিও যেন চামড়ার সঙ্গে একটিও লোম না থাকে। অতঃপর এই কলার পুরিয়া রোগীকে এক ঘণ্টা অন্তর একটা করিয়া খাওয়াও জলাতঙ্ক রোগ সারিয়া যাইবে। পাইওনিয়র পত্রে এক পাদরী এই ব্যবস্থা দিতেছেন। (বঙ্গবাসী)

যক্ষ্মারোগীর জ্বরে বুক ভারি বোধ হইলে তাহার আশু ফলপ্রদ প্রলেপ—পুরাতন ঘৃত অর্দ্ধ ছটাক, আদার রস ১ তোলা, কর্পূর ৵০ দুই আনা। এই কয় দ্রব্য মিশাইয়া গরম করিয়া বুকে মালিস করিলে ও প্রলেপ দিলে বিশেষ উপকার হয়।

—যক্ষ্মারোগীর পেট কামড়াইলে তাহার প্রলেপ—আমলা ৪ চারি তোলা ঘৃতে ভাজিয়া ১ এক তোলা আদার রস মিশাইয়া বাটিবে, পরে গরম করিয়া নাভির চতুঃপার্শ্বে প্রলেপ দিলে আশু যন্ত্রণা নিবারণ হয়। (চিকিৎসা সম্মিলনী)

বরিশাল সদর সব ডিভিসনের অন্তর্গত গৌরনদীর থানার এলাকার যশোহর জেলার ঝমঝমপুর গ্রামবাসী জনৈক যুবক আপনাকে ইনস্পেকটিং পণ্ডিত বলিয়া পাঠশালার গুরুদিগের নিকট হইতে নানা বাবদে পয়সা উসুল করিতে ছিল; দৈবাৎ ধরা পড়ায় বিচারে তাহার এক বৎসর কারাদণ্ড হইয়াছে।

পূর্ব্ববঙ্গ রেলপথ ও উত্তরবঙ্গ রেলপথ হইই গবর্ণমেণ্টের। মধ্যবঙ্গ রেলপথটী রথশ্চাইল্ডদের। গবর্ণমেণ্ট নাকি প্রথমোক্ত রেলপথ দুইটি ও তৎসংক্রান্ত ফেরি, ফ্লোটিলা প্রভৃতি রথশ্চাইল্ডদিগের হস্তে দিবার সঙ্কল্প করিয়াছেন।

বাঙ্গালার শিক্ষাবিভাগের ভূতপূর্ব্ব ডিরেক্টর টমি সাহেব বিলাতে ইণ্ডিয়া অফিসের 'লাইব্রেরিয়ান' নিযুক্ত হইয়াছেন।

ত্রিশ ভাগ জলের সহিত এক ভাগ কার্ব্বলিক (carbolic acid) ভালরূপে মিশ্রিত কর। আবশ্যক মত চুলে ব্যবহার কর। অর্দ্ধ ঘণ্টা পরে সাবান দিয়া মস্তক ধৌত করিবে। ইহাতে

কেশের সংকুল নাশ একেবারে ধ্বংস হইয়া যাইবে।

অর্শরোগের ঔষধ—(ক) ইক্ষু মূল ২ তোলা অর্দ্ধ সের জলে সিদ্ধ করিবে ও শেষ ৵০ পোয়া থাকিতে নামাইয়া উহাতে শুঁঠচূর্ণ ২ দুই মাষা মিশাইয়া সেবন করিলে উপকার হয়। সেলশুঁঠীর কাথে শুঁঠ প্রক্ষেপ দিয়া সেবনেও বিশেষ উপকার হয়। (খ) ধোসা তোলা কৃষ্ণ তিল ১ তোলা, চারি তোলা নবনীর সহিত; ৪ মাষা নাগেশ্বর চূর্ণ নবনীর সহিত, কিম্বা দধির সর দোলের সহিত প্রত্যহ সেবনে রক্তার্শ ভাল হয়। (গ) কচি পদ্মপত্র বা কৃষ্ণ তিল বাটিয়া চিনি ও ছাগীদুগ্ধের সহিত সেবন করিলে রক্তার্শের রক্তস্রাব নিবারিত হয়। (ঘ) ছাগীদুগ্ধের সহিত শতমূলীর রস বা ডাড়িম্বের রস চিনির সহিত সেবনে রক্তস্রাব বন্ধ হয়। (ঙ) হরিতকীর গুঁড়া ॥০ তোলা, নবনী ॥০ তোলা, উত্তম চিনি ॥০ তোলা, শিপুলের দানা চূর্ণ ॥০ তোলা, এই কয় দ্রব্য ৵০ অর্দ্ধ পোয়া জলে মিশাইয়া ৭ দিন পর্য্যন্ত প্রত্যহ সূর্য্যোদয়ে খাইবেক। পথ্য—বিলজ মৎস্য, লাউ, আতা প্রভৃতি স্নিগ্ধ দ্রব্যাদি। (চ) ওলটকম্বল গাছের শিকড় ॥০ তোলা, ২৷০ আড়াই টী গোলমরিচ সহিত বাটিয়া সমান ভাগে ইক্ষু চিনি মিলাইয়া প্রাতে ৭ দিবস খাইলে রক্তস্রাব নিশ্চয়ই বন্ধ হয়। (ছ) মাখন, মিশ্রি, ঘৃতাতল সমভাগে মিলাইয়া নিত্য খাইবেক, ওল, পেঁপে, আম আদা ইত্যাদি নিত্য ব্যবহারে বিশেষ উপকার হয়। (চিকিৎসা-সম্মিলনী)।

হাফ্‌কিন সাহেব এদেশে আসিয়া এদেশবাসীর উপর ওলাউঠা বীজে টীকা দেওয়ার পরীক্ষা করিতেছেন। বিলাতের মহাসভায় কোন সদস্য এ বিষয়ের প্রতিবাদ করিয়াছেন। ভারতগবর্ণমেণ্টের নিকট ষ্টেট সেক্রেটরীকে রিপোর্ট তলব করিতে হইয়াছে।

পাঞ্চনিয়র বলিতেছেন যে ভারতে ও বিলাতে একই সময়ে সিভিল সার্ভিস পরীক্ষা বিষয়ক প্রস্তাব সম্বন্ধে ডেস্পাচ্ ভারতগবর্ণমেণ্টের নিকট প্রেরিত হইবে।

১৮৯১-৯২ সালে ভারতে যতগুলি সরকারী টেলিগ্রাফ আফিস ছিল, ১৮৯২-৯৩ সালে তদপেক্ষা ১১৯টী বৃদ্ধি পাইয়াছে। টেলিগ্রাফ ২ হাজার ৪০৫ মাইল বাড়ান হইয়াছে। ইহাতে ব্যয় হইয়াছে সর্ব্বশুদ্ধ সাড়ে ১৭ লক্ষ টাকারও অধিক।

[বৈদেশিক] ঝড় ও বন্যায় আমেরিকার মেক্সিকো উপসাগর উথলিয়া তীরভূমি ভাসিয়া যাওয়ায় ২ হাজার লোকের নাকি মৃত্যু হইয়াছে।

বিলাতের কয়লার খনির মজুরগণ ধর্ম্মঘট করায় তথায় কয়লার অভাব হইয়াছে। আমেরিকা হইতে সুতরাং কয়লা বিলাতে আসিতেছে।

মন্ত্রী বিস্‌মার্কের অবস্থা এক্ষণ ভাল নহে। তিনি আজও শয্যাগতই আছেন।

ব্রেজিলের বিপদ্‌ বাড়িয়া উঠিয়াছে। বিদ্রোহিদল রাজধানী রাইও-জেনিরোর উপর ক্রমাগতই গোলা চালাইতেছে। জর্ম্মনী হইতে একটি রাজকুমার ব্রেজিলের সিংহাসনের দাবী করিবার জন্য যাত্রা করিতেছেন। ইহার নাম নাকি প্রিন্স অগষ্টস্।

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—মিঃ কেদারনাথ রায় অপর আদেশ যাবৎ ১ম শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃ হইয়া নদীয়া জেলার সদরে স্থাপিত হইলেন। এতদ্দ্বারা ২৩শ সেপ্টেম্বরের আদেশ রহিত হইল। মিঃ এম্‌ডি বিটুনন বেল অপর আদেশ যাবৎ ১ম শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃ হইয়া পাটনা জেলার সদরে স্থাপিত হইলেন। মিঃ বিটুনন বেল্ পাটনা জেলার প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃর কার্য্য সওয়ায় পাটনা সিটি মহকুমারও ভার প্রাপ্ত হইলেন। মিঃ সূর্য্যকুমার অগষ্টি অপর আদেশ যাবৎ ১ম শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃ হইয়া বাখরগঞ্জ জেলার সদরে স্থাপিত হইলেন। ছুটীপ্রাপ্ত প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ কনষ্টাম সাহেব মজঃফরপুর জেলার হাজিপুর মহকুমার স্থাপিত হইলেন। মজঃফরপুর হাজিপুরের প্রতিনিধি ৎঃ মাঃ ও ডেঃ কঃ মরসিদ সাহেব মেদিনীপুর জেলার সদরে বদলী হইলেন। পাটনার প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ কেরি সাহেব বর্দ্ধমান জেলার সদরে বদলী হইলেন। মজঃফরপুরের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু মতিলচন্দ্র ঘোষ ঢাকা বিভাগের কমিঃর পার্শ্বঃ আসিষ্টাণ্ট হইলেন। ভগলপুরের প্রতিনিধি মাঃ ও কঃ মরিশুন সাহেব সাহাবাদের মাঃ ও কঃ হইলেন। সাহাবাদের মাঃ ও কঃ ষ্টুইন সাহেব ভগলপুরের মাঃ ও কঃ হইলেন। ভগলপুরের ছুটীপ্রাপ্ত মাঃ ও কঃ ওয়স্ সাহেব অস্থায়ীরূপে পাটনা বিভাগের অতিরিক্ত কমিঃ হইলেন। নদীয়ার ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু দীননাথ সেন উক্ত জেলার জমিদারদিগের জন্য কার ক্ষমতা পাইলেন। বাঁকুড়ার ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু নন্দলাল বাগচি রংপুর গাইবান্ধার কার্য্যভার পাইলেন বলিয়া যে আদেশ হইয়াছিল তাহা স্থগিত হইল। জলপাইগুড়ির ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু যোগেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় রংপুর জেলার গাইবান্ধা মহকুমার ভার পাইলেন। পাটনার ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু তারাপ্রসন্ন আচার্য্য ৩ মাসের ছুটি পাইলেন। ঢাকা বিভাগের কমিঃ মিঃ এইচ্ বটমন জনসন্ স্বকার্য্য সওয়ায় ঢাকার অতিরিক্ত সেঃ জজ হইলেন। চট্টগ্রামের ভূমিরেজিষ্টরী বিভাগের ভারপ্রাপ্ত প্রোটেম সব ডেঃ কঃ বাবু গিরিশ চন্দ্র দাস গুপ্ত ২ মাসের ছুটী পাইলেন। ছুটীপ্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবি ইকরাম রসুল মেদিনিপুর জেলার সদরে স্থাপিত হইলেন। মেদিনীপুরের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু অটলবিহারী মৈত্র মুরসিদাবাদ জেলার সদরে বদলী হইলেন। পাটনার প্রতিনিধি ডিঃ ও সেঃ জজ ষ্টিনবর্গ সাহেব স্থায় অস্থায়ী কার্য্য সওয়ায় সাহাবাদের অতিরিক্ত সেঃ জজ হইলেন। মুরসিদাবাদ জঙ্গীপুরের প্রোটেম সব ডেঃ কঃ বাবু রজনীকান্ত মুখোপাধ্যায় যশোহর জেলার সদরে বদলী হইলেন। ছুটীপ্রাপ্ত প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী সৈয়দ আলি হাসান মজঃফরপুর জেলার সদরে স্থাপিত হইলেন।

বিচার—ঢাকার ছুটীপ্রাপ্ত সবজজ বাবু জগদ্দুর্লভ মজুমদার অস্থায়ীরূপে ত্রিহুত জেলার অতিরিক্ত সবজজ হইলেন। সারণের অতিরিক্ত প্রতিনিধি সবজজ বাবু কৃষ্ণনাথ রায় জগদ্দুর্লভ বাবুর অনুপস্থিতি কাল অথবা অপর আদেশ যাবৎ ত্রিহুতের অতিরিক্ত সব জজ হইলেন।

শিক্ষা—মজঃফরপুরের স্কুলসমূহের ডেঃ ইনঃ বাবু রামপ্রকাশ লাল পাটনার ডেঃ ইনঃ হইলেন। পূর্ণিয়ার ডেঃ ইনঃ বাবু বলদেব মিশ্র বিঃ মজঃফরপুরের ডেঃ ইনঃ হইলেন। ভগলপুর জেলাস্কুলের প্রতিনিধি ২য় শিক্ষক বাবু শ্রীপতি মুখোপাধ্যায় বিঃ পূর্ণিয়ার ডেঃ ইনঃ হইলেন। চম্পারণের ডেঃ ইনঃ বাবু রাধালাল সাহাবাদের ডেঃ ইনঃ হইলেন। সাহাবাদের ডেঃ ইনঃ বাবু বেণীপ্রসাদ মিশ্র চম্পারণের ডেঃ ইনঃ হইলেন।

উদ্ভট কবিতা।

[৪২৪]

প্রেমাস্পদচ্ছন্দোভঙ্গং পুনরিদং শিক্ষয়ন্ যৎ প্রেয়সঃ।
প্রস্থানে সখি শঙ্কিতেন সহসা প্রাণাঃ পুরঃ স্থগিতাঃ॥
আত্মানং পরিদহ্যনীরমবতি ক্ষীরং তদন্তৌ পয়ো
বিচ্ছেদেন পতৎ পরস্য পয়সঃ প্রাপ্তৈব শান্তিং ভজেৎ॥

[৪২৫]

ন কিঞ্চিদপি শোচামি তবাবস্কারদর্শনে।
অতি প্রিয়তমাঃ প্রাণাঃ কেষাং নয়নগোচরাঃ॥

[৪২৬]

উৎপাদ্য যাদবকুলং স্বয়মেব হংসি,
প্রাণপ্রিয়াং জনকজাং বিপিনে জহাসি।
সর্ব্বস্বদং বলিমথোনয়সি ছলেন,
কস্ত্বাং ময়েং বদীহ কালভয়ং নচাস্তি॥

সর্ভে স্কুলসমূহের ১৮৯৩ সালের চূড়ান্ত পরীক্ষার ফল।

পারদর্শিতানুসারে।

কটক সর্ভেস্কুল।

প্রথম বিভাগ।

পদ্মনাভ মহান্তি, ললিতমোহন দে, নিশিকান্ত পাইন, অশ্বিনাশচন্দ্র নাগ, কাশীমোহন সরকার, রাজকিশোর সরকার, কৃষ্ণচন্দ্র মহাপাত্র।

দ্বিতীয় বিভাগ।

পূর্ণচন্দ্র বন্দ্যোপাধ্যায়, লক্ষ্মণদাস চট্টোপাধ্যায়, গণেশচন্দ্র ভৌমিক, নরহরি মিশ্র, দিব্যাশিনী মহান্তি।

তৃতীয় বিভাগ।

দেবেন্দ্রনাথ দে, রামপ্রসাদ মহান্তি, ইন্দ্রমণি মহান্তি, বিজয়কুমার বসু।

ঢাকা সর্ভেস্কুল।

দ্বিতীয় বিভাগ।

মহেন্দ্রনাথ বসাক, জহিরুদ্দীন মিঞা, নিশিকান্ত মজুমদার, সীতানাথ ভট্টাচার্য্য, হারাণচন্দ্র দাস, শশিভূষণ দাস, অমৃতলাল বন্দ্যোপাধ্যায়, গোপালচন্দ্র চৌধুরী, গিরিশচন্দ্র ভৌমিক, রাজেন্দ্রলাল ঘোষ, গুরুনাথ ভট্টাচার্য্য, নবীনচন্দ্র অঙ্কুর, সারদামোহন চক্রবর্ত্তী, জ্ঞানিচন্দ্র মুখোপাধ্যায়, অশ্বিনীকুমার পাল, ভূপেন্দ্রনাথ বসু, জগচ্চন্দ্র দত্ত।

তৃতীয় বিভাগ।

রোহিণীকুমার গুহ, অমরচন্দ্র নন্দী, কেশব চন্দ্র মজুমদার, অভয়চরণ বিশ্বাস, জ্ঞানেন্দ্রকুমার দাস, সারদাচরণ ঘোষ, অভয়চরণ বসু, কৃষ্ণবিহারী নাথ, আবুলচন্দ্র ঘোষ, রাধিকানাথ চট্টোপাধ্যায়, গোবিন্দকৃষ্ণ দে, ব্রজকৃষ্ণ নন্দী, গোপাল চন্দ্র চক্রবর্ত্তী, মনোরঞ্জন চক্রবর্ত্তী, ললিতমোহন বসু, গণানাথ কুণ্ডু, চন্দ্রকুমার দাস, শৈলেন্দ্রনাথ চট্টোপাধ্যায়, কুমুদিনীকান্ত চক্রবর্ত্তী, অখিল চন্দ্র গুপ্ত, ভুবনমোহন ধর, অম্বিকাচরণ চক্রবর্ত্তী, গুরুদাস চৌধুরী, রসিকচন্দ্র মজুমদার, মতিমচন্দ্র সেন, যতীন্দ্রলাল মিত্র, চিন্তাহারাণ পাঞ্জুলী, নীলকৃষ্ণ সেন, গগনচন্দ্র আচার্য্য, হরিশচন্দ্র দে, ললিতমোহন বারুরি, নীলকান্ত চক্রবর্ত্তী, গোবিন্দ চন্দ্র দে, রসিকমোহন দে, কালীকুমার চক্রবর্ত্তী, গঙ্গাচরণ মুখোপাধ্যায়, হেমচন্দ্র বসু, কালাচাঁদ পাঞ্জুলী, অনুকূলচন্দ্র বসু, খন্দকার আফতাব আলি, গিরিশচন্দ্র ঘোষ, শিবচন্দ্র ঘোষ, রাজেন্দ্র কুমার চক্রবর্ত্তী।

পাটনা সর্ভেস্কুল।

প্রথম বিভাগ।

ভক্রিম-উল্-হক্, রজনীকান্ত কোয়ার, করালী প্রসন্ন মিত্র, কৃষ্ণকুমার মুখোপাধ্যায়, উপেন্দ্রনাথ গুপ্ত, রাজেন্দ্রলাল আঢ্য, সাতকড়ি মিত্র।

দ্বিতীয় বিভাগ॥

অক্ষয়রাম দে, সতীচরণ ঘোষ, বিপিনবিহারী পান, হিনকড়ি বন্দোপাধ্যায়, দেবেন্দ্রনারায়ণ সিংহ, মহম্মদ রেজা, মহম্মদ ফেরিদ।

তৃতীয় বিভাগ।

মুকুন্দলাল মজুমদার, সৈয়দ আলি আজাম, দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায়, আনসার আলি, মহম্মদ যুসুস, আবদুস সাকুর, নাজির হোসেন, মুকুল হোসেন বেণীমাধব লাহিড়ী, ভূবনচন্দ্র মুখোপাধ্যায়, হাদি হোসেন, ললিতমোহন বন্দ্যোপাধ্যায়, আলি সাহা, হাদি হোসেন (পালি)।

বিজ্ঞাপন।

৺ বিশ্বনাথ বৃত্তি।

ভারতবর্ষ মহামণ্ডলীর মুখ্যতম উদ্দেশ্য অনুসরণ করিয়া ৺ বিশ্বনাথ চতুষ্পাঠীতে বার্ষিক পঞ্চাশৎ টাকা পরিমাণে এক একটী করিয়া আর কয়েকটী বৃত্তি স্থাপিত হইয়াছে। যে যে চতুষ্পাঠীতে বেদান্তাদি দর্শন শাস্ত্র অথবা প্রাচীন ও নব্যস্মৃতি অধ্যাপিত হয়, সেই সেই চতুষ্পাঠীতে এই বৃত্তিগুলি দেওয়া যাইবে। অধ্যাপক ইচ্ছা করিলে ঐ বৃত্তি ত্রৈমাসিক বা ষাণ্মাসিক বা বার্ষিকরূপে গ্রহণ করিতে পারিবেন। ছাত্রদিগের বিদ্যাবত্তা ও সচ্চরিত্রতা সম্পাদন ভিন্ন অধ্যাপক মহাশয়দিগকে অপর কোন নিয়মের অধীন হইতে হইবে না। যে সমস্ত অধ্যাপক বৃত্তি লইতে ইচ্ছা করিবেন, তাঁহারা অথবা তাঁহাদিগের হিতার্থীরা অধ্যাপকের নাম ধাম ছাত্রসংখ্যা ও প্রত্যেক ছাত্রের অধীতব্য বিষয় লিখিয়া আমাকে সংবাদ দিবেন।

চুঁচুড়া বিশ্বনাথ চতুষ্পাঠীর
অধ্যাপক শ্রীহরিনাথ স্মৃতিভূষণ।

কর্ম্মখালি।

Wanted (1) a graduate second teacher having experience in teaching, for the Babirdia School Via Alaipoor Post office in the District of Khulna on a salary of Rs 30 per month Boarding and lodging free with the prospect of increase in future. (2) a third teacher for the same school on a salary of Rs 25 per month Boarding and lodging free. A plucked B. A. or an experienced F.A. will have preference. (3) a Pandit for the above named school on a salary of Rs 15 per month rising to Rs 20. None need apply for this post who has no good knowledge in Sanskrit. An Entrance passed student of the Calcutta Sanskrit College with have preference. Apply to the Secretary Babu Janaki Nath Roy Chowdhury, within 25th October current.

Wanted an F. A, strong in English for the post of the third master of the H. E. School at Samastipur, in District Darbhanga on Rs 20 per month. Preference will be given to one who is experienced in the art of teaching and knows Persian well. Samastipur is a Sub Divisional town and is noted for excellent climate and cheap living. the selected candidate shall have to join his post on the 6th of November next. Apply sharp with copies of testimonials to the Hd Master.

Wanted (1) a Head Master an experienced graduate strong in English, at Rs 60 per mensem with prospect of increment. (2) a 2nd Master, a graduate, strong in Mathematics at Rs 45 rising to Rs 55. (3) a 4th, a 5th and a 6th Master, all experienced men in the art of teaching at Rs 25, Rs 15 and Rs 12 respectively with prospect of increment. (4) a Head Pandit, an English knowing Sanskrit Scholar, at Rs 18 per mensem with prospect of increment for the Sarail Annoda Entrance School Sarail P. O. (Tipperah). Applications with testimonials must reach the Secy. Babu Benimadhav Chatterjee on or before the 1st November 1893.

Wanted a sixth teacher for the Chuadanga H. E. School (Dist. Nuddea) on a salary of Rs 15 (Rupees Fifteen only). None need apply who has not passed the Entrance Examination. Application should be received by the Secretary.

Wanted an English knowing Head Pandit who has passed the Govt. Title examination in Literature for the Chapra Institution, Chapra District, Sarun, on a salary of Rs 20, rising to Rs 25. In the case of a candidate who has also passed the Entrance Examination, the pay will be Rs 25, rising to Rs 30. Candidates are required to send in their application on or before the 31st. Octr. Gangadhar Gupta, Manager, 1 Anathnath Day's Lane, Durjeepara, Calcutta.

জেলা সাঁওতাল পরগণা পোষ্ট অফরাশোল (বীরভূম) অবজলপুর মাইনর স্কুলের জন্য এণ্ট্রান্স পরীক্ষোত্তীর্ণ জনৈক সেকেণ্ড মাষ্টারের প্রয়োজন। মাসিক বেতন ১০৲ দশ টাকা। বাসস্থানাদি ও অন্যান্য বিষয়ের সুবন্দোবস্ত করিয়া দেওয়া যাইবে। স্থান অতি স্বাস্থ্যকর। অবজলপুর, ইষ্ট ইণ্ডিয়া রেলওয়ে রাণীগঞ্জ ষ্টেশন হইতে ৬ ছয় ক্রোশ ব্যবধান। কর্ম্মপ্রার্থিগণ সত্বরই স্ব স্ব প্রশংসাপত্রসহ হেড পণ্ডিত শ্রীমুনীন্দ্রচন্দ্র মণ্ডলের নিকট আবেদন করুন।

মাইনর স্কুলের হেডমাষ্টারের কার্য্য করিতে সক্ষম এরূপ একজন কার্য্যদক্ষ শিক্ষকের প্রয়োজন। যিনি এফ, এ, পরীক্ষায় উত্তীর্ণ হইয়া কিছু দিন প্রশংসার সহিত শিক্ষকতা করিয়াছেন, এরূপ এক জন ব্রাহ্মণ শিক্ষক হইলে ভাল হয়। মাসিক বেতন ২০ কুড়ি টাকা এবং আহার ও বাসস্থান দেওয়া যাইবে। শ্রীঅন্নদাচরণ বন্দ্যোপাধ্যায়, কালীগঞ্জ, জেলা খুলনা।

ফরিদপুর জেলার অন্তর্গত বঙ্গেশ্বরদী মধ্য-ইংরেজী বিদ্যালয়ের প্রধান পণ্ডিতের পদ শূন্য হইয়াছে। মাসিক বেতন ১৭ সতর টাকা। নর্ম্মাল স্কুলের ত্রৈবার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ অথচ শিক্ষকতা কার্য্যে অভিজ্ঞতা আছে এরূপ ব্যক্তির আবেদন সর্ব্বাপেক্ষা বিশেষ আদরণীয়। আগামী ১৫ই নবেম্বর মধ্যে প্রার্থিগণ স্ব স্ব আবেদন পত্র স্কুলের প্রধান শিক্ষক শ্রীঅক্ষয়কুমার ঘোষের নিকট পাঠাইবেন। বঙ্গেশ্বরদী গ্রাম স্বাস্থ্যকর এবং ফরিদপুর হইতে কেবল ১৪ মাইল ব্যবধান।

শিক্ষা সংক্রান্ত।

এতদ্দ্বারা সর্ব্বসাধারণকে জ্ঞাত করা যাইতেছে যে, ১৮৯৩ ১লা অক্টোবর হইতে রাজসাহী ও বর্দ্ধমান বিভাগের স্কুল সমূহের ইনস্পেক্টর আফিস হুগলী বাবুগঞ্জ হইতে চুঁচুড়ার বারিকে উঠিয়া আসিয়াছে। এক্ষণ হইতে এই আফিস সম্বন্ধীয় সমস্ত পত্রাদি চুঁচুড়ায় পাঠাইতে হইবে।

Benimadhav De.
In charge of the Office of Inspector of Schools, Rajshahi Circle and Burdwan Division.

Chinsurah.
4 | 10 | 93.

রংপুর জেলার ১৮৯৩—৯৪ সনের নিম্ন প্রাইমেরী পরীক্ষা আগামী ৩রা, ৪ঠা ও ৫ই ডিসেম্বর তারিখে গৃহীত হইবে। প্রত্যেক বিদ্যালয় হইতে সম্ভবতঃ কত ছাত্র পরীক্ষা দিবে, তাহার আনুমানিক সংখ্যা শিক্ষকগণ ১৫ই অক্টোবরের মধ্যে পত্রদ্বারা বিভাগীয় সব ইনস্পেক্টর বাবুকে জানাইবেন এবং পরীক্ষার্থীর নামের তালিকা পূরণ করিয়া ফিস্ সহ ৩০ শে অক্টোবরের মধ্যে পাঠাইবেন। ফিস্ মনিঅর্ডার যোগে পাঠান যাইতে পারে।

শ্রীআদিনাথ মিত্র।
স্কুলসমূহের ডেপুটী ইনস্পেক্টর, (রংপুর)।

নূতন পুস্তক।

বাবু মহেন্দ্রনাথ দত্ত প্রণীত।

নবপাটীগণিত ১ম ভাগ	মূল্য ৷৵০	৭৭ পৃষ্ঠা
নব শুভঙ্করী	মূল্য ৷৵০	১৫০ পৃষ্ঠা
নব ধারাপাত	মূল্য ৵০	১০৮ পৃষ্ঠা

উপরোক্ত পুস্তকত্রয় সেণ্ট্রাল টেক্সটবুক কমিটীর নির্ব্বাচিত ও শ্রীযুক্ত শিক্ষা বিভাগের ডাইরেক্টর সাহেব মহোদয়ের তালিকাভুক্ত। নবপাটীগণিত মধ্য শ্রেণীস্থ বাঙ্গালা ও ইংরাজী স্কুলের নিম্ন হইতে তৃতীয় শ্রেণী পর্য্যন্ত এবং উচ্চ ও নিম্ন প্রাথমিক পাঠশালার সকল শ্রেণীতে পাঠ্য বলিয়া নির্দ্দিষ্ট। ইহাতে প্রায় তিন সহস্র অনুশীলনী এবং উচ্চ ও নিম্ন-প্রাইমারী পরীক্ষার অনেক প্রশ্ন সন্নিবিষ্ট হইয়াছে। নবশুভঙ্করী নূতন প্রণালীমতে লিখিত; ইহাতেও অনেক সুকৌশল সম্পন্ন উদাহরণ প্রদত্ত হইয়াছে। নবধারাপাত অনেক দিন হইতে সর্ব্বত্র সমাদৃত; ইহা পাঠ করিলে বালকবৃন্দের ধারাপাত ও পাটীগণিতের অমিশ্র চারি নিয়ম বিষয়ক ব্যুৎপত্তি লাভ হইবে। সংবাদপত্রের সম্পাদক ও অন্যান্য ভদ্র মহোদয়গণ উক্ত তিন খানি পুস্তক সম্বন্ধে সানুকূল অভিমত প্রকাশ করিয়াছেন। নবধারাপাতে তাঁহাদের মন্তব্য সন্নিবিষ্ট আছে। অপর দুইখানির প্রশংসাবাদ "এডুকেশন গেজেটে", "বঙ্গবাসীতে" ও "সহচরে" দৃষ্ট হইবে। ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

৮১ নং

বিশেষ দ্রষ্টব্য।

বাচস্পত্য অভিধান প্রথম খণ্ড হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২৩৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

বুধোদয় প্রেস—হুগলী।

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸০ বার আনা, ডাঃ মাঃ /০ এক আনা। এখানি ১৮৯৪ অব্দের মাইনর পরীক্ষায় ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহাতে বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গদ্য হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ /০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

সংস্কৃত প্রেসডিপজিটরি।

১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

পদ্য-বিকাশ অর্থাৎ পদ্যপাঠ ১ম ভাগের অর্থ পুস্তক। শ্রীগোবিন্দপ্রসাদ দে প্রণীত। মূল্য ৵০ তিন আনা। ইহাতে প্রায় প্রত্যেক শব্দের অর্থ, পদান্বয়, এবং ব্যাকরণ সম্বন্ধীয় যাহা জানিবার আবশ্যক তাহা আছে। প্রায় প্রত্যেক ছত্রের গদ্য ও অতি সরল ভাষায় অর্থ দেওয়া হইয়াছে। ছোট ছোট বালকদের বিশেষ উপযোগী হইয়াছে। ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৪০৯নং

গবর্ণমেণ্টের অনুমোদিত।

বাঙ্গালা ছাত্রবৃত্তি ও মাইনর স্কুলসমূহের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পাঠ্য।

"বিজ্ঞানসোপান"।

শ্রীযুক্ত উমেশচন্দ্র ঘোষ, এম এ, বি এল প্রণীত।

মূল্য ॥৶০ দশ আনা মাত্র।

ছাত্রবৃত্তি ও মাইনর পরীক্ষার নির্দ্দিষ্ট বিষয়গুলি এরূপ বিশদরূপে ও ধারাবাহিক ভাবে অন্য কোন গ্রন্থে বর্ণিত নাই। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৪০৪নং

অম্বিকাচরণ ঘোষাল

ফটোগ্রাফার ও পোর্ট্রেট পেইণ্টার

ঘুঁটেবাজার হুগলি

মফস্বলে যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণপত্র লিখিলে জানিতে পারিবেন। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিঞ্জ, হুগলী কলেজ, এমামবাড়া, হংসেশ্বরীর মন্দির, চুঁচুড়া গোরাবারিক অভ্যন্তর দৃশ্য, নবাবখাঞ্জাখাঁর মসজিদ, সপ্তগ্রামের মহোৎসব প্রত্যেক ॥০ আনা মাত্র—ফটোগ্রাফগুলি একবার দেখিলে বাধিত হইব।

পাটীগণিত

নূতন সংস্করণ।

শ্রীপ্রসন্নকুমার সর্ব্বাধিকারী প্রণীত।

সুপ্রসিদ্ধ গণিতশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম, এ, মহাশয়ের দ্বারা সম্যক্‌রূপে সংশোধিত পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত। ইহাতে সুকৌশল সম্পন্ন প্রশ্নাবলী সন্নিবেশিত এবং উহাদের ভূরি পরিমাণে সমাধান করা হইয়াছে। ৫৭৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। উত্তম কাপড়ে বাঁধা, মূল্য ১৸০। বলা বাহুল্য ইহা চিরকাল সর্ব্বাদৃত, অধুনা আরও অধিক পরিমাণে স্কুলাদিতে পাঠ্যরূপে নিয়োজিত হইতেছে এবং বঙ্গবাসী প্রভৃতি সংবাদ পত্র ভূয়সী প্রশংসা করিতেছেন। নিম্নলিখিত এবং অন্যান্য স্থানে পাওয়া যায়।

বি, ব্যানার্জ্জি এণ্ড কোং।

২৫নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, ৫৬নং কলেজ ষ্ট্রীট, ৫১নং পুরাতন চীনেবাজার, কলিকাতা। ৫৫নং পটুয়াটুলি ঢাকা।

৩৮৮নং

মাইকেল মধুসূদন দত্তের

জীবনচরিত, অপ্রকাশিত কবিতা, পত্র ও গ্রন্থাবলীর সমালোচনা সম্বলিত গ্রন্থ

প্রকাশিত হইয়াছে।

শ্রীযোগীন্দ্রনাথ বসু বি এ, প্রণীত।

ডিমাই আট পেজী আকারে পাঁচ শতের অধিক পৃষ্ঠায় সম্পূর্ণ।

এরূপ সর্ব্বাবয়ব জীবনচরিত এপর্য্যন্ত বাঙ্গালা ভাষায় প্রকাশিত হয় নাই। মধুসূদনের জীবনের বিষাদময় ইতিহাসের সঙ্গে তাঁহার সমসাময়িক বাঙ্গালা সাহিত্যের অবস্থা, তাঁহার গ্রন্থাবলীর সমালোচনা, তাঁহার লিখিত বহুসংখ্যক ইংরাজী ও বাঙ্গালা কবিতা, মান্দ্রাজ, ইংলণ্ড, ব্রাহ্ম প্রভৃতি স্থান হইতে তাঁহার লিখিত বহুসংখ্যক পত্র, তাঁহার জীবনের ঘটনাবলী সম্বন্ধে সার মহারাজা যতীন্দ্রমোহন ঠাকুর, বাবু ভূদেব মুখোপাধ্যায়, রাজা প্যারীমোহন মুখোপাধ্যায় প্রভৃতির লিখিত মন্তব্য, রাজা রাজেন্দ্রলাল মিত্র, ডিঙ্ক ওয়াটার বেথুন, বাবু রাজনারায়ণ বসু প্রভৃতি অনেক খ্যাতনামা ব্যক্তির লিখিত পত্র ও পত্রাংশ ইত্যাদি ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। মধুসূদনের নিকেতন এবং তাঁহার সমাধি স্তম্ভের চিত্র এবং রাজা প্রতাপচন্দ্র সিংহ, রাজা ঈশ্বরচন্দ্র সিংহ, মহারাজা সার যতীন্দ্রমোহন ঠাকুর, বাবু ভূদেব মুখোপাধ্যায়, বাবু গৌরদাস বসাক, বাবু রাজনারায়ণ বসু ও বিদ্যাসাগর মহাশয়—এই কয়েক জনেরও চিত্র ইহাতে প্রদত্ত হইয়াছে। এইরূপ সুন্দর চিত্র এপর্য্যন্ত কোনও বাঙ্গালা গ্রন্থে প্রকাশিত হয় নাই। ছাত্রদিগকে পুরস্কার দিবার জন্য অতি সুন্দররূপ বাঁধান হইয়াছে। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপোজিটরীতে, ২১০। ৪ কর্ণওয়ালিস ষ্ট্রীট নব্যভারত কার্য্যালয়ে, বৈদ্যনাথ দেওঘর স্কুল গ্রন্থকারের নিকট এবং নিম্নস্বাক্ষরকারীর নিকট পাওয়া যায়। মূল্য কাপড়ে বাঁধান ২৷০ টাকা, কাগজের মলাট ২৲ টাকা, ডাকমাশুল ।০ আনা। মফস্বলস্থ গ্রাহকগণ গ্রন্থকারকে পত্র লিখিবেন।

শ্রীরামানন্দ চট্টোপাধ্যায় এম এ।

অধ্যাপক সিটি কলেজ,—কলিকাতা।

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৬ বৎসর উহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-যশের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার সেবনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সমফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনা ব্যয়ে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৷৷০ টাকা, প্যাকিং ।০ আনা

২ শিশি একত্রে লইলে খরচা ৷৵০ আনা স্বতন্ত্র হয়।

শ্রীকালীদাস সরকার।

গবর্ণমেণ্ট পেন্সনার—লক্ষ্ণৌ।

৩৭৩নং

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বলবীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রি-জাগরণ, অতিরিক্ত পান-ভোজন, অত্যধিক পরিশ্রম, সর্দ্দি, কাসি, গা হাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত!

কিছু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-কোলা-কাসিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দ্বৈকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, সে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকায় সে জ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে, ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্পদিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধে অতি সামান্য রাগও আরাম হয়। বিধাতার বিচিত্রবিধান বুঝাভার!

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন। প্লীহা জ্বর-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগীকে এই এক ৩নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

বটিকার সংখ্যা,	মূল্য,	ডাঃমাঃ,	প্যাকিং
১নং কৌটা	১৮	৷৷০	।০
২নং কৌটা	৩৬	১৷৵০	।০
৩নং কৌটা	৫৪	১৷৷০	।০

ভ্যালুপেবলে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।

১২ নং মুজাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা।

৩৭৪নং

পাঁড়ে ব্রাদার্স।

পুস্তক ও দেশী বস্ত্র বিক্রেতা।

২৫নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্, কলিকাতা।

এখানে ইংরাজি বাঙ্গালা সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য সর্ব্ব প্রকার পুস্তক, তৎসমস্তের নানা প্রকার কি, নোট, অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি সর্ব্ব প্রকার পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে। বিলাতি পুস্তক বিলাত হইতে আনা হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা ১৸০ মূল্য যোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও ব্যবহারীর জন্য চলিবে ও ২৷৷০, ৩, টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ নয়নসুখ, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকটও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য ।৵০ বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ ৵০

৩২ খানি উৎকৃষ্ট

চিত্রসহ

নীতি কথামালা	।০	মানবতত্ত্ব	১৷০
আর্য্যচরিত	।০	ধর্ম্মবিজ্ঞান	১৲
আর্য্যশিক্ষা	৷৷৵০	অদ্ভুত স্বপ্ন বা	
বাঙ্গলা ব্যাকরণ	।৵০	স্ত্রী পুরুষের দ্বন্দ্ব	৷৷০
শিশু বিজ্ঞান	৵০	বিজ্ঞানসার	১৲
বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ	৵০	লীলাবতী (অঙ্কপুস্তক)	৷৷০

৫৪৫ নং শ্রীমনোমোহন পাঁড়ে

শ্রীমদ্ভগবদ্গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ⁄০।

ঐ বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ।⁄০ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা মূল্য ⁄০ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা উৎকৃষ্টরূপ বাঁধা মূল্য ।০ আট আনা, ডাঃ মাঃ ⁄১০।

কবির (ধর্ম্মযুক্ত মহাত্মা কবির সাহেবের ৪৫৭টী দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ ⁄১০।

কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০। ১ন মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু প্রণীত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য ⁄০ আনা
ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "
ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব ।০ "

সেণ্ট্রাল টেক্সটবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তালিকায় পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট—কলিকাতা।

নবশুভঙ্করী। মূল্য ।০

টেক্সটবুক কমিটির অনুমোদিত তৃতীয় সংস্করণ সংশোধিত এবং প্রেসিডেন্সী ও বর্দ্ধমান বিভাগের মধ্যবাঙ্গালা ও উচ্চ প্রাথমিক পরীক্ষার ৭।৮ বৎসরের শুভঙ্করী প্রশ্ন সম্বলিত। কলিকাতা সংস্কৃত প্রেস ডিঃ, এবং আমার নিকট প্রাপ্তব্য।

শ্রীপূর্ণচন্দ্র ভট্টাচার্য্য
হেডপণ্ডিত ভাটপাড়া ম, ইঃ স্কুল।
৮১০ নং

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত

পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষক গণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৷৷০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।⁄০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীজমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।⁄০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ⁄০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৪৪ নং

সংক্ষিপ্ত পদার্থদর্শনের প্রশ্নোত্তর।

পণ্ডিত প্রবর শ্রীযুক্ত প্রসন্নকুমার চক্রবর্ত্তী প্রণীত। মূল্য ⁄০ পাঁচ আনা মাত্র। যত গুলি সং পদার্থদর্শনের প্রঃ উঃ এ পর্য্যন্ত প্রকাশিত হইয়াছে এখানা তাহাদের অপেক্ষা কোন অংশে নিকৃষ্ট নহে বরং অনেকাংশে উৎকৃষ্ট। যে স্কুলে এক খানিমাত্র এই প্রঃ উঃ প্রবেশ লাভ করিয়াছে সে স্কুলের সমস্ত ছাত্রই ইহা ক্রয় করিতেছে। একত্রে এক প্যাকেটে ৫ খানি এই প্রঃ উত্তর লইলে স্কুলের শিক্ষকদিগকে শতকরা ১৫৲ টাকার হিসাবে কমিসন দিয়া থাকি; অধিকন্তু আমি নিজ হইতে ডাক মাশুল দিই। কাগজ, ছাপা ও বাঁধাই সমস্তই উৎকৃষ্ট। ভিঃ পিঃ ডাকে পাঠাইয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র দত্ত।
ভারত পুস্তকালয়, পটলডাঙ্গা, বৌবাজার পোষ্ট
৩৯৯নং কলিকাতা।

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু উমাচরণ দাস কালীগঞ্জ ১৩০১ ভাদ্র শেষ ৫৲
" শশিভূষণ ন্যায়রত্ন দেউগো ১৩০০ চৈত্র শেষ ৩৲
" শরচ্চন্দ্র মুখোপাধ্যায় লক্ষ্মীপুর ১৮৯৩ ডিসেম্বর শেষ ৩৷৷০
" পাবীলাল সান্যাল বৈদ্যি ১৲
" অবিনাশচন্দ্র মুখোপাধ্যায় সমুদ্রগড় ১৲
" হেমচন্দ্র ভট্টাচার্য্য চিলমারী ১৷০
" দীননাথ সান্যাল বাকাইগ্রাম ১৲
" সিদ্ধেশ্বর দে বক্সার ১৮৯৩ ডিসেম্বর শেষ ৩৷৷০
আকনা স্কুল ১৮৯৩ ডিসেম্বর শেষ ২৲

☞ এই পত্র হুগলি বুধোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকালীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

REGISTERED NO 35 1875.

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

নূতন সম্পত্তি। ২৫শ খণ্ড। ২৮শ সংখ্যা। | ১৮ই কার্ত্তিক শুক্রবার ১৩০০ সাল। ইং ৩রা নবেম্বর ১৮৯৩ খৃষ্টাব্দ। | অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম)	৫৲	ষাণ্মাসিক	৩
ত্রৈমাসিক	২	প্রত্যেক সংখ্যার	।৵

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৵০ ৩য় বার /১০ চতুর্থ বা তদূর্দ্ধ বার /০। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৵০।

কর্ম্মখালির বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে প্রকাশিত হয়।

তিন মাসের অধিক বিজ্ঞাপন প্রকাশ করিলে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

যাঁহারা এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য নগদ টাকায় দিবেন, তাঁহারা তাঁহাদের নিকটবর্ত্তী এজেন্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণিঅর্ডার কুপনে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

এডুকেশন গেজেটে বিজ্ঞাপন প্রকাশের সুবিধার জন্য ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে একটী এজেন্সি খোলা হইয়াছে। তথায় বিজ্ঞাপন ও তৎপ্রকাশের মূল্য জমা দেওয়া যায়।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যূন বিলম্ব হইলে তাহার থানাথানিতে পিয়নের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেন্ট।

কলিকাতা	শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়। সংস্কৃতযন্ত্রের পুস্তকালয় ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।
	চণ্ডীচরণ মজুমদার—জেঙ্গল সেক্রেটারিয়েট জুডিসিয়াল ডিপার্টমেণ্ট।
২৪ পরগণা	মতিলাল মৈত্র—আলিপুর।
আলিপুর	ভূপালচন্দ্র গঙ্গোপাধ্যায়—উকিল।
বারাকপুর	শ্রীযুক্ত বাবু ভুবনমোহন মিত্রৌগী।
ভবানীপুর	রাজকৃষ্ণ রায় চৌধুরী।
চুয়াডাঙ্গা	যদুনাথ চৌধুরী।
হাবড়া	হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম	ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী	শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর	ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান	চারুচন্দ্র চট্টোপাধ্যায়।
	রসিকলাল দাস—রায়না।
যশোহর	কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
সিউড়ী	অম্বিকাচরণ মুখোপাধ্যায়।
	নীলমণি ভট্টাচার্য্য।
বাঁকুড়া	রামেশ্বর সেন—বিষ্ণুপুর।
	অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর	ঈশ্বরচরণ সে।
জলপাইগুড়ি	নীলমণি পাল।
বাঁকিপুর	নীলমণি মুখোপাধ্যায়—সিঠাপুর।
	ভগবান প্রসাদ।
বারাণসী	সোমনাথ আঢ়ুড়ী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর	আদিনাথ মিত্র।
	দ্বারকানাথ কাগচি—নিলফামারি।
রাজসাহী	কালীনাথ চৌধুরী—পোরালিয়া।
পাবনা	মহেন্দ্রনাথ দত্ত।
	রজনীকান্ত ভট্টাচার্য্য।
	রামচন্দ্র চক্রবর্ত্তী।
	ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, ভলাই।
	উমাচরণ পাঁড়ে, সিরাজগঞ্জ।
ঢাকা	সতীশচন্দ্র ঘোষ।
সাঁওতাল পরগণা	যজ্ঞেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।
পাকুড়	রাধাকৃষ্ণ সারখেল।
খুলনা	হরিহর দাস।
	জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।
দিনাজপুর	রাজকুমার চক্রবর্ত্তী কুলবাড়ি।
	ভুবনেশ্বর গুপ্ত।
	দুর্গাদাস সুর—রামগঞ্জ।
	শশিভূষণ রায়।
কোচবিহার	ভুবনমোহন দত্ত।
ফরিদপুর	কালীকিশোর ঘোষ—মাদারিপুর।
মজঃফরপুর	কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল
ছাপরা	গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক সুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সমস্তীপুর
বৈদ্যনাথ	যোগীন্দ্রনাথ বসু হেড মাষ্টার, দেওঘর।

এজেন্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিবিধ বিজ্ঞাপন।

সংক্ষিপ্ত পদার্থদর্শনের প্রশ্নোত্তর।

পণ্ডিত প্রবর শ্রীযুক্ত প্রসন্নকুমার চক্রবর্ত্তী প্রণীত। মূল্য ৵০ পাঁচ আনা মাত্র। ইহা গুলি সং পদার্থদর্শনের প্রঃ উঃ এ পর্য্যন্ত প্রকাশিত হইয়াছে এখানা তাহাদের অপেক্ষা কোন অংশে নিকৃষ্ট নহে বরং অনেকাংশে উৎকৃষ্ট। যে স্কুলে এক খানিমাত্র এই প্রঃ উঃ প্রবেশ লাভ করিয়াছে সে স্কুলের সমস্ত ছাত্রই ইহা ক্রয় করিতেছে। এককালে এক প্যাকেটে ৫ খানি এই প্রঃ উত্তর লইলে স্কুলের শিক্ষকদিগকে শতকরা ১৫৲ টাকার হিসাবে কমিসন দিয়া থাকি; অধিকন্তু আমি নিজ হইতে ডাক মাশুল দিই। কাগজ, ছাপা ও বাঁধাই সমস্তই উৎকৃষ্ট। ভিঃ পিঃ ডাকে পাঠাইয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র দত্ত।

ভারত পুস্তকালয়, পটলডাঙ্গা, বৌবাজার পোষ্ট, কলিকাতা।

৩১৯নং

গিরিশ লাইব্রেরী।

এখানে ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল, এ; বি, এ ক্লাসের সর্ব্বপ্রকার পাঠ্যপুস্তক ও অন্য পুস্তকাদি এবং নাটক, নভেল প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়। ভিঃ পিঃ ডাকেও পুস্তক পাঠাই। ২১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৮৪নং

এম, ভি, মিত্র এবং কোং।

লব্ধপ্রতিষ্ঠ ও কলিকাতা ও অন্যান্য স্থানের
দক্ষ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৫৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক রুবিনি ক্যাম্ফার ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৷৷০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৮৲ ও ৯৲, শিশুচিকিৎসা ২৷৷০, বামাচিকিৎসা ২৲ জ্বর চিকিৎসা ৸০ ও ১৸০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৸০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমার কলিকাতার মহামেলার এই শ্রেণীতে ভারতের মধ্যে সর্ব্বোচ্চ এবং এখানকার ও অন্যান্য স্থানের সম্ভ্রান্ত চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি।

ম্যা

ভারতীয় আর্য্য জাতির
আদিম অবস্থা।

শ্রীযুক্ত লালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীতে সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১৷০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

REDUCTION IN PRICE OF CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta. Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free, at 4 oz, Rs3—4 : 8 oz, Rs 6—8 : 16 oz, Rs 12—12. Cash with order.

No. 331

বুধোদয় যন্ত্র।

হুগলি বুধোদয় যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষর ও তাহার সরঞ্জাম প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানাপ্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় স্যাবস্ট্রাক্ট ফরম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, ষ্ট্যাম্পবিল, জমিদারীর জমাওয়াশীল ফরম, ডাক্তারি লেবিল প্রভৃতি নানাপ্রকার ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পাদিত হইয়া থাকে। বিশেষ বন্দোবস্ত করিলে সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংলিস অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও স্মল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া দপ্তরী দ্বারা পুস্তক প্রস্তুত করিয়া বীডিমত বান্ধবন্দী করিয়া রেলে বা জাহাজে যাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি, গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন, ছাপার রেট ও অন্যান্য বিবরণ জানিতে ইচ্ছা করিলে আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পরিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
কার্য্যাধ্যক্ষ।

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১৯ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।

ডাকমাশুল ৴০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৸০

পদ্য ব্যাকরণ মূল্য ৴১০

প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য ৴১০

শিশু মহাভারত।

(ষ্টেট্‌ বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায়) পাওয়া যায়।

শ্রীতিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

রিপণ-ডিপজিটারী।

৫২ নং দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য ও নাটক নভেল অতি সুবিধায় সরবরাহ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পি, ডাকে পুস্তক পাঠাই। প্রেরণ ব্যয় ৴১০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়।

শ্রীশশিভূষণ সাহা
৩৮০ নং ম্যানেজার।

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মতামত নহে।

বিদ্যাধর।

বিদ্যাধরের জ্যেষ্ঠ পুত্র মুরলীধর। মুরলীধরের পুত্র বংশীধর। বংশীধরের পুত্র শিওবক্স। শিওবক্সের পুত্র সুরযবক্স। ইহাঁর বয়ঃক্রম এক্ষণে ২৩ বৎসর। সুরযবক্স তাঁহার বয়োধিক আত্মীয়গণের নিকট হইতে বিদ্যাধরের সম্বন্ধে যত কথা সংগ্রহ করিতে পারেন করিবেন বলিয়া স্বীকৃত হওয়ায় তদ্বিষয়ক অনেক তথ্য আমি অনতিবিলম্বে পাঠকদিগকে উপহার দিতে পারিব বলিয়া ভরসা করিতে পারি।

অদ্য শ্রীযুক্ত প্রস্তাবে বিদ্যাধর বিষয়ক এবং শিলাদেবীর পূজক ব্রাহ্মণগণের ইতিবৃত্ত বিষয়ক যে কয়েকটী কথা পূর্ব্বে লিখিয়াছিলাম সুরয বক্সের মতে তাহার কতকগুলি প্রমাদপূর্ণ। কিন্তু আজ সুরযবক্সের মুখে যাহা শুনিলাম আর কিছু দিন বাদে হয়ত আর এক জন তাহা ভ্রমসঙ্কুল বলিবেন।

কয়েক খানি দস্তাবেজ সুরয বক্স আমাকে দেখাইয়াছিলেন। সেই দস্তাবেজগুলিতে বিদ্যাধরের উপর রাজকার্য্যের কীদৃশ ভার ছিল তাহার কথঞ্চিৎ প্রমাণ পাওয়া যায়। সুরয বক্স বলেন "বিদ্যাধর শেষ অবস্থায় জয়পুরপতি মহারাজ প্রথম মাধব সিংহ কর্ত্তৃক দণ্ডিত ও সর্ব্বস্বান্ত হন। তাঁহার স্থাবর ও অস্থাবর সমস্ত সম্পত্তিই রাজার অধিকৃত হয়। সে সময়ে তাঁহার গৃহে যে সমস্ত কাগজ পত্র ছিল সে সকলই রাজার লোকে লইয়া যায়। কেবল তাঁহার পুত্র মুরলীধরের স্বতন্ত্র আবাস বাটীতে যে দুই একটী ছিট কাগজ পত্র ছিল তাহাই তাঁহার বংশধরগণের হস্তগত হয়। এখনও বিদ্যাধর সম্বন্ধীয় অনেক আসল কাগজ পত্র অম্বরের কাগজ পত্রের সহিত মিলিত আছে; কিন্তু তাহা সাধারণের আয়ত্ত হওয়া সুকঠিন। আমি সুরয বক্সের বর্ণিত বৃত্তান্ত শুনাইবার পূর্ব্বে তাঁহার ও তাঁহার পিতার নামের শেষে পার্শী "বক্স" শব্দ কি প্রকারে আসিল তাহা না বলিয়া থাকিতে পারিতেছি না। এতদ্দেশে হিন্দু নামের মধ্যে পার্শী শব্দের বিশেষ প্রচলন দেখিতে পাওয়া যায়; যেমন—'লাল' 'মেহতাব সিংহ' 'ওতাবর মল্ল, ফকির চন্দ' ইত্যাদি। 'ফতে' অর্থে 'ফয়' 'মেহতাব' অর্থে 'চন্দ্র' 'জহাবর' অর্থে 'রত্ন' ও ফকির অর্থে 'সন্ন্যাসী'। ব্রাহ্মণ, রাজপুত, বেনিয়া প্রভৃতি সকল জাতির মধ্যে এই রূপ বহু সংখ্যক পার্শী নাম প্রচলিত হইয়া পড়িয়াছে। কোন কোন নামের প্রথমার্দ্ধ সংস্কৃত হইলেও শেষার্দ্ধ পার্শী যথা—গঙ্গা বক্স, মাতাদীন ইত্যাদি। 'বক্‌সিস' অর্থে 'দান' ও 'দীন' অর্থে 'ধর্ম্ম'। শিও বক্স, অর্থে শিবদত্ত বা শিবানুগৃহীত এবং সুরয বক্স অর্থে সূর্য্যদত্ত বা সূর্য্যানুগৃহীত। নিম্ন শ্রেণীর মুসলমানদিগের মধ্যেও কতকগুলি হিন্দী নাম দেখিতে পাওয়া যায় যেমন—চাঁদ খাঁ, সিঠু খাঁ, কালে খাঁ, ভূরে খাঁ ইত্যাদি। কিন্তু গর্ব্বিত উচ্চ শ্রেণীর মুসলমানদের মধ্যে এরূপ এক কালীন নাই; অথচ গর্ব্বিত রাজপুতদিগের নামে প্রচুর যাবনিক শব্দ দেখা যায়; যথা—শের সিংহ, সমসের সিংহ, জোরাবর সিংহ, বাহাদুর সিংহ, আফ্‌তাপ সিংহ, সুলতান সিংহ, ইত্যাদি এই সকল গুলির অর্থ যথাক্রমে 'সিংহ', 'তরবারি', 'বলবান' 'বীর', 'সূর্য্য' ও সম্রাট।

সুরয বক্সের স্ব শ্রেণীর ব্রাহ্মণগণ বাঙ্গালী হইলেও বহুকাল এতদ্দেশে অবস্থান বশতঃ অনেক বিষয়ে হিন্দুস্থানী রীতিনীতি অবলম্বন করিয়াছেন। যখন বাঙ্গালা ভাষাই ভুলিয়া গিয়াছেন ও হিন্দুস্থানীতে কথাবার্ত্তা কহেন তখন নাম রক্ষা বিষয়ে যে এ দেশের অনুসরণ করিবেন, তাহা আর বিচিত্র কি! ইহাঁরা নামের শেষে 'ভট্টাচার্য্য' শব্দটি ব্যবহার করেন, কিন্তু তাহা হিন্দুস্থানীদিগের নিকট পরিচয় দিবার সময় নহে, কেবল বাঙ্গালীদের নিকট পরিচয় দিবার সময়ে। অর্থাৎ যদি কোন হিন্দুস্থানী ইহাঁদের কাহাকেও জিজ্ঞাসা করে, "তোমার নাম কি?" তাহা হইলে সে উত্তর পাইবে যে অমুক বাঙ্গালী, যথা—'রাম বক্স বাঙ্গালী' কিন্তু কোন বাঙ্গালী জিজ্ঞাসা করিলে উত্তর পাইবে, 'রাম বক্স ভট্টাচার্য্য'। এরূপ ভট্টাচার্য্য নামের ব্যবহার বোধ করি ইদানীন্তন এখানে অধিক পরিমাণে নূতন বাঙ্গালীর আগমনির পর হইতে হইয়াছে। যাহা হউক, এক্ষণে আমরা প্রকৃত প্রস্তাবের অনুসরণ করি। বিদ্যাধর এখানে তিনটী প্রধান রাজার রাজত্ব কালে বর্ত্তমান ছিলেন—জয়সিংহ, ঈশ্বরী সিংহ ও মাধব সিংহ। ইহাঁদের রাজত্ব কাল যথাক্রমে ১৭০০-১৭৪৪, ১৭৪৪-১৭৫১, ১৭৫১-১৭৬৮ খৃঃ অঃ। শেষোক্ত দুই রাজার সময়ে জয়পুর বহির্ব্বিপ্লব ও অন্তর্বিপ্লবে ভয়ানক পর্য্যুদস্ত ছিল। বিদ্যাধরের শেষ জীবনাংশ এই সকল বিপ্লবের সহিত ওতপ্রোত ভাবে মিলিত ছিল। তিনি জয়সিংহের জীবনকালে বিনা ব্যাঘাতে প্রতিপত্তি লাভ করিয়াছিলেন; কিন্তু তাঁহার জীবনের উপসংহার ভাগ অতিশয় শোচনীয়।

পক্ষান্তরে বিদ্যাধরের জীবন চরিত্রের সহিত শিলাদেবীর পূজকগণের অধস্তন সন্তানগণের কিয়ৎ পরিমাণে পরিচয় দেওয়াও আবশ্যক। কোন কোন লোকের মুখে শুনিয়াছিলাম যে, রাজা জয়সিংহ বিদ্যাধরকে দিল্লী হইতে আনয়ন করেন। সুরয বক্স বলেন এ কথা মিথ্যা। তিনি বলেন বিদ্যাধরের পিতামহ রাজঙ্কর (রাজেন্দ্র?) এখানে আইসেন। অম্বর নগরই বিদ্যাধরের জন্মস্থান। তিনি বাল্যকাল হইতে হরিহর চক্রবর্ত্তীর নিকট রাজকার্য্য শিক্ষা করেন। হরিহর ব্যতীত আরও দুই একজন বাঙ্গালী বিদ্যাধরের পূর্ব্বে প্রধান প্রধান রাজকার্য্য করিয়াছিলেন। ইহাতে বোধ হইতেছে যে শিলাদেবীর পুরোহিতগণ কেবল ঘণ্টা নাড়িয়াই ক্ষান্ত ছিলেন না। বাস্তবিক এই বৈদিক বাঙ্গালীগণের অনেকে এখনও স্থানে স্থানে যে সকল জমী ভোগ করিতেছেন তাহা কেবল দেবপূজা করিয়াই উপার্জ্জন করিয়াছিলেন তাহা নহে রাজকার্য্য দ্বারাও অনেক জমী লব্ধ হইয়াছে। বিদ্যার চর্চ্চা ইহাঁদের মধ্যে খুব কমিয়া গিয়াছে। পূজা, পাঠ ও অন্যান্য অঙ্গ বিদ্যাব্যাপক ব্যবসায় ইহাঁদের আজ কাল অবলম্বা হইয়াছে। কিন্তু এক কালে ইহাঁদের মধ্যে যে খানিকটা বিদ্যার চর্চ্চা ছিল তাহা ইহাঁদের কাহার কাহার ঘরের পুথি দৃষ্টে অনুমান করা যায়। পুথি সকল দেবনাগর অক্ষরে লিখিত। স্মৃতি, তন্ত্র, দশকর্ম্ম ও ব্যাকরণের ব্যবহারটাই বাহুল্য ভাবে ছিল। ন্যায় শাস্ত্রটা বোধ হয় ইহাঁরা ভুলিয়া গিয়াছিলেন। সুরয বক্সের সমবয়স্ক একটী যুবক আমাকে কতকগুলি ছেঁড়া খোঁড়া বাঙ্গালা অক্ষরে লিখিত সংস্কৃত পুথি

দেখান। এগুলি তিনি অতি যত্ন করিয়া রাখিয়াছেন। কাগজ ও লেখাগুলি প্রাচীনত্বের পরিচায়ক। তাহার মধ্যে স্তব, কবচ, ব্যাকরণ, সাহিত্য, পঞ্চতন্ত্র ইত্যাদি সকল জিনিষেরই কিছু কিছু আছে। কতকগুলি পত্রে "ধাবচ্ছেদাবচ্ছেদকত্ব" 'প্রতিযোগিতা' ও 'ধূমবত্ত্ব' এই সকল কথা দেখিলাম। অতি মিহি ও পরিচ্ছন্ন অক্ষর। কিন্তু বোধ হইল অতিশয় প্রাচীন। এই ন্যায় শাস্ত্রের পুথি খণ্ডটী পুরোহিতগণ কর্ত্তৃক প্রথম উপনিবেশ কালে দেশ হইতে আনীত হইয়াছিল কি এইখানেই কাহারও কর্ত্তৃক লিখিত হইয়াছিল নির্ণয় করিতে পারা যায় নাই।

ক্রমশঃ।

বিজয়া।

মোটে তিন দিন থাকি ত্রিলোচনি
কেন চলি যাও ঈশান পাশ,
ভবের আনন্দ ভাঙ্গিল ভবানি
ভকতের নাহি পুরিল আশ।
মনের উল্লাস বিষাদে ডুবিল
নয়নে তিমির বসিল আসি,
রবি-দীপ্ত দিন অমা-নিশা সম
এখন হেরিছে ভারতবাসী।
অবোধ মানব না চিনি তোমায়
যথাবিধি নাহি করিল পূজা,
এই অভিমানে মানসে ধরিয়া
যাও কি ত্যজিয়া ত্রি-সপ্ত ভূজা?
অজ্ঞানের দোষ তুমি ত লবে না
তাই ক্ষেমঙ্করী হয়েছে নাম,
দয়াময়ী নামে কলঙ্ক রটিবে
চির অকিঞ্চনে হইলে বাম।
জগ বিহ্বল কেবল সম্বল
কাঙ্গালের আর কি আছে ধন।
সকল উৎসর্গ করেছি চরণে
সঁপেছি আপন শরীর মন।
এ নহে কারণ বুঝেছি ভবানি
তিনের সহিত তোমার প্রীতি,
ব্রহ্মা বিষ্ণু শিব ত্রিদেব পূজিত
তিনপুরে কর সতত স্থিতি।
ত্রিলোচনী নাম আছে ত্রিনয়ন
ত্রিগুণ ধারিণী তারিণী তুমি,
ত্রিপাপ তোমার প্রণত-কিঙ্কর
বিপন্ন, ত্রিদশ-আশ্রয় ভূমি।
ত্রিকাল দর্শিনী ত্রিবর্গ দায়িনী
ভীষণ ত্রিশূল আয়ুধ তব,
সপত্নী তোমার ত্রিপথ-গামিনী
সম-সহোদরা আর কি রব।
ত্রিবেদ প্রসূতী ত্রিনেত্র রমণী
তাই মা রাখিতে তিনের মান,
তিন দিন মাত্র থাকি ভব তলে
চলিলে জননি আপন স্থান।
ক্ষণ অবস্থিতি সর্ব্বার্থ-সাধিনী
যাঁহার কটাক্ষে অদৈন্য দেশ,
ত্রিরাত্র ব্যাপিয়া তাঁহার বসতি
মানুষের ইহা পুণ্যের শেষ।
দেব ঋষি যোগী তপস্বী সাধক
মুহূর্ত্ত-দর্শনে কৃতার্থ হয়,
অসংখ্য-মুহূর্ত্ত— সমষ্টি ত্রিদিন
হেরি কেন ক্ষোভ হৃদয়ে রয়।
সর্ব্বত্যাগী যোগী তথাপি শঙ্কর
যাহার বিরহ সহিতে নারে,
তাঁহার বিচ্ছেদে সংসারী মানব
সচ্ছন্দে কভু কি থাকিতে পারে?
তব আগমনে আনন্দে মাতিয়া
কাটায়েছি শুধু দিবস রাতি,
ভস্মে অগ্নিসম মহামহোৎসবে
প্রচ্ছন্ন রাখিয়া দুঃখের পাঁতি।
কি আর কহিব অনন্ত নির্ব্বেদ
অন্তর যামিনী জানিছ ভাল,
সব শোকানল নির্ব্বাণ হইত
থাকিতে যদি মা অনন্ত কাল।
কার পুত্র নাই পতি হীনা কেহ
অপরে জঠর জ্বালায় মরে,
একে একে সব দেখিতে জননী
যদি কিছু দিন থাকিতে ঘরে।
সপ্তমী অষ্টমী নবমী রহিয়া
ঘটায়ে বরদে দশমীদশা,
দশমীতে আজ ত্যজিলে অদয়ে!
রক্ত অশ্রুস্রোতে ডুবিল রসা।
বাঞ্ছাকল্পতরু তুমি গো জননি
শেষ নিবেদন শুনগো শুন,
সম্বৎসর পরে মনে দয়া করে
দয়াময়ি! তুমি এসগো পুনঃ।

তোমাতে যে মন করেছি অর্পণ
তাহা লয়ে যাও আপন সাথ,
ভারতে যাইয়া কি ধন পাইলে
সুধান যদাপি ঐকলাস নাথ।
কহিবে তাঁহারে সুরেন্দ্র পুরে
দেব গ্রাহ্য ধন কিছুত নাই,
মিলি মর্ত্ত্যবাসী ইন্দ্রিয়ের দাস—
মন উপহার দিয়াছে তাই।
উৎসর্গ করিয়া সবে নিজ মন
ভক্তিহীনা ভকতি বন্ধন দিয়া,
বাঁধিয়া রেখেছে আমার মানস
এসেছি কেবল শরীর নিয়া।
ভকত বৎসলা তুমি নারায়ণী
তাই গো সাহস বলিতে এত,
বরঞ্চ কৈলাস পারিবে ত্যজিতে
নারিবে ছাড়িতে ভকত যত।
সর্ব্বত্র অভয়ে তুমি যে বিরাজ
জগতের স্থিতি প্রমাণ তায়,
শক্তিরূপা তুমি ত্যজিলে অবনী
অস্তিত্ব তাহার কিরূপে রয়।
তুমি মা কি ধন আগম দুর্গম
চিনেও চিনিতে পারেনি যারা,
তারিণী ত্যজিল হায় কি হইল
শুধু এই রবে কাঁদিছে তারা।
সুবোধ অবোধে সমজ্ঞান দিয়া
জগৎ প্রসূতি করগো স্থির,
সর্ব্বত্র ব্যাপিনী জানি তবু আজ
বারিতে পারি না নয়ন নীর।
দিয়া শান্তি-বারি যাও বিশ্বমাতা
তোমার প্রসাদে অখণ্ডা ক্ষিতি।
হয়ে শস্যবতী হরুক উদ্বেগ
রাজায় প্রজায় বাড়ুক প্রীতি।
দৈত্য-দানব প্রকৃতি ত্যজিয়া
দেবের স্বভাব ধরুক নর,
নিজ ভারি সবে করুক আশ্রয়
কুটম্বিতা ভাব অবনীচর।
পাপ, তাপ-কর পুণ্য, সুখদাতা
সহজে বুঝুক সকল জন,
দ্বেষ হিংসা ত্যজি ভুল ভব সুখ
তোমাতে আসক্ত হউক মন।

শ্রীহরিলাল সিংহ।
নিউড়ি, মল্লিকপুর।

এডুকেশন গেজেট।

১৮ই কার্ত্তিক ১৩০০। ইং ৩রা নবেম্বর ১৮৯৩।

বিজয়া।

পূজাবসানে পাঠকবর্গের সহিত এই আমাদের প্রথম সাক্ষাৎ। বিজয়া দশমী হইতে ৺শ্যামাপূজা—এই কাল মধ্যে আত্মীয় বন্ধু বান্ধবের সহিত প্রথম সাক্ষাৎকার লাভের পর পরস্পরের যে আলিঙ্গন সম্ভাষণাদি তাহা বিজয়াদশমীকৃত্য আলিঙ্গন সম্ভাষণাদি স্বরূপেই গণ্য হইয়া থাকে। তাই আজ এত দিনের পরেও আমরা আমাদিগের পাঠকবর্গকে বিজয়াকৃত্য নমস্কার, আশীর্ব্বাদ ও সম্ভাষণাদি করিয়া পুনরায় কার্য্যে প্রবৃত্ত হইতেছি—

অস্মদ্দেশীয় প্রাচীন হিন্দুরাজগণের দৈত্রযাত্রার শুভলক্ষণাত্মক এই বিজয়া দশমী দিনের কি অভূতপূর্ব্ব দিব্য মধুময় ভাব! কবিকল্পিত লোকালোক পর্ব্বতের ন্যায় ইহারও এক দিক প্রকাশিত এবং অপর দিক অপ্রকাশিত। স্বজন-সম্মিলনাদি জনিত হর্ষে ইহার এক ভাগ যেরূপ আলোকিত, আনন্দময়ী মূর্ত্তির তিরোধান হেতু নিরানন্দে ইহার অপর ভাগ সেইরূপই তমসাচ্ছন্ন। সপ্তম্যাদি দিনত্রয় জগদম্বার যথাবিধি অর্চ্চনান্তর তাঁহার মৃন্ময়াদি বাহ্যিক মূর্ত্তি আধিভৌতিক সলিলে নিমজ্জিত হইলে প্রাকৃত জন হৃদয়ে বিষাদের ছায়া পতিত হয়। যে ভক্ত সাধক মানসসৃষ্ট সেই ঈশ্বরী মূর্ত্তির ভাবে তন্ময় হইয়া মানসোপচারে তাঁহার পূজা করিতে ছিলেন, পূজাবসানে স্বীয় সহস্রার হইতে নিয়ত ক্ষরিত এবং হৃদয়স্থ সুধাসমুদ্রে সঞ্চিত কারণরূপ আধ্যাত্মিক সলিলে সেই ধ্যানগম্য দেবীমূর্ত্তির নিরঞ্জনান্তর তিরোধান হইলে তাঁহারও হৃদয়কে বুঝি বিষাদ আসিয়া অধিকার করে। যে আনন্দময়ী মূর্ত্তি এতক্ষণ হৃদয়ে বিরাজ করিতেছিল সেই মূর্ত্তি আত্মায় নিমীলিত হইলে নিরানন্দময়ী বিষাদ কালিমা হৃদয়কে কেন যে মলিন না করিবে প্রাকৃত জন তাহা বুঝিয়া উঠিতে সক্ষম হয় না।

এইরূপ বিষণ্ণভাবাপন্ন চিত্তক্ষেত্রকে প্রধানতঃ তমোভাবেরই আশ্রয়ীভূত হইতে হয়; কিন্তু পরক্ষণেই আবার চিরপ্রচলিত সংস্কৃত প্রথানুযায়ী আত্মীয় বন্ধু বান্ধবের সহিত যখন আলিঙ্গন সম্ভাষণাদি আরম্ভ হয় তখন সেই তমোভাবের প্রাধান্য ঘুচিয়া বিশুদ্ধ সত্ত্বভাবই হৃদয়কে অধিকার করিয়া ফেলে। তখন শত্রুর সহিতও মৈত্রীকরণের প্রবৃত্তি জন্মে এবং হৃদয়ের উদারতা সম্যক্ উপচিত হইয়া 'বসুধৈব কুটুম্বকম্' এই জ্ঞান প্রকটিত হওয়ায় একপ্রাণতা এবং জাতীয় বন্ধনের দৃঢ়তা সম্পাদনরূপ শাস্ত্রের নিগূঢ়তম মহান্ উদ্দেশ্য সিদ্ধির পথ সুপরিষ্কৃত করিয়া দেয়। ফলতঃ, যে জাতীয় বন্ধন জাতীয় উন্নতির নিদান, যে জাতীয় বন্ধনের হেতুভূত স্বজাতিপ্রিয়তার অভাবই আমাদের অবনতির মূলকারণ বলিয়া বলা হইয়া থাকে, সেই জাতীয় বন্ধনের সাধন—স্বজাতিবিদ্বেষ ও পরমুখাপেক্ষিতার শাস্ত্রবিহিত মহৌষধ এই বিজয়াদশমীকৃত্যের অন্তস্তরে নিহিত; কিন্তু দুঃখের বিষয়, এই মহান্ ভাবের উপলব্ধি করিতে পারিলেও উহা শাস্ত্রের উদ্দেশ্যমত হৃদয়ে স্থায়ী না হইয়া কাল ও শিক্ষার দোষে অধিকাংশ স্থলে তৎকালমাত্রেই পর্য্যবসিত হইয়া থাকে।

প্রিয়সংযোগ ও প্রিয়বিচ্ছেদ সম্ভূত অচিরস্থায়ী পার্থিব সুখ দুঃখ চক্রবৎ নিয়ত পরিভ্রমণ করতঃ সংসারাসক্ত মানবের চিত্তকে পর্য্যায়ক্রমে হর্ষ ও বিষাদের অধীন করিয়া ফেলে। আনন্দময়ী দশভুজার আগমন সন্নিকট হওয়ায় বিদেশস্থ প্রিয়জনের সহিত সম্মিলন আশায় যাঁহাদের চিত্তে সুখের সঞ্চার হইতে ছিল, দেবীর আগমনে সেই সম্মিলন সুখের সম্যক্ উপলব্ধি করিয়া বিজয়া দশমীকৃত্যের অন্তে প্রিয়ের সহিত আবার বিরহ হইবে ভাবিয়া তাঁহাদের প্রাণ ব্যাকুল। সকলই সেই সংসার স্থিতিকারিণী বিশ্বনিয়ন্ত্রী মহামায়ার প্রভাব ব্যতীত আর কিছুই নহে। বিজয়াদশমীর আলো আঁধার ভাব এই ব্যাপারেও পরিস্ফুট।

এ মর্ত্ত্যভূমে মরণের অধীন সকলেই। ভোগ সুখ নিরত মানব কিন্তু ক্ষণেকের জন্যও চিন্তা করিয়া দেখে না যে, দিন যতই অতিবাহিত হইতেছে তাহার আয়ুঃসূর্য্য অস্তমিতপ্রায় হইয়া মৃত্যুর সময় ততই সন্নিকট হইয়া আসিতেছে। 'হবিষা কৃষ্ণবর্ত্মেব' ভূয়ঃ অভিবর্দ্ধনশীল ভোগস্পৃহায় নিরত থাকিয়া সে অহ-

রহই আপনার 'স্থিরত্বেরই ইচ্ছা' করিতেছে। পরকাল চিন্তা করিয়া ঐহিক জীবনের প্রকৃত কর্ত্তব্য অবধারণ করতঃ সেই কর্ত্তব্যের অনুষ্ঠান বিষয়ে তাহার চিত্ত প্রধাবিত হইতেছে না। বস্তুতঃ, সংসারের রাজস ভাবে আচ্ছন্ন থাকায় মনে ওরূপ সাত্ত্বিকী চিন্তার উদ্রেক হইবার সচনা অল্পই হইয়া থাকে। এসম্বন্ধে কিন্তু বিজয়া দশমী দিনের কিছু বিশেষত্ব বুঝিতে পারা যায়। ঐ দিনে বিজয়াকৃত্যের অবসানে অহং ভাব কিয়ৎ পরিমাণে তিরোহিত হইয়া মনে কেমন এক প্রকার ঔদাসীন্য ও বৈরাগ্য ভাবের আবির্ভাব হয় এবং জীবনের একটি বৎসর ফুরাইয়া গেল —এই চিন্তা মনোমধ্যে উদিত হইয়া তৎকালের জন্য বিষয় বাসনায় কতকটা বীতস্পৃহা জন্মে। সম্বৎসর কালের মধ্যে করিলাম কি, চিত্তবৃত্তির প্রকৃত ঔৎকর্ষ সাধন কত দূর করা হইল, এই অন্তর্নিহিত চিন্তাও ঐ সময়ে জাগরূক হইয়া হৃদয়ে উহার ছায়া পতিত হওয়ায় তৎকাল যাবৎ অনুষ্ঠিত সদসৎ যাবতীয় কর্ম্মই একাধারে তখন স্মৃতি পথে আসিয়া উপস্থিত হয়। তখন মন নিতান্তই সঙ্কুচিত ও সংক্ষুব্ধ হইয়া পড়ে এবং অন্তরে কেমন এক প্রকার ভীতির সঞ্চার হইয়া থাকে। কিন্তু পূর্ব্বেই বলিয়াছি যে, দুরদৃষ্ট দোষবশতঃ শাস্ত্রের অভিপ্রেতমত প্রকৃত শিক্ষার উপযোগিনী ওরূপ চিন্তা হৃদয়ে স্থায়ী ভাব ধারণ করে না।

প্রকৃত প্রস্তাবে বিজয়া দশমী কৃত্যের মধ্যে আমাদের শিক্ষণীয় অনেক বিষয়ই আছে। স্বধর্ম্ম নিরত বিধিপ্রতিপালনশীল হিন্দুর পক্ষে প্রকৃষ্ট-ফলপ্রদ এরূপ উচ্চতম শিক্ষা সাম্বৎসরিক অপর আর কোন কৃত্যের মধ্যে আছে বলিয়া বোধ হয় না।

ভারতের নূতন বড় লাট।

আমাদের বর্ত্তমান বড় লাট বাহাদুর লর্ড ল্যান্সডাউনের পরবর্ত্তী গবর্ণর জেনারেল কে হইবেন, এই বিষয় লইয়া দেশীয় ও বিলাতী সম্বাদপত্রসমূহের মধ্যে অনেক দিন ধরিয়া বিতর্ক চলিয়াছিল। অনেকে অনেক রূপ অনুমান করিয়াছিলেন। কিন্তু কাহারই অনুমান ঠিক হয় নাই। অষ্ট্রেলিয়ার অন্তর্গত কুইন্সল্যাণ্ড প্রদেশের গবর্ণর স্যর হেনরি নরম্যানকে ভারতের গবর্ণর জেনারেল মনোনীত করা হয়। এই স্যর হেনরি নরম্যানের সংক্ষিপ্ত জীবনী ইতি পূর্ব্বেই আমরা পত্রিকাস্থ করিয়াছি। স্যর হেনরির বংশ গৌরব তাদৃশ নাই, তাঁহার বয়স নিতান্ত অধিক হইয়াছে, এবং তিনি এযাবৎ যে সকল পদে অধিষ্ঠিত থাকিয়া কার্য্য করিয়াছেন তাহাতে তাঁহাকে ভারতের সর্ব্বোচ্চ-পদের যোগ্য বলিয়া বিবেচনা করা সুসঙ্গত হইতে পারে না ইত্যাদি নানপ্রকার ধুয়া ধরিয়া কোন কোন দেশীয় এবং অনেকানেক বিলাতী সম্বাদপত্র তাঁহার নিয়োগে অসন্তোষ প্রকাশ করিয়াছিলেন। যে কারণেই হউক স্যর হেনরি নরম্যান উক্ত পদ-গ্রহণে অস্বীকার করায় বিলাতের উদারনৈতিক গবর্ণমেণ্ট সম্প্রতি লর্ড এল্‌গিন্‌কেই উক্ত পদে অভিষিক্ত করিয়াছেন। পার্লিয়ামেণ্ট মহাসভায় লর্ড হাউসের যে কয়েক জন সদস্য প্রধান মন্ত্রী গ্ল্যাড্‌ষ্টোন সাহেবের প্রস্তাবিত হোমরুল বিলের স্বপক্ষে মত প্রদান করিয়াছিলেন, এই লর্ড এল্‌গিন তাঁহাদিগেরই মধ্যে একজন। ১৮৬২ খৃঃ অব্দের মার্চ মাসে ভারতের ভূতপূর্ব্ব গবর্ণর জেনেরেল লর্ড ক্যানিং এদেশ পরিত্যাগ করিলে পর লর্ড এল্‌গিনকে উক্ত পদে অভিষিক্ত করিয়া এদেশে প্রেরণ করা হয়, কিন্তু দুই বৎসর কাল অতীত হইতে না হইতেই হিমালয় প্রদেশের সন্নিকটস্থ ধর্ম্মশালা নামক স্থানে তাঁহার মৃত্যু ঘটে এবং এদেশেই তাঁহার দেহ সমাহিত হয়। আমাদের ভাবী গবর্ণর জেনারেল লর্ড এল্‌গিন্ সেই লর্ড এল্‌গিনেরই পুত্র এবং স্কটলণ্ডের স্বাধীনতার সংরক্ষক সুবিখ্যাত রবার্ট ব্রুসের বংশজাত। ১৮৪৯ খৃঃ অব্দে ইহাঁর জন্ম হয় এবং ঈটন ও বেলিয়ল কলেজে যথাবিধি শিক্ষালাভ করিয়া ১৮৭৭ খৃঃ অব্দে ইনি অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের এম্ এ উপাধি প্রাপ্ত হন। গবর্ণমেণ্টের কোনরূপ রাজনৈতিক কার্য্যে ইনি অত্যল্পকাল মাত্রই ক্ষেপণ করিয়াছেন। উক্ত কার্য্যে তাঁহার কোনরূপ অখ্যাতি হয় নাই এবং সময়ের অল্পতানিবন্ধন উহাতে প্রশংসার যোগ্যও কিছুই করিয়া উঠিতে পারেন নাই। যাহাই হউক, পূর্ব্বকৃত কার্য্যে তাঁহার রাজনৈতিক ক্ষমতা পরিস্ফুট হইয়া পরীক্ষিত হইবার বিশেষ কোন সূচনা না হইয়া থাকিলেও সুশিক্ষা ও বংশমর্য্যাদাগুণে তিনি যে ভারতের উপ-

যুক্ত রাজ প্রতিনিধি হইয়া কার্য্য করিতে পারিবেন এরূপ বিবেচনা অসঙ্গত নহে।

আমাদের বর্ত্তমান বড় লাট বাহাদুর লর্ড ল্যান্সডাউন আগামী ৭ই নবেম্বর মঙ্গলবার সিমলা পরিত্যাগ পূর্ব্বক আগরা, রেঙ্গুণ, মান্দালে, ও ভামোনগর পরিদর্শন করিয়া আগামী ১৩ই ডিসেম্বর কলিকাতায় আসিয়া পৌঁছিবেন। তাঁহার এদেশ পরিত্যাগ ও নূতন গবর্ণর জেনারেল বাহাদুর লর্ড এল্‌গিনের এদেশে আগমন সম্ভবতঃ আগামী জানুয়ারি মাসের শেষ সপ্তাহে হইবে।

চট্টগ্রাম বিভাগ।

১৮৯২-৯৩ সালের চট্টগ্রাম বিভাগের শাসনবিবরণী বিষয়ক রিপোর্টের উপর বাঙ্গাল গবর্ণমেণ্টের মন্তব্যের সারাংশ নিম্নে বিবৃত করা গেল—

বিভাগীয় পরিদর্শন ব্যাপারে উক্ত বৎসর কোনরূপ বিশৃঙ্খলা ঘটে নাই। প্রায় সকল কর্ম্মচারীই গবর্ণমেণ্টের অভিপ্রেতমত পরিদর্শন কার্য্য সম্পন্ন করিয়াছেন। কমিশনর বাহাদুর পরিদর্শনে বাহির হইয়া দিনাজপুরের পুলিস কর্ম্মচারীদিগের অত্যাচার বিষয়ক অভিযোগ সমূহের নিষ্পত্তির অপেক্ষাকৃত সুচারুরূপ বন্দোবস্ত করিয়া দিয়াছেন এবং রামপুর বোয়ালিয়ার পুলিস ও কলেক্টরের কার্য্যের কতকটা উন্নতি সাধনের ব্যবস্থা করিয়াছেন।

একমাত্র রাজসাহী জেলার কোন কোন স্থান ব্যতীত বিভাগের আর সর্ব্বত্রই যথেষ্ট পরিমাণ বৃষ্টি হইয়াছে এবং ফসলও সাধারণতঃ গড় পরিমাণের অতিরিক্ত জন্মিয়াছে।

গবর্ণমেণ্ট ১৬ আনা রকমকেই গড় পরিমাণ বলিয়া নির্দ্দেশ করিয়া থাকেন, কিন্তু স্থানীয় ব্যবহারানুযায়ী ১৬ আনা রকম বলিতে সম্পূর্ণ পরিমাণই বুঝাইয়া থাকে। এরূপ স্থলে সরকারী রিপোর্টে প্রদত্ত শস্যোৎপত্তির পরিমাণ সম্বন্ধে গোলযোগ ঘটিবারই সম্ভাবনা। এরূপ কোন গোলযোগ না ঘটিতে পায় তজ্জন্য কৃষি বিভাগের ডিরেক্টরকে অনুরোধ করা হইবে। তিনি দেখিবেন যে মফস্বল হইতে শস্যোৎপত্তি বিষয়ক যে সকল রিপোর্ট আসিবে, সেই সকলে শস্যোৎপত্তির পরিমাণ যদি স্থানীয় ব্যবহারানুযায়ী নির্দ্দেশ করা থাকে, তবে সেই পরিমাণ গবর্ণমেণ্টের নির্দ্দিষ্ট পরিমাণে পরিণত করা যাইতে পারে কি না; নচেৎ এ বিষয়ের অপর আর কি রূপ প্রতিকার হইতে পারে। জমিদার এবং অপরাপর লোকেও শস্যোৎপত্তি বিষয়ক রিপোর্ট পাঠাইয়া থাকেন। তাঁহারা গবর্ণমেণ্টের উক্ত রূপ নির্দ্দেশ বুঝিতে না পারা সম্বন্ধে যে কোন ওজর করিতে পারেন, কিন্তু কলেক্টরগণের অন্ততঃ এ বিষয় বুঝিয়া কার্য্য করাই উচিত।

শস্যের দর চড়িয়া যাওয়ায় বিভাগস্থ চাষী এবং ব্যবসায়ীদিগের কিছু লাভ হইয়াছে বটে, কিন্তু মজুর ও সামান্য অবস্থার ভদ্রলোকদিগকে অনেকটা ক্লেশ সহ্য করিতে হইয়াছে। অস্বাস্থ্যকর জল বায়ু, জলনিকাশের বে-বন্দোবস্ত এবং সাধারণতঃ গ্রাম সমূহের অস্বাস্থ্যকর অবস্থা হেতু অনেকেই জ্বরাদি রোগে বিশেষ কষ্ট পাইয়াছে; কিন্তু তাহা হইলেও সাধারণের স্বাস্থ্য পূর্ব্ব বৎসরাপেক্ষা এ বৎসরে কিছু ভাল ছিল। লোক অপেক্ষাকৃত এ বৎসরে কম মরিয়াছে। মৃত্যুর রেজেষ্টরী অন্যান্য কোন কোন বিভাগ অপেক্ষা এ বিভাগে অনেকটা সতর্কতার সহিত করা হইয়াছিল বলিয়া বোধ হয়। টীকা দেওয়ার সংখ্যা এ বৎসরে কিছু বাড়িয়াছে।

রাজসাহী বিভাগের উৎপন্ন দ্রব্যের মধ্যে চা, রেশম, নীল এবং সিনকোনা প্রধান। নীল এবারে ভাল হয় নাই। রেশমের কার্য্যের বেশ উন্নতি হইয়াছে। চা বাগান ৩৫৬টি স্থলে ৩৬৭ টি হইয়াছে। বিভাগ হইতে চাউল, পাট, গনিব্যাগ, চা, তামাক, চামড়া, তৈলোৎপাদক বীজ, দাইল, ঝোলাগুড়, গাঁজা, নীল ও রেশম—প্রধানতঃ এই কয়েকটী দ্রব্যের রপ্তানী এবং থান কাপড়, লবণ, কেরসিনতৈল, প্রভৃতি কয়েকটী দ্রব্য বিভাগে আমদানী হইয়াছে। পূর্ব্ব বৎসরে চাউল ভাল জন্মে নাই বলিয়া চাউলের রপ্তানী কম হইয়াছে। পাট ভালরূপ জন্মিয়াছিল, সুতরাং পাট অনেক রপ্তানী হইয়াছে। গনিব্যাগ, তামাক, চামড়া, গম, দাইল এবং ঝোলাগুড়ের রপ্তানী বাড়িয়াছে কিন্তু মহাজনদের ঘরে পূর্ব্ব বৎসরের অনেক তৈলোৎপাদক বীজ মজুত থাকায় উহার রপ্তানী বড় বেশী হইতে পায় নাই। মোটা-

মটি হিসাবে নামদানী পূর্ব্ব বৎসরে যে পরিমাণ হইয়াছিল এ বৎসরেও প্রায় সেই পরিমাণই হইয়াছে।

রাজসাহী বিভাগের ছোট আদালতের মোকদ্দমা সমেত এক এক জন মুন্সেফ উক্ত বৎসর প্রায় ১ হাজার ৯০২টি করিয়া দেওয়ানী মোকদ্দমার নিষ্পত্তি করিয়াছেন। এই সমস্ত মোকদ্দমায় যত সাক্ষীর জবানবন্দী লওয়া হইয়াছিল, তন্মধ্যে শতকরা ১৫ জনকে ২ দিনেরও অধিক আটক থাকিতে হইয়াছিল। ফৌজদারী মোকদ্দমার নিষ্পত্তি বেতনভোগী ম্যাজিষ্ট্রেটগণ প্রত্যেকে ১৯৬ এবং অবৈতনিক ম্যাজিষ্ট্রেটগণ প্রত্যেকে ১০০টির হিসাবে করিয়াছেন। প্রতিনিধি ছোটলাট বাহাদুর বলিয়াছেন যে, ম্যাজিষ্ট্রেটদিগের শ্রমশীলতা ও কার্য্যক্ষমতার বিচার করিতে হইলে কেবল মাত্র এই মোকদ্দমা নিষ্পত্তির সংখ্যা দেখিয়া করিলে ঠিক হইবে না। বেতনভোগী ম্যাজিষ্ট্রেটগণ পূর্ব্ব বৎসরে মোকদ্দমাসমূহের নিষ্পত্তিস্থলে যে সমস্ত সাক্ষীর জবানবন্দী গ্রহণ করিয়াছিলেন তন্মধ্যে শতকরা ৬.৮ জন লোককে দুই দিনের অধিক আটক থাকিতে হইয়াছিল, কিন্তু এ বৎসরে শতকরা মাত্র ৩.১ জনকে আটক থাকিতে হইয়াছে। ছোটলাট বাহাদুর ইহাতে যথেষ্ট সন্তোষ প্রকাশ করিয়াছেন। অনেক স্থলে আসামী তলব করার পূর্ব্বে ফরিয়াদীকে সাক্ষী হাজির করিতে বলা হইয়া থাকে। কমিসনর বাহাদুর এ প্রথায় দোষো-ল্লেখ করিয়াছেন। ছোটলাট বাহাদুরের বিবেচনায় উল্লিখিত ব্যাপারে অনেক স্থলে সুবিধা হইতে পারে বটে, কিন্তু ফরিয়াদী স্বীয় অভিযোগের যথেষ্ট কারণ দেখাইতে পারিলে তাহাকে প্রথমে সাক্ষী হাজির করিতে না বলিয়া একেবারে আসামী তলব করাই সুবুদ্ধি সঙ্গত।

বৎসর কালের মধ্যে ২৮৯ টি মোকদ্দমা দায়রায় সোপরদ্দ হয়। পূর্ব্ব বৎসরে নিষ্পত্তি হয় নাই এরূপ ৩৬টি মোকদ্দমাও দায়ের ছিল, সুতরাং উক্ত বৎসর সর্ব্বশুদ্ধ ২২৫টি মোকদ্দমা বিচারার্থ দায়রায় উপস্থিত হয়। ইহার মধ্যে ২০৫টি মোকদ্দমার বিচার নিষ্পত্তি হয়। বিচারে ১২৯ টি মোকদ্দমায় আসামীর দণ্ড হয়। ২৯টি মোকদ্দমায় হাইকোর্ট নিম্ন আদালতের রায়ের কিছু কিছু পরিবর্ত্তন অথবা একেবারে অন্যথা করেন। পুলিশ চালানী মোকদ্দমার সংখ্যা পূর্ব্ব বৎসরাপেক্ষা এ বৎসরে কিছু বেশী হয়। শস্যের মূল্য বৃদ্ধিকেই ইহার কারণ স্বরূপে নির্দ্দেশ করা হইয়াছে।

উৎপীড়ন, উৎকোচ গ্রহণ, তহবিল তছরূপ প্রভৃতি ৬১টি গুরুতর অভিযোগ পুলিসের বিরুদ্ধে উপস্থিত করা হইয়াছিল। এই সমস্ত অভিযোগের দস্তুর মত তদন্ত না হওয়ায় ছোটলাট বাহাদুর অসন্তোষ প্রকাশ করিয়াছেন।

দলিল রেজিষ্টরীর সংখ্যা পূর্ব্ব বৎসরাপেক্ষা এ বৎসরে বাড়িয়াছে। রেজিষ্টরী কার্য্যে সাধারণের বিশ্বাস বৃদ্ধিই ইহার কারণ। বোগরায় ২ টি নূতন রেজেষ্টরী আফিস খোলা হইয়াছিল।

ভূমির রাজস্ব পূর্ব্ব বৎসরাপেক্ষা এবারে ৬৩ হাজার ২০০ টাকা অধিক আদায় হইয়াছে। মাইনগর তহশীলের বন্দোবস্ত কার্য্য শেষ হইয়া উহাতে গবর্ণমেণ্টের শতকরা ৬২.৫ টাকা রাজস্ব বৃদ্ধি পাইয়াছে। অন্যান্য তহশীলের বন্দোবস্ত ব্যাপারেও সরকারী রাজস্ব বৃদ্ধি হইবার আশা আছে। মাইনগর তহশীলের বন্দোবস্ত উপলক্ষে নূতন আসেসমেণ্টের উপর কোনরূপ আপত্তি উত্থাপিত হয় নাই। ছোটলাট বাহাদুর ইহাতে বিশেষ সন্তোষ প্রকাশ করিয়াছেন। দার্জ্জিলিঙ্গের কলিম্পঙ্গ মহালের পুনর্ব্বন্দোবস্তেও গবর্ণমেণ্টের রাজস্ব বাড়িয়াছে।

আবকারী সংক্রান্ত ১৬২ টি দোকান বৎসরের মধ্যে কমাইয়া দেওয়া হইয়াছে, কিন্তু তাহা হইলেও রাজস্ব পূর্ব্ব বৎসরের তুলনায় প্রায় সমানই আছে।

পূর্ব্ব বৎসরাপেক্ষা এ বৎসরে ১ লক্ষ ২০ হাজারেরও অধিক টাকার ষ্ট্যাম্প বিক্রয় হইয়াছে। আয়কর ও কিছু বাড়িয়াছে। দেশের ধন ও লোকসংখ্যার বৃদ্ধিই অধিক ষ্ট্যাম্প বিক্রয়ের কারণ বলিয়া নির্দ্দেশ করা হইয়াছে। জলপাইগুড়ির চা-করদিগের নিকট হইতে আয়কর আদায় করিতে অনেক কষ্ট পাইতে হইয়াছে।

সমগ্র বিভাগের মধ্যে উক্ত বৎসর সর্ব্বশুদ্ধ ৩ হাজার ৬১০টি স্কুল এবং ঐ সকলের ছাত্রসংখ্যা কিঞ্চিদধিক

এক লক্ষ। স্কুলগুলির মধ্যে ২৪৯টি বে-সরকারী; অবশিষ্টগুলি সরকারী। সরকারী স্কুলগুলির মধ্যে উচ্চশ্রেণীর স্কুল ১৯টি, মধ্য শ্রেণীর ২৩৩টি, প্রাইমারী ৩ হাজার ১০১টি এবং অন্যান্য ১৮টি। সরকারী স্কুলগুলিতে উক্ত বৎসর ব্যয় হইয়াছে ৪ লক্ষ ৩০ হাজার ৭০১ টাকা। ইহার মধ্যে প্রাদেশিক ফণ্ডের প্রদত্ত ৪৩ হাজার ৮৮৮ টাকা, জেলাবোর্ডের ৯৩ হাজার ৮২৮, মিউনিসিপ্যালিটীর ৬ হাজার ৯৪১, ছাত্রদত্ত বেতন হইতে প্রাপ্ত ১ লক্ষ ৭৯ হাজার ৩০০ এবং অন্যান্য উপায়ে সংগৃহীত ১ লক্ষ ৬ হাজার ৭৪৪ টাকা। উল্লিখিত ব্যয় ব্যতীত স্কুলগৃহ নির্ম্মাণ, আসবাব, ছাত্রবৃত্তি প্রভৃতিতে আরও ৬ হাজার ২৬৭ টাকা ব্যয় হইয়াছে। শিক্ষা পাইবার উপযুক্ত বয়ঃপ্রাপ্ত ছাত্রগণ মধ্যে শতকরা ১৫ জনেরও কম বিভাগে শিক্ষা পাইয়া থাকে। নোয়াখালি জেলায় ঐরূপ ছাত্র শতকরা ৩২ জনেরও অধিক; কিন্তু রাজসাহী জেলায় শতকরা ১৪ জনের ও কম। নোয়াখালি জেলার প্রতি ছাত্রের প্রতি গড়ে বৎসরে ১৶ কিন্তু রাজসাহী জেলার প্রতি ছাত্রে গড়ে ৫।০ ব্যয় পড়িয়া থাকে। প্রতিনিধি ছোট লাট বাহাদুর ইহার হেতু জানিবার জন্য শিক্ষাবিভাগীয় কর্ত্তৃপক্ষীয়গণের নিকট হইতে কৈফিয়ৎ চাহিয়াছেন।

রাজসাহী বিভাগের দাতব্য ঔষধালয় ৫০টি। এই চিকিৎসালয় গুলিতে উক্ত বৎসর ২ লক্ষ ৬ হাজার ১৭৩ জনের চিকিৎসা হইয়াছে। ব্যয় হইয়াছে ৬৪ হাজার ৩১ টাকা। ইহার মধ্যে গবর্ণমেণ্ট দিয়াছেন ২ হাজার ৬৮১ টাকা, জেলাবোর্ড ৬ হাজার ৪৭২ টাকা, মিউনিসিপ্যালিটী ২০ হাজার ৭৯১ টাকা এবং অবশিষ্ট ৩৪ হাজার ৩৬৬ টাকা সাধারণের চাঁদা হইতে সংগৃহীত হইয়াছে।

মিউনিসিপ্যালিটী প্রভৃতির কার্য্য সন্তোষজনক হইয়াছে শুনিয়া ছোট লাট বাহাদুর প্রীত হইয়াছেন।

বেহারের থাকজরিপ।

উত্তর বেহার প্রদেশের থাকজরিপ ও জরিপী সেরেস্তা সম্বন্ধে প্রতিনিধি ছোট লাট বাহাদুর একটি বিস্তৃত 'মিনিট' লিখিয়া ভারত গবর্ণমেণ্টের নিকট প্রেরণ করিয়াছেন। জরিপী সেরেস্তা সম্বন্ধে আইনের একখানি পাণ্ডুলিপিও ঐ সঙ্গে পাঠান হইয়াছে। পাণ্ডুলিপি খানি উপযুক্ত সময়ে বঙ্গীয় ব্যবস্থাপক সভায় যাহাতে উপস্থিত করিতে পারেন সে সম্বন্ধে ছোট লাট বাহাদুর বড় লাট বাহাদুরের অনুমতি প্রার্থনা করিয়াছেন।

ব্রিটিস ইণ্ডিয়ান এসোসিয়েসন প্রভৃতি ভিন্ন ভিন্ন জমিদার সমিতি হইতে উক্ত জরিপ ও জরিপী সেরেস্তার প্রতিবাদ করিয়া যে সমস্ত আবেদনপত্র ষ্টেট সেক্রেটরীর নিকট পাঠাইয়া দিবার জন্য ছোট লাট বাহাদুরের নিকট দাখিল করা হইয়াছিল, ছোট লাট বাহাদুর নিজের লিখিত মন্তব্যে ঐ গুলির সম্বন্ধে আলোচনা করিয়াছেন এবং সমস্ত বিষয়ের সবিশেষ পর্য্যালোচনা করিয়া তিনি যে উপসংহারে উপনীত হইয়াছেন পাঠকগণের অবগতির জন্য তাহারই মর্ম্ম আমরা নিম্নে বিবৃত করিতেছি।

(১) অনেককাল হইতে এদেশে প্রজারা আপনাপন স্বত্ব নির্ণায়ক একটা করিয়া হিসাব ঘরে রাখিতে পাইতেন। উক্ত হিসাব জমিদারের ব্যয়েই সম্পন্ন হইত।

(২) জরিপী সেরেস্তার প্রবর্ত্তন কর্ত্তব্য বুঝিয়া গবর্ণমেণ্ট অনেক দিন হইতে উহা কার্য্যে পরিণত করিবার অভিপ্রায় করিয়াছিলেন।

(৩) গবর্ণমেণ্ট এযাবৎ উহা না করায় বেহারের রাইয়তদিগকে অনেক ক্লেশ সহ্য করিতে হইয়াছে।

(৪) বেহারের জমিদারদিগের খাজনা আদায় তিন পুরুষ পূর্ব্বে যত হইত, এক্ষণে তাহার ৮০ গুণ বৃদ্ধি পাইয়াছে। দশশালা বন্দোবস্ত প্রভৃতির সময় যেরূপ অনুমান করা গিয়াছিল এক্ষণে তাহার অনেক ছাড়াইয়া উঠিয়াছে।

(৫) এইরূপ খাজনা বৃদ্ধি হেতু প্রজার স্বত্বের হানি হইয়াছে। এই কারণবশতঃই বেহারের রাইয়তগণের এরূপ দুরবস্থা।

(৬) বে-আইনি উপায়ে খাজনা বৃদ্ধি আজও বন্ধ হয় নাই। বেহারে উহা চলিতেছে, সুতরাং জরিপি সেরেস্তারও আবশ্যক হইয়া উঠিয়াছে।

(৭) থাকজরিপ ও জরিপী সেরেস্তা না হইলে বেহারের এই অন্যায় ব্যবহার রীতিমত এবং স্থায়ীরূপে ঘুচিতেছে না।

(৮) উত্তর বেহারের থাকজরিপে লোকে দোষ দেখাইতেছে; কিন্তু উক্তরূপ জরিপ যেখানে যেখানে করা হই-

রাছে সেই সেই স্থানেই জমিদার প্রজায় বিবাদ বিসম্বাদ হওয়া দূরে থাকুক বরং উভয়ের মধ্যে সদ্ভাব ও শান্তিই সংস্থাপিত হইয়াছে।

(৯) আমরা যে একটি জমির সেরেস্তা সম্বন্ধীয় এজেন্সী খুলিবার প্রস্তাব করিয়াছি উহা যে সর্ব্বথা সঙ্গত সে বিষয়ে আর সংশয় নাই। খাজনার প্রতি টাকায় এক পয়সার হিসাবে যে সেস ধার্য্যের কথা হইয়াছে তাহাও অসঙ্গত নহে। এই সেস অনুসারে প্রতি তিন বিঘা আধ কাঠা ভূমিতে বৎসরে ১ আনার বেশী দিতে হইবে না। ইহার অর্দ্ধেক দিবেন প্রজা, অর্দ্ধেক জমিদার। এই নাম মাত্র ব্যয়ে জমিদার ও প্রজা উভয়েরই কতস্থবিধা হইবে! এক্ষণে জমিদার প্রজার নিকট হইতে বাকী খাজনা দেওয়ানী আদালতের সাহায্যে যেরূপ সহজে আদায় করেন তখন এতদপেক্ষা আরও সহজে আদায় করিতে পারিবেন এবং প্রজারাও জমিদারদিগের কৃত অন্যায় অসঙ্গত দাবীর হাত এড়াইতে পারিবেন।

(১০) জমিদারেরা বে-আইনী উপায় অবলম্বনে তিন পুরুষের মধ্যে আয় অনেক বাড়াইয়া ফেলিয়াছেন অথচ তাঁহাদেরই সমান অবস্থাপন্ন রাজ্যের অপরাপর স্থানের জমিদারদিগের অপেক্ষা সরকারী রাজস্ব অনেক কম দিয়া থাকেন। এরূপ অবস্থায় উল্লিখিত জমিদারদিগেরই কৃত কর্ম্মের জন্য যে কার্য্যের আবশ্যক হইয়াছে সেই কার্য্যের ব্যয় নির্ব্বাহার্থ গবর্ণমেণ্ট অধিক টাকা দিতে বাধ্য নহেন।

(১১) ষ্টেট সেক্রেটরীর নিকট পাঠাইবার জন্য জমিদার সমিতি আমাকে যে আবেদন পত্র দিয়াছিলেন সেই আবেদন পত্রের লিখিত প্রধান প্রধান সমস্ত বিষয়গুলিই অপ্রকৃত।

কেরাণী পরীক্ষা

ভারত গবর্ণমেণ্টের সেক্রেটরীয়েট আফিসসমূহ ও তৎসংশ্লিষ্ট অপরাপর আফিসসমূহের জন্য কেরাণী পরীক্ষা গৃহীত হইবে। আগামী বর্ষের জানুয়ারী মাসে উত্তর পশ্চিম ও অযোধ্যা প্রদেশের গবর্ণমেণ্ট এবং পঞ্জাব গবর্ণমেণ্ট উক্ত পরীক্ষার যে স্থান নির্দ্দিষ্ট করিয়া দিবেন, আলাহাবাদ ও লাহোরের পরীক্ষা যথাক্রমে সেই সেই স্থানে এবং কলিকাতার পরীক্ষা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সেনেট হাউসে গৃহীত হইবে। পরীক্ষা প্রত্যহ বেলা ১০টা হইতে ১টা এবং পুনরায় বেলা ১॥০টা হইতে ৪॥০টা পর্য্যন্ত হইবে। বাঙ্গাল গবর্ণমেণ্টের অধীনস্থ আফিস সমূহের জন্য উচ্চ অথবা নিম্ন কোন শ্রেণীরই কেরাণী পরীক্ষা এবারে গৃহীত হইবে না।

ভারত গবর্ণমেণ্টের সেক্রেটরীয়েট আফিস এবং তৎসংশ্লিষ্ট অপরাপর আফিসসমূহের জন্য উচ্চ শ্রেণীর কেরাণী পরীক্ষা এবারে গৃহীত হইবে না। সম্ভবতঃ কেবল ১২টি নিম্ন শ্রেণীর কেরাণীর পদ খালি হইবে। উত্তর পশ্চিম ও অযোধ্যা, পঞ্জাব, মধ্য প্রদেশ, রাজপুতানা, মধ্যভারত এবং বেলুচিস্থান—এই কয়টি স্থানের প্রকৃত অধিবাসিগণের মধ্য হইতে উক্ত ১২টি পদের ৬টি পদে লোক নিযুক্ত করা হইবে। যাঁহারা কলিকাতায় পরীক্ষা দিবেন এবং যাঁহারা উল্লিখিত প্রদেশ সমূহের প্রকৃত অধিবাসী নহেন, কেবল কিছু দিন মাত্র তত্তৎস্থানে অবস্থিতি করিয়া আলাহাবাদ ও লাহোরে পরীক্ষা দিতেছেন, অবশিষ্ট ৬টি পদের জন্য প্রতিযোগিতা তাঁহাদিগেরই মধ্যে হইবে।

পরীক্ষার্থিগণ নিম্ন শ্রেণীর কেরাণী পরীক্ষার নির্দ্দিষ্ট ফি ১০ টাকা নিকটবর্ত্তী ট্রেজরীতে জমা দিবেন এবং ট্রেজরীর রসিদখানি কলিকাতা পরীক্ষক বোর্ডের সেক্রেটরীর নিকটে পাঠাইয়া দিবেন। কলিকাতায় যাঁহারা ফি দিবেন তাঁহাদের উহা বাঙ্গাল ব্যাঙ্কে জমা দিতে হইবে।

পরীক্ষার্থিগণ পরীক্ষা প্রদানের অনুমতির জন্য আগামী ১৫ই ডিসেম্বর অথবা তৎপূর্ব্বে কলিকাতা পরীক্ষক বোর্ডের সেক্রেটরীর নিকটে দরখাস্ত করিবেন। পরীক্ষার্থীর বয়ঃক্রম যে ১৮ বৎসরের ন্যূন এবং ২৪ বৎসরের ঊর্দ্ধ নহে তদ্বিষয়ক প্রমাণ ঐ দরখাস্তের সঙ্গে পাঠাইতে হইবে। এতদ্ব্যতীত তিনি যে বিদ্যালয়ে অধ্যয়ন করিয়াছেন সেই বিদ্যালয়ের প্রধান ব্যক্তির স্বাক্ষরিত সচ্চরিত্রতা বিষয়ক প্রশংসা পত্রও পাঠাইতে হইবে। বিদ্যালয়ের প্রধান ব্যক্তির স্বাক্ষরিত প্রশংসা পত্র না হইয়া তাঁহার চরিত্র ভালরূপ জানেন এরূপ কোন সম্ভ্রান্ত ব্যক্তির স্বাক্ষরিত প্রশংসাপত্র হইলেও চলিতে পারিবে, কিন্তু উক্ত সম্ভ্রান্ত ব্যক্তি জেলা অথবা

মহকুমার কোন কর্ম্মচারী অথবা গবর্ণমেণ্ট আফিসের কোন প্রধান ব্যক্তির পরিচিত হওয়া চাই এবং তাহার প্রমাণস্বরূপ প্রশংসাপত্রে সেই কর্ম্মচারী অথবা আফিসের প্রধান ব্যক্তির স্বাক্ষর থাকা আবশ্যক।

সাপ্তাহিক সংবাদ।

[কলিকাতা] আগামী ১৬ই ডিসেম্বর শনিবার রাত্রি ৯॥০ টার সময় কলিকাতা গবর্ণমেণ্ট হাউসে বড়লাট বাহাদুর লেডি করিবেন।

'সিটি থিয়েটর' নানা কারণে এত দিন বন্ধ ছিল। আজ কয়েকদিন হইল সেই পুরস্থানেই উহা আবার খুলিয়াছে। সুযোগ্য নীলমাধব বাবুর সম্পাদকত্বে অত্যল্প দিনের মধ্যে সিটি থিয়েটর যেরূপ প্রতিপত্তি লাভ করিয়াছিল তাহাতে উহার হঠাৎ বন্ধ হইয়া যাওয়ায় সকলেরই বিষণ্ণ হইয়াছিল। যাহা হউক সিটি থিয়েটরের পুনরুদ্যমে অনেকেই সন্তোষ লাভ করিয়াছেন।

[ঢাকা] ঢাকা বাবুর বাজার হইতে শ্রীযুক্ত হারাণচন্দ্র দে লিখিতেছেন—গত বৎসর ঢাকায় অন্নকষ্ট উপস্থিত হইলে তত্রত্য বাবু ভজহরি সাহা ও বাবু লালমোহন সাহা ৫ সহস্র টাকা ব্যয়ে অন্নদান করিয়া ঢাকাস্থ গরিবদিগের জীবন রক্ষা ও অন্যান্য লোকদিগের উপকার করিয়া সাধারণের নিকট বিশেষ প্রতিষ্ঠা লাভ করিয়াছেন। এ বৎসরেও উক্ত মহাত্মদ্বয় ঢাকার গরীবদিগকে বিনা মূল্যে চাউল দিতেছেন এবং ঢাকায় ৭ সের ৭৷৷০ সের ক্রয় করিয়া ১১ সের দরে বিক্রয় করিতেছেন।

[রাজপুতানা] আমাদের জয়পুরের সংবাদদাতা লিখিয়াছেন—এখানে বর্ষা গত হইয়াছে। শীতের প্রারম্ভ। বর্ষা না অধিক না অল্প—ঠিক ন্যায়মতই হইয়াছে। শস্যের অবস্থা ভাল। ঋতুর পরিবর্ত্তন বশতঃ ক.চিৎ ক.চিৎ জ্বরের সংবাদ শুনা যাইতেছে। আমাদের দেশেরমত এখানে প্রবল ম্যালেরিয়া নাই। ঈশ্বর নাগানর ভয়ে লোকে এখানে অস্থির হয় না। নিতান্ত অসাবধান না হইলে কেহ জ্বরে পড়ে না।

—এখানকার এডাম মন্ত্রী রাও বাহাদুর শ্রীযুক্ত কান্তিচন্দ্র মুখোপাধ্যায় সি আই ই মহাশয়ের বাটীতে মহাসমারোহের সহিত দুর্গোৎসব হইয়া গিয়াছে। প্রায় পঞ্চাশ হাজার লোক খাইয়াছে। এ প্রদেশে দুর্গোৎসব এক নূতন জিনিষ। সহর শুদ্ধ লোক দেবীমূর্ত্তি দেখিয়া চমৎকৃত হইয়াছে। মহারাজা স্বয়ং আনন্দে মিলিত হইয়াছিলেন। বিসর্জ্জনের সময় ৪।৫ হাজার লোক নদীতীর পর্য্যন্ত গিয়াছিল। বাস্তবিক কান্তি বাবুর যেরূপ পদ ও সম্পদ, পূজা সর্ব্বতোভাবে তদনুরূপই হইয়াছিল। জয়পুরের সমস্ত বাঙ্গালি আনন্দে মিলিত হইয়া ছিল। হিন্দুস্থানের অপরাপর নগর হইতেও অনেক বাঙ্গালি উপস্থিত হইয়াছিলেন।

[সাধারণ] মহারাজা ৺রণজিৎ সিংহের পুত্র মহারাজ দলীপ সিংহের মৃত্যু হইয়াছে। ফ্রান্সের রাজধানী পারিস নগরের একটা হোটেলে এই মৃত্যুর সংঘটন হয়। এলভিডেন নামক স্থানে তাঁহার গোর হইয়াছে। মহারাণী ভারতেশ্বরী ও যুবরাজ প্রিন্স অফ ওয়েল্‌স উভয়েই গোরস্থানে প্রতিনিধি ও মালা পাঠাইয়াছিলেন।

বড় লাট বাহাদুর লর্ড ল্যান্সডাউন ব্রহ্মদেশে যাত্রা করিবেন। ১৮ই নবেম্বর ব্রহ্মে পৌঁছিবার কথা আছে। ১০ই ডিসেম্বর ব্রহ্মদেশ পরিত্যাগ করিয়া সম্ভবতঃ ১৩ই ডিসেম্বর কলিকাতায় আসিয়া পৌঁছিবেন। লর্ড ল্যান্সডাউন বাহাদুরের এ দেশ ত্যাগ এবং নূতন গবর্ণর জেনারেল বাহাদুর লর্ড এলগিনের এ দেশে আগমন সম্ভবতঃ জানুয়ারির শেষ সপ্তাহেই হইবে।

বিগত ১১ই এপ্রেল রাত্রিতে বলাধান চা-বাগিচার ম্যানেজার কোবার্ণ সাহেব ও সাহেবের বাংলার চৌকিদারকে কে হত্যা করিয়াছে। সাহেবের রক্ষিতা একটা কুলি স্ত্রীলোককেও অস্ত্রের আঘাত করা হয় এবং স্ত্রীলোকটি মরিয়াছে নিশ্চয় করিয়া হত্যাকারিগণ তাহাকে ফেলিয়া রাখিয়া যায়। স্ত্রীলোকটি কিন্তু পরে বাঁচিয়াছে। এই হত্যা ব্যাপারে ৯ জন মণিপুরীকে আসামী-শ্রেণীভুক্ত করা হয়। এই ৯ জনের মধ্যে ২ জনকে সরকার তরফের সাক্ষীর শ্রেণীতে ফেলা হয়। বিচারে জায়রার জজ ৪ জনের ফাঁসি ও ৩ জনের দ্বীপান্তর দণ্ডের হুকুম দিয়াছেন। দণ্ডপ্রাপ্ত আসামীগণ সকলেই জেল হইতে আপীল করিয়াছে। আপীল গ্রাহ্য হইয়াছে। আগামী ৯ই নবেম্বর বিচারের দিন পড়িয়াছে।

গত বৎসর অর্থাৎ ১৮৯২ সালের ৩০শে সেপ্টেম্বর পর্য্যন্ত ৩ মাসে ভারতের রেলপথ সমূহে যত টাকা আদায় হইয়াছিল, এ বৎসর ঐ কাল মধ্যে তদপেক্ষা ৪২৷৷ লক্ষ টাকা বেশী হইয়াছে।

জুনিয়র সিভিলিয়াম, ডেপুটি ম্যাজিষ্ট্রেট প্রভৃতির আগামী বাল্মাসিক বিভাগীয় পরীক্ষার জন্য প্রেসিডেন্সী বিভাগে দুইটী স্থানীয় পরীক্ষা কমিটী বসিবে। ২৪ পরগণা, নদীয়া, যশোহর খুলনা এবং প্রেসিডেন্সীতে নিযুক্ত কর্ম্মচারীদিগের জন্য কলিকাতা ২৭৷ নং ডালহৌসী স্কোয়ারে একটি এবং মুরশিদাবাদ জেলায় নিযুক্ত কর্ম্মচারী দিগের জন্য বহরমপুরে একটি।

মিঃ এস পালিত ও মিঃ বি সি সেন বিলাতে সিভিল সর্ভিস পরীক্ষায় উত্তীর্ণ হইয়া ভারতীয় সিভিল সর্ভিসের অন্তর্ভুক্ত হইয়াছেন। সকৌন্সিল গবর্ণর জেনারেল উভয়কেই নিম্ন বাঙ্গালায় কার্য্যে নিযুক্ত করিবেন। কলিকাতার পৌঁছিয়াই উহাঁদিগকে পৌঁছন সংবাদ বাঙ্গাল গবর্ণমেণ্টের সেক্রেটরীর নিকট জানাইতে হইবে। বোম্বাইয়ে আসিয়া পৌঁছিলে বাঙ্গাল গবর্ণমেণ্টের সেক্রেটরীর নিকট হইতে উহাঁদিগের সম্বন্ধে কোন সংবাদ আসিয়াছে কি না বোম্বাই গবর্ণরের সেক্রেটরীর নিকট উহাঁদিগকে সে বিষয় জানিতে হইবে।

[বৈদেশিক] মরক্কোর মুরদিগের সহিত স্পানীয়দিগের আবার যুদ্ধ বাধিয়াছে। মিলিল্লা নামক স্থানের যুদ্ধে স্পানীয় সেনাপতি হত হইয়াছেন। স্পেনপক্ষের ৭০ জন হত এবং এক শতেরও অধিক আহত হইয়াছে।

বিলাতে ভারত খরচা চালাইবার জন্য ষ্টেট সেক্রেটরী পৌণ্ডের হিসাবে ৬ মাসের মুদ্দতে ২ কোটি টাকা ধার করিতেছেন।

ফরাসী জর্ম্মণ যুদ্ধে ফরাসীর সেনাপতির ভার ভার লইয়া যিনি বিশেষ বীরত্বের পরিচয় দিয়াছিলেন সেই মার্শাল মেকমেহনের মৃত্যু হইয়াছে। বয়ঃক্রম ৮৫ বৎসর হইয়াছিল।

ভারতের মুদ্রাব্যবস্থায় অসুবিধা বুঝিয়া জাপানের রাজমন্ত্রী নাকি জাপানে স্বর্ণমুদ্রা চালাইবার চেষ্টা করিতেছেন।

শর্ম্মণ আইন মার্কিন সেনেটেও রদ হইয়া গিয়াছে। রদ হওয়ার পক্ষে মত দিয়াছিলেন

৪৩ জন, বিপক্ষে মত দিয়াছিলেন ৩২ জন। সর্ব্বশেষ আইন রদ হইয়া যাওয়ার রূপা ধরা রহিত হইল।

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—রংপুরের সব ডেঃ কঃ মৌলবী মহম্মদ আবদুর রফ বাঙ্গালগবর্ণমেণ্টের রাজস্ব বিভাগের অধীনে পাটনা জেলার বাটোয়ারা কার্য্যের বিশেষ ডেঃ কঃ নিযুক্ত হইলেন। মজফরপুর হাজিপুরের প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ মরসিদ সাহেব দার্জ্জিলিং কুর্সিয়ঙ্গে বদলি হইলেন। মরসিদ সাহেব মেদিনীপুর জেলার সদরে বদলি হইবেন বলিয়া ইতিপূর্ব্বে যে আদেশ হইয়াছিল তাহা রহিত হইল। মানভূমের ছুটীপ্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু কৃষ্ণবিহারী চট্টোপাধ্যায় যশোহর জেলার সদরে বদলি হইলেন। যশোহরের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু নবীনকৃষ্ণ বন্দ্যোপাধ্যায় মানভূম জেলার সদরে বদলি হইলেন। ২৭ পরগণার জঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ সৈয়দ মুকুল হুদা এবং জঙ্গলপুরের জঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ আসানুদ্দীন আহমদ অপর আদেশ যাবৎ ১ম শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃ হইলেন। জঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ ষ্টীনবর্গ পাটনা জেলার সদরে স্থাপিত হইলেন। আঃ মাঃ ও কঃ নিউবোল্ড সাহেব এবং ছুটীপ্রাপ্ত আঃ মাঃ ও কঃ কুথবার্টসন সাহেব অপর আদেশ যাবৎ ১ম শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃ হইয়া যথাক্রমে জলপাইগুড়ি ও লোহারডাগা জেলার সদরে বদলি হইলেন। ছুটীপ্রাপ্ত মাঃ ও কঃ ম্যাগুইয়ার সাহেব খুলনার মাঃ ও কঃ হইলেন। আঃ মাঃ ও কঃ বল্পাস সাহেব ১ম শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃ হইয়া মেদিনীপুর জেলায় স্থাপিত হইলেন। ভাগলপুরের প্রতিনিধি মাঃ ও কঃ ষ্ট্র, সাহেব এবং দরভাঙ্গার প্রতিনিধি মাঃ ও কঃ উইলিয়মস্ সাহেব স্ব স্ব পদে থাকা হইলেন। মেদিনীপুরের ফার্লোপ্রাপ্ত মাঃ ও কঃ মিঃ রমেশচন্দ্র দত্ত সি আই ই বর্দ্ধমানের মাঃ ও কঃ হইলেন। ২য় শ্রেণীর প্রোবেশন জঃ মাঃ ও ডেঃ কঃ উইণ্ডসর সাহেব অপর আদেশ যাবৎ ১ম শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃ হইয়া চম্পারণ জেলার সদরে স্থাপিত হইলেন। ছুটীপ্রাপ্ত আঃ মাঃ ও কঃ ষ্ট্রীটফিল্ড সাহেব মজফরপুর জেলার সদরে স্থাপিত হইলেন। অপর অ দেশ যাবৎ ইনি ১ম শ্রেণীর কঃ মাঃ ও ডেঃ কঃর কার্য্য করিবেন। বাঙ্গালগবর্ণমেণ্টের বিচার, রাজনীতি ও নিয়োগ বিভাগের প্রতিনিধি অণ্ডার সেক্রেটরী লেপিঙ্গ সাহেব উক্ত পদে থাকা হইলেন। দরভাঙ্গার প্রতিনিধি সব ডেঃ কঃ মৌলবী মহম্মদ হাবিবুর রহমন সারণ জেলার সিবান মহকুমার বদলী হইলেন। সাঁওতাল পরগণা গোদ্দার ডেঃ মাঃ ও ডেঃ কঃ ষ্টিকার্ড সাহেব উক্ত জেলার খোক্সা মহকুমার ভার পাইলেন। সাঁওতাল পরগণা দামিন জঙ্গলের ভার প্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ ষ্টার্ক সাহেব উক্ত জেলার জামতাড়া মহকুমার ভার পাইলেন। পালামোর প্রোবেশন ডেঃ মাঃ ও ডেঃ কঃ ক্রেফেন সাহেব (জুনিয়র) সাঁওতাল পরগণার দামিন জঙ্গলের ভার পাইলেন। লোহারডগার ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু রাজেন্দ্রনাথ রায় পালামো জেলার সদরে বদলী হইলেন। ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু পূর্ণচন্দ্র বসাক আর ৬ সপ্তাহের ছুটি পাইলেন। দিনাজপুরের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু কেদার নাথ মুখোপাধ্যায় হাজারিবাগ জেলার সদরে বদলী হইলেন। হাজারিবাগের ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী মহম্মদ আজহর দিনাজপুর জেলার সদরে বদলী হইলেন। মিঃ জি ডবলিউ প্রেস আই সি এস আর ৩ সপ্তাহের ফর্লো পাইলেন।

উদ্ভট কবিতা।

[৪২৭]

ক ত্বরিঃ শেতে কা চ নিকষা
কিং বহুনার্থে কিং রমণীয়ং।
বদ কাতন্ত্রে কীদৃক্ সূত্রং
শেষে সেব্যা বা পরমপদম্॥

[৪২৮]

ঠাকুরেণ সমং হৈমন্তী
ন সুখায় কদাচন।
পতে চ গৌরবং নাস্তি
আপ্তে চ ধনক্ষয়ঃ॥

[৪২৯]

কি বিস্তারিস্তনভরি
শঙ্কাতঙ্কিতমানসাঃ।
ময়ং কাঙ্কা ময়ং কাঙ্কা
ইতি বল্লগ্নি বাসসাঃ॥

কর্ম্মখালি।

Wanted a Second Teacher for the Andul H. E. School on a salary of Rs 40 a month, with prospect of increase. A. B. A. with honours in English and having experience in teaching will be preferred. Apply at once to Gooru Dass Koondu Choudhury, Secy. Andul School.

Wanted an experienced Hd. Master for Biru Middle English School in the District of Lohardaga on a salary of Rs 25 per mensem: also another teacher for the attached English class to Bunda Upper Primary School on Rs 15 per mensem. The applications will be received up to 30th November 1893 by Kalikananda Mukerji, Dy Inspector of Schools, Lohardaga, Ranchi P. O.

Wanted a Head Master for the Nalia M. E, Preparatory School. Salary Rs 10 (with prospect of increase to Rs 15) and free boarding. None need apply who has not passed the Entrance examination and has experience in teaching. Certificates of good character indispensable. Apply sharp to Giribdra Mohan Chakerbartty, Nalia P. O. Via Pangsha. E. B. S. R.

Wanted a Second teacher for Dum Dum M. C. E School, on a salary of Rs 15 per month. None need Apply who has not passed the Entrance examination of the Calcutta University. Preference will be given to an experienced teacher. Applications will be received up to 15th November by the Head Master Dum Dum M. C. E. School Dum Dum Cantoument.

Wanted an English teacher for Sanhatu Middle English School in the District of Lohardaga on a salary of Rs 20 per mensem. Applications will be received up to 15th November 1893 by Kalikananda Mukerji Dy Inspector of Schools, Lohardaga, Ranchi P. O.

Wanted a Head Master and a Head Pandit on salaries of Rs 15 and Rs 12 a month respectively for the Raipur A. V. School Via Bolpur, Dt. Birbhoom. All applications are to be sent to the Secretary of the school on or before the 12th proximo. The place is close to the Bolpur Railway Station.

Wanted a Head Pandit for the Kuchkuchia High School, Bankura immediately after the Pooja holiday. Knowledge of English and Mathematics up to Entrance Standard necessary. Salary 25 Rs. Apply to Rev. W. A. Chettle B. A. (Hon. Secy.)

জেলা ২৪ পং, পোঃ সোনারপুর, হরিনাভি ভূবিলী মেডিকেল স্কুলের জন্য এক জন কম্পাউণ্ডার আবশ্যক, বেতন ৮৲ আট টাকা। আহার এবং বাসা পাইবেন। পাশ করা কম্পাউণ্ডার হইলে ভাল হয়। উপযুক্ত লোক হইলে বিনা পাশে চলিতে পারে। আগামী ৪ঠা নবেম্বরের মধ্যে ম্যানেজার শ্রীযুক্ত শশিচন্দ্র রায়ের নিকট দরখাস্ত করিতে হইবে।

মহকুমা কুষ্টিয়া, পোঃ ভালুকা, আকইল মধ্য বঙ্গ বিদ্যালয়ের নিমিত্ত নর্ম্মাল ত্রৈবার্ষিক উত্তীর্ণ এক জন হেড পণ্ডিতের আবশ্যক। মাসিক বেতন ১২৲ বার টাকা। বাসা খরচ লাগিবে না। থাকিবার স্থান ও আহারাদির উত্তম বন্দোবস্ত আছে। আবেদনকারী জাতিতে সদ্গোপ হইলে ভাল হয়। ব্রাহ্মণ অথবা কায়স্থ হইলেও ক্ষতি নাই। যে ব্যক্তি কিছু কিছু ইংরেজী জানেন এবং কোন স্কুলে শিক্ষকতা করিয়াছেন তাঁহারই আবেদন সমধিক আদরণীয় হইবে। আগামী ২০শে নবেম্বরের মধ্যে স্কুলের সেক্রেটরী শ্রীরাধিকা প্রসন্ন হাজরার নিকট আবেদন করিতে হইবে।

জেলা পাবনা পার্শ্বডাঙ্গা গোবিন্দনাথ মধ্য ইংরাজী বিদ্যালয়ের জন্য মাসিক ২৫৲ টাকা বেতনে এফ, এ, ফেল জনৈক হেড মাষ্টার, মাসিক ১৫৲ টাকা বেতনে এণ্ট্রান্স পাশ জনৈক সেকণ্ড মাষ্টার ও মাসিক ২০৲ টাকা বেতনে নর্ম্মাল স্কুলের ত্রৈবার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ জনৈক হেড পণ্ডিতের প্রয়োজন। আহার ও থাকিবার স্থান দেওয়া যাইবে। যাঁহারা প্রশংসার সহিত বহু দিন অন্যান্য স্থানে শিক্ষকতা করিয়াছেন, তাঁহাদিগের আবেদনই সমধিক আদরণীয় হইবে। জাতিতে ব্রাহ্মণ অথবা কায়স্থ হওয়া চাই। কর্ম্ম-প্রার্থিগণ স্ব স্ব প্রশংসাপত্রের অনুলিপি সহ অদ্য হইতে দুই সপ্তাহের মধ্যে আমার নিকট আবেদন করিবেন। হেড মাষ্টার ও হেড পণ্ডিত মহাশয়-দ্বয়কে আমার বাটীস্থ ৫। ৬টী বালককে বাটীতে শিক্ষা দিতে হইবে।

কোন একটি ম, ই স্কুলের জন্য এক জন নর্ম্মাল ত্রৈবার্ষিক পরীক্ষোত্তীর্ণ কার্য্যক্ষম হেড পণ্ডিতের প্রয়োজন। মাসিক বেতন ১৫৲ টাকা। স্কুলটী ভদ্র জনপূর্ণ গ্রামে। শীঘ্র স্ব স্ব প্রশংসা-পত্রের অনুলিপি সহ জেলা খুলনা, পোঃ ধলিয়া, শোভনা মধ্য ইংরাজী বঙ্গ বিদ্যালয়ের হেড পণ্ডিত শ্রীভবনাথ মুখোপাধ্যায়ের নিকট আবেদন করুন।

তোগলডাঙ্গা মাইনর স্কুলের জন্য এক জন প্রথম পণ্ডিতের প্রয়োজন। পণ্ডিতটীর নর্ম্মাল ত্রৈবার্ষিক পরীক্ষোত্তীর্ণ হওয়া আবশ্যক এবং ব্রাহ্মণ, বৈদ্য কিম্বা কায়স্থ হইলে বিশেষ সুবিধা। মাসিক বেতন ১৫৲ দশ টাকা। কার্য্যে দক্ষতা দেখাইতে পারিলে সত্বরই বেতন বৃদ্ধি করিয়া দেওয়া যাইবে। বাসাখরচ ইত্যাদি কোন বাবদ লাগিবে না। সেক্রেটারী শ্রীযুক্ত বাবু মতিলাল সেন পোষ্ট ফকিরহাট, জেলা খুলনা।

বরিশালী জেলার অন্তর্গত মান্দা গ্রামের উচ্চ প্রাইমারি স্কুলের প্রধান শিক্ষকের পদ শূন্য আছে। ত্রৈবার্ষিক পাশ একজন দ্বাবেন্দ্র শ্রেণী ব্রাহ্মণ শিক্ষকের প্রয়োজন। বেতন ১০৲ টাকা। বাসা এবং খোরাক পাইবেন। নিজ নিজ সার্টিফিকেট সহ দরখাস্ত করিবেন। শ্রীগঙ্গাধর ভট্টাচার্য্য, শ্রীরাখালরাজ মজুমদারের বাটী। মকছুমপুর মালদহ।

পোঃ চাতরা, রূপনগর মধ্য বঙ্গবিদ্যালয়ের জন্য এক জন নর্ম্মাল স্কুলের দ্বিতীয় বার্ষিক পরীক্ষোত্তীর্ণ দ্বিতীয় শিক্ষকের প্রয়োজন। মাসিক বেতন ১২৲ বার টাকা তন্মধ্যে বাসাখরচাদিতে ৫৲ টাকা; কর্ত্তন করিয়া নগদ সাত টাকা করিয়া দেওয়া যাইবে। এই নবেম্বরের মধ্যে সম্পাদক শ্রীবৈদ্যনাথ মুখোপাধ্যায়ের নিকট আবেদন করিতে হইবে।

জেলা বর্দ্ধমান, পোঃ কোয়ারপুর, কোয়ারপুর মাইনর স্কুলের হেড মাষ্টারের কার্য্য করিতে সক্ষম এরূপ একজন বয়োধিক শিক্ষকের প্রয়োজন। যিনি এফ এ পরীক্ষায় উত্তীর্ণ হইয়া প্রশংসার সহিত বহু দিন শিক্ষকতা কার্য্য করিয়াছেন, তাঁহারই আবেদন সমধিক আদরণীয় হইবে। মাসিক বেতন ২০৲ কুড়ি টাকা, বাস স্থানাদি ও অন্যান্য বিষয়ের সুবন্দোবস্ত করিয়া দেওয়া যাইবে। প্রাইভেট পড়াইতে পারিলে তাহাতেও ৪। ৫ টাকা আয় হইবে। কর্ম্মপ্রার্থিগণ স্ব স্ব প্রশংসাপত্রের অনুলিপি সহ স্কুলের সহকারী সম্পাদক শ্রীযুক্ত প্রমথনাথ রায় মহাশয়ের নিকট আবেদনপত্র প্রেরণ করিবেন। স্থানটি অতি স্বাস্থ্যকর, কাটোয়া হইতে ৯ মাইল পশ্চিমে অবস্থিত।

ভবানীপুর হিন্দু বালিকা বিদ্যালয়ের জন্য এক জন হেড পণ্ডিত আবশ্যক, নর্ম্মাল স্কুলের ত্রৈবার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রগণের আবেদন গ্রাহ্য হইবে। প্রার্থিগণ প্রশংসাপত্র সহ সম্পাদক শ্রীগুণাপ্রসাদ দত্তের নিকট ৯১ নং কাঁসারিপাড়া রোডে স্বয়ং উপস্থিত হইয়া আবেদন করিবেন। যাঁহার বয়স পঁচিশের ন্যূন, তাঁহার আবেদন অনাবশ্যক।

বিশেষ দ্রষ্টব্য।

বাচস্পত্য অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২৩৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

বুধোদয় প্রেস—হুগলী।

বিজ্ঞাপন।

৺ বিশ্বনাথ বৃত্তি।

ভারতবর্ষ মহামণ্ডলীর মুখাতম উদ্দেশ্যের অনুসরণ করিয়া ৺ বিশ্বনাথ চতুষ্পাঠীতে বার্ষিক পঞ্চাশৎ টাকা পরিমাণে এক একটী করিয়া আর কয়েকটী বৃত্তি স্থাপিত হইয়াছে। যে যে চতুষ্পাঠীতে বেদাঙ্গাদি দর্শন শাস্ত্র অথবা প্রাচীন ও নব্যস্মৃতি অধ্যাপিত হয়, সেই সেই চতুষ্পাঠীতে এই বৃত্তিগুলি দেওয়া যাইবে। অধ্যাপক ইচ্ছা করিলে ঐ বৃত্তি ত্রৈমাসিক বা ষাণ্মাসিক বা বার্ষিকরূপে গ্রহণ করিতে পারিবেন। ছাত্রদিগের বিদ্যাবত্তা ও সচ্চরিত্রতা সম্পাদন ভিন্ন অধ্যাপক মহাশয়দিগকে অপর কোন নিয়মের অধীন হইতে হইবে না। যে সমস্ত অধ্যাপক বৃত্তি লইতে ইচ্ছা করিবেন, তাঁহারা অথবা তাঁহাদিগের ছিন্তার্থীরা অধ্যাপকের নাম ধাম ছাত্রসংখ্যা ও প্রত্যেক ছাত্রের অধীতব্য বিষয় লিখিয়া আমাকে সংবাদ দিবেন।

চুঁচুড়া বিশ্বনাথ চতুষ্পাঠীর
অধ্যাপক শ্রীহরিনাথ স্মৃতিভূষণ।

নূতন পুস্তক।

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajemira Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸০ বার আনা, ডাঃ মাঃ ⁄০ এক আনা। এখানি ১৮৯৪ অব্দের মাইনর পরীক্ষায় ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহাতে বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গল্প হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা ডাঃ মাঃ ⁄০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
সংস্কৃত প্রেসডিপজিটরি।
৩৫৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

বাবু মহেন্দ্রনাথ দত্ত প্রণীত।

নবপাটীগণিত ১ম ভাগ	মূল্য ৷৵০	১৭৯ পৃষ্ঠা
নব শুভঙ্করী	মূল্য ।৵০	১৫০ পৃষ্ঠা
নব ধারাপাত	মূল্য ৵০	১০৮ পৃষ্ঠা

উপরোক্ত পুস্তকত্রয় সেণ্ট্রাল টেক্সটবুক কমিটীর নির্ব্বাচিত ও শ্রীযুক্ত শিক্ষা বিভাগের ডাইরেক্টর সাহেব মহোদয়ের তালিকাভুক্ত। নবপাটীগণিত মধ্য শ্রেণীস্থ বাঙ্গালা ও ইংরাজী স্কুলের নিম্ন হইতে তৃতীয় শ্রেণী পর্য্যন্ত এবং উচ্চ ও নিম্ন প্রাথমিক পাঠশালার সকল শ্রেণীতে পাঠ্য বলিয়া নির্দ্দিষ্ট। ইহাতে প্রায় তিন সহস্র অনুশীলনী এবং উচ্চ ও নিম্ন-প্রাইমারী পরীক্ষার অনেক প্রশ্ন সন্নিবিষ্ট হইয়াছে। নবশুভঙ্করী নূতন প্রণালীমতে লিখিত; ইহাতেও অনেক সুকৌশল সম্পন্ন উদাহরণ প্রদত্ত হইয়াছে। নবধারাপাত অনেক দিন হইতে সর্ব্বত্র সমাদৃত; ইহা পাঠ করিলে বালকবৃন্দের ধারাপাত ও পাটীগণিতের অমিশ্র চারি নিয়ম নিশ্চয়ক বুৎপত্তি লাভ হইবে। সংবাদপত্রের সম্পাদক ও অন্যান্য ভদ্র মহোদয়গণ উক্ত তিন খানি পুস্তক সম্বন্ধে সাধুকুল অভিমত প্রকাশ করিয়াছেন। নবধারাপাতে তাঁহাদের মন্তব্য সন্নিবিষ্ট আছে। অপর দুইখানির প্রশংসাবাদ "এডুকেশন গেজেটে", "বঙ্গবাসীতে" ও "সহচরে" দৃষ্ট হইবে। ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

৮৯১ নং

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, জঠরবলবীর্য্যবৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রিজাগরণ, অতিরিক্ত পান-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা হাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত!

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-ম্যালা-কাসিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দ্বৈকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকায় সে জ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে, ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্পদিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধ অতি সামান্য রোগও আরাম হয়। বিধাতার বিচিত্রবিধান-বুঝা ভার

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন। প্লীহা জ্বর-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগীকে এই এক ৩নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

বটিকার সংখ্যা,	মূল্য,	ডাঃমাঃ,	প্যাকিং
১নং কৌটা	১৮	৷৵০	৵০
২নং কৌটা	৩৬	১৲০	৵০
৩নং কৌটা	৫৪	১৷৷৵০	৵০

ভ্যালুপেবলে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।
১২ নং মুক্তাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা।

৩৭৪নং

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৬ বৎসর উহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-যশের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার লেপনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সম-ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনা ব্যয়ে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৲ টাকা, প্যাকিং ।০ আনা

২ শিশি একত্রে লইলে খরচা ৷৶০ আনা স্বতন্ত্র হয়।

শ্রীকালীদাস সরকার।

গবর্ণমেণ্ট পেন্সনার—লক্ষ্ণৌ।

৩৭৯নং

পদ্য-বিকাশ অর্থাৎ পদ্যপাঠ ১ম ভাগের অর্থ পুস্তক। শ্রীগোবিন্দপ্রসাদ দে প্রণীত। মূল্য ৵০ তিন আনা। ইহাতে প্রায় প্রত্যেক শব্দের অর্থ, পদান্বয়, এবং ব্যাকরণ সম্বন্ধীয় যাহা জানিবার আবশ্যক তাহা আছে। প্রায় প্রত্যেক ছত্রের গদ্য ও অতি সরল ভাষায় অর্থ দেওয়া হইয়াছে। ছোট ছোট বালকদের বিশেষ উপযোগী হইয়াছে। ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৩৮৯ নং

গবর্ণমেণ্টের অনুমোদিত।

বাঙ্গালা ছাত্রবৃত্তি ও মাইনর স্কুলসমূহের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পাঠ্য।

"বিজ্ঞানসোপান"।

শ্রীযুক্ত উমেশচন্দ্র ঘোষ, এম এ, বি এল প্রণীত।

মূল্য ৷৶০ দশ আনা মাত্র।

ছাত্রবৃত্তি ও মাইনর পরীক্ষার নির্দ্দিষ্ট বিষয়গুলি এরূপ বিশদরূপে ও ধারাবাহিক ভাবে অন্য কোন গ্রন্থে বর্ণিত নাই। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৪০৪নং

অম্বিকাচরণ ঘোষাল

ফটোগ্রাফার ও পোর্ট্রেট পেইণ্টার

ঘুঁটেবাজার হুগলি

মফস্বলে যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণপত্র লিখিলে জানিতে পারিবেন। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিজ, হুগলী কলেজ, এমামবাড়া, হংসেশ্বরীর মন্দির, চুঁচুড়া গোরাবারিক অভ্যন্তর দৃশ্য, নবাব খাজাখাঁর মসজিদ, সপ্তগ্রামের মহোৎসব প্রত্যেক ৷৷০ আনা মাত্র—ফটগ্রাফগুলি একবার দেখিলে বাধিত হইব।

পাটীগণিত।

নূতন সংস্করণ।

শ্রীপ্রসন্নকুমার সর্ব্বাধিকারী প্রণীত।

সুপ্রসিদ্ধ গণিতশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম, এ, মহাশয়ের দ্বারা সম্যক্‌রূপে সংশোধিত পরিবর্দ্ধিত ও পরিবর্দ্ধিত। ইহাতে সুকৌশল সম্পন্ন প্রশ্নাবলী সন্নিবেশিত এবং উহাদের ভূরি পরিমাণে সমাধান করা হইয়াছে। ৫৭৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। উত্তম কাপড়ে বাঁধা, মূল্য ১৷৶০। বলা বাহুল্য ইহা চিরকাল সর্ব্বাদৃত, অধুনা আরও অধিক পরিমাণে স্কুলাদিতে পাঠ্যরূপে নিয়োজিত হইতেছে এবং বঙ্গবাসী প্রভৃতি সংবাদ পত্র ভূয়সী প্রশংসা করিতেছেন। নিম্নলিখিত এবং অন্যান্য স্থানে পাওয়া যায়।

বি, ব্যানার্জ্জি এণ্ড কোং।

১৫নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, ৫৬নং কলেজ ষ্ট্রীট, ৫১নং পুরাতন চীনেবাজার, কলিকাতা। ৫৫নং পটুয়াটুলি ঢাকা।

৩৮৮নং

মাইকেল মধুসূদন দত্তের

জীবনচরিত, অপ্রকাশিত কবিতা, পত্র ও গ্রন্থাবলীর সমালোচনা সম্বলিত গ্রন্থ

প্রকাশিত হইয়াছে।

শ্রীযোগীন্দ্রনাথ বসু বি এ, প্রণীত।

ডিমাই আট পেজী আকারে পাঁচ শতেরও অধিক পৃষ্ঠায় সম্পূর্ণ।

এরূপ সর্ব্বাবয়ব জীবনচরিত এপর্য্যন্ত বাঙ্গালা ভাষায় প্রকাশিত হয় নাই। মধুসূদনের জীবনের বিষাদময় ইতিহাসের সঙ্গে তাঁহার সমসাময়িক বাঙ্গালা সাহিত্যের অবস্থা, তাঁহার গ্রন্থাবলীর সমালোচনা, তাঁহার লিখিত বহুসংখ্যক ইংরাজী ও বাঙ্গালা কবিতা, মান্দ্রাজ, ইংলণ্ড, ফ্রান্স প্রভৃতি স্থান হইতে তাঁহার লিখিত বহুসংখ্যক পত্র, তাঁহার জীবনের ঘটনাবলী সম্বন্ধে সার মহারাজা যতীন্দ্রমোহন ঠাকুর, বাবু ভূদেব মুখোপাধ্যায়, রাজা পারীমোহন মুখোপাধ্যায় প্রভৃতির লিখিত মন্তব্য, রাজা রাজেন্দ্রলাল মিত্র, ডিঙ্ক ওয়াটার, বেথুন, বাবু রাজনারায়ণ বসু প্রভৃতি অনেক খ্যাতনামা ব্যক্তির লিখিত পত্র ও পত্রাংশ ইত্যাদি ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। মধুসূদনের নিজের এবং তাঁহার সমাধি স্তম্ভের চিত্র এবং রাজা প্রতাপচন্দ্র সিংহ, রাজা ঈশ্বরচন্দ্র সিংহ, মহারাজা সার যতীন্দ্রমোহন ঠাকুর, বাবু ভূদেব মুখোপাধ্যায়, বাবু গৌরদাস বসাক, বাবু রাজনারায়ণ বসু, ৺ বিদ্যাসাগর মহাশয়—এই কয়েক জনেরও চিত্র ইহাতে প্রদত্ত হইয়াছে। এইরূপ সুন্দর চিত্র এপর্য্যন্ত কোনও বাঙ্গালা গ্রন্থে প্রকাশিত হয় নাই। ছাত্রদিগকে পুরস্কার দিবার জন্য অতি সুন্দররূপ বাঁধান হইয়াছে। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপোজিটরীতে, ২১০।৪ কর্ণওয়ালিস ষ্ট্রীট নব্যভারত কার্য্যালয়ে, বৈদ্যনাথ দেওঘর স্কুলে গ্রন্থকারের নিকট এবং নিম্নস্বাক্ষরকারীর নিকট পাওয়া যায়। মূল্য কাপড়ে বাঁধান ২।০ টাকা, কাগজের মলাট ২৲ টাকা, ডাকমাশুল ।০ আনা। মফস্বলস্থ গ্রাহকগণ গ্রন্থকারকে পত্র লিখিবেন।

শ্রীরামানন্দ চট্টোপাধ্যায় এম এ।

অধ্যাপক সিটি কলেজ,—কলিকাতা।

শ্রীমদ্ভগবদ্গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ⁄০।

ঐ বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ।৵০ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা মূল্য ⁄০ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা উৎকৃষ্টরূপ বাঁধা মূল্য ৷০ আট আনা, ডাঃ মাঃ ⁄১০।

কবির (জীবন্মুক্ত মহাত্মা কবির সাহেবের ৫৫৭টী দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ ⁄১০।

কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০। ১ন মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু প্রণীত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য ⁄০ আনা
ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "
ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব।০ "

সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তাগিদায় পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষনীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট—কলিকাতা।

নবশুভঙ্করী। মূল্য ।০

টেক্‌ষ্টবুক কমিটির অনুমোদিত তৃতীয় সংস্করণ, সংশোধিত এবং প্রেসিডেন্সী ও বর্দ্ধমান বিভাগের মধ্যবাঙ্গালা ও উচ্চ প্রাথমিক পরীক্ষার ৭।৮ বৎসরের শুভঙ্করী প্রশ্ন সম্বলিত। কলিকাতা সাস্কৃত প্রেস ডিঃ, এবং আমার নিকট প্রাপ্তব্য।

শ্রীপূর্ণচন্দ্র ভট্টাচার্য্য
হেডপণ্ডিত ভাটপাড়া ম, ইং স্কুল।
৮১০ নং

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত

পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও রেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষক গণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৷৷০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।৵০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীজমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।৵০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ⁄০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৪৪ নং

পাঁড়ে ব্রাদার্স।

পুস্তক ও দেশী বস্ত্র বিক্রেতা।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।

এখানে ইংরাজি বাঙ্গালা সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য সর্ব্ব প্রকার পুস্তক, তৎসমস্তের নানা প্রকার কি, নোট, অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি সর্ব্ব প্রকার পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে। বিলাতি পুস্তক বিলাত হইতে আনা হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা ১৸০ মূল্য যোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও ব্যবহারীর জন্য চলিবে ও ২৷৷০, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী বাক্স, নয়নসুক, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকটও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য ।৵০ বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ ⁄০
৩২ খানি উৎকৃষ্ট চিত্রসহ

নীতি কথামালা	।০	মানবতত্ত্ব	১।০
আর্য্যচরিত	।০	ধর্ম্মবিজ্ঞান	১৲
আর্য্যশিক্ষা	৷৷৵০	অদ্ভুত স্বপ্ন বা	
বাঙ্গলা ব্যাকরণ	।৵০	স্ত্রী পুরুষের দ্বন্দ্ব	৷৷০
শিশু বিজ্ঞান	⁄০	বিজ্ঞানসার	১৲
বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ	⁄০	লীলাবতী (অঙ্কপুস্তক)	।৵০

৩৪৫ নং শ্রীমনোমোহন পাঁড়ে

☞ এই পত্র খগলি বুধোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

এডুকেশন গেজেট

সা প্তা হি ক বার্ত্তা ব হ।

নূতন সম্বৎ। ২৫শ খণ্ড। ২৯শ সংখ্যা। } ২৫শে কার্ত্তিক শুক্রবার ১৩০০ সাল। ইং ১০ই নবেম্বর ১৮৯৩ খৃঃঅব্দ। { অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম)	৫৲	ষাণ্মাসিক	৩
ত্রৈমাসিক	২	প্রত্যেক সংখ্যার	।৹

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৶০ ৩য় বার /১০ চতুর্থ বা ততোধিক বার /০। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৶০।

কর্ম্মখালির বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে প্রকাশিত হয়।

তিন মাসের অধিক বিজ্ঞাপন প্রকাশ করিলে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

যাঁহারা এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য নগদ টাকায় দিবেন, তাঁহারা তাঁহাদের নিকটবর্ত্তী এজেণ্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণিঅর্ডার কুপনে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

এডুকেশন গেজেটে বিজ্ঞাপন প্রকাশের সুবিধার জন্য ২৪৯নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংযুক্ত গ্রেস ডিপনি-ষ্টারিতে একটী এজেন্সি খোলা হইয়াছে। তথায় বিজ্ঞাপন ও তৎপ্রকাশের মূল্য জমা লওয়া যায়।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যূন বিলম্ব হইলে তাহার নামধামসহিত পিয়নের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকালীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

কলিকাতা শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
সংস্কৃতযন্ত্রের পুস্তকালয়, ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।
চণ্ডীচরণ মজুমদার—বেঙ্গল সেক্রেটারিয়েট জুডিসিয়াল ডিপার্টমেণ্ট।
২৪ পরগণা মতিলাল মৈত্র—আলিপুর।
আলিপুর ভূপালচন্দ্র সরে পাধ্যায়—উকিল।
বারাকপুর শ্রীযুক্ত বাবু ভুবনমোহন নিয়োগী।
ভবানীপুর রাজকৃষ্ণ রায় চৌধুরী।
চুয়াডাঙ্গা যদুনাথ চৌধুরী।
হাবড়া হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান চারুচন্দ্র চট্টোপাধ্যায়।
রসিকলাল দাস—রায়না।
যশোহর কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
সিউড়ী অম্বিকাচরণ মুখোপাধ্যায়।
নীলমণি ভট্টাচার্য্য।
বাঁকুড়া রামেশ্বর সেন—বিষ্ণুপুর।
অশুতকুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর উমাচরণ দে।
জলপাইগুড়ি নীলমণি পাল।
বাঁকিপুর নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর।
ভগবান প্রসাদ।
বারাণসী সোমনাথ আঢ়ুড়ী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর আদিনাথ মিত্র।
দ্বারকানাথ বাগচি—মিলকামারি।
রাজসাহী কালীনাথ চৌধুরী—বোয়ালিয়া।
পাবনা মহেন্দ্রনাথ দত্ত।
রজনীকান্ত ভট্টাচার্য্য।
রামচন্দ্র চক্রবর্ত্তী।
ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, কুলাই।
উমাচরণ পাঁড়ে, সিরাজগঞ্জ।
ঢাকা সতীশচন্দ্র ঘোষ।
সাঁওতাল পরগণা যজ্ঞেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।
পাকুড় রাধাকৃষ্ণ সারবেল।
খুলনা হরিহর দাস।
জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।
দিনাজপুর রাজকুমার চক্রবর্ত্তী কুলবাড়ি।
ভুবনেশ্বর গুপ্ত।
দুর্গাদাস সুর—রায়গঞ্জ।
শশিভূষণ রায়।
কোচবিহার ভুবনমোহন দত্ত।
ময়মনসিংহ কালীকিশোর ঘোষ—মাহারিপুর।
মজঃফরপুর কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল
খাসডাঙ্গা গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক সুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সমস্তীপুর
বৈদ্যনাথ যোগীন্দ্রনাথ বসু হেড মাষ্টার, দেওঘর।

এজেণ্টরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিবিধ বিজ্ঞাপন।

সংক্ষিপ্ত পদার্থদর্শনের প্রশ্নোত্তর।

পণ্ডিত প্রবর শ্রীযুক্ত প্রসন্নকুমার চক্রবর্ত্তী প্রণীত। মূল্য ৴০ পাঁচ আনা মাত্র। যত গুলি সং পদার্থদর্শনের প্রঃ উঃ এ পর্য্যন্ত প্রকাশিত হইয়াছে এখানা তাহাদের অপেক্ষা কোন অংশে নিকৃষ্ট নহে বরং অনেকাংশে উৎকৃষ্ট। যে স্কুলে এক খানিমাত্র এই প্রঃ উঃ প্রবেশ লাভ করিয়াছে সে স্কুলের সমস্ত ছাত্রই ইহা ক্রয় করিতেছে। এককালে এক প্যাকেটে ৫ খানি এই প্রঃ উঃ লইলে স্কুলের শিক্ষকদিগকে শতকরা ১৫৲ টাকার হিসাবে কমিসন দিয়া থাকি; অধিকন্তু আমি নিজ হইতে ডাক মাশুল দিই। কাগজ, ছাপা ও বাঁধাই সমস্তই উৎকৃষ্ট। ভিঃ পিঃ ডাকে পাঠাইয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র দত্ত।

ভারত পুস্তকালয়, পটলডাঙ্গা, বৌবাজার পোষ্ট কলিকাতা।

৩২৯নং

গিরিশ লাইব্রেরী।

এখানে ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল, এ; বি, এ ক্লাসের সর্ব্বপ্রকার পাঠ্যপুস্তক ও অর্থ পুস্তকাদি এবং নাটক, নভেল প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়। ভিঃ পিঃ ডাকেও পুস্তক পাঠাই। ২১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা। শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৮৪নং

এল, ডি, মিত্র এবং কোং।

লব্ধপ্রতিষ্ঠ ও কলিকাতা ও অন্যান্য স্থানের দক্ষ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৫৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক রুবিনি ক্যাম্ফার ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৸০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৮৲ ও ৭৲, শিশুচিকিৎসা ২।৷০, বামাচিকিৎসা ২৲ জ্বর চিকিৎসা ৸০ ও ১৸০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৸০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমার কলিকাতার মহামেলার এই শ্রেণীতে ভারতের মধ্যে সর্ব্বোচ্চ এবং এথানকার ও অন্যান্য স্থানের সম্ভ্রান্ত চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি।

৭ন

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্ত কালীমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীতে সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১।০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

REDUCTION IN PRICE OF CINCHONA FEBRIFUGE

From 1st April 1891, Sold by the principal European and Native Druggists of Calcutta, ~~ainable~~ from the Superintendent Botanic Garden Calcutta. Post-free, at 4 oz, Rs3—4: 8 oz, Rs 6—8: 16 oz, Rs 12—12. Cash with order.

No. 331

বুধোদয় যন্ত্র।

কলিকাতা বুধোদয় যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষর ও তাহার সরঞ্জাম প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানাপ্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় বাধ্যতীয় ফারম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, হ্যাণ্ডবিল, জমিদারীর জমাওয়াশীল ফরম, ডাক্তারি লেবিল ও বিল নানাপ্রকার ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পাদিত হইয়া থাকে। বিশেষ বন্দোবস্ত করিলে সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংলিস অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও স্মল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া দপ্তরী দ্বারা পুস্তক প্রস্তুত করিয়া রীতিমত বান্ধবন্দী করিয়া রেলে বা জাহাজে যাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি, গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন, ছাপার রেট ও অন্যান্য বিবরণ জানিতে ইচ্ছা করিলে আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পরিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
কার্য্যাধ্যক্ষ।

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১২ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।

ডাকমাশুল ৵০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৵০

পদ্য ব্যাকরণ মূল্য ৵১০

প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য ৵১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১২১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায়) পাওয়া যায়।

শ্রীতিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

রিপণ-ডিপজিটারী।

৫২ নং দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য ও নাটক নভেল অতি সুবিধায় সরবরাহ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পিঃ, ডাকে পুস্তক পাঠাই। প্রেরণ ব্যয় ৵০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়।

শ্রীশশিভূষণ সাহা
ম্যানেজার।

৩৮০ নং

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মতামত নহে।

৺ রামকৃষ্ণ পরমহংস দেবের উক্তি।

(পূর্ব্ব প্রকাশিতের পর)

২৬। যেমন আম পাকিলে আপনিই পড়িয়া যায়, তেমনি জ্ঞান পাকিলে অজ্ঞানতা অভিমান আপনি দূর হইয়া যায়। ইচ্ছা করিয়া জাতি ত্যাগ করার অভিমানের জন্যই হইয়া থাকে।

২৭। হে জীব! দেখিও যেন ধোপা ভাঁড়ারী হইও না। ধোপারা সকলের ময়লা কাপড় পরিষ্কার করিয়া আপনার ঘর পরিপূর্ণ করে, কিন্তু পরদিন আর তাহা থাকে না। পণ্ডিত হইয়া কেবল লোকের মনের ময়লা পরিষ্কার করিয়া দিন না কাটাইয়া নিজের কিছু যাহাতে উপকার হয় তাহা করা উচিত, নতুবা অভিমান সঞ্চিত হইয়া ক্রমে অধোগামী করিয়া ফেলিবে।

২৮। তত্ত্বজ্ঞান যাহাতে পাওয়া যায়, তাহাই শাস্ত্র। তত্ত্বজ্ঞান বিরোধী গ্রন্থ, অশাস্ত্র শ্রেণীর অন্তর্গত।

২৯। যেগুণ আলু সিদ্ধ হইলে যেমন নরম হয়, তেমনি অভিমান যাইলেই লোকে নরম হইয়া থাকে। অভিমান নষ্ট করা সিদ্ধের কার্য্য।

৩০। যাঁহাকে অনেকে জানে, মানে, গণে, তাঁহাতে ভগবানের শক্তি অধিক আছে।

৩১। মানুষের স্বভাব কার্য্য কলাপ ও বেশ ভূষা দেখিয়া স্থির করিবে।

৩২। দেখ, সকলেই ভূমিতে প্রাচীর দিয়া ভাগ করিয়া লয়, কিন্তু কেহ আকাশকে খণ্ড খণ্ড করিতে পারে না। এক অখণ্ড আকাশ সকলের উপর বিরাজ করিতেছে। সেই প্রকার অজ্ঞানে আপনার ধর্ম্মকেই শ্রেষ্ঠ বলে, জ্ঞান হইলে সকল ধর্ম্মের উপরে এক অখণ্ড সচ্চিদানন্দ দেখিতে পাওয়া যায়।

৩৩। ওরে পোদো! তোর বাগানি গোণার কিসের জরুরি? (অর্থাৎ উদ্যানের বৃক্ষাদি গণনা করিবার প্রয়োজন কি?) দুটো আম খা যে পরীর বাগা হোক। ধর্ম্মের তর্ক করা অপেক্ষা দুটো উপদেশ শুনে নিয়ে তাহা পালনে যত্ন করাই কর্ত্তব্য।

৩৪। আহাম্মুক না হইলে তত্ত্বজ্ঞান লাভ হয় না। হয় কিছু না জানিয়াই মূর্খ হও, না হয় সর্ব্ব শাস্ত্র পড়িয়া মূর্খ হও—যা'তে সুবিধা বিবেচনা কর।

৩৫। ব্রহ্ম দর্শন হয় না, ঈশ্বর দর্শন হইয়া থাকে।

৩৬। ধর্ম্মপ্রচার করিতেছ কিন্তু তাঁহার চাপরাস পাইয়াছ? শত গোলের মধ্যে পাহারাওয়ালা দেখিলে লোকে জানিতে পারে যে ঐ ব্যক্তি পুলিসের লোক; কারণ তাহার চাপরাস আছে তুমি যদি পরমেশ্বরের চাপরাস পাইয়া থাক, তাহা হইলে, অবশ্য সকলে তোমায় জানিতে পারিবে।

৩৭। ভাব পাকিলে তাহাকেই প্রেম বলে।

৩৮। পাতকোয়ার পার্শ্বে দণ্ডায়মান থাকিলে যেমন সর্ব্বদাই পড়া হয়, সংসারকেও তদ্রূপ জ্ঞান করিবে।

৩৯। যেমন কালীসাধনের জন্য শ্মশানে গিয়া মড়ার বুকে বসিয়া সাধনা করিতে হয়, এবং মড়া মাঝে মাঝে 'হাঁ' করিলে, তাহার মুখে ছাই ছোলা ভাজা দিতে হয়; সেইরূপ সংসাররূপ শবে বসিয়া ঈশ্বর সাধনা করিতে হইলে, সংসারে যে যাহা চায়, তাহার ব্যবস্থা করিয়া, পরে ঈশ্বরোপাসনা করিবে।

৪০। "অভিমান" বা "আমিত্ব" কিছুতেই যাইতে চাহে না। যেমন পেঁয়াজ কিম্বা রশুন ছাঁচিয়া কোন পাত্রে রাখিলে, তাহাকে শতবার ধৌত করিলেও গন্ধ যায় না, আমিত্ব অভিমানও তদ্রূপ যাইয়াও যায় না। ছাগল কাটা হইলেও সে কিয়ৎক্ষণ নড়িতে থাকে, আমিত্ব অভিমান কাটিয়া ফেলিলেও কিছুক্ষণ নড়ে। নারিকেল গাছের পাতা ঝরিয়া গেলেও তাহার একটা দাগ থাকে, আমিত্ব ও অভিমান গেলেও তাহার একটা দাগ থাকে। (ক্রমশঃ)

মান্যবর শ্রীযুক্ত এডুকেশন গেজেট সম্পাদক মহাশয় সমীপেষু।

সম্পাদক মহাশয়!

আপনার সুবিখ্যাত "এডুকেশন গেজেটে" নিম্নলিখিত পত্রখানি প্রকাশ করিয়া বাধিত করিবেন।

সংস্কৃত ভাষায় যে সকল শাস্ত্র পরিলক্ষিত হয়, তন্মধ্যে দর্শন শাস্ত্রই প্রধান। ইহার মধ্যে ন্যায়-দর্শন অপেক্ষাকৃত সূক্ষ্ম বুদ্ধির পরিচায়ক। মহর্ষি গৌতম সর্ব্ব প্রথমে এই ন্যায়সূত্র রচনা করেন। ইহাঁর নিবাস মিথিলায় ছিল। [পত্রপ্রেরক বোধ হয় সারণ ও তন্নিকটবর্ত্তী ভূখণ্ডকে মিথিলারই অন্তর্নিবিষ্ট করিয়াছেন। এঃ সঃ] সুতরাং অনেক দিন পর্য্যন্ত মিথিলাদেশেই ন্যায়শাস্ত্রের অধ্যয়ন ও অধ্যাপনা হইয়া আসিতেছিল। ভারতবর্ষীয় অন্যান্য প্রদেশ হইতে যে সকল ছাত্র মিথিলায় ন্যায়শাস্ত্র অধ্যয়নার্থ গমন করিত, তাহারা স্বদেশে পত্রদ্বারা পাঠান্তে পুস্তকখানি গ্রহণ করিয়া সেই সকল ছাত্রকে বিদায় করিয়া দিতেন। এই কারণে বহুকাল পর্য্যন্ত অন্যান্য দেশে ন্যায়শাস্ত্রের উন্নতি হয় নাই।

প্রায় আট শত বৎসর পূর্ব্বে নবদ্বীপ নিবাসী বাসুদেব সার্ব্বভৌম নামা কোন ব্যক্তি মিথিলায় প্রসিদ্ধ অধ্যাপক পক্ষধর মিশ্রের নিকট অধ্যয়নার্থ গমন করেন। তিনি পূর্ব্ব হইতেই জানিতেন, পাঠ সমাপ্ত হইলে পুস্তকখানি প্রত্যর্পণ করিয়া যাইতে হইবে। সুতরাং তিনি স্বীয় স্মৃতি শক্তির প্রভাবে গৌতমসূত্র, ন্যায়বীধিতি ও কুসুমাঞ্জলি প্রভৃতি তৎকাল প্রচলিত ন্যায়গ্রন্থ কণ্ঠস্থ করিয়া নবদ্বীপে আগমন পূর্ব্বক ন্যায়শাস্ত্র অধ্যাপনার সূত্রপাত করেন। ইনি সার্ব্বভৌম নিরুক্তি নামক ন্যায়গ্রন্থ রচনা করেন। কিয়ৎকাল পরে তদীয় প্রতিভাশালী ছাত্র রঘুনাথ শিরোমণি মিথিলায় পক্ষধর-মিশ্রের নিকট প্রথমে ছাত্রত্ব স্বীকার করিয়া পরে অসাধারণ তর্কবলে তাঁহাকে পরাস্ত করিয়া নবদ্বীপের প্রাধান্য স্থাপন করেন, এবং চিন্তামণি দীধিতি, পদার্থতত্ত্ব নিরূপণ, নঞর্থবাদ, প্রামাণ্যবাদ নানার্থবাদ, ক্ষণভঙ্গুরবাদ, আখ্যাতবাদ প্রভৃতি গ্রন্থ রচনা করিয়া জগদ্বিখ্যাত হন। তৎপর নবদ্বীপের নিম্ন লিখিত নৈয়ায়িকগণ নিম্ন লিখিত ন্যায় গ্রন্থ সকল রচনা করিয়া নবদ্বীপকে ভারত বর্ষের একটি গৌরবের ক্ষেত্র করিয়া তুলেন। হরিদাস ন্যায়ালঙ্কার হরিদাসী টীকা, রামভদ্র সার্ব্বভৌম পদার্থতত্ত্ব বিবেচন প্রকাশ, কুসুমাঞ্জলি-কারিকা-ব্যাখ্যা, গুণ কিরণাবলী-রহস্য, তর্কদীপিকাপ্রকাশ, চিন্তামণিভাষ্য ও সমাসবাদ, মথুরানাথ তর্কবাগীশ মাথুরী টীকা, জগদানন্দ সিদ্ধান্তবাগীশ সারমঞ্জরী কারকচক্র প্রভৃতি, হরিরাম তর্কবাগীশ অনুমিতি বিচার, রত্নকোষ

সমাসবাদ-রহস্য-মঙ্গলবাদ, অমাশ-প্রমোগ বিধি রহস্যবাদ, নবীনমত বিচার প্রভৃতি, জগদীশ তর্কালঙ্কার অনুমান দীধিতি, সামান্যাভাব ব্যাপ্যত্বগম, সিংহ ব্যাঘ্র, পক্ষতা ইত্যাদি, রামভদ্র সিদ্ধান্ত বাগীশ সুবোধিনী, রঘুদেব ন্যায়ালঙ্কার নঞ্বাদ বিবেচন, ঈশ্বরবাদ সামগ্রীবাদ প্রভৃতি, গদাধর ভট্টাচার্য্য গাদাধরী টীকা প্রথমা ব্যুৎপত্তি অনুমিতি মানস, বাদার্থ বিচার, রত্নকোষ, বাদার্থ বিচার অনুকরণ, বিচার সাদৃশ্যবাদ, শক্তিবাদ, মুক্তিবাদ প্রভৃতি, শ্রীকৃষ্ণ ন্যায়ালঙ্কার ভাবদীপিকা, কমরাম ন্যায়পঞ্চানন ব্যাখ্যাসুধা, আলোকবিবেক প্রভৃতি, বিশ্বনাথ ন্যায়পঞ্চানন ভাষা পরিচ্ছেদ, সিদ্ধান্ত মুক্তাবলী, ন্যায়সূত্রবৃত্তি, অবলোক প্রভৃতি কৃষ্ণনাথ ন্যায় বাচস্পতি গুণ প্রকাশ দীধিতি, ভাব প্রকাশিকা প্রভৃতি, শিবরাম বাচস্পতি মুক্তিবাদের টীকা, কৃষ্ণকান্ত বিদ্যাবাগীশ পদার্থ তত্ত্বের টীকা, মাধবচন্দ্র তর্কসিদ্ধান্ত সুবোধটীকা, হরমোহন চূড়ামণি সামান্যলক্ষণা ব্যাখ্যা, হরিনাথ তর্কসিদ্ধান্ত শক্তিবাদ মুক্তিবাদের টীকা, এবং বর্ত্তমান প্রধান নৈয়ায়িক শ্রীযুক্ত যদুনাথ সার্ব্বভৌম মহাশয় দৌণ্ডাধিকার বা আত্মতত্ত্ব বিবেকের টীকা রচনা ও বলদেবী বিবেচনা প্রথম প্রকাশ করিয়াছেন।

যদিও নবদ্বীপে স্মৃতি, জ্যোতিষ, তন্ত্র প্রভৃতি শাস্ত্রের বহু গ্রন্থকার ও অধ্যাপক জন্মিয়াছেন তথাপি ন্যায়গ্রন্থসমূহের উৎপত্তি হেতু নবদ্বীপ কেবল ভারতবর্ষ কেন, সমুদয় পৃথিবীতে প্রসিদ্ধি লাভ করিয়াছে। অদ্যাপি নবদ্বীপের ন্যায় পৃথিবীর অন্য কুত্রাপি ন্যায়শাস্ত্রের অনুশীলন পরিলক্ষিত হয় না। যে মিথিলা ন্যায়শাস্ত্রের জন্মভূমি আজও সেই মিথিলার অসংখ্য ছাত্র নবদ্বীপে আসিয়া ন্যায়শাস্ত্র অধ্যয়ন করিয়া যাইতেছেন। একমাত্র ন্যায়শাস্ত্র অনুশীলনের জন্যই উৎকল, মহারাষ্ট্রী, তৈলঙ্গী, পঞ্জাবী প্রভৃতি ছাত্রবর্গকে নবদ্বীপে বাঙ্গালীগুরুর পদপ্রান্তে বিরাজমান দেখিতে পাওয়া যায়।

রঘুনাথ শিরোমণির সময় হইতে নবদ্বীপে এক একটী নৈয়ায়িক প্রাধান্যলাভ করিয়া আসিতেছেন, এই পদটী বড়ই গৌরবের। নৈয়ায়িকগণের মধ্যে যিনি বিদ্যা বুদ্ধি ও অধ্যাপনায় সর্ব্বশ্রেষ্ঠ এবং বিচারে সভাজয়ী তাঁহাকেই এই পদ প্রদত্ত হয়। ইহাতে আর্থিক লাভ ও আছে; বঙ্গ, বিহার, উৎকল প্রভৃতি প্রদেশে বিদ্বদ্বালোকের বাটীতে বিবাহ, প্রাদ্ধ, জলাশয়োৎসর্গ, মঠ প্রতিষ্ঠা প্রভৃতি যে সকল বেদ বোধিত ক্রিয়াকাণ্ড অনুষ্ঠিত হয়, তাহাতে নবদ্বীপের প্রধান নৈয়ায়িক প্রধান দান প্রাপ্ত হইয়া থাকেন। প্রাচীন কাল হইতে এ পর্য্যন্ত কে কে প্রধানত্ব লাভ করিয়াছেন তাহার ধারাবাহিক কোন তালিকা প্রাপ্ত হওয়া যায় না। তবে এক সময় হরিরাম তর্কবাগীশ নবদ্বীপের প্রধান নৈয়ায়িক ছিলেন, তাঁহার পর গোবিন্দ ন্যায়বাগীশ, তদনন্তর রামনারায়ণ তর্কপঞ্চানন, পঞ্চাননের পর হরিরাম তর্কসিদ্ধান্ত, তারপর শঙ্কর তর্কবাগীশ, অনন্তর কাশীনাথ চূড়ামণি, তদনন্তর শ্রীরাম শিরোমণি, শিরোমণির পর হর মোহন চূড়ামণি, চূড়ামণি মহাশয়ের মৃত্যু হইলে তদীয় মধ্যম ভ্রাতা মহামহোপাধ্যায় ৺ ভুবনমোহন বিদ্যারত্ন মহাশয় এই পদে অভিষিক্ত ছিলেন। কিছু দিন হইল তাঁহার মৃত্যু হইয়াছে। সংপ্রতি নবদ্বীপের দুইটি অধ্যাপক এই পদের প্রার্থী। প্রথম শ্রীযুক্ত যদুনাথ সার্ব্বভৌম, দ্বিতীয় শ্রীযুক্ত রাজকৃষ্ণ তর্কপঞ্চানন মহাশয়। অবশ্য ইহাঁরা উভয়েই পণ্ডিত এবং নিয়ত অধ্যাপনা করিতেছেন। তবে যিনি অধিক গুণসম্পন্ন তাঁহারই উপর প্রাধান্য ন্যস্ত হইলে সকলে সুখী হইবে এবং পদেরও গৌরব অক্ষুণ্ণ থাকিবে। নিরপেক্ষ ভাবে বিচার করিয়া দেখিলে অনুমিত হয় যে, শ্রীযুক্ত যদুনাথ সার্ব্বভৌম মহাশয়ই এই পদের প্রকৃত অধিকারী; তাঁহাকেই এই পদ প্রদান করা কর্ত্তব্য। সার্ব্বভৌম মহাশয় অতীব তীক্ষ্ণবুদ্ধি সম্পন্ন এবং ইহাঁর শাস্ত্রে অতীব ব্যুৎপত্তি। ইনি জীবনের প্রথম হইতে এ পর্য্যন্ত অবিশ্রান্ত সুচারুরূপে অনেক ছাত্র অধ্যাপন করিয়া আসিতেছেন। যে সময় ৺ ভুবনমোহন বিদ্যারত্ন মহাশয় ও ৺ প্রসন্নচন্দ্র তর্করত্ন মহাশয় ছাত্র অধ্যাপন করিতেন তখনও সার্ব্বভৌম মহাশয় তাঁহাদের প্রতিদ্বন্দ্বী রূপে অধ্যাপনা করিতেন। তখনও মৈথিলী ছাত্র ইহাঁর চতুষ্পাঠীতেই অধিক অধ্যয়ন করিত। এখন ত ইহাঁর চতুষ্পাঠী ব্যতীত নবদ্বীপে ন্যায়শাস্ত্র পড়িবার সম্যক্ সুবিধা নাই বলিলেও অত্যুক্তি হয় না। ইনি অতি শান্ত ও সদনুষ্ঠান-নিরত। প্রাতে মধ্যাহ্নে ও অপরাহ্নে ছাত্রদিগের সন্নিহিত থাকিয়া অধ্যাপনা করেন। ইনি ন্যায়শাস্ত্রের যে টীকা করিয়াছেন তাহা পণ্ডিত মণ্ডলীর অতি আদরের ধন। কিছু দিন হইল গবর্ণমেণ্ট নবদ্বীপের দুইটী প্রধান ন্যায়ের অধ্যাপককে বৃত্তি দেওয়া স্থির করিয়া প্রথম বৃত্তি ৺ ভুবনমোহন বিদ্যারত্ন মহাশয়কে ও দ্বিতীয় বৃত্তি শ্রীযুক্ত যদুনাথ সার্ব্বভৌম মহাশয়কে প্রদান করিয়াছেন। এতদ্ভিন্ন উভয়ের মধ্যে এই প্রাধান্য নিরূপণের জন্য নদীয়ার ভূতপূর্ব্ব মহারাজার সভায় সংপ্রতি যে বিচার হইয়াছিল তাহা নিম্নে লিখিত হইল।

[অতঃপর পত্রপ্রেরক মহাশয় রাজ সভার বিচারের কথা লিখিয়াছেন। বিশিষ্ট প্রমাণাভাব বশতঃ আমরা তাঁহার সেই অংশটুকু পত্রিকায় করিতে পারিলাম না। এঃ সঃ]

যাহা হউক উপসংহারে আমরা এই মাত্র বলিতে চাই যে খাতিরে কিম্বা অনুরোধে পড়িয়া নবদ্বীপের এই প্রধান গৌরবের পদটী যেন অন্য কাহাকেও না দেওয়া হয়। প্রকৃত যোগ্য ব্যক্তিকে এই পদে অভিষিক্ত দেখিলে সকলেই সন্তোষ লাভ করিবেন।

নিবেদক
কাব্যব্যাকরণোপাধিক শ্রীশরচ্চন্দ্র শর্ম্মা
নবদ্বীপ।

এডুকেশন গেজেট।

২৫শে কার্ত্তিক ১৩০০। ইং ১০ই নবেম্বর ১৮৯৩।

মহারাণীর পত্র।

যুবরাজ পুত্র ডিউক অফ্ ইয়র্কের বিবাহোৎসব উপলক্ষে উইণ্ডসর রাজপ্রাসাদ হইতে শ্রীমতী মহারাণী যে পত্রখানি লিখিয়াছিলেন সেই পত্রখানি পুনঃ প্রকাশিত করিবার জন্য বাঙ্গাল গবর্ণমেণ্টের প্রতিনিধি অণ্ডার সেক্রেটরী আমাদিগকে উহার একটি বাঙ্গালা অনুবাদ পাঠাইয়া দিয়াছেন। নিম্নে তাহা যথাযথ উদ্ধৃত করা গেল—

১২১২ নং।

ভারতবর্ষের গবর্ণমেণ্ট।

পব্লিক।

সিমলা, ১৮৯৩ সাল ৩১ আগষ্ট।

বিজ্ঞাপন।

ভারতবর্ষের অধীশ্বরী শ্রীশ্রীমতী মহারাণীর নিম্নলিখিত পত্রখানি ১৮৯৩ সালের ১১ জুলাই তারিখের লণ্ডন গেজেটের ক্রোড়পত্রে প্রকাশিত হইয়াছে এবং সাধারণের অবগতির নিমিত্ত পুনঃপ্রকাশিত হইল।

ছোআইটহল, ১৮৯৩ সাল ১০ জুলাই।

হোম ডিপার্টমেণ্টের মান্যবর শ্রীযুক্ত সেক্রেটরী অব ষ্টেট সাহেব শ্রীশ্রীমতী মহারাণীর নিম্নলিখিত পত্রখানি প্রাপ্ত হইয়াছেন।

উইণ্ডসর রাজপ্রাসাদ। ১৮৯৩ সাল ১০ জুলাই।

শ্রীশ্রীমতী মহারাণীর প্রিয় পৌত্র শ্রীযুত ডিউক অব ইয়র্কের সহিত তদীয়া প্রেয়সী বধূ টেকের রাজকুমারী শ্রীমতী ভিক্টোরিয়া মেরির বিবাহ উপলক্ষে শ্রীশ্রীমতী মহারাণীর প্রজাগণ তাঁহার প্রতি এবং তাঁহার পরিবারবর্গের প্রতি যেরূপ আশ্চর্য্যভাবে প্রগাঢ় রাজভক্তি ও অনুরাগ প্রদর্শন করিয়াছেন তাহাতে শ্রীশ্রীমতী মহারাণী কি পর্য্যন্ত আনন্দিত ও মুগ্ধ হইয়াছেন তাঁহার প্রজাগণকে তাহা অবগত করিতে তাঁহার পুনরায় অভিলাষ হইয়াছে।

বস্তুতঃ শ্রীশ্রীমতী মহারাণীর পক্ষে ইহা নূতন নহে। তাঁহার সুখে ও দুঃখে তিনি যে চিরকাল তাঁহার প্রজাগণের নিকট আন্তরিক ও স্নেহপূর্ণ সহানুভূতি প্রাপ্ত হইয়াছেন ইহা তিনি হৃদয়ে প্রগাঢ়রূপে উপলব্ধি করিয়া থাকেন।

শ্রীশ্রীমতী মহারাণী জানেন যে তাঁহার হৃদয় তাঁহার সুবিশাল সাম্রাজ্যের প্রজাবর্গের হর্ষবিষাদে প্রকৃতই কিরূপ বিচলিত হয় তাঁহার প্রজাবর্গ তাহা অবগত আছেন এবং তিনি ইহাও জানেন যে তাঁহার ও তাঁহার প্রজাবর্গের মধ্যে এই যে মধুর আছে ইহাই তাঁহার সাম্রাজ্যের প্রকৃত বল।

শ্রীশ্রীমতী মহারাণীর স্নেহাস্পদ পৌত্র ও পৌত্রবধূর সুখ ও মঙ্গল লাভ হউক প্রজাবর্গের সহিত সম্মিলিত হইয়া শ্রীশ্রীমতী মহারাণীও এই ঐকান্তিক প্রার্থনা ও কামনা করিতেছেন।

ভিক্টোরিয়া, আর, আই।

সি, জে, লায়ল,

ভারতবর্ষের গবর্ণমেণ্টের সেক্রেটরী।

পাটনা বিভাগ।

১৮৯২-৯৩ সালের পাটনা বিভাগের বাৎসরিক শাসন বিবরণী বিষয়ক রিপোর্টের উপর—বাঙ্গাল গবর্ণমেণ্টের মন্তব্যের মর্ম্ম নিম্নে বিবৃত হইল—

বৎসরকাল মধ্যে বিভাগের পরিদর্শন ব্যাপার মোটের উপর ভালই হইয়াছে। উপযুক্ত সময়ে বৃষ্টির অভাবে ভাদুই ফসল ভাল জন্মিতে পায় নাই। যাহাও জন্মিয়াছিল আগষ্ট মাসের অত্যধিক বৃষ্টিতে স্থানে স্থানে তাহারও অনেক নষ্ট হইয়া গিয়াছে। আমন ধান খুবই ভাল জন্মিবে বলিয়া প্রথমে বুঝা গিয়াছিল, কিন্তু হস্তা নক্ষত্রের জল রীতিমত না পাওয়ায় তাহা হইতে পায় নাই। পূর্ব্ব বৎসরাপেক্ষা অধিক পরিমাণ ভূমিতে এবারে রবি শস্যের চাষ দেওয়া হইয়াছিল। উক্ত ফসলও ভাল জন্মিবে বলিয়া ফেব্রুয়ারি মাসের শেষ পর্য্যন্ত আশা ছিল, কিন্তু পরবর্ত্তী বৃষ্টি বাদলে উহার অনেক অপচয় হওয়ায় সে আশা ঘুচিয়া যায়।

লোকের স্বাস্থ্য উক্ত বৎসর ভাল ছিল না। বিশুদ্ধ পানীয় জলের অভাব প্রভৃতি কারণে ওলাউঠা, ম্যালেরিয়া জ্বর এবং অপরাপর ব্যারাম খুবই প্রবল হইয়া উঠিয়াছিল। প্রতি হাজারে ৩৬·৫ জন হিসাবে লোকের মৃত্যু হয়।

বিভাগস্থ লোকদিগের অবস্থা আদৌ ভাল নহে, বিশেষতঃ উত্তর বেহারের অধিবাসিগণের অবস্থা আরও শোচনীয়। তথায় মজুরদিগের মজুরীর হার অল্প অথচ জমির খাজনার হার বেশী। লোকের বসতিও অধিক। অধিকাংশ অধিবাসী রীতিমত খাইতে পায় না। গত বৎসর চাউল ও রবি-ফসল ভালরূপ জন্মে নাই বলিয়া মার্চ মাসে দরভাঙ্গা ও মজঃফরপুরে দুর্ভিক্ষ পূর্ত্ত খুলিতে হইয়াছিল। সুখের বিষয় যে ১৮৯১-৯২ সালে জলবৃষ্টি ভালরূপ হইয়াছিল তাই, নতুবা কমিসনর বাহাদুর বলিয়াছেন, ঐ সকল স্থানে দারুণ দুর্ভিক্ষ আসিয়া উপস্থিত হইত। ঐ দুই জেলা হইতে প্রকৃত অনাহারে কাহারও মৃত্যু হইয়াছে বলিয়া সংবাদ পাওয়া যায় নাই, কিন্তু উপযুক্ত খাদ্যের অভাবে অনেক বৃদ্ধ ও অসমর্থের যে প্রাণবিয়োগ ঘটিয়াছে সে পক্ষে সন্দেহ নাই। দরভাঙ্গার কলেক্টর উইলিয়মস্ সাহেব বলিয়াছেন, কর্ত্তৃপক্ষীয়েরা মনোযোগী না হইলে অনাহারে অনেককেই মৃত্যু মুখে পতিত হইতে হইত। এই সকল অবস্থা বিবেচনায়ও গবর্ণমেণ্ট উত্তর বেহারের জরিপের ব্যবস্থা করিয়া অন্যায় করিতেছেন বলিয়া যে কথা উঠে, ইহা বড়ই দুঃখের বিষয়।

পূর্ব্ববৎসরে বিভাগে যত নীল জন্মিয়াছিল এবারে তাহার কিঞ্চিদধিক অর্দ্ধেক পরিমাণে জন্মিয়াছে; কিন্তু নীলের দর পূর্ব্ব বৎসরে ছিল ১৮০ টাকা মণ, এবারে বিকাইয়াছে ৩০০ টাকা মণ। মোটের উপর ব্যবসায় বাণিজ্যের এবৎসরে বড় সুবিধা হয় নাই। শস্যের অবস্থা কতকটা ভাল ছিল বলিয়া বিভাগে খাদ্য শস্যের আমদানী পূর্ব্ব বৎসর অপেক্ষা কম হইয়াছিল, এবং খাদ্য-শস্য অধিক সঞ্চিত না থাকায় বিভাগ হইতে অন্যান্য স্থানে উহার রপ্তানীও কমিয়া গিয়াছিল। পূর্ব্ববর্ত্তী দুই বৎ-

সরের তুলনায় বিভাগ হইতে নেপালে লবণের রপ্তানী বৃদ্ধি পাইয়াছিল। বৃদ্ধির কারণ নেপালীরা পূর্ব্বে তিব্বৎ হইতে লবণ আমদানী করিত, এখন ব্রিটিস রাজ্য হইতে করিতে আরম্ভ করিয়াছে।

দায়রার জজ ও সবজজদিগের কর্ত্তৃক নিষ্পন্ন মূল মোকদ্দমার সংখ্যা এবারে কিছু বাড়িয়াছে। ছোট আদালতের মোকদ্দমা ধরিয়া হিসাব করিলে মুন্সেফদিগের বিচারিত মোকদ্দমার সংখ্যাও কিছু বৃদ্ধি পাইয়াছে। বেতনভোগী ম্যাজিষ্ট্রেটগণ গড়ে প্রত্যেকে ৩২৬টি করিয়া মোকদ্দমার বিচার করিয়াছেন। পুলিস চালানী মোকদ্দমার সংখ্যা শতকরা ২০টির হিসাবে বৃদ্ধি পাইয়াছে। গয়া, দরভাঙ্গা, মজঃফরপুর ও পাটনায় অন্ন কষ্ট হওয়ায় এবং পুলিস, জেলাবোর্ড ও মিউনিসিপ্যালিটীর কমিসনরগণ আসামী চালান দেওয়ার পক্ষে কিছু কড়াকড়ি করাতেই এরূপ হইয়াছে। অবৈতনিক ম্যাজিষ্ট্রেটদিগের কার্য্য সন্তোষজনক হইয়াছে, কিন্তু উন্নতি করিবার বিষয় তাঁহাদের এখনও অনেক আছে। দায়রার বিচারে শতকরা ৬৯·২ জন আসামী দণ্ড পাইয়াছে। পূর্ব্ব বৎসরে শতকরা ৬৬·৬ জন সাজা পাইয়াছিল।

দলিল রেজেষ্টরীর সংখ্যাও এবৎসরে বাড়িয়াছে। কলেক্টর বলেন, লোকের অন্নকষ্ট হওয়ায় এবং দরভাঙ্গার মহারাজ, পাঁচবাড়ীর মোহন্ত প্রভৃতি জমিদারবর্গের স্বপক্ষে চাষীগণের পাট্টার রেজেষ্টরী হওয়াতেই দলিল রেজেষ্টরীর সংখ্যা বৃদ্ধি পাইয়াছে। ঐ সকল পাট্টার মধ্যে এক খানিতে বে-আইনি সর্ত্ত দেখিয়া প্রতিনিধি ছোট লাট বাহাদুর দুঃখ প্রকাশ করিয়াছেন।

দরভাঙ্গা ও চম্পারন ব্যতীত বিভাগের আর কোন স্থানে নির্দ্দিষ্ট পরিমাণ গবর্ণমেণ্ট রাজস্ব আদায় হয় নাই। রবিফসল ভালরূপ জন্মে নাই বলিয়াই এরূপ হইয়াছে বলা হইয়াছে, কিন্তু কমিসনর বাহাদুর যখন বলিতেছেন যে ফসল প্রায় ষোল আনা রকমই হইয়াছে তখন রাজস্বের অনাদায় সম্বন্ধে উক্তরূপ ওজর সঙ্গত নহে। খকেয়া আদায় এবং সরকারী খাসমহলের আদায়ও এইরূপ হইয়াছে। ছোট লাট বাহাদুর এই ব্যাপারে সন্তুষ্ট হইতে পারেন নাই। রেভেনিউ বোর্ডকে এবিষয়ে মনোযোগ দিতে হইবে।

আবকারী, ষ্ট্যাম্প ও আয়কর হইতেও গবর্ণমেণ্টের এবারে অধিক টাকা আদায় হইয়াছে।

পাটনা বিভাগে উক্ত বৎসর ৩৭টি উচ্চ শ্রেণীর, ১০৩টি মধ্যশ্রেণীর, ৫ হাজার ৮৪৫টি প্রাথমিক এবং অন্যান্য ৪০টি স্কুল ছিল। ঐ সমস্ত স্কুলে কিঞ্চিদধিক দেড় লক্ষ ছাত্র অধ্যয়ন করিয়াছে। স্কুলে পড়িবার উপযুক্ত বয়ঃপ্রাপ্তগণের মধ্যে শতকরা ১৫·২ জন মাত্র বিভাগস্থ সরকারী এবং বে-সরকারী স্কুলসমূহে অধ্যয়ন করে। পূর্ব্ব বৎসরাপেক্ষা সরকারী স্কুল উক্ত বিভাগে এবৎসরে ৩৬৪টি কম ছিল, এবং সেই সঙ্গে ছাত্রসংখ্যাও ৭ হাজারের অধিক কমিয়া গিয়াছিল। এই ৩৬৪টি স্কুলের মধ্যে প্রাইমারী স্কুলের সংখ্যাই অধিক। অজন্মাকেই ইহার হেতু বলিয়া বলা হইয়াছে। এতদ্ব্যতীত পরীক্ষার ফল দেখিয়া প্রাইমারী স্কুলে পুরস্কার স্বরূপ যে টাকা দিবার প্রথা হইয়াছে তদনুসারে কোন কোন স্কুল হইতে নির্দ্দিষ্ট বৃত্তি উঠাইয়া লওয়ায় এবং অধস্তন পরিদর্শক কর্ম্মচারিগণ উক্ত পুরস্কার প্রদান সম্বন্ধীয় নিয়মের কড়াকড়ি করায় স্কুলের সংখ্যা অনেক কমিয়াছে, এরূপ কারণও দেখান হইয়াছে। পাটনা বিভাগে প্রাইমারী শিক্ষার এই অবনতি দেখিয়া ছোট লাট বাহাদুর অসন্তুষ্ট হইয়াছেন।

পাটনা বিভাগের লোকসংখ্যা চট্টগ্রাম বিভাগের লোকসংখ্যার চতুর্গুণ, কিন্তু চট্টগ্রাম বিভাগের স্কুলসমূহের ছাত্রসংখ্যা অপেক্ষা পাটনা বিভাগের স্কুলসমূহের ছাত্রসংখ্যা কম, আবার চট্টগ্রাম বিভাগের স্কুলসমূহের জন্য যত টাকা ব্যয় হয়, পাটনা বিভাগের স্কুলসমূহের জন্য তাহার প্রায় দ্বিগুণ ব্যয় হয়। শিক্ষাবিভাগের কর্ত্তৃপক্ষীয়গণকে এবিষয়ে মনোযোগ দিতে হইবে। বেহারের বিচার ও কার্য্যকারী পদে বেহারবাসী যে নিযুক্ত হইতে পারে না, প্রতিনিধি ছোট লাট বাহাদুর তজ্জন্য দুঃখ করিয়াছেন। তাঁহার বিশ্বাস পূর্ব্বে বরং ঐ সকল পদে এক্ষণকার অপেক্ষা দুই একজন বেশী লোক নিযুক্ত হইত। যাহা হউক, যদি শিক্ষাবিষয়ক অসুবিধা হেতু এইরূপ হইতে থাকে তবে সেই

অসুবিধার যাহাতে নিরাকরণ হইতে পারে তজ্জন্য চেষ্টা করা যাইবে।

বিভাগে উক্ত বৎসর সর্ব্বশুদ্ধ ৫০টি ডিস্পেন্সরী ছিল। ঐ সকল ডিস্পেন্সরীতে বৎসরকাল মধ্যে ৪ লক্ষ ৯০ হাজার জন রোগীর চিকিৎসা হইয়াছিল। ব্যয় হইয়াছিল ১ লক্ষ ২১ হাজার ৯৩৯ টাকা। এই ব্যয় চট্টগ্রাম বিভাগের ডিস্পেন্সরী সমূহের ব্যয় অপেক্ষা প্রায় চারি গুণ অধিক। মিউনিসিপ্যালিটী ও জেলাবোর্ডের কার্য্য মোটের উপর সন্তোষজনক হইয়াছে।

গোরক্ষণী সভাসমূহের বাড়াবাড়িতেই বিভাগস্থ হিন্দু মুসলমানে বিবাদ ঘটিয়াছে বলিয়া কমিসনর ফর্বিস সাহেব বলিয়াছেন। বেহারের হিন্দুরা শান্ত ও পরিশ্রমী বলিয়া ছোট লাট বাহাদুরের কিন্তু জানা আছে। এরূপ অবস্থায় গরুর উপর হিন্দুর অচলা ভক্তি থাকিলেও ব্যাপারটি যেরূপ দাঁড়াইয়াছে তাহাতে বাহিরের লোকের উত্তেজনা না থাকিলে যে এরূপ হইয়াছে, বোধ হয় না। কিন্তু উত্তেজনা যে কেবল হিন্দুর পক্ষে তাহা নহে, মুসলমানেরাও এই দোষে দোষী। ফলকথা, উভয় পক্ষের দোষেই গোলযোগ ঘটিয়াছে। গোহত্যা নিবারণের সম্ভবমত চেষ্টায় বেহারের হিন্দুগণ প্রতিনিধি ছোট লাট বাহাদুরের সমানুভূতি পাইতে পারিবেন। পূর্ব্ব প্রচলিত প্রথা যেরূপই থাকুক, হিন্দুর মনে কষ্ট হয় এরূপ ভাবে গোহত্যা হইতে পাইবে না। মুসলমান সম্প্রদায়ের নেতৃগণের সাহায্যে ইহারই মধ্যে এসম্বন্ধে অনেকটা উন্নতি সাধিত হইয়াছে। ভারত কৃষিপ্রধান দেশ। এখানে গরুর সাহায্যে চাষ হইয়া থাকে। সেই গোজাতির যাহাতে উন্নতি হয় গোরক্ষণী সভাসমূহ সে বিষয়ে সচেষ্ট। পরন্তু গোজাতির মঙ্গলের জন্য গবর্ণমেণ্টকে কোন একটা কিছু করিতে হইবে। সে বিষয়ে গোরক্ষণী সভাসমূহ যদি গবর্ণমেণ্টের সহিত যোগ দেন তাহা হইলে উভয়ের চেষ্টায় উক্ত কার্য্য সুচারুরূপে সম্পন্ন হইয়া দেশের মঙ্গল সাধিত হয় এবং বেহারের হিন্দু মুসলমানের মধ্যে মনান্তর ঘুচিয়া যাইবারও একটা উপায় হয়।

সংস্কৃত শিক্ষার উন্নতি চেষ্টা।

বর্ত্তমান মাসের 'বিদ্যোদয়' নামক মাসিক পত্রিকার সঙ্গে আমরা একখানি বিজ্ঞাপন প্রাপ্ত হইয়াছি। উক্ত বিজ্ঞাপনের মর্ম্ম এবং তৎসম্বন্ধে আমাদের যে কিছু মন্তব্য নিম্নে বিবৃত করা যাইতেছে।

সংস্কৃত শাস্ত্রাধ্যয়নের বহুল প্রচার এবং সেই সঙ্গে বর্ণাশ্রমাচারেরও অনুষ্ঠান শিক্ষা যাহাতে সম্পূর্ণরূপে হইতে পায়, তাহার উপায় করা কর্ত্তব্য। বিষয়টীর সম্যক্ সাধন জন্য আপাততঃ যে সকল গ্রাম বা নগরের নিকটবর্ত্তী স্থানে সংস্কৃত বিদ্যাচর্চ্চার স্থান নাই, সেই সেই স্থানে উপযুক্ত পণ্ডিত রাখিয়া এক একটি বিদ্যালয় স্থাপন এবং যে সকল স্থানে পূর্ব্ব হইতেই সংস্কৃতের চর্চ্চা আছে, যথোচিত বৃত্তি বা পুরস্কার প্রভৃতি দানের ব্যবস্থা করিয়া সেই সকল স্থানের পণ্ডিতদিগের উৎসাহবর্দ্ধনরূপ চেষ্টা করা কর্ত্তব্য। সে সকল স্থানে এক্ষণে অনুষ্ঠানের প্রচলন আছে, সেই সেই স্থানে অনুষ্ঠান শিক্ষার নিমিত্ত মঠ স্থাপন করা এবং নিজ পুরোহিত বা পুরোহিত বংশীয় বালকদিগকে সেই সেই মঠে প্রেরণ করিয়া অনুষ্ঠান শিক্ষা দেওয়ার ব্যবস্থা করা উচিত। ভট্টপল্লী নিবাসী শ্রীযুক্ত মধুসূদন স্মৃতিরত্ন মহাশয় ও তাঁহার সুযোগ্য পুত্র শ্রীযুক্ত হৃষীকেশ শাস্ত্রী, শুনিতেছি, ইহাঁরা কেবল অনুষ্ঠান শিক্ষা দিবার নিমিত্ত ভাটপাড়ায় "আনন্দ মঠ" নামক একটি মঠ স্থাপনের জন্য কৃতসংকল্প হইয়াছেন এবং ভিতরে ভিতরে উদ্যোগও করিতেছেন; কিন্তু অর্থাভাব বশতঃ কার্য্যে বিলম্ব হইতেছে। প্রধান অভাব দুইটি—(১) প্রয়োজনমত প্রশস্ত গৃহ নির্ম্মাণোপযোগী অর্থাভাব; (২) বেদমন্ত্রসমূহের সম্যক্‌রূপ উচ্চারণ শিক্ষা দিবার জন্য ৺ বারাণসীধাম বা মহারাষ্ট্র দেশ হইতে জনৈক উপযুক্ত বেদজ্ঞ পণ্ডিত আনিয়া নিযুক্ত করিতে হইলে মাসিক অন্ততঃ যে ৩০ টাকা বৃত্তি তাঁহাকে দিতে হইবে তাহার অভাব।

উল্লিখিত বিষয়গুলি আমাদের অনুমোদিত। ব্রাহ্মণ পণ্ডিতই আমাদের সমাজের বল। ব্রাহ্মণ পণ্ডিত লইয়াই আমাদের সমাজ। কিন্তু দুঃখের বিষয় সেই ব্রাহ্মণ পণ্ডিতদিগের দিকে আজ কাল নব্যেরা অনেকেই সভক্তিক দৃষ্টি করেন না। ব্রাহ্মণ পণ্ডিতগণ অনেক স্থলে বিমুখী লোকদিগেরই নিকট প্রত্যাশাপন্ন,

কিন্তু বিষয়ী লোকদিগের মধ্যে বিজাতীয় শিক্ষায় বিকৃত অনেকেই আজ কাল ব্রাহ্মণ পণ্ডিতদিগের উপর বড়ই বিরক্ত। তাঁহাদের অশিষ্ট ব্যবহারেই ব্রাহ্মণ পণ্ডিতদিগকে পেটের দায়ে অনেক স্থলে মিথ্যা শঠতা ও প্রবঞ্চনা দোষে দূষিত হইতে হয়, নতুবা মোটা ভাত মোটা কাপড়ের সংস্থান থাকিলে ব্রাহ্মণ পণ্ডিত শ্রেণীই সমাজের মধ্যে উৎকৃষ্ট শ্রেণীর লোক বলিয়াই আমাদের ধ্রুব বিশ্বাস। হিন্দু সমাজ ব্রাহ্মণ পণ্ডিতদিগকে কোনরূপ বৃত্তি দানের ব্যবস্থা করিয়া তাঁহাদিগের মোটা ভাত মোটা কাপড়ের সংস্থান বিষয়ে কতকটা সাহায্য করিতে পারিলেই তাঁহারা অনেকটা নিশ্চিন্ত থাকিয়া অধ্যয়ন ও অধ্যাপনাদি দ্বারা দেশে সংস্কৃত শাস্ত্রের উন্নতি সাধন করতঃ সমাজকে প্রোজ্জ্বলভাবাপন্ন করিয়া তুলিতে পারেন; আর এইরূপ উপায়ে তাঁহাদের উৎসাহ ও বলবৃদ্ধি করিতে পারিলেই সমাজের প্রকৃত সংস্কার করা হয়।

পুরোহিত মহাশয়দিগের ছেলেরা যাহাতে রীতিমত অনুষ্ঠান পদ্ধতি শিক্ষা করিতে পারে, তদ্বিষয়ক চেষ্টা অতীব প্রশংসনীয়। এ বিষয়ে সকলেরই বিশেষ সমানুভূতি দেখান উচিত। আমার পুরোহিতের ছেলেটি উৎপথপ্রস্থিত না হইয়া যাহাতে সদ্ভাবে কর্ম্মকাণ্ডগুলি রীতিমত শিক্ষা করিতে পায়, আমার পাড়ার কোন অনাথা বিধবাকে কেবলমাত্র পেটের দায়ে যাহাতে ভ্রষ্টাচারিণী না হইতে হয়, ইত্যাদিরূপ সামান্য সামান্য সংস্কার কার্য্যগুলির দিকে যদি লোকে মনোনিবেশ করে, তাহা হইলে প্রকৃতই সমাজের মঙ্গল হয়; নতুবা সমাজ সংস্কারে বদ্ধপরিকর হইয়া বিকৃত বুদ্ধি ও শিক্ষার দোষে সামাজিক ব্যবহারের অন্তর্নিহিত দিব্যভাবের উচ্ছেদ সংঘটন পূর্ব্বক তাহার স্থানে পাশবভাব প্রবর্ত্তনের চেষ্টায় সমাজের বিকার বই আর সংস্কার সাধিত হয় না। সমাজ তাহাতে অবনত হইয়া পড়ে এবং অধঃপতন শেষে অপরিহার্য্য হইয়া উঠে।

যাহা হউক পূর্ব্বোক্তরূপ উদ্দেশ্য সিদ্ধির জন্য ভট্টপল্লী এবং তদ্দৃষ্টান্তে অপরাপর স্থানে যদি ঐরূপ একটি করিয়া মঠ সংস্থাপিত হয় তাহা হইলে বড়ই ভাল হয়। এরূপ কার্য্যের ব্যয় সংকুলান জন্য হিন্দু সমাজের সবিশেষ মনোযোগী হওয়া সর্ব্বথা কর্ত্তব্য। তবে এক কথা আমরা এই বলি যে, ইংরাজী ধরণে যাইয়া ব্যয় বাহুল্য না করিয়া যাহাতে দেশীয় প্রণালীতে অল্পে স্বল্পে কার্য্য সম্পন্ন হয় তাহার জন্য সচেষ্ট হওয়া উচিত। সেই রূপ করিলেই এ গরিবের দেশে কার্য্য ফলে পরিণত হইবার পক্ষে অনেকটা আশা থাকিবে; নতুবা কাঁচা বাড়ীতে, চালা ঘরে কাজ হইবে না, প্রশস্ত পাকা ইমারৎ বানাইতে হইবে, ইত্যাদি রূপ বাহ্য আড়ম্বরের দিকে যাইলেই আসল কার্য্য ভণ্ডুল হইবার সম্ভাবনা।

উপসংহারে আর একটি কথা আমরা বলিব। বিজ্ঞাপন খানি পড়িয়া আমরা বড়ই আনন্দ পাইয়াছিলাম, কিন্তু এরূপ বিজ্ঞাপন যাহাতে সনাতন বর্ণাশ্রম ধর্ম্ম শিক্ষা দেওয়ার কথা হইতেছে, যাহাতে বংশপরম্পরা আদৃত শিষ্টাচার সংরক্ষণের কথা হইতেছে, তাহার শেষে বি, কে, লাহিড়ী নামটী স্বাক্ষর আমাদের কেমন কেমন বলিয়া বোধ হইল। ইহাতে আমাদের আপত্তি তত বিশেষ নাই, তবে কি না, নাম স্বাক্ষরটি ইংরাজী ধরণে না হইয়া প্রচলিত ও পবিত্র হিন্দু রীতির অনুসারে লাহিড়ী উপাধিকস্য অমুক দেবশর্ম্মণঃ ইত্যাদি রূপ পুরা নাম স্বাক্ষর করিলেই ভাল হইত এবং তাহা হইলে আমরাও জানিয়া রাখিতে পারিতাম যে বটকৃষ্ণ কি বাণীকণ্ঠ কি বিক্রমকেশরী বলিয়া আমাদের সমাজের হিতাকাঙ্ক্ষী এক জন ব্যক্তি আছেন।

হৈমন্তিক ধান্যের প্রথম পূর্ব্বাভাস।

১৮৯৩ সালের ১৫ই সেপ্টেম্বর পর্য্যন্ত বাঙ্গালার হৈমন্তিক ধান্যের উৎপত্তি বিষয়ক প্রথম পূর্ব্বাভাসের সংক্ষিপ্ত সরকারী বিবরণ আমরা প্রাপ্ত হইয়াছি। নিম্নে উহার মর্ম্ম উদ্ধৃত করা যাইতেছে—

বর্ত্তমান বর্ষের জানুয়ারী মাস হইতে এপ্রেল মাস পর্য্যন্ত প্রচুর পরিমাণে নিয়ত বৃষ্টি হওয়ায় হৈমন্তিক ধান্যের আবাদের জন্য জমির পাট প্রভৃতি সাধারণতঃ ভালরূপ হইতে পাইয়াছিল। পরবর্ত্তী মে, জুন, জুলাই মাসেও অত্যধিক বৃষ্টি হওয়ায় ধান রোয়ার পক্ষে মোটের উপর সুবিধাই হইয়াছিল, কেবল উলুবেড়িয়া, ডায়মণ্ড হার্ব্বার, কুষ্টিয়া মেহেরপুর এবং যশোহর জেলার সদর ও ঝিনেদহ মহকুমার ধানের

জমি সকল নাবাল বলিয়া জলমগ্ন থাকায় ঐ সকল স্থানে রোয়ার পক্ষে ততটা সুবিধা হইতে পায় নাই। আগষ্ট মাস ও সেপ্টেম্বর মাসের প্রথমার্দ্ধ কাল যাবৎ বৃষ্টি অত্যধিক না হইলেও বড় কম হয় নাই, কিন্তু তাহা চাষের পক্ষে অনুকূলই হইয়াছিল। আগষ্ট মাসে পূর্ব্ববঙ্গে ঢাকা বিভাগের অন্তর্গত সমস্ত জেলা ও ত্রিপুরা জেলা এবং উত্তর বেহারে দরভাঙ্গা, চম্পারণ, ভগলপুর ও মজফরপুরের স্থানে স্থানে হঠাৎ ভয়ানক বন্যা আসায় বিস্তর শস্যের অপচয় হয় এবং অনেক স্থানে রোয়ার পক্ষেও বিশেষ ব্যাঘাত জন্মে। সংক্ষেপে বলিতে হইলে, যে সকল স্থান বন্যা প্রভৃতি কারণে জলে বুড়িয়াছিল কেবলমাত্র সেই সকল স্থান ব্যতীত আর সর্ব্বত্রই অত্যধিক বৃষ্টি হেতু শস্যোৎপত্তির পক্ষে অনিষ্ট না হইয়া বরং ইষ্টই সাধিত হইয়াছে।

১৮৯২ সালে সর্ব্বশুদ্ধ কিঞ্চিদধিক ৮৮২ লক্ষ বিঘা ভূমিতে হৈমন্তিক ধানের চাষ হইয়াছিল। এ বৎসরে প্রায় ৯২১ লক্ষ বিঘা ভূমিতে উক্ত ধানের চাষ হইয়াছে বলিয়া অনুমান করা হইয়াছে। ৬৪টি জেলার মধ্যে ১৬টি জেলায় ১৬ আনা রকম বা তদপেক্ষাও বেশী ফসল হইবে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে; ১৯টি জেলায় ১২ আনা হইতে ১৬ আনা রকম, ১০টিতে ৮ আনা হইতে ১২ আনা এবং অবশিষ্ট একটিতে অর্থাৎ বাখরগঞ্জ জেলায় ৮ আনা রকম শস্যোৎপত্তির রিপোর্ট পাওয়া গিয়াছে। বাখরগঞ্জ জেলা ব্যতীত উলুবেড়িয়া, ডায়মণ্ড হার্ব্বার, কুষ্টিয়া, মেহেরপুর, নদীয়া জেলার সদর মহকুমা, ঝিনিদহ, মাদারিপুর, বাখরগঞ্জের সদর ও ভোলা মহকুমা, ব্রাহ্মণবেড়িয়া, সমস্তিপুর, এবং মজঃফরপুর জেলার সদরে ৮ আনা বা তাহারও কম ফসল উৎপন্ন হইবে সংবাদ পাওয়া গিয়াছে। ৪৬টি জেলার মধ্যে ২৭টিতে ফসল পূর্ব্ব বৎসরাপেক্ষা অধিক হইয়াছে, ৬টিতে সমান এবং ১৩টিতে কম ফসল জন্মিয়াছে। যেরূপ অনুমান করা হইয়াছে তাহাতে শস্যোৎপত্তি এবারে প্রায় ১৬ আনা রকম হইবার পক্ষে অনেকটা নিশ্চয়তাই আছে।

পূর্ত্তবিভাগ সম্বন্ধীয়।

গবর্ণমেণ্টের পূর্ত্তবিভাগের অধীনস্থ সিভিল ইঞ্জিনিয়ারদিগের কার্য্য হইতে অবসর গ্রহণ সম্বন্ধীয় কয়েকটী বিশেষ নিয়ম সম্প্রতি সকৌন্সিল গবর্ণর জেনারেল বাহাদুর ষ্টেট সেক্রেটরীর অভিমতি লইয়া প্রচার করিয়াছেন।

১৮৭৪ সাল হইতে আরম্ভ করিয়া ১৮৮১ সাল পর্য্যন্ত—এই ৮ বৎসর কাল মধ্যে যে সমস্ত সিভিল ইঞ্জিনিয়র কার্য্যে যোগ দিয়াছেন, পূর্ণ ১৫ বৎসর কাল সর্ভিস হইলে তাঁহাদিগের মধ্যে কিয়ৎসংখ্যককে বিশেষ পেন্সন দিবার ব্যবস্থা করিয়া অবসর দেওয়া যাইবে। নিয়মানুসারে তাঁহারা যত টাকা পেন্সন পাইবার যোগ্য তাহার উপর অতিরিক্ত উহার আর একতৃতীয়াংশ পেন্সন তাঁহারা পাইতে পারিবেন, কিন্তু পেন্সনের পরিমাণ বৎসরে ৪ হাজার টাকার অধিক হইবে না।

দ্বিতীয় শ্রেণীর সহকারী ইঞ্জিনিয়ারেরও অধস্তন পদে যিনি প্রথমে নিযুক্ত হইয়া পরে উক্ত পদে উন্নীত হইয়াছিলেন, সেই উন্নীত হইবার তারিখ হইতে ১৮৯৩ সালের ৩১এ ডিসেম্বরে যদি তাঁহার চাকরী ১২ বৎসর পূর্ণ না হয় তাহা হইলে উল্লিখিত রূপ সর্ত্তে তিনি কার্য্য হইতে অবসর গ্রহণ করিতে পারিবেন না। বিদেশীয় সর্ভিসের কোন কর্ম্মচারীও উক্তরূপ সুবিধা ভোগ করিতে পাইবেন না। কোন কর্ম্মচারী উল্লিখিত রূপ সর্ত্তে অবসর পাইবার জন্য প্রার্থনা জানাইলে, ভারতগবর্ণমেণ্ট নিজের ইচ্ছামত সেই প্রার্থনা অগ্রাহ্য করিতে পারিবেন। অগ্রাহ্য করা সম্বন্ধে কোন রূপ কারণ প্রদর্শন করিতে হইবে না।

কর্ম্মচারিগণের সংখ্যার যে কয়েকটী তালিকা দেওয়া হইয়াছে তাহার প্রত্যেকটীর নির্দ্দিষ্ট সংখ্যার একতৃতীয়াংশের অধিক এবং মোটের উপর ১১০ জনের অধিক উপযুক্ত কর্ম্মচারীকে উক্ত সর্ত্তে বিদায় দেওয়া যাইতে পারিবে না।

বর্ত্তমান মাসের ২রা নবেম্বর যাঁহাদের সর্ভিস ১৫ বৎসর পূর্ণ হইয়াছে বা তাহারও অধিক হইয়াছে তাঁহারা উক্ত তারিখ হইতে ৩ মাসের মধ্যে অবসর গ্রহণের জন্য দরখাস্ত করিবেন। আর ২রা নবেম্বর যাঁহাদের সর্ভিস ১৫ বৎসর পূর্ণ হয় নাই, যে তারিখে উহা

হইবে, সেই তারিখ হইতে ৩ মাসের মধ্যে তাঁহাদিগকে দরখাস্ত করিতে হইবে। দরখাস্ত স্থানীয় গবর্ণমেণ্টের হাত দিয়া স্থানীয় গবর্ণমেণ্টের অনুরোধ সহ ভারতগবর্ণমেণ্টের নিকট পাঠাইতে হইবে।

সিমলা বড়লাট বাহাদুরের ব্যবস্থাপক সভায় সভার অন্যতম সদস্য অনারেবল ম্যাকে সাহেব প্রশ্ন করিয়াছিলেন (১) ১৮৯২ সালের ৩১এ মার্চ যে বৎসরের শেষ হইয়াছে উক্ত বৎসর ভারতে কি সর্ব্বশুদ্ধ ২৬ লক্ষ ১ হাজার ২৪১টি বে-সরকারী টেলিগ্রাম হইয়াছিল এবং ঐ সংখ্যার প্রায় অর্দ্ধেক গুলি কি "ডেফার্ড টেলিগ্রাম?" (যাহার ৮টি কথার মূল্য ॥০ আনা); (২) বিলাতের লোকসংখ্যা ৩ কোটি ৭০ লক্ষ; তথায় ঠিকানা সমেত এরূপ ১২টি কথার মূল্য ৬ পেন্স। ভারতের লোকসংখ্যা মোটামুটি হিসাবে ২৮ কোটি এবং তথায় বৎসরে ৫ কোটি ৪০ লক্ষেরও অধিক টেলিগ্রাম হয়। এরূপ অবস্থায় ভারতে টেলিগ্রামের সংখ্যা যাহাতে বৃদ্ধি পায় সে পক্ষে ভারত গবর্ণমেণ্ট বিবেচনা করিতেছেন। যদি তাহা হয় তবে সম্ভবতঃ ভারতে টেলিগ্রামের খরচা আরও কমিতে পারিবে কি না; যদি কমে, তবে সে কবে হইবে? প্রথম প্রশ্নের প্রত্যুত্তরে অনারেবল সার চর্লস প্রিচার্ড বলিয়াছেন, "হাঁ"। ২য় প্রশ্নের প্রত্যুত্তরে বলিয়াছেন, টেলিগ্রামের খরচা যাহাতে চারি আনা পর্য্যন্ত হইতে পারে ভারত গবর্ণমেণ্ট তদ্বিষয় বিবেচনা করিতেছেন, কিন্তু গবর্ণমেণ্টের আর্থিক অবস্থা ভাল না হওয়ায় আপাততঃ এতৎসম্বন্ধীয় জল্পনা স্থগিত রাখা হইয়াছে।

সাপ্তাহিক সংবাদ।

[কলিকাতা] আগামী কল্য শনিবার বেলা ১১ টার সময় কলিকাতা ড্যালহৌসী স্কোয়ার বেঙ্গল কৌন্সিল চেম্বারে ছোটলাট বাহাদুরের ব্যবস্থাপক সভার অধিবেশন হইবে। ছোটলাট বাহাদুর তজ্জন্য উক্ত সভার সদস্যগণকে সভাস্থলে উপস্থিত হইবার জন্য আদেশ করিয়াছেন।

আগামী ৪ঠা ডিসেম্বর সোমবার বেলা ১১ ঘটিকার সময় কলিকাতা হাইকোর্টের পঞ্চম দায়রার অধিবেশন হইবে।

আগামী ১৩ই ডিসেম্বর বুধবার অপরাহ্ণ ২টার সময় বড়লাট বাহাদুরের প্রকাশ্যভাবে কলিকাতায় আগমন হইবে। অপরাহ্ণ ৪টার সময় প্রিন্সেপ ঘাটে অবতরণ করিবেন।

[রাজসাহী] দিনাজপুর জেলার স্ত্রী হাঁসপাতাল নির্ম্মাণের জন্য দিনাজপুরের মহারাজা ১ হাজার টাকা দান করিয়াছেন; এতদ্ব্যতীত হাঁসপাতালের স্ত্রী চিকিৎসকের আবাসবাটী নির্ম্মাণের সমগ্র খরচা ২ হাজার ৭ শত টাকা দান করিয়াছেন।

[উড়িষ্যা] উড়িষ্যা বিভাগের সহকারী ম্যাজিষ্ট্রেট ও ডেপুটি ম্যাজিষ্ট্রেটদিগের বাঙ্গালিক বিভাগীয় পরীক্ষা আগামী ১৫ই নবেম্বর বুধবার কটকের কমিসনরের আফিসে এবং আঙ্গুল ডিষ্ট্রীক্ট আফিসেগৃহীত হইবে। পরীক্ষা প্রত্যহ বেলা ১১টা হইতে আরম্ভ হইবে।

[সাধারণ] বাঙ্গালার ছোটলাট বাহাদুর সার চর্লস ইলিয়ট গত মাসের ১৭ই তারিখে বিলাত পরিত্যাগ করিয়াছেন। ফ্রান্সের কয়েকটী স্থান পরিদর্শন জন্য আসিতে বিলম্ব হইতেছে। শীঘ্রই ভারতে আসিয়া পৌঁছিবেন।

শ্রীযুক্ত চারুচন্দ্র মিত্র উত্তর পশ্চিম ও অযোধ্যা প্রদেশের ব্যবস্থাপক সভার সদস্য নিযুক্ত হইয়াছেন। ব্যারিষ্টার কলভিন সাহেব ও বিশ্ববিদ্যালয়ের তরফ হইতে উক্ত ব্যবস্থাপক সভার সদস্য হইয়াছেন। বর্ত্তমান ব্যবস্থাপক সভায় মিঃ এ চৌধুরীর স্থানে মাদ্রাজের মহারাজ জগদম্বনাথ নিযুক্ত হইয়াছেন বলিয়া শুনা যাইতেছে। বোম্বাই হাইকোর্টে মুন্সেফদের পদে গোবিন্দ মহাদেব বাপাদ নিযুক্ত হইয়াছেন।

দাদাভাই নৌরোজী আগামী ১৭ই নবেম্বর বিলাত পরিত্যাগ করিবেন। ডিসেম্বর প্রথম সেই ভারতে আসিয়া পৌঁছিবেন। ভারতীয় মহাসমিতির অধিবেশন এবারে লাহোরে হইবে। দাদাভাই নৌরোজী উহার সভাপতি হইবেন এরূপ কথা আছে।

১৮৯৪ সালের আগষ্ট মাসে লণ্ডনে ভারতীয় সিভিল সর্ভিসের জন্য যে পরিহোণী পরীক্ষা গৃহীত হইবে তাহার বিবরণ বিগত ৪ঠা নবেম্বরের ইণ্ডিয়া গেজেটে প্রকাশিত হইয়াছে।

পূর্ব্ব বিজ্ঞাপিত গ্রামসমূহ ভিন্ন ফরিদপুরস্থ নিম্নলিখিত গ্রামের নিম্নলিখিত ব্যক্তিগণের নিকট ফরিদপুর মুন্সেফ সব্ ডিভিসন হইতে ওলাউঠার ঔষধ পাঠান হইয়াছে। ধনী দরিদ্র সকলে বিনামূল্যে ইঁহাদের নিকট ঔষধ পাইবেন। ১৯। বাবু দুর্গাপ্রসন্ন চক্রবর্ত্তী কার্ত্তিকপুর। ২০। বাবু গোবিন্দচন্দ্র মুখোপাধ্যায় রামভদ্রপুর। ২১। বাবু মনোমোহন দাস সিংহমুড়ি। ২২। বাবু বিপিনবিহারী দে কুলকুড়ি। ২৩। বাবু হরকুমার সেন কার্ত্তিকপুর। ২৪। বাবু গিরিবালা রায় চৌধুরী খালীয়া। ২৫। বাবু শীশচন্দ্র চট্টোপাধ্যায় খালিয়া। ২৬। বাবু দুর্গাচরণ মুখোপাধ্যায় মাথকাপুর। ২৭। বাবু শশিভূষণ মজুমদার ঐ ২৮। বাবু কৃষ্ণকুমার গুহ মাদারিপুর। ২৯। বাবু কালীমোহন সরকার কোটাপাড়া। ৩০। বাবু অক্ষয়কুমার ঘোষ ঐ। ৩১। বাবু বসন্তকুমার ঘোষ ঐ। ৩২। বাবু বসন্তকুমার বসু। খীপুর। ৩৩। বাবু সত্যেন্দ্রনাথ রায় কোঁয়রপুর। ৩৪। বাবু চন্দ্রকান্ত রায় মজুরা। ৩৫। বাবু নিখিলচন্দ্র রায় পণ্ডিত গাঙ্গা।

[বৈদেশিক] ২রা নবেম্বর পার্লিয়ামেণ্ট বসিয়াছে। ভারতে সিবিল পরীক্ষার ব্যবস্থা যাহাতে না হইতে পারে তজ্জন্য মুসলমান পক্ষ হইতে একখানা প্রতিবাদ পত্র বিলাতে পাঠান হইয়াছে। ভারতীয় সৈন্যাধ্যক্ষ জেনারেল চেম্বর্লিন কর্ত্তৃক প্রথম অধিবেশন দিনেই সৈন্য বিভাগ কমিয়াছে।

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—মেদিনীপুরের প্রতিনিধি ডঃ মাঃ ও ডেঃ কঃ বন্দ্যোপাধ্যায় সাহেব ৩ মাসের ছুটী পাইলেন। রংপুরের প্রোটেম ডঃ মাঃ ও ডেঃ কঃ মাকফার্লেন সাহেব অপর আদেশ যাবৎ ১ম শ্রেণীর ডঃ মাঃ ও ডেঃ কঃ হইয়া উক্ত জেলার সদরে স্থাপিত হইলেন। নদীয়ার ডঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ কেলারনাথ দত্ত ১ মাস ২০ দিনের ছুটী পাইলেন। বগুড়ার প্রতিনিধি ডিঃ ও সেঃ জজ কেলেহর সাহেব ১ মাসের ছুটী পাইলেন। সাঁওতাল পরগণা গোদ্দার সব ডেঃ কঃ বাবু নগেন্দ্রকুমার ঘোষের কার্য্য বাঙ্গাল গবর্ণমেণ্টের রাজস্ব বিভাগের অধীনে বন্দোবস্ত কার্য্যের জন্য থাকিল। প্রতিনিধি সব ডেঃ কঃ বাবু হরকৃষ্ণ মহাজি এবং নদীয়ার প্রতিনিধি সব ডেঃ কঃ বাবু অন্নদানাথ সরকার ৪র্থ শ্রেণীর প্রোটেম সব ডেঃ কঃ হইলেন। ভগলপুরের প্রোবেঃ সব ডেঃ কঃ মৌলবী ছৈয়দ আলি মজহর বিএ অপর আদেশ যাবৎ সব ডেঃ কঃ হইয়া উক্ত জেলার সদরে স্থাপিত হইলেন। সাহাবাদের সহকারী মাঃ ও কঃ গ্রাবেট সাহেব অপর আদেশ যাবৎ ১ম শ্রেণীর ডঃ মাঃ ও ডেঃ কঃ হইলেন। মিঃ ষ্টিনবর্গ সাহেব অস্থায়ীরূপে বর্দ্ধমানের ডিঃ ও সেঃ জজের কার্য্য করিবেন। ষ্টিনবর্গ সাহেব পাটনার ১ম শ্রেণীর ডঃ মাঃ ও ডেঃ কঃ হইলেন বলিয়া যে ইতিপূর্ব্বে আদেশ হইয়াছিল এতদ্দ্বারা তাহা রহিত হইল। ঢাকা বিভাগের কমিঃর প্রতিনিধি পার্শঃ আসিষ্টাণ্ট বাবু গগনচন্দ্র দাস ৩ মাসের ছুটী পাইলেন। বাবু গগনচন্দ্র দাস ৭ দিনের অপেক্ষা পাইলেন বলিয়া ইতিপূর্ব্বে যে আদেশ হইয়াছিল এতদ্দ্বারা তাহা রহিত হইল। বাঙ্গাল গবর্ণমেণ্টের আরও মিউনিসিপাল বিভাগের সেক্রেটরী অনারেবল রিমণ্টো সাহেব ২ মাসের যে ফর্লো পাইয়াছিলেন তাহা বিনা বেতনের বিশেষ ছুটীতে পরিণত হইল। অনারেবল রিসলের কার্য্য বিশেষ কার্য্যের জন্য বাঙ্গাল গবর্ণমেণ্টের সাধারণ বিভাগের অধীনে থাকিল।

শিক্ষা—সাধারণ শিক্ষাবিভাগের ডিরেক্টরের পার্শঃ আসিষ্টাণ্ট বাবু অম্বিকাচরণ বসু ১ মাসের ছুটী পাইলেন। ডিরেক্টরের প্রধান আসিষ্টাণ্ট বাবু কুঞ্জবিহারী বসু অম্বিকা বাবুর স্থানে কার্য্য করিবেন।

বিচার—ওকালতী ও মোক্তারী পরীক্ষা বোর্ডের সেক্রেটরী ব্যারিষ্টার হাইড সাহেব বিনা বেতনে বর্ত্তমান বর্ষের ২৩এ মেব্রুয়ারি হইতে আগামী বর্ষের ২৩এ মার্চ পর্য্যন্ত ছুটী পাইলেন। ব্যারিষ্টার গ্রেহাম সাহেব হাইড সাহেবের স্থানে নিযুক্ত হইলেন।

উদ্ভট কবিতা।

[৪৩০]

রামং ভিন্নয় চিত্ত বর্ব্বর ভিবং চিন্তাশতৈঃ কিংকলং
কিং মিথ্যা পরিজল্পনেন সততং রে বক্ত রামংবদ।
কর্ণস্থং শৃণুরামচন্দ্র চরিতং কিং গীতবাদ্যাদিভি
শ্চক্ষুস্থাময়ং নিরীক্ষ্য সকলং রামাৎ পরং
ভাজ্যতাং॥

[৪৩১]

আমামি রে বর্ষ তব প্রতাপং
কণ্ঠে স্থিতো গর্জ্জসি শঙ্করস্য।
স্থানং প্রধানং ন বলং প্রধানং
স্থানস্থিতঃ কাপুরুষোঽপি সিংহঃ॥

বিজ্ঞাপন।

শিক্ষা সংক্রান্ত।

NOTICE.

ENTRANCE EXAMINATION.

A TEST examination of private students for admission to the ensuing Entrance Examination will be held at the Office of the Inspector of Schools, Presidency Circle, 4 Dalhousie Square, Calcutta, on Friday, the 1st and Saturday, the 2nd December 1893. Only candidates residing in any of the districts of the Presidency and Chota Nagpur Divisions will be admitted to the examination.

2. Only those candidates who have not studied in any institution since the 1st September 1893 will be recognized as private students. They will be required to furnish satisfactory proof that they have not read in any school from that date. They must also produce certificates of conduct and progress in studies from the authorities of the last school where they read, or, in the case of those who have not been in any school for more than a year, from some other reliable authorities.

3. Bona fide teachers employed in any of the schools in the Presidency Circle may be admitted to the examination, if they can produce certificates of service and character from their employers or from the Deputy Inspector of the district concerned.

4. Each cadidate should submit to this Office, not later than the 21st November 1893 his application for admission to the test examination, stating the following particulars :—

(1) Age ; (2) residence ; (3) father's name ; (4) second language besides English ; and (5) whether he appeared at any previous Entrance Examination.

5. The admission-fee for the examination is Rs 4 for each candidate, and is to be remitted with the application within the prescribed date, after which a fine of Rs 2 is to be imposed for each week's delay.

6. Every private candidate must be accompanied for the purpose of identification by some person known to this Office, otherwise he will not be admitted to the test examination.

7. Candidates who are sent up by this Office must appear at the Calcutta Examination Centre.

8. Those that reside at a distance from Calcutta are to present themselves at the test examination held by the head-master of the local zillah school, on condition that they appear at the centre selected by the candidates from that institution.

F. A. and B. A. Examinations.

Deputy Inspectors, Sub Inspectors and bona fide teachers of recognized English schools, in the Presidency and Chota Nagpur Divisions, who have served as such for full two academical years, or for six months in the case of those who have been admitted to a former examination of the same class, will be admitted to the above examinations on production of certificates of character and length of service (with dates) from their employers. Their applications must reach this Office on or before the 25th November 1893.

Radhika Prasanna Mukherji,
Inspector of Schools, Presidency Circle.
4, Dalhousie Square, Calcutta,
The 7th October 1893.

কর্ম্মখালি।

Wanted a graduate or an experienced undergraduate, strong in English. Salary of Rs 30 a month, for the Banaripara H. E. School, Barisal. The candidate appointed, if a Kayastha, may be supplied with free board if he undertake private tution of a boy or two, in a gentleman's family. Apply sharp, with testimonials of character and qualification to Babu Rajani Kanta Guha, Head Master Banaripara H. E. School, Barisal.

Wanted a plucked F. A. to serve as an additional 4th teacher in the M. S. H. E. School at Ulipur, Khagra P. O. on salary Rs 20 per mensem. The candidate must stick to the post at least for a year. Apply to Nilmoni Ghosnai Head Master Ulipur H. E. School.

Wanted a Second Master, strong in Mathematics, on Rs 20 per mensem, with prospect of increase, for the Isapura H. E. School. Apply immediatly to the Secy. Isapura H. E. School, Post Office Jainshar, Dacca.

Wanted a private tutor on a salary of Rs 8 a month. None need apply who has not passed the Entrance Examination. The application should be forwarded to Babu Girish Ch. Chowdhuri, Kulia, Gopigunge P. O. District Midnapore.

Wanted a Third Master for the Ghatbhoge Aided M. E. School, Aliapur P. O. Khulna on Rs 7 (seven) besides free boarding. Applications with testimonials should be sent to Gopal Ch. Chatterjee, Hd. Master of the School. Ghatbhoge is 7 miles east from Khulna and on the other side of Mansa, the B. C. Flotilla Co's Steamer Station.

Wanted a Graduate strong in English and Mathematics for the post of Second Teacher City Institution H. E. School No 4 Okhil Mistry's Lane, Champatola, Calcutta. Preference will be given to one who has some experience in teaching. Apply sharp before the 30th November to the Secretary of the School.

Wanted a Head Master for Katdah M. E. School on a salary of Rs 25 per mensem. None need apply who has not at least appeared at the F. A. Examination of the Calcutta University and acquired experience in the art of teaching. The school-house is situated at a distance of about 200 yards from the Poradah Eastern Bengal State Railway Station. The Head Master will have his quarters free. Apply sharp with copies of testimonials to Biswa Nath Singha Secy. Katdah M. E. School, Poradaha P. O. District Nuddea.

Wanted a graduate 2nd Master for the Madaripur Entrance School on a salary of Rs 40 per mensem. Applications will be received by the Sub Dl. Magistrate and President of the School Committee, up to 20th Instant. The applicants are requested to state their age and the District of which they are residents.

Wanted a Head Master for the Bansberia H. E. School, District Hugli, on a salary of Rs 40 per mensem. None need apply who is not an experienced B. A. of the Calcutta University. The selected candidate must give an undertaking to stick to his appointment at least for one year and must stay at Bansberia. Bansberia is 4 miles North of Hugli town and 2 miles from the Trishbigha E. I. Railway Station. Apply with testimonials within 30th November 1893 to Tin Cowri Adhya Asst. Secy. Bansberia H. E. School.

জিরেবী বঙ্গ বিদ্যালয়ের জন্য নর্ম্মাল স্কুলের দ্বৈবার্ষিক পরীক্ষোত্তীর্ণ একজন শিক্ষকের প্রয়োজন। অঙ্ক বিষয়ে বিশেষ পটুতা থাকে। উপস্থিত বেতন ১০, দশ টাকা। কার্য্যে দক্ষতা ও উন্নতি দেখাইলে সত্বর বেতন বৃদ্ধি হইবে। বঙ্গবাসী প্রশংসা পত্রের অনুলিপি সহ কার্ত্তিক মাসে মধ্যেই আবেদন করিবেন। শ্রীশশিভূষণ মজুমদার সম্পাদক। জিরেবী, বাসুদেবপুর জিরেবী পোঃ, জেলা হুগলী।

জেলা নদীয়া, পোঃ শ্যামকুড়, শালিখেড়িয়া মধ্য ইংরাজী বিদ্যালয়ের জন্য এক জন হেড পণ্ডিতের প্রয়োজন। মাসিক বেতন ১৪৲ টাকা। যিনি হুগলী নর্ম্মাল স্কুলের দ্বৈবার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন ও অঙ্ক শাস্ত্র ভাল জানেন তাঁহারই আবেদন সাদরে গৃহীত হইবে। জাতিতে ব্রাহ্মণ কিম্বা বৈদ্যবর্ত্ত হইলে আহারাদির বন্দোবস্ত সম্বন্ধে সুবিধা হইতে পারে। কর্ম্মপ্রার্থিগণ সত্বর সম্পাদক শ্রীকমলানাথ রায়ের নিকট আবেদন করুন।

ডাঃ হেমচন্দ্র সরকার কৃত বিসূচিকা রোগের নবাবিষ্কৃত ঔষধ বিক্রয়ার্থ একজন সাহেব ও চারি জন বাঙ্গালী এজেণ্ট আবশ্যক। প্রার্থিগণ অর্দ্ধ আনার টিকিট সহ নিম্নলিখিত স্থানে আমার নিকট ১৫ দিবসের মধ্যে পত্র লিখিলে বিশেষ বিবরণ জানিতে পারিবেন। শ্রীযোগীন্দ্রনাথ রায় দেওয়ার হোমিওপ্যাথিক ডিস্পেন্সারি, বৈদ্যনাথ।

জেলা পূর্ণিয়ার অন্তর্গতঃ ডিগ্রি দেওয়ানগঞ্জ নিবাসী শ্রীযুক্ত বাবু গৌরচন্দ্র রায় জমিদার মহাশয়ের পরিবারস্থ বালকদিগের শিক্ষা কার্য্যের জন্য একজন এল এ পাস হিন্দু অভিজ্ঞ শিক্ষকের আবশ্যক। যাঁহার বয়স ৩০ বৎসরের অন্যূন, তাঁহার আবেদন আদরণীয় হইবে। কর্ম্ম-প্রার্থিগণ স্ব স্ব কার্য্য দক্ষতার ও সচ্চরিত্রতার প্রশংসাপত্র সহ তিন সপ্তাহ মধ্যে নিম্নলিখিত ঠিকানায় আবেদন পত্র প্রেরণ করিবেন। ব্রাহ্মণ, কায়স্থ ও বৈদ্য জাতির আবেদন অধিকতর আদরণীয় হইবে। বেতন মাসিক ১৫৲ টাকা। তদ্ভিন্ন বাসাখরচ ও থাকিবার গৃহাদি প্রাপ্ত হইবেন। এই স্থানের জল বায়ু অতি উত্তম এবং ইষ্টারণ বেঙ্গল ষ্টেট রেলওয়ের মণিহারী ঘাট ষ্টেশন ও গঙ্গাতীর হইতে ৪ ক্রোশ উত্তরে অবস্থিত। শ্রীমদনমোহন বসু, কারপরদাজ, ডিগ্রি দেওয়ান গঞ্জ কটীহার (ই, বি, এস, আর)।

রঙ্গপুর বালিকা-বিদ্যালয়ের জন্য এক জন সুযোগ্যা প্রাচীনা শিক্ষয়িত্রীর প্রয়োজন। ছাত্রবৃত্তির পাঠ্য পর্য্যন্ত ভালরূপ শিক্ষা দিতে সক্ষমা এবং সূচি ও টবের কার্য্যে সুদক্ষা হওয়া একান্ত আবশ্যক। বেতন ২০৲ বিশ টাকা এবং বাসগৃহ দেওয়া হইবে। কার্য্যে পারদর্শিতানুসারে ভবিষ্যতে বেতন বৃদ্ধির আশা আছে। অল্প বয়স্কা প্রার্থিনী সধবা এবং উল্লিখিত গুণসম্পন্না হইলে তাঁহার আবেদনও গ্রহণীয় হইবে; এবং তাঁহার স্বামী ছাত্রবৃত্তির পাঠ্য পড়াইবার উপযুক্ত হইলে উক্ত বিদ্যালয়ের শিক্ষকতা কার্য্যের জন্য আবেদন করিতে পারেন। ঐ পদের বেতন আপাততঃ ১৫৲ টাকা। ভবিষ্যতে বৃদ্ধি হইতে পারে। কর্ম্মপ্রার্থিনীগণের নিজ নিজ প্রশংসাপত্রের অনুলিপি সহ আবেদন পত্র আগামী ২০ নবেম্বর (১৮৯৩) পর্য্যন্ত স্কুলের সম্পাদক শ্রীরাধারমণ মজুমদার কর্ত্তৃক গৃহীত হইবে।

বারাসত ষ্টেশন হইতে প্রায় দুই মাইল পশ্চিম এবং বারাকপুর ষ্টেশন হইতে প্রায় চারি মাইল পূর্ব্ব নীলগঞ্জ রঙ্গপুরের নিকট বেড়ুয়া নামক বিদ্যালয়ের নিমিত্ত দ্বৈবার্ষিক উত্তীর্ণ অথবা মাইনর বা ছাত্রবৃত্তি পরীক্ষায় উত্তীর্ণ এক জন সুযোগ্য বহুদর্শী শিক্ষকের প্রয়োজন। স্থানটী স্বাস্থ্যকর। বাসাখরচাদি লাগিবে না। বেতনের বিষয় উপযুক্ত লোক বোধে বন্দোবস্ত করা যাইবে। প্রার্থিগণ স্ব স্ব প্রশংসাপত্র সহ সাং বেড়ুয়া নীলগঞ্জ পোষ্ট, ভায়া বারাকপুর, জেলা ২৪ পরগণা শ্রীরামকৃষ্ণ বিশ্বাসের নিকট আবেদন করুন।

ছাত্র খালি।

জেলা মুরশিদাবাদ পোঃ নবগ্রাম, নবগ্রাম মধ্য বাঙ্গালা ছাত্রবৃত্তি স্কুলের জন্য ৫ পাঁচ জন ছাত্রের প্রয়োজন। তন্মধ্যে প্রথম শ্রেণীর জন্য দুই জন এবং দ্বিতীয় শ্রেণীর জন্য তিন জন। প্রথম শ্রেণীর দুই জন জাতিতে সদ্গোপ কিম্বা নবশাখার অন্তর্গত কোন জাতি হওয়া চাই। দ্বিতীয় শ্রেণীর তিন জনের মধ্যে দুই জন ব্রাহ্মণ এবং এক জন মুসলমান হওয়া আবশ্যক। ছাত্রগণের স্কুলের বেতন এবং বাসাখরচ লাগিবে না অর্থাৎ খোরাক সম্বন্ধীয় খরচ লাগিবে না। ছাত্র কয়েকটীর সকলেরই সচ্চরিত্র এবং বুদ্ধিমান হওয়া চাই, বিশেষতঃ প্রথম শ্রেণীর ছাত্র দুইটী যেন আগামী ছাত্রবৃত্তি পরীক্ষায় বৃত্তির সহিত উত্তীর্ণ হইতে পারে। আবেদনকারিগণ স্ব স্ব প্রশংসা পত্রের অনুলিপি সহ আগামী ৩০শে নবেম্বরের মধ্যে সহকারী সম্পাদক শ্রীকৃষ্ণলাল চট্টোপাধ্যায়ের নিকট আবেদন করুন।

বিশেষ দ্রষ্টব্য।

বাচস্পত্য অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২৩৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকালীনাথ ভট্টাচার্য্য।
বুধোদয় প্রেস—হুগলী।

৺ বিশ্বনাথ বৃত্তি।

ভারতধর্ম্ম মহামণ্ডলীর মুখ্যতম উদ্দেশ্যের অনুসরণ করিয়া ৺ বিশ্বনাথ চতুষ্পাঠীতে বার্ষিক পঞ্চাশৎ টাকা পরিমাণে এক একটী করিয়া আর কয়েকটী বৃত্তি স্থাপিত হইয়াছে। যে যে চতুষ্পাঠীতে বেদান্তাদি দর্শন শাস্ত্র অথবা প্রাচীন ও নব্যস্মৃতি অধ্যাপিত হয়, সেই সেই চতুষ্পাঠীতে এই বৃত্তিগুলি দেওয়া যাইবে। অধ্যাপক ইচ্ছা করিলে ঐ বৃত্তি ত্রৈমাসিক বা ষাণ্মাসিক বা বার্ষিকরূপে গ্রহণ করিতে পারিবেন। ছাত্রদিগের বিদ্যাবত্তা ও সচ্চরিত্রতা সম্পাদন ভিন্ন অধ্যাপক মহাশয়দিগকে অপর কোন নিয়মের অধীন হইতে হইবে না। যে সমস্ত অধ্যাপক বৃত্তি লইতে ইচ্ছা করিবেন, তাঁহারা অথবা তাঁহাদিগের হিতাকাঙ্ক্ষীরা অধ্যাপকের নাম ধাম ছাত্রসংখ্যা ও প্রত্যেক ছাত্রের অধীতব্য বিষয় লিখিয়া আমাকে সংবাদ দিবেন।

চুঁচুড়া বিশ্বনাথ চতুষ্পাঠীর
অধ্যাপক শ্রীহরিনাথ স্মৃতিভূষণ।

নূতন পুস্তক।

প্রেসীডেন্সী বিভাগ ও মানভূম প্রভৃতি স্থানে পাঠ্য।

মৌখিক অঙ্ক।

বাবু প্রসন্নচন্দ্র গুহ কৃত। মূল্য ৵০ নয় আনা। ৪১০ পৃষ্ঠা। শুভঙ্করী, কালীজমী, চালন, জমাবন্দী, দরকষা, ইংরেজী পরিমিতি, বাজার, মহাজনী, জমিদারী হিসাব, গণিত ও দলিলপত্র লিখার প্রণালী প্রভৃতি বিষয়ে সর্ব্বোৎকৃষ্ট গ্রন্থ। সেণ্ট্রাল টেক্সট বুক কমিটীর মনোনীত ও ডাইরেক্টর সাহেবের অনুমোদিত।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
মেনেজার, সংস্কৃত প্রেস ডিপজিটরী। ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।
৮১২নং

পদ্য সংগ্রহ।

১ম, ২য়। ভাগ মূল্য ক্রমে ৵০, ।০ আনা। বাবু প্রসন্নচন্দ্র গুহ সঙ্কলিত। সেণ্ট্রাল টেক্সট বুক কমিটীর মনোনীত। সংস্কৃত প্রেস ডিপজিটরীতে প্রাপ্তব্য।
৮০৩নং

পাটীগণিত।

নূতন সংস্করণ।

শ্রীপ্রসন্নকুমার সর্ব্বাধিকারী প্রণীত।

সুপ্রসিদ্ধ গণিতশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম, এ, মহাশয়ের দ্বারা সম্যক্‌রূপে সংশোধিত পরিবর্দ্ধিত ও পরিবর্দ্ধিত। ইহাতে সুকৌশল সম্পন্ন প্রশ্নাবলী সন্নিবেশিত এবং উহাদের ভূরি পরিমাণে সমাধান করা হইয়াছে। ৫৭৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। উত্তম কাপড়ে বাঁধা, মূল্য ১৸৵০। মূল্য বাহুল্য ইহা চিরকাল সর্ব্বাদৃত; অধুনা আরও অধিক পরিমাণে স্কুলাদিতে পাঠ্যরূপে নিরোজিত হইতেছে এবং বঙ্গবাসী প্রভৃতি সংবাদ পত্র ভূয়সী প্রশংসা করিতেছেন। নিম্নলিখিত এবং অন্যান্য স্থানে পাওয়া যায়।

বি, ব্যানার্জি এণ্ড কোং।

১৫নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, ৫৬নং কলেজ ষ্ট্রীট, ৫১নং পুরাতন চীনেবাজার, কলিকাতা। ৫৫নং পটুয়াটুলি ঢাকা।

৩৮৮নং

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸০ বার আনা, ডাঃ মাঃ /০ এক আনা। এখানি ১৮৯৪ অব্দের মাইনর পরীক্ষার ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। ইহা ছাত্র বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গদ্য হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ৵০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

সংস্কৃত প্রেসডিপজিটরি।

১৯৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

বাবু মহেন্দ্রনাথ দত্ত প্রণীত।

নবপাটীগণিত ১ম ভাগ	মূল্য ৷৵০	৩৭৪ পৃষ্ঠা
নব শুভঙ্করী	মূল্য ৷৵০	১৫০ পৃষ্ঠা
নব ধারাপাত	মূল্য ৵০	১০৮ পৃষ্ঠা

উপরোক্ত পুস্তকত্রয় সেণ্ট্রাল টেক্সটবুক কমিটীর নির্ব্বাচিত ও শ্রীযুক্ত শিক্ষা বিভাগের ডাইরেক্টর সাহেব মহোদয়ের তালিকাভুক্ত। নবপাটীগণিত মধ্য শ্রেণীস্থ বাঙ্গালা ও ইংরাজী স্কুলের নিম্ন হইতে তৃতীয় শ্রেণী পর্য্যন্ত এবং উচ্চ ও নিম্ন প্রাথমিক পাঠশালার সকল শ্রেণীতে পাঠ্য নির্দ্দিষ্ট। ইহাতে প্রায় তিন সহস্র অঙ্কশীলনী এবং উচ্চ ও নিম্ন-প্রাইমারী পরীক্ষার অনেক প্রশ্ন সন্নিবিষ্ট হইয়াছে। নবশুভঙ্করী নূতন প্রণালীমতে লিখিত; ইহাতেও অনেক সুকৌশল সম্পন্ন উদাহরণ প্রদত্ত হইয়াছে। নবধারাপাত অনেক দিন হইতে সর্ব্বত্র সমাদৃত; ইহা পাঠ করিলে বালকবৃন্দের ধারাপাত ও পাটীগণিতের অমিশ্র চারি নিয়ম নিঃসন্দেহ ব্যুৎপত্তি লাভ হইবে। সংবাদপত্রের সম্পাদক ও অন্যান্য ভদ্র মহোদয়গণ উক্ত তিন খানি পুস্তক সম্বন্ধে সানুকূল অভিমত প্রকাশ করিয়াছেন। নবধারাপাতে তাঁহাদের মন্তব্য সন্নিবিষ্ট আছে। অপর দুইখানির প্রশংসাবাদ "এডুকেশন গেজেটে", "বঙ্গবাসীতে" ও "সহচরে" দৃষ্ট হইবে। ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

ম্যানেজার।

৮১১ নং

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বলবীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রিজাগরণ, অতিরিক্ত পান-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা-হাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত।

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, পুরবুষে জ্বর, প্লীহা-যকৃৎ-কোলা-কাশিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগুজ্ব জ্বর, দৌকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকায় সে জ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে,—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে, ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সংজ্ঞে, অল্পদিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধ অতি সামান্য রোগও আরাম হয়। বিধাতার বিচিত্রবিধান বুঝা ভার।

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন। প্লীহা জ্বর-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগীকে এই এক ৩নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

বটিকার সংখ্যা,	মূল্য,	ডাঃমাঃ,	প্যাকিং
১নং কৌটা	১৮	৷৵০	।০	৵০
২নং কৌটা	৩৬	১৵০	।০	৵০
৩নং কৌটা	৫৪	১৷৵০	।০	৵০

ভ্যালুপেবলে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।

১২ নং মুজাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা।

৩৭৪নং

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৬ বৎসর উহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-যশের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার লেপনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সম-ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনা ব্যয়ে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৸০ টাকা, প্যাকিং ।০ আনা

২ শিশি একত্রে লইলে খরচা ৷৶০ আনা স্বতন্ত্র হয়।

শ্রীকালীদাস সরকার।
গবর্ণমেণ্ট পেশ্কার—লক্ষ্ণৌ।

ওয়েষ্ট্‌

পদ্য-বিকাশ অর্থাৎ পদ্যপাঠ ১ম ভাগের অর্থ পুস্তক। শ্রীগোবিন্দপ্রসাদ দে প্রণীত। মূল্য ৵০ তিন আনা। ইহাতে প্রায় প্রত্যেক শব্দের অর্থ, পদান্বয়, এবং ব্যাকরণ সম্বন্ধীয় যাহা জানিবার আবশ্যক তাহা আছে। প্রায় প্রত্যেক ছত্রের পদ্য ও অতি সরল ভাষায় অর্থ দেওয়া হইয়াছে। ছোট ছোট বালকদের বিশেষ উপযোগী হইয়াছে। ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৮০৯ নং

মাইকেল মধুসূদন দত্তের

জীবনচরিত, অপ্রকাশিত কবিতা, পত্র ও গ্রন্থাবলীর সমালোচনা সম্বলিত গ্রন্থ প্রকাশিত হইয়াছে।

শ্রীযোগীন্দ্রনাথ বসু বি এ, প্রণীত।

ডিমাই আট পেজী আকারে পাঁচ শতেরও অধিক পৃষ্ঠায় সম্পূর্ণ।

এরূপ সর্ব্বাবয়ব জীবনচরিত এপর্য্যন্ত বাঙ্গালা ভাষায় প্রকাশিত হয় নাই। মধুসূদনের জীবনের বিষাদময় ইতিহাসের সঙ্গে তাঁহার সমসাময়িক বাঙ্গালা সাহিত্যের অবস্থা, তাঁহার গ্রন্থাবলীর সমালোচনা, তাঁহার লিখিত বহুসংখ্যক ইংরাজী ও বাঙ্গালা কবিতা, মান্দ্রাজ, ইংলণ্ড, ফ্রান্স প্রভৃতি স্থান হইতে তাঁহার লিখিত বহুসংখ্যক পত্র, তাঁহার জীবনের ঘটনাবলী সম্বন্ধে স্যর মহারাজা যতীন্দ্রমোহন ঠাকুর, বাবু ভূদেব মুখোপাধ্যায়, রাজা প্যারীমোহন মুখোপাধ্যায় প্রভৃতির লিখিত মন্তব্য, রাজা রাজেন্দ্রলাল মিত্র, ডিঙ্ক ওয়াটার, বেথুন, বাবু রাজনারায়ণ বসু প্রভৃতি অনেক খ্যাতনামা ব্যক্তির লিখিত পত্র ও পত্রাংশ ইত্যাদি ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। মধুসূদনের নিজের এবং তাঁহার সমাধি স্তম্ভের চিত্র এবং রাজা প্রতাপচন্দ্র সিংহ, রাজা ঈশ্বরচন্দ্র সিংহ, মহারাজা স্যর যতীন্দ্রমোহন ঠাকুর, বাবু ভূদেব মুখোপাধ্যায়, বাবু গৌরদাস বসাক, বাবু রাজনারায়ণ বসু, ৺ বিদ্যাসাগর মহাশয়—এই কয়েক জনেরও চিত্র ইহাতে প্রদত্ত হইয়াছে। এরূপ সুন্দর চিত্র এপর্য্যন্ত কোনও বাঙ্গালা গ্রন্থে প্রকাশিত হয় নাই। ছাত্রদিগকে পুরস্কার দিবার জন্য অতি সুন্দররূপ বাঁধান হইয়াছে। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপোজিটরীতে, ২১০।৪ কর্ণওয়ালিস ষ্ট্রীট নব্যভারত কার্য্যালয়ে, বৈদ্যনাথ দেওঘর স্কুলে গ্রন্থকারের নিকট এবং নিম্নস্বাক্ষরকারীর নিকট পাওয়া যায়। মূল্য কাপড়ে বাঁধান ২৷৷০ টাকা, কাগজের মলাট ২৲ টাকা, ডাকমাশুল ।০ আনা। মফস্বলস্থ গ্রাহকগণ গ্রন্থকারকে পত্র লিখিবেন।

শ্রীরামানন্দ চট্টোপাধ্যায় এম এ।
অধ্যাপক সিটি কলেজ,—কলিকাতা।

পাঁড়ে ব্রাদার্স।

পুস্তক ও দেশী বস্ত্র বিক্রেতা।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্ কলিকাতা।

এখানে ইংরাজি বাঙ্গালা সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য সর্ব্ব প্রকার, পুস্তক, তৎসমস্তের নানা প্রকার কি, নোট, অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি সর্ব্ব প্রকার পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে। বিলাতি পুস্তক বিলাত হইতে আনা হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা ১৸০ মূল্য ধোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও ব্যবহারীর জন্য চলিবে ও ২৷৷০, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ নয়নসুখ, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকটও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য	।৵০	বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ	৵০
৩২ খানি উৎকৃষ্ট চিত্রসহ			
নীতি কথামালা	।০	মানবতত্ত্ব	১৷৷০
আর্য্যচরিত	।০	ধর্ম্মবিজ্ঞান	১৲
আর্য্যশিক্ষা	৷৷০	অদ্ভুত স্বপ্ন বা	
বাঙ্গলা ব্যাকরণ	।৵০	স্ত্রী পুরুষের ভস্ম	৷৷০
শিশু বিজ্ঞান	৵০	বিজ্ঞানসার	১৲
বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ	৵০	লীলাবতী (অঙ্কপুস্তক)	৷৷০

৩৪৫ নং

শ্রীমনোমোহন পাঁড়ে

শ্রীমদ্ভগবদ্গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ⁄০।

ঐ বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ।⁄০ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা মূল্য ⁄০ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা উৎকৃষ্টরূপ বাঁধা মূল্য ।০ আট আনা, ডাঃ মাঃ ⁄১০।

কবির (জীবন্মুক্ত মহাত্মা কবির সাহেবের ৫৫২টী দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ ⁄১০।

কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০।১ন মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু
প্রণীত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য ⁄০ আনা
ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "
ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব ।০ "

সেণ্ট্রাল টেক্সটবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তালিকায় পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট—কলিকাতা।

নবশুভঙ্করী। মূল্য ।০

টেক্সটবুক কমিটির অনুমোদিত তৃতীয় সংস্করণ, সংশোধিত এবং প্রেসিডেন্সী ও বর্দ্ধমান বিভাগের মধ্যবাঙ্গালা ও উচ্চ প্রাথমিক পরীক্ষার ৭।৮ বৎসরের শুভঙ্করী প্রশ্ন সম্বলিত। কলিকাতা সংস্কৃত প্রেস ডিঃ, এবং আমার নিকট প্রাপ্তব্য।

শ্রীপূর্ণচন্দ্র ভট্টাচার্য্য
হেডপণ্ডিত ভাটপাড়া ম, ইং স্কুল।
৮১০ নং

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত

পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষকগণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৷০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ⁄০ আনা।

ধারাপাত, চারিনিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীজমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ⁄০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ⁄০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৪৪ নং

গবর্ণমেণ্টের অনুমোদিত।

বাঙ্গালা ছাত্রবৃত্তি ও মাইনর স্কুলসমূহের
প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পাঠ্য।

"বিজ্ঞানসোপান"।

শ্রীযুক্ত উমেশচন্দ্র ঘোষ, এম এ, বি এল
প্রণীত।

মূল্য ॥⁄০ দশ আনা মাত্র।

ছাত্রবৃত্তি ও মাইনর পরীক্ষার নির্দ্দিষ্ট বিষয়গুলি এরূপ বিশদরূপে ও ধারাবাহিক ভাবে অন্য কোন গ্রন্থে বর্ণিত নাই। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।
৪০৪নং

অম্বিকাচরণ ঘোষাল
ফটোগ্রাফার ও পোর্ট্রেট পেইণ্টার
ঘুঁটেবাজার হুগলি

মফস্বলে যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণপত্র লিখিলে জানিতে পারিবেন। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিজ, হুগলী কলেজ, এমামবাড়া, হংসেশ্বরীর মন্দির, চুঁচুড়া গোরাবারিক অনাথালয় দৃশ্য, নবাব খাজাখাঁর মসজিদ, সপ্তগ্রামের মহোৎসব প্রত্যেক ।০ আনা মাত্র—ফটগ্রাফগুলি একবার দেখিলে মোহিত হইবে।

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু ত্রৈলোক্যনাথ দে ভেরিয়া	১৲
" যুধিষ্ঠির মণ্ডল চুপুকুর ১৮৯৪ জানুয়ারী শেষ	৩৲
" শ্রীকৃষ্ণ চক্রবর্ত্তী	১৲
" শশিভূষণ হাজরা কল্যাণপুর ১৮৯৪ এপ্রিল শেষ	৩৲
" মোহিনীমোহন বন্দ্যোপাধ্যায় ভদ্রপুর ১৮৯৪ এপ্রিল শেষ	৩৲
হেড পণ্ডিত কাঁথি স্কুল ১৮৯৪ অক্টোবর শেষ	৪৲
সুগন্ধ্যা স্কুল ১৮৯৩ ডিসেম্বর শেষ	২৲

এই পত্র হুগলি বুধোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা জাতি ভজবাহে প্রকাশিত হয়।

REGISTERED NO 35 1875.

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

মূতন সম্বৎ। ২৫শ খণ্ড। ৫০শ সংখ্যা। } ৩রা অগ্রহায়ণ শুক্রবার ১৩০০ সাল। ইং ১৭ই নবেম্বর ১৮৯৩ খৃঃঅব্দ। { অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সহিত।

বার্ষিক (অগ্রিম)	৫	ষাণ্মাসিক	৩
ত্রৈমাসিক	২	প্রত্যেক সংখ্যার	।৹

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৵৹ ৩য় বার /১০ চতুর্থ বা তদ্ভোধিক বার /৹। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৵৹।

কর্ত্তব্যালির বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে প্রকাশিত হয়।

তিন মাসের অধিক বিজ্ঞাপন প্রকাশ করিলে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

যাঁহারা এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য নগদ টাকায় দিবেন, তাঁহারা তাঁহাদের নিকটবর্ত্তী এজেণ্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণিঅর্ডার কুপনে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

এডুকেশন গেজেটে বিজ্ঞাপন প্রকাশের সুবিধার জন্য ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে একটী এজেন্সি খোলা হইয়াছে। তথায় বিজ্ঞাপন ও তৎপ্রকাশের মূল্য জমা দেওয়া যায়।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যূন বিলম্ব হইলে তাহার বামখানিতে পিয়নের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকালীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

কলিকাতা	শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়। সংস্কৃতযন্ত্রের পুস্তকালয় ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।
	চণ্ডীচরণ মজুমদার—বেঙ্গল সেক্রেটারিয়েট জুডিসিয়াল ডিপার্টমেণ্ট।
২৪ পরগণা	মতিলাল মৈত্র—আলিপুর।
আলিপুর	ভূপালচন্দ্র গঙ্গোপাধ্যায়—উকিল।
বারাকপুর	শ্রীযুক্ত বাবু ভুবনমোহন নিয়োগী।
ভবানীপুর	রাজকৃষ্ণ রায় চৌধুরী।
চুয়াডাঙ্গা	যদুনাথ চৌধরী।
হাবড়া	হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম	ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী	শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর	ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান	চারুচন্দ্র চট্টোপাধ্যায়।
	রসিকলাল দাস—রায়না।
যশোহর	কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
সিউড়ী	অম্বিকাচরণ মুখোপাধ্যায়।
	নীলমণি ভট্টাচার্য্য।
বাঁকুড়া	রামেশ্বর সেন—বিষ্ণুপুর।
	অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর	উমাচরণ দে।
জলপাইগুড়ি	নীলমণি পাল।
বাঁকিপুর	নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর।
	ভগবান প্রসাদ।
বারাণসী	সোমনাথ ভাদুড়ী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর	আশুনাথ মিত্র।
	দ্বারকানাথ বাগচি—নিলফামারি।
রাজসাহী	কালীনাথ চৌধরী—বোয়ালিয়া।
পাবনা	মহেন্দ্রনাথ দত্ত।
	রজনীকান্ত ভট্টাচার্য্য।
	রামচন্দ্র চক্রবর্ত্তী।
	ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, ভুলই।
	উমাচরণ পাঁড়ে, সিংাজগঞ্জ।
ঢাকা	সতীশচন্দ্র ঘোষ।
সাঁওতাল পরগণা	যজ্ঞেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।
পাকুড়	রাধাকৃষ্ণ সারখেল।
খুলনা	হরিহর দাস।
	জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।
দিনাজপুর	রাজকুমার চক্রবর্ত্তী ফুলবাড়ি।
	ভুবনেশ্বর গুপ্ত।
	দুর্গাদাস সুর—রায়গঞ্জ।
	শশিভূষণ রায়।
কোচবিহার	ভুবনমোহন দত্ত।
ফরিদপুর	কালীকিশোর ঘোষ—মাদারিপুর।
মজঃফরপুর	কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল
ধারভাঙ্গা	গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক
	সুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সমস্তীপুর
বৈদ্যনাথ	যোগীন্দ্রনাথ বসু হেড মাষ্টার, দেওঘর।

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ, এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিবিধ বিজ্ঞাপন।

সংক্ষিপ্ত পদার্থদর্শনের প্রশ্নোত্তর।

পণ্ডিত প্রবর শ্রীযুক্ত প্রসন্নকুমার চক্রবর্ত্তী প্রণীত। মূল্য ।/০ পাঁচ আনা মাত্র। যত গুলি সং পদার্থদর্শনের প্রঃ উঃ এপর্য্যন্ত প্রকাশিত হইয়াছে এখানা তাহাদের অপেক্ষা কোন অংশে নিকৃষ্ট নহে বরং অনেকাংশে উৎকৃষ্ট। যে স্কুলে এক খানিমাত্র এই প্রঃ উঃ প্রবেশ লাভ করিয়াছে সে স্কুলের সমস্ত ছাত্রই ইহা ক্রয় করিতেছে। এককালে এক প্যাকেটে ৫ খানি এই প্রঃ উত্তর লইলে স্কুলের শিক্ষকদিগকে শতকরা ১৫৲ টাকার হিসাবে কমিসন দিয়া থাকি; অধিকন্তু আমি নিজ হইতে ডাক মাশুল দিই। কাগজ, ছাপা ও বাঁধাই সমস্তই উৎকৃষ্ট। ভিঃ পিঃ ডাকে পাঠাইয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র দত্ত।

ভারত পুস্তকালয়, পটলডাঙ্গা, মৌলাজার পোষ্ট কলিকাতা।

৩৯৯নং

গিরিশ লাইব্রেরী।

এখানে ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল, এ, বি, এ ক্লাসের সর্ব্বপ্রকার পাঠ্যপুস্তক ও অন্য পুস্তকাদি এবং নাটক, নভেল প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়। ভিঃ পিঃ ডাকেও পুস্তক পাঠাই। ২১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৮৪নং

এল, ডি, মিত্র এবং কোং।

লব্ধপ্রতিষ্ঠ ও কলিকাতা ও অন্যান্য স্থানের
দক্ষ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৪৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক কর্পূরিমি ক্যাম্ফার ১৲ সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৷৷০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৬ ও ৭৲, শিশুচিকিৎসা ২৷৷০, বামাচিকিৎসা ২৲ জ্বর চিকিৎসা ৸০ ও ১৸০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৸০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমার কলিকাতার মহামেলার এই শ্রেণীতে ভারতের মধ্যে সর্ব্বোচ্চ এবং এখানকার ও অন্যান্য স্থানের সম্ভ্রান্ত চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি। ৭৯

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্ত লালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীতে সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১৷৷০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

REDUCTION IN PRICE OF CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta, Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free, at 4 oz, Re3—4 : 8 oz, Rs 6—8 : 16 oz, Rs 12—12. Cash with order.

No. 331

বুধোদয় যন্ত্র।

ইহাতে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষর ও তাহার সরঞ্জাম প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানাপ্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় বাবতীয় ফরম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, ষ্ট্যাম্পবিল, জমিদারীর জমাওয়াশীল ফরম, ডাক্তারি লেবিল ও বিল নানাপ্রকার ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পাদিত হইয়া থাকে। বিশেষ বন্দোবস্ত করিলে সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংলিস অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও স্মল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া দপ্তরী দ্বারা পুস্তক প্রস্তুত করিয়া রীতিমত বাক্সবন্দী করিয়া রেলে বা জাহাজে যাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি, গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন, ছাপার রেট ও অন্যান্য বিবরণ জানিতে ইচ্ছা করিলে আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পরিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
কার্য্যাধ্যক্ষ।

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১৯ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।

ডাকমাশুল /০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস, ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৸০

পদ্য ব্যাকরণ মূল্য /১০

প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য /১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায়) পাওয়া যায়।

শ্রীভিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

রিপণ-ডিপজিটারী।

৫২ নং হরমোহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য ও নাটক নভেল অতি সুবিধায় সরবরাহ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পিঃ, ডাকে পুস্তক পাঠাই। প্রেরণ ব্যয় ২০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়।

শ্রীশশিভূষণ সাহা
৩৮০ নং ম্যানেজার।

এডুকেশন গেজেট।

৩রা অগ্রহায়ণ ১৩০০। ইং ১৭ই নবেম্বর ১৮৯৩।

উড়িষ্যা বিভাগ।

১৮৯২-৯৩ সালের উড়িষ্যা বিভাগের বাৎসরিক শাসন বিবরণী বিষয়ক রিপোর্টের উপর বাঙ্গাল গবর্ণমেণ্ট যে মন্তব্য প্রকাশ করিয়াছেন, নিম্নে তাহার মর্ম্ম বিবৃত করা গেল—

একমাত্র পুরী ভিন্ন বিভাগের আর সর্ব্বত্রই বৃষ্টি পূর্ব্ববৎসরাপেক্ষা কম হইলেও আমনধান অপেক্ষাকৃত বেশী জন্মিয়াছে; আর এই আমন ধানই উড়িষ্যা বিভাগের প্রধান ফসল। ১৮৯১ সালে বিভাগে প্রতি হাজারে ২৫ জনের হিসাবে লোক মরিয়াছিল, কিন্তু ১৮৯২ সালে ৩৯ জনের হিসাবে মরিয়াছে। বর্ষা অধিক দিন স্থায়ী হওয়ায় এবং ১৮৯১ সালের বাতাবর্ত্তে পানীয় জল লোণা হওয়াতেই ওলাউঠা প্রভৃতি ব্যারামের অত্যন্ত বৃদ্ধি হেতু মৃত্যুসংখ্যা উক্ত বৎসরে এত বেশী হইয়াছে। অস্বাস্থ্যকর খাদ্যভক্ষণও ইহার আর একটি কারণ বলিতে হইবে। যাত্রি-সমাগম যে এই মৃত্যু-সংখ্যাবৃদ্ধির হেতু আদৌ নহে, কমিসনর বাহাদুর এরূপ বিবেচনা করিয়াছেন। বসন্তরোগে এবারে লোক অপেক্ষাকৃত অধিক মরিয়াছে কিন্তু টীকা দেওয়ার সংখ্যা কমিয়াছে। এতৎসম্বন্ধে কি কৈফিয়ৎ দেওয়া হয়, ছোট লাট বাহাদুর তাহা দেখিতে ইচ্ছা করেন।

বিভাগে উক্ত বৎসর চুরি ডাকাতি খুবই বাড়িয়াছে। বিভাগীয় কলেক্টরগণ বলিয়াছেন, খাদ্য শস্যের দর সমধিক বৃদ্ধি পাওয়ায় গরিব লোকদিগের বড়ই কষ্ট হইয়াছে এবং উল্লিখিত চুরি ডাকাতি প্রভৃতি উৎপাত সমূহও এই কারণে বৃদ্ধি পাইয়াছে। কটকের কলেক্টর বলিয়াছেন যে, তথায় জমিদার ও মহাজন উভয়ে মিলিয়া প্রজার প্রায় সমগ্র ফসল লইয়াই আপন আপন প্রাপ্য গণ্ডা শোধ করিয়া লইয়াছেন। পুরীতে গবর্ণমেণ্ট পতিত জমি সমস্ত অস্থায়ীরূপে চাষ করিবার জন্য ছাড়িয়া দেওয়ায় আদিম বাসিগণের পক্ষে যথেষ্ট সুবিধা হইয়াছে। বালেশ্বরের কোন কোন অংশে দরিদ্র-চাষীদিগকে বীজক্রয় করিবার জন্য অগ্রিম কিছু কিছু টাকা দেওয়া হইয়াছে, এবং জেলাবোর্ড কর্ত্তৃক প্রয়োজনমত ছোট ছোট পূর্ত্তও খোলা হইয়াছে।

লবণ উড়িষ্যা বিভাগের প্রধান পণ্য। চিল্‌কাহ্রদের অন্তর্গত দ্বীপসমূহে লবণ বিভাগের তত্ত্বাবধানে উহা প্রস্তুত হইত। উক্ত বৎসর হইতে উহা গবর্ণমেণ্টের খাসে প্রস্তুত হইতে আরম্ভ হইয়াছে এবং উহার কার্য্যও ভালরূপ চলিতেছে। বেঙ্গল নাগপুর রেলপথ খোলায় এবং মান্দ্রাজ বন্দরে এখানকার চাউল প্রভৃতির কাটতি কমিয়া যাওয়ায় বিভাগীয় সামুদ্রিক ব্যবসায় এবারে শতকরা ১৬ টাকার হিসাবে কম পড়িয়াছে।

দেওয়ানী ও ফৌজদারী আদালতের বিচার কার্য্যে ছোটলাট বাহাদুর সন্তোষপ্রকাশ করিয়াছেন। পুলিস চালানী এবং পুলিস চালানী নয় এরূপ মোকদ্দমা উক্ত বৎসর অনেক-বৃদ্ধি পাইয়াছে। শস্যের অত্যধিক দরবৃদ্ধিই পুলিস চালানী মোকদ্দমার সংখ্যা বৃদ্ধির হেতু বলিয়া বলা হইয়াছে। অবৈতনিক ম্যাজিষ্ট্রেটদিগের কার্য্য সন্তোষজনক হইয়াছে। ৩টি বিশেষ সব রেজেষ্টরী আফিসের প্রত্যেকটিতে গড়ে দুই হাজার ৩৭৯ এবং গ্রাম্য সব রেজেষ্টরী আফিসের প্রত্যেকটিতে গড়ে দুই হাজার ৫৯ খানি করিয়া দলিল রেজেষ্টরী হইয়াছে। জমির রাজস্ব, রোডসেস ও জমিদারী ডাকসেসের হাল বকেয়া প্রাপ্য ২১ লক্ষ ৯৩ হাজার ১৯৩ টাকার মধ্যে ২০ লক্ষ ২৫ হাজার ৮২৮ টাকা আদায় হইয়াছে। প্রতিনিধি ছোটলাট বাহাদুর ইহাতে যথেষ্ট সন্তোষ প্রকাশ করিয়াছেন।

বিভাগে আবকারীর আয় পূর্ব্ববৎসরাপেক্ষা এবারে কিছু বাড়িয়াছে; ষ্ট্যাম্পের আয় কিছু কমিয়াছে, কিন্তু আয়কর হইতে আয় কমে নাই; বরং বাড়িয়াছে। মণিঅর্ডার যোগে রাজস্ব প্রেরণের ব্যবস্থারও কতকটা উন্নতি দেখা যাইতেছে। এতৎ সম্বন্ধে কটকের কলেক্টর মফস্বলের রাইয়তদিগের পক্ষে কোন কোন বিষয়ে অসুবিধার উল্লেখ করিয়াছেন। বিষয়টি বিবেচনার জন্য রেভেনিউ বোর্ডের উপর ভার দেওয়া হইবে।

বিভাগের মধ্যে উচ্চশ্রেণীর ৯, মধ্য শ্রেণীর ৮৪, প্রাইমারী ৬ হাজার ১৮০ এবং অন্যান্য ২৯—সর্ব্বশুদ্ধ ৬ হাজার ২৬২টি স্কুল উক্ত বৎসর ১ লক্ষ ৮২৪ জন ছাত্র

অধ্যয়ন করিয়াছে। ইহার পূর্ব্ব বৎসরের ছাত্র সংখ্যার সহিত তুলনায় এই বৎসরের সংখ্যা ১২ হাজার ৮৮০ কম। অজন্মা, ঝড়, ব্যারাম প্রভৃতি কারণেই এরূপ হইয়াছে। এই সমস্ত স্কুলে সর্ব্বশুদ্ধ ৩ লক্ষ ৬৪ হাজার ৫৮৬ টাকা ব্যয় হইয়াছে। স্কুলে যাইবার বয়ঃপ্রাপ্তগণের মধ্যে শতকরা ৩৫·৯ জন মাত্র বিদ্যালয়ে অধ্যয়ন করিয়াছে।

দাতব্য চিকিৎসালয়ের সংখ্যা বিভাগে ১৯টি মাত্র। এই সমস্ত চিকিৎসালয়ের জন্য অল্পই অর্থ ব্যয় হয় এবং বিভাগস্থ অল্পসংখ্যক লোকেই চিকিৎসার্থী হইয়া এই সকলে আইসে। দাতব্য চিকিৎসালয়ের সংখ্যা এত অল্প দেখিয়া ছোটলাট বাহাদুর দুঃখ প্রকাশ করিয়াছেন, বলিয়াছেন যে, বিভাগে বৎসর বৎসর অনেক যাত্রীর সমাগম হয়। একমাত্র পুরী জেলা দিয়াই সহস্র সহস্র যাত্রীর গমন হয় অথচ সেই পুরী জেলাতেই ওরূপ চিকিৎসালয়ের সংখ্যা মাত্র পাঁচটি। এই পাঁচটীতে যে টাকা ব্যয় হয় মিউনিসিপ্যালিটী, জেলাবোর্ড ও গবর্ণমেণ্ট তাহার সরবরাহ করিয়া থাকেন; স্থানীয় বেসরকারী লোকগণ ইহার জন্য কিছুই করেন না।

কয়েকটী ব্যতীত আর সকল স্থলেই স্বায়ত্তশাসনের কার্য্য বোর্ড অথবা কমিটীর কার্য্যকরী কর্ম্মচারী দিগের দ্বারা করা হইয়াছে। বোর্ড প্রভৃতি অধিকাংশস্থলে নির্দ্দিষ্ট কার্য্যেই বিরত ছিলেন; নতুবা তাঁহাদের অনুষ্ঠিত কার্য্যসমূহের মধ্যে অন্যায় কমই হইয়াছে।

কমিসনর বাহাদুর বলিয়াছেন যে, গবর্ণমেণ্টের হিতৈষিতা ও ন্যায়পরতার উপর বিভাগীয় লোকদিগের দৃঢ় বিশ্বাস। বাঙ্গালার অধিবাসিগণ অপেক্ষা উড়িয়াদিগের অবস্থা ভাল। বাঙ্গালীদিগের অপেক্ষা উড়িয়াদিগের মধ্যে ধর্ম্মসংক্রান্ত ও সামাজিক উৎসব বেশী আছে। আজ কয়েক বৎসরের মধ্যে উড়িষ্যার সমৃদ্ধি উত্তরোত্তর অনেক বৃদ্ধি পাইয়াছে। রেলপথের সুবিধা বাড়িয়া বিভাগস্থ ভূমির উপযোগী নূতন নূতন শস্যের চাষ হইতে থাকিলে উড়িষ্যার অবস্থা ভবিষ্যতে যথেষ্ট ভাল হইবে বলিয়া আশা করা যাইতে পারে।

বন্দোবস্ত কার্য্যের ক্রমশই উন্নতি দেখা যাইতেছে। বালেশ্বর ও কটকে জমিদার প্রজায় পরস্পর সদ্ভাব আছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। পুরীতে কিন্তু এরূপ নহে। পুরীর রাজার জমিদারী মধ্যে ভালরূপ বন্দোবস্ত নাই বলিয়া শুনা যায়। পারিকুড়ের রাজার সহিত তাঁহার রাইয়তদিগের মামলা মোকদ্দমা চলিতেছে এবং দক্ষিণপাড়া ও উত্তরপাড়া মঠের মোহন্তগণ ঋণগ্রস্ত হইয়া পড়িয়াছেন।

ভগলপুর বিভাগ।

১৮৯২-৯৩ সালের ভগলপুর বিভাগের বাৎসরিক শাসন বিবরণী বিষয়ক রিপোর্টের উপর বাঙ্গাল গবর্ণমেণ্টের মন্তব্যের সারাংশ নিম্নে বিবৃত হইল—

বিভাগের পরিদর্শন কার্য্য সুশৃঙ্খলায় সম্পাদিত হইয়াছে। কৃষিকার্য্যের অবস্থা মোটের উপর মন্দ নহে। কেবল মাত্র পূর্ণিয়া ভিন্ন আর সর্ব্বত্র ভাদুই ফসল সাধারণতঃ ভালই জন্মিয়াছে। পূর্ণিয়ায় পাট যথেষ্ট জন্মিয়াছে। আমন ধান যেরূপ জন্মিবে বলিয়া আশা হইয়াছিল, বর্ষা স্থায়ী না হওয়ায় তাহা হইতে পায় নাই। যাহাই হউক, গড় নির্দ্দিষ্ট পরিমাণের কিঞ্চিন্যূন ফসল সকল জেলাতেই উৎপন্ন হইয়াছে। শীতের প্রারম্ভে জল না হওয়ায় রবি ফসলের উৎপত্তির পক্ষে কতকটা ব্যাঘাত জন্মিয়াছে।

কমিসনর বাহাদুরের বিবেচনায় উক্ত বৎসরটি বিভাগস্থ লোকের পক্ষে স্বাস্থ্যজনক ছিল না। মৃত্যুর যে তালিকাটি দেওয়া হইয়াছে উহা যে ঠিক নহে, তাহা নিশ্চিত। উক্ত তালিকা অনুসারে পূর্ব্ববৎসরাপেক্ষাও এ বৎসরে মুঙ্গের, ভগলপুর ও সাঁওতাল পরগণায় মৃত্যুসংখ্যা অনেক বেশী কিন্তু পূর্ণিয়া ও মালদহে অনেক কম। বস্তুতঃ ১৮৯১-৯২ সালে এ বিভাগে মৃত্যুসংখ্যা খুবই বেশী হইয়াছিল।

১৮৯১-৯২ সালে শস্যোৎপত্তি প্রয়োজনমত না হওয়ায় উক্ত বিভাগে খুবই অন্নকষ্ট উপস্থিত হইয়াছিল। মুঙ্গের, ভাগলপুর ও পূর্ণিয়ায় গবর্ণমেণ্ট দুর্ভিক্ষপূর্ত্ত খুলিয়াছিলেন। মালদহের শ্রমজীবিগণ আজও বিপন্ন। অন্যান্য স্থানের অন্নক্লিষ্ট লোকদিগের অবস্থা অপেক্ষাকৃত অনেকটা ভাল হইয়াছে।

বিভাগ হইতে কুলি চালান দেওয়া সংক্রান্ত অপরাধ পূর্ব্ববৎসরাপেক্ষা এ বৎসরে কমিয়াছে, কিন্তু অপরাধী শতকরা ২০ জনের স্থলে শতকরা

৩১ জন এবারে দণ্ডিত হইয়াছে। কমিসনর বাহাদুর বলিয়াছেন, কুলিদিগের গতিবিধি নির্ণয় করা সম্বন্ধে সোজাসুজি কয়েকটি নিয়ম করিয়া দিলে এবং কুলিসংগ্রাহকদিগের কার্য্যের উপর সরকারী তত্ত্বাবধারণ বেশী হইলে কুলিচালান প্রথায় আদিম অধিবাসীদিগের পক্ষে যে উপকার কেন না হইবে তাহা বুঝা যায় না। কোন কোন ইউরোপীয় ও ইউরেশীয় কুলিসংগ্রাহক অথবা অপরাপর কুলিসংগ্রাহকদিগের এজেণ্টের কৃত অসদ্ব্যবহারে ইউরোপীয়দিগের সহিত সাঁওতালদিগের সদ্ভাব নষ্ট হইতে আরম্ভ হইয়াছে। এরূপ স্থলে কুলিসংগ্রাহকদিগের উপর সরকারী তত্ত্বাবধানের কড়াকড়ি আবশ্যক বুঝিয়া প্রথম সূচনাস্বরূপ সম্প্রতি সাঁওতালপরগণায় ১৮৮৯ সালের ১ আইন জারি হইয়াছে।

অন্নকষ্টহেতু পূর্ব্ববৎসরে ভগলপুর বিভাগে ব্যবসা বাণিজ্যের পক্ষে অসুবিধা ঘটিলেও এবৎসরে উহার অবস্থা অপেক্ষাকৃত ভাল হইয়াছিল। বিলাতী আমদানী কাপড় বিভাগের প্রায় সর্ব্বত্রই দেশী কাপড়ের স্থান অধিকার করিলেও সাঁওতাল পরগণার আদিমবাসিগণ অদ্যাপি দেশী কাপড়েরই ব্যবহার করিতেছে। কিষণগঞ্জ রেলপথ খোলায় পূর্ণিয়ায় মাদুর চালানী ব্যবসায় আরম্ভ হইয়াছে। কাগজের কলের ব্যবসায়ের জন্য একপ্রকার ঘাস সাঁওতাল পরগণা হইতে রপ্তানী হইত। উক্ত ব্যবসায়ের উন্নতি দেখা যাইতেছে। নীল বিভাগে পরিমাণে কম জন্মিলেও দরে এক প্রকার পোষাইয়া গিয়াছে। মুঙ্গেরে শ্লেট ও পাথরের খনির কাজ চলিতেছে এবং রেলের মাশুল কমিয়া যাওয়ায় সাঁওতাল পরগণায় পাথর কাটার ব্যবসায় খুব বাড়িয়া উঠিয়াছে। মহিষের শিং ও হাড়ের ব্যবসায়েরও উক্ত জেলায় উন্নতি দেখা যাইতেছে।

বনালী ও শ্রীনগর জমিদারীর বন্দোবস্ত কার্য্যে ও জরিপি সেরেস্তার ব্যবস্থায় ফল খুবই ভাল হইয়াছে। খাজনার হার সম্বন্ধে কোনরূপ গোলযোগ হয় নাই বলিলেও চলে। জমিদারদিগের ইহাতে অনেক সুবিধা হইয়াছে। দাঙ্গা হাঙ্গামা ও ডাকাইতি কোন কোন জেলায় বর্দ্ধিত হওয়ায় পুলিস চালানী মোকদ্দমা এ বারে অনেক বৃদ্ধি পাইয়াছে। বিভাগের অন্নকষ্টই ইহার কারণ। দায়রায় শতকরা ৮০ জনেরও অধিক আসামী দণ্ড পাইয়াছে। আসামীগণকে বিবেচনাপূর্ব্বক যে দায়রায় সোপরদ্দ করা হইয়াছে এবং পুলিস ও ম্যাজিষ্ট্রেট যে যত্নপূর্ব্বক মোকদ্দমাগুলির তদ্বির করিয়াছেন, এতদ্দ্বারা তাহা বেশ বুঝা যাইতেছে। বন্ধকী ও বিক্রয় খৎ প্রভৃতি দলিল রেজেষ্টরীর সংখ্যা সকল জেলাতেই বৃদ্ধি পাইয়াছে। অজন্মাই প্রধানতঃ ইহার হেতু। ভূমির রাজস্ব অনেক টাকা বৎসরের শেষে অনাদায় পড়িয়াছিল; পূর্ণিয়ায় কয়েক জন বড় বড় জমিদার শেষ কিস্তীর টাকা দিয়া উঠিতে না পারাতেই প্রধানতঃ ওরূপ অপ্রীতিকর ব্যাপার সংঘটিত হইয়াছিল। উক্ত টাকা কিন্তু এযাবৎ আদায় হইয়াছে। প্রধানতঃ অন্নকষ্ট হেতু আবকারীর আয়ও এ বৎসরে কম হইয়াছে।

সমগ্র বিভাগে উক্ত বৎসর উচ্চ শ্রেণীর স্কুল ১৭টি, মধ্য শ্রেণীর ৭৮টি প্রাইমারী ৩ হাজার ২৬২টি এবং অন্যান্য ১৮টি সরকারী স্কুল ছিল। ঐ সমস্ত স্কুলে বৎসরের মধ্যে ৭৮ হাজার ৮০০ ছাত্র অধ্যয়ন করিয়াছে। প্রত্যেক ছাত্রের প্রতি গড়ে বৎসরে ৩৸৯/১১ পাই ব্যয় পড়িয়াছে। পূর্ব্ব বৎসরে কিন্তু প্রত্যেক ছাত্রের প্রতি ৪৷৵৬ পাই হিসাবে ব্যয় পড়িয়াছিল। উল্লিখিত ছাত্রসংখ্যা ব্যতীত ৯ হাজার ৭৪৫ জন ছাত্র বেসরকারী স্কুলে অধ্যয়ন করিয়াছে; কিন্তু তাহা হইলেও বিভাগে প্রাথমিক শিক্ষার অবস্থা সাধারণতঃ নিতান্তই শোচনীয়। মুঙ্গের ব্যতীত বিভাগের আর সকল জেলাতেই মিউনিসিপ্যালিটিসমূহ উচ্চ ও মধ্য শিক্ষার জন্য অধিক অর্থ ব্যয় করিয়াছেন। প্রাথমিক শিক্ষার জন্য যে টাকা ব্যয় করিয়াছেন তাহা কোন অংশেই যথেষ্ট নহে। গত বৎসরের রিপোর্টে লিখিত এই প্রাথমিক শিক্ষাসম্বন্ধীয় মন্তব্যে কিছুমাত্র মনোযোগ দেওয়া হয় নাই দেখিয়া প্রতিনিধি ছোটলাট বাহাদুর দুঃখিত হইয়াছেন। সাঁওতাল পরগণার ৫ হাজার ৭৫৯ জন আদিমবাসী ছাত্রের মধ্যে ৫ হাজার ৫৭৫ জন সাঁওতাল, ১৭৮ জন পাহাড়ী, ৩ জন ধাঙ্গড় ও ৩ জন কোল। লোক সংখ্যা এবং স্কুলে যাইবার উপযুক্ত বয়ঃপ্রাপ্তগণের সংখ্যা বিবেচনায় প্রতি ১৪.৭ জনের মধ্যে ১ জন সাঁওতাল এবং প্রতি

৫২.৭ জনের মধ্যে ১ জন পাহাড়ী স্কুলে অধ্যয়ন করিয়াছে।

জেলা ও স্থানীয় বোর্ডের স্ব স্ব কার্য্যবিষয়ে যত্ন পূর্ব্ব বৎসরাপেক্ষা এবারে কিছু বাড়িয়াছে বলিয়া বোধ হয় না। মিউনিসিপ্যালিটিসমূহের মধ্যে মুঙ্গের, জামালপুর, দেওঘর ও সাহেবগঞ্জ—এই কয়েকটি মাত্র মিউনিসিপ্যালিটিরই সুখ্যাতি হইয়াছে।

ভগলপুরে উক্ত বৎসর সিয়া ও সুন্নি মুসলমান সম্প্রদায়ের মধ্যে কতকটা বিরোধ উপস্থিত হইয়াছিল এবং গোহত্যা লইয়া হিন্দু মুসলমানেও সামান্যরূপ বিবাদ ঘটিয়াছিল; এতদ্ভিন্ন আর কোন গোলযোগ বিভাগে উপস্থিত হয় নাই। ভগলপুর বিভাগের তিনটি জেলায় ছাপাখানা আছে, কিন্তু কোন সংবাদপত্র বিভাগ হইতে বাহির হয় না, এবং কলিকাতার সংবাদ পত্র সমূহের প্রচলনও এখানে অনেক কম।

বাঙ্গালার গোমসূর্য্যাধান।

১৮৯০-৯১ সাল হইতে আরম্ভ করিয়া তিন বৎসরে বাঙ্গালার গোমসূর্য্যাধান বিভাগের কার্য্যবিবরণী বিষয়ে বাঙ্গালার স্বাস্থ্যকমিসনর যে রিপোর্ট দিয়াছেন, সেই রিপোর্টের সম্বন্ধে বাঙ্গাল গবর্ণমেণ্টের মন্তব্যের সারাংশ নিম্নে বিবৃত করা হইল—

ভারত গবর্ণমেণ্টের সম্মতি লইয়া উক্ত কাল মধ্যে বাঙ্গালার গোমসূর্য্যাধান বিভাগের পুনর্ব্বন্দোবস্ত করা হইয়াছে। তদনুসারে সিভিলসার্জ্জনদিগের উপর উহার কার্য্যকরী তত্ত্বাবধারণের ভার পড়িয়াছে এবং সুপারিণ্টেণ্ডেণ্ট ও সব ইনস্পেক্টরের সংখ্যা বাড়াইয়া ডেপুটি সুপারিণ্টেণ্ডেণ্ট ও প্রধান টীকাদারের সংখ্যা কমান হইয়াছে। এই সমস্ত পরিবর্ত্তনে যে কাজ কতদূর ভাল হইবে তাহা এখন ঠিক করিয়া বলা যায় না। প্রতিনিধি স্বাস্থ্যকমিসনর ডাক্তার ডাইসন নূতন বন্দোবস্তে দোষ দেখাইয়াছেন। কিন্তু একটা ব্যবস্থা করিবার অব্যবহিত পরেই তাহার পরিবর্ত্তন করাটা ঠিক নহে। স্বাস্থ্য কমিসনর এ বিষয়ে বিশেষ লক্ষ্য রাখিবেন এবং কোন পরিবর্ত্তনাদি প্রয়োজনীয় বলিয়া বুঝিলে যদি তখনই তখনই তাহার প্রস্তাব করা আবশ্যক বলিয়া বুঝেন তবেই যাহা হউক, নতুবা আগামী বৎসরের রিপোর্টে তদ্বিষয়ের উল্লেখ করিবেন।

১৮৯২-৯৩ সালে সর্ব্বশুদ্ধ ১৮ লক্ষ ৩৬ হাজার ৪১১ জনের টীকা দেওয়া হইয়াছে। পূর্ব্ববর্ত্তী দুই বৎসরের সহিত তুলনায় এই সংখ্যা অনেক বেশী। প্রত্যেক টীকাদার গড়ে ৬০৩ জনের টীকা দিয়াছে। ছোটলাট বাহাদুরের বিবেচনায় উল্লিখিত নূতন বন্দোবস্তই এই সংখ্যা বৃদ্ধির কতকটা হেতু। ঢাকার সিভিল সার্জ্জন ঢাকা জেলের কয়েদীদিগের টীকা দেওয়ার ফলাফল দেখিয়া বলিয়াছেন যে, বসন্ত হইবার সম্ভাবনা যত দিন না নষ্ট হয় তত দিন মাঝে মাঝে টীকা দেওয়ার ব্যবস্থা করা উচিত। ডাক্তার ডাইসন বলিয়াছেন যে বয়ঃপ্রাপ্ত হইবার পর আর এক বার টীকা দিলে বসন্ত হইবার সম্ভাবনা একেবারে নষ্ট হয়। পুনঃ পুনঃ টীকা দেওয়া কার্য্যতঃ ঘটিয়া উঠে না এবং ওরূপ দিবারও আবশ্যক হয় না। তাঁহার মতে দশ বৎসরের অধিক বয়স্ক স্কুলের ছাত্রগণের এবং সরকারী কর্ম্মচারিগণের প্রথম টীকা দেওয়ার পর আর এক বার ভাল করিয়া টীকা দেওয়া আবশ্যক। ফ্যাক্টরী আইনানুসারে ফ্যাক্টরীতে নিযুক্ত লোকদিগেরও ঐরূপ আর একবার টীকা দেওয়া চাই। ডাক্তার গ্রেগ ও ডাক্তার ডাইসন উভয়েই এই প্রস্তাব করিয়াছেন। বিষয়টি এক্ষণে গবর্ণমেণ্টের সাধারণ বিভাগের বিবেচনার অধীনে আছে।

গোবীজে টীকা দেওয়ার প্রথা এ প্রদেশের সর্ব্বত্রই চলিত হইয়াছে; তবে মিউনিসিপ্যালিটিসমূহের অধীন যে সকল স্থান সেই সকল স্থানের অধিবাসিগণই উহাতে বাধ্য, নতুবা রংপুর, ভগলপুর, সাঁওতাল পরগণা ও ত্রিপুরার অন্তর্গত মিউনিসিপ্যালিটির বহির্ভূত কোন কোন পল্লী ব্যতীত ঐরূপ আর সমস্ত পল্লীতেই উহা লোকের স্বেচ্ছাধীন আছে। বাঙ্গালার গোমসূর্য্যাধান আইনে এরূপ কয়েকটি ধারা আছে যদ্দ্বারা মিউনিসিপ্যালিটির এলাকাভুক্ত হউক আর নাই হউক, সর্ব্বত্রই উপযুক্ত সময়ে যাহার উপর নোটিস জারী করা হইবে তাহাকেই টীকা দিতে হইবে অথবা তাহার পুত্রের টীকা দিবার জন্য অনুমতি করিতে হইবে, নচেৎ দণ্ডনীয় হইতে

হইবে। প্রতিনিধি স্বাস্থ্যকমিসনরের ইচ্ছা সেই ধারাগুলি প্রচলিত হয়। ছোটলাট বাহাদুর কিন্তু ইহাতে সম্মত নহেন। তিনি বলেন, স্বাস্থ্য-বিধায়ক অন্যান্য বিষয়ের ন্যায় এই বিষয়টিতেও বাঙ্গালার লোক বড়ই উদাসীন। এ বিষয়ে তাহাদিগকে বাধ্য না করিলে যে উহার উপযুক্ত রূপ প্রচলন হইবে না তাহা ঠিক, কিন্তু অন্ততঃ কিঞ্চিৎ পরিবর্ত্তিত আকারেও উহা প্রচলিত করিবার চেষ্টা পাইলে অনেক আপত্তি উত্থাপিত হইবে। যাহার প্রয়োজনীয়তা লোকে আজও বুঝিয়া উঠিতে পারে নাই, যাহার বিরুদ্ধে অনেকানেক জেলার লোকের মধ্যে আজও প্রাচীন কুসংস্কার বিদ্যমান রহিয়াছে এমন একটি সাধারণ বিষয় জোর করিয়া প্রজাগণ মধ্যে প্রবর্ত্তিত করা ঠিক নহে। এই প্রথার যাহাতে সমধিক প্রচলন হয় তজ্জন্য আপাততঃ লোকের বুদ্ধি ও স্বাস্থ্যবিষয়ক জ্ঞান বিস্তৃতির উপর নির্ভর করিতে হইবে। এতদ্ভিন্ন কার্য্যকরী বিভাগের কর্ম্মচারিগণ চেষ্টা চরিত্র করিয়া যতটুকু যাহা করিয়া উঠিতে পারেন। তাঁহাদের সেই চেষ্টার পক্ষে সুবিধা হইবে বলিয়াই সম্প্রতি গোমসূর্য্যাধান বিভাগের পুনর্বন্দোবস্ত করিয়া স্থানীয় পরিদর্শনের ব্যবস্থা করিয়া দিয়াছেন। ব্যাপারে ফল কিরূপ দাঁড়ায় ছোটলাট বাহাদুর আপাততঃ তাহাই দেখিবার প্রতীক্ষায় আছেন।

প্রতিনিধি স্বাস্থ্য কমিসনর বলিয়াছেন, লোকে নিজে উদ্যোগী হইয়া টীকা দিতে বড় চায় না। প্রায় প্রতি জেলাতেই এরূপ অনেক লোক আছে যাহারা টীকা দিতে অস্বীকৃত হয়। টীকা দেওয়ায় তাঁহাদের যে আপত্তি বেশী তাহা নহে, তবে যে ব্যক্তির টীকা হইতে বীজ লইয়া টীকা দেওয়া হইবে তাহাকে লইয়াই আপত্তি; যে হেতু উক্ত ব্যক্তি সচরাচর ইতর লোকই হইয়া থাকে। অপরআপত্তি—টীকা দেওয়ার ফি সম্বন্ধে। এই ফি আদায় সহজে হয় না বলিয়া টীকাদারগণ অনেক স্থলে ফি বেশী আদায় করেন, এবং যাহারা ফি দিতে পারিবে এবং দিবে তাহাদিগেরই টীকা দিয়া থাকেন। বস্তুতঃ খরচা না লইয়া টীকা দেওয়ার ব্যবস্থা করিলে সরকার পক্ষের যে খরচ বেশী হয় তাহা নহে। বর্দ্ধমানের ন্যায় জেলায় ৬।৭ শত টাকা ব্যয় পড়ে মাত্র। জেলা বোর্ড মনে করিলেই এই টাকা দিতে পারেন। পুরীর জেলা বোর্ড এতদর্থে ৮৫০ টাকা দিয়াছেন। ছোটলাট বাহাদুর বলিয়াছেন, জেলা বোর্ডের ঘ্যাঙা অনেক, সুতরাং জেলাবোর্ডকে উহাতে বাধ্য করা ঠিক নহে; তবে টীকা দেওয়ার ব্যাপারটি সাধারণের যেরূপ প্রয়োজনীয় তাহাতে ডিষ্ট্রিক্টফণ্ডের টাকা উহার জন্য ব্যয় করায় ন্যায়সঙ্গত কার্য্যই করা হয়। এরূপ স্থলে কোন জেলাবোর্ড এতদর্থে যদি কিছু কিছু টাকা দিয়া উঠিতে পারেন তাহাতে সাধারণতঃ তাঁহার আপত্তির বিষয় কিছুই থাকিতে পারে না। ফলতঃ জেলাবোর্ডের প্রদত্ত টাকা ব্যয় করিবার প্রণালীর উপরই অনেকটা নির্ভর করিতেছে; সুতরাং ইহার কার্য্য স্বতন্ত্র ভাবে না দেখিলে এতৎসম্বন্ধে ছোটলাট বাহাদুর কোন রূপ পাকা পাকি মত প্রদান করিতে পারিতেছেন না।

বীজ সংরক্ষণের জন্য কলিকাতা ও দার্জিলিঙ্গে দুইটি ডিপো আছে, কিন্তু এই ডিপোর সংখ্যা না বাড়াইলে এবং ইহার জন্য অর্থ ব্যয় না করিলে যথেষ্ট পরিমাণ বীজ সংরক্ষিত হইতে পারিবে না। ডাক্তার ডাইসন কিন্তু এতৎসম্বন্ধে পঞ্জাব ও মধ্য প্রদেশসমূহের বীজ সংরক্ষণ প্রথা এখানে চালাইতে চাহেন। উক্ত প্রথানুসারে প্রথমে একটি বাছুরকে "ল্যানোলাইন" দ্বারা টীকা দিতে হইবে এবং এই বাছুরের বীজ লইয়া গ্রামের সমস্ত ছেলে মেয়ে এবং নিকটবর্ত্তী গ্রামসমূহের আর কয়েকটী বাছুরের টীকা দিতে হইবে। ঐ সমস্ত বাছুরের বীজ যখন পাকিয়া উঠিবে তখন এক জন টীকাদার গ্রামে যাইয়া সেই বীজ হইতে গ্রামের ছেলে মেয়ে এবং নিকটবর্ত্তী আর কয়েকটি গ্রামের কয়েকটি বাছুরের টীকা দিবে। এই সকল বাছুরের ইহাতে কষ্ট বা অপকার বিশেষ কিছুই হইবে না। গোবৎসকে টীকা দিতে দেওয়ায় যদি কাহারও আপত্তি হয় তবে মহিষের বাছুরকে টীকা দিয়া দিলেও সেই একই কাজ হইবে। এরূপ ব্যবস্থায় অনেকটা সুবিধা হইতে পারিবে। ইহাতে টীকা দেওয়ার জন্য লোকের ছেলে সঙ্গে করিয়া অনবরতঃ তাহার হাত হইতে বীজ লইয়া তাহাকে যন্ত্রণা দেওয়া হইবে

না এবং ছোট লোকের ছেলের, ব্যারামী ছেলের বীজ লইয়া টীকা দিতে দিব না বলিয়া যাহারা আপত্তি করে, তাহাদিগেরও আর সে আপত্তি করিবার পথ থাকিবে না। বারটি জেলায় এই প্রথার প্রবর্ত্তন বিষয়ে গবর্ণমেণ্ট অনুমোদন করিয়াছেন। বৎসরের শেষ হইতে ডাক্তার ডাইসন ছাগল ও ভেড়ার বীজে টীকা দেওয়া যাইতে পারে কি না পরীক্ষা করিয়া দেখিতেছেন। পরীক্ষার ফল শীঘ্রই প্রকাশিত হইবে।

বিনা লাইসেন্সে টীকা দেওয়ার প্রথা যাহাতে রহিত হইয়া যায়, প্রতিনিধি স্বাস্থ্য কমিসনর তজ্জন্য জেদ করিয়াছেন। উক্ত প্রথায় যে অনেক অসুবিধা ঘটে তিনি তাহা দেখাইয়াছেন। এই প্রথা যাহাতে উঠিয়া যায় তজ্জন্য স্বাস্থ্যকমিসনরের এই জেদ যে সর্ব্বপ্রথম তাহা নহে। ১৮৯০ সালে এবং পুনরায় বর্ত্তমান বর্ষের প্রারম্ভে এ বিষয়ের জন্য গবর্ণমেণ্টকে অনুরোধ করা হইয়াছে, কিন্তু প্রতিনিধি ছোট লাট বাহাদুর বলিয়াছেন যে উক্ত প্রথা প্রচলিত থাকায় অনিষ্ট খুবই বাড়িয়া পড়িয়াছে এরূপ প্রমাণ না করিতে পারিলে উহার সম্বন্ধে কোন কিছু করিবার প্রয়োজন হইবে না।

পরিদর্শনের ভার প্রাপ্ত কর্ম্মচারিগণ পরিদর্শন কার্য্য উপযুক্ত রূপ না করায় ছোটলাট বাহাদুর অসন্তোষ প্রকাশ করিয়াছেন; বলিয়াছেন যে, টীকা দেওয়া সম্বন্ধে যেখানে লোকদিগকে বাধ্য করা হইল না, সে স্থলে স্থানীয় কর্ম্মচারিগণের চেষ্টা ও যত্নের উপরই প্রধানতঃ উহার উন্নতি নির্ভর করিতেছে।

বিগত ১০ই নবেম্বর আগ্রা মিউনিসিপ্যাল বোর্ডের সদস্যগণ মিলিয়া বড়লাট বাহাদুরকে একখানি অভিনন্দন পত্র প্রদান করিয়াছিলেন। প্রত্যুত্তরে বড়লাট বাহাদুর প্রসঙ্গক্রমে গোহত্যা সংক্রান্ত বিবাদ বিসম্বাদের উল্লেখ করিয়া তৎসম্বন্ধে অনেকগুলি কথা বলিয়াছেন। আগামী বারে তাহার মর্ম্ম আমাদিগের পাঠকবর্গকে জানাইবার ইচ্ছা রহিল।

বঙ্গীয় ব্যবস্থাপক সভায় প্রশ্নোত্তর।

গত শনিবার বঙ্গীয় ব্যবস্থাপক সভায় সভার অন্যতম সদস্য অনারেবল শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় যে কয়েকটি প্রশ্ন করিয়াছিলেন এবং সেই গুলির প্রত্যুত্তরে অনারেবল কটন সাহেব যে সকল কথা বলিয়াছিলেন, পাঠকগণের অবগতির জন্য তৎসমুদয়ের মর্ম্ম নিম্নে উদ্ধৃত করা যাইতেছে—

১ম প্রশ্ন—বিগত ২২এ জুলাইয়ের ব্যবস্থাপক সভার অধিবেশন স্থলে অনারেবল কটন সাহেব পবলিক সর্ভিস কমিসনের অভিপ্রায়মত কভেনাণ্টেড্ সিভিল সর্ভিসে এবং পুলিসের উচ্চতর পদে দেশীয়গণের নিয়োগ সম্বন্ধে যেরূপ যাহা বলিয়াছিলেন তদতিরিক্ত আর কোন কিছু করা হইয়াছে কি না? (২) সরকারী অফিসে কত জন দেশীয় কত জন ইউরোপীয় এবং কত জন ইউরেশীয় নিম্নলিখিত হারে বেতন পাইয়া থাকেন—(ক) ২ শত হইতে ৪ শত টাকা; (খ) ৪ শত হইতে ৮ শত টাকা; (গ) ৮ শত হইতে ১ হাজার টাকা; (ঘ) ১ হাজার হইতে দেড় হাজার টাকা; (ঙ) দেড় হাজার হইতে ২ হাজার টাকা; (চ) ২ হাজার হইতে ৩ হাজার এবং (ছ) ৩ হাজার হইতে ৪ হাজার টাকা? (৩) ১৮৬৩ সালের ২০ আইনের উদ্দেশ্য ব্যর্থ হইয়াছে কি না; হিন্দুদের সম্পত্তির ট্রষ্টিগণের দোষে কোন কোন সম্পত্তির এককালীন ক্ষয় এবং অপরগুলির বড়ই বে বন্দোবস্ত হইতেছে কি না; এবং সমগ্র প্রদেশের হিন্দু দেবমন্দির ফরেশ্বর টাকা সেবায়ত মোতস্তগণ কর্ত্তৃক অপব্যয়িত হইতেছে কি না? (৪) আজ কয়েক মাস হইল শিক্ষাবিভাগের ডিরেক্টর একখানি সর্কুলার জারি করিয়া শিক্ষাবিভাগীয় কর্ম্মচারিগণের বেতন বৃদ্ধি স্থগিত করেন, কিন্তু উক্ত বিভাগীয় উচ্চ কর্ম্মচারিগণ প্রতিবাদ করায় কেবল তাঁহাদিগেরই বেতন বাড়াইয়া দেওয়া হয়; অধস্তন কর্ম্মচারিগণকে এই বলা হয় যে অধস্তন শিক্ষা সর্ভিসের সংস্করণ প্রস্তাব করিয়া একটি নূতন বিধি ভারত গবর্ণমেণ্টে দাখিল করা হইয়াছে। এই সমস্ত বিষয় সত্য কি না; বাঙ্গাল শিক্ষা সর্ভিসের উচ্চ ও অধস্তন—উভয়বিধ পদের বেতন সংক্রান্ত বিধি ষ্টেট সেক্রেটরী মঞ্জুর করিয়াছেন কি না এবং এতদুভয়ের একটির সম্বন্ধে ষ্টেট সেক্রেটরীর অনুমোদনের অপেক্ষা করা হইয়াছে কি না? (৫) বিচার ও কার্য্যকরী বিভাগের স্বাতন্ত্র্য সম্বন্ধে মিঃ আর সি দত্ত যে ব্যবস্থার কথা বলিয়াছেন তাহা গবর্ণমেণ্টের গোচর হইয়াছে কি না; হইয়া থাকিলে গবর্ণমেণ্ট তাহার কোনটী গ্রাহ্য করিবার প্রস্তাব করিয়াছেন কি না? (৬) গবর্ণমেণ্ট, জেলাবোর্ড এবং স্থানীয় জমিদারগণ কর্ত্তৃক বরিশাল, ফরিদপুর, নোয়াখালি, ও ত্রিপুরা জেলায় কৃষি কার্য্যের জন্য আইনানুসারে কত টাকা অগ্রিম দেওয়া হইয়াছে এবং প্রতিকারের উপায়ই বা কি করা হইয়াছে? (৭) গোহত্যা লইয়া যে সকল জেলায় দাঙ্গা হাঙ্গামা হইয়া গিয়াছে অথবা হইবার আশঙ্কা আছে, উত্তর পশ্চিম প্রদেশের দৃষ্টান্তে সেই সমস্ত স্থানে গবর্ণমেণ্ট শান্তি সংরক্ষক কমিটী সংস্থাপন করিবেন কি না এবং ঐ সকল জেলায় পরস্পর বিবাদকারী সম্প্রদায় মধ্যে সদ্ভাব ও শৃঙ্খলা স্থাপনের জন্য গবর্ণমেণ্ট কি উপায় অবলম্বন করিবেন?

অনারেবল কটন সাহেব প্রথম প্রশ্নের প্রত্যুত্তরে বলিয়াছেন, নিয়মটী এখন গবর্ণমেণ্টের বিবেচনাধীন। ২য় প্রশ্নের উত্তরে বলিয়াছেন, বড় বড় কর্ম্মচারীদিগের সম্বন্ধে জ্ঞাতব্য বিষয়গুলি ত্রৈমাসিক সিভিল লিষ্ট দেখিলেই জানা যাইবে। ছোট ছোট কর্ম্মচারীদিগের সম্বন্ধে তদ্রূপ হিসাব দিতে পারা যাইবে না, যেহেতু উহাতে অনেক গোলযোগ এবং গবর্ণমেণ্টের অনেক খরচ পড়ে। তবে প্রশ্নকারী যদি কেবল ভারতের সিভিল সর্ভিস, প্রাদেশিক সিভিল সর্ভিস এবং বাঙ্গালার অধস্তন সিভিল সর্ভিসের কর্ম্মচারিগণের সংখ্যা জানিতে চান তাহা হইলে হইতে পারে। (সুরেন্দ্র বাবু তাহাই জানিতে চাহিয়াছেন) ৩য় প্রশ্নের প্রত্যুত্তরে বলিয়াছেন, ছোট লাট বাহাদুর এসম্বন্ধে সম্প্রতি সরকারী সংবাদ কিছুই পান নাই, সুতরাং এপ্রশ্ন সম্বন্ধে এক্ষণে কোনরূপ উত্তর দেওয়া যাইতে পারে না। ৪র্থ প্রশ্নের প্রত্যুত্তরে বলিয়াছেন, অধস্তন শিক্ষাসর্ভিসের পদোন্নতি মঞ্জুর করা সম্বন্ধে গবর্ণমেণ্টের এই আদেশ আছে যে অধস্তন শিক্ষা সর্ভিসের অনুমোদিত ব্যবস্থাগুলি পরিবর্ত্তনের অধীন হইবে এবং ক্রমিক বেতন বৃদ্ধি বিষয়ে কাহারও দাবী দাওয়া থাকিবে না। এই আদেশ ভূলক্রমে কোন কোন স্থলে উচ্চ কর্ম্মচারীদিগের উপরও প্রযুক্ত হইয়াছিল, কিন্তু শিক্ষাবিভাগীয় ডিরেক্টরের লিখিত যে সরকারী পত্রে জানিতে পারিয়া ভুলটীর সংশোধন করিয়া দেওয়া হইয়াছে। বাঙ্গাল শিক্ষা সর্ভিস সংক্রান্ত নূতন ব্যবস্থা আজও ষ্টেট সেক্রেটরীর অনুমোদিত হয় নাই। ৫ম প্রশ্নের প্রত্যুত্তরে বলিয়াছেন, ইা গোচর হইয়াছে বটে, কিন্তু তৎসম্বন্ধে কোন কিছু করা হইবে না হইবে ছোট লাট বাহাদুর এসম্বন্ধে সে বিষয়ে কোন কথা বলিতে পারেন না। ৬ষ্ঠ প্রশ্নের প্রত্যুত্তরে বলিয়াছেন, ফরিদপুর ও বাখরগঞ্জ জেলার অন্তর্গত কিয়ৎ পরিমাণ স্থান ভিন্ন গবর্ণমেণ্টকে কোন রূপ বিশেষ উপায় অবলম্বন করিতে হয় এরূপ বিপত্তি আর কুত্রাপি ঘটে নাই। বাখরগঞ্জ জেলায় কৃষিকার্য্যের জন্য সাড়ে বার হাজার টাকা কর্জ্জ দেওয়া হইয়াছে, ফরিদপুরে ২৩ হাজার এবং নোয়াখালি ও ত্রিপুরায় ১১ হাজার ১ শত টাকা। জেলাবোর্ডের অধীনে পুর্ত্ত খোলা হইয়াছে, কিন্তু উহাতে মজুর এযাবৎ কাজ করিতে আসে নাই বলিলেও চলে। উল্লিখিত স্থান সমূহে অন্নসত্রও খোলা হইয়াছে এবং উহার ব্যয় ডিষ্ট্রীক্ট ফণ্ড ও সাধারণের চাঁদায় যদি সঙ্কুলান না হয় এই কারণে ঢাকার কমিসনর সাহেবের হস্তে ১০ হাজার টাকা দেওয়া হইয়াছে। প্রধান প্রধান কোন কোন জমিদার প্রজাবর্গের সহিত সদয় ব্যবহার ও তাহাদিগকে সাহায্য করিতেছেন বলিয়া গবর্ণমেণ্টে সংবাদ আসিয়াছে। ৭ম—প্রশ্নের প্রত্যুত্তরে বলিয়াছেন, যে সকল স্থানে গোরক্ষণী সভার অধিক প্রাদুর্ভাব এবং যে সকল স্থানে হিন্দু মুসলমানে বিরোধ ঘটিয়াছে বা ঘটিবার সম্ভাবনা আছে, সেই সমস্ত স্থানে উভয় সম্প্রদায়ের প্রধান প্রধান লোক লইয়া পঞ্চায়ৎ অথবা শান্তি সংরক্ষক কমিটী সংস্থাপন করা সম্ভব কি না বিবেচনা করিয়া দেখিবার জন্য স্থানীয় কর্ম্মচারিগণকে অনুরোধ করা হইয়াছিল। দুঃখের বিষয় উভয় সম্প্রদায়ের মধ্যে মনোমালিন্য অদ্যাপিও বিদ্যমান থাকায় এপক্ষে গবর্ণমেণ্টের চেষ্টা ফলবতী হয় নাই। উভয় পক্ষের মধ্যে সদ্ভাব ও শৃঙ্খলা স্থাপনের সম্বন্ধে গবর্ণমেণ্টের অভিপ্রায় ইতিপূর্ব্বেই প্রকাশ পাইয়াছে। অতঃপর তৎসম্বন্ধে বলিবার আর কিছুই নাই। দাঙ্গাকারী ও দাঙ্গায় উত্তেজকদিগের বিরুদ্ধে আইনের কড়াকড়ি করিবার জন্য জেলার কর্ম্মচারিগণকে উপদেশ দেওয়া হইয়াছে।

বিগত ২২এ জুলাই বঙ্গীয় ব্যবস্থাপক সভার অধিবেশনে মিঃ ডবলিউ সি বনার্জ্জি জিজ্ঞাসা করিয়াছিলেন যে দার্জ্জিলিং বাঙ্গাল গবর্ণমেণ্টের গ্রীষ্মাবাস হওয়ায় উহার জন্য বাৎসরিক কত টাকা ব্যয় হয়। এই প্রশ্নের প্রত্যুত্তর পরে করিবেন বলিয়া অনারেবল বোর্ডিলন সাহেব তৎকালে প্রতিশ্রুত হইয়াছিলেন। এদিনের অধিবেশনে তিনি উক্ত প্রশ্নের প্রত্যুত্তরে দেখাইয়াছেন যে ১৮৮৮-৮৯ সাল হইতে ১৮৯২-৯৩ সাল পর্য্যন্ত পাঁচ বৎসরে যথাক্রমে ৩০ হাজার ১৫৮, ২৯ হাজার ৭৬৮, ২৯ হাজার ৭৮০, ৩৭ হাজার ১৫২, ৩৭ হাজার ৭৯২ টাকা ব্যয় হইয়াছে।

বাঙ্গাল মিউনিসিপ্যাল আইন সংক্রান্ত সিলেক্ট কমিটীতে রিজলে সাহেব উপস্থিত থাকিতে পারিবেন না বলিয়া তৎপরিবর্ত্তে অনারেবল বোর্ডিলন সাহেব যাহাতে নিযুক্ত হন, ব্যবস্থাপক সভায় কটন সাহেব যাহাতে সে প্রস্তাব উত্থাপন করেন। প্রস্তাবটি সকলের অনুমোদিত হইয়াছে।

সাপ্তাহিক সংবাদ।

[কলিকাতা] ঠাকুর আইন অধ্যাপক সার ফ্রেডরিক পলক সাহেব অদ্য কলিকাতায় আসিয়া পৌঁছিবেন। আগামী ২২শে অক্টোবর তাঁহার প্রথম লেক্‌চারের দিন।

আগামী কল্য বেঙ্গল কৌন্সিল চেম্বরে আফিস কমিসন বসিবে। প্রথমেই সার ডেভিড বার্ব্বারের সাক্ষ্য গ্রহণ করা হইবে।

[উঃ পঃ প্রদেশ] আগামী কল্য হইতে ১৫ই অগ্রহায়ণ পর্য্যন্ত ৺ কাশীধামে ভারতবর্ষীয় আর্য্যধর্ম্ম প্রচারিণী সভার সাম্বৎসরিক উৎসব হইবে।

আগামী ৬ই ডিসেম্বর উঃ পঃ প্রদেশের ব্যবস্থাপক সভার অধিবেশনের দিন নির্দ্দিষ্ট হইয়াছে।

[বৈদেশিক] টঙ্কিনে গোলযোগ বাধিয়াছে। টঙ্কিনের পাহাড়ীয়া এবং লেয়সের লোকেরা ক্ষেপিয়া উঠিয়া ফরাসী পল্টনকে বিপন্ন করিয়াছে। দেশীয় সৈনিকগণও নাকি প্রতিকূল হইয়াছে। ফরাসীর অত্যাচারেই শুনা যায় এরূপ ঘটিয়াছে। টঙ্কিন প্রদেশ ফরাসীর অধিকৃত।

ব্রেজিলে বিদ্রোহ বৃদ্ধি পাইতেছে। বিদ্রোহিদলের রণপোত হইতে রাজধানী রাইও জেনিরোর উপর আবার গুলি চালান হইতেছে।

অষ্ট্রীয়ার মন্ত্রিসভার পরিবর্ত্তন ঘটিয়াছে। নির্ব্বাচন ব্যাপারে প্রজার অধিকার যাহাতে বৃদ্ধি পায় তাহার চেষ্টাতেই এরূপ হইয়াছে। কনজার্ভেটিভ দলের নূতন মন্ত্রীসভা সংগঠিত হইয়াছে।

খেলাতের খাঁ মীর মহম্মদ খাঁকে যথারিতি রাজ্যে অভিষিক্ত করা হইয়াছে। খাঁ ব্রিটিসদিগের মিত্র থাকিয়া স্বীয় প্রজাবর্গের অবস্থার উন্নতিসাধন করিতে প্রতিশ্রুত হইয়াছেন।

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—ফলো পাস্ত ডিঃ ও সেঃ জজ পার্গিটার সাহেব যশোহরের ডিঃ ও সেঃ জজ হইলেন। ডেঃ কঃ বাবু রাজেন্দ্রনাথ রায় লোহারডাগা জেলার কঃ কার্য্যে নিযুক্ত হইলেন। গয়া আরাজাযাদের প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ কার্জিল সাহেব ১২ দিনের ছুটী পাইলেন।

পাবার ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু রাখালগঞ্জ নারায়ণ সিংহ অস্থায়ীরূপে উক্ত জেলার আরাক্কা-বাদ মহকুমার ভার পাইলেন। ফলৌ প্রাপ্ত প্রোমোশন মাঃ ও কঃ কলিন সাহেব মালদহের মাঃ ও কঃ হইলেন। ডেঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ উমেশচন্দ্র বটব্যাল মালদহ জেলার সদরে স্থাপিত হইলেন। প্রেসিডেন্সি মাঃ ও কঃ ওয়াল্‌স্ সাহেব পুরীর মাঃ ও কঃ নিযুক্ত হইলেন। চট্টগ্রামের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু তুলসীচরণ পাল আর ১ মাসের ছুটী পাইলেন। প্রোমোশন কঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ বরদাচরণ মিত্র ১ম শ্রেণীর কঃ মাঃ ও ডেঃ কঃ হইলেন। কলিকাতার প্রতিনিধি প্রেসিডেন্সী মাজিষ্ট্রেট অনারেবল মৌলবী আবদুল জব্বর ১ মাস ১৫ দিনের ছুটী পাইলেন বলিয়া ইতিপূর্ব্বে যে আদেশ হইয়াছিল তাহা রহিত হইল। কলিকাতার প্রতিনিধি পরিচিট কলেক্টর টেম্পল সাহেব ৩ মাসের ছুটী পাইলেন। মালদহের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু খগেন্দ্রনাথ মিত্র ৩ মাসের ছুটী পাইলেন। ফলৌ প্রাপ্ত কঃ মাঃ ও ডেঃ কঃ কারলাইল সাহেব ত্রিপুরার মাঃ ও কঃ হইলেন। কঃ মাঃ ডেঃ কঃ গিফি সাহেব ত্রিপুরা জেলার সদরে স্থাপিত হইলেন। ২৪ পরগণার ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু বিজয়কৃষ্ণ বসু ১ মাসের ছুটী পাইলেন।

বিচার—বাবু নগেন্দ্রনাথ চট্টোপাধ্যায় বি এল বাখরগঞ্জ ভোলার মুঃ হইলেন। বাবু জগবতী চরণ কুণ্ডু বি এল ফরিদপুর ভাঙ্গার মুঃ হইলেন। বাবু ললিতমোহন দাস বি এল ময়মনসিংহ জামালপুরের মুঃ হইলেন। যশোহর নড়াইলের মুঃ বাবু মহিমচন্দ্র ঘোষ চট্টগ্রামের সবজজ হইলেন। বাবু অমৃতলাল পালিত বি এল যশোহর নড়াইলের মুঃ হইলেন। বাখরগঞ্জ বরিশালের মুঃ মিঃ রাধানাথ বন্দ্যোপাধ্যায় আর ২ মাসের এবং ২৪ পরগণা ডায়মণ্ড হারবারের অতিরিক্ত মুঃ বাবু হরমোহন বসু ৭ দিনের ছুটী পাইলেন।

উদ্ভট কবিতা।

[৪৩২]

দিনং গতং বার্থমনর্থচিন্তয়া,
বিভাবরী চৈব গতাপি নিদ্রয়া।
কদা মুরারেশ্চরণারবিন্দং,
অরাধয়েনাপি ন দেবকীসুতং॥

বিজ্ঞাপন।

শিক্ষা সংক্রান্ত।

NOTICE.

ENTRANCE EXAMINATION.

A TEST examination of private students for admission to the ensuing Entrance Examination will be held at the Office of the Inspector of Schools, Presidency Circle, 4 Dalhousie Square, Calcutta, on Friday, the 1st and Saturday, the 2nd December 1893. Only candidates residing in any of the districts of the Presidency and Chota Nagpur Divisions will be admitted to the examination.

2. Only those candidates who have not studied in any institution since the 1st September 1893 will be recognized as private students. They will be required to furnish satisfactory proof that they have not read in any school from that date. They must also produce certificates of conduct and progress in studies from the authorities of the last school where they read, or, in the case of those who have not been in any school for more than a year, from some other reliable authorities.

3. Bona fide teachers employed in any of the schools in the Presidency Circle may be admitted to the examination, if they can produce certificates of service and character from their employers or from the Deputy Inspector of the district concerned.

4. Each candidate should submit to this Office, not later than the 21st November 1893 his application for admission to the test examination, stating the following particulars :—

(1) Age ; (2) residence ; (3) father's name ; (4) second language besides English ; and (5) whether he appeared at any previous Entrance Examination.

5. The admission-fee for the examination is Re 4 for each candidate, and is to be remitted with the application within the prescribed date, after which a fine of Rs 2 is to be imposed for each week's delay.

6. Every private candidate must be accompanied for the purpose of identification by some person known to this Office, otherwise he will not be admitted to the test examination.

7. Candidates who are sent up by this Office must appear at the Calcutta Examination Centre.

8. Those that reside at a distance from Calcutta are to present themselves at the test examination held by the head-master of the local zillah school, on condition that they appear at the centre selected by the candidates from that institution.

F. A. and B. A. EXAMINATIONS.

Deputy Inspectors, Sub-Inspectors, and bona fide teachers of recognized English schools, in the Presidency and Chota Nagpur Divisions, who have served as such for full two academical years, or for six months in the case of those who have been admitted to a former examination of the same class, will be admitted to the above examinations on production of certificates of character and length of service (with dates) from their employers. Their applications must reach this Office on or before the 25th November 1893.

Radhika Prasanna Mukherji,
Inspector of Schools, Presidency Circle.
4, Dalhousie Square, Calcutta,
The 7th October 1893.

রাজসাহী বিভাগ।

১৮৯৪-৯৫ সালের উচ্চ-প্রাথমিক ছাত্রবৃত্তি পরীক্ষা।

(এই পরীক্ষা আগামী ডুর্গোৎসবের পূর্ব্বে গৃহীত হইবে।)

১। বাঙ্গালা ভাষা—জীবনাদর্শ, কালীকৃষ্ণ ভট্টাচার্য্য কৃত, ও পদ্যপাঠ, ২য় ভাগ, যদুগোপাল চট্টোপাধ্যায় কৃত—

১। বাঙ্গালা ব্যাকরণ—সন্ধি, সমাস, স্ত্রীপ্রত্যয় ও কারক

এক প্রশ্নের কাগজ, পূর্ণ সংখ্যা ১৫০

২ ইতিহাস ও ভূগোল—রাজকৃষ্ণ মুখোপাধ্যায় কৃত বাঙ্গালার ইতিহাস, বা তৎসদৃশ কোন পুস্তক; দীননাথ সেন কৃত বঙ্গ দেশ ও আসামের সংক্ষিপ্ত বিবরণ এবং শশিভূষণ চট্টোপাধ্যায় কৃত ভূগোল পরিচয় বা চন্দ্রকান্ত গঙ্গোপাধ্যায় কৃত প্রথম শিক্ষা ভূগোল—

ইতিহাস ৫০ ভূগোল ৫০

এক প্রশ্নের কাগজ, পূর্ণ সংখ্যা ১০০

৩। পাটীগণিত—ত্রৈরাশিক ও সামান্য ভগ্নাংশ পর্য্যন্ত ৭৫

ভগ্নাংশ—মাসমাহিনা, বৎসরমাহিনা, কাঠাকালি, বিঘাকালি, হাত ও ফুটকালি, সোনাকষা, মণকষা, চালন ও জমাবন্দী অম্বিকাচরণ বসু কৃত গণিতপ্রকাশ ৩য় ভাগ বা তৎসদৃশ কোন পুস্তকে যেরূপ আছে ৭৫

দুই প্রশ্নের কাগজ, পূর্ণ সংখ্যা ১৫০

৪। ইউক্লিডের জ্যামিতি—১ম অধ্যায়ের ২৬ প্রতিজ্ঞা পর্য্যন্ত, ব্রহ্মমোহন মল্লিক কৃত বা তৎসদৃশ কোন পুস্তকে যেমন আছে ৫০

পরিমিতি—ত্রিভুজ ও সমান্তরিক ক্ষেত্র সম্বন্ধে অর্থাৎ দৈর্ঘ্য প্রস্থ ও ক্ষেত্রফল নির্ণয়াদি (যাহাতে বর্গমূল আকর্ষণ করিবার প্রয়োজন হইবে না) পি, ঘোষের কৃত সরল পরিমিতি বা রামসুন্দর বসাক কৃত পরিমিতি প্রবেশ ৫০

এক প্রশ্নের কাগজ, পূর্ণ সংখ্যা ১০০

৫। বিজ্ঞান—সরল বিজ্ঞান, শরচ্চন্দ্র মুখোপাধ্যায় প্রণীত বা তাদৃশ কোন পুস্তক, অথবা কৃষিবিদ্যা—গিরিশচন্দ্র বসু কৃত কৃষিসোপানে বা কালীময় ঘটক কৃত কৃষিশিক্ষায় যেমন আছে

এক প্রশ্নের কাগজ, পূর্ণ সংখ্যা ৭৫

৬। স্বাস্থ্যবিদ্যা—(বালকদিগের জন্য) স্বাস্থ্যের উপায় (গবর্ণমেণ্ট প্রকাশিত) এবং তারকচন্দ্র বন্দ্যোপাধ্যায় কৃত স্বাস্থ্যশিক্ষা

(বালিকাদিগের জন্য) গার্হস্থ্যপাঠ, চন্দ্রনাথ বসু কৃত

এক প্রশ্নের কাগজ, পূর্ণ সংখ্যা ৭৫

মোট ৬৫০

বালিকারা (৪) ও (৫) বিষয়ের পরিবর্ত্তে নিম্ন লিখিত বিষয়দ্বয়ে পরীক্ষা দিতে পারিবে:—

(১) সূচিকর্ম্ম—পিরাণ ও পাইজামা সেলাইয়ের জন্য যেরূপ সেলাই আবশ্যক।

(২) সামান্য বোনা এবং ধোতা, ধুতি ও চাদর রিপু করিবার জন্য যেরূপ সূচিকর্ম্ম আবশ্যক ১৭৫

Benimadhav De.
In charge, Inspector of Schools, Rajshahi Circle and Burdwan Division.
Chinsurah.
14 | 10 | 93.

বর্দ্ধমান বিভাগ।

২৮৯৪-৯৫ সালের উচ্চ-প্রাথমিক ছাত্রবৃত্তি পরীক্ষা।

(এই পরীক্ষা আগামী দুর্গোৎসবের পূর্ব্বে গৃহীত হইবে।)

১। বাঙ্গালা ভাষা—সাহিত্যপ্রসঙ্গ, নগেন্দ্রচন্দ্র মিত্র কৃত ও পদ্যপ্রকাশ ২য় ভাগ, নৃসিংহচন্দ্র মুখোপাধ্যায় কৃত—

বাঙ্গালা ব্যাকরণ—সন্ধি, সমাস, স্ত্রীপ্রত্যয় ও কারক।

এক প্রশ্নের কাগজ, পূর্ণ সংখ্যা ১৫০

২। ইতিহাস ও ভূগোল—রাজকৃষ্ণ মুখোপাধ্যায় কৃত বাঙ্গালার ইতিহাস বা তৎসদৃশ কোন পুস্তক ৫০

পৃথিবীর চারি খণ্ডের সাধারণ বিবরণ, শশিভূষণ চট্টোপাধ্যায় কৃত ভূগোল পরিচয়ে যেরূপ আছে, ও বঙ্গদেশের এতৎসম্বন্ধীয় বিশেষ বিবরণ, নীলমণি চক্রবর্ত্তীর বঙ্গরাজ্যাঙ্কাগের ভূবৃত্তান্তে যেমন আছে ৫০

এক প্রশ্নের কাগজ, পূর্ণ সংখ্যা ১০০

৩। পাটীগণিত—দশমিক ভগ্নাংশ পর্য্যন্ত এবং ত্রৈরাশিক ৭৫

দেশীয় পাটীগণিত—মণকষা পর্য্যন্ত এবং বৎসরমাহিনা ও মাসমাহিনা, অম্বিকাচরণ বসু প্রণীত গণিত-প্রকাশ ৩য় ভাগ বা তৎসদৃশ কোন পুস্তকে যেরূপ আছে ৭৫

দুই প্রশ্নের কাগজ, পূর্ণ সংখ্যা ১৫০

৪। জ্যামিতি ও পরিমিতি—ব্রহ্মমোহন মল্লিক প্রণীত জ্যামিতি বা তৎসদৃশ কোন পুস্তক ৫০

প্রথম অধ্যায়ের ২৬ প্রতিজ্ঞা পর্য্যন্ত এবং ক্ষেত্রনাথ ভট্টাচার্য্য কৃত লঘুপরিমিতি, বা পি, ঘোষ কৃত সরল পরিমিতি হইতে রেখা ও সমতলের পরিমিতি ৩০

এক প্রশ্নের কাগজ, পূর্ণ সংখ্যা ১০০

৫। বিজ্ঞান—জড়পদার্থের সাধারণ গুণ ও বিভিন্ন প্রকার বলের প্রকৃতি; নবেন্দ্রনাথ ভট্টাচার্য্য কৃত সংক্ষিপ্ত পদার্থদর্শনে বা তৎসদৃশ কোন পুস্তকে যেরূপ আছে

অথবা কৃষিবিদ্যা—গিরিশচন্দ্র বসু কৃত কৃষিসোপানে বা কালীময় ঘটক কৃত কৃষিশিক্ষায় যেমন আছে

এক প্রশ্নের কাগজ, পূর্ণ সংখ্যা ৭৫

৬। স্বাস্থ্য-বিদ্যা—১) বালকগণের জন্য স্বাস্থ্যের উপায় (গ্রিগবর্ণমেণ্ট প্রকাশিত) এবং ভারতচন্দ্র বন্দ্যোপাধ্যায় কৃত স্বাস্থ্যশিক্ষা

(২) বালিকাগণের জন্য গার্হস্থ্য পাঠ, চন্দ্রনাথ বসু কৃত

এক প্রশ্নের কাগজ, পূর্ণ সংখ্যা ৭

মোট ৬৫০

বালিকারা (৪) ও (৫) বিষয়ের পরিবর্ত্তে নিম্ন লিখিত দুইটী বিষয়ের পরীক্ষা দিতে পারিবে:—

(১) চাদর ও পিরান ইত্যাদি সেলাই এবং সতরঞ্জ রিপু করা

(২) সামান্য বোনা ১৭৫

Benimadhav De,
In charge, Inspector of Schools, Rajshahi Circle and Burdwan Division.
Chinsurah.
14 | 10 | 93.

কর্ম্মখালি।

Wanted a Head Pandit for the Purbadhalla Model school under this Board on a salary of Rs 18 per mensem. No one need apply who has not passed the final examination of a Normal school and has not some experience in teaching. Applications with copies of testimonials will be received by the undersigned up to the 30th November 1893.

Sd A. Earle.
Chairman, District Board,
Mymensingh.

Wanted a Teacher for the High School at Samastipur (a Sub Divisional Town in Darbhanga, and situated on the Tirhoot Railway) on Rs 30 per month. None need apply who has not passed the F A. examination, is not strong in English, and has no experience in the art of teaching. Application with copies of testimonials should be sent in to the Hd. Master of the school as soon as possible. The selected candidate shall have to join his post soon after he receives his appointment letter. Apply to Babu Nagendra Kumer Ray, Head Master.

Wanted two English knowing Ameens on a salary of Rs 15 each per month. They shall have to survey certain Mouzas by Theodolite compass. None need apply who have no experience in the work. Apply to the Zamindars of Harawat, Azimgunge.

Wanted a Head Master for the M. C. Eng. School at Keyskaty in the District of Barisal on a salary of Rs 20 per month with prospect of increase. Applications with copies of testimonials should be received on or before the 25th Inst. By Zemindar Durga Narayan Roy-Choudhury, Secretary.

Wanted a Head Master for the Saraghat M. E. School on a salary of Rs 30 per mensem. None need apply who has not passed the F. A. examination of tha Calcutta University. Preference will be given to experienced candidates. Apply sharp to Baboo Bhola Nath Ghose, Secy. Saraghat M. E. School, Saraghat, Dt. Pabna.

Wanted an elderly man to teach the children on a salary of Rs 10 per month and free quarter. One who has passed the Calcutta University Entrance Examination, will be preferable. Apply to the Zaminders of Harawat Azimgunge.

Wanted a graduate for the post of the Head Master of the Sadhuhati H. E. School in the district of Jessore on a salary of Rs 50 per month. Experienced candidates should at once apply to Hari Charan Mukherjee B. A. Head Master. Sadhuhati H. E. School, Chuadanga E. B. S. Ry.

Wanted a Head Pandit for the Dhola H. E. School in the District of Mymensing on a salary of Rs 20 a month with free quarter or he may reside in a gentle man's house with free boarding. One who has studied up to the 2nd year class in the Sanskrit College of Calcuta will be preferred. Prasanna Kumar Chakraberty Secy. Dhola H. C. School. P. O. Dhola.

আমার ভ্রাতুষ্পুত্রকে মাইনর পড়াইবার জন্য এক জন মাইনর পাস মুসলমান প্রাইভেট পণ্ডিতের প্রয়োজন। মাসিক বেতন ৯০ টাকা। উন্নতি দেখাইলে বেতন বৃদ্ধি হইবার সম্ভাবনা। বাসাভাড়া ও খোরাকী সরকার হইতে দেওয়া যাইবেক। স্থানটী স্বাস্থ্যকর। কোন বিষয়ের অভাব নাই। হুগলী কিম্বা প্রেসিডেন্সী বিভাগের আবেদনকারীর আবেদন সমধিক আদরনীয় হইবেক। ১৫ই নবেম্বরের মধ্যে আবেদন করা চাই। শ্রীসফী মহাম্মদ চৌধুরী জমিদার হাজারী বেলপুখর, পোষ্টাফীস দিলালপুর, জেলা রঙ্গপুর।

ভাণ্ডারহাটী মধ্যশ্রেণী ইংরাজী বিদ্যালয়ের জন্য এল এ পরীক্ষোত্তীর্ণ এক জন প্রধান শিক্ষকের প্রয়োজন। মাসিক বেতন ২৫ টাকা। যাঁহারা উক্ত পরীক্ষায় উত্তীর্ণ হইয়া কিছু দিন সুখ্যাতির সহিত শিক্ষকতা কার্য্য করিয়াছেন, তাঁহাদের আবেদন বিশেষ আদরণীয় হইবে। কর্ম্মাকাঙ্ক্ষীগণ প্রশংসাপত্রের অনুলিপি সহ ৩০এ নবেম্বরের মধ্যেই আবেদন করিবেন। শ্রীযদুনাথ চৌধুরী সম্পাদক, ভাণ্ডারহাটী পোষ্ট জেলা হুগলী।

আমার জমিদারী ত্রিপল কাছারীর জন্য এক জন আমিনের প্রয়োজন। মাসিক বেতন ১৫৲ টাকা। কর্ম্মপ্রার্থিগণ স্ব স্ব প্রশংসাপত্রের অনুলিপি সহ জেলা মালদহ, পোষ্ট চাঁচল, মাকিম কালিগ্রামে শ্রীরামনিধি মজুমদারের নিকট সত্বর আবেদন করুন।

আজইল মধ্য বঙ্গ বিদ্যালয়ের জন্য নর্ম্মাল দ্বৈবার্ষিক উত্তীর্ণ এক জন হেড পণ্ডিতের আবশ্যক; মাসিক বেতন ১২৲ টাকা। বাসা খরচ লাগিবে না। থাকিবার স্থান ও আতারাদির উত্তম বন্দোবস্ত আছে। আবেদন কারী জাতিতে সদ্গোপ হইলে ভাল হয়; কায়স্থ ও ব্রাহ্মণ হইলেও ক্ষতি নাই। যে ব্যক্তি কোন স্কুলের শিক্ষকতা করিয়াছেন এবং কিছু কিছু ইংরাজি জানেন তাঁহারই আবেদন সমধিক আদরণীয় হইবে। পণ্ডিতের নির্দ্ধারিত বেতন ব্যতীত অন্য প্রকারেও সুবিধা আছে। ২০শে নবেম্বরের মধ্যে নিম্নলিখিত ব্যক্তির নিকট আবেদন করিতে হইবে। শ্রীরাধিকাপ্রসন্ন হাজরা। সেক্রেটরী, আজইল স্কুল, ভালুকা পোঃ, ভায়া কুষ্টিয়া।

এণ্ট্রান্স পাস অথবা এল এ ফেল জনৈক ব্রাহ্মণ শিক্ষকের প্রয়োজন। বেতন ৯৲ টাকা। খোরাক ও বাসাভাড়া লাগিবেনা। ৩।৪ টী ছেলে প্রাইভেট পড়াইলে আর ২।৩ টাকা পাইতে পারিবেন। ইলাম বাজার পোঃ, ভায়া বোলপুর, ইলামবাজার হাটতলা ডিস্পেন্সরী ডাক্তার শ্রীযুক্ত রজনীকান্ত বন্দ্যোপাধ্যায়ের নিকট আবেদন করিতে হইবে।

বনগ্রাম উচ্চ ইংরাজি স্কুলের ২য় পণ্ডিতের পদ খালি আছে। মাসিক বেতন ১৫৲ টাকা। যিনি নর্ম্মাল স্কুলে দ্বৈবার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ হইয়া কিছু কাল শিক্ষকতা করিয়াছেন, এবং সামান্যরূপ ইংরাজী জানেন তাঁহারই আবেদন আদরণীয় হইবে। বনগ্রাম যশোহর জেলার অন্তর্গত একটী সবডিভিজন, স্থান স্বাস্থ্যকর। থাকিবার উত্তম স্থান আছে। আবেদনকারীগণ স্ব স্ব প্রশংসা পত্রের অনুলিপিসহ স্কুলের সহকারী সম্পাদক শ্রীযুক্ত বাবু গঙ্গাচরণ চট্টোপাধ্যায় মহাশয়ের নিকট ১ সপ্তাহ মধ্যে আবেদন করিবেন।

বন্দোবস্তের অধীন, মহকুমা সিমাইহতের অন্তর্গত বাকুড়ি এম, ভি, স্কুলের জন্য, দ্বৈমাসিক পাশ এক জন বেঙ্গল পণ্ডিতের প্রয়োজন। মাসিক বেতন ১১ টাকা। মাইনর হয় শ্রেণী পর্য্যন্ত পড়াইবার মত ইংরাজী জানা থাকিলে ১৪ টাকা পাইবেন। এতদ্ভিন্ন আহার এবং বাসস্থানাদি সমস্তই দেওয়া যাইবে। কার্য্য উন্নতি দেখাইতে পারিলে সত্বরই বেতন বৃদ্ধির সম্ভাবনা। কর্ম্মপ্রার্থিগণ জাতি ও বয়সাদির উল্লেখ পূর্ব্বক সত্বর আমার নিকট আবেদন করুন। কলিকাতা নর্ম্মালের ছাত্রের আবেদন সমধিক আদরণীয় হইবে। শ্রীবরদাকান্ত মুখোপাধ্যায়। ১০ নং নিমতলা ঘাটষ্ট্রীট কলিকাতা।

বিশেষ দ্রষ্টব্য।

বাঙ্গাল্য অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২০৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে নিম্নলিখিত ঠিকানায় আমায় নিকট আবেদন করিবেন।

শ্রীকালীনাথ ভট্টাচার্য্য।

মুখোদয় প্রেস—হুগলী।

৺ লোহারাম শিরোরত্ন প্রণীত

শিশুব্যাকরণ ২৯শ সংস্করণ।

সংস্কৃত কলেজের সুযোগ্য অধ্যাপক শ্রীযুক্ত শিবনারায়ণ শিরোমণি মহাশয় কর্ত্তৃক পরিদৃষ্ট ও সংশোধিত হইয়া পুনর্মুদ্রিত হইয়াছে। মূল্য ৵০। উক্ত গ্রন্থকার প্রণীত বাঙ্গালা ব্যাকরণ ও অলঙ্কার উক্ত পণ্ডিত মহাশয় কর্ত্তৃক সংশোধিত হইয়া মুদ্রিত হইয়াছে। মূল্য ৸০ আনা। পুস্তক ব্যবসায়ীদিগকে উপযুক্ত কমিসন দেওয়া গিয়া থাকে।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

ম্যানেজার, সংস্কৃত প্রেস ডিপজিটরী।

১৬৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

৮১২ নং

মোক্তারী পরীক্ষার প্রশ্নোত্তর।

সেরা রঙ্গপুরের গাইবান্ধা মহকুমার ভারপ্রাপ্ত ডেপুটী ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কলেক্টর পণ্ডিত শ্রীযোগেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বিদ্যাভূষণ প্রণীত, ১২৮০ সাল হইতে ১২৯৩ সাল পর্য্যন্ত চতুর্দ্দশ বৎসরের মোক্তারী পরীক্ষার প্রশ্নাবলীর বিশদ ও সুবিস্তৃত উত্তরসমূহ এই পুস্তকে প্রদত্ত হইয়াছে। ইতিপূর্ব্বে এতৎসম্বন্ধে যে দুই এক খানি পুস্তক প্রকাশিত হইয়াছে, তাহাদিগের সহিত তুলনায় এই প্রশ্নোত্তর পুস্তক সর্ব্বোচ্চ স্থান লাভের যোগ্য। আমরা সাহসপূর্ব্বক বলিতে পারি যে মোক্তারী পরীক্ষার পাঠ্য আইনসমূহ অধ্যয়ন না করিয়াও কেবল মাত্র আমূল এই পুস্তক পাঠেই পরীক্ষার্থিগণ পরীক্ষোত্তীর্ণ হইতে পারিবেন। ইহার মূল্য চারি টাকা, কিন্তু ডিসেম্বর পর্য্যন্ত অর্দ্ধ মূল্যে বিক্রীত হইবে। পুস্তকের প্রয়োজনীয়তানুসারে ইহার মূল্যও সুলভ। আরও বিশেষ লাভ এই যে, এক্ষণে এ পুস্তক ক্রয় করিলে সাহিত্য-জগতে সুপরিচিত উক্ত গ্রন্থকার প্রণীত মনোহর সুপাঠ্য গ্রন্থনিচয়ের মধ্যে এক টাকা মূল্যের যে কয়খানি পুস্তক, গ্রাহকের অভিপ্রায়ানুসারে উপহারস্বরূপ প্রদান করা যাইবে। মোক্তারী পরীক্ষার্থিগণ সকলেই এক একখানি প্রশ্নোত্তর ক্রয় করিয়া ইহার উপযোগিতা প্রত্যক্ষ পরীক্ষা করেন, ইহাই প্রার্থনীয়। যাঁহারা প্রশ্নোত্তরের গ্রাহক হইবেন, তাঁহাদিগকে উক্ত গ্রন্থকার প্রণীত মোক্তারী পরীক্ষার উপযোগী আইন সংগ্রহ প্রথম হইতে নবম খণ্ড পর্য্যন্ত মোট দশ টাকাতেই দেওয়া যাইবে। ইহার পূর্ণ মূল্য ২০৲০, এক্ষণে অর্দ্ধ মূল্য। পঞ্চানন গাইড বা সংশোধিত চৌকিদারী আইনের মূল্য আট আনা, আইনসংগ্রহের সহিত লইলে এক্ষণে চারি আনা।

A guide to examinees in Law, contains 400 questions, to help the candidates for the pleadership, B. L. and Subordinate Executive Service Examinations. Price Two Rupees, At present half price.

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

ম্যানেজার, সংস্কৃত প্রেস ডিপজিটরী।

১৬৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

৮১৩ নং

৺ বিশ্বনাথ বৃত্তি।

ভারতধর্ম্ম মহামণ্ডলীর যথাক্রম উদ্দেশের অনুসরণ করিয়া ৺ বিশ্বনাথ চতুষ্পাঠীতে বার্ষিক পঞ্চাশৎ টাকা পরিমাণে এক একটী করিয়া আর কয়েকটী বৃত্তি স্থাপিত হইয়াছে। যে যে চতুষ্পাঠীতে বেদান্তাদি দর্শন শাস্ত্র অথবা প্রাচীন ও নব্যস্মৃতি অধ্যাপিত হয়, সেই সেই চতুষ্পাঠীতে এই বৃত্তিগুলি দেওয়া যাইবে। অধ্যাপক ইচ্ছা করিলে ঐ বৃত্তি ত্রৈমাসিক বা ষাণ্মাসিক বা বার্ষিকরূপে গ্রহণ করিতে পারিবেন। ছাত্রদিগের বিদ্যাবত্তা ও সচ্চরিত্রতা সম্পাদন ভিন্ন অধ্যাপক মহাশয়দিগকে অপর কোন নিয়মের অধীন হইতে হইবে না। যে সমস্ত অধ্যাপক বৃত্তি লইতে ইচ্ছা করিবেন, তাঁহারা অথবা তাঁহাদিগের হিতাকাঙ্ক্ষী বা অধ্যাপকের নাম ধাম ছাত্রসংখ্যা ও প্রত্যেক ছাত্রের অধীতব্য বিষয় লিখিয়া আমাকে সংবাদ দিবেন।

চুঁচুড়া বিশ্বনাথ চতুষ্পাঠীর

অধ্যাপক শ্রীহরিনাথ স্মৃতিভূষণ।

নূতন পুস্তক।

প্রেসীডেন্সী বিভাগ ও মানভূম প্রভৃতি স্থানে পাঠ্য।

মৌখিক অঙ্ক।

বাবু প্রসন্নচন্দ্র গুহ কৃত। মূল্য ৸০ নয় আনা। ৪১০ পৃষ্ঠা। শুভঙ্করী, কালীজমী, চালন, জমাবন্দী, সরকষা, ইংরেজী পরিমিতি, বাজার, মহাজনী, জমিদারী হিসাব, গণিত ও দলিলপত্র লিখার প্রণালী প্রভৃতি বিষয়ে সর্ব্বোৎকৃষ্ট গ্রন্থ। সেণ্ট্রাল টেক্সট বুক কমিটীর মনোনীত ও ডাইরেক্টর সাহেবের অনুমোদিত।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

ম্যানেজার, সংস্কৃত প্রেস ডিপজিটরী। ১৬৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

৮১২নং

পদ্য সংগ্রহ।

১ম, ২য়। ভাগ মূল্য ক্রমে ৵০, ১০ আনা। বাবু প্রসন্নচন্দ্র গুহ সঙ্কলিত। সেণ্ট্রাল টেক্সট বুক কমিটীর মনোনীত। সংস্কৃত প্রেস ডিপজিটরীতে প্রাপ্তব্য।

৮০৩নং

পাটীগণিত।

নূতন সংস্করণ।

শ্রীপ্রসন্নকুমার সর্ব্বাধিকারী প্রণীত।

সুপ্রসিদ্ধ গণিতশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম, এ, মহাশয়ের দ্বারা সম্যক্‌রূপে সংশোধিত পরিবর্দ্ধিত ও পরিবর্দ্ধিত। উহাতে সুকৌশল সম্পন্ন প্রশ্নাবলী সন্নিবেশিত এবং উহাদের তৃপ্তি পরিমাণে সমাধান করা হইয়াছে। ৫৭৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। উত্তম কাপড়ে বাঁধা, মূল্য ১৷৵০। বঙ্গ বাঙ্গলা ইহা চিরকাল সর্ব্বোচ্চ, অধুনা আরও অধিক পরিমাণে স্কুলাদিতে পাঠ্যরূপে নির্দ্ধারিত হইয়াছে এবং বঙ্গবাসী প্রভৃতি সংবাদ পত্র ভূয়সী প্রশংসা করিয়াছেন। নিম্নলিখিত এবং অন্যান্য স্থানে পাওয়া যায়।

বি, বানার্জ্জি এণ্ড কোং।

২৫নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, ৫৬নং কলেজ ষ্ট্রীট, ৫১নং পুরাতন চীনেবাজার, কলিকাতা। ৫৫নং পটুয়াটুলি ঢাকা।

৩৮৮নং

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸০ বার আনা, ডাঃ মাঃ /০ এক আনা। এখানি ১৮৯৪ অব্দের মাইনর পরীক্ষায় ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহাতে বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গদ্য হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ৵০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
সংস্কৃত প্রেসডিপজিটরি।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

বাবু মহেন্দ্রনাথ দত্ত প্রণীত।

নবপাটীগণিত ১ম ভাগ	মূল্য ৷৵০	১৭৯ পৃষ্ঠা
নব শুভঙ্করী	মূল্য ।৵০	১৫০ পৃষ্ঠা
নব ধারাপাত	মূল্য ৵০	১০৮ পৃষ্ঠা

উপরোক্ত পুস্তকত্রয় সেণ্ট্রাল নেশনাল স্কুলের নির্ব্বাচিত ও শ্রীযুক্ত শিক্ষা বিভাগের ডাইরেক্টর সাহেব মহোদয়ের তালিকাভুক্ত। নবপাটীগণিত মধ্য শ্রেণীস্থ বাঙ্গালা ও ইংরাজী স্কুলের নিম্ন হইতে তৃতীয় শ্রেণী পর্য্যন্ত এবং উচ্চ ও নিম্ন প্রাথমিক পাঠশালার সকল শ্রেণীতে পাঠ্য নির্দ্দিষ্ট। ইহাতে পাঁচ তিন সহস্র অঙ্কমালা এবং উচ্চ ও নিম্ন-প্রাইমারী পরীক্ষার অনেক প্রশ্ন সন্নিবিষ্ট হইয়াছে। নবশুভঙ্করী নূতন প্রণালীমতে লিখিত; ইহাতেও অনেক সুকৌশল সম্পন্ন উদাহরণ প্রদত্ত হইয়াছে। নবধারাপাত অনেক দিন হইতে সর্ব্বত্র সমাদৃত; ইহা পাঠ করিলে বালকবৃন্দের ধারাপাত ও পাটীগণিতের অমিশ্র চারি নিয়ম বিষয়ক ব্যুৎপত্তি লাভ হইবে। সংবাদপত্রের সম্পাদক ও অন্যান্য ভদ্র মহোদয়গণ উক্ত তিন খানি পুস্তক সম্বন্ধে সাধুকুল অভিমত প্রকাশ করিয়াছেন। নবধারাপাত তাঁহাদের মন্তব্য সন্নিবিষ্ট আছে। অপর তুইখানির প্রশংসাবাদ "এডুকেশন গেজেটে", "বঙ্গবাসীতে" ও "সহচরে" দৃষ্ট হইবে। ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

৬১১ নং

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বলবীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রিজাগরণ, অতিরিক্ত পান-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা-হাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত!

কিন্তু পুরাতনজ্বর প্রায় করিবার, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-জ্বালা-কাশিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দৌকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকার সে জ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। অন্ত সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে, ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সংজ্ঞে, অল্পদিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধ অতি সামান্য রোগও আরাম হয়। বিধাতার বিচিত্রবিধান বুঝা ভার।

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন। প্লীহা জ্বর-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয়স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগীকে এই এক ৩নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

বটিকার সংখ্যা,	মূল্য,	ডাঃমাঃ,	প্যাকিং
১নং কৌটা	১৮	৷৵০	।০ ৵০
২নং কৌটা	৩৬	১৵০	।০ ৵০
৩নং কৌটা	৫৪	১৷৵০	।০ ৵০

ভ্যালুপেয়েবল কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।

১২ নং মৃজাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা।

৩৭৪নং

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৬ বৎসর উহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-যশের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে উহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার লেপনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সম-ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। অনেক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনা ব্যয়ে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৷৷০ টাকা, প্যাকিং ।০ আনা

২ শিশি একত্রে লইলে খরচা ৷৷৵০ আনা স্বতন্ত্র হয়।

শ্রীকালীদাস সরকার।

গবর্ণমেণ্ট সেক্সনারি—লক্ষ্ণৌ।

৩১৩নং

পদ্য-বিকাশ অর্থাৎ পদ্যপাঠ ১ম ভাগের অর্থ পুস্তক। শ্রীগোবিন্দপ্রসাদ দে প্রণীত। মূল্য ৵০ তিন আনা। ইহাতে প্রায় প্রত্যেক শব্দের অর্থ, পদান্বয়, এবং ব্যাকরণ সম্বন্ধীয় যাহা জানিবার আবশ্যক তাহা আছে। প্রায় প্রত্যেক ছত্রের গদ্য ও অতি সরল ভাষায় অর্থ দেওয়া হইয়াছে। ছোট ছোট বালকদের বিশেষ উপযোগী হইয়াছে। ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৮০৯ নং

মাইকেল মধুসূদন দত্তের

জীবনচরিত, অপ্রকাশিত কবিতা, পত্র ও গ্রন্থাবলীর সমালোচনা সম্বলিত গ্রন্থ প্রকাশিত হইয়াছে।

শ্রীযোগীন্দ্রনাথ বসু বি এ, প্রণীত।

ডিমাই আট পেজী আকারে পাঁচ শতেরও অধিক পৃষ্ঠায় সম্পূর্ণ।

এরূপ সর্ব্বাবয়ব জীবনচরিত এপর্য্যন্ত বাঙ্গালা ভাষায় প্রকাশিত হয় নাই। মধুসূদনের জীবনের বিষাদময় ইতিহাসের সঙ্গে তাঁহার সমসাময়িক বাঙ্গালা সাহিত্যের অবস্থা, তাঁহার গ্রন্থাবলীর সমালোচনা, তাঁহার লিখিত বহুসংখ্যক ইংরাজী ও বাঙ্গালা কবিতা, মাদ্রাজ, ইংলণ্ড, ফ্রান্স প্রভৃতি স্থান হইতে তাঁহার লিখিত বহুসংখ্যক পত্র, তাঁহার জীবনের ঘটনাবলী সম্বন্ধে স্যর মহারাজা যতীন্দ্রমোহন ঠাকুর, বাবু ভূদেব মুখোপাধ্যায়, রাজা প্যারীমোহন মুখোপাধ্যায় প্রভৃতির লিখিত মন্তব্য, রাজা রাজেন্দ্রলাল মিত্র, ড্রিঙ্ক ওয়াটার, বেথুন, বাবু রাজনারায়ণ বসু প্রভৃতি অনেক খ্যাতনামা ব্যক্তির লিখিত পত্র ও পত্রাংশ ইত্যাদি ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। মধুসূদনের নিজের এবং তাঁহার সমাধি স্তম্ভের চিত্র এবং রাজা প্রতাপচন্দ্র সিংহ, রাজা ঈশ্বরচন্দ্র সিংহ, মহারাজা স্যর যতীন্দ্রমোহন ঠাকুর, বাবু ভূদেব মুখোপাধ্যায়, বাবু গৌরদাস বসাক, বাবু রাজনারায়ণ বসু, ৺ বিদ্যাসাগর মহাশয়—এই কয়েক জনেরও চিত্র ইহাতে প্রদত্ত হইয়াছে। এইরূপ সুন্দর চিত্র এপর্য্যন্ত কোনও বাঙ্গালা গ্রন্থে প্রকাশিত হয় নাই। ছাত্রদিগকে পুরস্কার দিবার জন্য অতি সুন্দররূপ বাঁধান হইয়াছে। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপোজিটরীতে, ২১০।৪ কর্ণওয়ালিস ষ্ট্রীট নবভারত কার্য্যালয়ে, বৈদ্যনাথ দেওঘর স্কুলে গ্রন্থকারের নিকট এবং নিম্নস্বাক্ষরকারীর নিকট পাওয়া যায়। মূল্য কাপড়ে বাঁধান ২৷৷০ টাকা, কাগজের মলাট ২৲ টাকা, ডাকমাশুল ।০ আনা। মফস্বলস্থ গ্রাহকগণ গ্রন্থকারকে পত্র লিখিবেন।

শ্রীরামানন্দ চট্টোপাধ্যায় এম এ।

অধ্যাপক সিটি কলেজ,—কলিকাতা।

পাঁড়ে ব্রাদার্স।

পুস্তক ও দেশী বস্ত্র বিক্রেতা।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।

এখানে ইংরাজি বাঙ্গালা সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য সর্ব্ব প্রকার পুস্তক, তৎসমস্তের নানা প্রকার কি, নোট, অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি সর্ব্ব প্রকার পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে। বিলাতি পুস্তক বিলাত হইতে আনা হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা ১৸০ মূল্য যোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও ব্যবহারীর জন্য চলিবে ও ২৷৷০, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ নয়নসুখ, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকটও সংস্কৃত প্রেস ডিপজিটরীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য	।৵০	বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ	৵০
৩২ খানি উৎকৃষ্ট চিত্রসহ			
নীতি কথামালা	।০	মানবতত্ত্ব	১৷৷০
আর্য্যচরিত	।০	ধর্ম্মবিজ্ঞান	১৲
আর্য্যশিক্ষা	৷৵০	অদ্ভুত স্বপ্ন বা	
বাঙ্গলা ব্যাকরণ	।৵০	স্ত্রী পুরুষের ধর্ম্ম	৷৷০
শিশু বিজ্ঞান	৵০	বিজ্ঞানসার	১৲
বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ	৵০	লীলাবতী (অঙ্কপুস্তক)	৷৷০

৩৪৫ নং

শ্রীমনোমোহন পাঁড়ে

শ্রীমদ্ভগবদ্গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ /০।

ঐ বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ।/০ পাঁচ আনা ডাঃ মাঃ /০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা মূল্য /০ পাঁচ আনা ডাঃ মাঃ /০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা উৎকৃষ্টরূপ বাঁধা মূল্য ॥০ আট আনা, ডাঃ মাঃ /১০।

কবির (জীবন্মুক্ত মহাত্মা কবির সাহেবের ৫৫৩টী দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা-সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ /১০।

কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০।১ন মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু
প্রণীত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য /০ আনা
ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "
ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব।০ "

সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তালিকায় পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালার পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট—কলিকাতা।

নবশুভঙ্করী। মূল্য ।০

টেক্‌ষ্টবুক কমিটির অনুমোদিত তৃতীয় সংস্করণ, সংশোধিত এবং প্রেসিডেন্সী ও বর্দ্ধমান বিভাগের মধ্যবাঙ্গালা ও উচ্চ প্রাথমিক পরীক্ষার ৭।৮ বৎসরের শুভঙ্করী প্রশ্ন সম্বলিত। কলিকাতা সংস্কৃত প্রেস ডিঃ, এবং আমার নিকট প্রাপ্তব্য।

শ্রীপূর্ণচন্দ্র ভট্টাচার্য্য
হেডপণ্ডিত ভাটপাড়া ম, ইং স্কুল।
৮১০ নং

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত

পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষক গণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২॥০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।৵০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীজমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।৵০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ৵০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৪৪ নং

গবর্ণমেণ্টের অনুমোদিত।

বাঙ্গালা ছাত্রবৃত্তি ও মাইনর স্কুলসমূহের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পাঠ্য।

"বিজ্ঞানসোপান"।

শ্রীযুক্ত উমেশচন্দ্র ঘোষ, এম এ, বি এল প্রণীত।

মূল্য ॥৵০ দশ আনা মাত্র।

ছাত্রবৃত্তি ও মাইনর পরীক্ষার নির্দ্দিষ্ট বিষয়গুলি এরূপ বিশদরূপে ও ধারাবাহিক ভাবে অন্য কোন গ্রন্থে বর্ণিত নাই। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৪০৪নং

অম্বিকাচরণ ঘোষাল
ফটোগ্রাফার ও পোর্ট্রেট পেইণ্টার
খাঁটেবাজার হুগলি

মফস্বলে যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণপত্র লিখিলে জানিতে পারিবেন। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিজ, হুগলী কলেজ, এমামবাড়া, হংসেশ্বরীর মন্দির, চুঁচুড়া গোরাবারিক অত্যুত্তর দৃশ্য, নবাব সায়েস্তাখাঁর মসজিদ, সপ্তগ্রামের মহোৎসব প্রত্যেক ॥০ আনা মাত্র—ফটগ্রাফগুলি এরূপ দেখিলে বাধিত হইব।

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু কৈলাসচন্দ্র দত্ত কাজলা মডেল স্কুল
১৮৯৩ জানুয়ারী শেষ ১৷৷০
" " পঞ্চানন বকসী দশরা ১৩০০
পৌষ শেষ ৩৲
" " হরিদাস দাস কামারপাড়া ১৩০০
মাঘ শেষ ২৲
" " রমাপতি আচার্য্য গোধানডাঙ্গা
১৩০১ কার্ত্তিক শেষ ৫৲
খামার বিছনদই পাঠশালা ২৲
হৈদাবাদ মডেল স্কুল ১৮৯৩ ডিসেম্বর শেষ ৫৲

এই পত্র হুগলি বুধোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

এডুকেশন গেজেট

সাপ্তাহিক | বার্ত্তাবহ।

নূতন ... ক
২৫শ খণ্ড
৩১শ সংখ্যা

১০ই অগ্রহায়ণ শুক্রবার ১৩০০ সাল। ইং ২৪শে নবেম্বর ১৮৯৩ খৃঃঅব্দ।

অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম)	৫	ষাণ্মাসিক	৩
ত্রৈমাসিক	২	প্রত্যেক সংখ্যার	।৵

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৵০ ৩য় বার /১০ চতুর্থ বা তদূর্দ্ধ বার /০। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৵০।

কর্ম্মখালির বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে প্রকাশিত হয়।

তিন মাসের অধিক বিজ্ঞাপন প্রকাশ করিলে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

যাঁহারা এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য পাঠাইতে দিবেন, তাঁহারা তাঁহাদের নিকটবর্ত্তী এজেণ্টের নিকট দিতে পারেন; মফস্বলের যাঁহারা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে কাগজী পোষ্ট পিসে আমার নামে পাঠাইবেন, এবং মণিঅর্ডার কুপনে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

এডুকেশন গেজেটে বিজ্ঞাপন প্রকাশের সুবিধার জন্য ১৪নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংযুক্ত প্রেস ডিপজিটারিতে একটী বক্সে রাখা হইয়াছে। তথায় বিজ্ঞাপন ও তৎপ্রকাশের মূল্য জমা লওয়া যায়।

গেজেটের কোন মূল্য পাইতে অথবা বিলম্ব হইলে অনুগ্রহপূর্ব্বক ম্যানেজার বরাবর পত্র লিখিবেন।

শ্রীকালীনাথ দত্তরায়। —ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

কলিকাতা	বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
	সাঙ্গবেদের পুস্তকালয়, ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।
	হরিচরণ মজুমদার—সেক্রেটারিয়েট ডিসিসিয়াল ডিপার্টমেণ্ট।
২৪ পরগণা	রতিলাল মৈত্র—আলিপুর।
আলিপুর	ভূপালচন্দ্র গঙ্গোপাধ্যায়—উকিল।
খাঁরাকপুর	শ্রীযুক্ত বাবু ভুবনমোহন নিয়োগী।
জয়নীপুর	রাজকৃষ্ণ রায় চৌধুরী।
চুকাডাঙ্গা	বদ্রনাথ চৌধরী।
হাবড়া	হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম	ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী	শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর	ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান	চারুচন্দ্র চট্টোপাধ্যায়।
	রসিকলাল দাস—রাইনা।
যশোহর	কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
সিউড়ী	অম্বিকাচরণ মুখোপাধ্যায়।
	নীলমণি ভট্টাচার্য্য।
বাঁকুড়া	রামেশ্বর সেন—বিষ্ণুপুর।
	অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর	উমাচরণ দে।
জলপাইগুড়ি	নীলমণি পাল।
বাঁকিপুর	নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর।
	ভগবান প্রসাদ।
বারাণসী	সোমনাথ ভাদুড়ী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর	অম্বিকানাথ মিত্র।
	দ্বারকানাথ বাগচি—নিজলামারি।
রাজসাহী	কালীনাথ চৌধরী—বোয়ালিয়া।
পাবনা	মহেন্দ্রনাথ দত্ত।
	রজনীকান্ত ভট্টাচার্য্য।
	রামচন্দ্র চক্রবর্ত্তী।
	ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, হুলাই।
	উমাচরণ পাঁড়ে, সিরাজগঞ্জ।
ঢাকা	সতীশচন্দ্র ঘোষ।
সাঁওতাল পরগণা	যজ্ঞেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।
খুলনা	হরিহর দাস।
	জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।
দিনাজপুর	রাজকুমার চক্রবর্ত্তী ফুলবাড়ি।
	ভুবনেশ্বর গুপ্ত।
	দুর্গাধন সুর—রায়গঞ্জ।
	শশিভূষণ রায়।
কোচবিহার	ভুবনমোহন দত্ত।
ফরিদপুর	কালীকিশোর ঘোষ—মাদারিপুর।
মজঃফরপুর	কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল
দ্বারভাঙ্গা	গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক সুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সমস্তীপুর
বৈদ্যনাথ	যোগেন্দ্রনাথ বসু সেন্ট্রাল মাষ্টার, দেওঘর।

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিবিধ বিজ্ঞাপন।

সংক্ষিপ্ত পদার্থদর্শনের প্রশ্নোত্তর।

পণ্ডিত প্রবর শ্রীযুক্ত প্রসন্নকুমার চক্রবর্ত্তী প্রণীত। মূল্য ।/০ পাঁচ আনা মাত্র। যত গুলি সং পদার্থদর্শনের প্রঃ উঃ এ পর্য্যন্ত প্রকাশিত হইয়াছে এখানা তাহাদের অপেক্ষা কোন অংশে নিকৃষ্ট নহে বরং অনেকাংশে উৎকৃষ্ট। যে স্কুলে এক খানিমাত্র এই প্রঃ উঃ প্রবেশ লাভ করিয়াছে সে স্কুলের সমস্ত ছাত্রই ইহা ক্রয় করিতেছে। একত্রে এক প্যাকেটে ৫ খানি এই প্রঃ উঃ লইলে স্কুলের শিক্ষকদিগকে শতকরা ১৲ টাকার হিসাবে কমিসন দিয়া থাকি; অধিকন্তু আমি নিজ হইতে ডাক মাশুল দিই। কাগজ, ছাপা ও বাঁধাই সমস্তই উৎকৃষ্ট। ভি: পি: ডাকে পাঠাইয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র দত্ত।

ভারত পুস্তকালয়, পটলডাঙ্গা, বৌবাজার পোষ্ট কলিকাতা।

৩৯নং

গিরিশ লাইব্রেরী।

এখানে স্কলারসিপ, মাইনর, এণ্ট্রান্স, এল, এ, বি, এ ক্লাসের সর্ব্বপ্রকার পাঠ্যপুস্তক ও অর্থ পুস্তকাদি এবং মাটিক, মডেল প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়। ভি: পি: ডাকে পুস্তক পাঠাই। ২১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৮নং

এল্‌. সি. মিত্র এণ্ড কোং।

গবর্ণমেণ্ট ও কলিকাতা ও অন্যান্য স্থানের দক্ষ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৫৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক কর্বিনি ক্যাম্ফার ১১, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১২৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৸০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৬৲ ও ৭৲, শিশুচিকিৎসা ২৷৷০, স্ত্রীচিকিৎসা ২৲ ওর চিকিৎসা ৸০ ও ১৸০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৸০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমার কলিকাতার মহামেলার এই শ্রেণীতে ভারতের অন্যান্য অংশাচ্চ এবং এখানকার ও অন্যান্য স্থানের সম্ভ্রান্ত চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি। ১৯

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্ত লালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিস্তৃত। কলিকাতা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীতে সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১৷০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মূল্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

REDUCTION IN PRICE OF CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta. Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free, at 4 oz, Re3—4; 8 oz, Re 6—8; 16 oz, Re 12—12. Cash with order.

No. 331

বুধোদয় যন্ত্র।

হুগলি বুধোদয় যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষর ও তাহার সরঞ্জাম প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানা প্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় যাবতীয় ফরম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, ষ্ট্যাণ্ডবিল, জমিদারীর জরাওয়াশীল ফরম, ডাক্তারি লেবিল ও বিল নানা প্রকার ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পাদিত হইয়া থাকে। বিশেষ বন্দোবস্ত করিলে সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংরিস অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও স্মল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া মস্তুরী দ্বারা পুস্তক প্রস্তুত করিয়া রীতিমত বান্ধবন্দী করিয়া রেলে বা জাহাজে যাওয়ার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি, গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন, ছাপার রেট ও অন্যান্য বিবরণ জানিতে ইচ্ছা করিলে আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পরিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

কার্য্যাধ্যক্ষ।

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১৯ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।

ডাকমাশুল ৴০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৴০

পদ্য ব্যাকরণ মূল্য ৴১০

প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য ৴১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায়) পাওয়া যায়।

শ্রীতিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

অম্বিকাচরণ ঘোষাল

ফটোগ্রাফার ও পোর্ট্রেট পেইণ্টার

ঘুঁটেবাজার হুগলি

মফস্বলে যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণপত্র লিখিলে জানিতে পারিবেন। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিজ, হুগলী কলেজ, এমামবাড়া, হংসেশ্বরীর মন্দির, চুঁচুড়া পোরা বারিক অভ্যন্তর দৃশ্য, নবাব খাঁজাখাঁর মসজিদ, সপ্তগ্রামের মহোৎসব প্রত্যেক ॥০ আনা মাত্র—ফটোগ্রাফগুলি একবার দেখিলে বাধিত হইব।

এডুকেশন গেজেট।

১০ই অগ্রহায়ণ ১৩০০। ইং ২৪শে নবেম্বর ১৮৯৩।

বড় লাটের বক্তৃতা।

"গোহত্যা লইয়া হিন্দু মুসলমান পরস্পরে বিবাদ বিসম্বাদ হেতু আজ কয়েক মাস ধরিয়া আমাদিগকে বড়ই উদ্বিগ্ন হইতে হইয়াছে। এই ব্যাপারে আমি যে কত দূর ব্যথিত হইয়াছি বলিতে পারি না। ইহাতে উভয় পক্ষেরই ধন প্রাণ নষ্ট হইয়াছে, উভয় পক্ষকেই জ্বালা যন্ত্রণা সহ্য করিতে হইয়াছে এবং দেশের লোকদিগকেও অযশের ভাগী হইতে হইয়াছে।

এক হাতে কখন তালি বাজে না, সুতরাং দাঙ্গা হাঙ্গামার ব্যাপারে দোষ হিন্দু মুসলমান উভয় পক্ষেরই আছে। হিন্দুই হউন আর মুসলমানই হউন দোষ প্রমাণিত হইলে আমরা কাহাকেও ছাড়িব না। ইহাতে যদি লোকে আমাদিগকে পক্ষপাতী বলিয়া নিন্দা করে, আমরা সে নিন্দা গ্রাহ্য করিব না। আমরা কাহারও ধর্ম্মে হস্তক্ষেপ করিব না সত্য, কিন্তু এরূপ ব্যাপারে অপরাধীদিগকে কোন মতে প্রশ্রয় দিতে পারিব না। আমি বলিয়াই কেন, কোন গবর্ণর জেনারেলই এরূপ বিভ্রাটে উদাসীন থাকিতে পারিবেন না। মহারাণীর ব্রিটিস ও ইণ্ডিয়ান যাবতীয় প্রজা যাহাতে নিরাপদে থাকিতে পান ভারত গবর্ণমেণ্টকে তৎপ্রতি লক্ষ্য রাখিতে হইবে এবং এক সম্প্রদায়ের লোকে অন্য সম্প্রদায়ের লোকের ধর্ম্মাচরণে যাহাতে হস্তক্ষেপ করিতে না পারে তাহাও দেখিতে হইবে। ধর্ম্মানুষ্ঠান ব্যপদেশে এক পক্ষ আর এক পক্ষের মনে যাহাতে পীড়া দিতে না পারে তাহারও ব্যবস্থা আমাদিগকে করিতে হইবে। আইনানুসারে মুসলমান গোহত্যা করিতে পারিবেন; কিন্তু অকারণ প্রকাশ্যভাবে গোহত্যা করিয়া হিন্দুর মনঃকষ্ট জন্মাইয়া তাঁহার অবমাননা ও লাঞ্ছনা করিতে পারিবেন না। ধর্ম্মার্থেই হউক আর ভোজনের জন্যই হউক, মুসলমানের গোহত্যা কখন বন্ধ হইবে না। আমরা হিন্দু মুসলমান উভয়েরই ধর্ম্ম কর্ম্ম সমভাবে রক্ষা করিব এবং এক পক্ষ অন্য পক্ষের ধর্ম্ম কর্ম্মে হস্তক্ষেপ করিলে আইনানুসায়ী অপরাধীর দণ্ডবিধান করিব। শান্তিভঙ্গ আমরা কিছুতেই হইতে দিব না। শান্তিভঙ্গের কোথাও উদ্যোগ দেখিলে যদি বলপূর্ব্বকও তাহার নিবৃত্তি করিতে হয় তাহাতেও আমরা পরাঙ্মুখ হইব না। এদেশীয়েরা মহারাণীর ১৮৫৮ সালের ঘোষণা পত্রকে আপনাদিগের অধিকার পত্রিকা স্বরূপে জ্ঞান করিয়া থাকেন। সেই ঘোষণা পত্রই বলিতেছে, ভারত সাম্রাজ্যে সকলেরই স্ব স্ব ধর্ম্ম অব্যাহত থাকিবে, কেহ কাহার ধর্ম্মে হস্তক্ষেপ করিতে পারিবে না, আইন নিরপেক্ষ ভাবে সকলকেই রক্ষা করিবে। আমাদের আইনেও এই নীতির অনুসরণ করা হইয়াছে, সুতরাং অন্যের ধর্ম্মানুষ্ঠানে ব্যাঘাত জন্মাইলে জাতি নির্ব্বিশেষে সকলকেই কঠোর দণ্ড ভোগ করিতে হয়। আন্দোলনের ধূমধামে ভুলিয়া আমরা যে কোন পক্ষের আইন সঙ্গত স্বত্ব কাড়িয়া লইব তাহা লইব না এবং এক সম্প্রদায় কোথাও সংখ্যায় অধিক বলিয়া তত্রত্য অপেক্ষাকৃত অল্পসংখ্যক অপর সম্প্রদায়কে যে লাঞ্ছিত করিবে এবং ভয় দেখাইবে তাহা হইতে দিব না। এক স্থলে যেমন এক সম্প্রদায়ের সংখ্যা অধিক, অপর স্থানে সেইরূপ আবার অন্য সম্প্রদায়েরও সংখ্যা অধিক, ইহা মনে রাখা উচিত।

এদেশের লোকের ধর্ম্মভাব যে খুবই প্রবল ও বদ্ধমূল তাহা আমরা জানি; দেশের অধিকাংশ লোকেই গরুকে যে যথেষ্ট ভক্তি শ্রদ্ধা করে, সে ভক্তি শ্রদ্ধার গাঢ়ত্বের ধারণা যে আমরা করিতে পারি না তাহাও জানি। আমরা জানি যে কেবল মাত্র ধর্ম্মার্থে ইহারা গোপূজা করে না, গোজাতির উপকারিতাও ইহাদিগের গোপূজার আর একটি হেতু। গোপূজা মহারাণীর ২০ কোটীরও অধিক প্রজার ধর্ম্মসম্মত, সুতরাং ইহাতে ইচ্ছা করিয়া যে কেহ কোনরূপ আঘাত করিবে, তাহা কখনই আমরা হইতে দিব না। অপিচ, মুসলমানেরও ধর্ম্মে যে দৃঢ়বিশ্বাস তাহাও আমাদের জানা আছে। ধর্ম্মে দৃঢ় বিশ্বাস বলিয়াই সুদূরস্থিত মুসলমান যাত্রিগণ কষ্টকে কষ্ট বলিয়া মনে না করিয়া ধর্ম্ম্য অনুষ্ঠান সাধনের জন্য মক্কায় গিয়া থাকেন। এই পৈতৃক ধর্ম্মপালনের জন্য মুসলমান আপন প্রাণেরও আশঙ্কা করেন না।

কেহ সাধ করিয়া কাহারও ধর্ম্মে

আঘাত করিতেছে দেখিলে গবর্ণমেণ্ট তাহার প্রতিকার করিবেনই, অধিকন্তু সমাজের নেতৃবর্গ, যাঁহারা স্ব স্ব পদমর্য্যাদা ও অবস্থার গুণে আর আর সকলকে পরিচালিত করিতে পারেন, তাঁহাদিগকে আমি অনুনয় করিয়া বলিতেছি, তাঁহারা যেন আপন আপন আয়ত্তাধীন অল্পবুদ্ধি লোকদিগকে এই সমস্ত দাঙ্গা হাঙ্গামার শোচনীয় পরিণাম ফল যে কি তাহা যেন বুঝাইয়া দেন। হিন্দু ও মুসলমান—উভয় সম্প্রদায়েরই নেতৃবর্গ যে এই কার্য্যে উদ্যোগী হইয়াছেন তাহার সূচনা বুঝিয়া আমি বড়ই পরিতৃপ্ত হইয়াছি।

ইংরাজী অথবা দেশীয় ভাষায় লিখিত যাবতীয় সম্বাদপত্রসমূহের সম্পাদক ও স্বত্বাধিকারিগণের নিকটও আমার এই অনুরোধ, তাঁহারা যেন এতৎসম্বন্ধে উত্তেজক কোনরূপ কথা না লিখিয়া বরং হিন্দু মুসলমান পরস্পরের মধ্যে যাহাতে সৌহৃদ্য সংস্থাপিত হয় এই উদ্দেশ্যে স্থির ও ধীরভাবে লিখিতে আরম্ভ করেন। হিন্দু মুসলমান উভয়ের নিকট আমার শেষ বক্তব্য এই, হিন্দুর হৃদয়ে আঘাত না লাগে এরূপ ভাবে মুসলমানগণ আপনাদিগের ধর্ম্মানুষ্ঠান সাধন করিতে থাকুন; হিন্দুগণও গোরক্ষণী সভার প্রতিষ্ঠা করিয়া যাহাতে গোজাতির ক্লেশ দূর হয়, যাহাতে রুগ্ন, জরাগ্রস্ত গোবৃষাদির রীতিমত পালন হয় তাহার উপায় বিধান করুন, নতুবা সভা করিয়া মুসলমানগণকে ভয় দেখাইয়া পরস্পরে যাহাতে বিষম মনান্তর সংঘটিত হয় এরূপ কার্য্য করিবেন না। কোন রাজপুরুষ পক্ষপাতিতা করিয়াছেন অথবা আইনের মর্য্যাদা লঙ্ঘন করিয়াছেন যদি এরূপ পরিচয় পাওয়া যায়, তবে হিন্দু মুসলমান উভয়কেই বলিয়া রাখিতেছি যে, সে বিষয় গবর্ণমেণ্টের গোচর করিলেই তাহার প্রতিবিধান হইতে পারিবে।

যাহাতে গৃহবিচ্ছেদ ঘটে এই কারণেই গবর্ণমেণ্ট হিন্দু মুসলমানের বিবাদে প্রশ্রয় দিতেছেন—যাহারা একথা রটাইয়াছে তাহাদিগের প্রতি প্রয়োগ করিবার উপযুক্ত কটু বাক্য আমি খুঁজিয়া পাই না। কথা সম্পূর্ণ মিথ্যা। আমার বিশ্বাস দেশীয়গণ কেহই এই মিথ্যা কথায় বিশ্বাস করিবেন না।"

বর্দ্ধমান বিভাগ।

১৮৯২-৯৩ সালের বর্দ্ধমান বিভাগের বাৎসরিক শাসনবিবরণীবিষয়ক রিপোর্টের উপর বাঙ্গালা-গবর্ণমেণ্টের মন্তব্যের সারাংশ নিম্নে বিবৃত করা গেল—

বিভাগের পরিদর্শন ব্যাপারে উক্ত বৎসর কোনরূপ বিশৃঙ্খলা উপস্থিত হয় নাই। গত বৎসর বারিবর্ষণ অল্পপরিমাণে হইলেও বিভাগের সর্ব্বত্র সমভাবে না হওয়ায় কোন কোন স্থানে শস্যোৎপত্তি ভালরূপ হইতে পায় নাই। বাঁকুড়ার উত্তর ও মধ্যভাগে, মেদিনীপুরের দক্ষিণাঞ্চলে, হুগলীর মধ্যস্থানসমূহে এবং হাওড়ার কোন কোন অংশে শস্যের অনেক ক্ষতি হইয়াছে। বীরভূমে ক্ষতি যে হয় নাই এমন নহে, তবে অপেক্ষাকৃত অনেক কম। সরকারী পয়ঃপ্রণালীর জলে অনেক জমির আমন ধান রক্ষা পাইয়াছে। শস্যোৎপত্তির এইরূপ ব্যাঘাত হওয়ায় সাধারণতঃ লোকের স্বাস্থ্যের পক্ষে যে অপকার ঘটিয়াছিল তাহা নহে; তবে অধিকাংশ জেলার লোকের অবস্থার উন্নতি হইতে পায় নাই, বরং স্থানবিশেষে লোকদিগকে অন্নকষ্টে ক্লিষ্ট হইতে হইয়াছে। বৎসরের শেষাশেষি বর্দ্ধমান জেলায় কলেরায় বড়ই অশান্তিকর হইয়া উঠে, সুতরাং মৃত্যুসংখ্যাও বেশী হয়। একমাত্র এই বর্দ্ধমান জেলা ব্যতীত বিভাগস্থ আর সকল জেলাতেই কিন্তু মৃত্যুসংখ্যা পূর্ব্ববৎসরাপেক্ষা কম হইয়াছিল।

অন্যান্য স্থানসমূহে আবশ্যকমতে পূর্ত্ত খোলা হইয়াছিল, কিন্তু তাহাতে অধিকসংখ্যক মহুর কাজ করিতে আইসে নাই। জমির উন্নতিবিষয়ক আইনানুযায়ী অগ্রিম টাকা দেওয়ার ব্যবস্থাহেতু কাজ কর্ম্ম পাইবার সুবিধা হওয়ায় অনেক বিপন্ন শ্রমজীবীর অভাব দূর হইয়াছে। জেলার কলেক্টর গ্রিয়ারসন সাহেব হাওড়া জেলার লোকের সুখ সমৃদ্ধির প্রশংসা করিয়া অনেক কথা বলিয়াছেন। যাহা হউক সাধারণতঃ লোকের স্বাস্থ্য ভাল ছিল বটে, কিন্তু মিউনিসিপালিটী ও জেলাবোর্ড বিভাগের স্বাস্থ্যবিধান বিষয়ে যে রীতিমত যত্ন করেন নাই এরূপ সংবাদ পাওয়া গিয়াছে।

বর্দ্ধমান, বাঁকুড়া ও মেদিনীপুর হইতে বৎসর বৎসর অনেক ধান চাউল বিদেশে রপ্তানী হইয়া থাকে। এবারে কিন্তু শস্য ভালরূপ উৎপন্ন না হওয়ায় রপ্তানীও অনেক কম হইয়াছে। বীরভূম হইতে চাউলের রপ্তানী অনেক কম হইয়াছিল বটে, কিন্তু ধান বেশী রপ্তানী হওয়ায় এক প্রকার পোষাইয়া গিয়াছে। আটির চাষ বাঁকুড়ায় অনেক কমিয়াছে কিন্তু বীরভূমে ভালরূপ চলিয়াছে। বর্দ্ধমান ও বাঁকুড়ায় নীল ভাল হয় নাই, মেদিনীপুরে ভাল হইয়াছে। বালী ও রাণীগঞ্জে কাগজের কল হওয়ায় ঐ দুই স্থানে যে দেশী কাগজ প্রস্তুত হইত তাহা ক্রমশঃ বন্ধ হইয়া আসিতেছে। বাটার গোলযোগ হেতু বিলাতী কাপড়ের দর চড়িয়া যাওয়ায় বিভাগে সুতার কাপড়ের শিল্প বৃদ্ধি পাইয়াছে।

বৎসরকাল মধ্যে বিভাগে শাসনসংক্রান্ত নিম্নলিখিত পরিবর্ত্তনগুলি সংঘটিত হইয়াছিল—

(১) বর্দ্ধমানে "ষ্টীম বয়লার" ও "প্রাইম মুভার" আইনের প্রচলন; (২) বরাকরের লৌহের কারখানা, রাণীগঞ্জের কাগজের কল এবং মেটে বাসনের কারখানা ফাক্টরী আইনের অধীন হয়; (৩) যে সমস্ত পল্লীতে ১৮৭০ সালের ৬ আইন জারী ছিল সেই সমস্ত পল্লীতে চৌকীদারদিগের বেতনের একই প্রকার থানাওয়ারী হার প্রচলিত হয়; (৪) প্রাদেশিক সিভিল কার্য্যের ভার

জেলাবোর্ডের হস্তে প্রদত্ত হয়, (৫) টীকা দেওয়ার ভার সিভিল সার্জ্জনের উপর অর্পিত হয়; (৬) জমিদারী ডাকসেসের আদায়ের ভার কলেক্টরের হাতে আইসে এবং পশুর প্রতি অত্যাচার নিবারণের আইন মেদিনীপুর জেলার অন্তর্গত কণ্টাই এবং হুগলী জেলার সমস্ত মিউনিসিপালিটী গুলিতে প্রচলিত হয়।

পুলিসচালানী মোকদ্দমার সংখ্যা বৃদ্ধি পাইয়াছিল। এই সংখ্যাবৃদ্ধি এবং দেওয়ানী আদালতের টাকা দেনা পাওনা ও বাকী খাজনার নালিশের সংখ্যাবৃদ্ধি উভয়েরই হেতু—উপযুক্ত শস্যোৎপত্তির অভাব। পুলিসচালানী মোকদ্দমার সংখ্যা বৃদ্ধির আরও একটি হেতু—গ্রামাপুলিসের বে-বন্দোবস্ত। হাওড়ার মাজিষ্ট্রেট গ্রিয়ারসন সাহেব ব্যতীত আর প্রায় সকলেই চাকরাণ চৌকীদারদিগের কার্য্যের নিন্দা করিয়াছেন।

দায়রায় উক্ত বৎসর শতকরা ৬০ জন আসামী দণ্ড পাইয়াছে। ১৮৯১ সালে শতকরা ৪০ জন আসামীর দণ্ড হইয়াছিল। বাঁকুড়া ও বীরভূমে ইহার ফল যেরূপ সন্তোষজনক হইয়াছে, বর্দ্ধমানে তেমন হয় নাই।

বেতনভোগী ম্যাজিষ্ট্রেটগণ প্রত্যেকে গড়ে ৩৩৭টি করিয়া মোকদ্দমার নিষ্পত্তি করিয়াছেন। জেলার ম্যাজিষ্ট্রেটগণ সাধারণতঃ অবৈতনিক ম্যাজিষ্ট্রেটদিগের কাজের প্রশংসা করিয়াছেন। অবৈতনিক ম্যাজিষ্ট্রেটগণ অধিকাংশ সময় কার্য্যে উপস্থিত ছিলেন। বিভাগীয় কমিসনর পাটনার কমিসনরের সহিত এক বাক্যে বলিয়াছেন যে, ভবিষ্যতে অবৈতনিক ম্যাজিষ্ট্রেটদিগকে নির্দ্দিষ্ট কালের জন্য নিযুক্ত করিতে পারিলে ভাল হয়। এরূপ ব্যবস্থায় যে সমস্ত অবৈতনিক ম্যাজিষ্ট্রেট নিয়মিতরূপে কার্য্যে উপস্থিত হইতে পারিবেন না, তাঁহাদের সময় ফুরাইয়া গেলে আর তাঁহাদিগকে নিযুক্ত না করিলেই চলিবে; নতুবা তাঁহারা যখন স্বেচ্ছাপূর্ব্বক বিনা বেতনে সরকারী কার্য্য করিয়া থাকেন, তখন তাঁহাদিগকে ডিসমিস করা অথবা জেলার ম্যাজিষ্ট্রেটগণ কর্ত্তৃক তাঁহাদের কার্য্যের তীব্র সমালোচনা করা ভাল দেখায় না।

দলিল রেজেষ্টরীর সংখ্যা পূর্ব্ব বৎসরাপেক্ষা এ বৎসরে বাড়িয়াছে। রেজিষ্ট্রেশন বিভাগের উপর লোকের শ্রদ্ধার বৃদ্ধি হেতুই যে এরূপ হইয়াছে, প্রতিনিধি ছোটলাট বাহাদুরও একথা স্বীকার করিয়াছেন।

ভূমির রাজস্ব, রোড সস এবং জমিদারী ডাকসেসের আদায় পূর্ব্ব বৎসরাপেক্ষা এ বৎসরে ভাল হইলেও কিন্তু একমাত্র নীলভূম ব্যতীত আর কোথাও উহা নির্দ্দিষ্ট পরিমাণে হয় নাই। হাল বকেয়া ১ কোটি ৬১ হাজার ১২৫ টাকার মধ্যে ৯৩ লক্ষ ১৩ হাজার ৮৬৩ টাকা আদায় হইয়াছে, ৩৩ হাজার ৭৩৪ টাকা মকুব করা হইয়াছে, এবং ৭ লক্ষ ১৫ হাজার ৮৭২ টাকা অনাদায় আছে। চিরস্থায়ী বন্দোবস্তের অধীন মহাল হইতে বীরভূম ও মেদিনীপুরে শতকরা ৯৯ টাকা এবং বর্দ্ধমান, বাঁকুড়া ও হুগলীতে শতকরা ৯৮ টাকারও অধিক ভূমির রাজস্ব আদায় হইয়াছে। অস্থায়ী বন্দোবস্তের অধীন মহালে একমাত্র বীরভূমের ক্ষুদ্রমহাল ব্যতীত আর সর্ব্বত্রই নির্দ্দিষ্ট পরিমাণ অপেক্ষা অনেক কম আদায় হইয়াছে। খাস মহালের আদায়পত্রও বড় মন্দ হইয়াছে।

বিভাগীয় কোন জেলাতেই সরকারী মহালের কোন বিশেষ প্রয়োজনীয় বন্দোবস্ত কার্য্য হয় নাই। বাঙ্গালার প্রজাস্বত্ব আইন ও বর্দ্ধমান রাজ খাস মহালের অধীন পাতাসপুর অস্থায়ী মহালের বন্দোবস্ত কার্য্যের উন্নতি হইয়াছে। সুজামুঠার বন্দোবস্ত কার্য্য (মাদাথালী গ্রাম ব্যতীত) শেষ হইয়াছে।

ডানকুনি, হাওড়া, রাজাপুর ও আমতা—চারিটি স্থানে চারিটি জল নিকাশের ড্রেণ করিবার প্রস্তাব উক্ত বৎসরে হইয়াছে। প্রথমটির নির্ম্মাণের ব্যয় আদায় হইয়াছে। ভবিষ্যতে উহার জন্য আর যে অর্থব্যয় হইবে তাহা আদায় হইতেছে। দ্বিতীয় ও তৃতীয়টি সম্বন্ধে কার্য্য শেষ হইয়াছে, কিন্তু আদায় এযাবৎ আরম্ভ হয় নাই। শেষোক্তটি এক্ষণে পূর্ত্ত বিভাগের হস্তে আছে।

ভূমি ও কৃষির উন্নতির কল্পে আইনানুসারে ৬০ হাজার টাকা উক্ত বিভাগে ঋণ মঞ্জুর করা হইয়াছিল; কিন্তু প্রকৃত প্রস্তাবে বৎসর কালের মধ্যে এতদর্থে ব্যয় হইয়াছে ২৯ হাজার ৩৪০ টাকা। এরূপ হইবার কারণ এই দেখান হইয়াছে যে, উক্ত ঋণের টাকা আপাততঃ এক বৎসরের জন্য মঞ্জুর করা হয়, কিন্তু কে ঋণ পাইবার উপযুক্ত ইত্যাদি অবধারণ সময় না করিতে করিতেই বৎসর ফুরাইয়া যায়, সুতরাং টাকা বেশী মঞ্জুর হইলেও তাহার ফল বড় একটা বেশী হইতে পায় না। কমিসনর বাহাদুর সে জন্য বলিয়াছেন যে উক্ত টাকা যেন দুই তিন বৎসরের জন্য মঞ্জুর করা হয় অথবা আগ্রহের শেষে যাহাতে ঋণ দানের ওয়াদা শেষ হয় তাহার ব্যবস্থা হয়, যেহেতু ঐ সময়ে চাষের কাজও শেষ হইয়া যায় এবং তাহাই ফসলেরও সময় আসিয়া উপস্থিত হয়। কমিসনরের প্রস্তাবটি বিবেচনার্থ রেভেনিউ বোর্ডে দাখিল করা হইবে।

বর্দ্ধমান বিভাগে কোর্ট অফ্ ওয়ার্ডের অধীনে গত বৎসর ১০টি মহাল ছিল, উক্ত বৎসরে ১১টি হইয়াছে। শস্যোৎপত্তি ভালরূপ না হইলেও বর্দ্ধমান রাজ মহালের আদায়পত্র দেখিয়া ছোট লাট বাহাদুর সন্তোষ প্রকাশ করিয়াছেন। বর্দ্ধমান বিভাগের ওয়ার্ড মহালগুলির বকেয়া প্রাপ্য খুব বেশী। ফলতঃ যে সমস্ত বকেয়া শোধ হইবার নহে তাহা খাতায় রাখা ভাল নয়। মহালসমূহের বকেয়া হিসাবগুলি তন্ন তন্ন করিয়া দেখিয়া যদি বুঝা যায় যে আইনের সাহায্যেও খাপ্য আদায় হইবার নহে, অথবা রাইয়ৎ কিছুতেই উহা শোধ করিয়া উঠিতে পারে না, তবে তাহা মকুব করিতে হইবে।

আবকারী আয় পূর্ব্ব বৎসরাপেক্ষা এ বৎসরে বিভাগে বৃদ্ধি পাইয়াছে। প্রোফ সংখ্যা হিসাবে আবকারী রাজস্ব বিভাগস্থ প্রত্যেক ব্যক্তির উপর হইতে গড়ে ২ আনা ৪ পাই হিসাবে আদায় হইয়াছে।

সমগ্র বিভাগে উক্ত বৎসর উচ্চ শ্রেণীর স্কুল ৮৬, মধ্য শ্রেণীর ৩৯০, পাঠশালা ১০ হাজার ৩৬৫ এবং অন্যান্য ৪২—সর্ব্বশুদ্ধ ১০ হাজার ৮৮৩টী স্কুলে ৩ লক্ষ ৪০০ ছাত্র অধ্যয়ন করিয়াছে। পূর্ব্ব বৎসরের তুলনায় এবারে স্কুলের সংখ্যা ২৬১ এবং ছাত্র সংখ্যা ৪৬ হাজার ৫৪৩ বৃদ্ধি পাইয়াছে। বালিকা স্কুল ২৮৭টি স্থলে ৩৭০টি হইয়াছে। মুসলমান ছাত্রের সংখ্যা বাড়িয়াছে। স্কুলে যাইবার উপযুক্ত বয়ঃপ্রাপ্তগণ মধ্যে শতকরা ৫১.৮ জন স্কুলে অধ্যয়ন করিয়াছে। প্রতিনিধি ছোটলাট বাহাদুর ইহাতে সন্তোষ প্রকাশ করিয়াছেন। ঐ সমস্ত স্কুলের

জন্য প্রত্যেক ছাত্রের প্রতি বৎসরে ৩৷৵৯ আনা হিসাবে ব্যয় পড়িয়াছে, পূর্ব্ব বৎসরে প্রত্যেকের প্রতি ৪৷১১ পাই হিসাবে ব্যয় হইয়াছিল।

জেলা বোর্ডের কার্য্য মোটের উপর সন্তোষজনক হইয়াছে। স্থানীয় বোর্ডের মেম্বরগণকে যাতায়াতের খরচা দেওয়ার ব্যবস্থা না থাকায় দূরস্থ মেম্বরগণ নিয়মমত উপস্থিত হন না, কিন্তু তাহা হইলেও স্থানীয় বোর্ডের কার্য্য মন্দ হয় নাই। তাহাড়া মিউনিসিপালিটী হইতে এক্ষণে যত টাকা আদায় হয় তাহাতে উহার রীতিমত তত্ত্বাবধানের ব্যয় সংকুলান হয় না; এই কারণে হাওড়া মিউনিসিপালিটীর চেয়ারম্যান ভদ্রতা মাজিষ্ট্রেট গ্রিয়ারসন সাহেব হাওড়াকে কলিকাতার অন্তর্ভুক্ত করিয়া লইবার জন্য অনুরোধ করিয়াছেন।

সমালোচনা।

'ভাবপ্রকাশ' নামক আয়ুর্ব্বেদীয় গ্রন্থের বাঙ্গালা অনুবাদক কবিরাজ শ্রীযুক্ত রসিকলাল গুপ্ত নিম্নলিখিত কয়েক খানি পুস্তক সমালোচনার জন্য আমাদিগকে দিয়াছেন—

(১) Science of Sphygmica or Sage Kanad on Pulse (An English translation with Sanscrit passages) Price Re 2.

(২) Nidana—Sanscrit system of Pathology—(An English translation with Sanscint passages) Price Re 3.

(৩) Hindu Practice of Medicine (Translated into English) Price Re 1.

(৪) Nidana—A Sanscrit system of pathology translated into Bengali verse—Price Re 1—8.

(৫) Hindu Anatomy, Physiology, Therapeutics, History of Medicine and Practice of physic—Price Re 2.

নাড়ীতত্ত্ব বিষয়ক পুস্তক খানিতে কণাদকৃত নাড়ী বিজ্ঞানের শেষ অধ্যায়ের দুরূহ কিয়দংশ মাত্র বাদে অবশিষ্ট সমগ্র অংশ টুকু উদ্ধৃত করিয়া তাহার ইংরাজী অনুবাদ দেওয়া হইয়াছে। কণাদের নাড়ীবিজ্ঞান গ্রন্থখানি ক্ষুদ্র হইলেও নাড়ীতত্ত্ববিষয়ক অনেক কথাই উহাতে আছে। কথকথা অভিজ্ঞতা, চিকিৎসাব্যগ্রতা এবং অন্যান্য বাদে নাড়ীজ্ঞান বিষয়ে এরূপ অনেক সুখ্যাতি শুনা গিয়াছে; কিন্তু আজকাল নাড়ীতত্ত্ব বিষয়ে ব্যুৎপন্ন ওরূপ কবিরাজের সংখ্যা অনেক কম। অনেক স্থলে উহা গল্প কথার স্বরূপ হইয়া উঠিয়াছে। কোন কোন এলোপ্যাথি ডাক্তার এবং ইংরাজী শিক্ষিত অনেকেরই প্রাচীন নাড়ীবিজ্ঞান কাল্পনিক, প্রলাপোক্তি বলিয়া ধারণা আছে। কবিরাজ রসিক বাবু এই ভ্রান্তিসংস্কারের অপনয়ন মানসেই কণাদের রচিত নাড়ীবিজ্ঞান খানির ইংরাজীতে অনুবাদ করিয়াছেন। দেশীয় চিকিৎসকগণ মধ্যে আজকাল কেহ কেহ আয়ুর্ব্বেদীয় কোন কোন গ্রন্থের এইরূপ ইংরাজী অনুবাদ কার্য্যে ব্রতী হইয়াছেন এবং অনুদিত গ্রন্থগুলি পাশ্চাত্য পণ্ডিতদিগের নিকট পাঠাইয়া দিয়া তাঁহাদের নিকট সাধুবাদ প্রাপ্ত হইতেছেন। ইংরাজী শিক্ষিতদিগের মধ্যে যাঁহারা ইউরোপীয় পণ্ডিতগণের মুখ বিনিঃসৃত কথাকেই অভ্রান্ত সত্য বলিয়া মনে করিয়া থাকেন, দেশীয় চিকিৎসা পুস্তকসম্বন্ধে ইউরোপীয় পণ্ডিতগণেরকৃত প্রশংসাবাদ শুনিয়া দেশীয় চিকিৎসাপ্রণালীর উপর তাঁহাদের কতকটা শ্রদ্ধা হইলেও হইতে পারে এবং অনুবাদকগণও তদ্বৎ পণ্ডিতদিগের নিকট প্রতিপন্ন হইতে পারেন। এতদ্ভিন্ন, যিনি যাহাই ভাবুন, এদেশীয় চিকিৎসাশাস্ত্রের ইংরাজী অনুবাদে বিশেষ আর যে কিছু সুফলের প্রত্যাশা আছে বোধ হয় না; বরং ছাগাদিদত্ত পাঁচন, মূল্যবান কয়েকটি ঔষধ বিলাতে প্রস্তুত হইয়া অত্যল্প মূল্যে এদেশের স্থানে স্থানে বিক্রয় হইতেছে বলিয়া মধ্যে মধ্যে এক আধটা কথাও শুনিতে পাওয়া যায়।

যাহাই হউক রসিক বাবুর প্রকাশিত এই পুস্তকখানি পাঠ করিয়া আমরা সন্তুষ্টই হইয়াছি। অনুবাদটি সুবোধ্য হইয়াছে। কাগজ ও ছাপা অতি উৎকৃষ্ট। ব্যবসায়ী না হইলেও সাধারণ পুস্তক পাঠার্থিগণ এই পুস্তকখানি পাঠ করিয়া আমোদ ও উপকার পাইতে পারিবেন। ইংরাজী ব্যতীত উর্দ্দু ও হিন্দী ভাষাতেও রসিক বাবু এই পুস্তকখানির অনুবাদ করিয়াছেন।

আয়ুর্ব্বেদ শাস্ত্রের স্থূলতত্ত্বগুলি যাহাতে সহজে আয়ত্ত করিতে পারা যায় এই অভিপ্রায়ে প্রধান প্রধান আয়ুর্ব্বেদ গ্রন্থগুলি হইতে সার সঙ্কলন করিয়া পণ্ডিতাগ্রণী মাধবকর যে নিদান খানি প্রণয়ন করিয়া গিয়াছেন তাহাই মাধবকর নিদান বলিয়া প্রসিদ্ধ এবং আয়ুর্ব্বেদীয় চিকিৎসকগণ কর্ত্তৃক বিশেষরূপে সমাদৃত। রসিক বাবু উক্ত গ্রন্থ খানির ইংরাজীতে অনুবাদ করিয়াছেন। অনুবাদের সহিত সংস্কৃত মূলও দেওয়া আছে। এতদ্ভিন্ন বাঙ্গালা পদ্যেও তিনি উক্ত পুস্তকখানির অনুবাদ করিয়াছেন। পদ্যানুবাদগুলি মূলের সহিত মিল রাখিয়া সাধারণের সহজবোধ্য এবং শ্রুতি সুখকর করিবার পক্ষে রসিক বাবু যত্ন ও পরিশ্রম কম করেন নাই। দৃষ্টান্তস্বরূপ নিম্নে কয়েকটী স্থানের মূল ও তাহার বঙ্গানুবাদ উদ্ধৃত করিয়া দেওয়া হইল—

মূল।

তৃষ্ণামূর্চ্ছাভ্রমোদাহঃ স্বপ্ননাশঃ শিরোরুজা।
কণ্ঠাস্যশোষো বমথু রোমহর্ষাঙ্গচিম্ভনং।
পর্ব্বভেদশ্চ জৃম্ভাচ বাতপিত্তজ্বরাকৃতিঃ॥
দ্বৈমিতাং পর্ব্বণাম্ভেদো নিদ্রাগৌরব মেব চ
শিরোগ্রহ প্রতিশ্যায়ঃ কাসঃ স্বেদা প্রবর্ত্তনং
সন্তাপো মধ্যদেশশ্চ বাতশ্লেষ্মজ্বরাকৃতিঃ॥

বঙ্গানুবাদ।

দাহ, তৃষ্ণা, মূর্চ্ছা হয় বাতপিত্ত জ্বরে,
শিরঃপীড়া, কণ্ঠ মুখশোষ আসি ধরে,
রোমাঞ্চ করয়ে দেহ নিদ্রা নাহি হয়,
বোধ হয় যেন সব অন্ধকার ময়,
বমন, অরুচি, ভ্রম আর হাই উঠে,
বড়ই বেদনা করে অতি গাঁঠে গাঁঠে।

মূল।

লিপ্ত তিক্তাস্যতা তন্দ্রা মোহাঃ কাসোঽরুচিস্তৃষা
মুহুর্দাহো মুহঃ শীতং পিত্তশ্লেষ্মজ্বরাকৃতিঃ।

বঙ্গানুবাদ।

মুখ তিক্ত, লিপ্ত তন্দ্রা, মোহ, কাস আর
রুচি নাহি পিপাসাও ঘর্ম্ম বার বার
ক্ষণে শীত, ক্ষণে গ্রীষ্ম উপস্থিত হয়
পিত্তশ্লেষ্ম জ্বরের এ সব পরিচয়।

মূল।

অত্যম্বুপানাদ্বিষমাশনাচ্চ
সংধারণাৎ স্বপ্ন বিপর্য্যয়াচ্চ
কালেঽপি সাম্যাং লঘু চাপি ভুক্ত-
মন্নং ন পাকং ভজতে নরস্য

বঙ্গানুবাদ।

অধিক পানের তরে, বিষম ভোজন করে
মল মূত্রাদির বেগ করিলে ধারণ
দিবসে নিদ্রাগমন, নিশাকালে জাগরণ
এ সকল দোষ হয় অজীর্ণ কারণ
একবার কেন দোষ জন্মিলে উদরে
লঘুপাক দ্রব্যও না পরিপাক করে।

চিকিৎসা ব্যবসায়ী ব্যতিরিক্ত সংস্কৃতানভিজ্ঞ দেশীয় অপর সাধারণ লোকেও চিকিৎসা বিষয়ে অন্ততঃ কিছু কিছু যাহাতে জানিয়া রাখিতে পারেন রসিক বাবুর মাধবকর নিদানের বাঙ্গালা পদ্যানুবাদ করিবার ইহাই উদ্দেশ্য। উদ্দেশ্য সফল হইলে গ্রন্থকারের ন্যায় আমরাও বিশেষ পরিতুষ্ট হইব।

ভাব প্রকাশের বঙ্গানুবাদ দ্বারা রসিক বাবু ইতি পূর্ব্বেই যথেষ্ট প্রতিপত্তি লাভ করিয়াছেন। উল্লিখিত পুস্তকগুলি তাঁহার সেই প্রতিপত্তিরই অনুরূপ হইয়াছে। এই সমস্ত পুস্তক স্কুল পাঠ্য পুস্তকের ন্যায় অল্পকাল মধ্যে অধিকসংখ্যায় বিক্রীত হইবার আশা কম। এরূপ অবস্থায় অন্ততঃ দেশীয়গণের মধ্যে দেশীয় চিকিৎসাশাস্ত্রের সম্মান ও আদর বাড়াইবার জন্য রসিক বাবু যে পরিশ্রম ও ব্যয়স্বীকার করিতেছেন, আয়ুর্ব্বেদ শাস্ত্রের অভ্যুদয় প্রয়াসী দেশীয় ধনিগণের তদ্বিষয়ে কিয়ৎ পরিমাণ সাহায্য পাইয়া তাঁহাকে ঐরূপ কার্য্যে প্রোৎসাহিত দেখিতে পাইলে আমরা বড়ই সুখী হইব।

সাপ্তাহিক সংবাদ।

[কলিকাতা] আফিম কমিসন কলিকাতায় বসিয়াছে। ১৮ই ও ২০এ নবেম্বর দুই দিনে সার ডেভিড বার্কার, মেজর সার্জ্জন জেনারেল রাইস, রিসলি থোবর্ণ, মিঃ জি জে আলেকজাণ্ডর প্রভৃতি সাক্ষিগণ সাক্ষ্য দিয়াছেন। ইঁহাদের সাক্ষ্য আফিম ব্যবসায় বন্ধ করিবার অনুকূলে হইয়াছে। গত কল্য ও অদ্য অর্থ বিভাগের সেক্রেটরী ফিনলে সাহেব, বাঙ্গালা রেভিনিউ বোর্ডের লায়াল সাহেব, বারাণসী এজেন্সীর এজেন্ট মিঃ জে এচ রাইভেট কার্ণাক, পাটনা এজেন্সীর এজেন্ট মিঃ হপ্‌কিন্স প্রভৃতির সাক্ষ্য দিবার দিন। কিরূপ পদ্ধতিতে ভারতে আফিম উৎপন্ন হয় সে বিষয়ে ইঁহারা বলিবেন। ২৫এ নবেম্বর ডাক্তার চিকিৎসক, ২৭এ ও ২৮ সভা সমিতির ও সাধারণ লোকের প্রতিনিধিগণ সাক্ষ্য দিবেন। ২৯এ ও ৩০এ নবেম্বর এবং ১লা ও ২রা ডিসেম্বরও ঐরূপ প্রতিনিধিগণের সাক্ষ্য লওয়া হইবে। কমিসন আপাততঃ প্রত্যহ বেলা ১০॥ টা হইতে ২টা পর্য্যন্ত সাক্ষ্য লইবেন। আবশ্যক হইলে এ সময়ের পরিবর্ত্তনও হইতে পারে।

[ব্রহ্মদেশ] বড়লাট বাহাদুর বিগত ১৮ই নবেম্বর রেঙ্গুনে আসিয়া পৌঁছিয়াছেন। এখানে তাঁহার যথেষ্ট সম্বর্দ্ধনা হইয়াছে। সেক্রেটরীয়েট আফিসসমূহের জন্য যে নূতন সরকারী বাড়ী প্রস্তুত হইয়াছে ঐ বাড়ীতে ২০এ নবেম্বর লাট বাহাদুরের দরবার হইয়াছিল।

[সাধারণ] ১৮৯৩ সালের ৩১এ মার্চ্চ মাগাইৎ ৩ বৎসরে ষ্ট্যাম্প বিভাগে গবর্ণমেণ্টের বাৎসরিক গড় ১ কোটি ৫ লক্ষ ৬৫ হাজার ৩৪৪ টাকা আয় হইয়াছে। ইহার পূর্ব্ববর্ত্তী ৩ বৎসরের প্রত্যেক বৎসরে গড়ে এতদপেক্ষা ৫ লক্ষ ২৩ হাজার ৩৯৩ টাকা কম আয় হইয়াছিল।

১৮৯২-৯৩ সালে লবণ বিভাগ হইতে খরচ খরচা বাদে গবর্ণমেণ্টের ২ কোটি ৩৮ লক্ষ ৬৯ হাজার ৮৩৭ টাকা আয় হইয়াছে। ১৮৯১-৯২ সালে ইহা হইতে গবর্ণমেণ্টের যে আয় হইয়াছিল তদপেক্ষা উক্ত বৎসরের আয় ১ লক্ষ ৮৩ হাজার ৩ টাকা বেশী হইয়াছে।

পাইওনিয়র বলিতেছেন, আমীরের সহিত বৃটিশদূত সার মর্টিমার ডুরাণ্ডের সীমানা সম্বন্ধে যে নূতন বন্দোবস্ত হইয়াছে, তদ্দ্বারা আমীর অতঃপর ইংরেজের নিকট হইতে ১ লাখের পরিবর্ত্তে দেড় লক্ষ টাকা করিয়া মাসহারা পাইবেন।

হিলাতের রথশ্চাইল্ডেরা পূর্ব্ববঙ্গ ও উত্তর বঙ্গ ষ্টেট রেলপথ গ্রহণ করিবেন বলিয়া গুজব উঠিয়াছিল, পাইওনিয়র বলিতেছেন ইহা মিথ্যা।

[বৈদেশিক] বিলাতে কয়লার খনির মজুরগণ ধর্ম্মঘট করায় পররাষ্ট্র সচিব লর্ড রোজবেরি খনিওয়ালা ও মজুর উভয় দলের ১৪ জন করিয়া প্রতিনিধি লইয়া গোলযোগের মীমাংসায় প্রবৃত্ত হইয়াছেন।

ডুরাণ্ডমিসন কাবুল হইতে প্রত্যাবর্ত্তন করিতেছেন। ১৯এ নবেম্বর জেলালাবাদে আসিয়া পৌঁছিয়াছেন।

বিলাতের ইষ্ট ইণ্ডিয়া সমিতিতে আমাদের ভাবী বড়লাট বাহাদুর লর্ড এলগিন বলিয়াছেন, ইংরেজ ও দেশীয়গণের মধ্যে যাহাতে সদ্ভাব অব্যাহত থাকে, আমি পিতৃপথের অনুবর্ত্তী হইয়া তাহারই চেষ্টা করিব।

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—কটকের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু কান্তিভূষণ সেন ৩ মাসের ছুটী পাইলেন। যশোহরের প্রতিনিধি ডিঃ ও সেঃ জজ কেলেহর সাহেব ১ মাসের ছুটী পাইলেন। ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু রাধাশ্যাম সিংহ আর ৬ মাসের ছুটী পাইলেন। বাঙ্গালগবর্ণমেণ্টের আয় ব্যয় ও মিউনিসিপ্যাল বিভাগের সেক্রেটরী রিসলে সাহেব যে ছুটমাসের ফর্লো পাইয়াছিলেন তাহা বিশেষ ছুটীতে পরিণত হইল। খুলনার প্রতিনিধি মাঃ ও কঃ ম্যাণ্ডীয়াদ সাহেব আর একদিনের ফর্লো পাইলেন। প্রতিনিধি মাঃ ও কঃ মি মিত্তুরিয়র সাহেব ১ম শ্রেণীর জঃ মাঃ ও ডেঃ কঃ হইলেন। মিঃ এম এম গণ্টলেট পাটনা বিভাগের আঃ মাঃ ও কঃ হইয়া সারণ জেলার সদরে স্থাপিত হইলেন। মিঃ ফ্রাঙ্ক ই ফ্যাক্সন ভগলপুর বিভাগে আঃ মাঃ ও কঃ হইয়া ভগলপুর জেলার সদরে স্থাপিত হইলেন। মিঃ বীচেম্ব

বঙ্গ সেন ঢাকা বিভাগের অঃ মাঃ ও কঃ হইয়া ময়মনসিংহ জেলার সদরে স্থাপিত হইলেন। মিঃ ডব্লিউ এইচ্ এইচ্ স্কিলেণ্ট সাহেব ১ম শ্রেণীর অঃ মাঃ ও ডেঃ কঃ হইয়া সাঁওতাল পরগণা জেলার সদরে স্থাপিত হইলেন। হুগলী শ্রীরামপুরের অাঃ মাঃ ও কঃ ফিসচার সাহেব ১ম শ্রেণীর অঃ মাঃ ও ডেঃ কঃ হইলেন। পুরীর প্রতিনিধি মাঃ ও কঃ ওয়াল্স সাহেব আর ১ বৎসরের ফর্লো পাইলেন। ফর্লোপ্রাপ্ত অঃ মাঃ ও ডেঃ কঃ কোক্স সাহেব পুরীর মাঃ ও কঃ হইলেন। সাতসাহেব প্রতিনিধি মাঃ ও কঃ কলিন সাহেব আর ১ দিনের ফর্লো পাইলেন। মুরশিদাবাদের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু নগেন্দ্রনাথ পাল চৌধুরী ৬ মাসের ছুটী পাইলেন। অঃ মাঃ ও ডেঃ কঃ হ্যামিল্টন সাহেব ২৪ পরগণার সদরে স্থাপিত হইলেন। আঃ মাঃ ও কঃ লী সাহেব ১ম শ্রেণীর অঃ মাঃ ও ডেঃ কঃ হইয়া সারণ জেলার সদরে স্থাপিত হইলেন। হুগলীর ডেঃ মাঃ ও ডেঃ কঃ ম্যাকারটচ সাহেব মেদিনীপুর জেলার সদরে বদলী হইলেন।

শিক্ষা—শিক্ষা বিভাগের প্রতিনিধি ডিরেক্টর মার্টিন সাহেব রাজসাহী ও বর্দ্ধমান সর্কেলে স্থাপিত হইলেন।

বিচার—কলিকাতার ছোট আদালতের ২য় জজ মাক হউয়েন সাহেবের কার্য্য অস্থায়ীরূপে ভারতগবর্ণমেণ্টের হোম ডিপার্টমেণ্টের অধীনে থাকিল। মৌলবী আবদুল করিম বি এল বীর ভূম জেলার পোলপুর ও রামপুর হাটের অতিরিক্ত মুঃ হইলেন। কলিকাতা ছোট আদালতের প্রতিনিধি চিফ্ জজ হ্যাণ্ডলে সাহেব প্রতিনিধি ৩য় জজ মিঃ কিশোরীমোহন চট্টোপাধ্যায় এবং প্রতিনিধি ৪র্থ জজ বাবু যদুনাথ রায় স্ব স্ব পদে পদে পাকা হইলেন। ফরিদপুর ভাঙ্গার মুঃ বাবু অমরচন্দ্র মুখোপাধ্যায় ৬ মাসের ছুটী পাইলেন।

উদ্ভট কবিতা।

[৪৩৩]

বরীচ্ছসি বরীকর্ত্তুং জগদেকেন কম্মণা।
পরাপবাদ-পসোভ্যো গাং চরন্তীং নিবারয়॥

বর্দ্ধমান বিভাগর ১৮৯৩ সালের মধ্য ইংরাজি ছাত্রবৃত্তি পরীক্ষার ফল।

জেলা হুগলি।

প্রথম বিভাগ।

পারদর্শিতানুসারে।

নাম।	স্কুলের নাম।
১ অতুলচন্দ্র চক্রবর্ত্তী	হেলান মঃ ইঃ সাঃ হীঃ
২ বটকৃষ্ণ চক্রবর্ত্তী	হুগলি মডেল
৩ ইন্দ্রভূষণ রায়	ঐ
৪ বিষ্ণুপদ খাঁ	সিংটী শিবপুর মঃ ইঃ
৫ হৃদয়কৃষ্ণ আঢ্য	রাজহাটী বন্দর ঐ

দ্বিতীয় বিভাগ।

পারদর্শিতানুসারে।

১ সুরেন্দ্রনাথ চক্রবর্ত্তী	সেহাখালা বোর্ড
২ অন্নদাপ্রসাদ চক্রবর্ত্তী	হেলান মঃ ইঃ সাঃ হী
৩ নরেন্দ্রনাথ হাজরা	ঐ
৪ আশুতোষ চক্রবর্ত্তী	বালী দেওয়ানগঞ্জ মঃ ই
৫ শ্যামাপদ চট্টোপাধ্যায়	সিংটী শিবপুর
৬ বিভূতিভূষণ মিত্র	আকনা মঃ ইঃ
৭ শরচ্চন্দ্র সিংহ	তিলোড় ঐ
৮ প্রভাসচন্দ্র মিত্র	সুগন্ধা ঐ
৯ হরেকৃষ্ণ সাধুখাঁ	খামারপাড়া ঐ
১০ অতুকূলচন্দ্র দত্ত	আতড়া ঐ
১০ জ্যোতিরিন্দ্রনাথ ঘোষ	সেহাখালা বোর্ড
১২ সারেয়াত হোসেন	হেলান মঃ ইঃ সাঃ হী
১৩ গোষ্ঠবিহারী শেঠ	ঐ
১৪ তুলসীচরণ বন্দ্যোপাধ্যায়	হুগলি মডেল
১৫ পঞ্চানন দাস দে	বালী দেওয়ানগঞ্জ মঃ ইঃ
১৬ মহেন্দ্রনাথ দে	বদনগঞ্জ বোর্ড
১৭ রামচন্দ্র চট্টোপাধ্যায়	চাতরা মঃ বাঃ

তৃতীয় বিভাগ।

চণ্ডীচরণ চক্রবর্ত্তী	খুদীগঞ্জ মঃ ইঃ সাঃ হীঃ
বিজয়কৃষ্ণ বন্দ্যোপাধ্যায়	দেবানন্দপুর ঐ
আবদুল লতিফ	খারবাসিনী মঃ ইঃ
রমণীমোহন ঘোষ	ঐ
শশিভূষণ দত্ত	ঐ
ভোলানাথ ঘোষ	হুগলি ব্যাণ্ডেল
নগেন্দ্রনাথ নন্দী	ঐ
পূর্ণচন্দ্র শেঠ	খামারপাড়া মঃ ইঃ
বিনোদবিহারী বাগীশ	জাঁইপাড়া কৃষ্ণনগর ঐ
মার্কণ্ডেয়েশ্বর চট্টোপাধ্যায়	আতড়া ঐ
কেনারাম বন্দ্যোপাধ্যায়	আতরা মঃ ইং
মণীন্দ্রনাথ সরকার	ঐ ঐ
প্রসন্নকুমার বসু	হরিপাল ঐ
বনমালী মায়া	সিঙ্গুর ঐ
কালীপ্রসন্ন মুখোপাধ্যায়	সেহাখালা বোর্ড
প্যারীমোহন ঘোষ	শ্যামপুর মঃ ইঃ

কেবল ইংরাজিতে উত্তীর্ণ।

১ গোবর্দ্ধন বন্দ্যোপাধ্যায়	প্রাইভেট
২ হরিধন চট্টোপাধ্যায়	মালিপাড়া বোর্ড
৩ নারায়ণদাস মণ্ডল	খামারপাছি মঃ ইঃ
৪ মনোরঞ্জন চক্রবর্ত্তী	সিংটী শিবপুর ঐ
৫ সুরেন্দ্রনাথ ঘোষ	ছাঁদড় মঃ ইঃ সাঃ হী

ইংরাজি ভাষায় উত্তীর্ণ হইতে না পারায়, মধ্য-বাঙ্গালা ছাত্রবৃত্তি পরীক্ষায় উত্তীর্ণ বলিয়া ধৃত।

দ্বিতীয় বিভাগ।

পারদর্শিতানুসারে।

১ পশুপতি সরকার	মলয়পুর মঃ ইঃ
২ কৃষ্ণধন দাস মিত্র	উত্তরপাড়া হিউমেনেটী ঐ

তৃতীয় বিভাগ।

শুভঙ্কর ভট্টাচার্য্য	সুগন্ধা মঃ ইঃ
ননীলাল বন্দ্যোপাধ্যায়	আতড়া ঐ
অতুলচন্দ্র ধামরাই	ঐ ঐ
ননীলাল দে	কুলাকাশ ঐ
নারায়ণ ঘোষ	বিধাটী ঐ
বিমলাচরণ ঘোষ	উত্তরপাড়া হিউমেনেটী ঐ
আশুতোষ নন্দী	মলয়পুর ঐ
নরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়	ঐ ঐ
ভূতনাথ ভট্টাচার্য্য	ঐ ঐ
রামরেণু রায়	আঙ্গুড় ঐ
বৈদ্যনাথ ঘোষ	ঐ ঐ
দেবেন্দ্রনাথ সরকার	প্রাইভেট
ললিতমোহন পাল	খুদীগঞ্জ মঃ ইঃ

জেলা হাবড়া।

প্রথম বিভাগ।

পারদর্শিতানুসারে।

নাম	স্কুলের নাম।
১ বিনোদবিহারী সাহা	পাঁইতাল বোর্ড
২ ক্ষেত্রমোহন চক্রবর্ত্তী	বসন্তপুর ম, ই, সা, হী,

দ্বিতীয় বিভাগ।

পারদর্শিতানুসারে।

১ রাজেন্দ্রলাল খাঁ	দেউলগ্রাম মানকুর ম, ই,
২ অমূল্যধন চক্রবর্ত্তী	বেলুড় ঐ
৩ কৃত্তিবাস সাঁতরা	রাজীবপুর ঐ
৪ শীতলচন্দ্র প্রামাণিক	নাকোল সা, হী, ঐ
৫ নগেন্দ্রনাথ পালিত	ঘুড়ফুলী ঐ

৬	নগেন্দ্রনাথ চক্রবর্ত্তী	বসন্তপুর সা, হী,	ঐ
	মুক্তাগোপাল বন্দ্যোপাধ্যায়	অসমোড়া	ঐ
৮	শরচ্চন্দ্র দাস	রাজীবপুর	ঐ
৯	কাঙ্গালীচরণ ঘোষ	বেলুড়	ঐ

তৃতীয় বিভাগ।

অমরেন্দ্রনাথ মণ্ডল	পাইতাল বোর্ড	
আশুতোষ মুখোপাধ্যায়	বেলুড়	ম, ই,
শরচ্চন্দ্র বিশ্বাস	মাকড়দহ	ঐ
সাধনচন্দ্র মণ্ডল	জয়পুর	ঐ
শেখ নাদেরালী		ঐ
ভবতারণ দলুই	রসপুর	ঐ
ভূপতিচরণ কলে		ঐ
দেবেন্দ্রনাথ মণ্ডল	বাউড়িয়া	সা, হী, ঐ
হরিপদ মিত্র	আগুনদী	ঐ
১০ অমূল্যচরণ কলে	ওড়কুলী	ঐ

কেবল ইংরাজীতে উত্তীর্ণ।

মহেন্দ্রনাথ দে	বালীবারাকপুর	ম, বা,

ইংরাজী ভাষায় উত্তীর্ণ হইতে না পারায় মধ্য-বাঙ্গালা ছাত্রবৃত্তি পরীক্ষায় উত্তীর্ণ বলিয়া ধৃত।

দ্বিতীয় বিভাগ।

নগেন্দ্রনাথ তাকাল	বসন্তপুর	সা, হী, ম, ই,

তৃতীয় বিভাগ।

যতীন্দ্রনাথ ঘোষ	সাঁত্রাগাছি	ম, ই,
ললিতমোহন মুখোপাধ্যায়	শিবপুর	ম, বা,
শ্যামলধন মান্না	কুজুরসা	ম, ই,
মনোহর রক্ষিত	ব্রাহ্মণপাড়া	ঐ
দুর্গাপদ দাস	মাকড়দহ	ঐ
মন্মথনাথ সরকার	খসমোড়া	ঐ
নগেন্দ্রনাথ রায়	ভাণ্ডারদহ	ঐ
শরচ্চন্দ্র মণ্ডল	জয়পুর	ঐ
নলীলাল দলুই	রসপুর	ঐ
২০ গিরিশচন্দ্র প্রামাণিক	দেউলগ্রাম	মানকুর ঐ

জেলা বীরভূম।

দ্বিতীয় বিভাগ।

পারদর্শিতানুসারে।

নাম	স্কুলের নাম।	
১ বটুকভৈরব চট্টোপাধ্যায়	কতেপুর	সা, হী, ম, ই
২ যোগীন্দ্রনাথ ঐ	কনকপুর	ঐ
৩ মুক্তির সরকার	গণুটিয়া	ঐ
৪ দ্বারকাপ্রসাদ মুখোপাধ্যায়	কুণ্ডলা	ঐ
৫ নগেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়	গণুটিয়া	ঐ

তৃতীয় বিভাগ।

ভূদেবচন্দ্র রায়	সিঙ্গিয়া	ম, ই,
দেবেন্দ্রনাথ ভট্টাচার্য্য	প্রাইবেট	
শৈলজাপ্রসাদ মজুমদার	কুড়ুমগ্রাম	ম, ই,
করুণাসিন্ধু রায়	কুণ্ডলা	ঐ
বিশিভূষণ বন্দ্যোপাধ্যায়		ঐ

কেবল ইংরাজীতে উত্তীর্ণ।

নলিনবিহারী চট্টোপাধ্যায়	ভবরাজপুর	সা ঐ ম, ই,
অঘোরনাথ বন্দ্যোপাধ্যায়	ফতেপুর	ঐ

ইংরাজী ভাষায় উত্তীর্ণ হইতে না পারায় মধ্য-বাঙ্গালা ছাত্রবৃত্তি পরীক্ষায় উত্তীর্ণ বলিয়া ধৃত।

দ্বিতীয় বিভাগ।

গুরুপ্রসাদ আচার্য্য	লাভপুর	ম; ই,

তৃতীয় বিভাগ।

শিবদাস সরকার	লাভপুর	ম, ই,

বর্দ্ধমান বিভাগের ১৮৯৩ সালের মধ্য বাঙ্গালা ছাত্রবৃত্তি পরীক্ষার ফল।

জেলা হুগলী।

প্রথম বিভাগ।

পারদর্শিতানুসারে।

নাম	স্কুলের নাম।	
১ ভূতনাথ বৈরাগী	শ্রীরামপুর	ম: বা:
২ প্রসন্নকুমার ঘোষ	বল্লভপুর	ঐ
৩ উল্লাসচন্দ্র ঘোষ	মহানাদ	ঐ
৪ মুনীন্দ্রচন্দ্র চৌধুরী	জামগ্রাম	ঐ
৫ পঞ্চানন গড়াই	সোমড়া	ম: ই:
৬ এককড়ি ঘোষ	গুড়প	ম: বা:
৭ দাশরথি মুখোপাধ্যায়	কোন্নগর	ঐ
৮ তিনকড়ি দত্ত	বাসুদেবপুর	ঐ
৯ ললিতমোহন মিত্র	বল্লভপুর	ঐ

দ্বিতীয় বিভাগ।

পারদর্শিতানুসারে।

১ হৃদয়কৃষ্ণ ঘোষ	বাকসা	ম: বা:
২ মতিলাল মুন্সী	রিষড়া	ঐ
৩ হীরালাল চট্টোপাধ্যায়	বাজুয়া	ঐ
৪ নগেন্দ্রনাথ দে	বদনগঞ্জ	মডেল
৫ শ্রীশচন্দ্র দাস ঘোষ	শ্রীরামপুর	ম: বা:
৬ দ্বিজবর বিশ্বাস	টাকশাল	উ: প্রা:
৭ রজনীকান্ত পাল	রায়চক	ম: বা:
শরচ্চন্দ্র ভট্টাচার্য্য	বাকসা	ঐ
৯ রাখালদাস বন্দ্যোপাধ্যায়	বসুয়া	ম: ই:
১০ অধরচন্দ্র পাল	বল্লভপুর	ম: বা:
১১ অমূলাচন্দ্র বর	বাসুদেবপুর	ঐ
১২ দাশরথি দত্ত	হুগলি	মডেল
১৩ মাখনলাল সান্যাল	শ্রীরামপুর	ম: বা:
সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়	বল্লভপুর	ঐ
১৫ জ্যোতিশ্চন্দ্র বন্দ্যোপাধ্যায়	মাহেশ	ঐ
১৬ ভীমদাস কুণ্ডু	বল্লভপুর	ঐ
বিপিনবিহারী কালদার	রায়চক	ঐ
১৮ সুরেন্দ্রনাথ নন্দী	জামগ্রাম	ঐ
অন্নদাপ্রসাদ কুণ্ডু	রাজহাটী বন্দর	ম: ই:
২০ রাখালদাস চট্টোপাধ্যায়	ডুমুরদহ	ম: বা:
শ্রীপতিচরণ কুশারি	গোঘাট	ঐ
মাখনলাল মণ্ডল	বাজুয়া	ঐ
২৩ দুর্গাচরণ আদক	জনাই হাই	ইং
২৪ পঞ্চানন চক্রবর্ত্তী	উত্তরপাড়া	ম: বা:
২৫ জানকীনাথ ঘোষ	বল্লভপুর	ঐ

তৃতীয় বিভাগ।

মন্মথনাথ আঢ্য	হুগলি	মাডেল
জহরলাল মল্লিক		ঐ
ননীগোপাল ঘোষ	মহানাদ	ম: বা:
সিদ্ধেশ্বর মুখোপাধ্যায়	ভাস্তাড়া	ঐ
বেচারাম গায়েন	খানপুর	ঐ
কালীকৃষ্ণ গোস্বামী	নালিপাড়া	বোর্ড
চারুচন্দ্র ভট্টাচার্য্য	ভাণ্ডারহাটী	ম: ই:
সতীশচন্দ্র কোঙার	খামারগাছি	ঐ
হীরালাল চট্টোপাধ্যায়	মাহেশ	ম: বা:
বসন্তকুমার বন্দ্যোপাধ্যায়	রিষড়া	ঐ
বিজয়কৃষ্ণ মুখোপাধ্যায়	চাতরা	ঐ
অতুলচন্দ্র লাহা		ঐ ঐ
অনন্তদেব বন্দ্যোপাধ্যায়	উত্তরপাড়া	ঐ
গোর শিরালী	রায়চক	ঐ
রামচন্দ্র ধাড়া		ঐ
সতীশচন্দ্র কোঙার	বাকসা	ঐ
যোগীন্দ্রনাথ চট্টোপাধ্যায়	জনাই	হাই ইং
কানাইলাল মুখোপাধ্যায়	ঐ	ঐ
বিধুভূষণ ঘোষ	বদনগঞ্জ	বোর্ড
বিহারীলাল মল্লিক		ঐ
রামরেণু ঘোষ		ঐ
উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়		ঐ

কালিদাস রায়	সামন্তখণ্ড ম: বা:
সুরেন্দ্রনাথ মণ্ডল	বাজুয়া ঐ
রামরেণু মুখোপাধ্যায়	শ্যামবাজার উ: পা:
কালীপদ ঘোষ	আরাণ্ডী ঐ
ভুবনমোহন রায়	ঐ ঐ
নিবারণচন্দ্র মণ্ডল	টাকশাল ঐ
সুরেন্দ্রচন্দ্র গঙ্গোপাধ্যায়	ভাঙ্গামোড়া ম: ই:
কালীপদ ভট্টাচার্য্য	ত্রিবেণী ঐ

জেলা হাবড়া।

প্রথম বিভাগ।

নাম	স্কুলের নাম।
নীলকণ্ঠ মণ্ডল	খালনা ম, বা,

দ্বিতীয় বিভাগ।

পারদর্শিতানুসারে।

১ পূর্ণচন্দ্র চট্টোপাধ্যায়	পানপুর ম, বা,
২ অমূল্যচরণ ঐ	ধসারামেশ্বরপুর ম, ই,
৩ মহেন্দ্রনাথ দাস	গুজারপুর ম, বা,
৪ শীতলচন্দ্র বাগ	ঐ
৫ নৃপেন্দ্রনাথ রায়	মাহিয়াড়ী ঐ
৬ নরেন্দ্রনাথ চক্রবর্ত্তী	রাজীবপুর ম, ই,
৭ চন্দ্রশেখর চট্টোপাধ্যায়	পানিত্রাস ম, বা,
৮ নারায়ণচন্দ্র মাহা	ঐ
৯ চুনিলাল চক্রবর্ত্তী	পানপুর ঐ
১০ অতুলচন্দ্র দাস ঘোষ	বালীবারাকপুর ঐ
১১ দীননাথ রায়	গণেশপুর ম, ই,
১২ আশুতোষ চেং	পাইতাল বোর্ড
১৩ অতুলচন্দ্র রায়	প্রাইবেট
১৪ তারিণীচরণ হাজরা	সরপুর ম, ই,
১৫ প্রমথনাথ মৈত্র	হাবড়া পঞ্চাননতলা ম, বা, সা, হী,
১৬ গোপালচন্দ্র পাল	ঐ

তৃতীয় বিভাগ।

সতীশচন্দ্র চৌধুরী	মাহীয়াড়ী ম, বা,
হরিশ্চন্দ্র দালাল	ঐ
সূর্য্যকান্ত চট্টোপাধ্যায়	ওয়াসপুর ম, ই, সা, হী,
পূর্ণচন্দ্র বন্দ্যোপাধ্যায়	হাবড়াপঞ্চাননতলা ম, বা, ঐ
সতীশচন্দ্র চাট্টোপাধ্যায়	ঐ
মহেন্দ্রনাথ ঘোষ	ঐ
সুধীরচন্দ্র মিশ্র	বালী ম, বা,
কুমুদবিহারী চট্টোপাধ্যায়	ঐ

সতীশচন্দ্র বন্দ্যোপাধ্যায়	বালী ম, বা,
বিজয়কৃষ্ণ ভট্টাচার্য্য	বালীবারাকপুর ম, বা,
পুলিনবিহারী দত্ত	পানপুর ঐ
হেমচন্দ্র দলুই	রসপুর ম, ই
গোবর্দ্ধন রায়	খিলাফোর্ড
নলিনীনাথ মল্লিক	খালনা ম, বা,
সুরেন্দ্রনাথ চক্রবর্ত্তী	ঐ
অতুলচন্দ্র সরকার	দেউলগ্রাম মানকুর ম, ই,
শ্যামাচরণ পণ্ডিত	ওড়কুলি ঐ
পঞ্চানন মাহা	পানিত্রাস ম, বা,
প্রকাশচন্দ্র মুখোপাধ্যায়	ঐ
গোপীনাথ খাঁন্দার	গুজারপুর ঐ
মহেন্দ্রনাথ জানা	নাকোল ম, ই, সা, হী,
২২ প্রাণকৃষ্ণ অধিকারী	ঐ

জেলা বীরভূম।

প্রথম বিভাগ।

পারদর্শিতানুসারে।

নাম	স্কুলের নাম।
১ কৃত্তিবাস হালদার	সিউড়ি ম, বা,
২ রাধাদাস কোঙার	উচকরণ ঐ
৩ ফকিরচন্দ্র সাঁতরা	বাহিরী বোর্ড
৪ কালীপ্রসন্ন হাজরা	সিউড়ি ম, বা,
৫ উপেন্দ্রচন্দ্র মণ্ডল	সিদ্ধিয়া ম, ই,
৬ পূর্ণচন্দ্র পাণ্ডা	পাইকর বোর্ড
৭ অশ্বিনীকুমার হাজরা	ঐ
৮ ক্ষণীভূষণ দালাল	বিষ্ণুপুর সা, হী, ম, বা,
৯ তারিণীপ্রসাদ সেন	কীর্ণাহার ঐ
১০ হরেন্দ্রলাল পাঁজা	তুড়িগ্রাম ঐ
১১ ইন্দুভূষণ মুখোপাধ্যায়	উচকরণ ঐ
১২ শেখ আবদুল ওহাব	বাহিরী বোর্ড

দ্বিতীয় বিভাগ।

পারদর্শিতানুসারে।

১ নিত্যানন্দ নায়ক	বাহিরী বোর্ড
২ মনীন্দ্রলাল চট্টোপাধ্যায়	তাঁতিপাড়া ঐ
৩ গিরিজাভূষণ ঘোষাল	সিউড়ী ম, বা,
৪ গোবর্দ্ধন চৌধুরী	তাঁতিপাড়া বোর্ড
৫ কালীকুমার চট্টোপাধ্যায়	বাহিরী ঐ
৬ যোগীন্দ্রচন্দ্র মাপিত	চাঁদপাড়া ম, বা,
৭ কালিদাস মণ্ডল	ফতেপুর সা, হী, ম, ই,
৮ বালকনাথ ঘোষ	জামনা সা, হী, ম, বা,

৯ কৃত্তিবাস নন্দী	শিক্ষক
১০ পঞ্চানন চট্টোপাধ্যায়	প্রাইভেট
১১ দীনবন্ধু বন্দ্যোপাধ্যায়	বাহিরী বোর্ড
১২ মধুসূদন ঘোষ	পাইকড় ঐ
১৩ শেখ এনাতুল্লা	রুদ্রনগর সা, হী, ম, বা,
১৪ বরদাপ্রসাদ মজুমদার	চাঁদপাড়া ঐ
১৫ দ্বিজেন্দ্রনাথ চক্রবর্ত্তী	সিউড়ী ঐ
১৬ শরচ্চন্দ্র মুখোপাধ্যায়	ঐ
১৭ বহুবল্লভ দাস	বেলেপলসা: ম, ই;
১৮ শ্রীশচন্দ্র মুখোপাধ্যায়	সিউড়ী ম, বা,
১৯ অনন্তহরি সরকার	বাহিরী বোর্ড
২০ দেবেন্দ্রনাথ চট্টোপাধ্যায়	ঐ
২১ তারেশচন্দ্র মণ্ডল	ঐ
২২ আশুতোষ রায়	ঐ
২৩ গৌরচন্দ্র বিশ্বাস	বিষ্ণুপুর সা, হী ম, বা,
২৪ দোলগোবিন্দ দে	রাজনগর ঐ
২৫ আশুতোষ সিংহ জয়কৃষ্ণ দাস	কীর্ণাহার ম, বা, হুবরাজপুর সা, হী, ম, ই,
২৭ সতীশচন্দ্র চক্রবর্ত্তী শরচ্চন্দ্র চক্রবর্ত্তী	সিউড়ী ম, বা, রামপুরহাট ঐ

তৃতীয় বিভাগ।

রজনীকান্ত হাজরা	বাহিরী বোর্ড
সতীশচন্দ্র ভট্টাচার্য্য	ঐ
কৃত্তিবাস পাল	জামনা ম, বা,
শশিভূষণ পাল	ঐ
পূর্ণচন্দ্র সরকার	ঐ
রাখালদাস মিস্ত্রী	উচকরণ ঐ
শশিভূষণ ভাণ্ডারী	ঐ
সুরেন্দ্রনাথ চৌধুরী	হরিশাড়া ঐ
অক্ষয়কুমার অধিকারী	রাজনগর ঐ
উপেন্দ্রনাথ সাহা	সিউড়ী ঐ
দেবেন্দ্রলাল সাহা	ঐ
ক্ষণীন্দ্রলাল বন্দ্যোপাধ্যায়	তাঁতিপাড়া বোর্ড
উদ্ধবচন্দ্র মালী	ঐ
কেদারনাথ মণ্ডল	ঐ
নিবারণচন্দ্র চৌধুরী	গোপালপুর ম, বা,
সূর্য্যকুমার নায়ক	ঐ
মকড়ি মজুমদার	প্রাইবেট
দেবেন্দ্রকৃষ্ণ মজুমদার	ঐ
শশিভূষণ দাস	ঐ
রসরাজ মিত্র	ঐ

পশুপতি চট্টোপাধ্যায়	প্রাইভেট
কালীপদ মুখোপাধ্যায়	ঐ
ইন্দুভূষণ সরকার	চাঁদপাড়া ম, বা,
কৃষ্ণপ্রসন্ন সিংহ	ঐ
রজনীকান্ত দাস	মাড়গ্রাম সা, ই, ম, বা,
পশুপতি বন্দোপাধ্যায়	রামপুরহাট ঐ
নরেন্দ্রনারায়ণ সামন্ত	পাইকড় সেণ্ট
শশধর চক্রবর্ত্তী	কুত্রনগর সা, ই, ম, বা,
গণনাথ রায়	তুড়িগ্রাম ঐ
৩০ রাধিকানাথ বন্দ্যোপাধ্যায়	ভদ্রপুর উঃ প্রাঃ

শ্রীবেণীমাধব দে
বর্দ্ধমান বিভাগের স্কুলসমূহের এসিষ্টাণ্ট ইনস্পেক্টর।

বিজ্ঞাপন।

শিক্ষা সংক্রান্ত।

রাজসাহী বিভাগ।

১৮৯৪-৯৫ সালের উচ্চ-প্রাথমিক ছাত্রবৃত্তি পরীক্ষা।

(এই পরীক্ষা আগামী দুর্গোৎসবের পূর্ব্বে গৃহীত হইবে।)

১। বাঙ্গালা ভাষা—জীবনাদর্শ, কালীকৃষ্ণ ভট্টাচার্য্য কৃত, ও পদ্যপাঠ, ২য় ভাগ, যদুগোপাল চট্টোপাধ্যায় কৃত—
বাঙ্গালা ব্যাকরণ—সন্ধি, সমাস, স্ত্রীপ্রত্যয় ও কারক
এক প্রশ্নের কাগজ, পূর্ণ সংখ্যা ১৫০

২। ইতিহাস ও ভূগোল—রাজকৃষ্ণ মুখোপাধ্যায় কৃত বাঙ্গালার ইতিহাস, বা তৎসদৃশ কোন পুস্তক; দীননাথ সেন কৃত বঙ্গদেশ ও আসামের সংক্ষিপ্ত বিবরণ এবং শশিভূষণ চট্টোপাধ্যায় কৃত ভূগোল পরিচয় বা চন্দ্রকান্ত গঙ্গোপাধ্যায় কৃত প্রথম শিক্ষা ভূগোল—
ইতিহাস ৫০ ভূগোল ৫০
এক প্রশ্নের কাগজ, পূর্ণ সংখ্যা ১০০

৩। পাটীগণিত—ত্রৈরাশিক ও সামান্য ভগ্নাংশ পর্য্যন্ত ৭৫

শুভঙ্করী—মাসমাহিনা, বৎসরমাহিনা, কাঠাকালি, বিঘাকালি, দাত ও কুটকালি, সোণাকষা, মণকষা, চালন ও জমাবন্দী অম্বিকাচরণ বসু কৃত গণিতপ্রকাশ ৩য় ভাগ বা তৎসদৃশ কোন পুস্তকে যেরূপ আছে ৭৫
দুই প্রশ্নের কাগজ, পূর্ণ সংখ্যা ১৫০

৪। ইউক্লিডের জ্যামিতি—১ম অধ্যায়ের ২৬ প্রতিজ্ঞা পর্য্যন্ত, ব্রহ্মমোহন মল্লিক কৃত বা তৎসদৃশ কোন পুস্তকে যেমন আছে ৫০
পরিমিতি—ত্রিভুজ ও সমান্তরিক ক্ষেত্র সম্বন্ধে অর্থাৎ দৈর্ঘ্য প্রস্থ ও ক্ষেত্রফল নির্ণয়াদি (যাহাতে বর্গমূল আকর্ষণ করিবার প্রয়োজন হইবে না) পি, ঘোষের কৃত সরল পরিমিতি বা রামসুন্দর বসাক কৃত পরিমিতি প্রবেশ ৫০
এক প্রশ্নের কাগজ, পূর্ণ সংখ্যা ১০০

৫। বিজ্ঞান—সরল বিজ্ঞান, শরচ্চন্দ্র মুখোপাধ্যায় প্রণীত বা তাদৃশ কোন পুস্তক, অথবা কৃষিবিদ্যা—গিরিশচন্দ্র বসু কৃত কৃষিসোপানে বা কালীময় ঘটক কৃত কৃষিশিক্ষায় যেমন আছে
এক প্রশ্নের কাগজ, পূর্ণ সংখ্যা ৭৫

৬। স্বাস্থ্যবিদ্যা—(বালকদিগের জন্য) স্বাস্থ্যের উপায় (গবর্ণমেণ্ট প্রকাশিত) এবং তারকচন্দ্র বন্দ্যোপাধ্যায় কৃত স্বাস্থ্যশিক্ষা
(বালিকাদিগের জন্য) গার্হস্থ্যপাঠ, চন্দ্রনাথ বসু কৃত
এক প্রশ্নের কাগজ, পূর্ণ সংখ্যা ৭৫

মোট ৬৫০

বালিকারা (৪) ও (৫) বিষয়ের পরিবর্ত্তে নিম্নলিখিত বিষয়দ্বয়ে পরীক্ষা দিতে পারিবেঃ—
(১) সূচিকর্ম্ম—পিরাণ ও পাইজামা সেলাইয়ের জন্য যেরূপ সেলাই আবশ্যক।
(২) সামান্য বোনা এবং মোজা, বুটি ও চাদর রিপু করিবার জন্য যেরূপ সূচিকর্ম্ম আবশ্যক ১৭৫

Benimadhav De.
In charge, Inspector of Schools, Rajshahi Circle and Burdwan Division.
Chinsurah.
14 | 10 | 93.

বর্দ্ধমান বিভাগ।

১৮৯৪-৯৫ সালের উচ্চ-প্রাথমিক ছাত্রবৃত্তি পরীক্ষা।

(এই পরীক্ষা আগামী দুর্গোৎসবের পূর্ব্বে গৃহীত হইবে।)

১। বাঙ্গালা ভাষা—সাহিত্যপ্রসঙ্গ, নগেন্দ্রচন্দ্র মিত্র কৃত ও পদ্যপ্রকাশ ২য় ভাগ, নৃসংহচন্দ্র মুখোপাধ্যায় কৃত—
বাঙ্গালা ব্যাকরণ—সন্ধি, সমাস, স্ত্রীপ্রত্যয় ও কারক।
এক প্রশ্নের কাগজ, পূর্ণ সংখ্যা ১৫০

২। ইতিহাস ও ভূগোল—রাজকৃষ্ণ মুখোপাধ্যায় কৃত বাঙ্গালার ইতিহাস বা তৎসদৃশ কোন পুস্তক ৫০
পৃথিবীর চারি খণ্ডের সাধারণ বিবরণ, শশিভূষণ চট্টোপাধ্যায় কৃত ভূগোল পরিচয়ে যেরূপ আছে, ও বঙ্গদেশের অপেক্ষাকৃত বিশেষ বিবরণ, নীলমণি চক্রবর্ত্তীর বঙ্গরাজ্যাভাগের ভূবৃত্তান্তে যেমন আছে ৫০
এক প্রশ্নের কাগজ, পূর্ণ সংখ্যা ১০০

৩। পাটীগণিত—দশমিক ভগ্নাংশ পর্য্যন্ত এবং ত্রৈরাশিক ৭৫
দেশীয় পাটীগণিত—মণকষা পর্য্যন্ত এবং বৎসরমাহিনা ও মাসমাহিনা, অম্বিকাচরণ বসু প্রণীত গণিত-প্রকাশ ৩য় ভাগ বা তৎসদৃশ কোন পুস্তকে যেরূপ আছে ৭৫
দুই প্রশ্নের কাগজ, পূর্ণ সংখ্যা ১৫০

৪। জ্যামিতি ও পরিমিতি—ব্রহ্মমোহন মল্লিক প্রণীত জ্যামিতি বা তৎসদৃশ কোন পুস্তক ৫০
প্রথম অধ্যায়ের ২৬ প্রতিজ্ঞা পর্য্যন্ত এবং ক্ষেত্রনাথ ভট্টাচার্য্য কৃত লঘুপরিমিতি, বা পি, ঘোষ কৃত সরল পরিমিতি হইতে রেখা ও সমতলের পরিমিতি ৩০
এক প্রশ্নের কাগজ, পূর্ণ সংখ্যা ১০০

৫। বিজ্ঞান—জড়পদার্থের সাধারণ গুণ ও বিভিন্ন প্রকার বলের প্রকৃতি; নরেন্দ্রনাথ ভট্টাচার্য্য কৃত সংক্ষিপ্ত পদার্থদর্শনে বা তৎসদৃশ কোন পুস্তকে যেরূপ আছে
অথবা কৃষিবিদ্যা—গিরিশচন্দ্র বসু কৃত কৃষিসোপানে বা কালীময় ঘটক কৃত কৃষিশিক্ষায় যেমন আছে
এক প্রশ্নের কাগজ, পূর্ণ সংখ্যা ৭৫

৬। স্বাস্থ্য-বিদ্যা—(১) বালকগণের জন্য স্বাস্থ্যের উপায় (গবর্ণমেণ্ট প্রকাশিত) এবং ভারতচন্দ্র বন্দ্যোপাধ্যায় কৃত স্বাস্থ্য শিক্ষা।

(২) বালিকাগণের জন্য গার্হস্থ্য পাঠ, চন্দ্রনাথ বসু কৃত

এক প্রশ্নের কাগজ, পূর্ণ সংখ্যা ৭৫

মোট ৩৫০

বালিকারা (৪) ও (৫) বিষয়ের পরিবর্ত্তে নিম্নলিখিত দুইটী বিষয়ের পরীক্ষা দিতে পারিবে :—

(১) চাদর ও পিরান ইত্যাদি সেলাই এবং সহজ বিপু করা

(২) সামান্য বোনা ১৩৫

Benimadhav De,
In charge, Inspector of Schools, Rajshahi Circle and Burdwan Division.
Chinsurah.
14 | 10 | 93.

কর্ম্মখালি।

Wanted a third teacher for three months for the Nimta H. E. School from December 1, 1893. None need apply who has not passed the F. A. examination and has not some experience in teaching. The post is likely to be permanent. Nimta is only a mile off from Belgharia Station (E. B. S. R.) which is seven miles from Calcutta. Apply to Saroda Prosad Banerji B. A. Hd. Master Nimta H. E. School Nimta, Belgharia P. O. E. B. S. Ry.

Wanted an experienced M. A. as Hd. Master of Kuchiakol High English School, otherwise called Kuchiakol Radhaballav Institution on a salary of Rs 90 ninety per month. Wanted also a B. A. 2nd Master who is competent to teach English in the Entrance Class and strong in Mathematics, on Rs 40 a month. Apply soon with testimonials to the Secretary Babu Jogendra Nath Singha Deb. Kuchiakol Post Office, Zilla Bankura.

Wanted an experienced Hd. Master for the Bighati M. E. School, salary Rs 22 with prospect of increase. None need apply who has not passed the F. A. examination. Bighati is two miles west of Bhadreswar Railway Station. Apply sharp to the Manager of the Bighati M. E. School.

Wanted three teachers (Hd. Master Hd. Pundit and 2nd Master) for the Syampur Govt. aided Jubilee Institution (M. E. school) Sachak po, Dt. Hugli five miles from Tarkeswar Ry. Station. Free lodging. Salary according to qualifications. Application will be reeceived up to the end of November by Makhan lal Dutt.

একজন নর্ম্মাল ত্রৈবার্ষিক পরীক্ষোত্তীর্ণ পণ্ডিতের প্রয়োজন। বেতন মাসিক ১১৲ টাকা। যিনি কিছু দিন শিক্ষকতা করিয়াছেন এবং অঙ্ক ও সাহিত্যে বিশেষ পারদর্শী তাঁহার আবেদন অগ্রগণ্য। জাতিতে ব্রাহ্মণ হইলে সমধিক আদরণীয় হইবেন। প্রশংসাপত্রের নকল সহিত অবিলম্বে আবেদন করিবেন। শ্রীরামদাস বন্দ্যোপাধ্যায়, ইনস্পেকটিং পণ্ডিত, আউসগ্রাম থানা আউসগ্রাম পোঃ, জেলা বর্দ্ধমান।

৪টী বালককে বাসায় পড়াইবার জন্য একজন শিক্ষকের আবশ্যক। মাসিক বেতন আপাততঃ ১০৲ টাকা। ছাত্রগণের উন্নতির সঙ্গে সঙ্গে শিক্ষকের বেতনও ক্রমে ২০৲ পর্য্যন্ত হইবেক। বাসা ও খোরাকী খরচ কিছুই লাগিবেক না। যাহারা এণ্ট্রেন্স পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন এবং জাতিতে কায়স্থ তাঁহাদের আবেদন আদরণীয়। শ্রীগিরিশচন্দ্র ভৌমিক, লালবাগ (রংপুর)।

ছাত্র খালি।

ক্ষেতলাল সাহাযাকৃত মধ্য শ্রেণী ইং বিদ্যালয়ের জন্য আগামী ১৮৯৪ সালে ফাইনল পরীক্ষা দিতে সক্ষম, এরূপ দুইটী ছাত্রের এবং বাঙ্গালা ছাত্রবৃত্তি পরীক্ষা দিতে পারে এরূপ একটি ছাত্রের আবশ্যক। যাহারা এক্ষণে কোন স্কুলে পড়িতেছে তাহাদিগকে আপন আপন শিক্ষকের নিকট হইতে ট্রান্সফার সার্টিফিকেট লইয়া বর্ত্তমান মাস মধ্যে অতি সত্বরে নিম্নস্বাক্ষরকারীর নিকট আবেদনপত্র পাঠাইতে হইবে। ছাত্রগণের আহারীয় ব্যয়, চিকিৎসা ব্যয় এবং বাসস্থান আমি দিব। স্কুলে বিনা বেতনে পড়িতে পাইবে এবং সর্ব্বদা হেড মাষ্টার ও হেড পণ্ডিতের তত্ত্বাবধানে থাকিয়া পড়া শুনা করিতে পারিবে। অধিচ ছাত্র ভাল ইহা বিশুদ্ধরূপে জানিতে পারিলে, তথায় আসিবার খরচ যাহা লাগিবে তাহাও তথায় পৌঁছিবা-মাত্র দিতে প্রস্তুত আছি। ক্ষেতলাল উত্তর বঙ্গ রেলওয়ের জয়পুরহাট ষ্টেশন হইতে ৭ মাইল মাত্র ব্যবধান। ষ্টেশন হইতে স্কুল ঘর পর্য্যন্ত বাঁধা রাস্তা আছে। স্থানটীর জল বায়ু অতি উৎকৃষ্ট। শ্রীনীলমাধব দেব, ক্ষেতলাল মধ্য শ্রেণী ইং স্কুলের সম্পাদক। ক্ষেতলাল পোষ্ট, জেলা বগুড়া।

রংপুর জেলার অন্তর্গত, মহকুমা গাইবান্ধা সার্কেলের অধীন, পোঃ ভবানীগঞ্জ কঞ্চিপাড়া উচ্চপ্রাইমারী বিদ্যালয়ের ১ম শ্রেণীর জন্য, ২ জন মুসলমান ছাত্রের আবশ্যক। আহার, বাসস্থান, পুস্তকাদি ও টেকলের সাহায্য করা যাইবে। স্থানটী স্বাস্থ্যকর। ধুবড়ি হইতে গোয়ালন্দ পর্য্যন্ত ষ্টীমার লাইনের কামারজানি ষ্টেশন (ভাজন ডাঙ্গা) হইতে উত্তর পশ্চিম দিকে, অর্থাৎ গাইবান্ধা হইতে ভবানীগঞ্জ পর্য্যন্ত যে রাস্তা বর্ত্তমান আছে, ঐ রাস্তার ধারে উক্ত বিদ্যালয়টী স্থাপিত। পরীক্ষার্থী ছাত্রদ্বয় সচ্চরিত্রতার নিদর্শন পত্র সহ ১ মাস মধ্যে আবেদন করিবেন। শ্রীকরমউল্লা সরকার প্রধান শিক্ষক।

সরদহ মধ্য ইংরেজী স্কুলের ৬ষ্ঠ শ্রেণীর জন্য একজন মুসলমান বালকের প্রয়োজন। বালকটী বাসাখরচ ও স্কুলের বেতন পাইবে। আগামী মধ্য ইংরেজী বৃত্তি পরীক্ষায় উত্তমরূপ উত্তীর্ণ হইবার বিশেষ সম্ভাবনা থাকে এবং সচ্চরিত্র হয় এরূপ বালকের আবেদনই আদরণীয় হইবে। স্থান স্বাস্থ্যজনক ও সর্ব্বপ্রকারে সুবিধাজনক। ৩০ শে নবেম্বর মধ্যে আবেদন করিতে হইবে। শ্রীকৃষ্ণনাথ মৈত্রেয়, হেড মাষ্টার, সরদহ মধ্য ইং স্কুল, পোঃ সরদহ, (রাজসাহী)।

জেলা মেদিনীপুর, রসুলপুর পোঃ রেঙ্গুয়া মধ্য-ইংরাজি স্কুলের জন্য আগামী বৎসরে মাইনর পরীক্ষা প্রদানোপযোগী দুইটী ছাত্রের আবশ্যক, স্কুলের বেতন এবং আহারাদির কিছু মাত্র ব্যয় লাগিবেক না। স্থানটী স্বাস্থ্যপদ। প্রার্থিগণ স্ব স্ব গুণপনার পরিচয় স্বরূপ প্রধান শিক্ষকের প্রশংসাপত্র সহ ১৫ই ডিসেম্বর পূর্ব্বে বিদ্যালয়ের হেড মাষ্টারের নিকট আবেদন করিবেন।

বিশেষ দ্রষ্টব্য।

বাচস্পত্য অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২৩৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
বুধোদয় প্রেস—হুগলী।

৺ লোহারাম শিরোরত্ন প্রণীত

শিশুব্যাকরণ ২৯শ সংস্করণ।

সংস্কৃত কলেজের সুযোগ্য অধ্যাপক শ্রীযুক্ত শিবনারায়ণ শিরোমণি মহাশয় কর্ত্তৃক পরিদৃষ্ট ও সংশোধিত হইয়া পুনর্মুদ্রিত হইয়াছে। মূল্য ৵০। উক্ত গ্রন্থকার প্রণীত বাঙ্গালা ব্যাকরণ ও অলঙ্কার উক্ত পণ্ডিত মহাশয় কর্ত্তৃক সংশোধিত হইয়া মুদ্রিত হইয়াছে। মূল্য ৸০ মাত্র। পুস্তক ব্যবসায়ীদিগকে উপযুক্ত কমিসন দেওয়া গিয়া থাকে।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার, সংস্কৃত প্রেস ডিপজিটরী।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

৮১২ নং

কুইনাইন।

এ দেশের লোকের জীবন। ডাক্তার শ্রীযুক্ত মুখোপাধ্যায় প্রণীত। গৃহস্থ ও পাড়াগাঁয়ের ডাক্তারদের জন্য কুইনাইন ব্যবহার সম্বন্ধে এপর্য্যন্ত এমন পুস্তক আর বাহির হয় নাই।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

৮১৪নং

মোক্তারী পরীক্ষার প্রশ্নোত্তর।

জেলা রঙ্গপুরের গাইবান্ধা সবকুমার ভারপ্রাপ্ত ডেপুটী ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কলেক্টর পণ্ডিত শ্রীযোগেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বিদ্যাভূষণ এম এ, প্রণীত। ১৮৮০ সাল হইতে ১৮৯৩ সাল পর্য্যন্ত চতুর্দ্দশ বৎসরের মোক্তারী পরীক্ষার প্রশ্নাবলীর বিশদ ও সুবিস্তৃত উত্তরসমূহ এই পুস্তকে প্রদত্ত হইয়াছে। ইতিপূর্ব্বে এতৎসম্বন্ধে যে দুই এক খানি পুস্তক প্রকাশিত হইয়াছে, তাহাদিগের সহিত তুলনায় এই প্রশ্নোত্তর পুস্তক সর্ব্বোচ্চ স্থান লাভের যোগ্য। আমরা সাহসপূর্ব্বক বলিতে পারি যে মোক্তারী পরীক্ষার পাঠ্য আইনসমূহ অধ্যয়ন না করিয়াও কেবল মাত্র আমূল এই পুস্তক পাঠেই পরীক্ষার্থিগণ পরীক্ষোত্তীর্ণ হইতে পারিবেন। ইহার মূল্য চারি টাকা, কিন্তু ডিসেম্বর পর্য্যন্ত অর্দ্ধ মূল্যে বিক্রীত হইবে। পুস্তকের প্রয়োজনীয়তানুসারে ইহার মূল্যও সুলভ। আরও বিশেষ লাভ এই যে, এক্ষণে এ পুস্তক ক্রয় করিলে সাহিত্যজগতে সুপরিচিত উক্ত গ্রন্থকার প্রণীত মনোহর সুপাঠ্য গ্রন্থনিচয়ের মধ্যে এক টাকা মূল্যের যে কয়খানি পুস্তক, গ্রাহকের অভিপ্রায়ানুসারে উপহারস্বরূপ প্রদান করা যাইবে। মোক্তারী পরীক্ষার্থিগণ সকলেই এক একখানি প্রশ্নোত্তর ক্রয় করিয়া ইহার উপযোগিতা প্রত্যক্ষ পরীক্ষা করেন, ইহাই প্রার্থনীয়। যাঁহারা প্রশ্নোত্তরের গ্রাহক হইবেন, তাঁহাদিগকে উক্ত গ্রন্থকার প্রণীত মোক্তারী পরীক্ষার উপযোগী আইন সংগ্রহ প্রথম হইতে নবম খণ্ড পর্য্যন্ত মোট দশ টাকাতেই দেওয়া যাইবে। উহার পূর্ণ মূল্য ২০৲০, এক্ষণে অর্দ্ধ মূল্য। পঞ্চায়ৎ গাইড বা সংশোধিত চৌকিদারী আইনের মূল্য আট আনা, আইনসংগ্রহের সহিত লইলে এক্ষণে চারি আনা।

A guide to examinees in Law, contains 400 questions, to help the candidates for the pleadership, B. L. and Snbordinate Executive Service Examinations. Price Two Rupees, At present half price.

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার, সংস্কৃত প্রেস ডিপজিটরী।
১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

৮১৩ নং

৺ বিশ্বনাথ বৃত্তি।

ভারতশর্ম্ম মহামণ্ডলীর সুখ্যাতম উদ্দেশ্যের অনুসরণ করিয়া ৺ বিশ্বনাথ চতুষ্পাঠীতে বার্ষিক পঞ্চাশৎ টাকা পরিমাণে এক একটী করিয়া আর কয়েকটী বৃত্তি স্থাপিত হইয়াছে। যে যে চতুষ্পাঠীতে বেদান্তাদি দর্শন শাস্ত্র অথবা প্রাচীন ও নব্যস্মৃতি অধ্যাপিত হয়, সেই সেই চতুষ্পাঠীতে এই বৃত্তিগুলি দেওয়া যাইবে। অধ্যাপক ইচ্ছা করিলে ঐ বৃত্তি ত্রৈমাসিক বা ষাণ্মাসিক বা বার্ষিকরূপে গ্রহণ করিতে পারিবেন। ছাত্রদিগের বিদ্যাবত্তা ও সচ্চরিত্রতা সম্পাদন ভিন্ন অধ্যাপক মহাশয়দিগকে অপর কোন নিয়মের অধীন হইতে হইবে না। যে সমস্ত অধ্যাপক বৃত্তি লইতে ইচ্ছা করিবেন, তাঁহারা অথবা তাঁহাদিগের হিতার্থীরা অধ্যাপকের নাম ধাম ছাত্রসংখ্যা ও প্রত্যেক ছাত্রের অধীত্য বিষয় লিখিয়া আমাকে সংবাদ দিবেন।

চুঁচুড়া বিশ্বনাথ চতুষ্পাঠীর
অধ্যাপক শ্রীহরিনাথ স্মৃতিভূষণ।

নূতন পুস্তক।

প্রেসীডেন্সী বিভাগ ও মানভূম প্রভৃতি স্থানে পাঠ্য।

মৌখিক অঙ্ক।

বাবু প্রসন্নচন্দ্র গুহ কৃত। মূল্য ৷৵০ নয় আনা। ৪১০ পৃষ্ঠা। শুভঙ্করী, কালীজমী, চালন, জমাবন্দী, দরকষা, ইংরেজী পরিমিতি, বাজার, মহাজনী, জমিদারী হিসাব, গণিত ও দলিলপত্র লিখার প্রণালী প্রভৃতি বিষয়ে সর্ব্বোৎকৃষ্ট গ্রন্থ। সেণ্ট্রাল টেক্সট বুক কমিটীর মনোনীত ও ডাইরেক্টর সাহেবের অনুমোদিত।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
মেনেজার, সংস্কৃত প্রেস ডিপজিটরী। ১৪৮নং
বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

৮১২নং

পদ্য সংগ্রহ।

১ম, ২য়। ভাগ মূল্য ক্রমে ৵০, ।০ আনা। বাবু প্রসন্নচন্দ্র গুহ সঙ্কলিত। সেণ্ট্রাল টেক্সট বুক কমিটীর মনোনীত। সংস্কৃত প্রেস ডিপজিটরীতে প্রাপ্তব্য।

৮০৫নং

পাটীগণিত।

নূতন সংস্করণ।

শ্রীপ্রসন্নকুমার সর্ব্বাধিকারী প্রণীত।

সুপ্রসিদ্ধ গণিতশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম, এ, মহাশয়ের দ্বারা সমাক্‌রূপে সংশোধিত পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত। ইহাতে সুকৌশল সম্পন্ন প্রশ্নাবলী সন্নিবেশিত এবং উহাদের ভূরি পরিমাণে সমাধান করা হইয়াছে। ৫৭৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। উত্তম কাপড়ে বাঁধা, মূল্য ১৸০। মূল্য বাহুল্য ইহা চিরকাল সর্ব্বাদৃত, অধুনা আরও অধিক পরিমাণে সুললিতে পাঠ্যরূপে নিয়োজিত হইতেছে এবং বঙ্গবাসী প্রভৃতি সংবাদ পত্র ভূয়সী প্রশংসা করিতেছেন। নিম্নলিখিত এবং অন্যান্য স্থানে পাওয়া যায়।

বি, বানার্জ্জি এণ্ড কোং।

৩৫নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, ৫৬নং কলেজ ষ্ট্রীট, ৫১নং পুরাতন চীনেবাজার, কলিকাতা। ৫৫নং পটুয়াটুলি ঢাকা।

৩৮৮নং

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸০ বার আনা, ডাঃ মাঃ ⁄০ এক আনা। এখানি ১৮৯৪ অব্দের মাইনর পরীক্ষায় ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহাতে বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গদ্য হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ⁄০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

সংস্কৃত প্রেসডিপজিটরি।

১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

বাবু মহেন্দ্রনাথ দত্ত প্রণীত।

নবপাটীগণিত ১ম ভাগ	মূল্য ৷৵০	১৭৯ পৃষ্ঠা
নব শুভঙ্করী	মূল্য ।৵০	১৫০ পৃষ্ঠা
নব ধারাপাত	মূল্য ⁄০	১০৮ পৃষ্ঠা

উপরোক্ত পুস্তকত্রয় বেঙ্গল টেক্সটবুক কমিটীর নির্ব্বাচিত ও শ্রীযুক্ত শিক্ষা বিভাগের ডাইরেক্টর সাহেব মহোদয়ের তালিকাভুক্ত। নবপাটীগণিত মধ্য শ্রেণীস্থ বাঙ্গালা ও ইংরাজী স্কুলের নিম্ন হইতে তৃতীয় শ্রেণী পর্য্যন্ত এবং উচ্চ ও নিম্ন প্রাথমিক পাঠশালার সকল শ্রেণীতে পাঠ্য বলিয়া নির্দ্দিষ্ট। ইহাতে প্রায় তিন সহস্র অঙ্কশ্রেণী এবং উচ্চ ও নিম্ন-প্রাইমারী পরীক্ষার অনেক প্রশ্ন সন্নিবিষ্ট হইয়াছে। নবশুভঙ্করী নূতন প্রণালীমতে লিখিত; ইহাতেও অনেক সুকৌশল সম্পন্ন উদাহরণ প্রদত্ত হইয়াছে। নবধারাপাত অনেক দিন হইতে সর্ব্বত্র সমাদৃত; ইহা পাঠ করিলে বালকবৃন্দের ধারাপাত ও পাটীগণিতের অমিশ্র চারি নিয়ম নিয়মক ব্যুৎপত্তি লাভ হইবে। সংবাদপত্রের সম্পাদক ও অন্যান্য ভদ্র মহোদয়গণ উক্ত তিন খানি পুস্তক সম্বন্ধে সানুকূল অভিমত প্রকাশ করিয়াছেন। নবধারাপাতে তাঁহাদের মন্তব্য সন্নিবিষ্ট আছে। অপর দুইখানির প্রশংসাবাদ "এডুকেশন গেজেটে", "বঙ্গবাসীতে" ও "সহচরে" দৃষ্ট হইবে। ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

ম্যানেজার।

৬৯১নং

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বলবীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রিজাগরণ, অতিরিক্ত নাম-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা-হাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, যন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত!

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-জ্বালা-কালিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দ্বৈকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকায় সেজ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সেজ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের মূলে, মূলে, ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্পদিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধ অতি সামান্য রোগও আরাম হয়। বিধাতার বিচিত্রবিধান বুঝিবার!

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন। প্লীহা-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্মসার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগীকে এই এক ৩নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

বটিকার সংখ্যা,	মূল্য,	ডাঃমাঃ,	প্যাকিং
১নং কৌটা ১৮	৷৵০	।০	⁄০
২নং কৌটা ৩৬	১৲০	।০	⁄০
৩নং কৌটা ৫৪	১৷৵০	।০	⁄০

ভ্যালুপেবলে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।

১২ নং মুক্তারামবাবুর ষ্ট্রীট—শটলডাঙ্গা, কলিকাতা।

৩৭৪নং

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৬ বৎসর উহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-যশের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার লেপনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সমফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনা ব্যয়ে পাঠাইব।

প্রত্যেক শিশির মূল্য ২৲ টাকা, প্যাকিং ।০ আনা

২ শিশি একত্রে লইলে খরচা ৷৶০ আনা সুলভ হয়।

শ্রীকালীদাস সরকার।
গবর্ণমেণ্ট পেন্সনার—লক্ষ্ণৌ।

৪১৩নং

পদ্য-বিকাশ অর্থাৎ পদ্যপাঠ ১ম ভাগের অর্থ পুস্তক। শ্রীগোবিন্দপ্রসাদ দে প্রণীত। মূল্য ৵০ তিন আনা। ইহাতে প্রায় প্রত্যেক শব্দের অর্থ, পদান্বয়, এবং ব্যাকরণ সম্বন্ধীয় যাহা জানিবার আবশ্যক তাহা আছে। প্রায় প্রত্যেক ছত্রের গদ্য ও অতি সরল ভাষায় অর্থ দেওয়া হইয়াছে। ছোট ছোট বালকদের বিশেষ উপযোগী হইয়াছে। ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৮০৯ নং

মাইকেল মধুসূদন দত্তের

জীবনচরিত, অপ্রকাশিত কবিতা, পত্র ও গ্রন্থাবলীর সমালোচনা সম্বলিত গ্রন্থ প্রকাশিত হইয়াছে।

শ্রীযোগীন্দ্রনাথ বসু বি এ, প্রণীত।

ডিমাই আট পেজী আকারে পাঁচ শতেরও অধিক পৃষ্ঠায় সম্পূর্ণ।

এরূপ সর্ব্বাবয়ব জীবনচরিত এপর্য্যন্ত বাঙ্গালা ভাষায় প্রকাশিত হয় নাই। মধুসূদনের জীবনের বিষাদময় ইতিহাসের সঙ্গে তাঁহার সমসাময়িক বাঙ্গালা সাহিত্যের অবস্থা, তাঁহার গ্রন্থাবলীর সমালোচনা, তাঁহার লিখিত বহুসংখ্যক ইংরাজী ও বাঙ্গালা কবিতা, মান্দ্রাজ, ইংলণ্ড, ফ্রান্স প্রভৃতি স্থান হইতে তাঁহার লিখিত বহুসংখ্যক পত্র, তাঁহার জীবনের ঘটনাবলী সম্বন্ধে সার মহারাজা যতীন্দ্রমোহন ঠাকুর, বাবু ভূদেব মুখোপাধ্যায়, রাজা পারীমোহন মুখোপাধ্যায় প্রভৃতির লিখিত মন্তব্য, রাজা রাজেন্দ্রলাল মিত্র, ডিঙ্ক ওয়াটার, বেথুন, বাবু রাজনারায়ণ বসু প্রভৃতি অনেক খ্যাতনামা ব্যক্তির লিখিত পত্র ও পত্রাংশ ইত্যাদি ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। মধুসূদনের নিজের এবং তাঁহার সমাধি স্তম্ভের চিত্র এবং রাজা প্রতাপচন্দ্র সিংহ, রাজা ঈশ্বরচন্দ্র সিংহ, মহারাজা সার যতীন্দ্রমোহন ঠাকুর, বাবু ভূদেব মুখোপাধ্যায়, বাবু গৌরদাস বসাক, বাবু রাজনারায়ণ বসু, ৺ বিদ্যাসাগর মহাশয়—এই কয়েক জনেরও চিত্র ইহাতে প্রদত্ত হইয়াছে। এইরূপ সুন্দর চিত্র এপর্য্যন্ত কোনও বাঙ্গালা গ্রন্থে প্রকাশিত হয় নাই। ছাত্রদিগকে পুরস্কার দিবার জন্য অতি সুন্দররূপ বাঁধান হইয়াছে। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপোজিটরীতে, ২১০।৪ কর্ণওয়ালিস ষ্ট্রীট নবভারত কার্য্যালয়ে, বৈদ্যনাথ দেওঘর স্কুল গ্রন্থকারের নিকট এবং নিম্নস্বাক্ষরকারীর নিকট পাওয়া যায়। মূল্য কাপড়ে বাঁধান ২৷৷০ টাকা, কাগজের মলাট ২৲ টাকা, ডাকমাশুল ।০ আনা। মফস্বলস্থ গ্রাহকগণ গ্রন্থকারকে পত্র লিখিবেন।

শ্রীরামানন্দ চট্টোপাধ্যায় এম এ।
অধ্যাপক সিটি কলেজ,—কলিকাতা

পাঁড়ে ব্রাদার্স।

পুস্তক ও দেশী বস্ত্র বিক্রেতা।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্ কলিকাতা।

এখানে ইংরাজি বাঙ্গালা সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য সর্ব্ব প্রকার পুস্তক, তৎসমস্তের নানা প্রকার কি, নোট, অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি সর্ব্ব প্রকার পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে। বিলাতি পুস্তক বিলাত হইতে আনা হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা ১৸০ মূল্য জোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও ব্যবহারীর জন্য চলিবে ও ২৷৷০, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ নয়নসুখ, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকটও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য ।৵০ বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ ৵০

৩২ খানি উৎকৃষ্ট
চিত্রসহ

নীতি কথামালা	।০	মানবতত্ত্ব	১৷৷০
আর্য্যচরিত	।০	ধর্ম্মবিজ্ঞান	১৲
Candidates should read carefully from of the certificate which this office is required to sign and should be careful also to supply all information and documents required, including the Registrar's receipt in the case of those school masters who were admitted to a former examination of the same class without which the Inspector will decline to sign the certificate.

C. N. Prothero.
Inspector of Schools, Rajshahi Circle and Burdwan Division.

Chinsura,
the 25th November 1893.

ছাত্র খালি।

Wanted some intelligent students of the first class in the Noyapara M. E. school. Lodging and Boarding free. Besides a reward of Rs 10 is awarded to the boy who will pass the M. E. examination in the first division with scholarship. Apply sharp to Sasadhar Ghose, Secretary. Nayapara M. E. School. Pilganga Po, Dst. Khoolna.

প্রার্থনা কাশীনাথপুর পাইকড়হাটী ম, ইং, স্কুলের জন্য ১৮৯৪ খৃষ্টাব্দে মাইনর পাশ করিতে পারে এমন ৪টী ও দ্বিতীয় শ্রেণীর জন্য ২।৩ টী ছাত্রের প্রয়োজন। জাতি ব্রাহ্মণ কিম্বা কায়স্থ হইলে ভাল হয়। আবেদনকারিগণ স্ব স্ব সচ্চরিত্রের সার্টিফিকেট সহ দুই সপ্তাহের মধ্যে স্কুলের সেক্রেটরী শ্রীযুক্ত হরিমনারায়ণ বিশ্বাস মহাশয়ের নিকট আবেদন করিবেন। ছাত্রগণের আহারীয় ও থাকিবার স্থান দেওয়া যাইবে এবং বেতন অগ্র দিতে হইবে।

কেশা নবীনা, দোলতপুর পোঃ, রিফাইংপুর ম, ইং স্কুলের জন্য ১৮৯৪ সালের মাইনর পরীক্ষা দিতে সক্ষম একজন ২টি ব্রাহ্মণ অথবা কায়স্থ ছাত্রের প্রয়োজন। আহারীয় এবং স্কুলের বেতন দেওয়া যাইবে। হেডমাষ্টার শ্রীযদুনাথ মৈত্রের নিকট দরখাস্ত করুন।

কর্ম্মখালি।

Wanted for 6 months a Hd. Pandit for the Balijuri Middle vernacular Model School under this Board on a salary of Rs 15 per mensen with the prospect of being made permanent. No one need apply who has not passed the final examination of a Normal school. Apply with copies of testimonials to A. Earle, Chairman, District Board, Mymensingh, on or before the 10th inst.

Wanted at once a Head Master for the H. E. School Indas. Salary Rs 50 per month. None need apply who is not a B. A. Honor and has not the experience in teaching in any school for at least 3 years. Applications to be entertained up to the 2nd of December next. Amrit Lall Bose, Secy H E School Indas, Via Burdwan.

Wanted a plucked F. A. as Head Master for 2 months on Rs 30 a month. Apply to the Head Master, Phansideva M. E. School, Phansideva P. O. (Via Silhiguri).

Wanted an F. A. passed assistant Head Master for the Makhalpur M. E. School, Dt. Hugli, on a salary of Rs 12 per mensem; besides free board and lodging. Apply to Hem Chandra Chatterjee, Head Master.

Wanted a Hd. Pundit for the City Institution (H. E. School) 4, Okhil Mistry's Lane, Calcutta. Preference will be given to a regular student of the Sanskrit college, and who has passed the F. A. examination from it. Apply sharp with copies of testimonials to the Secretary of the School.

Wanted a plucked or passed F. A. Head Master for the Maliberia M. E. School Dt. Nudden, Po Shamkur on Rs 18 per month with prospect of increase. Quarters free. Preference will be given to him who has passed the M. E. examination creditably. Apply sharp with copies of testimonials to the Secretary, Babu Keder Nath Ray.

Wanted a Clerk to officiate for a month as 3rd Clerk of the office of the District Board of Birbhum on a salary of Rs 20 per month. The candidate must have knowledge in docketting and drafting letters, and Keeping accounts. Applications must be submitted to the undersigned on or before the 8th of December next. (Sd) Chundra Goti Mustophi. Vice Chairman, District Board, Birbhum.

জেলা রাজসাহী, পোষালিয়া পোঃ, লোকনাথ ম, ইং স্কুলে আপাততঃ ৫ মাসের জন্য মাসিক ১২ টাকা বেতনে নর্ম্মাল ত্রৈবার্ষিক পরীক্ষোত্তীর্ণ ২য় শিক্ষকের আবশ্যক। সম্পাদক শ্রীলোকনাথ চক্রবর্ত্তীর নিকট আবেদন করুন।

জেলা মেদিনীপুর, পোঃ হলুদবাড়ীর অন্তর্গত একটী ম, ইং, স্কুলের জন্য বাসা ও বাসাখরচ বাদে মাসিক ১২ টাকা বেতনে হুগলী নর্ম্মালের ত্রৈবার্ষিক পরীক্ষায় ১ম বিভাগে উত্তীর্ণ জনৈক অভিজ্ঞ শিক্ষকের প্রয়োজন। ৮ই ডিসেম্বর মধ্যে জমিদার শ্রীগিরিশচন্দ্র মাইতির নিকট দরখাস্ত করুন।

জেলা বীরভূম পোঃ খাটুল্লাডিপর, নগরী ম, ইং, স্কুলের জন্য এক জন এণ্ট্রান্স পাশ হেড মাষ্টার ও এক জন মাইনর পাশ ২য় পণ্ডিতের প্রয়োজন। মাসিক বেতন ২০ ও ১০ টাকা। প্রশংসাপত্র সহ বয়স ও জাতি উল্লেখ করিয়া বঙ্গভাষায় সত্বর আবেদন করুন। স্থানটী স্বাস্থ্যকর এবং বীরভূম হইতে ২ দুই ক্রোশ পশ্চিমে অবস্থিত। শ্রীচন্দ্রশেখর রায় সম্পাদক।

জেলা বগুড়া, আদমদিঘী পোঃ; বালিকাদী স্কুলের জন্য বাসাখরচাদি বাদে মাসিক চারি টাকা বেতনে ছাত্রবৃত্তি পরীক্ষোত্তীর্ণ ২য় শিক্ষকের প্রয়োজন। সম্পাদক শ্রীরাধাকান্ত সরকারের নিকট আবেদন করুন।

জেলা খুলনা, পোষ্ট খর্দ্দিয়া, শোভনা ম, ইং স্কুলের জন্য মাসিক ১২ টাকা বেতনে নর্ম্মাল ত্রৈবার্ষিক পরীক্ষোত্তীর্ণ শিক্ষাকার্য্যে অভিজ্ঞ জনৈক শিক্ষকের প্রয়োজন। ১০ই ডিসেম্বরের মধ্যে স্কুলের ২য় শিক্ষক শ্রীদৈবচরণ ঘোষের নিকট আবেদন করুন।

জেলা বর্দ্ধমান, কোয়ারপুর পোঃ, কোয়ারপুর ম, ইং, স্কুলের জন্য মাসিক ১০ টাকা বেতনে প্রবেশিকা পরীক্ষোত্তীর্ণ জনৈক কার্য্যদক্ষ শিক্ষকের প্রয়োজন। বিনা ব্যয়ে থাকিবার স্থান এবং অন্যান্য আরও অনেক সুবিধা পাইবেন। হেডপণ্ডিত শ্রীযদুনাথ বন্দ্যোপাধ্যায়ের নিকট আবেদন করুন। স্থানটী কাটোয়া হইতে ৯ মাইল পশ্চিমে অবস্থিত।

জেলা বর্দ্ধমান কাইটি পোঃ, গোতান ম ইং স্কুলের জন্য এল এ পাশ অথবা ফেল জনৈক ব্রাহ্মণ অথবা কায়স্থ হেড মাষ্টারের প্রয়োজন। স্থানটী স্বাস্থ্যকর তারকেশ্বর রেলওয়ে-হইতে ৩ ক্রোশ পশ্চিম। সম্পাদক শ্রীবিধুভূষণ সেনের নিকট আবেদন করুন।

জেলা শ্রীহট্ট পোঃ হিন্দাজিয়া, আমজদ ম ইং স্কুলের জন্য নর্ম্মাল দ্বিতীয়বার্ষিক উত্তীর্ণ অভিজ্ঞ দ্বিতীয় পণ্ডিতের আবশ্যক। মাসিক বেতন ১২ টাকা। ১৫ই ডিসেম্বরের মধ্যে আবেদন করিতে হইবে। শ্রীবরদানাথ ভট্টাচার্য্য হেড্ মাষ্টার।

জেলা জলপাইগুড়ি পাঁচাগড় পোঃ, যতন পুকুরী ম, বা, স্কুলের জন্য দ্বিতীয় শিক্ষকের প্রয়োজন। বেতন ৬ টাকা। দুইটী বালককে প্রাইভেট শিক্ষা দিতে হইবে। বাসাখরচ এবং উপযুক্ত থাকিবার স্থান পাইবেন। সম্পাদক শ্রীযুক্ত জয়গোবিন্দ দত্ত মহাশয়ের নিকট আবেদন করিবেন।

বিশেষ দ্রষ্টব্য।

বাচস্পত্য অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২৩৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
বুধোদয় প্রেস—হুগলী।

৺ বিশ্বনাথ বৃত্তি।

ভারতবর্ষ্ম মহামণ্ডলীর মুখ্যতম উদ্দেশ্যের অনুসরণ করিয়া ৺ বিশ্বনাথ চতুষ্পাঠীতে বার্ষিক পঞ্চাশৎ টাকা পরিমাণে এক একটী করিয়া আর কয়েকটী বৃত্তি স্থাপিত হইয়াছে। যে সে চতুষ্পাঠীতে বেদান্তাদি দর্শন শাস্ত্র অথবা প্রাচীন ও নব্যস্মৃতি অধ্যাপিত হয়, সেই সেই চতুষ্পাঠীতে এই বৃত্তিগুলি দেওয়া যাইবে। অধ্যাপক ইচ্ছা করিলে ঐ বৃত্তি ত্রৈমাসিক বা ষাণ্মাসিক বা বার্ষিকরূপে গ্রহণ করিতে পারিবেন। ছাত্রদিগের বিদ্যাবত্তা ও সচ্চরিত্রতা সম্পাদন ভিন্ন অধ্যাপক মহাশয়দিগকে অপর কোন নিয়মের অধীন হইতে হইবে না। যে সমস্ত অধ্যাপক বৃত্তি লইতে ইচ্ছা করিবেন, তাঁহারা অথবা তাঁহাদিগের হিতার্থীরা অধ্যাপকের নাম ধাম ছাত্রসংখ্যা ও প্রত্যেক ছাত্রের অধীত্য বিষয় লিখিয়া আমাকে সংবাদ দিবেন।

চুঁচুড়া বিশ্বনাথ চতুষ্পাঠীর
অধ্যাপক শ্রীহরিনাথ স্মৃতিভূষণ।

নূতন পুস্তক।

পদ্য সংগ্রহ।

১ম, ২য়। ভাগ মূল্য ক্রমে ৵০, ।০ আনা। বাবু প্রসন্নচন্দ্র গুহ সঙ্কলিত। সেণ্ট্রাল টেক্সট বুক কমিটীর মনোনীত। সংস্কৃত প্রেস ডিপজিটরীতে প্রাপ্তব্য।

৮০৩নং

প্রেসীডেন্সী বিভাগ ও মানভূম প্রভৃতি স্থানে পাঠ্য।

মৌখিক অঙ্ক।

বাবু প্রসন্নচন্দ্র গুহ কৃত। মূল্য ৸০ নয় আনা। ৪১০ পৃষ্ঠা। শুভঙ্করী, কালীক্রমী, চালন, জমাবন্দী, দরকষা, ইংরেজী পরিমাণ, বাজার, মহাজনী, জমিদারী হিসাব, গণিত ও দস্তাবপত্র লিখার প্রণালী প্রভৃতি বিষয়ে সর্ব্বোৎকৃষ্ট গ্রন্থ। সেণ্ট্রাল টেক্সট বুক কমিটীর মনোনীত ও ডাইরেক্টর সাহেবের অনুমোদিত।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
মেনেজার, সংস্কৃত প্রেস ডিপজিটরী। ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।
৮১২নং

গবর্ণমেণ্টের অনুমোদিত।

বাঙ্গালা ছাত্রবৃত্তি ও মাইনর স্কুলসমূহের প্রথম ও দ্বিতীয় শ্রেণীর পাঠ্য।

"বিজ্ঞানসোপান"।

শ্রীযুক্ত উমেশচন্দ্র ঘোষ, এম এ, বি এল প্রণীত।

মূল্য ৷৵০ দশ আনা মাত্র।

ছাত্রবৃত্তি ও মাইনর পরীক্ষার নির্দ্দিষ্ট বিষয়গুলি এরূপ বিশদরূপে ও ধারাবাহিক ভাবে অন্য কোন গ্রন্থে বর্ণিত নাই। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।
৪০৪নং

৺ লোহারাম শিরোরত্ন প্রণীত

শিশুব্যাকরণ ২৯শ সংস্করণ।

সংস্কৃত কলেজের সুযোগ্য অধ্যাপক শ্রীযুক্ত শিবনারায়ণ শিরোমণি মহাশয় কর্ত্তৃক পরিদৃষ্ট ও সংশোধিত হইয়া পুনর্ম্মুদ্রিত হইয়াছে। মূল্য ৵০। উক্ত গ্রন্থকার প্রণীত বাঙ্গালা ব্যাকরণ ও অলঙ্কার উক্ত পণ্ডিত মহাশয় কর্ত্তৃক সংশোধিত হইয়া মুদ্রিত হইয়াছে। মূল্য ৸০ আনা। পুস্তক ব্যবসায়ীদিগকে উপযুক্ত কমিসন দেওয়া গিয়া থাকে।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
মানেজার, সংস্কৃত প্রেস ডিপজিটরী।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।
৮১২ নং

শ্রীমদ্ভগবদ্গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ⁄০।

ঐ বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ।⁄০ পাঁচ আনা ডাঃ মাঃ ⁄০।

ঐ উৎকৃষ্ট কাগজে ছাপা উৎকৃষ্টরূপ বাঁধা মূল্য ॥০ আট আনা, ডাঃ মাঃ ⁄১০।

কবির (জীবন্মুক্ত মহাত্মা কবির সাহেবের ৪৪৪টী দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা-সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ ⁄১০।

কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০। ১ন মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু
প্রণীত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য ⁄০ আনা
ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "
ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব ।০ "

সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তালিকায় পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট—কলিকাতা।

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত
পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষকগণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২॥০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।⁄০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীজমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।⁄০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ⁄০ আনা। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

---

৩৪৪ নং
কুইনাইন।

এ দেশের লোকের জীবন। ডাক্তার শ্রীযদুনাথ মুখোপাধ্যায় প্রণীত। গৃহস্থ ও পাড়াগাঁয়ের ডাক্তারদের জন্য কুইনাইন ব্যবহার সম্বন্ধে এপর্য্যন্ত এমন পুস্তক আর বাহির হয় নাই।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

৮১৩নং
মোক্তারী পরীক্ষার প্রশ্নোত্তর।

জেলা রঙ্গপুরের গাইবান্ধা মহকুমার ভারপ্রাপ্ত ডেপুটী ম্যাজিষ্ট্রেট ও ডেপুটী কলেক্টর পণ্ডিত শ্রীযোগেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বিদ্যাভূষণ এম এ, প্রণীত। ১৮৮০ সাল হইতে ১৮৯৩ সাল পর্য্যন্ত চতুর্দ্দশ বৎসরের মোক্তারী পরীক্ষার প্রশ্নাবলীর বিশদ ও সুবিস্তৃত উত্তরসমূহ এই পুস্তকে প্রদত্ত হইয়াছে। ইতিপূর্ব্বে এতৎসম্বন্ধে যে দুই এক খানি পুস্তক প্রকাশিত হইয়াছে, তাহাদিগের সহিত তুলনায় এই প্রশ্নোত্তর পুস্তক সর্ব্বোচ্চ স্থান লাভের যোগ্য। আমরা সাহসপূর্ব্বক বলিতে পারি যে মোক্তারী পরীক্ষার পাঠ্য আইনসমূহ অধ্যয়ন না করিয়াও কেবল মাত্র আমূল এই পুস্তক পাঠেই পরীক্ষার্থিগণ পরীক্ষোত্তীর্ণ হইতে পারিবেন। ইহার মূল্য চারি টাকা, কিন্তু ডিসেম্বর পর্য্যন্ত অর্দ্ধ মূল্যে বিক্রীত হইবে। পুস্তকের প্রয়োজনীয়তানুসারে ইহার মূল্যও সুলভ। আরও বিশেষ লাভ এই যে, এক্ষণে এ পুস্তক ক্রয় করিলে সাহিত্য জগতে সুপরিচিত উক্ত গ্রন্থকার প্রণীত মনোহর সুপাঠ্য গ্রন্থনিচয়ের মধ্যে এক টাকা মূল্যের যে কয়খানি পুস্তক, গ্রাহকের অভিপ্রায়ানুসারে উপহারস্বরূপ প্রদান করা যাইবে। মোক্তারী পরীক্ষার্থিগণ সকলেই এক একখানি প্রশ্নোত্তর ক্রয় করিয়া ইহার উপযোগিতা প্রত্যক্ষ পরীক্ষা করেন, ইহাই প্রার্থনীয়। যাঁহারা প্রশ্নোত্তরের গ্রাহক হইবেন, তাঁহাদিগকে উক্ত গ্রন্থকার প্রণীত মোক্তারী পরীক্ষার উপযোগী আইন সংগ্রহ প্রথম হইতে নবম খণ্ড পর্য্যন্ত মোট দশ টাকাতেই দেওয়া যাইবে। উহার পূর্ণ মূল্য ২০⁄০, এক্ষণে অর্দ্ধ মূল্য। পঞ্চায়ৎ গাইড বা সংশোধিত চৌকিদারী আইনের মূল্য আট আনা, আইনসংগ্রহের সহিত লইলে এক্ষণে চারি আনা।

A guide to examinees in Law, contains 400 questions, to help the candidates for the pleadership, B. L. and Subordinate Executive Service Examinations. Price Two Rupees, At present half price.

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার, সংস্কৃত প্রেস ডিপজিটরী।
১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৬ বৎসর উহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-যশের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার লেপনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সম-ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অনর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনা ব্যয়ে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৲ টাকা, প্যাকিং ।০ আনা

২ শিশি একত্রে লইলে খরচা ৷৵০ আনা সুগত হয়। শ্রীকালীদাস সরকার।

গবর্ণমেণ্ট পেন্সনার—লক্ষ্ণৌ।

৩৭৩নং

পদ্য-বিকাশ অর্থাৎ পদ্যপাঠ ১ম ভাগের অর্থ পুস্তক। শ্রীগোবিন্দপ্রসাদ দে প্রণীত। মূল্য ৵০ তিন আনা। ইহাতে প্রায় প্রত্যেক শব্দের অর্থ, পদান্বয়, এবং ব্যাকরণ সম্বন্ধীয় যাহা জানিবার আবশ্যক তাহা আছে। প্রায় প্রত্যেক ছত্রের গদ্য ও অতি সরল ভাষায় অর্থ দেওয়া হইয়াছে। ছোট ছোট বালকদের বিশেষ উপযোগী হইয়াছে। ১৪৮ নং নারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

৮০৯ নং

মাইকেল মধুসূদন দত্তের

জীবনচরিত, অপ্রকাশিত কবিতা, পত্র ও গ্রন্থাবলীর সমালোচনা সম্বলিত গ্রন্থ প্রকাশিত হইয়াছে।

শ্রীযোগীন্দ্রনাথ বসু বি এ, প্রণীত।

ডিমাই আট পেজী আকারে পাঁচ শতেরও অধিক পৃষ্ঠায় সম্পূর্ণ।

এরূপ সর্ব্বাবয়ব জীবনচরিত এপর্য্যন্ত বাঙ্গালা ভাষায় প্রকাশিত হয় নাই। মধুসূদনের জীবনের বিষাদময় ইতিহাসের সঙ্গে তাঁহার সমসাময়িক বাঙ্গালা সাহিত্যের অবস্থা, তাঁহার গ্রন্থাবলীর সমালোচনা, তাঁহার লিখিত বহুসংখ্যক ইংরাজী ও বাঙ্গালা কবিতা, মান্দ্রাজ, ইংলণ্ড, ফ্রান্স প্রভৃতি স্থান হইতে তাঁহার লিখিত বহুসংখ্যক পত্র, তাঁহার জীবনের ঘটনাবলী সম্বন্ধে সার মহারাজা যতীন্দ্রমোহন ঠাকুর, বাবু ভূদেব মুখোপাধ্যায়, রাজা প্যারীমোহন মুখোপাধ্যায় প্রভৃতির লিখিত মন্তব্য, রাজা রাজেন্দ্রলাল মিত্র, ড্রিঙ্ক ওয়াটার, বেথুন, বাবু রাজনারায়ণ বসু প্রভৃতি অনেক খ্যাতনামা ব্যক্তির লিখিত পত্র ও পত্রাংশ ইত্যাদি ইহাতে সন্নিবিষ্ট হইয়াছে। মধুসূদনের নিজের এবং তাঁহার সমাধি স্তম্ভের চিত্র এবং রাজা প্রতাপচন্দ্র সিংহ, রাজা ঈশ্বরচন্দ্র সিংহ, মহারাজা সার যতীন্দ্রমোহন ঠাকুর, বাবু ভূদেব মুখোপাধ্যায়, বাবু গৌরদাস বসাক, বাবু রাজনারায়ণ বসু, ৺ বিদ্যাসাগর মহাশয়—এই কয়েক জনেরও চিত্র ইহাতে প্রদত্ত হইয়াছে। এইরূপ সুন্দর চিত্র এপর্য্যন্ত কোনও বাঙ্গালা গ্রন্থে প্রকাশিত হয় নাই। ছাত্রদিগকে পুরস্কার দিবার জন্য অতি সুন্দররূপ বাঁধান হইয়াছে। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপোজিটরীতে, ২১০।৪ কর্ণওয়ালিস ষ্ট্রীট নব্যভারত কার্য্যালয়ে, বৈদ্যনাথ দেওঘর স্কুলে গ্রন্থকারের নিকট এবং নিম্নস্বাক্ষরকারীর নিকট পাওয়া যায়। মূল্য কাপড়ে বাঁধান ২৷৷০ টাকা, কাগজের মলাট ২৲ টাকা, ডাকমাশুল ।০ আনা। মফস্বলস্থ গ্রাহকগণ গ্রন্থকারকে পত্র লিখিবেন।

শ্রীরামানন্দ চট্টোপাধ্যায় এম এ।

অধ্যাপক সিটি কলেজ,—কলিকাতা

পাঁড়ে ব্রাদার্স।

পুস্তক ও দেশী বস্ত্র বিক্রেতা।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্, কলিকাতা।

এখানে ইংরাজি বাঙ্গালা সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য সর্ব্ব প্রকার পুস্তক, তৎসমস্তের নানা প্রকার কি, নোট, অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি সর্ব্ব প্রকার পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে। বিলাতি পুস্তক বিলাত হইতে আনা হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা ১৸০ মূল্য ধোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও ব্যবহারীর জন্য চলিবে ও ২৷৷০, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ নয়নসুখ, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকটও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য	৵০	বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ	৴০
৩২ খানি উৎকৃষ্ট চিত্রসহ নীতি কথামালা	।০	মানবতত্ত্ব	১৷৷০
আর্য্যচরিত	।০	বয়ঃবিজ্ঞান	১৲
আর্য্যশিক্ষা	৷৵০	অদ্ভুত স্বপ্ন বা	
বাঙ্গলা ব্যাকরণ	।৵০	স্ত্রী পুরুষের দ্বন্দ্ব	৷৷০
শিশু বিজ্ঞান	৵০	বিজ্ঞানসার	১৲
বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ	৴০	লীলাবতী (অঙ্কপুস্তক)	৷৷০

৫৪৫ নং শ্রীমনোমোহন পাঁড়ে

পাটীগণিত।

নূতন সংস্করণ।

শ্রীপ্রসন্নকুমার সর্ব্বাধিকারী প্রণীত।

সুপ্রসিদ্ধ গণিতশাস্ত্রাধ্যাপক শ্রীযুক্ত গৌরীশঙ্কর দে এম, এ, মহাশয়ের দ্বারা সম্যক্‌রূপে সংশোধিত পরিবর্ত্তিত ও পরিবর্দ্ধিত। ইহাতে সুকৌশল সম্পন্ন প্রশ্নাবলী সন্নিবেশিত এবং উহাদের ভূরি পরিমাণে সমাধান করা হইয়াছে। ৫৭৬ পৃষ্ঠায় সম্পূর্ণ। উত্তম কাপড়ে বাঁধা, মূল্য ১৸০। বলা বাহুল্য ইহা চিরকাল সমাদৃত, অধুনা আরও অধিক পরিমাণে স্কুলাদিতে পাঠ্যরূপে নিয়োজিত হইতেছে এবং বঙ্গবাসী প্রভৃতি সংবাদ পত্র ভূয়সী প্রশংসা করিতেছেন। নিম্নলিখিত এবং অন্যান্য স্থানে পাওয়া যায়।

বি, বসাক্‌ এণ্ড কোং।

১৫নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, ৫৬নং কলেজ ষ্ট্রীট, ৫১নং পুরাতন চীনেবাজার, কলিকাতা। ৫৫নং পটুয়াটুলি ঢাকা।

৩৮৮নং

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸০ বার আনা, ডাঃ মাঃ ⁄০ এক আনা। এখানি ১৮৯৪ অব্দের মাইনর পরীক্ষায় ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহাতে বালকেরা অনায়াসে পরাক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গদ্য হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ৵০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
সংস্কৃত প্রেসডিপজিটরি।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

বাবু মহেন্দ্রনাথ দত্ত প্রণীত।

নবপাটীগণিত ১ম ভাগ	মূল্য ৷৵০	২৭৯ পৃষ্ঠা
নব শুভঙ্করী	মূল্য ।৵০	১৫০ পৃষ্ঠা
নব ধারাপাত	মূল্য ⁄০	১০৮ পৃষ্ঠা

উপরোক্ত পুস্তকত্রয় সেণ্ট্রাল টেক্সটবুক কমিটীর নির্ব্বাচিত ও শ্রীযুক্ত শিক্ষা বিভাগের ডাইরেক্টর সাহেব মহোদয়ের তালিকাভুক্ত। নবপাটীগণিত মধ্য শ্রেণীস্থ বাঙ্গালা ও ইংরাজী স্কুলের নিম্ন হইতে তৃতীয় শ্রেণী পর্য্যন্ত এবং উচ্চ ও নিম্ন প্রাথমিক পাঠশালার সকল শ্রেণীতে পাঠ্য বলিয়া নির্দ্দিষ্ট। ইহাতে প্রায় তিন সহস্র অনুশীলনী এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পরীক্ষার অনেক প্রশ্ন সন্নিবিষ্ট হইয়াছে। নবশুভঙ্করী নূতন প্রণালীমতে লিখিত; ইহাতেও অনেক সুকৌশল সম্পন্ন উদাহরণ প্রদত্ত হইয়াছে। নবধারাপাত অনেক দিন হইতে সর্ব্বত্র সমাদৃত; ইহা পাঠ করিলে বালকবৃন্দের ধারাপাত ও পাটীগণিতের অমিশ্র চারি ধনিয়ম বিষয়ক ব্যুৎপত্তি লাভ হইবে। সংবাদপত্রের সম্পাদক ও অন্যান্য ভদ্র মহোদয়গণ উক্ত তিন খানি পুস্তক সম্বন্ধে সানুকূল অভিমত প্রকাশ করিয়াছেন। নবধারাপাতে তাঁহাদের মন্তব্য সন্নিবিষ্ট আছে। অপর দুইখানির প্রশংসাবাদ "এডুকেশন গেজেটে", "বঙ্গবাসীতে" ও "সহচরে" দৃষ্ট হইবে। ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

৮১১ নং

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বলবীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রিজাগরণ, অতিরিক্ত পান-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা-হাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত।

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-ফোলা-কাসিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দ্বৈকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকায় সে জ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে, ফুলে, পত্রে এবং ডালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্পদিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধে অতি সামান্য রোগও আরাম হয়। বিধাতার বিচিত্রবিধান বুঝাভার।

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন। প্লীহা জ্বর-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্মসার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগীকে এই এক ৩নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

বটিকার সংখ্যা,	মূল্য,	ডাঃমাঃ,	প্যাকিং
১নং কৌটা	১৮	৷৵০	।০	৵০
২নং কৌটা	৩৬	১৵০	।০	৵০
৩নং কৌটা	৫৪	১৷৵০	।০	৵০

ভ্যালুপেয়েবলে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।

১২ নং মুজাপুর ষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা।

৩৭৪নং

☞ এই পত্র হুগলি বুধোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

REGISTERED NO 35 1875.

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

নূতন সম্বাদ। ২৫শ খণ্ড। ৩৩শ সংখ্যা। | ২৪শে অগ্রহায়ণ শুক্রবার ১৩০০ সাল। ইং ৮ই ডিসেম্বর ১৮৯৩ খৃঃঅব্দ। | অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম)	৫৲	ষাণ্মাসিক	৩
ত্রৈমাসিক	২	প্রত্যেক সংখ্যায়	।৹

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৶৹ ৩য় বার /১০ চতুর্থ বা ততোধিক বার /৹। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৶৹।

অর্দ্ধপৃষ্ঠার বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে প্রকাশিত হয়।

ছিন মাসের অধিক বিজ্ঞাপন প্রকাশ করিলে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

যাঁহারা এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য নগদ টাকায় দিবেন, তাঁহারা তাঁহাদের নিকটবর্ত্তী এজেণ্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণিঅর্ডার কুপনে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

এডুকেশন গেজেটে বিজ্ঞাপন প্রকাশের সুবিধার জন্য ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে একটী এজেন্সি খোলা হইয়াছে। তথায় বিজ্ঞাপন ও তৎপ্রকাশের মূল্য জানা লওয়া যায়।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যূন বিলম্ব হইলে তাহার গ্রামখানিতে পিয়নের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

কলিকাতা	শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়। সংস্কৃতযন্ত্রের পুস্তকালয় ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।
	চণ্ডীচরণ মজুমদার—শ্রীপুর বজবজ।
২৪ পরগণা	মতিলাল মৈত্র—আলিপুর।
আলিপুর	ভূপালচন্দ্র গঙ্গোপাধ্যায়—উকিল।
বারাকপুর	শ্রীযুক্ত বাবু ভুবনমোহন নিয়োগী।
ভবানীপুর	রাজকৃষ্ণ রায় চৌধুরী।
চুয়াডাঙ্গা	যদুনাথ চৌধুরী।
হাবড়া	হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম	ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী	শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর	ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান	চারুচন্দ্র চট্টোপাধ্যায়।
	রসিকলাল দাস—রায়না।
যশোহর	কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
সিউড়ী	অম্বিকাচরণ মুখোপাধ্যায়।
	নীলমণি ভট্টাচার্য্য।
বাঁকুড়া	রামেশ্বর সেন—বিষ্ণুপুর।
	অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর	উমাপ্রসাদ দে।
জলপাইগুড়ি	নীলমণি পাল।
বাঁকিপুর	নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর।
	রামপ্রকাশ লাল।
বারাণসী	সোমনাথ ভাদুড়ী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর	আদিনাথ মিত্র।
	দ্বারকানাথ বাগচি—নিলফামারি।
রাজসাহী	কালীনাথ চৌধুরী—বোয়ালিয়া।
পাবনা	ভুবনেশ্বর গুপ্ত।
	রজনীকান্ত ভট্টাচার্য্য।
	রামচন্দ্র চক্রবর্ত্তী।
	ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, হুলাই।
	উমাচরণ পাঁড়ে, সিরাজগঞ্জ।
ঢাকা	সতীশচন্দ্র ঘোষ।
সাঁওতাল পরগণা	যজ্ঞেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।
পাকুড়	রাধাকৃষ্ণ সাহুখেল।
খুলনা	হরিহর দাস।
	জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।
দিনাজপুর	রাজকুমার চক্রবর্ত্তী ফুলবাড়ি।
	দুর্গাদাস সুর—রায়গঞ্জ।
	শশিভূষণ রায়।
কোচবিহার	ভুবনমোহন দত্ত।
ফরিদপুর	কালীকিশোর ঘোষ—মাদারিপুর।
মজঃফরপুর	কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল
দারভাঙ্গা	গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক সুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সমস্তীপুর
বৈদ্যনাথ	যোগীন্দ্রনাথ বসু হেড মাষ্টার, দেওঘর।

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বুধোদয় যন্ত্র।

হুগলি বুধোদয় যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষর ও তাহার সরঞ্জাম প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানা প্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় যাবতীয় ফারম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, ষ্যাণ্ডবিল, জমিদারীর জমাওয়াশীল ফরম, ডাক্তারি লেবিল ও বিল নানা প্রকার ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পাদিত হইয়া থাকে। বিশেষ বন্দোবস্ত করিলে সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংরাজি অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও মুল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া দপ্তরী দ্বারা পুস্তক প্রস্তুত করিয়া রীতিমত বাক্সবন্দী করিয়া রেলে বা জাহাজে যাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি, গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন, ছাপার রেট ও অন্যান্য বিবরণ জানিতে ইচ্ছা করিলে আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পরিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।
কার্য্যাধ্যক্ষ।

বিবিধ বিজ্ঞাপন।

সংক্ষিপ্ত পদার্থদর্শনের প্রশ্নোত্তর।

পণ্ডিত প্রবর শ্রীযুক্ত প্রসন্নকুমার চক্রবর্ত্তী প্রণীত। মূল্য ।/০ পাঁচ আনা মাত্র। যত গুলি সং পদার্থদর্শনের প্রঃ উঃ এ পর্য্যন্ত প্রকাশিত হইয়াছে এখানা তাহাদের অপেক্ষা কোন অংশে নিকৃষ্ট নহে বরং অনেকাংশে উৎকৃষ্ট। যে স্কুলে এক খানিমাত্র এই প্রঃ উঃ প্রবেশ লাভ করিয়াছে সে স্কুলের সমস্ত ছাত্রই ইহা ক্রয় করিতেছে। একত্রে এক প্যাকেটে ৫ খানি এই প্রঃ উত্তর লইলে স্কুলের শিক্ষকদিগকে শতকরা ১৫৲ টাকার হিসাবে কমিসন দিয়া থাকি; অধিকন্তু আমি নিজ হইতে ডাক মাশুল দিই। কাগজ, ছাপা ও বাঁধাই সমস্তই উৎকৃষ্ট। ভিঃ পিঃ ডাকে পাঠাইয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র দত্ত।
ভারত পুস্তকালয়, পটলডাঙ্গা, বৌবাজার পোষ্ট কলিকাতা।

৩৯৯নং

গিরিশ লাইব্রেরী।

এখানে ছাত্রবৃত্তি, মাইনর, এণ্ট্রান্স, এল, এ; বি, এ ক্লাসের সর্ব্বপ্রকার পাঠ্যপুস্তক ও অর্থ পুস্তকাদি এবং নাটক, নভেল প্রভৃতি অতি সুলভ মূল্যে বিক্রয় হয়। ভিঃ পিঃ ডাকেও পুস্তক পাঠাই। ২১নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।
শ্রীগিরিশচন্দ্র মুখোপাধ্যায়।

৩৮৪নং

REDUCTION IN PRICE OF CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta, Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free at 4 oz, Rs3--4: 8 oz, Rs 6—8: 16 oz, Rs 12—12. Cash with order.

No. 331

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১৯ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।

ডাকমাশুল ৵০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৵০

পদ্য ব্যাকরণ মূল্য /১০

প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য /১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায় পাওয়া যায়।

শ্রীতিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

অম্বিকাচরণ ঘোষাল

ফটোগ্রাফার ও পোর্ট্রেট পেইণ্টার

ঘুঁটেবাজার হুগলি

মফস্বলে যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণপত্র লিখিলে জানিতে পারিবেন। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিজ, হুগলী কলেজ, এমামবাড়া, হংসেশ্বরীর মন্দির, চুঁচুড়া গোরাবারিক অভ্যন্তর দৃশ্য, মবারখাঞ্জাখাঁর মসজিদ, সপ্তগ্রামের মহোৎসব প্রত্যেক ॥০ আনা মাত্র—ফটগ্রাফগুলি একবার দেখিলে বাধিত হইব।

এস, কে, মিত্র এবং কোং।

বহুপ্রতিষ্ঠ ও কলিকাতা ও অন্যান্য স্থানের দক্ষ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৫৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক কুবিনি ক্যাম্ফার ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৷৷০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৮৲ ও ৭৲, শিশু চিকিৎসা ২৷৷০, বামাচিকিৎসা ২৲ জ্বর চিকিৎসা ৮০ ও ১৮০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৮০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমরা কলিকাতার মহামেলার এই শ্রেণীতে ভারতের মধ্যে সর্ব্বোচ্চ এবং এখানকার ও অন্যান্য স্থানের খ্যাতনামা চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি।

১৭৯

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্ত লালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীতে সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১।০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

এডুকেশন গেজেট।

৪শে অগ্রহায়ণ ১৩০০। ইং ৮ই ডিসেম্বর ১৮৯৩।

প্রেসিডেন্সী বিভাগ।

১৮৯২-৯৩ সালের প্রেসিডেন্সী বিভাগের বাৎসরিক শাসনবিবরণী বিষয়ক রিপোর্টের উপর বাঙ্গাল গবর্ণমেণ্ট যে মন্তব্য প্রকাশ করিয়াছেন তাহার সারাংশ নিম্নে উদ্ধৃত করা যাইতেছে—

উক্ত বৎসর একমাত্র নদীয়া ভিন্ন বিভাগের আর সকল জেলাতেই পূর্ব্ব বৎসরাপেক্ষা বৃষ্টিপাত অধিক হইয়াছিল, কিন্তু সকল জেলায় সমান বৃষ্টি না হওয়ায় শস্যোৎপত্তিও সর্ব্বত্র সমান হইতে পায় নাই। নদীয়া ও যশোহরে আশুধান্য এবং কেবল মুরশিদাবাদের বাগড়ী অঞ্চলগুলিতে আমন যথেষ্ট উৎপন্ন হইয়াছে, নতুবা সাধারণতঃ আমন নির্দ্দিষ্ট গড় পরিমাণ অপেক্ষা কমই জন্মিয়াছে। অত্যধিক বৃষ্টিতে রবিফসলের অনিষ্ট হইয়াছে।

সাধারণতঃ লোকের স্বাস্থ্য পূর্ব্ববৎসরাপেক্ষা এবারে ভাল ছিল। ম্যালেরিয়া জ্বর ও ওলাউঠায় মৃত্যু অনেকেরই হইয়াছে। বিশুদ্ধ পানীয় জল সংগ্রহ, এবং জল নিকাশ প্রভৃতি স্বাস্থ্যবিধিগুলির উন্নতি যতদিন না হইতেছে, উক্ত দুই রোগে মৃত্যুর সংখ্যা সম্ভবতঃ ততদিন কমিতেছে না। ২৪ পরগণা, যশোহর ও খুলনা জেলায় বিশুদ্ধ পানীয় জল সরবরাহ সম্বন্ধে কতকটা উপায় অবলম্বন করা হইয়াছে।

বিভাগস্থ লোকের আর্থিক অবস্থার উন্নতি উক্ত বৎসর কিছুই হয় নাই বরং কতকটা অবনতিই হইয়াছে। পূর্ব্ববর্ত্তী তিন বৎসর কাল শস্যের দর চড়া থাকায় নির্দ্দিষ্ট অল্প আয়ের মধ্যবিত্ত ভদ্রলোক এবং মজুরদিগের বড়ই কষ্ট হইয়াছিল। এই কষ্টের উপর আবার ছেলে মেয়ের বিবাহ ও অপরাপর সামাজিক উৎসবে দেশীয় রীত্যনুসারে সামর্থ্যাতিরিক্ত অর্থব্যয় করিতে হওয়ায় অনেকেরই একটু আধটু নিষ্কর ভূমি যাহাও ছিল তাহাও খোয়া গিয়াছে। কৃষিজীবীদিগের অবস্থা ততটা মন্দ হয় নাই, যেহেতু উৎপন্ন শস্য তাহারা অনেকটা সুবিধা মত দরে বিক্রয় করিতে পারিয়াছে।

তুলা ও পশমের সূতা, খোলে, নীল, রেশম, চিনি, গুড়—প্রভৃতি কয়টি দ্রব্যই প্রধানতঃ এ বিভাগে প্রস্তুত হইয়া থাকে। খোলে প্রভৃতি প্রস্তুত করণার্থ ২৪ পরগণায় ৪৯টি কল কুঠি আছে। পূর্ব্ববৎসরে ছিল ৪৬টি। এই সমস্ত কলকুঠি ভিন্ন কলিকাতার উপনগরসমূহে সুরকির কল, ময়দার কল প্রভৃতি আছে। পাট ও সূতার কলগুলি উক্ত বৎসর ভালরূপ চলিয়াছিল। নীল এ বিভাগে ভালরূপ উৎপন্ন হয় নাই। বৎসরকালমধ্যে যশোহরের ব্যবসায়ের উন্নতি হইয়াছে। মুরশিদাবাদের রপ্তানী এবং খুলনার আমদানী ও রপ্তানী দুইয়েরই উন্নতি দেখা গিয়াছে।

টাকা দেনা পাওনা এবং বাকী খাজনার মোকদ্দমা, চুরী ডাকাতী প্রভৃতি পুলিশ চালানী মোকদ্দমা এবং পুলিশ চালানী নয় এরূপ মোকদ্দমার সংখ্যাও বৃদ্ধি পাইয়াছে। শস্যোৎপত্তির অল্পতা প্রভৃতি কারণে প্রজার অবস্থার অবনতি হেতুই অধিকাংশ স্থলে এরূপ ঘটিয়াছে। পুলিসের কার্য্য মোটের উপর সন্তোষজনক হইলেও খুলনার ম্যাজিষ্ট্রেট কিন্তু পুলিস কর্ম্মচারীদিগের বুদ্ধিবৃত্তি ও কার্য্যকুশলতা সম্বন্ধে কোনরূপ অনুকূল কথা বলেন নাই। অবৈতনিক ম্যাজিষ্ট্রেটদিগের সম্বন্ধে কমিসনর বাহাদুর বলিয়াছেন যে, অবৈতনিক ম্যাজিষ্ট্রেটগণ নিয়মমত উপস্থিত থাকিয়া কার্য্য করেন না বলিয়াই তাঁহাদিগের ক্ষমতা বাড়াইয়া দেওয়া হয় না অথবা কোন বড় মোকদ্দমার নিষ্পত্তির ভার তাঁহাদিগের উপর অর্পিত হয় না। কোন একটি মোকদ্দমার বিচার এক দিনে শেষ হইল না, অথচ যাঁহারা উক্ত মোকদ্দমার বিচার আরম্ভ করিয়াছেন, মোকদ্দমাটীর নিষ্পত্তির দিন হয়ত তাঁহাদের পরস্পর বোটপাট হইয়া উঠিল না, এই কারণ বশতঃই যে সমস্ত মোকদ্দমার নিষ্পত্তি এক দিনেই হইতে পারিবে, কেবল সেই সমস্ত মোকদ্দমার বিচারের ভারই অবৈতনিক ম্যাজিষ্ট্রেটদিগের হাতে দেওয়া হইয়া থাকে।

দলিল রেজেষ্টরীর সংখ্যা বাড়িয়াছে। চিরস্থায়ী বন্দোবস্তের অধীন মহালসমূহে রাজস্ব আদায় ভাল হয় নাই। খাসমহল গুলিতে আদায় পত্র অপেক্ষাকৃত আরও কম হইয়াছে। কমিসনর ও ছোট লাট বাহাদুর উভয়েরই বিবেচনায় ডেপুটী কলেক্টরগণ অধীনবর্গের উপর সমধিক নির্ভর না করিয়া কাজ কর্ম্ম যদি আপনারাই ভাল করিয়া দেখেন এবং কলেক্টরগণ ও কমিসনর বাহাদুর পরিদর্শনে বাহির হইয়া থাস তহশীল আফিস গুলি এবং ঐ সকলের খাতাপত্র ভাল করিয়া পরীক্ষা করেন তাহা হইলে অন্যান্য কোন কোন প্রতিবন্ধক থাকিলেও খাসমহলের আদায় তহশীলের অনেকটা উন্নতি হইতে পারে।

আবকারীর আয় কিছু বাড়িয়াছে এবং দাতব্য ঔষধালয়ের সংখ্যা বৃদ্ধি পাইয়া ৪৬টি স্থানে ৪৬টি হইয়াছে। সমগ্র বিভাগে উচ্চ শ্রেণীর ৭৮, মধ্য শ্রেণীর ৩৬৮, প্রাইমারী ৫২৫২ এবং অন্যান্য ৮৩—সর্ব্বশুদ্ধ ৫ হাজার ৭৮৯টি স্কুল ছিল। পূর্ব্ববৎসরের তুলনায় উক্ত বৎসর স্কুল ১০৬টি বৃদ্ধি পাইয়াছে, সঙ্গে সঙ্গে ছাত্রসংখ্যা এবং বাহও বাড়িয়াছে। পূর্ব্ব বৎসরে স্কুলসমূহের জন্য ব্যয় হইয়াছিল ৮ লক্ষ ১৮ হাজার ৬৬০ টাকা, এ বৎসরে হইয়াছে ৯ লক্ষ ২ হাজার ৫১৮ টাকা। প্রাইমারী ভিন্ন অন্য উচ্চতর শিক্ষার সাহায্যের দিকেই মিউনিসিপ্যালিটী সমূহের ঝোঁক বেশী বুঝা গিয়াছে। বিভাগে স্ত্রীশিক্ষার উন্নতির চিহ্নস্বরূপ বালিকাবিদ্যালয়সমূহে বালিকার সংখ্যা বৃদ্ধি পাইয়াছে। পূর্ব্ববৎসর সমগ্র বিভাগে ৫৯টি সংস্কৃত টোল ও ঐ সকলে ৫৫৮ জন ছাত্র ছিল, উক্ত বৎসর সংখ্যাবৃদ্ধি পাইয়া ৫৯টির স্থলে ৭২টি টোল এবং ৭৪৯ জন ছাত্র হইয়াছিল। টোল ও টোলের ছাত্রসংখ্যা বৃদ্ধি প্রধানতঃ নদীয়াতেই হইয়াছে। কমিসনর বাহাদুর বলিয়াছেন যে, শিক্ষার উন্নতিকল্পে পণ্ডিতদিগের চেষ্টা হেতু যে এরূপ হইয়াছে তাহা নহে, গবর্ণমেণ্ট পণ্ডিতদিগকে বৃত্তি প্রদানের ব্যবস্থা করিয়া যে উৎসাহ দিয়াছেন, তাহাতেই এইরূপ হইয়াছে।

জেলা বোর্ডের কর্ম্মপদ্ধতি সম্বন্ধে কমিশনর বাহাদুরের ধারণা অনুকূল নহে। বোর্ডের কাজকর্ম্ম আর কিছু দিন না দেখিয়া তিনি উহার সম্বন্ধে কোনরূপ মতামত প্রদান করিতেছেন না। কমিসনর বাহাদুর বলিয়াছেন, বিভাগস্থ অধিকাংশ মিউনিসিপ্যালিটীতেই দলাদলি, কোনটিতে কিছু কম, কোনটিতে খুব বেশী। মিউনিসিপ্যালিটী সমূহের মধ্যে ছোট লাট বাহাদুর একমাত্র যশোহর মিউনিসিপ্যালিটীর কার্য্যের সুখ্যাতি করিয়াছেন।

জাতীয় মহাসমিতি।

এবারে লাহোরে জাতীয় মহাসমিতির অধিবেশন হইবে। সমিতির সভাপতিত্বে কার্য্য করিবার জন্য মিঃ দাদাভাই নৌরোজী বিলাত হইতে ভারতে আসিতেছেন। সমিতিস্থলে এবারে নিম্নলিখিত বিষয়গুলির আলোচনার জন্য অভ্যর্থনা কমিটী প্রস্তাব করিয়াছেন।

(১) ভারতীয় সিভিল সর্ভিস পরীক্ষা ইংলণ্ড ও ভারতে যাহাতে যুগপৎ গৃহীত হয় তদ্বিষয়ে বিলাতের কমন্স সভার প্রস্তাব; (২) ১৮৯৪ সালের ইণ্ডিয়া কৌন্সিল আইনের নিয়মাবলী; (৩) পঞ্জাবের প্রজাগণ কর্ত্তৃক বড় লাট বাহাদুরের ব্যবস্থাপক সভায় জনৈক সদস্য নির্ব্বাচনের ব্যবস্থা; (৪) ভূরি বিজ্ঞাপনী রহিত হওয়ায় কৃতজ্ঞতা স্বীকার এবং ভূরিপ্রথা বিস্তারের প্রার্থনা; (৫) বিচার ও কার্য্যকরী বিভাগের পার্থক্যবিধান; (৬) সেনাবিভাগের ব্যয়বৃদ্ধি; (৭) পব্লিক সর্ভিস কমিসনের ব্যবস্থায় ভারত গবর্ণমেণ্টের মন্তব্য; (৮) মুদ্রা ও তৎসম্বন্ধীয় আইন করণে ভারত গবর্ণমেণ্টের ক্ষিপ্রকারিতা; (৯) ইউরোপীয় ও ইউরেশীয় কর্ম্মচারীদিগের বাটার ক্ষতিপূরণ, (১০) উচ্চশিক্ষা; (১১) পঞ্জাবে ব্যবস্থাপক সভা ও চাটর্ড হাইকোর্ট; (১২) কৃষিঋণ ও অনুসন্ধান কমিসন; (১৩) দাগী বদ্‌মায়েসদিগের সম্বন্ধে আইনের পাণ্ডুলিপি; (১৪) হিন্দু মুসলমানে বিদ্বেষ; (১৫) ক্যাণ্টনমেণ্ট কমিটীর অনুসন্ধান ও লর্ড রবার্টসের ক্ষমাপ্রার্থনা; (১৬) কংগ্রেসের স্থায়িত্ব অধিকতর সুনিশ্চিত করা সম্বন্ধে উপায় অবলম্বন এবং (১৭) ইংলণ্ডে সমিতির অধিবেশন।

এতদ্ব্যতীত সমিতির অষ্টম অধিবেশনের প্রস্তাবিত কয়েকটি বিষয়েরও পুনর্নির্দ্ধারণ হইবে।

পূর্ব্ব পূর্ব্ব বারের ন্যায় এবারেও সমাজ সমিতির যথারীতি অধিবেশন হইবে। অধিবেশনের স্থান লাহোরেই নিরূপিত হইয়াছে। উক্ত সমিতিস্থলে যে সমস্ত বিষয়ের আলোচনা হইবে, সমিতির সাধারণ সম্পাদক দেওয়ান বাহাদুর রঘুনাথ রাও সেই সকলের একটি করিয়া তালিকা ভিন্ন ভিন্ন কমিটীতে পাঠাইয়া দিয়াছেন। কমিটী সমূহের অভিপ্রায় প্রকাশিত হইলে পর সমিতির আলোচ্য বিষয়গুলি পাকাপাকিরূপে স্থির হইবে।

সাপ্তাহিক সংবাদ।

[কলিকাতা] আরও কয়েকদিন না থাকিলে আফিম কমিসনের কলিকাতার কার্য্য শেষ হইবে না বুঝিয়া কমিসন মান্দ্রাজ ও হয়দ্রাবাদ যাওয়া রহিত করিয়াছেন। সেণ্ট এণ্ড্রুর ডে'জ উপলক্ষে সমাগত সভ্যগণ মধ্যে অনেকেই আফিম কমিসন সম্বন্ধে দুই একটা কথা বলিয়াছেন। মিঃ এলেন আর্থ্র বলিয়াছিলেন, "আফিম কমিসনের ফলে যদি আফিমের ব্যবহার উঠিয়া যায়, তবে তাহার পরেই আমাদের মদ লইয়া টানাটানি হইবে, কিন্তু আফিম সম্বন্ধে ভাল ভাল কয়েকজন ডাক্তার যেরূপ সাক্ষ্য দিয়াছেন, তাহাতে আফিমের ব্যবহার উঠাইয়া দেওয়া যে উচিত নয় তাহা প্রকাশ পাইয়াছে।"

ছোটলাট বাহাদুর সার চার্লস্ ইলিয়ট ইংলণ্ড হইতে প্রত্যাবৃত্ত হইয়া বিগত ৩০এ নবেম্বর অপরাহ্ণে কার্য্যভার গ্রহণ করিয়াছেন। অনারেবল সার ফিলিপ হচিন্স বড়লাট বাহাদুরের কৌন্সিলের সাধারণ সদস্যের পদ পরিত্যাগ করায় প্রতিনিধি ছোটলাট বাহাদুর সার এণ্টনি ম্যাকডনেল উক্ত পদে নিযুক্ত হইয়াছেন।

বেশ্যা করিবার অভিপ্রায়ে মফস্বল হইতে অনেকানেক বালিকা ভুলাইয়া বা চুরী করিয়া আনিয়া কলিকাতা সহরে বিক্রয় করা হয় এবং বেশ্যাগণ সদর রাস্তার ধারে এবং স্কুল গির্জ্জা প্রভৃতির নিকটে থাকিতে পাওয়ায় যুবকদিগের সুনীত হওয়ার পক্ষে প্রতিবন্ধক ঘটে। এই সকলের যাহাতে প্রতিকার হইতে পারে সেই উদ্দেশ্যে সেদিন কলিকাতা টাউনহলে একটি বৃহৎ সভার অধিবেশন হইয়াছিল। রেভঃ মিঃ থোবর্ণ সভাপতি হইয়াছিলেন। ডাক্তার মহেন্দ্রলাল সরকার, রেভঃ মিঃ হোয়াইটহেড প্রভৃতি অনেকে বক্তৃতা করিয়াছিলেন।

কলিকাতা জেনারেল পোষ্ট আফিসে এক জন স্ত্রী কেরাণী নিযুক্ত হইয়াছে। পোষ্ট আফিসে লোক যাহাতে কাজ পাইতে পারে তজ্জন্য এক দল স্ত্রী কিয়দ্দিন হইল পোষ্টমাষ্টার জেনারেলের নিকট উপস্থিত হইয়া আবেদন করিয়াছিলেন।

আগামী ১৬ই ডিসেম্বর রাত্রি সাড়ে নয়টার সময় বড়লাট বাহাদুর কলিকাতা গবর্ণমেণ্ট হাউসে যোত্রা করিবেন।

[বোম্বাই] পুনা পরিত্যাগ করার পূর্ব্বে ভষ্টিস রাণাদে কতিপয় সাধারণ ও দাতব্য বিষয়ে বায়ার্থ ২০ হাজার টাকা দান করিয়াছেন এবং আরও কিছু টাকা এতদর্থে দিবেন বলিয়া স্বীকার পাইয়াছেন। বিগত ২৮এ নবেম্বর রাণাদে বোম্বাই পৌঁছিয়া স্বজাত্য হাইকোর্টে আসন গ্রহণ করিয়াছেন।

[মান্দ্রাজ] মান্দ্রাজ গবর্ণমেণ্ট নিয়ম করিয়াছেন যে, অতঃপর ৫০ টাকা বা তদূর্দ্ধ বেতনের চাকরী পাইতে হইলে গ্রাজুয়েটদিগকে সংক্ষেপকরণ (precis) পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।

[সাধারণ] অনারেবল প্রেফেয়ার সাহেব বড়লাট বাহাদুরের ব্যবস্থাপক সভায় বণিক সমিতির প্রতিনিধি নিযুক্ত হইয়াছেন।

১৮৯৪ সালের নিম্নলিখিত কয়েকটি দিন সাধারণ অবকাশের দিন বলিয়া ছোটলাট বাহাদুর ঘোষণা করিয়াছেন—নববর্ষ ১লা জানুয়ারি, শ্রীপঞ্চমী ১০ই ফেব্রুয়ারী, দোলযাত্রা ২১এ মার্চ্চ, গুড্‌ফ্রাইডে ২৩এ মার্চ্চ, ঈষ্টর ২৪এ মার্চ্চ, চৈত্র সংক্রান্তি ১২ই এপ্রেল, দশহরা ১৩ জুন, জন্মাষ্টমী ২৪এ আগষ্ট, মহালয়া ২৯এ সেপ্টেম্বর, দুর্গা ও লক্ষ্মীপূজা ৬ই, ৮ই, ৯ই, ১৫ই অক্টোবর, কালীপূজা ২৯এ অক্টোবর, জগদ্ধাত্রী পূজা ৭ই, ৮ই নবেম্বর, খ্রীষ্টমাস ২৩এ, ২৫এ ও ২৬এ ডিসেম্বর। এতদ্ব্যতীত সমস্ত রবিবার এবং ভারত-গবর্ণমেণ্ট মহারাণীর জন্মদিনোৎসব যে দিন স্থির করিবেন সেই দিন সাধারণ অবকাশের দিন বলিয়া বুঝিতে হইবে। পরমিট কলেক্টর, শিপিং মাষ্টার, কলিকাতা এসিউরেন্স রেজিষ্ট্রার ও কলিকাতা ষ্ট্যাম্প রেভেনিউ কলেক্টরের আফিস, কলিকাতা ষ্ট্যাম্প সুপঃ আফিসের ষ্ট্যাম্প বিভাগ এবং রেজিষ্টিউ বোর্ডের লবণ রওয়ানা ও আফিম বিক্রয় বিভাগ ব্যতীত বাঙ্গাল গবর্ণমেণ্টের আর আর আফিসসমূহ এবং বাঙ্গালার সমস্ত রাজস্ব ও ম্যাজিষ্ট্রেট আদালত মুসলমানদিগের পর্ব্ব উপলক্ষে নিম্নলিখিত কয়েক দিন বন্ধ থাকিবে—ইদল ফিতর ৮ই এপ্রেল, (ঐ দিন চাঁদ দেখা না গেলে ৯ই এপ্রেল), ইদুজ্জোতা ১৫ই জুন, (চাঁদ দেখা না গেলে ১৬ই জুন), মহরম ১৩ই ও ১৪ই জুলাই, (৩০ জুলাই চাঁদ দেখা না গেলে ১৪ই

১৫ই জুলাই)। ফতেদোয়াজদা ১৩ই সেপ্টেম্বর ১লা সেপ্টেম্বর সেপ্টেম্বর চাঁদ দেখা না গেলে ১৪ই সেপ্টেম্বর)।

মহারাণীর ভারতস্থ শিল্পী রাম সিংহের উপর প্রাচীন ভারতীয় আসনের আদর্শে ভোজনগৃহের উপযোগী কয়েকখানি আসন নির্ম্মাণ করিবার ভার মহারাণী কর্ত্তৃক দেওয়া হইয়াছে। আসনগুলি ইংলণ্ডে পাঠাইবার পূর্ব্বে পঞ্জাব প্রদর্শনীতে পাঠাইতে হইবে।

কাশ্মীর ও ভরনগরের মহারাজা ও পদ্মকোটের রাজার এই শীতে কলিকাতা দর্শনে আসিবার কথা আছে।

প্রাদেশিক সিভিল সর্ভিসের কার্য্যকরী বিভাগে প্রবেশার্থিদিগের সম্বন্ধে নিয়মাবলী এবং শিবপুর সিভিল ইঞ্জিনিয়ারিং কলেজ সংক্রান্ত নিয়মাবলী গত বুধবারের কলিকাতা গেজেটে প্রকাশিত হইয়াছে।

ইঞ্জিনিয়ারিং পরীক্ষা সম্বন্ধীয় নিয়মাবলীর কিছু কিছু পরিবর্ত্তন হইয়াছে। বিগত ২রা ডিসেম্বরের ইণ্ডিয়া গেজেটে উহা প্রকাশিত হইয়াছে।

[বৈদেশিক] অলিয়ন্সের রাজকুমারী হেলেনের সহিত রুষরাজ পুত্রের বিবাহ হইবে, এরূপ কথা বিলাতের টাইম্‌স্ পত্রিকায় প্রকাশিত হইয়াছে।

পারিস নগরে নূতন মন্ত্রিদল সংগঠিত হইয়াছে।

লণ্ডন সহরে রাজপুরুষগণের নিষেধ সত্ত্বেও এনার্কিষ্টদল একত্রিত হওয়ায় গোলযোগ বাধিয়াছে। সশস্ত্র পুলিশ দ্বারা এই গোল থামাইতে হইতেছে।

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—জঃ মাঃ ও ডেঃ কঃ কক্স সাহেব ১ মাস ২৫ দিনের ছুটী পাইলেন। মেদিনীপুরের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু সুরেশচন্দ্র দাস ৪৫ দিনের ছুটী পাইলেন। গয়ার ডিঃ ও সেঃ জজ ওয়েট সাহেব ২ মাস ২০ দিনের ছুটী পাইলেন। মিঃ লেনক্স রসেল পাটনা বিভাগের আঃ মাঃ ও কঃ নিযুক্ত হইয়া গয়া জেলার সদরে স্থাপিত হইলেন। ছুটীপ্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু অক্ষয়কুমার সেন ঢাকা জেলার সদরে স্থাপিত হইলেন। ছুটীপ্রাপ্ত জঃ মাঃ ও ডেঃ কঃ পোপ সাহেব যশোহর জেলার সদরে স্থাপিত হইলেন। ছুটীপ্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু সচ্চিদানন্দ মুখোপাধ্যায় যশোহর জেলার সদরে স্থাপিত হইলেন। বাখরগঞ্জের ছুটীপ্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায় বর্দ্ধমান জেলার সদরে স্থাপিত হইলেন। ডেঃ মাঃ ও ডেঃ কঃ মার্টিন সাহেব সাঁওতাল পরগণা জেলার সদরে স্থাপিত হইলেন।

শিক্ষা—শিক্ষা বিভাগের প্রতিনিধি ডিরেক্টর মার্টিন সাহেব ৩ মাসের ছুটী পাইলেন। মার্টিন সাহেবের অনুপস্থিতি কালে প্রোথেরো সাহেব রাজসাহী ও বর্দ্ধমান সার্কেলের ইনস্পেক্টরের কার্য্য করিবেন।

বিচার—বাবু দেবেন্দ্রনাথ চৌধুরী বি এল ময়মনসিংহ বাজিতপুরের মুঃ হইলেন। বাবু জয়প্রসাদ পাণ্ডে বি এল পূর্ণিয়া অরারিয়ার মুঃ হইলেন। ফরিদপুর ভাঙ্গার মুঃ বাবু মহেন্দ্রলাল গোস্বামী আর ১ দিনের, ২৪ পরগণা বসীরহাটের মুঃ বাবু তারাপ্রসন্ন ঘোষ ৩৬ দিনের এবং ময়মনসিং বাজিৎপুরের মুঃ বাবু শরচ্চন্দ্র পাল ১ মাসের ছুটী পাইলেন।

উদ্ভট কবিতা।

[৪৩৫]

নষ্টোঽপি দদ্যাদ্ বরটোঽপি দদ্যাৎ,
দদ্যাদ্দ্বিজাতির্গণিকাঽপি দদ্যাৎ।
বৈদ্যোঽপি কিং দাস্যতি যাচকেভ্যো
যো মর্ত্তুকামাদপিহর্ত্তুকামঃ॥

ঢাকা জেলার মধ্য-ইংরাজী পরীক্ষার্থীদিগের নামের তালিকা।

অক্টোবর, ১৮৯৩।

ঢাকা কেন্দ্র।

মধ্য ইংরেজী স্কুল।

* এই চিহ্নিতগণ কেবলমাত্র ইংরাজী ভাষায় উত্তীর্ণ হইয়াছে।

নাম	স্কুলের নাম	যে বিভাগে উত্তীর্ণ।
রামদয়াল ভাণ্ডারী	কোণা	২
সতীশচন্দ্র নাগ	শাক্তা	২
উপেন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায়	রাজারামপুর	২
হরেন্দ্রকুমার রায়	আসলিগোলা জগন্নাথ ব্রাঞ্চ	২
বিন্ধ্যেশ্বরচন্দ্র ঘোষ	মালিকান্দা	*
জগদ্বন্ধু দত্ত	ঐ	*
শীতলাকান্ত গঙ্গোপাধ্যায়	শ্রীনগর	১
যামিনীকান্ত চক্রবর্ত্তী	ঐ	২
সুরেন্দ্রনাথ গুহ	ঐ	২
গোপালচন্দ্র বণিক	ষোলঘর	২
নিশ্মলাকান্ত মুখোপাধ্যায়	কাজিরপাগলা	২
রেবতীমোহন দে	জৈনসার	২
রাজেন্দ্রপ্রসাদ বন্দ্যোপাধ্যায়	ঐ	২
রাজেন্দ্রলাল চৌধুরী	বেলতলী	২
অতুলচন্দ্র বন্দ্যোপাধ্যায়	সানসিদ্ধি ইনষ্টি	৩
মথুরানাথ চক্রবর্ত্তী	ঐ	২
হরেন্দ্রচন্দ্র চক্রবর্ত্তী	ভূপতাদা	*
আনন্দকুমার দাস	আড়াইহাজার	১
শশিমোহন দে	ঐ	*
যতীন্দ্রমোহন চক্রবর্ত্তী	আমিনপুর	২
অবনীমোহন নাগ	বারদী	২
অশ্বিনীকুমার দাস	ঐ	৩
গগনচন্দ্র দত্ত	মদনগঞ্জ	২

মধ্য-বাঙ্গালা স্কুল।

গিরীশচন্দ্র দাস	কায়েতপাড়া	২
জগচ্চন্দ্র রক্ষিত	ঐ	২
মুনীন্দ্রচন্দ্র মুখোপাধ্যায়	হলদিয়া	*
ভূপেন্দ্রপ্রসাদ চক্রবর্ত্তী	প্রাইবেট	*

কালীগঞ্জ কেন্দ্র।

মধ্য ইংরাজী স্কুল।

নিবারণচন্দ্র সেন	আমদীয়া	২

মধ্য-বাঙ্গালা স্কুল।

কামিনীমোহন দাস গুপ্ত	সাটীরপাড়া	*
অমৃতলাল ঘোষ	ঐ	৩

মুন্সীগঞ্জ কেন্দ্র।

মধ্য-ইংরাজী স্কুল।

উপেন্দ্রনাথ দে	ফেরিঙ্গিবাজার	১
গোপালচন্দ্র বণিক	ঐ	*
রাজেন্দ্রকুমার অমনলী	আবদুল্লাপুর	২
নিকুঞ্জবিহারী চক্রবর্ত্তী	ঐ	১
বিনোদবিহারী রায়	সোণারঙ্গ	১
মনোমোহন দে	ঐ	৩
সুরেন্দ্রনাথ বসু	রাউৎভোগ	১
দুর্গামোহন বন্দ্যোপাধ্যায়	ঐ	১
শরচ্চন্দ্র চক্রবর্ত্তী	স্বর্ণগ্রাম রাধানাথ	২

চিন্তাহরণ চক্রবর্ত্তী	ঐ	২
মতিলাল গঙ্গোপাধ্যায়	ঐ	২
শরচ্চন্দ্র ঘটক	ঐ	৩
শশিকান্ত রায়	সহর	২
নিশিকান্ত রায়	ঐ	২

মধ্য-বাঙ্গালা স্কুল।

সুরেন্দ্রকুমার সেন (২নং)	পূর্ব্বশিমুলিয়া	*
রাজেন্দ্রলাল আইচ	ঐ	১

মাণিকগঞ্জ কেন্দ্র।

মধ্য-ইংরেজী স্কুল।

দীনবন্ধু ভট্টাচার্য্য	ধানকোড়া	২
অবিনাশচন্দ্র ভট্টাচার্য্য	ঐ	১
ঘাঘাচরণ বিশ্বাস	লটাখোলা	৩
সচ্চিদানন্দ গোস্বামী	উথলী	২
ললিতমোহন বসাক	সিঙ্গাইর	২
রজনীকান্ত বসাক	ঐ	*

যাহারা মধ্য ইংরাজী পরীক্ষা দিয়া মধ্য-বাঙ্গালা পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে তাহাদিগের নাম।

সুরেন্দ্রকুমার ঘোষ	ঘোলঘর ম, ই স্কুল	৩
রাইমোহন ধর	বেলতলী ঐ	৩

ঢাকা জেলার মধ্য-বাঙ্গালা পরীক্ষার্থীদিগের নামের তালিকা।

অক্টোবর, ১৮৯৩।

কালীগঞ্জ কেন্দ্র।

মধ্য-বাঙ্গালা স্কুল।

যতীন্দ্রনাথ রায়	পাচদোনা সার্কেল	২
বিনয়চন্দ্র দাস	ঐ	৩
দুর্গামোহন দাস	ঐ	২
মনোরঞ্জন ভট্টাচার্য্য	শীলমান্দী	২
আবদুল ছাইদ	ঐ	৩
আনন্দমোহন সুবর্ণবণিক	ভোলাব সার্কেল	১
হরিদাস চক্রবর্ত্তী	মাটীরপাড়া	৩
সেখ ইসমাইল	গয়েশপুর সার্কেল	৩
রাজমোহন চট্টোপাধ্যায়	ঐ	৩
শরচ্চন্দ্র বিশ্বাস	ব্রাহ্মণ গাঁ	৩
প্রাণনাথ ঘোষ	ঐ	৩
প্রসন্নকুমার দাস	ঐ	৩
প্রসন্নকুমার ভট্টাচার্য্য	বক্তারপুর	৩
নরেন্দ্রনারায়ণ রক্ষিত	বাড়িয়া	২
নীলমণি সিংহ	ঘোড়াধাল	৩
জগবন্ধু দত্ত	মালিতা	২
প্যারীমোহন দাস	ঐ	২

নারায়ণগঞ্জ কেন্দ্র।

মধ্য-বাঙ্গালা স্কুল।

হরিনাথ পোদ্দার	পানাম	৩

মুন্সীগঞ্জ কেন্দ্র।

মধ্য ইংরাজী স্কুল।

শরচ্চন্দ্র বণিক	ফেরিঙ্গীবাজার	২
জানকীনাথ দে	ঐ	২
জগেন্দ্র দত্ত	সোণারঙ্গ	৩
তারাপচন্দ্র দত্ত	ঐ	৩
তারাপচন্দ্র গঙ্গোপাধ্যায়	রাউৎভোগ	১
লালমোহন দাস	স্বর্ণগ্রাম রাধানাথ	৩
দর্পনাথ চক্রবর্ত্তী	বাণারি	২
মুকুন্দলাল শীল	ঐ	৩
আশ্রফ আলি চৌধুরী	ঐ	৩
অশ্বিনীকুমার সেন	ঐ	৩

মধ্য বাঙ্গালা স্কুল।

গঙ্গাগোবিন্দ দত্ত গুপ্ত	পূর্ব্বশিমুলিয়া	২
রাজেন্দ্রচন্দ্র দে	তেলীরবাগ	২
যামিনীকুমার পাল	ঐ	২
জানকীনাথ কণ্ডু	পুরুষা	২
জ্ঞানচন্দ্র মণ্ডলী	ঐ	৩
পূর্ণচন্দ্র তলাদার	বালিগাঁ	২
আবিদ মুন্সী	ঐ	৩
ললিতমোহন চক্রবর্ত্তী	ঐ	৩
অতুলচন্দ্র সেন গুপ্ত	কমলানগর সার্কেল	৩
আক্রম আলি খাঁ	ঐ	২
জয়েজয় পাল	ঐ	৩
নিবারণচন্দ্র চক্রবর্ত্তী	গারুড়গাঁ সার্কেল	৩
রসিকচন্দ্র ঘটক	পাঁচগাঁ সার্কেল	২
সীতানাথ মণ্ডলী	নয়না সার্কেল	৩
রমণীকান্ত দাস	ঐ	৩
ললিতমোহন চক্রবর্ত্তী	আউটসাহী সার্কেল	৩
দেবেন্দ্রচন্দ্র কর্ম্মকার	বজ্রযোগিনী	১
জ্ঞানেন্দ্রচন্দ্র ঘোষাল	ঐ	২
অশ্বিনীকুমার বসু	ঐ	৩
দেবেন্দ্রচন্দ্র গুহ	ঐ	২
রজনীকান্ত দে	ঐ	২

মাণিকগঞ্জ কেন্দ্র।

মধ্য-ইংরাজী স্কুল।

নলিনীমোহন ভট্টাচার্য্য	লটাখোলা	২
উমাচরণ চুনিয়া	ঐ	২
রাজকুমার সরকার	উথলি	২
রাজেন্দ্রমোহন সরকার	সিঙ্গাইর	৩
বসন্তকুমার গুহ	মূলবর্গ	২
কেদারনাথ ব্রহ্মচারী	মালুচী	৩

মধ্য-বাঙ্গালা স্কুল।

নৃপেন্দ্রলাল চক্রবর্ত্তী	বায়রা	৩
রজনীকান্ত সরকার	নরগ্রাম	২
হেমচন্দ্র দে	ঐ	২
গোপালচন্দ্র দাস	ঐ	৩
রাসবিহারী সরকার	বিয়র	৩
রজনীকান্ত গুহ	ঐ	৩
গয়ানাথ সরকার	শ্রীবাড়ী	৩
শ্রীনাথ বিশ্বাস	ঐ	২
অনাথবন্ধু চক্রবর্ত্তী	কৃষ্ণপুর	৩
উমেশচন্দ্র ঘোষ	ঐ	৩
অক্ষয়কুমার দাস	লক্ষ্মীকুল	৩
রমণীমোহন চন্দ	আটিগ্রাম সার্কেল	২
শ্যামাচরণ সাহা	কাঠিগ্রাম ঐ	১
মনোমোহন সাহা	ঐ	১
পূর্ণচন্দ্র সূত্রধর	ঐ	২
আবদুল হাকিম	ঐ	২
যোগেন্দ্রকুমার বসু	কৃষ্ণপুরা	২
গোপালচন্দ্র বণিক্য	ভরা সার্কেল	১
যোগেন্দ্রনাথ চক্রবর্ত্তী	ঐ	২
অমৃতলাল গুহ	ঐ	৩
মাণিকচন্দ্র সাহা	বানিয়াজুরী	৩
বিপিনবিহারী বসু	ঐ	২
ত্রৈলোক্যনাথ দে	ঐ	৩
বিপিনবিহারী সাহা	ঐ	৩
লক্ষ্মীকান্ত দ	পেঁচারকান্দা	২
পূর্ণচন্দ্র সরকার	ঐ	২
হেমচন্দ্র কর	ঐ	৩
গয়ানাথ শীল	ভাটরা সার্কেল	২
মহম্মদ আলিমুদ্দিন	আমতা ঐ	১
হরেন্দ্রকুমার সাহা	ঐ	২
মহম্মদ ওলিমুদ্দিন	ঐ	৩
মহম্মদ যবেদালী	ঐ	২

১৮৯৩ সালের মধ্য ইংরাজী ছাত্রবৃত্তি পরীক্ষার ফল।

প্রেসিডেন্সী বিভাগ।

কলিকাতা।

পারদর্শিতানুসারে।

প্রথম বিভাগ।

গিরিভূষণ গাঙ্গুলী	প্রাইবেট	
কুমারেশচন্দ্র বন্দ্যোপাধ্যায়	আহিরীটোলা বাং পাঠশালা	
বসন্তকুমার চট্টোপাধ্যায়	বহুবাজার ম বা	
নগেন্দ্রনাথ দাস	আহিরীটোলা বাং পাঠশালা	
কুমুদকান্ত সেন	ঐ	

দ্বিতীয় বিভাগ।

সতীশচন্দ্র লাহিড়ী	শ্যামবাজার ম বা	
মন্মথনাথ ভট্টাচার্য্য	বহুবাজার ঐ	
অধরচন্দ্র মিত্র	প্রাইভেট	
হরিধন চট্টোপাধ্যায়	বহুবাজার ম বা	
এস এম আবদুল হামিদ	প্রাইভেট	
বিনয়কৃষ্ণ মতিলাল	বহুবাজার ম বা	
সুরেন্দ্রনাথ ঘোষ	ঐ	
অনুকূলচন্দ্র নন্দী	ঐ	
পূর্ণচন্দ্র বসাক	কলিকাতা মডেল, ইং বিভাগ	
কালীপ্রসন্ন মুখোপাধ্যায়	প্রাইভেট	

জ্যোতিঃপ্রকাশ গাঙ্গুলী খিদিরপুর সেণ্ট বর্ণাবাস ম ইং
মীর্জ্জারহমৎ আলি প্রাইভেট
জন বিনয়বল্লভ বিশ্বাস খিদিরপুর সেণ্ট বর্ণাবাস ম ই

তৃতীয় বিভাগ।

অক্ষয়চরণ মুখোপাধ্যায় খিদিরপুর সেণ্ট বর্ণাবাস ম ই
হরিপদ চট্টোপাধ্যায় বহুবাজার ম বা
পার্ব্বতীনাথ দত্ত কলিকাতা মডেল ইং বিভাগ
অনাথনাথ দত্ত ঐ
উপেন্দ্রনাথ দাস ঐ
পঞ্চানন মুখোপাধ্যায় বহুবাজার ম, বা
মহম্মদ ফেজ প্রাইভেট
দ্বিজেন্দ্রনাথ মিত্র চেতলা গোপালনগর ম ই
সুরঞ্জনমোহন ঘোষ প্রাইভেট

কেবল বাঙ্গালা বিষয় গুলিতে উত্তীর্ণ

দ্বিতীয় বিভাগ।

গোপীকান্ত রায় আহিরীটোলা বাং পাঠশালা

তৃতীয় বিভাগ।

প্রমথনাথ সেন চক্রবেড়িয়া ম বা
রামশশী চৌধুরী চেতলা গোপালনগর ম ই

কেবল ইংরাজিতে উত্তীর্ণ।

উপেন্দ্রনাথ মিত্র কলিকাতা মডেল ইং বিভাগ

যশোহর।

পারদর্শিতানুসারে।

প্রথম বিভাগ।

কুঞ্জবিহারী কর্ম্মকার লক্ষ্মীপাসা ম ই
রামলাল কাঞ্জিলাল ইটনা ঐ
নরেন্দ্রনাথ ভট্টাচার্য্য মন্দারডাঙ্গা ঐ
তারাপদ্র গাঙ্গুলী মাদিবেড়িয়া ঐ
মতিলাল মুখোপাধ্যায় ইটনা হিতসাধিনী ঐ
ধীরেন্দ্রনাথ ঘোষ বিদ্যানন্দকাটী ঐ
রঞ্জনীকান্ত ঘোষ গাঁড়াপোতা ম বা

দ্বিতীয় বিভাগ।

মহেন্দ্রনাথ বিশ্বাস জোড়াদা ম ই
পরেশনাথ ঘোষ ফুলারি ঐ
অন্নদাপ্রসন্ন মুখোপাধ্যায় শ্যামকুড় ঐ
বিরিঞ্চিলাল কর্ম্মকার ফুলারি ঐ
জীবনকৃষ্ণ সরকার মন্দারডাঙ্গা ঐ
পূর্ণচন্দ্র রায় চৌধুরী বিদ্যানন্দকাটী ঐ

{ শিশিরকুমার ঘোষ ঐ
{ কৃষ্ণলাল বসু ইটনা ম ই
দুর্গাদাস বসু সিদ্ধিপাশা বারুইপাড়া ঐ
কালীপ্রসন্ন দাস ইটনা ঐ
নকুলেশ্বর ঘোষ সুখপুকুরিয়া ঐ
বিজয়কৃষ্ণ মুখোপাধ্যায় বসুন্দিয়া ঐ
উপেন্দ্রনাথ ঘোষ ঐ
সরোজকান্ত চট্টোপাধ্যায় গাঁড়াপোতা ম বা
কেশবলাল সরকার লক্ষ্মীপাশা ম ই
উপেন্দ্রনাথ রায় ইটনা হিতসাধিনী ঐ
যোগেন্দ্রনাথ অধিকারী মহেশখোলা ঐ
কুমুদলাল মুখোপাধ্যায় লক্ষ্মীপাশা ঐ
রাজেন্দ্রনাথ ঘোষ হরিশঙ্করপুর ম বা
বরদাকান্ত বিশ্বাস বেণীপুর ম ই

তৃতীয় বিভাগ।

অঘোরনাথ ঘোষ হরিশঙ্করপুর ম বা
মক্‌সিদ আলি বিশ্বাস সুন্দরপুর ম ই
ভোলানাথ দত্ত বেণীপুর ঐ
{ নগেন্দ্রনাথ বসু ভাতুড়িয়া ঐ
{ রসিকলাল দত্ত সেখাটী ঐ
দুর্গাচরণ দাস ইটনা ঐ
বৈদ্যনাথ ঘোষ মন্দারডাঙ্গা ঐ
বিধুভূষণ চক্রবর্ত্তী সিদ্ধিপাশা বারুইপাড়া ঐ
কিরণচন্দ্র মিত্র শৈলকুপা ঐ

কেবল বাঙ্গালা বিষয় গুলিতে উত্তীর্ণ

তৃতীয় বিভাগ।

নগেন্দ্রনাথ মুখোপাধ্যায় মাধবপুর (দিগুড়ী)
তারাচরিচরণ চট্টোপাধ্যায় ঐ
বিধুভূষণ সাহা ভাতুড়িয়া ম ই
জসিস্‌ম উদ্দীন বিশ্বাস শৈলকুপা ঐ
বনমালী বসু হরিণাকুণ্ডু ঐ
যোগেন্দ্রনাথ সরকার মাদলা ঐ

কেবল ইংরাজীতে উত্তীর্ণ

ভোলানাথ মজুমদার প্রাইভেট

মুরসিদাবাদ।

পারদর্শিতানুসারে।

প্রথম বিভাগ।

কানাইলাল ঘোষ পাতকুয়াবাড়ী ম ই
যোগীন্দ্রনাথ সেন আরাঙ্গাবাদ ঐ
ব্রজবিহারী চক্রবর্ত্তী ইরোয়ালি ঐ

রজনীকান্ত বিশ্বাস তালিবপুর ঐ
রাধাগোবিন্দ ঠাকুর পাতকুয়াবাড়ী ঐ

দ্বিতীয় বিভাগ।

দুকড়ি ঠাকুর তালিবপুর ম ই
অনুকূলচন্দ্র চট্টোপাধ্যায় আজিমগঞ্জ ডুমকাল ঐ
পূর্ণচন্দ্র কর্ম্মকার আজিমগঞ্জ ধনপৎ ঐ
সত্যসিন্ধু সিংহ বেলিয়া ঐ
কালীপদ সরকার ডুপুকুরিয়া ঐ
মন্মথনাথ রায় ধুলিয়ান ঐ
অরুণোদয় মজুমদার ভগীরথপুর ঐ

তৃতীয় বিভাগ।

গৌরগোপাল সিংহ বেলিয়া ম ই
আইয়ারেশ আলি তালিবপুর ঐ
হরিচরণ কর্ম্মকার আজিমগঞ্জ ধনপৎ ঐ
ভবানীচরণ চৌধুরী ভগীরথপুর ঐ
সুশীলকান্ত সিংহ বেলিয়া ঐ

কেবল বাঙ্গালা বিষয় গুলিতে উত্তীর্ণ

তৃতীয় বিভাগ।

ব্রজেন্দ্রকুমার আচার্য্য বেলিয়া ম ই

কেবল ইংরাজীতে উত্তীর্ণ

সুন্দরলাল ঘোষ জঙ্গীপুর ঊ ইং
চণ্ডীদাস সিংহ ঐ
রমণচন্দ্র চট্টোপাধ্যায় ঐ

ছোটনাগপুর বিভাগ।

হাজারিবাগ।

পারদর্শিতানুসারে।

দ্বিতীয় বিভাগ।

প্যারীমোহন চৌধুরী রামগড় ঊ প্র।

তৃতীয় বিভাগ।

মন্মথনাথ চট্টোপাধ্যায় খানোয়ার ম ই
লট্টনরাম সোনার ইচক ঐ

লোহারডাগা।

পারদর্শিতানুসারে।

প্রথম বিভাগ।

বঙ্কিমদাস বন্দ্যোপাধ্যায় রাঁচি সেণ্টপল
বিষণপ্রসাদ লোহারডাগা ম ই

দ্বিতীয় বিভাগ।

জন ইমানুয়েল রাঁচি সেণ্টপল
মীর্জ্জা আবুলফজল লোহারডাগা ম ই

তৃতীয় বিভাগ।

মঙ্গিহ চরণ — রাঁচি সেণ্টপল
সেখ কুরবান আলি — লোহারডাগা ম ই
ধনকুমার — রাঁচি সেণ্টপল

কেবল বাঙ্গালা বিষয় গুলিতে উত্তীর্ণ

দ্বিতীয় বিভাগ।

মুদাফ — রাঁচি বর্লিন মিসন
পাত্রাশ — ঐ

সিংহভূম।

পারদর্শিতানুসারে।

কেবল ইংরাজীতে উত্তীর্ণ

ফকিরচাঁদ দাস — যহড়াগড়া ম ই
আশুতোষ বিশ্বাস — ঐ

মানভূম।

পারদর্শিতানুসারে।

প্রথম বিভাগ।

চারুচন্দ্র সরকার — রঘুনাথপুর ম ই
শশিভূষণ গণ্টাইট — বনরা ঐ

দ্বিতীয় বিভাগ।

পঞ্চানন সরকার — বড়বাজার ম ই
ইন্দ্রনারায়ণ বন্দ্যোপাধ্যায় — রঘুনাথপুর ঐ

তৃতীয় বিভাগ।

অতুলচন্দ্র সেন — মানবাজার ঐ
ভূষণচন্দ্র মুখোপাধ্যায় — বড়বাজার ঐ

কেবল ইংরাজীতে উত্তীর্ণ

Wanted a B A or a plucked B A on Rs 35 as 2nd teacher, an F A on Rs 25 as 3rd teacher an English knowing Pundit on Rs 20 as Hd, Pandit and two lower teachers who have passed the Entrance Examination on Rs 15 and Rs 12 as 5th and 6th teachers respectinely for the Nilphamari H. E. School. Apply to Babu Rajani Kanta Sarkar, Secretary, Nilphamari H. E. School (N. B. S. R.)

Wanted a Mistress who knows needle work well and is fit to teach up to the U P standard for the nowagong Girls School on Rs 10 per month. Ganendra Nath Pal, Sub Divisional officer, Nogagon, Dt. Rajshahi.

Wanted a Head Master for the Bihar H. C. E. School, Salary Rs 100 per mensem. Applications will be received up to the 12 March 1894. M. N. Gupta President School Committee.

Wanted an Entrance passed experienced Brahmin or a Kayastha Second Master for the Munshiganj M E School on Rs 15. Apply to Hari Nath Biswas, Secretary, Munshiganj M. E, School. Dt. Nadia.

Wanted an Entrance Passed teacher for my School on Rs 14 per month, Apply sharp with copies of testimonials to Babu Dino Bondhu Chackravarty, Secretary, Banary M C E School, Po. Bidganda, Dt. Dacca.

Wanted a graduate strong in Mathematics as Assistant Hd, Master of the Raniganj H E School, Dt Burdwan, on Rs 40 a month. Apply to the Secretary S. K. Chaudhuri.

Wanted an experienced Inspector for Supervising the work of amins in a Tenancy act Survey on Rs 30 a month and employment for above 2 months. Applicants possessing previous experience of Tenancy Act Surveys will be preferred. Apply Within February 21st to the Sub Divisional officer, Sirajganj.

কুড়িগ্রাম বিভাকর প্রেসের জন্য দ্রুত ও নির্ভুল কম্পোজসক্ষ একজন কম্পোজিটর আবশ্যক। বেতন আপাততঃ ১০৲ টাকা। শ্রীমদনমোহন চৌধুরী, রেল অফিস, কুড়িগ্রাম, রংপুর।

আমার জমিদারীর অন্তর্গত কয়েক খানি গ্রাম কম্পাশ দ্বারা ক্ষেত্রবন্টক জরীপ করিবার জন্য মাসিক ১৫৲ টাকা বেতনে জমিপ কার্য্যে পারদর্শী একজন আমিনের আবশ্যক। শ্রীশিবিকা প্রসন্ন মুখোপাধ্যায়, জমিদার গোবরডাঙ্গা, গোবরডাঙ্গা পোষ্ট, জেলা ২৪ পরগণা।

নিজ ব্যয়ে ঔষধাদি সংগ্রহ করতঃ অন্ততঃ গয়হাটা জমিদার বাড়ীর পারিবারিক চিকিৎসায় নিযুক্ত থাকিয়া স্বাধীন ভাবে বাহিরেও চিকিৎসা করিতে সক্ষম এমত জনৈক গবর্ণমেণ্টের ডিপ্লোমা-প্রাপ্ত নেটিভ ডাক্তারের প্রয়োজন। তিনি জমিদার সরকারে ঔষধাদির মূল্য ব্যতীত পারিশ্রমিকাদি বাবত মাসিক ৮৲ টাকা বেতন, ও উপযুক্ত স্থান এবং গৃহ পাইবেন। শ্রীহরিচরণ মজুমদার নায়েব, পোঃ গয়হাটা, টাঙ্গাইল।

জেলা বাঁকুড়া বেলুই পোষ্ট বাঁকপুর স্কুলের জন্য ১০৲ টাকা বেতনে নর্ম্মাল ত্রৈবার্ষিক পণ্ডিত এক জন এবং ৯৲ টাকা বেতনে ভাল ইংরাজী জানা জনৈক ইংরাজী মাষ্টারের আবশ্যক, বাসা ভাড়া, কাষ্ঠ ও তরকারি উভয়েই প্রাপ্ত হইবেন। মেনেজার, শ্রীযুক্ত বিহারীলাল সরকার।

জেলা হুগলি বিদ্যাটী স্কুলের জন্য নর্ম্মাল ত্রৈবার্ষিক পাস অথবা কেস অভিজ্ঞ কায়স্থ দ্বিতীয় পণ্ডিতের প্রয়োজন। মাসিক বেতন ১০৲ দশ টাকা। প্রাইভেটে ৩।৪টী ছাত্রকে পড়াইতে পারিলে আহার ও বাসস্থান প্রাপ্ত হইবেন। শ্রীকিশোরীমোহন রায়, ম্যানেজার। পোষ্ট ভদ্রেশ্বর, জেলা হুগলি।

জেলা বর্দ্ধমানের অন্তর্গত আন্দাপুর ম ই স্কুলের জন্য একজন এণ্ট্রান্স পাস করা হেড মাষ্টার প্রয়োজন। মাসিক বেতন স্কুল হইতে ১০৲ দশ টাকা, ব্রাঞ্চ পোষ্ট আফিসে কার্য্যের ৫৲ ও স্থানীয় প্রাইভেট টুইসনে ৩৲ একুনে ১৮৲ টাকা পাইবেন। শ্রীভূতনাথ ঘোষ, সম্পাদক। ২১নং সিমলা ষ্ট্রীট, কলিকাতা।

ছাত্রখালি।

Wanted 18 boys (6 for the 2nd, 6 for the 3rd and 6 for the 4th class) for the Ranaghat Training Institution. The charge including boarding lodging, private tuition and school fees will be Rs 6 only per head per month. The same for a Middle English Scholarship holder will be Re 3 only per head per month. An M B doctor of good practice and reputation will daily attend the boys gratis. The teaching staff consists of efficient graduates and undergraduates of educational experience. Apply before 7th March next. to Sushil Kumar Bose, Suptd. Ranaghat Training Institution.

আগামী বর্ষে মধ্য বাং পরীক্ষা দিতে সক্ষম দুইটী ছাত্রের প্রয়োজন। সেক্রেটরী জামগ্রাম স্কুল হলছোবা মণ্ডলাই পোষ্ট জেলা হুগলি।

অত্র বিদ্যালয়ে আগামী ১৮৯৪ সনের মাইনর পরীক্ষা দিতে সক্ষম এরূপ একটী ব্রাহ্মণ অথবা কায়স্থ ছাত্রের আবশ্যক। বেতন ও খোরাকী প্রভৃতি লাগিবে না। উপযুক্ত বোধ হইলে পুস্তকের সাহায্যও করা যাইতে পারে। শ্রীহরদয়াল রায় সেক্রেটরী, বোদা মধ্য ইংরাজী স্কুল, পোঃ বোদা, জিলা জেনার—এন, বি, এস, রেলওয়ে জেলা জলপাইগুড়ি।

পুকুনী মজুমদার মধ্য ইংরেজী স্কুলে বর্ত্তমান বর্ষে মাইনার পরীক্ষার্থী ২টী ও ছাত্রবৃত্তি পরীক্ষার্থী ২টী ছাত্রের প্রয়োজন। থাকিবার স্থান ও আহারাদি দেওয়া যাইবে, এবং অবস্থানুসারে ফ্রি ভর্ত্তিও করা যাইতে পারে। ব্রাহ্মণ ও কায়স্থ হইলেই ভাল হয়। শ্রীদীনেশচন্দ্র মিত্র মজুমদার সহকারী সম্পাদক, পুকুনী মজুমদার স্কুল, পোষ্ট দৌলতপুর, পাবনা।

৺ বিশ্বনাথ বৃত্তি।

ভারতবর্ষ মহামণ্ডলীর মুখ্যতম উদ্দেশ্যের অনুসরণ করিয়া ৺ বিশ্বনাথ চতুষ্পাঠীতে বার্ষিক পঞ্চাশৎ টাকা পরিমাণে এক একটী করিয়া আর কয়েকটী বৃত্তি স্থাপিত হইয়াছে। যে যে চতুষ্পাঠীতে বেদান্তাদি দর্শন শাস্ত্র অথবা প্রাচীন ও নব্যস্মৃতি অধ্যাপিত হয়, সেই সেই চতুষ্পাঠীতে এই বৃত্তিগুলি দেওয়া যাইবে। অধ্যাপক ইচ্ছা করিলে ঐ বৃত্তি ত্রৈমাসিক বা ষাণ্মাসিক বা বার্ষিকরূপে গ্রহণ করিতে পারিবেন। ছাত্রদিগের বিদ্যাবত্তা ও সচ্চরিত্রতা সম্পাদন ভিন্ন অধ্যাপক মহাশয়দিগকে অপর কোন নিয়মের অধীন হইতে হইবে না। যে সমস্ত অধ্যাপক বৃত্তি লইতে ইচ্ছা করিবেন, তাঁহারা অথবা তাঁহাদিগের হিতাকাঙ্ক্ষীরা অধ্যাপকের নাম ধাম ছাত্রসংখ্যা ও প্রত্যেক ছাত্রের অধীতব্য বিষয় লিখিয়া আমাকে সংবাদ দিবেন।

চুঁচুড়া বিশ্বনাথ চতুষ্পাঠীর
অধ্যাপক শ্রীহরিনাথ স্মৃতিভূষণ।

নূতন পুস্তক।

আয়ুর্ব্বেদীয় ধাত্রীবিদ্যা।

যাঁহারা বিলাতী ধাত্রীবিদ্যা পাঠে মুগ্ধ হইয়া থাকেন তাঁহারা একবার এই দেশীয় ধাত্রীবিদ্যা খানি পাঠ করিয়া দেখিতে পারেন। গর্ভ গ্রহণ হইতে সন্তানের অন্নপ্রাশন পর্য্যন্ত গর্ভিণী, প্রসূতি এবং সন্তানের যাবতীয় পীড়ার নিদান লক্ষণ এবং চিকিৎসার বিষয় এই পুস্তকে সুন্দররূপ বর্ণিত হইয়াছে। এই পুস্তকের সাহায্যে গৃহিণীগণ আপনা হইতেই ঐ সকল রোগের প্রতীকার করিতে পারেন। হিন্দুপরিবারের হাতে হাতে ইহার এক এক খানি গ্রন্থ থাকা প্রয়োজন। মূল্য ১৷৷০ টাকা স্থলে ১৲ টাকা করা হইয়াছে। ডাক মাশুল ও ভি: পি: খরচা ।০ মাত্র। গ্রাহকগণ সত্বর হউন। পুস্তক অল্পমাত্র আছে।

শ্রীপ্রসন্নচন্দ্র মৈত্রেয় কবিরাজ।
জলপাইগুড়ি দীনবাজার।

৮২৩ নং

শান্তি আশ্রম।

৬৪ মুক্তাপুর ষ্ট্রীট, কলিকাতা।

হাঁপানি কাশির মহৌষধ।

রাসায়নিক অভ্রভস্ম—সপ্তাহ ।৵০

যে প্রকার হাঁপ হউক না কেন, কিম্বা গলার মধ্যে সাঁই সাঁই বা ঘড়ঘড়ানি শব্দ, বক্ষঃস্থল বেদনা বা সামান্য শ্রমে দুর্ব্বল বোধ এমন কি হাঁপের জন্য অস্থির হইয়া আহার নিদ্রা পরিত্যাগ করিতে হয় তাহাদের পক্ষে ইহা অমোঘ মহৌষধ। সপ্তাহ ব্যবহারে বিশেষ ফল দর্শে।

২। পার্ব্বতীয় বিষ্ফল—মূল্য ॥৵০

আমাশয় ও রক্তামাশয়ের অব্যর্থ মহৌষধ। এক দিবস ব্যবহারে রক্ত বন্ধ ও ৩৪ দিবসে সম্পূর্ণ আরোগ্য হয়। আরও ইহা বৃদ্ধ ও অহিফেন সেবনকারীর উদরাময়ে বিশেষ ফল দর্শে।

৩। অম্লনাশক চূর্ণ—সপ্তাহ ॥৵০

ইহাতে অম্লপিত্ত, অম্লশূল, বুক জ্বালা, পেট জ্বালা, মাথা ঘোরা, বমন, অজীর্ণ, অম্লিয়াক্ষ প্রভৃতি সম্পূর্ণ আরোগ্য হয়।

৪। শান্তি মলম—মূল্য ১৲

ইহা উপদংশ, বাঘির ঘা, পোষ বা পচা ঘা, এবং পারার ঘায়ের অদ্বিতীয় মহৌষধ। কোন প্রকার বিষাক্ত পদার্থ নাই কেবল গাছ গাছড়ার প্রস্তুত।

প্যাকিং চার্জ্জ নাই, ভাঃ মাঃ ও ভিঃ পিঃ স্বতন্ত্র।

এই আশ্রমে আয়ুর্ব্বেদীয় ও অন্যান্য মতে প্রস্তুত সর্ব্ববিধ ঔষধালয়ের তৈল ও ঔষধ পাওয়া যায়। রোগী স্বয়ং আসুন বা রোগের অবস্থা লিখুন।

কবিরাজ শ্রীগজেন্দ্রনাথ গুপ্ত।

ওলাউঠা রোগের অব্যর্থ মহৌষধ।

উপযুক্ত সময় এই সকল ঔষধ সেবন করাইতে পারিলে ওলাউঠা রোগগ্রস্ত কাহারও মৃত্যু হইবে না। পঞ্চদশ বৎসর পর্য্যন্ত ক্রমাগত পরীক্ষা করিয়া সাধারণের উপকারের জন্য আজ প্রকাশ করা যাইতেছে। যাঁহারা হোমিওপ্যাথী মতের

পক্ষ সমর্থনকারী ঔষধ দ্বারা ইহা পরীক্ষা করিয়া দেখিতে পারেন। ৪ প্রকারের ৪ সপ্তাহ ঔষধের মূল্য ৩৸০, ডাক মাশুলাদি ।৵০। প্যাকিং খরচে ৵০ অতিরিক্ত পাঠাইলে পরীক্ষার জন্য বিনামূল্যেও ব্যারিং ডাকে ঔষধ পাঠান যাইতে পারে। কিন্তু একবারের অধিক বিনামূল্যে কোন গ্রাহকে ঔষধ পাঠান যাইবে না।

শ্রীপ্রসন্নচন্দ্র মৈত্রেয় কবিরাজ।
গলপাই গুড়ি দীনবাজার।

৮২৫ নং

আইন! আইন!! আইন!!!

ছাত্রবৃত্তি বা মাইনর বা এণ্ট্রেন্স পরীক্ষায় উত্তীর্ণ হইলে মোক্তারী ও রেভিনিউ পরীক্ষা দেওয়া যায়। ১৮৯৪ ও ১৮৯৫ সালের মোক্তারী পরীক্ষার আসল নজীর ও টীকা সহিত নূতন সংস্করণ ডবল কাগজে মূল্য মায় মাশুল ১৫৸০; ঐ নামমাত্র নজীর ও টীকা কেবল মূল আইনের সমষ্টি মায় মাশুল ১০৸০; রেভিনিউ পরীক্ষার সমস্ত আইন মায় মাশুল ৪৸০ ৫০ আনার টিকিট পাঠাইলে ১৮৮০ সাল হইতে ১৮৯১ অব্দি মোক্তারী পরীক্ষার প্রশ্ন লিপি ও নিয়মাবলি পাঠান হয়। শ্রীসতীশচন্দ্র মুখোপাধ্যায় ২১ নং রাজা নবকৃষ্ণ ষ্ট্রীট, কলিকাতা।

৮২৭ নং

মনোমোহন লাইব্রেরিতে

Complete—খণ্ডে নয়, সম্পূর্ণ ব্যাখ্যা প্রস্তুত।

KEY TO LETHBRIDGE's EASY SELECTIONS.

বিদ্যাসাগর মহাশয়ের মেট্রপলিটান ইনষ্টিটিউসনের বি, ক্লাসের পূর্ব্ব প্রধান শিক্ষক সুপ্রসিদ্ধ অর্থপুস্তকাদি প্রণেতা বাবু তুলসীদাস মুখোপাধ্যায় এম, এ, প্রণীত। ১৮৯৫ সালের ইংরাজী মাইনর কোর্সের সমুদয় গদ্যের উৎকৃষ্ট ব্যাখ্যা। কলিকাতার সমস্ত প্রধান পুস্তক-বিক্রেতার দোকানে প্রাপ্য। মূল্য ৸০ বার আনা মাত্র।

বসু এণ্ড কোং, ২০৩।১ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

৮২৩ নং

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸০ বার আনা, ডাঃ মাঃ ।০ এক আনা। এখানি ১৮৯৪ অব্দের মাইনর পরীক্ষায় ইংরাজী সাহিত্যের অন্তর্ভুক্ত ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহাতে বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গদ্য হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ৵০ আট আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
সংস্কৃত প্রেসডিপজিটরি।
১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বলবীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রিজাগরণ, অতিরিক্ত পান-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা-হাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, যন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত।

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, যুবযুবে জ্বর, প্লীহা-যকৃৎ-কোলা-কাশিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দীর্ঘকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকায় সে জ্বর সহজেই যায়। কিন্তু ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। অন্ত সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্পদিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আমার সেই একই ঔষধ অতি সামান্য রোগও আরাম হয়। বিধাতার বিচিত্রবিধান বুঝা ভার।

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন। প্লীহা জ্বর-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগীকে এই এক ৩নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

	বটিকার সংখ্যা,	মূল্য,	ডাঃমাঃ,	প্যাকিং
১নং কৌটা	১৮	৷৷৵০	।০	৵০
২নং কৌটা	৩৬	১৵০	।০	৵০
৩নং কৌটা	৫৪	১৷৷৵০	।০	৵০

ভ্যালুপেয়েল কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।
১২ নং মৃজাপুর ষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা।

৩৭৪নং

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৯ বৎসর উহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-বলের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার সেবনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সদ্য-ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনা ব্যয়ে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৲ টাকা, প্যাকিং ।০ আনা

২ শিশি একত্রে লইলে খরচা ৷৵০ আনা স্বতন্ত্র হয়। শ্রীকালীদাস সরকার।

গবর্ণমেণ্ট পেন্সনার—লক্ষ্ণৌ।

৮৭৩নং

মূল্য ।০ **মঞ্জরী বিকাশ।** ডাঃ মাঃ ৵০

অপার প্রাইমারী পরীক্ষার কবিতামঞ্জরীর অর্থপুস্তক।

শব্দার্থ, ব্যাকরণ, ব্যাখ্যা ও আদর্শ প্রশ্ন সম্বলিত।

কলিকাতার প্রধান প্রধান পুস্তকালয়ে প্রাপ্তব্য।

৮২০ নং

মাইকেল মধুসূদন দত্তের

জীবনচরিত।

অপ্রকাশিত কবিতা, পত্র ও গ্রন্থাবলীর সমালোচনা ও ৯ খানি অত্যুৎকৃষ্ট চিত্র সম্বলিত এবং ডিমাই আট পেজী আকারে পাঁচ শতেরও অধিক পৃষ্ঠায় সম্পূর্ণ গ্রন্থ।

শ্রীযোগীন্দ্রনাথ বসু বি এ, প্রণীত।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপোজিটরীতে, ২১০ | ৪ কর্ণওয়ালিস ষ্ট্রীট নব্যভারত কার্য্যালয়ে, বৈদ্যনাথ দেওঘর স্কুলে গ্রন্থকারের নিকট এবং নিম্নস্বাক্ষরকারীর নিকট পাওয়া যায়। মূল্য কাপড়ে বাঁধান ২৷৷০ টাকা, কাগজের মলাট ২৲ টাকা, ডাকমাশুল ।০ আনা। মফস্বলস্থ গ্রাহকগণ গ্রন্থকারকে পত্র লিখিবেন।

শ্রীরামানন্দ চট্টোপাধ্যায় এম এ।

অধ্যাপক সিটি কলেজ,—কলিকাতা

KEY TO EASY SELECTIONS.

Middle English Course for 1895 by S. Sen B.A (An experienced Teacher) প্রকাশিত হইয়াছে, মূল্য ৸০ বার আনা, ডাক মাশুল ⁄০ এক আনা। পুস্তক খানি এরূপ ভাবে লিখিত হইয়াছে যে পরীক্ষার্থিগণ শিক্ষকের বিনা সাহায্যে কেবল মাত্র এই অর্থপুস্তক মনোযোগ পূর্ব্বক পাঠ করিলেই ইংরেজী সাহিত্যে উত্তীর্ণ হইতে পারিবেন। বালকগণ অর্থপুস্তক ক্রয় করিবার সময় এখানি অন্যান্য অর্থ পুস্তকের সহিত মিলাইয়া দেখিলেই বুঝিতে পারিবেন যে তাঁহার কোন্ খানি অধিক ফলপ্রদ। সমুদয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়

ম্যানেজার, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়।

১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতা

৮১৫ নং

প্রসিদ্ধ ইঞ্জিনিয়র ৺ ক্ষেত্রমোহন ভট্টাচার্য্য কৃত।

জরিপ ও পরিমিতি	১৲
পরিমিতি	৷৵০
লঘুপরিমিতি	।০
নব শিশুবোধ	।০
শুভঙ্করী	৷০
কবিতাসংগ্রহ ১ম ভাগ	।০
কবিতাসংগ্রহ ২য় ভাগ	।০

ইঞ্জিনিয়ার ৺ ক্ষেত্রনাথ ভট্টাচার্য্য মহাশয় গণিতশাস্ত্রে অসাধারণ পারদর্শী ছিলেন। তিনি সিভিল ইঞ্জিনিয়ারিং কলেজে গণিত শাস্ত্রের অধ্যাপনা করিয়া প্রশংসাভাজন হইয়াছিলেন। বঙ্গ ভাষায় অঙ্ক-পুস্তক রচনা বিষয়ে তিনিই পথপ্রদর্শক। ইঁহার রচিত পুস্তকগুলি এখনও সর্ব্বোৎকৃষ্ট বলিয়া পরিচিত। এই সকল পুস্তকের ভাষা প্রাঞ্জল ও সরল, অল্প বয়স্ক বালক বালিকাগণের উপযোগী। এই সকল পুস্তকে নানাবিধ বহুসাখ্যক উদাহরণ আছে। শুভঙ্করীর ও লঘুপরিমিতির শেষে ভিন্ন ভিন্ন জেলার পরীক্ষার প্রশ্ন, উপপত্তি বা উত্তর সন্নিবেশিত আছে। উল্লিখিত পুস্তকগুলি সেণ্ট্রাল টেক্সটবুক কমিটির অনুমোদিত এবং প্রথম প্রকাশের সময় হইতে বঙ্গদেশের বিদ্যালয় সমূহে পাঠ্যরূপে নির্দ্দিষ্ট ও ব্যবহৃত হইয়া আসিতেছে। কলিকাতার প্রধান প্রধান পুস্তকালয়ে এই সকল পুস্তক বিক্রয় হয়। আমার নিকট "জরিপ ও পরিমিতি" ভিন্ন উল্লিখিত অন্য কোন পুস্তক ৫০ খানি লইলে শতকরা ২৫৲ হিসাবে কমিশন দিয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র ভট্টাচার্য্য।

১০৬। ৩ নং আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা।

কুইনাইন।

এ দেশের লোকের জীবন। ডাক্তার শ্রীযুক্ত মুখোপাধ্যায় প্রণীত। গৃহস্থ ও পাড়াগাঁয়ের ডাক্তারদের জন্য কুইনাইন ব্যবহার সম্বন্ধে এপর্য্যন্ত এমন পুস্তক আর বাহির হয় নাই। মূল্য ।০ চারি আনা; ডাক মাশুল অর্দ্ধ আনা মাত্র।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

ম্যানেজার, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়।

১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

৮১৪নং

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত

পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় সরল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ নিয়মানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয়ে সমুদয় প্রাপ্তব্য। শিক্ষক গণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৷৷০ টাকা হারে কমিশনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।৵০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও রাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীজমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী হিসাবিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।৵০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ৵০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৪৪ নং

শ্রীমদ্ভগবদ্গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত ৩য় সংস্করণ। বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ।৵০ আনা ডাঃ মাঃ ৵০।

স্ত্রীশিক্ষা ও স্ত্রীস্বাধীনতা মূল্য ৵০ অর্দ্ধ আনা

কবির (জীবন্মুক্ত মহাত্মা কবির সাহেবের ৫৫৩টী দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ ৵১০।

কলিকাতা, ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০।১ নং মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার

পাঁড়ে ব্রাদার্স।

এখানে ইংরাজি, বাঙ্গালা, সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য পুস্তক, তৎসমস্তের অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা ১৸০ মূল্য ধোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও ব্যবহারের ভাল চলিবে ও ২৷৷০, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী সংস্কৃত নয়নসুখ, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকট ও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য ৵০, ৩২খানি উৎকৃষ্ট চিত্রসহ নীতি কথামালা ।০, আর্য্যচরিত ।০, আর্য্যশিক্ষা ।৵০ বাঙ্গলা ব্যাকরণ ।৵০, শিশু বিজ্ঞান ৵০, বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ ৵০, বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ ৵০, মানবতত্ত্ব ১।০, ধর্ম্মবিজ্ঞান ১৲, অদ্ভুত স্বপ্ন বা স্ত্রী পুরুষের বন্ধু ।৷০, বিজ্ঞানময় ১৲, সীতাবতী (অসম্পূর্ণ) ৷৷০

শ্রীমনোমোহন পাঁড়ে।
২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।

শ্রীমতী বিধুমণি দাসীর ঔষধগুলি এক্ষণে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট পাওয়া যায়।

মেহরোগের মহৌষধ।

স্বর্ণের মাদুলী করিয়া ধারণ করিলে স্ত্রী পুরুষের নূতন পুরাতন মেহ আরোগ্য হয় মূল্য——৷৷৵০

ছাপানি আশীর মহৌষধ ১৷৷৵০
বাধক বেদনার ঔষধ ২৲

একমাত্র বিক্রেতা
শ্রীসিদ্ধেশ্বর ভট্টাচার্য্য
৪৭নং মেছুয়াবাজার ষ্ট্রীট, কলিকাতা।

৮২২নং

MATRICULATION MADE EASY.

POPULAR ENGLISH GRAMMAR.

In the form of Questions and Answers, Containing—Orthography, Etymology, Syntax, Punctuation, Prosody, Analysis of Sentences, Direct and Indirect Narrations, Prefixes and Suffixes, Derivations and Compositions of words, Homonyms, Antonyms, Dittonyms, Polynyms, Paranyms, Synonyms, Appropriate Prepositions, Parsings of words, Verbs with Prepositions, Copious Phrases and Idioms, Essay-writings Letter-writings, and other useful hints that are most likely to be put in the University Examination. By R. Ghosh. Price one Rupee. Cloth-bound. Demy 12 Mo. 400 Pages. It is highly spoken of by eminent professors and principals of different Colleges. Apply to the Manager, Sanskrit Press Depository, 148, Baranosy Ghosh's Street Calcutta. ৮১৭নং

পদ্য সংগ্রহ।

১ম, ২য় ভাগ মূল্য ক্রমে ৵০, ।০ আনা। বাবু প্রসন্নচন্দ্র গুহ সঙ্কলিত। সেণ্ট্রাল টেক্সট বুক কমিটীর মনোনীত। সংস্কৃত প্রেস ডিপজিটরীতে প্রাপ্তব্য। ৮০৩নং

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু গুরুদাস সরকার	গুরুদং	১৲
" পঞ্চানন রায় গোনা	১৩০১ শ্রাবণ শেষ	১৲
" পঞ্চাকিচন্দ্র কার্ব্বাতীর্থ বানরিপাড়া		১৲
" শশধর সাহা আজিমগঞ্জ		১৲
" ক্ষেত্রনাথ ঘোষ সাইহাটী	১৮৯৯ এপ্রিল শেষ	৩৲
" রাধাচন্দ্র দাস বিক্রমপুর		১৲
কুমিরা স্কুল		১৲
সাইহাটি ছাত্রসভা	১৩০১ শ্রাবণ শেষ	৩৲
রিষিড়া বঙ্গবিদ্যালয়	১৩০১ জ্যৈষ্ঠ শেষ	৩৲

এই পত্র হুগলি মুদ্রাযন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

REGISTERED NO 35 1875.

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

নূতন সম্বৎ ২৫শ খণ্ড। ৪৫শ সংখ্যা। } ১৯শে ফাল্গুন শুক্রবার ১৩০০ সাল। ইং ২রা মার্চ্চ ১৮৯৪ খৃঃঅব্দ। { অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম)	৫	ষাণ্মাসিক	৩
ত্রৈমাসিক	২	প্রত্যেক সংখ্যার	।৹

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৵৹ ৩য় বার /১০ চতুর্থ বা তদোর্দ্ধ বার /০। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৵০।

স্থানীয় বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে ছাপা হয়।

তিন মাসের অধিককাল বিজ্ঞাপন প্রকাশ করিলে অতল্প বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য সকলেই স্ব স্ব নিকটবর্ত্তী এজেণ্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণি-অর্ডার কুপনে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যূন বিলম্ব হইলে তাহার খানাতল্লাসিতে গিয়াছের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

কলিকাতা	শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়। সংস্কৃতযন্ত্রের পুস্তকালয়,১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।
	চণ্ডীচরণ মজুমদার—শ্রীপুর বলাগোড়।
২৪ পরগণা	মহিমচন্দ্র মৈত্র—আলিপুর।
আলিপুর	ভূপালচন্দ্র মুখোপাধ্যায়—উকিল।
বারাকপুর	ভুবনমোহন নিয়োগী।
ভবানীপুর	রাজকৃষ্ণ রায় চৌধুরী।
ডুমরাওলা	যদুনাথ চৌধুরী।
হাবড়া	হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম	শ্রীযুক্ত বাবু ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী	শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর	ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান	চারুচন্দ্র চট্টোপাধ্যায়।
	রসিকলাল দাস—রায়না।
যশোহর	কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
সিউড়ী	অম্বিকাচরণ মুখোপাধ্যায়।
	নীলমণি ভট্টাচার্য্য।
বাঁকুড়া	রাজেশ্বর সেন—বিষ্ণুপুর।
	অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর	উমাপ্রসাদ দে।
জলপাইগুড়ি	নীলমণি পাল।
বাঁকিপুর	নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর।
	রামপ্রকাশ লাহা।
বারাণসী	সোমনাথ ভাদুড়ী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর	আশুতোষ মিত্র।
	দ্বারকানাথ বাগচি—নিলফামারি।
রাজসাহী	কালীনাথ চৌধুরী—গোয়ালিয়া।
পাবনা	ভুবনেশ্বর গুপ্ত।
	রজনীকান্ত ভট্টাচার্য্য।
	রামচন্দ্র চক্রবর্ত্তী।
	ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, ভুলাই।
	উমাচরণ পাঁড়ে, সিরাজগঞ্জ।
ঢাকা	সতীশচন্দ্র ঘোষ।
সাঁওতাল পরগণা	ব্রজেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।
পাকুড়	রাধাকৃষ্ণ সারগেল।
খুলনা	হরিহর দাস।
	জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।
দিনাজপুর	রাজকুমার চক্রবর্ত্তী কলগাড়ি।
	দুর্গাদাস সুর—রায়গঞ্জ।
	শশিভূষণ রায়।
কোচবিহার	ভুবনমোহন দত্ত।
ফরিদপুর	কালীকিশোর ঘোষ—মালারিপুর।
মজঃফরপুর	কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল
দ্বারভাঙ্গা	গৌরশঙ্কর মজুমদার—ট্রাফিক সুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সমস্তীপুর
বৈদ্যনাথ	গোপীকৃষ্ণ বসু মেড মাষ্টার, দেওঘর।

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিশেষ দ্রষ্টব্য।

বাঙ্গলা অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২৩৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য। বুধোদয় প্রেস—হুগলী।

বুধোদয় যন্ত্র।

এই যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষরাদি প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানাপ্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় যাবতীয় ফারম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, ষ্ট্যাণ্ডবিল, জমিদারীর জমাওয়াশীল কর্ম, ডাক্তারি লেবিল ও বিল প্রভৃতি ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পাদিত হইয়া থাকে। সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংলিস অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৫৲ চারি টাকা ও স্মল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া দপ্তরীখানায় পুস্তকাদি বাঁধাই করিয়া রীতিমত বাক্সবন্দী করিয়া রেলে বা জাহাজে যাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি। গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন। ছাপার রেট ও অন্যান্য বিবরণ আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পরিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য কার্য্যাধ্যক্ষ।

বিবিধ বিজ্ঞাপন।

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু প্রণীত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য ৵০ আনা
ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "
ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব।০ "

সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তালিকার পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট—কলিকাতা।

রিপণ-ডিপজিটরী।

৫২ দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফঃস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য পুস্তক ও নাটক নভেল অতি সুবিধায় সরবরাহ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পিঃ, ডাকেও পুস্তক পাঠাই। প্রেরণ ব্যয় ৵০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়। একবার পরীক্ষা করিয়া দেখুন। শ্রীশশিভূষণ সাহা, ম্যানেজার।

৮১৮ নং

REDUCTION IN PRICE OF

CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta, Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free, at 4 oz, Rs3—4 : 8 oz, Rs 6—8 : 16 oz, Rs 12—12. Cash with order.

No. 331

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১৯ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।
ডাকমাশুল ৵০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৵০
পদ্য ব্যাকরণ মূল্য ৵১০
প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য ৵১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেঙ্গি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায় পাওয়া যায়।

শ্রীতিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

অম্বিকাচরণ ঘোষাল

ফটোগ্রাফার ও পোর্ট্রেট পেইণ্টার

ঘুঁটেবাজার হুগলি

মফস্বলে যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণপত্র লিখিলে জানিতে পারিবেন। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিজ, হুগলী কলেজ, এমামবাড়া, হংসেশ্বরীর মন্দির, চুঁচুড়া গোরাবারিক অভ্যন্তর দৃশ্য, নবাব খাজাখোঁর মসজিদ, সপ্তগ্রামের মহোৎসব প্রত্যেক ॥০ আনা মাত্র—ফটগ্রাফগুলি একবার দেখিলে বাধিত হইব।

এল, ডি, মিত্র এবং কোং।

গন্ধপ্রতিষ্ঠ ও কলিকাতা ও অন্যান্য স্থানের বঙ্গ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৫৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক কর্পূর ফাক্ষার ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৷০, জ্বর পরীক্ষার থার্মামিটার যন্ত্র ৸ ও ৭৲, শিশু চিকিৎসা ২৷৷০, কামাচিকিৎসা ৫৲ জ্বর চিকিৎসা ৸০ ও ১৷০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৸০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমার কলিকাতার মহামেলায় এই শ্রেণীতে ভারতের স্বর্ণে সর্ব্বোচ্চ এবং এখানকার ও অন্যান্য স্থানের বহুসংখ্য চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি।

৭৯

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্তলালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীতে সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১৷০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মতামত নহে।

পীড়িত-প্রলাপঃ।

জরজালাদগ্ধঃ কিমপিশরণং যামি পরমং
নিদানং গণয়ন্নাঃ প্রদয়মুপযুক্তে সম্প্রতি তব
অয়ে রাম ত্রাহি ত্রিভুবন-দয়া-বীরশিরসো-
মণে। দীনং বিপ্রং কলুষহৃদয়ং মাং কৃপণয়া। ১
কৃপাসিন্ধো বন্ধো ত্রিভুবনগুরো মামগতিকং
মহেশ ত্রায়েঃ পাপং মলবিরহিতে নামনি তব
কৃপঙ্কস্পর্শঃ সাদ্বিমলরঘুবংশোজ্জ্বলমণেঃ
সভো ভীতিরেষা পুনরপি হৃদং মা প্রবিশতু। ২
অসারে সংসারেঽখিলমিদমসারং কৃপণয়া
বিতীনং যদ্যত্তে তদপি চ সসারং তব বিভো।
দয়াস্পৃষ্টং, পাপং ভবতি পরমং দেহি কৃপয়া
প্রভো পাপে চিত্তে ক্ষণমিহ সুভক্তস্তব ভবতে। ৩
যথা ভক্তা পূর্ণং স্মরতি হৃদয়ং নাম সততং
সরোমাঞ্চং স্বাঙ্গং ভবতি সকলং ভক্তিবিবশং
পদে নামোন্মত্তে স্খলনযসমং নর্ত্তনপরে
কলঙ্কন্দং পুণ্যাবচয়নমিবক্ষং তব কৃতে। ৪
চকোরো কর্ণৌ মেঘনিনদমতিতৃষা নাম ভবতঃ
সুধাং স্বাদং স্বাদং সুখমনুভবন্তৌ সুপিবতঃ
যথা নেত্রদ্বন্দ্বং বিষয়বিরতং জ্ঞানবিভয়া
সদা পশ্যেদ্রামং নবজলধরশ্যামলতনুম্। ৫
বিহায় স্বংকার্য্যং সমমিহ তু সর্ব্বেন্দ্রিয়গণঃ
তথা তৎসেবার্থং নিয়তনিরতঃ সাদিভিরমিতিঃ।
বিনাধৈর্য্যং সেবে কৎমতিবিমূঢ়শ্চলমনাঃ
পদদ্বন্দ্বং ? চেতঃ কুরু নম ততঃ সুস্থিরতরম্। ৬
কৃপাকীর্ণোদেহঃ, সকলবচনং জাড্যজড়িতং,
তমশ্ছন্নং জ্ঞানং, বিকৃতমপিজং, তাপবিকলং
শিরোমে, বিশ্বাদং বদনমধুনা রাঘব বিভো।
কৃপাসিন্ধো বন্ধো প্রভবু করুণাং মাং প্রতি
চিরম্। ৭
ন যাচে বৈভবং সুখকরমহো নৈব বিষয়ং
বিনা প্রাণত্রাণং বত ন খলু মে কিঞ্চন শুভম্।
অতো মংপ্রাণান্তে রঘুবরপদান্তে নিজমুতং
শরণাং মাং দীনং পরমকৃপয়া রক্ষ সততম্। ৮
ক্ষমস্বৈবোহন্ত নাথাদ্য যোদোষো নামবাচনে
কৃপণস্য চিন্তায়াং ন স্থিরং হৃদয়ং ক্ষণম্।

কস্যচিৎ ভক্তস্য।

ভট্টপল্লী বাস্তব্যস্য।

সম্পাদক মহাশয়!

নবদ্বীপাধিপতি শ্রীযুক্ত শ্রীশচীশচন্দ্র রায় বাহাদুর নবদ্বীপের ৺মৃত রাজকৃষ্ণ তর্কপঞ্চানন মহাশয়কে তত্রত্য নৈয়ায়িক পদের প্রাধান্য দিয়া যে পত্র দিয়াছেন তাহার অনুলিপি নিম্নে প্রদত্ত হইল। অনুগ্রহ পূর্ব্বক আপনকার পত্রিকার একদেশে উহা উদ্ধৃত করিয়া আপ্যায়িত করিবেন।

শ্রীপ্রহ্লাদচন্দ্র ভট্টাচার্য্য নবদ্বীপ।

অশেষ শাস্ত্রাধ্যাপক—

শ্রীযুক্ত রাজকৃষ্ণ তর্কপঞ্চানন ভট্টাচার্য্য—

মহাশয় সমীপে—

অত্রত্য সভাসদঃ পণ্ডিতা অপরেচ সর্ব্বে আকর্ণয়ন্তু মতমস্তু চ ভবতামপ্যেষু। মহামহোপাধ্যায়ে ভুবনমোহন বিদ্যারত্নে পরলোকমুপগতে নবদ্বীপে নৈয়ায়িক-প্রাধান্যপদং রিক্তমাসীৎ। অস্মৎ পূর্ব্ব-পুরুষ-স্বর্গীয়-মহারাজানাং রীতানুসারেণ একস্মৈ বিদ্বত্তমায় তৎপদে দাতব্যো সাম্প্রতং বিদ্যাবত্তয়া সদ্গুণযুক্তপাত্রতয়া চ নবদ্বীপ-নিবাসিনে শ্রীমতে রাজকৃষ্ণ তর্কপঞ্চানন-নামধেয়ায় বিভুবে পঞ্চদশোত্তরাষ্টাদশশতশকাব্দে নৈয়ায়িকপ্রাধান্যপদং সমর্পয়ামি।

অত্র ভবতাপি ন্যায়পথে স্থিত্বা প্রধানোচিতাধ্যাপনাদি কার্য্যং স্বৎপদং পালনীয়ং।

অত্র পণ্ডিতানাং মতমপি নিম্নে প্রকটিতমিতি। অগ্রহায়ণস্য ষোড়শ দিবসীয়া পত্রীয়ং।

তর্কপঞ্চাননে রাজকৃষ্ণ প্রাধানামাগতে। তুষ্টো নবদ্বীপ মহারাজ ন্যায়পঞ্চাননস্থিনঃ।

কৃষ্ণনগর রাজধানীতঃ।

(স্বাক্ষর)

মহারাজ শ্রীশচীশচন্দ্র রায়

বাহাদুর।

১৮১৬ শকে লুপ্তসংবৎসর শঙ্কা-নিরাসঃ।

সম্পাদক মহাশয়!

আগামী ১৮১৬ শকে ২৭শে আষাঢ় হইতে বৃহস্পতির মিথুন রাশিতে মহাতিচার নিবন্ধন গুপ্তপ্রেসাদি পঞ্জিকাকারগণ লুপ্তসংবৎসর লিখিয়াছেন। গত ২৯শে মাঘ রাগগ্রামে ৺শ্রীপঞ্চমী পূজোপলক্ষে শ্রীযুক্ত নীলকমল বিদ্যাবিনোদ মহাশয়ের বিদ্যালয়ে ভারতী সভার তৃতীয় বার্ষিক অধিবেশনে সমাগত পণ্ডিতগণের বিচারে কিন্তু লুপ্তসংবৎসর হয় নাই বলিয়া স্থির হইয়াছে। তাঁহাদিগের প্রদত্ত ব্যবস্থাপত্রের অনুলিপি নিম্নে প্রদত্ত হইল।

ষোড়শাধিকাষ্টাদশশতশকাব্দীয়-সৌরাষাঢ়স্য সপ্তবিংশতিতম দিবসে গুরোর্ব্বৃষরাশৌ ত্রয়োদিংশতিদিনাধিকদশমাসভোগানন্তরং মিথুনরাশৌ গমনে তাবদ্ধি বর্ষস্য লুপ্তসংবৎসরত্বাশঙ্কা মাণ্ডীতি বিদুষাম্পরামর্শঃ।

অত্র প্রমাণং।

দেবপূজ্যোতিচারেণ দশমাসাং পুরা যদি
রাশান্তরগতোভূয় ঋতে কুম্ভচতুষ্টয়াৎ।
প্রাগ্রাশিং যদি নায়াতি লুপ্তসংবৎসরঃ স্মৃতঃ।

ইতি মুহূর্ত্তগণপতিধৃত বচনং।

গুরোঃ সপ্তগুভোগ্যাহৈর্ব্বর্ষপুর্ত্তির্নজায়তে।
যত্রতত্রাতিচারঃ স্যাদিত্যাহুঃ পূর্ব্বসূরয়ঃ।
যদাতিচারং সুররাজমন্ত্রী করোতি গো রম্ভপ-
মীনসংস্থঃ।
নায়াতি চদ্বস্যাপি পূর্ব্বরাশিং শুভায় পাণি-
গ্রহণং বশিষ্ঠঃ।
শুক্রং ভবনমাসাদ্য যদাতিক্রমতে গুরুঃ।
তত্র সম্বর্দ্ধিতা কন্যা সুখং ভর্ত্তুঃ প্রমোদতে।

ইতি ভৃগুবশ ভীমবচনং।

শ্রীনীলকান্ত শর্ম্ম তর্করত্নানাম্।

শ্রীজাহ্নবীচরণ শর্ম্ম স্মৃতিরত্নানাম্।

বিদ্যাভূষণোপাধিক শ্রীকৈলাশচন্দ্র শর্ম্মণাম্।

স্মৃতির ত্নাপাধিক শ্রীরামগোপাল শর্ম্মণাম্।

বিদ্যারত্নোপাধিক শ্রীজানকীনাথ শর্ম্মণাম্।

তর্কভূষণোপাধিক শ্রীজগদীশ্বর শর্ম্মণাম্।

সিদ্ধান্তবাগীশোপাধিক শ্রীগঙ্গাগোবিন্দ শর্ম্মণাম্।

বাচস্পত্যুপাধিক শ্রীরামসুন্দর শর্ম্মণাম্।

বিদ্যাবিনোদোপাধিক শ্রীনীলকমল শর্ম্মণাম্।

বিদ্যাবাগীশোপাধিক শ্রীশ্রীরাম শর্ম্মণাম্।

তর্কালঙ্কারোপাধিক শ্রীহরিশ্চন্দ্র শর্ম্মণাম্।

এডুকেশন গেজেট।

১৯শে ফাল্গুন ১৩০০। ইং ২রা মার্চ্চ ১৮৯৪।

টাউনহলে সভা।

রৌপ্য মূল্যের হ্রাস হেতু দেশের আর্থিক দুরবস্থা এবং সেই সঙ্গে কর বৃদ্ধির প্রয়োজনীয়তা—এই দুই বিষয়ের সবিশেষ আলোচনা করিবার উদ্দেশ্যে বিগত সোমবার কলিকাতা টাউনহলে কলিকাতার অধিবাসী, ইউরোপীয় ও দেশীয় সকল শ্রেণীর প্রতিনিধিবর্গের একটি সভা হইয়াছিল। মহারাজা স্যর নরেন্দ্রকৃষ্ণ সভাপতির আসন পরিগ্রহণ করিয়াছিলেন। নিম্নলিখিত কয়েকটি প্রস্তাব সর্ব্বসম্মতিক্রমে সভাস্থলে গ্রাহ্য হইয়াছে—

(১) রূপার দর শীঘ্র শীঘ্র পড়িতে থাকায় এবং সেই সঙ্গে সোণার মূল্য বৃদ্ধি হেতু কর বৃদ্ধির আশঙ্কায় সভা গবর্ণমেণ্টের নিকট এই অনুরোধ করিতেছেন যে, গবর্ণমেণ্ট আন্তর্জাতিক কোনরূপ ব্যবস্থা দ্বারা রূপার সম্বন্ধে একটা বন্দোবস্ত যাহাতে করিতে পারেন তদ্বিষয়ে যথাসাধ্য চেষ্টা করুন; (২) বিলাতের কমন্স সভার সদস্য এবং ভারতের বে-সরকারী অধিবাসী লইয়া একটি রাজকীয় কমিসন বসাইয়া সেই কমিসন দ্বারা বিলাত খরচা ও ভারতের ব্যয় অবিলম্বে সংশোধন করিয়া লওয়া উচিত। এতদ্ব্যতীত গবর্ণমেণ্ট আপন অধীনস্থ কোন কোন ইউরোপীয় ও ইউরেশীয় কর্ম্মচারীদিগের সুবিধার জন্য বাটার ক্ষতিপূরণের যে ব্যবস্থা করিয়া দিয়াছেন, সে বিষয়েও বিশেষ বিবেচনা করা কর্ত্তব্য। বে-সরকারী লোকদিগের নিকট হইতে যত টাকা আয়কর আদায় হয় সমগ্রই উক্ত ক্ষতিপূরণের জন্য ব্যয় হইতেছে। রূপার দর যত পড়িতেছে, এই ক্ষতিপূরণের ব্যবস্থায় উল্লিখিত কর্ম্মচারিগণের ততই লাভ এবং দেশীয় প্রজাবৃন্দের ততই ভার বৃদ্ধি হইতেছে; (৩) উল্লিখিত প্রস্তাব দ্বয়ের একটি অনুলিপি সভাপতি মহাশয় কর্ত্তৃক স্বাক্ষরিত হইয়া ভারতগবর্ণমেণ্টের হাত দিয়া কমন্স সভায় পাঠাইতে হইবে।

সভাপতি মহাশয় বলিয়াছেন, "যদি অন্য প্রদেশের সহিত ভারতের টাকার কোনরূপ দেনা পাওনা না থাকিত, যদি নিজের মুদ্রায় ভারত আপনার সমস্ত কার কারবার চালাইতে পারিত, তাহা হইলে উপস্থিত মৌদ্রিক ব্যাপারে গবর্ণমেণ্ট কতকটা নিশ্চিন্ত থাকিলেও থাকিতে পারিতেন। কিন্তু প্রকৃত অবস্থা যখন ইহার বিপরীত, রূপার দর এক ফার্দ্দিঙ কমিয়া যাওয়ায় যখন এক কোটী টাকা ব্যয় বৃদ্ধির কারণ হইতেছে তখন আর নিশ্চিন্ত হইয়া থাকা চলিতেছে না। রেলপথ, পয়ঃপ্রণালী প্রভৃতির ন্যায্য খরচের সঙ্কোচ করিয়া প্রয়োজনীয় অর্থের সংগ্রহ চেষ্টা পাইলে তাহাতে প্রকৃত ফল লাভ হইবে না। আয় কর একেইত সাধারণের অপ্রিয়, তাহার উপর আবার উহার বৃদ্ধি করিলে সাধারণের অসন্তোষ একান্তই বাড়িয়া উঠিবে। লবণ কর এক্ষণে যাহা আছে, তাহাই বেশী, সুতরাং উহাও আর বাড়ান চলে না। অতঃপর আমদানী ও রপ্তানী দ্রব্যের উপর শুল্ক বসাইয়া প্রকারান্তরে অতিরিক্ত করের সৃষ্টি ভিন্ন আর উপায় দেখা যায় না। গবর্ণমেণ্ট যে আর্থিক গোলযোগে উত্যক্ত হন সে ইচ্ছা আমরা করি না। আমাদের ইচ্ছা গবর্ণমেণ্ট ইহার প্রতিকার করে মুদ্রা বিষয়ক গোলযোগের কোনরূপ একটা সুমীমাংসা করিবার পক্ষে যত্নবান হন।"

প্রথম প্রস্তাবের অবতারণা স্থলে রাজা প্যারীমোহন বলিয়াছেন, "১৮৯২ সালে রূপার যে দর ছিল এখন তাহার অর্দ্ধেকও নাই। এই ব্যাপারে দেশীয়গণের অন্তরে বড়ই ভীতি ও অসন্তোষের সঞ্চার হইয়াছে। অনেকে মনে করেন যে, রূপার দর নরম হওয়ায় চাষাদের পক্ষে হয়ত খুব সুবিধা হইয়াছে। এটি ভুল। এখনই তাহারা যেরূপ ট্যাক্স দিয়া আসিতেছে, মহাজনকে যেরূপ হারে টাকার সুদ যোগাইতেছে, তাহাতেই তাহাদিগকে যথেষ্ট অসুবিধাভোগ করিতে হইতেছে; ইহার উপর তাহাদিগকে আবার নূতন কোনরূপ ট্যাক্স দিতে বাধ্য হইতে হইলে তাহাদের অবস্থা নিতান্তই শোচনীয় হইয়া উঠিবে। লবণকর আর বাড়ান যাইতে পারে না, কেরোসিনের উপরও যথেষ্ট কর বসান হইয়াছে, আয় করও আর বাড়ান চলে না। এই সকলের উপর কর আর বাড়াইলে দেশ ও প্রজা উভয়ই উৎসন্ন হইবার উপক্রম হইবে। রেলের যাত্রীর উপর ট্যাক্স বসান

সম্বন্ধে একটা প্রস্তাব হইতেছিল। উক্ত প্রস্তাব কার্য্যে পরিণত হইলে অধিকাংশ স্থলে তৃতীয় শ্রেণীর যাত্রিগণকেই সমধিক জ্বালাতন হইতে হইত। গবর্ণমেণ্ট মনে করিলে নূতন কোনরূপ একটা ট্যাক্স বসাইবার উপায় উদ্ভাবন করিতে পারেন বটে, কিন্তু তাহাতে বিভ্রাট ঘুচিবে না। দেশের মুদ্রাঘটিত গোলযোগের সন্তোষজনক একটা মীমাংসা না করিতে পারিলে বিভ্রাট ঘুচিবার পক্ষে প্রকৃত উপায় হইবে না। মুদ্রাসম্বন্ধীয় গোলযোগ মিটাইবার উদ্দেশ্যেই গবর্ণমেণ্ট উপায় বিধান করিয়াছিলেন সত্য, কিন্তু গবর্ণমেণ্টের কার্য্যদোষেই সে উপায় ব্যর্থ হইয়াছে। ফলকথা মুদ্রা বিষয়ক গোলযোগের সন্তোষজনক মীমাংসা ব্যতীত কোনরূপ ট্যাক্স বসাইয়া গবর্ণমেণ্ট কিছুতেই ভাবী অসুবিধার নিরাকরণে সমর্থ হইবেন না।"

অনারেবল সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় দ্বিতীয় প্রস্তাবের অবতারণা করিয়া উহার পরিপোষক অনেকগুলি কথা বলিয়াছিলেন।

উপস্থিত সভায় কৃতবিদ্য অনেকে মিলিত হইয়া আলোচ্য বিষয়ের চূড়ান্ত মীমাংসা যে কি করিলেন আমরা তাহা বুঝিয়া উঠিতে পারিলাম না। আন্তর্জাতিক ব্যবস্থাদ্বারা আর্থিক গোলযোগের নিরাকরণ করা ভারতগবর্ণমেণ্টের সাধ্যায়ত্ত নহে; অথচ ভারতগবর্ণমেণ্টকে নিজের আর্থিক অভাব ঘুচাইবার জন্য কোন না কোন উপায় স্থির করিতেই হইবে। নূতন কোনরূপ ট্যাক্সের সৃষ্টি করা ভারতগবর্ণমেণ্টের পক্ষে সমীচীন নয়, একথা অনেকেই বলিয়াছেন, অথচ তাঁহারাই আবার বলিয়াছেন যে, আয়কর, লবণকর বৃদ্ধি করা উচিত নহে, আমদানী ও রপ্তানী দ্রব্যের উপরও শুল্ক স্থাপন করা অবিধেয়। এরূপ অবস্থায় তাঁহাদিগের আপন কথাতেই প্রকারান্তরে ভারতগবর্ণমেণ্টকে নূতন ট্যাক্স প্রবর্ত্তনের প্রয়োজনীয়তা বিষয়ে এক প্রকার ইঙ্গিতই করা হইয়াছে।

— —

বিশ্ববিদ্যালয় সংক্রান্ত।

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের বি এল পরীক্ষায় প্রত্যেক প্রশ্নপত্রে শতকরা অন্যূন ৩৩ হিসাবে সংখ্যা রাখিয়া সমগ্রসংখ্যা ৮০০ মধ্যে ৩০০ সংখ্যা রাখিতে পারিলেই পরীক্ষায় উত্তীর্ণ হইতে পারা যাইবে—এই নিয়ম অনেক দিন হইতেই চলিয়া আসিতেছিল। বিগত ২৪এ জুন সিণ্ডিকেট সভা উক্ত নিয়মের পরিবর্ত্তন করিয়া এই স্থির করেন যে, অতঃপর প্রত্যেক প্রশ্নপত্রে শতকরা ৫০ হিসাবে সংখ্যা রাখিয়া মোটের উপর ৪০০ সংখ্যা না রাখিতে পারিলে কোন ছাত্র বি এল পরীক্ষায় উত্তীর্ণ হইতে পারিবেন না। এই পরিবর্ত্তনের বিবরণ বাৎসরিক ক্যালেণ্ডারে উদ্ধৃত হইলেও ইহার সম্বন্ধে কোন কথা বি এল পরীক্ষার্থী ছাত্র অথবা কলেজের অধ্যক্ষগণকে জানান হয় নাই। বিগত ৮ই জুলাই পরীক্ষক নিযুক্ত করা হয়, কিন্তু পরীক্ষকগণ ১১ই ডিসেম্বরের পূর্ব্বে উল্লিখিত পরিবর্ত্তনের বিষয় কিছুই জানিতে পারেন নাই। পরীক্ষাদি ব্যাপার যে কিছু ইতিপূর্ব্বেই সমস্ত হইয়া গিয়াছিল। পরীক্ষার ফল কিন্তু নূতন নিয়মানুসারেই প্রকাশ করা হয়। পূর্ব্ব নিয়মানুসারে ফল প্রকাশিত হইলে ১৩৯ জন ছাত্র পরীক্ষায় উত্তীর্ণ হইতে পারিত, কিন্তু পরিবর্ত্তিত নিয়মানুসারে ৬৮ জন মাত্র ছাত্র পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছে। পরিবর্ত্তিত নিয়ম যথাসময়ে পরীক্ষার্থী ছাত্র এবং কলেজের অধ্যক্ষগণের গোচর না করায় সিণ্ডিকেটের কতকটা ত্রুটি হইয়াছে সত্য, কিন্তু তাই বলিয়া ছাত্রগণ তাহার ফলভোগ কেন করিবে, এই বিবেচনায় অনুত্তীর্ণ ছাত্রগণের মধ্যে অনেকে মিলিয়া সুবিচারের আশায় সিণ্ডিকেটের নিকট আবেদন করিয়াছিলেন। উক্ত আবেদন সিণ্ডিকেট গ্রাহ্য করেন নাই। ছাত্রগণ এসম্বন্ধে ব্যারিষ্টার উডরোফ সাহেবের মত গ্রহণ করেন। উডরোফ সাহেব আইনানুসারে ছাত্রগণের অনুকূলেই আপন মত প্রদান করিয়াছিলেন। অতঃপর সেনেট সভারই কোন কোন সদস্য উক্ত ছাত্রগণের পক্ষ হইয়া তাঁহাদিগের আবেদন সম্বন্ধে যাহাতে পুনর্ব্বিবেচনা হইতে পারে তজ্জন্য যত শীঘ্র সম্ভব একটি সভা করিতে ভাইস চ্যান্সেলারকে অনুরোধ করেন। তদনুসারে বিগত শনিবার সেনেট গৃহে একটি সভার অধিবেশন হয়। ভাইস চ্যান্সেলার স্যর এলফ্রেড ক্রফ্‌ট সভাপতি হইয়াছিলেন।

মহারাজা স্যর নরেন্দ্রকৃষ্ণ সর্ব্বপ্রথমে এই প্রস্তাব করেন যে, গত বি এল পরীক্ষায় যে সমস্ত ছাত্র প্রত্যেক

প্রশ্নপত্রে অন্যূন ৬৩ সংখ্যা রাখিয়া মোটের উপর ৩০০ সংখ্যা রাখিয়াছেন তাঁহাদিগকে পরীক্ষোত্তীর্ণ বলিয়া গণ্য করিয়া উপাধি দেওয়া হউক। রাজা প্যারীমোহন মুখোপাধ্যায় এই প্রস্তাবের সমর্থন করেন।

মিঃ মনোমোহন ঘোষ উক্ত প্রস্তাবটির সংশোধন করিয়া বলেন "বি এল পরীক্ষায় প্রত্যেক বিষয়ে অন্যূন ৩৩ সংখ্যা পাইয়া মোটের উপর যাঁহারা ৩০০ সংখ্যা পাইয়াছেন তাঁহাদিগের বিষয় পুনর্বিবেচনার জন্য সিণ্ডিকেট সভা পরীক্ষকদিগের প্রতি আদেশ প্রদান করুন।" রো সাহেব প্রস্তাব করেন "যে ৭১ জন ছাত্র প্রত্যেক প্রশ্নপত্রে অন্যূন ৩৩ সংখ্যা পাইয়া মোটের উপর ৩০০ সংখ্যা পাইয়াছেন পরীক্ষকগণ পুনরায় তাঁহাদিগের পরীক্ষা গ্রহণ করুন; আর সেই পরীক্ষায় যাঁহারা নূতন নিয়মানুযায়ী সংখ্যা রাখিতে পারিবেন তাঁহাদিগকেই পরীক্ষোত্তীর্ণ বলিয়া গণ্য করা হউক।" বাবু কালীচরণ বন্দ্যোপাধ্যায়ও একটি প্রস্তাবের অবতারণা করিয়াছিলেন—"প্রত্যেক বিষয়ে অন্যূন ৩৩ সংখ্যা রাখিতে পারিলেই পরীক্ষায় উত্তীর্ণ হইতে পারা যাইবে পরীক্ষকগণকে আদৌ এই উপদেশই দেওয়া হইয়াছিল। পরীক্ষকগণ এই উপদেশের বশবর্ত্তী হইয়া প্রশ্ন নির্ব্বাচন ও সংখ্যা নির্দ্ধারণ করিয়াছিলেন কি না, সে বিষয় বিবেচনা করিয়া দেখিবার জন্য সিণ্ডিকেট পরীক্ষকগণকে অনুরোধ করুন। যদি পরীক্ষকগণ প্রকৃতই তাহা করিয়া থাকেন তবে তাঁহারা যেরূপে ভাল বুঝিবেন তদনুযায়ী অনুত্তীর্ণ ছাত্রগণ কর্ত্তৃক প্রাপ্ত সংখ্যার বিষয় পুনর্বিবেচনা করিয়া স্বতন্ত্র কর্ত্তব্য অবধারণ করুন।"

উল্লিখিত তিনটি সংশোধিত প্রস্তাবের মধ্যে কেবল মাত্র মিঃ মনোমোহন ঘোষের প্রস্তাবটিই সভাস্থলে পরিগৃহীত হইয়াছে।

বঙ্গীয় ব্যবস্থাপক সভার প্রশ্নোত্তর।

বাঙ্গাল গবর্ণমেণ্টের ব্যবস্থাপক সভার ৯ই ফেব্রুয়ারির অধিবেশনের অবশিষ্ট প্রশ্নোত্তরগুলির মর্ম্ম নিম্নে বিবৃত করা যাইতেছে—

অনারেবল মিঃ লালমোহন ঘোষ ক্রমান্বয়ে তিনটী প্রশ্নের উত্থাপন করিয়াছিলেন।

১ম প্রশ্ন—"অতঃপর উকিল অথবা মোক্তারদিগকে সাধারণতঃ মিউনিসিপ্যাল কমিসনর স্বরূপে মনোনীত করা না হয় এই মর্ম্মে প্রেসিডেন্সী বিভাগের কমিসনর উক্ত বিভাগের ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটদিগের উপর এক খানি সর্কুলার জারি করেন। সর্কুলারটি কি ছোট লাট বাহাদুরের অভিমত? যদি না হয় তবে ছোট লাট বাহাদুর উহার প্রত্যাহার করিবেন কি না?"

উত্তরে অনারেবল বোর্ডিলন সাহেব বলিয়াছেন—"কমিসনর বাহাদুরের উদ্দেশ্য এই যে, উকিল মোক্তারেরা অধিকাংশ স্থলেই যখন নির্ব্বাচিত কমিসনর হইতে পারিবেন তখন তাঁহাদিগের মধ্য হইতে লোক লইয়াই যে গবর্ণমেণ্ট কমিসনর মনোনীত করিবেন এরূপ নিয়ম হওয়া উচিত নহে। কমিসনর বাহাদুরের এইরূপ উদ্দেশ্য জেলার ম্যাজিষ্ট্রেটগণ বুঝিয়াছেন; আর এ সকল বিষয়ে কমিসনর বাহাদুরের যখন আপন অভিপ্রায়মত কার্য্য করিবার ক্ষমতা আছে, তখন ছোটলাট বাহাদুর আর উহাতে কোন রূপ হস্তক্ষেপ করিতে চাহেন না।"

২য় প্রশ্ন—"বসন্তপুর দাঙ্গার মোকদ্দমায় সারণের জায়রার জজ গর্ডন সাহেব রায়ের একস্থলে কয়েক জন পুলিস কর্ম্মচারীর আচরণ ও সাক্ষ্য সম্বন্ধে যে মন্তব্য প্রকাশ করিয়াছেন, গবর্ণমেণ্ট তাহা জানিয়াছেন কি? এতদ্ভিন্ন জজ বাহাদুর পুলিসের নিকট কোন কোন কাগজ পত্র যে চাহিয়া পান নাই তাহাও গবর্ণমেণ্টের বিদিত হইয়াছে কি?"

অনারেবল কটন সাহেব এই প্রশ্নের উত্তরে বলিয়াছেন—"উল্লিখিত মোকদ্দমা এবং উহার সম্বন্ধে সেসন জজের মন্তব্য ছোটলাট বাহাদুরের গোচর হইয়াছে। পুলিসের আচরণ সম্বন্ধে, বিশেষতঃ জজের প্রার্থনামত পুলিস যে কাগজপত্র দাখিল করিতে পারেন নাই তৎসম্বন্ধে ছোট লাট বাহাদুর সবিশেষ তদারক করিবার আদেশ দিয়াছেন।

৩য় প্রশ্ন—"ফৌজদারী কার্য্যবিধি আইনের ১৬ অধ্যায় মতে মফস্বলের পুলিস কর্ম্মচারিগণ তদারকস্থলে সাক্ষীদিগের জবানবন্দী লিখিবার সময় উল্লিখিত কার্য্যবিধি আইনের ১৬১ ধারানুযায়ী উহা স্বতন্ত্র না লিখিয়া ১৭২ ধারানুযায়ী লিখিতব্য বিষয়গুলির (যে গুলি আসামী

যা তাঁহার উকিল তলব করিতে পারেন না) সহিত একত্রে মিশাইয়া লেখেন। গবর্ণমেণ্ট এ বিষয় অবগত আছেন কি? এতৎসম্বন্ধে পুলিসের ইনস্পেক্টর জেনারেলের প্রদত্ত কোনরূপ সর্কুলার আছে কি? পুলিস উক্তরূপে জবানবন্দী লেখায় রীতিমত জেরা ও বিচারে ব্যাঘাত পড়ে। হাইকোর্টের জজেরাও এ বিষয়ে আপনাদের মন্তব্য ব্যক্ত করিয়াছেন। এরূপ অবস্থায় ঐরূপ রীতির উচ্ছেদ হইয়া অতঃপর সাক্ষীর জবানবন্দী ফৌজদারী কার্য্যবিধি আইনের ১৬১ ধারানুসারে যাহাতে স্বতন্ত্র লিখিত হইতে থাকে ছোটলাট বাহাদুর এরূপ আদেশ করিবেন কি না?

অনারেবল কটন সাহেব উত্তরে বলিয়াছেন—"সাধারণতঃ পুলিস কর্ম্মচারীদিগের মধ্যে ওরূপ রীতি আছে বলিয়া গবর্ণমেণ্ট জানিতেন না। স্পেশিয়াল ডায়েরী প্রস্তুত করিতে হইলে কিরূপ বিধি অনুসারে পুলিস কর্ম্মচারীদিগকে চলিতে হইবে ১৮৯৩ সালের ৩০এ অক্টোবরের পুলিস ইনস্পেক্টর জেনারেলের ১২ নং সর্কুলারে তাহা উক্ত হইয়াছে। যে কোন পুলিস কর্ম্মচারী তদারক করিবার সময় ফৌজদারী কার্য্যবিধি আইনের ১৬১ ধারানুসারে কোন সাক্ষীর মৌখিক এজাহার লইতে পারেন, এজাহার সংক্ষেপে লিখিয়া লইতেও পারেন, দুইয়ের যেটি ইচ্ছা করিতে পারেন। আর যদি তিনি ঐরূপ জবানবন্দী লিখিয়া লন তাহা হইলে সে লেখা তিনি দাখিল করিতে বাধ্য। ফৌজদারী কার্য্যবিধি আইনের ১৬১ ধারা অনুসারে পুলিস কর্ম্মচারীদিগকে আপন অভিপ্রায়মত এতৎসম্বন্ধে কার্য্য করিবার যে ক্ষমতা দেওয়া হইয়াছে, কোন কার্য্যকরী আদেশ দ্বারা সে ক্ষমতা প্রতিহত করা আইন সঙ্গত নহে। উক্ত আইনের ১৭২ ধারানুসারে পুলিস কর্ম্মচারী ডায়েরী রাখিতে বাধ্য। উহাতে পুলিস কর্ম্মচারীর কৃত কার্য্য এবং তাঁহারই কৃত অনুসন্ধানের ফলাফল বিবৃত থাকিবে। ১৬১ ধারানুযায়ী যে জবানবন্দী লিখিত হইবে তাহা ঐ ডায়েরীর সামিল হইবে না। অনারেবল মেম্বর মিঃ ঘোষ যে বিধির পক্ষ সমর্থন করিতেছেন বস্তুতঃ সেই বিধিই এক্ষণে প্রচলিত রহিয়াছে।"

২৪এ ফেব্রুয়ারিও উক্ত সভার অধিবেশন হইয়াছিল। অনারেবল সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় চারিটি প্রশ্নের উত্থাপন করিয়াছিলেন। প্রশ্নগুলি ও উহাদিগের উত্তরের মর্ম্ম আগামী বারে প্রকাশ করিবার ইচ্ছা রহিল। অনারেবল লায়াল সাহেবের প্রস্তাবক্রমে ড্রেনেজ আইনের পাণ্ডুলিপি ঐ দিন সিলেক্ট কমিটীর হস্তে অর্পিত হইয়াছে। অনারেবল এলেন, কলিয়ার ও লায়াল সাহেব, অনারেবল বাবু সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও মিঃ লালমোহন ঘোষ, অনারেবল মৌলবী সিরাজ উল ইসলাম ও সৈয়দ ফজল ইমাম এবং অনারেবল জগদিন্দ্রনাথ রায়—ইহাঁরা সিলেক্ট কমিটীর সদস্য নির্ব্বাচিত হইয়াছেন।

গোহত্যা সম্বন্ধে ছোটলাটের সর্কুলারের মর্ম্ম ও নীলকর সাহেবদিগের আবেদন।

ছোটলাট বাহাদুর স্যর চার্লস ইলিয়টের গোহত্যা বিষয়ক সর্কুলারে অসন্তোষ প্রকাশ করিয়া প্রতিকারের আশায় মৌলবী সেরাজ-উল-ইসলাম প্রমুখ কলিকাতাস্থ কয়েকজন মুসলমানের পক্ষ হইতে এক খানি আবেদন পত্র বিগত ২৭এ জানুয়ারি ছোটলাট বাহাদুরের নিকট প্রেরিত হইয়াছিল। উক্ত আবেদন সম্বন্ধে ছোট লাট বাহাদুরের অভিপ্রায় জ্ঞাপন করিয়া প্রত্যুত্তর স্বরূপে সম্প্রতি বাঙ্গাল গবর্ণমেণ্টের সেক্রেটরী কটন সাহেব নিম্নলিখিত মর্ম্মে মৌলবী মহম্মদ যুসুফ খাঁ বাহাদুরকে পত্র লিখিয়াছেন।

"বিগত ২৪এ জানুয়ারি ছোট লাট বাহাদুর আপন ভবনে বসিয়া আপনাদিগের সাক্ষাতেই বলিয়াছিলেন যে, মুসলমানদিগের ধর্ম্ম্য কর্ম্ম অথবা সামাজিক উৎসবে হস্তক্ষেপ করার উপযোগী কোনরূপ আইন কানুন সংগঠন করিবার ক্ষমতা মিউনিসিপ্যালিটীর নাই, সুতরাং মিউনিসিপ্যালিটী হইতে মুসলমান সম্প্রদায়ের ওসম্বন্ধে কোনরূপ আশঙ্কা করিবার কারণ দেখা যায় না। ক্ষমতা কার্য্যকরী কর্ত্তৃপক্ষীয়দিগেরই থাকিবে। ছোট লাট বাহাদুর সুবিধামত এতৎসম্বন্ধে প্রয়োজনানুযায়ী আদেশ প্রদান করিবেন।

ফলকথা এই যে, শান্তভাবে ন্যায্য স্বত্বের পরিচালনার পক্ষে কোনরূপ নিষেধ নাই। মুসলমান সম্প্রদায়ের নেতা এবং উহার অপরা-

পর সন্দিবেচক ব্যক্তিগণ সকলেই, হিন্দুর যাহাতে প্রকৃত প্রস্তাবে কোনরূপ মনোবেদনার কারণ হয় এরূপ সমস্ত বিষয়ের অনুষ্ঠানে প্রবৃত্ত হইবেন না, এবং নিজের কোন ধর্ম্ম্য কর্ম্ম অথবা সামাজিক উৎসবের যথারীতি প্রতিপালন স্থলে হিন্দুর মনে যাহাতে কোনরূপ আঘাত লাগে এরূপও আচরণ করিবেন না বলিয়াই গবর্ণমেণ্টের ধারণা।

গোহারের নীলকর সমিতি বড় লাট বাহাদুর লর্ড এলগিনের নিকট গোহত্যার প্রসঙ্গ লইয়া নিম্নলিখিত মর্ম্মে একখানি আবেদন প্রেরণ করিয়াছেন—

"হিন্দুর হৃদয়ে আঘাত না লাগে, অথচ হিন্দু ভিন্ন খৃষ্টান মুসলমান প্রভৃতি অপরাপর সম্প্রদায়ের ন্যায্য অধিকারেও কোনরূপ বিঘ্ন উপস্থিত না হয়, সে পক্ষে সাধ্যমত লক্ষ্য রাখিয়া গোহত্যার ব্যবস্থা করা উচিত। দেশীয়দিগের সংস্রবে চিরদিন থাকিয়া দেশীয়গণের মনোভাব বুঝিতে আমরা যতদূর সমর্থ, রাজপুরুষগণ কোন অংশেই ততদূর নহেন। পাছে গবর্ণমেণ্ট প্রকৃত উদ্দেশ্য বুঝিয়া উঠিতে না পারেন, এই আশঙ্কাতেই যে হিন্দু সমাজের নেতৃগণ গোহত্যা বিষয়ে প্রতিকার পাইবার আশায় গবর্ণমেণ্টের নিকট কোনরূপ আবেদন বা অভিযোগ উপস্থিত করেন না ইহা আমাদিগের বেশ জানা আছে। গবর্ণমেণ্ট মনে করিলেই গোহত্যা জনিত গোলযোগ মিটাইয়া দিতে পারেন বলিয়া আমাদের দৃঢ় বিশ্বাস; আর গবর্ণমেণ্টেরও তাহা করা কর্ত্তব্য। অন্যের অধিকারে ব্যাঘাত না ঘটাইয়া হিন্দুর কষ্ট ঘুচাইবার শক্তি গবর্ণমেণ্টেরই আছে। আমাদের বিশ্বাস পুলিসের উপর ভার দিলে এ কাজ হইবে না, প্রাদেশিক গবর্ণমেণ্টের আদেশেও বিশেষ ফল ফলিবে না। ভারত গবর্ণমেণ্ট হস্তক্ষেপ না করিলে প্রকৃত উদ্দেশ্য সাধিত হইবে না; আর ভারত গবর্ণমেণ্টেরও উহা করিতে কোনরূপ বিলম্ব করা উচিত নহে। গোহত্যা সম্বন্ধীয় গোলযোগের প্রতিকার করিতে হইলে মিঃ এ রজার্সের কথামত গোহত্যার স্থান ও সময় নির্দ্দিষ্ট করিয়া দেওয়া উচিত এবং গবর্ণমেণ্টের হত্যাশালায় ধর্ম্মের ষাঁড় লইয়া যাহাতে হত্যা করা না হয়, তাহারও ব্যবস্থা করা কর্ত্তব্য। ইত্যাদিরূপ ব্যবস্থা হইলে গোহত্যা লইয়া যে আর কোনরূপ বিভ্রাট উপস্থিত হইবে না, ইহা নিশ্চিত।"

স্বায়ত্তশাসন প্রণালীর বিপক্ষদলভুক্ত যে সমস্ত ইংরেজ মনে করেন যে এদেশের মিউনিসিপ্যালিটীসমূহের হস্তে বিশ্বাস করিয়া ক্ষমতা দেওয়া যাইতে পারে না, মিউনিসিপ্যালিটির হস্তে ক্ষমতা প্রদত্ত হইলে তাহাতে সমগ্র প্রজার সন্তোষ জন্মে না, ছোট লাট বাহাদুরের উল্লিখিতরূপ মন্তব্যে তাঁহারা আত্মপক্ষ সমর্থনই বুঝিবেন।

বড় লাটের অভিনন্দন।

গত মঙ্গলবার অপরাহ্ণে ইণ্ডিয়ান এসোসিয়েসনের কয়েক জন সভ্য বড় লাট বাহাদুরের সহিত সাক্ষাৎ করিয়া তাঁহাকে একখানি অভিনন্দনপত্র প্রদান করিয়াছিলেন। ব্রিটিস শাসনের উপকারিতাদি বিষয়ের উল্লেখ পূর্ব্বক রাজভক্তির যথেষ্ট পরিচয় প্রদানান্তর পত্রে নিম্নলিখিত কয়েকটি বিষয়ে বড় লাট বাহাদুরের মন আকৃষ্ট করিবার চেষ্টা পাওয়া হইয়াছিল—

(১) কৌন্সিলের মেম্বর নিয়োগ বিষয়ক নিয়মাবলী সর্ব্বসাধারণের সন্তোষ জনক হয় নাই; আর বাসস্থান সম্বন্ধে যে নিয়মের বাঁধাবাঁধি করা হইয়াছে উহা অনাবশ্যক; উহাতে কৌন্সিল আইনের কার্য্য সুচারু সম্পন্ন হইবার পক্ষে ব্যাঘাত ঘটিবে। (২) সিবিল সর্ভিস পরীক্ষা ভারত ও ইংলণ্ডে যুগপৎ যাহাতে গৃহীত হয় তদ্বিষয়ক প্রস্তাব বিলাতের কমন্স সভায় পরিগৃহীত হইয়াছে। উক্ত প্রস্তাব কার্য্যে পরিণত হইলেই প্রকৃত পক্ষে মহারাণী ভারতেশ্বরীর ঘোষণাপত্রের মর্য্যাদা রক্ষিত হয়। (৩) বিচার ও কার্য্যকরী ক্ষমতা এক ব্যক্তির উপর না রাখিয়া স্বতন্ত্ররূপে ন্যস্ত করাই উচিত। (৪) আসামের কুলি-আইন রহিত করিয়া দেওয়া কর্ত্তব্য। (৫) আর্থিক গোলযোগ ঘুচাইবার জন্য কোনরূপ ট্যাক্স করা গবর্ণমেণ্টের কর্ত্তব্য নহে। ট্যাক্স যা হইবার চূড়ান্ত হইয়াছে। ইহার উপর আর ট্যাক্স করা চলিবে না। গবর্ণমেণ্টের ইউরোপীয় ও ইউরেশীয় কর্ম্মচারীদিগের জন্য যে বাটার ক্ষতিপূরণের ব্যবস্থা করা হইয়াছে সেই ব্যবস্থা উঠাইয়া দিলেই আয়

ব্যয়ের সামঞ্জস্য হইয়া প্রতিকারের উপায় হইতে পারিবে। (৬) গোহত্যা লইয়া স্থানে-স্থানে যে সকল গোল-যোগ হইতেছে, শিক্ষিত সম্প্রদায়ের প্রতিনিধি বলিয়া ভারত সমিতির উহাতে বড়ই বিরাগ। শান্তি সভ্য-জীবনের অঙ্গ। গবর্ণমেণ্ট যদি সেই শান্তি রক্ষার উপায় করিয়া দেন তাহা হইলে গবর্ণমেণ্টের প্রতি সমগ্র রাজ্যের সকল শ্রেণীস্থ লোকেরই সমানুভূতি জন্মে। বাঙ্গাল গবর্ণমেণ্ট এই গোহত্যা সম্বন্ধে সম্প্রতি যে মন্তব্য প্রকাশ করিয়াছেন ভারত সমি-তির তাহা সম্পূর্ণ অনুমোদিত হই-য়াছে।

প্রত্যুত্তরে বড় লাট বাহাদুর সমিতি প্রদত্ত পরামর্শগুলির সম্বন্ধে যথাসময়ে বিবেচনা করিবেন অঙ্গী-কার করিয়া উপসংহারে বলিয়াছেন, "আমার শাসনকাল মধ্যে ভারত ও ভারতবাসীর উন্নতিকল্পে যদি কিছুও করিতে পারি তবেই জানিব যে আমার সর্ব্বোচ্চ আশা সফল হইল।"

অনেক দিন হইল আমরা ঘাটাল নিমতলা সংস্কৃত সমিতির প্রথম বাৎ-সরিক বিবরণী প্রাপ্ত হইয়াছি। স্থানা-ভাবে এযাবৎ উহার প্রাপ্তিস্বীকার করিয়া উঠিতে পারি নাই। বাঙ্গালা, বেহার ও উড়িষ্যার টোল সমূহের পরীক্ষা গ্রহণের জন্য যে আটটি পরীক্ষা সমাজ প্রতিষ্ঠিত হইয়াছে, ঘাটালের এই সংস্কৃত সমিতি তন্মধ্যে একটি। প্রায় দেড় বৎসর হইল এই সমিতি স্থাপিত হইয়াছে। প্রথমবর্ষে ন্যায়, স্মৃতি, কাব্য ও ব্যাকরণের পরীক্ষা গৃহীত হয়। পরীক্ষায় ১১৮ জন ছাত্রের মধ্যে ৪৩ জন উত্তীর্ণ হইয়া-ছিলেন। ৬ জন অধ্যাপক মোট মাসিক ৫০ টাকা এবং ৭ জন ছাত্র মোট মাসিক ১৮ টাকা বৃত্তি গবর্ণ-মেণ্ট হইতে প্রাপ্ত হন। সমিতি নিজ হইতেও চারিটি বৃত্তি দিয়াছেন। উক্ত বৎসর চাঁদা দ্বারা ১০৮৬৲ টাকা সংগৃহীত হইয়াছিল; তন্মধ্যে ব্যয় হইয়াছিল ৮৩৪ টাকা।

অভিভাবকগণের সমধিক যত্নে সমিতির দিন দিন শ্রীবৃদ্ধি সম্পাদিত হইয়া উহার উদ্দেশ্য সম্যক্ সাধিত হয়, ইহাই আমাদিগের প্রার্থনা।

পত্রলেখকগণ।

শ্রীশ্যামাচরণ চৌধুরী, হেডপণ্ডিত কলাগেছে ম, ই, স্কুল—লিখিয়াছেন, "মধ্যবৃত্তি পরীক্ষার পাঠ্য বাঙ্গালা সাহিত্য পুস্তকগুলি অপেক্ষাকৃত ভাল দেখিয়া নির্ব্বাচন করাই কর্ত্তৃপক্ষীয়দিগের কর্ত্তব্য।"

শ্রীউমেশচন্দ্র মুখোপাধ্যায়, মহীরাড়ি সাধারণ পুস্তকালয়াধ্যক্ষ—লিখিয়াছেন, "মহীরাড়ি গ্রামটী সম্ভ্রান্ত এবং সমৃদ্ধিসম্পন্ন অনেকগুলি লোকের বাসভূমি হইলেও সংস্কৃত শাস্ত্রের চর্চ্চার উপ-যোগী একটিও চতুষ্পাঠী ঐ স্থানে নাই। স্থানীয় মহোদয়গণ এ বিষয়ের দিকে লক্ষ্য রাখেন ইহাই প্রার্থনা।

প্রাপ্তিস্বীকার ও সমালোচনা।

আমরা কৃতজ্ঞতা সহকারে নিম্নলিখিত পুস্তক-গুলির প্রাপ্তি স্বীকার করিতেছি।

Charak Sanhita (Translated into English) published by Avinas Chandra Kaviratna. Part 8 বায়ু পিত্ত ও কফের প্রকৃতি, মেদ ও কৃশতার অপকারিতা, উক্ত উভয়বিধ রোগের প্রতিকারের উপায় এবং নিয়-মিত নিদ্রার উপকারিতা—এই কয়টি বিষয় এই সংখ্যায় বর্ণিত হইয়াছে। বিষয়গুলি বড়ই মনো-রম। চিন্তাশীল ব্যক্তি মাত্রেরই এগুলি পড়িয়া দেখা উচিত।

শান্তি (মাসিক পত্রিকা) পণ্ডিত শ্রীযুক্ত মাধবচন্দ্র তর্ক চূড়ামণি কর্ত্তৃক সম্পাদিত। ১ম ভাগ, ১ম সংখ্যা। এই পত্রিকায় আর্য্য সর্ব্বা-ধুনাগি ব্যক্তিবর্গের জ্ঞাতব্য অনেকানেক বিষয় পর্য্যালোচিত হইবে বলিয়া উক্ত হইয়াছে। উদ্দেশ্য সাধু, সুতরাং এরূপ পত্রিকা দীর্ঘজীবন লাভ করিয়া আপন উদ্দেশ্য সিদ্ধ করিয়া উঠিতে পারে, ইহাই আমাদের কামনা।

সরল শুভঙ্করী ও মৌখিক অঙ্ক (প্রথম ভাগ) শ্রীঅক্ষয়কুমার দত্ত বি এ প্রণীত। পুস্তক খানিকে উপলক্ষ করিয়া প্রথম শুভঙ্করী শিক্ষার্থীদিগকে শুভঙ্করী শিখাইবার পক্ষে সুবিধা হইতে পারে।

সঙ্গিনী (ভক্তিগ্রন্থ প্রচারিণী মাসিক পত্রিকা) ২য় বৎসর ৯ম সংখ্যা। ইতিপূর্ব্বের আর কোন সংখ্যা আমরা প্রাপ্ত হই নাই।

সজ্জনতোষিণী—পৌষ ১৩০০।

বামাবোধিনী—অগ্রহায়ণ পৌষ, মাঘ ১৩০০।

বেদব্যাস—অগ্রহায়ণ ১৮১৫ শক।

পূর্ণিমা—কার্ত্তিক, অগ্রহায়ণ, পৌষ, মাঘ ১৩০০।

সাহিত্য ও বিজ্ঞান—সেপ্টেম্বর ১৮৯৩।

অনুসন্ধান—১৫ই পৌষ, ২৯এ পৌষ, ১৫ই অগ্রহায়ণ, ৩০এ অগ্রহায়ণ ১৫ই কার্ত্তিক ২৯এ কার্ত্তিক, ১৫ই মাঘ, ৩০এ মাঘ ১৩০০।

সুকথা—কার্ত্তিক, অগ্রহায়ণ ১৩০০।

সখা—ডিসেম্বর, জানুয়ারি ১৮৯৩।

কাঙ্গালের ব্রহ্মানুবেদ—৫ম ভাগ ৪র্থ সংখ্যা।

ধর্ম্মপ্রচারক—আশ্বিন, কার্ত্তিক, অগ্রহায়ণ, পৌষ ১৮১৫।

তত্ত্ববোধ—আশ্বিন ১৩০০।

ভারতী—আশ্বিন, পৌষ, মাঘ ও ফাল্গুন ১৩০০।

সাথী—কার্ত্তিক ১৩০০।

বিদ্যোদয়—অগ্রহায়ণ, পৌষ, মাঘ ও ফাল্গুন ১৩০০।

নবাভারত—পৌষ ১৩০০।

উচ্চক্ষত্রিয় প্রতিনিধি—অগ্রহায়ণ ১৩০০।

দাসী—ডিসেম্বর ১৮৯৩।

জন্মভূমি—পৌষ মাঘ ১৩০০।

সুচিন্তা—আশ্বিন, কার্ত্তিক, অগ্রহায়ণ, পৌষ ১৩০০।

বিজ্ঞপ্তিসাধন—অঙ্ক ১১ ১২ সংবৎ ১৯৫০।

তত্ত্ববোধিনী পত্রিকা—ফাল্গুন ১৮১৫ শক।

ভগ্ন—মাঘ ও ফাল্গুন ১৩০০।

বেঙ্গলরত্ন—ফেব্রুয়ারি ১৮৯৪।

Minor Gazette or the pupils' Journal Vol, 1 No, 1.

Chaitanya Library Journal, Sept 1893.

The India Magazine and review Decr, Jany., Feby., 1893.

The light of the East Vol 2, No 3 Jany, Feby 1894.

India Telegraph Guide—Jany 1894.

Triennial Report on the working of the Charitable Dispensaries under the Govt of Bengal for the years 1890, 91 92.

The Juvenile Gazette Feby. 1894

Administration Report on the Railways in India for 1892-93, Part II.

Errors in English with notes on composition for young natives by F. Goodall পুস্তকখানি ইংরাজীশিক্ষার্থীর উপযোগী হইয়াছে।

সাপ্তাহিক সংবাদ।

[কলিকাতা] মিঃ এলেন আর্থার বেঙ্গল চেম্বার অফ কমার্সের সভাপতি এবং মিঃ জে এন ষ্টুয়ার্ট উহার সহকারী সভাপতি নির্বাচিত হইয়াছেন।

বিগত ২৪এ ফেব্রুয়ারি শুক্রবার অপরাহ্ণে কলিকাতা টাউন হলে সেভি ডফরিণ ফণ্ডের নবম সাম্বৎসরিক অধিবেশন হইয়া গিয়াছে। বড় লাট বাহাদুর লর্ড এলগিন সভাপতির কার্য্য করিয়াছিলেন।

আগামী ২৬এ মার্চ্চ হইতে আরম্ভ করিয়া ২৯এ মার্চ্চ পর্য্যন্ত চারি দিনকাল কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সেনেট গৃহে প্রাদেশিক সিভিল-সর্ভিসের কার্য্যকরী বিভাগে এবং অবস্তন সিভিল সর্ভিসে প্রবেশার্থিগণের পরীক্ষা গৃহীত হইবে।

অডিটার ও অডিটার জেনারেল এবং পেমাষ্টার জেনারেল হেড কমিসনর জেকব সাহেব ফ লা প্রাপ্ত জিন্‌কে সাহেবের অনুপস্থিতিতে ভারত গবর্ণমেণ্টের আয় ব্যয় বিভাগের সেক্রেটরী নিযুক্ত হইলেন। বাঙ্গালার একাউণ্টাণ্ট জেনারেল বাবো সাহেব বোম্বাইয়ের একাউণ্টাণ্ট জেনারেল নিযুক্ত হইলেন।

আগামী ২২এ মার্চ্চ বড়লাট বাহাদুরের ব্যবস্থাপক সভার ক্বারতীয় বজেট দাখিল হইবে। বজেট দাখিল হইবার সপ্তাহকাল পরে সম্ভবতঃ উহার আলোচনা হইবে। প্রাদেশিক বজেটগুলি ভারত গবর্ণমেণ্টের হস্তগত হইয়াছে। আয় ব্যয় বিভাগ কর্ত্তৃক এক্ষণে ঐগুলি পরীক্ষা করিয়া দেখা হইতেছে।

ছোটলাট বাহাদুর পরিভ্রমণ সমাপ্ত করিয়া গত বৃহস্পতিবার অনুচরবর্গ সহ কলিকাতায় আসিয়া পৌঁছিয়াছেন।

বাঙ্গালার দেশীয়গণ মধ্যে সম্প্রতি যাঁহাদিগকে উপাধি প্রদত্ত হইয়াছে, তাঁহাদিগকে সনন্দ দিবার জন্য ছোটলাট বাহাদুর সার চার্লস ইলিয়টের ভবনে শীঘ্রই একটি দরবার হইবে।

বাঙ্গালার জাতীয় বণিক-সমিতি সে দিন বড় লাট বাহাদুরকে একখানি অভিনন্দনপত্র দিয়াছিলেন। বড় লাট বাহাদুরও তাহার উত্তর প্রদানে সকলকে আপ্যায়িত করিয়াছেন।

কলিকাতার ট্রাম কোম্পানীর সহিত তত্রত্য মিউনিসিপালিটীর যে চুক্তি হইয়া গিয়াছে, সেই চুক্তিটি যাহাতে আইন সঙ্গত হয় তজ্জন্য অনারেবল বাবু সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় একটি আইন প্রণয়ন করিয়াছেন। গত শনিবার ব্যবস্থাপক সভায় উহার পাণ্ডুলিপি পঠিত হইয়াছে।

[প্রেসিডেন্সী] কৃষ্ণনগর আমিনবাজার এ ডিঃ স্কুল প্রাঙ্গনে বিগত ২রা মাঘ পণ্ডিত শ্রীযুক্ত অজিত নাথ ন্যায়রত্ন এবং ভক্তিবিনোদ শ্রীযুক্ত কেদার নাথ দত্ত প্রমুখ অনেকে মিলিয়া একটি সভা করিয়াছিলেন। শ্রীযুক্ত বাবু নফরচন্দ্র পাল চৌধুরী মহাশয় সভাপতির আসন পরিগ্রহণ করেন। নবদ্বীপ ধামের উন্নতি সাধন ও সাধারণতঃ তন্মাহাত্ম্য প্রচার উদ্দেশ্যে শ্রীনবদ্বীপধাম প্রচারিণী নামে একটি সভা স্থাপিত হইবে স্থির হইয়াছে।

[বর্দ্ধমান] কোটালপাড়া হইতে আমাদের কোন সংবাদদাতা লিখিয়াছেন—এবৎসর এদেশে বন্যাপ্লাবিত স্থানসমূহ ব্যতীত আর সর্ব্বত্রই শস্য প্রচুর পরিমাণে জন্মিয়াছে, কিন্তু তাহা হইলেও টাকায় ৭ কাঠার অধিক ধান্য বিক্রয় হয় নাই। এখন টাকায় ১৬ কাঠার দরে বিক্রয় হইতেছে। এবৎসর এদেশে ইক্ষু খুবই কম জন্মিয়াছে। গুড় এখানে ৸৹ টাকায় এক মণ আজু যাহা জন্মিয়াছে, দর ও শস্তা। ১৲ টাকা, ১৵৹ মণ বিক্রয় হইতেছে। বিগত ১০ই ফাল্গুন এখানে বেশ বৃষ্টি হইয়াছে। ভূমিকর্ষণ ও ইক্ষু রোপণ বিষয়ে কৃষিকার্য্যের যথেষ্ট উপকার দর্শিতেছে।

তারকেশ্বর উইলের মোকদ্দমা আজও শেষ হয় নাই। সতীশ গিরির পক্ষ হইতে বারাসত গ্রামের জনৈক মোক্তারের সাক্ষ্য গ্রহণ করিবার জন্য কমিসনের প্রার্থনা করা হইয়াছিল। প্রার্থনা মঞ্জুর হইয়াছে।

[ঢাকা] রংপুর জেলার অন্তর্গত কুড়িগ্রামে "দি ন্যাশনেল ম্যানেজফণ্ড" নামে একটি কোম্পানী সংগঠিত হইয়াছে বলিয়া শুনা যাইতেছে। ছেলে মেয়ের বিবাহ দেওয়ার পক্ষে লোকের যাহাতে কতকটা সুবিধা হয় তাহার উপায় বিধান করাই কোম্পানীর উদ্দেশ্য।

বিক্রমপুরের স্বাস্থ্য এখন মোটের উপরে ভাল। মাঝে মাঝে জ্বরের প্রাদুর্ভাব দেখা যাইতেছে। কয়দিন যাবৎ বেশ একটু গরমও পড়িয়াছে।

বিক্রমপুরের রবি শস্যের অবস্থা আশাপ্রদ নহে। ফাল্গুনের প্রথম সপ্তাহ অতীত হইয়াছে তথাপি বৃষ্টি হইল না। আকাশে মেঘের ভার থাকিলেও কুজ্‌ঝটিকায় ভার কাটিয়া যাইতেছে। তবে সপ্তাহেই বৃষ্টি হইবে এরূপ আশা করা যাইতে পারে। (বিক্রমপুর)

[রাজসাহী] বিগত ৩০শে মাঘ পাবনায় একটি দর্শনশাস্ত্রের টোল সংস্থাপিত হইয়াছে। তাঁতিবন্দের জমিদার শ্রীযুক্ত জ্ঞানদা গোবিন্দ চৌধুরী প্রমুখ অনেকানেক বিশিষ্ট ব্যক্তিগণ উহার তত্ত্বাবধানাদির ভার গ্রহণ করিয়াছেন। পণ্ডিত শ্রীযুক্ত সূর্য্যকান্ত শাস্ত্রী অধ্যাপক নিযুক্ত হইয়াছেন। দুইটি ছাত্র ন্যায়শাস্ত্র এবং দুইজন উকিল সাংখ্য দর্শন অধ্যয়ন করিতেছেন।

[উড়িষ্যা] ভারত গবর্ণমেণ্টের কলিকাতা পরিত্যাগের পর বাঙ্গালায় ছোটলাট বাহাদুর উড়িষ্যা অঞ্চলে পরিদর্শনে বাহির হইবেন। অতঃপর এপ্রেলের শেষাশেষি দার্জিলিং গমন করিবেন।

উড়িষ্যা বিভাগের ১০টি মুনিসিপ ছাত্রবৃত্তির

মধ্যে মাসিক ১৫ টাকার হিসাবে দুই বৎসর কাল স্থায়ী দ্বিতীয় শ্রেণীর চারিটি বৃত্তি ১৮৯৫ সালের ফেব্রুয়ারি মাসের পরীক্ষায় বিভাগস্থ জেলাসমূহে যে চারি জন ছাত্র সর্ব্বোচ্চ স্থান অধিকার করিতে পারিবেন তাঁহাদিগকেই দেওয়া হইবে। মাসিক ১০ টাকার হিসাবে দুই বৎসর কাল স্থায়ী অবশিষ্ট তৃতীয় শ্রেণীর ৬টি বৃত্তির মধ্যে কটকে ২টি, পুরীতে ২টি এবং বালেশ্বরে ২টি নির্দ্দিষ্ট করিয়া দেওয়া হইবে।

[উঃ পঃ প্রদেশ] কানপুর জলকলের ব্যয় ১৫ লক্ষ টাকা নির্দ্ধারিত হইয়াছিল। আগামী ১২ই মার্চ্চ উহা খোলা হইবে। উত্তর পশ্চিমের ছোটলাট বাহাদুর স্যর চার্লস ক্রসওয়েট স্বয়ং উপস্থিত থাকিয়া খুলিয়া দিবেন। কানপুরের ড্রেনেজ সম্বন্ধীয় কার্য্যও আরম্ভ হইয়াছে। ইহাতে ব্যয় হইবে ১০ লক্ষ টাকা।

[পঞ্জাব] বাঙ্গালার ছোট লাট বাহাদুর স্যর চার্লস ইলিয়ট অল্পমূল্যে কুইনাইন বিক্রয়ের ব্যবস্থা করিয়াছেন। পঞ্জাবের লাট বাহাদুর স্যর ডেনিস ফিজ্‌পেট্রিক বিনামূল্যে কুইনাইন বিতরণের ব্যবস্থা করিয়াছেন। (দৈনিক)

[বোম্বাই] বোম্বাইয়ের অন্তর্গত ইয়োলা গ্রামে সম্প্রতি হিন্দু মুসলমানে যে দাঙ্গা হইয়াছিল তদুপলক্ষে ইয়োলার হিন্দু অধিবাসিগণের পক্ষ হইতে নিম্নলিখিত মর্ম্ম প্রার্থনায় একখানি আবেদনপত্র বড় লাট বাহাদুরের নিকট পাঠান হইয়াছে। (১) ভিন্ন জেলার কর্ম্মচারীদিগের দ্বারা দাঙ্গাসম্বন্ধে সাধারণতঃ স্বতন্ত্রভাবে তদারক হয়, (২) যাহাদিগকে গ্রেপ্তার করা হইয়াছে তাহাদিগের বিচার যেন স্বাধীন নিরপেক্ষ কর্ম্মচারিগণ করেন, কিন্তু সরাসরিভাবে নহে; (৩) মামলৎদার ও পুলিস ইন্‌স্পেক্টরকে অন্য কোন জেলায় বদলী করিয়া দেওয়া হউক; তাহা হইলে ইয়োলার উৎপীড়িত, অসুখী প্রজাবর্গ নিরাপদ হইল বলিয়া মনে বিশ্বাস করিতে পারিবে।

[সাধারণ] বাঙ্গালায় চড়কে পিটকোঁড়া প্রভৃতি আইনে নিষিদ্ধ আছে; কিন্তু অপরাপর অনেক স্থানে উক্ত কার্য্য সম্পন্ন হইয়া থাকে এই ধারণায় ভারত গবর্ণমেণ্ট সম্প্রতি এতৎসম্বন্ধে নূতন আইন প্রণয়ন বিষয়ে বিবেচনা করিতেছেন। পাইওনিয়র বলিতেছেন, "মান্দ্রাজের দুই একটি স্থলে কেবল দুই এক জন লোক চড়কে পিট ফুঁড়িয়াছিল বলিয়া শুনিতে পাওয়া গিয়াছে, নতুবা আর কুত্রাপি উহা হয় নাই। এরূপ অবস্থায় ভারত গবর্ণমেণ্ট এতৎসম্বন্ধে আর কোন নূতন আইন না করিয়া কেবল রাজপুরুষদিগের হস্তে ভার দিয়া রাখিলেই যথেষ্ট হইবে।"

আগামী ৭ই মার্চ্চ ও তৎপরবর্ত্তী আর ২ দিনকাল বাঙ্গালার সহকারী ও ডেপুটী ম্যাজিষ্ট্রেট, স্পেশিয়াল ডেপুটী কলেক্টর, সবডেপুটী কলেক্টর, কাণ্টন্‌মেণ্ট ম্যাজিষ্ট্রেট এবং পুলিস, চিকিৎসা, বন ও পূর্ত্তবিভাগীয় কর্ম্মচারিগণের ১৮৯৪ সালের প্রথম ষাণ্মাসিক বিভাগীয় পরীক্ষা গৃহীত হইবে।

ভাগলপুরের সেসন জজ একটী ১১।১২ বৎসরের বালকের প্রতি প্রাণদণ্ডের আদেশ প্রদান করিয়াছিলেন। আসামী বালক একটী ৬।৭ বৎসরের বালককে একটী থালি বাড়ীতে লইয়া গিয়া তাহার কাণের মাকড়ী খুলিয়া লইয়াছিল। বালক চীৎকার করায় সে তাহাকে ঘন ঘন ইষ্টকাঘাতে মৃতপ্রায় করিয়া ফেলে। বালক শেষে কিন্তু হাঁসপাতালে যাইয়া মরে। হাইকোর্টে আপীল করায় আসামী বালক বেকসুর খালাস পাইয়াছে।

ভারতগবর্ণমেণ্টের অধীনে যত অফিসের খুনিয়র কেরাণী হইবার জন্য অনেকে কেরাণী পরীক্ষা দিয়াছিলেন; তন্মধ্যে ১৫ জন পাশ হইয়াছেন। যথা—(১) রাখালচন্দ্র দে, (২) উমাপ্রসন্ন মুখো; (৩) উপেন্দ্রনাথ চট্টো; (৪) বলাইচাঁদ শীল; (৫) ক্ষেত্রপদ বন্দ্যো; (৬) জে, এ, টীলেক্টস; (৭) সুরেন্দ্রনাথ চট্টোপাধ্যায়; (৮) রাজেন্দ্রনাথ দাস; (৯) কালিদাস বন্দ্যো; (১০) হরিনাথ মাও; (১১) বেণীমাধব ঘোষ; (১২) ফেরোজ উদ্দিন; (১৩) কৃষ্ণচন্দ্র বন্দ্যো ও রাজমোহন নাথ; (১৪) কানাইলাল।

১৮৯৪ সালের সাধারণ অবকাশ সম্বন্ধে বাঙ্গাল গবর্ণমেণ্ট ইতিপূর্ব্বে যে বিজ্ঞাপন প্রচার করিয়াছেন তদতিরিক্ত নিম্নলিখিত কয়েকটি দিনেও পেপার কনেক্সি বিভাগের ইন্থ আফিস এবং কণ্ট্রোলার ও অডিটার জেনারেলের আফিস ভিন্ন সাক্ষাৎ সম্বন্ধে ভারত গবর্ণমেণ্টের অধীনস্থ কলিকাতার আর আর আফিস সমূহ বন্ধ থাকিবে বলিয়া সকৌন্সিল গবর্ণর জেনারেল আদেশ প্রচার করিয়াছেন—ইদলফিতর—৮ই এপ্রেল, রবিবার; ৭ই এপ্রেল চাঁদ না দেখা গেলে, সোমবার। ইষ্টরসোমবার—১৫ই জুন; ৫ই জুন চাঁদ না দেখা গেলে, ১৬ই জুন। মহরম—১৩ই ও ১৪ই জুলাই; ৯ঠা জুলাই চাঁদ না দেখা গেলে ১৪ই ও ১৫ই জুলাই। ফতেয়োয়াজদা—১৩ই সেপ্টেম্বর; ১৩ই সেপ্টেম্বর চাঁদ না দেখা গেলে, ১৪ই সেপ্টেম্বর। দুর্গা ও লক্ষ্মীপূজা—৯ই, ১০ই, ১১ই, ১২ই ও ১৩ই অক্টোবর। খ্রীষ্টমাসের পরবর্ত্তী দ্বিতীয় দিন—২৭এ ডিসেম্বর।

আলিপুরের রেশম কমিটীর পরীক্ষার ব্যয় সরবরাহ জন্য মুরসিদাবাদ জাল গোলার রাজা যোগেন্দ্রনারায়ণ রায় ১২ শত টাকা দান করিয়াছেন।

ইউরোপে আজ কাল সর্ব্বশুদ্ধ ৩০৬ জন দেশীয় ভদ্রলোক আছেন। বাঙ্গালা হইতে গিয়াছেন ১০১ জন, বোম্বাই হইতে ৯৯, মান্দ্রাজ হইতে ১৩, উত্তর পশ্চিম প্রদেশ হইতে ১৭, মধ্য প্রদেশ হইতে ১, পঞ্জাব হইতে ৪৯, মহীশূর হইতে ১, ভারতরাজ্য হইতে ১৫ এবং ব্রহ্মদেশ হইতে ১১ জন। এই সংখ্যার মধ্যে ব্রাহ্ম ১৬ জন। এতদ্ভিন্ন স্ত্রীলোক গ্রেট ব্রিটেনে আছেন ১২জন। ইহাঁদিগের অধিকাংশই চিকিৎসাশাস্ত্র অধ্যয়ন করিতেছেন।

[বৈদেশিক] লর্ড লান্সডাউন বিলাতে পৌঁছিয়াছেন। শুক্রবার তাঁহার জাহাজ ডোভার আসিয়া উপস্থিত হইয়াছিল।

তুলার ব্যবসায়ের উপর যাহাতে শুল্ক বসে সে পক্ষে ভারত গবর্ণমেণ্ট ষ্টেট সেক্রেটরীর নিকট লিখিয়া পাঠাইয়াছেন বলিয়া পত্রান্তরে উক্ত হইয়াছে। ভারতে আমদানী তুলার ব্যবসায়ের উপর যাহাতে এই শুল্ক বসিতে না পায় তজ্জন্য বিলাতের তুলা ব্যবসায়ীর প্রতিনিধিগণ লর্ড ফিন্‌ষার্লের সহিত গত কল্য সাক্ষাৎ করিয়া আপনাদিগের প্রার্থনা জানাইবেন—এরূপ কথা ছিল।

আগামী ১২ই মার্চ্চ হইতে বিলাতের পার্লিয়ামেণ্ট মহাসভার নূতন সেসন আরম্ভ হইবে।

মহারাণী ভারতেশ্বরী স্যর মটিমার দুরাণ্ডকে কে সি এস্‌ আই উপাধি প্রদান করিয়াছেন।

আফ্রিকার রাইওজেনিরো নামক স্থানে ব্রিটিস, আমেরিক, অষ্ট্রীয় ও পোর্ত্তুগীজ যুদ্ধজাহাজে গোলযোগ উপস্থিত হইয়াছে। এই অল্পে অষ্ট্রীয় যুদ্ধজাহাজের অধিনায়কের মৃত্যু হইয়াছে।

পামীর লইয়া রুষ ও চীন পরস্পরের আপোষ নিষ্পত্তি হইবার পক্ষে আবার যেরূপ গোলযোগ বাধিয়াছে তাহাতে এতৎসম্বন্ধে সন্তুবতঃ সন্তোষজনক কোন একটা মীমাংসা এক্ষণে হইতে পারিবে না বলিয়াই শুনা যাইতেছে।

বিলাতে প্রচার যে গ্লাডষ্টোন সাহেবের দৃষ্টিশক্তি দিন দিন ক্ষীণ হইতে থাকায় মন্ত্রিত্ব পদ তাঁহাকে শীঘ্রই পরিত্যাগ করিতে হইবে। গ্লাডষ্টোন সাহেব নিজমুখে কিন্তু আপন কর্ম্ম পরিত্যাগ সম্বন্ধে কোন কথা বলেন নাই। সত্য সত্যই যদি গ্লাডষ্টোন পদত্যাগ করেন তবে তাঁহার স্থানে লর্ড রোজবেরি প্রধান মন্ত্রী এবং সার উইলিয়ম হারকোর্ট কমন্স হাউসের দলপতি হইবেন।

আণ্ডামানের কোন বন্দী সম্প্রতি স্বাধীনতা কর্ণেল হরকোর্টকে মারিয়া ফেলিবার চেষ্টা করিয়াছিল। বিচারে তাহার ফাঁসীর আদেশ হইয়াছে। ভারতগবর্ণমেণ্ট এই ফাঁসীর আদেশের অনুমোদন করিয়াছেন।

যোসের পোপ ত্রয়োদশ লিয়ো গ্লাডষ্টোন অপেক্ষাও বয়সে বড়। মৃত্যুর পূর্ব্বে তিনি ইতালীর জনৈক কার্ডিনালকে স্বপদে স্থাপিত করিয়া যাইবেন।

ভারতের টাকশালে রৌপ্যমুদ্রা বন্ধ হইয়াছে। আমেরিকাও রূপা ধরা বন্ধ করিয়া দিয়াছেন। মুদ্রাবিষয়ক পোলযোগ বৃদ্ধির যে ইহাও একটি কারণ জর্ম্মনী তাহা বুঝিতে পারিয়াছেন। সুতরাং জর্ম্মন কমিসনের ফলাফলের উপর ভারতের শুভাশুভও অনেকটা নির্ভর করিতেছে। (দৈনিক)

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—ভাগলপুরের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু গিরীন্দ্রনাথ চট্টোপাধ্যায় মালদহ জেলায় সবরে বদলী হইলেন। সারণের ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী সৈয়দ ওয়াজিদ হোসেন ৩ মাসের, দিনাজপুরের প্রতিনিধি ডিঃ ও সেঃ জজ ক্যামারণ সাহেব ৩ মাসের এবং ময়মনসিংহের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু নারদাপ্রসাদ সহকার ৩ মাসের ছুটী পাইলেন। উড়িষ্যার বন্দোবস্ত কার্য্যে নিযুক্ত প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ লাথান সাহেব ৯ মাসের ফর্লো পাইলেন। ডিঃ ও সেঃ জজ পেজ সাহেব অস্থায়ীরূপে মজঃফরপুরের অতিরিক্ত ডিঃ ও সেঃ জজ হইলেন। সিংহভূমের ডেঃ কমিঃ রেনি সাহেব জলপাইগুড়ির ডেঃ কমিঃ হইলেন। মানভূমের ডেঃ কমিঃ বেডফোর্ড সাহেব সিংহভূমের ডেঃ কমিঃ হইলেন। চম্পারণের প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ উইণ্ডহম সাহেব মানভূমের ডেঃ কমিঃ হইলেন। ২৪ পরগণার ডিঃ ও সেঃ জজ বেটন সাহেব ৭ মাসের ফর্লো পাইলেন। ২৪ পরগণা ও হুগলীর অতিরিক্ত ডিঃ ও সেঃ জজ উইলকিন্স সাহেব ২৪ পরগণার ডিঃ ও সেঃ জজ হইলেন। পাটনার জঃ মাঃ ও ডেঃ কঃ ষ্টীনবর্গ সাহেব নদীয়ার ডিঃ ও সেঃ জজ হইলেন। লোহার ডাগার আবকারী কার্য্যে নিযুক্ত প্রোটেন ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী গোলাম মৌলাদী ১বৎসরের ফর্লো পাইলেন। যশোহরের প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু নগেন্দ্র চন্দ্র সেন বাঙ্গাল গবর্ণমেণ্টের আর বায় বিভাগের অধীনে লোহারডাগায় আবকারী কার্য্যে নিযুক্ত হইলেন। ২৪ পরগণার ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু বিজয় মাধব মুখোপাধ্যায় ২ মাস ৮ দিনের এবং বীরভূমের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু ভৈরব নাথ পালিত আর ১৫ দিনের ছুটী পাইলেন।

বিচার—বাবু সুকুমার ভট্টাচার্য্য এম এ বি এল পাবনা ও বোগরা জেলায় সিরাজগঞ্জের মুঃ হইলেন। রংপুরের সব জজ বাবু নীলমণি দাস ১ মাস ১৫ দিনের ছুটী পাইলেন। বাবু অক্ষয় কুমার দাস বি এল বাখরগঞ্জ সদরের মুঃ হইলেন। বাবু যোগেন্দ্র নাথ গুহ বি এল বীরভূম সিউড়ীর মুঃ হইলেন। পূর্ণিয়া আরারিয়ার মুঃ বাবু রাজনারায়ণ চক্রবর্ত্তী আর ২ দিনের, পাবনা ও বোগরা জেলায় সেরাজগঞ্জের অতিরিক্ত মুঃ বাবু বিরজাচরণ মিত্র ১৫ দিনের, বীরভূম সিউড়ীর মুঃ বাবু বিহারী লাল মুখোপাধ্যায় ৩ মাসের, বাখরগঞ্জ বরিশালের মুঃ বাবু শিতি কণ্ঠ মল্লিক ১ মাসের, এবং বীকুড়া কোটীলপুরের মুঃ বাবু দক্ষিণা চরণ মজুমদার ১ মাসের ছুটী পাইলেন।

উদ্ভট কবিতা।

[৭৫১]

দন্তাঘাতঃ পরিলম্বহুঃখদকণা নিঃসার্য্যতে জিহ্বয়া
তাং ছেত্তুং ভৃশমীহতে সরলাং দন্তান্ত হস্তাদৃজাঃ
আমূলাগ্রপতন্তি দন্তনিবহাঃ জিহ্বা চিরত্রায়িনী
নিত্যস্থাঃ কঠিনাঃ পতন্তি নিয়তাঃ প্রায়ঃ প্রযাস্থী-
দৃশম্।

[৭৫২]

মৃগমীনসজ্জনানাং তৃণজলসন্তোষবিহিতবৃত্তীনাম্।
লুব্ধকধীবরপিশুনাঃ নিষ্কারণবৈরিণো জগতি॥

[৭৫৩]

মৃত্যুঃ শরীরগোপ্তারং স্বীকর্ত্তারং নমুদ্ধরা।
ভশ্চরিত্রেণ হসতি স্বামিনং স্বতবৎসলং॥

বিজ্ঞাপন।

কর্ম্মখালি।

Wanted an F A Head Master for Haripur M E School on Rs 25. Purna Chandra De. Secretary, Po Belkanawabganja. Dt. Rangpur.

Wanted immediately a graduate Second Master on Rs 35 and an F A or plucked F A Third Master on Rs 20 a month for the Sthal Pakrase H E Institution, District Pabna. The teachers will be allowed free board and lodging, if they can spare 2 or 3 hours for private tuition. Apply to the Secretary.

Wanted an Entrance passed teacher for the Kali Kishore High school at Hashara, Dacca on Rs 9 a month. He should write a good legible hand. Babu Sree Nath Mukherjee. Hd. Master.

Wanted a Head Master for the Bihar H. C. E. School, Salary Rs 100 per mensem. Applications will be received up to the 12 March 1894. M. N. Gupta President School Committee.

Wanted a B A or a plucked B A on Rs 35 as 2nd teacher, an F A on Rs 25 as 3rd teacher, an English knowing Pandit on Rs 20 as 4th, Pandit and two lower teachers who have passed the Entrance Examination on Rs 15 and Rs 12 as 5th and 6th teachers respectinely for the Nilphamari H. E. School. Apply to Babu Rajani Kanta Sarkar, Secretary, Nilphamari H. E. School (N. B. S. R.)

Wanted an experienced teacher (an F A) to take charge of the Education of 3 minors of the Maliara Court of Wards' Estate on a salary of Rs 40 per mensem. Applications should be forwarded to the undersigned on or before the 15th March. Babu Basanta Kumar Raha, Dy C in charge of the Maliara Court of Wards' Estate, Baukura.

Wanted 2 teachers an F A on Rs 35 and an Entrance passed on Rs 25 per month for the Simla (Hills) Anglo Vernacular School Both the teachers must have taken Sanscrit as their 2nd language. K. K. Banerji, Hony. Secy. Govt. of India, P. W. D. Secrett, Calcutta.

Wanted a Hd. Pandit for the Mashat M. E. School on Rs 16. Apply to Babu Chandra Nath Chakravarti, Hd Master.

Required a passed Civil Hospital Assistant Lady Doctor for the Growse Female Hospital at Madaripur. Salary Rs 35 per mensem with free quarter and prospects of private practices. Applications will be received up to 28th February 1894 by the undersigned. Babu Uma Prasanna Guha, for Sub Divisional Officer, Madaripur.

Wanted a Brahmin or a Kayastha 2nd Master on Rs 15 for the Munshiganj M. E. School Nadia. Apply to Babu Hari Nath Biswas, Secretary.

Wanted a Head Pandit, Kaliganj H. E. School, salary Rs 20 a month. Apply sharp to Surya Narayan Das, Secy. Kaliganj, Dacca.

জেলা খুল্না নলতা পোঃ, নলতা মঃ ইং স্কুলের জন্য এক জন নর্ম্মাল ত্রৈবার্ষিক হেড পণ্ডিত আবশ্যক। বেতন ১৮৲ টাকা অথবা বাসা খরচ বাদে ১২৲ টাকা। শ্রীপ্রতাপচন্দ্র চট্টোপাধ্যায়। হেড মাষ্টার।

নর্ম্মাল ত্রৈবার্ষিক জনৈক ব্রাহ্মণ হেড পণ্ডিত প্রয়োজন। বেতন আপাততঃ ১৬৲ ষোল টাকা। শ্রীরামেশ্বর মৌলিক, নরসিংহপুর মঃ বাঃ স্কুল, খড়িয়ালি পোঃ, জেলা যশোহর।

বাদুড়িয়া তন্তুন মিশন হাই স্কুলের প্রধান পণ্ডিতের আবশ্যক। মাসিক বেতন ২০৲ কুড়ি টাকা। যিনি সংস্কৃত কলেজে ধারাবাহিকরূপে পড়িয়া এণ্ট্রান্স পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন, অথবা সংস্কৃত উপাধি পরীক্ষায় উত্তীর্ণ অথচ কিছু ইংরাজি জানেন তাঁহাদিগেরই আবেদন আদরণীয়। রেবারেণ্ড আই, সি, দাস, সুপারিণ্টেণ্ডেণ্ট। বাদুড়িয়া পোঃ জেলা ২৪ পরগণা।

জেলা নদীয়া, পোষ্ট শ্যামকুড়, মাটিবেড়িয়া ম, ইং স্কুলের জন্য ১৭৲ টাকা বেতনে নর্ম্মাল ত্রৈবার্ষিক হেড পণ্ডিতের প্রয়োজন। জাতিতে ব্রাহ্মণ কিম্বা বৈদ্য হইলে আহারাদির সুবিধ হইতে পারে। সম্পাদক শ্রীযুক্ত বাবু কেদারনাথ রায়ের নিকট আবেদন করুন।

জেলা মেদিনীপুর বিনপুর পার্কেল বিদ্যালয়ের জন্য কায়স্থ অথবা কায়স্থের অন্নভোজী এক জন ইংরাজী শিক্ষকের প্রয়োজন। বেতন ১২৲ টাকা। এতদ্ব্যতীত আহারীয় পাইবেন। বিনপুর পোলিস ষ্টেশনের সব ইনস্পেক্টর মহাশয়ের নিকট আবেদন করিবেন।

সাধুহাটী ইং ইং স্কুলে প্রধান পণ্ডিতের প্রয়োজন। বেতন যোগ্যতানুসারে ২০৲—২৫৲ টাকা। শ্রীহরিনারায়ণ ভাষাতীর্থ বিদ্যাবিনোদ প্রধান পণ্ডিত, পাবনা ইনষ্টিটিউশন, পাবনা।

দুইটী বালককে ইংরাজী শিক্ষা দিবার জন্য এক জন এণ্ট্রান্স ফেল শিক্ষকের আবশ্যক। শ্রীহারাণচন্দ্র দত্ত মজুমদার, জমিদার বরদা। বরদা পোষ্ট, ভায়া ডায়মণ্ডহারবর।

মধুখালী মঃ বাঃ স্কুলের জন্য মাসিক ১৫৲ টাকা বেতনে নর্ম্মাল ত্রৈবার্ষিক হেড পণ্ডিতের প্রয়োজন। মধুখালী মঃ বাঃ স্কুলের সম্পাদক। পুটিয়া রাজধানী, ভায়া নাটোর, ইঃ বঙ্গ ষ্টেট রেলওয়ে।

জেলা ফরিদপুর বাঁশীদহ পোঃ, বাঁশীদহ মঃ বাঃ স্কুলের জন্য নর্ম্মাল ত্রৈবার্ষিক হেড পণ্ডিতের প্রয়োজন। মাসিক বেতন ১৭৲ টাকা। শ্রীবিপিন বিহারী সেন গুপ্ত, সম্পাদক।

জেলা বর্দ্ধমান গুহগ্রাম মঃ ইঃ স্কুলে ২ মাসের জন্য এক জন হেড পণ্ডিতের প্রয়োজন। স্কুলের হেড মাষ্টারের নিকট আবেদন করুন।

ছাত্রখালি।

Wanted 15 students 6 for the 1st Class, 5 for the 2nd class and 4 for the 3rd class of the Sthal Pakrasi H E Institution, District Pabna, Board and lodging free. Those that have a fair chance of passing the University Entrance Examination in the session 1894-95 shall have also free studentship. Apply to the Hd Master of the School without delay.

Wanted some Entrance Class students for the Moheshpore H. E. School, Jessore. Lodging and Boarding free. Apply to I. Bose B. A. Hd Master.

জেলা হুগলী, পোঃ ষারহাট্টা, ষারহাট্টা বাজেষরী ম, ইং স্কুলে বর্ত্তমান অঙ্কে পরীক্ষা দিতে সক্ষম এমন দুইটী বালকের প্রয়োজন। বেতন, বাসস্থান, গৃহশিক্ষকের সাহায্য এবং নিঃস্ব হইলে আহারীয় সাহায্য দেওয়া হইবে। পরীক্ষায় প্রশংসার সহিত উত্তীর্ণ হইতে পারিলে, যাবৎ পাঠ বন্ধ না হয়, তাবৎ স্কুল হইতে দুই টাকা করিয়া বৃত্তি পাইবে। স্ব স্ব স্কুলের প্রধান শিক্ষকের প্রশংসাপত্র সহ আবেদন করিতে হইবে। শ্রীঅম্বিকা প্রসাদ সিংহ রায়, হেড মাষ্টার।

জেলা রংপুর, পোষ্ট মিঠাপুকুর, ভুর্ষাপুর নং ১ উঃ প্রাঃ স্কুলের জন্য ১৮৯৪ অব্দের উঃ প্রাঃ পরীক্ষা দিতে সক্ষম এরূপ ২টি মুসলমান ছাত্রের প্রয়োজন। আহারীয় ও স্কুলের বেতন দেওয়া যাইবে। পূর্ব্বশিক্ষকের সার্টিফিকেট সহ প্রধান শিক্ষক শ্রীআবদুল মজিদ আহম্মদের নিকট আবেদন করিতে হইবে।

এণ্ট্রান্স স্কুলের ৪র্থ কিম্বা ৫ম শ্রেণীতে অধ্যয়ন করিতে পারে এমত একটী ১৪।১৫ বৎসরের অধিক বয়স্ক বালকের প্রয়োজন। বাসাখরচ ও স্কুলের বেতনাদি সকল প্রকার ব্যয় আমি নিজ হইতে চালাইব। জাতিতে ব্রাহ্মণ বা উত্তরাঢ়ীয় কায়স্থ হইলেই ভাল হয়। স্কুলের হেড মাষ্টারের সার্টিফিকেট সহ সত্বরে আবেদন করিবে। শ্রীরামতারণ হাজরা, চাঁচল এণ্ট্রান্স স্কুল, পোঃ চাঁচল, জেলা মালদহ।

৺ বিশ্বনাথ বৃত্তি।

ভারতবর্ষ মহামহলীর বৃথাতম উদ্দেশ্যের অনুসরণ করিয়া ৺ বিশ্বনাথ চট্টোপাধ্যায়ে বার্ষিক পঞ্চাশৎ টাকা পরিমাণে এক একটী করিয়া আর কয়েকটী বৃত্তি স্থাপিত হইয়াছে। যে যে চট্টোপাধ্যায়ে বেদান্তাদি দর্শন শাস্ত্র অথবা প্রাচীন ও নব্যস্মৃতি অধ্যাপিত হয়, সেই সেই চট্টোপাধ্যায়ে এই বৃত্তিগুলি দেওয়া যাইবে। অধ্যাপক ইচ্ছা করিলে ঐ বৃত্তি ত্রৈমাসিক বা ষাণ্মাসিক বা বার্ষিকরূপে গ্রহণ করিতে পারিবেন। ছাত্রদিগের নিদ্যাবত্তা ও সচ্চরিত্রতা সম্পাদন ভিন্ন অধ্যাপক মহাশয়দিগকে অপর কোন নিয়মের অধীন হইতে হইবে না। যে সমস্ত অধ্যাপক বৃত্তি লইতে ইচ্ছা করিবেন, তাঁহারা অথবা তাঁহাদিগের হিতার্থীরা অধ্যাপকের নাম ধাম ছাত্রসংখ্যা ও প্রত্যেক ছাত্রের অধীতব্য বিষয় লিখিয়া আমাকে সংবাদ দিবেন।

চুঁচুড়া বিশ্বনাথ চট্টোপাধ্যায়ের
অধ্যাপক শ্রীহরিনাথ স্মৃতিভূষণ।

নূতন পুস্তক।

সেখ ব্রাদার্স এণ্ড কোং।

পুস্তক বিক্রেতা নং ৫৬ কলেজ ষ্ট্রীট কলিকাতা।

ইজি সিলেক্সনের সম্পূর্ণ অর্থ।

শ্রীনৃত্যগোপাল সরকার বিএ, বি এল, কর্ত্তৃক। ইহাতে কথার মানে, বাঙ্গালা ট্রেন্সলেসন্ পার্সিং, গদ্য, গল্পের তাৎপর্য্য, ইত্যাদি অতি পরিষ্কৃতরূপে লিখিত হইয়াছে। মূল্য ডাঃ মাঃ সমেত ৸৹ আনা।

বাকলীজ্ হিষ্ট্রীর এপীটম্।

শ্রীউপেন্দ্রনাথ মুখোপাধ্যায় বি এ, বি এল, কর্ত্তৃক। মূল্য ডাঃ মাঃ সমেত ৸৹ আনা। আমরা যাবতীয় ইং, বাং ও সংস্কৃত পুস্তক ভিঃ পিতে পাঠাই। দর সুলভ। পরীক্ষা প্রার্থনীয়।

৮২৮নং

পদ্য সংগ্রহ।

১ম, ২য়। ভাগ মূল্য ক্রমে ৵০, ।০ আনা। বাবু প্রসন্নচন্দ্র গুহ সঙ্কলিত। সেণ্ট্রাল টেক্সট বুক কমিটীর মনোনীত। সংস্কৃত প্রেস ডিপজিটরীতে প্রাপ্তব্য।

৮০৩নং

শান্তি আশ্রম।

৬৪ মৃজাপুর ষ্ট্রীট, কলিকাতা।

হাঁপানি কাশির মহৌষধ।

রাসায়নিক অমৃতপ্ত—সপ্তাহ ৷৵০

যে প্রকার হাঁপ হউক না কেন, কিম্বা গলার মধ্যে সাঁই সাঁই বা ঘড়ঘড়ানি শব্দ, বক্ষঃস্থল বেদনা বা সামান্য শ্রমে দুর্ব্বল বোধ এমন কি হাঁপের জন্য অস্থির হইয়া আহার নিদ্রা পরিত্যাগ করিতে হয় তাহাদের পক্ষে ইহা অমোঘ মহৌষধ। সপ্তাহ ব্যবহারে বিশেষ ফল দর্শে।

২। পার্ব্বতীয় বিষ্ণুফল—মূল্য ৷৵০

আমাশয় ও রক্তামাশয়ের অব্যর্থ মহৌষধ। এক দিবস ব্যবহারে রক্ত বন্ধ ও ৩৪ দিবসে সম্পূর্ণ আরোগ্য হয়। আরও ইহা বৃদ্ধ ও অহিফেণ সেবনকারীর উদরাময়ে বিশেষ ফল দর্শে।

৩। অম্লনাশক চূর্ণ—সপ্তাহ ৷৵০

ইহাতে অম্লপিত্ত, অম্লশূল, বুক জ্বালা, পেট জ্বালা, মাথা ঘোরা, বমন, অজীর্ণ, অগ্নিমান্দ্য প্রভৃতি সম্পূর্ণ আরোগ্য হয়।

৪। শান্তি মলম—মূল্য ১৲

ইহা উপদংশ, বাঘির ঘা, পোষ বা পচা ঘা, এবং পারার ঘায়ের অদ্বিতীয় মহৌষধ। কোন প্রকার বিষাক্ত পদার্থ নাই কেবল গাছ গাছড়ায় প্রস্তুত।

প্যাকিং চার্জ নাই, ডাঃ মাঃ ও ভিঃ পিঃ স্বতন্ত্র।

এই আশ্রমে আয়ুর্ব্বেদীয় ও অবধৌত্তিক মতে প্রস্তুত সর্ব্ববিধ দুরারোগ্য রোগের তৈল ও ঔষধ পাওয়া যায়। রোগী স্বয়ং আসুন বা রোগের অবস্থা লিখুন।

কবিরাজ শ্রীগজেন্দ্রনাথ গুপ্ত।

আইন! আইন!! আইন!!!

ছাত্রবৃত্তি বা মাইনর বা এণ্ট্রেন্স পরীক্ষায় উত্তীর্ণ হইলে মোক্তারী ও রেজিষ্ট্রি পরীক্ষা দেওয়া যায়। ১৮৯৪ ও ১৮৯৫ সালের মোক্তারী পরীক্ষার আসল নজীর ও টীকা সহিত নূতন সংস্করণ ভাল কাগজে মূল্য মায় মাশুল ১৫৸০; ঐ নামমাত্র নজীর ও টীকা কেবল মূল আইনের সমষ্টি মায় মাশুল ১০৸০; রেজিষ্ট্রি পরীক্ষার সমস্ত আইন মায় মাশুল ৪৸০ ৷০ আনার টিকিট পাঠাইলে ১৮৮০ সাল হইতে ১৮৯১ অবধি মোক্তারী পরীক্ষার প্রশ্ন লিষ্টি ও নিয়মাবলি পাঠান হয়। শ্রীসতীশচন্দ্র মুখোপাধ্যায় ১১ নং রাজা, নবকৃষ্ণ ষ্ট্রীট, কলিকাতা।

৮২৭ নং

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৬ বৎসর উহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-দর্শের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার লেপনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সম-ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনামূল্যে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৸০ টাকা, প্যাকিং ।০ আনা ২ শিশি একত্রে লইলে খরচা ৷৵০ আনা সুদ্ধ ৫৸।

শ্রীকালীদাস সরকার।
গবর্ণমেণ্ট পেন্সনার—লক্ষ্ণৌ।

২১৩নং

ইউক্লীডের জ্যামিতি ১ম অধ্যায়

শ্রীযুক্ত ব্রজমোহন মল্লিক প্রণীত ২৭শ সংস্করণ; পরিমার্জ্জিত এবং পরিশোধিত মূল্য ৵০।

১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

৮২৯নং

শ্রীমদ্ভগবদ্গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল বাঙ্গালা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত ৩য় সংস্করণ। বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ।/০ আনা ডাঃ মাঃ /০।

স্ত্রীশিক্ষা ও স্ত্রীস্বাধীনতা মূল্য ।০ অর্দ্ধ আনা।

কবির (জীবন্মুক্ত মহাত্মা কবির সাহেবের ৪৫৭টী দোহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা সমেত মূল্য ২, টাকা, ডাঃ মাঃ /১০।

কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০।১ন মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রী অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার

প্রসিদ্ধ ইঞ্জিনিয়র ৺ ক্ষেত্রমোহন ভট্টাচার্য্য কৃত।

জরিপ ও পরিমিতি	১৲
পরিমিতি	৷৷৵০
লঘুপরিমিতি	।০
নব শিশুবোধ	।০
শুভঙ্করী	৷৹
কবিতাসংগ্রহ ১ম ভাগ	।০
কবিতাসংগ্রহ ২য় ভাগ	।০

ইঞ্জিনিয়ার ৺ ক্ষেত্রনাথ ভট্টাচার্য্য মহাশয় গণিত-শাস্ত্রে অসাধারণ পারদর্শী ছিলেন। ইনি সিভিল ইঞ্জিনিয়ারিং কলেজে গণিত শাস্ত্রের অধ্যাপনা করিয়া প্রশংসাভাজন হইয়াছিলেন। বঙ্গ ভাষায় অঙ্ক-পুস্তক রচনা বিষয়ে ইনিই পথপ্রদর্শক। ইহাঁর রচিত পুস্তকগুলি এখনও সর্ব্বোৎকৃষ্ট বলিয়া পরিচিত। এই সকল পুস্তকের ভাষা প্রাঞ্জল ও সরল, অল্প বয়স্ক বালক বালিকাগণের উপযোগী। এই সকল পুস্তকে নানাবিধ বহুসংখ্যক উদাহরণ আছে। শুভঙ্করীর ও লঘুপরিমিতির শেষে ভিন্ন ভিন্ন জেলার পরীক্ষার প্রশ্ন, উপপত্তি বা উত্তর সহ সন্নিবেশিত আছে। উল্লিখিত পুস্তকগুলি সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটির অনুমোদিত এবং প্রথম প্রকাশের সময় হইতে বঙ্গদেশের বিদ্যালয় সমূহে পাঠ্যরূপে নির্দ্দিষ্ট ও ব্যবহৃত হইয়া আসিতেছে। কলিকাতার প্রধান প্রধান পুস্তকালয়ে এই সকল পুস্তক বিক্রয় হয়। আমার নিকট "জরিপ ও পরিমিতি" ভিন্ন উল্লিখিত অন্য কোন পুস্তক ৫০ খানি লইলে পাঁচফরা ২৫৲ হিসাবে কমিসন দিয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র ভট্টাচার্য্য।
১০৬।৩নং আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা।

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বল বীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রি-জাগরণ, অতিরিক্ত পান-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা-হাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত!

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-কোলা-কাসিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দৌকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকায় সে জ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক। নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্পদিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধে অতি সামান্য রোগও আরাম হয়। বিধাতার বিচিত্র বিধান বুঝা ভার।

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন প্লীহা জ্বর-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগী-কে এই এক ৩নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

বটিকার সংখ্যা,	মূল্য,	ডাঃমাঃ,	প্যাকিং
১নং কৌটা	১৮	৷৷৵০	।০
২নং কৌটা	৩৬	১৵০	।০
৩নং কৌটা	৫৪	১৷৷৵০	।০

জ্বালুপেবালে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।
১২ নং মৃজাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা।

৩৭৪নং

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৷৷০ বার আনা, ডাঃ মাঃ /০ এক আনা। এখানি ১৮৯৪ অব্দের মাইনর পরীক্ষার ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহাতে বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গদ্য হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ ৫ আনা, ডাঃ মাঃ ৵০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার বাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রী অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
সংস্কৃত প্রেসডিপজিটরি।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

পাঁড়ে ব্রাদার্স।

এখানে ইংরাজি, বাঙ্গালা, সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য পুস্তক, তৎসমস্তের অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা মূল্য যোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও সাবজারীর জন্য চলিবে ও ২৷৷০, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ নয়নসুখ, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকট ও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য ৵০, ৩২খানি উৎকৃষ্ট চিত্রসহ নীতি কথামালা ।০, আর্য্যচরিত ।০, আর্য্যশিক্ষা ৷৵০ বাঙ্গলা ব্যাকরণ ।৵০, শিশু বিজ্ঞান ৶০, বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ ⁄০, বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ ⁄০, মানবতত্ত্ব ১০, ধর্ম্মবিজ্ঞান ১৲, অদ্ভুত স্বপ্ন বা স্ত্রী পুরুষের দ্বন্দ্ব ৷০, বিজ্ঞানসার ১৲, লীলাবতী (অঙ্কপুস্তক) ৷০

শ্রীমনোমোহন পাঁড়ে।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্, কলিকাতা।

শ্রীযুক্তা বিধুমণি দাসীর ঔষধগুলি এক্ষণে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট পাওয়া যায়।

মেহরোগের মহৌষধ।

স্বর্ণের মাদুলী করিয়া ধারণ করিলে স্ত্রী পুরুষের নূতন পুরাতন যেহ আরোগ্য হয় মূল্য——৷৷৵০

হাঁপানি কাশীর মহৌষধ ১৷৷৵০

বাধক বেদনার ঔষধ ২৲

একমাত্র বিক্রেতা

শ্রীসিদ্ধেশ্বর ভট্টাচার্য্য

৪৭নং মেছুয়াবাজার ষ্ট্রীট, কলিকাতা।

৮২২নং

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত

পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে মধ্য ভাগবৃত্তির এবং উচ্চ ও নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেহার বিভাগের মধ্যভাগবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষকগণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৷৷০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।৵০ আনা।

বারাণাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীজমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।৵০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ৶০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৪৪ নং

কুইনাইন।

এ দেশের লোকের জীবন। ডাক্তার শ্রীযদুনাথ মুখোপাধ্যায় প্রণীত। গৃহস্থ ও পাড়াগাঁয়ের ডাক্তারদের জন্য কুইনাইন ব্যবহার সম্বন্ধে এপর্য্যন্ত এমন পুস্তক আর বাহির হয় নাই। মূল্য ।০ চারি আনা; ডাক মাশুল অর্দ্ধ আনা মাত্র।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

ম্যানেজার, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়।

১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

৮১৪নং

MATRICULATION MADE EASY.

POPULAR ENGLISH GRAMMAR

In the form of Questions and Answers. Containing—Orthography, Etymology, Syntax, Punctuation, Prosody, Analysis of Sentences, Direct and Indirect Narrations, Prefixes and Suffixes, Derivations and Compositions of words, Homonyms, Antonyms, Dittonyms, Polyonyms, Paronyms, Synonyms, Appropriate Prepositions, Parsings of words, Verbs with Prepositions, Copious Phrases and Idioms, Essay-writings Letter-writings, and other useful hints that are most likely to be put in the University Examination. By R. Ghosh. Price one Rupee. Cloth bound. Demy 12 Mo. 400 Pages. It is highly spoken of by eminent professors and principals of different Colleges. Apply to the Manager, Sanskrit Press Depository, 148, Baranasy Ghosh's Street Calcutta. ৮১৭নং

মাইকেল মধুসূদন দত্তের

জীবনচরিত।

অপ্রকাশিত কবিতা পত্র ও প্রবন্ধাবলীর সমালোচনা ও ৯ খানি অত্যুৎকৃষ্ট চিত্র সম্বলিত এবং ডিমাই আট পেজী আকারে পাঁচ শতেরও অধিক পৃষ্ঠায় সম্পূর্ণ গ্রন্থ।

শ্রীযোগীন্দ্রনাথ বসু বি এ, প্রণীত।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপোজিটরীতে, ২১০। ৪ কর্ণওয়ালিস ষ্ট্রীট নবাভারত কার্য্যালয়ে, বৈদ্যনাথ দেওঘর স্কুলে গ্রন্থকারের নিকট এবং নিম্নস্বাক্ষরকারীর নিকট পাওয়া যায়। মূল্য কাপড়ে বাঁধান ২।০ টাকা, কাগজের মলাট ২৲ টাকা, ডাকমাশুল ।০ আনা। মফস্বলস্থ গ্রাহকগণ গ্রন্থকারকে পত্র লিখিবেন।

শ্রীরামানন্দ চট্টোপাধ্যায় এম এ।

অধ্যাপক সিটি কলেজ,—কলিকাতা

☞ এই পত্র হুগলি মুখোদর যন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

REGISTERED NO 35 1875.

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

নূতন সম্বৎ ২৫শ বর্ষ ৪৬ সংখ্যা। | ২৬শে ফাল্গুন শুক্রবার ১৩০০ সাল। ইং ৯ই মার্চ্চ ১৮৯৪ খৃঃঅব্দ। | অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম)	৫৲	ষাণ্মাসিক	৩
ত্রৈমাসিক	২	প্রত্যেক সংখ্যার	।৵

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৵০ ৩য় বার /১০ চতুর্থ বা তদতোধিক বার /৮। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৵০।

কপিখানির বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে ছাপা হয়।

তিন মাসের অধিককাল বিজ্ঞাপন প্রকাশ করিলে অতিরিক্ত বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য সকলেই স্ব স্ব নিকটবর্ত্তী এজেণ্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ষ্ট্যাম্পের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণি-অর্ডার রূপনে স্পষ্ট করিয়া নাম, টিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যূন বিলম্ব হইলে তাহার কার্য্যধ্যক্ষকে পিয়নের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

কলিকাতা	শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়। সংস্কৃতযন্ত্রের পুস্তকালয় ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।
	৺ভীতরণ মজুমদার—শ্রীপুর বন্যাগোড়।
২৪ পরগণা	মতিলাল মৈত্র—আলিপুর।
আলিপুর	গুপালচন্দ্র মুখোপাধ্যায়—উকিল।
রায়াজপুর	জ্ঞানমোহন নিয়োগী।
ভবানীপুর	রাজকৃষ্ণ রায় চৌধুরী।
চুয়াডাঙ্গা	মধুসূদন চৌধুরী।
হাবড়া	হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম	শ্রীযুক্ত বাবু ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী	শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর	ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান	চারুচন্দ্র চট্টোপাধ্যায়।
	রসিকলাল দাস—রায়না।
যশোহর	কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
সিউড়ী	অম্বিকাচরণ মুখোপাধ্যায়।
	নীলমণি ভট্টাচার্য্য।
বাঁকুড়া	রামেশ্বর সেন—বিষ্ণুপুর।
	অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর	উমাপ্রসাদ দে।
জলপাইগুড়ি	নীলমণি পাল।
বাঁকিপুর	নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর।
	রামপ্রকাশ লাল।
বারাণসী	সোমনাথ ভাদুড়ী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর	আশ্বিনাথ মিত্র।
	দ্বারকানাথ বাগচি—মিলনামারি।
রাজসাহী	কালীনাথ চৌধুরী—গোয়ালিয়া।
পাবনা	ভুবনেশ্বর গুপ্ত।
	রজনীকান্ত চট্টোপাধ্যায়।
	রামচন্দ্র চক্রবর্ত্তী।
	ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, চলাই।
	উমাচরণ পাঁড়ে, সিরাজগঞ্জ।
ঢাকা	সতীশচন্দ্র ঘোষ।
সাঁওতাল পরগণা	ব্রজেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।
পাকুড়	রাধাকৃষ্ণ সাহেলে।
পুরণিয়া	হরিহর দাস।
	জীবনকৃষ্ণ বসু—সাতকীরা।
দিনাজপুর	রাজকুমার চক্রবর্ত্তী ফুলবাড়ি।
	দুর্গাদাস সুর—রায়গঞ্জ।
	শশিভূষণ রায়।
কোচবিহার	ভুবনমোহন দত্ত।
নরিয়লপুর	কালীকিশোর ঘোষ—মাদারিপুর।
মজঃফরপুর	কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল
দ্বারভাঙ্গা	গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক সুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সমস্তীপুর
বৈদ্যনাথ	যোগীন্দ্রনাথ বসু হেড মাষ্টার, দেওঘর।

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিশেষ দ্রষ্টব্য।

বাঙ্গালা অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২৩৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য। বুধোদয় প্রেস—হুগলী।

বুধোদয় যন্ত্র।

এই যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষরাদি প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানা প্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় ছাপাখানার ফরম, মেমোরাণ্ডম, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, ষ্টাম্পবিল, জমিদারীর জমা-ওয়াশীল ফরম, ডাক্তারি লেবিল ও বিল প্রভৃতি ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পাদিত হইয়া থাকে। সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংলিস অক্ষরে ৮।পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও ক্রাউন পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া ভিপিপীদ্বারা পুস্তকাদি রাস্তাই করিয়া রীতিমত বাক্সবন্দী করিয়া রেলে বা জাহাজে যাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি। গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন। ছাপার রেট ও অন্যান্য বিবরণ আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পারিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য কার্য্যাধ্যক্ষ।

বিবিধ বিজ্ঞাপন।

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু প্রণীত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য ৵০ আনা
ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "
ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব।০ "

সেণ্ট্রাল টেক্‌স্টবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তালিকায় পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট—কলিকাতা।

রিপণ-ডিপজিটরী।

৫২ দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফঃস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য পুস্তক ও নাটক নভেল অতি সুবিধায় সরবরাহ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পিঃ, ডাকেও পুস্তক পাঠাই। প্রেরণ ব্যয় ৵০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়। একবার পরীক্ষা করিয়া দেখুন। শ্রীশশিভূষণ সাহা, ম্যানেজার।

৮১৮ নং

REDUCTION IN PRICE OF CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta, Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free, at 4 oz, Rs3—4 : 8 oz, Rs 6—8 : 16 oz, Rs 12—12. Cash with order.

No. 331

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১৯ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।
ডাকমাশুল ৵০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকালীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৵০
পদ্য ব্যাকরণ মূল্য ৵১০
প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য ৵১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতায় পাওয়া যায়।

শ্রীতিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

অম্বিকাচরণ ঘোষাল

ফটোগ্রাফার ও পোর্ট্রেট পেইণ্টার

ঘুঁটেবাজার হুগলি

মফস্বলে যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণপত্র লিখিলে জানিতে পারিবেন। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিজ, হুগলী কলেজ, এমামবাড়া, হংসেশ্বরীর মন্দির, চুঁচুড়া গোরাবারিক অভ্যন্তর দৃশ্য, নবাবখাঞ্জাখাঁর মসজিদ, সপ্তগ্রামের বহোৎসব প্রত্যেক ॥০ আনা মাত্র—ফটগ্রাফগুলি একবার দেখিলে বাধিত হইব।

এল, ভি, মিত্র এবং কোং।

গভর্ণমেণ্ট ও কলিকাতা ও অন্যান্য স্থানের বঙ্গ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৫৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক কর্পূরি ক্যাম্ফার ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৸০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৸ ও ৭৲, শিশু চিকিৎসা ২৷৷০, যাদ্যা চিকিৎসা ২৲ জ্বর চিকিৎসা ৸০ ও ১৸০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৸০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমার কলিকাতার মহামেলায় এই শ্রেণীতে ভারতের সর্ব্বোচ্চ এবং এখানকার ও অন্যান্য স্থানের বহুসংখ্য চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি।

১৬৯

ভারতীয় আর্য্য জাতির

আদিম অবস্থা।

শ্রীযুক্তলালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা জোড়াসাঁকো বারাণসী ঘোষের ষ্ট্রীট ১৪৮ সংখ্যক বাটীতে সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১।০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মতামত নাহে।

মান্যবর শ্রীযুক্ত এডুকেশন গেজেট সম্পাদক
মহাশয় সমীপেষু—

সম্পাদক মহাশয়!

বঙ্গের নৈয়ায়িক-প্রধান মহামাক্তাপাদায় পণ্ডিত শ্রীযুক্ত রাখালদাস ন্যায়রত্ন মহাশয় সংসারাশ্রম পরিত্যাগ পূর্ব্বক ৺কাশীধামে যাইয়া বাস করিয়াছেন। স্বদেশ পরিত্যাগ করিয়া আসিবার সময় তিনি বঙ্গভূমিও তন্নিবাসি-মহাশয়গণের নিকট বিদায়-প্রার্থনাসূচক যে দুইটি শ্লোক রচনা করিয়া গিয়াছেন, সাধারণের অবগতির নিমিত্ত আপনার সুবিখ্যাত পত্রিকায় একদেশে নিম্নলিখিত সেই দুইটি শ্লোক উদ্ধৃত করিয়া আপ্যায়িত করিবেন—

শ্রীহরিনাথ দেবশর্ম্মণঃ।

আবাল্যং জননী জীবয়সি মা মারোপা হৃৎপল্লবং
শুষ্কন্দং বশবর্ত্তিনাব মধুরৈর্মৈলৈঃ পদোক্তিঃ ফলৈঃ।
বিশ্বস্ত্রাদি পরিগ্রহেণ চ কলা বাধাপি জাতা ন তে
ক্রোড়ে ক্রীড়ন-মেহ-বন্ধ-বশুধে মুক্তক্যমুজ্জাম্বতাং॥

বঙ্গাবাসমপাসা বাসকৃতয়ে যাস্যামি কাশ্যামহং
মন্ত্রাযাদিহ কেহপি সন্তি বিতথাং মধ্যে চ মদ্দুষিণঃ।
আহ্বানং ভবতস্তু তোয়যমুনা সাধুস্মিতি প্রার্থনা
কুর্ব্বেহহং বিহিতাঞ্জলিঃ সদিনয়ং রাখালদাসঃ স্বয়ং॥

কথকতা।

(১)

কথকতার প্রচলন এ দেশে বহুকাল হইতেই আছে। নৈমিষারণ্যে শৌনকাদি কুলপতি শ্রীসূত গোস্বামীর নিকট পৌরাণিক কথা শ্রবণ করিতেন। পরম ভাগবত শুকদেব গোস্বামী রাজা পরীক্ষিৎকে শ্রীমদ্ভাগবত কথা এবং মহর্ষি বৈশম্পায়ন জন্মেজয়কে মহাভারত কথা শুনাইয়াছিলেন। এই সমস্ত কথক ও তাঁহাদিগের শ্রোতৃবর্গ কিরূপ ছিলেন, কথকতার প্রণালীই বা তখনকার কিরূপ ছিল, মূলপুরাণগুলির প্রতি দৃষ্টি করিলেই তাহার কতকটা অনেকটা হৃদয়ঙ্গম করিতে পারা যায়। কালবশে বক্তৃত্ব, শ্রোতৃত্ব এবং কথকতার প্রণালী—এই তিনেরই কিঞ্চিৎ কিঞ্চিৎ পরিবর্ত্তন ঘটিয়া আসিয়াছে; কিন্তু তাহা হইলেও কথকতা পূর্ব্বার একালীন উচ্ছেদ যে এদেশে কোন সময়ে সাধিত হইয়াছিল এরূপ বোধ হয় না। এতদ্ব্যতীত কথকতা ডিমিসিটি আদৌ প্রকৃত প্রস্তাবে কথকদিগের যে উপজীবিকা স্বরূপ ছিল—কথকগণ কথকতাদ্বারা অর্থোপার্জ্জন করিয়া তদ্দ্বারা নিজের ও পরিবারবর্গের সম্যক ভরণ পোষণ সাধন করিতেন, এরূপও বলিয়া বোধ হয় না। কিন্তু পরে উহা প্রকৃত ব্যবসায় স্বরূপই হইয়া উঠে, এবং সেই সঙ্গে সর্ব্বনিম্ন লোকের মনোরঞ্জন উদ্দেশ্যে উহার প্রণালীরও কিঞ্চিৎ কিঞ্চিৎ পরিবর্ত্তন সাধিত হয়। কলাপ ব্যাকরণের বৃত্তিকার দৌর্গসিংহ কর্ত্তৃক ধৃত 'কথকঃকথাং কথয়তি' এই পদকে উপলক্ষ করিয়া উক্ত ব্যাকরণের পঞ্জিকাকার ত্রিলোচন দাস বলিয়াছেন।" "এবমভিনয়েনাসৌ কথকঃ কথাং কথয়তি যেন কালমেদেঽপি পরেষাং পাপীর্ত্তিবক্তি তৎসং তন্ত্র নারায়ণং কথক এব প্রযুঙ্ক্তে।" এই বাক্যদ্বারা কথকতা যে ঐ সময়ে একটি অভিনয়ব্যাপার স্বরূপই হইয়া উঠিয়াছিল তাহা বুঝা যায়।

আমরা এক্ষণে যে প্রণালীর কথকতা শুনিতে পাই উহার উদ্ভাবয়িতা ৺ রামধন তর্কবাগীশ, এইরূপ উক্ত হইয়া থাকে। গদাধর তর্কবাগীশের অবতরিতপূর্ব্বে কথকতার প্রণালী কিরূপ ছিল তাহা অনুসন্ধানে জানা যায় নাই, তবে উভয় প্রণালীর মধ্যে যে কতকটা ভিন্নতা ছিল এরূপ বলিয়াই বোধ হয়। আধুনিক কথকগণ কথকতা মধ্যে সচরাচর যে সমস্ত পদাবলী গাহিয়া থাকেন তাহার কোনটিই গদাধর তর্কবাগীশের পূর্ব্ববর্ত্তী কাহারও রচিত বলিয়া জানা নাই। গদাধর তর্কবাগীশ বড় বেশী দিনের লোক নহেন। তাঁহার মৃত্যুকাল হইতে এপর্য্যন্ত এক শত বর্ষ অতীত হয় নাই। বর্দ্ধমান জেলার অন্তর্গত সোনামুখী গ্রাম তাঁহার জন্মস্থান। পৌরাণিক পণ্ডিত বলিয়া তাঁহার বিশেষ প্রসিদ্ধি ছিল এবং বর্দ্ধমানের রাজসভায় তিনি সর্ব্বদিক প্রতিপন্ন ছিলেন। গদাধর তর্কবাগীশের পুত্রও কথকতা ব্যবসায় করিতেন। দেশকালপাত্র বিবেচনায় গদাধর কথকতা প্রণালীর পরিবর্ত্তন করেন। তাঁহার পূর্ব্বে কথকতাস্থলে পদাবলী গীত হইত কি না বলা যায় না। তিনি কিন্তু স্বরচিত অতি সুন্দর সুন্দর সুমধুর পদাবলী সমূহ গান করিয়া কথকতার সুপ্রণালী ও বক্তৃতাচাতুর্য্যে বিদ্বজ্জন প্রকৃতিক আবালবৃদ্ধ বনিতা সকল শ্রোতৃবৃন্দেরই মনঃ মুগ্ধ করিতে পারিয়াছিলেন। গদাধরের পরবর্ত্তী কথকগণও কথকতা ব্যবসায়ে বিশেষ পারদর্শী হইয়াছিলেন, এবং তাঁহাদিগের মধ্যে অনেকেই নিজে নিজে সুমধুর পদাবলী সমূহ রচনা করিয়া গান করিতেন। তাঁহাদিগের শিষ্যবর্গও সেই সমস্ত পদাবলী শিক্ষা করিয়া কথকতাস্থলে সেই সকলেরই সমধিক ব্যবহার করিতেন; সুতরাং গদাধরের রচিত পদাবলীর বড় একটা ব্যবহার না থাকায় ক্রমশঃ উহার অনেকগুলি অপরিজ্ঞাত হইয়া পড়িয়াছে। এখনকার কথক মহাশয়দিগের যে সমস্ত পদাবলী জানা আছে, তন্মধ্যে গদাধরের রচিত পদাবলীর সংখ্যা অপেক্ষাকৃত অনেক কম। নিম্নে আদর্শস্বরূপ গদাধরের রচিত একটি পদাবলী উদ্ধৃত করা যাইতেছে——

বেহাগ।

হে কেশিজনমথন মধুকৃতনু মুরারে
বিতর করুণামমুদিনং
কুরু দীনবন্ধো রক্ষ নিজ কিঙ্করমনাথং।
ঘোর-সংসার-সাগর সলিল-শীলিতং
অনবরত কৃতদুরিত-জাতং।
হে কুন্দরুচিরদন, বিধুবদন, খলদমন
মদন মদদমন তনুকান্তে
গতিরহিত পতিতশরণ করুণাম্বুধে
পাহি মামনুগতমধীনং।
সদা বিষম-বিষয়-সেবয়া সতত-কলুষেণ নং
কুজনতাসঙ্গময় সদালং
নাথ নিজকরুণয়া কুপথজনপাবন
সমুদ্ধর গদাধরদাসং।

ইনিই নিবাসী ৺ রামধন তর্কবাগীশ গদাধরের ছাত্র। গদাধরের পরবর্ত্তী কথকদিগের মধ্যে রামধন তর্কবাগীশই সর্ব্বশ্রেষ্ঠ ছিলেন। রামধনের সমসাময়িক বাঁশবেড়িয়ার লালচাঁদ তর্কভূষণও এক জন প্রসিদ্ধ কথক ছিলেন। লালচাঁদ তর্কভূষণ কাহার ছাত্র জানা নাই। এই লালচাঁদের ছাত্রই শ্রীধর। রামধন তর্কবাগীশ অনুমান ৬০ বৎসর হইল পরলোক গত হইয়াছেন। ইঁহার বংশ আজ কাল ব্যবসায়ী কথক কেহ নাই। রামধনের রচিত পদাবলীগুলি অতি সুন্দর। আধুনিক কথকগণ এই রামধনের রচিত পদা-

বলী অনেক সাহায্য করিয়া থাকেন। নমুনা-স্বরূপ তাঁহার রচিত দুইটি পদাবলী নিম্নে উদ্ধৃত করা গেল——

রাগেশ্রী।

প্রণমুরমর্দ্দন অরি দীনে
বিতর করুণাং কে নারায়ণ।
কেশিকপনজন কালীয়গঞ্জন
ত্বং শরণং ত্বং পিতরাবপি মে বন্ধো
সুন্দরপি মিত্রং, দীন-রামধনে,
শশোদানন্দপদতুলসীগন্ধং
হে নটবর ভবভয়ভঞ্জন।

বেরাগ।

জনরঞ্জন নবঘন শ্যাম
দুর্গতিভঞ্জন রাম, যমগঞ্জননাম,
ত্রিগুণাতীত, বিমল চরণতল,
অতি পাপানল প্রবল সুধাম,
সুচারু গহনচর, মনোবচনাগোচর,
বশীকৃত চরাচর, ভুবনমোহন গুণধাম।
দ্বিজ রামধন উক্তি রক্ত তবপদে ভক্তি
মুক্তি শরণং চরণোপরি যাস।

বসন্ত-কাল।

বরষের পরে বসন্ত আসিল
আনন্দে প্রকৃতি হাসে;
ভূচর খেচর উল্লাস-অন্তরে
সুখ-সিন্ধু-নীরে-ভাসে।
নব পল্লবিত বিটপি নিকর
পুষ্পদামে সুশোভিত,
সহকার সহ কেরি লতিকায়
পুলকে পরিল চিত।
নিকুঞ্জ মাঝারে কুহু কুহু রবে
কোকিল করিল গান,
পশিয়ে সে গান শ্রবণ বিবরে
আকুল করিল প্রাণ।
মল্লিকা মালতী কুটজ গোলাপ
উল্লাসে বিকশি হাসে;
সুবাসে তাহার মত্ত অলিকুল
মধু আচরণ আশে।
শ্যামল নবল নবদুর্ব্বাদল
আবরিল ভূমি, উঠি;
তাহে, মতিল আলি কেতকে কুতুহলে
পরে পরে ধায় ছুটি।
সুনীল আকাশে নব জলধরে
কভু পেয়ে দরশন;
চাতক চাতকী থাকে ঊর্দ্ধ মুখে
আশায় মোহিত মন।
ময়ূর ময়ূরী মাঠে মনোসুখে
করে করযুগে নৃত্য;
চরে বনচর বিজন প্রান্তরে
অবিরত কত শত।
মলয় আগমে মলয় হিল্লোলে
ওপত সতত ভাসে;
পুলকে পূরিয়া সকলেই সুখে
মনে মনে সদা হাসে।
ভক্তিভরে তাঁরে পূজিব যতনে
হে বসন্ত ঋতুরাজ;
যে জন স্থাপিল তোমারে এ ভবে
পরায়ে বিবিধ সাজ।

শ্রীঅনাথবন্ধু দাস
সাঁথিয়া স্কুল।
(পাবনা)

এডুকেশন গেজেট।

২৬শে ফাল্গুন ১৩০০। ইং ৯ই মার্চ্চ ১৮৯৪।

আমদানী শুল্ক।

বিগত ১লা মার্চ্চ বৃহস্পতিবার বড় লাট বাহাদুরের ব্যবস্থাপক সভার অধিবেশনে অর্থসচিব অনারেবল ওয়েষ্টল্যাণ্ড সাহেব আমদানী শুল্ক সম্বন্ধে একটি নূতন আইনের পাণ্ডুলিপি সভাস্থলে উপস্থিত করিয়াছিলেন। কেরোসিনের উপর প্রতি গ্যালনে আধ আনার পরিবর্ত্তে এক আনা পর্য্যন্ত শুল্ক বাড়াইতে গবর্ণমেণ্ট, বাড়াইতে পারেন এবং কয়েকটি স্থল ভিন্ন আর সকল স্থলেই কাপড় সূতা ব্যতিরিক্ত রৌপ্য প্রভৃতি তাবৎ আমদানী দ্রব্যের উপরই শতকরা ৫ টাকার হারে যাহাতে আমদানী শুল্ক বসাইতে পারেন, উক্ত আইনে গবর্ণমেণ্টকে সেইরূপ ক্ষমতা প্রদানের ব্যবস্থা করা হইয়াছে।

এই আইনের পোষকতায় ওয়েষ্টল্যাণ্ড সাহেব দেখাইয়াছেন যে, যুদ্ধের খরচ ও বাটার ক্ষতিপূরণ জন্য খরচ—এই দুই খরচ বাদ দিয়া হিসাব করিলে এবং টাকার দর ১ শিলিং ২ পেন্সের হিসাবে ধরিলে এবৎসরের হিসাবে ২ কোটি সাড়ে ৪৮ লক্ষ টাকার অনাটন পড়িবে। এই টাকার উপর যদি যুদ্ধের জন্য খরচটা ধরা যায় তবে ৩ কোটি, আর বাটার ক্ষতিপূরণের খরচ ধরিলে সাড়ে ৩ কোটি টাকার অকুলান হইবে।

আমদানী শুল্ক উঠিয়া যাওয়ার পরও গবর্ণমেণ্টের সমস্ত ব্যয় সরবরাহ করিয়া অনেক টাকা উদ্বৃত্ত থাকিত। ভূমির রাজস্বের বৃদ্ধি হইয়া সঙ্গে সঙ্গে যখন লবণ ও কেরোসিনের উপর শুল্ক বসান হয় তখন আয় প্রকৃত পক্ষে অনেক বাড়িয়া উঠিয়াছিল। কিন্তু সামরিক ব্যয়, বাটা খরচ প্রভৃতির সরবরাহ করিয়া উদ্বৃত্তাংশ বড় বেশী থাকিত না। ১৮৮৮ সালে বাটা খরচ ২ কোটি ৬০ লক্ষ টাকা হইয়াছিল; এখন বাটাখরচ ৭ কোটিরও উপর। ১৮৮৮ সালে গবর্ণমেণ্টের ১০ কোটি টাকা উদ্বৃত্ত হইয়াছিল, কিন্তু আজ কাল বাটার গোলযোগে, গবর্ণমেণ্টের ইউরোপীয় ও ইউরেশীয় কর্ম্মচারীদিগের বাটার ক্ষতিপূরণের ব্যবস্থায় এবং সামরিক ব্যয় ও সীমান্ত রক্ষার ব্যয় বৃদ্ধি হেতু উদ্বৃত্ত হওয়া

দূরে থাকুক, উল্লিখিত মত সাড়ে তিন কোটী টাকার অকুলান পড়িতেছে। এই সাড়ে তিন কোটী টাকা গবর্ণমেণ্টকে এক্ষণে কোন উপায়ে সংগ্রহ করিতে হইবে।

অর্থসচিব যে আমদানী শুল্কের প্রস্তাব করিয়াছেন তাহাতে ১ কোটী ২০ লক্ষ টাকা এবং কেরোসিনের শুল্ক বৃদ্ধি করায় ২০ লক্ষ টাকা—সমুদয়ে ১ কোটী ৪০ লক্ষ টাকা আদায় হইতে পারিবে আশা আছে।

কৃষি কার্য্যের উপযোগী যন্ত্রসমূহ, রৌপ্য, চামড়া, গালা, প্রস্তর, মার্ব্বেল চর্ব্বি, মোম, বাহাতুরি কাষ্ঠ, পাট, মদ ও সোডা ওয়াটার প্রভৃতির বোতল—ইত্যাদি কয়েকটি দ্রব্যের উপর আমদানী শুল্ক ১৮৭৫ সালে উঠাইয়া দেওয়া হইয়াছিল। অর্থসচিব যে সকল আমদানী দ্রব্যের উপর শুল্ক স্থাপনের প্রস্তাব করিয়াছেন, তন্মধ্যে উল্লিখিত দ্রব্য গুলিকেও ধরা হইয়াছে। ১৮৭৫ সালে লৌহের উপর শতকরা ১ টাকার হিসাবে আমদানী শুল্ক ছিল; এক্ষণে তাহাও বর্দ্ধিত করা হইবে। রেলওয়ের উপকরণ ও কৃষিকার্য্যের উপযোগী কলসমূহের উপর আমদানী শুল্ক বসিবে না।

অর্থসচিব কাপড় সূতার উপর শুল্ক স্থাপন সম্বন্ধে নিজের কোনরূপ মতামত প্রকাশ করেন নাই। বিলাতের হার্শেল কমিটী ভারতে নূতন ট্যাক্স বসান সম্বন্ধে যাহা বলিয়াছিলেন অর্থসচিব কেবল তাহারই মাত্র উল্লেখ করিয়াছেন। হর্শেল কমিটী রিপোর্টে বলিয়াছিলেন, "ভারত গবর্ণমেণ্টের রাজস্ব বৃদ্ধির এক মাত্র যুক্তিসঙ্গত উপায়—আমদানী শুল্কের পুনঃ স্থাপন। ইহাতে আপত্তি বেশী হইবে না; কিন্তু কাপড় সূতার উপর আমদানী মাশুল বসাইলে তাহাতে বিলাতের লোকের বিশেষ আপত্তি হইবে।"

আইনের পাণ্ডুলিপি খানি সিলেক্ট কমিটীর হস্তে অর্পিত হইয়াছে। সিলেক্ট কমিটী এতদ্বিষয়ে বিবেচনা করিয়া অভিপ্রায় প্রকাশ করিবেন। আগামী কল্য সেই অভিপ্রায় প্রকাশের দিন ধার্য্য হইয়াছে।

জাহাজী কাপড় সূতার উপর যাহাতে আমদানী মাশুল বসান হয় তদ্বিষয়ে চেষ্টা করিবার জন্য গতকল্য কলিকাতা টাউনহলে একটী বৃহৎ সভার অধিবেশন হইয়াছিল। সভাস্থলে ইংরেজ ও দেশীয় অনেকেই উপস্থিত ছিলেন। শুদ্ধ এই সভা বলিয়া নয়, কাপড় সূতায় যাহাতে আমদানী মাশুল বসান হয়, তজ্জন্য চেষ্টা নানাদিক হইতেই হইতেছে। মান্দ্রাজের চেম্বার অফ কমার্স এবং ট্রেড্‌স এসোশিয়েসন ইহার জন্য বিশেষ সচেষ্ট আছেন। কলিকাতার ন্যায় তথায়ও সভা হইবার উদ্যোগ হইতেছে। বোম্বাই প্রদেশের দেশীয়, ইংরাজ—সকলেই এই মাশুল বসাইবার জন্য জেদ করিতেছেন। বোম্বাই এসোসিয়েসন, বোম্বাই চেম্বার অফ কমার্স—কেহই এ ব্যাপারে উদাসীন নহেন। মিল এসোসিয়েসনও ইহার জন্য চেষ্টা করিতেছেন। উত্তরপশ্চিম প্রদেশেও চেষ্টা চলিতেছে। কানপুরে ইহার জন্য সভারও আয়োজন হইয়াছে। বিলাতের টাইম্‌স পত্রিকাও এই শুল্ক বসাইবার পরামর্শ দিতেছেন। সিলেক্ট কমিটীর অভিপ্রায় প্রকাশিত হইবার পর এতৎসম্বন্ধে সম্ভবতঃ যাহা হয় একটা স্থির হইয়া যাইবে।

ফৌজদারী কার্য্যবিধি আইন।

বে-আইনি জনতা, দাঙ্গা প্রভৃতি অপরাধের শমতা জন্মিয়া সাধারণতঃ শান্তি রক্ষার পক্ষে যাহাতে সুবিধা হয় এই উদ্দেশ্যে ফৌজদারী কার্য্যবিধি আইনের দুইটী ধারার কিঞ্চিৎ কিঞ্চিৎ পরিবর্দ্ধন করিয়া বিগত ১৫ই ফেব্রুয়ারি বড়লাট বাহাদুরের ব্যবস্থাপক সভায় উহার একটি পাণ্ডুলিপি উপস্থিত করা হইয়াছিল।

প্রচলিত আইনের ৪৪ ধারায় বিহিত আছে যে, রাজদ্রোহিতা, নরহত্যা, ডাকাইতি, ঘর জ্বালাইয়া দেওয়া প্রভৃতি দণ্ডবিধি আইনোক্ত কতিপয় অপরাধের মধ্যে যদি কোন একটি অপরাধের সংঘটন হয়, তবে সেই অপরাধ সংঘটনের বিষয় যিনি জানিতে পারিবেন তাঁহাকে নিকটবর্ত্তী পুলিস বা ম্যাজিষ্ট্রেটের নিকট যাইয়া তদ্বিষয়ের সংবাদ দিতে হইবে। ঘটনার বিষয় অবগত থাকিয়াও ঐরূপ সংবাদ যিনি না দিবেন তাঁহাকে আইনানুসারে দণ্ডনীয় হইতে হইবে।

বে-আইনী জনতা, সাংঘাতিক কোনরূপ অস্ত্র লইয়া ঐরূপ জনতায় মিলিত হওয়া, বে-আইনী জনতাস্থলে লোকদিগের উপর পৃথক হইয়া যাইবার আদেশ হইয়াছে জানিয়া শুনিয়াও উহাতে মিলিত হওয়া, হাঙ্গামা করা এবং সাংঘাতিক অস্ত্র হস্তে হাঙ্গামায় প্রবৃত্ত হওয়া—এই কয়টি

অপরাধ সংঘটনস্থলে বর্ত্তমান আইনে যেরূপ বিধি আছে তদনুসারে উক্তরূপ হাঙ্গামা প্রভৃতি যে জমির উপর সংঘটিত হয়, সেই জমির মালিক অথবা জমির সহিত অন্য কোনরূপে সংশ্লিষ্ট ব্যক্তিকেই উক্ত ঘটনাসম্বন্ধে নিকটস্থ পুলিস বা ম্যাজিষ্ট্রেটের নিকট সংবাদ দিতে হইয়া থাকে। প্রস্তাবিত আইনে কিন্তু এই ব্যবস্থা করা হইয়াছে যে, দণ্ডবিধি আইনের ১৪৩, ১৪৪, ১৪৫, ১৪৭ ও ১৪৮—এই পাঁচটি ধারাও উল্লিখিত ৪৪ ধারার অন্তর্নিবিষ্ট করিতে হইবে; অর্থাৎ রাজবিদ্রোহ, নরহত্যা, ডাকাইতি প্রভৃতি অপরাধের ন্যায় বে-আইনী জনতা, হাঙ্গামা প্রভৃতি উল্লিখিত অপরাধগুলির মধ্যে কোন একটি সংঘটিত হইলে ঘটনার বিষয় যিনি জানিতে পারিবেন তাঁহাকেই ঐরূপ নিকটস্থ পুলিস অথবা ম্যাজিষ্ট্রেটের নিকট তদ্বিষয়ের সংবাদ দিতে হইবে। সংবাদ দেওয়ার ভার এখনকার মত কেবল জমির মালিক বা জমির সহিত অন্য কোন রূপে সংশ্লিষ্ট ব্যক্তি মাত্রেরই উপর নিবদ্ধ থাকিবে না।

ফৌজদারী কার্য্যবিধি আইনের ৪৫ ধারা স্থলে প্রস্তাবিত আইনে নিম্নলিখিতরূপ কয়েকটি ব্যবস্থা করা হইয়াছে—"চোরাই মাল ক্রয় বা বিক্রয় করে এরূপ ব্যক্তি কোন গ্রামে নিয়ত অথবা কিয়ৎকালের জন্য অবস্থিতি করিতেছে কি না, অবিলম্বে তাহা নিকটবর্ত্তী পুলিস অথবা ম্যাজিষ্ট্রেটের গোচর করিতে হইবে। সেই গ্রামের মণ্ডল, পাটোয়ারি, চৌকিদার বা পুলিস কর্ম্মচারী, ভূমির অধিকারী, ইজারদার অথবা তাঁহাদিগের কোন এজেণ্ট, গবর্ণমেণ্ট কিম্বা কোর্ট অফ ওয়ার্ডের পক্ষ হইতে ভূমির রাজস্ব বা খাজনা আদায় কার্য্যে নিযুক্ত কর্ম্মচারী—ইহাঁদিগেরই উপর এই কার্য্যের এবং নিম্নলিখিত আরও কয়েকটি বিষয়ের সন্ধান দেওয়ার ভার থাকিবে।

(ক) কোন ব্যক্তিকে ঠগ, দস্যু, পলায়িত কয়েদী অথবা ঘোষিত অপরাধী বলিয়া যদি তাঁহাদিগের কাহার জানা থাকে অথবা সন্দেহ হয় তবে গ্রামের মধ্যে কোন স্থানে সেই ব্যক্তির গতিবিধি থাকিলে তাহার সন্ধান। (খ) যে অপরাধের নিমিত্ত হাজির জামিন লওয়া যাইতে পারে না সেই অপরাধ আর্বা বে-আইনী জনতা, হাঙ্গামা প্রভৃতি দণ্ডবিধি আইনের ১৪৩, ১৪৪, ১৪৫, ১৪৬, ১৪৭, ১৪৮ ধারানুসারে দণ্ডনীয় কোন অপরাধ যদি সেই গ্রামের ভিতর বা তাহার নিকটে সংঘটিত হয় বা হইবে বলিয়া বোধ হয় তবে তাহার সন্ধান। (গ) সেই গ্রামের ভিতরে বা নিকটে কোন আকস্মিক বা অপঘাত মৃত্যু অথবা সন্দেহ জনক অবস্থায় কোন মৃত্যু সংঘটিত হইলে তাহার সন্ধান। (ঘ) শৃঙ্খলা রক্ষার ব্যাঘাত হইতে পারে, কিম্বা অপরাধ নিবারণের পক্ষে ব্যাঘাত ঘটিতে পারে এরূপ যে কোন বিষয়ের সন্ধান দিবার জন্য জেলার ম্যাজিষ্ট্রেট স্থানীয় গবর্ণমেণ্টের অভিমতি ক্রমে তাঁহাদিগের প্রতি সাধারণ অথবা বিশেষ কোনরূপ আদেশ প্রদান করিয়াছেন, তাহার সন্ধান।

উল্লিখিত স্থলে গ্রাম বলিতে গ্রামের ভূমিও বুঝাইবে। যে গ্রামের নিমিত্ত অন্য কোন আইনানুসারে কোন গ্রাম্য মণ্ডল নিযুক্ত করা হয় নাই, এই ধারার প্রয়োজন সাধনের জন্য জেলার ম্যাজিষ্ট্রেট সেই গ্রামে এক জন বা ততোধিক গ্রাম্যমণ্ডল নিযুক্ত করিতে পারিবেন।

বাঙ্গাল গবর্ণমেণ্টের ব্যবস্থাপক সভা।

বিগত ১৬ই ফেব্রুয়ারি বাঙ্গাল-গবর্ণমেণ্টের ব্যবস্থাপক সভায় অনারেবল সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় নিম্নলিখিত কয়েকটি প্রশ্নের উত্থাপন করিয়াছিলেন—

(১) গত এপ্রেল অথবা মে মাসে প্রভাতচন্দ্র নাগ নামে ঢাকা জেলার অন্তর্গত বারুদিয়া নামক স্থানের জনৈক ব্যক্তি কোন সরকারী কর্ম্মচারীর আদেশমত উপস্থিত না হওয়ায় ভারতীয় দণ্ডবিধি আইনের ১৭৪ ধারানুসারে অভিযুক্ত হইয়া ত্রিপুরার ডেপুটী ম্যাজিষ্ট্রেট বাবু ক্ষেত্রগোপাল রায় কর্ত্তৃক দুই সপ্তাহ কারাবাস এবং দুই শত টাকা অর্থদণ্ডে দণ্ডিত হয়। গবর্ণমেণ্ট এ মোকদ্দমার কথা শুনিয়াছেন কি? প্রভাতচন্দ্র প্রথমে নির্দ্দোষী সাব্যস্ত হইয়া মুক্তি পাইয়াছিল, কিন্তু জেলার ম্যাজিষ্ট্রেটের বে-আইনী প্ররোচনায়, মোকদ্দমার পুনর্ব্বিচার আরম্ভ হয় বলিয়া সংবাদ-পত্র সমূহে যে উক্ত হইয়াছিল তাহা কি সত্য? জেলার ম্যাজিষ্ট্রেটকে না জানাইয়া ডেপুটী ম্যাজিষ্ট্রেট মোকদ্দমার চূড়ান্ত নিষ্পত্তি না করেন, এইরূপ মর্ম্মে কোন আদেশ জেলার ম্যাজিষ্ট্রেট

লিপিবদ্ধ করিয়াছিলেন কি? যদি করিয়া থাকেন, তবে মোকদ্দমার নথির সার্টিফিকেট সেই আদেশপত্র পাওয়া যাইতে পারে না কি? "জেলার মাজিষ্ট্রেট এরূপ মোকদ্দমায় কেবল অর্থদণ্ড যথেষ্ট বলিয়া মনে করেন না।" দণ্ড প্রদানের পূর্ব্বে প্রকাশ্য আদালতে ডেপুটী ম্যাজিষ্ট্রেট কি উক্তরূপ কথা বলিয়াছিলেন এবং গবর্ণমেণ্ট উল্লিখিত বিষয়সমূহ সম্বন্ধে অনুসন্ধান লইয়া অনুসন্ধানের ফল এস্থানে উপস্থিত করিবেন কি?

এই প্রশ্নের উত্তরে অনারেবল কটন সাহেব বলিয়াছেন, "হাঁ, 'বেঙ্গলী' সংবাদপত্রে লিখিত একটি প্রবন্ধে গবর্ণমেণ্ট মোকদ্দমার বিবরণ পাঠ করিয়া উহার সম্বন্ধে অনুসন্ধান করেন। বে-আইনী প্ররোচনায় প্রভাত চন্দ্রের মোকদ্দমার পুনর্ব্বিচার হইয়াছিল এ কথা সত্য নহে। এতদ্ভিন্ন অন্যান্য বিষয়গুলি সম্বন্ধে প্রতিনিধি ছোট লাট বাহাদুর তৎকালে কোন রূপ অনুসন্ধান লওয়া আবশ্যক বিবেচনা করেন নাই, সুতরাং এক্ষণেও গবর্ণমেণ্ট উহার সম্বন্ধে পুনরালোচনা করিতে প্রস্তুত নহেন।"

২য় প্রশ্ন—অষ্টম বেঙ্গল অশ্বারোহি-সৈন্যদলের সওয়ারগণ আজ কয়েক বৎসর ধরিয়া ২৪ পরগণার অন্তর্গত মহেশতলা ও তন্নিকটবর্ত্তী গ্রামসমূহের অধিবাসিগণের উলুখড়, ইক্ষু প্রভৃতি কাটিয়া লইয়া যাইতে আরম্ভ করিয়াছে। স্থানীয় কর্ত্তৃপক্ষীয়গণ কোন রূপ প্রতিকার বিধান করিয়া থাকিলেও তাহাতে বিশেষ ফল কিছু হয় নাই। গবর্ণমেণ্ট এ বিষয় পরিজ্ঞাত আছেন কি না এবং উল্লিখিতরূপ অবস্থা বিবেচনায় গবর্ণমেণ্ট উহার সত্যতা সম্বন্ধে অনুসন্ধান লইয়া যাহাতে ঐরূপ ব্যাপারের পুনঃসংঘটন না হইতে পায় সে পক্ষে কোনরূপ ব্যবস্থা করিবেন কি না?

প্রত্যুত্তরে অনারেবল কলিয়ার সাহেব বলিয়াছেন, "গত ডিসেম্বর মাসে উল্লিখিত মর্ম্মে অধিবাসিগণের নিকট হইতে একখানি আবেদন আমি প্রাপ্ত হইয়াছিলাম এবং অনুসন্ধানে আবেদনের লিখিত বিষয় সত্য বলিয়া বুঝিতে পারিয়া উক্ত সৈন্য দলের অধ্যক্ষকে উহার বিষয় জানাইয়াছিলাম। তিনিও অত্যাচারের প্রতিবিধানকল্পে আদেশ প্রদান করিবেন বলিয়াছিলেন। তদবধি আর কোন রূপ অভিযোগ শুনা যায় নাই; সুতরাং অভিযোগের যদি আর কোন রূপ কারণ উপস্থিত হইয়া থাকে তবে আমি তাহা অবগত নহি। যদি কাহারও উপর কোনরূপ অত্যাচার হইতে থাকে তবে প্রতিকার লাভের জন্য তাঁহাকে সদর মহকুমার ভার প্রাপ্ত কর্ম্মচারী অথবা আমি জেলার ম্যাজিষ্ট্রেট, আমার নিকট তাহা জানাইতে হইবে।"

৩য় প্রশ্ন—কলিকাতা ভিন্ন অপরাপর মিউনিসিপ্যালিটীসমূহ বিগত ৫ বৎসর যাবৎ প্রতিবৎসর বাঙ্গালার ইংরেজী স্কুলসমূহে কত টাকা করিয়া দিয়া আসিতেছেন তাহার একটী তালিকা গবর্ণমেণ্ট এস্থলে উপস্থিত করিবেন কি?

অনারেবল বোডিলন সাহেব এই প্রশ্নের উত্তর দিয়া বলিয়াছিলেন, "১৮৯২-৯৩ সাল ও তৎপূর্ব্ববর্ত্তী ৫ বৎসরে বাঙ্গালার মিউনিসিপ্যালিটী সমূহের কার্য্য বিবরণী সম্বন্ধীয় গবর্ণমেণ্টের মন্তব্যের ১নং পরিশিষ্ট ভাগে উক্ত প্রশ্নের উত্তর প্রদত্ত হইয়াছে। উক্ত মন্তব্য গবর্ণমেণ্ট গেজেটে প্রকাশিত হওয়ায় উহা সাধারণের প্রাপ্তব্য হইয়াছে। হিসাবটি নিম্নে দেওয়া গেল—

১৮৮৮-৮৯	৫৮,৩৯০	টাকা
১৮৮৯-৯০	৪৭,৯১	"
১৮৯০-৯১	৫১,৪৪৬	"
১৮৯১-৯২	৫৩,৯৭৭	"
১৮৯২-৯৩	৩১,৪৮০	"

৪র্থ প্রশ্ন—(ক) ১৮৮৪ হইতে ১৮৯০ সাল পর্য্যন্ত দিনাজপুর মিউনিসিপ্যালিটী যখন ম্যাজিষ্ট্রেট চেয়ারম্যানের হাতে ছিল, তখন মিউনিসিপ্যালিটীর হিসাব পত্র সম্বন্ধে স্থানীয় হিসাব পরীক্ষক প্রায়ই দোষ ধরিতেন এবং হিসাব সম্বন্ধে মিউনিসিপ্যালিটীর তত্ত্বাবধারণের অযোগ্যতা ও শিথিলতার উল্লেখ করিয়া তৎসম্বন্ধে মিউনিসিপ্যাল কর্ত্তৃপক্ষীয়গণের মন আকৃষ্ট করিতেন। কথাটি সত্য কি? (খ) হিসাব পরীক্ষকের নির্দ্দিষ্ট দোষগুলির সম্বন্ধে রীতিমত অনুসন্ধান না লইয়াই, অনুসন্ধানের স্থলে প্রয়োজনীয় ঐ সম্বন্ধের কতকগুলি কাগজ পত্র অপ্রয়োজনীয় বলিয়া নষ্ট করা হইয়াছে, আর এইরূপ নষ্ট করার জন্যই ১৮৯১ সালে মিউনিসিপ্যালিটীর বে-সরকারী সদস্যগণকৃত তত্ত্বাবধান স্থলে স্থানীয় অডিটরগণ ১৮৯১ সালের এপ্রেল মাসের পরের হিসাব পত্র সম্বন্ধে কোনরূপ তদন্ত করিয়া উঠিতে পারেন নাই, ইহাও কি সত্য?

(গ) উল্লিখিত তদন্তের ফলে প্রায় ১৫০ টাকা মিউনিসিপ্যালিটীর ভূতপূর্ব্ব ট্যাক্সদারোগা কর্ত্তৃক ১৫ মাসের মধ্যে তছরূপ করা হয় বলিয়া স্থানীয় হিসাব পরীক্ষক রিপোর্ট দিয়াছিলেন। গবর্ণমেণ্ট ইহা বিদিত আছেন কি? (ঘ) উক্ত ট্যাক্সদারোগা অতঃপর সরকারী কর্ম্ম পাইবেন কি না বিভাগীয় কমিসনর কর্ত্তৃক নিযুক্ত একটি বিশেষ কমিটীদ্বারা এই বিষয়ের বিচার হয়। বিচারস্থলে এক জন ভিন্ন আর সকল সদস্যই দারোগার প্রতিকূলে মত প্রদান করেন, কিন্তু তাহা হইলেও কি সেই ট্যাক্সদারোগা এক্ষণে পুলিস বিভাগে সরকারী কর্ম্মে নিযুক্ত আছেন? (ঙ) গবর্ণমেণ্ট উল্লিখিত বিষয়সমূহের তদন্ত লইয়া উক্ত মিউনিসিপ্যালিটীর যে ক্ষতি হইয়াছে তাহার প্রতিকারের পক্ষে কোন রূপ উপায় বিধান করিবেন কি?

প্রত্যুত্তরে অনারেবল বোর্ডিলন সাহেব বলিয়াছেন, "প্রশ্নের ক, খ, গ ও ঘ—এই ৪ দফাসম্বন্ধে গবর্ণমেণ্ট কিছুই জ্ঞাত নহেন। ঙ দফায় জিজ্ঞাসিত বিষয় সম্বন্ধে আমার বক্তব্য এই যে, গবর্ণমেণ্ট এই সকল বিষয়ের তদন্তের পক্ষে কোনরূপ আদেশ করিবেন না; যেহেতু আইনানুসারে ঐগুলি বিভাগীয় কমিসনরেরই বিবেচ্য।

সাপ্তাহিক শস্য সংবাদ।

মান্দ্রাজ—২৪এ ফেব্রুয়ারি যে সপ্তাহের শেষ হইয়াছে, ঐ সপ্তাহে প্রথমের স্থানে স্থানে এবং ত্রিবেন্দ্রামে বৃষ্টি হইয়া গিয়াছে। এতদ্ব্যতীত মান্দ্রাজ প্রদেশের আর কোথাও বৃষ্টি হয় নাই। কৃষকেরা গ্রীষ্মের ফসল বুনিতে আরম্ভ করিয়াছে। ক্ষেতের ফসলের অবস্থা সাধারণতঃ ভাল। গো মহিষাদির খাদ্য প্রচুরই আছে। ডেকান ও সরকার প্রদেশের কোন স্থান ব্যতীত শস্যের দর সাধারণতঃ আর সর্ব্বত্রই কিছু নরম হইয়াছে।

বোম্বাই—২৮এ ফেব্রুয়ারি পর্য্যন্ত এক সপ্তাহে সিন্ধ প্রদেশের স্থানে স্থানে বৃষ্টি হইয়াছে। বৃষ্টিতে একটি জেলায় ফসলের পক্ষে কিছু অপকার সাধিত হইয়াছে। পাঁচটি জেলায় স্থানে স্থানে তুষারপাত চিতিপড়া প্রভৃতি কারণে ক্ষেতের ফসলের অপচয় হইয়াছে। চৌদ্দটি জেলায় কোন কোন ফসল কাটা হইতেছে। চারিটি জেলায় পরবর্ত্তী চাষের জন্য জমির পাট চলিতেছে। একটি জেলা ব্যতীত আর সর্ব্বত্রই গবাদি পশুর তৃণাদি প্রচুর আছে। শস্যের দর কেবল দুইটি জেলা ব্যতীত আর সর্ব্বত্র সমভাবেই আছে।

বাঙ্গালা—২৪এ ফেব্রুয়ারি পর্য্যন্ত এক সপ্তাহে উড়িষ্যা ব্যতীত বাঙ্গালায় অধিকাংশ স্থানে বৃষ্টি সাধারণতঃ এক প্রকার ভালই হইয়াছে। যে সমস্ত বাসন্তি ফসল পাকিয়া উঠিতেছে, উক্ত বৃষ্টিতে সে সকলের উপকার হইবে। এতদ্ব্যতীত বাসন্তি ধান্য নিড়াইবার পক্ষে অনেক সুবিধা হইবে। উত্তর বাঙ্গালায় আশুধান্য ও পাট বুনিবার জন্য জমির চাষ চলিতেছে। কৃষকেরা মটর, সরিষা, আলু ও তামাক সংগ্রহ করিতে আরম্ভ করিয়াছে। সাধারণের ব্যবহার্য্য চাউলের দর সমানই আছে। গবাদি পশুর অবস্থা সাধারণতঃ ভাল। যশোহর ও ময়মনসিংহ ব্যতীত উহাদিগের ভক্ষ্য তৃণ ও জল আর সর্ব্বত্র যথেষ্ট পরিমাণে আছে। ফরিদপুরের মাদারিপুর মহকুমায় ২০ জন পুরুষ, ৪১ জন স্ত্রী এবং ১৯ জন বালক বালিকা অন্নসত্রে অন্ন পাইতেছে।

উত্তর পশ্চিম ও অযোধ্যা—২৮এ ফেব্রুয়ারি যে সপ্তাহের শেষ হইয়াছে ঐ সপ্তাহে উত্তর পশ্চিম ও অযোধ্যা প্রদেশের স্থানে স্থানে এক আধটু বৃষ্টি হইয়াছিল। বান্দা ও ঝান্সিতে লোনা লাগিয়া এবং সীতাপুর ও বেরেলীতে শিল পড়িয়া শস্যের অপচয় হইয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। শস্যের অবস্থা কিন্তু তাহা হইলেও আশাপ্রদ। কোন কোন স্থলে কৃষকেরা শস্য সংগ্রহ করিতে আরম্ভ করিয়াছে। শস্যের দর সমানই আছে।

পঞ্জাব—উক্ত সপ্তাহে পঞ্জাবের ৬টি জেলায় বৃষ্টিপাত হইয়াছে। বাসন্তি ফসলের অবস্থা ভাল। কোন কোন জেলায় আশুধান্যের চাষের জন্য জমির পাট চলিতেছে। ক্ষেতের ফসলের অবস্থা সাধারণতঃ ভাল বলিয়াই সংবাদ পাওয়া গিয়াছে। লাহোরের কোন কোন অংশে ইন্দুরে বাসন্তি ফসলের অনেক অনিষ্ট করিয়াছে। গোমহিষাদির অবস্থা সাধারণতঃ ভাল। সমগ্র প্রদেশের মধ্যে উহাদিগের ভক্ষ্য তৃণ ও জলের অভাব কোথাও নাই। শস্যের দর তিনটি জেলায় নরম হইতেছে, কিন্তু আর সর্ব্বত্রই সমান আছে।

মধ্য প্রদেশ—দক্ষিণ ও পূর্ব্ব অঞ্চলের জেলাসমূহে উক্ত সপ্তাহে ঝড় হইয়া গিয়াছে। স্থানে স্থানে শিলও পড়িয়াছে। উত্তর ও দক্ষিণাঞ্চলের জেলাসমূহে শস্য সংগ্রহ আরম্ভ হইয়াছে। সাগর ও দামো প্রদেশের শস্যের অবস্থা ভাল নহে, তথায় উহার দর চড়িতেছে। হোসেঙ্গাবাদ, বিটুল ও ছত্রিশগড়ের অবস্থা অনেকটা ভাল; আর সর্ব্বত্র বড় সুবিধার নহে।

মধ্যভারত—বৃষ্টি উক্ত সপ্তাহে কোথাও হয় নাই। গুনাতে চাষের কার্য্য শেষ হইয়া গিয়াছে, অন্যান্য এজেন্সীতে এখনও চলিতেছে। বুন্দেলখণ্ড ও গোয়ালিয়রের কোন কোন অংশে ক্ষেতের ফসলের অবস্থা সুবিধাজনক নহে। অপরাপর এজেন্সীগুলিতে উহার অবস্থা ভাল। গোয়ালিয়রের কোন কোন স্থান ভিন্ন গবাদি পশুর চরিবার স্থান আর সর্ব্বত্রই ভাল আছে। শস্যের দর গোয়ালিয়রের স্থানে স্থানে এবং বুন্দেলখণ্ডে চড়িতেছে; অন্যত্র সমান আছে।

রাজপুতানা—উক্ত সপ্তাহে বিকানীরে মাত্র একটু বৃষ্টি হইয়াছে। কৃষিকার্য্য, ক্ষেতের ফসল ও গবাদি পশুর অবস্থা সাধারণতঃ সন্তোষজনক। কারোয়ালি নামক স্থানে প্রায় এগার আনা রকম গম নষ্ট হইয়া গিয়াছে। ঢোলপুরে চারি আনা রকম ফসল পোকায় নষ্ট করিয়াছে। গরু বাছুরের চরিবার স্থান ও খাদ্যতৃণ যথেষ্ট আছে। তিনটি রাজ্যে শস্যের দর পড়িতেছে, দুইটিতে উঠিতেছে, অন্যত্র সমানই আছে।

বেরার ও হায়দ্রাবাদ—উক্ত সপ্তাহে বেরারে খুব গরম পড়িয়াছে। ফসলের অবস্থা সাধারণতঃ সন্তোষজনক। বাসিম ও পুসাদ তালুকে কৃষকেরা জোশা ও তিসি কাটিয়া লইতে আরম্ভ করিয়াছে। পরবর্ত্তী ফসলের জন্য বুলদানায় জমির পাট আরম্ভ হইয়াছে। গোমহিষাদির অবস্থা ভাল। উহাদিগের ভক্ষ্য তৃণ ও জলের অভাব কোথাও নাই। শস্যের দর সম্বন্ধে বিশেষ কোনরূপ পরিবর্ত্তন হয় নাই। হয়দ্রাবাদে উক্ত সপ্তাহে বৃষ্টি হয় নাই। কৃষকেরা গ্রীষ্মের ফসল সংগ্রহ করিতে আরম্ভ করিয়াছে। বাসন্তি ফসল কাটা আরম্ভ হইয়াছে। শস্যের দর সমান আছে।

মহীশূর ও কুর্গ—মহীশূরের ফসলের অবস্থা ভাল। বঙ্গলোর জেলায় রাগি ফসল সংগৃহীত হইতেছে। বঙ্গলোর, তুমকুড় ও হাসন জেলার স্থানে স্থানে ধান বোনা হইয়াছে এবং মহীশূর ও তুমকুড় জেলার স্থানে স্থানে উহার সংগ্রহ আরম্ভ হইয়াছে। দুইটি জেলায় শস্যের দর কিছু পড়িয়াছে। কুর্গে ধান ঝাড়া ও কাফি সংগ্রহ প্রায় শেষ হইয়া আসিয়াছে। স্থানে স্থানে শস্যের দর চড়া আছে।

আসাম—২৭এ ফেব্রুয়ারি যাবৎ এক সপ্তাহে আসামে বৃষ্টি হইয়াছে। আশুধান্যের জন্য জমিতে লাঙ্গল দেওয়া হইতেছে। গরু বাছুরের অবস্থা ভাল; তৃণ জল প্রচুর আছে।

কাশ্মীর, জাম্মু, নেপাল—বাসন্তি ফসলের উন্নতি দেখা যাইতেছে। তৈলোৎপাদক বীজ সমূহের বপন কার্য্য পুনরায় আরম্ভ হইয়াছে। শস্যের দর পড়িতেছে। জাম্মুতে শস্যের অবস্থা মন্দ নহে। দর সমান আছে। নেপালের শস্যের অবস্থা আশাপ্রদ।

ব্রহ্মদেশ—২৪এ ফেব্রুয়ারি যাবৎ এক সপ্তাহে আমহার্ষ্ট, সুইগিন ও ইউ নামক স্থান সমূহে অল্প বৃষ্টিপাত হইয়াছিল। কেবল মাত্র নিম্নব্রহ্মের কতিপয় জেলায় ধান্য সংগ্রহ আরম্ভ হইয়াছে, নতুবা আর সর্ব্বত্রই উহা শেষ হইয়া গিয়াছে। উত্তর ব্রহ্মেও শস্য সংগ্রহ হইতেছে। ক্ষেতের ফসলের অবস্থা আশাজনক। মায়ুঙ্গা নামক স্থানে ধন্যের দর কমিয়াছে, মাণ্ডইতে চড়িয়াছে। গবাদির তৃণ জলের অনাটন নাই। আরাকান ও টাবয় ব্যতীত শস্যের দর আর সর্ব্বত্রই কম।

১৮৯৩-৯৪ সালের বোম্বাই তৈলোৎপাদক বীজ সম্বন্ধে পুণাবাস।

এ প্রদেশের তৈলোৎপাদক ফসলগুলির মধ্যে তিসি, ঘোড়ারাই ও সর্ষপই প্রধান। এতদ্ভিন্ন এরণ্ড, তিল, সোরগুজা প্রভৃতি আরও কয়েকটি আছে। তিল আবার দুই জাতীয়। এক জাতীয় তিল বর্ষায় বুনিয়া আমন ধান কাটিবার সময় কাটিয়া লওয়া হয়; আর এক জাতীয় তিল শীতের প্রায় শেষাশেষি বুনিয়া বর্ষারম্ভের কিঞ্চিৎপূর্ব্বেই কাটা হয়।

বিগত সেপ্টেম্বরে একমাত্র পূর্ব্ববঙ্গ ব্যতীত এ প্রদেশের আর সর্ব্বত্রই বেশী বৃষ্টি হইয়াছিল। নবেম্বরের প্রা-

রঙ্গেও একটু আধটু বৃষ্টি অনেক স্থানেই হয়। ভূমি বিশেষরূপ আর্দ্র থাকায় বীজ বপনের পক্ষে কতকটা ব্যাঘাত জন্মে; আবার বীজবপনের পর সাধারণতঃ যথেষ্ট বৃষ্টির অভাবে ফসলের উৎপত্তিও ভালরূপ হইতে পায় নাই। নবেম্বরের মাঝামাঝি হইতে ফেব্রুয়ারির প্রথমসপ্তাহ পর্য্যন্ত এ প্রদেশে বৃষ্টি প্রকৃতপ্রস্তাবে হয় নাই বলিলেও বলা যায়। ফেব্রুয়ারির প্রারম্ভে বেহারে বৃষ্টি হওয়ায় ফসলের পক্ষে অনেকটা ভাল হইয়াছে। মধ্যবাঙ্গালা ও ছোটনাগপুরে বৃষ্টি হওয়া আবশ্যক হইয়া উঠিয়াছে।

মেদিনীপুর ও সিংহভূম এই দুই জেলায় উক্ত ফসলের কি পরিমাণ চাস হইয়াছে আজও সে সম্বন্ধে সরকারী রিপোর্ট পাওয়া যায় নাই। সুতরাং ঐ দুই জেলা বাদ দিয়া ধরিলে বাঙ্গালায় এবারে মোট প্রায় ১৪৩ লক্ষ ২৬ হাজার বিঘা ভূমিতে উক্ত ফসলের চাষ করা হইয়াছে। ফসল ৸১৫ আনা রকম জন্মিবে বলিয়া অনুমান করা হইয়াছে।

বাঙ্গালার নৈয়ায়িক পণ্ডিতগণের অগ্রণী ভট্টপল্লী নিবাসী মহামহোপাধ্যায় পণ্ডিত শ্রীযুক্ত রাখালদাস ন্যায়রত্ন মহাশয় ৺কাশীধামে যাইয়া বাস করিয়াছেন। প্রাচীন বয়সে পুত্রাদির হস্তে সংসার ভার ন্যস্ত করিয়া তপস্যাচরণার্থ ৺বিশ্বেশ্বর সদনে অবস্থান করায় ন্যায়রত্ন মহাশয়ের বিধিপ্রতিপালন করাই হইয়াছে। তাঁহার ন্যায় পণ্ডিত বঙ্গভূমি পরিত্যাগ করায় বঙ্গবাসিগণ অনেকেই দুঃখ করিতে পারেন, কিন্তু দুঃখের কারণ আমরা কিছুই দেখিতে পাইতেছি না। ৺বারাণসী ধাম কাহারও বিদেশ নহে। কি পঞ্জাব, কি মহারাষ্ট্র, কি তৈলঙ্গ, বারাণসীধাম সকল স্থানের হিন্দুরই স্বধাম-স্বরূপ। ন্যায়রত্ন মহাশয় যখন সেই বারাণসী ধামে যাইয়া বাস করিয়াছেন, তখন বাঙ্গালা পরিত্যাগ করিলেও তিনি আমাদের স্বপ্রদেশেই আছেন মনে করিয়া আমরা সন্তুষ্ট আছি। হাতুয়ার প্রাতঃস্মরণীয় মহারাজ যোগ্যপাত্রে আস্থাস্থাপন করিয়া প্রকৃত মহাজনোচিত কার্য্যই করিয়াছেন।

সাপ্তাহিক সংবাদ।

[স্থানীয়] গতকল্য রাত্রি ৭টা ২০ মিনিটের সময় এখানে ভূমিকম্প হয়। পূর্ব্ব দক্ষিণ দিক হইতে একটা ধাক্কা মাত্র আসিয়া লাগে। এতদ্ভিন্ন আর কিছুই অনুভূত হয় নাই।

[কলিকাতা] বোম্বাইয়ের গবর্ণর লর্ড হ্যারিস লর্ড এলগিন বাহাদুরের সহিত সাক্ষাৎ করিবার জন্য আগামী সপ্তাহে কলিকাতায় আসিবেন।

বৈকুণ্ঠ মুকুল নামে এক ব্যক্তি ইলাহী বক্স নামক বড়বাজারের একজন 'মাল্টকার্পারাল' কে ছুরিদ্বারা খোঁচাইয়া মারিয়া ফেলিয়াছে এবং সেই উদ্যোগে আরও দুই জন কনষ্টেবল ও এক জন মোদককে ছুরীর দ্বারা আঘাত করিয়াছে বলিয়া অভিযুক্ত হইয়াছে।

কলিকাতা সিটি কলেজ গৃহে সম্প্রতি বোবা কালারিগের স্কুলের প্রথম সাম্বৎসরিক অধিবেশন এবং তদুপলক্ষে ছাত্রদিগের মধ্যে পারিতোষিক বিতরণ হইয়া গিয়াছে। অনারেবল কটন সাহেব সভাপতির কার্য্য করিয়াছিলেন।

হাটখোলার দেশীয় ব্যবসায়ী সভা এবং চৌরঙ্গীর বিলাতী দোকানদার সভা প্রত্যেকে নূতন বড়লাট বাহাদুরকে এক এক খানি অভিনন্দন পত্র প্রদান করিয়াছিলেন। উভয় সভাসহই প্রত্যুত্তরে বড়লাট বাহাদুর বলিয়াছেন যে, এই আর্থিক দুরবস্থার সময় রাজ্যের মঙ্গলের জন্য গবর্ণমেণ্ট যাহা করিবেন তাহার উপর যেন বৃথা দোষারোপ কেহ না করেন। গবর্ণমেণ্ট দেশের লোকের মতামত জানিয়া কার্য্য করিবেন।

বড়লাট বাহাদুরের পুরস্থাপক সভায় গত বৃহস্পতিবারের অধিবেশনে অনারেবল ডাক্তার রাসবিহারী ঘোষের প্রস্তাবক্রমে দেওয়ানী কার্য্যবিধি আইন বিধিবদ্ধ করা গিয়াছে। নূতন জল আইনের পাণ্ডুলিপি সিলেক্টকমিটী কর্ত্তৃক আলোচিত হইয়া সংশোধিত হইয়াছে। আয় ব্যয় সম্বন্ধে অনারেবল ওয়াইলী সাহেবের আমদানী শুল্ক বিষয়ক আইনও সিলেক্ট কমিটীর হাতে পড়িয়াছে।

ভারতের প্রধান সৈন্যাধ্যক্ষ দার্জ্জিলিং হইতে কলিকাতায় ফিরিয়া আসিয়াছেন। আগামী ১৫ই মার্চ সম্ভবতঃ তিনি পরিভ্রমণে বাহির হইবেন। প্রধান সৈন্যাধ্যক্ষের সেনা বিভাগীয় সেক্রেটরি কর্ণেল হ্যামিল্টন সাহেব তিন মাসের ছুটী লইয়া এই গ্রীষ্মেই বিলাত যাইবেন।

গত ৩রা মার্চ শনিবার জমিদারী পঞ্চায়েৎ সভার চতুর্থ সাম্বৎসরিক অধিবেশন হইয়া গিয়াছে। নবাব মীর মহম্মদ আলি সভাপতির আসন পরিগ্রহণ করিয়াছিলেন। বৎসর কালের মধ্যে নিম্নলিখিত কয়েকটি বিষয়ে পঞ্চায়েৎ সভা প্রধানতঃ মনোযোগী হইয়াছিলেন—(১) বেহারের থাক রিপ; (২) জমিদারী শিক্ষা শ্রেণী; (৩) রেশমের কারবারের উন্নতি ও তুঁতের চাষ; ও (৪) আলুর চাষ। উক্ত বৎসর সভায় আয় হইয়াছিল ৪ হাজার ১১২ টাকা এবং ব্যয় হইয়াছিল ৩ হাজার ৯৮০ টাকা।

আগামী কল্য বাঙ্গাল গবর্ণমেণ্টের ব্যবস্থাপক সভার অধিবেশনের দিন ছিল, কিন্তু আগামী কল্য সভার অধিবেশন না হইয়া আগামী ১৭ তারিখে হইবে স্থির হইয়াছে।

প্রিন্স বিসমার্কের জ্যেষ্ঠ পুত্র কৌণ্টগ্রাফ্ ভন বিস্‌মার্ক এক্ষণে কলিকাতায় আছেন। গত বুধবার ইনি হাইকোর্ট দেখিতে গিয়াছিলেন। অনারেবল সার গ্রিফিথ্স ইভান্স ইহাঁকে হাইকোর্টের ভিন্ন ভিন্ন আদালত গৃহগুলি দেখাইয়াছিলেন।

অদ্য অপরাহ্ণ ৫৷৷০টার সময় কলিকাতা হিন্দু-

স্কুল গৃহে মুসলমানদের ইচ্ছিকাধিষ্ঠায়িনী সভা স্থলে রায় বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় বাহাদুর সি, আই, ই, 'ঐতিহাসিক সাহিত্য' বিষয় একটি বক্তৃতা করিবেন।

আগামী ৪ঠা ফেব্রুয়ারি বুধবারে কলিকাতা মাদ্রাসা মেডিকেল স্কুলে কম্পাউণ্ডারদিগের বাৎসরিক পরীক্ষা গৃহীত হইবে।

[পেনিসিলী] একটী ব্রাহ্মণ যুবক কেরাণীর টিফিন চুরি অপরাধে ধৃত হইয়া আলিপুরের অতিরিক্ত সেসন জজ উইলকিন্সের নিকট বিচারার্থ আনীত হয়। জুরিরা তাহাকে অপরাধী সাব্যস্ত করেন। জুরিদের অভিমত প্রকাশের পর, উইলকিন্স সাহেব আসামীর জেল আছে কি না জিজ্ঞাসা করায় আসামী বলে যে তাহার এক ভাই আছে। জজ সাহেব যদি আসামীর ভ্রাতা আদালতে উপস্থিত হইয়া আসামীর সচ্চরিত্রতার জন্য দায়ী থাকিবে বলিয়া স্বীকার পায় তাহা হইলে মিঃ তাহাকে প্রতিভূ দিয়া পলায়ন করিতে পারেন। কার্য্যতঃ তাহাই হওয়ায় জজ বাবাজীর ভাই পর দিন মুচলেকা পত্রি বিনা পরিশ্রমে এক সপ্তাহের কারাবাস দণ্ড বিধান করিয়াছেন।

গত শুক্রবার বড় বড় থানার এলাকাস্থ পাইকপাড়ার মনমোহন নস্কর নামক কোন ব্যক্তি ২৪ পরগণার ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেট কলিয়ার সাহেবের নিকট এই বলিয়া অভিযোগ উপস্থিত করিয়াছে যে, অষ্টম বেঙ্গল পদাতিকের কোন কোন সেপ্রভিয়া তাহার ৪০ বিঘা জমির উক্ষু পত্র কাটিয়া লইয়া গিয়াছে। মনীমোহন উক্ত খড়ের মূল্য স্বরূপ ৪০০ শত টাকা খেসারৎ পাইতে চাহে। ডিষ্ট্রীক্ট ম্যাজিষ্ট্রেট জয়েণ্ট ম্যাজিষ্ট্রেটকে এ বিষয়ের তদন্ত করিয়া উক্ত পল্টনের অধ্যক্ষকে জানাইতে আদেশ দিয়াছেন।

[বর্দ্ধমান] তারকেশ্বরের উইলের মোকদ্দমার ওকালতনামা এক প্রকার নিষ্পত্তি হইয়া গিয়াছে। জজ সাহেব সতীশগিরির উইল জাল বলিয়া প্রতিপন্ন করিয়াছেন। শামাগিরির পক্ষের ব্যারিষ্টার উড্রোফ সাহেবের প্রার্থনামত বিগত শিবরাত্রি উপলক্ষে সমাগত যাত্রিবর্গের নিকট হইতে তাঁহাদিগের দেয় টাকা কড়ি আদায় করিবার জন্য একজন রিসিভার নিযুক্ত হন। উড্রোফ সাহেবের কথা মত হাইকোর্ট হইতে মিঃ গর্ডন লিথব্রেই উক্ত পদে নিযুক্ত করা হইয়াছিল। ব্যাপক কালের জন্য অস্থাবর সম্পত্তি সমূহের এক জন রিসিভার নিযুক্ত হইবে কি না, সে বিষয়ের নিষ্পত্তি গত সোম বার হাইকোর্ট হইতে হইয়া গিয়াছে। হাইকোর্ট রিসিভর নিয়োগের আদেশ দিয়াছেন। সওকার ও দেশীয় কোন ভদ্র লোককে উক্ত পদে নিযুক্ত হইবেন।

[বাজালী] ফাল্গুনের অনেক দিন কাটিয়া গেল, এ পর্য্যন্ত এক বিন্দু বারিপাতও হইল না। গৌদের জীক্ষ্ণ তেজে ঘাস খড় মরিয়া যাইতেছে দেখের ভাবী অনন্ত শুভ বলিয়া বোধ হয় না। (রঙ্গপুর দিক্ প্রকাশ)

[ঢাকা] এ সপ্তাহে মেঘ বৃষ্টি কিছু অতিরিক্ত মাত্রায় হইয়াছে। সম্প্রতি আর বৃষ্টি না হইলে অনেক শস্যের পক্ষে উপকার হইতে বটে কিন্তু মটর, খেসারি, মসুরা প্রভৃতি যাহা পাকিতে আরম্ভ হইয়াছে, বৃষ্টিতে তাহার অপকার হইতেছে। (ঢাকা প্রকাশ ২১ এ ফাল্গুন)

[আসাম] আসাম প্রান্তে অসভ্যদিগের সহিত ইংরাজদিগের যুদ্ধে অনরেবাট পরাজিত হইয়াছে। ইংরেজ সৈন্য ফিরিয়া আসিবার উদ্যোগ করিলে কতকগুলা অসভ্য আবার গোলযোগ আরম্ভ করিয়াছে, শুনা যাইতেছে।

[বেহার] ভাগলপুরের দাঙ্গার জন্য একটি ১০। ১১ বৎসরের বালককে হত্যাপরাধে ফাঁসি দিবার আদেশ দেন। বালকটী ৬। ৭ বৎসর বয়স্ক একটি ছেলেকে হত্যা করিয়াছিল বলিয়া অভিযুক্ত হয়। হত বালকটি একেবারেই হত হয় নাই। পথে শুরুতর রূপে আহত হয়। হাঁসপাতালে যখন তাহাকে আনা হয়, তখন তাহার বেশ জ্ঞান ছিল, কিন্তু পুলিস না আসা পর্য্যন্ত সে উক্ত বালককে তাহার রক্ষাকারী বলিয়া অভিহিত করে নাই। হাইকোর্টের আপীলে জজ ওকেনেলি ও ডিল সাহেব এই হত্যা উপলক্ষ করিয়া বালককে খালাস দিয়াছেন।

[সিকিম] কিছু দিন পূর্ব্বে সিকিমে যে বিদ্রোট ঘটে সেই বিদ্রোট উপলক্ষে সিকিমের রাজা রাজ্য ছাড়িয়া পলাইতেছিলেন বলিয়া বন্দিভাবে এবাবৎ দার্জ্জিলিঙ্গে রক্ষিত ছিলেন, সুতরাং সিকিম তদবধি এক প্রকার ইংরেজেরই অধিকৃত হইয়া আছে। সিকিমের রাজার পরীর ক্রমশঃ অবসন্ন হইয়া পড়িতেছে শুনা যাইতেছে।

[মান্দ্রাজ] মান্দ্রাজের গবর্ণর লর্ড ওয়েনলক বাহাদুর সস্ত্রীক কলিকাতায় আসিয়াছিলেন, মিলাপরে ২।৩ দিবস থাকিয়া ফিরিয়া গিয়াছেন।

[সাধারণ] একটী ৭ বৎসরের ছেলে চারি আনার পয়সা চুরি করিয়াছিল বলিয়া সৈদাপেটের ম্যাজিষ্ট্রেট তাহার প্রতি কঠিন পরিশ্রমের সহিত ৬ মাসের কারাদণ্ডের ব্যবস্থা করিয়াছেন।

১৮৯০ সালে বাঙ্গালার জলাগারে সমুদয় গড় মৃত্যুসংখ্যা প্রতিহাজারে ৩৩.২২ ছিল; ১৮৯১ সালে প্রতি হাজারে ৩০.৭৫, ১৮৯২ সালে ৩৪.২৫ এবং ১৮৯৩ সালে ৩০.৫৩ হোল মরিয়াছিল।

সিসি বেশান্ত শুনিতেছি আগামী ২০শে মার্চ বিলাত যাত্রা করিবেন। সেখানে তিন মাস থাকিয়া অষ্ট্রেলিয়ায় যাইবেন এবং অষ্ট্রেলিয়া হইতে ডিসেম্বর মাসে ভারতে ফিরিয়া আসিবেন ইচ্ছা করিয়াছেন।

লর্ড রিপনের স্মৃতিচিহ্ন সংস্থাপনের জন্য সভা-বলীচেষ্টা পাইতেছেন। চাঁদাও শুনিতেছি অনেকেই দিতে চাহিতেছেন।

আগামী ৩রোপ মাসে ছোট লাট বাহাদুর আবার বেহার অঞ্চল পরিভ্রমণে বাহির হইবেন বলিয়া 'ইংলিস ম্যান' পত্রিকায় ঘোষিত হইয়াছে। 'ষ্টেটসম্যান' বলিতেছেন "উহা অমূলক। ছোট লাট বাহাদুর আগামী মাসে উড়িষ্যার যৎকিঞ্চিৎ কার্য্য পরিদর্শনের জন্য তৎপ্রদেশেই গমন করিবেন।"

পশ্চিমোত্তর প্রান্তে ওয়াজিরী জাতি আবার বিদ্রোহী হইয়া ব্রিটিস সৈন্য সামন্তের উপর গুলি চালাইতেছে শুনা যাইতেছে।

[বৈদেশিক] বিলাতের ল্যাঙ্কাষ্টরের প্রতিনিধিবর্গ লর্ড কিম্বার্লির সহিত দেখা করিয়াছিলেন। লর্ড কিম্বার্লি তাঁহাদিগকে বলিয়াছেন, কাপড় শুকাইবার আমদানী মাশুল আবার বৃদ্ধি করিয়া ভারত গবর্ণমেণ্ট পুরুনাটির বিপর্য্যয় ঘটাইবেন এরূপ সময় ভারতগবর্ণমেণ্টের বিরোচনায় আজও উপস্থিত হয় নাই।

পশ্চিম আফ্রিকার আফ্রিকদিগের সহিত ব্রিটিশ পল্টনের পুনর্ব্বার যুদ্ধ হইয়াছিল। যুদ্ধে ব্রিটিশপক্ষের জয় হইয়াছে।

তর্থগয়াজো যে যুদ্ধকমিসন বসিয়াছে সেই কমিসনের ৫ জন সদস্য হুই ধাতুর পক্ষপাতী, ৩ জন সুবর্ণমুদ্রার পক্ষপাতী। আর ২ জন নিরপেক্ষ।

পত্রান্তরে প্রকাশ যে পাবনা গবর্ণমেণ্ট

ইংলণ্ডের সাধারণের জন্য নৌপথরক্ষা এবং সেই সঙ্গে নৌসেনার স্থায়িত্বী বন্দোবস্ত করিতে ছিলেন।

পার্লিয়ামেণ্ট মহাসভায় লর্ড হার্টস উইলিয়া সেক্রেটারি অব্ ষ্টেট ছইয়াছেন, তুমা হার্ণ হার্ণাহার্ট নৌসাজী ইহার এক জন আণ্ডার সেক্রেটারি নিযুক্ত হইয়াছেন।

গ্লাডষ্টোন মন্ত্রিসভায় লর্ড রোজবেরিই প্রধান মন্ত্রী নিযুক্ত হইয়াছেন। গ্লাডষ্টোনের চক্ষুতে ছানি পড়িয়াছে। ডাক্তারেরা বলিয়াছেন, ছানি না কাটিলে চলিবে না। কিন্তু সকলেরই ইচ্ছা ছিল লর্ড রোজবেরিই কিছুদিন মন্ত্রী থাকেন। পার্লেমেণ্ট সভ্যগণও তাঁহারই পোষকতা করিয়াছিলেন। পার্ণেলী দল কিন্তু ও বিপক্ষে তাঁহার বিপক্ষতাচরণ করিয়াছিলেন। সালিসের ও তাঁহার দল সার উইলিয়ম হারকোর্টকে প্রেসিডেণ্ট করিবার চেষ্টায় ছিলেন।

সার উইলিয়ম হারকোর্ট কমন্স সভার নেতা নিযুক্ত হইয়াছেন। মিঃ ফাউলারের স্থানে মিঃ মা লেন্সিক স্থানীয় গবর্ণমেণ্ট বোর্ডের প্রেসিডেণ্ট নিযুক্ত হইলেন।

অলারেবল জেনরী হার্টলে কালটার ভারতের ষ্টেট সেক্রেটরী হইয়াছেন। ইঁহার বয়ঃক্রম ৬৯ বৎসর হইয়াছে। ইনি রেডিক্যাল সম্প্রদায় ভুক্ত। আণ্ডার সেক্রেটরী এখনও কেহ নিযুক্ত হন নাই। সম্ভবতঃ লর্ড রে ঐ পদে নিযুক্ত হইবেন।

কনষ্টাণ্টিনোপলের নব-নিযুক্ত ব্রিটিশ দূত সার ফিলিপ কাহি সাহেবের সহিত তুরস্কের সুলতানের সাক্ষাতে কথাবার্ত্তা হইয়াছিল। উভয় রাজার মধ্যে যাহাতে সখ্যতা দৃঢ়ীভূত হয় তদ্বিষয়ে সুলতান যথাসাধ্য চেষ্টা করিবেন বলিয়া ব্রিটিস দূতের নিকট প্রতিশ্রুত হইয়াছেন।

মার্কুইস অফ ডফারিণ প্যারিসে একটি বক্তৃতা করিয়াছিলেন। ফরাসী সংবাদ পত্রসমূহ বক্তৃতার যথেষ্ট প্রশংসা করিতেছেন। শ্যাম ও আফ্রিকা লইয়া ইংলণ্ড ও ফ্রান্সের মধ্যে যে এক আধটু বিবাদ ঘটিয়াছিল, মার্কুইস তাহাতে অসন্তোষ প্রকাশ করিয়াছেন। উভয় রাজ্যের মধ্যে বর্ত্তমান সখ্যতার সম্বন্ধে তিনি বক্তৃতাস্থলে অনেক কথা বলিয়াছিলেন। ইঁহাকে যাঁরা বিদ্রোহের সময় ভারতীয় সম্রাটের মহানুভবতার উল্লেখ করতঃ ভারতীয় সম্রাট্ হইতে একান্ত পক্ষপাতী বলিয়া প্রতিপন্ন করিয়া তাঁহার যথেষ্ট সুখ্যাতি করা হইয়াছে।

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাময়িক—হাকড়ার মাঃ ও জঃ বাবু সারদা সাধন ১০ মাসের ফর্লো পাইলেন। মালেখরের মাঃ ও জঃ ফর্দিন সাহেব হাকড়ার মাঃ ও জঃ হইলেন। মেদিনীপুরের জঃ মাঃ ও ডেঃ জঃ শিলীয় সাহেব মালেখরের মাঃ ও জঃ হইলেন। চুনী পাণ্ডু ডেঃ মাঃ ও ডেঃ জঃ বাবু মহেশচন্দ্র সেন চুণ্ডারণ ফেরার সময়ে স্থানিক হইলেন। ঢাকার ডেঃ মাঃ ও ডেঃ জঃ বাবু চন্দ্রভূষণ চক্রবর্ত্তী ৩ মাসের ছুটী পাইলেন। মহকুমার ডেঃ মাঃ ও ডেঃ জঃ বাবু নৌকড়ীলাল ১ মাসের ছুটী পাইলেন। গয়ার ডেঃ মাঃ ও ডেঃ জঃ বাবু আনিলীলাল চৌধুরী ১ বৎসরের এবং পাটনার অতিরিক্ত জঃ মাঃ ওরেস সাহেব ৮ মাসের ফর্লো পাইলেন। বোর্ডেনিউ বোর্ডের সেক্রেটরী বোণ্টন সাহেব পাটনা বিভাগের অতিরিক্ত কমিঃ হইলেন। দিনাজপুরের চুটীপাণ্ড পোটেম ডেঃ মাঃ ও ডেঃ জঃ বাবু সতীশচন্দ্র সেন মেদিনীপুর জেলার কণ্টাইতে স্থাপিত হইলেন। মেদিনীপুর কণ্টাইতের ডেঃ মাঃ ও ডেঃ জঃ বাবু প্রভাতনাথ রায় দিনাজপুর জেলার সদরে বদলী হইলেন। মজঃফরপুরের মাঃ ও জঃ কেরার সাহেব অপর আদেশ যাবৎ ১ম শ্রেণীর মাঃ ও জঃ হইলেন। মালদহের প্রোটেম মাঃ ও জঃ কলিন সাহেব অপর আদেশ যাবৎ ২য় শ্রেণীর মাঃ ও জঃ হইলেন। ডেঃ জঃ মৌলবী মহম্মদ আব্বাস আলি চট্টগ্রাম জেলার জঃর কার্য্যভার পাইলেন।

শিক্ষা—প্রেসিডেন্সী কলেজের অধ্যাপক গিলিলাণ্ড সাহেব ২ মাস ৪ দিনের ছুটী পাইলেন। শিক্ষাবিভাগের ডিরেক্টরের ৪র্থ আসিষ্টাণ্ট বাবু রাজকৃষ্ণ গুপ্ত ২ মাসের ছুটী পাইলেন। চাইবাসা জেলা স্কুলের প্রধান শিক্ষক বাবু প্রিয়নাথ রায় বিএ যশোহর জেলাস্কুলের ২য় শিক্ষক হইলেন। যশোহর জেলাস্কুলের ২য় শিক্ষক বাবু কেদারনাথ সেন এম এ চাইবাসা জেলাস্কুলের প্রধান শিক্ষক হইলেন।

বিহার—চট্টগ্রামের অতিরিক্ত মুঃ বাবু মহেন্দ্র নাথ দাস রংপুর নীলফামারীর মুঃর পদে পাকা হইলেন। নীলফামারীর চুটীপ্রাপ্ত মুঃ বাবু অম্বিকাচরণ মুখোপাধ্যায় মেদিনীপুরের সদরের মুঃ হইলেন। মেদিনীপুরের মুঃ বাবু ব্রজবিহারী সোম চট্টগ্রামের অতিরিক্ত মুঃ হইলেন। বাবু নিত্যানন্দবিহারী মিত্র রি-পো রাজসাহী মালদহের মুঃ হইলেন। মালদহের মুঃ বাবু কেদারেশ্বর মৈত্র অস্থায়ীরূপে মালদহ মফস্বলীয় স্থানীয় এলাকা মাসা কেলারকোর্টের মার্গিষ্ট্রাস পাইলেন। বাবু নিরেশ্বর চক্রবর্ত্তী এম এ বি এল হুগলী শ্রীরামপুরের মুঃ হইলেন। রাজসাহী মালদহের মুঃ বাবু যজ্ঞনাথ বন্দ্যো ২ মাসের ছুটী পাইলেন। মাগুরসঙ্গ মনিস্ট্রেটের মুঃ বাবু শ্রীনাথচন্দ্র রায় ১৮ দিনের ছুটী পাইলেন।

উদ্ভট কবিতা।

[৩৫৯]

অনন্যাঃ সাদৃশ্যস্থিতিরহিতরবগর্ভাদ্ভ তবিভূ
র্নির্দ্দেশ্যা ভিন্ন মাদৃক্ষৈঃ শ্রিতকমলিনঃ পঙ্কজনৈঃ
পিধাচক্ষুর্দ্ধাস্তমনসমনসৌকর্য্যবিধিতাঃ
সতাঃ মানে ম্লানে মনসমপসাদ্যেরণা অপরং।

[৩৫৫]

সাধুরেব ন জন্তাতি সাধুতাং
দুর্জ্জনেন সহ সঙ্গতাপি।
জন্মতঃ পতুতি ক্ষীরসঙ্গতঃ
পশ্য দৌতি মধুরং হি রোকিলঃ॥

বিজ্ঞাপন।

কর্ম্মখালি।

Wanted an Inspecting Pundit under the District Board of Birbhum on a salary of Rs 15 and travelling allowance of Rs 6 per mensem. None need apply who has not passed the final examination of a first grade Normal School and does not possess a fair knowledge of the English language. Applications will be received up to the 20th instant by Babu Chandra Gati Mustaffi, Vice Chairman, District Board, Birbhum.

Wanted a Hd Master for the M. N. H. E. School, Kumarkhali. Salary from Rs 65 to Rs 70. Gradutes having experience in teaching, will be preferred. None need apply who will not stick to the post, at least, for two years. Apply to the Secy. of the M. N. H. E. School, Kumarkhali.

Wanted for the Habiganj High school, Sylhet a Second Master on a monthly salary of Rs 60. Applications stating candidates' age will be received up to the 24th March 1894. Apply to the Secy. Babu Hara Kumar Pal.

Wanted a private tutor, not a law student, nor preparing for any examination, competent to teach Entrance Course, with special knowledge of Sanskrit, for the children of Babu Mathura Nath Chattapadhyaya M. A. Assistant Inspector of schools, Bhagalpur Division. He will have to stick to the appointment at least for a year. Salary Rs 20 with free quarters and food. None need apply who is not strong in Sanskrit and does not keep a good health. Preference will be given to a Brahman. Apply sharp with testimonials to Moha Vishnu Yati, Clerk, Asst Inspector of Schools, Bhagalpur Divison.

Wanted, for six months, a graduate to officiate for the Third Master of Pakur Raj H. E. School. Salary Rs 40 per mensem, with prospect of the post being permanent. Apply sharp, with copies of testimonials, to the Secretary Raja Sitesh Chandra Panday, Bahadoor.

Wanted a graduate strong in English for the Bamaripara Minor Institution, Backergunge on a salary of Rs 30 a month. Free board and lodging may be supplied if he undertake private tuition of a boy or two in a gentlman's family. He must stick to the post, at least, for one year. Apply sharp to Babu Rajani Kanta Guha, Hd. Master.

Wanted an Entrance passed English Teacher on Rs 13 per month. Private tutions covering boarding and lodging expenses available. Apply sharp to Babu Kaly Churn Banerjee, Mohonpur, Satgachi P.O Via Memari, Dt Burdwan.

জেলা বর্দ্ধমান, পোঃ করিমপুর, অমলেরপুর ম, ইং স্কুলের জন্য আহার ও বাসস্থান ব্যতিরিক্ত মাসিক ১৩৲ টাকা বেতনে নর্ম্মাল ট্রেণ্ড পণ্ডিতের আবশ্যক। স্কুলের সেক্রেটরীর নিকট আবেদন করুন।

বরদা নিবাসী জমীদার রাধাচন্দ্র দত্ত মজুমদার বাবুর ২টী বালককে শিক্ষা দিবার জন্য এক জন ইংরাজী জানা শিক্ষকের আবশ্যক। মাসিক বেতনাদি সম্বন্ধে পত্রাদি লিখিলে জানিতে পারিবেন। শ্রীরাধাচন্দ্র দত্ত মজুমদার, বরদা পোষ্ট ডায়মণ্ডহারবর, ২৪ পরগণা।

জেলা বীরভূম পোঃ চন্দ্রপুর জলাপপুর ম, ন স্কুলের জন্য এক জন নর্ম্মাল দ্বৈতীয়িক শিক্ষকের আবশ্যক। বেতন থোরাকী সমেত মাসে আপততঃ ৭ টাকা। সম্পাদক শ্রীব্রজেন্দ্রনারায়ণ সরকার।

জেলা রংপুর কুড়বেকার মহারাজার জমিদারী চাকলা পূর্ব্বভাগ কাজাবী কুলবাড়ীতে একটী নূতন মাইনর স্কুল স্থাপিত হইবে। এই স্কুলের জন্য ১ জন হেডমাষ্টার, ১ জনহেড পণ্ডিত ও ১ জন ২য় পণ্ডিতের আবশ্যক। বেতন মাসিক ক্রমাকমে ২৫, ২০, ও ১০ টাকা। প্রার্থীনাকারিগণ অবিলম্বে স্ব স্ব প্রশংসাপত্রের অনুলিপি এবং বয়স ও জাতির উল্লেখ সহ আমার নিকট আবেদন করিবেন। শ্রীশিবচন্দ্র চক্রবর্ত্তী, উকিল, কুড়িগ্রাম N. B. S. Ry.

জেলা ফরিদপুর, বহরপুর, ম, ইং স্কুলের জন্য একজন ব্রাহ্মণ অথবা কায়স্থ নর্ম্মাল দ্বৈতীয়িক পরীক্ষোত্তীর্ণ হেড পণ্ডিতের আবশ্যক। মাসিক বেতন ১৫ টাকা। নিযুক্ত ব্যক্তি পাইবেন আহারীয় এবং নগদ ১২ ৲ টাকা। শ্রীতারাচাঁদ সাহা, সম্পাদক, বহরপুর, (ফরিদপুর)।

টাপাতলা ম, ইং, স্কুলের জন্য মাসিক ১০ টাকা বেতনে অতিরিক্ত প্রধান পণ্ডিতের প্রয়োজন। ডাঁপাতলা গ্রাম, রাংদিয়া পোষ্ট, খুলনা জেলা, শ্রীতারকচন্দ্র দেব।

কোটোয়া আর্য্যাবক্ষ বিদ্যালয়ের দ্বিতীয় শিক্ষকের পদশূন্য আছে। ঐ পদের বেতন আপাততঃ মাসিক ১০ টাকা। যিনি ছাত্রবৃত্তি পরীক্ষায় প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হইয়া এণ্ট্রান্স পর্য্যন্ত ইংরাজী অধ্যয়ন করিয়াছেন, কিম্বা যিনি মাইনর পরীক্ষায় প্রথম শ্রেণীতে উত্তীর্ণ হইয়া কিছু দিন শিক্ষকতা কার্য্য করিয়াছেন তাঁহারই আবেদন গ্রাহ্য হইবে। দুই সপ্তাহ মধ্যে সম্পাদক শ্রীযুক্ত যোগীন্দ্রচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট আবেদন করিতে হইবে। জেলা বর্দ্ধমান।

অবৈতনিক উঃ প্রাঃ বিদ্যালয়ের জন্য ব্রাহ্মণ অথবা কায়স্থ প্রধান শিক্ষকের প্রয়োজন। মাসিক বেতন ৮৲ টাকা। বাসা খরচ দেওয়া যাইবে। প্রার্থী কোন উচ্চ ইংরাজী বিদ্যালয়ের প্রথম শ্রেণী পর্য্যন্ত পড়িয়াছেন কিম্বা ইংরাজীতে বেশ বুৎপত্তি লাভ করিয়াছেন যাহাতে মাইনর স্কুলের তৃতীয় শ্রেণীর পাঠ্য পড়াইতে পারেন এরূপ হওয়া চাই। শ্রীসারদাকুমার মৈত্রেয়, ইসলপুর, পার্শ্বডাঙ্গা, পাবনা।

শোভারামপুর গবর্ণমেণ্ট সাহায্যকৃত ম, ই, বিদ্যালয়ের দ্বিতীয় শিক্ষকের পদ খালি আছে। বেতন (আহারাদি ব্যয় বাদে) ৮৲ টাকা। যিনি কিছু ইংরাজী শিক্ষার সহিত নর্ম্মাল দ্বৈবার্ষিক অথবা ১ম বিভাগে মাইনর পরীক্ষোত্তীর্ণ হইয়া ৮।১০ বৎসর বিজ্ঞতার সহিত কার্য্য করিতেছেন তাঁহারই আবেদন গ্রহণীয়। আবেদনের সহিত শিক্ষকতা কার্য্যের সার্টিফকেটের অনুলিপি আবশ্যক। জাতিতে মাহিষ্য (কৃষকাদিক) হওয়া চাই। স্থানটী স্বাস্থ্যপ্রদ। শ্রীমহেন্দ্রনাথ পাড়ুই প্রধান শিক্ষক শোভারামপুর স্কুল পোঃ দেভোগ মেদিনীপুর জেলা।

সাঁওতাল পরগণা জেলান্তর্গত অফজলপুর মাইনর স্কুলের জন্য একটী এণ্ট্রান্স পাস বেকার মাষ্টারের প্রয়োজন। মাসিক বেতন ১০৲ টাকা। উত্তম বাসস্থান ও আহার সম্বন্ধীয় আবশ্যকীয় বিষয়ের সুবন্দোবস্ত করিয়া দেওয়া যাইবে। সম্পাদক শ্রীযুক্ত বাবু সীতারাম ভেওয়ারির নিকট আবেদন করিবেন। পোষ্ট গড়রা, জেলা বীরভূম।

একটি উঃ প্রাঃ পাঠশালার জন্য নর্ম্মাল স্কুলের ১ম বার্ষিক পরীক্ষোত্তীর্ণ অথবা এণ্ট্রান্স পরীক্ষায় ফেল এক জন শিক্ষকের প্রয়োজন। মাসিক বেতন ৯৲ টাকা এবং আহারাদি সমস্ত ব্যয় দেওয়া যাইবে। শ্রীসমধীকান্ত চক্রবর্ত্তী, প্রধান শিক্ষক, কামারজানী মধ্য শ্রেণী বঙ্গবিদ্যালয় কামারজানী পোঃ, রংপুর।

ছাত্রখালি।

Wanted fea students of the Entrance class for the Bissinda Bhogobati Bidyaloy. The sebcted candidates will have pecuniary assistance in addition to free studentships. Apply sharp to Babu Bipin Chandra Das, Hd Master, Bissinda H. E School, Dt Midnapur, Via Ghatal.

৺ বিশ্বনাথ বৃত্তি।

আরব্যদেশ মহামহোপাধ্যায় মুখারম উক্কোশার অনুকরণ করিয়া ৺ বিশ্বনাথ চট্টোপাধ্যায়ের বার্ষিক পঞ্চাশৎ টাকা পরিমাণে এক একটী করিয়া আর কয়েকটী বৃত্তি স্থাপিত হইয়াছে। যে যে চট্টোপাধ্যায়ের বেদান্তাদি দর্শন শাস্ত্র অথবা প্রাচীন ও নব্যস্মৃতি অধ্যাপিত হয়, সেই সেই চট্টোপাধ্যায়ে এই বৃত্তিগুলি দেওয়া যাইবে। অধ্যাপক ইচ্ছা করিলে ঐ বৃত্তি ত্রৈমাসিক বা ষাণ্মাসিক বা বার্ষিকরূপে গ্রহণ করিতে পারিবেন। ছাত্রদিগের বিদ্যাবত্তা ও সচ্চরিত্রতা সম্পাদন ভিন্ন অধ্যাপক মহাশয়দিগকে অপর কোন নিয়মের অধীন হইতে হইবে না। যে সমস্ত অধ্যাপক বৃত্তি লইতে ইচ্ছা করিবেন, তাঁহারা অথবা তাঁহাদিগের ছাত্রাধীরা অধ্যাপকের নাম ধাম ছাত্রসংখ্যা ও পরোক্ষ ছাত্রের অধীতব্য বিষয় লিখিয়া আমাকে সংবাদ দিবেন।

চুঁচুড়া বিশ্বনাথ চট্টোপাধ্যায়
অধ্যাপক শ্রীহরিনাথ স্মৃতিভূষণ।

নূতন পুস্তক।

সেখ ব্রাদার্স এণ্ড কোং।

পুস্তক বিক্রেতা নং ৫৬ কলেজ ষ্ট্রীট কলিকাতা।

ইণ্ডি সিলেক্‌সনের সম্পূর্ণ অর্থ।

শ্রীনৃত্যগোপাল সরকার বি.এ, বি এল, কর্ত্তৃক। ইহাতে ঈথার মানে, বাঙ্গালা ট্রেন্সলেসন্ পার্সিং, গদ্য, পদ্যের তাৎপর্য্য, ইত্যাদি অতি পরিষ্কাররূপে লিখিত হইয়াছে। মূল্য ডাঃ মাঃ সমেত ৸৹ আনা।

হাকলীজ্ হিষ্ট্রীর এপীটম্।

শ্রীউপেন্দ্রনাথ মুখোপাধ্যায় বি এ, বি এল, কর্ত্তৃক। মূল্য ডাঃ মাঃ সমেত ৸৹ আনা। আমরা যাবতীয় ইং, বাং ও সংস্কৃত পুস্তক ভিঃ পিতে পাঠাই। দর সুলভ। পরীক্ষা প্রার্থনীয়।

৮২৮নং

পদ্য সংগ্রহ।

১ম, ২য়। ভাগ মূল্য ক্রমে ৵০, ।০ আনা মাত্র। শ্রীযুক্ত রসময়চন্দ্র গুহ সঙ্কলিত। সেণ্ট্রাল টেক্‌সট বুক কমিটীর মনোনীত। সংস্কৃত প্রেস ডিপজিটরীতে প্রাপ্তব্য।

৮০৩নং

শান্তি আশ্রম।

৬৪ মুক্তাপুর ষ্ট্রীট, কলিকাতা।

হাঁপানি কাশির মহৌষধ।

রাসায়নিক অভ্রভস্ম—সপ্তাহ ॥৵০

যে প্রকার হাঁপ হউক না কেন, কিম্বা গলার মধ্যে সাঁই সাঁই বা ঘড়ঘড়ানি শব্দ, বক্ষঃস্থল বেদনা বা সামান্য শ্রমে কষ্টবোধ এমন কি হাঁপের জন্য অস্থির হইয়া আহার নিদ্রা পরিত্যাগ করিতে হয় তাহাদের পক্ষে ইহা অমোঘ মহৌষধ। সপ্তাহ ব্যবহারে বিশেষ ফল দর্শে।

২। পার্ব্বতীয় বিল্বফল—মূল্য ॥৵০

আমাশয় ও রক্তামাশয়ের অব্যর্থ মহৌষধ। এক দিবস ব্যবহারে রক্ত বন্ধ ও ৩৪ দিবসে সম্পূর্ণ আরোগ্য হয়। আরও ইহা বৃদ্ধ ও অহিফেন সেবন কারীর উদরাময়ে বিশেষ ফল দর্শে।

৩। অম্লনাশক চূর্ণ—সপ্তাহ ॥৵০

ইহাতে অম্লপিত্ত, অম্লশূল, বুক জ্বালা, পেট জ্বালা, মাথা ঘোরা, বমন, অজীর্ণ, অগ্নিমান্দ্য প্রভৃতি সম্পূর্ণ আরোগ্য হয়।

৪। শান্তি মলম—মূল্য ১৲

ইহা উপদংশ, বাঘির ঘা, পোড় বা পচা ঘা, এবং পারার ঘায়ের অদ্বিতীয় মহৌষধ। কোন প্রকার বিষাক্ত পদার্থ নাই কেবল গাছ গাছড়ায় প্রস্তুত।

প্যাকিং চার্জ নাই, ডাঃ মাঃ ও ভিঃ পিঃ স্বতন্ত্র।

এই আশ্রমে আয়ুর্ব্বেদীয় ও অসদৌত্তিক মতে প্রস্তুত সর্ব্ববিধ দুরারোগ্য রোগের তৈল ও ঔষধ পাওয়া যায়। রোগী স্বয়ং আসুন বা রোগের অবস্থা লিখুন।

কবিরাজ শ্রীগজেন্দ্রনাথ গুপ্ত।

আইন! আইন!! আইন!!!

ছাত্রবৃত্তি বা মাইনর বা এণ্ট্রেন্স পরীক্ষায় উত্তীর্ণ হইলে মোক্তারী ও রেভিনিউ পরীক্ষা দেওয়া যায়। ১৮৯৪ ও ১৮৯৫ সালের মোক্তারী পরীক্ষার আসল নজীর ও টীকা সহিত নূতন সংস্করণ ভাল কাগজে মূল্য মায় মাশুল ১৸৵০; ঐ নামমাত্র নজীর ও টীকা কেবল মূল আইনের সমষ্টি মায় মাশুল ১০৵০; রেভিনিউ পরীক্ষার সমস্ত আইন মায় মাশুল ৸৵০ ।০ আনার টিকিট পাঠাইলে ১৮৮০ সাল হইতে ১৮৯১ অবধি মোক্তারী পরীক্ষার প্রশ্নলিপি ও নিয়মাবলি পাঠান হয়। শ্রীসতীশচন্দ্র মুখোপাধ্যায় ১১ নং রাজা নবকৃষ্ণ ষ্ট্রীট, কলিকাতা।

৮২১ না

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৬ বৎসর ইহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে ইহার উপকারিতা-যশের সঙ্গেসঙ্গে ইহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার লেপনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সম-ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি ও পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনাব্যয়ে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৲ টাকা, প্যাকিং ।০ আনা

২ শিশি একত্রে লইলে খরচা ৸৵০ আনা সুদ্ধ ৪৲।

শ্রীকালীদাস সরকার।
গবর্ণমেণ্ট পেন্সনার—সাগর।

৩১৩নং

ইউক্লীডের জ্যামিতি ১ম অধ্যায়

শ্রীযুক্ত রজনীমোহন মল্লিক প্রণীত ২য়বার সংস্করণ, পরিমার্জ্জিত এবং পরিশোধিত মূল্য ৵০।

১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাঠান যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

৮১৯নং

শ্রীমদ্ভগবদ্গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত ৩য় সংস্করণ। বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ।৵০ আনা ডাঃ মাঃ ৵০।

স্ত্রীশিক্ষা ও স্ত্রীস্বাধীনতা মূল্য ৫০ অর্দ্ধ আনা।

কবির (জীবন্মুক্ত মহাত্মা কবির সাহেবের ৫৫৭টী দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ ৵১০।

কলিকাতা ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০।১ন মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

প্রসিদ্ধ ইঞ্জিনিয়র ৺ ক্ষেত্রনাথ ভট্টাচার্য্য কৃত।

জরিপ ও পরিমিতি	১৲
পরিমিতি	॥৵০
লঘুপরিমিতি	।০
নব শিশুবোধ	।০
শুভঙ্করী	॥০
কবিতাসংগ্রহ ১ম ভাগ	।০
কবিতাসংগ্রহ ২য় ভাগ	।০

ইঞ্জিনিয়ার ৺ ক্ষেত্রনাথ ভট্টাচার্য্য মহাশয় গণিত-শাস্ত্রে অসাধারণ পারদর্শী ছিলেন। তিনি সিভিল ইঞ্জিনিয়ারিং কলেজে গণিত শাস্ত্রের অধ্যাপনা করিয়া প্রশংসাভাজন হইয়াছিলেন। বঙ্গ ভাষায় অঙ্ক-পুস্তক রচনা বিষয়ে তিনিই পথপ্রদর্শক। তাঁহার রচিত পুস্তকগুলি এখনও সর্ব্বোৎকৃষ্ট বলিয়া পরিচিত। এই সকল পুস্তকের ভাষা প্রাঞ্জল ও সরল, অল্প বয়স্ক বালক বালিকাগণের উপযোগী। এই সকল পুস্তকে নানাবিধ বহুসংখ্যক উদাহরণ আছে। শুভঙ্করীর ও লঘুপরিমিতির শেষে ভিন্ন ভিন্ন জেলার পরীক্ষার প্রশ্ন, উপপত্তি বা উত্তর সহ সন্নিবেশিত আছে। উল্লিখিত পুস্তকগুলি সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটির অনুমোদিত এবং প্রথম প্রকাশের সময় হইতে বঙ্গদেশের বিদ্যালয় সমূহে পাঠ্যরূপে নির্দ্দিষ্ট ও ব্যবহৃত হইয়া আসিতেছে। কলিকাতার প্রধান প্রধান পুস্তকালয়ে এই সকল পুস্তক বিক্রয় হয়। আমার নিকট "জরিপ ও পরিমিতি" ভিন্ন উল্লিখিত অন্য কোন পুস্তক ৫০ খানি লইলে শতকরা ২৫৲ হিসাবে কমিসন দিয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র ভট্টাচার্য্য।
১৭৬।৩ নং আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা।

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বলবীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রিজাগরণ, অতিরিক্ত পান-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা-হাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত!

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-ফোলা-কাসিযুক্ত জ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দীর্ঘকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকায় সে জ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্পদিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধ অতি সামান্য রাপও আরাম হয়। বিধাতার বিচিত্র বিধান বুঝা ভার।

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন প্রীহা অগ্ন-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগীকে এই এক নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

বটিকার সংখ্যা,	মূল্য,	ডাঃমাঃ,	প্যাকিং
১নং কৌটা	১৮	৷৵০	।০ ৵০
২নং কৌটা	৩৬	১৵০	।০ ৵০
৩নং কৌটা	৫৪	১৷৵০	।০ ৵০

জ্যালুপেথলে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।
১২ নং মুক্তাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা।

৩৭৪নং

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৸০ বার আনা, ডাঃ মাঃ ৵০ এক আনা। এখানি ১৮৯৪ অব্দের মাইনর পরীক্ষায় ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহাতে বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গল্প হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ৵০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
সংস্কৃত প্রেসডিপজিটরি।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

পাঁড়ে ব্রাদার্স।

এখানে ইংরাজি, বাঙ্গালা, সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য পুস্তক, তৎসম্বন্ধের অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা ১৷০ মূল্য ধোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও সাধারীর জন্য চলিবে ও ২৷৷০, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ নয়নসুখ, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকট ও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য।৵৯, ৩২খানি উৎকৃষ্ট চিত্রসহ নীতি কথামালা।০, আর্য্যচরিত।০, আর্য্যশিক্ষা ॥৵০ বাঙ্গলা ব্যাকরণ।৵০, শিশু বিজ্ঞান ৶০, বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ ৵০, বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ ৵০, মানবতত্ত্ব ১।০, ধর্ম্মবিজ্ঞান ১৲, অদ্ভুত স্বপ্ন বা স্ত্রী পুরুষের দ্বন্দ্ব ॥০, বিজ্ঞানসার ১৲, লীলাবতী (অঙ্কপুস্তক) ॥০

শ্রীমনোমোহন পাঁড়ে।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্ কলিকাতা।

শ্রীমতী বিধুমণি দাসীর ঔষধগুলি এক্ষণে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট পাওয়া যায়।

মেহরোগের মহৌষধ।

স্বর্ণের মাদুলী করিয়া ধারণ করিলে স্ত্রী পুরুষের নূতন পুরাতন মেহ আরোগ্য হয় মূল্য——৷৷৵০

হাঁপানি কাশীর মহৌষধ ১৷৷৵০

বাধক বেদনার ঔষধ ২৲

একমাত্র বিক্রেতা

শ্রীসিদ্ধেশ্বর ভট্টাচার্য্য

৬৬নং মেছুয়াবাজার ষ্ট্রীট, কলিকাতা।

৮২২নং

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত

পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্নপ্রাই মেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয়ে প্রাপ্তব্য। শিক্ষকগণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৷৷০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।৵০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীয়দমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। মিনপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।৵০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ৵০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৪৪নং

কুইনাইন।

এ দেশের লোকের জীবন। ডাক্তার শ্রীযদুনাথ মুখোপাধ্যায় প্রণীত। গৃহস্থ ও পাড়াগাঁয়ের ডাক্তারদের জন্য কুইনাইন ব্যবহার সম্বন্ধে এপর্য্যন্ত এমন পুস্তক আর বাহির হয় নাই। মূল্য।০ চারি আনা; ডাক মাশুল অর্দ্ধ আনা মাত্র।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

মানেজার, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়।

১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

৮১৩নং

MATRICULATION MADE EASY.

POPULAR ENGLISH GRAMMAR.

In the form of Questions and Answers. Containing—Orthography, Etymology, Syntax, Punctuation, Prosody, Analysis of Sentences, Direct and Indirect Narrations, Prefixes and Suffixes, Derivations and Compositions of words, Homonyms, Antonyms, Dittonyms, Polynyms, Paronyms, Synonyms, Appropriate Prepositions, Parsings of words, Verbs with Prepositions, Copious Phrases and Idioms, Essay-writings Letter-writings, and other useful hints that are most likely to be put in the University Examination. By R. Ghosh, Price one Rupee, Cloth-bound. Demy 12 Mo. 400 Pages. It is highly spoken of by eminent professors and principals of different Colleges. Apply to the Manager, Sanskrit Press Depository, 148, Baranosy Ghosh's Street Calcutta.

৮১৭নং

মাইকেল মধুসূদন দত্তের

জীবনচরিত।

অপ্রকাশিত কবিতা, পত্র ও প্রস্তাবলীর সমালোচনা ও ২ খানি অত্যুৎকৃষ্ট চিত্র সম্বলিত এবং ডিমাই আট পেজী আকারে পাঁচ শতেরও অধিক পৃষ্ঠায় সম্পূর্ণ গ্রন্থ।

শ্রীযোগীন্দ্রনাথ বসু বি এ, প্রণীত।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপোজিটরীতে, ২১০।১ কর্ণওয়ালিস ষ্ট্রীট নব্যভারত কার্য্যালয়ে, ঈশ্বরচন্দ্র দেওধর স্কুলে গ্রন্থকারের নিকট এবং নিম্নস্বাক্ষরকারীর নিকট পাওয়া যায়। মূল্য কাপড়ে বাঁধান ২৷৷০ টাকা, কাগজের মলাট ২৲ টাকা, ডাকমাশুল ।০ আনা। মফস্বলস্থ গ্রাহকগণ গ্রন্থকারকে পত্র লিখিবেন।

শ্রীরামানন্দ চট্টোপাধ্যায় এম এ।

অধ্যাপক সিটি কলেজ,—কলিকাতা।

এই পত্র হুগলি বুধোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

REGISTERED NO 35 1875.

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

নূতন সম্বৎসর ২৫শ খণ্ড ৪৭শ সংখ্যা | ৩রা চৈত্র শুক্রবার ১৩০০ সাল। ইং ১৬ই মার্চ্চ ১৮৯৪ খৃষ্টাব্দ। | অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

সাপ্তাহিক (অগ্রিম)	৫	ষাণ্মাসিক	৩
ত্রৈমাসিক	২	প্রত্যেক সংখ্যার	।৵

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৵০ ৩য় বার /১০ চতুর্থ বা ততোধিক বার ।০। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৵০।

অপ্রকাশ্য বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে ছাপা হয়।

বিনা অগ্রিমে অধিককাল বিজ্ঞাপন প্রকাশ করিলে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য সকলেই স্ব স্ব ডিষ্টবণ্ডী এজেণ্টের নিকট দিতে পারেন; মফস্বলীয় যাঁ অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণি-অর্ডার কুপনে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যায় বিলম্ব হইলে তাহার পরবর্ত্তি সংখ্যার রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকালীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

কলিকাতা	শ্রীযুক্ত বাবু অম্বিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
	সংস্কৃতযন্ত্রের পুস্তকালয় ১৪৮নং বারাণসী ঘোষের ষ্ট্রীট।
	চণ্ডীচরণ মজুমদার—জীপুর বলাগোড়।
২৪ পরগণা	সতিলাল মৈত্র—আলিপুর।
আলিপুর	ভূপালচন্দ্র গঙ্গোপাধ্যায়—উকিল।
খারাকপুর	ভুবনমোহন নিয়োগী।
ভবানীপুর	রাজকৃষ্ণ রায় চৌধুরী।
কুয়াডাঙ্গা	শুভনাথ চৌধুরী।
হাবড়া	নবমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম	শ্রীযুক্ত বাবু ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী	শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর	ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান	চারুচন্দ্র চট্টোপাধ্যায়।
	রসিকলাল দাস—রায়না।
যশোহর	কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
সিউড়ী	অম্বিকাচরণ মুখোপাধ্যায়।
	নীলমণি ভট্টাচার্য্য।
বাঁকুড়া	রামেশ্বর সেন—বিষ্ণুপুর।
	অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর	উমাপ্রসাদ দে।
জলপাইগুড়ি	নীলমণি পাল।
বাঁকিপুর	নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর।
	রামপ্রকাশ লাল।
বারাণসী	সোমনাথ আড়ুড়ী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর	আশ্বিনাথ মিত্র।
	দ্বারকানাথ বাগচি—মিলকারারি।
রাজসাহী	কালীনাথ চৌধুরী—গোয়ালিয়া।
পাবনা	ভুবনেশ্বর গুপ্ত।
	রজনীকান্ত ভট্টাচার্য্য।
	রামচন্দ্র চক্রবর্ত্তী।
	ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, ভুলাই।
	উমাচরণ পাঁড়ে, সিরাজগঞ্জ।
ঢাকা	সতীশচন্দ্র ঘোষ।
সাঁওতাল পরগণা	ব্রজেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।
পাবড়	রাধাকৃষ্ণ সারগেল।
খুলনা	হরিহর দাস।
	জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।
দিনাজপুর	রাজকুমার চক্রবর্ত্তী ফুলবাড়ি।
	দুর্গাদাস সুর—রায়গঞ্জ।
	শশিভূষণ রায়।
কোচবিহার	ভুবনমোহন দত্ত।
করিদপুর	কালীকিশোর ঘোষ—মাদারিপুর।
মজঃফরপুর	কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল
ছাপরা	গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক সুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সমস্তীপুর
বৈদ্যনাথ	যোগীন্দ্রনাথ বসু হেড মাষ্টার, দেওঘর।

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিশেষ দ্রষ্টব্য।

বাচস্পত্য অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২৩৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকালীনাথ ভট্টাচার্য্য। বুধোদয় প্রেস—হুগলী।

বুধোদয় যন্ত্র।

এই যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষরাদি প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানা প্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় যাবতীয় ফারম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, ষ্টাম্পরিপ, জমিদারীর জমাওয়াশীল ফরম, ডাক্তারি লেবিল ও বিল প্রভৃতি ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পাদিত হইয়া থাকে। সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ৵০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
সংস্কৃত প্রেসডিপজিটরি।
১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা

পাঁড়ে ব্রাদার্স।

এখানে ইংরাজি, বাঙ্গালা, সংস্কৃত স্কুল ও কালেজ পাঠ্য পুস্তক, তৎসমস্তের অর্থ পুস্তকাদি এবং নাটক নবেল প্রভৃতি পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে মেথিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা ১৸০ মূল্য জোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও ব্যবহারীর জন্য চলিবে ও ২৷৷০, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ মসলন্দক, ছিট, রুমাল প্রভৃতি মোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকট ও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য ৵০, ৩২খানি উৎকৃষ্ট চিত্রসহ নীতি কথামালা ।০, আর্য্যচরিত ।০, আর্য্যশিক্ষা ৷৵০ বাঙ্গলা ব্যাকরণ ।৵০, শিশু বিজ্ঞান ৶০, বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ ৵০, বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ ৵০, রামবতত্ত্ব ১৷০, ধর্ম্মবিজ্ঞান ১৲, অদ্ভুত স্বপ্ন বা স্ত্রী পুরুষের বস্ত্র ৷৷০, বিজ্ঞানসার ১৲, লীলাবতী (অঙ্কপুস্তক) ১৷৷০

শ্রীমনোমোহন পাঁড়ে।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।

শ্রীমতী বিধুমণি দাসীর ঔষধগুলি এক্ষণে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট পাওয়া যায়।

মেহরোগের মহৌষধ।

স্বর্ণের মাদুলী করিয়া ধারণ করিলে স্ত্রী পুরুষের নূতন পুরাতন মেহ আরোগ্য হয় মূল্য——৷৷৵০

হাঁপানি কাশীর মহৌষধ ১৷৷৵০

বাতজ বেদনার ঔষধ ২৲

একমাত্র বিক্রেতা

শ্রীবিশ্বেশ্বর ভট্টাচার্য্য

৫৬নং মেছুয়াবাজার ষ্ট্রীট, কলিকাতা।

৮২২নং

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত

পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে সর্ব্ব ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ব বাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষক গণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৷৷০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।৵০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীজমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।৵০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ৵০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৪৪ নং

কুইনাইন।

এ দেশের লোকের জীবন। ডাক্তার শ্রীযদুনাথ মুখোপাধ্যায় প্রণীত। গৃহস্থ ও পাড়াগাঁয়ের ডাক্তারদের জন্য কুইনাইন ব্যবহার সম্বন্ধে এপর্য্যন্ত এমন পুস্তক আর বাহির হয় নাই। মূল্য ।০ চারি আনা; ডাক মাশুল অর্দ্ধ আনা মাত্র।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

ম্যানেজার, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়।

১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট, কলিকাতা।

৮১৩নং

MATRICULATION MADE EASY.

POPULAR ENGLISH GRAMMAR

In the form of Questions and Answers. Containing—Orthography, Etymology, Syntax, Punctuation, Prosody, Analysis of Sentences, Direct and Indirect Narrations, Prefixes and Suffixes, Derivations and Compositions of words, Homonyms, Antonyms, Uttonyms, Polynyms, Paronyms, Synonyms, Appropriate Prepositions, Parsings of words, Verbs with Prepositions, Copious Phrases and Idioms, Essay-writings, Letter-writings, and other useful hints that are most likely to be put in the University Examination. By R. Ghosh, Price one Rupee. Cloth-bound. Demy 12 Mo. 400 Pages. It is highly spoken of by eminent professors and principals of different Colleges. Apply to the Manager, Sanskrit Press Depository, 148, Baranosy Ghosh's Street Calcutta. ৮১৭নং

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু শশিভূষণ সরকার বিল্হাই ১৲

" হরিমতি বিশ্বাস বালিরাডাঙ্গা ১৩০১ ভাদ্র শেষ ৩৲

" বাণীকণ্ঠ দাস ধনবাদ ১৩০১ বৈশাখ শেষ ২৲

" গৌরচন্দ্র বন্দ্যোপাধ্যায় রাণ্ডাঙ্গা স্কুল ১৮৯৪ জুন শেষ ১৷০

" নীলমণি পাল তালবেড়িয়া ১৲

" অন্নদাপ্রসাদ মিত্র রোল স্কুল ১৮৯৪ মার্চ্চ শেষ ২৲

" অকিঞ্চননাথ গোস্বামী বেটিলা ১৮৯৪ মে শেষ ২৲

" লালনচন্দ্র চক্রবর্ত্তী শ্রীকোল ১৮৯৪ মে শেষ ২৲

" জ্যোতিষ্পতি মজুমদার মুন্সাপুর ১৲

হেড পণ্ডিত ইলাজি মডেল স্কুল ১৲

বিনোদ উদ্দিন আমেদ ইনিলাবাড়ী ১৮৯৪ আগষ্ট শেষ ৩৲

চৈতন্য লাইব্রেরী সম্পাদক ১৮৯৫ ফেব্রুয়ারী শেষ ২৷৷০

☞ এই পত্র হুগলি মুখোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

REGISTERED NO 35 1875.

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

নূতন সঙ্গত ২২শ খণ্ড। ৪৮শ সংখ্যা। | ১০ই চৈত্র শুক্রবার ১৩০০ সাল। ইং ২৩শে মার্চ্চ ১৮৯৪ খৃঃঅব্দ। | অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম)	৫	বাণ্মাসিক	৩
ত্রৈমাসিক	২	প্রত্যেক সংখ্যার	।৵

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৵০ ৩য় বার /১০ চতুর্থ বা ততোধিক বার /০। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৵০।

অর্দ্ধকালিম বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে ছাপা হয়।

তিন মাসের অধিককাল বিজ্ঞাপন প্রকাশ করিলে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য সকলেই স্ব স্ব নিকটবর্ত্তী এজেণ্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণি-অর্ডার কুপনে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যূন বিলম্ব হইলে তাহার খামখানিতে পিয়নের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

কলিকাতা	শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়। সংস্কৃতযন্ত্রের পুস্তকালয় ২০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট।
	চণ্ডীচরণ মজুমদার—শ্রীপুর মলাগোড়।
২৪ পরগণা	মতিলাল মৈত্র—আলিপুর।
আলিপুর	ভূপালচন্দ্র গঙ্গোপাধ্যায়—উকিল।
খাদাকপুর	ভুবনমোহন নিয়োগী।
জয়ানীপুর	রাজকৃষ্ণ রায় চৌধুরী।
চুয়াডাঙ্গা	যদুনাথ চৌধুরী।
বামড়া	হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম	শ্রীযুক্ত বাবু ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী	শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর	ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান	চারুচন্দ্র চট্টোপাধ্যায়।
	রসিকলাল দাস—রায়না।
যশোহর	কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
সিউড়ী	অম্বিকাচরণ মুখোপাধ্যায়।
	নীলমণি ভট্টাচার্য্য।
বাঁকুড়া	রামেশ্বর সেন—বিষ্ণুপুর।
	অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর	উমাপ্রসন্ন দে।
জলপাইগুড়ি	নীলমণি পাল।
বাঁকিপুর	নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর।
	রামপ্রকাশ লাল।
বারাণসী	সোমনাথ আঢ়ুরী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর	আদিনাথ মিত্র।
	দ্বারকানাথ বাগচি—মিলফামারি।
রাজসাহী	কালীনাথ চৌধুরী—গোরাঙ্গিয়া।
পাবনা	ভুবনেশ্বর গুপ্ত।
	রজনীকান্ত ভট্টাচার্য।
	রামচন্দ্র চক্রবর্ত্তী।
	ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, ভুলাই।
	উমাচরণ পাঁড়ে, সিরাজগঞ্জ।
ঢাকা	সতীশচন্দ্র ঘোষ।
সাঁওতাল পরগণা	যজ্ঞেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।
পাকুড়	রাধারুষ্ণ সারগেলা।
খুলনা	হরিহর দাস।
	জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।
দিনাজপুর	রাজকুমার চক্রবর্ত্তী ফুলবাড়ি।
	দুর্গাদাস সুর—রায়গঞ্জ।
	শশিভূষণ রায়।
কোচবিহার	ভুবনমোহন দত্ত।
করিমপুর	কালীকিশোর ঘোষ—মাদারিপুর।
মজঃফরপুর	কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল।
ধারভাঙ্গা	গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক সুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সমস্তীপুর
বৈদ্যনাথ	যোগীন্দ্রনাথ বসু হেড মাষ্টার, দেওঘর।

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিশেষ দ্রষ্টব্য।

বাচস্পত্য অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২৩২৬ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য। বুধোদয় প্রেস—হুগলী।

বুধোদয় যন্ত্র।

এই যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষরাদি প্রচুর পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানাপ্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় যাবতীয় ফারম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, মোটিস, বিজ্ঞাপন, চেক, রসিদ, ষ্ট্যাম্পবিল, জমিদারীর জমাওয়াশীল ফরম, ডাক্তারি লেবিল ও বিল প্রভৃতি ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পাদিত হইয়া থাকে। সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংরিজি অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও ফুল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া দপ্তরীদ্বারা পুস্তকাদি বান্ধাই করিয়া রীতিমত বাক্সবন্দী করিয়া রেলে বা জাহাজে যাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি। গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন। ছাপার রেট ও অন্যান্য বিবরণ আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পরিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য কার্য্যাধ্যক্ষ।

বিবিধ বিজ্ঞাপন।

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু

প্রণীত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য ৵০ আনা
ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "
ঐ ৩য় ভাগ-শুভঙ্করী ও বাজারহিসাব ।০ "

সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তালিকার পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ২০ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।
২০ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট—কলিকাতা।

রিপণ-ডিপজিটরী।

৫২ দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফঃস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য পুস্তক ও নাটক মণ্ডেল অতি সুবিধায় সরবরাহ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পিঃ, ডাকেও পুস্তক পাঠাই। প্রেরণ ব্যয় ৵০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়। একবার পরীক্ষা করিয়া দেখুন। শ্রীশশিভূষণ সাহা, ম্যানেজার।

৮১৮ নং

REDUCTION IN PRICE OF
CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta, Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free, at 4 oz, Rs3—4 : 8 oz, Rs 6—8 : 16 oz, Rs 12—12. Cash with order.

No. 331

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১৯ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।
ডাকমাশুল ৵০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৵০

পদ্য ব্যাকরণ মূল্য /১০

প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য /১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (২০ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট কলিকাতায় পাওয়া যায়।

শ্রীতিমকড়ি বন্দ্যোপাধ্যায়।

অম্বিকাচরণ ঘোষাল

ফটোগ্রাফার ও পোর্ট্রেট পেইণ্টার

ঘুঁটেবাজার হুগলি

মফস্বলে যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণপত্র লিখিলে জানিতে পারিবেন। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিজ, হুগলী কলেজ, এমামবাড়া, হংসেশ্বরীর মন্দির, চুঁচুড়া গোরাবারিক অভ্যন্তর দৃশ্য, নবাব খাজাখাঁর মসজিদ, সপ্তগ্রামের মহোৎসব প্রত্যেক ॥০ আনা মাত্র—ফটোগ্রাফগুলি একবার দেখিলে বাঞ্ছিত হইবে।

এল, ডি, মিত্র এবং কোং।

বহুপ্রতিষ্ঠিত ও কলিকাতা ও অন্যান্য স্থানের বঙ্গ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৬৲ ৮৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক কর্বিনি ক্যাম্ফার ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৷৷০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৯৲ ও ৭৲, শিশু চিকিৎসা ২৷৷০, স্ত্রীরোগ চিকিৎসা ২৲, জ্বর চিকিৎসা ৸০ ও ১৸০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৸০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমরা কলিকাতার মহামেলায় এই শ্রেণীতে ভারতের মধ্যে সর্ব্বোচ্চ এবং এখানকার ও অন্যান্য স্থানের অন্যান্য চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি।

১৯৮

ভারতীয় আর্য্য জাতির

আদিম অবস্থা।

শ্রীযুক্তলালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা ২০ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১।০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ২০ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মতামত নাই।

কথকতা।

(২)

রামধন তর্কবাগীশের ভ্রাতুষ্পুত্র মধুসূদন শিরোমণি এক জন ভাল কথক ছিলেন। তর্কবাগীশের বংশে এক্ষণে আর ব্যবসায়ী কথক কেহ নাই। লালচাঁদের বংশেও ব্যবসায়ী কথক কেহ নাই। রামধন তর্কবাগীশের পরবর্ত্তী কথকদিগের মধ্যে শ্রীধরের নামই বেশী শুনিতে পাওয়া যায়। কথকতা বিষয়ে শ্রীধর বিশেষ গুণপনাই দেখাইয়া গিয়াছেন। শ্রীধর তাঁহার পূর্ব্ববর্ত্তী কথকদিগের কথকতা প্রণালীর কিছু কিছু পরিবর্ত্তন করেন। রাম, কৃষ্ণ, শিব, ভগবতী প্রভৃতির রূপ বর্ণনা, মধ্যরাত্রি বর্ণনা, প্রাতর্মধ্যাহ্ন ও সায়ংকাল বর্ণনা, যুদ্ধ বর্ণনা, পুরী ও রাজসভা বর্ণনা, স্ত্রী বর্ণনা, বসন্তকাল বর্ণনা, বন বর্ণনা, বর্ষা বর্ণনা প্রভৃতির বর্ণনায় শ্রীধর সকলস্থলে পূর্ব্ববর্ত্তী কথকগণের রচিত বিষয়েরই আবৃত্তি না করিয়া কোন কোন স্থলে নিজের রচিতমত বর্ণনারও আবৃত্তি দ্বারা শ্রোতৃবৃন্দের পরিতৃপ্তি সাধন করিতে পারিয়াছিলেন। উল্লিখিত বর্ণনা প্রসঙ্গে তাঁহার রচনার পারিপাট্য পূর্ব্ববর্ত্তী কথকগণের তদ্বিষয়ক রচনা অপেক্ষা কোন অংশে নিকৃষ্ট নহে, বরং স্থলে স্থলে অপেক্ষাকৃত সমধিক সুললিত। পদাধর তর্কবাগীশ, রামধন শিরোমণি—ইহাঁরা মরদানা সুরের পদাবলী সমস্ত রচনা করিয়া গান করিতেন। ইহাঁদের রচিত পদাবলীসমূহ মধ্যে টপ্পা সুরের রচিত পদাবলী খুই কম। শ্রীধর কিন্তু টপ্পাসুরের পদাবলীসমূহ রচিয়া গান করিতেন। তাঁহার কণ্ঠের স্বর অতি মিষ্ট ছিল, আর টপ্পাসুরও সাধারণের অতি হৃদয়গ্রাহী, সুতরাং সুগিষ্ঠস্বরে সেই টপ্পাসুরের পদাবলীসমূহ গান করিয়া কথকতা স্থলে শ্রীধর সর্ব্ববিধ লোকেরই মনোরঞ্জন করিতে পারিতেন।

সিন্ধু ভৈরবী।

কুরু দীনে ময়ি করুণালেশং
বিধি-বাসব বন্দিত-চরণ-সরোরুহ
হর মম ক্লেশমশেষং।
মন্দতমুজ মে যাচিতমেতং
রাবয় শমনপুরং প্রতিযামং
শময় রামধন-বহুকণ্ঠ-রচিত-
ঝলিকৃত-দুরিত-নিশেষং।

পদাবলীটির শেষে 'রামধন' এইরূপ উক্তি আছে, সুতরাং এটি সম্ভবতঃ রামধন শিরোমণিরই রচিত বলিয়া বোধ হইতে পারে। কিন্তু পূর্ব্বে বলা হইয়াছে যে, রামধন শিরোমণি টপ্পাসুরে পদাবলী রচনা এক প্রকার করেন নাই বলিলেও বলা যায়, অথচ রামধনের নাম সম্বলিত এইরূপ টপ্পাসুরের অনেকগুলি পদাবলী দেখিতে পাওয়া যায়। রামধন শিরোমণি ও শ্রীধর উভয়েরই পরিচিত কোন প্রাচীন কথক * এতৎসম্বন্ধে বলেন যে, শ্রীধর রামধন শিরোমণির শিষ্য ছিলেন। গুরুর উপর অপরিসীম শ্রদ্ধাবশতঃ তিনি নিজে পদাবলী সমস্ত রচনা করিয়া যে গুলি তাঁহার উৎকৃষ্ট ও মনোমত বলিয়া বোধ হইয়াছে সেই গুলিতেই গুরু রামধনের নাম সন্নিবিষ্ট করিয়া দিয়াছেন।

নতুবা স্বরচিত পদাবলীসমূহ মধ্যে আপন নাম সন্নিবেশ করিতে শ্রীধর অতকটা নারাজ ছিলেন। তাঁহার রচিত আর দুইটি পদাবলী নিম্নে উদ্ধৃত করা যাইতেছে—

দেওগিরি

মম জননং সফলং কুরু কেশব।
হে দামোদর দীন দয়াময় হে।
শ্রীনারায়ণ নরকনিবারণ তব চরণ-
তরণী ভবসাগর পারং
রমতু রতির্মম তব পদকমলে
কমলাদলিত কমল নিয়লে।

ঝিঁঝিট খাম্বাজ।

পীতবসন বনচারী
সুললিত নটবর বংশীবিহারী
রাধামনমোহন, গোপীজন প্রাণধন
বৃন্দা বিপিনে রাসবিহারী।

* ইহাঁর নাম শ্রীযদুনাথ শিরোমণি। ইনি অশীতিপর বৃদ্ধ, সঙ্গীত শাস্ত্রে সমধিক নিপুণ। পূর্ব্বে কথকতা ব্যবসায় করিতেন। এক্ষণে স্ত্রীপুত্রাদি বিরহিত হইয়া প্রায় বৃদ্ধি বয়সে কাশী ৺বিশ্বেশ্বর রামের বাঙ্গালী টোলায় অবস্থান করিতেছেন।

দেওগিরি মরদানা সুর বলিয়া কেহ কেহ উক্ত পদাবলীটি শ্রীধরের রচিত নহে বলিয়া থাকেন। এই সকল ভিন্ন শ্রীধর বাঙ্গালাভাষায়ও কয়েকটি গীত রচনা করিয়াছিলেন। ঐ সমস্ত বাঙ্গালা গীতের মধ্যে কোন কোনটি কথকতা স্থলেও তিনি কখন কখন গান করিতেন। নিম্নে আদর্শ স্বরূপে শ্রীধর রচিত একটি বাঙ্গালা গীত উদ্ধৃত করা গেল—

খাম্বাজ।

ঐ জালরূপ সদা পড়ে মনে
ভুলিতে বাসনা করি ভুলিতে না পারি প্রাণে
দেখেছে তাইলাম রোষী, প্রতিবাদী রহিবারী
তবু কাল ভালবাসি, অভিলাষি নিশি দিনে।

কথকদিগের কর্ত্তৃক গীত পদাবলীসমূহ সকলগুলিই যে ব্যবসায়ী কথকদিগের দ্বারাই রচিত তাহা নহে। সময়ে সময়ে অনেক সংস্কৃতবিষয়ী লোকেও সুন্দর সুন্দর অনেকানেক পদাবলীসমূহ রচনা করিয়া গিয়াছেন। যে গুলি কথকেরা অতি আদরের সহিত কথকতা স্থলে গান করিয়া থাকেন। হুগলী কলেজ যাঁহাদের বাটী, সেই প্রাণকৃষ্ণ হালদারের পিতা কৃষ্ণচন্দ্র হালদার। কৃষ্ণচন্দ্র হালদারের দুই স্ত্রী। প্রথমা স্ত্রীর গর্ভজাত পুত্রের নাম নীলমণি হালদার। দ্বিতীয়া স্ত্রীর গর্ভে দুই পুত্র জন্মে—জ্যেষ্ঠ বিশ্বম্ভর, কনিষ্ঠ প্রাণকৃষ্ণ। সেই নীলমণি হালদারের পুত্রের নাম নীলরত্ন। নীলরত্ন সংস্কৃতজ্ঞ বিষয়ী লোক ছিলেন। তিনি অনেকগুলি অতি সুন্দর সুন্দর পদাবলী রচনা করিয়া যান। নিম্নে তাহার দুই একটি উদ্ধৃত করা যাইতেছে।

ঝিঁঝিট।

পঙ্কজদলগতজলমিব চঞ্চলমিহ জীবনং।
স্থাস্যতি নহি যাস্যতি কিল কুরু হরিপদচিন্তনং
স্বপ্নোপমমখিলং হিত্বা দারাদিকবান্ধবং
ত্যজ রে ত্যজ ভজ রে ভজ কৃষ্ণং ব্রজবল্লভং
কুসুমোপমমিহ সীদাত তব সুন্দর যৌবনং
গর্ব্বং হরতি সর্ব্বং তব খর্ব্বং হি জরেয়ং
পরিহর রে নীলরত্ন ভোগঞ্চ রোগোপমং
যোগং কুরু যোগেন হি প্রাপ্স্যসি চিরসম্পদং।

ঝিঁঝিট।

তদ্দিনং হি দুর্দ্দিনং যদেব হরিকথা ন্তরং
ন খলু দুর্দ্দিনং হি তত্র গগনমণি সমাবৃতং
শুভদিনং দিনং তদেব যদ্দিনে হি বসাশ্রিতং
কৃষ্ণনাম সঙ্কীর্ত্তনং সাধুসঙ্গে কীর্ত্তিতং

সকলমপি চ ক্ষমাং ভবেৎ বিফলমপি চ তৎক্ষমং
ক্ষমামপি ক্ষমাস্পদমপি হি যত্র হরিঃস্বয়ং বৃতং
নীলবস্ত্র হরিং নিগদতি যং পুরাণভাষিতং
হরিকথাং বিনা দিনং বৃথা গতং বৃথা গতং
কিল॥

বাসচন্দ্র তবকৃপা যদীহ মূঢ় জনের
তর দয়া কথং মহীহ নাস্তি মূঢ় পামরে
নবতরাপি বানরস্বয়ম্ভ মে ন মে শুচিস্ত-
মত হহ স্বকং মহত্তরান্ত দর্শয়াস্তরে
নমস্তব হি চক্রলোহস্মি কামতোঽপি কামকোঽস্মি
রোষতোঽপি নির্দ্দয়োঽস্মি ন হি দয়া সমাস্তরে
নহি হিতাহিতেষু বুদ্ধিরপিচ মে নবাস্ত্যশুদ্ধি-
স্থিতি বিদিতা নিজ গুণাদি কুরু কৃপাং সুবক্তরে
নীলবস্ত্র হর তত্ত্ব হর নীলমর্কটোঽস্মি দেব
বানরাপ্রকৃতমের বানরোপমনয়ে
যদি কৃপাং কুরুষে রাম নিখিলসুরনরাভিরাম
মা ভব ভবের রাম আতুরে সুকাতরে।

নিম্নোদ্ধৃত সদাবলাটিও কথকতাস্থলে গীত হইয়া থাকে। পীতাম্বর নামক জনৈক ব্রাহ্মণ উহার রচয়িতা। পীতাম্বর কথক ছিলেন কিম্বা সাধারণ বিষয়ী লোকমাত্র ছিলেন জানা যায় নাই—

ধ্রুব

সংসার সাগর-সলিল-শীতং
পাহি মামরবরশমনভীতং
ভবত কৃতাকৃতসাব ভ্রাতমনীহং
নামুকর মমানন্দ মূঢ়ং
শ্রীমদমলনয়ন সুরনরবন্দন
শ্রীপীতাম্বর বটুবিহিত বাচে।

এডুকেশন গেজেট।

১০ই চৈত্র ১৩০০। ইং ২৩শে মার্চ্চ ১৮৯৩।

বঙ্গীয় ব্যবস্থাপক সভা।

বিগত শনিবার বাঙ্গাল গবর্ণমেণ্টের ব্যবস্থাপক সভার অধিবেশনে বাঙ্গাল মিউনিসিপ্যাল আইন সংক্রান্ত সিলেক্ট কমিটীপ্রদত্ত চূড়ান্ত রিপোর্টের কোন কোন অংশ লইয়া সদস্যগণমধ্যে বাদানুবাদ চলিয়াছিল। অনারেবল লালমোহন ঘোষ, অনারেবল সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ও অনারেবল মহারাজ জগদিন্দ্রনাথ রায় কমিটীর রিপোর্টের কোন কোন স্থলের এক আধটু সংশোধনের প্রস্তাব করিয়াছিলেন। প্রস্তাবগুলি সকল স্থলে গ্রাহ্য হয় নাই। আগামী কল্য পুনরায় সভার অধিবেশন হইবে। সভাস্থলে রাজস্বসচিব বাঙ্গালার আয় ব্যয় বিবরণী উপস্থিত করিবেন।

ঐ সভা স্থলে অনারেবল মহারাজা জগদিন্দ্রনাথ রায় নিম্নলিখিত কয়েকটি প্রশ্ন করিয়াছিলেন—(১) বাঙ্গালার শিক্ষা-বিভাগের ডিরেক্টর সর্কুলার জারি করিয়া গবর্ণমেণ্ট স্কুলসমূহের হেড মাষ্টারদিগের প্রতি এই আদেশ দিয়াছেন যে, ৪র্থ শ্রেণীর নিম্ন-শ্রেণীসমূহে চতুর্দ্দশ বৎসরের অধিক বয়স্ক বালককে ভর্ত্তি করা হইবে না। মুসলমান ছাত্রদিগের প্রতি কিন্তু এ নিয়ম প্রযুক্ত হইবে না। গবর্ণমেণ্ট এই সর্কুলারের বিষয় অবগত আছেন কি? যদি থাকেন তবে উক্ত সর্কুলর রহিত করিয়া বয়সের ওরূপ বাঁধাবাঁধি ঘুচাইয়া দিতে প্রস্তুত আছেন কি না? (২) উপযুক্ত বেসরকারী লোক পাইলে তাহাকে জেলা-বোর্ডের সভাপতির পদে নিযুক্ত করা যাইতে পারে কি না, পরীক্ষাস্বরূপ আপাততঃ উন্নত কয়েকটি জেলায় গবর্ণমেণ্ট ঐরূপ করিয়া দেখিবেন কি? (৩) বিগত দশ বৎসর যাবৎ প্রত্যেক বৎসরে কত জন হিন্দু, কত জন মুসলমান ও কত জন খৃষ্টান গ্রাম্য ও বিশেষ সব রেজিষ্ট্রার নিযুক্ত হইয়াছেন তাহার একটি তালিকা গবর্ণমেণ্ট কৌন্সিলে উপস্থিত করিবেন কি না?

প্রথম প্রশ্নের প্রত্যুত্তরে অনারেবল মিঃ বকল্যাণ্ড বলিয়াছেন—"স্কুলের ইনস্পেক্টর অথবা প্রিন্সিপাল অনুমোদন না করিলে গবর্ণমেণ্টের উচ্চশ্রেণীর জেলা অথবা কলিজিয়েট স্কুলসমূহের চতুর্থ শ্রেণীর নিম্ন শ্রেণী সমূহে চতুর্দ্দশ বৎসরের অধিক বয়স্ক কোন বালককে ভর্ত্তি করা যাইতে পারিবেন না; তবে যাহারা মধ্য ছাত্রবৃত্তি পাইয়া আসিবে, ১৪ বৎসরের অধিক বয়স্ক হইলেও অগত্যা সাধারণতঃ তাহাদিগকে ভর্ত্তি করিয়া লইতে হইবে।" ১৮৮৯ সালের ওরা মে ডিরেক্টর বাহাদুর উল্লিখিত মর্ম্মে এক সর্কুলার জারি করিয়াছিলেন। অতঃপর ১৮৯১ সালের ৫ই জুন তারিখেও এতৎসংক্রান্ত আর একটি সর্কুলার বাহির হয়। উহার মর্ম্ম এই, "হিন্দু বালক অপেক্ষা মুসলমান বালক অপেক্ষাকৃত অধিক বয়সে স্কুলে শিক্ষা পাইতে আরম্ভ করে। স্কুলে পড়াইবার পূর্ব্বে কয়েক বৎসর ধরিয়া মুসলমান বালককে আরবী, পারসী শিক্ষা দেওয়া হইয়া থাকে; আর প্রধানতঃ এই কারণেই উহারা কিছু অধিক বয়সে স্কুলে আসিয়া ভর্ত্তি হয়—এডুকেশন কমিসন এইরূপ সিদ্ধান্ত করিয়াছিলেন। যাহা হউক, সরকারী স্কুলে মুসলমান বালককে ভর্ত্তি করিবার সময়, বিশেষতঃ নিকটে যদি কোনরূপ বেসরকারী স্কুল না থাকে, উল্লিখিতরূপ বয়সের বাঁধাবাঁধির উপর লক্ষ্য রাখিলে

চলিবে না।" গবর্ণমেণ্ট উক্ত উভয় সর্কুলারের বিষয়ই অবগত আছেন। সর্কুলারের উদ্দেশ্য—এক এক শ্রেণীতে প্রায় একই বয়সের ছেলে থাকে; নতুবা কোন শ্রেণীতে অল্প বয়স্ক বুদ্ধিমান ছাত্রদিগের সহিত অধিকবয়স্ক নির্ব্বোধ ছাত্রগণের সংমিশ্রণ ঘটিলে যে অনর্থের উৎপত্তি হয় শিক্ষাবিভাগীয় কর্ত্তৃপক্ষীয়গণ সকলেই তাহা জানেন। মুসলমান ছাত্রদিগের সম্বন্ধে বিশেষ ব্যবস্থার হেতু উপরেই ব্যক্ত করা হইয়াছে। ফলতঃ মুসলমান ছাত্রদিগের সম্বন্ধে ওরূপ ব্যবস্থা না করিলে অনেকেরই আদৌ গবর্ণমেণ্ট স্কুলে পড়া ঘটিয়া উঠিবে না। এরূপ অবস্থায় ডিরেক্টর বাহাদুরের উল্লিখিতরূপ আদেশ ছোটলাট বাহাদুরের সন্তোষজনক হইয়াছে এবং সেই আদেশানুযায়ী কার্য্যও ভালরূপ চলিয়া আসিতেছে। এরূপ অবস্থায় ঐ দুই সর্কুলারের কোনটিরই প্রত্যাহার করিতে গবর্ণমেণ্ট এক্ষণে প্রস্তুত নহেন।

দ্বিতীয় প্রশ্নের প্রত্যুত্তরে অনারেবল বোর্ডিলন সাহেব বলিয়াছেন—বাঙ্গালার স্বায়ত্বশাসন প্রণালী যে সময়ে প্রবর্ত্তিত হয়, জিজ্ঞাসিত বিষয়ের সম্যক্ আলোচনা সেই সময়েই হইয়া গিয়াছে। এতৎসম্বন্ধে ভূতপূর্ব্ব ছোটলাট বাহাদুর স্যর এসলে ঈডেন বলিয়া গিয়াছেন, "জেলাবোর্ডের সভাপতি জেলার ম্যাজিষ্ট্রেটকেই করা উচিত। জেলার কর্ম্মচারী শাসন ব্যাপারের একটি প্রধান অঙ্গ। প্রস্তাবিত পরীক্ষাবিধি স্বায়ত্বশাসনের পক্ষে ভাল বটে, কিন্তু যাহাতে গবর্ণমেণ্টের মূল উদ্দেশ্যের ব্যাঘাত না হয় সে পক্ষে লক্ষ্য রাখিতে হইবে। জেলাবোর্ড হইতে জেলার কর্ম্মচারীকে যদি বাদ দেওয়া হয় অথবা উহার কোন অধস্তন কার্য্যে নিযুক্ত করা হয় তাহাতে জেলাবোর্ডের উপর সাধারণের বিশ্বাস ও আস্থা নিঃসন্দেহই কমিয়া যাইবে।" ১৮৮৩ সালের ৫ই জুলাই তারিখের এক খানি ডেস্প্যাচে ষ্টেটসেক্রেটরীও এই কথার পোষকতা করিয়াছিলেন। স্যর এসলে ঈডেন এবং ষ্টেটসেক্রেটরী এতৎসম্বন্ধে যাহা বলিয়াছেন, ছোটলাট বাহাদুরেরও তাহাই অভিমত। বর্ত্তমান ব্যবস্থার বিরুদ্ধে কোনরূপ বিশেষ অভিযোগ এ যাবৎ গবর্ণমেণ্টের গোচর হয় নাই, বরং জেলার ম্যাজিষ্ট্রেটেরই যে জেলাবোর্ডের সভাপতি হওয়া উচিত, অতীতের অভিজ্ঞতায় ইহাই সবিশেষ প্রতিপন্ন হইয়াছে। প্রকৃত প্রস্তাবে জেলাবোর্ড গবর্ণমেণ্টেরই একটি বিভাগ। রাস্তা, পুল প্রভৃতির নির্ম্মাণ ও সংস্কার, প্রাথমিক স্কুল ও চিকিৎসালয় সমূহের পরিচালনা, স্বাস্থ্যবিধান প্রভৃতি প্রয়োজনীয় কার্য্যে ব্যয় করিবার জন্য সরকারী রাজস্বের কিয়দংশ জেলা বোর্ডের হস্তে রক্ষিত হইয়া থাকে। এই সকল বিষয়ের ভার বিশ্বাস করিয়া কোন অনভিজ্ঞের হস্তে ন্যস্ত করিতে পারা যায় না। জেলার কর্ম্মচারী যিনি, জেলার অন্তর্গত গবর্ণমেণ্টের সমগ্র বিষয়ের উপরই তাঁহার হাত আছে; সুতরাং তিনি ভিন্ন জেলাবোর্ডের কাজ কর্ম্মের সুচারু সম্পাদন আর কাহারও দ্বারা সাধিত হইতে পারে না। এরূপ অবস্থায় জেলাবোর্ড সংক্রান্ত বর্ত্তমান ব্যবস্থার কোনরূপ অন্যথাচরণ করিতে গবর্ণমেণ্ট এক্ষণে প্রস্তুত নহেন।

তৃতীয় প্রশ্নের প্রত্যুত্তরে অনারেবল কটন সাহেব নিম্নলিখিত তালিকাটি উপস্থিত করিয়াছিলেন—

	হিন্দু।		মুসলমান।		খৃষ্টান।
	বিশেষ সব-রেজিঃ	গ্রামা সব-রেজিঃ	বিশেষ সব-রেজিঃ	গ্রামা সব-রেজিঃ	গ্রামা সব-রেজিঃ
১৮৮৪	১	১৫	১	৪	...
১৮৮৫	১	৯	৩	১০	...
১৮৮৬	...	২৯	...	১১	...
১৮৮৭	...	৮	৩	৬	...
১৮৮৮	...	১৪	৪	৬	১
১৮৮৯	১	৬	...	৭	...
১৮৯০	১	১১	১	১০	...
১৮৯১	৫	৯	২	১২	...
১৮৯২	৭	১৩	...	১৬	...
১৮৯৩	৪	১৯	১	১৬	১
মোট	২০	১৩৩	১৩	১১৯	২

কলিকাতা মিউনিসিপ্যালিটী ও কলিকাতা ট্রামওয়ে কোম্পানীর সহিত ইতিপূর্ব্বে যে চুক্তি হইয়াছিল তদ্বিষয়ক একটি আইনের পাণ্ডুলিপি বাঙ্গাল গবর্ণমেণ্টের ব্যবস্থাপক সভায় দাখিল করা হয়। আইনের নাম 'কলিকাতা ট্রামওয়ে আইন'। ট্রামওয়ে আইন উক্ত অধিবেশনে পাস হইয়া গিয়াছে।

ছোট লাটের দরবার।

নূতন বৎসর উপলক্ষে রাজ সম্মান স্বরূপ গবর্ণমেণ্ট হইতে যাঁহাদিগকে উপাধি প্রদত্ত হইয়াছিল তাঁহাদিগকে সনদ দিবার অভিপ্রায়ে বিগত মঙ্গলবার অপরাহ্ণে ছোট লাট বাহাদুর আপন ভবনে একটি দরবার করিয়াছিলেন। কলিকাতা হাইকোর্টের

জজেরা, বড় লাট ও ছোট লাট বাহাদুরের ব্যবস্থাপক সভার সদস্যগণ এবং গবর্ণমেণ্টের অপরাপর উচ্চ কর্ম্মচারী অনেকেই দরবারে উপস্থিত ছিলেন। সনদ প্রদান করিবার সময় ছোট লাট বাহাদুর নবাব আবদুস শোভান, রাজা বনবিহারী কপুর ও রাজা রাজেশ্বরীপ্রসাদ সিংহ, এই তিন জনকে পৃথক্ ভাবে সম্বোধন করিয়া তিন জনেরই যথোচিত প্রশংসা করিয়াছিলেন। অতঃপর আর আর সকলকে একত্রে সম্বোধন করিয়া ছোট লাট বাহাদুর বলিয়াছিলেন, "যে রাজ সম্মান প্রদানের জন্য সমগ্র বাঙ্গালার মধ্য হইতে উপযুক্ত পাত্র স্বরূপে আপনাদিগকে নির্ব্বাচিত করা হইয়াছে সেই সম্মান সূচক সনদ আজ স্বহস্তে আপনাদিগকে প্রদান করিয়া আমি যে কতদূর তৃপ্তিলাভ করিলাম বলিতে পারি না। আপনারা নানাদিকে গবর্ণমেণ্টের অনেক উপকারে আসিয়াছেন বলিয়াই এই সম্ভ্রম আপনাদিগকে প্রদত্ত হইল। আপনাদিগের সন্তান সন্ততিগণ দেখিবেন যে, গবর্ণমেণ্টের স্বপক্ষে যাঁহারা মহৎ মহৎ কার্য্য করেন, গবর্ণমেণ্ট তাঁহাদিগের প্রতি কতদূর কৃতজ্ঞ। টেকাইৎ নারায়ণ সিংহের বংশ বিদ্রোহ নিবারণে গবর্ণমেণ্টকে সাহায্য করিয়াছিলেন এবং স্কুল ও হাঁসপাতালের জন্য অনেক অর্থ ব্যয় করিয়াছিলেন। দক্ষিণেশ্বর মালিয়াও ঐরূপ বনিয়াদী বংশের প্রতিনিধি স্বরূপ। রায় শ্রীনাথ পাল এক্ষণে কাশিম বাজারের সুবিখ্যাত মহারাণী স্বর্ণময়ীর জমিদারীর সুযোগ্য অধ্যক্ষ। ইনি সৎকার্য্য সমূহে মহারাণীকে প্রণোদিত করিয়া থাকেন। সনদপ্রাপ্তদিগের মধ্যে তিন জন ব্যায়ত্ত-শাসন-সভার সভাপতি আছেন। ইহাঁরা সকলেই আপন আপন এলাকার উন্নতি সাধন ও তথায় শান্তি স্থাপন বিষয়ে যথেষ্ট সহায়তা করিয়াছেন। রায় শিবরত্ন বগলা প্রমুখ কেহ কেহ বে-সরকারী কার্য্যে অনেক টাকা দান করিয়াছেন। বেলগেছিয়ার পশু চিকিৎসালয় এবং সোদপুরের পিঞ্জরাপোল শিবরত্ন বগলা কর্ত্তৃকই প্রতিষ্ঠিত হইয়াছে। আবদুল জব্বর খাঁ বাহাদুর—ইনি বাঙ্গাল গবর্ণমেণ্টের ব্যবস্থাপক সভার একজন সদস্য ছিলেন এবং বাঙ্গাল গবর্ণমেণ্টও ইহাঁর পরামর্শ ও আনুকূল্য সারবান্ বলিয়া গ্রাহ্য করিয়াছেন। আমার এক্ষণে বাসনা এই যে, রাজ সম্মান পাইবার যোগ্য ব্যক্তিগণকে যেন এইরূপে নির্ব্বাচন করিয়া লওয়া হয়। আমার বিশ্বাস বৎসর বৎসর এইরূপ ব্যক্তির সংখ্যা বৃদ্ধি পাইবে এবং তদ্দ্বারা রাজ্যেরও মহান্ ইষ্টই সাধিত হইতে থাকিবে।"

অতঃপর প্রিন্স, মহারাজা, নবাব, ও রাজা উপাধিধারিগণ প্রাইভেট সেক্রেটরী কর্ত্তৃক ছোট লাট বাহাদুরের সম্মুখে নীত হইয়া তৎপ্রদত্ত আতর ও পান গ্রহণ করিলেন। চিফ সেক্রেটরী স্বয়ং সামসুল্‌উলমা, মহামহোপাধ্যায়, কুমার, টিকাইৎ, খাঁ বাহাদুর, রায় বাহাদুর ও রায় সাহেব উপাধিধারিগণের মধ্যে এবং অণ্ডার সেক্রেটরী ও তাঁহাদের সহকারিগণ অপরাপর উপাধিপ্রাপ্তগণের মধ্যে আতর ও পান বিতরণ করিলে পর দরবারের কার্য্য শেষ হইয়া গেল।

কারা আইন।

ভারতের জেল সমূহে যাহাতে সর্ব্বত্র একই প্রকার সুনিয়ম প্রবর্ত্তিত হয় এই উদ্দেশ্যেই কারা আইন সংশোধনের ব্যবস্থা হইতেছে। এতৎসম্বন্ধে সিলেক্ট কমিটীর প্রদত্ত রিপোর্ট বিগত ১৫ই মার্চ বড় লাট বাহাদুরের ব্যবস্থাপক সভায় দাখিল করা হইয়াছে। সিলেক্ট কমিটী কর্ত্তৃক সংশোধিত হওয়ার পর আইনটি দ্বাদশ অধ্যায় ও বাষট্টি ধারায় বিভক্ত হইয়া যেরূপ আকারে পরিণত হইয়াছে ১৭ই মার্চের ইণ্ডিয়া গেজেটে তাহা প্রকাশিত হইয়াছে। পাঠকগণের অবগতির জন্য নিম্নে উহার কতকটা আভাস প্রদত্ত হইল—

সচরাচর জেল মাত্রেই একজন করিয়া সুপরিণ্টেণ্ডেণ্ট, একজন ডাক্তার ও তাঁহার অধীনে একজন আসিষ্টাণ্ট সার্জ্জন অথবা এপথিকারী অথবা অভিজ্ঞ হাঁসপাতাল সহকারী, একজন 'জেলার' এবং স্থানীয় গবর্ণমেণ্টের প্রয়োজনমত অপরাপর কর্ম্মচারী নিযুক্ত হইবেন। এই সমস্ত কর্ম্মচারিগণ কোন কয়েদীর সহিত কোনরূপ কার কারবারে অথবা জেলের দ্রব্যাদি সরবরাহ বিষয়ক কোনরূপ কণ্ট্রাক্টে সংলিপ্ত থাকিতে পাইবেন না। জেলে শিক্টাচার, শ্রম, অর্থব্যয়, দণ্ড ও শাসন প্রভৃতি সম্বন্ধে ব্যবস্থা করিবার ভার সুপরিণ্টেণ্ডেণ্টের উপর থাকিবে; সুপরিণ্টেণ্ডেণ্ট জেলের ইনস্পেক্টর জেনারেলের অভিমতি লইয়া প্রয়োজন মত

ব্যবস্থা করিবেন। জেল ডাক্তার সুপারিণ্টেণ্ডেণ্টের অধীনে থাকিয়া জেলে স্বাস্থ্যবিধান এবং স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক নির্দ্দিষ্ট অপরাপর কার্য্য সমুহ সম্পাদন করিবেন। জেলের নিয়ম বা ব্যবহারে কোন কয়েদীর মনের অবস্থা নিতান্ত মন্দ হইলে বা হইবার সম্ভাবনা বুঝিলে ডাক্তার আপন মন্তব্য সহ তাহা সুপরিণ্টেণ্ডেণ্টের গোচর করিবেন। সুপরিণ্টেণ্ডেণ্টের আদেশ সহ ডাক্তারের রিপোর্ট ইন্‌স্পেক্টর জেনারেলের নিকটে প্রেরিত হইবে। কোন কয়েদীর মৃত্যু হইলে ডাক্তারকে মৃত ব্যক্তির কোনরূপ পীড়া ছিল কি না ইত্যাদি কয়েকটি বিষয় লিখিয়া রাখিতে হইবে।

কোন কয়েদীর কারাপ্রবেশকালে তাহার নিকট অস্ত্র শস্ত্রাদি কোন কিছু থাকিলে তাহা কাড়িয়া লইতে হইবে। জেলে প্রবেশের পর কয়েদীর স্বাস্থ্য কিরূপ, কঠিন পরিশ্রমের সহিত কারাদণ্ডের বিধান হইয়া থাকিলে কিরূপ পরিশ্রমের কার্য্য তাহার সাধ্য হইবে ইত্যাদি বিষয় পরীক্ষা করিয়া বুঝিতে হইবে। কয়েদী স্ত্রীলোক হইলে উক্তরূপ অনুসন্ধান ও পরীক্ষাদি স্ত্রীলোকের দ্বারাই সম্পাদিত হইবে। কোন কয়েদী ব্যারাম হেতু স্থানান্তরিত হইবার অনুপযুক্ত বিবেচিত হইলে তাহাকে এক জেল হইতে অন্য জেলে স্থানান্তরিত করা হইবে না। বিশেষ ব্যারামে ভুগিতে থাকায় কোন কয়েদী যদি কারামুক্ত হইতে ইচ্ছা না করে, তবে তাহার কারামুক্তিতে বিপদের সম্ভাবনা নাই বলিয়া ডাক্তার যত দিন না বলিবেন ততদিন তাহাকে কারাগারে রাখিতে হইবে।

স্ত্রী ও পুরুষ কয়েদীর মধ্যে যাহাতে দেখা শুনা কথাবার্ত্তাদি না হইতে পায় এরূপ ভাবে উভয়কে কারাবরুদ্ধ রাখিতে হইবে। আঠার বৎসরের ন্যূন বয়স্ক পুরুষ কয়েদীদিগকে অন্যান্য কয়েদী হইতে পৃথক্ রাখিতে হইবে এবং সাবালক ও নাবালক কয়েদী ফৌজদারী ও দেওয়ানী কয়েদী পরস্পর যাহাতে পৃথক্ রাখা হয় তাহারও ব্যবস্থা করিতে হইবে। ২৪ ঘণ্টার অতিরিক্ত কালের জন্য যাহার নির্জ্জন কারাদণ্ডের ব্যবস্থা হইয়াছে, জেল ডাক্তার বা তাঁহার অধীনস্থ অন্য ডাক্তার প্রত্যহ অন্ততঃ একবার করিয়া তাহাকে দেখিয়া আসিবেন। মৃত্যু দণ্ডাজ্ঞাপ্রাপ্ত কয়েদীর নিকট বিরুদ্ধ যে কিছু বস্তু থাকিবে সমস্তই কাড়িয়া লইতে হইবে এবং তাহাকে স্বতন্ত্র এক ঘরে রাখিয়া দিবারাত্রি একজন রক্ষক তাহাকে চৌকী দিবার জন্য নিযুক্ত রাখিতে হইবে।

দেওয়ানী কয়েদী এবং হাজতের আসামী খাদ্য, পরিধেয়, শয্যা অথবা অন্যান্য প্রয়োজনীয় সামগ্রী ক্রয় করিয়া লইতে অথবা অন্যত্র হইতে আনীত হইলে তাহা গ্রহণ করিতে পারিবে। উক্ত সামগ্রী কিন্তু অন্য কোন কয়েদীকে দিতে পারিবে না; দিলে, সুপারিণ্টেণ্ডেণ্ট কর্ত্তৃক নির্দ্দিষ্ট কালের জন্য তাহাকে উক্তরূপ সুবিধা হইতে বঞ্চিত থাকিতে হইবে। খাদ্য ও বস্ত্রাদি উল্লিখিতরূপে যাহার সংগ্রহ না হইবে জেল হইতে তাহাকে ঐ সকল দেওয়া হইবে। ডিক্রীদার ডিক্রী জারি করিয়া দেনদারকে যদি জেলে দেন তবে ৪৮ ঘণ্টার মধ্যে তাঁহাকে কয়েদীর বস্ত্র ও বিছানার ব্যয় সুপরিণ্টেণ্ডেণ্টের নিকট জমা দিতে হইবে; না দিলে কয়েদীকে ছাড়িয়া দেওয়া যাইবে।

দেওয়ানী কয়েদীরা সুপরিণ্টেণ্ডেণ্টের অনুমতি লইয়া জেলের মধ্যে কাজ কর্ম্ম করিতে পাইবে। কাজ কর্ম্মস্থলে যদি নিজের যন্ত্রাদির ব্যবহার করে এবং জেলের ব্যয়ে আহারাদি না করে তবে উক্ত কাজকর্ম্মে যে রোজগার হইবে সমস্তই সে পাইবে। যন্ত্র নিজের না হইলে এবং জেলের ব্যয়ে আহার করিলে উক্ত রোজগারের কিয়দংশ কাটিয়া লওয়া হইবে।

বিশেষ প্রয়োজন ভিন্ন ৯ ঘণ্টার অতিরিক্ত কোন কয়েদীকে খাটান হইবে না। ডাক্তার, মধ্যে মধ্যে ঐ সমস্ত কয়েদীদিগকে পরীক্ষা করিয়া দেখিবেন এবং পক্ষান্তে অন্ততঃ একবার করিয়া কয়েদীদিগের ওজন লিখিয়া রাখিবেন। ডাক্তার যদি বুঝেন যে, কোন কয়েদীকে যে খাটুনী দেওয়া হইয়াছে তাহাতে তাহার স্বাস্থ্য নষ্ট হইতেছে, তবে তিনি তাহার পক্ষে যেরূপ খাটুনীর ব্যবস্থা করিয়া দিবেন তাহাতেই তাহাকে নিযুক্ত করা যাইবে। বিনা পরিশ্রমে যাহাদের কারাদণ্ডের আদেশ হইয়াছে, তাহারা কাজ করিতে ইচ্ছা করিলে সুপারিণ্টেণ্ডেণ্ট তাহার ব্যবস্থা করিয়া দিবেন। তাহারা যত দিন

ইচ্ছা সেই কাজ করিতে পারিবে; আর সেই কাজে কোন রূপ অবহেলা করিলে আহার সামগ্রীর এক আধটু ব্যতিক্রম ভিন্ন অপর কোন রূপ শাস্তি তাহাদিগের প্রতি বিহিত হইবে না।

কোন কয়েদী জেল ডাক্তারের সহিত দেখা করিবার ইচ্ছা জানাইলে অথবা তাহার শরীর ও মন অসুস্থ বলিয়া বোধ হইলে অবিলম্বে জেলারকে তাহা জানাইতে হইবে। জেলার আবার সে বিষয় জেল ডাক্তারকে জানাইবেন এবং জেল ডাক্তার যে ব্যবস্থা লিখিয়া দিবেন তদনুরূপ কার্য্য হইতে থাকিবে। জেলমাত্রেই একটি করিয়া হাঁসপাতাল থাকিবে।

প্রত্যেক জেলে দেওয়ানী ও হার্জতের আসামীগণের সহিত বাহিরের কোন লোক সময় ও নিয়মমত দেখা করিতে ইচ্ছা করিলে তাহা করিতে পারিবেন। বিচারার্থ রক্ষিত কয়েদী আপন উকিলের সহিত দেখা করিতে পারিবে। কিন্তু সেস্থলে আর কেহ উপস্থিত থাকিতে পাইবে না। উল্লিখিতমত কোন বাহিরের লোক কোন কয়েদীর সহিত দেখা করিতে আসিলে ঐ লোকের উপর জেলারের যদি কোনরূপ সন্দেহ উপস্থিত হয় তবে জেলার তাহার নিকট কোন কিছু আছে কি না অনুসন্ধান করিয়া দেখিতে পারিবেন। কিন্তু ঐ অনুসন্ধান কোন কয়েদী অথবা অন্য কোন দর্শকের সমক্ষে করা হইবে না। কেহ যদি আপনাকে ঐরূপে অনুসন্ধান করিতে দিতে নারাজ হয় তবে তাহাকে জেলে ঢুকিতে দেওয়া হইবে না।

কারাগারে থাকিয়া কিরূপ কার্য্য করিলে অপরাধ বলিয়া গণ্য হয়, আর সেই অপরাধের কিরূপ শাস্তি হওয়া উচিত প্রস্তাবিত কারা আইনের দশম ও একাদশ অধ্যায়ে তাহা ব্যাখ্যাত হইয়াছে। সকৌন্সিল গবর্ণর জেনারেল ও স্থানীয় গবর্ণমেণ্ট জেল সম্বন্ধে আইনানুসারে কিরূপ সমস্ত বিষয়ের জন্য নিয়ম করিয়া দিতে পারিবেন, ইত্যাদি বিবিধ প্রকার কয়েকটি বিষয় দ্বাদশ অধ্যায়ে উক্ত হইয়াছে।

ব্যবস্থাপক সভার আগামী অধিবেশনে এই বিল সম্বন্ধে পুনরায় আলোচনা হইবে।

১৮৯২-৯৩ সালের ভারতের আয় ব্যয় বিবরণী।

১৮৯২-৯৩ সালের বজেটে সমগ্র রাজস্ব হইতে ৮৮ কোটি ৬৩ লক্ষ ৭৯ হাজার টাকা আয় এবং ৮৮ কোটি ২২ লক্ষ ১৩ হাজার টাকা ব্যয় হইবে বলিয়া অনুমান করা হইয়াছিল। ১৮৯১-৯২ সালে কিন্তু বাটার হার বৃদ্ধি পাওয়ায় ১৮৯২-৯৩ সালের আয় ব্যয় বিবরণীতে আয় ব্যয়ের সামঞ্জস্য বিধানে কিছু অসুবিধা বোধ করিতে হয়। বজেটে ১ শিলিং ৪ পেন্সের হিসাবে টাকার দর নিরূপণ করা হইয়াছিল। ইহার পূর্ব্ব বৎসরে টাকার দর ধরা হইয়াছিল ১ শিলিং ৫.২৫ পেন্স। প্রাদেশিক কন্ট্রাক্টের সংস্কার করায় স্থানীয় গবর্ণমেণ্ট সমূহ হইতে ৪৬ লক্ষ ৬৩ হাজার টাকা পাওয়া গিয়াছিল। প্রধান প্রধান কয়েকটি বিষয় হইতে উৎপন্ন সাধারণ রাজস্ব এবং ভারতের রেলপথ হইতেও উৎপন্ন রাজস্ব কিছু বৃদ্ধি পাইবে বলিয়া যেরূপ অনুমান করা গিয়াছিল, বস্তুতঃও কতকটা তাহাই হইয়াছিল। এতদ্ব্যতীত কয়েক বৎসর ঋণ করিতে না হওয়ায় এবং 'পেপার করেন্সী ইনভেষ্টমেণ্টের' বৃদ্ধি পাওয়ায় সুদ হিসাবের অনেক টাকা বাঁচিয়া যায়। এই সমস্ত অনুকূল ব্যাপার হেতু বাটার হার-বৃদ্ধি-জনিত সমধিক ক্ষতির পূরণ হইয়াও উক্ত বৎসর বরং কিঞ্চিৎ উদ্বৃত্ত হইবে বলিয়া বজেটে নিরূপণ করা হইয়াছিল। বৎসরের হিসাবে কিন্তু এখন ৮৩ লক্ষ ৩৪ হাজার টাকা ঘাটতি বুঝা যাইতেছে। বজেটে টাকার মূল্য ১ শিলিং ৪ পেন্স হিসাবে ধরা হইয়াছিল কিন্তু বৎসর কালমধ্যে বাটার হার আরও বৃদ্ধি পাইয়া টাকার দর ১ শিলিং ২.৯৮৫ পেন্স হওয়ায় বাটার হিসাবে আর ১ কোটি ৬৩ লক্ষ ৭৬ হাজার টাকা ব্যয় বৃদ্ধি পাইয়াছে। এতদ্ব্যতীত বিলাত খরচা ৩৮ লক্ষ ৪১ হাজার টাকা (বাটার খেসারৎ সমেত ৬১ লক্ষ ৫২ হাজার টাকা) বৃদ্ধি পাইয়াছে। ব্রিটিস সৈন্য ভারতের কার্য্যে নিযুক্ত থাকায় যে ব্যয় হইয়াছিল তাহার বকেয়া বাকী স্বরূপ ২১ লক্ষ ২৪ হাজার টাকা 'যুদ্ধ আফিসে' পাঠাইতে হয়। ইহা ছাড়া 'ফর্লো এলাউয়ান্স' সম্বন্ধীয় নূতন নিয়ম প্রবর্ত্তিত হওয়ায়, ত্রৈমাসিকের পরিবর্ত্তে ছুটীর বেতন ও পেন্সনের

মাসিক বন্দোবস্ত করায় এবং দুই খানি সৈনিক জাহাজ ও একখানি ড্রেজার খরিদ করায় অনেক টাকা ব্যয় হইয়াছে। তদ্ভিন্ন, সীমান্ত প্রদেশের যুদ্ধের ব্যয়, গিলগিট এজেন্সীতে সৈন্য সরবরাহ জন্য রাহা খরচ এবং রসদাদির দরবৃদ্ধি হেতু ভারতেও সেনাসংক্রান্ত ব্যয় ৫৮ লক্ষ ২৪ হাজার টাকা বৃদ্ধি পাইয়াছিল। এক দিকে যেমন এই ব্যয় বৃদ্ধি, অন্য দিকে তেমনি আফিমের রাজস্ব ৯৯ লক্ষ ৯ হাজার টাকা বৃদ্ধি পাওয়ায় এবং অপরাপর প্রধান প্রধান বিষয় হইতেও উৎপন্ন রাজস্বের উপচয় হওয়ায় ঘাটতির পরিমাণ কমিয়া মোটে ৮৩ লক্ষ ৩৪ হাজার টাকা হইয়াছিল। বাঙ্গালায় আফিমের মূল্য বৃদ্ধি পাওয়ায় এবং আফিমের চাষ কম হওয়া হেতু উহার জন্য বেশী টাকা না দিতে হওয়াতেই আফিম হইতে উৎপন্ন রাজস্বের বৃদ্ধি হইয়াছিল।

নিম্ন লিখিত তালিকাটির প্রতি দৃষ্টি করিলেই ১৮৯২-৯৩ সালে কোন্ বিষয় হইতে কত টাকা রাজস্ব আদায় এবং কোন্ বিষয়ে কত টাকা ব্যয় হইবে বলিয়া বজেটে নিরূপণ করা হইয়াছিল এবং প্রকৃত পক্ষেই বা আয় ব্যয় কিরূপ দাঁড়াইয়াছিল তাহা বুঝা যাইবে—

[সংক্ষেপ করিবার জন্য টাকার সংখ্যার দক্ষিণে ৩টি করিয়া শূন্য ছাড়িয়া দেওয়া হইয়াছে, অর্থাৎ ৯১১০ টাকা স্থলে ৯১১০,০০০ টাকা বুঝিতে হইবে।]

	আয়ের বজেট	প্রকৃত আয়	ব্যয়ের বজেট	প্রকৃত ব্যয়
প্রধান প্রধান বিষয়গুলি হইতে উৎপন্ন—				
রাজস্ব	৫৯৮৬৮৪	৬১০৬৭৪	১০২৮৬৬	৯৪৬১৭
সুদ	৯১১০	৮৬৯৭	৩৯৭৪১	৪৩৭৪৩
পোষ্টাফিস, টেলিগ্রাফ—				
টাকশাল	২৬৮০	২৭৩৬৯	২৫৪৭৯	২৫০৫৬
অসৈনিক—				
বিভাগ	১৬১৫৮	১৬০৭৯	১৪১৩২৫	১৪২৫৯৩
বিবিধ	৯৫৯৯	৮৭৭০	৫১৭০৯	৫৫৩১৩
দুর্ভিক্ষ			১২০৬৭	১১১৬১
রেলপথ নির্ম্মাণ			৩০১৫	৩৩৯৫
রেলপথ	১৮৮৩২৭	১৯০৭১১	২০৮০৭২	২০৯২৪১
পয়ঃপ্রণালী	২২১৬৭	২৪১৮৯	২৯১৯৫	২৯৮০৫
বাড়ী, রাস্তা	৬০৬৪	৬৫৩২	৫৯২০১	৫৮৪৬৮
সৈনিককার্য্য	৭৩৯০	৮৬৪৩	২১৮৯৮৫	২৩৪১৮১
বিশেষ রক্ষণকার্য্য			৬১৪৫	৪৫৮০
প্রাদেশিক ঘাটতি			—১১৬১৭	—১৭৭৪
রাজকীয় উদ্বৃত্ত বা ঘাটতি			+১৪৬৬	—৮৩৩৪
মোট	৮৮৩৬৭৯	৯০৬৭২৪	৮৮৩৬৭৯	৯০১৭২৪

বড়ই ক্ষোভের বিষয়, বিগত শনিবার অপরাহ্ণ প্রায় ৪ ঘটিকার সময় অত্রত্য শ্রীযুক্ত বাবু ভূদেব মুখোপাধ্যায় মহাশয়ের জ্যৈষ্ঠ পুত্র শ্রীযুক্ত বাবু গোবিন্দদেব মুখোপাধ্যায়ের স্ত্রীর মৃত্যু হইয়াছে। গুণবতী সাধ্বী শ্বশুর ও স্বামীর যথাবিধি শুশ্রূষা-পরায়ণা থাকিয়া মাতৃযত্নাপেক্ষী কয়েকটি শিশুপুত্র রাখিয়া অকালে লোকান্তর গমন করিয়াছেন। সুদারুণ শোক পাইয়াও গোবিন্দ বাবু এক্ষণে পিতৃলব্ধ ধীরতা ও অপরিসীম মনোবল গুণে অবিচলিত থাকিয়া পিতৃ শুশ্রূষণাদিরূপ কর্ত্তব্য পরিপালন দ্বারা স্বীয় পরিজন ও বন্ধুবর্গের চিত্তের সুস্থিরতা সম্পাদন করিতেছেন। তিনিই এক্ষণে মাতৃ-বিযুক্ত শিশুগুলির মাতৃ স্থানীয় হইয়াছেন। জগদীশ্বর সপরিজন তাঁহাকে দীর্ঘজীবী করুন।

গ্রন্থকার রাজকৃষ্ণ রায়ের শোচনীয় মৃত্যু সংবাদে আমরা বড়ই ব্যথিত হইয়াছি। তাঁহার বয়ঃক্রম ৪৫ বৎসরও পূর্ণ হয় নাই। এই কাল মধ্যে তিনি অনেকগুলি গ্রন্থ রচনা করিয়া সাধারণের পরিচিত হইয়াছিলেন। তাঁহার রচিত অপরাপর গ্রন্থগুলি যেরূপই হউক, তিনি মূল গ্রন্থকে উপলক্ষ করিয়া বাঙ্গালা পদ্যে যে রামায়ণ ও মহাভারতের অনুবাদ করিয়া গিয়াছেন কেবল তাহাতেই তাঁহার নাম দেশীয় জনসাধারণের নিকট চিরস্মরণীয় হইয়া থাকিবে।

বড়লাট বাহাদুরের ব্যবস্থাপক সভায় অনারেবল অযোধ্যার মহারাজ প্রতাপনারায়ণ সিংহ প্রশ্ন করিয়াছিলেন—"রেলওয়ের তৃতীয় শ্রেণীর যাত্রীদিগের গাড়ীতে মল মূত্রাদি ত্যাগের বন্দোবস্ত না থাকায় যাত্রীদিগকে বড়ই অসুবিধা ভোগ করিতে হইয়া থাকে। এরূপ অবস্থায় প্রত্যেক যাত্রীর ট্রেনে তৃতীয় শ্রেণীর যাত্রীদিগের সুবিধার জন্য মল মূত্রাদি ত্যাগের উপযোগী একখানি করিয়া গাড়ী যুড়িয়া দিবার প্রস্তাব সম্বন্ধে গবর্ণমেণ্ট পুনর্বিবেচনা করিতে প্রস্তুত আছেন কি না?" প্রত্যুত্তরে অনারেবল স্যর চর্লস প্রিচার্ড বলিয়াছেন —"১৮৯০ সালের ভারতীয় রেলপথ সম্বন্ধীয় আইনের আলোচনা স্থলে সভা উল্লিখিত বিষয়েরও আলোচনা করিয়াছিলেন। আলোচনায় যাহা স্থির হইয়াছিল, রেলওয়ে আইনের ৬৬ ধারায় তাহা বিধিবদ্ধ হইয়া গিয়াছে। তদনুসারে আইনের সম্যক্

মর্য্যাদা রক্ষা করিয়া সমস্ত রেলপথেই যাত্রীদিগের মল মূত্রাদি ত্যাগের ব্যবস্থা করা হইয়াছে, সুতরাং গবর্ণমেণ্ট এক্ষণে আর এতৎসম্বন্ধে নূতন কোনরূপ আইন প্রবর্ত্তন করিতে প্রস্তুত নহেন।"

রেলপথে যাত্রীদিগের মল মূত্রাদি পরিত্যাগের ব্যবস্থা যে আদৌ নাই, প্রশ্নকর্ত্তা মহারাজ সে কথা বলেন নাই। তিনি তৃতীয় শ্রেণীর যাত্রীদিগেরই সুবিধা খুঁজিয়াছেন এবং তৃতীয় শ্রেণীর যাত্রীদিগকে উল্লিখিত রূপ অসুবিধা বোধ এক্ষণেও যে বিলক্ষণ করিতে হইতেছে তাহা বলিয়াছেন।

সাপ্তাহিক সংবাদ।

[কলিকাতা]—আগামী ২৮শে মার্চ হইতে ৫ই এপ্রেল পর্য্যন্ত রেভিনিউ বোর্ড আফিসে গাঁজা কমিসন বসিবে।

গত শনিবার কুমার বিনয়কৃষ্ণের সংস্থাপিত শোভাবাজার নাটবা সভার দশম সাম্বৎসরিক অধিবেশন হইয়া গিয়াছে। সভাস্থলে হাইকোর্টের প্রধান বিচারপতি প্রভৃতি ইয়োরোপীয় ও দেশীয় গণ্য মান্য অনেকেই উপস্থিত হইয়াছিলেন। পৎসরকালমধ্যে সভার আয় ২ হাজার ৫৬ এবং ব্যয় ২ হাজার ৬১০ টাকা হইয়াছিল। সভার আয় বাড়াতে বৃদ্ধি হয় তদ্বিষয়ে সভার সাহায্যকারী প্রত্যেকেরই চিত্ত আকৃষ্ট করিবার চেষ্টা পাওয়া হইয়াছে।

'গড্ডে টাইম্‌সের প্রিণ্টার ও প্রকাশক ডোনাল্ড ম্যাকফম্ গ্যাসপারের নামে ষ্টেটস্‌ম্যান পত্রিকার স্বত্বাধিকারী রবার্ট নাইট ও পলনাইট যে মানহানির অভিযোগ উপস্থিত করিয়াছিলেন তাহার বিচার শেষ হইয়া গিয়াছে। বিচারে আসামীর বিনা পরিশ্রমে ৩ মাস কারাদণ্ড বিহিত হইয়াছে।

বিগত শনিবার সেনেট-গৃহে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের আর্ট ফাকালটির একটি সভা হইয়াছিল। আগামী ১৮৯৯-৯৫ সালের জন্য নিম্নলিখিত ব্যক্তিগণ প্রতিনিধি নিযুক্ত হইয়াছেন—ডাক্তার মহেন্দ্রলাল সরকার সি আই ই, অনারেবল আশুতোষ চক্রবর্ত্তী, মিঃ এফ লেফ্রো, বাবু আশুতোষ মুখোপাধ্যায় ও বাবু কালীচরণ বন্দ্যোপাধ্যায়। সভাপতি হইয়াছেন—ডাক্তার মহেন্দ্রলাল সরকার।

অধ্যাপক হক্সলির ওলাউঠার টীকা নিয়া বেড়াইতেছেন। এক্ষণে তিনি কলিকাতায়। আর কয়েকদিন হইল ডাক্তার সিমসন ও ডাক্তার সেনকে সঙ্গে লইয়া যে স্থানে ওলাউঠার প্রাদুর্ভাব হইয়াছে এরূপ একটি বস্তি দেখিতে গিয়াছিলেন। বস্তির অধিবাসিগণকে হাক্সলির আগমনের উদ্দেশ্য বুঝাইয়া দেওয়ার পর ৫ জন লোক টীকা দিয়াছিল। আরও অনেকে দিবার জন্য প্রস্তুত হইয়াছিল কিন্তু সাহেবের টীকার বীজ ফুরাইয়া গিয়াছিল বলিয়া আর দেওয়া হয় নাই। (ইণ্ডিয়ান মেশন)

ব্রিটিস ইণ্ডিয়ান এসোসিয়েসন সভাগৃহে অদ্য বাঙ্গালার প্রাদেশিক সমিতি বসিবার কথা আছে।

[প্রেসিডেন্সী] ৺ রামকৃষ্ণ পরম হংসের জন্মদিনোৎসব উপলক্ষে সম্প্রতি প্রায় ২০ হাজার লোক কলিকাতা হইতে দক্ষিণেশ্বরে আসিয়া উপস্থিত হইয়াছিল বলিয়া শুনা যাইতেছে। পরমহংসদেব দক্ষিণেশ্বরে রাণী রাসমণির কালীবাড়ীতে অবস্থান করিতেন।

[বর্দ্ধমান]—তারকেশ্বরের মামলার যতদিন না চূড়ান্ত নিষ্পত্তি হয় ততদিন দেবসেবা ও স্থাবর অস্থাবর দেব সম্পত্তির ভার ব্যারিষ্টার গর্ডন লীথের হাতেই থাকিবে। ইমিট তৎকালমাত্র তারকেশ্বরের রিসিভার হইলেন। উপযুক্ত হিন্দুর হস্তে দেব সেবার ভার প্রদান ইমিট করিবেন।

তারকেশ্বরের উইলের মোকদ্দমার সদীপগিরির বিপক্ষ শ্যামচাঁদগিরি গত বুধবার অনুমান ৪॥০ টার সময় মানবলীলা সম্বরণ করিয়াছেন বলিয়া অমৃতবাজার পত্রিকা শুনিয়াছেন।

[মান্দ্রাজ]—একজন লোক তাহার স্ত্রীকে হত্যা করার অপরাধে অভিযুক্ত হয়। কালাপার দায়রার জজ তাহার বিচার করেন। আসামী পাগল, আসামীর পক্ষে কৌন্সলি এই কথা বলেন। জজ সে কথা অগ্রাহ্য করিয়া লোকটার ফাঁসী হুকুম দেন। মান্দ্রাজ হাইকোর্টে মোকদ্দমার শুনানি হয়। উক্ত আদালতে সে ব্যক্তি পাগল প্রমাণিত হওয়ায় অব্যাহতি পাইয়াছে। (অমৃত বাজার পত্রিকা)

[সাধারণ]—পৃথিবীতে প্রতি বৎসর ১ লক্ষ ৮০ হাজার নরনারী আত্মহত্যা করিয়া থাকে। তার ৩ বৎসর বৎসর ২৫ হাজার লোককে বাঘ, ভালুক, সর্প, কুষ্ঠীরাদির হাতে প্রাণ দিতে হয়। (দৈনিক)

লর্ড লান্সডাউনের প্রতিমূর্ত্তির জন্য ৮০ হাজার টাকা চাঁদা উঠিয়াছে। তন্মধ্যে ৩৫ জন দেশীয় রাজার নিকট হইতেই ৬০ হাজার টাকা উঠিয়াছে। (দৈনিক)

অস্ত্র আইনানুসারে লাইসেন্স লইতে হইলে জেলার ম্যাজিষ্ট্রেটের নিকট হইতে অনুমতি লইতে হয়। ইহাতে অনেকের অসুবিধা হয় বুঝিয়া ছোটলাট বাহাদুর এই প্রস্তাব করেন যে, অতঃপর উক্ত আইনানুসারে লাইসেন্স লইতে হইলে মহকুমার ডেপুটীর নিকট হইতে অনুমতি লইলেই চলিবে। ভারতগবর্ণমেণ্ট কিন্তু ছোটলাট বাহাদুরের ব্যবস্থায় অনুমোদন করেন নাই।

মান্দ্রাজে ৩, বাঙ্গলায় ২, উত্তরপশ্চিম ও অযোধ্যা প্রদেশে ১, বোম্বাইয়ে ১—সহকারী পুলিস সুপরিণ্টেণ্ডেণ্টের এই সাতটি পদে শিক্ষানবীস স্বরূপে লোক নিযুক্ত করিবার জন্য বর্ত্তমান বর্ষের জুন মাসে লণ্ডনে একটি পরীক্ষা গৃহীত হইবে। পদগুলিতে অবশ্য দেশীয় কাহাকেও নিযুক্ত করা হইবেনা।

মিঃ জষ্টিস ষ্টিফেনের মৃত্যু হইয়াছে। তাঁহার মৃত্যুতে প্রকৃত পক্ষে সাহিত্য, দর্শন ও ব্যবহার শাস্ত্রের সমধিক ক্ষতি হইল। বস্তুতঃ রাজনীতি ও সমাজনীতি বিষয়ে তাঁহার সহিত অনেকের মত ভেদ থাকিলেও তিনি অতি সুবিদ্বান সূক্ষ্মদর্শী ও প্রতিভা সম্পন্ন ছিলেন, এ কথা কেহই অস্বীকার করিতে পারিবেন না।

কাপড় সুতায় মাশুল না বসায় বোম্বাই মান্দ্রাজ পুনা প্রভৃতি সহরে প্রতিবাদের সভা হইয়া গিয়াছে। কলিকাতায় এ যাবৎ এ সম্বন্ধে কোন সভা হয় নাই।

[বৈদেশিক]—এ বৎসর অপেক্ষা আগামী বৎসরের বিলাত খরচ ১৭ লক্ষ পৌণ্ড কম ধরা হইয়াছে।

ব্রেক্সিটের বিদ্রোহ মিটিয়া যাইবার সম্ভাবনা হইয়াছে। পশ্চিম আফ্রিকার বাণিজ্য প্রদেশের গোলোযোগ বাধিয়াছিল শুনিলে উহার নিবৃত্তি পাইয়াছে। আদিম গণ প্রথমে ইংরেজ পক্ষকে পরাজিত করিয়াছিল, কিন্তু শেষ আপনারাই পরাজিত হইয়াছে।

যুদ্ধারম্ভে গোলযোগ মিটাইবার জন্য যেরূপ কনফারেন্স বসিয়াছিল, ব্রিটিশ গবর্ণমেণ্ট সেইরূপ কনফারেন্স বসাইয়া দুই দাতুর ব্যবস্থা যাহাতে করেন তজ্জন্য লণ্ডনের বণিক সভা ব্রিটিস গবর্ণমেণ্টকে জেদ করিতেছেন।

কাপড় সুতার মাশুল না বসায় অনেকেই বিরক্ত হইয়াছেন। রেঙ্গুনের ব্যবসায়ী সভা ইহার প্রতিবাদ করিতেছেন বিলাতের পত্রিকা বলিতেছেন যে, শতকরা ৫ টাকা মাশুল বসাইলেই যখন ভারত গবর্ণমেণ্টের অর্থের অনাটন ঘুচিতে পারে তখন তাহা না করিলে নিতান্ত অন্যায় কার্য্য হইবে।

ফ্রান্সের মন্ত্রিসভা স্বতন্ত্র একটি উপনিবেশ বিভাগ প্রতিষ্ঠিত করিবার অভিপ্রায়ে অর্থসংগ্রহের চেষ্টা করিতেছেন। সেনেটের এ বিষয়ে মত নাই বলিয়া প্রধান মন্ত্রী পদত্যাগ করিতে চাহিয়াছেন। সেনেট সম্প্রতি মত দিয়াছেন বলিয়া শুনা যাইতেছে।

সর্ভিয়ার রাজা ও রাণী পরস্পরে যে বিচ্ছেদ ঘটিয়াছিল আজ ঘুচিয়া এক্ষণে আবার পরস্পরে মিলন হইয়াছে। ডাইভোর্স নাকচ হইয়াছে।

লণ্ডনের ট্রাফলগার মাঠে বৃহৎ সভা হইয়াছিল। সোসিয়ালিষ্টদিগের অনেকেই সভাস্থলে উপস্থিত হইয়াছিলেন। পার্লিয়ামেণ্ট মহাসভার অনেক সভ্যও উপস্থিত ছিলেন। বক্তৃতা অনেকেই করিয়াছিলেন এবং লর্ড সভার যাহাতে উচ্ছেদ হয় সে বিষয়ে অনেকেই অনেক কথা বলিয়াছিলেন।

চিকাগোর মেলা ভাঙ্গিয়া যাওয়ায় ১ লক্ষ ৭০ হাজার লোককে নিষ্কর্ম্মা হইতে হইয়াছে।

নূতন সেক্রেটরী ফাউলার সাহেব শুনিতেছি জনসভায় বলিয়াছেন, "জাহাজী কাপড় সুতার আমদানী শুল্ক কমাইয়া সেই সঙ্গে ভারতের কাপড় সুতারও যদি একটা শুল্ক বসান হয় তাহাতে আপত্তি নাই। এরূপ প্রস্তাব উপস্থিত হইলে এতদ্বিষয়ে বিবেচনা করা যাইবে।"

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—মেদিনীপুরের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু হরিশ্চন্দ্র বন্দ্যোপাধ্যায় ৩ মাসের ছুটী পাইলেন। বাঙ্গাল গবর্ণমেণ্টের সাধারণ, রাজস্ব ও আয় সার বিভাগের অণ্ডার সেক্রেটরী বিচার্ডসন সাহেব ২১ দিনের ছুটী পাইলেন। ২৪ পরগণার প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ টেম্পল সাহেব বাঙ্গাল গবর্ণমেণ্টের সাধারণ, রাজস্ব ও আয় সার বিভাগের অণ্ডার সেক্রেটরী হইলেন। চট্টগ্রামের প্রোবেশন জঃ মাঃ ও ডেঃ কঃ ষ্টিভেন্সন সুর সাহেব অস্থায়ীরূপে উক্ত জেলার মাঃ ও কঃ হইলেন। বালেশ্বরের প্রতিনিধি মাঃ ও কঃ শিরীষ সাহেব জগন্নাথপুরের মাঃ ও কঃ হইলেন। মেদিনীপুরের প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ বল্পাস সাহেব অস্থায়ীরূপে বালেশ্বরের মাঃ ও কঃ হইলেন। মেদিনীপুর তমলুকের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু কেদারনাথ বিশ্বাস বাঁকুড়া জেলার সদরে বদলী হইলেন। বাঁকুড়ার ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু নন্দলাল বাগচি মেদিনীপুর তমলুকে বদলি হইলেন। ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী মহম্মদ হাবিবুল্লা গয়া জেলার সদরে স্থাপিত হইলেন। গয়ার ডেঃ মাঃ ও ডেঃ কঃ ম্যাফেজি সাহেব উক্ত জেলার জাহানাবাদ মহকুমার ভার পাইলেন। প্রতিনিধি ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী সৈয়দ আবদুল মালেক মজঃফরপুর জেলার কার কার্য্যভার পাইলেন। ফরেনযাষ্টেড্ ডেঃ কঃ লার্ড সাহেব সারণ জেলার কার কার্য্যভার পাইলেন। ত্রিপুরার ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু বিশ্বেশ্বর ভট্টাচার্য্য বাঙ্গাল গবর্ণমেণ্টের রাজস্ব বিভাগের অধীনে পার্ব্বত্য ত্রিপুরার মহারাজের রাজ্যে সহকারী বন্দোবস্তের কর্ম্মচারী নিযুক্ত হইলেন। বোগরার ছুটীপ্রাপ্ত প্রোবেশন ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু ফকিরচন্দ্র চট্টোপাধ্যায় মেদিনীপুর জেলার কণ্টাইয়ে স্থাপিত হইলেন। দিনাজপুরের ছুটীপ্রাপ্ত প্রোবেশন ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু সতীশচন্দ্র সেন বোগরা জেলার সদরে স্থাপিত হইলেন। বাবু সতীশ চন্দ্র সেন মেদিনীপুর কণ্টাইয়ে স্থাপিত হইলেন বলিয়া ইতিপূর্ব্বে যে আদেশ হইয়াছিল তাহা রহিত হইল। নোয়াখালির ডিঃ ও সেঃ জজ পীন সাহেব অপর আদেশ যাবৎ ১ম শ্রেণীর ডিঃ ও সেঃ জজ হইলেন। হুগলীর ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী আবুল খয়ের মহম্মদ আবদুল শুভান ১ মাস ৩ দিনের ছুটী পাইলেন। ত্রিপুরার জঃ মাঃ ও ডেঃ কঃ গিরি সাহেব ৮ মাসের ফলো পাইলেন। নিম্নলিখিত কর্ম্মচারিগণের তাঁহা ভারতগবর্ণমেণ্টের হোম ডিপার্টমেণ্টের অধীনে থাকিবে—বোগরার প্রতিনিধি মাঃ ও কঃ ডাড ওয়ার্ড সাহেব, মুজফরপুর প্রোবেশন জঃ মাঃ ও ডেঃ কঃ মাকডুনেল সাহেব, জলপাইগুড়ির প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ নিউবোল্ড সাহেব, নদীয়া মেজেরপুরের আঃ মাঃ ও কঃ ষ্টেভিন্সিগনী সাহেব, গয়ার আঃ মাঃ ও কঃ কেনী সাহেব, এবং ঢাকার আঃ মাঃ ও কঃ সমল সাহেব। জগলপুর বিভাগের প্রতিনিধি কমিঃ টরেনবি সাহেব ২রা মার্চ্চ হইতে ২৫ই মার্চ্চ পর্য্যন্ত ফলো বৃদ্ধি পাইলেন।

বিচার—বাগরগঞ্জের সব জজ বাবু রাধাকামাল মিত্র আর ৮ দিনের ছুটী পাইলেন। গয়ার সব জজ বাবু গোপীনাথ মাট্টি ৩ মাসের ছুটী পাইলেন। পাবনা ও বোগরার সব জজ বাবু কৃষ্ণচন্দ্র দাস ৩৫ দিনের ছুটী পাইলেন। ত্রিহুত মজুফরপুর মুঃ বাবু কালীকুমার বসু গয়ার সব জজ হইলেন। মেদিনীপুর কণ্টাইয়ের মুঃ বাবু শ্রীনাথ পাল পাবনা ও বোগরার সব জজ হইলেন। বাবু জ্ঞানেন্দ্রচন্দ্র বন্দ্যোপাধ্যায় বি এল ত্রিহুত মজুফরপুর মুঃ হইলেন। বাবু সারদাপ্রসাদ বসু বি এল মেদিনীপুরে কণ্টাইয়ের মুঃ হইলেন। ত্রিপুরা ব্রাহ্মণবাড়িয়ার মুঃ বাবু শ্যামচাঁদ রায় আর ১ মাসের ছুটী পাইলেন। পূর্ণিয়া আরারিয়ার মুঃ বাবু রাজনারায়ণ চক্রবর্ত্তী ২২ দিনের ছুটী পাইলেন।

উদ্ভট কবিতা।

[৮৫৭]

ত্বং মাং স্মরসি হে নাথ ন স্মরামিত্বং পুনঃ
স্মরণং মনসো ধর্ম্মো মনোঽপাপস্তু তংত্বয়া।

[৮৫৮]

বাঙ্মাধুর্য্যাৎ সর্ব্বলোকপ্রিয়ত্বং
বাক্পারুষ্যাৎ সর্ব্বলোকাপ্রিয়ত্বং
কিংবা লোকে কোকিলেনোপমীতং
কো বা লোকে গর্দ্দভস্যাপরাধঃ।

নবদ্বীপ সংস্কৃত বিদ্যা বিবর্দ্ধিনী বিদগ্ধ-জননী সভার পরীক্ষার ফল।

(পূর্ব্ব-প্রকাশিতের পর)

ন্যায় শাস্ত্র।

আদ্য পরীক্ষা।

ছাত্রের নাম অধ্যাপকের নাম

শ্রীঅর্জ্জুন ঝা (শ্রীযদুনাথ সার্ব্বভৌম নবদ্বীপ)

শ্রীযদুনাথ মিশ্র (শ্রীবংশীধর মিশ্র)

মধ্য পরীক্ষা।

শ্রীমুকুন্দ ঝা (নবদ্বীপ পাকা টোল)

শ্রীবাঞ্ছারামপ্রসাদ ভট্টাচার্য্য (শ্রীভুবনমোহন বিদ্যারত্ন)

শ্রীমার্কণ্ডেয় ঝা (শ্রীযদুনাথ সার্ব্বভৌম নবদ্বীপ)

বেদান্ত

দ্বিতীয় বিভাগ।

শ্রীপ্রসন্নকুমার কাব্যতীর্থ (বেদান্তভূষণ) (শ্রীহরিনাথ বেদান্তরত্নগণ দ্বিজনাথ চতুষ্পাঠী চুঁচুড়া)

শ্রীনন্তাগবত।

তৃতীয় বিভাগ।

শ্রীসতীকান্ত ভট্টাচার্য্য (ভাগবতভূষণ) (শ্রীশ্যামলাল গোস্বামী কলিকাতা)

স্মৃতি উপাধি পরীক্ষা।

প্রথম বিভাগ।

শ্রীসুরেন্দ্রনাথ ভট্টাচার্য্য (শ্রীকৃষ্ণনাথ ন্যায়পঞ্চানন)

শ্রীকৃষ্ণচন্দ্র কাব্যতীর্থ (শ্রীরজনীকান্ত বিদ্যারত্ন)

শ্রীআশুতোষ ভট্টাচার্য্য (শ্রীকৃষ্ণনাথ ন্যায়পঞ্চানন)

দ্বিতীয় বিভাগ।

শ্রীচন্দ্রকান্ত ভট্টাচার্য্য (শ্রীহরিনাথ স্মৃতিভূষণ)

শ্রীদ্বারকানাথ ভট্টাচার্য্য ঐ

তৃতীয় বিভাগ।

শ্রীগিরিন্দ্রচন্দ্র চক্রবর্ত্তী (শ্রীলক্ষ্মীকান্ত ন্যায়ভূষণ)

শ্রীরসন্তকুমার ভট্টাচার্য্য (শ্রীশ্যামাচরণ স্মৃতিভূষণ)

শ্রীগোবিন্দচন্দ্র ভট্টাচার্য্য (শ্রীদুর্গাচরণ স্মৃতিতীর্থ)

স্মৃতিশাস্ত্র।

মধ্য পরীক্ষা।

প্রথম বিভাগ।

শ্রীপ্রিয়নাথ চক্রবর্ত্তী (শ্রীউমানাথ স্মৃতিশিরোমণি)

শ্রীসীতানাথ ভট্টাচার্য্য (শ্রীহরিদাস বিদ্যারত্ন)

শ্রীবৈকুণ্ঠনাথ ভট্টাচার্য্য (শ্রীনিবারণচন্দ্র স্মৃতিতীর্থ)

শ্রীযোগীন্দ্রনাথ ভট্টাচার্য্য (শ্রীদুর্গাচরণ ঐ)

শ্রীশশিভূষণ ভট্টাচার্য্য (শ্রীকৃষ্ণনাথ ন্যায়পঞ্চানন)

শ্রীনিত্যনারায়ণ ভট্টাচার্য্য (শ্রীনিবারণচন্দ্র স্মৃতিতীর্থ)

শ্রীঅতুলকৃষ্ণচন্দ্র ভট্টাচার্য্য (শ্রীকৃষ্ণনাথ ন্যায়পঞ্চানন)

শ্রীললিতমোহন ভট্টাচার্য্য ঐ

শ্রীমোক্ষদাচরণ ভট্টাচার্য্য (শ্রীহরিদাস বিদ্যারত্ন)

শ্রীসর্ব্বেশ্বর ভট্টাচার্য্য (শ্রীতারাপ্রসন্ন চূড়ামণি)

দ্বিতীয় বিভাগ।

শ্রীপঞ্চানন ভট্টাচার্য্য (শ্রীদেবীপ্রসন্ন স্মৃতিভূষণ)

তৃতীয় বিভাগ।

শ্রীমহাদেব ভট্টাচার্য্য (শ্রীহরিদাস বিদ্যান্ত)

শ্রীসীতানাথ কাব্যতীর্থ (শ্রীউমানাথ স্মৃতিশিরোমণি)

শ্রীমণিমোহন ভট্টাচার্য্য (শ্রীহরিদাস বিদ্যারত্ন)

প্রাচীন স্মৃতিশাস্ত্র।

আদ্য পরীক্ষা।

শ্রীশশিভূষণ কাব্যতীর্থ (শ্রীদুর্গাচরণ স্মৃতিতীর্থ)

ন্যায়।

উপাধি পরীক্ষা।

শ্রীজীবনাথ মিশ্র (শ্রীযদুনাথ সার্ব্বভৌম)

আদ্য-শাস্ত্রের উপাধি বিষয়ক

অতিরিক্ত পরীক্ষা।

শ্রীবুলাকিরাম শাস্ত্রী (পঞ্জাব অমৃতসর বিদ্যালয়) (সংস্কৃত অধ্যাপক)।

বাঙ্গালা সংস্কৃত

উপাধি পরীক্ষা।

প্রথম বিভাগ।

শ্রীযজ্ঞেশ্বর কাব্যতীর্থ (বিদ্যাভূষণ) (শ্রীআনন্দচন্দ্র সার্ব্বভৌম)

শ্রীকমলাকান্ত চক্রবর্ত্তী (বিদ্যাবিনোদ) মুক্তাগাছা স্কুল (শিক্ষক)।

দ্বিতীয় বিভাগ।

শ্রীকালীপ্রসন্ন দাস (বিদ্যানন্দ) কলিকাতা নর্ম্মাল স্কুল। বিশ্বেশ্বর দে (বিদ্যানন্দ) ঐ, বরদাচরণ কাব্যতীর্থ (বাচস্পতি)(পাঞ্চতীনাথ তর্কতীর্থ) রজনীকান্ত কাব্যতীর্থ (বিদ্যাবিনোদ) (শিক্ষক) ভবেন্দ্রনাথ বসু (বিদ্যানন্দ) সবইনস্পেক্টর।

তৃতীয় বিভাগ।

ভূষণচন্দ্র দে (বিদ্যানন্দ) কলিকাতা নর্ম্মাল স্কুল তারকচন্দ্র সিংহ ঐ বাকুড়ী চতুষ্পাঠী (শিক্ষক) অন্নদাপ্রসাদ চক্রবর্ত্তী ঐ সেণ্ট্রাল ইনষ্টি ঐ মতিলাল ঘোষ ঐ বাকুড়ী চতুষ্পাঠী ঐ

আদ্য পরীক্ষা।

প্রথম বিভাগ।

নবমালী মুখোপাধ্যায় কলিকাতা নর্ম্মাল স্কুল হীরালাল দাস বাকুড়ী চতুষ্পাঠী।

দ্বিতীয় বিভাগ।

কিরণচন্দ্র ঘোষ বাকুড়ী চতুষ্পাঠী, কালীপদ সরকার ঐ হরিচরণ পাল কলিকাতা নর্ম্মাল স্কুল সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ঐ

তৃতীয় বিভাগ।

রামতনু ভট্টাচার্য্য কলিকাতা নর্ম্মাল স্কুল, অরুণোদয় ঐ, হৃষীকেশ মিশ্র ঐ, শরচ্চন্দ্র চট্টোপাধ্যায় ঐ, দিগম্বরগোপাল অধিকারী বাকুড়ী চতুষ্পাঠী, মুনীন্দ্রলাল সিংহ কলিকাতা নর্ম্মাল স্কুল, যদুনাথ বিশ্বাস হরিচরণ চক্রবর্ত্তী বাকুড়ী চতুষ্পাঠী।

মধ্য পরীক্ষা।

প্রথম বিভাগ।

ব্রজনাথ পাল কলিকাতা নর্ম্মাল স্কুল,

দ্বিতীয় বিভাগ।

অম্বিকাচরণ সরকার বাকুড়ী চতুষ্পাঠী (শিক্ষক) ভক্তহরি পাল কলিকাতা নর্ম্মাল স্কুল, হরিপদ হালদার ঐ, মথুরানাথ বিশ্বাস ঐ, জগন্নাথ সিংহ বাকুড়ী চতুষ্পাঠী (শিক্ষক)

তৃতীয় বিভাগ।

প্রমথনাথ বন্দ্যোপাধ্যায় কলিকাতা নর্ম্মাল স্কুল অটলবিহারী বন্দ্যোপাধ্যায় ঐ, কমলদাস বন্দ্যোপাধ্যায় ঐ, গদাধর হালদার ঐ, পঞ্চানন চক্রবর্ত্তী ঐ, যদুনাথ বিশ্বাস ঐ, অন্নদাচরণ চক্রবর্ত্তী ঐ, হৃষীকেশ মিশ্র ঐ, শরচ্চন্দ্র চট্টোপাধ্যায় ঐ, বিরাজকৃষ্ণ চক্রবর্ত্তী ঐ, গোপীনাথ দত্ত ঐ,

বিজ্ঞাপন।

ছাত্রখালি।

Wanted for the Mainadal Raj Free Boarding Institution four students having a fair chance, to be decided by a test examination, of passing the next Entrance Examination in the first division. They will have also tuition and medical treatment free and will have over them an experienced graduate.

Two scholarships of Re 10 each tenable for two years are open for competition among those who will pass from the Raj School in the 1st Division but who will not be eligible for any Government Scholarship. Apply to Babu Jodu Nath Roy. Manager Raj Estate Maisadal.

Five free studentships have been granted to the Agarparah School. Boys who are expected to pass the Entrance Examination of the Calcutta University in the First Division in the year 1895 will have preference. Arrangement for lodging and boarding will be made. Applications, written by the students themselves with copies of testimonials from the Hd Masters of the school in which they have read and from some gentlemen of the place at which they reside are to be sent to Babu N. G. Bhattacharjya, Hd Master, Agarparah H. E. School, Calcutta.

ভাবকুটী মধ্য শ্রেণী বঙ্গবিদ্যালয়ের জন্য, আগামী পরীক্ষায় যাইতে পারে এরূপ একটী বালকের আবশ্যক আছে। বালকটী ধী-শক্তি বুদ্ধিমান ও অধ্যবসায়ী হইলে তাহার বেতন, বাসাখরচ, পুস্তকাদি সম্বন্ধে আমরা সাহায্য করিব। শ্রী অতেন্দ্রিয় মজুমদার, ভাবকুটী এম, ভি, স্কুলের সম্পাদক। পোঃ পাণ্ডুয়া, ডিষ্ট্রিক্ট বীরভূম।

কর্ম্মখালি।

Wanted an experienced Head Master strong in English for the H. E. school Purbasthali. Apply with copies of testimonials within this month to, Babu Mohima Nath Roya, Purbasthali.

Wanted an experienced graduate Hd Master for the Hindoo Institution, Faridpur on a salary of Rs 50 a month. Apply sharp with copies of testimonials to Babu Mathura Natti Mitra, Secy of the H. Institution, Faridpur.

Wanted an Entrance passed Second Master for the Radhanath M. E. School at Svarnagram, Dt. Dacca on Rs 12 a month. Apply sharp to the Secy.

The post of the first Mathematical Teacher of the H. E. School at Kalaskati, Barisal is vacant. Pay according to qualification. Apply to Babu Pramatheswar Gupta B. A. Head Master of the School, stating the lowest pay you can serve on.

Wanted a teacher for the Birha M. E. School. None need apply who has not passed the Entrance Examination in the 1st Division and who is not well experienced in teaching. Salary Rs 12 per mensem: Also a Pandit for the Birha M. E. School. None need apply who has not passed the Middle Vernacular Examination in the 1st Divn, and who is not well experienced in teaching. Salary Rs 8 per mensem Apply to the Secretary of the said school, Via Rajibpore P. O, Dt 24. P.

হুগলির সন্নিকট সেরানন্দপুর সাহায্য প্রাপ্ত মধ্য ইংরাজি বিদ্যালয়ের জন্য জনৈক নর্ম্মাল ট্রৈবার্ষিক উত্তীর্ণ অভিজ্ঞ ব্রাহ্মণ প্রধান পণ্ডিতের আবশ্যক। বেতন ১৫৲ টাকা। শ্রীহেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়, হেড মাষ্টার হুগলি ব্যাণ্ডেল চাঁচড়া স্কুল।

আমাদের স্কুলের জন্য জনৈক ইংরাজি জানা মাষ্টারের আবশ্যক। যিনি প্রবেশিকা পরীক্ষায় অন্ততঃ দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হইয়াছেন তাঁহার আবেদন সমধিক আদরণীয়। আগামী ২৫ শে মার্চ্চ মধ্যে স্বস্ব প্রশংসাপত্রের অনুলিপি সহ আবেদনকারিগণ আবেদন করিবেন। মাসিক বেতন ৯৲ নয় টাকা। শ্রীবেণীমাধব রায় সম্পাদক মোহাগডাঙ্গা স্কুল।

জমিদারী, ঠিকা ও সাধরাজের খাজনা আদায় ও মামলা মকদ্দমার তদ্বির করিবার জন্য এক জন অভিজ্ঞ কর্ম্মচারীর প্রয়োজন। যিনি জমিদারী কার্য্যে বহুদর্শী এমত লোকের আবেদন সমধিক আদরণীয়। কিন্তু ইংরাজী জানা আবশ্যক। বেতন মাসিক ১০৲ দশ টাকা। ১০০০ টাকার জামিন আবশ্যক। ১৫ই চৈত্রের মধ্যে আবেদন করিতে হইবে। উপযুক্ত লোক হইলে ৬ ছয় মাসের মধ্যে বেতন বৃদ্ধি করিয়া দেওয়া যাইবে। শ্রীচারুচন্দ্র দত্ত জমিদার বয়রা বরদাপোষ্ট ২৪ পরগণা ভায়া ডায়মণ্ড হারবার।

কোণগড়াঙ্গা মাইনর স্কুলের জন্য এক জন দ্বৈবার্ষিক পরীক্ষোত্তীর্ণ অভিজ্ঞ হেড পণ্ডিতের আবশ্যক। মাসিক বেতন ১২৲ টাকা। আপাততঃ দেওয়া যাইবে এবং আহারাদি দেওয়া যাইবে। বৈদ্য কিম্বা কায়স্থ হইলে ভাল হয়। শ্রীযুক্ত কালী নাথ চক্রবর্ত্তী সেক্রেটারী, কোণগড়াঙ্গা মাইনর স্কুল। গ্রাম ব্রাহ্মণ রাজিয়া, পোষ্ট ফকির হাট, জেলা খুলনা।

জেলা খুলনা, খলিসা পোষ্ট, সোলাদী সরকারী সাহায্যপ্রাপ্ত বঙ্গবিদ্যালয়ের জন্য এক জন হেড পণ্ডিত ও এক জন ২য় পণ্ডিতের প্রয়োজন। বেতন মাসিক যথাক্রমে ১৫৲ ও ১১৲ টাকা। হেড পণ্ডিত নর্ম্মাল দ্বৈবার্ষিক পরীক্ষোত্তীর্ণ ও ২য় পণ্ডিত নর্ম্মাল দ্বৈবার্ষিক পরীক্ষোত্তীর্ণ বা এণ্ট্রান্স ফেল হওয়া আবশ্যক। জাতিতে কায়স্থ কি ব্রাহ্মণ হইলে ভাল হয়। শ্রীপঞ্চানন রায় হেড মাষ্টার।

জোড়াদহ ম, ই স্কুলের জন্য মাসিক ১৫৲ টাকা বেতনে হেড পণ্ডিতের প্রয়োজন। কোয়াটার্স দিতে হইবে। যাঁহারা হুগলী নর্ম্মালের দ্বৈবার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ হইয়া কিছুকাল শিক্ষকতা করিয়াছেন তাঁহাদের আবেদনই সমধিক আদরণীয়। এ, সি, মল্লিকার, সেক্রেটারী জোড়াদহ এম ই, স্কুল জোড়াদহ পোষ্ট আপিস, হাবা সাতুহাটী (নদীয়)।

স্বর্ণগ্রামস্থিত গবর্ণমেণ্ট সাহায্যকৃত মঃ বাঃ স্কুলের প্রধান শিক্ষকের পদ ১লা এপ্রেল হইতে খালি হইবে। উক্ত দিবসের মধ্যে নর্ম্মাল বিদ্যালয়ের দ্বৈবার্ষিক পরীক্ষায় উত্তীর্ণ জনৈক প্রধান শিক্ষকের প্রয়োজন। মাসিক বেতন বাসাখরচ সমেত কুড়ি টাকা। কলিকাতার যাতায়াতের সুগম রাস্তা আছে এবং জল বায়ু অস্বাস্থ্যকর নহে। বাসারও সুব্যবস্থা আছে। শ্রীযদুনাথ চট্টোপাধ্যায় সম্পাদক, নয়নমার পূর্ব্ব রাজার হাট বিক্রমপুরের পোষ্টাপিস হইয়া বালীপুর বারেণ্ডায়।

সিরাজগঞ্জ নিম্ন-প্রাইমারী বালিকা-বিদ্যালয়ের জন্য এক জন শিক্ষয়িত্রীর প্রয়োজন। সূচিকর্ম্মে নিপুণা হওয়া চাই। বেতন ২০৲ টাকা। বাসাভাড়া লাগিবে না, স্ত্রী পুরুষের এতদ্বিষয়ে আবেদন সবিশেষ গৃহীত হইবে ও তদ্বিষয়ে দক্ষতানুযায়ী পৃথক বিবেচনা করা হইবে। ৩১শে মার্চ্চ পর্য্যন্ত আবেদন গৃহীত হইবে। শ্রীঅমৃতলাল বসুরায়, ডাক্তার সিরাজগঞ্জ, জেলা পাবনা।

জেলা রঙ্গপুরাধীন সব ডিভিজন কুড়িগ্রামে একটী এণ্ট্রেন্স স্কুল অচিরে খোলা হইবে, তাহার জন্য নিম্নলিখিত শিক্ষকের প্রয়োজন। হেড মাষ্টার মাসিক ৫০৲ টাকা, সেকণ্ড মাষ্টার ৩০৲ টাকা, ফোর্থ মাষ্টার ২০৲ টাকা, থিড মাষ্টার ১৫৲ টাকা, হেড পণ্ডিত ২০৲ টাকা। কর্ম্ম প্রার্থিগণ মধ্যে যাঁহারা ইংরাজী ভাষা ও অঙ্কশাস্ত্রে বিশেষ পারদর্শী তাঁহাদের আবেদন আদরণীয় হইবে। কুড়িগ্রাম স্থানটী ধরলা নদীর তীরে অবস্থিত ও স্বাস্থ্যকর, এখানে কে, ডি, ব্রাঞ্চ রেলওয়ে কুড়িগ্রাম ষ্টেশন আছে। নিম্নলিখিতরূপে শিক্ষকদের বেতন ক্রমশঃ বৃদ্ধি হইবে—হেড মাষ্টার ৫০ হইতে ৬০ টাকা, সেকণ্ড মাষ্টার ৩০ হইতে ৪০ টাকা, হেড পণ্ডিত ২০ হইতে ২৫ টাকা। শ্রীশিবচন্দ্র চক্রবর্ত্তী, উকীল কুড়িগ্রাম।

খলিসখালি মধ্য ইং স্কুলের জন্য এক জন হেড মাষ্টারের প্রয়োজন। মাসিক বেতন ১২৲ বার টাকা। খোরাকী ও বাসা পাইবেন। ১লা এপ্রিল মধ্যে কার্য্যভার লইতে হইবে। জাতিতে কায়স্থ হইলে বিশেষ আদরণীয় হইবেন। শ্রীঅতুলকৃষ্ণ বসু, সম্পাদক।

৺ বিশ্বনাথ বৃত্তি।

ভারতধর্ম্ম মহামণ্ডলীর মুখ্যতম উদ্দেশ্যের অনুসরণ করিয়া ৺ বিশ্বনাথ চতুষ্পাঠীতে বার্ষিক পঞ্চাশৎ টাকা পরিমাণে এক একটী করিয়া আর কয়েকটী বৃত্তি স্থাপিত হইয়াছে। যে যে চতুষ্পাঠীতে বেদান্তাদি দর্শন শাস্ত্র অথবা প্রাচীন ও নব্যস্মৃতি অধ্যাপিত হয়, সেই সেই চতুষ্পাঠীতে এই বৃত্তিগুলি দেওয়া হইবে। অধ্যাপক ইচ্ছা করিলে ঐ বৃত্তি ত্রৈমাসিক বা ষাণ্মাসিক বা বার্ষিকরূপে গ্রহণ করিতে পারিবেন। ছাত্রদিগের বিদ্যাবত্তা ও সচ্চরিত্রতা সম্পাদন বিষয় অধ্যাপক মহাশয়দিগকে অপর কোন নিয়মের অধীন হইতে হইবে না। যে সমস্ত অধ্যাপক বৃত্তি লইতে ইচ্ছা করিবেন, তাঁহারা অথবা তাঁহাদিগের ছাত্রবর্গীয় অধ্যাপকের নাম ধাম ছাত্রসংখ্যা ও প্রত্যেক ছাত্রের অধীতব্য বিষয় লিখিয়া আমাকে সংবাদ দিবেন।

চুঁচুড়া বিশ্বনাথ চতুষ্পাঠীর
অধ্যাপক শ্রীহরিনাথ স্মৃতিভূষণ।

নূতন পুস্তক।

পদ্য সংগ্রহ।

১ম, ২য়। ভাগ মূল্য ক্রমে ৵০, ।০ আনা। বাবু প্রসন্নচন্দ্র গুহ সঙ্কলিত। সেণ্ট্রাল টেক্সট বুক কমিটীর মনোনীত। সাস্তাল প্রেস ডিপো, জিটরীতে প্রাপ্তব্য। ৮০৩নং

আইন! আইন!! আইন!!!

ছাত্রবৃত্তি বা মাইনর বা এণ্ট্রেন্স পরীক্ষায় উত্তীর্ণ হইলে মোক্তারী ও মেডিনিউ পরীক্ষা দেওয়া যায়। ১৮৯৪ ও ১৮৯৫ সালের মোক্তারী পরীক্ষার আসল নজীর ও টীকা সহিত নূতন সংস্করণ ভাল কাগজে মূল্য মায় মাশুল ১৫৲০; ঐ মামলার নজীর ও টীকা কেবল মূল আইনের সমষ্টি মায় মাশুল ১০৲০; মেডিনিউ পরীক্ষার সমস্ত আইন মায় মাশুল ৪৵০ ২০ আনার টিকিট পাঠাইলে ১৮৮০ সাল হইতে ১৮৯১ অব্দি মোক্তারী পরীক্ষার প্রশ্নলিপি ও নিয়মাবলি পাঠান হয়। শ্রীসতীশচন্দ্র মুখোপাধ্যায় ১১ নং রাজা নবকৃষ্ণ ষ্ট্রীট, কলিকাতা।
৮২৭ নং

সেখ ব্রাদার্স এণ্ড কোং।

পুস্তক বিক্রেতা নং ৫৬ কলেজ ষ্ট্রীট কলিকাতা।

ইজি মিলেক্‌সনের সম্পূর্ণ অর্থ।

শ্রীনৃত্যগোপাল সরকার বি, এ, বি, এল, কর্ত্তৃক। ইহাতে অর্থাৎ মানে, বাঙ্গালা ট্রান্সলেসন পার্সি, গল্প, গল্পের তাৎপর্য্য, ইত্যাদি অতি পরিষ্কৃতরূপে লিখিত হইয়াছে। মূল্য ডাঃ মাঃ সমেত ৸০ আনা।

বাকলীজ্ হিষ্ট্রীর এপীটম্। শ্রীউপেন্দ্রনাথ মুখোপাধ্যায় বি, এ, বি, এল, কর্ত্তৃক। মূল্য ডাঃ মাঃ সমেত ৸০ আনা। আমরা যাবতীয় ইং, বাং ও সংস্কৃত পুস্তক ভিঃ পিতে পাঠাই। সর্ত্ত সুলভ। পরীক্ষা প্রার্থনীয়।

৮২৮নং

কাশীর ত্রৈলিঙ্গ স্বামীর

জীবন-চরিত।

মূল্য ।০ ডাঃ মাঃ ৵০ ভিঃ পিতে ।৶০ আনা। শ্রীনিবারণচন্দ্র দাস, কাশী ও কার্য্যালয় ৺কাশীধাম
৮৩০ নং

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে (নগদ মূল্যে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত) ২৬ সংখ্যক উহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-গুণের পরিচয়ের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার লেপনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সম-ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনামূল্যে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৷৷০ টাকা, প্যাকিং ।০ আনা। ২ শিশি একত্রে লইলে খরচা ৷৵০ আনা মাত্র গণ্য।

শ্রীকালীদাস সরকার।
গবর্ণমেণ্ট পেন্সনার—লংকা।
৩৭৩নং

ইউক্লীডের জ্যামিতি ১ম অধ্যায়

শ্রীযুক্ত ব্রহ্মমোহন মল্লিক প্রণীত ২৭শ সংস্করণ; পরিমার্জ্জিত এবং পরিশোধিত মূল্য ।০।

৯০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।
৮২৯নং

শ্রীমদ্ভগবদ্গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত ৩য় সংস্করণ। বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ।৵০ আনা ডাঃ মাঃ ৵০।

স্ত্রীশিক্ষা ও স্ত্রীস্বাধীনতা মূল্য ১০ অর্দ্ধ আনা

কবির (জীবন্মুক্ত মহাত্মা কবির সাহেবের ৫৫৯টী দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ ৵১০।

কলিকাতা ২০ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০।১ন মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার

প্রসিদ্ধ ইঞ্জিনিয়র ৺ ক্ষেত্রনাথ ভট্টাচার্য্য কৃত।

জরিপ ও পরিমিতি	১৲
পরিমিতি	॥৵০
লঘুপরিমিতি	।০
নব শিশুবোধ	।০
শুভঙ্করী	॥০
কবিতাসংগ্রহ ১ম ভাগ	।০
কবিতাসংগ্রহ ২য় ভাগ	।০

ইঞ্জিনিয়ার ৺ ক্ষেত্রনাথ ভট্টাচার্য্য মহাশয় গণিত-শাস্ত্রে অসাধারণ পারদর্শী ছিলেন। ইনি সিভিল ইঞ্জিনিয়ারিং কলেজে গণিত শাস্ত্রের অধ্যাপনা করিয়া প্রশংসাভাজন হইয়াছিলেন। বঙ্গ ভাষায় অঙ্ক-পুস্তক রচনা বিষয়ে ইনিই পথপ্রদর্শক। ইঁহার রচিত পুস্তকগুলি এখনও সর্ব্বোৎকৃষ্ট বলিয়া পরিচিত। এই সকল পুস্তকের ভাষা প্রাঞ্জল ও সরল, অল্প বয়স্ক বালক বালিকাগণের উপযোগী। এই সকল পুস্তকে নানাবিধ বহুসংখ্যক উদাহরণ আছে। শুভঙ্করীর ও লঘুপরিমিতির শেষে ভিন্ন ভিন্ন জেলার পরীক্ষার প্রশ্ন, উপপত্তি বা উত্তর সহ সন্নিবেশিত আছে। উল্লিখিত পুস্তকগুলি সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটির অনুমোদিত এবং প্রথম প্রকাশের সময় হইতে বঙ্গদেশের বিদ্যালয় সমূহে পাঠ্যরূপে নির্দ্দিষ্ট ও ব্যবহৃত হইয়া আসিতেছে। কলিকাতার প্রধান প্রধান পুস্তকালয়ে এই সকল পুস্তক বিক্রয় হয়। আমার নিকট "জরিপ ও পরিমিতি" ভিন্ন উল্লিখিত অন্য কোন পুস্তক ৫০ খানি লইলে শতকরা ২৫৲ হিসাবে কমিসন দিয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র ভট্টাচার্য্য।
১০৬।৩ নং আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা।

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বলবীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রিজাগরণ, অতিরিক্ত পান-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা-হাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত!

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-ফোলা-কাসিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দ্বৈকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকায় সে জ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বরোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্পদিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধে অতি সামান্য রোগও আরাম হয়। বিধাতার বিচিত্র বিধান বুঝা ভার।

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন প্লীহা জ্বর-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগীকে এই এক ৩নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

বটিকার সংখ্যা,	মূল্য,	ডাঃমাঃ,	প্যাকিং
১নং কৌটা	১৮	॥৵০	।০ ৵০
২নং কৌটা	৩৬	১৵০	।০ ৵০
৩নং কৌটা	৫৪	১॥৵০	।০ ৵০

ভালুপেবলে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।
১২ নং মুক্তাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা
৩৭৪নং

মাইনর পরীক্ষার্থীর দ্রষ্টব্য।

Key to Middle English Reader by Rajendra Nath Ghosh and Revised by Abinas Chandra Mukerji (3rd Edition) মূল্য ৷৹ বার আনা, ডাঃ মাঃ ৵০ এক আনা। এখানি ১৮৯৪ অব্দের মাইনর পরীক্ষায় ইংরাজী সাহিত্যের অত্যুৎকৃষ্ট ব্যাখ্যা পুস্তক। এবার মাইনর পরীক্ষার্থীদিগের উপযোগী করিবার জন্য বিশেষ যত্ন করিয়া আদ্যোপান্ত পরিমার্জ্জিত করা হইয়াছে। যাহাতে বালকেরা অনায়াসে পরীক্ষোত্তীর্ণ হইতে পারে এই অভিপ্রায়ে পুস্তকের সকল গদ্য হইতেই কঠিন কঠিন প্রশ্ন নির্ব্বাচন করিয়া Model questions সন্নিবেশিত হইয়াছে এবং কয়েক বৎসরের মাইনর পরীক্ষার প্রশ্নাবলীও ইহাতে সংযোজিত হইয়াছে।

Model questions পৃথক লইলে মূল্য ।০ চারি আনা, ডাঃ মাঃ ৵০ অর্দ্ধ আনা মাত্র। কলিকাতার যাবতীয় প্রধান প্রধান পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
সংস্কৃত প্রেসডিপজিটরি।
২০ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা

পাঁড়ে ব্রাদার্স।

এখানে ইংরাজি, বাঙ্গালা, সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য পুস্তক, তৎসমস্তের অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা ১৸০ মূল্য ধোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও ব্যবহারীর জন্য চলিবে ও ২৷৷০, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ মসলন্দুক, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকট ও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য ৵০, ৩২খানি উৎকৃষ্ট চিত্রসহ নীতি কথামালা ।০, আর্য্যচরিত ।০, আর্য্যশিক্ষা ৷৷৵০ সরলা ব্যাকরণ ।৵০, শিশু বিজ্ঞান ৶০, বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ ৵০, বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ ৵০, মানবতত্ত্ব ১।০, ধর্ম্মবিজ্ঞান ১৲, অদ্ভুত স্বপ্ন বা স্ত্রী পুরুষের দ্বন্দ্ব ৷৷০, বিজ্ঞানসার ১৲, লীলাবতী (অঙ্কপুস্তক) ৷৷০

শ্রীমনোমোহন পাঁড়ে।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট্ কলিকাতা।

শ্রীমতী বিধুমণি দাসীর ঔষধগুলি এক্ষণে নিম্নলিখিত ঠিকানায় আমার নিকট পাওয়া যায়।

মেহরোগের মহৌষধ।

স্বর্ণের মাদুলী করিয়া ধারণ করিলে স্ত্রী পুরুষের নূতন পুরাতন মেহ আরোগ্য, হয় মূল্য——৷৷৵০

হাঁপানি কাশীর মহৌষধ ১৷৵০

বাধক বেদনায় ঔষধ ২৲

একমাত্র বিক্রেতা

শ্রীসিদ্ধেশ্বর ভট্টাচার্য্য

৪৮নং সেরুয়াবাজার ষ্ট্রীট, কলিকাতা।

৮২২নং ———

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত

পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ববাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষক গণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৷৷০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।৵০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীজমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।৵০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ৵০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৪৪নং ———

কুইনাইন।

এ দেশের লোকের জীবন। ডাক্তার শ্রীযদুনাথ মুখোপাধ্যায় প্রণীত। গৃহস্থ ও পাড়াগাঁয়ের ডাক্তারদের জন্য কুইনাইন ব্যবহার সম্বন্ধে এপর্য্যন্ত এমন পুস্তক আর বাহির হয় নাই। মূল্য ।০ চারি আনা; ডাক মাশুল অর্দ্ধ আনা মাত্র।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

ম্যানেজার, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়।

২০ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

৮১৭নং ———

MATRICULATION MADE EASY.

POPULAR ENGLISH GRAMMAR.

In the form of Questions and Answers. Containing—Orthography, Etymology, Syntax, Punctuation, Prosody, Analysis of Sentences, Direct and Indirect Narrations, Prefixes and Suffixes, Derivations and Compositions of words, Homonyms, Antonyms, Dittonyms, Polynyms, Paronyms, Synonyms, Appropriate Prepositions, Parsings of words, Verbs with Prepositions, Copious Phrases and Idioms, Essay-writings Letter-writings, and other useful hints that are most likely to be put in the University Examination. By R. Ghosh, Price one Rupee. Cloth-bound. Demy 12 Mo. 400 Pages. It is highly spoken of by eminent professors and principals of different Colleges, Apply to the Manager, Sanskrit Press Depository, 20 Cornwalis Street Calcutta.

——— ৮২৭নং

মাইকেল মধুসূদন দত্তের

জীবনচরিত।

অপ্রকাশিত কবিতা, পত্র ও প্রস্তাবলীর সমালোচনা ও ৯ খানি অত্যুৎকৃষ্ট চিত্র সম্বলিত এবং ডিমাই আট পেজী আকারে পাঁচ শতেরও অধিক পৃষ্ঠায় সম্পূর্ণ গ্রন্থ।

শ্রীযোগীন্দ্রনাথ বসু বি এ, প্রণীত।

কলিকাতা ২০ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপোজিটরীতে, ২১০। ৪ কর্ণওয়ালিস ষ্ট্রীট নরাজারত কার্য্যালয়ে, বৈদ্যনাথ দেবঘর স্কুলে গ্রন্থকারের নিকট এবং নিম্ন স্বাক্ষরকারীর নিকট পাওয়া যায়। মূল্য কাপড়ে বাঁধান ২৷৷০ টাকা, কাগজের মলাট ২৲ টাকা, ডাক মাসুল ।০ আনা। মফস্বলস্থ গ্রাহকগণ গ্রন্থকারকে পত্র লিখিবেন।

শ্রীরামানন্দ চট্টোপাধ্যায় এম এ।

অধ্যাপক সিটি কলেজ,—কলিকাতা।

এই পত্র হুগলি মুখোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।

REGISTERED NO ৩৩ 1875.

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

নূতন সম্বৎ ২৫শ খণ্ড। ৪৯শ সংখ্যা। } ১৭ই চৈত্র শুক্রবার ১৩০০ সাল। ইং ৩০শে মার্চ্চ ১৮৯৪ খৃঃঅব্দ। { অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম) ৫, ষাণ্মাসিক ৩
ত্রৈমাসিক ২ প্রত্যেক সংখ্যায় ।৹

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৶৹ ৩য় বার /১০ চতুর্থ বা ততোধিক বার /৹। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৶৹।

কর্ম্মখালির বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে ছাপা হয়।

তিন মাসের অধিককাল বিজ্ঞাপন প্রকাশ করিলে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য সকলেই স্ব স্ব নিকটবর্ত্তী এজেণ্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং মণি-অর্ডার কুপনে স্পষ্ট করিয়া গ্রাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যূন বিলম্ব হইলে তাহার সামখানিতে পিয়নের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকালীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

কলিকাতা	শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়। সংস্কৃতযন্ত্রের পুস্তকালয় ২০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট।
	চণ্ডীচরণ মজুমদার—শ্রীপুর বলাগোড়।
২৪ পরগণা	মতিলাল মৈত্র—আলিপুর।
আলিপুর	ভূপালচন্দ্র গঙ্গোপাধ্যায়—উকিল।
বারাকপুর	ভুবনমোহন নিয়োগী।
ভবানীপুর	রাজকৃষ্ণ রায় চৌধুরী।
চুঁচুড়া	যদুনাথ চৌধুরী।
হাবড়া	হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম	শ্রীযুক্ত বাবু ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী	শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর	ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান	চারুচন্দ্র চট্টোপাধ্যায়। রসিকলাল দাস—রায়না।
যশোহর	কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
সিউড়ী	অম্বিকাচরণ মুখোপাধ্যায়। নীলমণি ভট্টাচার্য্য।
বাঁকুড়া	রামেশ্বর সেন—বিষ্ণুপুর। অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর	উমাপ্রসাদ সে।
জলপাইগুড়ি	নীলমণি পাল।
রাঁকিপুর	নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর। রামপ্রকাশ লাল।
বারাণসী	সোমনাথ জাড়ুড়ী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর	আদিনাথ মিত্র। দ্বারকানাথ বাগচি—মিলফামারি।
রাজসাহী	কালীনাথ চৌধুরী—বোয়ালিয়া।
পাবনা	ভুবনেশ্বর গুপ্ত। রজনীকান্ত ভট্টাচার্য্য। রামচন্দ্র চক্রবর্ত্তী। ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, ভলাই। উমাচরণ পাঁড়ে, সিরাজগঞ্জ।
ঢাকা	সতীশচন্দ্র ঘোষ।
সাঁওতাল পরগণা	বজ্রেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।
পাকুড়	রাধাকৃষ্ণ সারংগল।
খুলনা	হরিহর দাস। জীবনকৃষ্ণ বসু—সাতক্ষীরা।
দিনাজপুর	রাজকুমার চক্রবর্ত্তী—মুলবাড়ি। দুর্গাদাস সুর—রায়গঞ্জ। শশিভূষণ রায়।
কোচবিহার	ভুবনমোহন দত্ত।
ফরিদপুর	কালীকিশোর ঘোষ—মাদারিপুর।
মজঃফরপুর	কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল
দ্বারভাঙ্গা	গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক সুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সমস্তীপুর
বৈদ্যনাথ	যোগীন্দ্রনাথ বসু হেড মাষ্টার, দেওঘর।

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিশেষ দ্রষ্টব্য।

বাচস্পত্য অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২৩৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে আমার নিকট আবেদন করিবেন।
শ্রীকালীনাথ ভট্টাচার্য্য। বুধোদয় প্রেস—হুগলী।

বুধোদয় যন্ত্র।

এই যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষরাদি প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানাপ্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় বার্ষিক ফারম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, ষ্ট্যাম্পবিল, জমিদারীর জমাওয়াশীল ফরম, ডাক্তারি লেবিল ও বিল প্রভৃতি ছাপার কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পাদিত হইয়া থাকে। সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংলিস অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও স্মল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া ডাকযোগে পুস্তকাদি বাঙ্গাই করিয়া রীতিমত বান্ধবন্দী করিয়া রেলে বা জাহাজে যাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি। গ্রন্থকর্ত্তা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন। ছাপার রেট ও অন্যান্য বিবরণ আমার নিকট পত্র পাঠাইলে জ্ঞাত হইতে পারিবেন।

শ্রীকালীনাথ ভট্টাচার্য্য কার্য্যাধ্যক্ষ।

বিবিধ বিজ্ঞাপন।

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু প্রণীত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য ৵০ আনা
ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "
ঐ ৩য় ভাগ শুভঙ্করী ও বাজারহিসাব।০ "

সেণ্ট্রাল টেক্সটবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তালিকায় পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ২০ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।
২০ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট—কলিকাতা।

রিপণ-ডিপজিটরী।

৫২ দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফঃস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য পুস্তক ও নাটক নভেল অতি সুবিধার সরবরাহ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পিঃ, ডাকেও পুস্তক পাঠাই। প্রেরণ ব্যয় ১০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়। একবার পরীক্ষা করিয়া দেখুন। শ্রীশশিভূষণ সাহা, ম্যানেজার।

৮১৮ নং

REDUCTION IN PRICE OF
CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta, Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free. at 4 oz, Rs3—4 : 8 oz, Rs 6—8 : 16 oz, Rs 12—12. Cash with order.

No. 331

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১৯ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।
ডাকমাশুল ৵০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৵০
পদ্য ব্যাকরণ মূল্য ৵১০
প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য ৵১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (২০ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট কলিকাতায় পাওয়া যায়।

শ্রীতিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

অম্বিকাচরণ ঘোষাল

ফটোগ্রাফার ও পোর্ট্রেট পেইণ্টার

ঘুঁটেবাজার হুগলি

মফস্বলে যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণপত্র লিখিলে জানিতে পারিবেন। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিজ, হুগলী কলেজ, এমামবাড়া, হংসেশ্বরীর মন্দির, চুঁচুড়া গোরাবারিক অভ্যন্তর দৃশ্য, নবাব খাজাখাঁর মসজিদ, সপ্তগ্রামের মহোৎসব প্রত্যেক ॥০ আনা মাত্র—ফটগ্রাফগুলি একবার দেখিলে বাধিত হইব।

এল্, ডি, মিত্র এবং কোং।

লব্ধপ্রতিষ্ঠ ও কলিকাতা ও অন্যান্য স্থানের দক্ষ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১ নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৪৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক কুবিনি ক্যাম্ফার ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৷০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৬৲ ও ৭৲, শিশু চিকিৎসা ২৷৷০, সামান্য চিকিৎসা ২৲ জ্বর চিকিৎসা ৸০ ও ১৸০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৸০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমরা কলিকাতার মহামেলায় এই শ্রেণীতে ভারতের মধ্যে সর্ব্বোচ্চ এবং এখানকার ও অন্যান্য স্থানের বহুতর চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি।

১৯৯

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্তলালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা ২০ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ৸০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ২০ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মতোদ্ভূত নহে।

৺ রামকৃষ্ণ পরমহংসের উক্তি।

(পূর্ব্ব প্রকাশিতের পর।)

৪৭। সাবধান! সংসার যেমন তোমার পূর্ব্ব পুরুষদিগকে প্রতারণা করিয়াছে, তোমাকেও যেন সেইরূপ না করে। সংসারকে হোটেল বলিয়া জানিবে।

৪৫। ঈশ্বরের পূজা করিতে বসিয়া যতক্ষণ পর্য্যন্ত কান্না না আসিবে, ততক্ষণ পূজা করিবে। যে দিন পূজা করিতে করিতে কান্না না আসিবে, সে দিনের পূজা সিদ্ধ নহে জানিবে।

৪৬। তুমি কাহাকেও বাহ্যিক দেখা দেখিও না, সকলের হৃদয় অন্বেষণ করিও। বাহ্যিক পরিচ্ছদে মুনি ঋষি সাজিলে যদি তাহা হইত, তাহা হইলে স্ত্রীলোকেও পুরুষের কাপড় পরিলে পুরুষ হইতে পারিত।

৪৭। পৃথিবীর সমস্তা কার্য্যের মূল গুরু।

৪৮। তুমি কাহার অন্বেষণে বনে গিয়া হাস করিবে? সে ভুবনে নাই, সে মনে আছে।

৪৯। ঈশ্বরের প্রতি যাঁহার সর্ব্বদা দৃষ্টি তিনি ধনী। লোকের অত্যাচারে যিনি অক্ষুণ্ণ তিনিই মহাজন।

৫০। যাহারা তোমার নিকট অন্য লোককে অগ্রাহ্য করে, তাহাদের প্রতারণা বাক্য ভুলিও না। বহু প্রকার বিপদের মধ্যে উক্তরূপ ভোলাও এক প্রকার বিপদ বলিয়া জানিবে।

৫১। সময় নষ্ট করা এবং অল্পে অল্পে আত্মঘাতী হওয়া একই কথা।

৫২। আমি পুষ্প দেখিয়া মোহিত হই না, পুষ্পের সৃষ্টিকর্ত্তাকে দেখিয়া মোহিত হই। কলের গাড়ি দেখিয়া আনন্দ করিব কেন? কলের গাড়ির আবিষ্কারককে দেখিলে আনন্দ হয়।

৫৩। যেমন আম খাইলে আপনিই পড়িয়া যায়, তেমনি জ্ঞান পাকিলে জাত্যভিমান আপনিই দূর হয়। ইচ্ছা করিয়া জাতি ত্যাগ করায় অভিমানের কার্য্যই হইয়া থাকে।

৫৪। গঙ্গা এবং গঙ্গার ঢেউ, বস্তু এবং বস্তু-কথায় যে প্রভেদ দেখিতে পাও, ব্রহ্ম এবং শক্তিতে সেই প্রভেদ জানিবে।

৫৫। এক স্বর্ণ হইতে বালা, তাবিজ, চিক, মাকড়ি, অনন্ত ইত্যাদি অনন্তপ্রকার গহনা হয়। এবং এক রৌপ্য হইতেও ঐরূপ অনন্তপ্রকার দ্রব্য হয়, এবং এক লৌহ ইত্যাদি ধাতু দ্রব্য হইতেও ঐ প্রকার বহু ভাবের দ্রব্য হইয়া থাকে। সেই রূপ এক ঈশ্বর হইতে দুর্গা, কালী, শিব ইত্যাদি বহুভাবের দেবতা হইয়াছে। সকল দেবতার মূল ঈশ্বর। ভাবে বহু এই জ্ঞান রাখিবে। কিন্তু দেখিও গলার চিক, কানের মাকড়ী বলিয়া ব্যবহার করিও না।

৫৬। একব্যক্তি যেমন কাহার পিতা, কাহার স্বামী, কাহার পুত্র ইত্যাদি হইয়া থাকে। সেইরূপ এক ঈশ্বর কাহার স্বামী, কাহার পিতা, কাহার পুত্র হইয়া থাকেন। ভাবে স্বতন্ত্র স্বতন্ত্র হইলেও মূলে তিনি এক।

৫৭। চোরেরা "ধর্ম্ম" চুরী করিতে পারে না। বিদ্বানেরা ধর্ম্ম চুরী করে। চোর কিঞ্চিৎ অর্থাপহরণ করিয়া এক জন বা পাঁচ জনের প্রাণে সাময়িক আঘাত দিয়া থাকে। কিন্তু ধর্ম্মচোরেরা ধর্ম্মকে বিকৃত করিয়া সহস্র সহস্র লোকের ইহ এবং পরকালের অশান্তির পথ প্রশস্ত করিয়া দেন। এই সকল চোরকে ধরিবার জন্য ঈশ্বর অবতাররূপে জন্মগ্রহণ করেন।

৫৮। যেমন উকিল দেখিলে আদালত মনে হয়। যেমন সোণার আভা দেখিলে সত্যের আভা মনে হয়। সেইরূপ দুর্গা কালী মূর্ত্তি দেখিলে সেই সত্য ঈশ্বরকে মনে হইয়া থাকে।

৫৯। পাশ বদ্ধ জীব। পাশ মুক্ত শিব। অর্থাৎ কামিনী কাঞ্চনরূপ মায়ায় বাঁধা থাকিলে তাহাকে "জীব" কহে। উহা হইতে মুক্ত হইতে পারিলেই শিব।

৬০। খৃষ্ট, মহম্মদের সহিত আলাপ রাখিও, তাঁহারা যাহা বলেন তাহাও ভক্তি শ্রদ্ধা করিয়া শুনিও তাহাতে ক্ষতি নাই। কিন্তু সহবাস করিও না। আপনার স্বামীর নিকট সহবাস করিবে, দেবর বা শ্বশুরের সেবা করিবে। ইহাই সতীর লক্ষণ। সহবাস করা এবং সেবা করা এক নহে।

৬১। অভাবের জন্যই লোকে কাঁদে, অর্থাৎ অভাব হইলেই লোকে কাঁদে। যাঁহার ঈশ্বরের অভাব হইয়াছে তিনিই ঈশ্বরের জন্য কাঁদিবেন।

গুরু ও শিষ্য।

গুরু। পাইয়াছি আমি অমর জীবন।
হৃদয়ে বিরাজে যে—
তাহার আমি পেয়েছি দর্শন।
মোর পাপ পুণ্য নাই,
ধর্ম্ম কর্ম্ম নাই,
আমি অন্তরে বেঁধেছি সে চরণ।
শোকে ব্যাধি মাঝে আমি অচঞ্চল,
নাহি জ্বলে মনে যন্ত্রণা অনল।
তার দেওয়া দুঃখ
ভিতরে থাকিয়া সেই ভোগ করে,
তাহারে সঁপিয়া দিয়া
আমি যাই অন্তরে।
প্রিয় বিচ্ছেদ যাতনা
আমার হয় না।
মরিয়া রয়েছে সব;
মরার সনে, অসার বন্ধনে
নাহি মজি আমি রাখিয়া আপনা।
দেহ যষ্টি মাত্র আছে অবশিষ্ট
কৃতান্ত দর্শনে তবে এ পিষ্ট।
আশাময় যবে আসিবে মরণ
এ আত্মা সে আত্মা হইবে মিলন।
আমি সুধাস্বাদ করিব তখন
মাটীর শরীর হইবে পতন।
ফিরিয়া না চাব পৃথিবীর পানে।
যারে ভাবিয়াছি অনুদিন
ভাবিব তারে সেদিন,
করিবে পূরিত সেই, নব প্রাণে।
মোহ কফ, আশা বায়ু, ভোগপিত্ত,
সাধনা ঔষধে, আজি করে থাকি
নাশিবারে; তাহ'লে তখন
রবে মোর অবিকৃত চিত্ত।

শিষ্য। যা কহিলে প্রভো
সকলি তোমার শোভা পায়,
কিন্তু আমি দীন বিহীন উপায়।
শোকে জর্জ্জরিত,
আশঙ্কায় ভীত
আমি দুখে অভিভূত সতত।
প্রিয় বিচ্ছেদ মোর সহেনা প্রাণে
মরি প্রাণে প্রিয়ের মরণে।
মায়ার সলিলে আমি, আছি গ'লে
আমি পাখীর প্রাণ, কোমল অতি,
আঘাতিয়া হই প্রিয় ব্যথা পেলে।

সদা আত্মা চিন্তা, স্বচ্ছন্দতা চাহি,
ব্যতিক্রম হলে যন্ত্রণায় মরি ;
কত দুখ পাইয়াছি,
তবু চেতন না হয়,
আত্ম সাধনায় না সরে হৃদয়।
জানেনা জানি, এ সংসার
ত্যজিবে জানি, দেহ আমার,
স্থায়ী নহে সুখ মান
সমস্ত প্রকাশ, কেবল ভাণ।
কিন্তু কই পারি ত্যজিতে এসব
কই অন্তর্দৃষ্টি হয় মোহ হায় ?
কই বনে গিয়া বিজনে সে ভনে
আত্ম সমর্পণে, বাঁধিতে আমার মন ধায় ?
কর্ম্ম পরিহরি, প্রাণের সে হরি—
ভজন, পূজনে ত্যজিতে কই পারি ?
পৃথ্বী মোরে ঠকায়েছে, ঠকাইবে,
প্রস্তর পেষণে মোরে মারিবে।
মায়ের সহিত ভাগে ভোগ করি,
তবুও আহ্লাদে বিহ্বলে মরি।
শ্মশানে আলয়ে এসে পুত্র ধনে,
নব পুত্র আশে মাতি সঘনে,
সেও সেই মত ফাকি দিতে পারে,
কিন্তু মন তা না মানে।
আমি ভুলে গিয়ে ভবেশে
উপাসনা করি নরেশে,
আমিও যেমন, দুখে ছেলেরি
হায় হায় করি মরে সে।

গুরু। কেন হে বিষাদ গণিছ মুত,
করহে অমর পুত,
সুখ, দুঃখ, সমানে হও পার
আশা ছোট কর, ধৈরজ বাড়াও
অন্তরে তাঁহারে কর সার।
মনে নাহি যাও ক্ষতি নাই
ধীরে ধীরে ঘুচাইতে থাক
আশা মোহ তমের বালাই।
দিবানিশি হরি নাম কর,
ভীষণ-ভব-রোগ-হরণ,
বিপদে পড়িলে, সে ধন মিলে।
ওরে কটু বটে, বিষম মধুর,
বিষম কোমল করে নরে,
নাশে আবিলে।

বিষম-রেচন ভব আর,
অভিমান মল দূর হয়,
মায়ার বন্ধন পায় ক্ষয়,
দয়াময় দেখা দেয় অন্তরে।
ওহে প্রিয় শিষ্য না কর সন্তাপ ;
শিথিল করহ স্নেহ ডোর, মোর বাপ্।
না মাতি সংসার সুধায়
পান কর পরম প্রেম সুধায়।
আধ বিকার তাহে, বুঝ হে
আপ মনে কর্ম্ম করহে ধরায়।

শ্রীমেঘনাথ ভট্টাচার্য্য।
জয়পুর মহারাজ কলেজের অধ্যাপক।

এডুকেশন গেজেট।

১৭ই চৈত্র ১৩০০। ইং ৩০শে মার্চ্চ ১৮৯৩।

বেদান্ত-দর্শন।

সমগ্র দর্শনশাস্ত্রমধ্যে মহর্ষি বেদ-ব্যাসপ্রণীত উত্তর-মীমাংসা বা বেদান্ত-দর্শনই শ্রেষ্ঠ। বঙ্গদেশের কয়েকজন বিচারমল্ল পণ্ডিত ব্যতীত এ কথা কেহই অস্বীকার করেন না। ষড়-দর্শনে সম্যক্ ব্যুৎপন্ন স্বামী বিশুদ্ধা-নন্দের নিকট বেদান্তদর্শনই সমধিক প্রশস্ত। বস্তুতঃ বেদান্তদর্শনের অধ্য-য়নে মনে যে পরিমাণ শান্তির উপলব্ধি হয় অন্য কোন দর্শনের অধ্যয়নে তাদৃশ হয় না। ন্যায় শাস্ত্র প্রভৃতি অপরাপর দর্শনশাস্ত্রও অতিশয় সুন্দর বটে, কিন্তু বেদান্তের অধ্য-য়ন বিনা ঐ সকলেও যেন তাদৃশ স্ফূর্ত্তি হয় না। প্রাচ্য দর্শন শাস্ত্রা-ধ্যায়ী ইউরোপীয় দার্শনিকদিগের নিকট বেদান্ত দর্শনই সমধিক আদ-রের সামগ্রী। লণ্ডনের রয়েল ইনষ্টিটিউসনে সেদিন সুবিখ্যাত পণ্ডিত মোক্ষমূলর বেদান্তদর্শন বিষয়ে একটি বক্তৃতা করিয়া উপসংহারে বলিয়া-ছিলেন "বেদান্ত একাধারে দর্শন ও ধর্ম্মশাস্ত্র। ঝটিকা দ্বারা উদ্বেলিত সমুদ্রবক্ষঃ ঝড়ের নিবৃত্তিহেতু স্থির না হইলে সূর্য্যালোক যেরূপ প্রতি-ফলিত করিতে পারে না, সেই প্রকার রিপু ও বাসনারূপ ঝটিকায় উদ্বে-লিত মানবের চিত্তরূপ সাগরবক্ষঃ ঐ রিপু ও বাসনার নিবৃত্তি হেতু স্থির না হইলে সর্ব্বনিয়ন্তা ঈশ্বরের প্রতিকৃতি উহাতে প্রতিফলিত হইতে পারে না। সেই রিপু ও বাসনা প্রশমনের প্র-কৃষ্ট উপায় স্বরূপই—বেদান্তদর্শন।" পণ্ডিত মোক্ষমূলরের ন্যায় ইউরো-পীয় অন্যান্য অনেকানেক দার্শনিকও বেদান্তদর্শন অধ্যয়ন করিয়া মোহিত হইয়াছেন। বক্তৃতাস্থলে মৌক্ষমূলর বেদান্তসম্বন্ধে তাঁহাদিগের মধ্যেও কাহার কাহার মত উদ্ধৃত করিয়া-ছেন। উদ্ধৃত মতগুলির মর্ম্মাবগত হইয়া পাঠকগণ বুঝিবেন যে, দেশীয়ই কি আর বিদেশীয়ই কি বেদান্তদর্শনে যাঁহার প্রবেশাধিকার জন্মিয়াছে, তাঁহাকেই উহাতে এককালীন আর্দ্র হইতে হইয়াছে।

সোপেনহর বলিয়াছেন, "সমগ্র জগতের মধ্যে উপনিষদের ন্যায় শুভ-কর ও চিত্তোৎকর্ষজনক গ্রন্থ আর নাই। এই গ্রন্থের অধ্যয়নে ইহ-জীবনে আমি শান্তিলাভ করিতেছি, মৃত্যুকালেও উহা আমার শান্তি-প্রদ হইবে।" স্যার উইলিয়ম জোন্স বলিয়াছেন, "ভারতের দর্শনশাস্ত্র-প্রণেতা ঋষিগণ দর্শনের অত্যুচ্চ বিষয়

গুলি যে স্থল হইতে প্রাপ্ত হইয়াছিলেন, গ্রীসদেশীয় দার্শনিক পিথাগোরস এবং প্লেটো স্ব স্ব দর্শনের অত্যুচ্চ বিষয়গুলিও সেই একই স্থল হইতে প্রাপ্ত হইয়াছিলেন—ইহা বিশ্বাস করিতে না পারিলে বেদান্ত-দর্শনের অধ্যয়ন সম্ভবপর হয় না। দর্শনশাস্ত্রের ইতিহাসজ্ঞ সুবিখ্যাত পণ্ডিত ভিক্টর কুজাঁ সাহেব প্রাচ্য-দর্শন, বিশেষতঃ ভারতের দর্শনশাস্ত্র সম্বন্ধীয় প্রসঙ্গস্থলে বলিয়াছেন, "বেদান্ত দর্শনের নিকট অবনত হইতে আমরা একান্তই বাধ্য। এই বেদান্ত দর্শনই সমগ্র মানবের সোল্‌নাস্বরূপ। ইহাকে সর্ব্বোচ্চ দর্শনের উৎপত্তিস্থল স্বরূপে আমাদিগকে দেখিতে হইবে।" ইন্দু-ইউরোপীয় ভাষার প্রকৃত আবিষ্কর্ত্তা ফ্রেডরিক সিজেল সাহেব বলিয়াছেন, "প্রাচীন কালের ভারতবাসিগণই যে প্রকৃত ঈশ্বর জ্ঞান লাভ করিয়াছিলেন সে বিষয়ে আর সন্দেহ নাই। এতৎসম্বন্ধে তাঁহারা যে কিছু লিখিয়া গিয়াছেন, সকলগুলিই অত্যুৎকৃষ্ট, অতিপরিস্ফুট এবং এবং অতিমহান্‌ভাবে পরিপূর্ণ। ঈশ্বর বিষয়ক বর্ণনাস্থলে মনুষ্য এযাবৎ যত প্রকার ভাষার ব্যবহার করিয়া আসিয়াছেন তন্মধ্যে তাঁহাদিগের ব্যবহৃত ভাষার ন্যায় সুপরিস্ফুট এবং সম্মাননাসূচক ভাষার ব্যবহার আর কুত্রাপি লক্ষিত হয় না। প্রাচ্য দর্শনের সতেজ ও দীপ্তিমান ভাববাদিতার (Idealism) সহিত তুলনা করিলে ইউরোপীয়দিগের সর্ব্বোচ্চ দর্শন—গ্রীক দার্শনিক পণ্ডিতগণ প্রদিষ্ট যুক্তিবাদিতা (Realism of reason) মার্ত্তণ্ডের সম্মুখীন নির্ব্বাণোন্মুখ ক্ষীণ বহ্নিকণার ন্যায় প্রতীয়মান হইয়া থাকে।"

বৈদেশিকের নিকট বেদান্তের এতদূর আদর হইলেও বঙ্গ ভূমিতে কিন্তু উহার উপযুক্ত মর্য্যাদা নাই। অপরাপর শাস্ত্রের সহিত তুলনায় বেদান্ত শাস্ত্রের অধ্যয়ন ও অধ্যাপন বাঙ্গালায় বড়ই কম। আমরা জানি এই বঙ্গ দেশের মধ্যে এমন মূর্খ নৈয়ায়িক অনেক আছেন যাঁহারা বেদান্ত দর্শনকে 'আত্মপুরাণ' বলিয়া গালি দিয়া থাকেন। বস্তুতঃ শাস্ত্রাধ্যায়ী ব্রাহ্মণগণ বেদান্ত দর্শনের আলোচনা বিষয়ে যদি একান্ত উন্মুখ হন, তবে বিচার-মল্ল ব্রাহ্মণ পণ্ডিতগণের বিচার-মত্ততা দোষের পরিহার এবং সেই সঙ্গে সত্যনিষ্ঠা ও সত্যের গৌরব বর্দ্ধিত হইয়া সমাজের অশেষ কল্যাণ সাধিত হইতে পারে।

১৮৯৪-৯৫ সালের আনুমানিক আয় ব্যয় বিবরণী।

বিগত ২২শে মার্চ বৃহস্পতিবার বড়লাট বাহাদুরের ব্যবস্থাপক সভায় আয়ব্যয়-সচিব অনারেবল মিঃ ওয়েষ্ট-ল্যাণ্ড ভারতের ১৮৯৪-৯৫ সালের আনুমানিক আয়ব্যয় বিবরণী দাখিল করিয়াছিলেন। নিম্নে সংক্ষেপে উহার আভাস দেওয়া যাইতেছে—

১৮৯২-৯৩ সালের আয় ব্যয়ের হিসাবে গবর্ণমেণ্টের ৮৩ লক্ষ ৩৪ হাজার ১২০ টাকা অকুলান পড়িয়াছে। ১৮৯৩-৯৪ সালের বজেট নিরূপণের সময় ১ কোটি ৫৯ লক্ষ ৫১ হাজার টাকা অকুলান পড়িবে বলিয়া অনুমান করা গিয়াছিল, কিন্তু সংশোধিত হিসাবে তদপেক্ষা বেশী দেখান হইয়াছে। সংশোধিত হিসাবানুসারে ঘাট্‌তির পরিমাণ ১ কোটি ৭৯ লক্ষ ২৮ হাজার টাকা। আফিম ও লবণ হইতে উৎপন্ন রাজস্বের পরিমাণ কমিয়াছে; কিন্তু সাধারণতঃ, বিশেষতঃ রেলপথ হইতে উৎপন্ন রাজস্বের পরিমাণ বৃদ্ধিই পাইয়াছে। সরকারী ইউরোপীয় ও ইউরেশীয় কর্ম্মচারীদিগের জন্য বাটার ক্ষতিপূরণের ব্যবস্থা থাকিলেও মোটের উপর সংবৎসরের ব্যয়ের সহিত বজেটে নিরূপিত ব্যয়-পরিমাণের বড় একটা পার্থক্য লক্ষিত হইবে না। সংশোধিত হিসাবে টাকায় দর ১ শিলিং ২·৬ পেন্সের হিসাবে ধরা হইয়াছে, কিন্তু বজেট নিরূপণের সময় ১ শিলিং ২·৭৫ পেন্সের হিসাবে টাকার দর ধরা হইয়াছিল। দরের এই পার্থক্য হেতু সাক্ষাৎসম্বন্ধে এক্সচেঞ্জের ব্যয় ২৬ লক্ষ ৫৯ হাজার টাকা বৃদ্ধি পাইয়াছে।

শতকরা টাকা ৩৸৯॥ পাই ডিস্কাউণ্টে ৩॥ টাকা সুদে সাড়ে তিন কোটি টাকা ভারতে কর্জ্জ করা হয়। ঐ টাকা হইতে সাবেক দেনার অবশিষ্ট শতকরা ৪॥০ টাকা সুদের ১ কোটি ৩৪ লক্ষ ১৪ হাজার টাকা পরিশোধ করা হইবে বলিয়া বিজ্ঞাপন দেওয়া হইয়াছিল। ১ কোটি ১০ লক্ষ টাকা এই বৎসরেই পরিশোধ করা হইবে। ১৮৯৩ সালের ১৪ই অক্টোবর হইতে উক্ত সমস্ত টাকার সুদ বন্ধ হয়।

১৮৯৩ খৃঃ অব্দের জুনমাসের শেষে টাকশালে অবাধ রৌপ্যমুদ্রণ বন্ধ

করিয়া দেওয়া হয়। রৌপ্যমুদ্রণ বন্ধ হইবার পর কয়েক মাস পর্য্যন্ত ষ্টেট সেক্রেটরী মোটেই কৌন্সিল বিল বিক্রয় করিতে পারেন নাই। ১৮৯৩-৯৪ সালের জন্য ষ্টেট সেক্রেটারী ১ কোটি ৮৭ লক্ষ পাউণ্ড খরচ করিতে পারিবেন বলিয়া বজেটে স্থির করা হইয়াছিল কিন্তু এক্ষণে উহা ৯৪ লক্ষ পাউণ্ডে দাঁড়াইতেছে। এই কারণ বশতঃই মধ্যে মধ্যে টাকা ধার করিয়া 'হোম ট্রেজরী'র টাকার পরিপূরণ করিয়া রাখা আবশ্যক হইয়াছে। ষ্টেট সেক্রেটরীর নির্দ্দিষ্ট খরচ কম হওয়ায় ভারতের মজুত টাকা অনেকটা বৃদ্ধি পাইয়াছে। উক্ত মজুত টাকা বর্ত্তমান বর্ষের আগামী ৩১শে মার্চ্চ তারিখে ২৬ কোটি ২৫ লক্ষ ১৭ হাজার ৫৬০ টাকায় দাঁড়াইবে বলিয়া মনে হইতেছে। বজেট এষ্টিমেটের সময় কিন্তু উহা ১২ কোটি ৬৪ লক্ষ ৩১ হাজার ৫০ টাকা মাত্র স্থির হইয়াছিল।

১৮৯৪-৯৫ সালের বজেট এষ্টিমেটে কেবল ৩০ লক্ষ ১৯ হাজার টাকার অকুলান দেখান হইয়াছে। যেরূপ দাঁড়াইয়াছিল তাহাতে উক্ত বৎসরের ঘাট্‌তির পরিমাণ ৩ কোটি, সাড়ে তিন কোটি টাকা হইত, কিন্তু গবর্ণমেণ্ট নিম্নলিখিত মত উপায়গুলি হইতে উহার অনেকটা প্রতিকার করিতে সমর্থ হইয়াছেন। ৩ কোটি, সাড়ে তিন কোটির স্থলে ঘাট্‌তির পরিমাণ এক্ষণে মাত্র কিঞ্চিদধিক ৩০ লক্ষে দাঁড়াইতেছে।

(ক) ব্যয়সঙ্কোচ; (খ) দুর্ভিক্ষ পূর্ত্তের খরচ কমাইয়া উহার কণ্ড হইতে অস্থায়ী কালের জন্য ১ কোটি ৭ লক্ষ ৬২ হাজার টাকা গ্রহণ; (৩) প্রাদেশিক গবর্ণমেণ্ট সমূহ কর্ত্তৃক ৪০ লক্ষ ৫০ হাজার টাকা দান, এবং (৪) আমদানী দ্রব্যের উপরে শুল্ক স্থাপন। ইহা হইতে ১৮৯৪-৯৫ সালে খরচ খরচা বাদ ১ কোটি ১৪ লক্ষ টাকা আদায় হইতে পারিবে।

উক্ত বৎসর অর্থাৎ ১৮৯৪-৯৫ সালে রাজস্ব প্রকৃতই কিছু বৃদ্ধি পাইবে বলিয়া মনে করা যাইতেছে, কিন্তু আফিম হইতে উৎপন্ন রাজস্ব-পরিমাণ অনেক কমিয়া যাইবে। ১৮৯৩-৯৪ সালের বজেট এষ্টিমেটের সময় উক্ত রাজস্ব ৫কোটি ৬ লক্ষ ১২ হাজার টাকা হইবে বলিয়া অনুমান করা হইয়াছিল, কিন্তু খরচ খরচা বাদ উহা এক্ষণে ৪ কোটি ১৩ লক্ষ ৮৩ হাজার টাকা হইবে বলিয়া ধার্য্য হইয়াছে। যাহা হউক মোটের উপর রাজস্বের পরিমাণ বেশী হইবে। এরূপ অবস্থায় সুতরাং নূতন কোনরূপ ট্যাক্স বসাইবার আর আবশ্যক হইবে না।

১৮৯৩-৯৪ সালের বজেট এষ্টিমেটে টাকার দর ১ শিলিং ২৸০ পেন্সের হিসাবে ধরা হইয়াছিল, এক্ষণে ১ শিলিং ১ পেন্সের হিসাবে ধরা হইয়াছে; সুতরাং সাক্ষাৎ সম্বন্ধে এক্সচেঞ্জের ব্যয় উহার জন্য ১ কোটি ৩৭ লক্ষ ১৫ হাজার টাকা বৃদ্ধি পাইবে। বাটার ক্ষতিপূরণের জন্য ১৮৯৪-৯৫ অব্দে ১ কোটি ১১ লক্ষ ৩৩ হাজার টাকা ব্যয় নিরূপিত হইয়াছে। এই টাকার মধ্যে ৪০ লক্ষ ৪ হাজার টাকা প্রাদেশিক গবর্ণমেণ্টের নিকট হইতে পাওয়া যাইবে। ১৮৯৩-৯৪ সালের কিছু দিন কাল ষ্টেট সেক্রেটরী কৌন্সিল বিল বিক্রয় করিতে না পারায় যে নগদ টাকা ঋণ করিতে বাধ্য হইয়াছেন, সেই টাকার সুদ বিলাতে আগামী বৎসরে অর্থাৎ ১৮৯৪-৯৫ সালে খুবই বাড়িয়া উঠিবে, কিন্তু অন্যান্য বিষয়ে নগদ টাকার খরচ কমিয়া যাওয়ায় উক্ত বৃদ্ধিতে বড় একটা আসিয়া যাইবে না।

রেলপথ ও পয়ঃপ্রণালীর কার্য্যে ১৮৯৩-৯৪ সালে ৩ কোটি ৬৪ লক্ষ ৩১ হাজার টাকা এবং ১৮৯৪-৯৫ সালে ৪ কোটি টাকা ব্যয় অনুমান করা হইয়াছে। রাজস্ব হইতে এই ব্যয়ের সরবরাহ হইবে না। ১৮৯৩-৯৪ সালে রেলপথ নির্ম্মাণের জন্য অতিরিক্ত ১ কোটি ৭ লক্ষ ৯৭ হাজার টাকা ব্যয় দুর্ভিক্ষ তহবিল হইতে সরবরাহ করা হইবে। কিন্তু ১৮৯৪-৯৫ সালে দুর্ভিক্ষ তহবিল হইতে টাকা লইয়া রেলপথ নির্ম্মাণে ব্যয় করা হইবে না।

১৮৯৪-৯৫ সালে ষ্টেট সেক্রেটরী ১ কোটি ৭০ লক্ষ পাউণ্ডের কৌন্সিল বিল বিক্রয় করিবেন এবং অস্থায়ী কালের জন্য ৮৩ লক্ষ পাউণ্ড ঋণ করিবেন। এই টাকার মধ্য হইতে ১৮৯৩-৯৪ সালের কৃত অস্থায়ী ঋণের ৬০ লক্ষ পাউণ্ড পরিশোধ করা হইবে। ষ্টেটসেক্রেটরী ইচ্ছা করিলে কৌন্সিল বিল বিক্রয় এবং ঋণ করিবার পরিমাণ আবশ্যকমত বাড়াইতে কমাইতে পারিবেন।

১৮৯৫ সালের ৩১এ মার্চ্চ তারিখে ভারতের ট্রেজরীসমূহে বাকী মজুত ২১

কোটি ৬৮ লক্ষ ৪২ হাজার ৫৬০ টাকা হইবে বলিয়া নিরূপণ করা হইয়াছে। আর সেই জন্যই ১৮৯৪-৯৫ সালে ভারতে আর টাকা ঋণ করা হইবে না এইরূপ অভিপ্রায় করা হইয়াছে। ভারতগবর্ণমেণ্ট কিন্তু আবশ্যক বুঝিলে ইহার ব্যতিক্রম করিতে পারিবেন।

— —

বজেটের আলোচনা।

বজেটের আলোচনা স্থলে বণিক সমিতির প্রতিনিধি অনারেবল প্লেফেয়ার সাহেব, মধ্য প্রদেশের মাধবরাও চিৎনবীশ, অযোধ্যার মহারাজ, বোম্বাইয়ের ফজলভয় বিশ্বরাম, স্যর গ্রিফিৎস্ ঈভান্স, ডাক্তার রাসবিহারী ঘোষ, —এই কয়েকজন বেসরকারী সদস্য এবং সরকারী সদস্যদিগের মধ্যে সমরসচিব জেনারেল ব্রাকেনবারি, ছোটলাট বাহাদুর স্যর চর্লস ঈলিয়ট এবং অর্থসচিব ওয়েষ্টল্যাণ্ড সাহেব —ইহাঁরা সকলেই বক্তৃতা করিয়াছিলেন। ইহাঁদিগের বক্তৃতা শেষ হইলে স্বয়ং বড়লাট বাহাদুর একটি বক্তৃতা করিয়া আলোচিত প্রসঙ্গের উপসংহার করিয়াছিলেন।

বজেট আলোচনায় অনারেবল ডাক্তার রাসবিহারী ঘোষ সরকারী কর্ম্মচারীদিগের বাটার ক্ষতিপূরণের ব্যবস্থায় দোষ দিয়াছেন। দুর্ভিক্ষপূর্ত্ত হইতে টাকা লইয়া গবর্ণমেণ্টের অপরাপর ব্যয়ের সংকুলান করা হইবে—এই ব্যবস্থায় তিনি এবং অনারেবল প্লেফেয়ার সাহেব উভয়েই বিরক্তি প্রকাশ করিয়াছিলেন। ছোট লাট বাহাদুর বুঝাইয়াছেন যে, রেলপথ বিস্তৃত হওয়ায় প্রকৃত দুর্ভিক্ষের আশঙ্কা ঘুচিয়াছে। ১৮৭৪ সালে যেরূপ দুর্ভিক্ষ হইয়াছিল, ১৮৭৮ সালের পর হইতে সেরূপ দুর্ভিক্ষ আর হয় নাই; সুতরাং দুর্ভিক্ষ তহবিলে বেশী টাকা অর্থাৎ দেড় কোটি টাকা না রাখিয়া কেবল মাত্র ৩ লক্ষ টাকা রাখিলেই চলিতে পারে। প্রাদেশিক গবর্ণমেণ্টের নিকট হইতে ৪০ লক্ষ টাকা লইবার ব্যবস্থা প্লেফেয়ার সাহেবের, এবং ডাক্তার ঘোষের বিবেচনায় ভাল বলিয়া বোধ হয় নাই। প্লেফেয়ার সাহেব, অযোধ্যার মহারাজ, মাধবরাও চিৎনবীশ, ফজলভয় বিশ্বরাম ও ডাক্তার রাসবিহারী ঘোষ—ইহাঁরা সকলেই কাপড় সূতায় শুল্ক স্থাপিত না হওয়ায় অসন্তোষ প্রকাশ করিয়াছেন। এতৎসম্বন্ধে অনারেবল স্যর গ্রিফিৎস্ ঈভান্সও ইহাঁদিগেরই কথার পোষকতা করিয়াছেন। স্যর গ্রিফিৎস্ ঈভান্স ভারতের অত্যধিক সামরিক ব্যয় বিষয়েও আপত্তি করিয়াছিলেন।

উপসংহারে বড় লাট বাহাদুর কাপড় সূতায় মাশুল বসান সম্বন্ধে বলিয়াছেন "ভারতের মঙ্গলের জন্যই বিলাতের গবর্ণমেণ্ট কাপড় সূতায় আপাততঃ মাশুল বসাইতে সম্মত হন নাই, কিন্তু ভবিষ্যতে যদি ঐরূপ মাশুল বসান আবশ্যক বলিয়া বিবেচিত হয় তবে উহার সম্বন্ধে গবর্ণমেণ্ট যে পুনর্ব্বিবেচনা করিবেন এরূপ আশাও দিয়াছেন।"

———

বাঙ্গালার প্রাদেশিক সমিতি।

বিগত ২৩শে মার্চ শুক্রবার হইতে আরম্ভ হইয়া উপর্য্যুপরি দুই দিন কাল ব্রিটিস ইণ্ডিয়ান সভাগৃহে বাঙ্গালার প্রাদেশিক সমিতির সাম্বৎসরিক অধিবেশন হইয়াছিল। বাবু নরেন্দ্রনাথ সেন সভাপতি হইয়াছিলেন। বাঙ্গালার অনেকানেক স্থান হইতে প্রতিনিধিবর্গ আসিয়া সভার কার্য্যে যোগ দিয়াছিলেন। এবারে সভায় নিম্নলিখিত প্রস্তাবগুলি গ্রাহ্য হইয়াছে।

(১) ব্রিটিস ইণ্ডিয়ান সভার অভিপ্রায় এই যে, যে সমস্ত হিন্দু দেবোত্তর সম্পত্তি মোহন্তদিগের বন্দোবস্তের অধীনে আছে, যাহাদিগের সম্বন্ধে সাধারণে কথা কহিতে অধিকারী, আইন করিয়া সেই সকলের বন্দোবস্তের ভার স্থানীয় এজেন্সীর উপরে অর্পণ করা হয়। জেলা বোর্ডের বেসরকারী হিন্দু সভ্য লইয়া একটি সব কমিটী করা হয় এবং সেই সব কমিটীর উপর উক্ত সম্পত্তির তত্ত্বাবধারণের ভার অর্পিত হয়। ব্রিটিস ইণ্ডিয়ান সভার এইরূপ অভিপ্রায় প্রাদেশিক সমিতিরও অনুমোদিত।

(২) বিচার ও কার্য্যকরী ক্ষমতা একই কর্ম্মচারীর উপর অর্পিত থাকায় প্রায়ই ক্ষমতার অপব্যবহার হইয়া থাকে। প্রাদেশিক সমিতির এইজন্য ইচ্ছা যে, উক্ত দুই ক্ষমতা পৃথক্ ভাবে পৃথক্ ব্যক্তির উপরে ন্যস্ত হয়। বর্দ্ধমানের ম্যাজিষ্ট্রেট মিঃ আর সি দত্ত এতৎসম্বন্ধে যে ব্যবস্থা স্থির করিয়াছেন, তাহাতে অতিরিক্ত ব্যয় কিছুই হইবে না বলিলেই হয়; আর বাঙ্গা-

লার ভূতপূর্ব্ব প্রধান বিচারপতি স্যর রিচার্ড গার্থ এবং গবর্ণমেণ্টের ভূতপূর্ব্ব প্রধান সেক্রেটরী মিঃ হারবার্ট রেনল্ডস্ প্রভৃতি উক্ত ব্যবস্থার প্রশংসা করিয়াছেন। সমিতির ইচ্ছা, যদি আবশ্যক বোধ হয় তবে গবর্ণমেণ্ট এতৎসম্বন্ধে সমুচিত সন্ধান লইয়া কোনরূপ উপায় স্থির করিবার জন্য সরকারী ও বেসরকারী সভ্য দ্বারা একটি কমিসন সংগঠিত করেন।

(৩) এক্ষণে যেরূপ সময় পড়িয়াছে তাহাতে রাজনীতি, শিক্ষা ও শিল্পাদি বিষয়ের উন্নতি সাধন জন্য হিন্দু আপন শাস্ত্র সম্মত আচার ব্যবহার বজায় রাখিয়া যাহাতে সমুদ্র যাত্রা করিতে পারে তাহার ব্যবস্থা শীঘ্রই করা উচিত।

(৪) যে নূতন কারা আইন সে দিন বড় লাট বাহাদুরের ব্যবস্থাপক সভায় পাস হইয়া গেল, উহাতে কারাসম্বন্ধীয় বর্ত্তমান বিধির কতকটা উন্নতি সাধিত হইলেও উহা এখনও দোষশূন্য নহে। উহাতে জেলের মৃত্যুর হার কমাইবার পক্ষে যথেষ্ট রূপ উপায় বিহিত হয় নাই। এই কারণ বশতঃ সমিতির অভিপ্রায় এই যে, কয়েদীদিগকে যাহাতে অতিরিক্ত খাটান না হয়, কুৎসিৎ ও অপ্রচুর ভক্ষ্য না দেওয়া হয় এবং মিউনিসিপ্যালিটী ও জেলা বোর্ডের সদস্যগণ মধ্য হইতে বেসরকারী জেল পরিদর্শক নিযুক্ত করা হয় তাহার ব্যবস্থা করা উচিত।

(৫) সমিতির অভিপ্রায়, নূতন কৌন্সিল আইনানুসারে ব্যবস্থাপক সভায় সদস্য নিয়োগ সম্বন্ধে নিম্নলিখিত ভাবে কয়েকটি নিয়মের পরিবর্ত্তন করা উচিত—(ক) সদস্য নিয়োগের পক্ষে বাসস্থান সম্বন্ধে যে একটা বাঁধাবাঁধি আছে তাহা উঠাইয়া দেওয়া কর্ত্তব্য যেহেতু উহাতে উপযুক্ত লোক নির্ব্বাচনের পক্ষে অনেকটা বাধা পড়ে। (খ) কতকগুলি করিয়া জেলাবোর্ড এবং কতকগুলি করিয়া মিউনিসিপ্যালিটী একত্রে পালাক্রমে ব্যবস্থাপক সভার সদস্য নির্ব্বাচিত করিবেন বলিয়া যে নিয়ম এক্ষণে আছে তাহা রহিত করিয়া দিয়া সমগ্র প্রদেশের উপরই ভাগ করিয়া নির্ব্বাচনাধিকার দেওয়া হউক, যেন সাধারণ নির্ব্বাচনের সময় সকলেই যোগ দান করিতে পারে। (গ) দেশের জমিদার ও দেশীয় মহাজনগণ গবর্ণমেণ্টের নিয়মাধীনে উভয়েই একজন করিয়া সদস্য যাহাতে স্থানীয় ব্যবস্থাপক সভার জন্য নির্ব্বাচন করিতে পারেন তাহার ব্যবস্থা করা হউক।

(৬) প্রাদেশিক সমিতির অভিপ্রায়, প্রস্তাবিত নূতন মিউনিসিপ্যাল আইনে নিম্নলিখিত মত কয়েকটি পরিবর্ত্তন সাধিত হউক—(ক) মিউনিসিপ্যালিটী সমূহের স্বাস্থ্যবিধান বিষয়ক নূতন ব্যবস্থা সম্বন্ধে মিউনিসিপ্যাল কমিসনরগণ অথবা অধিকাংশ মিউনিসিপ্যালিটী (যেখানে একাধিক মিউনিসিপ্যালিটী পরস্পর সংবদ্ধ) অথবা নির্দ্দিষ্ট অধিকাংশ সংখ্যক করদাতার হস্তে এতৎসম্বন্ধীয় চূড়ান্ত নিষ্পত্তির ভার অর্পিত থাকে। (খ) বজেটের প্রধান প্রধান বিষয় গুলির উপরই কেবল বিভাগীয় কমিসনর ক্ষমতার পরিচালন করিবেন, সামান্য সামান্য বিষয় গুলির উপরে নহে। (গ) কোন মিউনিসিপ্যালিটীতে যেখানে লোকের উপর ট্যাক্স ধার্য্য আছে সেখানে যে, লোকের অবস্থার উপর ট্যাক্স ধার্য্য হইবে না এরূপ আইন হওয়া ঠিক নহে। কমিসনরগণ ইচ্ছা করিলে কোন মিউনিসিপ্যালিটীতে উভয় প্রকার ট্যাক্সেরই প্রচলন করিতে পারিবেন তবে একই সময়ে একই ওয়ার্ডে উভয় প্রকার ট্যাক্স চালাইতে পারিবেন না।

(৭) ড্রেনেজ আইন সম্বন্ধে নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করিয়া দেখা উচিত—(ক) মফস্বলের অনেক স্থানে জল নিকাশের বন্দোবস্ত যেরূপ আবশ্যক, জল সরবরাহের বন্দোবস্ত ও সেইরূপ আবশ্যক। ব্যয় বাহুল্য না করিয়া বিশুদ্ধ জল সরবরাহ যাহাতে হইতে পারে আইনে এরূপ ব্যবস্থা করা উচিত। (খ) যাহাতে সর্ব্বসাধারণের সুবিধা হইবে, এরূপ বিষয়ের ব্যয় ভার বহনের জন্য কেবল ভূম্যধিকারী ও কৃষিজীবিগণকে বাধ্য করা সঙ্গত নহে। যেখানে সাধারণের রাস্তা, রেলপথের বাঁধ প্রভৃতি অপরাপর সাধারণ বিষয়ের জন্য জলনিকাশের ব্যবস্থায় বাধা পড়িবে সেখানে তত্তৎ বিষয়ের কর্ত্তৃপক্ষীয়দিগের নিকট হইতেই হিসাব মত খরচা লওয়াই উচিত। (গ) পবলিক ওয়ার্কস সেসের উদ্বৃত্ত টাকা অন্যায়রূপে 'অর্ডিনারি পবলিক ওয়ার্কসে'র অন্তর্ভুক্ত হইয়াছে; সেই টাকা এক্ষণে নূতন আইনে আলোচিত বিষয়ের জন্যই ব্যয় করা উচিত। (ঘ) কোন প্রস্তাবিত বিষয়ে জেলাবোর্ড সম্মতই হউন

আর অসম্মতই হউন, উহা চূড়ান্ত নিষ্পত্তি বলিয়া ধরা হইবে না, তবে উক্ত বিষয়ের সহিত যাঁহাদের ক্ষতি বৃদ্ধির সম্ভাবনা থাকিবে, ১৮৮০ সালের ড্রেনেজ আইনের ১২, ১৩ ও ১৪ ধারানুসারে তৎসম্বন্ধে তাঁহাদের মতামত গ্রহণের ব্যবস্থা করা হইবে। (ঙ) যে সমস্ত গ্রামে রোডসেস আদায় হইয়া থাকে সেই সমস্ত গ্রামের স্বাস্থ্যোন্নতি সম্বন্ধে উক্ত আদায়ের কিয়দংশ ব্যয় করা হইবে।

(৭) মফস্বলের ডিস্পেন্সরী সমূহের ভারপ্রাপ্ত সিভিল হাঁসপাতাল আসিষ্টাণ্টগণ গ্রামের স্বাস্থ্যবিধায়ক কাজ কর্ম্মের উপর যাহাতে সুচারুরূপ তত্ত্বাবধারণ করিতে সমর্থ হন, তজ্জন্য গবর্ণমেণ্টের মেডিকেল স্কুলসমূহে স্বাস্থ্যবিষয়ে স্বতন্ত্র শিক্ষা দিবার বন্দোবস্ত করা উচিত। যাঁহারা উক্ত বিষয়ক স্বতন্ত্র পরীক্ষায় উত্তীর্ণ হইয়া ডিপ্লোমা পাইবেন, সিভিল হাঁসপাতাল আসিস্টাণ্ট নিয়োগের সময় তাঁহাদিগের বিষয় আদৌ যাহাতে বিবেচনা করা হয় তাহার ব্যবস্থা করিতে হইবে।

এতদ্ব্যতীত আর একটি প্রস্তাবে পূর্ব্ব বৎসরের গৃহীত কয়েকটি প্রস্তাবের সবিশেষ সমর্থন করা হইয়াছে।

বাঙ্গালার জল বায়ু ও শস্য।

২৪এ মার্চ্চ যে সপ্তাহের শেষ হইয়াছে ঐ সপ্তাহে খাস বাঙ্গালার পাঁচটি বিভাগের মধ্যে একমাত্র বীরভূম ও দার্জ্জিলিঙ্গে নামমাত্র এক-আধ কোঁটা বৃষ্টি ব্যতীত আর কোন জেলার সদরে বৃষ্টিপাত হইয়াছে বলিয়া সরকারী রিপোর্টে প্রকাশিত হয় নাই। বর্দ্ধমান বিভাগের বর্দ্ধমান, কালনা, কাটোয়া ও রাণীগঞ্জে আলু ও রবি-ফসলের সংগ্রহ আরম্ভ হইয়াছে। ইক্ষু, মাড়া হইতেছে। চাউলের দর বর্দ্ধমানে টাকায় ১০ হইতে ১৫ সের। কালনায় ১০ হইতে ১৪ সের, কাটোয়া ও রাণীগঞ্জে ১৫ সের। বীরভূমে রবিফসল প্রায় সংগৃহীত হইয়া আসিয়াছে; ইক্ষু ভালরূপ জন্মে নাই, তবে যাহা জন্মিয়াছে তাহাই এক্ষণে মাড়া চলিতেছে। চাউলের দর টাকায় ১২ হইতে ১৮ সের। গোমেষাদির তৃণ ও জল যথেষ্ট আছে। বাঁকুড়ায় ধানের চাসের জন্য জমির পাট চলিতেছে, কিন্তু বৃষ্টির অভাবে চাষের পক্ষে ব্যাঘাত ঘটিতেছে। ইক্ষু মাড়া চলিতেছে। গবাদি পশুর তৃণ জলের অভাব নাই। চাউলের দর সদরে টাকায় ১৭॥০ সের এবং বিষ্ণুপুরে ১৬।০ সের। মেদিনীপুরে নীল ভাল জন্মিতেছে। বোরো ধান আজও বোনা হইতেছে কিন্তু মৃত্তিকা সরস না থাকায় ততটা সুবিধা হইতেছে না। চাউলের দর সদরে টাকায় ১৫॥০ সের, কণ্টাইয়ে ১৮ সের, তমলুকে ১৪ সের এবং ঘাটালে ১৪ | ১৫ সের। হুগলীতে রবিফসলের সংগ্রহ ও ইক্ষুমাড়া এক প্রকার শেষ হইয়া গিয়াছে। চাউলের দর সদরে টাকায় ১১।১২ সের। হাওড়ায় বোরো ধানের জন্য বৃষ্টির প্রয়োজন হইয়াছে। গরু বাছুর প্রভৃতির অবস্থা ভাল; তৃণ, জল যথেষ্টই আছে। চাউলের দর টাকায় ১০ হইতে ১৪ সের।

২৪ পরগণায় একমাত্র বোরো ধান ব্যতীত ক্ষেতে আর কোন ফসল নাই। উহার জন্য বৃষ্টির প্রয়োজন হইয়াছে। গবাদি পশুর অবস্থা ভাল, তৃণ জলের অভাব নাই। চাউলের দর সদরে টাকায় ১১ সের হইতে ১৪ সের, বারাসতে ১২ সের, বশীরহাটে ১৪ সের ৮॥০ ছটাক এবং ডায়মণ্ড হারবারে ১৩। সের। নদীয়ায় রবিফসল সংগ্রহ প্রায় শেষ হইয়া আসিল। ফসল কিন্তু নির্দ্দিষ্ট গড় পরিমাণ অপেক্ষা কম জন্মিয়াছে। বৃষ্টির অভাবে চাষের জমির পাট হইতেছে না। চাউলের দর টাকায় ১২॥ হইতে ১৩॥ সের। স্থানে স্থানে জলকষ্ট অনুভূত হইতেছে। মুরশিদাবাদে ছোলা, গম ও যব সংগৃহীত হইতেছে। তুঁতে ও নীলের অবস্থা ভাল বলিয়া বোধ হইতেছে, কিন্তু একটু জল হইলেই তুঁতের পক্ষে বড় সুবিধা হয়। গবাদি পশুর তৃণাভাব নাই। চাউল টাকায় ১৪ সের। যশোহরে রবিফসল সংগ্রহ শেষ হইয়া গিয়াছে। কৃষকেরা তিল ও ইক্ষুর চাষ আরম্ভ করিয়াছে। চেনা এক্ষণে সংগৃহীত হইতেছে। বোরো ধানের অবস্থা ভাল। একমাত্র ঝিনিদা ভিন্ন আর কোথাও গবাদি পশুর তৃণ জলের কোন অভাব নাই। চাউলের দর সদরে টাকায় ১২ | ১৩ সের, বনগাঁয় ১০ হইতে ১২ সের, মাগুরায় ১২ সের, ঝিনিদহে ১১। সের এবং নড়াইলে ১২। সের। খুলনায় বোরো ধানের অবস্থা মন্দ নহে, কিন্তু কিছু বৃষ্টির আবশ্যক। তিল, পাটের জন্য

জমির চাষ হইতেছে। চাউলের দর টাকায় ১১ হইতে ১৪৸০ সের। গোমহিষাদির তৃণ জলের অভাব নাই।

রাজসাহীতে ক্ষেতে আর বেশী ফসল এমন কিছুই নাই। প্রায় পাঁচ মাস হইল রীতিমত বৃষ্টি হয় নাই। বৃষ্টির অভাবেই চাষের কার্য্য বন্ধ যাইতেছে। গরু বাছুরের তৃণ ও জল যথেষ্ট আছে। উহাদের কোনরূপ ব্যারাম নাই। চাউল টাকায় ১৩ হইতে ১৫ সের। দিনাজপুরে কোন কোন স্থানে পাট ও ভাদুই ধান বুনন আরম্ভ হইয়াছে। চাউলের দর টাকায় ১৩ হইতে ১৫ সের। গরু বাছুরের অবস্থা ভাল, তৃণ জল প্রচুর আছে। জলপাইগুড়িতে ভাদুই ফসল ও পাটের জন্য জমির চাষ চলিতেছে। চাউলের দর সমান আছে। গবাদি পশুর অবস্থা ভাল, তৃণ জলের অভাব নাই। দার্জ্জিলিঙ্গের পার্ব্বত্য অঞ্চলে গম ও যব সংগৃহীত হইতেছে, ভুট্টার রোপণ আরম্ভ হইয়াছে। আলুর উন্নতি দেখা যাইতেছে। তরাই প্রদেশে আজও জমিতে লাঙ্গল দেওয়া হইতেছে। গবাদি পশুর অবস্থা ভাল। চাউলের দর পার্ব্বত্য অঞ্চলে টাকায় ১১ সের, তরাই প্রদেশে ১২ সের। রঙ্গপুরে পাট ও আশু ধান্য বোনা হইতেছে। ইহার জন্য কিছু বৃষ্টির আবশ্যক হইয়াছে। চাউলের দর টাকায় ১১ হইতে ১৫ সের। কুড়িগ্রামে গবাদি পশুর তৃণ জলের কিছু অভাব হইয়াছে। বোগরায় আশু ধান্য বোনা আরম্ভ হইয়াছে। পাট বুনিবার জন্য এখনও জমির পাট চলিতেছে। চাউলের দর যেমন তেমনই আছে। গবাদি পশুর তৃণ জলের কোন অভাব নাই। পাবনায় ক্ষেতে যে সকল ফসল এখনও রহিয়াছে উহাদিগের অবস্থা মন্দ নহে, কিন্তু কিছু বৃষ্টির আবশ্যক হইয়া পড়িয়াছে। সেরাজগঞ্জে চাউল প্রতিমণ ৩।০, ৩৷৷০ টাকা দরে বিক্রয় হইতেছে। পাট ৬ টাকা মণ। সদরে চাউল টাকায় ১২ সের।

ঢাকায় ক্ষেতের ফসলগুলির অবস্থা এক প্রকার ভাল। আশু ধান্য ও পাট বুনিবার জন্য জমিতে লাঙ্গল দেওয়া হইতেছে। চাউল টাকায় ১০ | ১২ সের। গরু বাছুর প্রভৃতির কোন ব্যারাম নাই, উহাদিগের ভক্ষ্য তৃণও যথেষ্ট আছে। স্থানে স্থানে পানীয় জলের অভাব হইয়াছে। ময়মনসিংহে ক্ষেতের ফসলের অবস্থা ভাল। আশু ধান্য ও পাটের জন্য জমির চাষ চলিতেছে। চাউলের দর টাকায় ১০ সের। পানাদির উপযোগী জলের অভাব নাই। গবাদির খাদ্যও যথেষ্ট আছে। ফরিদপুরে রবিফসলের অবস্থা ভাল, পাট ও আশু ধান্যের জন্য জমির চাষ চলিতেছে। বাদারিপুর মহকুমার অন্তর্গত কোটালিপাড়া থানার এলাকায় গবাদি পশুর ব্যারাম আরম্ভ হইয়াছে। তৃণ জলের কোন অভাব নাই। চাউলের দর সদরে ও গোয়ালন্দে টাকায় ১২ সের, কেবল মাদারিপুরে ১৩ সের। বাখরগঞ্জে ফসলের অবস্থা ভাল। চাউল টাকায় ১০ হইতে ১৩ সের। গোমহিষাদির তৃণ ও জলের কোন অভাবই নাই। ঝলাকাটী, মাথাবেড়িয়া, ভাঁড়ারিয়া ও গুলসাখালি থানার এলাকায় এবং এবং বাদরতুনি, বামনা, নাজিরপুর ও ফুলঝুড়ি আউটপোষ্টে পানীয় জলের কিছু অভাব ঘটিয়াছে।

চট্টগ্রাম বিভাগে ত্রিপুরায় ক্ষেতের ফসলগুলির অবস্থা ভাল। আশুধান্য ও পাট বোনা চলিতেছে। চাউল টাকায় ১০ | ১১ সের দরে বিক্রয় হইতেছে। নোয়াখালিতে রবিফসল সংগ্রহ এবং আশুধান্য বোনা আরম্ভ হইয়াছে। গরু বাছুর প্রভৃতির কোন রূপ ব্যারাম নাই। উহাদিগের জন্য তৃণ ও জল যথেষ্ট আছে। চাউলের দর সমানই আছে। চাগ্রামে বাসন্তি ফসলের অবস্থা ভাল নহে। সম্প্রতি বৃষ্টি ও শিল হইয়া অপরাপর ফসলেরও কিছু অনিষ্ট হইয়াছে। শস্যের দর সমান। গবাদি পশুর তৃণ জলের অভাব নাই।

উল্লিখিত পাঁচটি বিভাগে জলবায়ুর অবস্থা সর্ব্বত্রই প্রায় ঋতুর উপযোগী, তবে কোথাও গরম কিছু বেশী পড়িতেছে, কোথাও বা দিনে বেশী গরম হয়, রাত্রিতে কিছু শীতের অনুভূতি হয়।

আগামী ১লা রবিবার ছোটলাট বাহাদুর উড়িষ্যা পরিদর্শনার্থ কলিকাতা পরিত্যাগ করিয়া ৩রা এপ্রেল মঙ্গলবার কটকে আসিয়া পৌঁছিবেন। ৯ই সোমবার বালেশ্বরে যাইবেন এবং তথা হইতে ১২ই বৃহস্পতিবার বাহির হইয়া পরদিন কলিকাতায় আসিয়া পৌঁছিবেন। ছোট-

লাট বাহাদুরের এই কলিকাতা পরিত্যাগ এবং কলিকাতায় প্রত্যাবর্ত্তন উভয়ই অপ্রকাশ্যভাবে হইবে।

বিগত ১২ই চৈত্র রবিবার প্রাতে ধাত্রীশিক্ষাদি গ্রন্থের রচয়িতা প্রসিদ্ধ নামা ডাক্তার যদুনাথ মুখোপাধ্যায় মহাশয়ের মৃত্যু হইয়াছে। তাঁহার বয়ঃক্রম ৫৪ বৎসর হইয়াছিল। এই কাল মধ্যে যদু বাবু অনেকানেক পুস্তকাদি লিখিয়া সমাজের বিস্তর উপকার করিয়া গিয়াছেন। আর কিছু কাল বাঁচিয়া থাকিলে আরও অনেক উপকার করিতে পারিতেন। তাঁহার মৃত্যু যে বিশেষ ক্ষোভের কারণ হইয়াছে সে কথা বলা বাহুল্য মাত্র। বিশেষতঃ এই পত্রের সম্পাদক যদু বাবুকে পুত্রবৎ স্নেহ করিতেন। যদু বাবুর মৃত্যু শুনিয়া তিনি প্রকৃতই মর্ম্মাহত হইয়াছেন।

প্রাপ্তিস্বীকার ও সমালোচনা।

আমরা কৃতজ্ঞতা সহকারে এবারে নিম্নলিখিত পুস্তকগুলির প্রাপ্তি স্বীকার করিতেছি—

চিকিৎসাসম্মিলনী—৯ম বৎসর ৯ম খণ্ড ৬ষ্ঠ ও ৭ম সংখ্যা।

তত্ত্ববোধিনী পত্রিকা—১৮১৫ শক চৈত্র।

পুর্ণিমা—চৈত্র ১৩০০।

বেহারবন্ধু—মার্চ ১৮৯৪।

বিজ্ঞবৃন্দাবন—জানুয়ারী, ফেব্রুয়ারি ১৮৯৪।

সজ্জনতোষিণী—ফাল্গুন, চৈত্র ১৩০০।

জন্মভূমি—ফাল্গুন ১৩০০।

সুকথা—ফাল্গুন ১৩০০।

উপক্ষত্রিয় প্রতিনিধি—২য় খণ্ড, ৯ম সংখ্যা।

ধর্ম্মপ্রচারক—মাঘ ফাল্গুন পক্ষ: ১৮১৫।

দাসী—মার্চ ১৮৯৪।

কৃষি—মাসিক পত্রিকা সমালোচনী। শ্রীকালীচরণ মিত্র কর্ত্তৃক সম্পাদিত। আমরা বর্ত্তমান বর্ষের কেবল উহার প্রথম খণ্ডের দ্বিতীয় সংখ্যা খানি পাইয়াছি। পূর্ব্বের বা পরের আর কোন সংখ্যা পাই নাই।

স্তোত্রমালা—শ্রীউপেন্দ্রচন্দ্র বসু দ্বারা প্রকাশিত। ইহাতে সাঙ্গালাপদো নারায়ণ ব্রহ্মা কালী প্রভৃতি দেব দেবীর স্তব করা হইয়াছে।

পদ্যবিন্দু—(প্রথম ভাগ) শ্রীকৈলাসচন্দ্র দে প্রণীত। ডিমাই ১২ পেজী আকারের ৩২ পৃষ্ঠায় সম্পূর্ণ। অল্প বয়স্ক বালক বালিকাদিগের পাঠের জন্য আজ কাল সচরাচর যে সকল পদ্যগ্রন্থ প্রণীত হইতেছে তন্মধ্যে অনেকের তুলনায় এ খানি ভাল হইয়াছে, কিন্তু দুঃখের বিষয় পুস্তক খানির দ্বিতীয় সংস্করণেও উহার মধ্যে কতকগুলি বর্ণাশুদ্ধি রহিয়া গিয়াছে। বালকদিগের উদ্দেশ্যে প্রণীত গ্রন্থে বর্ণাশুদ্ধি থাকিয়া যাওয়া প্রশংসার কথা নহে।

"কালী। ধ্যান না শ্রীঃ ও লীতা"—গ্রন্থকার গ্রন্থ খানিতে আপন চিত্তস্থৈর্য্যতার সবিশেষ পরিচয় দিয়াছেন। পুস্তক খানি পাঠ করিয়া আমরা প্রীতিলাভ করিয়াছি। ছাপার ভুল বড়ই বেশী হইয়াছে। আশা করি গ্রন্থকার দ্বিতীয় সংস্করণে ঐগুলি সমগ্র সংশোধিত করিয়া দিবেন।

সংস্কৃত চন্দ্রিকা—ফাল্গুন শক ১৮১৫।

The Calcutta Journal of Medicine—a monthly record of the medical and auxiliary sciences, edited by Dr. Mohendra Lal Sircar M. D., C. I. E.—আমরা ইহার ২ সংখ্যা প্রাপ্ত হইয়াছি। চিকিৎসা বিজ্ঞানের উন্নতিসাধনই এই পত্রিকার উদ্দেশ্য। চিকিৎসাশাস্ত্র বিষয়ে বহুজ্ঞ ডাক্তার সরকারকর্ত্তৃক পরিচালিত এই পত্রিকাসম্বন্ধে আমাদের অধিক বলিবার কিছুই নাই।

The Thirteenth Annual Report of the Faridpur Suchid Sabha—১২৯৯ সালের ২৪শে শ্রাবণ হইতে ১৩০০ সালের ২৮শে শ্রাবণ পর্য্যন্ত এক বৎসরের ফরিদপুর সুহৃদ সভার ত্রয়োদশ বার্ষিক কার্য্যবিবরণী আমাদের হস্তগত হইয়াছে। বিবরণী পাঠে সভার দিন দিন শ্রীবৃদ্ধি সাধিত হইতেছে দেখিয়া আমরা পরিতুষ্ট হইয়াছি।

পত্রলেখকগণ।

শ্রীদেবেন্দ্রনাথ বসু রামকৃষ্ণপুর—আপনার পত্রখানি যোগেন্দ্র বাবুকে পাঠাইয়া দিবেন। যোগেন্দ্র বাবু যখন সংবাদ পত্রসমূহে স্বীয় ঔষধ বিক্রয়ের বিজ্ঞাপন দিবেন, তখন আপনার পত্রখানি প্রশংসা পত্র স্বরূপে তৎসহ প্রকাশিত করিলেই উদ্দেশ্য অনেকটা সিদ্ধ হইতে পারিবে।

শ্রীভাগ্যবান্ বিদ্যালঙ্কার—গুগুনী হোগুলের প্রধান পণ্ডিত—শ্রীযুক্ত বাবু নৃসিংহচন্দ্র মুখোপাধ্যায় প্রণীত ৩য় ভাগ পদ্যপ্রকাশ ১৮৯২ সালের ছাত্রবৃত্তি পরীক্ষার পাঠ্য নির্দ্দিষ্ট হওয়ায় আহ্লাদ প্রকাশ করিয়াছেন।

শ্রীসত্যপ্রসাদ ভট্টাচার্য্য—পূর্ব্বস্থলী—আপনার লিখিত পদ্য গুলি প্রকাশিত হইবে না।

শ্রীরাধাচরণ আচার্য্য—ই বি টি স্কুল পাবনা—পদ্য প্রকাশিত হইবে না।

শ্রীরামকুমার লস্কর—লেগো—ধ্রুবনক্ষত্রে সমভাবে আকৃষ্ট হইয়া নক্ষত্রাদি দক্ষিণাবর্ত্তে নিয়ত পরিভ্রমণ করিতেছে দেখিয়াছেন এবং বিষ্ণুপুরাণের দ্বাদশ অধ্যায়ে ধ্রুবস্থ চরিত্রের কয়েকটি শ্লোক মধ্যেও ইহার প্রমাণ পাইয়াছেন।

পোতাজিয়া বিদ্যালয়ের ছাত্রবৃন্দ—তত্রত্য গবর্ণমেণ্ট সাহায্যকৃত মধ্যবঙ্গ বিদ্যালয়ের প্রধান পণ্ডিত মহাশয়ের মৃত্যু উপলক্ষে শোক প্রকাশ করিয়া একটি পদ্য লিখিয়াছেন। পদ্য প্রকাশিত হইবে না।

সাপ্তাহিক সংবাদ।

[কলিকাতা] চৈতন্য লাইব্রেরি।—এই বৎসর চৈতন্য লাইব্রেরি হইতে নিম্নলিখিত পদক গুলি প্রদত্ত হইবে।—(১) Blackie প্রণীত Self-culture নামক পুস্তকের সর্ব্বোৎকৃষ্ট বঙ্গানুবাদের জন্য একটী স্বর্ণপদক; (২) "বাঙ্গালা নাটকের ইতিহাস" সম্বন্ধে সর্ব্বোৎকৃষ্ট বাঙ্গালা প্রবন্ধের জন্য একটী রৌপ্যপদক এবং (৩) "বিজ্ঞান আলোচনায় নৈতিক ফল" সম্বন্ধে সর্ব্বোৎকৃষ্ট ইংরাজী প্রবন্ধের জন্য একটী রৌপ্য পদক। অনুবাদ ও প্রবন্ধগুলি আগামী ৩০এ নবেম্বরের পূর্ব্বে চৈতন্য লাইব্রেরী সম্পাদক নং ৪। ১ বীডন ষ্ট্রীট, কলিকাতা, এই ঠিকানায় পাঠাইতে হইবে।

মার্চ মাসের শেষ পর্য্যন্ত অনারেবল গণেশচন্দ্র চন্দ্র বাঙ্গাল গবর্ণমেণ্টের ব্যবস্থাপক সভার সদস্য থাকিবেন। অতঃপর তাঁহার স্থানে আলিপুরের

ডিষ্ট্রীক্ট জজ উইলকিন্স সাহেব উক্ত ব্যবস্থাপক সভার সদস্য নিযুক্ত হইবেন স্থির হইয়া গিয়াছে।

বঙ্গীয় জাতিমালা (ট্রাইবস্ এণ্ড কাষ্ট্স্ অফ বেঙ্গল) নামক গ্রন্থের সচয়িতা বাঙ্গাল গবর্ণমেণ্টের রাজস্ব বিভাগীয় সেক্রেটরী অনারেবল রিজ্‌লি সাহেবের নিকট উত্রাক্ষত্রিয় সমিতি হইতে একখানি আবেদন প্রেরণ করা হইয়াছে। রিজ্‌লি সাহেব উক্ত জাতিকে আগুরি নামে অভিহিত করিয়াছেন। সমিতির ইচ্ছা তাঁহার পুস্তকে আগুরি শব্দের অব্যবহিত পরেই উত্রক্ষত্রিয় কথাটিরও উল্লেখ রাখা হয়। রিজ্‌লি সাহেব উক্ত জাতিকে চাষা বলিয়াছেন। সমিতি ইহাতে প্রতিবাদ করিয়াছেন। সমিতি বলিয়াছেন, লাঙ্গল ধরিয়া চাষ করে এরূপ লোক আমাদিগের মধ্যে অধিক সংখ্যক নাই, সুতরাং উক্ত জাতিকে চাষা না বলিয়া বরং কৃষিজীবী বলিলে ভাল হয়।

বিগত ১৪ই মার্চ বৃহস্পতিবার বড় লাট বাহাদুরের ব্যবস্থাপক সভায় সার এণ্টনি মাক্‌ডোনেলের প্রস্তাবিত নূতন জেল আইন পাশ হইয়া গিয়াছে।

বৈদ্যুত শুকুল নামে যে ব্যক্তি সে দিন বড় সাজাসে পাহারাওয়ালাকে খুন করিয়াছে বলিয়া অভিযুক্ত হইয়াছিল, কলিকাতার পুলিস কোর্ট হইতে তাহাকে হাইকোর্টের রায়রায় সোপরদ্দ করা হইয়াছে।

[বর্দ্ধমান] বর্দ্ধমানের কমিসনর পাউয়ার সাহেব যে মাসে অবসর গ্রহণ করিবেন মিঃ আর সি দত্ত বর্দ্ধমান বিভাগের কমিসনর হইবেন স্থির হইয়া গিয়াছে বলিয়া শুনা যাইতেছে।

[বোম্বাই] এক জানুয়ারী মাসেই কেবল মাত্র বোম্বাই বন্দর হইতে ৮৮ লক্ষ ৩১ হাজার টাকার তুলা বিদেশে রপ্তানী হইয়াছে। (দৈনিক)

[সাধারণ] ১৮১৫ শাল হইতে ১৮২৮ শাল এই ১৩ বৎসরের মধ্যে কলিকাতা, ঢাকা, মুরশিদাবাদ, পাটনা, বারাণসী ও বেরেলী বিভাগে সর্ব্বশুদ্ধ ৮ হাজার ১৩৩ জন স্ত্রী স্বামীর সহমৃতা হইয়াছিল বলিয়া জানা গিয়াছে। (জন্মভূমি)

বিশাল ব্রিটিশ সাম্রাজ্যের অন্তর্ভুক্ত ১ শত উপদ্বীপ, ৫ শত অন্তরীপ, ১ হাজার হ্রদ, ২ হাজার নদী, এবং ১০ হাজার দ্বীপ আছে। (দৈনিক)

আদেশিক সর্ভিসের কার্য্যকরী শাখার এবং অধস্তন সিভিল সর্ভিসের পরীক্ষা দিবার জন্য এবারে ১৫৪ জনকে অনুমতি দেওয়া হইয়াছে।

[বৈদেশিক] মার্কিণ গবর্ণমেণ্ট স্বদেশে চীনদিগের যাওয়া রহিত করায় চীন গবর্ণমেণ্ট মার্কিণের চীন বাণিজ্যে বাধা দিয়াছেন। কাজেই মার্কিণের গবর্ণমেণ্টকে অবশ হইয়া চীনের আমেরিকা প্রবেশ যাহাতে রহিত না হয় তাহার ব্যবস্থা করিতে হইতেছে।

ইংলণ্ড, ফ্রান্স প্রভৃতি রাজ্যে যতগুলি রণপোত আছে, যত প্রস্তুত হইতেছে এবং যত প্রস্তুত করিবার কথা হইয়াছে তাহার একটা হিসাব প্রকাশিত হইয়াছে—ইংলণ্ডের ১৬৮ খানি রণপোত আছে, প্রস্তুত হইতেছে ২১ খানি। ফ্রান্সের আছে ৮৩ খানি, প্রস্তুত হইতেছে ২৭ খানি এবং প্রস্তুত করিবার সঙ্কল্প করা হইয়াছে ১১ খানি। রুষের আছে ৩২ খানি, প্রস্তুত হইতেছে ১৩ খানি, সঙ্কল্পিত ৩ খানি। জর্ম্মনের আছে ৫৫, হইতেছে ৯, সঙ্কল্পিত ২ খানি। ইটালীর আছে ৩১, হইতেছে ১২, সঙ্কল্পিত ৪ খানি। অষ্ট্রিয়ার আছে ১৮ খানি, হইতেছে ৫ খানি।

হঙ্গেরীর বুদাপেষ্ট নামক স্থানে সম্প্রতি খুবই গোলযোগ ঘটিয়াছিল। অনেকগুলি ছাত্র ও অন্যান্য লোক জোর করিয়া থিয়েটরও অপরাপর আমোদ প্রমোদের স্থানে প্রবেশ করে এবং কসুথের মৃত্যু উপলক্ষে শোকের চিহ্ন স্বরূপ থিয়েটর প্রভৃতি বন্ধ রাখিবার জন্য পীড়াপীড়ি করে। সর্ব্বত্রই কাম নিশান তুলিয়া দেয়। এই উপলক্ষে পুলিসের সহিত পুনঃ পুনঃ দাঙ্গা হয়। দাঙ্গায় গোলযোগকারী ছাত্র প্রভৃতির মধ্যে ২০ জন আহত হইয়াছে। কর্ত্তৃপক্ষীয়েরা কাল নিশান তুলিয়া ফেলিয়া দেওয়ায় যে দিন এই ঘটনা হয় তাহার পর দিন রাত্রিতে আবার দাঙ্গা হয়। পুলিস দাঙ্গাকারী দিগের উপর গুলি চালাইয়াছিল; তাহাতে ৪০ জনের ও অধিক জখম হইয়াছে।

জর্ম্মণ সম্রাটের দুইটি ছেলে, দুইটিই শিশু, কাহারও কিছুমাত্র বাহাদুরি করিবার যো নাই। সম্রাটের আদেশমত সকলকেই লোহার খাটে একটা তোষকের উপরে শুইতে হয়। শয্যাত্যাগ প্রাতে খুব শীতেও ঠাণ্ডা জল স্নান করিতে হয় এবং তাহার পর কুস্তি করিতে হয়। (দৈনিক)

বেলজিয়মে 'কৃষ্ণকায় প্রদর্শনী' হইবে অর্থাৎ যত কদাকার কুৎসিৎ লোক আছে তাহাদিগকে লইয়াই মেলা হইবে। ইউরোপের প্রত্যেক দেশ হইতে কদাকার কুৎসিৎ লোকদিগের মেলাস্থানে আমদানী হইবে।

ভারতের ভূতপূর্ব্ব সেনাপতি লর্ড রবার্টস সে দিন বিলাতের কোন সভাস্থলে একটি বক্তৃতায় বলিয়াছেন, "রুষ যদি ভারত আক্রমণ করে তাহা হইলে ভারতে দেশীয় ও বিলাতী যে পল্টন আছে তাহাতে চলিবে না, সুতরাং ভারত রক্ষার জন্য বিলাত হইতে স্বতন্ত্র পল্টন পাঠাইতে হইবে।"

ডাক্তারেরা দেখিয়াছেন, মিঃ গ্লাড্‌ষ্টোনের দুটী চক্ষেই ছানি পড়িয়াছে। একটি চক্ষের ছানি তিন মাসের মধ্যেই কাটিতে পারা যাইবে। গ্লাডষ্টোন সাহেব নির্ব্বাচক মণ্ডলীকে যে পত্র লিখিয়াছেন তাহাতে বলিয়াছেন যে, মন্ত্রিত্বপদ পরিত্যাগ করিলেও তিনি সদস্যপদ পরিত্যাগ করিবেন না, তবে সভাস্থলে উপস্থিত হওয়া না হওয়া তাঁহার শারীরিক স্বাস্থ্যের উপর নির্ভর করিবে।

অষ্ট্রিয়ার সম্রাট্, সম্রাট্ উইলিয়মের সহিত আক্সজিরা নামক স্থানে আসিয়া সাক্ষাৎ করিবেন। রুষ সম্রাটের সহিত সম্রাট উইলিয়মের পরে খুতুতে সাক্ষাৎ হইবে বলিয়া প্রচার হইয়াছে।

বিলাতের টাইমস্ পত্রিকা একটি প্রবন্ধ লিখিয়া ম্যাঞ্চেষ্টারের লোকেরা ভারতের প্রতি যাহাতে অন্যায় ব্যবহার না করেন তজ্জন্য তাহাদিগকে অনুরোধ করিয়াছেন, বলিয়াছেন, অন্যায় ব্যবহার করিলে আমাদের জাতির অযশ ঘোষিত হইবে।

সার মর্টিমার ডুরাণ্ডের চুক্তির সর্ত্ত মত ইংরেজ শীঘ্রই আফগান ও ভারতের মধ্যে সীমা স্থির করিয়া লইবেন। এতৎ সম্বন্ধে উদ্যোগ আয়োজন চলিতেছে। বলেটে ইহার জন্য টাকাও নির্দ্দিষ্ট করিয়া রাখা হইয়াছে।

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—মজঃফরপুরের ডিঃ ও সেঃ জজ ষ্টিভেন্স সাহেবের কার্য্য ভারত গবর্ণমেণ্টের হোম ডিপার্টমেণ্টের অধীনে থাকিল। মালদহের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু শিতিকণ্ঠ ঘোষ মুঙ্গের জেলায় জয়েণ্ট মজকুমায় বদলী হইলেন। মুঙ্গের জয়েণ্টের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু চণ্ডীচরণ চট্টোপাধ্যায় পাটনা জেলার সবরে বদলী হইলেন। বাখরগঞ্জের জঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ সূর্য্যকুমার অগষ্টি অস্থায়ীরূপে নোয়াখালির মাঃ ও কঃ হইলেন। বর্দ্ধমানের আঃ মাঃ ও কঃ মিঃ সতীশচন্দ্র মুখোপাধ্যায় অস্থায়ীরূপে হুগলী শ্রীরামপুরে বদলী হইলেন। মজঃফরপুরের অতিরিক্ত ডিঃ ও সেঃ জজ পেজ সাহেব উক্ত জেলার ডিঃ ও সেঃ জজ হইলেন।

বিচার—চট্টগ্রামের অতিরিক্ত মুঃ বাবু ব্রজবিহারী সোম ও যশোহর মড়াইলের মুঃ বাবু মহিমচন্দ্র ঘোষ ৩য় শ্রেণীর সব জজ হইলেন। নিম্নলিখিত ব্যক্তিগণ ১ম শ্রেণীর মুঃ হইলেন—হুগলী আমড়ার মুঃ বাবু উপেন্দ্রনাথ বসু, নদীয়া কুষ্টিয়ার মুঃ বাবু অক্ষয়কুমার সেন, বাখরগঞ্জ পটুয়াখালির মুঃ বাবু নন্দলাল কুণ্ডু। নিম্নলিখিত ব্যক্তিগণ ২য় শ্রেণীর মুঃ হইলেন—মনমনসিংহ শিজনার মুঃ বাবু রাজেন্দ্রনাথ দত্ত, হুগলী হাওড়ার মুঃ বাবু রাজকৃষ্ণ বন্দ্যোপাধ্যায় ও ঢাকার মুঃ বাবু যোগেন্দ্রনাথ ঘোষ (২নং)। নিম্নলিখিত ব্যক্তিগণ ৩য় শ্রেণীর মুঃ হইলেন—যশোহর খুলনার মুঃ বাবু শরচ্চন্দ্র পাল, চট্টগ্রাম উত্তর রাওজানের মুঃ বাবু শ্রীহরি লাহিড়ী এবং দিনাজপুর ঠাকুর গাঁওয়ের মুঃ বাবু বিপিনবিহারী ঘোষ। নিম্নলিখিত ব্যক্তিগণ ৪র্থ শ্রেণীর মুঃ হইলেন—চট্টগ্রামের অতিরিক্ত প্রতিনিধি মুঃ বাবু অচিন্ত্যনাথ মিত্র, ফরিদপুর ভাঙ্গার প্রতিনিধি মুঃ বাবু ভগবতীচরণ কুণ্ডু এবং চট্টগ্রামি হাথাজারি ও কটিকছারীর অতিরিক্ত প্রতিনিধি মুঃ বাবু কলিদাস বসু। চট্টগ্রামের অতিরিক্ত মুঃ (এক্ষণে ত্রিপুরার প্রতিনিধি সব জজ) বাবু ব্রজবিহারী সোম উক্ত সব জজের পদে পাকা হইলেন। ত্রিপুরার ফর্লো প্রাপ্ত সব জজ বাবু জগবন্ধু পাঞ্জলী পূর্ণিয়ার সব জজ হইলেন। মেদিনীপুর কণ্টাইয়ের মুঃ বাবু হরকৃষ্ণ চট্টোপাধ্যায় পূর্ণিয়ার সব জজ হইয়া আর আদেশ যাবৎ বাখরগঞ্জের প্রতিনিধি অতিরিক্ত সব জজের হইয়া কার্য্য করিবেন। ফরিদপুরের সব জজ বাবু বেণীমাধব মিত্র হুগলীর সব জজ হইলেন। চট্টগ্রামের প্রতিনিধি অতিরিক্ত মুঃ বাবু অচিন্ত্যনাথ মিত্র উক্ত পদে পাকা হইলেন। ফরিদপুর ভাঙ্গার প্রতিনিধি মুঃ বাবু ভগবতীচরণ কুণ্ডু উক্ত পদে পাকা হইলেন। ফরিদপুর ভাঙ্গার অতিরিক্ত মুঃ বাবু অমরচন্দ্র মুখোপাধ্যায় যশোহর মড়াইলের মুঃ হইলেন। চট্টগ্রাম হাথাজারি ও কটিকছারীর প্রতিনিধি অতিরিক্ত মুঃ বাবু হরিদাস বসু দিনাজপুর কুলবাড়ীর মুঃ হইলেন। বাবু দেবেন্দ্রপ্রসাদ বাগচি বি এল নাখরগঞ্জ সরিশালের মুঃ হইলেন। বাবু সুকুমার ভট্টাচার্য্য এম এ বি এল রংপুর গাইবান্ধার মুঃ হইলেন।

শিক্ষা—মুরসিদাবাদের ডেঃ ইনঃ বাবু ফণীভূষণ বসু এম এ ১ মাসের ছুটী পাইলেন। হিন্দু স্কুলের ৪র্থ শিক্ষক বাবু রামমাত্ত ভট্টাচার্য্য উক্ত স্কুলের ৩য় শিক্ষক হইলেন। ৫ম শিক্ষক বাবু যাদবকৃষ্ণ দাস ৪র্থ শিক্ষক, ৬ষ্ঠ শিক্ষক বাবু সর্ব্বেশ্বর ভট্টাচার্য্য ৫ম শিক্ষক, এবং ৭ম শিক্ষক বাবু ব্রজনাথ বন্দ্যোপাধ্যায় ৬ষ্ঠ শিক্ষক নিযুক্ত হইলেন।

উদ্ভট কবিতা।

[৭৫৯]

"সরস্বতী শিক্ষা করেণ লক্ষ্মীঃ করগ্রহোক্তেঃ।
রাজেন্দ্র! কুপিতা কীর্ত্তিস্তেন দেশান্তরং গতা॥

[৪৬০]

"অর্থোপিরামপিতিকঃ পিতিবক্ষকান্তি
সৌভাগ্যমেতি মরহট্টবধূস্তনাঢ্যঃ।
নো কুর্ব্বীস্তন ইবাতিতরাং নিগূঢ়ঃ
নাস্ত্রীপয়োধর ইবাতিবিবৃট্টিতাঙ্গঃ॥

[৪৬১]

বাসঃ পতাকে পলু যাথাতথাঃ বাসো বিহীনঃ
বিভাতি লক্ষ্মীঃ।
পীতাম্বরং বীক্ষ্য দদৌ তমুক্তাঃ দিগম্বরং
বীক্ষ্য বিমনা সমুদ্রা॥
(সংস্কৃত চন্দ্রিকা)

বিজ্ঞাপন।

কর্ম্মখালি।

Wanted an experienced Head Master strong in English for the H. E. school Purbasthali. Apply with copies of testimonials within this month to Babu Mohima Nath Roya, Purbasthali.

Wanted an F. A. or B. A. plucked experienced teacher for the Agorparah H. C. E. School. Salary Rs 20 to 25 according to qualifications. Applications are to be sent to Babu Nritya Gopal Bhattacharjya, Hd. Master H. C. E. School at Agorparah, Calcutta.

Wanted a Head Master for the Bhanderhati M. E. school on a salary of Rs 25 per month. None need apply who has not passed the F. A. examination and who has not some experience in the art of teaching. Applications with copies of testimonials should be sent as soon as possible to the secretary to the Bhanderhati M. E. school, Bhanderhati P. O. Hooghly.

Wanted a Head Pundit for the Victoria High school at comilla for six months. There is every likelihood of the selected candidate being made permanent. The salary attached to the post is Rs 20 per mensem. An adequate knowledge of English is essential. Apply sharp to Babu Dinesh Chandra Sen Head Master, Victoria School Comilla.

Wanted an elderly man to teach the children on a salary of Rs 15 per month and free quarter. One, who has passed the Calcutta University Entrance examination and also knows Gymnastic will be preferred. Apply to the Zemindar of Hazrawat Azimganj.

Wanted a B. A. for the second teachership of the Ranaghat Training Institution. The candidate must state the lowest pay he may accept. Private tuitions are available. May conveniently attend the Hugli college Law Lectures. Apply before the 7th April 1894 to the Superintendent, Training Institution, Ranaghat.

Wanted a poor Brahmin, who has passed the Entrance examination to take charge of 2 or 3 boys. Pay Rs 6 with free board and lodging. Apply to Babu Nilratton Mookerji, Baidyabati, Near Station.

পোতনা মধ্য ইংরাজি স্কুলের জন্য একজন দ্বৈতার্থিক পরীক্ষোত্তীর্ণ পণ্ডিতের আবশ্যক। মাসিক বেতন ১৫৲ টাকা। গন প্রার্থিগণ স্ব স্ব প্রশংসা পত্রের অনুলিপি সহ শীঘ্র আবেদন করুন। শ্রীবসন্তকুমার সেন হেড মাষ্টার পর্ণিমা পোঃ খুলনা।

২টী বালকদের প্রাইভেট ইংরেজী শিক্ষা দিবার জন্য এল এ পাশ অথবা এল এ ফেল জনৈক শিক্ষকের প্রয়োজন। মাসিক বেতন ১৫৲ টাকা। এতদ্ব্যতীত আহার্য্য প্রাপ্ত হইবেন। কর্ম্মপ্রার্থিগণ স্বীয় প্রশংসা পত্র সহ বাঙ্গালাতে আমার নিকট আবেদন করুন। শ্রীতারিণীমোহন শর্ম্মা মজুমদার মোঃ ভাজনডাঙ্গা, পোঃ ভবানীগঞ্জ জেলা রংপুর।

গাদীয়া ম ইং স্কুলের জন্য মাসিক আপাততঃ ১৮৲ টাকা বেতনে এক জন নর্ম্মাল দ্বৈবার্ষিক পরীক্ষোত্তীর্ণ পণ্ডিতের আবশ্যক। গাদিয়া রানপুর রেলওয়ে ষ্টেশন হইতে এক মাইল দূরে অবস্থিত। শ্রী নবদ্বীপচন্দ্র বিশ্বাস হেড মাষ্টার রানপুর পোঃ ই বি রেলওয়ে।

পুখুরিয়া মধ্য শ্রেণী স্কুলের জন্য মাসিক ২০৲ টাকা বেতনে হেড পণ্ডিতের পদ শূন্য আছে। আবেদনকারী অবিলম্বে স্ব স্ব পারদর্শিতার পরিচয় এবং হুগলী নর্ম্মাল স্কুলের দ্বৈবার্ষিক পরীক্ষোত্তীর্ণ হওয়ার সার্টিফিকেটলব্ধ বয়স এবং জাতির উল্লেখ করিয়া আমার নিকট আবেদন করুন। শ্রীনীলমাধব দাস, পুখুরিয়া স্কুল, পোষ্ট আড়াইডাঙ্গা, জেলা মালদহ।

জমিদার শ্রীযুক্ত বাবু ললিতমোহন মৈত্র মহাশয়ের বাটীর জন্য এক জন স্মার্ত্ত ব্রাহ্মণ পণ্ডিতের প্রয়োজন। তাঁহাকে প্রতিদিন সন্ধ্যার সময় শ্রীশ্রী৺ মদনমোহন বিগ্রহ ঠাকুরের বাটীতে ভাগবত আদি ব্যাখ্যা ও আবশ্যক মত তন্ত্রানুসারে শান্তি স্বস্ত্যয়ন করিতে হইবে। সংস্কৃত শ্লোক রচনায় বিশেষ দক্ষতা থাকা আবশ্যক। মাসিক বেতন ১৫ টাকা। খোরাকী ও বাসা সরকার হইতে পাইবেন। চৈত্র সংক্রান্তির মধ্যে শ্রীবিনোদবিহারী রায় সুপারিণ্টেণ্ডেণ্ট তালন্দ ষ্টেট। তালন্দ পোঃ রাজসাহী—ঠিকানায় আবেদন করিতে হইবে।

৺বিশ্বনাথ বৃত্তি।

ভারতধর্ম্ম মহামণ্ডলীর মুখ্যতম উদ্দেশ্যের অনুসরণ করিয়া ৺ বিশ্বনাথ চতুষ্পাঠীতে বার্ষিক পঞ্চাশৎ টাকা পরিমাণে এক একটী করিয়া আর কয়েকটী বৃত্তি স্থাপিত হইয়াছে। যে যে চতুষ্পাঠীতে বেদান্তাদি দর্শন শাস্ত্র অথবা প্রাচীন ও নব্যস্মৃতি অধ্যাপিত হয়, সেই সেই চতুষ্পাঠীতে এই বৃত্তিগুলি দেওয়া যাইবে। অধ্যাপক ইচ্ছা করিলে ঐ বৃত্তি ত্রৈমাসিক বা ষাণ্মাসিক বা বার্ষিকরূপে গ্রহণ করিতে পারিবেন। ছাত্রদিগের বিদ্যাবত্তা ও সচ্চরিত্রতা সম্পাদন ভিন্ন অধ্যাপক মহাশয়দিগকে অপর কোন নিয়মের অধীন হইতে হইবে না। যে সমস্ত অধ্যাপক বৃত্তি লইতে ইচ্ছা করিবেন, তাঁহারা অথবা তাঁহাদিগের ছাত্রাধীরা অধ্যাপকের নাম ধাম ছাত্রসংখ্যা ও প্রত্যেক ছাত্রের অধীতব্য বিষয় লিখিয়া আমাকে সংবাদ দিবেন।

চুঁচুড়া বিশ্বনাথ চতুষ্পাঠীর
অধ্যাপক শ্রীহরিনাথ স্মৃতিভূষণ।

নূতন পুস্তক।

কাশীর ত্রৈলিঙ্গ স্বামীর
জীবন-চরিত।

মূল্য ৸০ ডাঃ মাঃ /০ ভিঃ পিঃতে ৷৶০ আনা।
শ্রীনিস্তারণচন্দ্র দাস, কাশীখণ্ড কার্য্যালয় ৺কাশীধাম ৮৩০ নং

সেখ ব্রাদার্স এণ্ড কোং।

পুস্তক বিক্রেতা নং ৫৬ কলেজ ষ্ট্রীট কলিকাতা।

ইজি সিলেক্‌সনের সম্পূর্ণ অর্থ।

শ্রীনৃত্যগোপাল সরকার বি এ, বি এল, কর্ত্তৃক। ইহাতে কথার মানে, বাঙ্গালা ট্রেন্সলেসন্ প্যাসিং, গদ্য, গল্পের তাৎপর্য্য, ইত্যাদি অতি পরিষ্কৃতরূপে লিখিত হইয়াছে। মূল্য ডাঃ মাঃ সমেত ৸০ আনা।

বাকলীজ্ হিষ্ট্রীর এপীটম্। শ্রীউপেন্দ্রনাথ মুখোপাধ্যায় বি এ, বি এল, কর্ত্তৃক। মূল্য ডাঃ মাঃ সমেত ৸০ আনা। আমরা যাবতীয় ইং, বাং ও সংস্কৃত পুস্তক ভিঃ পিতে পাঠাই। দর সুলভ। পরীক্ষা প্রার্থনীয়।

৮২৮নং

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৬ বৎসর উহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-বশের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার সেবনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থার সম-ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনামূল্যে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৷৷০ টাকা, প্যাকিং ।০ আনা
২ শিশি একত্রে লইলে খরচা ৷৶০আনা মুল্যক হয়।

শ্রীকালীদাস সরকার।
গবর্ণমেণ্ট পেন্সনার—লক্ষ্ণৌ।

৩১৩নং

ইউক্লীডের জ্যামিতি ১ম অধ্যায়

শ্রীযুক্ত ব্রজমোহন মল্লিক প্রণীত ২৭শ সংস্করণ; পরিমার্জ্জিত এবং পরিশোধিত মূল্য ৵০।

২০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

৮২৯নং

শ্রীমদ্ভগবদ্গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত তার সংস্করণ। বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ।৵০ আনা ডাঃ মাঃ ৵০।

স্ত্রীশিক্ষা ও স্ত্রীস্বাধীনতা মূল্য ৴১০ অর্দ্ধ আনা

কবির (জীবন্মুক্ত মহাত্মা কবির সাহেবের ৫৫৩টী দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ ৵১০।

কলিকাতা ২০ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০।১ন মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।

প্রসিদ্ধ ইঞ্জিনিয়র ৺ ক্ষেত্রনাথ ভট্টাচার্য্য কৃত।

জরিপ ও পরিমিতি	১৲
পরিমিতি	॥৵০
লঘুপরিমিতি	।০
নব শিশুবোধ	।০
শুভঙ্করী	॥০
কবিতাসংগ্রহ ১ম ভাগ	।০
কবিতাসংগ্রহ ২য় ভাগ	।০

ইঞ্জিনিয়ার ৺ ক্ষেত্রনাথ ভট্টাচার্য্য মহাশয় গণিত-শাস্ত্রে অসাধারণ পারদর্শী ছিলেন। ইনি সিভিল ইঞ্জিনিয়ারিং কলেজে গণিত শাস্ত্রের অধ্যাপনা করিয়া প্রশংসাভাজন হইয়াছিলেন। বঙ্গ ভাষায় অঙ্ক-পুস্তক রচনা বিষয়ে ইনিই পথপ্রদর্শক। ইহাঁর রচিত পুস্তকগুলি এখনও সর্ব্বোৎকৃষ্ট বলিয়া পরিচিত। এই সকল পুস্তকের ভাষা প্রাঞ্জল ও সরল, অল্প বয়স্ক বালক বালিকাগণের উপযোগী। এই সকল পুস্তকে নানাবিধ বহুসংখ্যক উদাহরণ আছে। শুভঙ্করীয় ও লঘুপরিমিতির শেষে ভিন্ন ভিন্ন জেলার পরীক্ষার প্রশ্ন, উৎপত্তি বা উত্তর সহ সন্নিবেশিত আছে। উল্লিখিত পুস্তকগুলি সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটির অনুমোদিত এবং প্রথম প্রকাশের সময় হইতে বঙ্গদেশের বিদ্যালয় সমূহে পাঠ্যরূপে নির্দ্দিষ্ট ও ব্যবহৃত হইয়া আসিতেছে। কলিকাতার প্রধান প্রধান পুস্তকালয়ে এই সকল পুস্তক বিক্রয় হয়। আমার নিকট "জরিপ ও পরিমিতি" ভিন্ন উল্লিখিত অন্য কোন পুস্তক ৫০ খানি লইলে শতকরা ২৫৲ হিসাবে কমিসন দিয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র ভট্টাচার্য্য।
১০৬।৩ নং আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা।

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বলবীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিয়েই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রি-জাগরণ, অতিরিক্ত পান-ভোজন, বহুপরিশ্রম, সর্দ্দি কাসি, গা-হাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত!

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-ফোলা-কাসিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দীর্ঘকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকার সেজ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক! নানা জাতীয় উদ্ভিদের ফলে, মূলে ফুলে, পত্রে এবং ছালে তিনি এমন মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে, যদ্দ্বারা অতি সহজে, অল্পদিনে নানারূপ উৎকট উৎকট রোগ আরোগ্য হইয়া থাকে,—আবার সেই একই ঔষধে অতি সামান্য রোগও আরাম হয়। বিধাতার বিচিত্র বিধান বুঝা ভার!

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন লীহা জ্বর-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয়-স্বজন প্রতিবেশী যাঁহার জীবন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগীকে এই এক ৩নং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

বটিকার সংখ্যা,	মূল্য,	ডাঃমাঃ,	পাকিং
১নং কৌটা	১৮	৷৵০	৵০
২নং কৌটা	৩৬	১৵০	৵০
৩নং কৌটা	৫৪	১৷৵০	৵০

ভ্যালুপেয়েবলে কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।
১২ নং মুক্তাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা।

৩৭৬নং

মাইকেল মধুসূদন দত্তের

জীবনচরিত।

অপ্রকাশিত কবিতা, পত্র ও গ্রন্থাবলীর সমালোচনা ও ৯ খানি অত্যুৎকৃষ্ট চিত্র সম্বলিত এবং ডিমাই আট পেজী আকারে পাঁচ শতেরও অধিক পৃষ্ঠায় সম্পূর্ণ গ্রন্থ।

শ্রীযোগীন্দ্রনাথ বসু বি এ, প্রণীত।

কলিকাতা ২০ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপোজিটরীতে, ২১০।৪ কর্ণওয়ালিস ষ্ট্রীট নব্যভারত কার্য্যালয়ে, বৈদ্যনাথ দেওঘর স্কুলে গ্রন্থকারের নিকট এবং নিম্ন স্বাক্ষরকারীর নিকট পাওয়া যায়। মূল্য কাপড়ে বাঁধান ২।০ টাকা, কাগজের মলাট ২৲ টাকা, ডাক মাসুল ।০ আনা। মফস্বলস্থ গ্রাহকগণ গ্রন্থকারকে পত্র লিখিবেন।

শ্রীরামানন্দ চট্টোপাধ্যায় এম এ।
অধ্যাপক সিটি কলেজ,—কলিকাতা।

পাঁড়ে ব্রাদার্স।

এখানে ইংরাজি, বাঙ্গালা, সংস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য পুস্তক, তৎসমস্তের অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ বে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা ১৸০ মূল্য যোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও সাদরকারীর জন্য চলিবে ও ২৷৷০, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী সংক্রান্ত রুমালযুক্ত, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকট ও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য ৵০, ৩২খানি উৎকৃষ্ট চিত্রসহ নীতি কথামালা ।০, আর্য্যচরিত ।০, আর্য্যশিক্ষা ৷৵০ বাঙ্গলা ব্যাকরণ ৷৵০, শিশু বিজ্ঞান ৶০, বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ ⁄০, বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ ⁄০, মানবতত্ত্ব ১০, ধর্ম্মবিজ্ঞান ১৲, অদ্ভুত স্বপ্ন বা স্ত্রী পুরুষের স্বপ্ন ৷০, বিজ্ঞানসার ১৲, লীলাবতী (অঙ্কপুস্তক) ৷৷০

শ্রীমনোমোহন পাঁড়ে।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট কলিকাতা।

মেহরোগের মহৌষধ।

স্বর্ণের মাদুলী করিয়া ধারণ করিলে স্ত্রী পুরুষের নূতন পুরাতন মেহ আরোগ্য হয় মূল্য——৷৷৵০

হাঁপানি কাশীর মহৌষধ ১৷৷৵০

বাধক বেদনার ঔষধ ২৲

শ্রীনিত্যেশ্বর ভট্টাচার্য্য

৪৬নং মেছুয়াবাজার ষ্ট্রীট, কলিকাতা।

৮২২নং

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত

পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও কটকের বিভাগের মধ্যাঙ্কবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ববাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয় সমূহে প্রাপ্তব্য। শিক্ষক গণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৷৷০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।৵০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, কালীজমি ও সতজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।৵০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ⁄০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৪৪নং

কুইনাইন।

এ দেশের লোকের জীবন। ডাক্তার শ্রীযদুনাথ মুখোপাধ্যায় প্রণীত। গৃহস্থ ও পাড়াগাঁয়ের ডাক্তারদের জন্য কুইনাইন ব্যবহার সম্বন্ধে এপর্য্যন্ত এমন পুস্তক আর বাহির হয় নাই। মূল্য।০ চারি আনা; ডাক মাশুল অর্দ্ধ আনা মাত্র।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।

ম্যানেজার, সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়

২০ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট, কলিকাতা।

৮১৯নং

MATRICULATION MADE EASY.

Popular English Grammar.

In the form of Questions and Answers. Containing—Orthography, Etymology, Syntax, Punctuation, Prosody, Analysis of Sentences, Direct and Indirect Narrations, Prefixes and Suffixes, Derivations and Compositions of words, Homonyms, Antonyms, Dittonyms, Polynyms, Paranyms, Synonyms, Appropriate Prepositions, Parsings of words, Verbs with Prepositions, Copious Phrases and Idioms, Essay-writings Letter-writings, and other useful hints that are most likely to be put in the University Examination. By R. Ghosh, Price one Rupee. Cloth-bound. Demy 12 Mo. 400 Pages. It is highly spoken of by eminent professors and principals of different Colleges. Apply to the Manager, Sanskrit Press Depository, 20 Cornwalis Street Calcutta.

৮১৭নং

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু শিবপ্রসাদ বন্দ্যোপাধ্যায় ইসলাম

পুথ ১৲

" রাধিকানাথ চৌধুরী হরিসরল ⁄

" বিজয়গোপাল দত্ত মনোপালী ১৲

" গঙ্গাধর বর্ম্মা বালুচর ১৮৯৯ মার্চ্চ শেষ ২৷৷০

" আনন্দলাল দত্ত চৌয়া ১৩০০ চৈত্র শেষ ১৲

" সুরেন্দ্রচন্দ্র বসু ইসলোবা ১৮৯৯ মে শেষ ২৲

" জগদ্ধাত্রী বেগম মুন্সীগঞ্জ ২৲

" যদুনাথ মৈত্র রিকাইতপুর ১৮৯৪ ডিসেম্বর শেষ ৫৲

" লক্ষ্মণচন্দ্র পট্টনায়ক দানরে ১৩০১ ভাদ্র শেষ ৩৲

" জ্যোতিশচন্দ্র রায় চৌধুরী সমুদ্রগড় ১৩০১ চৈত্র শেষ ২৲

☞ এই পত্র হুগলি বুধোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে পক্ষ শিত হয়।

REGISTERED NO 35 1875.

এডুকেশন গেজেট

সাপ্তাহিক বার্ত্তাবহ।

নূতন সম্পর্ক ২৫শ খণ্ড ৫০শ সংখ্যা। | ২৪শে চৈত্র শুক্রবার ১৩০০ সাল। ইং ৬ই এপ্রিল ১৮৯৪ খৃঃঅব্দ। | অগ্রিম বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ৫৲ টাকা

বিজ্ঞাপন।

এডুকেশন গেজেটের মূল্য ডাকমাশুল সমেত।

বার্ষিক (অগ্রিম)	৫	ষাণ্মাসিক	৩
ত্রৈমাসিক	২	প্রত্যেক সংখ্যার	।৹

বিজ্ঞাপনের প্রত্যেক পংক্তি।

১ম ও ২য় বার প্রকাশে ৵৹ ৩য় বার /১০ চতুর্থ বা ততোধিক বার /৹। জন্ম, মৃত্যু ও বিবাহের বিজ্ঞাপন ৵৹। কর্ম্মখালির বিজ্ঞাপন একবার মাত্র বিনামূল্যে ছাপা হয়।

তিন মাসের অধিককাল বিজ্ঞাপন প্রকাশ করিলে স্বতন্ত্র বন্দোবস্ত করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য ও তাহাতে বিজ্ঞাপন প্রকাশের মূল্য অগ্রিম দিতে হয়, এবং অগ্রিম দত্ত মূল্যের মেয়াদ ফুরাইলেই কাগজ ও বিজ্ঞাপন বন্ধ করা যায়।

এডুকেশন গেজেটের মূল্য বা উহাতে বিজ্ঞাপন ছাপার মূল্য সকলেই স্ব স্ব নিকটবর্ত্তী এজেণ্টের নিকট দিতে পারেন; মণিঅর্ডার বা অর্দ্ধ আনা মূল্যের ডাকের টিকিট পাঠাইতে হইলে হুগলী পোষ্টাফিসে আমার নামে পাঠাইবেন, এবং অপি অর্ডার কুপনে স্পষ্ট করিয়া নাম, ঠিকানা ও পোষ্টাফিসের নাম লিখিবেন।

গেজেটের কোন সংখ্যা পাইতে অন্যূন বিলম্ব হইলে তাহার গ্রাহকনিকে পিয়নের রসিদ লইয়া আমার নিকট পাঠাইয়া দিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।—ম্যানেজার এবং প্রকাশক।

এজেণ্ট।

কলিকাতা	শ্রীযুক্ত বাবু অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়। বঙ্গভাষার পুস্তকালয় ২০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট।
	চণ্ডীচরণ মজুমদার—শীপুর বলাগোড়।
২৪ পরগণা	সতিলাল মৈত্র—আলিপুর।
আলিপুর	ভূপালচন্দ্র গঙ্গোপাধ্যায়—উকিল।
বারাকপুর	ভুবনমোহন নিয়োগী।
ভবানীপুর	জ্ঞানকৃষ্ণ রায় চৌধুরী।
চুঁচুড়া	যদুনাথ চৌধুরী।
হাবড়া	হরমোহন ভট্টাচার্য্য।
চট্টগ্রাম	শ্রীযুক্ত বাবু ব্রজেন্দ্রকুমার গুহ।
হুগলী	শ্রীপতি বন্দ্যোপাধ্যায়।
চন্দননগর	ইন্দ্রকুমার চট্টোপাধ্যায়।
বর্দ্ধমান	চারুচন্দ্র চট্টোপাধ্যায়। রসিকলাল দাস—রায়না।
যশোহর	কান্তিচন্দ্র চট্টোপাধ্যায়।
সিউড়ী	অধিকাচরণ মুখোপাধ্যায়। নীলমণি ভট্টাচার্য্য।
বাঁকুড়া	দ্বারেশ্বর সেন—বিষ্ণুপুর। অক্ষয়কুমার দত্ত—বিষ্ণুপুর।
মেদিনীপুর	উমাপ্রসাদ দে।
জলপাইগুড়ি	নীলমণি পাল।
রাঁচিপুর	নীলমণি মুখোপাধ্যায়—মিঠাপুর। রামপ্রকাশ লাল।
বারাণসী	সোমনাথ ভাদুড়ী—বাঙ্গালীটোলা।
রঙ্গপুর	আশিনাথ মিত্র। দ্বারকানাথ বাগচি—নিলফামারি।
রাজসাহী	কালীনাথ চৌধুরী—গোয়ালিয়া।
পাবনা	ভুবনেশ্বর গুপ্ত। রজনীকান্ত ভট্টাচার্য্য। রামচন্দ্র চক্রবর্ত্তী। ব্রজেন্দ্রচন্দ্র ঘোষ, ভুলাই। উমাচরণ পাঁড়ে, সিরাজগঞ্জ।
ঢাকা	সতীশচন্দ্র ঘোষ।
সাঁওতাল পরগণা	মহেশ্বর মুখোপাধ্যায়—দুমকা।
পাকুড়	রাধাকৃষ্ণ সায়খেল।
খুলনা	হরিহর দাস। শ্রীবলকৃষ্ণ বসু—সাতক্ষীরা।
দিনাজপুর	রামকুমার চক্রবর্ত্তী ফুলবাড়ি। দুর্গাদাস সুর—রায়গঞ্জ। শশিভূষণ রায়।
কোচবিহার	ভুবনমোহন দত্ত।
ফরিদপুর	কালীকিশোর ঘোষ—মাদারিপুর।
রঙ্গপুর	কেদারনাথ বন্দ্যোপাধ্যায়—উকিল
রাজসাহী	গৌরপ্রসাদ মজুমদার—ট্রাফিক সুপারিণ্টেণ্ডেণ্টের অফিস, সমস্তীপুর
বৈদ্যনাথ	যোগীন্দ্রনাথ বসু হেড মাষ্টার, দেওঘর।

এজেণ্টেরা রসিদ দিয়া মূল্য লইতে পারিবেন, এবং গ্রাহকগণ সেই রসিদ এডুকেশন গেজেট আফিসে পাঠাইয়া দিবেন।

বিশেষ দ্রষ্টব্য।

বাচস্পত্য অভিধান প্রথম হইতে দশম খণ্ড পর্য্যন্ত অর্থাৎ প্রথম হইতে ২০৯৪ পৃষ্ঠা পর্য্যন্ত যদি কেহ বিক্রয় করিতে প্রস্তুত থাকেন তবে আমার নিকট আবেদন করিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য। বুধোদয় প্রেস—হুগলী।

বুধোদয় যন্ত্র।

এই যন্ত্রে ইংরাজি, বাঙ্গালা ও দেবনাগর নানা প্রকার অক্ষরাদি প্রভূত পরিমাণে মজুত আছে।

ইংরাজি ও বাঙ্গালা নানা প্রকার পুস্তক, মিউনিসিপালিটীর আবশ্যকীয় যাবতীয় ফারম, মেমোরিয়েল, পিটিসন, চিঠি, নোটিস, বিজ্ঞাপন, চেক, দাখিলা, হ্যাণ্ডবিল, জমিদারীর জমা-ওয়াশীল ফরম, ডাক্তার লেবিল ও বিল প্রভৃতি ছাপায় কার্য্য পরিষ্কার পরিচ্ছন্ন ভাবে সুলভ মূল্যে অতি সত্বর সম্পাদিত হইয়া থাকে। সাপ্তাহিক, পাক্ষিক ও মাসিক সংবাদপত্র ছাপাও হইতে পারে।

ডিমাই ফর্ম্মা—বাঙ্গালা ইংলিস অক্ষরে ৮পেজী বা ১২ পেজী ফর্ম্মা প্রতি ৪৲ চারি টাকা ও স্মল পাইকা অক্ষরে ফর্ম্মা প্রতি ৫৲ পাঁচ টাকা।

মফস্বলবাসিগণের সুবিধার জন্য ছাপার কার্য্য শেষ করিয়া ডপ্তরীদ্বারা পুস্তকাদি বাঁধাই করিয়া রীতিমত বাক্সবন্দী করিয়া রেলে বা জাহাজে যাহার যেমন সুবিধা হয় পাঠাইয়া থাকি। গ্রাহকেরা ঘরে বসিয়া সমস্তই বুঝিয়া পাইতে পারেন। ছাপার রেট ও অন্যান্য বিবরণ আমার নিকট পত্র পাঠাইলেই জ্ঞাত হইতে পারিবেন।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য। কার্য্যাধ্যক্ষ।

বিবিধ বিজ্ঞাপন।

গণিত প্রকাশ।

শ্রীযুক্ত অম্বিকাচরণ বসু প্রণীত।

গণিত প্রকাশ ১ম ভাগ-ধারাপাত মূল্য ৵০ আনা
ঐ ২য় ভাগ-পাটীগণিত " ।০ "
ঐ ৩য় ভাগ শুভঙ্করী ও বাজারহিসাব ।০ "

সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটীর নির্ব্বাচিত এবং ডিরেক্টর সাহেবের অনুমোদিত ও তাঁহার তালিকায় পরিগৃহীত। মধ্য শ্রেণীর বিদ্যালয়ে এবং উচ্চ ও নিম্ন প্রাইমারী পাঠশালায় পঠনীয় ও পরীক্ষণীয়। প্রায় সর্ব্বত্রই সমাদৃত। কলিকাতা ২০ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার সংস্কৃত প্রেস ডিপজিটরী।
২০ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট—কলিকাতা।

রিপণ-ডিপজিটরী।

৫২ দরমাহাটা ষ্ট্রীট কলিকাতা।

নানা প্রকার পুস্তক বিক্রয়ের স্থান। মফঃস্বলের সর্ব্ব প্রকার স্কুল, পাঠশালার পাঠ্য পুস্তক ও নাটক নভেল অতি সুবিধার সহিত সরবরাহ করা হয়। কমিশনের হার উচ্চ। ভি, পিঃ, ডাকেও পুস্তক পাঠাই। প্রেরণ ব্যয় ৵০ আনার ষ্ট্যাম্প পাঠাইলে ক্যাটলগ পাঠান যায়। একবার পরীক্ষা করিয়া দেখুন। শ্রীশশিভূষণ সাহা, ম্যানেজার।

৮১৮ নং

REDUCTION IN PRICE OF CINCHONA FEBRIFUGE

From 1st April 1891. Sold by the principal European and Native Druggists of Calcutta, Obtainable from the Superintendent Botanic Garden Calcutta. Post-free, at 4 oz, Rs3--4 : 8 oz, Rs 6—8 : 16 oz, Rs 12—12. Cash with order.

No. 381

শ্রীযুক্ত ভূদেব মুখোপাধ্যায় প্রণীত।

পারিবারিক প্রবন্ধ।

৩য় সংস্করণ, ৮ পেজী ২২৩ পৃষ্ঠা।

সামাজিক প্রবন্ধ।

নূতন প্রকাশিত, ৮ পেজী ৩১৯ পৃষ্ঠা।

প্রত্যেকের মূল্য ॥০ আনা।

ডাকমাশুল ৵০ আনা।

কলিকাতা সংস্কৃত প্রেস ডিপজিটারিতে এবং চুঁচুড়া বুধোদয় যন্ত্রে আমার নিকট পাওয়া যায়।

শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য।

শিশু রামায়ণ।

(শ্রীযুক্ত ডাইরেক্টর সাহেব মহোদয়ের অনুমোদিত তালিকা ভুক্ত) মূল্য ৵০
পদ্য ব্যাকরণ মূল্য ৵১০
প্রকৃতি পাঠের অর্থ পুস্তক মূল্য ৵১০

শিশু মহাভারত।

(সেণ্ট্রাল টেক্স বুক কমিটির অনুমোদিত)

অতি সংক্ষেপে মহাভারতের উপাখ্যান। ১২ পেজি ১১১ পৃষ্ঠায় সম্পূর্ণ, মূল্য ।০ আনা

উক্ত পুস্তকগুলি সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে (২০ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট কলিকাতায় পাওয়া যায়।

শ্রীতিনকড়ি বন্দ্যোপাধ্যায়।

অম্বিকাচরণ ঘোষাল

ফটোগ্রাফার ও পোর্ট্রেট পেইণ্টার

ঘুঁটেবাজার হুগলি

মফস্বলে যাইতে প্রস্তুত আছি। মূল্য ও অন্যান্য বিবরণপত্র লিখিলে জানিতে পারিবেন। পূর্ণানন্দ ব্রহ্মচারী, হুগলী ব্রিজ, হুগলী কলেজ, এমামবাড়া, হংসেশ্বরীর মন্দির, চুঁচুড়া গোরাবাজিক অভ্যন্তর দৃশ্য, নবাব খাজাখাঁর মসজিদ, সপ্তগ্রামের মহোৎসব প্রত্যেক ॥০ আনা মাত্র—ফটগ্রাফগুলি একবার দেখিলে বাধিত হইব।

গ্রল, ভি, মিত্র এবং কোং।

লব্ধপ্রতিষ্ঠ ও কলিকাতা ও অন্যান্য স্থানের দক্ষ চিকিৎসকদিগের একমাত্র বিশ্বস্ত।

হোমিওপেথিক ঔষধ ও পুস্তকালয়।

১নং অপার সার্কুলার রোড, কলিকাতা।

হোমিওপেথিক মতের গৃহচিকিৎসার নিমিত্ত ওলাউঠার অব্যর্থ ঔষধপূর্ণ বাক্স সমেত ব্যবস্থা-পুস্তক (প্রতি গৃহে রাখা উচিত) মূল্য ৩৲ ৪৲ ১০৲ টাকা। ওলাউঠার প্রতিষেধক ফরিনি ক্যাম্ফার ১৲, সাধারণ রোগ চিকিৎসার বাক্স ১০৲ ১৫৲ ও ২০৲ টাকা, ইহার সংক্ষিপ্ত চিকিৎসাতত্ত্ব ও ব্যবস্থা-পুস্তক ২৸০, জ্বর পরীক্ষার তাপমান যন্ত্র ৬৲ ও ৭৲, শিশু চিকিৎসা ২৷৷০, সামান্য চিকিৎসা ২৲ জ্বর চিকিৎসা ৸০ ও ১৸০, ওলাউঠা, উদরাময় ও আমাশয়ের চিকিৎসা ৸০, অন্যান্য ঔষধ ও ইংরাজি ও বাঙ্গালা পুস্তকাদির মূল্যের তালিকা বিনা মূল্যে প্রাপ্তব্য।

আমাদের ঔষধের উৎকৃষ্টতা সম্বন্ধে আমার কলিকাতার মহামেলার এই শ্রেণীতে ভারতের মধ্যে সর্ব্বোচ্চ এবং এখানকার ও অন্যান্য স্থানের অন্যান্য চিকিৎসকগণের নিকট অতি আদরণীয় প্রশংসাপত্র প্রাপ্ত হইয়াছি।

১নং

ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা।

শ্রীযুক্তলালমোহন বিদ্যানিধি ভট্টাচার্য্য প্রণীত ভারতীয় আর্য্য জাতির আদিম অবস্থা পুস্তকাকারে মুদ্রিত ও প্রকাশিত হইয়াছে। হিন্দু জাতির আচার ব্যবহার বিষয়ক প্রবন্ধ সমূহ বিশেষরূপে বিবৃত। কলিকাতা ২০ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত অবিনাশচন্দ্র মুখোপাধ্যায়ের নিকট বিক্রয় হয়। মূল্য ১।০ পাঁচ সিকা।

সাহিত্য পাঠ।

৺নিমাইচরণ সিংহ প্রণীত।

মধ্য ইংরাজি ও বাঙ্গালা স্কুলের পাঠ্য। কলিকাতা ২০ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

প্রাপ্তপত্র।

সম্পাদকীয় মতামত মতে।

কথকতা।

(৩)

শ্রীধরের পর ধরণী, দ্বারিক চূড়ামণি, প্রভৃতি কথকই কথকতা নিমিত্ত প্রসিদ্ধি লাভ করেন। ৯০। ৪৫ বৎসর বয়সের লোকদিগের মধ্যে অনেকেই ইঁহাদিগের কথকতা শুনিয়াছেন। সঙ্গীত বিদ্যায় দ্বারিক চূড়ামণির আরূপ অধিকার ছিল। ধরণী ঈশ্বর দত্ত স্বীয় সুরের ছটায় সকলকেই মোহিত করিতে পারিতেন। তাঁহার সুস্বর একবার যাঁহার কর্ণে প্রবেশ করিয়াছে, তিনি আর তাঁহাকে ভুলিতে পারিবেন না। আজ কাল কথকের কথকতা শুনিয়া তোমার আমার হয় ত বেশ তৃপ্তি বোধ হইল, কিন্তু কোন প্রাচীন লোককে জিজ্ঞাসা করিলে তিনি বলিবেন, "হাঁ ভাল বটে, তবে ধরণীর কথা যারা শুনেছে, তাহাদের কাণে এ লাগে না।"

আমাদের মধ্যে যেরূপ কথকতা হয়, 'মরসিয়া' বলিয়া মুসলমানদিগের মধ্যেও সেইরূপ এক প্রকার ধর্ম্ম-প্রসঙ্গ হইয়া থাকে। প্রবন্ধকর্ত্তা আমাদের কথকদিগের ন্যায় উচ্চাসন পাইয়া থাকেন। মরসিয়াস্থলে কথকতার পদাবলীর ন্যায় সঙ্গীতেরও আলাপ হয়। কথকেরা সঙ্গীত আলাপের সময় তানপুরা বা অপর কোন সুরের সাহায্য গ্রহণ করেন না, কিন্তু মরসিয়াগায়কের সময় গায়ককে সুরের সাহায্য লইতে হয়। বস্তুতঃ কোন গায়কই বিশেষতঃ (পশ্চিমাঞ্চলে গোয়ালিয়র প্রভৃতি স্থানের) বিনাসুরে বৈঠকে সঙ্গীতের আলাপাদি করেন না, করিতেও পারেন না। তানপুরা বা অপর কোন প্রকার সুরের সাহায্য তাঁহাকে লইতেই হয়। আমাদের কথক মহাশয়েরা সুর লইয়া সঙ্গীতালাপ না করিলেও তাঁহারা গান বেশ জমাইতে পারেন। সঙ্গীত-বিদ্যা-বিশারদ ব্যক্তিগণের কর্ণে উহা নিখুঁৎ বলিয়া বোধ না হইতে পারে, কিন্তু অপর সাধারণ সকলেরই চিত্ত উহাতে আর্দ্র হইয়া যায়। কথকতা অধিকাংশ স্থলে খোলা যায়গাতেই হয়। উপরে আচ্ছাদন থাকে বটে, কিন্তু আশ পাশ খোলা থাকে। এইরূপ খোলা যায়গায়, বিনা সুরে, একদেশে, উচ্চস্থানে, একাকী বসিয়া সঙ্গীত আলাপনে এবং শ্রোতৃবর্গের পুনঃ পুনঃ শ্রুত পৌরাণিক কথার পুনরাবৃত্তিমাত্র দ্বারা বালবৃদ্ধ বনিতা সকলেরই চিত্তবিনোদন করিতে পারা ভগবৎকৃপা ব্যতীত হয় না।

বস্তুতঃ আজ কাল আমাদের দেশে সাধারণতঃ স্ত্রীপুরুষ সকলেরই ধর্ম্মশিক্ষার প্রকৃষ্ট উপায় 'কথকতা'। পাঠ, সারাংশ প্রভৃতি সাধারণের পক্ষে নহে। বিভিন্ন প্রকৃতিক আবাল-বৃদ্ধ-বনিতা সকলকেই ধর্ম্ম শিক্ষা দেওয়া হইবে, অথচ কাহারও পক্ষে উহা নীরস না হইয়া বরং চিত্তরঞ্জনকর হইবে, ধর্ম্মশিক্ষা প্রদানের এরূপ প্রকৃষ্ট উপায় এক কথকতা ভিন্ন অন্য আর কিছুই দেখিতে পাওয়া যায় না। কথকগণ কথকতাকে সরস করিবার জন্য উহার মধ্যে ভিন্ন ভিন্ন রসের উদ্দীপনা করিয়া থাকেন, কিন্তু প্রায়ই দেখিতে পাওয়া যায়, কথকগণ হাস্যরসের উদ্দীপনা করিতে যাইয়া অধিকাংশ স্থলে ধর্ম্মশিক্ষারূপ মূল উদ্দেশ্য আধাই করিয়া বসেন। নিম্নে তাহার দুই একটি মাত্র দৃষ্টান্ত দেওয়া যাইতেছে—

দুর্ব্বাসার পারণ সম্বন্ধে কথা কহিবার সময় সকল কথকেই প্রায় নিম্নলিখিত মর্ম্মে কথা বলিয়া থাকেন। "দুর্য্যোধনের নিকট প্রতিজ্ঞাবদ্ধ দুর্ব্বাসা ঋষি স্বীয় ষষ্টিসহস্র শিষ্য সমভিব্যাহারে অরণ্যাশ্রয়ী পাণ্ডুনন্দনের আশ্রমে আতিথ্যগ্রহণের জন্য গমন করিতে লাগিলেন। পাণ্ডুনন্দনগণ বনে অবস্থান করিয়াও অতিথিসৎকার কার্য্যে বিমুখ নহেন। দৈবানুগ্রহে দ্রৌপদীর ভোজনের পূর্ব্বে তাঁহারা সহস্র অতিথিরও পরিসেবনে সমর্থ। কিন্তু দ্রৌপদীর ভোজনান্তে পিপীলিকারও অন্ন পায় না। দুর্য্যোধন এই সমস্ত তথ্য পরিজ্ঞাত থাকায় দুর্ব্বাসাকে ষষ্টিসহস্র শিষ্যসহ দ্রৌপদীর ভোজনাবসানে পাণ্ডুনন্দনগণের আশ্রমে অতিথি হইবার জন্য স্বীকার করাইয়া লইয়াছিলেন। তদনুসারে দুর্ব্বাসা উল্লিখিত সংখ্যক শিষ্যসহ অরণ্যের নিকটবর্ত্তী কোন স্থানে লুকাইয়া থাকিয়া দ্রৌপদীর ভোজনাবসান কালের প্রতীক্ষা করিতেছেন।

এদিকে অন্ন ব্যঞ্জন প্রস্তুত হইলে একে একে অনেক অতিথি ভোজন করিল। অতঃপর আশ্রমে উপস্থিত আর অতিথি নাই, কিন্তু তখনও আশে পাশে যদি কেহ কোথাও থাকে, অথবা আতিথ্যগ্রহণাভিলাষী হইয়া অতিথি দূরে আসিতেছে এমন যদি হয়, সেই জন্য ভীম উচ্চৈঃস্বরে ডাকিতে লাগিলেন, "কে কোথায় আছ, শীঘ্র আইস, দ্রৌপদীর ভোজনশেষ হইলে পিপীলিকাতেও অন্ন পাইবে না।" শব্দ শুনিয়া ঋষিশিষ্যগণ নিতান্ত ব্যস্ততা প্রদর্শনপূর্ব্বক বলিয়া উঠিল, "ঐ শুনুন ঠাকুর, ডাকছে, আর বলছে, এখন না এলে আর হবে না।" দুর্ব্বাসা বলিলেন, "থাক না হে, ব্যস্ত হও কেন।" ভীম আবার ডাকিতে লাগিলেন। শিষ্যগণ নিতান্ত চঞ্চল হইয়া উঠিল, আবার বলিল, "ঐ শুনুন, ঠাকুর, তাঁসে আর ফোল না, ফুরিয়ে গেলে আর কি করে।" ঋষিশিষ্যগণ ইতিপূর্ব্বে দুর্য্যোধনের গৃহে বিবিধ উপাদেয় সামগ্রীর আস্বাদনে রসনার পরিতৃপ্তি সাধন করিয়াছিলেন, পাণ্ডবদিগের আশ্রমে আতিথ্যগ্রহণ করিলে রসনার সেইরূপ পরিতৃপ্তি সাধিত হইবে এই মনে করিয়া বড়ই ব্যাকুল হইয়া উঠিলেন।"

ব্রহ্মচর্য্যপরায়ণ অধ্যয়নশীল ব্রাহ্মণ কুমারদিগের চরিত্র উক্তরূপে লোভপরবশ পেটুক ফলারে ব্রাহ্মণের ছেলের চরিত্রের ন্যায় চিত্রিত করিয়া কথক মহাশয়েরা ভাল করেন না। কালবশে এবং ব্রাহ্মণগণের নিজের দোষে আজকালি একেইত ব্রাহ্মণ সন্তানগণ আত্মমর্য্যাদা হারাইতেছেন; এরূপ অবস্থায় ধর্ম্মশিক্ষাগুরু ব্রাহ্মণ কথকদিগের দ্বারা আবার সমাজের প্রকৃষ্ট আদর্শস্থল প্রাচীন প্রকৃত ব্রাহ্মণ চরিত্রে মিথ্যা কলঙ্ক আরোপিত হইতে থাকিলে তাহাতে সমাজের অপকর্ষ বই যে উৎকর্ষ সাধিত হইবে না, এটি কথক মহাশয়দিগের ভাবিয়া কার্য্য করাই উচিত।

কোন কোন কথককে কথকতা স্থলে এরূপ বলিতে শুনিয়াছি—"ব্রাহ্মণ গৃহপ্রত্যাগত হইলেন, দেখিলেন, ব্রাহ্মণী আহারে বসিয়াছেন। আহার করিবার সময় স্বামীকে সমীপাগত দেখিয়া সাধ্বী তৎক্ষণাৎ আহার বিষয়ে নিশ্চেষ্ট হইয়া লজ্জায় বিনম্রমুখী হইলেন। স্বামীর দিকে দৃক্‌পাত করিবার বা তাঁহার সহিত কথা কহিবার অথবা তাঁহার কোন কথার প্রত্যুত্তর দিবার ক্ষমতা স্ত্রীর আর রহিল না। স্বামী আহার করা অবস্থায় দেখিয়াছেন, এ লজ্জা তাঁহার আর রাখিবার স্থান নাই। কিন্তু আজ কালের মা ঠাকরুণরা সেরূপ লজ্জার ত্রিসীমায় পদার্পণ করেন না। আহারের সময়ে স্বামীকে নিকটে দেখিয়া কেহ হয়ত বলিয়া বসিলেন, "খাবার সময় আবার তোমার এখানে আসা কেন।" স্বামী বলিলেন,

"না, আমি এই চল্লুম।" ঠাকরুণটি তখন বলিলেন, "তা এনেছ যদি তবে ঐ তাকের উপর একটু কাপুনি আছে পেতে দেও দেখি। আমি লইয়া বসিতে ভুলিয়া গিয়াছি।"

"আজ কালের পুরোহিত ব্রাহ্মণগণ যজমানের কোন কার্য্য উপস্থিত হইলে বৃহৎ এক ফর্দ্দ দিয়া বসেন। যজমান ফর্দ্দমত সমস্ত দ্রব্যাদির যদি আয়োজন করিয়া উঠিতে পারিল তবেই পুরোহিতের মন উঠিল। যজমানের কার্য্যটি বিধিমত সম্পন্ন হয় সে দিকে তাঁহার লক্ষ্য নাই। তাঁহার লক্ষ্য প্রাপ্যগণ্ডার দিকে।"

'আজ কালের যা ঠাকরুণরা' 'আজ কালের ব্রাহ্মণ পণ্ডিতগণ' এইরূপ সার্ব্বজনিক নিন্দোক্তি প্রয়োগ দ্বারা কথক মহাশয়েরা সমাজের অধঃপতন সূচিত করিয়া থাকেন। বস্তুতঃ সমাজের অধঃপতন ত হয় নাই। ইংরাজী শিক্ষিত বিকৃত-মস্তিষ্কদিগের কথা ছাড়িয়া দি। প্রকৃত হিন্দুর পরিবারের মধ্যে কোথাও কোন স্ত্রী স্বামীর সমক্ষে বসিয়া আহার করে না এবং রীতিমত ব্রাহ্মণ পণ্ডিত কেহ পৌরহিত্য কার্য্যস্থলে যজমানের প্রদত্ত নৈবেদ্যাদির দিকে লক্ষ্য রাখিয়া কার্য্য করেন না। কথক মহাশয়েরা যদি স্ত্রী ও ব্রাহ্মণ পণ্ডিত লইয়া একান্তই ব্যঙ্গ করা আবশ্যক বলিয়া মনে করেন, উক্তরূপ ব্যঙ্গোক্তি না করিলে তাঁহাদের কথা সাধারণের হৃদয়গ্রাহী হইবে না বলিয়া যদি তাঁহাদের মনে হয়, তবে এরূপ সার্ব্বজনিক নিন্দোক্তি না করিয়া বরং 'আজ কালের কোন কোন যা ঠাকরুণ' 'আজ কালের কোন কোন ব্রাহ্মণ পণ্ডিত' এইরূপ উক্তি দ্বারা তাঁহারা আপন উদ্দেশ্য সাধন করিয়া লইতে পারেন। কেবল লোক হাঁসান ব্যতীত অন্য উদ্দেশ্য যে তাঁহাদের কিছু নাই ইহা নিশ্চিত।

মান্যবর শ্রীযুক্ত এডুকেশন গেজেট সম্পাদক

মহাশয় সমীপেষু—

সসম্মান নিবেদন,

ফরিদপুরের অধীন কোটালিপাড় ও গোপালপুর থানার বহুগ্রামে দারুণ অন্নকষ্ট উপস্থিত হইয়াছে; বর্ষার অসাময়িক প্লাবনে ফরিদপুরের সমস্ত ধান্য বিনষ্ট হওয়ায় ভাদ্রমাসে সমস্ত দেশে একবার অন্নকষ্টের হাহাকার উপস্থিত হইয়াছিল। ইহার উপর আবার ওলাউঠার ভীষণ আক্রমণে দেশ অস্থির হয়। গবর্ণমেণ্টের চেষ্টায়, বোর্ডের কর্ত্তৃপক্ষগণের তৎপরতায় এবং দেশীয় সহৃদয় ব্যক্তিগণের সাহায্যে এবার অনেক লোক রক্ষা পাইয়াছে। কিন্তু ওলাউঠায় কত লোক যে মারা গিয়াছে, সংখ্যা নাই। গবর্ণমেণ্ট, ঔষধ বিতরণ ভিন্ন, কেবল অন্নকষ্ট নিবারণের জন্য ২৩০০০৲ টাকা মঞ্জুর করিয়াছিলেন। বিধাতার কৃপায় কোনরূপে এত দিন চলিয়াছে। অন্যান্য স্থানের অন্নকষ্ট অনেকটা থামিয়াছে, কিন্তু উল্লিখিত দুই থানায়, বিশেষতঃ কোটালিপাড় থানার প্রায় ৩০ | ৪০ খানি গ্রামে হাহাকার উঠিয়াছে,—কেহ কেহ অন্নকষ্ট সহিতে না পারিয়া আত্মহত্যা করিয়াছে, কেহ অনাহারে মরিতেছে। প্রায় ৩ সপ্তাহ যাবৎ গবর্ণমেণ্টের সাহায্য বন্ধ হইয়াছে। পূর্ব্বতন ম্যাজিষ্ট্রেট শ্রীযুক্ত বেল সাহেব ও শ্রীযুক্ত গ্রাউজ সাহেবের চেষ্টায় গবর্ণমেণ্ট মুক্তহস্ত হইয়াছিলেন। তাঁহারা উভয়েই স্থানান্তরিত হইয়াছেন। এ সময়ে কে যে হতভাগ্য নরনারীদিগকে দুর্ভিক্ষের ভীষণ কবল হইতে রক্ষা করিবে, ভাবিয়া আমরা আকুল হইয়াছি। ফরিদপুর সুহৃদ্‌সভা এবার ওলাউঠার ঔষধ বিতরণে ঋণজালে জড়িত হইয়াছেন। তবুও এই সময়ে বিধাতার কৃপা স্মরণ পূর্ব্বক কতক টাকা ঋণ করিয়া, সভা দুর্ভিক্ষ প্রপীড়িত লোকদিগকে সাহায্য করিতে প্রতিনিধি প্রেরণ করিয়াছেন। এই সময়ের অবস্থা অত্যন্ত শোচনীয়। সকালে কিছু কিছু ভিক্ষা না দিলে আর লোক রক্ষার উপায় নাই। মানব পরিবারের কষ্টে যাঁহাদের প্রাণে একটুও আঘাত লাগে, আমরা কাতর প্রাণে তাঁহাদের চরণতলে ভিক্ষার ঝুলি লইয়া উপস্থিত হইতেছি। যিনি যাহা প্রদান করিবেন, তাহাই সাদরে গৃহীত হইবে। নবাভারতে সাহায্য প্রাপ্ত স্বীকৃত হইবে এবং যাহাতে একটী পয়সাও অপব্যয় না হয়, তজ্জন্য বিশেষ চেষ্টা করা হইবে। আশা করি সকলেই কিছু কিছু প্রদান করিয়া দুঃখী দরিদ্রের জীবন রক্ষার সহায় হইবেন।

একান্ত অনুগত,

শ্রীদেবীপ্রসন্ন রায় চৌধুরী

সম্পাদক—ফরিদপুর সুহৃদ সভা।

এডুকেশন গেজেট।

২৪শে চৈত্র ১৩০০। ইং ৬ই এপ্রিল ১৮৯৪।

ব্যবস্থাপক সভা।

বিগত ২৯শে ও ৩১শে মার্চ্চ উভয় দিন যথাক্রমে বড় লাট ও ছোট লাট বাহাদুরের ব্যবস্থাপক সভার অধিবেশন হইয়াছিল। বড় ব্যবস্থাপক সভায় অনারেবল ডাক্তার রাসবিহারী ঘোষ আসামের করবৃদ্ধি ও বিদ্রোহ সম্বন্ধে কয়েকটি প্রশ্নের উত্থাপন করিয়াছিলেন। অযোধ্যার মহারাজ অনারেবল প্রতাপনারায়ণ সিংহ হিন্দুর দেবধন এবং দরভাঙ্গার মহারাজের অনুপস্থিতিতে তাঁহার হইয়া অনারেবল ডাক্তার ঘোষ অন্যান্য কয়েকটি প্রশ্নের মধ্যে বারাণসীর হিন্দু মন্দির সংক্রান্ত প্রশ্নেরও উত্থাপন করেন।

'আসামের চিফ কমিসনর উক্ত প্রদেশের কয়েকটি জেলার অধিকাংশ স্থলে দ্বিগুণ এবং গড়ে শতকরা ৭০ টাকা করবৃদ্ধির প্রস্তাব করেন। প্রজারা ইহাতে আপত্তি করে, কিন্তু চিফ কমিসনর সে আপত্তি গ্রাহ্য করেন নাই। আপত্তি অগ্রাহ্য হইবার পর এবং উহার সম্বন্ধে ভারত গবর্ণমেণ্টের চূড়ান্ত আদেশ বাহির হইবার প্রায় ৫ মাস পূর্ব্বে চিফ কমিসনর বৃদ্ধির পরিমাণ কমাইয়া প্রায় অধিকাংশ স্থলে শতকরা ৫০ এবং গড়ে শতকরা প্রায় ৪০ টাকা করিয়া দিয়াছিলেন। তাঁহার আদেশের বিরুদ্ধে ভারত গবর্ণমেণ্টের নিকট আপীল চলিতে থাকা সত্ত্বেও তিনি সংশোধিত হারে রাজস্ব আদায়ের আদেশ প্রদান করেন। প্রজারা ভারত গবর্ণমেণ্টের চূড়ান্ত আদেশ বাহির হওয়া পর্য্যন্ত উক্তরূপ আদায় বন্ধ রাখিবার প্রার্থনা জানায়, কিন্তু সে প্রার্থনা চিফ কমিসনর মঞ্জুর করেন নাই। কামরূপ জেলার অনেক সংখ্যক গোঁসাই ও সম্ভ্রান্ত ব্যক্তিবর্গকে রজিয়ার

কেলে পুরিয়া খাটান হইয়াছিল বলিয়া সংবাদ-পত্রে উক্ত হইয়াছে। আসাম উপত্যকার নিম্ন কেলাসমূহের রাজস্ব আদায় এক্ষণে তাহাতা সম্ভ্রান্ত ব্যক্তিবর্গের দ্বারা হইতেছে। ঐ সমস্ত সম্ভ্রান্ত ব্যক্তিবর্গকে উক্ত কার্য্যের জন্যই বিশেষ কনষ্টেবল স্বরূপে নিযুক্ত রাখা হইয়াছে।"

উল্লিখিত উক্তি গুলি সত্য কি না ডাক্তার ঘোষ সে সম্বন্ধে প্রশ্ন করেন। অধিকন্তু, আসামের স্থানে স্থানে যে বিদ্রোহ হইয়াছিল তাহার কারণ, বিদ্রোহ প্রশমনের জন্য পুলিস গুলি চালাইয়াছিল কি না, যদি চালাইয়া থাকে তবে কিরূপ অবস্থাতে চালাইয়াছিল, কোন্ স্থানে কত লোক হত এবং আহত হইয়াছিল, ম্যাজিষ্ট্রেটের অনুমতি বিনা কোথাও পুলিস গুলি চালাইয়াছিল কি না—এসকল বিষয়েও প্রশ্ন করিয়াছিলেন।

এই প্রশ্নের প্রত্যুত্তরে অনারেবল স্যর এণ্টনি ম্যাকডোনেল্ল বলিয়াছিলেন।

"কোন কোন স্থলে কর আদৌ দ্বিগুণ বাড়ান হইয়াছিল বটে কিন্তু গড়ে শতকরা ৫৩ টাকা বৃদ্ধি করা হইয়াছিল। প্রজারা আপত্তি করে এবং চিফ কমিসনর আপত্তি অগ্রাহ্য করেন, একথা সত্য। আপত্তি অগ্রাহ্য করার পর চিফ কমিসনর বৃদ্ধির হার কমাইয়া শতকরা ৫৩ স্থলে ৩৭ করিয়া দিয়াছিলেন। আপীল চলিতে থাকা সত্ত্বে চিফ কমিসনর সংশোধিত হারে কর আদায়ের আদেশ দিয়াছিলেন একথা সত্য। আদায় বন্ধ রাখা সম্বন্ধে প্রজাদিগের প্রার্থনা অগ্রাহ্য হয় বটে, কিন্তু একথা তাহাদিগকে বলিয়া দেওয়া হয় যে, ভারত গবর্ণমেণ্ট যে হার নির্দ্দিষ্ট করিয়া দিবেন তাহা যদি তাহাদিগের দেয় কর হইতে কম হয় তাহা হইলে তাহাদিগকে বাকী কেরৎ দেওয়া যাইবে। গবর্ণমেণ্ট বৃদ্ধির গড় হার কমাইয়া ৩৭ স্থানে ৩২·৭ করিয়া দিয়াছেন এবং শতকরা ৫০ টাকার অধিক কাহারও কর বৃদ্ধি হইবে না এরূপ ব্যবস্থা করিয়া দিয়াছেন। বিদ্রোহ করিয়াছিল বলিয়া কোন কোন কয়েদীকে রহিয়ার জেলে রাখা হয় এবং জেলে স্থান বেশী না থাকায় তাহাদিগকে আপনার আপনার থাকিবার উপযোগী অস্থায়ী কালের জন্য ঘর নির্ম্মাণ কার্য্যে নিযুক্ত করা হয়। এতৎসম্বন্ধে আরও অনুসন্ধান লওয়া হইবে। শান্তি রক্ষার জন্যই আইনানুসারে বিশেষ কনষ্টেবল নিযুক্ত রাখা হইয়াছিল, রাজস্ব আদায়ের জন্য নহে।

"বিদ্রোহাদি সম্বন্ধে ভারত গবর্ণমেণ্ট ষ্টেট সেক্রেটরীর নিকট রিপোর্ট করিয়াছেন। উক্ত রিপোর্ট ইণ্ডিয়া আফিসে পৌঁছিলে পর অর্থাৎ পার হুই সপ্তাহকাল মধ্যে সাধারণের অবগতির জন্য ভারত গবর্ণমেণ্ট এতৎসম্বন্ধীয় কাগজ পত্র প্রকাশিত করিতে ইচ্ছা করিয়াছেন। খাজানা বৃদ্ধির হার কমাইয়া দেওয়ার সম্বন্ধে ভারত গবর্ণমেণ্ট যে আদেশ করিয়াছিলেন, মঙ্গলদাইয়ের বিদ্রোহের পূর্ব্বেই তাহা প্রজাদিগের গোচর করা হইয়াছিল এবং পুলিস আত্মরক্ষার উদ্দেশ্যে এবং বে-আইনী জনতা নিবারণের জন্যই গুলি চালাইয়াছিল।"

দরভাঙ্গার মহারাজের হইয়া ডাক্তার ঘোষ প্রশ্ন করেন—

"বারাণসীর মিউনিসিপ্যালিটী হিন্দুদের মন্দিরের উপর ট্যাক্স বসাইয়াছেন অথচ মুসলমানদিগের মসজিদ ও খৃষ্টানদিগের গির্জ্জার উপর কোনরূপ ট্যাক্স বসান নাই—একথা যথার্থ কি না?"

উত্তরে স্যর এণ্টনি ম্যাকডোনেল বলিয়াছেন—"গত বৎসর পার্লিয়ামেণ্ট মহাসভায় যে সমস্ত সরকারী কাগজ পত্র দাখিল করা হয় তাহাতেই উক্ত প্রশ্নের উত্তর দেওয়া হইয়াছে। যাহা হউক উক্ত কাগজ পত্র সমূহের মধ্য হইতে এতৎসম্বন্ধে উত্তর পশ্চিম প্রদেশীয় গবর্ণমেণ্টের একখানি পত্রের মর্ম্ম উদ্ধৃত করা যাইতেছে—

"একমাত্র পূজাদি ব্যতীত যদি অপর কোনরূপ উদ্দেশ্য সাধনের জন্য না হয় তবে মুসলমানদিগের মসজিদ ও খৃষ্টানদিগের গির্জ্জার ন্যায় হিন্দুর দেব মন্দিরের উপরও মিউনিসিপাল ট্যাক্স ধার্য্য হইবে না মিউনিসিপ্যালিটী এইরূপ ব্যবস্থা করিয়াছেন। অন্যান্য কোন কোন স্থানের ন্যায় বারাণসীতেও কিন্তু হিন্দুর দেব মন্দিরে ব্রাহ্মণগণ ও অপরাপর ব্যক্তি বাস করিয়া থাকেন। এরূপ অবস্থায় ঐ সমস্ত দেব মন্দিরকে মিউনিসিপ্যাল ট্যাক্স হইতে রেহাই দেওয়া যাইতে পারে না। গণেশ মন্দিরে ১২ জন লোক নিয়ত বাস করে, অন্ন পূর্ণার মন্দিরে সত্র আছে; তদ্ভিন্ন অনেক ব্রাহ্মণ আহার পান ও অবস্থান করে। এই কারণ বশতঃ মিউনিসিপ্যাল বোর্ড ঐ দুই মন্দিরে জলের কর ধার্য্য করিয়াছেন। বোর্ডের অধিকাংশ সভ্যই হিন্দু। তাঁহারা সকলেই সহরবাসিগণ কর্ত্তৃকই মনোনীত। তাঁহারা যে স্বধর্ম্মীদিগের প্রতি প্রতিকূল ব্যবহার করিবেন কদাচ এরূপ মনে করিতে পারা যায় না।"

হিন্দুর দেবধন সম্বন্ধে অযোধ্যার মহারাজ প্রশ্ন করিয়াছেন—

"দেশমধ্যে হিন্দুর দেবধনের বন্দোবস্ত বিষয়ে সাধারণের মনোভাব এক্ষণে কিরূপ দাঁড়াইয়াছে গবর্ণমেণ্ট তাহা জানিতে পারিয়াছেন কি? যেরূপ কার্য্যের জন্য দেবসম্পত্তির ব্যয় হওয়া উচিত তাহা না হইয়া অন্যান্যরূপ বিষয়ে উহা ব্যয়িত হইতেছে। এই হেতু বশতঃ দেশমধ্যে লোকের মনে যে একটা দারুণ অসন্তোষ অগ্নি-য়াছে, গবর্ণমেণ্ট ইহা অবগত আছেন কি না? এ বিষয়ে সবিশেষ অনুসন্ধান লইয়া শীঘ্র শীঘ্র রিপোর্ট দাখিল করিবার জন্য ভারতগবর্ণমেণ্ট স্থানীয় গবর্ণমেণ্টসমূহকে উপদেশ দিবেন কি?"

প্রত্যুত্তরে অনারেবল স্যর এণ্টনি ম্যাক্‌ডোনেল বলিয়াছেন—

"কোন কোন সংবাদপত্র এই বিষয় লইয়া অসন্তোষ প্রকাশ করিতেছে, গবর্ণমেণ্ট তাহাই অবগত হইয়াছেন; নতুবা এ সম্বন্ধে সরকারী কোনরূপ সংবাদ গবর্ণমেণ্ট সম্প্রতি পান নাই। ১৮৬৩ খৃঃ অব্দের ২০ আইনানুসারে দেবধনের উপর গবর্ণমেণ্টের হস্তক্ষেপ করিবার কোন কথা নাই। কিন্তু উক্ত আইনানুসারে দেবধনের সহিত সম্পৃক্ত ব্যক্তিগণ দেবধনের কোনরূপ অপব্যবহার হইতেছে দেখিলে ট্রষ্টিগণের নামে নালিশ করিতে পারেন এবং দেওয়ানী কার্য্যবিধি আইনের ৪৩৯ ধারানুসারে তাহার প্রতিকারও হইতে পারে। সেই প্রতিকারে সন্তুষ্ট না হইলে তাঁহারা

বিষয়টি স্থানীয় গবর্ণমেণ্টের হাত দিয়া ভারত-গবর্ণমেণ্টের গোচর করিতে পারেন। কিন্তু স্থানীয় গবর্ণমেণ্টের নিকট যে দরখাস্ত তাঁহারা করিবেন তাহার সহিত অভিযোগের প্রতিপোষক প্রমাণাদি সংগ্রহ করিয়া পাঠাইতে হইবে। নতুবা ভারত গবর্ণমেণ্ট বিষয়টির অনুসন্ধানের জন্য স্থানীয় গবর্ণমেণ্টকে কোনরূপ উপদেশাদি প্রদান করিবেন না।"

বঙ্গীয় ব্যবস্থাপক সভায় অনারেবল সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ও হিন্দু-দেবধন সম্বন্ধে নিম্নলিখিতমত প্রশ্ন উত্থাপন করিয়াছিলেন—

"হিন্দু দেবালয়ের ভারপ্রাপ্ত মোহন্তদিগের কর্ত্তৃক হিন্দুদের-সম্পত্তির অপব্যবহার বিষয়ে সাধারণের নিকট হইতে কোনরূপ অভিযোগ এযাবৎ গবর্ণমেণ্টের গোচর হইয়াছে কি না? যদি হইয়া থাকে তবে গবর্ণমেণ্টই বা তাহার কিরূপ প্রতিকার করিতে অভিপ্রায় করিয়াছেন?"

এই প্রশ্নের প্রত্যুত্তরে অনারেবল মিঃ বকলণ্ড বলিয়াছেন—

"বিগত ৬ই মার্চ্চ ইণ্ডিয়ান এসোসিয়েসন হইতে ঐ মর্ম্মে একখানি অভিযোগপত্র পাওয়া গিয়াছে, কিন্তু উহার সম্বন্ধে বিশেষরূপ বিবেচনার সময় অদ্যাপিও উপস্থিত হয় নাই।"

এতদ্ভিন্ন সুরেন্দ্র বাবু নিম্নলিখিত আরও কয়েকটি প্রশ্নের উত্থাপন করিয়াছিলেন—

(১) "কত জন ইউরোপীয় ও ইউরেশীয়কে মাটীর ক্ষতিপূরণ দেওয়া হইতেছে? গড়ে ইহার জন্য মাসিক কত ব্যয় পড়ে? ২শত টাকার ঊর্দ্ধ বেতন যাঁহারা পান, অথচ বর্ত্তমান আইনানুযায়ী যাঁহাদের নিয়োগ ভারতগবর্ণমেণ্ট কর্ত্তৃক মঞ্জুর করা হয় নাই এরূপ কোন ইউরোপীয় বা ইউরেশীয়কে ক্ষতিপূরণ দেওয়া হয় কি না? যদি হয় তবে ইহাতে মোট ব্যয় কত পড়ে এবং কতগুলি স্থলেই বা ক্ষতিপূরণ ঐরূপ দেওয়া হইয়া থাকে। এইরূপ শ্রেণীর কোন কোন কর্ম্মচারী ক্ষতিপূরণ পাইবার প্রার্থনায় আবেদন করিয়াছেন কি না? যদি করিয়া থাকেন তবে তাহার সম্বন্ধেই বা কিরূপ ব্যবস্থা করা হইয়াছে।

(২) প্রেসিডেন্সী বিভাগের কমিসনর ওয়েষ্ট মেকট সাহেব আপনার এলাকাস্থ ম্যাজিষ্ট্রেট দিগের উপর এই আদেশ করিয়াছেন যে, যে সকল অপরাধে আসামীকে জামিনে খালাস দেওয়া যাইতে পারে না সেই সমস্ত অপরাধস্থলে আসামীর বিরুদ্ধে অপরাধ দাঁড় করাইবার পর আসামীকে আর জামিনে খালাস দেওয়া হইবে না। কার্য্যকরী কর্ম্মচারী কর্ত্তৃক প্রস্তাবিত এই আদেশ শেষ বিষয় গবর্ণমেণ্ট অবগত আছেন কি? যদি থাকেন তবে উহা কি গবর্ণমেণ্টের অনুমোদিত? আদেশটি বে-আইনী অথবা আইন-সঙ্গত, এ সম্বন্ধে গবর্ণমেণ্ট এডভোকেট জেনারেলের মতামত গ্রহণ করিবেন কি না এবং এডভোকেট জেনারেল যদি উহা বে-আইনী বলেন তবে উহার প্রত্যাহার করিবার সম্বন্ধে গবর্ণমেণ্ট কোনরূপ আদেশ প্রদান করিবেন কি না?"

প্রথম প্রশ্নের উত্তর অনারেবল বোর্ডিলন সাহেব সভার আগামী অধিবেশনস্থলে দিবেন বলিয়াছেন। দ্বিতীয় প্রশ্নের প্রত্যুত্তরে অনারেবল কটন সাহেব বলিয়াছেন যে, ওয়েষ্ট মেকট সাহেব ওরূপ কোন আদেশ আদৌ জারি করেন নাই। তৃতীয় প্রশ্নের প্রত্যুত্তরে কটন সাহেবই বলিয়াছেন যে, গবর্ণমেণ্ট উক্ত বিষয় সম্বন্ধে আর কোনরূপ কিছু করা আবশ্যক বলিয়া মনে করেন না।

অতঃপর অনারেবল বোর্ডিলন সাহেব ১৮৯৪-৯৫ সালের বাঙ্গালার প্রাদেশিক সর্ভিস বজেট সভাস্থলে উপস্থিত করেন। সভাপতি ছোট লাট বাহাদুর বলিয়াছেন, "সদস্যগণ অবসর মত উহা পাঠ করিবেন এবং উহার সম্বন্ধে প্রশ্ন এবং আলোচনা অতঃপর অন্য একটি অধিবেশনস্থলে হইবে।

এই সমস্ত ব্যতীত বঙ্গীয় ব্যবস্থাপক সভায় কলিকাতার বন্দর আইনের ১১৩ ধারার একটু পরিবর্ত্তন হইয়া গিয়াছে। উক্ত পরিবর্ত্তনানুসারে এখন হইতে বন্দর আপিসের লোকে জাহাজ হইতে যে মাল না তুলিবে, সেই মালের ক্ষতি খেসারৎ সম্বন্ধে বন্দর আপিস দায়ী হইবে না। অনারেবল বকল্যাণ্ড সাহেবের প্রস্তাবিত সূর্য্যাস্তের আইন ও সরকারী পাওনা আদায়ের আইন সিলেক্ট কমিটীর হাতে পড়িয়াছে। মিউনিসিপ্যাল আইন সম্বন্ধেও আলোচনা হইয়াছিল।

বড় লাট বাহাদুরের ব্যবস্থাপক সভায় 'প্রেসিডেন্সী স্মলকজ কোর্ট' আইন ও ফৌজদারী কার্য্যবিধি আইন সম্বন্ধে সিলেক্ট কমিটীর রিপোর্ট এবং অনারেবল লীগুয়ার্ণারের প্রস্তাবিত ডেকানের কৃষি-আইন সংশোধনবিষয়ক পাণ্ডুলিপির আলোচনা হইয়াছিল।

পূর্ত্তবিভাগের একাউণ্টাণ্ট পরীক্ষা।

এ বৎসরে সরকারী পূর্ত্ত বিভাগের ৪র্থ শ্রেণীর একাউণ্টাণ্ট পরীক্ষা আগামী ৪ঠা জুন শিবপুর সিভিল ইঞ্জিনিয়ারিং কলেজে সোমবার আরম্ভ হইয়া তৎপরদিন ৫ই জুন শেষ হইবে।

হস্তলিখন, শ্রুতলিখন, সমগ্র পাটীগণিত, সমস্ত পরিমিতি ও বুক্ কিপিং—এই কয়েকটি বিষয়ে পরীক্ষা

দিতে হইবে। পাটীগণিত ও পরিমিতি, এ দুইয়ের পূর্ণসংখ্যা যথাক্রমে ২৪০ ও ৬০; অন্যান্য বিষয়গুলির প্রত্যেকের পূর্ণসংখ্যা ১ শত। পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইলে ন্যূনকল্পে পাটীগণিতে পূর্ণসংখ্যার দুইয়ের তৃতীয়াংশ এবং অপরাপর বিষয়গুলিতে অর্দ্ধেক সংখ্যা রাখিতে হইবে।

প্রতি বৎসর জুন মাসের প্রথম সোমবারে শিবপুর সিভিল ইঞ্জিনিয়ারিং কলেজে এই পরীক্ষা গৃহীত হইয়া থাকে। গবর্ণমেণ্টের কোন স্থায়ী কার্য্যে নিযুক্ত কোন কর্ম্মচারী ২৫ বৎসরের ঊর্দ্ধ বয়স্ক হইলেও এই প্রতিযোগী পরীক্ষা দিতে পারিবেন এবং পরীক্ষায় উত্তীর্ণ হইতে পারিলে কর্ম্ম পাইবেন, কিন্তু তিনি গবর্ণমেণ্টের যে কার্য্যে নিযুক্ত আছেন তাহাতে যদি পেন্সন না থাকে তবে উপস্থিতক্ষেত্রেও যেখানে পেন্সন নাই এরূপ কার্য্যে অর্থাৎ ষ্টেট রেলওয়ের কোন একাউণ্টেণ্টের পদে তাঁহাকে নিযুক্ত করা হইবে।

শিবপুর কলেজে পরীক্ষা দেওয়ার সুবিধা না বুঝিলে পরীক্ষার্থীকে পরীক্ষার ধার্য্যদিনের অন্যূন ৩০ দিন পূর্ব্বে পবলিক ওয়ার্ক একাউণ্টের কোন একজামিনারের নিকটে পরীক্ষা দিবার জন্য দরখাস্ত করিয়া তাঁহার সম্মতিগ্রহণ করিতে হইবে। দরখাস্তকারীকে আপন দরখাস্তে ঠিকানা লিখিয়া ১০ টাকা ফি এবং নিম্নলিখিত কয়েকটি বিষয়ের সার্টিফিকেট সহ উহা একজামিনারের হাত দিয়া শিবপুর ইঞ্জিনিয়ারিং কলেজের প্রিন্সিপ্যালের নিকট পাঠাইতে হইবে। মূল সার্টিফিকেটগুলি পাঠাইতে পারিলে আর কোন গোলই নাই, তবে যদি উহাদিগের নকল পাঠাইতে হয় তবে সেই নকলগুলি ইঞ্জিনিয়ার অথবা একাউণ্ট ব্রাঞ্চের কোন কর্ম্মচারীর দ্বারা পরীক্ষিত হওয়া চাই। প্রেরিত সার্টিফিকেটগুলি আবেদনকারীকে আর প্রত্যর্পণ করা হইবে না।

১ম, সচ্চরিত্রতার সার্টিফিকেট। এই সার্টিফিকেটে পরীক্ষার্থীর উপরিতন কর্ম্মচারীর স্বাক্ষর থাকা চাই, অথবা যে শিক্ষকের কাছে তিনি পড়িয়াছেন তাঁহার অথবা অন্য কোন উচ্চপদস্থ ব্যক্তি যাঁহার কাছে তিনি শিক্ষিত হইয়াছেন কিম্বা যাঁহার অধীনে কর্ম্ম করিয়াছেন অথবা যাঁহার নিকট তিনি সবিশেষ পরিচিত তাঁহার স্বাক্ষর প্রয়োজন। পরীক্ষার্থী যে তারিখে দরখাস্ত করিতেছেন, সার্টিফিকেটের লিখিত বিষয়গুলি সেই তারিখের পূর্ব্ববর্ত্তী দুই বৎসরেরও পূর্ব্বের কথা যেন না হয়।

২য়, বয়সের সার্টিফিকেট। স্থায়ী সরকারী কার্য্যে নিযুক্ত ব্যক্তি পরীক্ষার্থী হইলে তাঁহাকে আর এই সার্টিফিকেট পাঠাইতে হইবে না।

৩য়, দরখাস্ত খানি যে পরীক্ষার্থীর নিজের হাতের লেখা তাহারও নিদর্শন চাই।

একজামিনার অফ্ একাণ্ট্সের নিকটই পরীক্ষার্থীদিগের দরখাস্তসমূহ দাখিল হইবে। তিনি উল্লিখিত সার্টিফিকেটগুলির বিষয় বিবেচনা করিয়া দরখাস্ত গ্রাহ্য কি অগ্রাহ্য করা হইবে তাহা স্থির করিবেন। যে সকল পরীক্ষার্থীর দরখাস্ত গ্রাহ্য হইবে, তাঁহাদিগের স্বহস্ত লিখিত দরখাস্তগুলি এবং সেই সঙ্গে তাঁহাদিগের নাম, বয়স ও পরীক্ষার ফি একজামিনার অফ্ একাউণ্ট্স্ কলেজের প্রিন্সিপ্যালের নিকট পাঠাইয়া দিবেন।

একবার পরীক্ষায় ফেল হইয়া পুনরায় যিনি পরীক্ষা দিবেন তাঁহাকে আবার নূতন করিয়া উক্তরূপ সার্টিফিকেট দরখাস্তের সহিত দাখিল করিতে হইবে; এবং ফিও স্বতন্ত্র দিতে হইবে।

পরীক্ষোত্তীর্ণ ছাত্র কর্ম্মপ্রাপ্তির জন্য কলেজের প্রিন্সিপ্যাল অথবা সরকারী পূর্ত্ত বিভাগের একাউণ্টেণ্ট জেনারেলের নিকট দরখাস্ত না করিয়া প্রাদেশিক বা রেলওয়ে পবলিক ওয়ার্ক একাউণ্টের যে একজামিনারের অধীনে তিনি কর্ম্ম পাইতে ইচ্ছা করেন তাঁহার নিকটে দরখাস্ত করিবেন।

এই পরীক্ষায় উত্তীর্ণ হইতে পারিলেই যে কেহ কর্ম্মপ্রাপ্তির জন্য দাবী করিবেন, তাহা করিতে পারিবেন না। পূর্ত্ত বিভাগে কর্ম্ম করিতেছেন এরূপ ব্যক্তির মধ্যে যদি বিশেষ যোগ্য লোক থাকে, তবে কর্ম্মপ্রাপ্তি বিষয়ে তাঁহারই প্রার্থনা সর্ব্বাপেক্ষা আদরণীয় হইবে।

(প্রাপ্ত)

৺ স্বর্গীয়া গোবিন্দদেব-পত্নী।

আমরা শোকসন্তপ্তচিত্তে শ্রীযুক্ত বাবু গোবিন্দদেব মুখোপাধ্যায়ের পত্নী বিয়োগ-সূচক কয়েকটি শ্লোক এডুকেশন গেজেটে প্রকাশিত করিবার

অন্য সম্পাদক মহাশয়ের নিকট পাঠাইতেছি। সাধারণ পত্রিকায় অসাধারণ গুণসম্পন্ন-ব্যক্তির জীবনালোক প্রকাশ অনুচিত নহে। গোবিন্দ বাবুর পত্নীও অনন্যসাধারণ-স্ত্রীগুণসম্পন্না কর্ত্তব্যপরায়ণা স্ত্রীদিগের আদর্শ ছিলেন, এবং আজি কালি এইরূপ পতিব্রতা কর্ত্তব্যনিষ্ঠা স্ত্রীলোকের সুচরিত্র অনুকরণ সর্ব্বথা কর্ত্তব্য। এই জন্য আশা করি, সম্পাদক মহাশয় শ্লোক গুলি পত্রিকাস্থ করিবেন।

'মম সুখেন জীবনং পতিপদাব্জচিন্তয়া
সুচিরমাযুষা সতী সকলমঙ্গলালয়।'

শিরসিহস্তমাদধৎ শ্বশুর এবমাশিষং
চিরমুবাচ যামহো কলুগতাহত্র সাধুনা। ১

সা কাচিল্লদশালয়াৎ সুরসুতা শাপচ্যুতাহপি ধ্রুবং
দেবী দেবসদঃ বিহায় সুধিয়ং গোবিন্দদেবং শ্রিতা
তিংশদ্বর্ষমিতান্ সুনীয় সময়ান্ ভাগ্যেন পত্ন্যা সমং
হা শাপাবসিতৌ গতা স্বকপুরং দুঃখে নিমজ্জাম্যহম্। ২

কীর্ণাহার-ধরাধিপস্য তনয়া ধীরা ধরারূপিণী
ভূদেবস্য সুধীবরস্য ভবনশ্রীর্যা সুষা ধার্ম্মিকা
লোকেহশেষসুসম্পদাশ্রয় ইতো বুদ্ধ্যা যথা শ্রীরিয়ং
সৌভাগ্যাত্ত শরীরিবাহতিকরুণা সৎকারুকার্গো-
ত্তভা। ৩

অশ্রান্তং শ্বশুরং পতিং পরিজনান্ সংসেব্য সন্তোষ্য চা-
পর্ব্বা নম্রতয়া বিধায় চ মুদা চৈষ্যং কৃতং স্বেচ্ছয়া
চৈষম্যাণাং স্বকৃতিপ্রসক্তিকৃতয়ে, ধর্ম্ম্যে রতা কর্ম্মণি
গোবিন্দস্য বধূরসৌ কবলিতাহকালেহত্র কালেন
হা। ৪

ধীরস্য চ বিশ্বনাথস্য গৃহস্থস্যাপি যোগিনঃ
সুতপস্তপ্যায়ানস্য তপসঃ ফলমেব যা। ৫

সৌভাগ্যসেবিতামূর্ত্তিমতীব শ্রীর্গুণান্বিতা
বিগর্ব্বা নিখিলং কার্য্যং চৈষ্যাবহুচকার যা। ৬

সদা যস্যাঃ পরাপ্রীতিরভাগতস্য সৎকৃতৌ
নবীনসূত্রনির্ম্মাণে যজ্ঞসূত্রকৃতৌ তথা। ৭

নবশিল্পবিধানে চ গবাদিপশুপালনে
পাচনেহখিল খাদ্যানাং যাদভূৎ পটীয়সী। ৮

নিত্যং নবং বহুবিধং কৃত্বা ব্যঞ্জনমুত্তমম্
শ্বশুরায় স্বয়মেব প্রদদৌ পরয়া মুদা। ৯

স্বামিনং পরমং দেবম্, অহীষ্টং শ্বশুরং তথা
দেবরং সোদরং, পুত্রান্ স্বজনান্ প্রতিবেশিনঃ। ১০

ভ্রাতরঃ সোদরাং মত্বা হিংসাদ্বেষবিবর্জ্জিতা
সম্পূজ্য তোষয়িত্বা তান্ গৃহলক্ষ্মীর্গতাযশম্। ১১

ধনিকন্যাহপি বিদুষী পিতরং শ্বশুরালয়ে
পাতিব্রত্যেন ধর্ম্মেণ শুশ্রূষসা সুসেবয়া। ১২

সীতেব মুমুষবাক্লীবাং সর্ব্বদানন্দময়ী মসা
কর্ত্তব্যং নিখিলং কৃত্বা যা জগাম পরং মুদম্। ১৩

তস্যা অকালেহতিগতিং নিশম্য
ন কস্য চিত্তং স্বজনস্য দূনম্?
ক্লিষ্টা বয়ং হন্ত বতাতিদুঃখং
ছায়াবটং বজ্রহতা বিলোক্য। ১৪

মাতশ্চরিত্রং মৃদুরং বধূনাং
প্রকাশা যাতা কিমকাল এব।
পশ্যাম্যা জীর্ণং শ্বশুরং স্ববর্গৈঃ
সুতৈঃ সমং কাং নু দশামুপৈতি। ১৫

সুখীশ্বরো ধৈর্য্যবতাং গতোহপি
সদা চিদানন্দসুখং গতোহপি
জরাতিথিরঃ শ্বশুরঃ সদা তে
তস্মাত্তিজীর্ণো বত শোকমাপ্তঃ। ১৬

তৎকৃতে ক্লেশমায়ান্তি স্বজনা যেহত্র মায়য়া
সর্ব্বদা শোকদগ্ধা যে স্মরন্তস্তৎকৃতং কৃতম্। ১৭

শান্তিং দদাত্বলং তেভ্যঃ সদা শান্তিনিকেতনম্
অক্ষরং পরমং ব্রহ্ম সচ্চিদানন্দসদ্বয়ম্। ১৮

যাচে কায়মনোবাকৈঃ সর্ব্বমেকং সনাতনম্
ছায়াবটং সচিৎপুষ্পং বিজ্ঞানঘনমেব তম্। ১৯

কালধর্ম্মেণ শুষ্যাস্যং সহসাশনিপীড়িতম্
সংরক্ষতু চিরং কালঃ লোকমঙ্গলকারণম্। ২০

কস্যাচিৎ সম্ভ্রস্য
সুহৃদঃ।

সাপ্তাহিক সংবাদ।

[কলিকাতা] আগামী ১৪ই এপ্রেল বঙ্গীয় ব্যবস্থাপক সভায় বাঙ্গালার বজেট সম্বন্ধে আলোচনা হইবে।

হাইকোর্টের মাননীয় জজ প্রিন্সেপ সাহেব ছুটি লওয়ায় মিঃ জবলিউ এইচ গর্ডন তাঁহার স্থানে নিযুক্ত হইয়াছে।

নিম্নলিখিত ব্যক্তিগণ এই বৎসরে এটর্ণির শেষ পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন—বঙ্কবিহারী দত্ত প্রমথচন্দ্র কর, শরচ্চন্দ্র দত্ত, হীরেন্দ্রনাথ দত্ত, অক্ষয়চন্দ্র বসু, রাজচন্দ্র চন্দ্র, সতীশচন্দ্র মিত্র, মহম্মদ সুলতান আলম্।

৺ বিদ্যাসাগর মহাশয়ের মেট্রপলিটান সম্বন্ধে নূতনরূপ বন্দোবস্ত হইল। স্যর রমেশচন্দ্র মিত্র এক্ষণে উহার প্রধান পরিচালক হইলেন। পরি-

চালকতা কার্য্যে বিদ্যাসাগর মহাশয়ের পুত্র শ্রীযুক্ত নারায়ণচন্দ্রও যোগ দিয়াছেন। ৫ জনের হাতে কার্য্যভার প্রদত্ত হইয়াছে। হাইকোর্টের উকিল শ্রীযুক্ত গোপালচন্দ্র শাস্ত্রী সেক্রেটরী নিযুক্ত হইয়াছেন।

আগামী ২২শে জৈষ্ঠ সোমবার ফরিদপুর সুহৃদ্‌সভায় নানা বিভাগের পরীক্ষা আরম্ভ হইবে। যাঁহারা পরীক্ষা দিতে ইচ্ছুক, নিয়মানুসারে ১৫ দিন পূর্ব্বে নাম, ধাম, বয়স, পরীক্ষার স্থান প্রভৃতি লিখিয়া ২১০। ৪নং কর্ণওয়ালিস ষ্ট্রীট সুহৃদ্ সভার সম্পাদকের নিকট আবেদন পাঠাইবেন। যথাসময়ে আবেদন না আসিলে প্রশ্ন যাইবে না।

[আসাম] মিঃ সি জে লায়াল আসামের চিফ কমিসনর হইলেন। আগামী জুলাই মাস হইতে কার্য্যভার গ্রহণ করিবেন।

[উঃ পঃ প্রদেশ] উত্তর পশ্চিমে অবৈতনিক মুন্সেফদিগের হাতে দেওয়ানী বিচারের ভার দিবার জন্য আইন হইবে। লক্ষ্ণৌ সহরের রিয়াক্সি এসোসিয়েশনের সেক্রেটরী বাবু বিপিনবিহারী বসু আইনে আপত্তি করিয়াছেন। বলিতেছেন, যখন দেওয়ানী বিচারে গবর্ণমেণ্টের যথেষ্ট আয়, তখন কেন বেগার দিয়া কাজ হইবে? বেগারে ভাল লোক পাওয়া যাইবে না; অবিচার হইবে। বেগার বিচারে অর্থী প্রত্যর্থী কোন পক্ষেরই সন্তোষ হইবে না। (দৈনিক)

[সাধারণ] গাঁজা কমিসনের কলিকাতার কার্য্য শেষ হইয়া আসিল। অতঃপর কমিসন লাহোরে যাইয়া তথায় ৪। ৫ দিন কাল অবস্থান করিবেন। লাহোরে সাক্ষ্য গ্রহণ হইয়া গেলেই কমিসন সিমলা যাত্রা করিবেন। সিমলায় কমিসনের রিপোর্ট প্রস্তুত হইবে।

জর্ম্মণ রাজ্যে প্রতি দশহাজার লোকের মধ্যে ২২ জন লোক আত্মহত্যা করে; ফরাসী রাজ্যে প্রায় ২ জন, অষ্ট্রিয়ায় প্রায় ১৪, ইংলণ্ডে ৪, ইটালিতে প্রায় ২ জন। পল্‌টনের আত্মহত্যা অষ্ট্রীয়ার প্রতি দশহাজারের ১২½ জনের ও অধিক, জর্ম্মণ রাজ্যে ৬½ জনের ও অধিক, ফরাসী রাজ্যে প্রায় ৩½ জন, ইংলণ্ডে প্রায় ২ জন। (দৈনিক)

বাঙ্গালায় ৩৩০ জন মাত্র বিবাহিত গোরা সৈনিক আছে। অবিবাহিত গোরা সৈনিকের সংখ্যা তথায় ৪১ হাজার ৯৬৮ জন। মাদ্রাজে বিবাহিত ৩৪৫ জন, অবিবাহিত ১৩ হাজার

১৫৪ জন, বোম্বাইয়ে বিবাহিত ৩৬১ জন, অবিবাহিত ১১ হাজার ৯৯৫ জন; অর্থাৎ বাঙ্গালার গোরা সৈনিকদিগের মধ্যে শতকরা ৩ জন মাত্র বিবাহিত, মাদ্রাজে শতকরা ৪৪ জন, এবং বোম্বাইয়ে শতকরা ৩ জনেরও কম। মোট গোরা সৈনিকের মধ্যে বিবাহিত ২ হাজার ৩৩৬ অবিবাহিত ৬৭ হাজার ১১৭ জন।

[বৈদেশিক] বিলাতের রাজস্ব এ বৎসরে ৯ কোটি ৮৩ লক্ষ পাউণ্ড হইয়াছে। পূর্ব্ব বৎসরাপেক্ষা এবারে ৭ লক্ষ ৪০ হাজার পাউণ্ড বেশী হইয়াছে। আয় কর হইতেই এই বৃদ্ধি; মদ্যের আবকারী, ষ্ট্যাম্প ও কষ্টমেই প্রধানতঃ রাজস্ব কমিয়াছে।

কষুথের মৃত দেহ এখনও বৃদাপেস্তেই রাখা হইয়াছে। দলে দলে লোকে মৃতদেহ দেখিতে যাইতেছে, এমন কি শত শত মাইল দূর হইতেও লোকে উহা দেখিতে আসিতেছে।

জর্ম্মণীর সহিত রুষিয়ার যেরূপ বাণিজ্যসন্ধি হইয়াছে, অষ্ট্রীয়ার সহিতও সেইরূপ হইল।

ফরাসী শ্যামরাজ্যের উপর যেরূপ আধিপত্য বাড়াইয়া লইয়াছেন তাহাতে পরিণামে ইংলণ্ডেরই ক্ষতি হইবে। কমন্স সভায় সার রিচার্ড টেম্পল একথার উত্থাপন করিয়া শ্যাম সম্বন্ধীয় সমস্ত কাগজ পত্রাদি পার্লিয়ামেণ্টে দাখিল করিতে বলিয়াছেন। উত্তরে পররাষ্ট্র বিভাগের অণ্ডার সেক্রেটরী বলিয়াছেন যে, শ্যামের সঙ্গে ফরাসীর গোলমাল শীঘ্র মিটিয়া যাইবে, এই অনুমানেই কাগজ পত্র পার্লিয়ামেণ্টে দাখিল করিতে বিলম্ব হইয়াছে।

বাঙ্গাল গবর্ণমেণ্টের নিয়োগাদি।

সাধারণ—হুগলীর ডিঃ ও সেঃ জজ ব্রেট সাহেব ৬ মাসের এবং বশোহরের প্রতিনিধি ডিঃ ও সেঃ জজ কেলেকর সাহেব ৭ মাসের ফর্লো পাইলেন। বর্দ্ধমানের প্রতিনিধি ডিঃ ও সেঃ জজ প্রেস সাহেব সারণের ডিঃ ও সেঃ জজ হইলেন। রাজসাহীর প্রতিনিধি ডিঃ ও সেঃ জজ মিঃ ব্রজেন্দ্রকুমার শীল বর্দ্ধমানের ডিঃ ও সেঃ জজ হইলেন। রাজসাহীর জঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ লোকেন্দ্রনাথ পালিত অস্থায়ীরূপে উক্ত জেলার ডিঃ ও সেঃ জজ হইলেন। সারণের প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ মিঃ ল্যাঙ্গ সাহেব ৩ মাসের ছুটী পাইলেন। সারণের ছুটী প্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ মৌলবী সৈয়দ ওয়াজিদ হোসেন ২৪ পরগণার সদরে স্থাপিত হইলেন। মুঙ্গেরের ছুটী প্রাপ্ত ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু হীরালাল বন্দোপাধ্যায় ত্রিপুরা জেলার সদরে স্থাপিত হইলেন। বীরভূমের স্পেশিঃ ডেঃ কঃ বাবু শ্রীশচন্দ্র মজুমদার ৩ মাসের ছুটী পাইলেন। রেজিষ্ট্রেশন বিভাগের ইনস্পেক্টর জেনারেল হোমউড সাহেব গয়ার ডিঃ ও সেঃ জজ হইলেন। ২৪ পরগণার ডেঃ মাঃ ও ডেঃ কঃ অনারেবল মৌলবী আবদুল অহুর খাঁ বাহাদুর কলিকাতার প্রেসিডেন্সী ম্যাজিষ্ট্রেট হইলেন। ২৪ পরগণার জঃ মাঃ ও ডেঃ কঃ অস্থায়ী রূপে হুগলীর ডিঃ ও সেঃ জজ হইলেন। মালদহের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু তারাপ্রসন্ন আচার্য্য উক্ত জেলায় কার ক্ষমতা প্রাপ্ত হইলেন। ফরিদপুরের প্রতিনিধি মাঃ ও কঃ পোল সাহেব বশোহরের ডিঃ ও সেঃ জজ হইলেন। দার্জ্জিলিঙ্গের প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ হেরল সাহেব অস্থায়ীরূপে বোগরার মাঃ ও কঃ হইলেন। পাটনা বিভাগের ফর্লো প্রাপ্ত অস্থায়ী অতিরিক্ত কমিঃ ওয়েস সাহেব বর্দ্ধমান বিভাগের কমিঃ হইলেন। বর্দ্ধমানের মাঃ ও কঃ মিঃ রমেশচন্দ্র দত্ত সি আই ই ওয়েষ সাহেবের অনুপস্থিতি কাল যাবৎ বর্দ্ধমান বিভাগের কমিঃ হইলেন। সাঁওতাল পরগণার প্রতিনিধি ডেঃ কমিঃ ভিন্সেণ্ট সাহেব বর্দ্ধমানের মাঃ ও কঃ হইলেন। সাঁওতাল পরগণার প্রতিনিধি জঃ মাঃ ও ডেঃ কঃ রো সাহেব অস্থায়ীরূপে উক্ত জেলার ডেঃ কমিঃ হইলেন। সারণের ডিঃ ও সেঃ জজ গর্ডন সাহেবের কার্য্য ভারত গবর্ণমেণ্টের হোম ডিপার্টমেণ্টের অধীনে থাকিল। চম্পারণের ডেঃ মাঃ ও ডেঃ কঃ বাবু মহেশচন্দ্র সেন উক্ত জেলার সদর মহকুমায় কার ক্ষমতা পাইলেন।

বিচার—ত্রিহুতের সব জজ বাবু যদুনাথ দাস ১ মাসের ছুটী পাইলেন। পাটনার মুঃ বাবু চন্দ্রকুমার রায় সাহাবাদ আরার মুঃ হইলেন, কিন্তু বাবু যদুনাথ দাসের অনুপস্থিতি কাল যাবৎ ত্রিহুতের সব জজের কার্য্য করিবেন। সাহাবাদ আরার মুঃ বাবু শ্রীগোপাল চট্টোপাধ্যায় পাটনা সদরের মুঃ হইলেন। বাবু তারাপদ চট্টোপাধ্যায় বি এল সাহাবাদ আরার মুঃ হইলেন। ছোট নাগপুর বড় বাজারের মুঃ বাবু বিপ্রদাস চট্টোপাধ্যায় ময়মনসিংহের সব জজ হইলেন। ছোট নাগপুর লোহারডাগার মুঃ বাবু শশিভূষণ সেন (৩নং) ছোটনাগপুর বড় বাজারের মুঃ হইলেন। বাবু বৈদ্যনাথ ঘটক বি এল ছোটনাগপুর লোহারডাগার মুঃ হইলেন। বাবু দুর্গাদাস মুখোপাধ্যায় এম এ বি এল যশোহর নড়াইলের মুঃ হইলেন। বাবু অপূর্ব্বচন্দ্র ঘোষ বি এল মেদিনীপুর সদরের মুঃ হইলেন। বাবু সতীশচন্দ্র বসু বি এল নোয়াখালি বেগমগঞ্জের মুঃ হইলেন। বাবু কামিনীকুমার মুখোপাধ্যায় এম এ বি এল ফরিদপুর চিকাণ্ডির মুঃ হইলেন। সাহাবাদের সব জজ বাবু বাবু অবিনাশচন্দ্র মিত্র ১৬ দিনের ছুটী পাইলেন। রংপুর জলপাইগুড়ির মুঃ বাবু যোগেন্দ্রনাথ মুখোপাধ্যায় ২ মাসের ছুটী পাইলেন। বাখরগঞ্জ বরিশালের মুঃ বাবু রমাপতি দে ১ মাসের, যশোহর নড়াইলের মুঃ বাবু সুরেশচন্দ্র ঘোষ ১ মাসের, মুরসিদাবাদ জঙ্গীপুরের অতিরিক্ত মুঃ বাবু কিশোরীলাল সেন ৬ দিনের, মেদিনীপুরের মুঃ মিঃ সৈয়দ আবদুর রহমন ৩ মাসের, ফরিদপুর চিকাণ্ডির মুঃ বাবু তারকনাথ দত্ত ২ মাসের ও বাখরগঞ্জ বরিশালের মুঃ বাবু শিতিকণ্ঠ মল্লিক ৪৪ দিনের ছুটী পাইলেন।

শিক্ষা—চট্টগ্রামের ডেঃ ইনঃ বাবু সারদাকান্ত সেন ২ মাস ১৫ দিনের ছুটী পাইলেন। ফরিদপুরের বিভাগীয় সব ইনঃ বাবু মহিমচন্দ্র বসু চট্টগ্রামের ডেঃ ইনঃ হইলেন। বাবু সতীশচন্দ্র সেন বি এ ফরিদপুরের বিভাগীয় সব ইনঃ হইলেন। বীরভূম জেলাস্কুলের ২য় শিক্ষক বাবু নারায়ণচন্দ্র মুখোপাধ্যায় ২ মাসের ছুটী পাইলেন। উক্ত স্কুলের ৩য় শিক্ষক বাবু মহেন্দ্রনারায়ণ মুখোপাধ্যায় উক্ত স্কুলের ২য় শিক্ষক হইলেন। সংস্কৃত কলেজের হেড ক্লার্ক বাবু কালীচরণ গাঙ্গুলী আর ১ মাসের ছুটী পাইলেন।

উদ্ভট কবিতা।

[৪৬২]

"সঞ্চারো রতিমন্দিরাবধি পদন্যাসাবধি প্রেক্ষিতম্,
হাসাঙ্কাধরপল্লবাবধি সখীকর্ণাবধি ব্যাহৃতম্।
চেতঃ কাঞ্চনমীহিতাবধি মহামোহোপি মৌনাবধিঃ,
সর্ব্বং সাবধি নাবধিঃ কুলভুবাং প্রেম্নঃ পরং কেবলম্॥

বিজ্ঞাপন।

MODEL QUESTIONS
WITH
ANSWERS
ON
THE ENGLISH ENTRANCE COURSE
FOR
1895.
THE BEST OF ITS KIND IN THE FIELD.
(COMPRISING ALL THE PIECES,
SELECTED FROM 1891 to 1895.)
Also highly useful for the Second Class Boys
By A Veteran Educationist, Price /12
S. C. AUDDY,
Bookseller And Publisher,
58, Wellington Street,
Calcutta.

No 831

১৮৯৪ সালের ১৬ই মার্চ্চ তারিখের এডুকেশন গেজেটে নিম্নপ্রাথমিক পরীক্ষার যে ফল প্রকাশিত হইয়াছে তন্মধ্যে কয়েক-কটি ভ্রমের সংশোধন।

৭৪৩ পৃঃ ৩য় স্তম্ভের ১৪ ছত্রের "গো বহু" শব্দের পরিবর্ত্তে "গৌরহাটী বহুবাজার" পড়।

ঐ পৃঃ ১ম স্তম্ভের ১৭ ছত্রের নামটি উঠাইয়া দিতে হইবে।

৭৪৪ পৃঃ ১ম স্তম্ভের ৩৫ ছত্রের "ত্রৈলোক্যনাথ হালদার হবিবপুর" শব্দের স্থানে "নগেন্দ্রনাথ দাঁ গাঙ্গেশ্বনগর" পড়।

ঐ পৃঃ ঐ স্তম্ভের ৩৬ ছত্রের 'থাকদাপ্রসাদ কলে ঐ' উঠাইয়া "ত্রৈলোক্যনাথ হালদার হবিবপুর' পড়।

ঐ পৃঃ ঐ স্তম্ভের ৩৭ ছত্রের 'হামেদ মালীক' নামের পরিবর্ত্তে 'থাকদাপ্রসাদ কলে' পড়।

ঐ পৃঃ ২য় স্তম্ভের ১৬ ছত্রের 'ভুঁপোল' শব্দের স্থানে" ভুঁসালি পড়।

ঐ পৃঃ ঐ স্তম্ভের ৩৫ ছত্রের '৩য় বিভাগের স্থানে' '২য় বিভাগ' পড়।

ঐ পৃঃ ৩য় স্তম্ভের ৩১ ছত্রের '২য় বিভাগের স্থানে' '৩য় বিভাগ' পড়।

ঐ ঐ ৩১ ছত্রের '৩য় বিভাগের স্থানে' '২য় বিভাগ' পড়।

৭৪৫ পৃঃ ২য় স্তম্ভের ১৮ ছত্রের 'শ্রীসাদ' শব্দের স্থানে 'প্রসাদ' শব্দ পড়।

ঐ ৩য় স্তম্ভের ৪ ছত্রের 'ব্রজেন্দ্র' শব্দের স্থানে 'রাজেন্দ্র' শব্দ পড়।

ঐ ঐ ২৪ ছত্রের "বাদল দাব" শব্দের স্থানে "বাদলচন্দ্র" শব্দ পড়।

ঐ ঐ ২৯ ছত্রে 'চক্রবর্ত্তী' শব্দের স্থানে 'আচার্য্য' শব্দ পড়।

৭৪৬ পৃঃ ১ম স্তম্ভের 'নিম্নদবরণ ঘোষ সোম নগর ২' শব্দগুলি উঠাইয়া দিতে হইবে।

ঐ পৃঃ ২য় স্তম্ভের ৪ ছত্রের 'সেথ মসিম' শব্দের স্থানে 'সেখ আসিম পড়।

৭৪৬ পৃঃ ৩য় স্তম্ভের ২৫ ছত্রের '৩য়' বিভাগের স্থানে '১ম' বিভাগ পড়।

১৩০ পৃঃ ১ম স্তম্ভের ২০ ছত্রের '২য়' বিভাগের স্থানে '৩য়' বিভাগ পড়।

ঐ ২য় স্তম্ভের ১৬ ছত্রের '৩নং বোদাই' পড়।

ঐ ঐ ১৯ ছত্রে '১নং কুমারগঞ্জ' পড়।

৭৪৮ পৃঃ ২য় স্তম্ভের ১ম ছত্রের 'সাট ও মহিষ গেটে' শব্দদ্বয়ের স্থানে 'সাউ ও মহিষ গোঠ' শব্দ পড়।

ঐ ঐ ৫ ছত্রের 'অক্ষয়চন্দ্র মণ্ডল' স্থানে 'অবরচন্দ্র আদক' পড়।

ঐ ঐ ২১ ছত্রের 'থানা ল' শব্দ স্থানে 'থানাকুল' পড়।

ঐ ঐ ৩৫ ছত্রের 'হরিশ্চক ২নং' শব্দ স্থানে 'হরিশ্চক ৩নং' পড়।

ঐ ঐ ৪০ ছত্রের 'বেরা' শব্দ স্থানে 'বেরা' শব্দ পড়।

ঐ ঐ ৪১ ছত্রের '২য়' বিভাগ উঠাইয়া '১ম' বিভাগ পড়।

ঐ ৩য় স্তম্ভের ৩৩ ছত্রের 'যোগেন্দ্রনাথ' নামের স্থানে 'যজ্ঞেশ্বর' পড়।

ঐ ঐ ৩৬ ছত্রের 'বড়ুই' শব্দ স্থানে 'বড়ুই' পড়।

ঐ ঐ ৪৩ ছত্রের 'ঐ' শব্দ স্থানে 'মঙ্গলপুর' শব্দ পড়।

৭৪৯ পৃঃ ১ম স্তম্ভের ১২ ছত্রের 'পরেশ' শব্দ উঠাইয়া 'পারিল্ল' শব্দ পড়।

ঐ ঐ ১৪ ছত্রের 'বরিশপুর' শব্দ স্থানে 'বাগবপুর' শব্দ পড়।

ঐ ঐ ২৩ ছত্রের '১ম' বিভাগ স্থানে '২য়' বিভাগ পড়।

ঐ ২য় স্তম্ভের ১৩ ছত্রের '৩য়' বিভাগ স্থানে '২য়' বিভাগ পড়।

ঐ ঐ ১৭ ছত্রের "চেয়ারম্যান" শব্দের পূর্ব্বে "ভাইস" শব্দ বসাইতে হইবে।

শ্রীনন্দিকামোহন সিংহ।
ভাইস চেয়ারম্যান।
ডিষ্ট্রীক্টবোর্ড হুগলী।

১৮৯৩-৯৪ সালের নিম্ন-প্রাইমারী পরীক্ষোত্তীর্ণ বালকের নাম।

ছাত্রের নাম।	স্কুল।	থানা
মহিরুদ্দিন	গোসাইপুর	জোগলী
গোলকুরাম	ঐ	ঐ
খাউয়া মহম্মদ	যোগীবাড়ী	ঐ
আজিরুদ্দিন	ভিসমত, মাধবপুর	ঐ
এলাহিবক্স	ঐ	ঐ
চেটিরাম সরকার	উখরাইল	ঐ
গোলামল্লা	মামুদপুর	ঐ
আলামতুল্লা	ঐ	ঐ
নিয়ামতুল্লা	ঐ	ঐ
বারাকুদ্দিন	ঐ	ঐ
এছাকুদ্দিন	ঐ	ঐ
মহিরুদ্দিন	ঝুরা	ঐ
বেণীমাধব সরকার	ইছামতী	ঐ
নীলকান্ত সরকার	ঐ	ঐ
ধনীবুল্লা সরকার	সাতমালা, নি ১	ঐ
জীবনদাস	ঐ	ঐ
দুর্গামণী দাসী (বালিকা)	ঐ	ঐ
মতিরুদ্দিন	১নং পলাসবাড়ী	ঐ
দেবেন্দ্রনাথ সাহা	সাহেবগঞ্জ	ঐ
রামলাল সরকার	ঐ	ঐ
শমিরুদ্দিন	ভবানীপুর	ঐ
ব্রজমোহন দাস	ঐ	ঐ
উমেশচন্দ্র দত্ত	ঐ	ঐ
হেমানতুল্লা	ঐ	ঐ
২৫ উপেন্দ্রনাথ ঝা নং ১	রাণীগঞ্জ	ঐ
উপেন্দ্রনাথ ঝা নং ২	ঐ	ঐ
শিবেন্দ্রনাথ দাস	মহেশপুর	ঐ

মহানন্দ দাস	মহেশপুর	ঐ
অমৃতলাল দাস	ঐ	ঐ
ছফি উদ্দীন	ফরমানপুর	ঐ
মনী মহম্মদ	মালিগাঁ	ঐ
ক্ষেত্রমোহন সরকার (চকগোপাল)	মহেশপুর	ঐ
নেগার মাহাম্মদ দিনাজপুর মিউনিঃ মডেল		ঐ
করিমতুল্লা	ঐ	ঐ
জগদীশচন্দ্র কর	মুদিপাড়া	ঐ
গিরিজাকান্ত ঘোষ	ঐ	ঐ
ঠাকুর দাস	সাহাপুর	ঐ
নরেন্দ্রকুমার দাস	ঐ	ঐ
তারাকান্ত দাস	সাতনালা নং ৪	ঐ
আবদুল করিম সরকার	বিরাকুড়ি	ঐ
ইমান মহম্মদ	মিউনিঃ মডেল দিনাজপুর	ঐ
জাহিমুদ্দিন	সাতনালা নং ২	ঐ
রামচন্দ্র দাস	মিউনিঃ মডেল দিনাজপুর	ঐ
ফজিলদ্দিন সরকার	বাছুরি	গঙ্গারামপুর
আমীরউদ্দিন সরকার	ঐ	ঐ
পেকাম্বর আলী সাহা	পাছগাঁ	ঐ
সাদুল্লা মহম্মদ	বিরালই	ঐ
সহর মাহাম্মদ	লস্করহাট	ঐ
ফয়াসতুল্লা	ঐ	ঐ
৫০ পেশাউদ্দিন সরকার	মসিপুখর	ঐ
প্রাণমামুদ সরকার	লালচন্দ্রপুর	ঐ
রহিমুদ্দিন মিঞা	হোসেনপুর	বীরগঞ্জ
নিয়ামুদ্দিন	ঐ	ঐ
আবদুল গফুর	সেনগ্রাম	ঐ
হাজারুদ্দিন	ঐ	ঐ
হামীর উদ্দিন	ঐ	ঐ
ই-ছাপ আলি	ঐ	বীরগঞ্জ
আবদুল হুসেন	ঐ	ঐ
আলামুদ্দিন	গোয়ালদিহি	ঐ
ভুলুচাঁদ দাস	নিমোহিল	ঐ
প্রেমচাঁদ দাস	ঐ	ঐ
কামতুল্লা	খিপিকুড়ী	ঐ
জামির উদ্দিন	ঐ	ঐ
ইন্দ্র নারায়ণ	ঐ	ঐ
হেমচন্দ্র দাস	শিবরামপুর নং ১	ঐ
হোসেন আলি	পলতাপুর	ঐ
কামিফা বিবি (বালিকা)	ঐ	ঐ
মইফুল হেদা (বালিকা)	দাউদপুর	ঐ
মজুরত আলি	জইনটিগা	ঐ
মনশ্যাম পালী	সাতগ্রাম	ঐ

একিন মহম্মদ	মদনপুর	ঐ
মহিরুদ্দীন	পালতাপুর	ঐ
দানেশ মাহাম্মদ	শুন্দাইল	ঐ
মহাতপ উদ্দিন	বীরহোলী	পীরগঞ্জ
৭৫ আসামুদ্দিন	ঐ	ঐ
নিয়ামুদ্দিন	ঐ	ঐ
ছমিদান মল্লিক	হাটইল নং ১	ঐ
জাফার মাহাম্মদ	দানারহাট	ঐ
নিজাবুদ্দীন	বাঙ্কাগ্রাম	ঐ
মমিজদ্দিন	বোচাগঞ্জ	ঐ
এতিবুদ্দিন	ঐ	ঐ
নুরমাহাম্মদ	ঐ	ঐ
শাকের মহম্মদ	ঐ	ঐ
মজীরদ্দিন	ঐ	ঐ
মশিরুদ্দিন	ঐ	ঐ
নেফাতুল্লা মিঞা	ঐ	ঐ
তোরারাম দাস	মোল্লাপাড়া	ঐ
ফয়েজবক্স চৌধুরী	ঐ	ঐ
আলি মহাম্মদ	ঐ	ঐ
পূর্ণচন্দ্র দাস	বানাহার	ঐ
খিরাজুদ্দিন	দানারহাট	ঐ
খিয়াতালি	বোচাগঞ্জ	ঐ
বাটু মহাম্মদ	ঐ	ঐ
রাসবিহারী নরসুন্দর	হাটমোনি	হেমতাবাদ
তিনকড়ি সাহা	দৌলতপুর	ঐ
বিপিনবিহারী সাহা	ঐ	ঐ
মতিলাল সাহা	ঐ	ঐ
মতিলাল সাহা (খুরি)	ঐ	ঐ
মছলাত উদ্দীন	বলাইগঞ্জ	ঐ
১০০ সমির উদ্দিন	কাড়োয়া	ঐ
হাকিমালি	কালিমপুর	ঐ
বছিরুদ্দিন	রাণহাট্টা	ঐ
আমীরুদ্দিন	মহিপুর	ঐ
আছীমুদ্দীন মহম্মদ	পিরোজপুর	ঐ
কালেফ উদ্দীন	ঐ	ঐ
আহাম্মদ আলি	ভাতশিহা	ঐ
বগাই মহম্মদ	নারায়ণপুর	ঐ
শরচ্চন্দ্র মুখোপাধ্যায়	ঐ	ঐ
জিনু মহম্মদ	ঐ	ঐ
আলি মুদ্দিন	ভিতর	ঐ
বদি বুদ্দিন	ধে রাজই	ঐ
গফুর মহম্মদ	ঐ	ঐ
কপুর মহম্মদ	লোহগ্রাম, নয়াতলী	ঐ

খয়র রুদ্দিন	লোহগ্রাম, নয়াতলী	ঐ
খেদুয়া ঋষি	লোহগ্রাম নয়াতলী	হেমতাবাদ
চরণচন্দ্র সরকার ১নং	তেলিহি	ঐ
রামকান্ত দাস	ঐ	ঐ
চরণচন্দ্র সরকার ২নং	ঐ	ঐ
হরিমোহন দাস	গোঠী	ঐ
জগবন্ধু দাস	ঐ	ঐ
সদাগর দাস	ঐ	ঐ
বাদবচন্দ্র দাস	ঐ	ঐ
আরিপ মাহাম্মদ	ঐ	ঐ
সসিরুদ্দিন মহম্মদ	ঐ	ঐ
১২৫ উমাকান্ত দাস	ঐ	ঐ
ললিতমোহন সিংহ	রাইগঞ্জ	ঐ
আজিজুল রহেমান	ঐ	ঐ
নিতাকালী	ঐ	ঐ
জীবনকৃষ্ণ দাস	ঐ	ঐ
মৃত্যুঞ্জয় সাহা	ঐ	ঐ
কৃষ্ণমোহন সাহা	ঐ	ঐ
জ্যোতিশ্চন্দ্র বসু	ঐ	ঐ
খলিমুদ্দিন	খালসী	ঐ
আছিরুদ্দিন আহাম্মদ	মালোন	ঐ
নাছিরুদ্দিন	ভাতসিহা	ঐ
আজিজুর রহেমন	লোচগ্রাম	ঐ
নিন্দুলাল দাস	আতরাই	ঐ
বৃথাচাঁদ দাস	খোরসোরা	কালীয়াগঞ্জ
রজনীকান্ত তন্তুবায়	হরু	ঐ
অহরদী সরকার	চক ঝাড়ুয়া	ঐ
আক্কেল মহম্মদ	ঐ	ঐ
ভায় মহম্মন	বলিহারা	ঐ
গুলান্দী মহম্মদ	ঐ	ঐ
ইয়ারদী মহম্মদ	ঐ	ঐ
জানবক্স সেখ	কলাইবাড়ী	কালীয়াগঞ্জ
চান্দু সেখ	ঐ	ঐ
গোপালচন্দ্র দাস	খামকয়া	ঐ
শিবনারায়ণ সরকার	ঐ	ঐ
ইন্দ্রভূষণ ঝা	গুলন্দর	ঐ
১৫০ যদুনাথ দাস	বলাহার	ঐ
আতাবুদ্দিন আহাম্মদ	রাধিকাপুর	ঐ
নাজিরুদ্দিন আহাম্মদ	ঐ	ঐ
জমিরুদ্দিন আহাম্মদ	ঐ	ঐ
বিলাতু ঋষি	জলন্দর	ঐ
মধুসূদন দাস	খোরসোরা	ঐ
চাঁদমহম্মদ	করানলী	বংশীহারি

রাজমহম্মদ	কদমডাঙ্গা	বংশীহারি
তারাপ্রসন্ন চক্রবর্ত্তী	হরিরামপুর	ঐ
নইমদ্দিন মহম্মদ	শ্যামশিরা	ঐ
জহরবক্স সরকার	ঐ	ঐ
শশার মহম্মদ	সামসপুর	ঐ
আছির উদ্দীন	বালিপাড়া	ঐ
যোগেন্দ্রনাথ সরকার	বোল্লা	পতিরাম
রাজচন্দ্র সরকার	ঐ	ঐ
মহেন্দ্রনাথ দাস	ইছতারা	ঐ
শ্যামলাল দাস	ঐ	ঐ
নিত্যানন্দ দাস	ঐ	ঐ
মাণিকচাঁদ নন্দী	দেবগ্রাম	ঐ
যোগেশচন্দ্র রায়	মনদাচ	পত্নিতলা
ভগবানচন্দ্র ঠকার	ঐ	ঐ
গোপবক্স মণ্ডল	জামগ্রাম	ঐ
মেহেরালী মণ্ডল	ঐ	ঐ
দিলবার উদ্দীন মণ্ডল	লক্ষ্মণপাড়া	ঐ
জানবক্স মণ্ডল	ঐ	ঐ
১৭৫ আছিরুদ্দিন মণ্ডল	বোর্থা	ঐ
মুচাক মণ্ডল	আমইর	ঐ
তফিরুদ্দিন মণ্ডল	ঐ	ঐ
ধরণীধর কর্ম্মা	দক্ষিণ ডাঙ্গা	ঐ
শামসের আলি	লক্ষ্মণপাড়া	ঐ
ওসমানপত্নী	ঐ	ঐ
তফিরুদ্দিন	ঐ	ঐ
দ্বারিকানাথ দত্ত	কাশীপুর	ঐ
আরকালী কাজি	কুনদা	মহাদেবপুর
আমিরুদ্দিন মণ্ডল	হিলালপুর	ঐ
জহিরুদ্দিন মণ্ডল	ঐ	ঐ
গরিবুল্লা মণ্ডল	মহুয়াডাঙ্গা	পোরসা
রামধনী লালা	পার্ব্বতীপুর	পার্ব্বতীপুর
মজিরুদ্দিন সরকার	ঐ	ঐ
শরৎচন্দ্রদাস	ঐ	ঐ
মজিতুল্লা সরকার	আমবাড়ী	ঐ
পুছাউল্লা মণ্ডল	দলদলিয়া	ঐ
নাছিরুদ্দিন মণ্ডল	ঐ	ঐ
বাহাদি সরকার	ঐ	ঐ
বছিরুদ্দিন মণ্ডল	বইগ্রাম	ঐ
উমারুদ্দিন সরকার	ঐ	ঐ
রশমামুদ সরকার	ভোটগাছা ২নং	ঐ
মাজারউল্লা সরকার	ঐ	ঐ
নেজারাম সরকার	আড়ুয়া ভোট	ঐ

ভাল মিঞা	ঐ	ঐ
৺০০ বৈকুণ্ঠনাথ সরকার	চণ্ডীপুর	ঐ
হাসেম উদ্দিন সরকার	ঐ	ঐ
কিনারাম সরকার	ঐ	ঐ
মোজাতুল্লা সরকার	বৈদ্যনাথপুর	ঐ
লালমহাম্মদ মিঞা	শিবনগর	ঐ
হাফেজ উদ্দিন মিঞা	ঐ	ঐ
ছমিরুদ্দিন সরকার	আশুর কোট	ঐ
যতীন্দ্রনাথ চৌধুরী	খয়েরবাড়ী	চিতামন
মজারদ্দিন মণ্ডল	চকচকা	ঐ
সুরেন্দ্রনাথ নিয়োগী	কান্টাবাড়ী	ঐ
পার্ব্বতীচরণ গুহ বক্সি	ঐ	ঐ
সরলাবালা দাসী (বালিকা)	ঐ	ঐ
কছিমুদ্দীন সরকার	শিবপুর	ঐ
কাশিমুল্লা মণ্ডল	কিমাইল	ঐ
কৃষ্ণকুমার সরকার	কৃষ্ণবাটী	ঐ
গোপালচন্দ্র মণ্ডল	ঐ	ঐ
সামেশউদ্দিন সরকার	রামকৃষ্ণপুর	ঐ
রূপচন্দ্র সরকার	ঐ	ঐ
কৈলাসচন্দ্র সরকার	রাণীনগর	ঐ
রাজকুমার দাস	ঐ	ঐ
পরমেশ্বর দাস	ঐ	ঐ
ত্রৈলোক্যনাথ দাস	ঐ	ঐ
সুখদাসুন্দরী দাসী	সেনরা	ঐ
রামলাল দাস	দৌলতপুর	ঐ
উমেশচন্দ্র সরকার	খয়েরবাড়ী	ঐ
২২৫ খেতার মাহামুদ সরকার	শালিকদহ	নবাবগঞ্জ
জ্ঞানেন্দ্রচন্দ্র দাস	ঐ	ঐ
ইন্দ্রচন্দ্র দাস	শিবপুর	ঐ
গোপালচন্দ্র দাস	ঐ	ঐ
রাসবিহারী দাস	ঘোড়াঘাট	ঐ
গুরুগোবিন্দ সরকার	সইদপুর	ঐ
মেহারুদ্দিন সরকার	সালথোরিয়া	ঐ
বিনাজউদ্দিন সরকার	ঐ	ঐ
উমারউদ্দিন সরকার	ঐ	ঐ
গয়েশউদ্দিন সরকার	ঐ	ঐ
গৌরহরি দাস বৈরাগী	সজরপাড়া	ঐ
আছিরউদ্দিন সরকার	সালথরিয়া	ঐ
প্রমানন্দ সাহা	সপুরা	ঠাকুরগাঁ
মুতুবালি	বালিয়া ১নং	ঐ
ইয়াকুব	মুকাবারুই ১নং	ঐ
সরিয়াতুল্লা	দেবীপুর	ঐ
হরেন্দ্রনাথ গো	শ্যামপুর	ঐ

ছাফারুদ্দিন	শালকুচাপী	ঐ
উমারউদ্দীন	ঐ	ঐ
মুহুমহম্মদ	ঐ	ঐ
বাদিয়া মণ্ডল	কেশুরগাড়ী ৩নং	ঐ
পিয়ারউদ্দীন	কিং, চামেশ্বরী	ঐ
মাতুমহম্মদ	ঠাকুরগাঁ ১নং	ঐ
পরিয়াতুল্লা	লক্ষ্মীপুর	ঐ
মজিরুদ্দিন	ঐ	ঐ
২৫০ কৃষ্ণমোহন দাস	রাথালদেবী	ঐ
কালীনাথ দাস	কাবাবাড়ী	ঐ
বছিরুদ্দিন	ঐ	ঐ
হরিপ্রসাদ দাস	বেঙ্গরোট	ঐ
বিশ্বম্ভর বসাক	ডাঙ্গাপাড়া	ঐ
মধুসূদন বসাক	ঐ	ঐ
নাজির উদ্দীন	দানাবীর	ঐ
ছমিরউদ্দিন	ঐ	ঐ
হরগোবিন্দ দাস	ঐ	ঐ
তাক্কার মাহাম্মদ	ঐ	ঐ
সেরসের মহম্মদ	ঐ	ঐ
হুরমাতালী	ঐ	ঐ
আবদুল মহম্মদ	তরিয়া	ঐ
দারাসতুল্লা	ঐ	ঐ
হুরমতালী	নিতুপাড়া	ঐ
গর্ত্তলাল দাস	ভাঙ্গারদহ	ঐ
যদুনাথ বণিক	ঐ	ঐ
ফৈমুদ্দিন	রায়মহল	ঐ
আবদুলহলিফ	ঐ	ঐ
ছাত্তারবক্স	ঐ	ঐ
মধুসিং দাস	তিলকড়া	ঐ
আশমানসিং দাস	ঐ	ঐ
মশরুদ্দিন	তেলাজাম	ঐ
ঈশ্বরলাল সাহা	গোপালকড়ি	ঐ
শাম্ভালসিং দাস	বড়বাড়ী	ঐ
তাক্কার আলি	ঐ	ঐ
মজিতালি	কিংপলাঙ্গবাড়ী	ঐ
মনিরুদ্দিন	ঐ	ঐ
দরিরুদ্দিন	ঐ	ঐ
এলিয়াবেছা (বালিকা)	রমজানখোর	ঐ
আশমান আলি	শাপুরা	ঐ
আমিন উদ্দিন	ঐ	ঐ
রমবালি	হরিপুর	ঐ
ইমাম মহম্মদ	ঐ	ঐ

গোপালচন্দ্র দাস	বলরামপুর	ঐ
কুমুদমোহন দাস	ঐ	ঐ
ললিতমোহন দাস	ঐ	ঐ
ছাফেজুদ্দিন	ঠাকুরগাঁ নং২	ঐ
মাধবচন্দ্র দাস	ঐ	ঐ
ইন্দাজ আলি সরকার	সেনহাটি	ঐ
কালীচরণ দাস	চাঁদেশ্বরী	ঐ
কমুদ্দিন	মহেশপুর	ঐ
নসির উদ্দিন নং১	ঐ	ঐ
নসির উদ্দিন নং২	ঐ	ঐ
নসির উদ্দিন নং ৩	ঐ	ঐ
বাছের মহম্মদ	ঐ	ঐ
কেরা মুদ্দিন	ঐ	ঐ
অঘোরি মহম্মদ	ঐ	ঐ
মজির উদ্দিন	ঐ	ঐ
পিয়াজ উদ্দিন	ঐ	ঐ
৩০০ রহমানী	ঐ	ঐ
আক্কাক মহম্মদ	ঐ	ঐ
জামির উদ্দিন	ঐ	ঐ
মিরমহম্মদ বক্স	কাণ্ডলি	ঐ
আক্কাল দাস	ঐ	ঐ
নফুলাল বসাক	কাওনিয়া	ঐ
প্রভাতচন্দ্র বসাক	ঐ	ঐ
পদ্মলোচন বসাক	ঐ	ঐ
সুদামচন্দ্র দাস	বানাগাও	ঐ
দারাশতুল্লা	ঐ	ঐ
ইস্মাইল	বালিয়াডাঙ্গা	ঐ
ফারাতুল্লা	ঐ	ঐ
হামেদ মহম্মদ	ঐ	ঐ
দিল মহম্মদ	ঐ	ঐ
মিয়া মহম্মদ	ঐ	ঐ
খালিক উদ্দিন	পেরিয়া	ঐ
হাসান আলি	ঐ	ঐ
শুকমান আলি	ঐ	ঐ
সের আলি	বেলহারা	ঐ
কেদার বকস	নিচুপাড়া	ঐ
মজলু মহম্মদ	কিং পলাশবাড়ী	ঐ
রজনীকান্ত দাস	বনগাও	ঐ
কাঞ্চনলাল দাস	ভাণ্ডারদহ	ঐ
যতীন্দ্রমোহন চক্রবর্ত্তী	দোগাছি	ঐ
সমির উদ্দিন	কেশুরবাড়ী নং১	ঐ

৩১৫ মেহের বকস	রূপমপুর	ঐ
তদাছক আলি	ঠাকুরগাঁও নং২	ঐ
জাফরালি	হপ্পাদর	ঐ
ইমান আলি	কাদিহাটি	বালী সহর
তাফির উদ্দিন	ঐ	ঐ
কর্ণলাল মালি	ঐ	ঐ
ফাছরুদ্দিন	গোপুর	ঐ
বৈরাতালী	ঐ	ঐ
দিল মহম্মদ	ঐ	ঐ
আজি মুদ্দিন	ধীরগঞ্জ	ঐ
মাধবচন্দ্র দাস	বাকুলাল	ঐ
বংশলোচন দাস	ঐ	ঐ
কৃষ্ণকুমার দাস	ঐ	ঐ
নরহরি দাস	কাদিহাটি	ঐ
হুলিদাস	ঐ	ঐ
৩৪০ দুর্গাচরণ দাস	হরিয়াল	ঐ

বিজ্ঞাপন।

কর্ম্মখালি।

Wanted for the Kurigram H. C. E. School to be newly opened, an experienced Head Master on Rs 50 rising to Rs 60, a Second Master, strong in Mathematics on Rs 30 rising to Rs 40 a fourth Master on Rs 20 rising to Rs25 and a Hd. Pandit, strong in Sanskrit on Rs 20 rising to Rs 25. The preference will be given in the latter to a Sanskrit College Student. Apply soon with testimonials, giving an understanding to serve at least for one year. Shib Chandra Chackrabarty, Secretary. Kurigram, N. B. S. R.

Wanted an English knowing Head Pandit on Rs 20 for the Victoria High School at Comilla for six months. The post may be made permanent. Dinesh Chander Sen B. A. Hd. Master, Victoria School-Committee.

Wanted a Compo[illegible]n Rs 8 to se[illegible]e Allopathic and H[illegible]thic pres criptions, in the "Med[illegible]ion" Mai-mary, Boardi[illegible]ree. Apply to J. Mitra M. H. [illegible] E. I. R.

Wanted an efficient clerk, with a practical knowledge of keeping accounts generally for the office of the Manager Jorada Concern. Salary Rs 15 per mon-sem with prospect of increment. The place is healthy and 6 miles from Alamdanga Ry. Station. Applications of Entrance certificate holders strong in English and who can write a very good hand are preferable. Apply with copies of testimonials to the undersigned on or before the 15th April. Hira Lall Roy, Hd. Clerk, Jorada Concern, Jorada Post, Via Shadhuhati.

Wanted an M. A. on Rs 50 for the Boro Jaguli H. E. School for 3 months. Apply to the undersigned without any delay. Nibaran Chandra Ghosh, Secy.

Wanted a Head Pandit for the Chhandra M. C. E. School in the Sub-division of Jahanabad, District Hooghly. A passed student of the Normal School with experience in teaching is required. Salary Rs 10 per month with free boarding and lodging. Apply sharp with copies of testimonials to Moonshi Abdul Rouf Commissariat Agent, Barrackpore.

রঘুনাথপুর মধ্যইংরেজী স্কুলের হেড পণ্ডিতের পদ শূন্য আছে। মাসিক বেতন ১৮৲ টাকা। যিনি নর্ম্মাল স্কুলের তৃতীয় বার্ষিকী পরীক্ষায় উত্তীর্ণ হইয়া কিছুদিন শিক্ষকতা কার্য্য করিয়াছেন এবং জাতিতে ব্রাহ্মণ তাঁহার আবেদন সমধিক আদরণীয়। আগামী ১৫ই এপ্রিলের পূর্ব্বে প্রশংসা পত্র সহ স্কুলের সম্পাদকের নিকট আবেদন করুন। রঘুনাথপুর স্কুল, মথুরা পোঃ পাবনা জিলা।

জেলা বগুড়া জয়পুর হাট N, B, S, R, ষ্টেসনের প্রায় ৬ মাইল পূর্ব্বে আমদহী উঃ প্রাঃ স্কুলের প্রধান শিক্ষকের পদ শূন্য হইয়াছে। মাসিক বেতন আপাততঃ ৮৲ টাকা। বাসা-খরচ পাওয়া যাইবে। মাইনর অথবা মধ্যবাঙ্গলা ছাত্র বৃত্তি পরীক্ষোত্তীর্ণ সচ্চরিত্র বুদ্ধিমান জনৈক মুসলমানের আবেদন সমধিক আদরণীয়। মালেক উদ্দীন আহমদ, পাঠশালা সমূহের ইনস্পেকটার পণ্ডিত, পশ্চিম সার্কেল; নবাবগঞ্জ N, B, S, R, (জেলা বগুড়া)

খলিষখালি মঃ ইঃ স্কুলের জন্য এক জন কার্য্যক্ষ হেড মাষ্টারের প্রয়োজন, মাসিক বেতন ১২৲ টাকা ও খোরাকী পাইবেন। যিনি এণ্ট্রান্স পাস করিয়া বহুদিন শিক্ষকতা করিয়াছেন ও জাতিতে কায়স্থ তাঁহারই আবেদন অগ্রগণ্য হইবে। শ্রীঅতুলকৃষ্ণ বসু সম্পাদক।

বিপ্রবোয়ালিয়া উচ্চ প্রাথমিক বিদ্যালয়ের জন্য মধ্য ইংরাজি বা মধ্য বঙ্গ ছাত্রবৃত্তি পরীক্ষোত্তীর্ণ এক জন শিক্ষকের প্রয়োজন। মাসিক বেতন আপাততঃ পাঁচ টাকা। বোর্ডের সাহায্য মঞ্জুর হইলে সাত টাকা হিসাবে দেওয়া যাইবে। আবেদনকারী জাতিতে ব্রাহ্মণ অথবা শূদ্র হওয়া আবশ্যক। আহারীয় ও বাসস্থান দেওয়া যাইবে। আপন আপন সচ্চরিত্রতার নিদর্শন সহ সত্বর আবেদন করিতে হইবে। সম্পাদক, বিপ্রবোয়ালিয়া উচ্চ প্রাথমিক বঙ্গ বিদ্যালয়, ভায়া, খাজুরা পোঃ আঃ জেলা রাজসাহী।

ছাত্রখালি।

দিনাজপুর জেলার অধীন বীরগঞ্জ থানার অন্তর্গত শিবপুর মডেল মধ্য বঙ্গ বিদ্যালয়ের জন্য ৪ জন মুসলমান ছাত্রের আবশ্যক, তন্মধ্যে প্রথম শ্রেণীর জন্য ২ জন এবং দ্বিতীয় শ্রেণীর জন্য ২ জন। ছাত্রগণের স্কুলের বেতন, চিকিৎসার ব্যয় ও বাসাখরচ লাগিবে না। যাহারা উচ্চ প্রাথমিক পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ হইয়াছে এবং বয়সে ১২ বৎসরের অনধিক, দ্বিতীয় শ্রেণীর জন্য তাহাদেরই আবেদন সমধিক আদরণীয়। আবেদনকারীদিগকে আপন আপন বয়স এবং স্ব স্ব স্কুলের প্রধান শিক্ষকের সার্টীফিকেট সহ আগামী ১৫ই এপ্রিলের মধ্যে আবেদন করিতে হইবে। শ্রীগায়ুর উদ্দিন আহম্মদ, হেড পণ্ডিত।

মাটোর মহকুমার অন্তর্গত মাধনগর উচ্চ প্রাইমারী স্কুলের ১ম, ২য় ও ৩য় শ্রেণীতে পাঠ করিতে সমর্থ এরূপ কয়েকটি অল্পবয়স্ক ব্রাহ্মণ বালকের আবশ্যক। ছাত্রদের থাকিবার বিশেষ বন্দোবস্ত করা হইয়াছে। উপযুক্ত ছাত্র হইলে সমস্ত ব্যয় দেওয়া যাইবে। শ্রীপ্রসন্নকুমার চক্রবর্ত্তী হেড পণ্ডিত ক্ষেতলাল মধ্য ইংরাজি স্কুল, পোঃ ক্ষেতলাল (বগুড়া)

৺ বিশ্বনাথ বৃত্তি।

ভারতধর্ম্ম মহামণ্ডলীর মূলতম উদ্দেশ্যের অনুসরণ করিয়া ৺ বিশ্বনাথ চতুষ্পাঠীতে বার্ষিক পঞ্চাশৎ টাকা পরিমাণে এক একটী করিয়া আর কয়েকটী বৃত্তি স্থাপিত হইয়াছে। যে যে চতুষ্পাঠীতে বেদান্তাদি দর্শন শাস্ত্র অথবা প্রাচীন ও নব্যস্মৃতি অধ্যাপিত হয়, সেই সেই চতুষ্পাঠীতে এই বৃত্তিগুলি দেওয়া যাইবে। অধ্যাপক ইচ্ছা করিলে ঐ বৃত্তি ত্রৈমাসিক বা ষাণ্মাসিক বা বার্ষিকরূপে গ্রহণ করিতে পারিবেন। ছাত্রদিগের বিদ্যাবত্তা ও সচ্চরিত্রতা সম্পাদন নিম্ন অধ্যাপক মহাশয়দিগকে অপর কোন নিয়মের অধীন হইতে হইবে না। যে সমস্ত অধ্যাপক বৃত্তি লইতে ইচ্ছা করিবেন, তাঁহারা অথবা তাঁহাদিগের হিতার্থীরা অধ্যাপকের নাম ধাম ছাত্রসংখ্যা ও প্রত্যেক ছাত্রের অধীতব্য বিষয় লিখিয়া আমাকে সংবাদ দিবেন।

চুঁচুড়া বিশ্বনাথ চতুষ্পাঠীর
অধ্যাপক শ্রীহরিনাথ স্মৃতিভূষণ।

নূতন পুস্তক।

কাশীর ত্রৈলিঙ্গ স্বামীর

জীবন-চরিত।

মূল্য ॥০ ডাঃ মাঃ ৴০ ভিঃ পিতে ॥৶০ আনা।
শ্রীনিবারণচন্দ্র দাস, কাশীধাম কার্য্যালয় ৺কাশীধাম
৮৩০ ০২

সেথ ব্রাদার্স এণ্ড কোং।

পুস্তক বিক্রেতা নং ৫৬ কলেজ ষ্ট্রীট কলিকাতা।

ইজি সিলেক্‌সনের সম্পূর্ণ অর্থ।

শ্রীনৃত্যগোপাল সরকার বি এ, বি এল, কর্ত্তৃক। ইহাতে কথার মানে, বাঙ্গালা ট্রেন্সলেসন পার্সিং, গল্প, গল্পের তাৎপর্য্য, ইত্যাদি অতি পরিষ্কৃতরূপে লিখিত হইয়াছে। মূল্য ডাঃ মাঃ সমেত ৸০ আনা।

ষাকলীজ্ হিষ্ট্রীর এপীটম্।

শ্রীউপেন্দ্রনাথ মুখোপাধ্যায় বি এল, কর্ত্তৃক। মূল্য ডাঃ মাঃ সমেত ।। আমরা যাবতীয় ইংরাজী ও সংস্কৃত পুস্তক ভিঃ পিতে পাঠাই। দর সুলভ। পরীক্ষার্থীর।

৮২৮নং

কে, ডি, সরকারের উপদংশ রোগের পারা বর্জ্জিত মহৌষধ।

সিপাহী বিদ্রোহের অবসান সময়ে নেপালের জঙ্গলে এক মুসলমান ফকিরের নিকট প্রাপ্ত। ২৬ বৎসর উহা বিনা মূল্যে বিতরিত হইয়াছিল, কিন্তু ক্রমে উহার উপকারিতা-যশের প্রচারের সহিত উহার গ্রাহক এতাদৃশ বৃদ্ধি পাইতে লাগিল যে বিনামূল্যে বিতরণ এক প্রকার অসাধ্য হইয়া উঠিল। এই সকল এবং অন্যান্য কারণে ইহার মূল্য নির্দ্ধারণ করিয়াছি। ইহাতে কোন প্রকারের পারা নাই; ইহা অল্পকাল মাত্র সেবনেই সহস্র সহস্র লোক এই উৎকট পীড়া হইতে সম্পূর্ণরূপে চিরারোগ্য লাভ করিয়াছেন। গর্ভবতী স্ত্রী কেবল মাত্র ইহার লেপনেই রোগোন্মুক্ত হইয়াছেন। (গর্ভাবস্থায় সেবন সম্পূর্ণ নিষিদ্ধ) ইহার দ্বারা শিশু সন্তানও পৈতৃক রোগ হইতে সম্পূর্ণ অব্যাহতি পাইয়াছে। ইহা রোগের সর্ব্বাবস্থায় সম-ফলপ্রদ, এমন কি, পারাঘটিত ঔষধ সেবন জনিত দূষিত রক্ত পরিষ্কার করে ও শরীরের সকল প্রকার ক্ষত ইত্যাদি সম্পূর্ণরূপে আরোগ্য করে। এই রোগের এরূপ পারা বর্জ্জিত অব্যর্থ মহৌষধি এ পর্য্যন্ত আবিষ্কৃত হয় নাই। কয়েক জন সুবিজ্ঞ ডাক্তার ও সম্ভ্রান্ত ব্যক্তি প্রদত্ত প্রশংসাপত্র এবং ঔষধি সেবনের নিয়মাদি ঔষধের শিশির সহিত থাকিবে। আমাকে লিখিলেই উক্ত প্রশংসাপত্রাদি বিনাব্যয়ে পাইবেন।

প্রত্যেক শিশির মূল্য ২৷৷০ টাকা, প্যাকিং ।০ আনা
২ শিশি একত্রে লইলে খরচা ৷৷৶০ আনা স্বতন্ত্র হয়।

শ্রীকালীদাস সরকার।
গবর্ণমেণ্ট পেন্সনার—লক্ষ্ণৌ।
৮৭৩নং

ইউক্লীডের জ্যামিতি ১ম অধ্যায়

শ্রীযুক্ত ব্রজমোহন মল্লিক প্রণীত ২৭শ সংস্করণ; পরিমার্জ্জিত এবং পরিশোধিত মূল্য ৷৶০।

৯০নং কর্ণওয়ালিস ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার।
৮৭৯নং

শ্রীমদ্ভগবদ্গীতা।

মূল, অন্বয়মুখে অতি সরল ব্যাখ্যা, বঙ্গানুবাদ আধ্যাত্মিক টিপ্পনী ও গীতামাহাত্ম্য সমেত ৩য় সংস্করণ। বিলাতী কাপড়ে বাঁধা মূল্য ।/০ আনা ডাঃ মাঃ /০।

স্ত্রীশিক্ষা ও স্ত্রীস্বাধীনতা মূল্য ৵০ অর্দ্ধ আনা

কবির (জীবন্মুক্ত মহাত্মা) কবির সাহেবের ৫৫৩টী দোঁহা, বঙ্গানুবাদ ও আধ্যাত্মিক ব্যাখ্যা সমেত মূল্য ২৲ টাকা, ডাঃ মাঃ /১০।

কলিকাতা ২০ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট সংস্কৃত যন্ত্রের পুস্তকালয়ে এবং ৮০।১ন মুক্তারাম বাবুর ষ্ট্রীট আর্য্যমিসন ইনষ্টিটিউসনে পাওয়া যায়।

শ্রীঅবিনাশচন্দ্র মুখোপাধ্যায়।
ম্যানেজার

প্রসিদ্ধ ইঞ্জিনিয়র ৺ ক্ষেত্রনাথ ভট্টাচার্য্য কৃত।

জরিপ ও পরিমিতি	১৲
পরিমিতি	॥৵০
লঘুপরিমিতি	।০
নব শিল্পবোধ	।০
শুভঙ্করী	॥০
কবিতাসংগ্রহ ১ম ভাগ	।০
কবিতাসংগ্রহ ২য় ভাগ	।০

ইঞ্জিনিয়ার ৺ ক্ষেত্রনাথ ভট্টাচার্য্য মহাশয় গণিত-শাস্ত্রে অসাধারণ পারদর্শী ছিলেন। ইনি সিভিল ইঞ্জিনিয়ারিং কলেজে গণিত শাস্ত্রের অধ্যাপনা করিয়া প্রশংসাভাজন হইয়াছিলেন। বঙ্গ ভাষায় অঙ্ক-পুস্তক রচনা বিষয়ে ইনিই পথপ্রদর্শক। ইহাঁর রচিত পুস্তকগুলি এখনও সর্ব্বোৎকৃষ্ট বলিয়া পরিচিত। এই সকল পুস্তকের ভাষা প্রাঞ্জল ও সরল, অল্প বয়স্ক বালক বালিকাগণের উপযোগী। এই সকল পুস্তকে নানাবিধ বহুসংখ্যক উদাহরণ আছে। শুভঙ্করীর ও লঘুপরিমিতির শেষে ভিন্ন ভিন্ন জেলায় পরীক্ষার প্রশ্ন, উপপত্তি বা উত্তর সহ সন্নিবেশিত আছে। উল্লিখিত পুস্তকগুলি সেণ্ট্রাল টেক্‌ষ্টবুক কমিটির অনুমোদিত এবং প্রথম প্রকাশের সময় হইতে বঙ্গদেশের বিদ্যালয় সমূহে পাঠ্যরূপে নির্দ্দিষ্ট ও ব্যবহৃত হইয়া আসিতেছে। কলিকাতার প্রধান প্রধান পুস্তকালয়ে এই সকল পুস্তক বিক্রয় হয়। আমার নিকট "জরিপ ও পরিমিতি" ভিন্ন উল্লিখিত অন্য কোন পুস্তক ৫০ খানি লইলে শতকরা ২৫৲ হিসাবে কমিসন দিয়া থাকি।

শ্রীপূর্ণচন্দ্র ভট্টাচার্য্য।
১০৬।৩ নং আমহার্ষ্ট ষ্ট্রীট, কলিকাতা।

বিজয়া বটিকা।

সর্ব্ব রকম পুরাতন জ্বরের মহৌষধ।

এরূপ ঔষধ পূর্ব্বে কখন আবিষ্কৃত হয় নাই। বিজয়া বটিকার শক্তি অসীম, অনন্ত। কি স্ত্রী, কি পুরুষ, কি বালক, কি বালিকা, সকলেই সেবন করিতে পারেন। বিজয়া বটিকা দেহপুষ্টিকর, বলবীর্য্য বৃদ্ধিকর, ক্ষুধাবৃদ্ধিকারক এবং রক্তপরিষ্কারক। বিজয়া বটিকা তিনটী দিন মাত্র সেবন করিলেই, ইহার অনির্ব্বচনীয় গুণের পরিচয় পাইবেন। রাত্রি-জাগরণ, অতিরিক্ত পান-ভোজন, অতিপরিশ্রম, সর্দ্দি, কাসি, গা-হাত-পা-কামড়ানি বা জ্বালা, মাথাধরা, মাথাঘোরা,—এ সমস্ত ব্যাপারে বিজয়া বটিকা সেবনীয়। বিজয়া বটিকার শক্তি, মন্ত্রশক্তির ন্যায় অদ্ভুত।

কিন্তু পুরাতনজ্বর ধ্বংস করিতে, বিজয়া বটিকার অদ্বিতীয় শক্তি। যেরূপ কঠিন পুরাতন জ্বর হউক না, বিজয়া বটিকা সেবনে নিশ্চিতই শুভ ফল ফলিবে। প্রবল পুরাতন জ্বর, ঘুষঘুষে জ্বর, প্লীহা-যকৃৎ-কোলা-কাসিযুক্তজ্বর, মজ্জাগত জ্বর, অস্থিগত জ্বর, দৌকালীন জ্বর,—সকল রকম পুরাতন জ্বরেই বিজয়া বটিকা সেবনীয়। বঙ্গের ম্যালেরিয়া-জ্বরের বা আসামের কালা-জ্বরের পক্ষে, ইহা ব্রহ্মাস্ত্রস্বরূপ। কুইনাইন সেবনে যে দূষিত জ্বর যায় না, যে বিষম জ্বরের নিকট কুইনাইন অবনত-বদন, ম্লানমুখ,—বিজয়া বটিকায় সেজ্বর সহজেই যায়। বিজ্ঞ ডাক্তার এবং কবিরাজের চিকিৎসায় যে কঠিন জ্বর-রোগ আরাম হয় নাই,—বিজয়া বটিকা সেবনে সে রোগ আরোগ্য হইয়াছে;—এমন অনেক দৃষ্টান্ত আছে। বিজয়া বটিকার আর এক গুণ এই,—ইহা সেবনে পুরাতন জ্বররোগ একবার আরোগ্য হইলে, পুনঃ পুনঃ আর সে জ্বর আসিবার আশঙ্কা থাকে না। জ্বর সমূলে বিনষ্ট হয়। অল্পদিনে রোগী সুস্থ হয়।

ভগবানের সৃষ্টিকৌশল এবং নির্ম্মাণশক্তি অপূর্ব্ব এবং অলৌকিক। নানা জাতীয় উদ্ভিদের মূলে, মূলে ফুলে, পত্রে এবং ছালে [illegible] মহৌষধ-সমূহ নিহিত রাখিয়াছেন যে [illegible] সহজে, অল্প-দিনে নানারূপ উৎক[illegible] আরোগ্য হইয়া থাকে,—আর যে [illegible] অতি সামান্য রাগও আরাম হয় [illegible] বিধান বুঝা ভার।

এই মহৌষধ একবার পরীক্ষা করিয়া দেখুন প্লীহা জ্বর-যকৃতে ভুগিয়া ভুগিয়া রোগীর অস্থিচর্ম্ম সার হইয়াছে, ডাক্তার এবং কবিরাজে যে রোগীকে জবাব দিয়াছেন, আত্মীয় স্বজন প্রতিবেশী যাঁহার আসন্ন-মৃত্যু স্থির করিয়াছেন,—অন্ততঃ সেই রোগীকে এই এক ওনং বড় কৌটা বিজয়া বটিকা সেবন করিবার অবসর দিউন। চূড়ান্ত পরীক্ষা হইবে। তখন প্রত্যক্ষ সুফল দেখিয়া আপনি এবং সকলেই বিস্মিত, বিমোহিত এবং স্তম্ভিত হইবেন।

বটিকার সংখ্যা, মূল্য, ডাঃমাঃ, প্যাকিং

১নং কৌটা	১৮	॥৵০	।০	৵০
২নং কৌটা	৩৬	১৵০	।০	৵০
৩নং কৌটা	৫৪	১॥৵০	।০	৵০

ভ্যালুপেয়েবল কৌটা লইলে, আরও দুই আনা অধিক দিতে হয়।

বি, বসু এণ্ড কোম্পানী।
১২ নং মুক্তাপুরষ্ট্রীট—পটলডাঙ্গা, কলিকাতা।
৩৭৪নং

মাইকেল মধুসূদন দত্তের

জীবনচরিত।

অপ্রকাশিত কবিতা, পত্র ও গ্রন্থাবলীর সমালোচনা ও ৯ খানি অত্যুৎকৃষ্ট চিত্র সম্বলিত এবং ডিমাই আট পেজী আকারে পাঁচ শতেরও অধিক পৃষ্ঠায় সম্পূর্ণ গ্রন্থ।

শ্রীযোগীন্দ্রনাথ বসু বি এ, প্রণীত।

কলিকাতা ২০ নং কর্ণওয়ালিস ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপোজিটরীতে, ২১০।৪ কর্ণওয়ালিস ষ্ট্রীট নবভারত কার্য্যালয়ে, বৈদ্যনাথ দেওঘর স্কুলে গ্রন্থকারের নিকট এবং নিম্নস্বাক্ষরকারীর নিকট পাওয়া যায়। মূল্য কাপড়ে বাঁধান ২৷৷০ টাকা, কাগজের মলাট ২৲ টাকা, ডাক মাসুল ।০ আনা। মফস্বলস্থ গ্রাহকগণ গ্রন্থকারকে পত্র লিখিবেন।

শ্রীরামানন্দ চট্টোপাধ্যায় এম এ।
অধ্যাপক সিটি কলেজ,—কলিকাতা।

পাঁড়ে ব্রাদার্স।

এখানে ইংরাজি, বাঙ্গালা, সাস্কৃত স্কুল ও কলেজ পাঠ্য পুস্তক, তৎসমস্তের অর্থ পুস্তকাদি এবং নাটক নভেল প্রভৃতি পুস্তক যথাসম্ভব সুলভ মূল্যে বিক্রয় হইয়া থাকে।

দেশী কাপড় অতি সুলভ

এত সুলভ যে দেখিলে কিছুতেই বিলাতি কাপড় কিনিতে প্রবৃত্তি হইবে না। ১৷৷০ টাকা মূল্য জোড়া ধুতি, উড়ানি, আটপৌরে ও সারহাপ্তীর ভদ্র চলিবে ও ২৷৷০, ৩৲ টাকা মূল্যের কাপড় পোষাকিও চলিতে পারে। দেশী লংক্লথ নয়নসুক, ছিট, রুমাল প্রভৃতি যোগাড় হইয়াছে।

যাঁহারা ভি, পি,তে লইতে চাহেন তাঁহাদিগকে অগ্রিম কিছু মূল্য পাঠাইতে হইবে

পূজ্যপাদ শ্রীযুক্ত বীরেশ্বর পাঁড়ে মহাশয়ের প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি আমাদের নিকট ও সংস্কৃত প্রেস ডিপজিটারীতে পাওয়া যায়।

আর্য্যপাঠ মূল্য।৵০, ৩২খানি উৎকৃষ্ট চিত্রসহ নীতি কথামালা।০, আর্য্যচরিত।০, আর্য্যশিক্ষা ৷৵০ বাঙ্গলা ব্যাকরণ।৵০, শিশু বিজ্ঞান ৵০, বাঙ্গলা শিক্ষা ১ম ভাগ ৵০, বাঙ্গলা শিক্ষা ২য় ভাগ ৵০, মানবতত্ত্ব ১।০, ধর্ম্মবিজ্ঞান ১৲, অদ্ভুত স্বপ্ন বা স্ত্রী পুরুষের দ্বন্দ্ব ৷৷০, বিজ্ঞানসার ১৲, লীলাবতী (অঙ্কপুস্তক) ৷৷০

শ্রীমনোমোহন পাঁড়ে।

২৫ নং কর্ণওয়ালিস্ ষ্ট্রীট, কলিকাতা।

৮২৭নং

মেহরোগের মহৌষধ।

স্বর্ণের মাদুলী করিয়া ধারণ করিলে স্ত্রী পুরুষের নূতন পুরাতন মেহ আরোগ্য হয় মূল্য——৷৷৵০

হাঁপানি কাশীর মহৌষধ ২৷৷৵০

বাধক বেদনার ঔষধ ২৲

শ্রীনিবেশ্বর ভট্টাচার্য্য

৪৬নং মেছুয়াবাজার ষ্ট্রীট, কলিকাতা।

৮২২নং

বাবু ব্রজেন্দ্রকুমার গুহ বি, এ, প্রণীত পাটীগণিত

মূল্য ১৲ এক টাকা।

ইহাতে মধ্য ছাত্রবৃত্তির এবং উচ্চ ও নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সমুদায় বিষয় বহুল প্রশ্ন সহিত বিবৃত আছে। পূর্ব্ববঙ্গ, পশ্চিমবঙ্গ, প্রেসিডেন্সী রাজসাহী ও বেহার বিভাগের মধ্যছাত্রবৃত্তি পরীক্ষার ২০ বৎসরের প্রশ্নসমূহ বিষয়ানুসারে শ্রেণীবদ্ধ আছে। সমুদয়ে ১৮০০ প্রশ্ন সন্নিবেশিত হইয়াছে।

কলিকাতা ১৪৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট সংস্কৃত প্রেস ডিপজিটারিতে ও পূর্ব্ববাঙ্গালার সর্ব্বত্র প্রধান প্রধান পুস্তকালয়ে সমত্বে প্রাপ্তব্য। শিক্ষক গণ গ্রন্থকারের নিকট (চট্টগ্রাম) টাকা পাঠাইলে বিনা ডাক মাশুলে পুস্তক পাইবেন এবং অন্যূন ১০ দশ খানি পুস্তক লইলে শতকরা ১২৷৷০ টাকা হারে কমিসনও পাইবেন ইতি।

পাঠশালা-পাটীগণিত

মূল্য ।৵০ আনা।

ধারাপাত, চারি-নিয়ম ও বাজার হিসাব, শুভঙ্করী ও মৌখিক অঙ্ক, জরীপজমি ও সহজ পরিমিতি, এবং জমিদারী ও মহাজনী বিস্তারিত রূপ লেখা আছে। নিম্নপ্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

পাটীগণিত (ছোট) মূল্য ।৵০ আনা। উচ্চ প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

জমিদারী ও মহাজনী—মূল্য ৵০ আনা। নিম্ন প্রাইমেরী পরীক্ষার পাঠ্য সম্পূর্ণ।

৩৪৪নং

কুইনাইন।

এদেশের লোকের জীবন। ডাক্তার শ্রীযদুনাথ মুখোপাধ্যায় প্রণীত। গৃহস্থ ও পাড়াগাঁয়ের ডাক্তারদের জন্য কুইনাইন ব্যবহার সম্বন্ধে এপর্য্যন্ত এমন পুস্তক আর বাহির হয় নাই। মূল্য।০ চারি আনা; ডাক মা[illegible] আনা মাত্র।

[illegible] মুখোপাধ্যায়।

মা[illegible] বর পুস্তকালয়।

২০[illegible] ষ্ট্রীট, কলিকাতা।

৮১৪নং

MATRICULATION MADE EASY.

POPULAR ENGLISH GRAMMAR.

In the form of Questions and Answers, Containing—Orthography, Etymology, Syntax, Punctuation, Prosody, Analysis of Sentences, Direct and Indirect Narrations, Prefixes and Suffixes, Derivations and Compositions of words, Homonyms, Antonyms, Dittonyms, Polynyms, Paronyms, Synonyms, Appropriate Prepositions, Parsings of words, Verbs with Prepositions, Copious Phrases and Idioms, Essay-writings Letter-writings, and other useful hints that are most likely to be put in the University Examination. By R. Ghosh, Price one Rupee. Cloth-bound. Demy 12 Mo. 400 Pages It is highly spoken of by eminent professors and principals of different Colleges. Apply to the Manager, Sanskrit Press Depository, 20 Cornwallis Street Calcutta.

৮১৭নং

মূল্য প্রাপ্তি।

শ্রীযুক্ত বাবু ভোলানাথ রায়	হরিনারায়ণপুর	১৲
" জগদীশ্বর সেন	বারাদি	১৲
" হেমন্তকুমার সেন	পামাবেলিয়া	১৩।১
	জ্যৈষ্ঠশেষ	২৲
" ইন্দ্রচন্দ্র ভট্টাচার্য্য	ভাণ্ডারহাটি	১৮৯৭
	সেপ্টেম্বর শেষ	৩৲
" শরচ্চন্দ্র সেন	ফকিরহাটি	১৲
" বিকুচন্দ্র দাস	মালদহ	১৮৯৪ এপ্রিল শেষ ১৲
" পূর্ণচন্দ্র সিংহ	গৌরীপুর	১৮৯৪ সেপ্টেম্বর শেষ ৩৲
" রামলাল বিশ্বাস	কাশুগালী	১৮৯৪ জুন শেষ ২৲
" শরচ্চন্দ্র অধিকারী	প্রয়াগপুর	১৮৯৪ জুন শেষ ২৲
" অম্বিকাচরণ চক্রবর্ত্তী	মোড়গ্রাম	১৮৯৫ মার্চ্চ শেষ ৫৲
" মতিলাল রায়	ওলপুর	১৮৯৪ সেপ্টেম্বর শেষ ৩৲
চাটমোহর স্কুল		১৩০১ অগ্রহায়ণ শেষ ৫৲

☞ এই পত্র হুগলি বুধোদয় যন্ত্রের অধ্যক্ষ শ্রীকাশীনাথ ভট্টাচার্য্য দ্বারা প্রতি শুক্রবারে প্রকাশিত হয়।